সচিত্র কাশীদাসী অস্তাদশ পর্ব



[মহামুনি কেব্যাস প্রণীত মূল সংস্কৃত হইতে]

আদি, সভা, বন, বিরাট, উত্যোগ, জীম্ম, দ্রোণ, কর্ণ, শৃদ্যা, গদা, সৌপ্তিক, ঐষিক, নারী, শাস্তি, অশ্বমেধ, আশ্রমিক, মুষল ও-স্বর্গারোহণপর্বব।

তকাশীরাম দাস কর্তৃক পরারাদি বিবিধ ছন্দে অনুবাদিত।

-0~0-


পণ্ডিত শ্রীযুক্ত স্থদেবচন্দ্র চট্টোপাধ্যায় কর্তৃক পরিবর্ধিত পরিমার্জিত ও পরিশোধিত।

> প্রীপূর্ণচন্দ্র শীল কর্তৃক প্রকাশিত।

> > সৰ ১৩৩২ সাল।

म्ला ८, ठाति ठीका।

২৭।৫ নং তারক চাটুর্য্যের লেন, "ক্রক্ষয় প্রেক্সেই শ্রীনন্দলাল শীল হারা;ুমুদ্রিত।



বাসাৰ্প

কৃতিবাস পণ্ডিত কৃত সপ্তকাণ্ডে সম্পূৰ্ণ গ্ৰন্থ, স্থচাক্তরপে মুক্তিত, কোনস্থানে একটুও ছাড় বাদ ভূল প্রাপ্তি পাইবেন না। উৎকৃতি মূল্যবান্ কাগজে, নৃতন বড় আকরে, উজ্জল কালীতে পরিপাটীরূপে ছাপা; তাহার উপর অতি স্থনর নানা বর্ণে রঞ্জিত রাশি রাশি ছবি; স্বর্ণাক্ষরে রঞ্জিত স্থরমা বাঁধান। এই সর্বপ্তের্গ্র রামায়ণের মূল্য ২ ছই টাকা। রামায়ন সাধারণ, সংক্রণ, বিলাতী বাঁধাই, সচিত্র মূল্য ১॥০ দেড় টাকা। রামায়ণ মার্কেণ বাঁধাই, সচিত্র, মূল্য ২ এক টাকা।

পীতরত্বাবলী

সমস্ত পদ-গ্রন্থের সার সংগ্রহ। অভিসারিকা, বাসক সজ্জা, বিপ্রলক্ষা, বণ্ডিতা, কলহান্তরিতা, নামিকা-ভেদ, মান, মাথুর, দানলীলা, রাসলীলা, গোগলীলা, স্বল-মিলন, কুঞ্জেল, নৌকাবিলাস প্রভৃতি শ্রীরাধাক্তক্ষের বাবতীর লীলা, পালা অনুসারে নিথিত। ইহা কীর্ত্তন গায়কের রক্তস্করপ, ইহা গৃহে থাকিলে আর গানের থাতা বাধিয়া কীর্ত্তন লিখিতে হইবে না। স্বর্ণাক্ষরে কাপত্তে বাধান, মূল্য ২ ছই টাকা মাত্র।

ভণ্ডীদাস ও বিদ্যাপতি **।**প্রথম ও বিতীয় খণ্ড।

বহুকালাবধি উক্ত ভূবন-প্রসিদ্ধ মহাজনদিগের পদ আজ পর্যান্ত প্রকাশিত হইয়াও অঞাশিত ছিল। সেই লুপ্তরত্বের উদ্ধার সাধন করিয়া, ভাবৃক হৃদয়ে প্রকৃত অভাব মোচন করিবার জন্ত সহতে গ্রাহক-সমাজে প্রকাশ করিতেছি।

প্রথম বতে তিওদাস পদাবলী, শ্রীরাধিকার পূর্বরাগ, ধরা উক্তি, সপীবাক্য, মানশ্রবণ, চিত্রপটদর্শন, শ্রীক্ষের পূর্বরাগ, আপ্তদৃতী, কুঞ্জভঙ্গ, শ্রীক্ষের বাদিয়াবেশে, নাপিতিনীবেশে, মালিনাবেশে মিলন প্রভৃতি মানাবিধ বিষয় সমিবেশিত।

দিতীয় থণ্ডে—বিস্থাপতি পদাবলী। প্রীক্লফের উন্মাদদশা বর্ণন, সদ্যোগ তানব-দশা-বর্ণন, নায়িকার অভিসার, সখীর উক্তি, রাধিকার সোমগার, মানপ্রকরণ, বংশী আক্ষেপ, প্রোম বিচার, অমুরাগ, বিপরীত সম্ভোগ, পুনর্শ্বিলন বসস্তবর্ণন, ভবন-বিরহ, ভূত বিরহ, ভাবোরাস ও প্রার্থনা প্রভৃতি বিষয় সকল উক্ত মহান্মার পদাবলীতে বিশেষরূপে সন্ধিবেশিত হইয়াছে। মুল্য ডাকমাণ্ডল সহ ১, এক টাকা।

ব্ৰভকথা

জার পুরোহিত আদিল না বলিয়া আক্ষেপ করিতে হইবে না, এই পুত্তক একধানি গৃহে থাকিলে সমস্ত ব্রতের সময়ে, অর বালালা জানা দ্রীলোকেও পাঠ করিয়া কথা ওনাইতে পারিবে। ইহাতে কি কি আছে দেখুন—> ধর্মঘট-এত। ২ কলসংক্রান্তি-ব্রত। ও জলসংক্রান্তি-ব্রত। ৪ অক্ষরত্তীয়া-ব্রত। ৫ পিপীতকীছাদলী-ব্রত। ও সীতানযমী-ব্রত। ৭ সাবিত্রী-ব্রত ৮ অরণ্যবর্তী (জানাইবর্তী)
ব্রত। ৯ মঙ্গলচন্তী (জন্নচন্তী-ব্রত)। ১০ জন্মান্তমী-ব্রত। ১১ সলিতাসপ্রমী-ব্রত।
১২ রাধান্তমী-ব্রত। ১৩ বামনছাদলীব্রত। ১৪ অনস্তান্তর্কনী ব্রত। ১৫ শিবরাত্তি-ব্রত।
১৬ সত্যনারান্ত্রণ-ব্রত প্রস্তুতি বাবতীয় ব্রত একত্রে সন্নিবেশিত হইয়াছে। মূল্য ৪০ আনা।

শ্রিঅস্কুলাল শীল---৪• নং পরাণহাটা ট্রাট, কলিকাঙা



গ্রন্থ-সূচনা।

সর্ববশাস্ত্র-বীজ হরিনাম দ্বি-অকর। আদি অন্ত নাহি তাহা বেদে অগোচর॥ প্রণমহ পুস্তক ভারত-নাম-ধর। যার নাম লইলে নিষ্পাপ হয় নর॥ পরাশর-হ্রত-মুখে হইল সম্ভব। অমল কমল দিব্য ত্রৈলোক্য-ছন্ন ভা গীতি অর্থ কৈল তাহে স্থগন্ধি নির্মাণ। কেশর রচিত তাহে বিবিধ আখ্যান 🛭 তরিতে সম্ভক্তি সেই প্রচণ্ড তপনে। ভারত-পঞ্চজ ফুটে যার দরশনে ॥ স্ক্র-স্থাদ্ধি লোক হইয়া ভ্রমর। ভারত-পঙ্কজ-মধু পিয়ে নিরস্তর ॥ বিপুল বৈভব ধর্মা জ্ঞানের প্রকাশ। কলির কলুষ যত হয় ত বিনাশ ॥ ষষ্ঠি লক্ষ শ্লোকে ব্যাস ভারত রচিল। ত্রিশ লক্ষ শ্লোক তার দেবলোকে দিল॥ স্থ্রলোকে পড়িল নারদ তপোধন। इस चापि प्रवंशन करत्रन व्यवन ॥ পঞ্চদশ লক্ষ শ্লোক পরম যতনে। অসিত-দেবল-মুখে পিতৃলোকে শুনে 🛚 শুকদেব-মুখে শুনে গন্ধৰ্বাদি যক। মহাভারতের স্লোক চতুর্দশ লক ॥

লক্ষ শ্লোক প্রচারিল তথা মর্ত্ত্যপুরে। সংসার নরক হৈতে উদ্ধারিতে নরে 🛭 বৈশস্পায়ন কছে জনমেজয় শুনে। পরম পবিত্র কথা ব্যাদের রচনে 🛭 চারি বেদ ষট শাস্ত্র একভিতে কৈল। ভারত সহিত মুনি তুলেতে তুলিল 🛭 ভারেতে অধিক তেঁই হইল ভারত#। বিবিধ পুরাণ গ্রন্থ যাহার সম্মত 🛭 স্থরাস্থর-নাগলোক এ তিন ভূবনে। সংসারের মধ্যে যত হৈল পুণ্যজনে॥ সবার চরিত্রে এই ভারত ভিতর। যাহার শ্রবণে পাপহীন হয় নর ॥ দৰ্বশাস্ত্ৰমধ্যে হয় প্ৰধান গণন। (प्रवर्गनेमर्था यथा (प्रव नाजायन ॥ নদনদীগণ যেন প্রবেশে সাগর। সকল পুরাণ-কথা ভারত ভিতর **॥** সকল গ্রন্থের সার ভারত কথন। **छ**निल मक्न हग्र मानव कौवन । অনেক কঠোর তপে ব্যাস নহায়নি। রচিল বিচিত্র গ্রন্থ ভারত কাছিনী 🛭 শ্লোকচ্ছলে এছ ভবে রচিলেন ব্যাস। গীভচ্ছদে কহে তাহা কৰি কাশীদাস ॥

প্রাকালে মহবাগণ একদা তুলাদতে একদিকে চারি বেদ ও অন্তদিকে এই ভারত পুত্তক হাপন করেন, তাহাতে এই পুত্তক মহবে ও ভারববে বেদ-চড়ুইর অপেকা শ্রেষ্ঠ হওয়াতে ইহাকে "বহাভারত" বিদিয়া নির্দেশ করিলেন।

निद्यम्म ।

সহীভারত একথানি শ্রেষ্ঠ ধর্মমূলক গ্রন্থ, ইহা ভারতের বরে বরে, আবাল বৃদ্ধবাদিতা, কি ধনী গরীব শিক্ষিত কি অশিক্ষিত সকলের রাখা ও পাঠ করা একাস্ত কর্মমূল।

ইহা পড়িলে হাদরের খন অক্ষকার দূর হইয়া অপার্থিব দিব্য জানজ্যোতি: সাশ হয়

ইয়া পাঠ বা অবণ করিলে শোক তাপ, বালা যন্ত্রণা দূর হয় ও ধর্ম অর্থ কাষ ইয়াক কল লাভ হয়।

শাহিত্যিক কবিবর—পশুত জীবুক্ত হলেবচন্দ্র চট্ট্যোপাধ্যার।

এই এতের বছরানে ভাষার ছব্দের অনেক পরিবর্ত্তন এবং প্রধান প্রধান কতকঞ্জি কাষা, মূল এই ইইতে সমিবেশিত করিয়া বাজারের অফাক্ত পুস্তক ইইতে অনেকাংশে ক্ষমত করিয়াছেন। পূর্ব্বাপেকা ইহার আকারও বর্ত্তিত হইল কিন্তু সর্বসাধারণের ক্ষমতিক আছু মূল্য বৃদ্ধি করা হব নাই।

প্ৰকাশক---

सहरूप पतार्थ हिन्द महारा	
লগারিবারে জিলুকের প্রভান	GK4
शब्द	- bet
শাত্যকির সহিত জীব্ধকের ব	termery being
बङ्कून भारत ७ बनातरबन्न त	£
ও দাসককে দারাবতী	
कथन अनः वर्ष्युत्तक व	विद्
হস্তিনার প্রেরণ	L-83
ঞ্জিকের দেহত্যাপ	193
	. 1
্পর্ক্ত্র কর্তৃক প্রভাবে স্নামন্ত্র	
্ শরীর দর্শনে বিলাপ	664
দৈত্যগণ কর্ত্তক যত্ন পদ্মীগণ।	रत्र ७
পাষাণ হইবার বিবরণ ধ	
কর্তৃক সান্ত্রনা	
	698
वर्ण्य कर्ज्क यूनिक्रियन निक	ট বহুকুল
नारणत्र कथा वर्गन	৮৭৭
যুধিন্ঠিরের বিলাপ	694
বক্তকে হতিনার আনারন ইন্ত	
শভিষেক পরীক্ষিতকে	
त्रांट्या अक्टिंश्वर खरेर (
সহিত পঞ্চপাপ্তৰের মহাব	প্ৰহান ৮৮০
প্রজালোকের বিলাপ সুধিষ্ঠি	व कर्सक
প্ৰস্লালোকের প্ৰন্তি প্ৰবে	ile sistem
And a state of the contract of	II AIAIDA
অৰ্গাহৰাহণ প	4
পাওবগণের মেখনাদ পর্বতে	•
and the same of th	
चारबाह्य	• • •

	MANAGE WAS ALL
शंबारका नित्र वर्णन	160
व्यवस्थ भवित्व भाववत्त्रः	
कीरमञ्जू रुख कीयना व	ा क् माह
391	++4
च्छकानी नर्बर्क ना धररम	त भवन ७
পরি পর্বতে ফ্রোপদীর	CREWING LALL
Calcula catter attached	A
জোপদীর শোকে পাওবদের	14414 . P.P.
বৃধিটিরের প্রতি ভীবের প্রথ	٠٥٠ ا
शास्त्रपत्र रमतिकाष्ट्रम श्रम	7 in 112
দেবের যুত্যু ও বুথিটিরে	त्र त्यांक ५७०
চন্দ্ৰকালী পৰ্ব্বতে নকুলের খ	
The state of the s	. Adjected
পর্বতে অর্জনের দেহত	TT - bae
ৰুম্মিটিয়ের বিলাপ	rae
লোকেশর পরিতে জীবের তা	মুত্যাস 😉
ৰু থিটিয়েন্ত বিলাপ	ઇલન
व्विद्धित गरिक विकासनी के	
- A	MICH C
কুকুররূপী গরেন্দ্র জ্বানা	644
युविकिर्वत रेख्यभूती असन	· :
	20-5
मुश्कितम देवकूर्क भमन ७	मै हुन्छ।
मर्जन	۵۰٤
যুধিন্তিরের নরক দর্শনের হেডু	4 (40-
ৰীপে সিরা স্বজনাদি দর্শ	ਜ ਼ ৯∙৪
দশ অবভারের জোত্র	
	> > >
ৰহাভাৰত ধাৰণে ব্ৰহ্মহত্যা ৰ	ांश स्ट्रेटड
ताका करचकरवन वृक्ति	
	>••
পাঠ ৰাহাত্ম	>-9
এছকারের পরিচয়	3.2
11000	8-5

সূচীপত্ত সৰাপ্ত।



यर्गे य

कांगीताम मारमत मशकिश्व कौरती।

বর্ত্ধমান জেলার উত্তরাংশে ইক্রাণী পরগণার অন্তঃপাতী কাটোরার সবিকট বিদ্যিগ্রামে কাদীরাম দাসের বাসস্থান। কাদীরাম দাসের সবিশেষ জীবনবৃত্তান্ত অবগত চই গার কোনও উপার নাই। তংগ্রনীত মহাজারত পাঠে, কাণোরার নিকট স্থানে বিশাসবোগ্য প্রমাণে, অনেক অন্তুসন্ধান করা হটরাছে। আদিগর্কের শেষভাগে লেখা আছে—

ইক্রাণী নামেতে দেশ পূর্কাপর স্থিতি। বাদশ তীর্থেতে যথা বৈদে ভাগাঁরখী ।
কারস্কুলেতে জন্ম বাদ দিন্ধি গ্রামে। প্রিয়ন্ধর দাদ পূত্র স্থাকর নামে ।
তৎপুত্র কমলাকান্ত ক্রফান লিতা। ক্রফানান্তক গলাধর ভাঠ প্রাতা ॥"

আবার কেহ কেহ বলেন, হগলী জ্বেলার অন্তর্গত ইন্ত্রাণী-নাথক স্থানে কাশীরাম দাসের বানস্থান্ত্র অসাণার্থ তাঁহারা কবিক্ষণ চণ্ডী হইতে নিম্নের করেকটি রোক উল্লেখ করিয়াছেন —

ষণ্ডলহাট ভাহিনে আছে, থাকিব হাটের কাছে, আনন্দিত সাধুর নন্দন।
সন্ধ্যে ইপ্রাণী, ভূবনে ছর্ল জ্ঞানি, দেব আসে বাহার সদন।
ভাহিনে ললিভপুর, বাহিল ইস্রাণী। 'ইক্রেখর পূজা কৈল দিয়া মুল পাণি॥
লহনা বুরনা কাছে মানিরা মেলানি। বাহিরা অন্তর নদী পাইল ইস্রাণী॥

প্রথবোক্ত প্লোক্ত পাঠে স্পটই জানা বার বে, কানীরামদান কার্যকুলোট্ডর ছিলেন ও নিবিপ্রামের উচ্চার বাসভূমি ছিল। নিবিপ্রামের সন্নিকটে ভালীরবীর বারে বারে পীরের বাট, বারভ্রারী বাট ইড্যারি বাট সবাট সবাট কার্টে, এবং ভবার ইজ্বেরনায়ক নিবস্থানের চিন্তুও লভাণি প্রামিন্ত মহিলাই ্রিক্সের বলা আবন্ধক বে, ইপ্রামি প্রপণার অন্তর্গত মঙলহাটের সন্নিকট বোষ্ট্রটি প্রেমি হাট-স্বাভ প্রামন্ত্র আবন্ধ থাকে।

্তির হাট বার খাট, তিন চঙী ভিনেধর। এই বে বলিতে পারে, ভার ইস্লাক্তি বর ।" আর লোক-পরশারীর তথা নিরাহে বে, নিভিগ্রামে বে ছলে কাশীরাম বাসের বাল ছিবু, তথার এক ক্রি পুছরিশী পারে, উহাচক ক্রিকিট ইক্ষেকে পুরুষ বলিয়া বাঁকে। 10

কৰিকল তংকত শ্লোকমধ্যে যে ইক্লাণীর উল্লেখ করিরাছেন, তাহাও কাটোয়ার নিকট ইক্লাণী বিলিয়া বোধ হইতেছে, কারণ হাট বাট সমস্ত এক্লানে টুডিনান রহিরাছে। কিন্তু কবিকল্প কাশীরাম বাসের ভবিবাৎ জন্ম বিষয়ে কিছু জানিতেন বিশিয়া সম্ভব হর না; কারণ কবিকল্প দ্বর্গারোহণ করিবার প্রায় ৫০।৩০ বংসর পরে কাশীরাম দাসের জন্ম হর। স্কুতরাং প্রমাণ হইতেছে যে, কাশীরাম দাসের বাসস্থান কাটোয়ার সন্নিকট ইক্লাণী পরগণার অন্তঃপাতী সিদ্ধিপ্রামে।

কাশীরাম দাস কোন সালে জন্মগ্রহণ করিরাছিলেন, তাহার বিশেষ প্রমাণ কিছুই নাই। কবিকছণ করিবাস ইত্যাদির রচনা অপেকা কাশীরাম দাসের রচনা আধুনিক। কারণ ক্রন্তিবাস ও কবিকছণের ভাষা অপেকা কাশীরাম দাসের ভাষা অনেক অথলে মার্ক্তিত, স্পষ্ট ও সরল এবং ইহাতে শব্দগত বৈষম্যও অনেক দেখিতে পাওয়া যার। কবিকল্পণের চণ্ডী তিন শত ত্রিশ বৎসরাধিক কালের নিথিত; কাশীরাম দাসের রচনা তাহার পরে প্রতীরমান হইতেছে। ফলতঃ, কাশীরাম দাস যে ইহার অনেক পরে জন্মগ্রহণ করিরাছিলেন, সন্দেহ নাই। বিশেষ অনুসন্ধানে জানা গিয়াছে বে, কাশীরাম দাসের পুত্র, পুরোহিতপণকে সন ১০৮৫ সালের আযাঢ় মাসে বাস্তবাটী দান করিয়াছেন। উক্ত দানপত্র এক্ষণে ছিল্ল বল্প আটা আছে; ভাহার সমস্ত শব্দ পঞ্জিত পারা যার না, স্থানে স্থানে গণিত হইয়া গিয়াছে। ইহাতে বোধ হইতেছে বে, বিদি কাশীরাম দাসের পুত্র ১০৮৫ সালে দানপত্র করিয়া থাকেন, তবে নিশ্চয়ই তাঁহার পিতা সন ১০০০ দশ্ শত সালের কিছুদিন পরে জন্মগ্রহণ করিয়াছেন।

কাশীরাম দাস কার্য্কুলোম্ভব এবং তাঁহাদের "দেব" উপাধি ছিল। কায়স্থ জাতিরা উপাধির পূর্কে "দাস" বুলিয়া উল্লেখ করেন। কাশীরাম দাসপ্ত মহাভারতের কোন স্থানে "দেব", কোন স্থানে "দাস" উল্লেখ করিয়াছেন।—

''শান্তিপর্ব ভারতের অপূর্ব কথনে। কাশীরাম দেব কহে গোবিলচরণে ॥"

কাশীরাম কায়স্বংশোন্তব; কিন্তু তিনি শৈব ছিলেন, কি বৈশ্বব ছিলেন, তাহার কিছুই নির্দ্ধারিত। প্রমাণ নাই। তিনি নিজ রচনায় লিথিয়া ছুন ;—

"মন্তকে বন্দিরা চক্রচুড়-পদরজঃ। কহে কানীরাম গদাধর দাসাগ্রহ "

মহাভারত ক্রঞ্গীলার পূর্ণ, স্মতরাং ইহার মধ্যে অনেক স্থলে ক্রঞ্চ বন্দনাই লক্ষিত হয় এবং কানীরাম দাসকেও ক্লঞ্জক্ত বলিয়া বোধ হয়।

সময়ের গুণেই হউক, অথবা স্বভাবের গুণেই হউক, কাশীরাম দাস আহ্বণভক্ত ছিলেন। তিনি মহাভারতের মধ্যে আহ্বণের মাহাত্ম্য অভিশয় সরল অস্তঃকরণে লিখিয়াছেন এবং স্থানে স্থানে বন্দনাও করিয়াছেন।—

''মস্তকে বন্দিয়া প্রাক্ষণের পদরজঃ। কহে কাশীরাম দাস গদাধরাগ্রক ॥"

ভালীরাম দাসের পিডার নাম কমলাকান্ত, পিতামহের নাম স্থাকর এবং প্রপিতামহের নাম প্রিয়ন্তর ছিল। কালীরাম দাসের ছই সহোগর। ক্রফগাস জ্যেষ্ঠ, কালীরাম মধ্যম, ও গদাধর কনিষ্ঠ। কেহ কেহ বলেন, ক্মলাকান্তের চারিটি পুত্র, তন্মধ্যে কালীরাম ভৃতীয়, কিন্ত এ কথা বিশাস হয় না; কারণ এ বিশনের কিন্তুই প্রমাণ নাই।

স্চীপত্র।

আদিপৰ্ব ৷		যজ্ঞস্থানে আন্তিকের গমন	æ:
গ্ৰন্থ ভাষ	১৭	আন্তিক কর্তৃক সর্পয়জ্ঞ বিশ্ব	¢:
সৌতির নিকট সনকাদি ঋষির ভৃগুবং	ન	জন্মেজয়ের ধর্ম্মহিংদা	C.
বিবরণ	>9	জন্মেজয়ের নিকট ব্যাদের আগমন	œ e
রুরুর সপহিংদা	39	জন্মেজয়ের অখনেধ যজ্ঞারম্ভ	00
জ রৎকারু বিবরণ	२०	জন্মেজয়কে ভারত শ্রবণে উপদেশ	a v
গরুড়াদি নাগগণের উৎপত্তি বিবরণ ও	3	মহাভারত কথারস্ত	e e
অরুণের জন্ম	२ऽ	व्यापि वश्म विवन्न	æ t
সমুদ্র মন্থন	.	শক্ষলা উপাথ্যান	৬
নারদের কৈলাদ গমন ও মহাদেককে	দমুদ্র	ছম্মন্ত রাজার সহির শকুন্তলার বিবাহ	હ
মন্থন সংবাদ প্রদান	₹8	व्यव्यव्यास्य विवज्ञन	94
সমুদ্র মন্থন স্থানে মহাদেবের আগমন	રહ	শুক্রের স্থানে ক'চের মন্ত্রহণ	60
মহাদেবের প্রতি দেবগণের স্তুতি	२७	কচ ও দেবযানীর পরস্পর অভিপাপ	৬৬
অমৃতের নিমিত্ত হুরাহ্ররের যুদ্ধ ও ত্রী	কুষে র	দেব্যানী উপাধ্যান	৬৮
মোহিনী রূপ ধারণ	२१	দেব্যানীর বিবাহ	90
,মোহিনীর সহিত হরের মিলন	২৯	যযাতির প্রতি শুক্তের অভিশাপ	9.9
স্থধা বণ্টন ও রাহু কেতুর বিবরণ	٥.	য্যাতির যৌবন প্রাপ্তি ও পুরুর জরা	-
নাগগণের প্রতি কক্রের অভিসম্পাত ও)	গ্ৰহণ	9,8
मामीएक्त विवतन्	ود	য্যাতির স্বর্গে গমন ও পত্তন	9
গরুড়ের জন্ম ও সূর্য্যরথে অরুণের স্থাপ	ন ৩২	পুরু বংশ কথন	96
হুধা আনিতে গরুড়ের স্বর্গে গমন ও গ		মহাভিব রাজার প্রতি ত্রকার অভিশাপ	
কুর্শ্মের বিবরণ	೨೨	এবং শান্তমুর উৎপত্তি	٠.
ইন্দ্রের প্রতি বাল খিল্যাদি মুনির শাপ	৩৬	वर्षे वर्ष क्या विवत्र	b-3
নাগরাজার তপস্ত।	ు స	গঙ্গা কর্তৃক দেবব্রভক্তে শান্তামুর করে	
পর্টকিতের ব্রহ্মশাপ	83	অর্পণ ও দেবব্রতের ঘুবরাজ হওন	-0
পরীক্ষিতের নিকট তক্ষকের আগমন	8२	মৎস গন্ধার উৎপত্তি	-8
ব্দরৎকারু মুনির ব্দরৎকারী ত্যাগ	88	সত্যবতীর বিবাহ	-4
শান্তিকের জন্ম	8 ¢	বিচিত্র বীর্য্যের মৃত্যু ও ধৃতরাষ্ট্রাদির	7
উপমস্যু আরুনির উপাধ্যান	89	উৎপত্তি	৮ ٩
উতক্ষের উপাখ্যান	85-	বিহুরের জন্ম বিবরণ এবং ধৃতরাষ্ট্র পাণ্ডু	- 7
ক্ষেক্ সক্ষের যজের মন্ত্রণা	c •	विश्वतित्र विवाह	.
ৰ ন্মে <i>ক</i> য়ের সর্পয়জ্ঞ	63	ত্র্যোধনাদির জন্ম কথন	

1

দ্রোপদীর বেশ দেখিরা কুন্তীর বিষাদ ২৯	্র শ্রীবৎস রাজার তুই ভার্য্যার সহিত
পাশুবদিগের বনে প্রস্থান ও	স্বরাক্ত্যে গমন ৩২৫
ধৃতরাধ্রেঁর প্রশ্ন ২৯	২ পাগুৰগণের দৈভ্যবনে গমন ও মার্কণ্ডেয়
কুরুসভায় নারদ ঋষির আগমন ২৯	০ যুনির আশ্রম ৩২৬
	যুধিষ্ঠির ও দ্রোপদীর পরস্পর কথা 🛮 ৩২৭
ৰুন্পৰ্য ;	যুধিষ্ঠিরের প্রতি ভীমের বাক্য ৩৩০
পাণ্ডবদের বনবাদে প্রজাগণের থেদ ১৯০	🗈 ভীমের প্রতি যুধিষ্ঠিরের প্রবোধ বাক্য ৩৩০
ধৃতরাষ্ট্র কর্তৃক বিহুরের অপমান ও	অর্জ্জনের শিবারাধনার্থ হিমালয়
যু্ধিষ্ঠিরের নিকটে গমন ২৯৭	৭ ' পর্বতে গমন ৩৩০
ধৃতরাষ্ট্রের সহিভ বিছরের পুনঃ মিলন ও	কিরাত রূপে হর পার্ব্বতীর আগমন ৩৩১
ধৃতরাষ্ট্রের প্রতি ব্যাদের	অর্জ্জনের ইন্দ্রালয়ে গমন ৩০৩
হিতোপদেশ ২৯	🥕 ইন্দ্রসভায় উর্বেশী ইত্যাদির নৃত্যগীত ৩৩৪
মৈত্রেয় মুনির বাক্য ও ছুর্য্যোধনকে	অর্জুনের প্রতি উর্বেশীর অভিশাপ ৩৩৪
অভিশাপ প্রদান ৩০০	»
কিন্দ্রীর বধোপাখ্যান ৩০:	সঞ্জয় মূথে পাণ্ডবের বিক্রম শুনিয়া
কাম্যবনে শ্রীক্ষের সহিত পাগুবনিগের	ধৃতরাষ্ট্রের খেদ ৩৩৬
নানা কথা ৩০:	২ অর্জ্নের নিমিত্ত পাগুবদিগের আক্ষেপ৩৩৮
জ্রীকৃষ্ণের যুদ্ধে শাল্পদৈত্য ব ধ ৩০০	৮ নলরাজার উপাখ্যান ৩৩৯
এবংস রাজার উপাধ্যান ৩০০	ন দময়ন্তী স্বয়ন্ত্র ৩৪০
ঞ্ৰংস রাজা র সভায় শনি ও	দময়ন্তীর বিবাহ ৩৪১
লক্ষীর আগমন ৩০	•
জ্রীবৎস রা জা র বিচার ও শনির কোপ ৩০:	৯ নলের বনে গমন ও দমন্বস্তী ত্যাপ ৩৪৪
গ্রীবংস চিস্তার বন গমন ৩১	 দময়ন্তীর কোপে ব্যাধ ভন্ম ৩৪৬
্রীবংসের প্রতি শনির প্রত্যাদেশ ৩১	
রাজা রাণীর কথোপকথন ৩১	০ সৈরিক্সী বেশে স্থিতি ৩৪৬
ঞ্জিবৎদ রাজারকাঠু রিয়া আল য়ে স্থিতি ৩১	৪ কর্কট নাগের দংশনে নলের
ৰণিক কৰ্তৃক চিন্তা হরণ ৩১০	৫ বিকৃত আকার ৩৪৮
জ্রীবৎস রাজা র রোদন ও চিন্তার	অঘোধ্যানগরে বাহুক নামে নল
अटब् यन ७১	৬ রাজার অবস্থিতি ৩৪৯
•	৭ দময়ন্তীর পিত্রালয়ে গমন ও
ক্লাকার মালিনী আলয়ে স্থিতি ৩১	
শ্রীবংশ রাজা র সহিত ভুদ্রোর বিবাহ ৩১	
🕮 বৎস রাজার সহিত চিন্তা	রাজার বিদর্ভদেশে গমন এবং নলের
ু দেবীর মিলন ৩২	
শ্রীৰংস রাজার শনিত্যাগ এবং	ঋতুপূর্ণ রাজার সহিত নলের
ে শুনি কর্তৃক বন প্রাঞ্চি ৩২	৪ বিদর্জদেশে আগমন ৩৫৩

নলের সহিত দময়স্তীর মিলন	% 8
শ্বভূপর্ণ রাজার স্বদেশ গমন ও নলের	
পুনর্কার রাজ্যপ্রাপ্তি	ા
অর্জুনের বিরহে পাগুবগণের শোক	৩৫৬
নারদের স্থানে যুধিষ্ঠিরের তীর্থসানের	
कम खंदन	૭ ૯૧
ক্ষেত্রতীর্থের মাহাল্য্য	∞ €
ইন্ত্রাদেশে লোমশ মূনির আগমন	36 P
यूर्धिष्ठेरतत्र जीर्थ याजा छ	000
অগস্তোপাখ্যান	৩৫৯
অগন্ত যাত্রার বিবরণ্তএবং বিস্ক্য	Od 10
গিরির দর্পচূর্ণ	৩৬১
বেত্রাহ্নরের সহিত দেবগণেরে যুদ্ধ	৩৬২
্বাস্থ্য শ্নির স ্ দ্রপান এবং দেবগণের	
यूरक व्यञ्ज मिरगंत्र निधन	৩৬৩
সুগো বহুর গোলের । বন্দ সুগর বংশোপাখ্যান ও কপিলের শাত	
সগর সন্তান ভন্ম	'। ৩৬৪
গদার গভান ভ্র গঙ্গাবতরণ ও দগরদন্তানগণের উদ্ধার	
	৩৬৭
পরশুরামের দর্পচূর্ণ শ্যেন কপোত উপাখ্যান	
उनीनरत्रत्र मार्थ जनायान उनीनरत्रत्र मारम मान ७ ऋर्ग गमन	96
ভীমের পদ্মাধেষণে গমন ও হতুমানের	৩৬৮
সহিত সাক্ষাৎ	
	৩৬৮
ভীমের সহিত যক্ষগণের যুদ্ধ ও	.00 -
পুষ্প আহরণ ক্রীমানেম্বর মার্কিনের মানের	990
ভীমাৰেষণে যুধিষ্ঠিরের যাত্রা	७१२
কটান্থর বধ ও পাগুব দিগের	20.0
বদরিকাশ্রম যাত্রা	୬৭୬
ইন্দ্রালয়ে অর্জ্নের সপ্তদর্গ	
দর্শনার্থ গমন নিক্তর কর্ম সৈম্ভেব স্থানিক স্থা নিকে	୬୩୫
নিবাত কবচ দৈত্যের সহিত অর্জ্বনের]
যুদ্ধ এবং দৈত্যের সবংশে নিধন	ଅସଫ
শত্রশিকা করিয়া কর্দ্ধনের পুনঃ শর্ত্তালোকে আগমন	
ৰ্থিষ্ঠিরের আতৃগণ সহ কাম্যক	৩৭৭
ब्रायाक्ष्यं वाक्ष्यं नर काम्युक	
TOT YIM!	992

ছুর্ব্যোধনের সপরিবারে প্রভাস	
তীৰ্থে ঘাত্ৰা	9 50
ছুর্য্যোধনের দৈষ্টের সহিত চিত্রেসেন	
গন্ধবের যুদ্ধ	৩৮২
চিত্রদেনের যুদ্ধে জয় ও নারীগণের	
সহিত ভূর্যোধনের বন্ধন	9 + 8
ধর্মাজ্ঞায় ভীমার্চ্ছনের যুদ্ধে যাত্রা ও	
নারীগণের সহিত দ্রর্য্যোধনের মুক্তি	৩৮৬
হস্তিনায় সশিষ্য তুর্বাদার আগমন	9 bb
কাম্যক বনে যুধিষ্ঠিরের নিকট	
ছুৰ্বাসা মুনির আগমন	৩৯১
যুধিষ্ঠিরের শারণে শ্রীকৃষ্ণের কাম্যক	
বনে আগমন	৩৯৩
সশিষ্য তুর্বাসার পারণ	೨৯৫
ছর্য্যোধনের মন্ত্রণায় জয়দ্রংখর	•
দ্রোপদী হরণে যাত্রা	೨৯৭
দ্রোপদী হরণ ও ভামহন্তে জয়দ্রথের	
অ পমান	৩৯৯
ক্ষয়ন্ত্রথের শিবারাধনায় যাত্রা	805
হস্তিনায় জয়দ্রথের আগমন	8.9
পাণ্ডবের নিকট মার্কণ্ডেয় মুনির	
আগমন	8 • 8
জয় বিজয়ের অভিশাপ ও হিরণ্যক্ষ ধ	3
হিরণ্য কশিপুর জন্ম ও হিরণ্যক্ষ বধ	
প্রহলাদ চরিত্র	809
নৃসিংহ অবতার ও হিরণ্যকশিপু নিধন	• < 8
রাবণ ও কৃম্ভকর্ণের জন্ম	668
শ্রীরাম প্রভৃতির জন্ম ও শ্রীরামের	
দীতা সহ বিবাহ	858
দশরথের মৃত্যু ও শ্রীরামের পঞ্বটীরে	5
অ বস্থিতি	& <8
রাবণ কর্তৃক দীতাহরণ ও এীরামের	
পঞ্চ বানরের সহিত মিলন	824
শ্ৰীরামচন্দ্রের লঙ্কার প্রবেশ ও যুদ্ধ	8 २ •
রাবণ বধ	823
সাবিত্ৰী উপাধ্যান	840

	-		
সাবিত্তীর সহিত সত্যবানের বিবাহ	820	ভীমের সহিত দ্রোপদীর কীচক	
শত্যবাণের মৃত্যু এবং যমের নিকটে		বধের মন্ত্রণা	800
সাবিত্রীর বর প্রাপ্তি	8२१	ভীম কর্তৃক কীচক বধ	8¢¢
শত্যবানের পুন্তজীবন লাভ	800	কীচকের শবদাহ ও তাহার উনশত	
অকালে আছের বিবরণ ও দ্রোপদীর		ভাতার মৃহ্য	809
দর্পচূ র্ণ	৫ ৩১	গোগ্ৰহার্থে হুশর্মা রাজার যাত্রা	6 98
যুধিষ্ঠিরের ধর্ম জানিবার জন্য ধর্মের	,	ভীম কর্তৃক স্থশর্মার পরাজয় ও	
ছলনা ও ভীষের জল আনিতে		বিরাটের বন্ধন মুক্তি	862
গমন	800	উত্তর গোগৃহে কুরুদৈন্তের গমন	
ভীমান্বেষণে অর্জ্জনের গমন	890	ও গো হরণ	৪৬৩
ভীমার্ল্ছন অন্বেষণে নকুলের যাত্র।	৪৩৬	কুরুদৈন্মের সহিত যুদ্ধে উত্তরের গমন	8%
ভীমার্চ্ছন ও নকুলের অন্বেষণে সহদে	বৈর	কৌরব গণের পরস্পার তর্ক	৪৬৬
গমন	899	উত্তরের সহিত অর্জ্ঞ্নের শমীরক্ষের	
দ্রোপদীর জল আনিতে গমন	৪৩৭	নিকট গমন	804
ভ্রাতৃগণান্বেষণে যুধিষ্ঠিরের গমন	801	অর্কুনের দশ নামের কারণ এবং গায়	রীর
রাজা যুধিষ্ঠিরের আক্ষেপ	804	সধিত কুন্তীর শিব পূজায় বিরোধ	865
ধর্ম্মের চারি প্রশ্ন জিজ্ঞাসা-ও রাজা		ব্ৰাহ্মণ মাহাত্ম্য	895
যুখিষ্ঠিরের উত্তর	88•	অর্জুনের ক্লীবছের বিবরণ	893
যুখিষ্ঠিরের প্রতি ধর্মের ছলনা	885	অর্চ্ছুনের যুদ্ধে আগমন ও গোধন	
ধর্মের নিকটে যুক্তিরের বরলাভ ও		যোচন	890
কৃষ্ণা সহ চারি ভ্রাতার পুনজ্জীব	ন	উত্তরের নিকট অর্চ্ছ্রের পরিচয়	890
শাভ	885	অর্চ্ছনের সহিত কর্ণের সংগ্রাম ও	-
ধ্যাসদেবের আগমন ও অজ্ঞাত বাসে	র	কর্ণের পলায়ন	894
পরামর্শ	883	কুপাচার্য্যের সহিত অর্জ্ঞানের যুদ্ধ ও	
•		প্ৰায়ন	899
বিস্তাউ পৰ্ব :		ভীপ্মের সহিত অৰ্চ্ছনের যুদ্ধ	8) - 9
ৰ্যাস বৰ্ণন ও অজ্ঞাত বাসের মন্ত্রণা	888	চুর্যোধনের অর্জুনের যুদ্ধ ও কুরু	
পঞ্চ পাগুবের বিরাট সভায় প্রবেশ	88¢	দৈন্ডের মোহ	845
বিরাটপুরে জৌপদীর প্রবেশ ও রাণী	ার	তুর্য্যোধনের মুক্টচ্ছেদন ও কুরু	
স্হিত কথোপকখন	88৮	সৈত্যের নানা ছরবন্থা	878
হুদেষণা কর্ত্ত জৌপদীর রূপ বর্ণন	885	শমীরক্ষতদে অর্জ্নের পূর্ববেশ	
দ্রৌপদীর সহিত হলেঞ্চার		ধার ণ	874
কথোপকথ ন	888		
শঙ্কর যাত্রা ও ভীষের মরযুদ্ধ	84.	মুখিন্ঠিরের সহিত পাশাক্রীড়া	844
ত্রেপরীর সহিত কীতকের সাকাং ও)	বিরাট রাজার সমীপে যুদ্ধ সম্বদ্ধে	
্বিলন বাঞ্চা	84.2	উত্তরের কল্লিত বর্ণন	814

বিরাটের সিংহাসনে যুধিষ্ঠিরের রাজাহওন	হস্তিনার শ্রীক্লকের উপস্থিতি ৫৩১
অজ্ঞাতবাস মোচন ও বিরাট	বিত্নরের গৃহে কুস্তীসহ শ্রীকুক্ষের
সহ পরিচয় ৪১	ra १९७० ।
উত্তরার সহিত-অভিমন্তার বিবাহ ৪১	৯১ ঞ্রিক্ষের নিকটে কুস্তীর রোদন ৫৩৪
	শ্রীকৃষ্ণের প্রতি বিহুরের স্তব ও তাঁহার
উচ্ছোগশৰ :	গৃহে শ্রীকুষ্ণের ভোজন ৫৩৪
ছুর্য্যোধনের প্রতি ভীন্মাদির	কোরবের সভায় 🕮 ক্লফের পুনরাগমন
হিতোপদেশ . ৪১	৯৩ ও বিশ্বরূপ ধারণ ৫৩৬
ইন্দ্রের জন্ম, তৎকর্ত্তক গুরুপদ্বীহরণ	ধৃতরাষ্ট্রের নিকট সনৎ হস্ত্রাত
ও গৌতমের অভিশাপ ৪:	৯৫ মুনির আগমন ৫৪১
কুরুসভাতে গোম্যের প্রবেশ ও	পাণ্ডব সভায় শ্রীক্লফের আগমন ও
কুরুদের প্রতি কথন ৪১	৯৮ সদৈয়ে পাণ্ডবদের কুরুকেত্রে
বৃক রাজার উপাধ্যান ৪:	৯৯ গমন ৫৪২
ধৃতরাষ্ট্রের প্রতি বিহুরের	কুরুদৈন্মের কুরুক্ষেত্রে যাত্র। ৫৪৩
হিতোপদেশ ৫	 তুর্ব্যোধন কর্তৃক বিড়াল তপস্বীর
বলি বামনোপাখ্যান ৫	 ৫ উপাখ্যান কথন ৫৪৫
মদিতির তপস্তা ও বিষ্ণুর প্রতি স্তব ৫০	০৬ উপুকের প্রতি পাগুবদের কথা ৫৪৭
ধৃতরাষ্ট্র কর্তৃক পাওবের নিকট	কর্ণের জন্ম বিবরণ ৫৪৮
সঞ্জয়কে প্রেরণ ৫	>>
বাতাপি পক্ষীর ইতিরুত্ত ৫:	১৪ ভীস্মপর্ব ৷
কুরুকেত্রে যুদ্ধশঙ্জ। করিতে যুধিষ্ঠিরের	কুরু পাণ্ডবের যুদ্ধসজ্জা ৫৫১
অসুমতি ও কুরুকেন্দ্রের উ ৎপত্তি	ভীন্মের দশদিন যুদ্ধ প্রতিজ্ঞা এবং
কথন ৫	১৬ অর্চ্ছনের প্রতি শ্রিক্ষের
শ্রীকৃষ্ণের নিকটে ছর্ষ্যোধন কর্তৃক	যোগ কথন ৫৫৫
দূত প্রেরণ 💮 🔞	२० व्यथम मिरनत यूकात्रङ १००१
ষারকায় ঞীকৃষ্ণের নিকট উপুকের	দিতীয় দিনের যুদ্ধ ৫৫৯
	२১ जृजीय मित्नत्र युक्क १७३
উলুকের পুনরাগমন ও ছর্য্যোধনের	हर्ज्य निराम युक् १७०
ধারকায় খাগমন ৫:	২২ 🖟 যুধিষ্ঠিরের প্রতি ফ্রন্পদরা ন্তা র
वर्ष्यतत्र मतादः (च क्रिक्स्वत	প্রবোধ ৫৬৮
	२८ शक्य फिल्ब युद्ध (७৯
	২৫ ক্র্রোধন ও ভীলের মন্ত্রণা ৫৭০
ঞ্জিক্তের হস্তিনার আগমন সম্বাদে	वर्ष्ठ मित्नत्र यूष
	২৮ হনুমানের সহিত বিবাদ ও পর্কুনের
হন্তিনা যাইতে পথে প্রঞা কর্তৃক	শর বারা সাগর বন্ধন কথন ৫৭৮
बिहरका उ र	০০ সপ্তম দিনের যুদ্ধারম্ভ ৫৮০

ক্ষণার্জ্জনের ছলে ছুর্য্যোধনের		কৰ্ণ কৰ্ত্তৃক ঘটোৎকচ বধ	৬৩১
মুক্ট আনয়ন	७ ०२	কর্ণের নিকটে কপটে ইন্দ্রের কবচ	
অন্তমু দিনের যুদ্ধারম্ভ	७५७	গ্ৰহণ	৬৩৭
ভীষ্ম কর্তৃক জীকুষের প্রতিজ্ঞা ভঙ্গ	ere	যুদ্ধে দ্রুপনরাজার মৃত্যু	৬ ೨৯
नत्मु पिरनत्र युक	e49		৬৪ ৰ
দর্শম দিনের যুদ্ধ ভীপ্সের শরশব্য।	৫৮৯	ভোণাচার্য্যের মৃহ্য	৬৪২
·		ধুন্টত্নাম্ন বধে অম্বত্থামার প্রতিজ্ঞা	৬৪৫
দ্ৰোপপৰ্ব ।		শ্রীকৃষ্ণের মহিমা বর্ণন	৬৪৬
দ্রোণকে দৈনাপতি করণের মন্ত্রণ।	৫৯৬	কৰ্পৰ্ব্ৰ	
একুফের দহিত পাণ্ডবদিগের মন্ত্রণা	৫৯৭		
ভীম ও চুর্য্যোধনের কথোপকথন	৫৯৮	কর্ণকে সঙ্গে করিয়া কৌরবগণে যুদ্ধে	
সঙ্গ যুদ্ধ	৫৯৯	যাত্রা	৬৪৫
দ্রোণের সহিত অর্জ্বনের যুক্ত	500	কর্ণের সহিত যুদ্ধে যুধিষ্ঠিরের পরাভব	৬৫०
অর্জ্বনের সহিত হুর্য্যেধনাদির		যুধিষ্ঠিরের নিকটে অর্জ্জুনের কর্ণবধে	
ক্রমশঃ যুদ্ধ	৬০১		৬৫৩
দ্রোপের প্রতি হুর্য্যোধনের খেদোক্তি	ŀ	নানা যুদ্ধের পর ভীম কর্তৃক হুঃশাসনে	
ও নারায়ণীদেনার যুকারস্ক	৬০৩		৬৫৫
অ ভিমন্থ্যর যুদ্ধার ন্ত	৬০৭	অর্জ্বনের হত্তে কর্ণপুত্র রুষদেনের	
অ ভিম স্যু ব ধ	৬১০	1 10	৬৫ ৭
অভিমন্ত্যুর জন্মকথ।	৬১৫	কৰ্ণবধ	৬৫৯
অর্জ্নের অমঙ্গল দর্শন	৬১৬	শ্ব ন্য পর্ব	
অভিমন্যু শোকে অর্জ্জুনের বিলাপ	৬১৭	শল্যের দেনাপতিত্ব	৬৬৩
অর্জুনের প্রতি ঐক্তিঞ্চ ও ব্যাদের		শল্যের সহিত পাণ্ডবদের যুদ্ধ	৬৬৪
সাত্ত্বনা ও জয়দ্রথ বধে ফর্জ্বনের		ं भेलाउर्थ	৬৬৭
প্রতিজ্ঞা	97 5-	শকুনি বধের উপক্রমে নানা যুক্ত	৬৬৭
ব্যাদ্রথবধের র্তান্ত	७२०	সহদেবের হস্তে শকুনি বধ	র <i>৬৬৯</i>
ভূ রি শ্র বা কর্তৃক সাত্যকির পরা জ য়	७ २8	कूर्य्याधरनत देवभाग्रनद्वरन व्यदम	৬৭১
ভূরি≝ বা বধ	७२৫	ধুতরাষ্ট্র সঞ্জয় সংবাদ	৬৭৩
ভীম কর্তৃক ছুর্য্যোধনের নবতি			• (-
সংখদরের মৃত্যু	७२७	গদাপর্ব	
তুর্য্যোধন ও তুঃশাদন বিনা অফ		সসৈক্তে যুধিন্তিরের হ্রদ নিকটে গমন	৬৭৫
ভাতার মৃহ্য ও জয়দ্রথ বধ	७२৮	वनापादवत्र जीर्थ याखा विवत्रग	৬৭৭
কুরু নৈন্ডের স হিত ঘটোৎকচের মহা		বশিষ্ঠ তীর্ষের বিবরণ কথন	৬৭৮
দোষণ ও অলম্বুষ বধ	৬৩২	সোমতীর্থ প্রস্তাবে কার্ভিকেরজন্মকথা	
ৰটোৎকচ কৰ্ত্তক অলমুষি বধ	₽ 28	मधीिक जैर्थन विवन्न	७৮२
ঘটোৎকচ কর্ত্তক পাগুরোকা বধ	DOC	দেবগণ কর্ত্তক বিষ্ণার স্তব	6-40

দধীচির অস্থিতে বক্স নির্মাণ ৬৮৪	প্রীকৃষ্ণ ব্যাদ নারদের নানা উপদেশ
नाशिन्ताञ्चरम नात्रम बनतारमत्र मःवाम ७৮१	यूधिष्ठित्रापित्र रुखिनात्र शयन १२०
কুক্লক্ষেত্রের বিবরণ ৬৯০	
তুর্য্যোধনের উরুভঙ্গ ৬৯১	্ শান্তিশ ৰ্ব
ছুর্য্যোধনের মস্তকে ভীমের পদাঘাত ৬৯০	
জ্রীকৃষ্ণের প্রতি চুর্য্যোধনের কোপ ৬৯৪	যুধিষ্ঠিরের প্রতি ব্যাদের উপদেশ ৭৩০
সৌপ্তিকপৰ্ব	্ ভীত্মের নিকট যুধিষ্ঠিরে গমন, ৭৩১
অশ্বথামার পাণ্ডৰ নাশার্থ প্রতিজ্ঞা ৬৯৬	যুধিষ্ঠিরের প্রতি ভীম্মের যোগ কথন ৭৩২
অশ্বথানার গাওৰ নাগাৰ আভজ্ঞা ত্রভ অশ্বথানাকে দেনাপতিত্বে অভিষেক ৬৯৭	ধর্মাধর্ম প্রভাবে হরিনামের মাহাত্ম্য
শিবিরের দ্বারে অশ্বত্থামার শিব দর্শন ৬৯৮	কথন ৭৩৪
	ভদ্রশীল ও ধন্মধ্বক্লের উপাখ্যান ৭৩৮
অশ্বত্থামা কতৃক শৈবের স্তব ৬৯৯ অশ্বত্থামার শিবিরে প্রবেশ ও ধ্রুইত্যন্ত্রাদি	পাপ বিশেষে নরক বিশেষ ৭৪৩
विष ७३३	ধর্মফল কথন ৭৪৫
16	একাদশীর মাহাত্ম্য ৭৪৭
•	হরি মন্দির মার্জনের ফল ৭৪৯
<u> এমিকপর্ব</u>	দানধৰ্ম ৭৫১
পঞ্চ পুত্তের মৃষ্যু শ্রুবণে যুধিষ্ঠিরাদির	প্রয়াগ্ মাহাছ্যো ব্যাধ ও স্থমতির
থেদ ৭০২	উপাখ্যান ৭৫২
অশ্বত্থামার মুগুচ্ছেদনার্থ ভীমের যাত্রা ৭০৫	পরশুরামের তীর্থ পর্য্যটন ৭৫৬
অশ্বত্থামার শিরোমণি পাইয়া দ্রৌপদীর	গয়াক্ষেত্রের উপাধ্যান ৭৫৮
मरखांव १०१	পঞ্জতোপাখ্যান ৭৬০
<u> নারীপর্ব</u>	শিবচ হুর্দ্দশীর মাহাত্ম্য ৭৬৩
বৈশম্পায়নের প্রতি জ্ঞান্মের প্রশ্ন ৭১০	অনন্তরতোপাথ্যান ৭৬৬
শতপুত্র নাশে ধৃতরাষ্ট্রের খেদ ও তাঁহার	চান্দ্রায়ণ ব্রতোপলকে চন্দ্রকৈ হু রাজার
· · · · · · · · · · · · · · · · · · ·	উপাখ্যান ৭৬৯
দাস্থনা ধৃতরাষ্ট্রের প্রতি ব্যাদের হিতোপদেশ ৭১৩	চন্দ্রকৈতু রাজার মৃত্যু ৭৭১
ধৃতরাষ্ট্র কর্তৃক লোহভীম চুর্ণ করণ ৭১৬	অফমীর ত্রত মহাম্ম্যে স্থবান্থ রাজার
গান্ধারী প্রস্থৃতি জ্রীগণের যুদ্ধস্থলে গমন ও	উপাখ্যান ৭৭২
সামান অভাত জ্ঞাননের বুম্বারনে গমন ও স্ব স্থ পতি পুত্রেরমৃতদেহ দর্শনেথেদ ৭১৮	একাদশীর ব্রতোপলকে যজ্ঞমালীর উপাখ্যান ৭৭৪
মৃতপতি পুতাদি দর্শনে গান্ধারী প্রভৃতি ন্ত্রী	113
গণের বিলাপ ও শ্রীকৃষ্ণের প্রতি	বিষ্ণুর প্রদক্ষিণ প্রস্তাবে রহস্পতি ও ইন্দ্রের সংবাদ
গান্ধরীর অনুযোগ ৭১৯	
क्रिल्यक व्यक्ति गामात्रीत मान १२२	সাধুসঙ্গ প্রসংসাপলকে উত্তকো- পাখ্যান ৭৭১
বুধিষ্ঠিরাদি কর্তৃক মৃত স্বজনগণের শরীর	শাখ্যান <u>৭৭৯</u> ব্যাধের প্রতি উত্তম মুনির উপদেশ
न्यां प्रमान	राजित्र व्यास्त ७७३ मून्य ७७८५ न ७ ओक्स्स ब सब

ভীম কর্তৃক জীকুফের ন্তব	960
ভীন্মদেৰের স্বৰ্গারোহণ	9৮8
অশ্বমেধ পর্ব	
বুধিন্তিরের উবেগ ও ব্যাদের উপদেশ	৭৮৬
অশ্ব আনিতে ভীম ব্যকেতৃ ও মেঘব	পির
যাত্রা	922
যুবনাশ রাজার অশ হরণ	१৯১
যুবনাশ রাজার হন্তিনা গমন ও ঐীকৃষ	3 8
मर् गन	৭৯২
জ্রীক্লফের অদর্শনে যুধিষ্ঠিরের উদ্বেগ	৭৯৪
व्यवस्थित यस्त्र व्यात्रस्त	୩৯৬
নী লংৰজ রাজার সহিত যুদ্ধ	926
পুত্রশাকে জনার ভাতৃগৃহে গমন	b.0
জনার দেহত্যাগ ও অর্জ্জনের প্রতি	
ঁ গঙ্গার অভিশাপ	۲۰۶
নীলধ্বজের অগ্রিকামণ্ড্য বিবরণ	b0)
পৃথিবীর প্রতি লক্ষার শাপ ও পাষ	4
হইতে অগ উদ্ধার	৮০২
ব্রাহ্মণীর পাষণে হইবার বৃত্তান্ত	৮৽৩
হংসধ্বজরাজার নগরে অখের গমন ও	1
্তত্বপলকে নানা সংবাদ	b •¢
তপ্ততৈলে হুধৰাকে নিক্ষেপ	b-•9
ভপ্ততৈলে স্বধ্বনে পতনে রাণীর	
শেক	۵۰۶
ভপ্ততৈল হইতে সুধন্বার উত্থান ও প	শুৰ
সৈত্যের সহিত যুদ্ধ	৮০৯
অধ্যার মুণ্ডচেদ ও মুণ্ডপ্রয়াগে	
নিকেপ	F25
স্থ্যথের যুদ্ধ এবং হংসধ্যক্ষরাজার	
कृष्ठ मर्भन	P->8
ৰজান্দের ব্যাজ্ঞরূপ হওনের বিবরণ	P70
প্রমীলার দেশে অর্জ্জনের গমন ও	
প্রমালার কথা	トフィ
मनिशूरत राज्यवास्त्रतत गरिष्ठ वर्ण्यात	3

ব্যুক্তবাহনের বৃদ্ধ অর্চ্ছনের মৃত্যু **५२२** चर्क्त्वत्र कीवनार्थं भनि चानव्रन **64** 🕮 কুষ্ণের প্রতি বক্রবাছনের বিনয় 4 মণিস্পর্শে অর্জুনাদির জীবন প্রাপ্তি ও তাত্রধ্বক্ষের সহিত যুদ্ধ **604** ত্রাহ্মণবেশে ময়ুরধ্বক রাজার সভায় কুষ্ণাৰ্জ্জুনের গমন **F99** সরস্বতীপুরে পাগুবের প্রবেশ ও যমের সহিত যুদ্ধ **20**6 কৌতিঅপুরে পাওবের প্রবেশ ও চক্রহংস রাজার কথা 404 মনিভদ্র রাজার দেশে পাগুবদের আগমন F87 পাগুবের হস্তিনায় পুনঃ প্রবেশ ও যজ্ঞ সাঙ্গ P80 আশ্ৰমিক পৰ্ব

ধ্তরাষ্ট্রের বৈরাগ্য ও বিহুরের সহিত কথোপ কথন P89 ধৃতরাষ্ট্রেরর বনগমনেচ্ছা শুনিয়া যুধিষ্ঠিরের ৮৪৯ ধ্তরাষ্ট্র, গান্ধারী, ক্স্তী, বিহুর ও সঞ্জয়ের বনযাত্রা **be**• বনে ধৃতরাষ্ট্রের নিকট পাগুবের আগমন b-00 বিহুরের দেহত্যাগে সকলের বিলাপ এবং ব্যাস:দবের সান্ত্রনা **bee** ব্যাদের আজ্ঞার স্বর্গ হইতে ভূর্য্যোধনাদির আগমন ও ধুতরাষ্ট্রের সহিত `সাক্ষাৎ ኮሮኮ ষুধিষ্ঠিরাদির হস্তিনাম্ন গমন ও তপোবনে ধুভরাষ্ট্রাদির যজামিতে দাহ

মূহল পর্ম বছুবালক দিগের প্রতি ব্রহ্মশাপ এবং

চুবালক দিলের প্রান্ত ব্রহ্মশাপ এবং শাবের মুখল প্রবেশ ৮৬২



গরুড়ের দ**র্প চু**র্ণ।

সচিত্র সম্পূর্ণ কাশীদাসা



আদিপর্র।

নারায়ণং নমস্কৃত্য নরক্ষৈব নরোভ্যন্। দেবীং সরস্বতীং ব্যাসং ততো জ্বমুদারয়েং॥

গ্ৰন্থ ।

হরিনাম সর্বশাস্ত্র বীজ দ্বি-অক্ষর। অন্ত নাহি আদি নাহি, বেদে অগোচর॥ কৃষ্ণ-দ্বৈপায়ন কবে ভারত রচন। ত্রৈলোক্য তুর্লভ হয়, অমূল্য রভন ॥ অর্থ গীতি তাহে কৈল, স্থগন্ধি নির্মাণ। রচিত কেশর তাহে, বিবিধ আখ্যান॥ বিপুল বৈভব ধর্মা, জ্ঞানের প্রকাশ। কলির কলুষ যত হয় তাহে নাশ। ষাটলক্ষ শ্লোকে ব্যাস ভারত রচিল। শ্লোক তার ত্রিশলক্ষ, দেবলোকে দিল॥ পড়িল দেবলোকে, নারদ তপোধন। ইন্দ্র আদি দেবতারা করেন শ্রবণ 🏽 পনেরো লক্ষের গ্লোক পরম যতনে। অসিত দেবল মুখে পিতৃলোক শুনে 🛭 শুকদেব মুখে শুনে গন্ধর্কাদি যক্ষ ; মহাভারতের শ্লোক চতুর্দশ **লক্ষ**॥ প্রচারিত লক্ষগ্লোক হ'ল ধরাপরে। সংসার নরক হ'তে উদ্ধারিতে নরে॥ ক্রেন বৈশম্পায়ন জ্ঞাজয় শুনে। পরম পবিত্র কথা ব্যাদের বচনে॥

ষট্শান্ত চারি বেদ একভিতে কৈল।
ভারত প্রস্থের সনে ওজনে তুলিল।
ভারেতে অধিক তবে হইল ভারত।
বিবিধ পুরাণ গ্রন্থ যাহার সম্মত।
স্বার চরিত্র এই ভারত-ভিতর।
শ্রবণেতে নাশ হয় যায় পাপ ভার॥
সকল শাস্ত্রের মাঝে প্রধান গণন।
দেবগণ ম:ধ্য যথা দেব নারায়ণ॥
অনেক ত্রন্ত তপে ব্যাস মহামুনি।
রচিল বিচিত্র গ্রন্থ ভারত কাহিনী॥
ভারত পুস্তক গ্রন্থ বিদিত ভুবন।
পঠনে শ্রবণে লভে দিব্যুস্ক্তি-ধন॥

সৌতির নিকটে সনকাদি গুষির ৮৩নংশ বিবরণ জিজাসা ।

সনকাদি গুনিখণ নৈম্যি-কাননে।
দাদশ বর্ষ যজ্ঞ করে একননে।
লোমহর্নগের পুত্র দৌতি নাম্বর।
ব্যাস-উপদেশে স্বরিশাস্ত্রতে তৎপর।
ভ্রমিতে ভ্রমিতে গেল নৈম্যি-কাননে।
সনকাদি মুনি যজ্ঞ করে গ্রেইগানে॥

यूनिभए। श्रेशिम मृख्त्र नम्मन । षांनीर्काप कत्रि मत्व पिर्मन यामन॥ সৌতি দেখি কৌতুকে বলেন মুনিগণে। তব তাত দূত ছিল বহুশাস্ত্রজানে॥ নানা চিত্র বিচিত্র কথন পুরাতন। সূতমুখে বহু শাস্ত্র করেছি প্রবণ ॥ তাঁর পুত্র তুমি হে জিজ্ঞাদি দে কারণ। **কি জানহ কৃহ তু**মি করিব শ্রবণ ॥ ভৃগুবংশ উৎপন্ন হইল কোন্মতে। বিস্তারিয়া কহ দেব সবার সাক্ষাতে॥ সৌতি বলে অবধান কর মুনিগণ। কহিব বিচিত্র কথা ব্যাদের বচন॥ ব্রহ্মার নন্দন হৈল ভৃগু মহামুনি। পুলোমা নামেতে কন্সা তাঁহার গৃহিণী 🛭 গর্ভবতী পুলোমা রাখিয়া নিজ ঘরে। মহামুনি ভৃগু গেল স্নান করিবারে॥ ছেনকালে তথা আসে দৈত্য একজন। হরিবারে গুরুপত্তী করিয়া মনন।। কামেতে প্রীড়িত চিত্ত অন্যে নাহি ভয়। ফলমূল দিল কন্তা কিছু নাহি লয় ॥ বলেতে ধরিব বলি বিচারিল মনে। গুহে প্রবেশিতে দেখে জলন্ত আগুনে॥ **অগ্নিপানে চাহি বলে দানব** তুরন্ত : ১কহ বৈশ্বানর তুমি জান আদি অন্ত॥ ইহার জনক পূর্ব্বে বরিলেক মোরে। না দিয়া বিবাহ মোরে দিলেক ভৃগুরে॥ মিখ্যাবাদী ভুগু নাহি করিল বিচার। বিভা করি আনে কন্যা বরণ আমার॥ না কহিও মিখ্যা তুমি কহ সভ্যবাণী। স্থায়েতে এ কন্সা হয় কাহার গৃহিণী॥ দানবের কথা শুনি অগ্নি হৈল ভীত। কহিব কেমনে মিখ্যা হইল চিন্তিত॥ সত্য কৈলে কন্সা লৈয়া যাইবে দানব। ভাবিয়া ভাহার প্রতি বলে জলোদ্রব॥ যে কালে ইহার বাপ কহিলেক মোরে। বিধিমতে বেৰ্মপ্ৰে ভোমা নাহি বৰে 🛭

विधिमर्क विचा किम चृथ मूनिवत्र । ইহার জনক দিল আমার গোচর॥ ন্যায়েতে পুলোম। হৈল ভৃগুর রমণী। শুনিয়া দানব হৈল জলস্ত আগুনি॥ বলে ধরি কন্যা ল'য়ে চলিল সত্তর। ভয়েতে বিকলা কন্সা কাঁপে থর থর॥ কান্দয়ে পুলোমা বহু বিলাপ করিয়া। বালকে জন্মিল ক্রোধ গর্ভেতে থাকিয়া॥ দ্বিতীয় সূর্য্যের প্রায় হইল বাহির। বিখ্যাত চ্যবন নাম দেই মহাবীর ॥ দৃষ্টি মাত্রে ভৃগুপুত্র রাক্ষদ হুর্জ্জন। সেই দণ্ডে ভক্মীষ্ঠত কৈল তপোধন॥ হেনকালে তথায় আইল পদ্মযোনি। ক্রন্দন নিবৃত্ত কৈল বলি প্রিয়বাণী॥ ক্রন্সনে বহিল অশ্রুজল পুলোমার। খরতর স্রোতে বহে নদী দে অপার॥ দেখিয়া বিশ্বায় চিত্ত হইলেন বিধি। নাম তার দিল তবে বধুমতী নদী॥ বধুকে রাখিয়া গৃহে গেল প্রজাপতি। পুক্র কোলে করিয়া আছয়ে হুঃখমতি ॥ হেনকালে স্নান করি আদে ভগু তথা। জিজ্ঞাসিল কেন তোর চিত্ত বিচলিতা॥ স্বামীরে দেখিয়া কন্সা করিয়া রোদন। কহিলেন যতেক দানব-বিবরণ ॥ তোমার তনয় এই কৈল প্রতিকার। দানৰে মারিয়া মোরে করিল উদ্ধার ॥ এত বলি পুনঃ ভৃগু হেতু জিজ্ঞাদিল। কি কারণে দানব ধরিয়া তোরে নিল। কন্যা বলে আচম্বিতে আদি চুন্টমতি। আমারে দেখিয়া জিজ্ঞাসিল অগ্নি প্রতি॥ বৈশ্বানর-বাক্যে মোরে নিলেক প্রর্জ্জন। শুনি শাপ দিল ভৃগু ক্রোধে অচেতন ॥ আজি হৈতে সৰ্ব্বভক্ষ্য হও হুতাশন। ত্রাসিত অনল শুনি ভৃগুর বচন ॥ कान् (नारव ज्थमूनि नाश निर्ल सारत । যাহা জানি তাহা বলি জানি দানবেরে॥

জানিয়া শুনিয়া মিথ্যা বলে যেই জন।
ইহলোকে কুৎসা অন্তে নরকে গমন॥
উভয় সপ্তম কুল নরকে প্রবেশে।
জানিয়া আমারে শাপ দিলে কোন্ দোষে॥
মোর মুখে দিলে তৃপ্ত দেব পিতৃগণ।
অনুচিত শাপ মোরে দিলে কি কারণ॥
এত বলি বৈশ্বানর দেবগণ লৈয়া।
ব্রহ্মারে সকল কথা নিবেদিল গিয়া॥
ব্রহ্মা বলে অগ্রি তুঃখ না ভাবিহ মনে।
সকল হইবে শুদ্ধ ভোমার কারণে॥
ব্রহ্মার বচনে অগ্রি সন্তুষ্ট হইয়া।
পুনরপি ত্রিজগতে ব্যাপিল আসিয়া॥

রুরুর সর্প ছিংসার

সৌতি বলৈ অবধান কর মুনিগণ। হেনমতে ভৃগু পুত্ৰ হইল চ্যবন॥ প্রমতি নামেতে হৈল চ্যবন-তনয়। তাহার তনয় হৈল রুকু মহাশয়। প্রমন্বরা ভার্য্যা তার পরমা-সন্দরী। গর্ভে জন্ম হৈল তার মেনকা অপ্ররী 🛭 কতকালে মৈল কন্যা সর্পের দংশনে। দেখি শোকাকুল হৈল যত বন্ধুগণে॥ ভার্য্যার মরণশোকে প্রমতি-নন্দন। একাকী অরণ্যমধ্যে করয়ে ক্রন্দন॥ মুনির ক্রন্দন দেখি যত দেবগণ। পাঠাইল দেবদূত প্রবোধ-কারণ॥ দেবদূত বলে রুরু কান্দ কি কারণে। মরিল তোমার ভার্য্যা আয়ুর বিহনে॥ ইহার উপায় আর নাহিক ত্রিলোকে। ষাছয়ে উপায় এক কহিব তোমাকে॥ আপন অর্দ্ধেক আয়ু যদি দেহ তারে। তবে পাবে নিজ ভার্য্যা কহিনু তোমারে 🛭 অর্দ্ধ আয়ু দিব রুকু কৈল অঙ্গীকার। জীউক যে ভার্ষ্যা মোর কর প্রতিকার 🛭

এত শুনি দেবদুত রুকুকে দইয়া। যমের ভবনে গেল বিমানে চড়িয়া॥ यरमरत्र कहिन मृङ मव विवत्र। অদ্ধি আয়ু স্ত্ৰীকে দিল প্ৰমতি-নন্দন॥ ধর্মরাজ বলে পাবে তোমার কামিনী। যাও যাও নিজালয়ে ওছে বিজমণি॥ ধর্ম্মবলে প্রমন্ধারা জীবন পাইল। দেখিয়া প্রমতি-পুত্র **দানন্দ হইল**॥ প্রতিদ্রা করিল রুরু ক্রোধে ততক্ষণে। মারিৰ ভুজঙ্গ যত দেখিব নয়নে ॥ হাতে দণ্ড ভ্রমে রুকু দর্প অস্বেষ্ণে। মারিল অনেক দর্প না যায় গণনে ॥ একদিন ভ্রমে মুনি অরণ্য ভিতর। দেখিলেন মহাদর্প অতি ভয়ঙ্কর ॥ मर्भ (पिथ पछ न'र्य याग्र मात्रिवादत । দেখিয়া ডুণ্ডুভ ডাকি কহে উচ্চৈঃম্বরে॥ কি দোষ করিমু আমি তোমার সদনে। অহিংদক জনে মার কিদের কারণে॥ রুরু বলে দোষ গুণ না করি বিচার। সর্প পেলে সংহারিব প্রতিক্তা আমার॥ ডুওুভ বলেন আমি নাম মাত্র দাপ। অহিংদক হিংদনে জন্মায় মহাপাপ॥ এতেক শুনিয়া রুরু ভাবে মনে মন। জিজাদিল দৰ্প তুমি কোন্ মহাজন ॥ দর্প বলে পূর্বের ছিন্তু মুনির কুন'র। চিত্রদেন নামে দথা ছিলেন আমার : তালপত্র এক দর্প করিয়া রচন। স্থারে দিলাম আমি হাস্তের কারণ 🖁 সূপ দেখি মোহ গেল গুনির তন্য়। ক্রোধ করি শাপ মোরে দিল অভিশয় ॥ হীনবাৰ্য্য দৰ্প হৈয়া থাকহ কাননে। পুনরপি কহে মোরে করুণ বচনে ॥ ষ্টিরে হইবে মৃক্ত শুন প্রাণদখা। রুরু সহ যেই দিনে হবে তব দেখা 🖠 প্রমতির পুত্র তুমি ভৃগুবংশে জন্ম। ছিজ হৈয়া কর কেন ক্ষত্রিয়ের কর্ম্ম॥

ত্রাহ্মণের কর্ম্ম নয় লোকের হিংসন। আল্ল দোবে দেখ মোর তুর্গতি লকণ ॥ অহিংসা পরম ধর্ম করহ পালন। ज्यार्क स्थानत्त्र त्रक कत्रिया यजन ॥ পূৰ্বের রাজা জন্মজয় সর্পয়জ্ঞ কৈল। ংয়ায় দর্পের কুল ব্রহ্মণে রাখিল॥ মাস্তিক নামেতে দ্বিন্ধ জরৎকারু-স্তুত। গাঁহার চরিত্র-কথা শুনিতে অন্তুত॥ ক্লক বলে কহ শুনি আন্তিক আখ্যান। কিমতে নাগের কুল কৈল পরিত্রাণ 🛚 ্কি কারণে সর্পযজ্ঞ কৈল জন্মেজয়। কহ শুনি মুনিবর ঘুচুক বিস্ময়॥ মুনি কহে দেই কথা কহিতে বিস্তার। 👟 নিবারে চিত্ত যদি আছমে তোমার ॥ মুনিগণে জিজ্ঞাসিলে কহিবে সকল। আজা দেহ যাব আমি আপনার স্থল।। এতবলি দিব্যমূর্ত্তি হৈল ততক্ষণে। অন্তর্জান হৈয়া মুনি গেল যথাস্থানে ॥ বিশ্বয় জন্মিল রুকু মনোতুঃখী তাপে। আপনার গৃহে আসি জিজ্ঞাসিল বাপে॥ প্রমতি বলেন আমি তাহা দব জানি। আন্তিকের উপাথ্যান অদ্ভুত কাহিনী॥ মহাভারতের কথা অমৃতের ধার। তাবণের স্থথ ইহা বিনা নাহি আর ॥ কাশীরাম দাদের প্রণাম সাধুন্ধনে। পায় সে পরম প্রীতি ভারত-শ্রবণে॥

জরৎ কারুর বিবরণ।

জিজাগিল রুকু তবে জনকের স্থান। ় প্ৰমৃতি ব**লেন শুন অন্তুত আ**খ্যান 🛚 कोठार्क्वराय क्या क्रब्र कांक्र यूनि। যোগেতে পরম যোগী ত্রিজগতে জানি॥ ব্দুকের ভ্রমিয়া গেল দেশ-দেশান্তরে। উলঙ্গ উন্মন্ত বেশ সদা অনাহারে॥

এক দিন অরণ্যে ভ্রময়ে তপোধন। এক গোটা গৰ্ত্ত দেখে অমুত কথন 🛚 তার মধ্যে দেখয়ে মনুষ্য কত জন। **छेन। गृन এक धित्र चार्ह्स मर्व्यक्रन ॥** व्यपृर्व्य (पश्चिग्ना किञ्जामिल कद्रद कांद्र । কি কারণে ছঃখ এত তোমা স্বাকার 🛚 যে উলার মূল ধরিয়াছ সর্ববন্ধনে। মৃষিক খুঁড়িছে মূল না দেখ নয়নে॥ এক গোটা মূলমাত্র দৃঢ় আছে তৃণে। এখনি ছিঁ ড়িবে ইহা ইন্দুর-দংশনে ॥ তবে ত পড়িবে সবে গর্ত্তের ভিতর। এত শুনি পিঁতৃগণ করিল উত্তর॥ জটাচার্ব্ববংশে আমা সবার উৎপত্তি। নিৰ্কাংশ হইনু তেঁই হৈল হেন গতি॥ ঋষি বলে কেহ বংশে নাহিক তোমার। বংশ রক্ষা করি করে স্বার উদ্ধার ॥ পিতৃগণ বলে মাত্র আছে একজন। মূর্থ চুরাচার দেই বংশে অভাজন॥ ना कबिल कूलधर्मा वः एनंद्र बक्कन । জরৎকারু নাম তার শুন মহাজন 🛭 এত শুনি জরৎকারু বিস্ময় হইয়া। আমি জরৎকারু বলি কহিল ডাকিয়া॥ কি করিব আজ্ঞা মোরে কর পিতৃগণ। যে আজ্ঞা করিবে তাহা করিব পালন ॥ পিতৃগণ বলে কর স্ত্রী-পাণিগ্রহণ। পুত্র জন্মাইয়া কর বংশের রক্ষণ ॥ সর্ব্বশান্তে বিজ্ঞ তুমি তপস্থা-তৎপর। পুক্রবন্তে যেই ধর্ম তোমাতে গোচর ॥ মহাপুণ্য করি লোক না যায় যথায়। পুত্রবন্ত লোক সব তথাকারে যার॥ তেকারণে বিবাহ করহ মুনিবর। পুত্র জন্মাইয়া আমা সবা রক্ষা কর 🛭 পিতৃগণ-বাক্যে শুনি বলে জরৎকার। যত্নে না করিব বিভা কৈমু অঙ্গীকার॥ মোর নামে কন্সা যদি যাচি কেহ দেয়। তবে সে করিব বিভা আমি হৃনিশ্চয় 🛊

তাহার গর্ভেতে যেই ব্দিমবে কুমার। তোমা সবাকারে সেই করিবে উদ্ধার॥ 😎নি অন্তৰ্জান হৈল যত পিতৃগণ। ডাকিয়া শৃত্যেতে তেবে বলিল বচন ॥ विञ कित्र জन्न कान जमां अवस्थि। वः म देशल इटेरिक मवात्र मञ्जूषि ॥ (यह (त्रशायून मर्त्र ছिनाम धत्रिया। কৃমি আছ তেঁই মূল আছে ত লাগিয়া॥ মৃষিক খুঁ ড়িতেছিল মৃষিক সে নয়। মুষারূপে আপনি সে ধর্ম মহাশয়॥ তাহা শুনি জরৎকারু করিল গমন। বহু দেশ-দেশাস্তরে করয়ে ভ্রমণ॥ পিতৃগণ-আজ্ঞ। শুনি চিন্তে অমুক্ষণে। কন্সা যাচি দিবে কেহ নাহিক ভুবনে॥ মহাবনে প্রবেশ করিল জরৎকার। কন্যা কার আছে দেহ বলে তিনবার॥ আছিল তথায় বাস্ত্রকীর অনুচর। মুনির সন্দেশ কহে বাহ্নকী গোচর॥ এত শুনি বাস্থকী যে আনন্দ অপার। ভূগিনী সহিত গেল যথা জরৎকার ॥ যুনি প্রতি ফণিবর করে নিবেদন। আমার ভগিনী মুনি করহ গ্রহণ॥ মুনি বলে সেই কন্সা কিবা নাম ধরে। সত্য করি কহ মিখ্যা ন। ভাগুওে মোরে॥ মোর নামে হয় যদি ভগিনী তোমার। বিবাহ করিব আমি কৈনু অঙ্গীকার॥ বাস্থকী বলেন নাম ধরে জরৎকারী। তোমার লাগিয়া জন্ম ল'য়েছে হৃন্দরী। যতনে রেখেছি আমি তোমারি কারণে। তব আজ্ঞা পেয়ে তবে আনি এত দিনে।। এত বলি কন্সা দিয়া গেল ফণিবর। শুনি নাগলোকে হৈল আনন্দ বিস্তর 🛭 মহাভারতের কথা হুধা হৈতে হুধা। প্রবণে শুনিলে যাবে যত ভবকুধা ॥ বহু চিত্ৰে কথা যত কাশী-বিরচিত। অমর-কিন্নর-নর-নাগের চরিত্ত 🛚

বিবিধ বিপদ খণ্ডে যাহার প্রবণে।
আরশুদ্ধি বংশর্দ্ধি পাপ-বিমোচনে।
ব্যক্তিত ফল ইপে পায় নরগণ।
হরিপদে মতি হয় জন্মে দিব্যজ্ঞান।

গরুড়াদি নাগগণের উৎপত্তি-বিবরণ ও অক্লণের জন্ম।

মুনিগণ বলে কহ ইহার কারণ। ভগিনীকে দিল নাগ কোন্ প্রয়োজন ॥ মুনি তরে কি কারণে কন্যার উৎপত্তি। বিস্তারিয়া দেই কথা কহ পুনঃ দৌতি॥ সৌতি বলে অবধান কর মুনিগণ। বাত্রকী ভগিনী দিল যাহার কারণ॥ দক্ষের তুহিতা কদ্রু বিনতা স্থন্দরী। স্বামী কুশ্যপেরে দোঁছে তুষে সেবা করি। তুষ্ট হৈয়া বলে মুনি মাগ দোঁহে বর। ইহা শুনি কদ্রু বলে যুড়ি তুই কর॥ সহস্রেক নাগ হবে আমার নন্দন। এই মোর বাঞ্চা, পূর্ণ কর তপোধন। বিনতা মাগিল বর কশ্যপের পায়। ু তুই গোটা পুত্র মোরে দেহ ম**হাশ**য়॥ কক্ৰ পুত্ৰ হ'তে বলাধিক দে নন্দন। হাসিয়া কশ্যপ বর দিল ততক্ষণ॥ মুনি বরে তুইজনে হৈল গর্ভবতী। দোঁতে আশ্বাণিয়া বনে গেল মহামতি॥ . কত দিনে তুই জনে প্রদব হইল। সহস্রেক ভিম্ব তবে কক্ত প্রাসবিল। তুই ডিম্ব গ্রেসবিল বিনতা প্রশারী : রাখিল সকল ডিম্ম ধর্ণপাত্তে ভরি॥ পঞ্চত বংসরে জন্মিল নাগগণ। মূনি বরে পায় কক্র সহস্র নন্দন ॥ বিনতা দেখিয়া তাপ হারয়ে ভাবিল। এককালে উভয়ের ডিম্ম জনমিল॥ সহস্র পুত্রের কজে জননী হইল। কি হেতু না কানি মোর পুতা না কমিল 🛚 🕆 थेड ভাবি थेक ডिম্ব বিনতা ভাঙ্গিল। जाराटि लाश्विर्व मसान क्रिया ॥ অদ্ধাঙ্গবিহীন হৈল পক্ষীর আকার। ক্রোধ করি জননীকে বলিল কুমার॥ পর পুত্র দেখি হিংসা জন্মিল হৃদয়। অকালে ভঙ্গিলে ডিম্ব পূর্ণ নাহি হয়॥ অঙ্গহীন করি মোরে জন্মাইলে তুমি। যে কারণে জননী শাপিব তোমা আমি॥ যে ভগ্নীর পুত্র দেখি হিংদা কৈলে মনে। হইয়া তাহার দাসী সেব চিরদিনে। এই ডিম্বে আছে যেবা পুরুষ-রতন। তাহা হৈতে হবে তুব শাপ বিমোচন॥ **মহা**বীর্য্যবন্ত বীর এই ডিম্বে আছে। **অকালে আমার প্রায় ভাঙ্গি ফেল পা**ছে॥ হইবে আপনি ভঙ্গ সহর্র্র বৎসরে। এত বলি প্রবোধ করিল জননীরে॥ এইমত কত দিনে দৈবের ঘটনে। কদ্রু আর বিনত। আছুয়ে একসনে ॥ উচ্চৈঃপ্রবা অশ্ববর পরম স্থন্দর। সূর্য্যের কিরণ নিন্দি তার কলেবর 🛭 নানারত্ব অলকার অঙ্গের ভূষণ। মহাবীৰ্য্যবন্ত অশ্ব প্ৰবন্-গ্ৰমন 🛚 সমূদ্র-মন্থনে সেই অশ্বের উৎপত্তি। এত ত্বনি মুনি জিজ্ঞাসিল সৌতি প্রতি॥ সমুদ্র-মন্থন হৈল কিলের কারণ। কহ শুনি বিস্তারিয়া সুডের নন্দন॥

সমুদ্র-খহন।

সোতি বলে অবধান কর ম্নিবর।
বে হেছু হৈল পূর্বের সমুদ্র-মন্থন॥
কহিল ব্রুকারে পূর্বের দেব গদাধর।
দেবাস্থরগণ নিয়া মন্থই সাগর॥
অমৃত উৎপন্ন হবে সাগরমন্থনে।
দেবগণ অমর ইইবে স্থধাপানে॥

यङ मरहोषि चार्छ পृथिवी ভিতরে 1 यन्त्रत नरेया यथ (फलियो मार्गात ॥ পাইয়া বিষ্ণুর আজ্ঞা যত দেবগণ। মন্দর পর্বত যথা করিল গুমন ॥ অতি উচ্চ গিরিবর পরশে গগন। উৰ্দ্ধে উচ্চ একাদশ সহস্ৰ যোজন॥ উপাড়িতে বহু শক্তি কৈল দেবগণে। না পারিয়া নিবেদিল বিষ্ণুর সদনে ॥ বিষ্ণুর আজ্ঞাতে দে অনন্ত মহীধর। ভুজবলে উপাড়িয়া আনিল মন্দর॥ দেবগণ সহ গেল সমুদ্রের তীরে। বরুণে বলিল তুমি ধরহ মন্দরে॥ বরুণ বলিল গিরি বড়ই বিস্তার। মোর শক্তি নাহিক ধরিতে মহাভার॥ মন্দর ধরিতে এক আছয়ে উপায়। মোর জলে কৃষ্ম আছে অতি মহাকায়॥ তাহা শুনি দেবগণ কূর্ম্মে আরাধিল। মন্দর ধ্রিতে কূর্ম অঙ্গীকার কৈল ॥ কৃর্ম্মপৃষ্ঠে গিরিবরে করিয়া স্থাপন। বাস্থকী নাগেরে দড়ি কৈল নিয়োজন ॥ পুচ্ছে ধরে দেবগণ, মুখে দৈত্যগণ। আরম্ভিল তবে সিন্ধু করিতে মন্থন ॥ গিরি-ঘরষণে নাগ ছাড়িল নিশ্বাস। ধুম উপজিল তাহে ব্যাপিল আকাশ ! সেই ধুমে হৈল যত মেঘের জনম। র্ষ্টি করি হুরগণে দূর করে শ্রম 🛭 ত্রিভুবনে হৈল কম্প সর্পের গর্জ্জনে। অনেক মরিল দৈত্য বিষের জ্ব**লনে** 🛭 মন্দরের আলোড়নে জল কম্পমান। সলিল নিবাসী সব ত্যজিল পরাণ ॥ পর্বতের রক্ষ সব মূল ঘরষণে। পর্বতনিবাসী পোড়ে তাহার আগুনে 🛚 দেখিয়া করিল দয়া দেব পুরন্দর। আজ্ঞায় বরিষে মেঘ পর্বত উপর ॥ নিভিল তথন অগ্নি জল-বরিষণে। ঔষধ্রের রুক্ষ যক্ত হ'ল ঘরষণে 🛭

जोशेट यटिक त्रम ममुद्ध भफ्रस । **(महे तम भद्रभिएम खनाइ कीएम ॥** হেনমতে দেব দৈত্য সমুদ্র মধিল। অনেক হইল শ্রম অমৃত নহিল 🛚 ব্রহ্মারে কহিল তবে সব দেবগণ। তোমার আজ্ঞায় করি সমূদ্র-মন্থন। না উঠে অমৃত হৈল পরিশ্রম সার। পুনঃ মথিবারে শক্তি নাহি সবাকার 🛭 এত শুনি ব্রহ্মা নিবেদিল নারায়ণে। অশক্ত হইল দবে সমুদ্র-মন্থ্রে 🛭 ভোমা বিনে সিন্ধু মথে কাহার শকতি। এত শুনি অঙ্গীকার করিল শ্রীপতি॥ দেবতা সব তবে বিষ্ণুতেজ পাইয়া। পুনরপি মথে সিন্ধু মন্দর ধরিয়া॥ ছেনমতে দেবাস্থর মথন করিতে। চন্দ্রমার জনম হইল আচন্বিতে॥ স্থধার ষোড়শ কলা নাম ধরে সোম। তুই লক্ষ যোজনে করিল স্থিতি ব্যোম ॥ দরশনে অথিল-জনের হৈল তৃপ্তি। পঞ্চাশ যোজন কোটি ব্ৰহ্মাণ্ডেতে দীপ্তি॥ দেখিয়া হরিষ হৈল স্থরান্তর নর। পুনরপি মথে সিন্ধু ধরিয়া মন্দর॥ তবে ত উঠিল হস্তা নাম ঐরাবত। খেত অঙ্গ চতুর্দন্ত আকার পর্বত। মণিরাজ উঠিল ঘোটক উচ্চৈঃশ্রবা। পারিজাত পুষ্পারক স্থরপুরী-শোভা ॥ অমৃতের কমগুলু লয়ে বাম কাঁখে। ধন্বন্তরী উঠিলেন জ্রাহ্নর দেখে 🛚 উপজ্ঞিল রত্নগণ দেখে দেবগণ। আনন্দেতে পুনঃ সিন্ধু করয়ে মথন॥ মন্দরের আন্দোলনে ক্ষীরসিন্ধু মাঝ। না পারিল সহিতে বরুণ মহারাজ।। পাত্রমিত্রগণ ল'য়ে করিল বিচার। **শহ্ব কিমতে বন্ধে কহ তা বিস্তার ॥** মিত্র বলে উপায় শুনহ মোর বাণী। শইতে শরণ চল দেব চক্রপাণি ॥

भग्रवत्व (यहे कम्रा ह'र्रिक उँ९भिक्त । **ाश** मिय़ा পृक्षा कन्न मिय क्रगंदशिक ॥ পূর্বে নাম ছিল তাঁর লক্ষ্মী হরিপ্রিয়া। মুনিপাশে ভ্রষ্ট হৈয়া জন্মিল আসিয়া 🛭 তাহার কারণে সিন্ধু হইল মথন। নিবারণ হবে লক্ষ্মী পেলে নারায়ণ ॥ শুনি শীঘ্র জলরাজ বিলম্ব না কৈল। দিব্য-রত্নদিয়া চতুর্দোল দাজাইল ॥ 'আপনি লইল স্কন্ধে পুত্রের সহিতে। নারীগণ চামর ঢুলায় চারিভিতে॥ সহস্র ফণায় ছত্র শিরে ধরে শেষ। বাহির হইলা সিন্ধু হইতে জ্ঞলেশ 🛭 রূপেতে হইল আলো এ তিন ভুবন। হইল মলিন নূৰ্য্য আদি জ্যোতিগণ॥ কমল জিনিয়া অঙ্গ অতি কোমলতা। কমল-বরণ চক্ষু কমলের পাতা।। দ্বিভুজা কমলদন্তা চড়ি চতুর্দোলে। করকমলেতে ধৃত যুগল কমলে॥ যুগল কনক-পদ কমল আসন। বিছুৎ-বরণী নানা রত্রে বিভূষণ॥ স্থাবর জন্সম ফিতি সমুদ্র আকাশ। দরশনে স্বাকার হইল উল্লাস ॥ জীবালা বিহনে যেন হয় মৃত তকু। তৰং তৈলোক্য আছে বিনা **লক্ষ্মাঞ্চমু**॥ তুন্দুভির শব্দে নৃত্য করে বরাঙ্গনা। ত্রৈলোক্যেতে জয় জয় হইল হোষণা॥ ব্রেক্সাইন্দ্র আদি গত অমর মণ্ডল। কর যুড়ি প্রণমি পড়িল ভূমিতল 🛭 চারিদিকে স্থতি করে দেব-ঋষিপণ। উত্তরিল সন্মিকটে দেব নারায়ণ॥ প্রণমিয়া বরুণ পড়িল কত দূরে। আজ্ঞামাত্র উঠি বাগুাইল যোড়করে 🛭 কুতাঞ্চলি বন্ধকায় গদগৰ ভাবে। স্তুতি করে নারয়েণে অশেষ-বিশেষে ॥ তুমি সৃক্ষ তুমি সুল তুমি সর্বারূপী। ত্রকা বিষ্ণু মধ্যের ভূমি সর্বব্যাপী॥

স্থাবর জঙ্গম ভূমি ভূমি ধরাধর। আকাশ পাতাল ভূমি দেব নাগ নর॥ তোমার দৃষ্টিতে দেব এ তিন ভুবন। স্থানে স্থানে সকল তোমার নিয়োজন ॥ ইচ্ছে স্বৰ্গ যমে দিলা সংষমনীপুর। কুবেরে কৈলাস দিলা ধনের ঠাকুর॥ জ্ঞলমধ্যে আমারে যে করিয়াছ স্থিতি। **টরকাল তবাজ্ঞায় করি** যে বদতি ॥ কান দোষে দোষী নহি আমি তব পদে। 5বে কেন এত আমি পড়িমু প্রমাদে॥ বৈতীয়-স্থামেরু-সম মন্দর পর্ববত। মার পুরমধ্যেতে মথিত অবিরত। **য়াজন পঞ্চাশ কোটি** পৃথিবী বিস্তার। হন কিতি তিলবৎ শিরে রহে যাঁর॥ **অবিরত সেই স্থল মথে সেই শে**ষ। **ছরান্তর ত্রৈলোক্যেতে** ঘর্ষণ বিশেষ॥ **জীব জন্ম গতেক আছিল গত জন।** একটিও না রহিল লইয়া জীবন॥ **ভাঙ্গিল আ**মার পুর হৈল লণ্ড ভণ্ড। না জানি কাহার দোষে মোর হৈল দণ্ড॥ এতকাল দিয়া হল সিন্ধুজল-মাঝ। কোথায় রহিব আজ্ঞা দেহ দেবরাজ॥ ্**এতেক প্রার্থনা** যদি করিল বরুণ। 🥶 নিয়া করুণাময় হৈল সকরুণ ॥ **অাখাসি বলেন হরি শুন জলেখ**র। मा कतिर हिन्दा कि इ ना कतिर छत ॥ **ত্রব্বাদার শাপে লক্ষ্মী ছাড়ি স্বর্গস্থল**। ভিনপুরে ত্যজি প্রবেশিল দিক্ষুজন ॥ লক্ষী হত হৈয়া কন্ট পায় সৰ্ববঞ্জন। ৃসমুদ্র মথিল সবে তাহার ক্লারণ॥ লক্ষী যদি পাই তবে মথনে কি কাজ। বিশেষ তোমার ক্লেশ হৈল জলরাজ 🛚 এত ৰলি মন্থন করিল নিবারণ। শুনি হাট হইল বক্লণ ততক্ষণ ॥ স্ক্রিক্সনার যেই ত্রৈলোক্য-চুল্লভ। পোৰিন্দের গলে মণি দিলেন কৌন্তভ #

চন্দ্র সূর্য্য-প্রভা জিনি যাহার কিরণ।
নারায়ণ-বক্ষে মণি হইল শোভন ॥
লক্ষ্মী দিয়া প্রণমিয়া গেলেন জলেশ।
মন্থন নিবারি তবে যান হুষীকেশ॥
মহাভারতের কথা অমৃত লহরী।
কাশী বলে শুনিলে তরিবে ভববারি॥

নারদের কৈলাদে গমন ও মহাদেককে সমুদ্ধ-মন্থ্য-সংবাদ প্রদান।

স্থ্রান্থর যক্ষ রক্ষ গন্ধর্ব্ব কিন্নর। সবৈ সিফু মথিল না জানে মাত্র হর॥ দেখিয়া নারদ মুনি হৃদয়ে চিন্তিত। কৈলাদে হরের ঘরে হৈল উপনীত॥ প্রণমিলা শিব-ছুর্গা দোঁহার চরণ। আশীষ করিয়া দেবী দিলেন আসন ৷৷ নারদ বলেন গিয়াছিমু স্থরপুরে। শুনিমু মথিল সিন্ধু যত শ্বরাহুরে॥ বিষ্ণু পান কমলা কৌস্তুত মণি আদি। ইন্দ্র উচ্চৈঃশ্রবা ঐরাবত গজনিধি॥ নানা রত্ন পার লোক মেঘে পার জল। অমৃত অমর রুন্দ কল্পতরুবর ॥ নানারত্ব মহৌষধি পায় নরলোক। এই হেতু হৃদয়ে জন্মিল বড় শোক ॥ স্বৰ্গ মৰ্ত্ত্য পাতালেতে বৈদে যত জনে। সবে ভাগ পাইল কেবল তোমা বিনে॥ সে কারণে তত্ত্ব জানিতে আইলাম হেথা। সবার ঈশ্বর তুমি বিধাতার ধাতা॥ তোমারে না দিয়া ভাগ সবে বাঁটি নিল। এই হেতু মোর অঙ্গে, ধৈর্য্য না হইল।। এতেক নারদ মুনি বলিল বচন। শুনি কিছু উত্তর না কৈল ত্রিলোচন 🏾 দেখি ক্রোধে কম্পান্বিত দেবী ত্রিলোচনা। নারদেরে কহে কিছু করিয়া ভংস না॥ কাহাকে এতেক বাক্য কহ মূনিবর। বধিরে বলিলে যেন না পায় উত্তর ॥

কণ্ঠেতে হাড়ের মালা বিভূষণ যার। কৌস্তভাদি মণি রত্নে কি কাজ তাহার 🛚 কি কাজ চন্দনে যার বিভূষণ ধূলি। অমৃতে কি কাজ যার ভক্ষ্য সিদ্ধিগুলি 🛭 মাতঙ্গে কি কাজ যার বলদ বাহন। পারিজাতে কিবা কাব্ধ ধৃতুরাভরণ ॥ াকল চিন্তিয়া মম অঙ্গ জ্ব জ্ব। ্যর্কের রক্তান্ত সব জান মুনিবর॥ দানিয়া উহাকে দক্ষ পূজা না করিল। ,দই অভিমানে তনু ত্যক্তিতে হইল॥ :দৰী-বাক্যে শুনি হাসি বলে ভগবান। া বলিলে হৈমবতী কিছু নহে আন॥ াহন-ভূষণে মম কিবা প্রয়োজন। আমি লই তাহা যা না লয় অন্যজন ॥ ভক্তিতে করিয়া বশ মাগিলেন দাস। অমান অম্বর পট্টাম্বর দিব্যবাস ॥ দ্বণা করি ব্যান্তচর্মা কেহ না লইল। তেঁই মোরে বাঘাম্বর পরিতে হইল।। অগুরু চন্দন নিল কুছুম কন্তুরী। বিভূতি না লয় সেই বিভূষণ ধরি ॥ মণিরত্বহার নিল মুকুত। প্রবাল। কেহ না লইল ভেঁই আছে হাড়মাল॥ ধুকুরা কুস্থম নাহি লয় কোনজন। ভেঁই অঙ্গে ধুতুরা করিত্ব বিভূষণ ॥ রথ গজ লইল বাহন পরিচ্ছদ। কেহ নাহি লয় ভেঁই আছেয়ে বলন॥ প্রথমেতে দক্ষ মোরে জানি না পূজিল। অজ্ঞান-তিমিরে দক্ষ মোহিত হইল॥ েওঁই মোরে না জানিয়া পূজা না করিল। সমুচিত তার ফল তথনি পাইল॥ পশুর সদৃশ হৈল ছাগলের মুগু। ম্ত্র-পুরীষেতে পুর্ণ হৈল যজ্ঞকুও ॥ ব্ৰশা বিষ্ণু ইন্দ্ৰ যম বৰুণ তপন। মোরে না পূজিয়া দেবী আছে কোন জন ॥ দেবী বলে দারা-পুক্তে গৃহী যেই জন। তাহার না হয় যুক্তি এ সব কারণ 🛭

বিস্তৃতি বৈভব বিদ্যা সঞ্চয় যতনে।

সংসার বিমুখ ইথে আছে কোনজনে ॥

যে জন সংসারেতে বিমুখ এ সকলে।
কাপুরুষ বলিয়া তাহারে লোকে বলে॥
বক্ষা বিষ্ণু ইন্দ্রে তুমি যেমত পুজিত।
সাক্ষাতেই সে সকল হইল বিদিত॥
রক্ষাকর মথিয়া নিলেক রক্ষণণ।
কেহ না পুছিল তোমা করিয়া হেলন॥
পার্বতীর এই বাক্য শুনিয়া শক্ষর।
কোথেতে অবশ অঙ্গ কাপে থর থর॥
কাশীরাম কহে কাশীপতি ক্রোধমুথে।
রয়ত সাজাতে আজ্ঞা করিল নন্দীকে॥

সন্জ মছন ছানে মহাদেবের আগমন।

পার্বতীর কটুভাষ, শুনি ক্রোধে দিগ্বাদ, অাটিয়া পরিল বাঘবাস। বাহ্নকী নাগের দড়ি, কাঁকলে বান্ধিল ফিরি করে তুলি নিল মুগপাণ ॥ কপালেতে শশিকলা, কগৈতে কপালযালা, কর্যুগে কঞ্চ কঙ্কণ। ভানু বৃহদ্তানু শশী, ত্রিবিধ প্রকার গাষি, ক্রোধে যেন প্রলয় কারণ॥ ্যন গিরি হেমকুটে, আকাশে লহরী উঠে, বেগে গঙ্গা মধ্যে জটাছুটে। ারতন মণির সাভা, কোটি চব্দ্র মুখ-শোভা, ফ্লি ম্লি বেড়া যে মুকুটে !! গলে দিল হার সাপ, উন্ধানী পিনাকচাপ, ত্রিশুল খট্টাঙ্গ নিল করে 📐 দাজিল শিধের দেনা, যক ব্ৰক অগণনা, ভূত প্রেত ভূচর খেচরে॥ আগে ধায় ঘক দানা, চারিনিকে দিয়ে হানা, মুখরব মহা কোলাহলে। ভদ্বের ডিমি ডিমি, আকাশ পাতালস্থুমি, कष्ण देश दिवासाकामक्रम

द्रुषच माकाग्र (वर्रग, जानि नन्मी फिल जार्रग, नाना त्रटक कतिया सुरुष । ক্রোধে কাঁপে ভূতনাথ, যেন কদলীর পাত, অতি শীভ্র কৈল আরোহণ॥ আগুদলে দেনাপতি, ময়ুর বাহনে গতি. শক্তি করে করি ষড়ানন। করে ধরি পাশাঙ্গশ্ৰ গণেশ চড়িয়া মৃষ্ দক্ষিণ ভাগেতে ক্রোধ-মন॥ বামে নন্দী মহাকাল, করে শূল শাল তাল, পাছে ধায় ভৃঙ্গী তিন পাদ। চলিলেন দেবরাজ, দেখিয়া শিবের সাজ. তিনলোক গণিল প্রমাদ। ক্ষণেকে ক্ষীরোদকূলে, উত্তরিলা সহ বলে, যথা দিন্ধু মথে স্ত্রাস্র। কহে কাশীদাস দেবে, দ্রুতগতি চল সবে, প্রণময়ে দেখিয়া ঠাকুর॥

মহাদেবের প্রতি দেবগণের স্থতি।

করযোড়ে দাণ্ডাইল সব দেবগণ। শিব বলে মথ সিন্ধু দাঁড়াইয়া কেন॥ ইন্দ্র বলে মথন হইল দেব শেষ। নিবারিয়া মোদের গেলেন হুষাকেশ **॥** একে ক্রোধে আছিলেন দেব মহেশর। দ্বিতীয় ইন্দ্রের বাক্যে কম্পে কলেবর ॥ শিব বলে এত গর্ব্ব তোম। সবাকার। আমারে হেলন করি কর অহস্কার॥ রত্বাকর মথি রত্ন নিলে সব বাঁটি। কেহ চিত্তে না করিলে আছয়ে ধূর্জ্জটি॥ যে করিলা তাহা কিছু না করিসু মনে। আমি মথিবারে বলি করহ হেলনে॥ এতেক বলিল যদি দেব মহেশ্বর। ভয়েতে উত্তর কেহ না কহিল আর॥ নিঃশব্দে রহিল যত দেবের স্মাজ। করযোড়ে বলয়ে কশ্যপ মুনিরাক ॥

অবধান কর দেব পার্ববতীর কান্ত। कंश्वि कोरतामिक्यु-यथन-बूखां छ ॥ পারিজাতমাল্য তুর্বাদার গলে ছিল। স্লেহে সেই মাল্য মুনি ইন্দ্রগলে দিল॥ গজরাজ-আরোহণে ছিল পুরন্দর। সেই মাল্য দিল তার দন্তের উপর॥ সহজে মাতঙ্গ অনুক্ষণ মদে মত। পশুজাতি নাহি জানে মাল্য মুনিদত্ত॥ শুণ্ডে জড়াইয়া ফেলাইল ভুমিতলে 🖟 দেখিয়া তুর্বাদা ক্রোধে অগ্নিবং জ্বলে॥ অহঙ্কারে ইন্দ্র মোরে অবজ্ঞা করিল। মোর দত্ত পুস্পরাজি ছিঁড়িয়া ফেলিল। সম্পদে হইয়া মত্ত তুচ্ছ, কৈল মোরে। দিল শাপ লক্ষ্মী হত হবে পুরন্দরে । ব্ৰহ্মশাপে লোকমাতা প্ৰবেশিল জলে! লক্ষ্ম: বিনা কষ্ট হৈল ত্রৈলোক্যম ওলে 🗉 লোকের কারণে ভ্রহ্ম। কুষ্ণে নিবেদিল। সমূদ্র মথিতে আজ্ঞা নারায়ণ কৈল 🥫 এই হেতু ক্ষীরোদ মথিল মহেশ্বর শেষ মথনের দড়ি মথিল মন্দর॥ অনেক উৎপাত হৈল বরুণের পুরে। লক্ষ্মী দিয়া স্তব বহু কৈল গদাধরে 🛊 নিবারিয়া মথন গেলেন নারায়ণ। পুনঃ ভূমি আজ্ঞা কর মথন কারণ ॥ বিষ্ণুবলে বড় বলা আছিল অমর এবে বিষ্ণুতেজ বিনা আন্ত কলেবর॥ হিতীয় মথন দড়ি নাগরাজ শেষ। শক্ষাতে আপনি তার দেখ সব ক্লেশ ॥ অঙ্গের যতেক হাড় সব হৈল চুর। সহস্র মুখেতে লালা বহিছে প্রচুর॥ বরুণের যত কন্ট না হয় গণন। আর আজ্ঞা নাহি কর করিতে মথন॥ শিব বলে আমা হেতু মথ একবার। আগমন অকারণ ন। হবে আমার॥ শিববাক্য কার শক্তি লজিবারে পারে। পুনরপি মধন করিল হারাহ্রে 🛭

শ্রমতে অশক্ত-কলেবর সর্ববজনা। घनशाम वरह रयन व्याखरनत्र क्या ॥ অত্যন্ত ঘর্ষণ নাগ সহিতে নারিল। সহস্র মুখের পথে বিষ বাহিরিল॥ সিদ্ধর ঘর্ষণে অগ্রি সর্পের গরল। দেবের নিশাস-অগ্নি মন্দর-অনল॥ চারি অগ্নি মিশ্রিত হইয়া এক হৈল। সমূদ্র হইতে আচন্থিতে নিঃসরিল॥ প্রাতঃ হৈতে দিনকর তেজে যেন বাডে। দাবানল-তেজে যেন শুক্ষ বন পোড়ে॥ 💂 যুগান্তের যম যেন হইল অনল 🖫 মুহুর্ত্তেকে ব্যাপিলেক সমুদ্রের জল॥ দহিল সবার অঙ্গ বিষের জ্বলনে। রহিতে না পারে ভঙ্গ দিল সর্বাজনে॥ পলায় সহজ্র চক্ষু কুবের বরুণ। হুষ্টবস্তু নবগ্ৰহ অখিনীনন্দন॥ অম্বর রাক্ষস যক্ষ য়ত ছিল আর। দকলের মনেতে লাগিল চমৎকার॥ পলাইয়া গেল যত ত্রৈলোক্যের জন। বিষয় বদনেতে চাহেন ত্রিলোচন ॥ দুরেতে থাকিয়া দেবগণ করে স্তুতি। রক্ষ। কর ভূতনাথ অনাথের পতি॥ তোমা বিনা রক্ষাকর্ত্তা নাহি দেখি আন। সংসার হইল নফী ভোমা বিভাষান॥ রাখ রাখ বিশ্বনাথ বিলম্ব না সয়। ক্ষণেক হইলে আর হইবে প্রলয়॥ ্দেবতাগণের শুনি কাকুতি বচন। বিষে দগ্ধ হয় স্বষ্টি দেখি ত্রিলোচন ॥ বিশেষ চিন্তেন তিনি পূর্ব্ব অঙ্গীকার। এবার মথনে সিন্ধু রত্ন যে আমার॥ আপন অৰ্জ্জিত সৃষ্টি তাহে করে নাশ। হৃদয়ে চিন্তিয়। আগু হন কুভিবাস॥ সন্দ্র জিনিয়া বিষ আকাশ পরশে। আকর্ষণ করি হর নিলেন গণ্ডুষে॥ দূরে থাকি হুরাহুর দেখয়ে কৌতুকে। করিলেন বিষপান একই চুমুকে ॥

অঙ্গীকার পালন স্থর্ম্ম দেখিবারে। कर्छरङ রাখেন विष ना नन উদরে॥ নীলবর্ণ কণ্ঠ বিধ পিয়ে বিশ্বনাথ। নীলকণ্ঠ নাম তেঁই হইল বিখ্যাত॥ আশ্চর্য্য দেখিয়া যত ত্রৈলোক্যের জন। কুতাঞ্জলি করি হরে করেন স্তবন॥ তুমি ব্রহ্মা বিষ্ণু শিব-ধনের ঈশ্বর। তুমি যম সূর্য্য বায়ু সোম বৈশ্বানর ॥ তুমি শেয় বরুণ নক্ষত্র বস্থ রুদ্র। তুমি স্বৰ্গ ক্ষিতি অধঃ পৰ্বত সমুদ্ৰ॥ যোগ জ্ঞান বেদ শাস্ত্র ভূমি যজ্ঞ জপ। তুমি ধ্যান ধারণা সে তুমি উত্রাতপ ॥ অকালে করিলা তুমি এ মহাপ্রলয়। কি করিব মোরা আজ্ঞা দেহ মৃত্যুঞ্জয় । এত শুনি অমুজ্ঞা দিলেন মহেশর। রাখ ল'য়ে যথাস্থানে আছিল মন্দর। মন্তন নিরুক্ত কর নাহি আর কাজ। অনেক পাইলে কন্ট দেবের সমাজ। এত শুনি আনন্দিত হৈল দেবগণ। লইতে ম**ন্দর সবে করেন যতন** ॥ অমর তেত্রিশ কোটি অস্তর যতেক। মনদর তুলিতে যত্ন করিল অনেক॥ কার' শক্তি নহিল তুলিতে গিরিবর। তুলিয়া লইল গিরি শেষ বিসধর॥ যথাস্থানে মন্দর গৃইল ল'য়ে শেষ। িবারিয়া সবে গেল যার যেই দেশ 🛚 কাশীরাম দাস কহে করিয়। বিনতি। অনুক্ষণ নীলকণ্ঠ-পদে রুচে মতি॥

অমুতের নিমিত্ত ও জুলাফুরের মুদ্র ও জ্রাক্তকের মোজিনীক্য ধরের

গুনিগণ বলে শুন গুডের নন্দন।
শুনিলাম যে কথা সে অন্তুত কথন॥
শুমর অন্তর মিলি সমুদ্র মথিল।
উপজ্ঞিল যত রত্ন দেবতারা মিল॥

রত্বের বিভাগ কিছু পায় কি অহরে। কহ শুনি সূতপুত্র প্রবণে মধুর ॥ সেতি বলে দৈত্যগঁণ একত্র হইয়া। 🦯 দেবগণ হৈতে স্থা লইল কাড়িয়া 🛚 সবে শ্রেম করিলেন সমুদ্র মন্থনে। যে কিছু উঠিল সব নিল দেবগণে॥ ঐবাবত হস্তী নিল বাজী উচ্চৈঃপ্রবা। লক্ষী কৌৰুভাদি মণি শত-চন্দ্ৰ আভা ॥ ব্দমরের ভাগে পাছে হয় হুধা হাণ্ডি। সকল লইল যেন শিশুগণে ভাণ্ডি ॥ এত বলি কাড়িয়া লইল দৈত্যগণ। দেব-দৈত্যে কলহ হইল ততক্ষণ ॥ মধ্যক হইয়া হর কলহ ভাঙ্গিয়া। ত্তবে দৈত্যগণ প্ৰতি কহেন ডাকিয়া॥ **অকারণে দ্বন্দ স**বে কর কি কারণ। স্বার অধ্বিত হুধা লহ স্ব্রজন ॥ শিবের বচনে সবে নির্ভ হইল। क वाण्या नित्व स्था नकला करिन । হেনকালে নারায়ণ ধরিয়া স্ত্রীবেশ। ধীরে ধীরে উপনীত হৈল সেই দেশ ॥ রূপেতে হইল আলো চতুর্দশ পুর। স্থবর্ণ-রচিত ভাঁন্স চরণে নৃপুর॥ কোকনদ জিনি পদ মনোহর গতি। যে চরণে ব্লন্মিলেন গঙ্গা ভাগীরথী ॥ যার গদ্ধে মকরন্ধ ত্যক্তি অলিবুন্দ। লাবে লাবে পড়ে ঝাঁকে পেয়ে মধুগদ্ধ॥ যুগা উক্ল রম্ভাতক্ল চাক্ল চুই হাত। মধ্যদেশ হেরি ক্লেশ পার মুগনা**থ** ॥ নাভিপন্ম জিনি পদ্ম অপূর্ব্ব-নির্মাণ। কুচ্যুগ ভরা বুক দাড়িশ সমান ॥ ভূজ কম ভূজকম মুণাল জিনিয়া। হুরাহ্ম মুক্তাছুর যাহারে হেরিয়া॥ পশ্ববর জিমি কর চম্পক অঙ্গুলি। नथतुष्य विनि देख् दांछा छन्मानी ॥ কোষ্টি কাম জিনি ধাম বদন-পছজ। बरनारम अठायम अस्य-वाज्य ॥

নাসিকায় লক্ষা পায় শুক-চঞ্চুধানি। নেত্রদ্বয় শোভা হয় নীলপল্ল জিনি ॥ পুষ্পচাপ হরে দাপ ভ্রু-বয়-ভঙ্গিমা। ভালে প্রাতঃ দিননাথ দিতে নারে সীমা 🛚 পীতবাস করে হাস স্থির সৌদামিনী। দন্তপাঁতি করে হ্যাতি মুক্তার গাঁথনি । দীর্ঘকেশে পৃষ্ঠদেশে বেণী লম্বমান। আচন্মিতে উপনীত সবা বিগ্ৰমান ॥ দৃষ্টিমাত্রে সর্ববগাত্রে কামাগ্রি দহিল। হুরাহ্মর ভিনপুর ঢলিয়া পড়িল ॥ সবে মুর্চ্ছাগত হৈল দেখিয়া মোহিনী। কতক্ষণে চেতন পাইল শূলপাণি॥ মোহিনীর প্রতি হর একদৃষ্টে চান॥ ছুই ভুজ প্রদারিয়া ধরিবারে যান॥ কন্যা বলে যোগী তোর কেমন প্রকৃতি। ঘনাইয়ে আস বুড়া হ'য়ে ছন্নমতি। এত বলি নারায়ণ যান শীঘ্রগতি। পাছে পাছে ধাইয়া চলেন পশুপতি॥ হর বলে হরিণাক্ষি মুহুর্ত্তেক রহ। দাঁড়াইয়া তুমি মোরে এক কথা কহ।। কে ভূমি কোথায় থাক কাহার নিন্দনী। কি হেতু আইলে তুমি কহ সত্যবাণী। ত্রৈলোক্যের মধ্যে যত আছে রূপবতী। তব পদ-নথ-তুল্য নছে কার' জ্যোতি ॥ তুর্গা, লক্ষী, সরস্বতী, শচী, অরুন্ধতী। উর্বেশী, মেনকা, রম্ভা, তিলোত্তমা, রতি ॥ নাগিনী, মাসুষী, দেবী ত্রৈলোক্যবাসিনী। সবে মোরে জানে আমি সবাকারে জানি ॥ ব্ৰহ্মাণ্ডে আছহ কন্তু না শুনি না দেখি। কোথা হৈতে এলে কহ সত্য শ্ৰীমুখী। কশ্যা বলে বুড়া তোর মুখে নাহি লাজ। তোরে পরিচর দিতে আমার কি কাজ। তৈল বিনে বিষ্ণৃতি মাধায় জটাভার। তাম্বল বিহনে দম্ভ স্ফটিক আকার॥ বসল না মিলে পরিধান ব্যাত্রছড়ি। দীঘল করের ন'ধ পাকা গোঁফদাড়ী 🛭

আকের তুর্গকে উঠে মুখেতে বমন।
না জানি আছরে কি না বদনে দশন ॥
মন অস গত্তে দেখ ব্রহ্মাণ্ড পুরিত।
অসের ছটাতে দেখ ব্রৈলোক্য দীপিত॥
কোন লাজে চাহ তুমি করিতে সম্ভাষ।
কেমন সাহদে তুমি আইদ মম পাশ॥

মোহিনীর সহিত হরের মিলন।

হর বলে হরিণাকি কেন দেই ভাপ। মম সহ কভু নহে তোমার আলাপ 🛭 ত্রৈলোক্যের মধ্যে আছে যত মহাপ্রাণী। স্বার ঈশ্বর আমি জ্ঞান ব্রান্নি ॥ ব্রক্ষার পঞ্চম শির ম'থে ছেদি দিল। বহুকাল সেবি বিষ্ণু অভয় পাইল 🛭 ইন্দ্র যম বরুণ কুবৈর হুতাশন। সব লোকপাল করে মোর আরাধন ॥ জ্ঞানযোগে মৃহ্যু আমি করিলাম জয়। আমার নয়নানলে কাম ভন্ম হয় ৷ মহামায়া বলে যাঁরে ত্রৈলোক্যমোহিনী। বিষ্ণু অংশ জমে গঙ্গা ত্রিপথগামিনী ॥ দাদী হ'য়ে দেবে মোর চরণ-অম্বুকে মনোরথ লভে সেই যেবা মোরে পুরু 👢 ত্যজ্ঞ মান মনোরমে করহ সম্ভাষ। আমায় ভজিলে হবে দিদ্ধ অভিলাষ 🛚 কন্সা বলিলেন যোগী জানিমু একণে। তোমারে মহেশ বলি বলে সর্ববন্ধনে ! বার্থ জ্বপ ভেগ তোর, বার্থ যোগ জ্ঞান। ব্যর্থ ভোর পঞ্চয়তে রাম নাম গান 🛚 ব্যর্প জটা ভন্ম মাথ, ব্যর্প ভূমি যোগী। ভণ্ডতা করিয়। লোকে বলহ বৈরাগী॥ কামিনী দেখিয়া এত হইলা বিহৰে।। कारम प्रश्न देकरण (कान नारक रहन वन । হর বলে মনোহর। কর অবধান। তৰ অঙ্গ দেখি মুস হরিলেক জ্ঞান 🛭

করিলাম এক কাম দহন নহনে। কোটি কাম স্থলিতেছে তব চকুকোণে 🛚 তপ ৰূপ যোগ আন নিবৃত্তি বৈরাগ্য। এ সকল কর্ম্মে যদি হয় শ্রেষ্ঠ ভাগ্য ॥ এই বাঞ্চা হয় তুমি কয়হ পর্শ। আলিঙ্গন দেহ তুমি হইয়া হর্ষ 🛭 যতেক করিসু তপ কপ রামনাম। কটা ভঙ্ম দিগ্বাস শাশানের ধাম ॥ তার সমূচিত ফল মিলাইল বিধি। এতকালে পাইলাম তোমা হেন নিধি 🚛 সর্ব্য কর্ম্ম সমর্পিত্র ভোমার চরণে। রুপা করি আলিঙ্গন দেহ বরাননে ॥ হরবাক্য শুনিয়া বলেন হয়গ্রীব। অপ্রাপ্য দ্রয়ের কেন বাঞ্ছা কর শিব ॥ সর্ব্ব কর্ম্ম ভ্যক্তিবারে পারে যেইজন। অস্তমনা না হবে আমাতে একমন ॥ কায়মনোবাক্যে করে আমার ভঙ্গন। त्म करनदा याठि चामि मिर चानित्रन ॥ শঙ্কর বলেন এই সভ্য অঙ্গীকার। আজি হৈতে তোমা বিনা না ভঞ্জিব আর॥ ত্যজিলাম সর্ব্য কর্মা ভাষ্যা পুত্রগণ। সেবিব তোমার পদ দেহ ব্দালিক্সন ॥ ছরি বলে কত আর করহ ভণ্ডন। কেমনে ত্যজিবে তুমি ভাষ্যা পুত্রগণ ॥ এক ভার্যা রাখিয়াছ জটার ভিতরে। বার ভাষ্যা রাখি।ছ ব্রদ্ধ কলেবরে ॥ हत यहा हतिशाकि (कन एस कर। ত্যবিষা ক্ষণ্ট বুমি কর ক্ষমুগ্রহ। কি ছার সে নারী পুত্র মাম লঙ ভার। শত শত তুর্গা পদা নিছনি ভোমার 🛭 मानी र'रत्र त्नविष्य (न व्यामि वय मान। কুপা করি বরাননি পুরাও এ আগ । यप्ति कृति निम्हत्र ना बिटन व्यानित्रन । তোমার উপরে বং দিব এইক্সণ # নেউটি আমার পানে চাহ চাক্রমুখে। হের মরি ত্রিপূল মারিয়া নিব্দ বুকে ।

পথে যেতে সমুদ্র দেখিল ছইজন।
পর্বত-আকর তাহে জলচরগণ॥
শতেক যোজন কেই বিংশতি যোজন।
কুজীর কচ্ছপ মংস্থ আদি জন্তুগণ॥
হেনমতে কোতুক দেখিয়া ছইজন।
উচ্চৈঃশ্রবা অশ্ব যথা করিল গমন॥
নিকটেতে গিয়া দোঁহে করে নিরীক্ষণ।
কুষ্ণবর্ণ দেখে ঘোঁড়া অতি স্থলক্ষণ।
দেখিয়া বিনতা হৈল বিষণ্ধ-বদন।
অঙ্গীকারে কৈল সপত্নীর দাদীপণ॥

প্রত্তের জন্ম ও ক্র্রের রূপে অরুণের স্থাপন।

হেনমতে দাসীপণে আছেন বিনতা। মহাবীর গরুড়ের জন্ম হৈল হেথা॥ ডিম্ব ফাটি বাহির হইল আচম্বিতে। দেখিতে দেখিতে দেহ লাগিল বাড়িতে॥ প্রাতঃ হৈতে যেন ক্রমে সূর্য্যতেজ বাড়ে। বনে অগ্নি দিলে যেন দশ দিক বেড়ে॥ কামরূপী বিহঙ্গম মহাভয়ঙ্কর। নিশ্বাদে উড়িয়া যায় যতেক শিখর॥ বিদ্যাৎ আকার অঙ্গ লোহিত লোচন। ক্ষণমাত্রে মুগু গিয়া ঠেকিল গগন॥ যুগান্তের অমি যেন দেখে সর্বজনে। স্বরাম্বর কম্পবান হইল গর্জনে॥ অগ্নি হেন জানি সবে করি যোড়কর। আগ্রির উদ্দেশে স্তব করিল বিস্তর॥ অগ্নি বলে আমারে এ স্তুতি কর কেনে। আপনা সম্বর বলি বলে দেবগণে ॥ অগ্নি বলে আমি নহি বিনতা নন্দন। **সর্ব্বলোক হি**তকারী হিংস্রক-হিংসন॥ না করিছ ভয় কেছ থাক মম সঙ্গে। আনন্দিত হ'য়ে সবে দেখহ বিহাস ॥ এত শুনি দেবগণ অগ্নির বচন। ধোড়হাত করি করে গরুড়ে তবন॥

ভীমরূপ তোমার দেখিতে ভয়ন্কর। সম্বরহ নিজ রূপ বিনতা-কোঙর ॥ তোমার তেব্জেতে চক্ষু মেলিবারে নারি। তোমার গর্জ্জনে লাগে কর্ণবয়ে তালি ॥ কশ্যপের পুত্র ভূমি হও দয়াবান্। নিজ তেজ সম্বরহ কর পরিত্রাণ॥ দেবতার ভবে তুন্ত হৈল খগেখর। व्याचामिश मचित्रल भिक्र कल्लवत्र ॥ তবে পক্ষিরাজ বীর অরুণে লইয়া। আদিত্যের রথে তারে বসাইল গিয়া॥ বিষম সূর্য্যের তেজে পোড়ে ত্রিভুবন। অরুণের আচ্ছাদনে হৈল নিবারণ॥ মুনিগণ বলে কহ ইহার কারণ। কোন্ হেতু ত্রিভুবন দহেন তপন॥ সৌতি বলে যেইকালে অমৃত বাটিল। মায়া করি রাহু তথা অমৃত খাইল॥ হেনকালে সূর্য্য বাক্যে দেব নারায়ণ। চক্রেতে তাহার মুগু করেন ছেনন॥ সূর্য্যের হইল পাপ তাহার কারণে। সেই ক্রোধে রাহু গ্রাদে পাপগ্রহ দিনে ॥ সূর্য্যের হইল ক্রোধ যত দেবগণে। ডাকিয়া বলিমু আমি সবার কারণে॥ সবে দেখে কৌতুক আমায় করে গ্রাস। এই হেতু স্ষষ্টি আমি করিব বিনাশ॥ আপনার তেজেতে পোড়াব তিভুবন। এত চিন্তি মহাতেজ ধরিল তপন॥ দেবগণ নিবেদিল ব্রহ্মার গোচর। ত্রৈলোক্য দহিতে তেজ ধরে দিনকর॥ ব্রহ্মা বলে ভয় না করিছ দেবগণ। ইহার উপায় এক করিব রচন॥ কশ্যপের পুত্র হবে বিনতা-উদরে। রবিতেজ নিবারিবে সেই মহাবীরে॥ কিছু দিন কফ সহি থাক সর্বজন। এত শুনি প্রবোধ পাইল দেবগণ।

সুধা জানিতে গরুড়ের স্বর্গে গমন ও গল্প-কুর্ম্মের বিবরণ ।

অক্লণে লইয়া স্কন্ধে বিনতা নন্দন। সূর্য্যরথে যত্ন করি করিল স্থাপন।। অখনড়ি কড়িয়ালি ধরি বাম হাতে। রহিল অরুণ সে সারথি হৈয়া রথে॥ मुर्यप्रद्रारथः ভাইকে রাখিয়া পক্ষিরাজ । क्रननीत्र ठाँहे (शल क्लीत्रमिक् याय ॥ ছুঃখিত জননী দেখি মলিন-বদন। भार्यत्र निकर्णे शिशा कतिल वन्सन ॥ পুক্র দেখি বিনভার খণ্ডিল বিষাদ। আখাসিয়া গরুড়েরে করে আশীর্কাদ ॥ হেনকালে কদ্রু ডাকি বলে বিনতারে। রম্যক দ্বীপেতে চল ক্ষক্ষে করি মোরে॥ রুম্যক দ্বীপেতে মোর পুত্রের আলয়। ত্বরিতে লইয়া চল বিলম্ব না সয়॥ কদ্রুরে করিল স্কন্ধে বিনতাস্থন্দরী। নাগগণে **গ**রুড় **ল**ইল স্বন্ধে করি॥ নাগগণে ক্ষন্ধে করি গরুড় উড়িল। চক্ষুর নিমিষে সূর্য্য-মণ্ডলে চলিল॥ সূর্য্যের কিরণে পোড়ে যত নাগগণ। নাগমাতা দেখে পুড়ি মরিছে নন্দন॥ পুড়ি মরে নাগগুণ নাহিক উপায়। আকুল হইয়া কক্র শ্বরে দেবরায়॥ ত্রৈলোক্যের নাথ তুমি দেব শচীপতি। আনার কুমারগণে কর অব্যাহতি॥ বহুবিধ স্তুতি কৈল কদ্রু পুরন্দরে। हेळ बाड्या देकन डाकि नव जनस्दत्र॥ ততক্ষণে মেঘগণ ঢাকিল আকাশ। দল বৃষ্টি করিয়া ভরিল দিশপাশ॥ তবে খগপতি সব ল'য়ে নাগগণে। রমাক দ্বীপেতে বীর গেল ততক্ষণে 🛚 নাগের আলয় দ্বীপ অতি মনোহর। কাঞ্চনে মণ্ডিত গৃহ প্রবাল প্রস্তর॥ ফল ফু**লে স্থগো**ভিত **চন্দ**নের বন। মলয় হুগদ্ধি বায়ু বহে অনুক্রণ ॥

আপনার আলয়ে বসিল নাগগণ। গক্লড়ে চাহিয়া ভবে ৰলিল বচন॥ উড়িবার শক্তি বড় আছয়ে তোমার। চডিয়া ভোমার ক্ষ**ন্ধে** করিব বিহার ॥ আর এক দ্বীপে ল'য়ে চল থগেশ্বর। **ভ**নিয়া গরুড় গেল মায়ের গোচর ॥ शक्रु कहिन यांठा कह विवत्र। ' পুনরপি ऋদ্ধে নিতে বলে নাগগণ॥ 🔉 প্রভু যেন আজ্ঞা করে দেবকের তরে। কি হেতু এমন বাক্য বলে বারে বারে॥ একবার ক্ষন্ধে কৈন্তু তোমার আজ্ঞায়। পুনরপি বলে দেছে সহনে না যায়॥ বিনতা বলিল পুত্র দৈবের লিখন। আমি তার দাসী তুমি তাহার নন্দন॥ গরুড় বলিল মাতা কছ বিবরণ। তুমি তার দাসী হৈলে কিসের কারণ॥ বিনতা বলিল পূর্বেব বিমাতার দনে। উচ্চৈঃশ্রবা হেতু আমি হারিলাম পণে॥ দাসীপণে সেই হৈতে খাটি তার আমি। তেকারণে দাদীপুত্র হৈল। বাপু তুমি॥ এত শুনি মহাক্রেংধে কহিল স্থপর্ণ। স্বনে নিশ্বাস ছাড়ে চক্ষু রক্তবর্ণ॥ মায়ে এডি গেল তবে বিমাতা নিকটে ৷ কদ্রুর নিকটে বীর কহে করপুটে॥ আজ্ঞা কর জননী গো করি নিবেদন। কিমতে মায়ের হবে দাদীত্ব মোচন॥ কদ্রু বলে মুক্ত যদি করিবে জননী। তবে তুমি অমূত আমারে দেহ আনি ৷ এত শুনি খগবর আনন্দ অপার। মায়ের নিকটে বীর গেশ আরবার॥ যা বলিল দর্শফাভা মায়েরে কহিল। না ভাবিহ আরু ছঃব অবদান হৈল 🛭 এখনি আনিব স্থা চক্ষু পালটিতে। কুধায় উদর জলে দেহ কিছু খেতে 🛭 क्राची विनिश यां मश्टम्ब भारत । তথা আছে নিশাচর থাও স্বাকারে 🛭

কিন্তু কহি তাহে এক বিজবর আছে। वुनिया भारति गार्थ पिक भाष भाषि ॥ व्यवशु बाञ्चन कांजि करिशू (जांशाद्र । ক্ষুধায় আকুল বাছা থাও পাছে তারে॥ অগ্নি সূর্য্য বিষ হ'তে আছে প্রতিকার। ব্রাহ্মণ-কোপেতে বাছা নাহিক নিস্তার॥ গরুড় বলিল যদি তাদৃশ ব্রাহ্মণ। কোন চিহ্ন ধরে দ্বিজ কেমন বরণ্॥ বিনতা বলিল তুমি ক্ষুধায় আকুল। চিনিয়া খাইতে তুঃখ পাইবে বহুল ॥ খাইতে তোমার কফ্ট জিদ্মবে যথন। নিশ্চয় জানিবে পুত্র দেই দে ব্রাহ্মাণ । এত বলি বিনতা করিল আশীর্কাদ। যাও পুত্ৰ অমৃত আনহ অপ্ৰমাদ ॥ ইন্দ্র যম আদিত্য কুবের হুতাশন। তোমারে জিনিতে শক্ত নহে কোনজন॥ এত শুনি খগবর করিল মেলানি। মায়ে প্রণমিয়া বীর উড়ল তথনি॥ গরুড় উড়িতে তিন ছুবন কাঁপিল। প্রলয়ের প্রায় যেন সিন্ধু উপলিল॥ পাথসাটে পর্বত উড়িয়া যায় দূরে। গর্জনে লাগিল তালা স্থরাস্থর নরে। কৈবর্ত্তের দেশ দেখি মুথ বিস্তারিল। নিশ্বাস সহিতে সব মুথে প্রবেশিল। আছিল ব্রাহ্মণ এক তাহার ভিতরে। অগ্নির সমান জ্বলে গরুড় উদরে॥ গরুড় শ্মরিল তবে মায়ের বচন। ভাকিয়া বলিল শীত্র নিঃসর ত্রাহ্মণ ॥ ব্রাহ্মণ বলিল নিঃসরিব কি প্রকারে। ভার্য্যা মোর পুড়ে মরে তোমার উদরে॥ কৈবর্তিনী ভার্য্যা মোর প্রাণের সমান। ভার্য্যা বিনা আমি না রাখিব এই প্রাণ॥ গরুত বলিল দ্বিজ মোর বধ্য নহে। ব্রাহ্মণ পুরম ধন সর্ববশাস্ত্রে কহে ॥ ধরিয়া ভার্য্যার হাত আইদ বাহিরে। এত খন ধরে বিজ কৈবভিনী-করে ।

লইয়া আপন ভার্য্যা হইল বাহির। *पखरीकः छे जिस शरू वश्री है।* र्मिकारन भक्रापुरत कथान परियेन । আশীর্কাদ করিয়া কুশল জিজ্ঞাসিল॥ গরুড় বলিল পিতা আছি যে কুশলে। সকল কুশল মাত্ৰ ভক্ষ্য নাহি মিলে॥ মায়ের বচনে খাইলাম নিশাচর। না হইল ক্ষুধা শাস্তি পুড়িছে উদর॥ বিমাতার বাক্যে যাই অমৃত আনিতে। ক্ষুধায় অবশ তকু জ্বলি উদরেতে॥ তুমি আর কিছু মোরে দেহ খাইবারে। ভাল করি দেহ গো উদর যেন পুরে॥ কশ্যপ বলেন তবে শুন থগেশ্বর। দেব নরে বিখ্যাত আছয়ে সরোবর॥ গজ-কৃৰ্ম্ম তুইজন তথা যুদ্ধ করে। তাহার রত্তান্ত শুন আমার গোচরে॥ বিভাবস্থ স্থপ্রতীক তুই সহোদর। মহাধনে ধনী তারা মুনির কোঙর॥ শক্রগণ দোঁহারে করিল ভেদাভেদ। ধনের কারণে দোঁহে হইল বিচ্ছেদ ॥ স্থপ্রতীক কনিষ্ঠ দে পৃথক হইল। আপনার সমুচিত বিভাগ মাগিল॥ শক্রগণে বলিল অনেক ধন আছে। আপন উচিত ভাগ ছাড়ি দেহ পাছে॥ বিভাবত্ব জ্যেষ্ঠ কহে এ ভাগ উহার। অকারনে দ্বন্দ করে সহিত আমার॥ দোঁহা কারে এইমত কহে শত্রুজনে। বহুদিন এইমত ঘন্দ চুইজনে॥ নিত্য আদি স্বপ্রতীক জ্রাতে মাগে ধন। ক্রোধে বিভাবস্থ শাপ দিল ততক্ষণ ॥ যে কিছু তোমার ভাগ তাহা দিনু আমি। না লইয়া পরবাক্যে হল্ফ কর তুমি॥ নিত্য আদি জঞ্চাল করহ মোর সনে। দিকু শাপ গব্দ হ'য়ে থাক গিয়া বনে ॥ স্থপ্রতীক বলে মোর ভাগ নাহি দিয়া। শাপ দাও বল মেরে কিসের লাগিয়া 🛭

তুমি ও কচ্ছপ হও জলের ভিতরে। कुरेंजरन कुरे भाभ फिरमन (फैं।क्रारत्र 🏿 शक (भन व्यत्राभ) कच्छ्य (भन करन । ভাই সহ বিসম্বাদ কৈল হেন ফলে ॥ পরবাক্যে ভাই সহ করে যে বিবাদ। অতি ক্লেশ জন্মে পরে হয় ত প্রমাদ॥ সেই সে কচ্ছপ আছে জলের ভিতর। যুড়িয়া যোজন দশ তার কলেবর॥ তাহার দ্বিগুণ হয় হস্তীর শরীর। নিত্য আদি যুদ্ধ করে দরোবর-তীর 🛚 সেই গজ-কূর্ম গিয়া করহ ভক্ষণ। সর্বত্র মঙ্গল হবে বিনতা নন্দন ॥ ত্রিভুবন-পরাজয়ী হও মহাবীর। ব্রহ্মা বিষ্ণু শিব তব রাখুন শরীর॥ কশ্যপের আজ্ঞা পেয়ে গরুড় দহর। চক্ষুর নিমিষে গেল যথা সরোবর॥ আকাশ হইতে দেখে বিনতানন্দন। বন হতে গজ নিঃসরিল ততক্ষণ 🛚 সরোবর তীরে আসি করিলা গর্জ্জন। ক্রোধ করি কূর্ম্ম দেখা দিল ততক্ষণ॥ মহাযুদ্ধ তুইজনে কছনে না যায়। অন্তবীক্ষে থাকি তাহা দেখে খগরায়॥ এক নখে গজ ধরি কৃর্ম আর ন'খে। চক্ষুর নিমিষে উড়ি গেল তপোলোকে॥ কোথায় খাইব বলি ভাবে মনে মন। রুক্ষ নানাজাতি দেখে পরশে গগন॥ রোহিণী নামেতে রক্ষ অতি উচ্চতর। জানিয়া গরুড়ে ডাকি বলিল সম্বর 🛭 মোর ডাল দেখ শত যোজন বিস্তার। স্বস্থ হ'য়ে ইথে বসি করহ আহার ॥ রুক্ষের বচন শুনি বিনতা নন্দন। ভালেতে বদিল গিয়া করিতে ভক্ষণ 🛚 ভাঙ্গিল রুক্ষের ডাল গ**রুড়ের ভ**রে। বালখিল্য মুনিগণ তাহে তপ করে 🛚 শাখা ধরি অধোমুখে আছে মুনিগণ। দেখিয়া হইল ভীত বিনতা নন্দন 🛮

क्लिल प्रिंग्स जान मित्र मूनि। **किं। एक भित्रम छाम यान छत्र भिन् ॥** र्कि "रिजेटिक धित्रन फोन शब्द-कृषी निर्ध । বছদিন গর্মড় উড়িল হেন পাকে ॥ দেখিল কশ্যপ গন্ধমাদন পৰ্ব্বতে। গরুড়ের মুখে ভাল দেখি বিপরীতে॥ বালখিল্য মুনিগণ হতেছে লন্ধিত। তার ভয়ে গরুড হইল স্বিস্মিত ॥ কশ্যপ বলেন পুত্র করিলা কি কাজ। হের দেখ ভালে আছে মুনির সমাজ ॥ অঙ্গুষ্ঠপ্রমাণ ষাটি সহত্র ব্রাহ্মণ। উপায় করহ ক্রোধ নহে যতক্ষণ 🛚 তবে ত কশ্যপ মুনি করি ষোড়কর। মুনিগণে নতি স্তুতি করিল বিস্তর 🛭 এই ত গৰুড় হয় সবাকার হিত। তেকারণে ক্রোধ তারে না হয় উচিত 🛚 কশ্যপের স্তবে তুফ্ট হ'য়ে ঋষিগণ। হিমালয় গিরিপরে করিল গমন॥ খগেশ্বর তবে জিজ্ঞাদিল কশ্যপেরে। কেলিব কোথায় ডাল অভ্রে কর সোরে 🛚 কশ্যপ বলিল যাও কিংপুরুষ গিরি। জীব জন্ম নাহি সেই পর্বত উপরি 🛚 কশ্যপের আজ্ঞা পেয়ে বার খগেশ্বর। ফেলিল সে ডাল ল'য়ে পর্বব উপর॥ গজ-কৃশ্ম খাইলেক পর্ব্বতে বিদয়া। অয়ত আনিতে যায় স্তৃপ্ত হইয়া॥ মহাতেক্সে গগনে উঠিল খণেশ্বর। পাথসাটে উড়ি থেন ার্কা হ-শিখর 🛚 দিনকর আছোদিল হৈল অন্ধকার। অমরনগরে হৈল উৎপাত অপার ॥ উল্লাপাত নিৰ্ঘাত হইছে ঘনে ঘন। ঘোর বারু মেথে করে রক্ত ব্রিষণ ॥ শচাপতি বুহুপতি প্রতি জিজাসিল। এত অমঙ্গল কেন স্বৰ্গেতে হইল 🛚 বুহস্পতি বলিল তোমার পূর্ব্ব-পাপে। আইনে গরুড় পক্ষী অম্ভুত প্রতাপে ॥

ধার কারণে আইসে বিনতানন্দন!

অবশ্য লইবে হুখা জিনি দেবগণ॥

এত শুনি কুপিত হইল পুরন্দর।

ততক্ষণে আজ্ঞা দিল যত অসুচর॥

গাইয়া ইদ্রের আজ্ঞা যত দেবগণ।

হুসক্জ হইল সবে করিবারে রণ॥

গুনিগণ বলে শুন সূর্য্যের নন্দন।

ইদ্রের হইল পাপ কিসের কারণ॥

চামরূপী পক্ষী সেই মহাবলধর।

ক হেতু হইল কহ করিয়া বিস্তার॥

সীতি বলে সেই কথা কহিতে বিস্তার।

গংক্ষেপে কহিব কিছু শুন সারোদ্ধার॥

ইক্লের প্রতি বাণখিল্যাদি মুনির শাপ। তপ করে পর্বতে কশ্যপ মূনিবর। দ্র আদি যত দেবতার অসুচর॥ প্তকাষ্ঠ আনিবারে গেল মুনিগণ। ক্স যম সূৰ্য্য বাঁয়ু আদি যত জন ॥ াঙ্গিয়া লইল কার্ছ মাধার উপর। ৰ্বত সমান বোঝা নিল পুরন্দর॥ ছাগতি কাষ্ঠ ফেলি আদিল তখনি। থেতে দেখিল যত বালখিল্য মূনি॥ লাপের পত্র সবে লইয়া মাথায়। ाक्रके क्षमान मत्व भीरत भीरत यात्र ॥ তি দুর গিয়া সবে গোক্ষুরে দেখিয়া। শর ছৈতে নাহি পারে রহে দাণ্ডাইয়া॥ াছা দেখি হাসিতে লাগিল দেবরাজ। **ৰখিয়া করিল ক্রোধ মুনির সমাজ ॥** ।প্রাস করিলি করিয়া অহঙ্কার। গ্রহ্মণেরে নাহি চিন ত্রফ্ট ত্রাচার। ালখিল্য মুনিগণ এতেক ভাবিল। ার ইন্দ্র করিবারে যত্ত সারস্কিল ॥ দ্ৰৈ হ'তে শতগুণ বলিষ্ঠ হইবে। চামরূপী মহাকাল ত্রৈলোক্তে জিনিবে॥ 🔁 হেড় যজ্ঞ করে মহামুনিগণ। **৯নিয়া কখ্যপে ইন্ত করে নিবেদন ॥**

শীভ্রগতি গেল তেঁই যজের সদন। মুনিগণ প্ৰতি তবে বলিল বচন ॥ দেবরাজ পুরন্দর ত্রন্মারে সেবিল। দেবের ঈশ্বর করি ব্রহ্মা নিয়োজিল ॥ অশ্য ইদ্রে হেতু যজ্ঞ কর কি কারণ। ব্রহ্মার বচন চাহ করিতে লঙ্ঘন ॥ ব্রহ্মার বচন রাখ হও সবে প্রীত। আজা কর মুনিগণ যে হয় উচিত ॥ বালখিল্য বলে যজ্ঞে পাই বহু কফী। রাখিতে তোমার বাক্য দব হৈল নফী। কশ্যপ বলেন ভ্রম্ট হবে কি কারণ। হউক পক্ষীন্দ্র যে জিনিবে ত্রিভূবন ॥ यूनिशरण मरचाधिया वरम श्रुबन्हरत । আর উপহাস নাহি কর ব্রাহ্মণেরে॥ ব্রাহ্মণেরে না দেখিয়া কর' অহস্কার। ব্রাহ্মণের ক্রোধে কার' নাহিক নিস্তার। এত শুনি দেবরাজ করিল মেলানি। বিনতারে বলেন কশ্যপ মহামূনি॥ সফল করিলা ব্রত শুন গুণবতী। তোমার গর্ভেতে হবে খগেন্দ্র উৎপত্তি॥ এত শুনি বিনতার আনন্দ বিস্তর। হেনমতে পক্ষী হৈল খগেন্দ্ৰ কোঙর॥ তবে ত গরুড় পক্ষী গেল স্থরালয়। ভয়ঙ্কর মূর্ত্তি দেখি দবে করে ভয়॥ যে দেবের হাতে ছিল যেই প্রহরণ। চতুর্দ্দিক হ'তে সবে করে বরিষণ ॥ শেল শূল জাঠা শক্তি ভূষণ্ডি তোমর। পরিঘ পরশু চক্র মুষল মুদগর 🕸 প্রলয়ের মেঘ যেন করে বরিষণ। বাঁকে বাঁকে অন্তর্মন্তি করে দেবগণ ॥ কামরূপী পশ্চিরাজ নির্ভণ্ন শরীর। দেবের চরিত্র দেখি হাসে মহাবীর ॥ জ্বলম্ভ অনল যেন দ্বত দিলে বাড়ে। যত অন্ত্র মারে তত তার তেব বাড়ে॥ জিনিয়া মেঘের শব্দ গরুড় গর্জন। দেবের চরিত্রে দেখি ভাবে মনে মন 🛭

ইন্দ্র আদি দেবগণ সকলে অবোধ। না জানিয়া মম সনে করিছে বিরোধ ॥ পলকে মারিতে পারি সবে অনায়াসে। সাধিব আপন কার্য্য কি ফল বিনাশে 🛚 এত চিন্তি ততক্ষণ বিনতানন্দন। পাথদাটে ধূলি-পূর্ণ করিল গগন॥ অনিমিষ নয়নে দেখেন দেবপণ। ধূলায় পূরিল অঙ্গ চিন্তে সর্ববন্ধন ॥ পুরহুত পুরমাঝে যত রত্ন ছিল। গরুহুডর পাথ-সাটে সকলি ভাঙ্গিল ॥ প্রবনেরে আজ্ঞা দিল দেব পুরন্দর। ধুলা উড়াইয়া তুমি ফেলহ সত্তর ॥ ইন্দ্রের আজ্ঞায় ধূলা উড়ায় পবন। পুনঃ আদি গরুড়ে বেড়িল দর্বজন ॥ চতুদ্দিকে নানা অস্ত্র করে বরিষণ। দেখিয়া রুষিল বীর বিনতানক্ষন ম পাথসাট মারি কারে নথে বিদারিল। যে পড়ে সম্মুখে ঠেঁটে চিরিয়া ফেলিল। সংঘাতে জর্জন করে সবার শরীর। মস্তক ভাঙ্গিল কার' বুক হৈল চির॥ ফেলে চারিনিকে পাথসাটে উড়াইয়া। যাম্যে যম পূর্বের ইন্দ্র যায় পলাইয়া॥ পশ্চিমে ছাদশ রবি পালাইল ডরে। অশ্বিনীকুমার দোঁহে পলায় উত্তরে ॥ পুনঃ আসি যুদ্ধ করে যত দেবগণ। প্রাণপণে করে যুদ্ধ অমূত কারণ। कामक्री विष्क्रम यल महायल। অতি ক্রোধে হৈল যেন জ্বান্ত অনল 🛚 প্রলয়-অনল যেন দত্তে সর্ববজন। সহিতে না পারি ভঙ্গ দিল দেবগণ ॥ দেবতা তেত্রিশ কোটি জিনিয়া সমরে। চন্দ্রলোকে উত্তরিল নিমেষ ভিতরে ॥ চন্দ্রের নিকটে গিরা দেখে মহাবল। চ্ছুদিক বেড়িয়াছে স্বলম্ভ অনল 🛭 স্মা দেখি উপায় করিল খগবর। হ্ববর্ণের অঙ্গ হৈয়া প্রবেশে ভিতর 🛭

অগ্নি পার হ'য়ে তবে দেখে থগেশ্বর। তীক্ষ ক্ষুর্ধার চক্র জমে নিরম্ভর ম মক্ষিক। পড়িলে তাহে হয় শতধান। হেন চক্র গরুড় দেখিল বিভাষান॥ সূচীর প্রমাণ ছিদ্র ছিল চক্রমাঝ। ততোধিক কুদ্র তথা হৈল পক্ষি-রাজ ॥ চক্র পার হয়ে ভবে বিনভানন্দন। অমৃত করিল পান আনন্দিত-মন # ্ঢাকিয়া লইল স্থা পাথার ভিতর। অতিবেগে তথা হৈতে চলিল সম্বর ॥ কামরূপী মহাকায় বিনতানন্দন। সেরূপে যাইতে ইচ্ছা করিল তথন ম চক্র-অগ্রি লঙ্গিয়া আইল খগবর। এ সব কৌতুক দেখি ক্রোধে চক্রধর॥ শূন্যে আইদেন যথা বিনতানন্দন। তুইজনে যুদ্ধ হৈল না যায় কথন॥ চতুভু জে চারি অন্তে যুঝে নারায়ণ। পাথসাটে গরুড় করয়ে নিবারণ 🛚 তাঁচিড কাম্ড আর মারে পাথদাট। কুরু হয় গোবিন্দের হৃদয়-কপাট ॥ অনেক হইল যুদ্ধ লিখন না যায়। তুই হৈয়। গরুড়ে বলেন দেবরায়॥ তোমার বিক্রমে তুই ছ'লাম থেচর। মনোনীত মাগ ভূমি আমি দিব বর॥ গরুড় বলিল যদি দিবে তুমি বর। ভোমা হৈতে উচ্চেতে বিদৰ নিরম্ভর ॥ অক্সর অমর হৈব অক্রিত সংসারে। বিষ্ণু কন যাহা ইচ্ছা দিলাম ভোগারে ম বর পেয়ে হাউচিডে বলে খণেশ্বর। আমি বর দিব তুমি মাগ গদাধর ম গোবিন্দ বলেন ভূমি যদি দিবে বর। আমার বাহন তুমি হও গগেশ্বর ॥ গরুড় বলিল মম সত্য অঙ্গীকার। নিশ্চয় বাহন আমি হইব ভোমার ॥ উচ্চস্থল দিতে যে আমারে দিলে বর। শ্রীহরি বলেন বৈস রথের উপর 🛭

এইমত দোঁহাকারে দোঁহে বর দিয়া। তথা হৈতে চলে বীর ব্ময়তে লইয়া॥ পবন অধিক হয় গরুড়ের গতি। দৃষ্টিমাত্তে শুরলোকে গেল মহামতি॥ ্ত্মাছিল পরম ক্রোধে দেব পুরন্দর। মহাতেক্তে মারে বক্ত গরুড় উপর॥ হাসিয়া গরুড় বলে শুন দেবরাজ। বজ্ৰ অস্ত্ৰ ব্যৰ্থ হৈলে পাবে বড় লাজ॥ মুনি-অন্থিজাত অস্ত্র অব্যর্থ দংসারে। শত বজ্র হৈলে মম কি করিতে পারে॥ তথাপি মুনির বাক্য করিতে পালন। একগুটি পাথা দিব বজ্রের-কারণ॥ এত বলি এক পাখা ঠোঁটে উপাড়িয়া। ইস্ত্র মারে বক্ত তাতে দিল কেলাইয়া।। দেখিয়া বিস্ময়াপন্ন দেব পুরন্দর। **দবিনয়ে বলে শুন ওছে** থগেশর॥ তোমার চরিত্র দেখি হইলাম প্রীত। স্থ্য করিবারে চাহি তোমার সহিত॥ গরুড় বলিল যদি ইচ্ছা কর তুমি। **আজি হৈতে হইসু** তোমার সথা আমি॥ ইদ্র বলে দখা এক করি নিবেদন। তোমার তেজের কথা না যায় কপন।। কত বল ধর তুমি কহ সত্য করি। ভোমার বিক্রম দেখে তিন লোকে ভরি॥ ইন্দের বচন শুনি বলে পক্ষিরাজ। আপনি আপন গুণ কহিবারে লাজ।। ভূমি দথা জিজাদিলে কহিতে যুয়ায়। আমার বলের কথা শুন দেবরায়॥ সাগর সহিত কিতি এক পক্ষে করি। আর পক্ষে তোম। সহ অমরনগরী ॥ দ্রই পক্ষে লইয়া উড়িব বায়ুভরে। ध्यम न। इंटरिव सम महत्य वर्भरत ॥ 🗢 নিয়া হইল শুরু দেব পুরন্দর। ইন্দ্র বলে ইহা সত্য মানি থগেশ্বর ॥ ষতেক বলিলে সব সম্ভবে তোমারে। **धक निर्दशन मधा कहि जात्रवादत्र ॥**

इक्षा लिया यां ७ जूमि किएमत्र कांत्रण । এই অমৃত যে হয় সবার জীবন॥ গরুড় বলিল মোর মাতা দাদীপণ। স্থা গেলে হইবেক সকল মোচন॥ স্থধা নিতে বলিল যতেক **সর্প**গণ। সেই হেতু লই হুধা সহত্রলোচন ॥ हे**ट्य तरन रश**ा यू**ट्यियूट** नय़। মহাত্রুষ্ট নাগগণ সৃষ্টি করে ক্ষয়॥ তোমার হইলে শক্ত হয়ত' আমার। শক্রকে অমৃত দিতে না হয় বিচার । হেন জনে স্থা দিবে কিদের কারণ। উপায় করিয়া মায়ে করিবে নোচন জগতের গ্রাণ রাথ আমার বচন। সদয় হইয়া স্থা কর প্রত্যার্পণ ॥ গরুড় বলিল স্থা এ নহে বিচার। মায়ের অগ্রেতে করিলাম অঙ্গীকার 🛭 এখনি আনিব স্থধা বলিয়াছি বাণী। হেন হুধা কেমুনে ছাড়িব বজ্রপাণি॥ তবে এক বাক্য স্থা করহ বিচার। তব বাক্য রয় হয় মাথের উদ্ধার॥ স্থধা ল'য়ে দিব আমি যত সপদলে। স্থযোগ বুঝিয়া ভূমি হরিবে কৌশলে 🖟 পেয়ে হুধা নাহি পাবে চুফ্ট নাগগণ। লাভে হৈতে জননীর দাসীত্ব মোচন ॥ এই যুক্তি মনে লয় সথা স্তরপতি। শুনি দেবরাজ হৈল হর্ষিত-অতি॥ ইন্দ্র বলে তুফ্ট হৈন্তু তোমার বচনে। বর ইচ্ছা থাকে যদি মাগ মম স্থানে ॥ গরুড় বলিল আমি কি মাগিব বর। আমার অসাধ্য কিবা ত্রৈলোক্য ভিতর **।** তথাপি তোমার বাক্য করিব পালন। বর দেহ ফণী মোর হইবে ভক্ষণ।। কপটেতে ভুষ্টগণ মায়ে ছঃখ দিল। গরুড়েরে বর দান বাসব করিল। বর পেয়ে তথা হৈতে চলে খগেশর। ছায়ারূপে সয়ঙ্গতে চলিলা পুরন্দর ॥

भार्थ (राट्ड इस्त किन्छ। स्मा कर्म । এখন' স্থদৃঢ় করি বলহ বচন ॥ ষ্ণায় রাখিবা স্থা যবে লব আমি। মোর সহ হল্ব পাছে পুনঃ কর তুমি॥ হাদিয়া গরুড় ইন্দ্রে করিল নির্ভয়। তথাপি ইন্দ্রের চিত্তে না হয় প্রত্যয়॥ তথা হৈতে চলে বীর তারা যেন খদে। নাগলোকে গেল বীর চক্ষুর নিমিষে॥ ভাক দিয়া আনিল যতেক নাগগণ। হের স্থা আনিলাম দেখ সর্বজন ॥ আমার মাতার কর দাসীত্ব মোচন। এত শুনি সব ফণী আনন্দিত মন॥ ফণিগণ বলিলেক নাহি আর দায়। দাসীয়ে মোচন করিলাম তব মায়॥ এত শুনি হৃষ্টমতি বিনতানন্দন। নাগগণে ডাকি তবে বলিল বচন॥ ম্বান করি এদ শুচি হয়ে দর্বজন। আনন্দিত হৈয়া স্থপা করহ ভক্ষণ।। এই স্থা রাখি দেখ কু**শে**র উ**পর**। এত বলি হুধা থুয়ে গেল খগেশ্বর।। গরুডের বাক্যে সবে করে সানদান। হেথা হুধা ল'য়ে ইন্দ্র হৈল অন্তর্দ্ধান॥ শুচি হৈয়া আইল যতেক নাগগণ। স্তধানা দেখিয়া হৈল বিরদ-বদন।। জানিল হরিয়া হ্রখা দেবরাজ নিল। সবে মেলি সেই কুশ চাটিতে লাগিল।। তীক্ষধারে সবার জিহ্বাতে হৈল চির। সেই হৈতে তুই জিহ্না হইল ফণীর॥ পবিত্র হইল কুশ স্থা পরশনে। শকল নিফাল কর্ম্ম কুশের বিহনে 🛚

নাগরাজার তপক্ষ।

সনকাদি মুনি বলে সূতের নন্দন। শুনিসু গরুড়-কথা অদ্ভুত কথন॥

कछज्त हरेल अक महत्र कूमात्र । कान् कर्य किल किया नाम नवाकात्र॥ সৌতি বলে কতেক কহিব মুনিগণ। কিছু নাম কহি শ্রেষ্ঠ ফণী ষতজন॥ শেষ জ্যেষ্ঠ সহোদর মিতীর্য বাহ্নকি। ঐরাবত তক্ষক কর্কট পিঙ্গলাকী॥ বামন কালিয় হৈল পূর্ণ ধনঞ্জয়। প্রাক্ষ অনীল নীল প্রমস অজয়॥ অসিবর্ণ খড়গচুর আৰ্শ্বক উগ্রক। স্বার্থক গোলক রুদ্র বিমন বিতক ॥ নহুষ নির্দ্ধর ধৃতরাষ্ট্র অতিশ্রম। হেনমত নাগ দব মহাপরা ক্রম॥ সর্ব্ব হৈতে জ্যেষ্ঠ হয় শেন বিষধর। জিতেন্দ্রিয় স্থপণ্ডিত ধর্মেতে তৎপর 🛽 তুরাচার ভাই সব দেখি নাগরাজ। বিশেষ মায়ের শাপ ভাবি হৃদি মানা॥ সকল ত্যজিয়া গেল তপ করিবারে। নানা ভীর্থ করি শেষ ভ্রময়ে সংসারে ॥ হিমালয়ে আশ্রম করিল নাগবর। অত্যন্ত কঠোর তপ করে নিরম্ভর 🥫 তার তপ দেখি তুন্ট হৈল প্রদ্রাপতি। ব্রহ্মা বলে তপ কেন কর ফণিপতি॥ স্ববাঞ্চিত বর মাগি করহ গ্রহণ। করযোড়ে শেষ তবে কৈল নিবেদন॥ আমি কি কহিব আর তোমার গোচর। তুষ্ট তুরাচার খোর সব সহোদর॥ গরুড় আমার ভাই বিনতানলন। তার **সহ কোলেণ করয়ে অতুক্ষ**ণ॥ বলেতে সামর্থ কেহ নতে পন তার। নিষেধ না **শু**নে ফেন করে **অহঙ্কা**র ॥ সদাই কপট কর্ম লোকের হিংসন অহস্কারী কুপধী যতেক আভূগণ॥ সেই ছেতু সকলের সংদর্গ ছাড়িয়া। শরীর ত্যজিব আমি তপক্তা করিয়া 🛭 পুনঃ যেন সংসর্গ না হয় সবা সনে। মরিব তপক্তা করি তাহার কারণে 🛭

বিব্লিঞ্চি বলেন শেষ না ভাব এমন। ্ক্টের সংসর্গ তব হইবে মোচন । ধর্মেতে তৎপর তুমি বলে মহাবল। মাপনার তেজে ধর পৃথিবীমণ্ডল । ব্রহ্মার বচনে শেষ পৃথিবী ধরিল। গরুড় সহিত ব্রহ্মা মৈত্রী করাইল ॥ ব্রহ্মার আজ্ঞায় গিয়া পাতাল ভিতর। **डिथा थाकि शृथिवी धित्रम विवधद्र ॥** চুফ্ট হৈয়া ব্রহ্মা তারে কৈল নাগরাজা। नागरनारक (**एवरनारक मरव कर**त्र शृंखा ॥ হেনমতে শেষ সব ত্যব্দি ভ্রাতৃগণে। একাকী র*হিল সেই ভ্রহ্মার বচনে ॥* শেষ যদি গেল তবে বাহ্নকী চিন্তিত। মায়ের শাপেতে দদা অত্যন্ত হুঃথিত॥ দব জাভূগণে ল'য়ে করেন যুকতি। মায়ের শাপেতে ভাই না দেখি নিষ্কৃতি॥ জনকের শাপেতে আছয়ে প্রতিকার। জননীর শাপে নাহি দেখি যে উদ্ধার॥ (जेन्ध कत्रि कननी यथन भाभ किन। পিতৃ-পিতামহ সবে স্বীকার করিল। **ক্সেক্ট্র-**যভে **হবে অবশ্য সংহার**। এখন ভাহার ভাই কর প্রতিকার॥ এতেক বচন যদি বাহ্নকী বলিল। যার যেবা যুক্তি আসে কহিতে লাগিল ॥ এক নাগ বলে আমি ত্রাহ্মণ হইব। জব্মেজয়-যজ্ঞে গিয়া ভিক্ষা মাগি লব ॥ আর নাগ বলে আমি রাজমন্ত্রী হৈয়া। না দিব করিতে যক্ত মস্ত্রণা করিয়া॥ আর নাগ বলে কোন্ বিচিত্র সে কথা। 😿 কেমনে করিবে যজ্ঞ খাব' যজ্ঞ-হোতা ॥ নতুৰা খাইব সৰ আক্ষণ ধরিয়া। ষিজ বিনা যভঃ হবে ক্রেমন করিয়া॥ ব্দামরা সকলে ভবে একত্র হইয়া। যজ্জের সদনে সবে থাকিব বেড়িয়া। ৰাহারে দেখিব ভারে করিব দংশন। ভরেতে করিবে রাজা যজ নিবারণ ॥

এতেক বলিল যদি সব নাগগণে। वाङकी विनन नाहि ऋफ ममः मत्न ॥ আমা সবা মারিবারে যে শক্তি ধরিবে। কাহার শক্তি ভাই তাহারে হিংসিবে # মায়ের বচন কড়ু নহে ত লঙ্গন। যত যুক্তি কৈলে সবে সব আকরণ। মায়ের বচন আর দৈবের লিখন। অবশ্য হইবে যজ্ঞ না হয় খণ্ডন ॥ পাণ্ডুবংশে জনমেঙ্গয় হৈবে উৎপত্তি। তাঁর যজ্ঞ হিংসিবেক কাহার শক্তি 🛭 আছয়ে উপায় এক শুন সর্বজন। সাবধানে শুন সবে ত্রহ্মার বচন ॥ পুত্রগণে যখন জননী শাপ দিল। নাগগণ তখনি ব্রহ্মারে জিজ্ঞাসিল। হেন শাপ কেহ দেয় আপন নন্দনে। ব্দার আছে হেন কোন্ এ তিন ভুবনে॥ -ব্ৰহ্মা বলে মাতৃশাপ পুত্ৰে নাহি বাধে। সবে মিলে স্বীকার করিল নাগবধে॥ ধর্মে অমুগত তাহে যেই নাগ হবে। জন্মজয়-যজে মাত্র দেই রক্ষা পাবে ॥ আছয়ে উপায় তার শুন নাগগণ। জটাচাৰ্ব্ব-বংশে জর্রৎকারু যে নন্দন ॥ তাহার বিবাহ হবে জরৎকারী সনে। বাস্থকীর ভগ্নি সেই বিখ্যাত ভূবনে ॥ জরৎকারী গ'র্ভ হবে আন্তিক কুমার। সেই পুজ্র নাগকুল করিবে নিস্তার 🛚 এইরূপে ব্রহ্মা আজ্ঞা কৈল নাগগণে। এই সব কথা আমি শুনেছি ভাবণে 🛊 আর যত প্রকার করহ ভাইগণ। না হইবে সাধ্য কিছু সব অকারণ ॥ সেই জরৎকারী এই ভগিনী আমার। জরৎকারু বিবাহ করিলে সে নিস্তার 🎚 এতেক বলিল এলাপত্র বিষধর। সাধু সাধু কহি সবে করিল উত্তর ॥ ভবেত কতেক দিন সমুদ্র মন্থিল। সন্দর মন্থন দড়ি বাহাকি হইল।

ভূষ হইরা দেবগণ ব্রহ্মারে বলিল।
বাহ্নকি হইতে দিল্পু মন্থন হইল ॥
মাতৃলাপে বাহ্নকির দহে কলেবর।
আজ্ঞা কর পিতামহ খণ্ডে যেন ডর ॥
ব্রহ্মা বলে জরৎকারী ভগিনী তোমার।
তার পুত্র করিবেক নাগের নিস্তার ॥
বাহ্নকি শুনিয়া হৈল আনন্দিত-মন।
জরৎকার-জন্ম চর কৈল নিয়োজন ॥
চরগণে বলেন ডাকিয়া অলক্ষিতে।
জরৎকার দেখা হৈলে কহিবা ছরিতে॥
যাহা জিজ্ঞাদিল গোড়ি বলে মুনিগণে।
বাহ্নকি ভগিনী দিল তাহার কারণে॥

পরীক্ষিতের ব্রহ্মশাপ।

সৌতি বলে এইরূপে গেল বহুকাল। পাণ্ডবংশে হৈল পরীক্ষিত মহীপাল॥ মহাপুণ্যবান্ রাজা প্রতাপে মিহির। কুপাচার্য্য-শিক্ষায় সকল শান্তে ধীর॥ দত্য দয়া ক্ষমা যজ্ঞ দানে বড় রত। মুগয়াতে প্রিয় বনে ভ্রমে অবিরত ॥ দৈবে একদিন রাজা বিষ্কিয়া হরিণে। পলায় হরিণ পাছে ধাইল আপনে ॥ পরীক্ষিত-বাণে জীয়ে কাছার জীবন। পৰাইয়া গেল মুগ দৈব-নিবন্ধন 🛭 বহু দূরে অরণ্যে পশিল নরবর। দেখিতে না পায় মুগ অরণ্যভিতর 🛚 সৃষ্ণায় আকুল বড় হইল রাজন। **ওনিয়া গভীর শব্দ গহন কানন ॥** শব্দ অনুসারে রাজা করিল গমন। বিসিয়াছে একজন দেখিল রাজন্ 🛚 শামি পরীক্ষিৎ বলি বলেন ডাকিয়া। দেখিলে কি গেল মূগ কোন্ পথ দিয়া ॥ মৌনত্রতে আছে মূনি রাজা নাহি জানে। উত্তর না পেরে রাজা ক্রোথ কৈল মনে ॥

একে ত রাজ্যের রাক্ষা বিতীয়ে শতিবি। উত্তর না দিল মোরে এ ছুফ প্রাকৃতি। এত ভাবি নুপতি কুপিত হৈল মনে। মুভ সর্প ছিল দৈবে তার সমিধানে॥ ধনুত্বে করি দর্প গলে জড়াইল। অশ্ব আরোহণে রাজা হস্তিনায় গেল । ত্রাক্ষণৈর পুক্র মূনি শৃঙ্গী নাম ধরে। কুশ নামে তার সথা বলিল তাহারে। কিবা গর্বব কর আপনারে না জানিয়া। তোর বাপে রাজা দণ্ডে বনে দেখ গিয়া। এত শুনি গেল শুঙ্গী দেখিবারে বাপ। গলায় দেখিল বেড়া আছে মৃত দাপ। कुष रेश्न भूत्री (यन ष्मस ष्मन पना। রাজারে দিলেন শাপ হাতে করি জল 🛭 আৰু হৈতে সাত দিনে পরীক্ষিত নূপে। দংশিবে তক্ষক নাগে মম এই শাপে । পুক্রের শুনিয়া শাপ দ্বিকে হৈল তাপ। মৌনভঙ্গে বিজ্ঞবর করয়ে বিলাপ॥ সম্ভান অজ্ঞান তুমি করিলে কি কর্মা। ক্রোধে তপ নফ হয় প্রবল অধর্ম ॥ রাজারে যে দিতে শাপ উচিত না হয়। রাজার প্রতাপে সব রাজ্য রক। হয়॥ রাজার আশ্রয়ে যজ্ঞ করে বিজগণ। যজ্ঞ কৈলে বৃষ্টি হয় জন্মে শস্তধন ॥ ত্বুফ দৈত্য চোর ভন্ন রাজার বিহনে। রাজ্যরক। হেচু ধাতা স্বজিল রাজনে॥ ব্রজা দশভোত্রিয় সমান বেদে বলে। হেন নৃপে শাপ দিয়া কুকর্ম করিলে ॥ অন্য হেন রাজা নহে রাজা পরীকিং। পিতামহ সম রাজা বধর্মে পণ্ডিত 🛚 ত্রতধারী বলি রাজা আম, নাহি জানে। কুধার্ত আইল রাজা আমার সদনে ॥ না করিলে গৃহধর্ম, নিলা আর' শাপ ১ ক্ষা করি পুক্ত তারে খণ্ড মনস্তাপ 🛭 এত শুনি বলে শুঙ্গী বাপের গোচরে। যে কথা বলিন্দু পিত। নারি থতিবারে ॥

সহজে বচন মম না হয় খণ্ডন। যে শাপ দিলাম ইহা খণ্ডিব কেমন॥ এত শুনি মুনিবর হইল চিস্তিত। নিশ্চয় জানিল মুনি না হয় খণ্ডিত॥ 'গৌরমুধ নামে শিষ্য আনিল ডাকিয়া। পাঠাইল নূপ স্থানে সকল কহিয়া॥ **আজ্ঞা পেয়ে গেল বিপ্র হস্তিনানগর। প্রবেশ করিল গি**য়া যথা নৃপবর ॥ ব্রাহ্মণ বলেন রাজা শুন সাবধানে। মুগয়া কারণ তুমি গিয়াছিলে বনে ॥ যে দ্বিজের গলে জড়াইলে মৃত সাপ। অজ্ঞান তাহার পুত্র ক্রোধে দিল শাপ॥ পুত্র শাপ দিল তাহা পিতা নাহি জানে। সে কারণে আমা পাঠাইল তব স্থানে॥ ৬নি হেন প্রীতিবাক্যে পুজেরে কহিল। কদাচিৎ শাপান্তর করিতে নারিল। **সাত দিনে করিবেক তক্ষক দংশন**। জানিয়া উপায় শীঘ্র করহ রাজন্॥ বজ্ঞাঘাত হয় তার শুনিয়া বচন। আপনারে নিন্দা করি বলেন রাজন ॥ করিলাম কোন কর্মা হুষ্ট কদাচার। **ত্রাহ্মণের হিংদা কৈমু** না করি বিচার ॥ আপন মরণ রাজা নাহি চিন্তে মনে। ব্রাক্ষণের তাপ হেতু নিন্দয়ে আপনে॥ ধ্যানেতে ছিলেন যুনি আগে নাহি জানি। যে দণ্ড হইল মম সত্য করি মানি 🦠 মুনিরাজে জানাইও আমার বিনয়। দৈবে যাহা করে তাহা খণ্ডন না হয়॥ এত বলি ত্রাহ্মণেরে করিয়া মেলানি। মন্ত্রণা করয়ে যত মন্ত্রিগণ আনি 🛭 তক্ষক দংশিবে সপ্ত দিবস ভিতরে। কি করি উপায় শীভ্র জানাও আমারে॥ মন্ত্রিগণ বলে রাজা কর অবধান। মঞ্চ এক উচ্চতর করহ নির্মাণ । উচ্চ এক স্তক্তে মঞ্চ করিল রচন। চতুর্দিকে জাগিয়া রহিল মন্ত্রিগণ ॥

সপের যতেক মন্ত্র আছয়ে সংসারে।
চতুর্দিকে রাখিলেন যোজন বিস্তারে॥
বেদবিজ্ঞ বিপ্র যত সিদ্ধবাক্য যার।
শত শত চতুর্দিকে রহিল রাজার॥
তাহে বসি দান ধ্যান করে নৃপবর।
হরিগুণ শুনে রাজা ধর্মেতে তৎপর॥

পরীক্ষিতের নিকটে তক্ষকের আগ্যান :

সৌতি বলে অবধান কর সুনিগণ। এমত উপায় বহু কৈল মন্ত্রিগুণ ॥ কাশ্যপ নামেতে মুনি সর্পমক্তে গুণী। রাজারে দংশিবে লোকমুখে শুনি॥ ধন ধর্ম যশ পাব ভাবি দ্বিজ্বর। ত্বরা করি গেল বিজ হস্তিনানগর॥ তক্ষক আইল বৃদ্ধ ত্রাক্ষণের রূপে। বটরুক্ষতলে দেখা পাইল কাশ্যপে 🛚 তক্ষক বলিল বিজ এলে কোথা হ'তে : কোথায় গমন তুমি করিছ স্বরিতে॥ কাশ্যপ বলিল পরীক্ষিৎ নরবরে। তক্ষক বিষধর আজি দংশিবে তাঁরে॥ দে কারণে যাই আমি রাজার সদনে। মন্ত্রবলে আমি রক্ষা করিব রাজনে।। তক্ষক বলিল তুমি অবোধ ব্ৰাহ্মণ ! কার শক্তি আছে রাথে তক্ষক-দংশন ॥ . ফিরি নিজ গৃহে যাও শুন দ্বিজবর। **অকারণে ল**ঙ্জা পাবে সভার ভিভর ॥ কাশ্যপ বলিল আমি গুরুমন্ত্রবলে। রক্ষিতে পারিব নৃপে তক্ষক দংশিলে॥ 😎নিয়া তক্ষক ক্ৰুদ্ধ হৈল অভিশয়। আমি ত' তক্ষক বলি দিল পরিচয় ॥ নিবারিতে পার যদি আমার দংশন ! এই বুক্ষ দংশি দেখ করহ বুক্ষণ। কাশ্যপ বলিল তুমি দংশ তরুবর। মন্ত্রবলে রাখি দেখ তোমার গোচর 🛚

গ্ৰহক কাশ্যপ-বাক্য ভক্ষক শুনিয়া। 🚌 শিলেক তরুবর যায় ভশ্ম হৈয়া॥ নাফ দিয়া ভন্ম মুষ্টি কাশ্যপ ধরিল। মন্ত্ৰপড়ি ভস্ম মৃষ্টি গর্ত্তেতে ফেলিল। দৃশ্টিমাত্র সেইক্ষণে **অঙ্গুর হইল**। বাড়িতে লাগিল রুক্ষ আশ্চর্য্য মানিল। দুই পত্র হ'য়ে হৈল দীর্ঘ তরুবর। শাখা পত্র পূর্ব্ব মত হইল হুন্দর॥ দেখিয়া ভক্ষক হৈল বিষধ-বদন। কাশ্যপে চাহিয়া বলে বিনয়-বচন•॥ পরম পণ্ডিত তুমি গুণে মহাগুণী। ্তামার চরিত্র লোকে অদ্তুত কাহিনী॥ ্রাথিতে আছয়ে শক্তি দেখি**সু তোমার।** কবল আমার বিষে কৈলে প্রতিকার॥ মামাকে রাখিতে পার আছয়ে শক্তি। ্যাগিতে নারিবে পরীক্ষিৎ নরপতি॥ ্রর্বেতে দংশিল তারে ব্রাক্ষণের বিধ। ্যই বিষে ভয় করে দেব জগদীশ॥ পদাঘাত খাইয়া করিল কুতাঞ্জলি। স্তব করিলেন ভয়ে পাছে দেয় গালি॥ ব্রাক্ষণের গালিতে কলক্ষী শশধর। ্রা**ক্ষণের গালিতে ভগাঙ্গ পুরন্দর**॥ আর যত লোক আছে দেখ পৃথিবীতে। ং কন কে না ডরে বিপ্রের গালিতে ঃ ব্রহ্মশাপে বিরোধ করিতে যদি মন। ত ব তথাকারে তুমি করহ গমন॥ নশ লভিবারে যদি যাবে দ্বিজবর। না পারিলে লক্ষা পাবে সভার ভিতর ॥ পন ইচ্ছা করি যদি যাও তথাকারে। আমি দিব যাহা নাহি রাজার ভাণ্ডারে॥ এতেক বচন যদি তক্ষক বলিল। শুনিয়া কাশ্যপ ৰিজ মনেতে ভাবিল॥ ভাল বলে ফণিবর লয় মোর মন। ব্রহ্মশাপে বিরোধ নাহিক প্রয়োজন ॥ নিশ্চয় জানিসু আয়ু নাহিক রাজার। চিন্তিয়া ভক্ক-বাকা করিল স্বীকার 🛊

কাশ্যপ বলিল আমি দরিদ্র ব্রাহ্মণ। তবে আর কেন যাই পাই যদি ধন॥ যাইতাম ধন অর্থ যশের কারণে। ব্ৰহ্মশাপ বিরোধে হইল ভয় মনে॥ তুমি যদি দেহ ধন যাইব ফিরিয়া। এত শুনি ফণি মণি দিলেক ডাকিয়া॥ যাহার পরশে হয় লৌহাদি কাঞ্চন : হুক্ট হৈয়া ফিরি গেল দরিদ্র ব্রাহ্মণ॥ বাছড়ি কাশ্যপ গেল চিন্তে ফণিবর। পরস্পর কহে লোক শুনিল উত্তর॥ কেহ বলে ভূপতিরে ত্রহ্মশাপ দিল। সপ্তম দিবস আজি আসি পূর্ণ হৈল। ্কেছ বলে রাজা বড় করিল উপায়। এক স্তম্ভে মঞ্চ করি বসি আছে ভায়। কাহার' নাহিক শক্তি যাইতে তথায়। কে**মনে ভক্ষক গিয়া দংশিবে রা**ছায়॥ নানাবিধ মহৌযধি আছে চারিভিতে। গুণিগণ শৃত্যপথ রোধিল মস্ত্রেতে॥ পরস্পার এই কথা বলে সর্বান্তন। শুনিয়া চিন্তিত চিত্তে কজর নন্দন॥ সহচরগণ প্রতি বলিল বচন। ব্রাহ্মণের মূর্ত্তি তবে ধর সর্ববজন ॥ কেবল যাইতে নাই ব্রাহ্মণের সানা : ব্রাঙ্গাণের বেশ এবে ধর-সর্ব্বজনা ॥ ফল ফলে আশীর্কাদ করিব। রাজারে। এই ফল-গুটি লৈয়। নিবে জাঁর করে॥ শীজ্রগতি না যাইবে থাবে গাঁরে ধারে। চিনিতে না পারে যেন রাজ-অনুচরে 🛭 এত বলি ফলমধ্যে করিল সাশ্রয়। শুনিয়া সকল নাগ বিপ্রমূর্ত্তি হয়॥ সেই ফল নান। পুষ্প হাতে করি নিল। যথা আছে নরপতি তথায় চলিল। ব্রাহ্মণের রোধ নাহি রাজার হুয়ারে। ফল ফুলে আশীষ করিল নরবরে 🛚 আনন্দে ভূপতি তার পুপ্প-ফল নিল। करन भूँ उ एमधि त्राका नरथ विमातिन ॥

ক্ষুদ্র এক কীট তাহে লোহিতবরণ। কৃষ্ণবর্ণ মুথ তার দেখিল রাজন্॥ হেনকালে ভূপতি বলিল মন্ত্রিগণে। ব্ৰহ্মশাপে মুক্ত আজি হই সাত দিনে ॥ মুহুর্ত্তেক অস্ত হৈতে আছে দিনমণি। ব্ৰহ্মশাপ ব্যৰ্থ হৈলে অন্তত কাহিনী। এই হেতু শঙ্ক। বড় হইতেছে মনে। অব্যর্থ ব্রাহ্মণ শাপ হইল খণ্ডনে ॥ এই পোকা ভক্ষক হউক এইক্ষণ। **আমাকে দংশুক থাক ব্রাহ্মণ বচন ॥** এতেক বলিয়া পোকা মস্তকে রাখিল। ভনিয়া সকল মন্ত্রী না হ'ক বলিল। হেনমভে রাজা মন্ত্রী করয়ে বিচার। ভতক্ষণে তক্ষক ধরিল নিজাকার॥ প্রলয়ের মেঘ যেন করয়ে গর্জ্জন। শব্দ শুনি ভয়েতে পলায় মন্ত্রিগণ॥ ভয়ঙ্কর মূর্ত্তি দেখি সবে হৈল ডর। ব্দড়াইল লাঙ্গুলে রাজার কলেবর॥ সহত্রেক ফণা ধরে ছত্ত্রের আকার। শব্দ করি ব্রহ্মতালু দংশিল রাজার ॥ স্থূপতীরে দংশিয়া চলিল অন্তরীকে। রক্তপদ্ম-আভা তমু দেখে সর্ববলাকে ॥ **জ্মীহোত্র** ন্বতে ভন্মু করিল দাহন। আদ্ধ শান্তি হৈল তাঁর বিহিত যেমন ॥ মন্ত্রিগণ সহ যুক্তি করি সব প্রজা। **ভার পুত্র জন্মেজয়ে** কৈল তবে রাজা ॥ বয়সে বালক শিশু বড় বুদ্ধিমন্ত। পরাক্রমে জন্মেজয় চুফের চুরস্ত ॥ রাজার দেখিয়া গুণ যত মন্ত্রিগণ। কাশীরাজ কম্যা সহ করিল মিলন 🛚 বপুঊমা নামে কাশীরাজের নন্দিনী। নানা রুছে ভূষিয়া দিলেন-নানা মণি 🛭 বিভা করি জন্মেজয় আসে গৃহে লৈয়া। চিরদিন জীড়া করে আনন্দিত হৈয়া॥

ত্তরৎকারু মুনির জরংকারী ভ্যাগ।

সৌনকাদি মুনি বলে শুন ওছে সূত। কহিলা সকল কথা শুনিতে অন্তত ॥ ব্দরৎকারু মুনিকে বাহুকি ভগ্নী দিল। কহ কিরুপেতে আন্তিকের জন্ম হৈল। সৌতি বলে জরৎকারু বিবাহ করিয়া। পূৰ্ব্ববৎ বনে ভ্ৰমে একাকী হইয়া॥ জরৎকারী ভগিনীকে বাস্থকি কহিল। কহ ভগ্নি দুনি সহ কি কথা হইল ॥ রক্ষণ ভরণ মুনি করে কি তোমার। সত্য করি কহ তুমি অগ্রেতে আমার॥ জরৎকারী বলে আমি মুনি নাহি দেখি। কোথা যায় কোথা থাকে বঞ্চি যে একাকী॥ এত শুনি বাস্ত্রকির বিষণ্ণ বদন। আর দিনে মুনির পাইল দরশন ॥ বাহ্নকি বলেন মুনি কর অবধান। তোমাকে আপন ভগ্নী করিলাম দান 🛊 রাখিয়াছিলাম যতে তোমার কারণ। বিবাহ করিয়া তারে করিবে পালন ॥ মুণি বলে মোর চিন্তে বিবাহ না ছিল। পিতৃগণ দুঃখে বিভা করিতে হইল ॥ গৃহবাদ করিতে না লয় মোর মন। শরীরে না সয় মোর কাহার বচন॥ তোমার ভগিনী সত্য করুক গোচরে। কথন না, কোন বাক্য, বলিবে আমারে॥ যদি বলে ত্যজিব আমার সত্যবাণী। ৰাস্থকি বলিল সভ্য যাহ। বল মুনি ॥ মম ভগ্নী করিবে অপ্রিয় যেই দিনে। নিশ্চয় করিও ত্যাগ তাহারে সে দিনে॥ ভবে ত বাহ্নকি গৃহ করিয়া নির্মাণ। র্ভুম্য গৃহ দিল মণিময় স্থান ॥ ব্দরৎকারী দহ মূনি করিল পয়ান। কতদিনে নাগিনী করিল খড়ুস্নান॥ ধরিল নাগিনী গর্ভ মুনির ঔরসে। **भिभ त्रम बार्फ स्वम क्रिक्टम क्रिक्टम है**

 ক্রেক্স। জানি মুনি-মন। রযোড়ে সন্মুখেতে থাকে অসুকণ 🗈 ধন যে আজ্ঞা করে জরৎকারু মুনি। াজামাত্রে সেই কর্ম্ম করয়ে নাগিনী **॥** হনমতে বহু সেবা করে প্রতিদিনে। াবে একদিন দেখি দিবা অবসানে। রৎকারী-উরুদেশে নিজ শির দিয়া। দ্রা যান মুনিরাজ অচেড্র হৈয়া॥ জাগত মুনি হৈল সন্ধ্যার সময়। থিয়। নাগিনী মনে ভাবিলেক ভয়॥ স্ত গেল দিনকর সন্ধ্যা যায় বৈয়া। ভাকিলে ক্রোধ মোরে করিবে জাগিয়া॥ দ্রাভঙ্গ হৈলে পাছে ক্রোধ করে মুনি। ইল পরম চিন্তা এত সব গণি **॥** াহা করে করিবেক পরে মুনিরাজ। দ্যা ধর্ম না করিলে হইবে অকাজ॥ বিহেলে যেই দ্বিজ সন্ধ্যা নাহ্নি করে। া মহাপাপ জন্মে তাহার শরীরে ॥ ত ভাবি জরৎকারী বলিল ডাকিয়া। চ দদ্ধ্য। কর প্রাস্থ্র সন্ধ্যা যায় বৈয়া॥ দ্রাভঙ্গ হৈল মুনি উঠে মহাকোপে। াহিতলোচন মুখ অধরোষ্ঠ কাঁপে 🛭 শাস্ত করিলে মোরে করি অহঙ্কার। 🖹 দোষে তোর মুখ না দেখিব আর॥ াংকারী বলে প্রভু মোর নাহি দোষ। বুঝিয়া কেন মোরে কর অভিরোধ॥ টা বহি যায় প্রভু সূর্য্য যায় অস্ত। ঢাহীন যত পাপ জানহ সমস্ত॥ কারণে নিদ্রাভঙ্গ করিমু তোমার। ব ত্যাগ কর মোরে করিয়া বিচার॥ ^{নি বলে} নাগিনী বলিস না বুঝিয়া। ামি সন্ধ্যা না করিলে যাবে কি বহিয়া॥ রে ওরে দক্ষ্য তোর কেমন বিচার। ারে না বলিয়া যাও বড় অহকার॥ क्যा বলে মুনিরাজ না করিহ তেলাধ। হিত যে ৰাছি আমি তব উপরোধ ॥

यूनि वर्ण नांशिनौ अनिल निक कार्ण। অবজ্ঞা করিলি মোরে সাধারণ জ্ঞানে ॥ নিশ্চয় ত্যজিয়া তোরে যাই আমি বন। পুনরপি না দেখিব তোমার বদন ॥ মুনির নির্ঘাত বাক্য শুনিয়া হৃদ্দরী। কান্দিতে কান্দিতে কহে চরণেতে ধরি॥ না জানিয়া করিলাম প্রভু অপরাধ। এবার ক্ষমহ মোরে করহ প্রদাদ । ভাই সব শুনি মোরে করিবে বিনাশ। তোমারে দিলেন ভাই বড় করি আশ ॥ মাতৃশাপে ভাতৃমনে বড় ছিল ভয়। তোমায় আমারে দিয়া খণ্ডিল সংশয়॥ তোমার ঔরদে যেই হইবে নন্দন। তাহা হৈতে রক্ষা পাবে মোর ভ্রাতৃগণ॥ বংশ না হইতে তুমি যাহ যে ছাড়িয়া। ভ্ৰাতৃগণে প্ৰবোধিব কি বোল বলিয়া॥ নিশ্চয় ছাড়িয়া যদি যাবে তুমি মোরে। শরীর ত্যজিব আমি তোমার গোচরে॥ এত শুনি সদয় হইল মুনিবর। আশ্বাদিয়া কন্যার উদরে দিল কর॥ অস্তি অস্তি বলিয়া বুলায় গর্ভে হাত। এই গর্ভে আছে পুত্র নাগকুলনাথ॥ এই গর্ভে আছে যেই পুরুষ রতন। তোমার আমার কুল করিবে রক্ষণ 🛚 চিন্তা ছাড়ি যাহ প্রিয়ে নিজ ভাতৃগৃহে। ভ্ৰাতৃগণে প্ৰবোধিবে যেন ছঃনী নছে 🛭 বলিলাম বাক্য মোর কছু মিখ্যা নয় • ত্যজিলাম তোমানে যে জানিও নিশ্চয়॥

भाउद , उन्हा

ত্যজিয়া কন্সার পাশ, মুনি গেলা বনবাস, নাগিনী রাখিয়া একাকিনী। অশ্রুজনপূর্ণ মুখে, করাবাত হানি বুকে, ভাতৃস্থানে চলিল নাগিনী। ক্রেন্সন করয়ে স্থান, মুখে নাহি আসে ভাষা দেখিয়া বাস্থকি চমকিত। আশ্বাদিয়া নাগরাজ,স্বদাকে জিজ্ঞাদে কাজ, কান্দ কেন হইয়া ছঃখিত॥ কহে গদগদ বাণী, ভাতার কন শুনি, আপনার যত বিবরণ॥ অবধান কর ভাই, কিছু মোর দোষ নাই, মুনিরাজ ছাড়ি গেল বন্দা নির্ঘাত সদৃশ বাণী, ভগিনীর বাক্য শুনি, নাগ হৈল বিষয় বদন। পূর্ব্বেডে মায়ের শাপে,সর্ববদা শরীর কাঁপে, অতি শীঘ্র জিজ্ঞাসে কারণ॥ বলহ ভগিনী মোরে,জিজ্ঞাদিতে লজ্জা করে, আপনি জানহ সব কথা। বড় ভয় ছিল মনে, মাতৃশাপে ভাতৃগণে, উপায় করিয়া দিল ধাতা॥ মুনিবীর্ষ্যে গর্ছে তব, যেই পুজের উদ্ভব, নাগকুল করিবে দে ত্রাণ। তাহার কারণ তোরে, চিরদিন রাখি ঘরে, জরৎকারে করিলাম দান॥ না হইতে বংশধর, চলিলেন মুনিবর, মাভূশাপে দদা চিন্তা মন। জরৎকারী কহে শুনি, যে যুক্তি বলিয়া মুনি, কাননেতে করিল গমন # তোমার যতেক ভাতৃ, আমার যতেক পিতৃ, ছুই কুল করিবে উদ্ধার। এতেক বলিয়া মোরে, মুনি গেল দেশান্তরে, নিবারিয়া ক্রন্দন আমার # ত্যজ্ঞ ভাই মনস্তাপ, চিন্তা নাই মাতৃশাপ, क्ष्रु नरह भिषा करह यूनि। জরংকার ইছা ব'লে, কাননে গেলেন চলে, व्यानत्म नाहरत्र मर क्षी॥ উল্লাদিত নাগরাজা, ভগিনীকে করে পূজা, নানা রক্ষে করিল ভূষিত। বছ ভক্ষ্য উপহার, मिवादञ्च जनकात्र, সেবায় করিল নিয়োজিত॥ ভবে ভূকসমপতি, বলে জরৎকারী প্রতি, কহ তুমি ইহার কারণ।

কহ সত্য জরৎকারী, কি দোষতোমার হেরি মুনিরাজ ছাড়ি গেল বন। আমি তাঁরে ভাল জানি, বড় উগ্র সেই মুনি, বিনা নোষে ত্যব্ধিয়াছে তোমা। তথাপি কি দেখি দোষ,করিলেক এত রোষ, একা গৃহে ছাড়ি গেল রমা॥ জরংকারী বলে ভাই, শুন তবে বলি তাই, আজিকার দিন অবসানে। শির দিয়া মোর উরে, নিজা গেল মুনিবরে, অস্ত গেল তপন গগনে॥ সন্ধ্যাভঙ্গ হয় মুনি, মনে আমি ভয় গণি. জাগরণে পাছে-ক্রোধ করে। সন্ধ্যাহীন যেই দ্বিজ্ দৰ্প হেন হীনবীজ, এ কারণে জাগালাম তাঁরে॥ জাগি রক্তমুখ কোপে, দেখিয়া হৃদয় কাঁপে, বলে মোরে অবজ্ঞা করিলি। আমি সন্ধ্যা না করিতে, সন্ধ্যা যাবে কোন মতে, সন্ধ্যারে ডাকিল ইহা বলি ॥ সন্ধ্যা মনে ভয় পাই, বলে আমি নাহি যাই, আছি যে তোমার উপরোধে। সন্ধ্যার বচন শুনি, ত্যাগ করি গেল মুনি, এই মাত্র মম অপরাধে॥ মুনির বচন শুনি, বিশ্বয় মানিল ফণী, ভগিনীকে তোষে মৃত্যভাষে। যদ্যপি গিয়াছে দিজ, ছঃখ না ভাবিও নিজ, থাক গৃহে পরম সন্তোষে॥ সহত্রেক সহোদর, আর যত অসুচর, সহস্রেক বধুর সহিত। দেবিবে তোমার পায়, সর্ববদা ঈশ্বরীপ্রায় মোর গৃহে থাক গো সভত ॥ এত বলি ফণিবর, ভাকি সব সহোদর নিয়োজিল তাঁহার দেবনে। হেনমতে জ্বরৎকারী. সর্বব ত্রঃখ পরিহরি রহিলেন ভাতার সদনে 🛊 গর্ভ বাড়ে দিবানিশি, শুক্লপক্ষে যেন শণী প্রসবিদ কালের সংযোগে।

পরম স্থন্দর কায়, শিশু পূর্ণশন্দী প্রায়,
বেধি আনন্দিত সব নাগে ॥
ক্রপে গুণে অনুপম, আন্তিক থুইল নাম,
গর্ভকালে কহি গেল পিতা ।
শৈশব হইতে স্থত, সকল গুণেতে যুত,
বেদ-বিচ্চা-ব্রতে পারগতা ॥
আস্তিকের জন্মকথা, অপূর্বে ভারতীগাথা,
শুনিলে অধর্ম হয় নাশ ।
কমলাকান্তের স্থত, হেতু স্কজনের প্রীত,
বিরচিল কাশীরাম দাস ॥

উপমন্ত্য ও আরুনির উপাখ্যান।

সৌতি বলে অপূর্ব্ব শুনহ মুনিগণ। কহিব বিচিত্র কথা পুরাণ-বচন ॥ অবন্তীনগরে দ্বিজ নাম দান্দীপন। তার স্থানে শিশ্যগণ করে অধ্যয়ন॥ . এক শিষ্যে দ্বিজ্ব গাভী কৈল সমর্পণ। গুরু-আজ্ঞাক্রমে তারে করেন রক্ষণ॥ কত দিনে কহে গুরু কহ শিষ্যবর। বড় পুষ্ট দেখি যে তোমার কলেবর॥ কিবা খাও কোঁথা পাও কহ সভ্যবাণী! শুনিয়া বলেন শিষ্য করি যোড়পাণি॥ গাভীগণ-দোহনান্তে পিয়ে বং**সগণ**। পশ্চাতে যে খাই আমি করিয়া দোহন॥ গুরু বলে এতদিনে সব জানা গেল। এই ছেতু বৎসগণ তুর্ববল হইল 🛭 আর কভু না করিও তুমি হেন কাজ। গাভী চুহি খাও তুমি মুখে নাহি লাজ ॥ গুরু-আজ্ঞা শুনি ছিব্রু গেল গাভী লৈয়া। কত দিনে পুন:∙তারে কহিল ডাকিয়া॥ উচিত কহিতে শিষ্য না হইও রুফ্ট। পুনশ্চ তোমারে দেখি বড় ছফ্টপুফ্ট 🛭 গাভীছম্ম পুনঃ বৃঝি কর ভূমি পান। শিষ্য ক**হে গোদাঞি করহ অবধান** 🛭 যেই হৈতে ভূমি মোরে করিলে বারণ। ভিকা করি নিত্য করি উদর পুরণ 🛭

গুরু বলে ভিক্ষা করি পূরাও উদরে। এবে ভিকা করি সবু আনি দেহ মোরে॥ এত শুনি গাভী লৈয়া গেল্প দিজবর। পুনঃ জিজ্ঞাসিল কত দিবস অস্তর ॥ কহ শিষ্য বড় পুষ্ট দেখি তব কায়। কি খাইয়া রহিয়াছ কহিবে আমায়॥ শিষ্য কহে গাভী রাখি অরণ্য ভিতর। রক্ষক রাখিয়া আমি যাই যে নগর 🎚 দিবদেতে যত ভিক্ষা দিই তব ঘরে। সন্ধ্যাতে মাগিয়া ভিক্ষা ভরি যে উদরে ॥ হাসিয়া বলিল গুরু এ কোন বিচার। শ্রেষ্ঠ ভিক্ষা রাত্রে তুমি কর আপনার ॥ রাত্রি দিবা যত পাও আনি দিবে মোরে। এত শুনি গাভী লৈয়া গেল বনান্তরে॥ ক্ষুধায় আকুল আত্মা ভ্রমে বনে বন। অর্কের কমল পত্র-করয়ে ভক্ষণ 🛭 বড়ই ছুৰ্বল হৈল শীৰ্ণ হৈল কায়। দেখিতে না পায় তবু গোধন চরায়॥ ভ্রমিতে ভ্রমিতে দেথ দৈবের লিখন। নিরুদক-কূপমধ্যে পড়িল ব্রাহ্মণ॥ সমস্ত দিবদ গেল হৈল সন্ধ্যাকাল। গুহেতে আইল দবে গোধনের পাল।। শিয্য না দেখিয়া গুরু তুঃখিত অন্তর। অবেষণে গেল বিজ অরণ্য ভিতর ॥ কোথা গেল উপমন্যু ডাকে দ্বিজ্ঞবর। উপম**ন্যু বলে আ**মি কৃপের ভিতর ॥ গুরু বলে উপমন্যু পড়িলে কিমতে। উপমন্ত্যু বলে চঞ্চে ন। পাই দেখিতে॥ অর্কপত্র খাইয়া নয়ন অন্ধ হৈল। শুনিয়া আচাৰ্য্য ভবে উপদেশ কৈল।। দেববৈত অখিনীকুমার ছুইজনু। শীঘ্র কর বিজবর তাঁনিগে স্মর্ণ॥ এত শুনি বিজ বহু হুবন কম্বিল। ততক্ষণে তুই চকু নিৰ্মাণ হইল। কুপ হৈতে উঠিয়া ধরিল গুরুপদ। সম্ভট-হইয়া গুরু কৈল আশীর্কাদ ।

আজা পেরে গেল বিক্ত পরম আহলাদে।
সর্ববশাস্ত্র জ্ঞাত হৈল গুরু-আশীর্বাদে॥
ধান্যক্ষেত্রের জ্ঞল-যায় বাহির হইয়া।
যত্ন করি আলি বান্ধি জ্ঞল রাথ গিয়া॥
জ্ঞল সব যায় গুরু পাছে ক্রোধ করে।
আপনি শুইল বিজ বান্ধের উপরে॥

দয়ন্ত দিবদ গেল হইল রজনী।
না আইল শিষ্য, দ্বিজ চলিল আপনি ॥
ক্ষেত্রমধ্যে গিয়া ডাক দিল দ্বিজ্বর।
শিষ্য বলে শুয়ে আছি আলির উপর ॥
বহু যত্ন করিলাম না রহে বন্ধন।
আপনি শুইমু বান্ধে তাহার কারণ॥
শুনিয়া বলিল গুরু আইল উঠিয়া।
শীত্র আদি গুরুপদে প্রণমিল গিয়া॥
আশীষ করিয়া গুরু করিল কল্যাণ।
চারি বেদ ষট্ শাস্ত্রে হোক তব জ্ঞান॥
এত বলি বিদায় করিল দ্বিজ্বর।
প্রণাম করিয়া শিষ্য গেল নিজ ঘরঁ॥
পুণ্যকথা ভারতের শুনে পুণ্যবান।
কাশীরাম দাস কহে ভব-পরিত্রাণ॥

উতক্ষের উপাখ্যান।

উতক্ক ভৃতীয় শিষা পড়ে গুরুদ্বানে।
কতদিনে যায় গুরু যজ্ঞ-নিমন্ত্রণে ॥
উতক্কে বলিল গুরু থাক তৃমি ঘরে;
কিছু নউ নাহি হয় থাকিবে গোচরে ॥
এত বলি গেল বিজ যথা যজ্ঞদ্বান।
কতদিনে গুরুপত্না কৈল ঋতুস্নান ।
উতক্কে ডাকিয়া তবে ত্রাহ্মণী কহিল।
ভোমারে সমর্শি গৃহ তব গুরু গেল॥
কোন' দ্রেবা নুষ্ঠ যেন নহে কদাচন।
ঋতু নউ হয় ভূমি করহ রক্ষণ॥
শুনিয়া বিশ্বয়চিত্ত হইল উত্কঃ।
উবিগ্র বিশিয়া ভাবে হৃদয়ে আতক্ক ॥
কি করিব কি হইবে ইহার উপার।
গৃহরক্ষা হেতু গুরু রাখিল আমায় ॥

ঋতুরকাকর্ম এই না হয় আমার। পরদার মহাপাপ তাহে গুরুদার॥ এত চিন্তে ত্রাহ্মণীরে না দিল উত্তর। ব্রাহ্মণ আইল কত দিবদ অন্তর॥ উতক্ষের তাপ ব্রাহ্মণীর মনে জাগে। **এकारस डामारी करह डामार्श्व पार्रा ॥** मिट्र छङ्गमिना উउक्क (यहेक्क्ट्रन । পাঠাইবে তাহাকে আমার সন্নিধানে 🛭 তব্ৰে দ্বিজ জানিল সকল বিবরণ। তুষ্ট হয়ে উতঙ্কে বলিল ততক্ষণ॥ যাহ দ্বিজ সর্ববশাস্ত্রে হও তুমি জ্ঞাত। শুনিয়া উত্তম্ক কহে করি যোড়কর॥ আজ্ঞা কর গোঁদাই দক্ষিণা কিছু দিব। গুরু বলে আমি ত তোমারে না মাগিব # যদি দিবা, দেহ গুরুপত্নী যাহা মাগে। এত শুনি গেল দ্বিজ গুরুপত্নী আগে॥ দক্ষিণা যাচয়ে দ্বিজ করি যোডপাণি। হৃদয়ে চিস্তিয়া তবে বলিল ব্রাহ্মণী ॥ পৌষ্য নৃপতির স্ত্রীর শ্রবণ কুণ্ডল। আনি দিলে পাই তব দক্ষিণা সকল॥ সপ্তদিন ভিতরে আনিয়া দিবা মোরে। না আনিলে দিব শাপ কহিলাম তোরে ॥ এত শুনি উত্তম্ব গুরুরে নিবেদিল। যাও হে নির্বিদ্নে দ্বিজ গুরু আজা দিল । গুরুকে প্রণাম করি উত্তম্ক চলিল। কতদূর পথে এক রুষভ দেখিল॥ পুরীধ ত্যজিয়া রূষ আছে গাড়াইয়া। উতক্ষে দেখিয়া রুষ বলিল ভাকিয়া 🛚 হের দেখ মল মোর উত্তম ব্রাহ্মণ। হইবে তোমার প্রিয় করহ ভক্ষণ॥ উতঙ্ক বলিল ছেন নহে কদাচন। অসম্মান পথে প্রিয় নাহি প্রয়োজন ॥ ব্লষ বলে অসম্মান নহে দ্বিজবর। ভোমার গুরুর দিব্য খাও এ গোবর 🛚 গুরুদিব্য শুনি বিজ্ঞ ভাবিল বিস্তর। গোবর ভক্ষণ করি চলিল সম্বর ॥

তথা হৈতে চলি গেল পৌষ্য নৃপবর। মাগিল কুণ্ডল যুগা ভূপতি-গোচর। নুপ পাঠাইল ছিচ্ছে রাণীর সদনে। কৰ্ণ হৈতে কুঙাল দিলেন তভকণে । কর্ণ হৈতে কুগুল,কাটিয়া দিল রাণী। भारेंग्रा कुखन, ठिन शिन पिक्रमणि ॥ যেইক্ষণে দ্বিজ্ঞ হাতে কুগুল পাইল। সেইক্ষণে তক্ষক তাহার সঙ্গ নিল॥ পরশ করিতে দ্বিচ্ছে নাহিক শকতি। পাছে পাছে ধায় ধরি সন্ম্যাসী মূরতি॥ কত পথে উত্তম্ভ দেখিয়া সরোবর। স্নান হেতু নামে বস্ত্র থুইয়া উপর ॥ বসন ভিতরে দ্বিজ কুণ্ডল পুইল। ছিদ্র পেয়ে ভক্ষক কুণ্ডল হরি 🗫 ॥ উত্তম্ক দেখয়ে থাকি জলের ভিতরে। मन्नामी कुलन लिया शिनन विवरत्र ॥ উপায় না দেখি মুনি বিষাদিত মন। নথেতে বিবর দ্বার করয়ে খনন 🛚 এ দকল বুত্তান্ত জানিল পুরন্দর। বাহ্মণের তুঃখে তুঃখী হইল অন্তর॥ সেই দণ্ডে নিজ বজ্ঞ কৈল নিয়োজন। বিবরের দ্বার মুক্ত হৈল ততক্ষণ ॥ পাতালে উত্তন্ধ গিয়া প্রবেশ করিল। ভ্ৰমিল অনেক স্থানে অনেক দেখিল। চক্র সূধ্য গভায়াত গ্রহ তারাগণ। মাস বর্ষ ষড়ঋতু সবার সদন ॥ অনেক ভ্রমিল দ্বিজ পাতাল ভিতরে। না দেখিল সন্ন্যাসীরে গেল কোথাকারে 🛊 হেনকালে অশ্বরূপে বলে বৈশ্যানর। হে উতঙ্ক ব্রাহ্মণ, আমার বাক্য ধর্ম ওরুজ্ঞানে মোরে তুমি করহ বিশ্বাস। শ্রের হবে মোর গ্রহে করহ বাতাস 🛚 গুৰুনাম শুনি ৰিজ বিলম্ব না কৈল। কিছু না পাইয়া মুখে গুছে ফুক দিল 🛚 গু:হু ফুক দিতে ধুম বাহিরায় মুখে। ধূম-ময় দকল করিল নাগলোকে 💵

প্রলয়ের প্রায় হৈল ঘোর অন্ধকার। বিস্মিত হুইয়া নাগ করিল বিচার 🛮 বাহ্বকি প্রভৃতি যত শ্রেষ্ঠ নাগ্গণ। / कि रुकू रुरेन धूम किछारन कांत्र ॥ চরমুখে রুভান্ত পাইল ততক্ষণ। **उक्रांक को निम्न। वह कत्रिल शर्कान ॥** দেহ শীঘ্ৰ কুণ্ডল ব্ৰাহ্মণ হোক হুখী। এত বলি থিজে তুফী করিল বাহাকি 🛚 কুগুল পাইয়া দ্বিজ গেল অশ্বস্থানে। পুষ্ঠে করি অশ্ব লৈয়া পুইল ব্রাহ্মণে ॥ সপ্তদিন পূর্ণে আসি গুরুর গৃহেতে। দেখে গুরুপত্নী ক্রোধে আছে জল-হাতে 🛚 মুখেতে নিৰ্গত হৈতে ছিল ব্ৰহ্মবাণী। হেনকালে উতঙ্ক দিলেন যুগ্মমণি॥ কুণ্ডল পাইয়া হুট ব্রাহ্মণী হুইল। উতঙ্ক স্কুল কথা গুৰুকে কহিল 🛭 গুরু প্রদক্ষিণ করি করিল গমন।. যথা রাজা জন্মেজয় চলিল ব্রাহ্মণ ॥ ব্রাহ্মণ দেখিয়া রাজা করিল বন্দন। জিজ্ঞাসিল মুনিবরে কেন আগমন ॥ দ্বিজ বলে নূপতি করহ কোন কণ্ম। পিতৃবৈরী না মারিলে নহে পুত্রধর্ম ॥ চণ্ডাল ভক্ষক নাগ বড় ছুরাচার। দংশিল তোমার বাপে বিখ্যাত সংসার 🛚 তাহার উচিত রাজ। করিতে যুয়ায়। সর্পকুল বিনাশিতে করুই উপায়॥ উত্তক্ষ-বচন শুনি রাজা জন্মেজয়। মন্ত্রিগণে জিজ্ঞাসিল মানিয়া বিস্ময় 🛭 কহ সত্য মন্ত্রীগণ ইহার কারণ। ভক্ষক দংশনে হৈন সিংশার মরণ 🛭 ব্ৰহ্মশাপে মরিলেন পিত। হেন জানি। তক্ষক এমন কৈল কভু নাৰ্হি শুনি 🛚 রাজার এমত বাক্য শুনি নক্তীগণ। কহিতে লাগিল-তবে কথা পুরাতন # মহাভারতের কথা অমৃত দমান। কাশীদাস কছে সাধু সদা করে পান 🛭

सन्दर्भ राख्य महाना ।

মন্ত্রিগণ বৃলে রাজা কর অবধান। প্রতাপে তোমার বাপ পাণ্ডব সমান ॥ মুগয়া করিতে রাজা ভ্রমে বনে বন। **এक्দिन रेहन उथा रेनर-निर्क्वस्त** ॥ বিদ্ধিয়া হরিণ রাজা পাছে পাছে ধায়। আচন্দ্ৰিতে ৰিঙ্গ এক দেখিল তথায়॥ কুধায় আকুল রাজা জিজ্ঞাসিল তাঁরে। মৌনী ছিল, কিছু নাহি বলিল রাজারে॥ ক্রোধে মৃতদাপ তাঁর গলে জড়াইল। किছू ना विनन मूनि त्रांका चरत्र रान ॥ শৃঙ্গা নামে ঋষিপুক্ত দিল শাপবাণী। मुख्य फिरम नृत्य परिनादक क्षी॥ পুক্র শাপ দিল পিতা হুঃখিত হইয়া। রাজারে জানায় তবে দৃত পাঠাইয়া 🎚 ৰাৰ্দ্তা পেয়ে করিলেন নৃপতি উপায়। সপ্তম-দিবদ-কথা কহি শুন রায়॥ কাশ্যপ নামেতে মুনি দর্ব্বমন্ত্রে গুণী। ब्राकादत मः भिरव मर्भ ला क्यूर्थ स्थित । বাঁচাইতে এসেছিল হস্তিনা-নগরে। পথে দেখা পাইল তক্ষক বিষধরে॥ নিজ নিজ গুণ পরীক্ষিতে তুইজনে। ভস্ম হ'মে গেল বৃক্ষ তক্ষক-দংশনে ॥ ুপুনরপি কশ্যপ মন্ত্রবলে রাখিল। সে কারণে ধন তারে ফণীবর দিল।। ধন পেয়ে দরিদ্রে ব্রাহ্মণ বাহুড়িল। কপটে ভক্ষক আসি দৃংশন করিল ৷ এত শুনি নূপ জিজাদিল আর্বার। সত্য ক্লহ, শুনিয়া করিব প্রতিকার ॥ কাশ্যপে ভক্ষকে কথা হইল যথন। এ সকল বাৰ্ত্তা শুনিলেক কোনজন॥ মন্ত্রীগণ বলে সর্প যে বৃক্ষ দংশিল। কাৰ্চ হেতু সেই বুক্ষে একজনু ছিল 🛭 ব্রক্ষের সহিত সেই ভন্ন হৈর। গেল। পুনরপি বৃক্ষ সহ জীবন লভিল ৪

আশ্চর্য্য শুনিসু যত কাশ্যপের কথা। মন্ত্রবলে রাখিতে পারিত মোর পিতা॥ দারুণ তক্ষক সর্প তারে ফিরাইল। তক্ষক আমার বৈরী এবে জানা গেল ॥ বিপ্রের বচনে আদি করিল দংশন। কাশ্যপেরে ফিরাইল কিসের কারণ॥ ধন দিয়া করে লোকে পর উপকার। মোর বাপে ধন দিয়া করিল সংহার॥ পুনরপি রাজা কহে শুন মন্ত্রীগণ। সত্য কহিলেক যত উত্তম ব্ৰাহ্মণ॥ উতক্ষের প্রিয় আর মম পিতৃকর্ম। ধ্বংদিব নাগের কুল এই মোর ধর্ম॥ এতেক বলিয়া রাজী আনি পুরোহিত। আর যত দ্বিক্রগণ আনিল স্থরিত ॥ স্বারে কহিল রাজা নিজ প্রয়োজন। মোর পিতৃবৈরী আছে যত দর্পগণ ॥ দর্প বিনাশিতে চেফী হইল আমার। স্বংশে স্কল নাগ করিব সংহার ॥ বিষজালে যেমন পুড়িল মোর বাপ। সেইরূপ অগ্নিতে পোড়াও সব সাপ ॥ বিপ্রগণ বলে রাজা আছয়ে উপায়। দর্প সংহারিতে যজ্ঞ কর কুরুরায়॥ তোমার নামেতে মন্ত্র আছে বেদমতে। তোমা বিনা শক্তি নাহি অন্যের করিতে॥ এত শুনি নরপতি আনন্দিত মন। আজা দিল মন্ত্রিগণে যজের কারণ॥ পাইয়া রাজার আজ্ঞা যত মন্ত্রীগণ। যজ্ঞের যতেক দ্রব্য আনিল তথন ॥ পত্তেতে লিখিল দ্রব্য বলে মন্ত্রীগণে। দেশ-দেশান্তরে হৈতে আসে সর্বজনে **॥** সক্ষল্ল করিল রাজা শান্তের বিধান। শিল্পকারে যজ্ঞকান করিল নির্মাণ ॥ যজকুণ্ড করিল দে শিল্পী বিচক্ষণ। রাজারে ভবিষ্য কথা কৈল নিবেদন ॥ (पिशाम ताका यछ शुर्व ना रहेरव। ব্ৰাহ্মণ হইতে তব সব বিশ্ব হৰে ॥

শুনি নরপতি তবে বলেন দারীগণে।
যক্তকালে আসিতে না দিবে কোনজনে ॥
মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

জনমেজ্যের সপ্যক্ত।

ঘৃত বস্ত্র যব ধান্য কাষ্ঠ রাশি রাশি। আনাইল যজ্ঞ হেচু কত ৰিজ ঋষি॥ হোতা চণ্ড ভার্গব নামেতে দ্বিঙ্গবর। সদাচার ত্রতী দ্বিজ্ঞ আইল বিস্তর ॥ ঋষি দে নারদ ব্যাস মার্কগু পিঙ্গল। উদ্দালক সহ আইল সে দেবল॥ বিপ্রগণ বেদমন্ত্রে জ্বালিল অনল। লইয়া নাগের নাম যুজ্ঞকুণ্ডে ভূলে॥ পর্ব্বতপ্রমাণ অগ্নি দেখে লাগে ভয়। মস্ত্রবলে আসি কুণ্ডে সবে ভন্ম হয়॥ কেহ অশ্ব-উদ্ভ প্রায় কেহ হস্তী প্রায়। কেহ কুষ্ণবৰ্ণ কেহ শুক্লবৰ্ণ কায়॥ জলমধ্যে গর্ভমধ্যে কোটরে প্রবেশে। যজন্বানে টানি আনে বান্ধি মন্ত্রপাশে॥ একশত চুইশত পঞ্চশত শির। পৰ্বত জিনিয়া কার' বিপুল শরীর॥ মস্তকে লাঙ্গুল শিরে জিহ্বা লড়বড়ি। কাতর হইয়া কেহ যায় গড়াগড়ি॥ দবনে নিখাস ছাড়ে হইয়া ব্যাকুল ৰ মহানব্দে গর্ভিজ সবে পড়য়ে অনল । ত্রগন্ধি হইল যত পুরিল সংসার। অন্ত দেখিয়া দবে হইল চমৎকার॥ যখন প্রতিজ্ঞা করিলেন জন্মেজয়ে। ইন্দ্রন্থানে তক্ষক শরণ নিল ভয়ে 🛚 কহিল বুক্তান্ত যত যজের কারণ। ব্দম্মেক্সয় যজ্ঞ করে সর্পের নিধন 🛚 প্রাণভরে শরণ লইল হুরেখরে। ত্রনিয়া অভয় তারে দিল পুরক্ষরে ।

নির্ভয় হইয়া তথা তক্ষক রহিল। এখানে নাগের কুল উৎপন্ন হইল।। যজ্ঞে ভদ্ম হয় যত নাগের সমাজ। চমকিত হইল বাস্থকি নাগরাজ **॥** ভয়েতে কম্পিত তমু মূর্চ্ছ। ঘনে ঘন। ভগিনীরে স্বরিতে করিল নিবেদন ॥ ভ্রাতারে আকুল দেখি কান্দয়ে নাগিনী। পুত্রেরে ভাকিয়া কছে দকরুণ বাণী॥ ভ্রাতৃণণে আমার হইল মাতৃণাপ। সেই হেতু আমারে পাইল তোর বাপ # মম ভাতৃগণ হয় মাতৃল তোমার। এ মহাপ্রলয়ে প্রাণ রাখহ সবার॥ আন্তিক বলিল মাতা কান্দ কি কারণ। যে আজ্ঞা করিবা তাহা করিব এখন॥ क्रत्रश्काती वटन यछ करत्र क्रान्यक्रय । **यञ्चवरल नकल ज्रुज्ज करत्र ऋ**य ॥ মরিছে মাতৃলবংশ করহ উদ্ধার। তোগা বিনা ত্রিভূবনে কেহ নাহি আর॥ আস্তিক বলিল মাতা না কর বিদাদ। এখনি খণ্ডিব আমি নাগের প্রমাদ ॥ বাস্থকিরে বল তুমি হইতে নির্ভয়। এখনি করিব ত্রাণ নাছিক সংশয়॥ মাতুলে নির্ভয় করি চলিল হরিত। জন্মেজয় যজ্ঞশ্বানে হৈল উপনীত॥ প্রবেশ করিতে দারী নাহি দেয় তারে। ক্রোধেতে আন্তিক করে কম্পে ওষ্ঠাধরে 🕻 ব্রাহ্মণ হেলন কর মৃঢ় ছুরাচার। নাহি জান এই হেতু হইবে সংহার॥ আন্তিকের ক্রোধ দেখি দারী কম্পবান্। দ্বার ছাড়ি প্রণমিল হ'য়ে সাবধান॥ তথা হৈতে আন্তিক গেলেন যজ্ঞহান। বেদধ্বনি করি সভা কৈল কম্পমান ॥ সভার ব্রাহ্মণগণে করিল বন্দন। নৃপতিরে বলে তবে আশীষ বচন ॥ মহাভারতের কথা অমৃত-লহরী। কাশীরাম কহে সাধু পিয়ে কর্ণ ভরি 🛭

यक्कशांत चाखित्कत्र शमन।

गरेन पाछिक मूनि, कत्रि गरा (त्रमध्वनि, नृপতिরে করিল কল্যাণ। ্যায়ত চন্দ্ৰবংশ, হেন পুত্ৰ অবতংশ, ক্তৃত্ৰমধ্যে না দেখি সমান॥ দৰ্খেছি শুনেছি কত, যজ্ঞ হৈল শত শত, কারে দিব ইহার তুগনা। का देवन हेट्स यम, কুবের বরুণ দোম আর যত না যায় গণনা ॥ ্ধিষ্ঠির পাণ্ডুপতি, বাস্থদেব মহামতি, খেতবাহু নহুধ যথাতি। ান্ধাতা মরুৎ ভূপ, নানা যুগে প্রতিরূপ, দক্ষিণ সগর দাশরথি॥ কৈুাকু ভরতাত্মজ, রাজা শিবি শিখিধ্বজ, নানা যজ্ঞ করিল বহুল। ক্লছ শত, কেহ ত্রিশ,কেহ ষষ্টি, কেহ বিশ, এক যজ্ঞ নহে সমতুল। কুত্র সহ ব্যাস ঋষি, যাহার সভায় আসি, যজ্ঞ হেতু শিশ্বগণ লৈয়া। বৈশ্বানর হবি খায়, **াকা**ৎ হইয়া যায়, **मिथा याग्र** क्षप्तिक रहिया॥ ধ্য এজনমেজয়, নাহি হবে নাহি হয়, **जून**ना नाहिक ज्रुमखन। धन्रदर्वम यहावीत, ধর্মে যেন যুধিষ্ঠির, কীর্ত্তি ভগীরথ সমতুল ॥ তেজে দূর্য্যপ্রভাষম, রূপে কামদেব যেন, ত্রতাচারী ভীম্মের সমান। ধর্মেতে বাল্মীকৈ মুনি, ক্ষমাতে বশিষ্ঠ গণি বিভবেতে যেন মরুত্বান্ ॥ শান্তিক-বচন শুনি, **জ্ঞােজ্য নৃপম্**ণি মন্ত্ৰিগণে ৰ'লেন বচন ॥ ৰালক বিজের হৃত, কথা কছে বৃদ্ধমত, যত যত পূৰ্বৰ পুরাতন 🛭 যাহা মাগে দিব আমি, গো অন্ন কাঞ্চনভূমি, এ দিজের পুরাইব আশ।

মাগ শিশু যেই মনে, মনোনীত মম স্থানে, এত বলি করিল আশ্বাস॥ **এ**ं छनि हां जांगल, विनन ब्रांकात सांत्न, নহে এই দানের সময়। যজ্ঞ পূর্ণ নাহি করি, ভক্ষক সে পিতৃ-বৈরী, যাবৎ না অনলে ভস্ম হয়॥ শুনি রাজা বলে দ্বিজে,রাখিয়াছ কোনকাঞে, অগুপি সে তক্ষক ভীষণ। ৰিজ বলে নৃপমণি, তক্ষক দারুণ ফণী, (प्रवेतांटक ल'रार्ट्स नेत्र ॥ · শুনি তবে মহাকোপে, দশনে অধর চাপে, বলিল যতেক দ্বিজগণে। ইন্দ্র রাথে মোর অরি,তারে আনিসঙ্গেকরি, তক্ষকেও লও হুতাশনে ॥ মম বৈরী রাখি ধরি, ইন্দ্র লবে বাহাতুরী, সহনে না যায় স্পর্দ্ধা এত। আন সবে মন্ত্রবলে, ভন্ম কর যজানলে, নাশ শীঘ্র পিতৃ বৈরী যত॥ ভূপতির আজ্ঞা পেয়ে, শ্রুবদগু হাতে ল'য়ে, দ্বিজগণ মন্ত্র উচ্চারিল। বিপ্রের মন্ত্রের তেজে, রথে চড়ি দেবরাজে, নাগগণ সঙ্গেতে চলিল॥ .অপ্সরী অপ্সর যত, 👙 বাদ্যগীতে হৈয়া রত, মন্ত্রপাশে হইয়া বন্ধিত। কমলাকান্তের স্বত, হেতৃ স্জনের প্রীত, কাশীরাম দাস বিরচিত ॥

আন্তিক কর্ত্ত দর্প যজ বিল্প।

সূর্য্যমণ্ডলেতে শুনি নৃত্যু গীত-নাদ।

যত যজ্ঞহোতাগণ গণিল প্রমাদ ॥

স্থাতির ক্রোধেতে করিমু কোন্ কাজ।

সর্বনাশ হৈল আজি মরে দেবরাজ॥

এত চিস্তি হোতাগণ করিল বিচার।

ইস্ত ত্যক্তি ভক্ষকে আকর্ষে আরবার।

তক্ষক-প্রত্যয়ে ইস্ত উত্তরিয়ে ভরি। অমুগত-রক্ষা-হেতু আছে কাছে করি ॥ ताथित्व नात्रिम इंख्त कत्रिया यवन । ইন্দ্র হৈতে ছাড়াইল মক্ত্রের বন্ধন॥ আইদে তক্ষক নাগ করিয়া গর্জ্জন। সন্থনে নিশ্বাস খোর করিয়া ক্রন্দন ॥ মৃত্তিমান্ বায়ু যেন ফিরয়ে আকাশে। অবশ হইয়া নাগ অন্তরীকে আদে॥ মাতৃল অনলে পোড়ে আস্তিক জানিল। অন্তরীকে তিষ্ঠ বলি আস্তিক বলিল॥ শক্তৈতে রহিল দর্প আন্তিকের বোলে। তক্ষক সঘনে কাঁপে ব্রহ্মমন্ত্র-বলে॥ আন্তিক বলিল রাজা হও কুপাবান্। আজ্ঞা কর ভুপতি মাগি যে আমি দান॥ রাজা বলে দ্বিজ শিশু বৈদহ সভায়। য। মাগিবে দিব আমি বলেছি ভোমায়॥ যক্তে পূর্ণাহুতি দিব তক্ষক পামর। এইমাত্র মূহর্ত্তেক বিলম্ব আমার ॥ আস্তিক বলিল যদি তক্ষকে পোড়াবে। তবে কিবা মোরে তুমি আর দান দিবে॥ আয়ুশেষে যমে নিল তোমার জনকে। অকারণে অপরাধী করহ তক্ষকে॥ অসংখ্য ভুজঙ্গগণ করিলে সংহার। অহিংদক জনে মার না কর বিচার॥ ৰিতীয় ইন্দের সভা দেখি যে তোমার। নিষেধ না করে কেছ জীবের সংহার॥ আস্তিক বলিল যদি এতেক বচন। রাজারে বলিল তবে যত সভাজন ॥ আপনি বলিল ব্যাস ডাকিয়া রাজারে। প্রবোধ করহ মহারাজ ব্রাহ্মণেরে॥ নিব্বত্ত করহ যজ্ঞ সবে বলে ডাকি। ব্রাহ্মণ-বালকে রাজা না কর অহুখী॥ নিবৰ্ত্ত নিৰ্বৰ্ত ঘলি হৈল মহাধ্বনি। শিষেধ করিল যজ্ঞ ভূপতি আপনি 🛚 ণ্ডনিয়া বাহুকি নাপ হৈল আনন্দিত। নাগলোকে আনন্দ হইল অপ্রমিত ॥

যে কিছু আছিল নাগ একতা হইয়া। পূজা কৈল আন্তিকেরে বহু রত্ন দিয়া॥ পুনঃ জন্মদাতা তুমি নাহিক সংশয়। বর দিব মাগ তুমি যেই মনে লয়॥ पाञ्चिक विनन यपि भरव पिरव वद्र। এই বর মাগি আমি সবার গোচর॥ প্রাতঃ সন্ধ্যাকালে যেই মোর নাম লবে। নাগগণ হ'তে তার ভয় না রহিবে 🛚 আমার চরিত্র যেই করিবে প্রবণ। নাগ হৈতে কত্ব ভীত নহিবে সে জন॥ এ সব নিয়ম যেই করিবে লঞ্জন। সত্য কহি তবে তার নিশ্চয় মরণ॥ ফাটিবেক শির যেন শিরিদের ফল। আন্তিকের বাক্য যেই করিবে নিম্ফল ॥ বর দান করিলাম বলে নাগগণে। নিকটে না যাব কেহ তোমার স্মরণে॥ আদিপর্ব্ব ভারতের নাগ উপাখ্যান। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান্॥

ক্রনমেজয়ের ধর্ম হিংদা।

সোতি বলে তবে পরীক্ষিতের নন্দন।
ডাকিয়া আনিল যত পাত্র-মিত্রগণ॥
স্বারে বলয়ে রাজা করিয়া বিলাপ।
দূর না হইল মম হৃদয়ের তাপ॥
আপনার চিত্তে আমি করিন্দু বিচার।
দিজ বিনা শত্রু মোর কেহ নাহি আর॥
ধর্মশীল তাত মোর জগতে বিগ্যাত।
বিনা অপরাধে শাপ দিলেন নির্ঘাত॥
পিতৃবৈরী বিনাশিতে বহু চেফা ছিল।
তাহে পুনঃ বিজ আদি বাধক হইল॥
শাপেতে মরিল পরীক্ষিত নরবর।
মারিতে রাখিল পুনঃ তক্ষক পামর॥
মোর রাজ্যে বিদয়া এতেক অহকার।
দিলের কুরীতি অলে সহু নহে আর॥

শাধানলৈ মোর অঙ্গ হইছে দহন। ्न यत्न रहा भव योत्रिव खोकां। ॥ ্বৰ্ব কাৰ্দ্তবীৰ্য্য করিলেক ৰিজ-ধ্বংস। ঙ্গর চিরিয়া মারিলেন ভৃগুবংশ ॥ ঐইমত খিজ সব করিব সংহার। । হউক এই সত্য বচন আমার॥ প্রতির বাক্য শুনি সবে স্তব্ধ হৈল। ত্র পাত্র-মিত্রগণ উত্তর না দিল॥ াজা বলে কেহ কেন না দাও উত্তর। ত্ত্রিগণ বলে শুন ওছে নরবর॥ ধ্যম বুঝিয়া বাক্য না আসে মুখেতে। হ দিবেক যুক্তি রাজা বিপ্র বিনাশিতে॥ ্হিলা যে কার্ত্তবীর্য্য মারিল ব্রাহ্মণ। ার সমুচিত দণ্ড বিখ্যাত ভুবন ॥ নুই ভৃগুকুলে জাত রাম ভগবান্। 'জিয়-শোণিতে ক্ষিতি করাইল স্নান॥ 🚾 বলি পৃথিবীতে না রহিল আর। াক্ষণ-ঔরদে পুনঃ হইল সঞ্চার॥ ্চনে হজন্করে বচনে পালন। ংশেকেতে করে ভক্ম যাঁহার নয়ন॥ র্থি সূর্য্য কালদপে আছে প্রতিকার। াক্ষণের ক্রোধে রাজা নাহিক নিস্তার॥ 🛊 क যুক্তি বুদ্ধিতে আইদে নূপবর। উপায় করিয়া বিপ্র-বার্য্য হানি কর॥ **কুশোদকে বিপ্রের পবিত্র হয় অঙ্গ**। হুশ বিনা হইবেক কর্ম্ম লগু ভগু॥ শ্ৰীনতেজ হবে দিজ হ'য়ে কৰ্মাহীন। শশ্চাতে হইবে দগ্ধ ধর্মে হৈলে ফীণ ॥ बाङ। বলে ভাল যুক্তি কৈলে সৰ্ব্বজন। এমতে নাশিব বিজু নিল মম মন N घত বলি নরপতি দূতগণে আনে। শাজ্ঞা করি ডাকিয়া আনিল কোড়াগণে॥ শ্ব কোড়াগণে কহে চতুদ্দিকে যাও। থিবীর যত কুশ খুদিয়া ফেলাও॥ যাক্ষ্যণ বলে রাজা এ নহে বিচার। । নফ করে কুশ বলিবে সংসার ॥

না খুদিলে মরিবেক করিব উপায়।

য়ত ত্র্য় গুড় মধু আনি দেহ তায়।

এই দব দ্বের ঢালিবেক কুশ মূলে।

স্বাদে পিপীলিকা গিয়া খাইবে দকলে॥
পিপীলিকা কুশ মূল কাটিয়া ফেলিবে।
কার্য্যদিদ্ধি হবে হিংদা কেহ না জানিবে॥
শুনিয়া নৃপতি আজ্ঞা দিল তৃতক্ষণ।
চারিভিতে চলিল যতেক দূতগণ॥
রাজ্যে রাজ্যে বার্ত্তা কৈল যত অমুচরে।
মারিল দকল কুশ দেশ-দেশান্তরে॥

মস্তকে বন্দিয়া ভ্রাক্ষণের পদরজ॥
কহে কাশীরাম দাস গদাধরাগ্রজ।

कनरमकरमञ निकरहे व्यारमञ काशमन।

কুশ না মিলিল দ্বিজ হৈল চমৎকার। স্থানে স্থানে বসি সবে করেন বিচার ॥ এইমত করিল জানিল ব্যাসমূনি। নৃপতিরে বুঝাবারে চলিল আপনি। ব্যাসে দেখি আনন্দিত জন্মেজয় রাজা। পাত্য অর্ঘ্য দিয়া ভাঁরে করে বহু পূজা॥ আনন্দিত ব্যাসমূনি বসিয়া আসনে। নৃপতিরে জিজ্ঞাসিল মধুর বচনে॥ বদরিকাশ্রমে শুনিলাম সমাচার। ব্রাহ্মণ-ছিংদন কর কিমত বিচার ॥ সর্ব্বধর্ম্মে বিজ্ঞ তুমি পণ্ডিত হুজন। তবে কেন হেন কর্ম্মে প্রবর্ত্তিলা মন॥ যাঁর ক্রোধে যতুকুল হইল বিধ্বংস। যাঁর ক্রোধে নফ্ট হয় সগরের বংশ।। যাঁর ক্রোধে অনল হইল সর্বভক্ষ্য। যাঁর ক্রোধে ভগাঙ্গ হইল সহস্রাক্ত 🛭 পূর্ব্বেতে যতেক তব পিতামহগগ্ন। বাঁরে সেবি বিজয়ী হইল ত্রিভুবন ॥ হেন জন সহ হিংসা কর কি কারণ। **শুনিয়া বলিল রাজা নিজ নিবেদন #**

বিনা অপরাধে বাপে কৈল ভন্মরাশি। भिज्रेवती मात्रिएं वांधक रेहन पानि ॥ এই হেতু ক্রোধ মনে হতেছে আমার। নিজ হুঃখ নিবেদিসু অগ্রেতে ভোমার ॥ ব্যাসদেব বলে ধৈর্য্য ধর নরপতি। ক্রোধে ধর্ম নাশ করে বিনাশে বিভৃতি ॥ ত্রাহ্মণেরে ক্রোধ রাজা কর অকারণ। ভবিতব্য খণ্ডন না হয় কদাচন ॥ তোমার পিতার জন্ম হইল যথন। গণিয়া কহিল যত শান্ত্রবিদ্জন্॥ নানা যজ্ঞ ধর্ম্ম করিবেন অপ্রমিত। ভুজঙ্গ দংশনে মুক্যু হইবে নিশ্চিত॥ আমার বচনে স্থির হও গুণাধার। পিতা হেতু তুঃখ চিন্তা না করিহ আর ॥ কে খণ্ডাতে পারে রাজা দৈবের নির্বন্ধ। না বুঝিয়া করিতেছ বিপ্র সহ ছল্ব ॥ ব্যাদের মুখেতে রাজা শুনিয়া বচন। ভাবিয়া ত কুশ-হিংসা কৈল নিবারণ ॥ মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান্॥

জনমেজ্যের অখনেধ নঞ্জরন্ত।

রাজা বলে অকারণে করিলাম এত।
কোটি অহিংসক সর্প করিলাম হত॥
এ পাপ নরক হৈতে নাহিক নিস্তার।
কহ মূনি ইহাতে কিমতে হ'ব পার॥
ভাতিবধ করি পূর্বের্ব পিতামহগণ।
অখনেধ করি পাপে হইল মোচন॥
আমিও করিব সেই বাজিমেধ যজ্ঞ।
ভানি নিষেধিল ব্যাস সকল-শাস্ত্রজ্ঞ॥
পারিব না জানি সবে, নিষেধ করিলে।
নিশ্চয় করিব যজ্ঞ, এই কলিকালে॥
মূনি বলে ক্ষম ভূমি সকল কর্ম্মেতে।
বাজিমেধ নহে রাজা এ কলিমুগেতে॥

মাংসঞ্জাদ্ধ সন্ন্যাদ গোমেধ অশ্বমেধ। **(एवत्र हरें एक क्षिर्फ निरम्ध** व्यवश्र कतिव यक्त वरन मश्रीका মোর বিদ্ন করিতে কে আছে ক্ষিতিমাঝ ॥ মুনি বলে কর**হ** যে তব মনে লয়। কিমতে কহিব আমি বেদে নাহি কয়॥ এত বলি মুনিরাজ হৈল অন্তর্জান। ভূপতি কহিল তবে যজের বিধান॥ যজ্ঞ-অশ্ব নিয়োজিল সেনাপতিগণ। বহুদেশ-দেশান্তর করিল ভ্রমণ ॥ সম্পূর্ণ বৎসর অশ্ব পৃথিবী ভ্রমিল। যত রাজগণ বলে জিনিয়া আনিল ॥ যত মুনি দ্বিজগণ ছিল ভূমগুলে। নিমন্ত্রণ করিয়া আনিল যজ্ঞহলে॥ বপুষ্টমা রাণী সহ আছে নৃপবর। অসিপত্র ব্রত আচরিয়া সংবৎসর॥ হইল বৎসর পূর্ণ চৈত্র পূর্ণিমাতে। কাটিয়া তুরঙ্গ রাজা ফেলিল অগ্নিতে॥ দ্বিজগণ বেদশব্দে পুরিল গগন। শূন্যমণ্ডলেতে থাকি দেখে দেবগণ ॥ অখ্যমেধ পূর্ণ হয় কলিযুগ মাঝ। বেদনিন্দা ভয়েতে কম্পিত দেবরাজ॥ কাটামুগু অশ্বের যে আছিল বিশেষ। মায়াবলে ইন্দ্র তাহে করিল প্রবেশ। সভামধ্যে নৃত্যু করে তুরঙ্গের মুগু। দেখিয়া আশ্চর্য্য বড় হৈল সভাখণ্ড॥ রাণীদহ ভূপতি আছয়ে সভামাঝ। নাচে মুণ্ড সভামাঝে পাইলেক লাজ॥ যতেক সভার লোক অধোনুখ হৈল। ব্রাহ্মণ কুমার এক হাসিয়া উঠিল।। পুনঃ পুনঃ তালি মারে হাসে গল গল। দেখিয়া হইল রাজা স্থলন্ত অনল ॥ ব্রাজার সম্মুখে ছিল খড়গ ধরশান। ৰিঙ্গপুক্তে কাটিয়া করিল ছুই খান 🛚 हाहाकात्र भक् रेहल यस्क्रत्र भानाग्र। চতুৰ্দ্দিকে বিজ্ঞাপ পলাইয়া যায় 🛚

ভ্রম্মাতী মহাপাপী এই ছুরাচার।
দেখিলে হইবে পাপ বদন ইহার॥
যতদূর পর্যস্ত ইহার অধিকার।
ততদূর থিজের বসতি নহে আর॥
অখনেধ যত্ত নাম করিয়া আনিল।
ভ্রাক্ষণের মাংস খায় এবে জানা গেল॥
দাও ফেলি এর দ্রব্য যে আছ যথায়।
ভ্রাক্ষণঘাতীর মুখ দেখা অনুচত ।
রাজ্যণ যথা তথা গেল চতুর্ভিত॥
বিজ্প ক্ষল্র বৈশ্য শৃদ্র ছিল যত জন।
দবে গেল একা মাত্র রহিল রাজন্॥
মহাভারতের কথা অমুতের ধার।
হালীরাম দাস কহে তরিবে সংসার॥

क्रमायक्रमारक जात्रज अवस्य वार्मात्र डेल्स्स्य । **অন্ত**র্য্যামী সর্ববজ্ঞ শ্রীপরাশর মুনি। বুৰ্বনা না যায় যিনি অপ্ৰমিত গুণী॥ ্ৰত্যবতী হৃদয়ানন্দন মুনি ব্যাস । ীার মুখচন্দ্রে তিন ভুবন প্রকাশ ॥ কনক-পিঙ্গল-জ্বটা-বিরাজ্ঞিত শির। **ক্লফঅঙ্গ শোভে যেন তরিতে মুনির**॥ **অশ্বর দম্ব**রি যে ভারত রাখি কাঁথে। শুক্ষিণ বামেতে পাছে মুনি লাখে লাখে॥ লানিয়া রাজার কফ সদয় হৃদয়। ষ্টপনীত সেখানে যেখানে জনমেজয়॥ ,**মধোমুখে আছে রাজা হ'য়ে** শোকাবেশ। ্ব্যাস দেখি লজ্জাবান হইল বিশেষ॥ ্রিনি বলে অভিযান ত্যজ নরপতি। নাক্য না শুনিয়া তব হইল এ গতি॥ ন্যানের কনে রাজা পাইয়া আখাদ। চরণে পড়িয়া কহে গদগদ ভাষ॥ নিশিত আমার মত নাহি এ সংসারে। ্তামার বচন নাহি শুনি প্রহল্পরে॥

তার সমূচিত ফল শীঘ্র পাইলাম। ত্বস্তর নরকসিন্ধু মধ্যে পড়িলাম ॥ কুপা করি মুনিরাজ পড়িসু চরণে। তোমাবিনা তারে মোরে নাহি অন্যজনে ॥ তাজিল আমারে ভ্রাতা মন্ত্রী যত জন। ত্যজিল যতেক দ্বিজ পুরোহিতগণ ॥ পাপী ব'লে কেহ মোর নিকটে না আদে 🕒 আপনি আইলা কুপা করি স্লেহবণে ॥ আজ্ঞা কর মুনিরাজ কি করি এখন। পাপদিন্ধু হৈতে মোরে করহ তারণ 🕸 মুনি বলে চিত্তে হুঃখ না ভাবিহ আর 🕫 হইবে নিষ্পাপ ধর বচন আমার॥ ব্ৰহ্মবধ আদি পাপ সব হবে ক্ষয়। অশ্বমেধ ফল পাবে নাছিক সংশয়। এক লক্ষ শ্লোক মহাভারত কাহিনী ! 😎চি হ'য়ে একমনে শুন নৃপমণি ॥ পাপ তাপ খণ্ডিবেক নাহিক সংশ্য় ৷ আমার বচনে যদি করহ প্রত্যয় 🗓 কুষ্ণবর্ণ চন্দ্রাতপ বান্ধহ উপর। তার তলে ভারত শুনহ নূপবর॥ মহাভারতের কথা কীর্ত্তন করিতে। কুষ্ণবৰ্ণ ত্যজি শুক্ল হইবে নিশ্চিতে॥ মহাপুণ্য যত কথা সর্বশাস্ত্র সার। করহ প্রবন মুক্ত হবে নরবর॥ এত শুনি জম্মেজয় আনন্দ-হদয়। ধরিল মুনির পায় করিয়া বিনয়॥ কুপা করি যদি মোরে কহ এইমত। আপনি শুনাও মোরে শ্রীমহাভারত 🛭 মুনি বলে ভারতের কথন বিস্তার। কহিবারে অবদর নাহিক আমার। মুনিশ্রেষ্ঠ শিষ্যশ্রেষ্ঠ এই তপোধন। ভারতে আমার সম শ্রীবৈশম্পায়ন॥ ইনি শুনাইবেন মহাভারত আখ্যান। যে আজ্ঞা বলিয়া রাজ্ঞা করেন সম্মান ॥ এত বলি মুনিরাজ গেলা নিজ স্থান। **জ্রীবৈশাম্পায়নে বলে বর্ণিতে পুরাণ** !!

দানকাদি মুনি সূতপুত্রে ব্রিজ্ঞাসিল। দান্তিকের উপাখ্যান সকল কহিল। म्याभाषि मूनि ছिन यटकद महरन। কেন্ কোন্ প্রদঙ্গ করিল দেই স্থানে ॥ কান হেতু আমার প্রপিতামহগণ। চাই ভাই যুদ্ধ করি হইল নিধন॥ মাপনি আছিলে ভূমি দে সব সময়। ত্ত্বে কেন বিবাদে হইল সব ক্ষয় n ন্যাদ বলিলেন তাহা কহিতে বিস্তার। শুনিবারে ইচ্ছা যদি হইল তোমার॥ দ্ৰক্ত আমার শিষ্য শ্রীবৈশম্পয়ান। এ সব কথায় ইনি বড় বিচক্ষণ॥ যাহা জিজ্ঞাসিবে তাহে কহিবে সকল। এত বলি গেলা ব্যাস আপনার স্থল ॥ তবে শ্রীজনমেজয় ব্যাদের বচনে। কুষ্ণবর্ণ চন্দ্রাতপ করে ততক্ষণে॥ তার তলে বসি রাজা সহ মন্ত্রীগণ। চারি জাতি নগরের শ্রেষ্ঠ যতজন॥ নান। রত্ন দিয়া মুনিরাজে কৈল পূজা। বিনয়-বচনে তু**ৰ জিজ্ঞাসিল রাজা** ॥ ্রহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান॥ তবে শ্রীজনমেজয় মুনিরে লইয়া। জিজাদিল পুণ্যকথা বিনয় করিয়া॥ জগতে বিখ্যাত যে বৈশম্পায়ন মুনি। কহিতে লাগিল তত্ত্ব ভারত কাহিনী 🛭 প্রথমে বন্দিল গুরু ব্যাদ মহামুনি। যাঁহার রচিত গ্রন্থ ভারত-কাহিনী॥ খণ্ডয়ে অশেষ পাপ যাহার ভাবণে। দকল যজের ফল পায় ততক্ষণে॥ বৈশ্য শূদ্ৰ শুনিলে খগুয়ে সব ছুঃখ। অপ্ত্ৰক শুনিলে দেখয়ে পুত্ৰমুখ ৷ ^{বাজভয়}, শক্রভয়, পথিভয়, আদি। বিবিধ হুর্গতি খণ্ডে আরু যত বিধি ॥ মোকশান্ত্র বলি যেই ব্যাদের রচিত। मण्भूर्व मकन द्राम कदिन वर्गिङ ॥

ইহার শ্রবণে বত হৃথ লভে নর।
তার সম ফল নাহি স্বর্গের উপর ।
ইহলোকে আয়ুর্যশ অন্তে স্বর্গে বায়।
ধর্ম অর্থ কাম মোক্ষ চতুর্বর্গ পায়।

মহাভারত-কথারম্ভ।

সৌতি বলে শুন সবে অদ্ভূত কথন। যজ্ঞহানে ব্যাস মুনি আইল যখন॥ ব্যাস দেখি আনন্দিত জ্বশ্যেজয় রাজা। পান্ত অর্ঘ্য দিখা তাঁরে করিলেন পূজা॥ আমারে বলহ মুনি ইহার কারণ। চিরদিন শুনিতে উৎস্ক মম মন॥ 🤏চি হৈয়া মন দিয়া যে জন শুনয়। ব্যাসের বচন ইথে নাহিক সংশয়॥ এক লক্ষ শ্লোকে এই ভারত নির্মাণ। নান। ধর্ম পরিপূর্ণ বিচিত্র আখ্যান ॥ হরি হরি শব্দ করি শুন একচিতে। প্রথমেতে স্বাকার রক্ষা যেই মতে॥ পৃথিবীর মধ্যে ক্ষত্র হইল অপার। মহামত্ত হৈয়া দবে করে কদাচার॥ লোকহিংদা দহিতে না পারি জনার্দ্দন। ভূগুবংশে অবতার হ'লেন তখন॥ করেতে কুঠার জমদগ্রির কুমার। নিঃক্ষত্র করিল ক্ষিতি তিন সপ্তবার॥ ক্ষজ্ঞ বলি ক্ষিতিমধ্যে না রাখিল নাম। মারিল হুগ্নের শিশু কক্ত যার নাম॥ ব্রাহ্মণেরে রাজ্য দিয়া গেল তপোধন 😲 বিপ্রগৃহে প্রবেশিল ক্ষণ্ডিয়-স্ত্রীগণ ॥ রাজকর্মে বিপ্রগণে সম্ভব না হয়। ক্ষত্ৰগৰ্ভে বিপ্ৰকাত হইল তনয়॥ কজ-স্ত্রীতে বিপ্রবীর্য্যে হইল কুমার। পুনঃ ক্ষিতিমধ্যে হৈল ক্ষত্রিয় প্রচার ॥ নিষ্পাপ হইল সবে পরম ধার্ম্মক। ধৰ্ম্মেতে বাড়িল বংশ হইল অধিক 💰

ধর্মেতে করিল সবে প্রজার পালন। রাজ্যেতে নাহিক আর অকাল মরণ॥ নিজ নিজ বৃত্তিতে করেন সবে কর্ম। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্রের যে ধর্ম। পাপের প্রদঙ্গ নাহি ধর্ম্মেতে তৎপর। সাগর অবধি ক্ষিতি পূর্ণ হৈল নর । স্বর্গের বৈভবপূর্ণ হৈল কিভিমাঝ। **রাজগণ হইল দ্বিতীয় দেবরাজ।** এত দেখি যতেক দানব দৈত্যগণ। দেব হৈতে পরাভব হইল যথন॥ স্থভোগস্থান ক্ষিতি দেখি মনোরম। ভোগের কারণে নিল মনুষ্য-জনম॥ জন্মিয়া পৃথিবী মধ্যে হইল প্রবল। তপ, জপ, যজ্ঞ, দান হিংদিল সকল॥ হিংসকের ভার ধরা সহিতে না পারে। দণ্ডবৎ করে গিয়া ব্রহ্মার গোচরে ॥ ক্ষিতির রোদন দেখি দেব প্রজাপতি। জানিয়া সকল তত্ত্ব সান্তাইল ক্ষিতি॥ না কর ক্রন্সন তুমি স্থির কর মন। উপায়ে তোমার কার্য্য করিব সাধন॥ তোমার কারণে আমি সব দেবগণে। নররূপে জন্মাইব অহ্রর-নিধনে ॥ এত বলি পৃথিবীকে করিল মেলানি। দেবগণ লৈয়া যুক্তি করে পদ্মযোনি ॥ প্রবল অহারগণে হৈল ক্ষিতিভার। হরি বিনা কার শক্তি করিতে সংহার ॥ চল সবে ইহা জানাইব নারায়ণে। এত বলি ব্রহ্মা সহ যত দেবগণে॥ উৰ্দ্ধবাহ্ন করি স্তুতি করে প্রজাপতি। কুপা কর নারায়ণ অনাথের গতি॥ সর্ববৃত্বত আত্মা তুমি সবার জীবন। ভোমার আজ্ঞায় সৃষ্টি হইল স্কুবন ॥ ছেন স্থান্তি নাশ করে দানব প্রবল। তোমা বিনা রক্ষা নাহি মজিল সকল ॥ কাতর হইয়া ব্রহ্মা করিলেন স্তুতি। করিলেন ব্দসুজ্ঞা কুপায় লক্ষীপতি 🛚

তোমার বচনে ব্রহ্মা হ'ব অবতার।
আপনি থণ্ডিব আমি পৃথিবীর ভার॥
নিজ নিজ অংশ লইয়া যত দেবগণ।
সবে জন্ম লও গিয়া মন্তুষ্য-স্থুবন॥
এতেক আকাশবাণী শুনি প্রজাপতি।
ততক্ষণে আজ্ঞা দিল দেবগণ প্রতি॥
দেবতা গন্ধর্বে আর যত বিভাধরে।
সবে জন্ম লও গিয়া আজ্ঞা অনুসারে॥
ব্রহ্মার আদেশ পেয়ে যত দেবগণ।
অবনীর মাঝে গিয়া জন্মিল তথন॥
বলেন বৈশাম্পারনে কহ মুনিবর।
কোন্ জন দৈত্য আর কোন্ জন নর॥
মুনি বলে শুন পরীক্ষিতের নন্দন।
যেরূপে হইল শুন স্তি-প্রকরণ॥

व्यक्ति दश्य विवद्यव ।

ব্ৰহ্মার মানদ পুক্র হৈল ছয়জন। ছয়জন হৈতে শুন জন্মে ত্রিভূষন॥ মরীচি ব্রহ্মার পুত্র ত্রিজগতে জানি। তাঁর পুত্র হইল কাশ্যপ মহাযুনি॥ তের কণ্ঠা দক্ষের বিবাহ করে মুনি। তা সবার নাম শুন প্রত্যেক বাথানি॥ অদিতি, কপিলা, দমু, কদ্রু, মুনি, ক্রোধা। দনায় সিংহিক। কালা দিতি আর প্রধা॥ বিশ্বা আর বিনতা যে তের জন গণি i তের জনে যত জন্মে শুন নৃপমণি॥ অদিতির গর্ভে হৈল আদিত্য বাদশ। যাঁর কিরণে এই প্রকাশে দিবস 🛭 যম, মিত্র, অংশ, ভগ, বরুণ, অর্য্যা। ত্বটা, বিষ্ণু, বিবস্বান্, সবিতা, শক্তনামা॥ ইত্যাদি অদিতি পুত্র হৈল বহুতর। সকল পুত্রের শ্রেষ্ঠ হৈল পুরন্দর । দিতি ছুই পুক্র হিরণ্যাক, হিরণ্যক। দেবের পরম শক্ত, প্রতাপে পাবক 🛭

রণ্যক-পুক্র তবে হৈল পঞ্চজন। ধান প্রহলাদ পুত্র ত্রৈলোক্যপাবন ॥ ন পুত্র হৈল তাঁর মহাধসুর্দ্ধর। রোচন, কুন্ত আর নিকৃত্ত স্থন্দর॥ রোচনের পুত্র হৈল বলি মহাশয়। ার পুদ্র বাণ বীর ভুবনে হুর্জ্জয় ॥ চাকাল নাম তার শিবের কিন্ধর। ্ত্রেক ভুজেতে ভূষিত কলেবর॥ চুর নন্দন হইল দানব সকল। চুক্তিংশং পুক্র হইল বলে মহাবল। প্রচিত্তি সম্বর পুলোমা মক্তকেশী। বংবিধ বহুনাম দানবেতে ঘোষি॥ হা সবাকার পুত্র পৌত্র কোটি কোটি। ৰ্গ মৰ্ত্ত্য পাতালে দানৰদল কোটি॥ াহু নামে এক পুত্র সিংহিকা-উদরে। ক্রে কাটি ছুই অঙ্গ কৈল চক্রধারে॥ নায়ুর চারি পু**ত্র হইলে**ক ক্রমে। চানহ বিখ্যাত বল বীর রুত্র নামে॥ চালার নন্দন হৈল কালকেতৃগণ। দবের অবধ্য তারা বিখ্যাত ভুবন ॥ াজির নন্দন হইল অনন্ত বাহাকি। ইত্যাদি কদ্রু**র পুত্র সহত্রেক লিখি**॥ ছিমুরস্তা আকীরাদি বিশ্বার ছুহিতা। প্রধানা নন্দিনীগণ জগতে বিদিতা ॥ ্চলস্থা, মিশ্রাকেশী, রস্তা, তিলোতমা। টবাহু, হুব্রত আদি লোকে **অসুপ**মা। াহা হুহু নামে পুক্র গন্ধর্বের রাজা। দিপিলার পুত্রগণে সবে করে পূজা॥ রাক্ষণ অমৃত গৰী কপিলা উদ্বে। াহার মহিমা গুণ বিখ্যাত সংসারে॥ চত্ররথ আর যত অপ্সর কিন্নরে। **মাশ্রপ কপিল পুক্র ক্রোধার উদরে ॥** য়নির উদরে জন্মে সাভ্যকি যে মুনি। দগংজননী এই তের দাকায়ণী ॥ মঙ্গিরা ভ্রহ্মার পুত্র ভাঁর তিন হৃত। াহস্পতি, উত্তথ্য, সম্বৰ্ত গুণযুত 🛚

पामिश्व ।

পোলস্ত্য মুনির পুক্র বিখ্যাত সংসারে। বিশ্বপ্রবা পুত্র তাঁর সর্ববণ্ডণ ধরে॥ কুবেরাদি যক্ষ যত তাঁহার নন্দন। রাক্ষস, রাবণ, কুম্ভকর্ণ, বিভীষণ॥ অত্রির নন্দন হৈল অনেক ত্রাহ্মণ। ক্রতুর নন্দন হৈল যজ্জের কারণ॥ ব্রক্ষার দক্ষিণাঙ্গুষ্ঠে দক্ষ প্রজাপতি। পঞ্চাশৎ কন্য। ভাঁর হইল উৎপত্তি॥ ব্রহ্মার দক্ষিণ হত্তে ধর্ম মহাশয়। দশ কতা দক্ষের করিল পরিণয়॥ কীতি, লক্ষী, ধৃতি,মেধা, পুষ্টি,শ্ৰন্ধা,ক্ৰিয়া। বুদ্ধি, লজ্জা, মতি, এই দশ ধর্মপ্রিয়া॥ তিন পুত্র ধর্ম্মের শুনহ তার নাম। সর্বব ঘটে স্থিতি ভারা শম, হর্ষ, কাম ॥ কামের বনিতা রতি প্রাপ্তি পতি শম। হর্ষের বনিতা নন্দা এই তার ক্রম॥ অখিন্যাদি কন্সা সপ্তবিংশ দাক্ষায়ণী। বিবাহ কারণ চল্ডে দিল দক্ষমূনি॥ ব্ৰহ্মার তনয় মৃত্যু বিখ্যাত স্থুবন। প্রজাপতি নামে তার জিঘাল নন্দন॥ ্দেই প্ৰজাপতি পুল্ৰ বহু অফ্টজন। বস্থর নন্দন হৈল দেব ভ্তাশন ॥ যত কহিলাম পূর্বের সৃষ্টির সঞ্চার। প্রত্যক্ষে শুনহ তবে নাম সবাকার ॥ দানব-প্রধান বিপ্রচিত্তি মহাতেজ।। জরাসন্ধ নামে হৈল মগধের রাজা॥ ছিরণ্যকশিপু নামে দৈত্যের প্রধান। শিশুপাল হৈল সেই মহাবলবান # भना (म हरेन भृद्धि श्रद्धाम (य छिन। । অহলাদ আদি মর্ত্ত্যে ধ্রক্টকেতু ৈ 🔊 ॥ বাস্কল আসিয়া হৈল ভগদত নাম। कालतिमि रेहल कः स मधुत्राध धाम ॥ শরভ নামেতে দৈত্য পৌরব হইল। উএসেন নামেতে গরিষ্ঠ নাম দিল দীৰ্ঘজ্ঞা নামে দৈত্য নাম কাশীরাজা। ষ্ণিমান্ নামে বুত্তাহ্বর মহাতেক। ।

कांनरककू नारम यक हिल मध्यापर्य । হরিদশ হৈল রুক্মী ভীম্মক-ঔরদে॥ কীচক কলিঙ্গ বুষদেন মহাবলে। কালকৈতুগণ আসি জন্মিল ভূতলে॥ বুহস্পতি অংশে হৈল দ্রোণ মহাশয়। বশিষ্ঠের শাপে বহু গঙ্গার তনয় ম রুদ্রে অংশে কুপাচার্য্য অজর অমর। <mark>বস্থ-অংশে সা</mark>ত্যকি ক্রুপদ নৃপবর ॥ কুতবর্মা বিরাট গন্ধর্বে অংশে জন্ম। ধর্মা অংশ হৈতে হৈল বিত্রুরের জন্ম॥ ধর্ম অংশে জন্মিলেন যুধিষ্ঠির রাজা ; বায়ু অংশে জন্মিলেন ভীম মহাতেজা॥ দেবরাজ অংশে জন্ম নিল ধনঞ্জয়। **অশ্বিনীকুমার হৈতে মাদ্রীর ত**নয়। চক্র আসি হৈল অভিমন্ত্যু মহাবীর। কাম হৈতে প্রহ্নান্ন বিখ্যাত যতুরীর ॥ বহুদেবে দয়া করি দয়াময় হরি। তাঁর গৃহে জন্মিল। গোলোক পরিহরি॥ শেষ অংশে জন্ম লৈল রোহিণী নন্দন। দ্রৌপদী জন্মিল আসি সবার নিধন ॥ দর্বজ্যেষ্ঠ হুর্য্যোধন যুযুৎস্থ তৎপর। ত্বঃশাসন ত্বঃসল ত্বঃশীল বীরগণ ॥ প্রথম ছুমু খ তথা বিবিংশতি বীর 🖈 বিকর্ণ শ্রীজরাসন্ধ হুলোচন ধার॥ বিন্দ, অসুবিন্দ, শ্রীত্র্র্রর প্রবাহক। ছুম্প্ৰাৰ্থ, ছুৰ্ম্ম্ৰণ, দ্বিতীয় ছুম্মু থ 🛚 ছুক্ষর্ণ আর যে কর্ণ চিত্র তার পর। উপচিত্র পরেতে চিত্রাক্ষ নামধর॥ চিত্রাঙ্গদ তুর্মদ জানহ অনন্তর। ফুষ্ট্রহর্ বিবিৎস্ক, বিকট তৎপর॥ ঊর্ণনাভ, পদ্মনাভ, নন্দ নামধর। **উপানন্দ** সেনাপতি হুষেন কুণ্ডীর ॥ মহোদর চিত্রবান্থ চিত্রবর্ণ্মা ধীর। স্থবর্গমা ছর্বিবরোচন অম্ববাহ্ন বীর 🛭 মহাবাহু চিত্রতাপ নামে স্কুমার। ভীমবেগ ভীমবল বলাকী তৎপর 🛭

শ্রীভীমবিক্রম উগ্রায়ুধ ভীমশর। কনকায় তথা দৃঢ়ায়ুধ ভারপর॥ দৃঢ়কর্মা দৃঢ়কেত্র দোমকীর্ত্তি বীর॥ অনুদর জরাসন্ধ দৃঢ়সন্ধ ধীর 🛚 সত্যসন্ধ সহস্রাক্ষ উত্রপ্রবা খ্যাত। উত্রদেন ক্বেত্রমূর্ত্তি শ্রীব্রপরাজিতা 🛭 স্থবর্চা আদিত্যকৈতু বহুবাশী অপর। নাগদত অমুযায়ী কবচী তৎপর॥ জানহ নিষঙ্গী সঙ্গী আর দগুধার। ধসুত্রহ উত্র তথা ভীমরথ আর ॥ বীর বীরবান্থ অলোলুপ নামধেয়। অভয় আশু রৌদ্রকর্মা দৃঢ়রথ জেয়॥ অনাধ্যী কুণ্ডভেনী বিরোধী তৎপর। স্থদীর্ঘলোচন বীরবাহু অনন্তর ॥ মহাবাহু ব্যুঢ়োক যে তাহার অং 🚌 জানহ কনকাঙ্গদ পরেতে কুগুজ 🖟 চিত্রক শ্রীপুরুমিত্র করণ তৎপর। আর সত্যত্রত এই শত সহোদর॥ বৈশ্যপুত্র যুযুৎস্থ দে হয় শতোপরি। এক। সহোদরা মাত্র তুঃশলা স্তব্দরী। জ্যেষ্ঠ অনুক্রমে করিলাম এ রচন। ভারতে যেমন আছে ব্যাদের বচন॥ শত এক হৃত ধৃতরাষ্ট্রের হইল। क्रुःभानाद्र क्युप्तथ विवाह क्रिन ॥ অংশ অবতার কথা প্রত্যক্ষে প্রকাশ। বিরচিত পাঁচালী প্রবন্ধে কাশীদাস ॥

শকুন্তলা উপাথ্যান।

মুনি বলিলেন শুন রাজা জন্মেজয়।
ভরতবংশের কথা শুন মহাশয়।
তুখন্ত নামেতে রাজা জগতে বিদিত।
তাঁহার মহিমা-কথা না হয় বর্ণিত।
সংসারে আসিয়া বহুদ্ধরা ভোগ করে।
ধর্মেন্টে পৃথিবী পালে চুক্টেরে সংহারে।

মহাভারত



পৃষ্ঠা—৬০]

াপরাক্রমী রাজা রূপগুণবস্ত। থিবীতে একছত্র করিল হুগ্মন্ত । গয়াতে বড় রত ম**হাধসুর্দ্ধর**। চায়। করিতে গেল বনের ভিতর ॥ ।স্তী হয় পদাতিক না যায় গণন। ীসেন্সে বেড়িল রাজা এক মহাবন॥ নংহ ব্যাত্র ভল্লক বরাহ মূগগণ। মনেক মারিল রাজা না যায় গণন ॥ তেক রাজার দৈত্য মারি মুগ্চয়। াকটে পুরিল কেহ ক্ষক্ষে করি লয়। কান কোন জন তথা খায় পোড়াইয়া। মার এক বনে গেল সে বন ছাড়িয়া॥ হরণ্য নামেতে বন অতি মনোরম। চত্রবন দ্যান দে মুনির আশুষ ॥ ানাজিত বৃক্ষ তথা ফুল ফল ধরে। hনাজাতি পক্ষী তথা কলরব করে॥ াধুচক্র ডালে ডালে **আছে তরুগণে**। াায়ুতে**জে পুষ্পবৃষ্টি হয় অনুক্ষণে ॥** ানে পক্ষিগণ তথা সদা ক্রীড়া করে। াগীকে না করে ভক্ষ্য মুনিরাজ ডরে 🌡 নির আশ্রম বুঝি চুল্মন্ত নৃপতি। াকিয়া বলেন রাজা সৈহাগণ প্রতি॥ মিমিহোত্র ধূম গিয়া পরশে গগন। ব্রহ্মার বদনে যেন মন্ত্র-উচ্চারণ ॥ নি সম্ভাষি আমি না আসি যতক্ষণ। াইখানে তাবৎ থাকহ সর্ববজন 🛭 াত বলি নরপতি পুরোহিত লৈয়া। 📭 খের আত্রামে তবে প্রবেশিল গিয়া॥ ^{শ্রবেশ} করিল গিয়া যুনি **অন্তঃপুরে**। দ্বিল যে কথ নাই চিন্তে নূপবরে॥ रनकारन भक्खना मूनित निक्नी। াতি অর্থ্য দিয়। তুষ্ট কৈল নূপমণি॥ বিয়া কন্মার রূপ ভূপতি মোহিত। জ্ঞাদিল কন্সা প্রতি কামে হতটিত॥ মন্ত ভূপতি আমি শুন স্থবদনি। থ। ভাইলাম ভামি ভেটিবারে মুমি॥

কোথায় গেলেন ভিনি কহত' হৃষ্ণরি। তুমি বা কাহার কম্মা কহ সত্য করি ॥ কম্মা বলে পিতা গেল ফলের কারণ। মুহূর্তেকে রহ হেথা আসিবে এখন॥ মুনির নিশ্দনী আমি 💝ন নরবর। এত শুনি নরপতি করিল উত্তর 🛭 তোমার সদৃশ রূপ কোথাও না দেখি। মুনি কন্যা সত্য তুমি কহ শশিমুখি॥ পরম তপস্বী মুনি ফলমূলাহারী। দারাত্যাগী **জিতে**চ্দ্রিয় যতী ব্র**ন্ধ**চারী ॥ তাঁহার তনয়। তুমি হইলে কিমতে। কহ সত্য হ্রবদনি আমার সাক্ষাতে॥ কন্সা বলে শুন মম জন্মের কাহিনী। যেমতে হইন্মু আমি মুনির নন্দিনী॥ বিশ্বামিত্র মুনি জ্বান বিখ্যাত সংসারে। চিরদিন তপস্থা করেন অনাহারে॥ তাঁর তপ দেখি কম্পবান্ পুরন্দর। আমার ইন্দ্রত্ব লবে এই মুনিবর 🛭 সর্ব্ব দেবগণ মিলি ভাবে নিরম্ভর। মেনকারে ভাকি বলে দেব পুরন্দর॥ রূপে গুণে তব তুল্য নাহি ত্রিত্মবনে। মম কার্য্য সিদ্ধ কর আপনার গুণে॥ শুনিয়া মেনকা অতি বিহধ্ন-বদন। যোড়হাত করি ইন্দ্রে করে নিবেদন॥ সংসারে বিখ্যাত বিশ্বামিত্র মহাঋষি। মহাতেজ। ক্রোধী সেই পরম তপদ্বী॥ বশিষ্ঠের শত পুত্র প্রকারে মারিল। ক্ষত্ৰকেত্ৰে জিমা ভবু,ব্ৰাহ্মণ হইল 🛚 কৌশিকী নামেতে নদী আক্ষতে স্ঞ্জিল। সহজাঙ্গে ব্যাধি করি পুনঃ মৃক্ত কৈল 🛚 দ্বিতীয় করিল সৃষ্টি বিখ্যাত জগতে। আপুনি করহ ভয় যাঁহার তপেতে। তাঁর তপ নষ্ট করে হেন কে:নজন। কর্মানা হইবে হবে আমার মরণ 🛭 অগ্নি-সূর্য্যতে**জ** যাঁর যুগল নয়নে। তাহার তপস্থা ভঙ্গ করে কোনজনে 🛭

তোমার বচন আমি লজ্মিতে না পারি। তৰ কাৰ্য্য সিদ্ধ হ'ক বাঁচি কিংবা মরি॥ কামদেব ৰায়ু দেহ আমার সহায়। তবে যেই মতে হয় করিব উপায়॥ ইন্দ্র আজ্ঞা কৈল দঙ্গে যাহ গুইজন। দেবরাজ-আজ্ঞা পেয়ে চলিল তখন॥ **হেমন্ত পর্ব্বতে**র নিকটে যুনিবর। মুনি দেখি মেনকার কাঁপিল অন্তর॥ অতিশয় স্তবেশা হইয়া বিস্তাধরী। মুনির নিকটে ক্রীড়া করে মায়া করি॥ হেনকালে বায়ু বহে অতি খরতর। উড়াইয়া বস্ত্র তার ফেলিল অন্তর॥ আন্তে ব্যাস্তে মেনকা উঠিয়া বস্ত্র ধরে। বিবিধ প্রকারে পবনের নিন্দ। করে॥ এ সকল কৌতুক দেখিল মুনিবর। শরীরেতে ভেদিল কামের পঞ্চশর॥ মেনকা ধরিয়া মুনি নিল নিজ দেশ। কামে মত্ত নিত্য করে শৃঙ্গার বিশেষ॥ হেনমতে বহুদিন গেল ক্রীড়ারদে। তপ জ্বপ সকল তাজিল কামবশে॥ একদিন সন্ধা হেতু বিশ্বামিত মূনি। মেনকারে ডাকি বলে জল দেহ আনি॥ শুনিয়া মেনকা আসি বলিল বচন। এত দিনে ভাল সন্ধ্যা হইল স্মরণ॥ এত শুনি মুনি হৈল কুপিত অন্তর। দেখিয়া মেনকা ভয়ে পলায় সত্তর॥ হ'য়েছিল যেই গর্ভ মুনির ঔরদে। অরণ্যে প্রদব করি গেল্প নিজ দেশে॥ মুনিতপ নম্ট করি গেল নিজ স্থানে। আমারে ফেলিয়া গেল বিজন কাননে ॥ সিংহ ব্যাত্র পশুগণ হিংসা নাহি করে। পক্ষিগণ বেড়িয়া যে রহিল আমারে 🛚 তপস্থা করিতে গেল মুনি সেই বনে। অনাথা দেখিয়া তাঁর দয়া হৈল মনে 🖠 গৃহে আনি পালন করিল মুনিবর। তেঁই আমি তাঁর কন্যা শুন দশুধর॥

শকুনে বেড়িয়া ছিল নিকুঞ্জকাননে। শকুন্তলা নাম মুনি রাখে তেকারণে॥ আদিপর্ব্বে দিব্য শকুন্তলা-উপাখ্যান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

ত্মস্ত রাজার পথিত শকুস্তলার বিবাহ

রাজা বলে কন্সা তুমি পরমাস্থন্দরী। রাজযোগ্য ধনি তুমি হও মোর নারী॥ ং গাছের বাকল ত্যজি পর পট্রাস। রত্ন অলঙ্কার পের যেই অভিলাষ ॥ এত শুনি লফ্জিতা হইয়া শকুন্তলা। মূহভাষে ভূপতিরে কহিতে লাগিলা॥ শুন রাজা আমি করিলাম অঙ্গীকার। পিত। আদি সম্প্রদান করিবে আমার ॥ রাজা বলে মুনিবর বিলম্বে আসিবে। कर्पक विनम्न देश्यन मम मृत्रु इरव ॥ বেদোক্ত বিবাহ হয় অন্টম প্রকার। গান্ধর্বব বিবাহ লিখে ক্ষত্রিয়-আচার ৷ আপনি বিবাহ কর যত্তপি আমারে। মুনির বচনে দোষ না হবে তোমারে॥ বেদ্ধের বিহিত যথ। আছে পূর্ববাপর। গন্ধৰ্ব্ব বিবাহ হবে শুন নূপবর॥ আমার উদরে যেই জন্মিবে কুমার। সত্য কর তুমি তারে দিবে রাজ্যভার॥ কামে মত্ত ভূপতি করিল অঙ্গীকার। গান্ধর্ব বিবাহ করি ভুঞ্জিল শৃঙ্গার॥ তবে নরপতি বলে কন্সারে চাহিয়া। রাজ্যেতে লইব তোমা লোক পাঠাইয়া॥ এত বলি নরপতি করিল গমন। যাইতে যাইতে পথে চিন্তে মনে মন॥ কি কহিবে মুনিরাজ আসি নিজ ঘরে। তুম্বস্ত নিতান্ত ভীত ভাবিয়া অন্তরে ॥ সদৈন্তে আপন দেশে গেল নরপতি। কভক্ষণে গৃহে আসে মুনি মহামতি 🛭

স্কন্ধ হৈতে ফলভার ভূমেতে থুইল। শুকুন্তলা এস বলি মুনি ডাক দিল 🛭 লজ্জায় মলিন কন্সা না হ'ল বাহির। দেখিয়া বিশ্বয় চিত্ত হইল মুনির ॥ গ্রানেতে জানিল মুনি যত বিবরণ। হ'সিয়: কন্সার প্রতি বলিল বচন ॥ মামারে হেলন করি কৈলে এই কর্ম। দুগ্মন্ত নৃপতি দহ করিলে অধর্ম॥ ক্ষমলাম তোরে আমি করেছি পালন। ন করিহ ভয় চিত্তে স্থির কর মন॥ সবিনয়ে কন্যা বলে যুড়ি তুই কর। অপরাধ করিয়াছি ক্ষম মুনিবর॥ যোগ্যপাত্র দেই দে হুম্মন্ত নূপবর। গান্ধর্বে বিবাহে তাঁরে বরিলাম বর॥ ক্ষমহ রাজার দোষ আমায় দেখিয়া। এত **শুনি মুনিবর বলিল** হাসিয়া॥ ্রামার কারণে আমি দিসু তারে বর গ শুনি শকুন্তলা হৈল হরিয-অন্তর ॥ ংনমতে মুনি গৃহে আছে শকুন্তলা। িশ্যত খইল রাজা রাজভোগে ভোলা॥ বতকালে প্রদেব হইল শকুন্তলা। পর্ম স্থন্দর পুত্র শশী ধোলকলা॥ দিনে দিনে বাড়ে পুক্র মুনির ভবনে। ছয় বর্ষ পূর্ণ হৈল নাহি কার' মনে॥ মহাপরাক্রমী বার হৈল শিশুকালে। িশংহ ব্যাত্র হস্তী ধরি আনে পালে পালে॥ তার পরাক্রম দেখি মুনি চমৎকার। ন্থনক বলি নাম দিলেন তা**হার**॥ শকুন্তলা সহ মুনি করিল বিচার। ব্বরাজযোগ্য পুত্র হইল তোমার॥ পুত্র দহ যাও তুমি রাজার আলয়। পিতৃগৃহে পুত্ৰ কভু সম্ভব না হয় ॥ ধর্মকয় অপয়শ হয় কুচরিত্র। পি হৃগৃহে বহুধৰ্মে না হয় পবিত্ৰ ॥ হস্মন্ত নৃপতি বৈদে **হস্তিনানগর**। শকুন্তলা গেল যথা আছে নরবর 🛭

পাত্রমিত্র সহ রাজা আছেন ব্যিয়া। পুক্র আগে করি তথা উত্তরিল গিয়া॥ রাজারে চাহিয়া শকুন্তলা বলে বাণী। এই প্পুক্ত ভোমার দেখহ নৃপমণি॥ পূর্ব্বের প্রতিজ্ঞা রাজা করহ স্মরণ। তপোবনে গিগ়াছিলে মুগয়া কারণ॥ সত্য আপনার রাজ। করহ পালন। যুবরাজযোগ্য হয় এইত নন্দন॥ শুনি সভাসদলোকে বিশ্বয়-অন্তর। হাসিয়া হুমন্ত রাজ। করিল উত্তর॥ কোথাকার তপস্বিনা কাহার নন্দিনী। কোনকালে পরিচয় আমি নাহি জানি॥ এত শুনি শকুন্তলা হইল লজ্জিত। ক্রোধেতে অধর ওষ্ঠ সঘনে কম্পিত॥ পুনঃ ক্রোধ সম্বরিয়া বলে শকুন্তলা। পূর্ব্ব সত্য পাসরিয়া রাজভোগে ভোলা॥ কি বাক্য বলিলা রাজা নাহি ধর্মভয়। তুমি হেন মিথ্যা বল উচিত না হয়॥ দৈবের সে সব কথা কেহ নাহি জানে। আপনা আপনি রাজ: ভাব মনে মনৈ॥ জানিয়া শুনিয়া মিখ্যা কহে যেই জন। সহস্র বৎসর তার নরকে গমন 🛭 লুকাইয়া যেই জন করে পাপ কর্ম। লোকে না জানয়ে কিন্তু জানে দেই ধর্ম 🛚 চন্দ্র সূর্য্য বায়ু অগ্নি মহী আর জল। আকাশ শমন ধর্ম জানয়ে সকল।। দিবা রাত্রি সন্ধ্যা প্রাতঃ বাল বৃদ্ধজনে। ধর্মাধর্ম ফল তারে দেয় ত শমনে ॥ মিথ্যা হেন বল রাজ। ক্ল ভাল নছে। শ্মিথ্যা হেন পাপ নাহি দৰ্ভশান্ত্ৰে কৰে॥ পতিব্রতা নারী স্মামি না কর হেলন। আমারে নীচের প্রায় না ভাব রাজন ॥ পুত্ররূপে জন্ম হয় ভার্য্যার উদরে। শান্ত্রেতে প্রমাণ আছে যত চরাচরে 🛭 অর্দ্ধেক শরীর ভাষ্যা সর্বাশাস্ত্রে লেখে। ভাৰ্য্যা সম বন্ধু রাজা নাহি কোন লোকে 🛭

পরম সহায়.সথা পতিব্রতা নারী। যাহার সহায়ে রাজা সর্ব্ব ধর্ম করি॥ ভার্য্যা বিনা গৃহশৃন্য অরণ্যের প্রায়। বনে ভার্য্যা দঙ্গে থাকে গৃহন্থ বলয়॥。 ভার্যাহীন লোক কেহ না করে বিশাস। সদাই তঃখিত সেই সদাই উদাস ॥ ভার্য্যাবন্ত লোক ইহকাল বঞ্চে স্থাথে। মরণে সংহতি হৈয়া তরে পরলোকে॥ স্বামীর জীবনে ভার্য্যা আগে যদি মরে। পথ চাহি থাকে ভার্য্যা স্বামী অনুসারে ॥ মরিলে স্বামীরে উদ্ধারিয়া লয় স্বর্গে। হেন নীতিশাস্ত্রে রাজা কহে স্থরীবর্গে॥ ভাষ্যা হৈতে নরপতি দেখে পুজ্রমুখ। যাহা হৈতে লোক সব ভুঞ্জে নানা স্থথ॥ ভার্য্যা বিনা পুত্র করে কাহার শক্তি। দেব ঋষি মুনি আদি যত মহামতি॥ পুত্রের সমান রাজা নাছিক সংসারে। জন্মমাত্র মুখ দেখি পিতা মাতা তরে॥ পিগুদানে পুত্র তারে করয়ে উদ্ধার। হেন নীতি আছে রাজা বেদেতে প্রচার॥ চতুষ্পদে গাভী শ্রেষ্ঠ দ্বিপদে ব্রাহ্মণ। অধ্যয়নে গুরু শ্রেঙ্গ পুত্র আলিঙ্গন ॥ ধূলায় ধুদর পুক্র কর আবাহন। হৃদয়ের যত ছঃখ হইবে খণ্ডন॥ হেন পুত্র দাগুইয়া তোমার সন্মুখে। আলিঙ্গন কর রাজা পরম কৌতুকে॥ অবজ্ঞা না কর রাজা নীচপুত্র নহে। উহার মহিমা যত মুনিগণ কহে॥ শত শত করিবেক অশ্বমেধ ব্রত। সসাগরা একচ্ছত্র করিবে নিয়ত॥ পিতার হতাশে পুত্র সদা ভাবে হুঃখ। সে কারণে দেখিতে আইল তব মুখ। আলিঙ্গন দিয়া রাজা ভোষহ কুমারে। আমারে রাখ না রাখ যা হয় বিচারে॥ বিশ্বামিত্র মম পিতা মেনকা জননী। প্রদবিয়া বনে গেল থুয়ে একাকিনী 🛭

ত্যজিল জননী পূৰ্বেব তুমি ত্যজ এবে। তোমারে বলিব কি মরিব এই ভাবে॥ নিশ্চয় মরিব আমি নাহি তব ছুঃখ। এ পুত্রবিচেছদে মম বিদরিছে বুক॥ এত বলি শকুন্তলা বিনয় করিল। নৃপতি শুনিয়া তবে প্রস্থান্তর দিল। অকারণে পুনঃ পুনঃ কহ কি আমারে। তোমার বচন শুনি কেবা শ্রদ্ধা করে॥ জনক তোমার যদি বিশ্বামিত্র মূনি। মেনকা অপ্সরা বেশ্যা তোমার জননী॥ বিশামিত্র লোভী বল্নি জানে ত্রিজগতে। জিম্মা ক্ষজিয়-বীর্য্যে গেলু বিপ্রপথে ॥ বেশ্যাগর্ভে জন্ম তার বেশ্যার প্রকৃতি। এই পুজ্র তোর ন**ং** হেন লয় মতি॥ মিথ্যা প্রবঞ্চনা করি ভাণ্ডাও আমারে। যাহ বা থাকহ কেহ না জিজ্ঞাদে তোরে॥ শকুপ্তলা কহে রাজা কহ বিপরীত। দেবলোকে নিন্দা করা নহেত উচিত॥ তোমায় আমায় রাজা অনেক অন্তর। স্থমেরু সরিয়া রাজা কর পাঠান্তর॥ মম মাত। স্বৰ্গবাদী তুমি বৈদ ক্ষিতি। স্বর্গে মর্ক্তো সমতুল কর নরপতি॥ আমার দেখহ শক্তি আপন নয়নে। এখনি যাইতে পারি যথ। ইচ্ছা মনে॥ ইন্দ্র যম কুবের ভুবন আদি করি। মুহুর্ত্তেকে চরাচর ভ্রমিবারে পারি॥ যত নিন্দা কর সহি স্বামীর কারণে। আপনা না জানি নিন্দা কর অন্য জনে ॥ কুরূপ মনুষ্য রাজা নিন্দে সর্বলোকে। যতক্ষণ দৰ্পণৈতে মুখ নাহি দেখে॥ শত্যসম পুণ্য রাজা না দেখি তুলনা। মিথ্যা হেন পাপ নাহি কছে মুনিজন।॥ ুহেন মিথ্যাবাদী ভূমি হইলে নিশ্চয়। তোমার নিকটে রহা উচিত না হয়॥ এত বলি শকুন্তলা চলিল সম্বর। হেনকালে শব্দ হয় আকাশ উপর॥

যতেক বচন সত্য বলে শকুন্তলা। শকুন্তলা বাক্য রাজা না করিও হেলা ॥ সূতী পতিব্ৰতা এই তোমার গৃহিণী। পুত্রসহ সম্ভাষণ কর নৃপমণি॥ স্বামী বলি শকুন্তলা তোমারে ক্ষমিল। শকুন্তলা ক্রোধে তব নাহি হবে ভাল॥ বংশের তিলক রাজা এই যে নন্দন। আমার বচনে কর রক্ষণ ভরণ 🎚 ভরত বলিয়া নাম রাথহ ইহার। হৃহা হৈতে বংশো**জ্জ্বল হইবে** তোমার॥ তুল্নন্ত লুপতি শুনে মন্ত্রী পুরোহিত। এতেক আকাশ বাণী হৈল আচন্মিত॥ রাজা বলে মন্ত্রিগণ করিলা শ্রবণ। আমি ও জানি যে ইহা নহি বিস্মরণ॥ একারণে আমি ভাণ্ডালাম মন্ত্রিগণে। ্বশ্য। বলি ইহারে জানিল সর্বজনে॥ এত বলি শীঘ্র উঠি তুম্বন্ত রাজন। শকুন্তলা হস্ত ধরি ফিরায় তখন॥ মহানন্দে নরপতি পুত্র কৈল কোলে। শত শত চুম্ব দিল বদন কমলে॥ শকুন্তলা কৈল রাজা রাজপাটেশ্বরী। পর্য কৌতুকে চির্নিন রাজ্য করি॥ কতদিনে রুদ্ধকালে ছুম্মন্ত রাজন। ভরতেরে রাজ্য দিয়া গেল তপোবন॥ পুণিবীতে মহারাজ হইল ভরত। অপ্রমেধ যক্ত আদি করে শত শত॥ লক্ষ পদ্ম স্থ্ৰৰ ব্ৰাহ্মণে দিল দান। লাতা যে নাহিক কেহু ভরত সমান।। সমগেরা পৃথিবী শাগেল বাহুবলে। স্মাপি ভারতভূমি ঘোষে ভূমওলে॥ ভার বংশে যত যত হৈল নরপতি। ভরতের বংশ বলি হইল স্থ্যাতি॥ ভারতের উপাধ্যান যেই নর শুনে। আয়ুর্যশ পুণ্য ভার বাড়ে দিনে দিনে॥ আদিপর্ব্ব ভারত রচিল বেদব্যাস। পাঁচালী প্রবন্ধে গায় কাশীরাম দাস।

চন্দ্রবংশের বিবরং :

জন্মেজয় বলে কহ মুনি মহামতি। চন্দ্রবংশে ভরতের হইল উৎপত্তি॥ চন্দ্র হৈতে বংশ হৈল কিমত প্রকারে। সে সকল কথা মুনি শুনাও আমারে॥ মুনি বলে শুন পরীক্ষিতের নন্দন। কহিব সকল কথা করহ শ্রবণ॥ ভাল কথা জিজ্ঞাসিলে ভারত আখ্যান। সোমবংশ চরিত্র করহ অবধান॥ মরীচি ত্রহ্মার পুত্র বিখ্যাত সংসার। কশ্যপ নামেতে পুত্র হইল তাঁহার॥ তাহার নন্দন হৈল সূব্য মহাশয়। বৈবন্ধ নাম হৈল তাহার তন্য ॥ তাঁহার নন্দন হৈল বিদিত জগতে। ইলাগভে পুরুরবা বুধের বার্যোতে ॥ অফ্টাদশ দ্বাঁপে দেই হৈল নরপতি। চিরদিন ক্রীড়া করে উর্ববশী সংহতি **॥** নৃপতি হইল আয়ু তাঁহার তন্ম। তার পুত্র ২ইল নত্য মহাশ্য 🥫 স্বর্গে ইন্দ্ররাজ হৈল আপনার গুণে। সপ্রোনি পাইয়াছে ব্রহ্মরে বচনে॥ যয়াতি নূপতি হৈল ভাহার কুমার। য্যাতির গুণ যত কহিতে অপাব॥ শুক্রশাপে জরাগ্রস্ত তাহার শরার। পুত্রে জরা দিয়া রাজ্য করিল শুনার॥

শুক্র স্থানে কাচের মধ্যারণ

জন্মেজয় বলে কাই ইলার কারণ।
শুক্রানে কোন্ লেবে কবিল রাজন্ ॥
কোন্ হেছু শপে বিল ভুতর কুনার।
দে দব চরিত্র কই করিয়া (প্রতার ॥
যুনি বলে শুনহ নুপতি জন্মেজয়।
দেবতা অহার বুজ নিরন্তর হয়।
নিজ নিজ হিত দবে বাজা কবি মনে।
ছই দলে পুরোহিত কৈল নিগোজনে ॥

রহস্পতি পুরোহিত করেন বাসব। দৈত্যবংশে পুরোহিত হইল ভার্গব॥ যুদ্ধে যত দৈত্যবধ করে যত দেবে। সকল জীয়ান শুক্র মন্ত্রের প্রভাবে॥ **সঞ্জীবনীমন্ত্রে ভৃগুপুতের অভ্যাস**। যত মরে তত জীয়ে নাহিক বিনাশ॥ যুদ্ধে যত দেবগণ হইত নিধন। জীয়াইতে না পারেন অঙ্গিরানন্দন॥ 🛡ক্রের প্রভাবে দেবগগণ চমৎকার। **সকলে** মিলিয়া এক করিল বিচার ॥ কচ নামে ছিল বুহস্পতির নন্দন। তাঁহারে বলিল তবে সব দেবগণ ॥ রুষপর্ববপুরে হয় শুক্তের বদতি। তোমা বিনা যাইতে না পারে কোন কুতী॥ **শিষ্য হ'**য়ে শুক্রস্থানে কর অধ্যায়ন। দেব্যানী তাঁর কন্সা করিবে সেবন। এত যদি বলিল সকল দেবগণ। রুষপর্ববপুরে কচ করিল গমন। **শুজে**র চরণে কচ করি নমস্কার। প্রত্যক্ষেতে পরিচয় দিল আপনার॥ অঙ্গিরার পুত্র আমি জীবের নন্দন। পড়িবারে আইলাম তোমার সদন। এত শুনি শুক্র তাঁরে করিল আশ্বাস। পড়াব' দকল শাস্ত্ৰ এই আভলাষ ॥ শুক্তের আশ্বাদে কচ আনন্দিত নন : ব্রহ্ম১র্যা আদি বিল্লা করেন পঠন॥ বিবিধ প্রকারে কচ শুক্রে সেবা করে। ততোধিক সেবে কচ তাহার কন্সারে॥ কর্মেড়ে থাকি কচ দেব্যানী আগে। অবিলম্বে আনে কচ যাহা কন্যা মাগে॥ নৃত্যগীত বাঘ্যে সদা তোষে তাঁর মন। আজাবতা হৈয়া তার থাকে অনুক্রণ।। হেন মতে পঞ্চাত বংসর যে গেল। গাভী রাখিবারে শুক্র কচে নিয়োজিল॥ গোধন রক্ষণে কচ নিত্য যায় বনে। দৈত্যগণ তাহারে দেখিল একদিনে 🛚

জানিল তাহারে দেবগুরুর নন্দন। শুক্রস্থানে আসিয়াছে মস্ত্রের কারণ॥ তবে সব দৈত্যগণ কচেরে মারিয়া। তীক্ষ থড়েগ খণ্ড খণ্ড করিল কাটিয়া॥ অস্থি মাংদ দব শার্দ্ধ লৈ খাওয়াইল। কচে মারি দৈত্যগণ নিজ ঘরে গেল॥ সন্ধ্যাকালে গাভীগণ প্রবেশে নগরে। কচ নাহি গাভীগণ প্রবেশিল ঘরে॥ কচ নাহি দেবধানী হইল চিন্তিত। কান্দিয়া পিতার ঠাঁই জানায় ছরিত॥ গাভীগণ আদে ঘরে কচ না আইল। সিংহ ব্যাস্র দৈত্যে কি তাহারে বিনাশিল। নিশ্চয় মরিব আমি কচের বিহনে। এত বলি দেবযানী ভালে কর হানে ॥ শুক্র বলে দেবযানী না কর ক্রন্দন। মন্ত্রবলে কচে আমি জীয়াব এখন॥ এস কচ বলি শুক্র তিন ডাক দিল। মস্ত্রের প্রভাবে কচ আসি উত্তরিল। কচে দেখি দেব্যানী আনন্দিত মন। জিজ্ঞাসিল কোথায় আছিলে এতক্ষণ ॥ কচ বলে দৈত্যগণ আমারে মারিল। প্রদন্ন হইয়া গুরু পুনঃ জীয়াইল ॥ এত শুনি দেবযানী পিতারে কহিল। গোধন-রক্ষণ হেতু নিষেধ করিল॥ ভারতের কথা সব শুনিতে অমৃত। পাঁচালা প্রবন্ধে কাশীদাস বিরচিত॥

কট ও দেববানীর পরস্বর অভিশাপ।
তবে কতদিনে কচে বলে দেববানী।
দেব আরাধিব কিছু পুষ্প দেহ আনি॥
আজ্ঞা ল'য়ে কচ গেল পুষ্প আনিবারে।
পুনরপি দেখি তারে ধরিল অহুরে॥
তিলেক প্রমাণ কৈল খড়েগতে কাটিয়া।
য়তে ভাজি অস্থি মাংস একত্র করিয়া॥
তবে সব কৈত্যগণ করিল বিচার।
অন্যেতে ধাইলে তার নাহিক নিস্তার॥

এতেক বিচার করি যত দৈত্যগণ। করাইল স্থরা দহ শুক্রেরে ভোজন॥ পুনরপি দেবগানী বাপে জিজ্ঞাসিল। পুষ্প আনিবারে কচ কাননেতে গেল॥ বহুক্ষণ হৈল পিতা কচ না আইল। বোধ হয় দৈত্যগণ পুনশ্চ মারিল॥ নিশ্চয় মরিব পিতা কচে না দেখিয়া। পুনরপি তারে পিতা দেহ জীয়াইয়া॥ শুক্র বলে দেবগানী না কর বিষাদ। মৃতজন হেতু কেন কর পরিতাপ॥ ব্রন্ধ। ইন্দ্র চন্দ্র সূর্য্য মরিলে না জীয়ে। তার হেছু কেন মর ক্রন্দন করিয়ে॥ দেবযানী বলে পিতা যাই কহ তুমি। নিশ্চয় মরিব কচে না দেখিলে আমি॥ কচের যতেক দেবা কহিতে না পারি। কচের সৌজন্য পিতা পাদরিতে নারি॥ আজি হৈতে পিতা এই সত্য অঙ্গাকার। শরার ভাজিব আমি করি সনাহার॥ এত বলি দেবযানী করিছে ক্রন্দন। প্রবোধিয়া শুক্র বলে মধুর বচন॥ কন্যা প্রবোধিয়া শুক্র ভাবিল মন্তরে। গানে দেখে কচ আছে আপন উনরে॥ শুক্র বলে কচ তুমি কহ বিবরণ। আমার উদরে এলে কিসের কারণ॥ কচ বলে আমারে মারিয়া দৈত্যগণ। করাইল সুরাসহ তোমায় ভক্ষণ 🖟 এত শুনি শুক্র তবে বলে বার বার। তোমারে বাহির কৈলে আমার সংহার॥ বাহির না করিলে ভ্রাহ্মণ বধ হয়। মরণ হইতে বড় বিপ্র ব্যে ভয়॥ ব্ৰহ্ম। আদি দেবগণ আছে যত জন॥ ব্রহ্মবধ পাপে নয় কংহার মোচন॥ এত ভাবি কচে শুক্র বলিল বচন। নিশ্চয় দেখি যে পুত্র আমার মরণ॥ সঞ্জীবনীমন্ত্র আনি দিতেছি তোমারে। বাহির হইয়া তুমি জীয়াইবে মোরে ॥

এত বলি মন্ত্র দিল ভৃগুর নন্দন। গর্ভে থাকি কচ করে মন্ত্র অধ্যায়ন 🛚 তবে দৈত্যগুরু নিজ খড়গ করে নিয়া। বাহির করিল কচে উদর চিরিয়া। হইল বাহির কচ শুক্র ত্যজে প্রাণ। পুনরপি জীয়াইল মন্ত্র করি ধ্যান॥ তবে মহাক্রন্ধ হৈল ভৃগুর নন্দন। স্থর। প্রতি শাপ মুনি দিল ততক্ষণ॥ ব্রাহ্মণ হইয়া যেই করে স্থরাপান। থাকুক পানের কায লয় যদি ত্রাণ॥ আজি হৈতে হুরাপান করে যেইজন। ব্রক্ষতেজ নফ্ট তার হবে দেইক্ষণ॥ ইহলোকে অপুজিত হবে সেইজন। মরিলে নরকমধ্যে হইবে গমন॥ তবে শুক্র ডাকি বলে দৈত্যগণ প্রতি। মন শিষ্যে মারিলে যে এ কোন্ প্রকৃতি ॥ আজি হতে পুনঃ কচে কেহ না হিংসিবে। এই বাক্য হেলা কৈলে বড় ছঃখ পাবে॥ কচেরে বলিল শুক্র আশ্বাস করিয়া। যথা স্ত্রথে বিহরধ নির্ভয় হইয়া॥ শুক্রের বচনে কচ নির্ভয় হইল। নানা বিভা ভ্রহ্মচর্য্য অধ্যয়ন কৈল।। বিত্য: পড়ি শুক্রস্থানে স্বপুরা যায়। দেব্যানা কাছে গেল হইতে বিদায় ॥ এত শুনি দেববানী বিষয় বদন। কচেরে ভাকিয়া তবে বলেন বচন॥ আমার দেখহ কচ যৌবন সময়। ভোমারে যে দেখি যোগ্য কর পরিণয়॥ শুনিয়া বিশায় হৈল জাবের কুনার। হেন অনুচিত বাক্লে। বলিহ গারে॥ গুরুর তন্যা তুমি আম।র ভগিনা। এখন কুংসিত কেন বল দেব্যানী॥ দেবগানা বলে তুমি না কর খণ্ডন। ভোমারে করিতে পতি আছে মন মন ॥ নরেছিল। তুমি জায়াইত্র বার বার। : মুমু বাক্যু নাহি রাথ কেমন বিচার ॥

পূর্ব্বের সোহন্ত রাথ আমার বচন। এত শুনি কচ হৈল বিষশ্ন-বদন ॥ কচ বলে দেবধানী এ নছে উচিত। তোমায় আমায় হেন না হয় পীরিত ! যেই শুক্র হইতে তোমার জন্ম হয়। সেই শুক্র হইতে আমার জ্ঞানোদয়॥ मरहापद्रा कृषि ३५ मश्क व्याग/त । কিমতে এমন বল করি কদাচার॥ আজা কর যাই আমি আপন আলয়। শুনি দেব্যানী কোপ করে অতিশয়॥ জ্রী হইয়া বারে বারে করিকু বিনয়। না রাথ আমার বাক্য তুমি তুরাশয়॥ যত বিগ্যা তোরে পড়াইল মোর বাপে। সকল নিফল তোর হবে মোর শাপে। কচ বলে দেবগানী করিলা কি কর্ম। বিনা দোষে দিলা শাপ নহে এই ধর্ম॥ ব্রাহ্মণের শ্রেষ্ঠ শুক্র তুমি কহা। তার। মোর শাপে ক্জ-ভর্তা হইবে তোমার॥ মোরে শাপ দিলা তুমি না হয় খণ্ডন। বিফল হইবে যত করিত্ব পঠন॥ আমি যত পড়াইব আর শিষ্যগণে। তারা ফলদায়ী হবে মোর অধ্যয়নে॥ এত বলি কচ গেল ইন্দ্রের নগর। কচে দেখি অ¦নন্দিত যতেক অমর॥ ক**হিল দকল** কচ যত বিবরণ। নিঃশঙ্ক হইয়া যুদ্ধ করে দেবগণ।। দেব-দৈত্য-যুদ্ধকথা না যায় লিখন। **একণে শুনহ দেব**বানীর কথন ॥ মহাভারতের কথা ব্যাদের রচিত। পাঁচালী প্রথমে কাশীদাস বিরচিত॥

(पट्यामीत উপायनम ।

জন্মেজয় জিজাদিল যুড়ি হুই পাণি।
কি প্রকারে বিবাহিত হৈল দেবগানী॥
মুনি বলে অবধান কর দণ্ডধর।
তাহার বিবাহ কথা অতি মনোহর॥

তার কত দিন পরে র্ষপর্বপুরে। ক্যাগণ মিলি গেল স্নান করিবারে ॥ শর্মিষ্ঠা নামেতে রুষপর্বের কুমারী। স্নানেতে চলিল দাসীগণ সঙ্গে করি॥ শুক্রকন্মা দেবযানী চলিল সংহতি। চলিল একত্র সবে স্নানেতে যুবতী॥ टिज्वत्रथ नारम वरन चारक मरतावत्र । জলক্রীড়া করে সবে তাহার ভিতর॥ নিজ নিজ বস্ত্র সব রাখি তার কুলে। উন্মতা হইয়া সবে ক্রীড়া করে জলে ॥ হেনকালে খরতর বহিল পবন। একত্র করিল যত সবার বসন॥ জলক্রীড়া করি সবে উঠি কন্সাগণ। চিনিয়া পরিল দবে শর্মিষ্ঠা দৈভ্যের কন্যা উঠি শীঘ্রগতি। দেবযানা বস্ত্র পরে হইয়া বিশ্বতি॥ দেবযানী বলে তোর এত অহস্কার। শূদ্রা হ'য়ে বস্ত্র তুই পরিস্ আমার॥ দেব্যানীবাক্য শুনি শর্মিকা কুপিল। দেবযানী চাহি তবে ক্রোধেতে বলিল 🛭 তোমায় আমায় দেখ অনেক অন্তর। মোর ধন থেয়ে রক্ষা কর কলেবর॥ মোর বাপে তোর বাপ দল স্তুতি করে। মোরে হেন বাক্য কহ কোন অহঙ্কারে ॥ অল্ল হেন করি তোরে করি যে গণনা। মোর দঙ্গে বন্দ্ব কর না চিন আপনা॥ দেবযানী কুপে কেলি গেল নিজাগার। মরিল কি বাঁচিল সে না দেখিল আর ॥ নৈবের নির্বান্ধ কেবা খণ্ডিবারে পারে। সেই বনে গেল রাজা মুগ মারিবারে ॥ মুগয়াতে রত বড় নহুষ-নন্দন। সদৈন্য যথাতি রাজা গেল সেই বন ॥ তৃষ্ণায় পীড়িত হৈল যথাতি রাজন্। জল অন্বেধণে ভ্ৰমে সব সৈন্যগণ॥ ভ্রমিতে ভ্রমিতে দেখে কুপের ভিতর। পড়িয়াছে কন্সা এক পরম স্থব্দর 🛭

ভাত্তে ব্যস্তে লোক গিয়া জানায় রাজারে। শুনিয়া নূপতি তবে এল' তথাকারে॥ ন্সতি পুরাতন কূপ আচ্ছন্ন তৃণেতে। পড়িয়াছে চন্দ্রের সমান কন্সা তাতে॥ রাজা বলে কন্সা কহ-নিজ-বিবরণ। কুপে পড়িয়াছ ছুমি কিদের কারণ॥ দ্বিতীয় চন্দ্রের প্রায় ত্রৈলোক্যমোহিনী। কি নাম ধরহ তুমি কাহার নন্দিনী॥ রাজার বচন শুনি বলে দেবযানী। .দব্যানী নাম মোর শুক্রের নন্দিনী॥ আমার বুতান্ত রাজা কহিব প**শ্চাতে**। আগে নরপতি মোরে তোল কুপ হ'তে॥ কুলীন পণ্ডিত তুমি দেখি মহাজন। মহাতেজোবন্ত দেখি রাজার লক্ষণ II এত শুনি নুপতি বলিল বার বার। েতামার বচন চিত্তে না লয় আমার ॥ ব্রাহ্মণের শ্রেষ্ঠ শুক্র ভূমি কন্স। তাঁর। বিতীয় নবীন যুবা বয়স তোমার॥ তেকারণে ছু*ঁই*তে তোমারে না যুয়ায়। কন্যা বলে রাজা দায় নাহিক তোমায়॥ সন্ধকুপে পড়িয়া আমার প্রাণ যায়। ইরিতে উদ্ধার কর প্রাণ রাথ রায়॥ এত শুনি নরপতি কত্যার বচন। কন্যার দক্ষিণ হস্ত ধরি ততক্ষণ॥ করে ধরি নরপতি উপরে তুলিল। ক্যারে উদ্ধারি রায় নিজ দেশে গেল।। হেনকালে ঘূর্ণিক। নামেতে সহচরী। সম্মুখে দেখিল তারে শুক্রের কুমারী॥ কান্দি কহিলেন যত তুঃখ আপনার। পিতারে জানাও গিয়া মোর সমাচার॥ পুনঃ নগরেতে নাহি করিব গমন। কোন্ লাজে লোকে আমি দেখাব বদন॥ ^{চলি যাহ ঘূৰ্ণিকা গো কহ পিতৃস্থান।} তাঁহাকে কহিয়া আমি ত্যজ্ঞিব পরাণ ॥ ছবিতে জানাও বাপে শুন গুণবতী। এত ভনি ঘূর্ণিকা চলিল শীজ্রগতি॥

করযোড়ে ঘূর্ণিকা কহিছে সবিশ্বায়। দেবযানী-ব্লান্ত শুনহ মহাশয়॥ শর্মিষ্ঠা সহিত গেল স্নান করিবারে। বলেতে শর্মিষ্ঠা কূপে ফেলাইল ভারে॥ এত শুনি শুক্র হৈল বিরদ-বদন। (प्रवर्गनी (प्रथिवादि कित्रम भयन ॥ দেখে শুক্র দেবযানী বনের ভিতরে। হেঁটমুখে বসিয়াছে চক্ষে জল ঝরে॥ বস্ত্র দিয়া দৈত্যগুরু মুছায়ে বদন। জিজ্ঞাসিল বার্ত্ত। কহু কিবা বিবরণ ॥ কোন কালে তুমি যে করিয়াছিলে পাপ। তাহার কারণে তুমি পাইলে এ তাপ॥ পাপ হৈতে ছুঃখ পায় না যায় খণ্ডন। শুনি দেবযানী বলে করুণ বচন॥ পাপ নাহি জানি গো যাবৎ মোর জান। কহি যত বিবরণ কর অবধান॥ র্যপর্বকন্যা বলে আমারে ধরিয়া। কুপে ফেলাইয়া গুহে গেল সে চলিয়া॥ শুদ্রা হৈয়া মম বস্ত্র করিল পিন্ধন। কতেক কহিব যে কহিল কুবচন॥ মোর বাপে স্থৃতি শুক্র করে অনুব্রতে। সকুটুদ্ব বাঁচায় আমার ধন হৈতে॥ পুনঃ পুনঃ কহিলেক गा बाहेन गुरु। তার বাক্য বজ্র হেন লাগিয়াছে বুকে॥ শুক্র বলে দেবযানী ত্যঙ্গ মনস্তাপ। ক্রোধে লোক ভ্রম্ট হয় ক্রোধে হয় পাপ॥ অক্রোধের সম পুণ্য নাহিক সংসারে। সর্বব ধর্মে ধার্মিক যে ক্রোধতে সম্বরে॥ শতেক বংসর তপ করে যেইজন। অক্রোধী সহিত সম নহে কলাচন : দেব্যানী বলে পিতা আমি দ্ব জানি। অপ্রতিভা কৈল মোরে দৈত্যের নিশ্নী॥ मर्लित परभारन राम विरय व्यक्त प्रयू। कार्ए कार्ल घर्षर्ग रयमन अधि रय ॥ কন্সার বর্চন শুনি ভৃগুর নন্দন। वृष्ठभव्वरेष्ठाः चार्यः कविन शमन ॥

রুষপর্ব্ব চাহি শুক্র বলিল বিশেষ। অন্য দেশে যাব ত্যজি তোমার এ দেশ। পাপী তুরাচার যেই হিংদা করে লোকে। পুণ্যবান জন তার নিকটে না থাকে 🛚 জানিয়া শুনিয়া পাপ করে যেইজন। অসুরূপ তুঃখ পায় না যায় খণ্ডন ॥ তারে না ফলিলে তার পুত্র-পৌত্রে ফলে। ব্যর্থ নাহি হয় হেন বিধি বেদে বলে॥ ব্রাহ্মণের শ্রেষ্ঠ বুহস্পতির নন্দন। পুনঃ পুনঃ তুই তারে করিলি নিধন॥ মম কন্মা দেবগানী প্রাণের সমান। কূপে ফেলাইলি তারে নিধন বিধান॥ নারীবধ ব্রহ্মবধ কৈলি বারে বার। সহজে অহার তুই হুফ চুরাচার॥ থাকিলে পাপীর কাছে নিত্য পাপ বাড়ে। সেকারণ সাধুজন পাপী দঙ্গ ছাড়ে॥ এত বলি ভৃগুহুত চলিল সত্বর। পায়ে ধরি বদাইয়া বলে দৈত্যেশ্বর ॥ অধম পাপিষ্ঠ আমি বড় হুরাচার। আপনার গুণে প্রভু কর প্রতিকার॥ নিশ্চয় গোঁদাই যদি ছাডি যাবে মোরে। গোষ্ঠীর সহিত আমি পশিব সাগরে॥ শুক্র বলে তুমি গিয়া প্রবেশ সাগরে। শরীর ত্যজহ কিংবা যাও দেশান্তরে॥ প্রাণের সদৃশ হয় আমার কুমারী। তাহার অপ্রিয় আমি করিবারে নারি॥ **ইহাতে** যগুপি ক্ষমা করে দেবযানী। তবে ক্ষান্ত হই স্বামি শুন দৈত্যমণি॥ এত শুনি দৈত্যরাজ বিনয় করিয়া। কহে দেবধানীর অগ্রেতে দাঁড়াইয়া॥ হইল কুকর্ম মম ক্ষম অপরাধ। আমারে সদয় হও করহ প্রদাদ॥ দেবযানী বলে রাজা বুঝহ অন্তরে। তবে সে প্রদন্ন আমি হইব তোমারে । শর্মিষ্ঠা তোমার কন্সা বড়ই তুর্ভাষী। পরিবার সহ মোরে করি দেহ দাসী ॥

এত শুনি দৈত্যরাজ কৈল অঙ্গীকার। এইক্ষণে আনি অগ্রে দিব ত' তোমার॥ এত বলি ধাত্রী পাঠাইল অন্তঃপুরে। শর্মিষ্ঠারে বার্ত্ত। ধাত্রী কহিল সহরে ॥ ক্রোধ করি শুক্র যায় নগর ত্যজিয়া। দে কারণে রাজা মোরে দিল পাঠাইয়। না মানে প্রবোধ কারো ভৃগুর নন্দন কেবল তাহার ক্রোধ তোমার কারণ॥ অতএব শীঘ্র তুমি চল তথাকারে। িতোমারে লইতে রাজা পাঠাইল মোরে॥ কন্যা বলে যাহে হবে জ্ঞাতির কুশল। প্রবোধিয়া শুক্রাচার্য্যে করিব নিশ্চল॥ এত বলি যায় কন্য। ধাত্রীর সংহতি। যথায় আছেন পিতা দৈত্য অধিপতি॥ সহস্রেক দাসী সঙ্গে চড়ি চতুর্দ্দোলে। পিতার সম্মুখে গিয়া দাঁড়াইল তলে॥ র্ষপর্বে বলে কন্য। দৈবের লিখন। দেবযানী কাছে তুমি থাক দাসীপণ॥ শর্ম্মিঙ্গা বলেন পিতঃ যে আজ্ঞা তোমার। হইলাম দাসী আমি কর্ম্মে আপনার॥ এত শুনি উত্তর করিল দেব্যানী। কিমতে হইবে দাদী তুমি ঠাকুরাণী 🛭 হেন জন তুমি দাসী হইবে কেমনে। শুনিয়া উত্তর কন্যা দিল ততক্ষণে॥ জ্ঞাতির কুশল আর পিতার বচন। তুই ধর্ম রাখিতে করিতু দাসীপণ॥ ইহাতে আমার লক্ষা তিলেক না হবে। তথাচ রাজার কন্সা সবাই বলিবে॥ পরে শুক্র দেবযানী গেল নিজ ঘর। সঙ্গেতে শর্মিষ্ঠা গেল সহ সহচর॥ আদিপর্বেব হয় দেবযানীর আখ্যান। কাশীদাস বলে সব অমৃত-সমান॥

দেব্যানীর বিবাহ:

হেনমতে নানারঙ্গে বঞ্চে দেবধানী। দাসীভাবে সেবে তাঁরে দৈত্যের নন্দিনী॥

কতদিনে দেবযানী শৰ্ম্মিষ্ঠা লইয়। সহত্রেক দাসীগণ সংহতি করিয়া **॥** ৈ ত্রেথ নামে বন অতি মনোহর। নানারঙ্গে ক্রীড। করে তাহার ভিতর 🛭 কেছ নাচে কেহ গায় কেহ দেয় তালি। মায়: বিভারস্তে কেহ দেয় হুলাহুলি॥ কিশলয়-শ্যায় শ্যান। দেব্যানী। পদদেব। করে তাঁর দৈত্যের নন্দিনী॥ হেনকালে সেই বনে দৈবের ঘটন। যয়তি নুপতি আইল শিকার কারণ॥ কন্যাকে দেখিয়া জিজ্ঞাসিল নৃপমণি। িকি নাম ধরহ তুমি কাহার নন্দিনী॥ এত শুনি দেব্যানী করিল উত্তর। দৈত্যগুরু শুক্র নাম খ্যাত চরাচর ॥ তাঁহার তন্য: আমি নাম দেব্যানী। শর্মিষ্ঠ। আমার সখী দৈত্যের নন্দিনী॥ কি নাম ধরহ তুমি কাহার নন্দন। এগাকারে এলে তুমি কোন্ প্রয়োজন॥ শুনিয়া কন্সার বাক্য কহেন নুপতি। নহুষ নন্দন আসি নামেতে য্যাতি॥ ব্রক্ষচর্য্যশীল আমি বিখ্যাত সংসারে। মুগয়: কারণ আমি আইন্তু এধারে॥ দেব্যানী বলে রাজ: তুমি মহাতেজ:। ব্রক্ষাচর্য্য বিজ্ঞ তুমি ধর্ম্মশীল রাজ; ॥ পূর্বে কুপ হৈতে তুমি তুলিল। আমারে। পুরুষ হইয়: তুমি ধরিয়াছ করে॥ একণে আমারে কর বিবাহ ভূপতি। সহত্রেক দাস: পাবে শব্মিষ্ঠ: সংহতি॥ ভোমার বংশেতে কেহ বিবাহ ন। করে। হাত ধরি ল'য়ে নায় কন্যা সেই নরে॥ একণে আমার হস্ত ধরি লহ তুমি। স্বেচ্ছায় তোমারে রাজ। বরিলাম আমি॥ রাজ: বলে শুক্র জানি তপকল্লভক । ব্রাহ্মণের শ্রেষ্ঠ আর দৈত্যগণ গুরু॥ তাঁহার নন্দিনী তুমি বন্দিত। আমার। পে কারণে যোগ্য আমি ন। হই তোমার॥

বিবাহ করিতে তোমা বড় ভয় মম। পাছে শুক্র-ক্রোধে হয় সংশয় জীবন॥ সর্পের বিষের তেজে একজন মরে। ব্রা**ন্স**ণের ক্রোধ-বিষে সবংশে সংহারে॥ দেব্যানী বলে রাজা কি তোমার ভয়। অযাচকে দিলে দান কিবা তার হয় ৷ রাজ। বলে যদি তিনি দেন অনুমতি। তবেত বিবাহ করি শুন গুণবতী॥ এত শুনি দেবযানী রাজার উত্তর। রাজারে লইফা গেল পিতার গোচর॥ পিতারে কহিল কহা যত বিবরণ। যয়াতি নূপতি এল মুগয়। কার্ণ॥ মহাধশ্মশীল রাজ: নত্য-তন্য । তাঁরে সম্প্রদান কর মোরে মহাশ্য॥ শুনিয়া কতার বাক্য বলে শুক্রাচার্য্য। যযাতিকে দিব তোম: এ নহে আশ্চর্য্য ॥ এত বলি দৈত্যগুরু চলে শীঘুগতি। দেব্যান" সহ পেল যথ। নুরুপতি । শুক্রে দেখি নরপতি প্রণতি করিল। কৃতাঞ্জলি হইয়: সন্মুখে দাঁড়াইল॥ শুক্র বলে শুনহ নগতি নুপমণি। এই দেব্যানী হয় আমার নন্দিনী ॥ রাজ বলে ধঝাধঝা জানহ আপনি . ক্ষতিয়ের যোগ্য নহে ত্রান্ধণ নদিন।॥ শুক্র বলে আছে দোষ বলে বেদবাণী। ভাক্ষণতন্য। তিন বর্ণের জননী॥ তথাপি বিবাহ কর আজ্ঞা: আমার। মম তপোবলে দোম খণ্ডিবে ভোনার॥ এক বাক্য আমার শুনহ নূপম্পি। শব্মিষ্ঠ৷ দেখহ এই দৈত্যের নন্দিনী ॥ মম কভঃ দেববানীর সেবিক। হয়। ইহারে ভাকিও বাহি শয়ন সময়।। এত বলি সম্পূৰ্ণ দিলেন দেববানা : শুক্তে প্রণমিয়া দেশে গেল নুপমণি 🖟 শর্মিষ্ঠার সহ এক সহস্র যুবতী। অশোকবনেতে রাজ। দিলেন বসতি ॥

যথাযোগ্য ভক্ষ্য ভোজ্য বসন-ভূষণ। প্রত্যকে স্বারে রাজা কৈল নিয়োজন ॥ দেব্যাদী হইল প্রধান পাটেশ্বরী হেনমতে ক্রীড়া করে দিবদ শর্বরী॥ ধরিল প্রথম গর্ভ শুক্রের নন্দিনা। দশ মাসে প্রস্ব হইল দেব্যানী ॥ দ্বিতীয়ার চন্দ্র প্রায় হইল নন্দ্র। **নন্দনের যতু নাম রাখিল** রাজন ॥ কতদিন পরে দেখ দৈবের যে গতি ৷ দৈত্যকন্স। শৰ্মিষ্ঠা হইল ঋতুমতী ॥ ঋতুস্নান করি কতা চিন্তিত হৃদয়ে। স্বামীহীন। হইলাম কর্ম তুরাশয়ে॥ রুথা জন্ম গেল মম এ নব যৌবনে i পুক্রবর মাগি লব गगাতি রাজনে॥ দেবযানী দখী মম হয় ত' ঈশ্বরী। **তাঁহার ঈশ্বর হৈলে মম অ**ধিকারী॥ যদি পাই একান্তে নুপতি দরশন। ঋতুদান মাগি লব এই লয় মন॥ যয়াতি সে সত্যত্রত বিখ্যাত সংসারে : যে কিছু যে চাহে তাহা অন্যথ: ন: করে॥ এতেক চিন্তিতে দেখ দৈবের লিখন। আইল নৃপতি তথা বিহার কারণ॥ হেনকালে শর্মিষ্ঠ। রাজারে এক। দেখি। সন্ধিকট হইয়া প্রণমিল শশীমুখী॥ কুতাঞ্জলি হইয়া সম্মুখে দাণ্ডাইল। বিনয়পর্ববক কন্স। কহিতে লাগিল।। **উপেক্র মহেন্দ্র চন্দ্র** গোগেন্দ্রের প্রায়। সর্ব্বগুণ নূপতি তোমারে গণি তায়॥ আমারে রাজন তুমি জান ভালমতে। ভনহ প্রার্থনা এক কহি যে তোমাতে।। কামভাবে ভোষায় না করি নিবেদন। ঋতুরকা কর মোর ধর্মের কারণ। রাজা বলে ইহা ন। কহিও কদাচন। **শুক্তের বচন নাহি তোমার স্মরণ ॥** (एवरानी-विवादश विलल वादत्र वादत्। শয়নে কদাচ না ভাকিবা শর্মিষ্ঠারে॥

শুক্রের বচন কেবা খণ্ডাইতে পারে। কি শক্তি আমার বল পরশি তোমারে॥ কন্যা বলে রাজা 💆মি পরম পণ্ডিত। তোমারে বুঝাব আমি না হয় উচিত। বিবাহের কালে সর্বধন-অপহরে। কৌতুকেতে খাঁর নারী সহিত বিহারে॥ প্রাণের সংশয়ে যদি মিখ্যা কেহ কহে। এই পঞ্চ্ছানে মিখ্যা-পাপ হেতু নহে॥ দেবযানী ভোমারে বরিল যেইক্ষণে। আমার বরণ রাজা হৈল সেই দিনে॥ একে দখী দেবগানী দ্বিতীয়ে ঈশ্বরী। ্র তাঁর ভর্ত্ত। তুমি মোর হৈল। অধিকারী॥ রাজ। বলে নহে এই ধর্মের বিচার । কথনই মিথ্যা বাক্য না শোভে রাজার॥ লোকে গিগ্যা পাপ কৈলে দও করে রাজা। রাজা মিথ্যাবাদী হৈলে লোকে নাহি পক্তা॥ কন্যা বলে রাজা নহে অধর্ম্ম-আচার । ভার্য্যা-পুত্র-দাসেতে স্বামীর অধিকার॥ ঈশ্বরী-ঈশ্বর তুমি আমার ঈশ্বর। সে কারণে তোমারে মাগিকু পুক্রবর॥ কন্মার বচন শুনি সতাধর্মনীতি। হৃদয়ে ভাবিয়ে তবে কহে নরপতি ॥ রাজা বলে পূর্বের করিলাম অঞ্চলার। যেই যাহা মাগে দিব প্রতিক্তা আমার। সে কারণে তোমার পুরাব অভিলাষ : এত বলি গেল রাজা শব্মিষ্ঠার পাশ ॥ ঋতুদান শর্মিষ্ঠারে দিয়া নরপতি। কেই না জানিল গেল আপন বদতি॥ রাজার ঔরসে শব্মিষ্ঠার গর্ভ হৈল। দশমাস দশদিনে পুত্র প্রসবিল। শর্মিষ্ঠার পুত্র হৈল লোকে হৈল শব্দ : বার্ত্তা পেয়ে দেবযানী হইলেন ন্তর্রু॥ আশ্চর্যা শুনি যে পুত্র হইল কিমতে : শর্মিষ্ঠার গৃহে তবে চলিল ত্বরিতে ॥ (मवयानी वरल मथी कतिना कि कर्य। কার দারা হইল তব পুজের জন্ম॥

মহাভারত



য্যাতির প্রতি শুক্রাচা র্যার অভিশাপ :

मर्चिष्ठी वरनम मधी रिनरवर्त्र निधम। ম্য ঋতৃকালে আদে ঋষি একজন॥ কামভাবে ভাহারে না করিমু কামনা। পুত্রদান দিয়া মোরে গেল সেইজনা॥ দেবগানী বলে স্থী কহ সত্যক্থা। কি নাম ঋষির পুত্র তাঁর বাস কোথা॥ শর্ম্মিষ্ঠ: বলেন ঋষি পরম স্থন্দর। মহাতেজ ধরে আর দিব্য কলেবর॥ তাঁরে জিজ্ঞাসিতে শক্তি হইবে কাহার। ্রসকারণে নাম গোত্র না জানি তাঁহার॥ দেববানা বলে স্থা তুমি পুণ্যবতী। ঋষিবরে হৈল পুত্র চন্দ্রসম ছ্যুতি॥ এত বলি দেবযানী গেল অন্তঃপুরে। ্ছনমতে যায় কত দিবদ অন্তরে॥ ্দ্ৰযানী প্ৰস্বিল যুগল নক্ষ্ম। নছু আর ভূর্ববন্থ বিখ্যাত দর্বজন॥ শ্রিষ্ঠার গর্ভে জন্মে ঔরদে রাজার॥ শতৃথোগে জন্মাইল এ তিন কুমার॥ জ্যেষ্ঠ ক্রন্থ আৰু তার বিতীয় কুমার। কনিষ্ঠ হইল পুরু সর্ব্বগুণাধার। রাজার কুমার দব বাড়ে দিনে দিনে। ক্ষি হৈতে পুত্ৰ হয় দেববানী জানে॥ মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

ব্বাতির প্রতি ভক্রের অভিশাপ :

কিছুদিন পরে তবে যয়তি নূপতি।
বিহারে চলিল দেবয়ানীর দংহতি॥
নানা রক্ষে স্থানাভিত অশোকের বন।
কল কুলে হুগন্ধি কুহরে পক্ষিগণ॥
দেবয়ানীসহ ক্রীড়া করে নূপবর।
শর্মিষ্ঠার তিন পুত্র বাপেরে দেখিয়া।
রাজার নিকটে সবে আইল ধাইয়া॥
স্থার কুমার তিন দেখি দেবয়ানী।
জিজ্ঞাসিল কার পুত্র কহু নূপমণি॥

মৌনেতে রহিল রাজ। না করে উত্তর। কুমারগণেরে জিজ্ঞাদিল অভঃপর॥ কি নাম তোমরা ধর কাহার নন্দন। সত্য কহ এথায় আইলা কি কারণ॥ দেবযানী বলে যদি এতেক বচন। প্রত্যেকে আপন নাম কহে তিন জন॥ শর্মিষ্ঠা নামেতে আমা স্বাকার মাতা। রাজা দেখাইয়া বলে এই মম পিতা ॥ এত বলি গেল তিনে রাজার নিকটে। প্রণিপাত করি দাণ্ডাইল করপুটে॥ দেবযানী-ভয়ে রাজা না বলিল কিছু। বিরস হইয়া তিনে বাহুড়িল পিছ।। এত শুনি দেবদানী অরুণ নয়ন। শর্মিষ্ঠারে ডাকিয়া বলিল ততক্ষণ ॥ পর্বেযে কহিলি তুই আমার গোচরে। এক ঋষি পুত্রদান দিলেন আমারে॥ একণে তোমার কথা হইল বিদিত। শৰ্মিষ্ঠ। শুনিয়া তাহা হইল বিশ্বিত ॥ যোড়কর করিন শর্মিঞ্চা কহে বার্না। ধর্মে নাহি ঘাটি আমি শুন ঠাকুরাণী॥ ভূমি মম ঈশ্বরী তোমার রাজা পতি। সে কারণে মোর ভর্ত। হৈল নরপতি॥ দেবিকার পুত্রগণ তোমার দেবক। ক্রোধ পরিহর মোর দেখিয়া বালক 🖫 ক্রোধে দেবযানী ভূপতির প্রতি বলে ; শুক্রবাক্য লঙ্গন করিল। অবহেলে॥ গুরুবাক্য লঙ্গা আর ভঙ্গছ দেবকী। এবে জানিলাগ তুলি প্রম পাত্রকী।। আর না রহিব আমি ভোমার সদন। এত বলি দেবযানী করেন ক্রন্দন ॥ কান্দিতে কান্দিতে যায় জনকের ঘর। বিনয় করিয়া রাজা বুঝান বিস্তর ॥ রাজার বিনয় বাক্য না শুনিল কানে। দেখিয়া পাইল বড় ভয় রাজা মনে॥ পাছে নাহি চায়, ক্রোধে যায় শীত্রগতি। পাছে পাছে নরপতি-চলিল সংহতি॥

উক্রের সম্মুখে গিয়া হৈল উপনীত। প্রণাম করিয়া কহে রাজার চরিত॥ অবধান কর পিতা মম নিবেদন। অধর্মে প্রবৃত্ত হৈল যযাতি রাজন্॥ তোমার নিয়ম বাক্য করিয়। হেলন। রুষপর্বকেন্যাসহ করিল রমণ ॥ তিন পুত্র জন্মাইল তাহার উদরে। ত্রভাগা করিল মোরে রাজা অবিচারে॥ ' আমার উদরে চুই পুত্র জন্মাইল। এখন তোমার বাক্য হেলন করিল।। কন্সার বচন শুনি ভৃগুর নন্দন। ক্রোধ করি রাজারে বলিল ততক্ষণ ॥ **দর্ববর্ণম জ্ঞাত তুমি পরম প**ণ্ডিত। ৰম বাক্য লজ্ঞ রাজা এ কোনু বিহিত॥ গুরুজনে লপ্স রাজা করি অহঙ্কার। এই পাপে জরা অস হইবে তোমার॥ **শুনিয়া শু**ক্তোর শাপ কম্পিত-হৃদয়। কর্যোড় করি রাজা বলিছে বিনয়॥ কামভাবে শর্মিষ্ঠাকে না করি রমণ। ঋতুদান শব্মিষ্ঠা যে করিল প্রার্থন।। সে কারণে তাকে করিলাম ঋতুদান। না করিলে নাহি পাপ তাহার সমান॥ নপুংসক হ'য়ে জন্ম হয় ক্ষিতি তলে। নরকের মধ্যে গিয়া পড়ে অন্তকালে॥ ঋহুদান করিলাম করি ধর্মভয়। **অত্যে মম অঙ্গীকার জান মহাশ**য়॥ যেই যাহা মাগে তাহা না করিব আন। দে কারণে দিসু যে মাগিল ঋতুদান ॥ 😎ক্র বলে ধর্মাভয়ে করিলে বিহার : মম বাক্য ভয় নাহি এত অহঙ্কার॥ এতেক বলিবা মাত্রে ভৃগুর নন্দন। রাজার শরীরে জরা হইল তথন॥ অশক্ত হইল রাজা শুক্ল হৈল কেশ। মুখেতে না ফারে বাক্য হৈল রুদ্ধবেশ॥ আপনার অঙ্গ দেখি নৃপতি বিশ্বয়। যোড়হন্তে কহে পুনঃ করির বিনয়॥

যুবভাবে তৃপ্ত নাহি, না পূরে কামনা। তব কন্মা দেবযানী প্রথম যৌবন।॥ হইলাম বঞ্চিত এ সংসারের হুখে। কুপায় শাপান্ত প্রস্থু আজ্ঞা কর মোকে॥ শুক্র বলে মম বাক্য না যায় খণ্ডন। ভোগ করিবারে রাজ্য যদি আছে মন॥ আপনার জরাবস্থা দিয়া অন্যজনে। সাংসারিক স্থথভোগ করহ আপনে॥ রাজা বলে আছে মম পঞ্চ যে কুমার। যেই জরা লবে তারে দিব রাজ্য ভার॥ শুক্র বলে জরা লইবেক যেই জন। দীর্ঘ আয়ু হবে সেই রাজ্যের ভাজন॥ বংশরুদ্ধি হবে সেই রাজ্যে হবে রাজা। পরম পণ্ডিত হবে বলে মহাতেজা॥ শুক্রের পাইয়া আজ্ঞা যথাতি রাজন। দেব্যানীস্থ দেশে করিল গ্যন ॥ যযাতি-চরিত্রকথা শুনিতে অসূত। পাচালী প্রবন্ধে কাশীদাস বিরচিত।

যয়াভির যোবন প্রাপ্তি এবং পুলের জরা এছণ :

দেশে আসি নুপতি বসিল সিংহাসনে। জ্যেষ্ঠপুত্র যহুরে বলিল ততক্ষণে॥ শুক্রশাপে জরা বাপু হইল শরীরে। যৌবনের ভোগে মম মন নাহি পুরে॥ জ্যেষ্ঠ পুত্র হও তুমি পরম পণ্ডিত। খণ্ডিতে পিতার ত্বঃখ হয়ত উচিত॥ সে কারণে মম জরা লহ রে শরীরে। তোমার যৌবন পুত্র দেহ-ত আমারে॥ সহস্র বৎসরে পুত্র পাইবে যৌবন। এত শুনি যত্ন হৈল বিরস বদন॥ জর। সম তুঃখ পিতা নাহিক সংসারে। ্ অন্নপানহীন শক্তি না থাকে শরীরে॥ শরীর কুৎসিত হয় লোক উপহাসে। এ জরা লইতে মম চিত্তে না প্রকাশে॥ 🗢 নিয়া হইল ক্রুদ্ধ যথাতি রাজন্। জ্যেষ্ঠপুত্ৰ হ'য়ে তুমি হৈলা অভাক্তন ॥

তোর বংশে রাজা না হইবে কোনকালে। জ্যেষ্ঠ পুত্র হৈয়া তুমি কুপুত্র হইলে॥ তাহার অনুজ নাম তুর্বস্থ স্থন্দর। তাহারে আনিয়া জিজ্ঞাদিল নূপবর 🏾 শুক্রণাপে জরা হৈল না হৈল খণ্ডন। জরা ল'য়ে দেহ পুত্র আপন যৌবন॥ এ ভাষণ লহ জরা সহস্র বৎসর। আমার বচন রাথ উপকার কর॥ তুর্বাহ্ন বলিল জরা পিতা বড় হুঃখ। আঢ়ারে বর্জ্জিত যত সংসারের স্থুখ ॥ এ জরা লইতে আমি অপারগ হৃতি। 😊নিয়া কুপিত অতি হইল নুপতি 🗈 পুত্র হ'য়ে পিতৃবাক্যে কর অনাদর। এই পাপে ফ্লেক্স্ দেশে হবে দণ্ডধর। ত্ব বংশে যতেক হইবে পুত্রগণ। মূর্গ হ'য়ে করিবেক শুভক্ষ্য ভক্ষণ ॥ দেব্যানী হুই পুত্ৰ না শুনিল বাণী। শর্মিষ্ঠার পুত্রগণে ডাকিল আপনি।। শর্ম্মিষ্ঠার জ্যেষ্ঠ পুত্র জক্ষ নাম ধরে। মধুর বচনে রাজা বলিল ভাহারে॥ মম জরা লহ তুমি সহস্র বংসর। পাপ জরা দিয়া লব যুবা কলেবর ॥ দ্রুফ বলে রাজা জরা বহু দোষ ধরে। ষ্ঠ কাৰ্য্য থাক তার বাক্য নাহি স্ফুরে॥ না পারিব সহিতে সে জরার মন্ত্রণা। অন্তেরে করহ আজা লয় যেই জনা॥ শুনিয়া ন্যাতি ক্রোধে বলিল তথন। পুত্র হৈয়। পিতৃবাক্য করিলা লঞ্জন ॥ চারি জাতি ভেদ না থাকিবে যেই দেশে। সেই দেশে রাজা হবে তোমার উরসে॥ যতেক করিবে আশা হইবে নিরাশ। কত্ব পূৰ্ণ না হইবে তব অভিলাষ॥ শ্ বলি পুত্র তার কনিষ্ঠ সোদর। তাহারে ডাকিয়া তবে বলে নৃপবর ॥ মম জরা লহ বাপু কর পুত্রকাজ। শুনিয়া বলিল অণু শুন মহারাজ ॥

य किছू थाँडैल कीर्न ना इस छन्दत । হেন জরা লৈতে পিতা না বল আমারে। রা**জা বলে তুমি** পুত্র বড় গুরাচার। পুত্র হৈয়া বাক্য তুমি লক্ষিলা আমার॥ যতকে জরার তুঃখ কহিল। আপনে। সেই সব হুঃখ তুমি ভুঞ্জ অনুক্ষণে ॥ তোমার ঔরদে পুত্র যতেক হইবে। যৌবনকালেতে তারা সবাই মরিবে॥ তবেত নুপতি বড় হইয়া চিন্তিত। সবার কনিষ্ঠ পুত্রে ডাকিল ত্বরিত॥ সঁবা হৈতে প্রিয় তুমি কনিষ্ঠ নন্দন। প্রিয় কর্ম কর, রাথ আমার বচন ॥ শুক্রশাপে জরা হৈল আমার শরারে। ভৃপ্তি নাহি পাই স্থাে জানাই তোমারে॥ পুত্রধর্ম কর, দেহ আপন যৌবন। সহস্র বংসর পরে পাইবে আপন ॥ মম জরা সুঃখ বাছা লহ নিজ কায়। স্বীকার করিলে তুমি মম ত্রুগ যায়। পিতার বচন শুনি কহে যোড়করে। তোমার বচন রাজা কে লব্সিতে পারে॥ পুত্র হৈয়া পিতৃবাক্য না রাখে যে জন। ইহলোকে অপ্যশ নরকে গ্রম্ম। তব জরা দেহ পিত। আমার শরারে। আমর যৌবন ভোগ ভুঞ্জ কলেবরে॥ এতেক শুনিয়া রাজা হরণিত মন। সুথে চুম্ব দিয়া পুত্রে বলেন বচন॥ বংশরূদ্ধি হবে তব ধর্মেতে তৎপর। তোমার বংশেতে হবে রাজ্যের ঈশর। যৌবন পাইয়া তবে ব্যাতি বাজন। ধন্মকর্মা করে সদ। স্তথে অনুক্রণ।। যক্ত হোমে ভূস্ট কৈল যত দেবগণে। পিতৃগণে তুষ্ট কৈল আন্তাদি তৰ্পণে॥ দানেতে তুষিল দিজ দরিত্র ভিক্তক। স্থপালনে প্রজাগণে দিল বড় দ্রথ ॥ অভ্যাগত অতিথি তুষিল নৃপবর। প্রতাপে নাহিক চুফ্ট রাজ্যের ভিতর॥

কামরদে কামিনীগণেরে রাজা তোশে স্থল বান্ধব মন্ত্রী তোষে প্রিয়ভাষে॥ হেনমতে রাজ্য করে সহস্র বংসর। পূর্ববিগক্য স্মরণ করিল নূপবর॥ **জরায় প্রীড়িত পুত্র দেখি**য়া নুপতি। আপনারে ধিকার করেন মহামতি॥ আপনার জরা দিয়া দিনু প্ত্রে কুঁংগ। পুজের যৌবনে আমি ভুঞ্জিলাম হুখ।। কামে মাতি পুত্র কন্ট না দেখি নয়নে। ধিক্ মোরে শত ধিক্ এ ছার জীবনে॥ কামুকের কাম পূর্ণ না হয় কথন। যত ইচ্ছা তত বাড়ে নহে তৃপ্ত মন॥ এত চিন্তি নরপতি বলিল নন্দনে। বছ ভোগ করিলাম তোমার যৌবনে ॥ পুত্রকর্মা করি প্রীত করিলে আমারে। তোমার মহিমা যত বুষিবে সংসারে॥ **অপিন** দৌবন লহ, জরা দেহ মোরে। ছত্ত্রদণ্ড দিব আমি তোমার উপরে॥ 🗄 এত বলি জরা নিল নহুম-নন্দন। পুরুর হইল প্রাপ্তি আপন যৌবন॥ . পুরু রাজা হবে বলি দিলেন ঘোষণা। িপাত্র মিত্র অমাত্য ডাকিল সর্ব্বজনা॥ ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র যত প্রহ্না। আনিল দ্বারে রাজ্যে নিমন্ত্রিয়া রাজ্য॥ পুরু-অভিষেক দেখি যত প্রজাগণ। **কহিতে লাগিল আ**র ক্ষত্র রাজগণ॥ নানা শাস্ত্রে বিজ্ঞ তুমি নত্য-তনয়। জ্যেষ্ঠ পুক্ৰ বিভাষানে কনিষ্ঠ কি হয়॥ **দর্ববগুণযু**ত যত্ন পরম হুন্দর। তাঁর বিভয়ানে পুরু নহে রাজ্যেখর॥ ধর্মনীতি যত তুমি জান মহাশয়। কনিষ্ঠে করিতে রাজা কোন্ শান্ত্রে কয় । প্রজাদের হেন কথা শুনি নূপবর। কণেক চিন্তিয়া মনে করিল উত্তর॥ পিভূমাভূ-বাক্য যেই পুত্ৰ নাহি রাখে। ্বিতারে পুক্র বলি হেন কোন্ শান্তে লেখে॥

পুরুরে জানি যে আমি আপন কুমার। আর পুত্র অকারণে হইল আমার॥ জরাতে পীড়িত আমি না ছিল যৌবন। আমা বাক্য না রখিল এই চারিজন ॥ পণ্ডিত স্থবৃদ্ধি পুরু করিল স্বীকার। সহস্র বংসর নিল মম জ্রাভার ॥ দে কারণে রাজ্যভারে পুরু যোগ্য হয়। হেন পুরু রাজা হবে ধর্মে কেন ভয়॥ প্রজাগণ বলে শুক্র জগতে বিদিত। তাঁর নাতিগণ যোগ্য সংদারে পুঞ্জিত॥ তাহারে না দিয়া অন্যে দিবে অধিকার। হইলে শুক্রের ক্রোধ নাহিক নিস্তার॥ রাজা বলে শুক্রেরে করেছি নিবেদ্ন। যেই জরা লইবে দে রাচ্যের ভাজন।। শুক্র বলে যেই পুক্র লবে জরাভার। আপনার রাজ্যে তারে দিবে অধিকার। প্রজাগণ বলে কিছু কহিতাম আর। শুক্র আজ্ঞ। করিয়াছে নাহিক বিচার॥ পিতৃমাতৃ বাক্য যেই করয়ে পালন। তারে পুত্র বলি হেন কহে মুনিগণ ॥ এত যদি বলিল সকল প্রজাগণ। অভিষেক করিলেন পুরুকে তথন॥ ছত্ৰদণ্ড দিল তবে নুপতি যয়াতি। **স্তে শিক্ষা করাইল যত রাজনীতি ॥** আদিপর্বের বিচিত্র যয়াতি-উপাখ্যান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান্॥

য্যাতির স্থানে গ্রম ও পত্র

হইল নৃপতি পরে জরাযুক্ত অন্ধ।
রাজ্য ত্যজি গেল বন মুনিগণ দক্ষ॥
কঠিন তপস্থা রাজা করে নিরন্তর ।
ফল-মূলাহার করে বনের ভিতর ॥
অতিথির পূজা রাজা করয়ে তথায়।
হেনমতে দহস্র বংদর কেটে যায়॥
উঞ্চরতি ত্রত করি বঞ্চে বৃহু ক্লেশ।
ফলমূলাহার ত্যজিলেন রাজা শেষ॥

ভলপান ত্যজিয়া করিল বাতাহার। তপস্থায় হৈল রাজার অস্থিচর্ম্মদার॥ ্হনমতে গেল ছুই সহজ্র বৎসর। পঞাগ্রি করিল বৎসরেক নৃপবর ॥ যোগে যাগে শরীর ত্যজিল মহারাজ। দিব্যরথে চড়ি গেল ইল্রের সমাজ॥ তথা হৈতে ব্রহ্মলোকে গিয়া নরপতি। দশলক্ষ বর্ষ ব্রহ্মলোকে করে স্থিতি॥ প্রসালোক হৈতে রাজা আইল ইন্দ্রস্থানে। কপটে জিজ্ঞা**দে ইন্দ্র তার বিগুমানে**॥ জরায় পীড়িত **তুমি ছিলে গুণা**ধার। জরা নিল পুরু তব কনিষ্ঠ কুমার॥ ্কন্ নীতি তারে শিখাইলে মহারাজ। ্রুন বা ছাড়িয়া এলে ব্রহ্মার সমাজ॥ াজ। ব**লে শিথাইলাম সবি যে তাহারে।** রাজনীতি বিধিমত শাস্ত্র অনুসারে॥ গ্রাজ্ছত্র দিয়া আমি কহিন্দু নন্দনে। পুথিবতে **শ্রেষ্ঠ যত শুন,একমনে** ॥ পর স্থান্থ সুংখ্যা যে**ই, পর-উপ**কারী। মধ্র কোমল বাক্য বলে মৃত্রু করি॥ মগ্রকথা পরেরে না বলে কোন কালে। কপট কুরভিহীন সদা সত্য বলে॥ গ্রপনারে ক্রেশ করি পরে পরিত্রাণ। প্রথিবতে শ্রেষ্ঠ নাহি তাহার সমান॥ ্ স্ব লোকের বাক্য শুনিয়া প্রবণে। প্রত্রবং করিয়া পালিবে প্রভাগণে॥ ংখার দারিদ্রা-ছংখ বিনাশিবে ধনে। ^{বি}প্ৰগণে তুষি**বে বিপুল শ্ৰদ্ধাদানে**॥ ेडम कतिहा বন্ধুগণেরে তুষিবে। ার দহ্য হুন্টলোক রাজ্যে না রাখিবে॥ ⁷⁹ করি পালিবে অনাথ বৃদ্ধজনে। জ হেল। না করিবে অতিথি-দেবনে॥ ^{হাবক্ষানে} জোষ্ঠ পুত্রে দিয়া রাজ্যভার। ংপস্ত। করিবে করি ফল-মূলাহার॥ িন্দ্র বলে রাজা তুমি পরম পণ্ডিত। ভানার যতেক কর্মানা হয় বণিত 🛭

ইন্দ্রলোকে ব্রহ্মলোকে ভ্রম নিজ হুখে। তোমার সমান নাহি দেখি ব্রহ্মলোকে॥ কি পুণ্য করিয়া তুমি জন্মিলা সংগারে। কহ নূপবর ইচ্ছা আছে শুনিবারে ॥ রাজা বলে হৃষ্টিধারা গণিবারে পারি। আমার পুণ্যের কথা কহিবারে নারি॥ স্বৰ্গ মৰ্ত্ত্য পাতালে না দেখি একজন। আমার সহিত তার করি যে গণন॥ শুনিয়া হাসিয়া বলে ইন্দ্র দেবরাজ। আপন প্রশংসা, নিন্দ দেবের সমাজ॥ এই পাপে কীণপুণ্য হইলে যগাতি। কোমারে না শোভে আর স্বর্গের বসতি॥ স্বৰ্গ হৈতে চ্যুত হও বলে পুরন্দর। বিশ্বিত হইয়া তবে বলে নুপবর॥ কহিলাম বাক্য আমি আর না নেউটে। ভুঞ্জিব আপন কর্মা আছে যে ললাটে॥ এক নিবেদন মম ভোমার গোচরে। কুপা করি দেবরাজ আজ্ঞা কর মোরে॥ পুণ্যবান্ লোক যত আছে যেই পথে। সেই পথে পড়ি আজ্ঞা কর শর্চানাথে॥ ইন্দ্র বলে রাজা তব বুদ্ধি নাহি ঘটে। নিজগুণে পুনঃ স্বর্গে আসিবে নিকটে॥ এতেক বলিতে ভবে পড়িল রাজন। আকাশ হইতে যেন পড়িল তপন। হেনকালে শুন্মে অন্টকাদি চারিজন। ডাক দিয়া বলে রহ পড় কোন্জন॥ পুণ্যবান্ আজে। কভুনা হয় খণ্ডন। শুন্মেতে হইল ভির য্যাতি রাজন্॥ সম্ভূক বলিল ভূমি েলান্ মহাজন। কোন নাম ধর তুমি কাহার নন্দন॥ রাজ: বলে নাম আদি পরি যে যথাতি। পুরুর জনক আমি 📲 🕻 উৎপত্তি॥ পুণ্যবান্ জনে আৰু কারসু শ্বমান্য। সেই হেতু হইল আনোর ক্ষাণ গুণ্য ॥ ধনহাঁনে পৃথিবাতে বন্ধুগণ ভ্যক্তে। পুণ্যহীণে স্বৰ্গ ভ্যক্তে দেবের সমাক্তে 🛚 .

অফ্টক বলিলা তুমি আছিলা কোথায়। কি কারণে চ্যুত হ'লে কহিবা আমায়॥ রাজা বলে মর্ত্ত্যেতে ছিলাম মহারাজা। পৃথিবীর লক্ষ রাজা দবে করে পূজা॥ পুত্রে রাজ্য দিয়া পুনঃ গেলাম কাননে। তপ আচরিলাম যে পরম যতনে॥ শরীর ত্যজিয়া স্বর্গে করিয়া গমন। স্থ্যতোগ করিলাম না যায় খণ্ডন॥ তথা হৈতে গেলাম যে ইন্দ্রের নগরী। সহস্র বংসর তথা স্বর্গভোগ করি॥ ইন্দ্রের অমরাবতী নাহি পাঠান্তর। নানা ভোগ করিলাম সহস্র বৎসর॥ তথা হৈতে ব্রহ্মলোকে করিলাম গতি। দশলক বংসর হইল তথা স্থিতি॥ नम्मनामि वन उथा कि कव (म कथा। অপ্সরীর সহ ক্রীড়া করিলাম তথা॥ कामक्रे देश (वड़ा नाम गया उथा। रिनर्द इन्द्र এकिन जिड्डांमिन कथा॥ ইন্দ্রেরে কহিন্তু আপনার পুণ্যচয়। তথা হতে দে কারণে পড়ি মহাশয়॥ অফ্টক বলিল কহ শুনি মহামতি। তথা হৈতে পড়িলে হইবে কোন্ গতি॥ त्राङ्ग वत्न कीनभूना स्त्र (यह कन। ভৌম নরকের মধ্যে পড়ে ততক্ষণ॥ রজোবীর্য্যুত হ'য়ে পুনঃ দেহ ধরে। দ্বিপদ চৌপদ হয় যোনি অনুসারে॥ অষ্টক বলিল তবে হবে কি প্রকার। এ ঘোর নরক হৈতে পাইতে নিস্তার॥ রাজ বলে-তপ-শাস্তি-দয়া-দান-ফলে। এই সব স্বৰ্গভোগ হয় অবহেলে॥ যজ্ঞ হোম ব্রত করে অতিথিদেবন। গুরু-দ্বিজ দেবা করে দেব-আরাধন 🛚 তবেত তরিতে পারে নরক হইতে। কহিলাম রুভান্ত এ দকল তোমাতে॥ অঠঠক বলিল তুমি বড় পুণ্যবান্। ছেথায় নাহিক কেহ তোমার সমান॥

চিরদিন হেথায় থাকহ মহাশয়। নিশ্চিন্ত হইয়া থাক নাহি ইন্দ্রে ভয়॥ রাজা বলে ক্ষাণপুণ্য রহিতে না পারি। স্বর্গেতে রহিতে আর নহি অধিকারী॥ শুনিয়া অফটক শিবি বহু প্রতর্দন। রাজারে ডাকিয়া তথা বলে সর্বজন। আমা দবাকার পুণ্য যতেক আছয়। সেই পুণ্যে হেথা ভূমি রহ মহাশয়॥ রাজা বলে পরদ্রব্য না করি গ্রহণ। কুপণের বৃত্তি এই শুন মহাজন। শিবি বলে রাজা তুমি তৃণগাছি দিয়া। আমা স্বাকার পুণ্য লহত কিনিয়া। রাজা বলে যত কহ বালকের ভাষ। তৃণ দিয়া লব পুণ্য লোকে উপহাস 🛭 এত শুনি অফকাদি বলে চারিজন। নিশ্চয় হেথায় যদি না রহ রাজন্ ॥ তোমার দহিত তবে যাব চারিজন। বথায় নূপতি তুমি করিব। গমন ॥ এতেক বচন যদি তাহারী বলিল। দিব্যমূর্ত্তি পঞ্চরথ দে স্থানে আইল।। পঞ্চরথে চড়িয়া চলিল পঞ্চন। ইন্দ্রের অমরাবতী করিল গমন॥ <u>শ্রীবৈশপ্পায়ন বলে শুন জন্মেজয়।</u> দেই চারিজন তাঁর কন্যার তনয়। কত্যার পুত্রের পুণ্যে তরিল যযাতি। পুনরপি স্বর্গে রাজা করিল বদতি॥ যযাতি-চরিত্রকথা অমৃত সমান। প্রবণে মধ্র নাটি ইহার সমান॥ হৃদয়ে নিৰ্মাল জ্ঞান হয়ত উদিত। পাঁচালী প্রবন্ধে কাশীদাস-বিরচিত॥

পুরু বংশ কথন।

জন্মেজয় বলে স্বর্গে গেল নৃপবর।
পূর্বকে করিন রাজা রাজ্যের ঈশ্বর॥
আর চারি পুজে শাপ দিল নরপতি।
কি কর্ম্ম করিল তারা কহ মহামতি॥

মুনি বলে যহু হৈতে জন্মিল যাদব। তুর্ববস্থর বংশ হৈতে যবন উদ্ভব ॥ দ্ৰুহ্য হৈতে বন্ধিত হইল ভোজবংশ। অনুর ঔরদে জন্ম শ্লেচ্ছ অবতংশ॥ পুরুর ঔরদে জন্ম হইল পৌরব। যার বংশে আপনার হৈয়াছে উদ্ভব ॥ ত্রপ জপ যজ্ঞ ব্রত ধর্ম্মেতে তৎপর। পুরুর যতেক কর্ম্ম লোকে অগোচর ॥ পুরুরাজ পাটেশ্বরা পৌষ্ঠী নাম ধরে। তিন পুত্র হইল যে তাঁহার উদরে॥ প্রবার প্রধান পুত্রে দিল রাজ্যভার। শূরদেন: নামে কতা বনিতা তাঁহার॥ তার পুত্র মনযুর সে হৈল নরবর। তিন পুত্র হৈল তার পরমস্থন্দর॥ তিন পুত্র মধ্যে হৈল রাজা সংহনন। মি≚কেশী-গভেঁ;ত জন্মিল দশ জন ॥ অনার্ষ্টি নৃপতির পুত্র মতিনার। তংহ আদি চারি পুত্র হইল তাঁহার॥ ঈনিল তাঁহার পুত্র বলে মহাতেজা। তার পঞ্চ পুত্রেতে পুষান্ত হল রাজা॥ শকুতলা ভার্য্যা তাঁর বিখ্যাত সংসার। ভরত নামেতে পুত্র হইল তাঁহার॥ ভরতের গুণ কর্ম্ম কহিতে বিস্তার। ভূমন্যু বলিয়া পুত্র হইল তাঁহার॥ স্থােত্র বলিয়া রাজ তাঁহাতে উৎপত্তি। তাঁর পুত্র হস্তা নামে হইল স্থ্কাতি॥ বদাইল আপনার নামেতে নগর। হস্তিনা বলিয়া নাম স্কুবন ভিতর ॥ ^{অজনত মহারাজ হস্তার নন্দন।} তার পুত্র রাজা হৈল নাম সংবরণ॥ সংবরণ রাজ্যকালে অনার্ষ্টি কৃত। ছভিন্ন হইল, লোক ব্যাধিতে পীড়িত॥ পাঞ্চাল দেশের রাজা বলে নিল দেশ। সংবরণ করিলেন বনেতে প্রবেশ।। ফুপ। করি বশিষ্ঠ সহায় হৈল তাঁর। পুনরপি রাজ্যপ্রাপ্তি হইল রাজার॥

নানা যজ্ঞ দান তবে করিল নুপতি। তাঁর জায়া সূর্য্যস্তা নামেতে তপতী॥ তাঁহার নন্দন কুরু বিখ্যাত ভূতলে। কুরুক্তেত নির্মাইল নিজ বাহুবলে॥ জন্মেজয় আদি করি পঞ্চ পুত্র তাঁর। ধৃতরাষ্ট্র রাজা জন্মেজয়ের কুমার ॥ প্রতীপ নামেতে ধৃতরাঞ্জের নন্দন। তিন পুত্র হৈল তাঁর বিখ্যাত ভূবন 🛭 দেবাপি শান্তা**সু আ**র তৃতীয় বহুলীক। এই তিন পুত্ৰ জন্মাইল সে প্ৰতীপ॥ জ্যেষ্ঠ পুত্র দেবাপি সন্ন্যাসধন্ম নিল। বালক-কালেতে সেই অরণ্যে পশিল।। শান্তমু দ্বিতীয় পুত্র হৈল নরপতি। গঙ্গাগর্ভে তার পুত্র ভাষা মহামতি॥ বিবাহ না করে ভাষা বংশ না ২ইল। সত্যবতী কন্সাকে বাপে বিভা দিল॥ তাঁর গর্ভে শান্তানুর যুগল কুমার। চিত্রাঙ্গদ বিচিত্রবার্য্য সর্বব গুণাধার॥ গন্ধর্বেমারিল চিত্রাপদ নরবর। রাজ্যেতে বিচিত্রব য্য হৈল দণ্ডধর॥ বংশ না হইতে তাঁর হইল নিধন। পুনঃ বংশরান্ধ কৈল ব্যাস তপোধন॥ ধৃতরাষ্ট্র পাড়্ আর বিচর নন্দন। ধৃতরাষ্ট্রপুত্র হৈল এক শক্ত জন॥ ভাতার বিধানে সপে হইল নিধন। বংশরক। হেছু হৈল পাণ্ডুর নন্দন 🛚। বুধিষ্ঠির ভাম আর ীর দমঞ্জয়। নকুল পঞ্চ সহদেব নহাশ্য।। অর্জুনের পুত্র হৈল হুড্ডা উদরে। যৌবনে মহিল সেও ভারত সমরে॥ তার ভাষ্যা উত্তরা আহিল দৰিতা। পরাক্ষিত মহারাজ ভাহাতে-উৎপাত্রা আপনি হইলা তুমি ভাষার নন্দন। তেমোর নন্দন এই দেখ গুইজন॥ শতানন্দ আর শস্তু তুই সংখদর। মেরুদণ্ড হৈল শতানাকের কুমার ॥

পুরু-বংশ পুণ্যকথা যেইজন শুনে।
আয়ুর্যশ পুণ্য তার বাড়ে দিনে দিনে॥
সংসারে যতেক ধর্ম শান্ত্রে বেদে কয়।
সর্ববধর্ম ফল পায় নাহিক সংশয়॥
আদিপর্বব ভারত শ্রীব্যাস-বিরচিত।
কাশীরাম দাস কহে রচিয়া সঙ্গীত॥

ু মহাতিষ রাশার প্রতি ব্রহ্মার অভিশাপ এবং শাস্তমুর উৎপত্তি ধ

জন্মেজয় বলে মৃনি কহ আর বার। সংক্ষেপে কহিলা, কহ করিয়া বিস্তার ॥ বৈলোক্যপাবনা গঙ্গা বিষ্ণু-অংশে জন্ম। শান্তসুর ভার্য্য। শুনি এ অদ্ভুত কর্ম্ম॥ মুনি বলে শুন কহি তাহার কারণ। মহাভিধ নামে রাজ। ইক্সাকুনন্দন ॥ ইচ্ছের সম্মতে যজ্ঞ করিল বিস্তর। সহত্রেক অখ্যেধ কৈল নরবর ॥ দেব বিজ দরিদ্রে তুর্যিল মহামতি। দানেতে পৃথিবী পূর্ণ কৈল নরপতি॥ ব্রহ্মলোকে গেল রাজা বজ্ঞপুণ্যফলে। ্রেক্সার সহিত তথা বৈদে কুতৃহলে॥ বহুকাল তথায় আছুয়ে নরপতি। একদিন দেখে রাজা দৈবের যে গতি ধ্যানেতে আছেন প্রক্ষা বদিয়া আদনে। সম্মুখে বেষ্টিত যত সিদ্ধ মুনিগণে॥ ব্রহ্মার সভার তুল্য নাহি পাঠান্তর। সবে তথা চতুম্মু থ গৌর-কলেবর ॥ দক্ষ আদি প্রজাপতি ইন্ত আদি দেবে। দেব ঋষি মুনিগণ নিত্য আদি দেবে॥ গঙ্গাদেবী আইলেন প্রক্রার সদন। হেনকালে অতি বেগে বহিল পবন॥ বায়ুতেজে জাহ্নবার উড়িল বদন। দেখি হেট মুগু করিলেন দেবগণ॥ অপূর্ব্ব গঙ্গার অঙ্গ দেখিয়া সঘনে : মহাভিষ রাজা দেখে নিশ্চল নয়নে॥ মহাভিষ রাজা অতি রূপে অকুপম। তাঁর দিকে গঙ্গাদেবা চান অবিরাম ॥

দোঁহার দেখিয়া দৃষ্টি বলে প্রজাপতি। মম লোকে আসি রাজা করিলে অনীতি॥ ব্রক্ষলোকে আসি কর মনুষ্য-আচার। মর্ত্ত্যে জন্ম ল'য়ে ভোগ কর পুনর্ব্বার ॥ পুনরপি এথায় আদিবে পুণ্যবলে। সোমবংশে জন্ম গিয়া লও ভূম গুলে॥ ব্রহ্মার পাইয়া আজ্ঞা চিন্তে নরপতি। তথা হৈতে পতন হইল শীঘ্ৰগতি॥ সোমবংশে মহারাজ প্রতীপ আছিল। মহাভিষ রাজা তাঁর গৃহে জন্ম নিল॥ বাহুড়িল গঙ্গা, করি ব্রহ্মা দরশন। পথেতে দেখিল আদে বহু অফ্টন্সন ॥ বিরদ-বদন গঙ্গা দেখি বন্ধগণে। জিজ্ঞাসিল তোমরা চিন্তিত কি কারণে বস্তুগণ বলে চিন্তা করি নিজ দোষে। বশিষ্ঠ দিলেন শাপ জন্মিতে মানুষে॥ পৃথিবীতে জন্ম হবে কাঁপিছে অন্তর। বিশেষ মনুষ্য গোনি নরক তুন্তর ॥ উপায় না দেখি মনে ভাবি সে কারণ। ভাল হৈল তব সনে হৈল দরশন॥ গঙ্গা বলে কি করিব কহ সন্নিধান। যা বলিবে অঙ্গীকার না করিব আন ॥ বস্থগণ বলে মর্ত্ত্যে জন্মিব নিশ্চয়। নরযোনি জন্মিতে হতেছে বড় ভয়॥ আপনি মনুষ্যলোকে হ'য়ে রাজনারী। আমা সবাকার তুমি হও গর্ভধারী॥ আর এক নিবেদন করি যে তোমারে। জন্মমাত্র ভাসাইয়া দিও গঙ্গানীরে 🛭 বত্রর বচনে গঙ্গা স্বীকার করিল। শুনি অফ্টবন্থ তবে হর্ষিত হৈল। কুরুবংশে আছিল প্রতীপ নামে রাজা। ধর্মেতে তৎপর বড়, বলে মহাতেজা॥ দেবাপি নামেতে তাঁর প্রথম নন্দন। অল্লকালে সন্মাসী হইয়া গেল বন॥ দেবাপি বিহনে রাজা হৈল পুত্রহীন। গন্ধাজলে থাকে সদা বয়সে প্রবীণ 🏾

ত্রপ জপ ব্রত করে বেদ অধ্যয়ন। রুক্রকালে নরপতি রূপেতে মদন।। তার রূপ গুণ দেখি প্রীতি যে পাইল। ভল হৈতে গঙ্গদেবী বাহির হইল॥ লাহ্নবীর রূপে নিম্যে এ তিন ভুবন। রিতীয় চন্দ্রের যেন হৈল কিরণ ॥ লক্ষিণ উরুতে গিয়া বদিল রাজার। দেখিয়া বিশ্বিত **হৈল কৌরব-কুমার**॥ রাজ। কলে কি করিব কি বাঞ্ছা তোমার। শত্য করি কহু যেই বাঞ্চা আপনার॥ কন্য: বলে কুরুশ্রেষ্ঠ তুমি মহামতি। তোমারে ভজিনু আমি হও মম পতি॥ হৈয়া উপযাঠিকা ভল্গয়ে যদি নারী। পুরুষ ন। ভজিলে দে হয় পাপকারী॥ ্রাজা বলে পরদার আমি নাহি ভজি। প্রদার পরশিলে **নরকেতে ম**জি॥ কতা। বলে নহি অমি পরের গৃহিণী। দেবকস্তা আমি মোরে ভঙ্গ নৃপমণি॥ রাজা বলে কন্সা না বলিও হেন বাণী। প্ৰিণ উরতে বদে পুত্রবধ্ গণি॥ ্রক্রাসর বাম উদ্ধ ভার্য্যার আসন। ^{বুবি}য়া এমত বাক্য কহ কি কারণ॥ ্নী কারণে ভোমারে বধুর মধ্যে গণি। কেমনে করিব ভার্য্যা অনুচিত বাণী॥ ্রামার বচনে আমি হইনু স্বীকার। ^{বরিব} তোমারে স্থতে করি অঙ্গীকার॥ আমার নিয়ম এই শুন মহারাজ। নিষেধ না করিবে আমার প্রিয় কাজ॥ তবে সে ভোমার স্থতে করিব বরণ। এত বলি অন্তর্কনে হ'লেন তথন॥ কভার বচনে রাজা হর্ষিত হৈল। তপুত্র হইবে রাজ। ভার্য্যারে কহিল॥ ^{ভার্যা:} শহ ব্রতাচার করিল নূপতি। ^{কত দিনে গৰ্ভে স্কৃত হইল <mark>উৎপ</mark>ত্তি॥} দশ্মাদ দশদিনে হইল কুমার। রাজীবলোচন মুখ চক্রের আকার॥

শান্তশীল হত নাম শান্তমু পুইল। তাঁহার অনুজে নাম বহলাক রাখিল।। দিনে দিনে বাড়ে তাঁর যুগল তনয়। কতদিনে দেখি পুত্র যৌবন সময়॥ শান্তকুর নিকটেতে আদি নূপবর। রাজনীতি ধর্মাশিক। দিলেন বিস্তর॥ এক কথা কহি আমি শুন মহামতি। আমার বচন এই না হও বিশ্বতি॥ তব জন্ম ন। হইতে দৈবে একদিনে। পরমান্তব্দরী কন্সা আদে এই স্থানে॥ বধু করি ভাধারে করিলাম বর্গ। অঙ্গীকার করি কন্যা করিল গমন 🏾 পরম। স্থন্দরী করু। হয় দেবরূপী। তোমার সদনে যদি আইসে কদাপি॥ তোমারে ভব্জিলে তুমি ভব্লিও তাহারে। নিষেধ না করিবে, সে যেই কশ্ম করে॥ পিত। যাহ। বলে তাহ। স্বাকার করিল। শান্তত্বরে রাজ্য দিয়া রাজা বনে গেল ॥ নহাভারতের কণা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান্॥

अष्टेनस्रत कवा (तरनः ।

হতিনানগরে রাজ্য শান্তপু হইল।

ক্রমে তার গুণরাশি পূথিবা পূরিল।

প্রেতে বার্মিক রাজ্য মহাবস্কর।

মগয়া করিয়া ভ্রমে বনের ভিতর ॥

জাহ্নবীর ছই তটে ভ্রমে রাজ্য একা।
পাইল দৈবাৎ তথা জাহ্নবীর দেখা ॥
পদ্মের কেশব-বর্ণ শুক্র বস্ত্র-পারা।
ক্রপেতে নিন্দিত মত স্বর্ণ বিভাগরী॥
আশ্চর্যা ক্যার রূপ শান্তপু দেখিয়া।
জিজ্ঞাসিল নরপতি নিকটেতে গিয়া॥
কে তুমি দেবের কন্যা অপ্সরা কিমরী।
কিবা নাগক্তা তুমি কিবা বিভাগরী॥
অপরূপ রূপ ধর বর্ণিতে না পারি।
ভোমাতে মজিল মন হও মম নারী॥

কন্সা বলে রাজা, ভার্য্যা হইব ভোমার। এক নিবেদন আছে নিয়ম আমার ॥ আপন ইচ্ছায় আমি করিব যে কাজ। আমারে নিষেধ না করিবে মহারাজ।। क्लाहि कच्च यकि वल कुवहन। আমার সহিত আর না হবে দর্শন ॥ ত্যাগ করি তোমারে যাইব নিজ স্থান। স্বীকার করিল রাজা তার বিগ্রমান॥ যে কিছু তোমার ইচ্ছা কর নিজ স্থথে। কখনও নিধেধ না করিব তোমাকে॥ রাজার কানে গন্ধা ধীকার করিল। গঙ্গারে লইয়া রাজা হস্তিনা আসিল।। দিব্য রত্ন ভূষণ বসন অলঙ্কারে। নানামত দ্রব্যে তুগিল সদ। গঙ্গারে॥ **অকুগত হ**ইয়া থাকেন নরপতি। চিরকাল ক্রীড়া করে গঙ্গার সংহতি ॥ মুনিশাপে বস্থগণ জন্ম নিল আমি। জন্মিল গঙ্গার পুত্র যেন পূর্ণশ্ৰী॥ পুত্র দেখি শান্তমুর আনন্দিত মন। নানা দান, নানা যজ্ঞ, করিছে রাজন॥ হেথা পুত্র ল'য়ে গঙ্গা পেল গঙ্গাজলে। জলেতে ড্বিয়া মর পুত্র প্রতি বলে॥ দেখিয়া শান্তনু হইল বিরদ-বদন। ু <mark>ভয়েতে গঙ্গা</mark>রে কিছু না বলে বচন ॥ তবে কতদিনে আর এক পুত্র হৈল। সেইমত করি গঙ্গা জলে 🕫 বাইল ॥ পূর্ববদত্যভয়ে রাজা কিছু নাহি বলে। নিরন্তর দহে ততু পুত্র-শোকানলে॥ এক হুই তিন চারি পাঁচ ছয় সাত। একে একে গঙ্গাদেবী করিল নিপাত॥ পুত্র শোকে শান্তমুর দহে কলেবর। কতদিনে জন্ম হৈল অস্ট্য কুমার॥ স্তুত ল'য়ে গঙ্গাদেবী যায় নিজ জলে। ব্যগ্র হয়ে নরপতি গঙ্গাপ্রতি বলে॥ কোন্ মায়াবিনী ভূমি এলে কোথা হ'তে। তব সম নিন্দিতা না দেখি পুথিবীতে ॥

পাষাণ শরীর তব বড়ই নির্দিয়। এত বলি কোলে নিল আপন তন্যু॥ গঙ্গা বলে হুত-বাঞ্ছা কৈলে নরপতি। । পূর্বের নিয়ম পূর্ণ হৈল মহামতি ॥ তোমায় আমায় আর নাহি দরশন। এ স্থত পালিও রাজা করিয়া যতন ॥ আমি পরিচয় তবে দিব নরপতি। শ্বামি ত জাহ্নবী তিনলোকে মন গতি॥ আমার উদরে যত হৈল স্তগণ। বশিষ্ঠের শাপে এই বস্তু মন্টজন॥ মুনিশাপে বহুগণ হইয়া কাতর। আমারে মিনতি করি মাগিলেক বর।। গর্ভেতে ধরিব বলি করি অঙ্গীকার। দে কারণে হইলাম বনিতা তোমার॥ রাজা বলে কছ শুনি পূর্বব বিবর্ণ। বস্ত্রগণে বশিষ্ঠ শাপিল কি করেণ॥ গন্ধ। বলে দেই কথা শুন নরপতি। বরুণের পুত্র দে বশিষ্ঠ মহামতি॥ হিমালয় পর্বতে মুনির তপোবন ৷ নানা ফল-ফুলে সদা শোভে তরুগণ॥ দক্ষকন্যা হরভি দে কশ্যপ-গৃহিণী। কামত্ব। ধেকু হৈল তাহার নন্দিনী॥ সেই ধেকু প্রাপ্ত হৈল বরুণ নন্দন। বংস সহ সদা থাকে মুনির সদন॥ দৈৰযোগে একদিন বস্তু অফ্টন্সন। ভার্য্যার সহিত তথা করিল গমন ॥ আপন আপন ভার্যা দহ অফ্ট্রন। ক্রীড়া করি ভ্রমে দদা মুনির কানন॥ দিব্যবস্থ-ভার্য্যা কামত্র্যা ধেনু দেখি। একদৃক্টে চাহে কন্সা অনিমিষ অাখি॥ স্থন্দর দেখিয়া গাভী কহিল স্বামীরে। কাহার স্থন্দর গাভী দেখ বনে চরে॥ দিব্যবস্থ বলে এই বশিষ্ঠের গাভী। ক**শ্যপের অংশে জন্ম** জননী হ্বরভী॥ ইহার যতেক গুণ কহনে না যায়। এক পল ছগ্ধ যদি নরলোকে পায়॥

পান किटन जीएर मन महस्य वंशमत । শুনিয়: কহিল কন্সা স্বামীর গোচর॥ নবলোকে দ্বী এক আছ্যে আমার। টুণীনর করা জিত্বতী নাম তার॥ ত্রাহার কারণে হুমি গাভী দেহ মোরে। যন্তপি থাকয়ে স্নেহ আমার উপরে॥ বিন্য করিয়া কন্যা বলে বারে বারে। দ্বীবশ হইয়া বস্থ ধরিল গাভিরে॥ ভার্যা বেংলে গাভী ধরে পাছে না গণিল। কামত্ব। ধেনু লৈয়া নিজ ঘরে গেল। কতক্ষণে মুনিবর আইল আশ্রমে। গার্ভা না দেখিয়া মুনি তপোবনে ভ্রমে॥ ন: পাইল গাভী মুনি ভ্রমিল বিস্তর। ্কবা নিল গাভী মুনি চিন্তিত-অন্তর॥ ধ্যান করি দেখে তবে বরুণ-নশ্দন। লানিল হরিল গাভী বস্থ অফজন॥ ্কুণ্ণেতে বশিষ্ঠ শাপ দিল ততক্ষণে : নরযোনি জন্ম লহ বস্তু অন্টজনে॥ বশিষ্ঠ দিলেন শাপ শুনি বস্থগণে। করবোড়ে স্তুতি করে মুনির সদনে॥ যুনি বলে মম বাক্য ন। হয় খণ্ডন। বংসরেক গর্ভবাসে রবে সাতজন॥ বংদরে বংদরে ক্রমে হইবে মুক্তি। শবে না হইবে তাহে একই স্কুক্তি॥ ্রামা দ্রা মধ্যে গাভী লৈল যেইজন। নরলোকে রহি মুক্ত হবে সেইজন॥ মনিশাপে বহুগণ হইয়া কাতর। স্তুতি করি আমারে মাগিল এই বর[্]ল জন্মমাত্র আমা সবে ডুবাইবে জলে। অঙ্গীকার করিলাম ত। সবার বোলে॥ ্দ কারণে ভার্য্যা আমি হলেম তোমার। এই ত কুমার রাজা বন্ধ-অবতার॥ পালন করিয়া স্থতে যুবক হইলে। ্তামারে আনিয়া দিব কত দিন গেলে॥ এত বলি হৃত লৈয়। হৈল অন্তৰ্দ্ধান। কান্দিতে কান্দিতে বাজা গেল নিজ স্থান 🛭

পদা কাইছ নেবাৰতকে শান্তানুৱ করে অপন দেবারতের যুবরাজ হওন।

গঙ্গার শোকেতে রাজা হইল কাতর। গঙ্গার ভাবনা বিনা নাহি চিন্তা আর ॥ বিবাহ না করে রাজ। নবীন যৌবনে। দান ধ্যান তপ জপ করে নিশি দিনে॥ বছর শতেক ষষ্টি গেল এই মতে। একদিন গেল রাজা গঙ্গার তটেতে॥ আচন্বিতে দেখে রাজা গঙ্গা বসি নীরে। ছয় ঋতু বহে সদা গঙ্গা দেবী থিরে॥ তার পাশে তেজোদীপ্ত আছে এক বীর। হাতে ধকু শরাসন উজ্জ্বল শরীর॥ তদন্ত জানিতে রাজা কাছে যাই গেল। রাজা হেরি মহাবার জলেতে ভূবিল॥ পূর্বব মৃত্তি তাজি গঙ্গা অভ্যরূপ ধরি। দেবব্রতে অগ্রে করি এলো তট'পরি॥ ভাগিরথী তবে ডাকি নুপে চাহি বলে। অস্টম কুমারে নিয়ে যাও রাজ্যে চলে॥ দেবত্রত নাম ধরে তন্য় তোমার। বশিষ্ঠের স্থানে শিক্ষা অস্ত্র হ'ল তার॥ জানে অন্ট বিগ্যা ভূগু রামের সমান। দৈত্যগুরু দেবগুরু সম শাস্ত্রে জ্ঞান ॥ তোমারে দিলাম পুত্র লও মহারাজ। অভিযেক করি এরে কর যুবরাজ॥ পুত্র পেয়ে আনন্দিত হ'ল নরপতি। অভিযেক করে পুত্রে শান্তানু ভূপতি॥ কিছুদিন পরে নৃপ মৃগয়া কারণ। কালিন্দার তীরে করে মূগ প্রয়েশণ ॥ গন্ধে আমোদিত চারিভীতে চায়। কিসের স্থগন্ধ তাহা না জানিল রায়॥ গন্ধ **অনুসারে তবে** যার নরপতি। আচ্মিতে নৌকাপরে দেখিল খুম্তা॥ পরমা হুন্দরী কন্সা জিনি বিস্থানরী। কিরণে উচ্ছল করে কালিন্দার বারি॥ কন্য। দেখি নুপতিরে পীড়িল মদন। আগু হইয়া কন্স। প্রতি জিজাসে রাজন 🛭

কোন জাতি হও তুমি কোথা তব ধাম। কাহার নন্দিনী তুমি কি তোমার নাম॥ কতা বলে আমি দাস রাজার তুহিতা। ধর্মার্থে বহিতে নৌকা আজ্ঞা দিল পিত।॥ 😎নি পরিচয় রাজ। গেল শীঘ্রগতি। যথায় মৎস্ত জীবী দাদের বদতি॥ রাজা হেরি করযোড়ে দাসরাজা কয়। কি হেতু আইলে আজ্ঞা কর মহাশয়॥ কন্ম। তরে আমি আদি শুন তব স্থান। তব কন্সা কর তুমি মোরে আজি দান॥ দাস কহে সত্য কর ধর্মার্থে লইবে। কন্সার গর্ভেতে যবে সন্তান হইবে ॥ সেই জনে দিবে তুমি রাজ্য অধীকার। তবে আমি দিতে পারি কতা রত্ন দার॥ দেবব্রত মুখ চাহি রাজা এল ঘরে। হেন সত্যে বন্ধ হতে রাজা নাহি পারে॥ কন্মা দেখি সেই দিন হইতে রাজন। সানাহার ছাড়ি রাজা রয় বিস্মরণ॥ পিতার ঘটনা সব করিয়া শ্রবণ। দেবব্রত গেল রথে দাস রাজা স্থান ॥ দেবব্রত বলে রাজা তুমি ভাগ্যবান। আমার পিতারে তুমি কতা দেহ দান॥

মৎসগন্ধার উৎপত্তি।

দাপর যুগেতে রাজা নামে পরিচর।
সত্যশীল ধর্মবন্ত তপেতে তৎপর॥
সকল ত্যজিয়া রাজা ধর্ম্মে দিল মন।
কঠিন তপস্থা বনে করে অমুক্ষণ॥
কভু ফল মূল খায় কভু অমু পান।
শিরে জটা বক্ষের বক্ষল পরিধান॥
কখন গলিত পত্র কভু বাতাহার।
বৎসরেক নৃপতি করিল অনাহার॥
গ্রীম্মকালে চতুদ্দিকে জ্বালিয়া আগুন।
উদ্ধিপদ্দে তার মধ্যে রহিল রাজন্॥
হেনমতে তপ করে সহস্র বৎসর।
ভাঁর তপ দেথিয়া ত্রাসিত পুরক্ষর॥

ঐরাবতে চড়িয়া চলিল দেবিরাজ। যথা তপ করে রাজা অরণ্যের মাঝ। ডাক দিয়া বলে ইন্দ্র শুন নৃপবর। দেখিয়া তোমার তপ সবে পায় ভর॥ নিবর্ত্ত কঠোর তপ না কর রাজন। এত বলি ইন্দ্র দিল দিব্য আভরণ। বৈজয়ন্তী মালা নৃপতির গলে দিল। ছত্রদণ্ড দিল আর শ্রবণ-কুণ্ডল॥ চেদি নামে রাজ্যে করি অভিষেক তাঁরে। রাজা করি দেবরাজ গেল নিজপুরে ॥ চেদিরাজ্যে নৃপতি হইল পরিচর। নানাবিধ যজ্ঞ দান করে নিরস্তর॥ অযোনিসম্ভবা কন্যা পর্বতে পাইল। পরমা স্থন্দরী দেখি বিবাহ করিল॥ ঋতুস্নান করিল সে রাজ পাটেশ্বরী। পবিত্র হইল তবে স্নানদান করি॥ সেই দিন পিতৃলোক কহিল রাজায়। মূগমাংদে আদ্ধি আজি কর মহাশয়॥ পিতৃগণ আজ্ঞা পেয়ে রাজা পরিচয়। মৃগয়া করিতে পেল অরণ্য ভিতর॥ মহাবনে প্রবেশিল মূগ অস্বেষণে। ঋতুমতী ভার্য্যা তাঁর প'ড়ে গেল মনে ॥ মুগয়া করয়ে রাজা নাহি তাহে মন। অনুক্ষণ ভার্য্যা মনে হয়ত স্মরণ॥ কাম হেতু তার বীর্য্য হইল খ্রালিত। দেখিয়া নৃপতি চিত্তে হইল চিন্তিত॥ করেতে সঞ্চান পক্ষা আছিল রাজার। পত্রে করি বীর্য্য দিল স্থানেতে তাহার॥ এই বীৰ্য্য লৈয়া দিবে পাটেশ্বরী স্থানে। এত বলি নরপতি পঠায় সঞ্চানে॥ চলিল সঞ্চান পাথা রাজার আজ্ঞাতে। আর এক সঞ্চান দেখিল শৃত্যপথে ॥ ভক্ষ্যদ্রব্য বলিয়া তাহারে ছেঁ। মারিল। অন্তরীকে যুগল সঞ্চানে যুক্ত হৈল ॥ সঞ্চানের নিকট হইতে সেইকালে। পতিত হইল রেতঃ যমুনার জলে॥

দীবিকা নামেতে ছিল স্বৰ্গ বিভাধরী। মনিশাপে জলমধ্যে হইয়া শক্রী॥ ্দুই ত শফরী বীর্য্য করিল ভক্ষণ। হওন না যায় কভু দৈবের ঘটন॥ ত্রে সেই দুশমাদে ধীবরের জালে। পড়িল প্রবীণ মং**স্থা তুলিলেক কুলে॥** কলেতে তুলিতে মংস্থা প্রদাব হইল। ন্নিশাপে মুক্ত হৈয়া নিজ দেশে গেল॥ এক গুটি স্থতা তাহে এক গুটি স্ত। ্দ্রিয়। ধাঁবরগণ মানিল অদ্ভুত 🏽 যুগল সন্তান তবে ল'য়ে কোলে করি। ্গল যথা পরিচর চেদি-অধিকারী॥ মপূর্বৰ দেখিয়া রাজা হইল বিস্ময়। কৈবৰ্ত্তে ভন্য। দিয়া লইল ভন্য ॥ মপুত্রক রাজা, পুত্রে করিল পালন। মংস্তরাজ বলি নাম হইল যোগও॥ েতা ল'য়ে ধীবর আইল নিজ ঘরে। বহুবিধ যদ্ধ করি পালিল তাহারে॥ রূপেতে ভাহার সম মা মিলে সংগারে াবের মধ্যে মংস্থের গন্ধ কলেবরে॥ গ্রিপ্তে কেহ তার নিকটে না যায়। লিখ্য। ধীবর-রাজ চি**ন্তিল উ**পয়ে ॥ বন্নার জল পথ গছন কাননে। ্নই পথে নিত্য পার হয় মুনিগণে॥ ়্বভারে বলিল তুমি থাক এই স্থানে। পদ্ম অর্থে পার কর যত মুনিগণে॥ নহাননি পরাশর শক্ত্রির কুমার। তার্থনাত। করিবারে যান পুনর্ববার ॥ আঃস্থিতে পরাশর আদে দেই পথে। ৈবৰ্ত্ত কুমারী কন্মা দেখিল নৌকাতে 🖁 ত্র*ন্দিত অঙ্গ* তার প্রথম যৌবন। প্রমন্ত কোকিল-স্বর জিনিয়া বচন ॥ ^{ভাহার} লাবণ্য দেখি মোহ গেল মুনি। ^{ভিজা}সিল কন্সা তুমি কাহার নন্দিনী।। কন্যা বলে আমি দাসরাজার কুমারী। পিত। মাতা নাম দিল মংস্থাগদ্ধ। করি ॥

মুনি বলে কতা। তুমি জগৎমোহিনী। আমারে ভঙ্গহ, আমি পরাশর মুনি॥ এত শুনি কতা। বলে যুড়ি হুই কর। কত্যাজাতি প্রভু আমি নহি স্বতন্তর॥ সহজে কৈবৰ্ত্তকন্ম। হই নীচজাতি। অঙ্গেতে তুর্গন্ধ মম দেথ মহামতি॥ তুৰ্গন্ধে নিকটে না আইদে কোন জনে। আমারে পরশ মুনি করিবে কেমনে॥ এত শুনি হাসিয়া কংহন পরাশর। আমি বর দিব কন্যা নাহি কোন ভর॥ মংস্থের দুর্গন্ধ আছে তব কুলেবরে। পদ্মগন্ধ হইবেক আমার এঁবরে॥ অন্তা আছহ তুমি প্রথম মৌবনে। দল এইরূপে থাক আমার বচনে॥ বলিলে তোমার জন্ম কৈবর্ত্তের গরে। মহারাজ বিবাহ করিবে মম বরে॥ এতেক বচন যদি দে মুনি বলিল। পূৰ্বব গন্ধ ত্যজি কহা: পদাগন্ধা হৈল 🛭 অত্যন্ত হৃন্দরী হৈল গুনিরাজ বরে। আপনা নেহারে কতা। হরিণ অভরে॥ পুনরপি বলে কন্সা মুজি ছই কর। খণ্ডিতে কাহার শক্তি তোমার উত্তর॥ গমুনার ছুই তটে আছে লোক জন। যনুনার জলে নৌক। আছে অগণন॥ ইহার উপায় প্রস্কু চিত্তহ আপনি। লোকেতে প্রচার যেন না হয় কাহিনা॥ শক্তিপুত্র পরাশর মহ:-তপোধন। আজ্ঞাতে করিল মূনি কুলাটি স্থজন॥ যম্মার মধ্যে দাপ হইল তান। প্রথান্ধা ক্যা ঘূনি করিল রমণ 🛭 मেইকালে গর্ভ হৈল কন্সার উদরে। ব্যাদদেৰ জন্মিলেন বিখ্যাত দংদারে ॥ ৰ'পে জন্ম হেতু নাম তাঁর ৰৈপায়ন। চারিভাগ কৈল বেদ ব্যাস সে কারণ ॥ ব্দুমাত্র জননীরে বলেন বচন। আজ্ঞা কর মাতা আমি যাব তপোবন॥

বৰন ভোষার কিছু হবে প্রয়োজন।
আসিব ভোষার ঠাই করিলে স্মরণ॥
জননীর আজ্ঞা পেরে গেল তপোবন।
ভোষারে কহিন্দু এই পূর্ব্ব বিবরণ॥

সভ্যৰতীর বিবাহ।

জন্মেজর বলে তবে কহ মুনিবর। পিতামহে কোন বাক্য বলিল ধীবর 🛭 শুনি বলে দাসরাজ বিবিধ বিধানে। বিনয়পূৰ্বক বলে শান্তসু নন্দনে 🏾 পূর্ব্বেতে ভোষার পিতা এসেছিল হেখা। 'ক্লার কারণে কহিলেন এই কথা॥ **একণে আ**পনি তুমি কহ মহাশয়। মোর কর্মদোবে ইহা ঘটনা না হয়॥ ক্সপেতে ভোমার পিতা কামদেব জিনে। কুরুকুল মহাবংশ বিখ্যাত ভুবনে ॥ হেন বংশে দিব কন্মা ভাগ্য নাহি করি। ভেবে এক কথা আছে এই হেতু ভরি ॥ দেৰভ্ৰত বলে কহ আছে কোন কথা। মম সাধ্য হ'লে তাহা করিব সর্বব্যা॥ ুলাস বলে মহাশয় কর অবধান। যেই হেডু নাহি করিলাম কম্যাদান ॥ তোমা হেন পুত্র যাঁর রাজ্যের ভাজন। তাঁর কি উচিত পুনঃ পদ্দীর গ্রহণ 🛭 ভোষার মহিমা যত বিখ্যাত সংসারে। ভোমার জোধেতে ইস্ত্র আদি দেব ভরে ॥ এতেক শুনিয়া বলে গঙ্গার নন্দন। অসুমাণে বুবিলাম ভোমার বচন 🛭 সে কারণে সত্য আমি করি দাসরাজ। প্ৰবিধানে শুন যত ক্তিয়-সমাজ। পিতার বিবাহ হেতু কৃরি অঙ্গীকার। পাজি হৈতে রাজ্যে যম নাহি অধিকার॥ ভোষার কভার গর্ভে হইলে কুমার। ছতিনানগরে তার হৈবে রাজ্যভার। जानवास राज उर अवार्थ करा। शांक अव अवाश्य बाह्य विद्यान ।

তুমি সভ্য করিলে ভা করিবে পালন। পাছে ৰন্দ করে লেষে ভব হতগণ ॥ সে কারণে ভরান্বিত আমার অন্তর। এত শুনি দেবত্রত করিল উত্তর 🛭 আমি ত্যাগ করিলাম যদি রাজ্যভার। হ্বত হেতু ভয় কেন হইল তোমার 🛭 তোমার অগ্রেতে আমি করি অঙ্গীকার। বিবাহ না করিব এ প্রতিজ্ঞা আমার ॥ দেবত্রত যদি এই বচন কহিল। দেবতা গন্ধর্ব্ধনর বিস্মিত হইল ॥ ধন্য ধন্য শব্দে দবে চারিভিতে ডাকে। হেন কর্ম্ম কেহ পূর্বের নাহি করে লোকে॥ দেবাহ্মর নরে এই কর্ম্ম অফুপম। এ হেন প্রতিজ্ঞা হেতু ভীন্ন হ'ল নাম।। সত্য করি কন্সা লয় দিতে জনকেরে। সেই হেতু সভ্যবতী নাম কন্মা ধরে ॥ ভীত্মের প্রতিজ্ঞা শুনি কৈবর্ত্তের পতি। ভীন্ম আগে আনি দিল কন্সা সভ্যবভী॥ সত্যবতী দেখি ভীম্ম বলে যোড়হাতে। নিব্দ গৃহে চল মাতা চড় আসি রথে॥ রথেতে চড়ায়ে তবে করিল গমন। रुखिनानगदत **जा**नि मिन मृत्रभन ॥ ব্রাহ্মণ ক্ষত্রিয় তথা যত রাজা ছিল। অপূর্ব্ব শুনিয়া সবে দেখিতে আইল ॥ ধন্য ধন্য বলিয়া ডাকয়ে সর্ববন্ধনে। ভীন্ম ভীন্ম বলি রব হইল ভুবনে ॥ কন্সা লৈয়া দিল ভীম্ম পিতার গোচরে। দেখিয়া শাস্তান্ত হৈল বিশ্বর অন্তরে 🛚 कुके र'रत्र यत्र ७८व मिर्ट्यन नन्मरन । ইচ্ছাযুত্য হও ভূমি সম বর দানে॥ ভী**ম-জন্ম কর্ম্ম আ**র গঙ্গার চরিত্রে। অপূর্ব্ব ভারত কথা ত্রৈলোক্য পবিত্র 🛭 ध मर्व त्ररुष्ठ कथा (यह क्रम स्थान । শরীর পবিত্র হয় জ্ঞান ভডক্রণে 🛭 ব্যানের রচিত চিত্র অপূর্ব্ব ভারত। কাৰীয়াৰ দাস কৰে পাঁচালীয় মত ।

বিচিত্ৰবীৰ্ব্যেৰ সূত্যু ও মুডরাট্রাধির উৎপত্তি 🖺 সত্যবতী পাইয়া শান্তমু শান্তমনে। অসুক্রণ ক্রীড়া করে সভ্যবতী সনে ॥ কিছুকাল পরে রাজী হৈল গর্ভবতী। দশ মাদে প্ৰসৰ হইল সভ্যৰতী দ পর্য হন্দর হত মুধ কোকনদ। হুন্দর দেখিয়া নাম রাখে চিত্রাঙ্গদ 🛚 আর কত দিনেতে বিতীয় হৃত হৈশ। তার নাম তবে বিচিত্রবীর্যা রাখিল # সত্যবতী গর্<mark>ছে হৈল যুগল কু</mark>মার : পরম হৃন্দর যেন কাম অবতার। কতদিন অন্তরে শান্তমু নৃপবর। ত্যজ্ঞিলেন অক্লেশে ভৌতিক কলেবর 🛚 त्राकात मत्रत्य रिक्न छुःथी मर्क्वकन। ভীম সভ্যবভী হৈল শোকাকুল মন ॥ বালক কুমার তুই অভাবে পিতার। পালন করিল ভীম্ম আপনি দোঁহার 🛚 চিত্রাঙ্গদ উপরে ধরিল ছত্রদণ্ড। আপনি পালেন ভীম মহারাজ্যথন্ত। কত দিনে চিত্রাঙ্গদ হইল যুবক। মহাধনুর্বর হৈল প্রতাপে পাবক 🛚 দেবতা গন্ধর্বে যক্ষ দৈত্য নর নাগে। হেন জন নাহি যুঝে চিত্রাঙ্গদ আগে।। হেনমতে এক রথে জিনিল সকল। একরথে জমে বীর পৃথিবী-মগুল 👭 চিত্ররথ নামে এক গন্ধর্বে ঈশ্বর। কুককেত্রে তাহাকে ভেটিল নূপবর ॥ সরস্বতী নদীতীরে হইল সমর। সম্পূৰ্ণ হইল যুদ্ধ বাদশ বৎসর ॥ নিজ তেজে গছৰ্বৰ অধিক হৈল বলে। চিত্রাঙ্গদে মারি পেল গগন-মণ্ডলে ॥ ठिखात्रम वश भक्त इंटेन नभद्र । ধরিল বিচিত্রবীর্ষ্য রাজছত্ত্র শিরে # ভাহার বিবাহ ভরে সবে চিন্তা করে। ঙনে তবে বরংবর কাশীরাজ করে॥

ক্লপৰতী তিন কথা আছে তার বর। হেন শুনি ভীমা ভবে চলিল সম্বর # এক রথে কাশী রাজ্যে হৈল উপনীত। ভীন্ম দেখি কাশীরাজ হয় পুলকিত # পৃথিবীর যত রাজা তথা বিভ্যমান। সভা আলো করি সবে আছে গুণবান 🛚 হেনকালে বলে ভীম্ম সন্তার ভিতর। আমার বচন শুন কাশীর ঈশ্বর॥ আমার অমুক্ত আছে শান্তমু নন্দ্ন। তার হেতু তব কম্পা করিব হরণ ॥ এত বলি তিন কন্যা রথে চডাইল। পুনরপি ডাক দিয়া রাজারে কহিল। স্বয়ংবর হৈতে কন্সা বলে যাই ল'য়ে। যার শক্তি থাকে যুদ্ধ করহ আসিয়ে॥ মাতকে তুরকে কেহ, কেহ-চড়ে রখে। শতপুর করিয়া বেড়িল চারিভিতে॥ শেল শূল জাঠা শক্তি মুষল মূলগর। নানা বর্ণে অন্ত্র ফেলে ভীত্মের উপর ॥ মুহূর্তেকে হৈল সব অন্ধকার প্রায়। না দেখায় ভীষ্মবীর আছুয়ে কোথায় 🛚 ক্ষিপ্রহস্ত ভীষাবীর গঙ্গার কুমার। বশিষ্ঠমূনির শিক্ষা যমের লোসর॥ শরজালে আপনারে করে আচ্ছাদন। শরে শত্রে অন্ত্র সব করিল বারণ 🛚 কাটিয়া সকল অন্ত্র গঙ্গার কুমার। নিজ অন্ত্রে রাজগণে করিল প্রহার 🛚। কাটিল কাহার মুগু কুগুল সহিত। শ্রবণ কাটিল কারো দেখি বিপরীত। শরীর ত্যঞ্জিল কেহ ভূমিতলে পড়ি। রত্ন অলঙ্কার সব যায় গড়াগড়ি 🛚 বাম হস্ত সহিত ধতুক গেল কাটি।, বুকেতে বাজিল কেহ করে ছটকটি 🛭 পড়িল সকল সৈত্ত পৃথিবী আচ্ছাদি। করিল গঙ্গার পুত্র ক্ষণে রক্ত নদী। विगूथ हरेन (कह ना तरह नमूर्थ। ধক্ত থক্ত ভীত্ম বলি ব্লাজগণ ডাকে 🔝

কক্ষা ল'মে যায় ভীত্ম লাব্যবাজা দেখে। ন শালাও না পালাও বলি ভাগ্নে ডাকে। ইন্ডিনী কারণ যেন ক্রোধে হস্তিবর। িধাইয়া আইল হেন শাল্প নৃপবর ॥ জোবোতে আকর্ণ পুরি মহাধমুর্দ্ধর ॥ দিব্য অন্ত প্রহারিল ভীগ্নের উপর 🛚 নেউটিয়া ভীত্মবর নিল শরাসন। শাৰ ভীম চুইজনে হৈল মহারণ 🛚 ছুই সিংহ যুৱে যেন পর্বত উপর। ক্লই বুবে যুবে যেন গোষ্ঠের ভিতর ॥ ক্রোধেতে নিধু ম অগ্নি যেন ভীশ্ববীর। ছুই বাণে কাটে তার সার্থির শির॥ চারি অশ্ব কাটিল, কাটিল রথধ্যজ। ধত্রক কাটিল তার গঙ্গার অঙ্গজ ॥ অশ রথ সারখি ধসুক কাটা গেল। স্থুমে পড়ি ক্রত শাহুরাজ পলাইল। কাতর দেখিয়া তারে দিল প্রাণদান। না মারিল অক্ত জার গঙ্গার সন্তান ॥ সং<mark>গ্রাম জিনিয়া তবে চলে ম</mark>তিমান। ককা ল'রে নিজ দেশে করিল পয়ান।। ব্দানব্দিত লোক সব হস্তিনাপুরের। বিবাহ উদ্যোগ হৈল বিচিত্রবীর্য্যের 🖁 পুরোহিত লইরা করিল শুভকণ। আইল যতেক বিজ বিবাহ কারণ ॥ বরের নিকটে জিন কলা বসাইল। বৰা নামে জ্যেষ্ঠা কম্মা তখন কহিল। **সর্বা**শান্তে বিজ্ঞ ভূমি শান্তমু-নন্দর। ভোমার করি যে আমি এক নিবেদন। **সভামধ্যে দেখি**র। সকল রাজগণে। শাৰেরে বরিতে সামি করিরাছি মনে ॥ শিতার শৃত্যতি আছে দিবেন শাবেরে। সামারে বিবাহ দেহ সামিয়া তাহারে॥ আন্ত্ৰণ-পভাতে কন্তা এমত কৰিল। ৰিচাৰ করিয়া জীম তাহারে ত্যজিল। পুদৰ্বার গেল কভা শাৰরাজ স্থান। গাৰবাত বলে ডোবে বা কৰি এছণ।

কান্দিয়া ভীল্পের স্থানে পুনঃ সে ভাইল। ভূমি বলে নিলে ভেঁই শাল ভেয়াগিল। তবে ভীশ্ব বলে তুমি বড় প্ররাচার। পুন না লইব তোরে ধর্ম্মের বিচার॥ **এত শুনি হৈল কন্মা পরম ছুঃখিত**া সেইখানে অমিকুণ্ড করিল ছরিভ অগ্নি প্রদক্ষিণ করি করিল প্রবেশ। ভীম্মের বধের ছেতু কামনা বিশেষ ॥ অম্বালিকা অন্বিক। যুগল হুন্দরী। দোঁহার রূপেতে নিন্দে স্বর্গবিভাধরী ॥ বিচিত্রবীর্য্যেরে সেই সুই কন্মা দিল। শচী তিলোভমা যেন দেবেন্দ্র পাইল। महरक विठिखवीर्या नवीन वरप्रम । ষুগল কন্সার সহ শৃঙ্গার বিশেষ॥ ব্দল্লকালে যক্ষাকাশ তাহার ঘটন। অনেক উপায় ভীম্ম তাহার করিল 🛭 বহু যত্ন করি রক্ষা নারিল করিতে। মরিল বিচিত্রবীষ্য পুজ্ঞ না জন্মিতে 🛚 শোকেতে আকুল হৈল যত ব্ধুগণ। বধু সহ সভ্যবতী করেন ক্রন্দন ॥ তবে সত্যবতী আসি পঙ্গার নন্দনে। কহিতে লাগিল ভাঁরে করিয়া ক্রন্সনে। কুরুকুল মহাবংশ পুথিবী ঈশ্বর। এ বংশ ধরিতে পুক্ত তুমি একেশ্বর॥ রাজা হইয়া রাজ্য রাথ পাল প্রজাগণ। পুত্র জন্মাইয়া কর বংশের রক্ষণ। কুরুকুল অন্ত যার করহ রক্ষণ। তোমা বিনা রক্ষা হেতু নাহি অন্যঙ্গন ॥ নরক হইতে উদ্ধারহ পিতৃগণে। সর্ববশান্ত্র ধর্ম্ম বাপু জানহ আপনে 🛭 ব্দপুত্রক তব ভাই হইল নিধন। নিঃসন্তান আছে তব আতৃবধুগণ 🛭 ব্দবিরোট ধর্ম বাপু আছে পূর্ববাপর। পুত্র জন্মাইয়া কর বংশের উভার ৷ এতেক শুনিয়া বলে শাস্তান্তু-নন্দন। (वर्णत महुन बाका कामान वहन ।

আমার বচন মাতা জানহ আপনে। অঙ্গীকার করিলাম ভোষার কারণে 🛊 ত্রিভ্বন কেই যদি দের অধিকার। ্তথাপি না লব আমি রাজ্য অধিকার 🛭 যাবং শরীরে মুম আছুরে পরাণ। 'না ছুঁইব নারী সত্য নহে মম আন 🛭 দিনকর ভা**লে ভেন্ত**, চন্দ্র শীভ ভা**লে**। ধর্মা সত্য **ত্যক্তে পরাক্রম** দেবরাক্তে ॥ ত্যজিবারে পারয়ে এ সব কদাচন। তবু সত্য নাহি ত্যক্ষে গঙ্গার নন্দন ॥ সভ্যবতী বলে পুত্ৰ আমি সৰ জানি। তোমার মহিমা গুণ কছে হুর মুনি 🛭 আমার বিবাহে যে করিল। অঙ্গীকার। দকল জানি যে আমি প্রতিজ্ঞা তোমার॥ তথাপি বিপদে ত্রাণ কর কোনমতে! আপনি উপায় কর কুলধর্ম হ'তে॥ বিপদে দেবতা পুছে বৃহস্পতি-স্থানে। নৈত্যগণ যুক্তি পুছে ভ্গুর ন**ন্দনে** ॥ তোমা বিনা আমি জিজ্ঞাদিব কার কাছে। ্ষেমত জানহ কর যাহে বংশ বাঁচে ॥ দৈব বিধি ধর্ম্ম পুক্ত ভোমাতে গোচর। অবিরোধে ধর্ম পুক্র বংশ রকা কর ॥ এত বলি সত্যবতী করয়ে ক্রন্সন। নিবভিন্না পুনঃ বলে গঙ্গার নন্দন ॥ ক্ষজিয় হইয়া যেই প্রতিজ্ঞানা পালে। অপ্যশ ঘোষে তার এ মহীমগুলে ॥ কুরুবংশরকা হেতু করিব বিধান। পূর্ব্বাপর আছে কহি কর অবধান॥ জমদয়ি হুত রাম পিতার কারণে। দশ শত ভূজধর মারিল অর্জনে ॥ প্রতিজ্ঞ। করিয়া ক্ষত্র করিল সংহার। নিঃকত্ত করিল কিভি তিন সপ্তবার ॥ কত্র আর না রহিল পৃথিবী ভিতর। विक कवनात्री धारामिन विधायत्र ॥ বেদেতে পারণ মেই পবিত্র ত্রাক্ষা। তাহার উত্তরে রংশ করিল রকণ।

কল্রকেত্রে কর থেল ত্রাহ্মণ উরসে। ধার ক্ষেত্র ভার হুত বেদে হেন ভাবে 🛭 বিপ্র হৈতে কত্রজন্ম আছে পূর্ববাপর। অদূষিত কর্ম এই ধর্মের উত্তর 🛭 🕻 আর পূর্বকথা মাতা কহিব তোমারে। উত্তথ্য নামেতে ঋষি বিখ্যাত সংসারে 🛭 তাহার ক্নিষ্ঠ দেবগুরু বৃহপ্তি। মমতা নাৰেতে কন্<mark>তা উত</mark>থ্য যুবতী ॥ কামেতে পীড়িত হৈয়া ধরে ব্রহস্পতি। মমতা ডাকিয়া বলে বুহস্পতি প্রতি॥ ক্ষা কর এই নহে রুমণ সময়। মম গর্ভে আছে তব ভাতার তনয় 🛚 অক্ষয় তোমার বীর্য্য হইবে সন্ততি। তুই পুত্র ধরিবারে নাহিক শক্তি ॥ নিব্বত্ত নিব্বত্ত তুমি নহে হৃবিচার। পরম পণ্ডিত আছে গর্ভেতে আমার 🛭 গর্ভেতে ষড়ঙ্গ বেদ করে অধ্যয়ন। নিবর্ত্তহ রহস্পতি ইহার কারণ॥ কামেতে পীড়িত গুরু না করি বিচার। নিষেধ না শুনি তারে করিল শুঙ্গার ॥ উতথ্য-নন্দন যেই গর্ডেতে আছিল। বৃহস্পতি প্রতি সেই ডাকিয়া বলিল। অসুচিত কর্ম ভাত কর কি বিধান। তব বীৰ্ষ্য ৰহিবাৰে নাহি হেখা স্থান ॥ দক্ষীর্ণেতে রহিবারে নাহি স্থান ইথে। মোর পীড়া হইবে তোমার বীর্ষ্যেতে # না শুনিল ব্লহম্পতি তাহার বচন। কামেতে হইয়া রত করিল রমণ ॥ এতেক দেখিয়া তবে উভথ্য-কুমার। যুগল চ**রণে বন্ধ কৈল রেভ'দার** ॥ পড়িল জীবের বীর্ষ্য না পাইয়া স্থল। मिथि क्यारिय क्षेत्र देशन क्या क्या ॥ মম বীৰ্ষ্য ঠেলিয়া কেলিলা ভূমিতলে। দিসু শাপ হও অন্ধ নয়ন যুগলে 🛭 ব্দর হৈয়। কন্ম হৈল উত্তথ্য-নক্ষম। त्गोत्रणि-वरम्बद्ध (केंटे देवन जशस्त्र ।

চার কর্ম দেখিতে বতেক অবিস্থ विकास कविया गार्व वर्णिन वडन । নিকটে ৰসিতে যোগ্য নৰে তুৱাচার। মুর করি দৈহ অত্যে করি গলাপার ॥ এত ৰলি লব সুনি শরিল ভাঁহারে। বান্ধি ভাসাইয়া দিল জাহ্নবীর নীরে ॥ ফ্রেলার বন্ধনে ভাসি গেল বহুদুর। হৈবেতে দেখিল তারে বলি মহাশূর 🛭 ধরিয়া আনিল ভেলা দেখিল ত্রাহ্মণ। জিজ্ঞাসিল তাহাকে বতেক বিবরণ ॥ करिन नकन कथा উভधा-तन्त्रत । বলি বলে আমি তোমা করিকু বরণ ম গ্রহে আনি বিজবরে করিল অর্চন। ছদেকা ৰাশ্বকৈ ভাকি বলিল বচন ॥ এই বিজে ভব্তি কর বংশের উন্নতি। বিজ হৈতে পুত্র হবে আছে হেন নীতি । ज्ञक (मधि इरातका कुत्रिम जन्ममत्र। **শ্বদ্রা: লাসী: পাঠাইল বথা বিজ**বর ॥ ছিলের ঔরলে তার হৈল পুত্রগণ। চারি বেদ ষ্টশাস্ত্র করে অধ্যয়ন # ছেনকালে বলি গেল ছিজের ভবন। জিজাসিল এই সৰ কাহার নন্দন॥ বিদ্ধ বলে এরা নহে কুমার তোমার। প্রভাগতে জন্ম হৈল আমার কুমার । অভ দেখি আনায় তোমার পাটেশরী। না আইল মম কাছে অনাদর করি 🛚 এত শুনি বলি গেল নিজ সন্তঃপুরে। कहिन गकन कथा छरमया वानीरत । তবে ত চলিল রাগী স্বামীর আদেশে। किन शुक्क कथारिन विटक्स नेतरम । অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ এ তিন পুত্র নাম। প্রথিবীর মধ্যে রাজা হৈল অন্তুপন 🛭 अन्दर्भार कार्रेश (बार्ड शुक्क अन । কলিক কলিকয়েলে, বৰুদেলে বল। समार्क विक देशक कवित केश्लिक BITTLE CO. THE MENT OF

পরস্পর আছে এই করে বেদবানী। ভোষার বিচারে বেই আইলে জননী। সন্ত্রী পুরোহিত লৈয়। করহ বিচার। ভারতবংশের হেতু কর প্রতিকার॥ সভ্যবতী বলে পুত্র ভূমি ব্রহ্মচারী। তোমার বচন আমি বেদতৃল্য ধরি ॥ মম পূৰ্ব্ব বিবরণ কহি যে ভোমাতে। যথন ছিলাম আমি পিতার গ্রহেতে॥ পিতা দেশে ধৰ্মাৰ্থে বাছি নৌকা নদীতে। তেক পুঞ্জ ঋষি এক উঠে তরণীতে ॥ ভাঁর নাম মহামুনি হয় পরাশর। মহাতেকা ক্যোতির্ময় দেখি লাগে ডর 🛭 কহিবার যোগ্য পুত্র নহে ত তোমারে। সে মুনির কর্ম্ম পুজ্র অন্তত সংসারে॥ মৎস্তের দুর্গান্ধ মম শরীরে আছিল। আজামাত্র পদা গন্ধ মম দেহে হৈল ॥ কুজটি হজিয়া মূনি কৈল পদ্ধকার। মহাভয়ে বশীকৃত হইলাম তাঁর॥ छाँदात्र खेत्ररम यम देवन नक्ता। ৰীপমধ্যে পুত্র মোর হৈল সেইক্ষণ ॥ ৰুশামাত্র ভার কর্ম্ম লোকে অমুপম। ৰীপে জন্ম হৈল তাই দ্বৈপায়ন নাম। বেদ চতুৰ্ভাগ কৈল ব্যাস সে কারণ। কুষা নাম বলি কুষা অক্সের বরণ। ব্যমাত্র পুদ্র ভবে যায় তপোবন। चामाद्र रिलया (अन এই ७ वहन ॥ ভরিতে আসিব আমি করিলে সারণ। কন্যাকালে পুত্ৰ মম ব্যাস তপোধন। ভোমার সম্মত হৈলে করি যে স্মরণ। তুমি আমি কহি ভারে বংশের কারণ # করযোড করি বলে শাস্তর্য-নলন। তবে চিন্তা কর মাতা কিলের কারণ। তোমার কুমার মাজা ব্যাস তপোধন। শীপ্রগতি কর মাড়া উহিকে সরণ 🛭 (एवन्नप्यत्यः (वर्षा यहामः कंट्नायन । THE WATER WITH THE R. LEWIS CO.

ানাপান্ত ধর্ম কবিছেন দেবস্থানে। হক্ত জন্মিল তীর মাতার স্থরণে **॥** সইক্ষণে আসি তথা হৈল উপনীত। দ্বি ভীল্ল পূজা ভাঁরে কৈল বিধিমত ॥ এতদিনে সভাৰতী দেখিয়া নক্ষর। দালিঙ্গন দিয়া পুজে করেন জ্রুন্সন। । মনেতে নীর করে ত্রফ্ক করে ভনে। **৪নছুয়ে স্নান করাইল তপোধনে ॥** নায়ের রোদন দেখি বিষণ্ণ বদন। কমগুলু জল মুখে করিল সেচন 🛦 নিবারিয়া ক্রন্সন ক্রেন ব্যাসমূনি। কেন ভাকিয়াছ আজা করহ জননী # করিব তোমার প্রির ভাজা দেহ মোরে। কি কর্মা অসাধ্য তব সংসার ভিতরে 🛭 সত্যবতী কহে পুত্ৰ কহিতে অশেষ। আমার ত্বঃখের কথা নাহি পরিশেষ॥ শিশু-পুত্র রাখি স্বামী গেল স্বর্গবাস। গন্ধর্বেতে ক্যেষ্ঠপুক্তে করিল বিনাশ ॥ কনিষ্ঠ বালকে ভীত্ম পালন করিল। কাশীরাজ ছুই কন্সা বিবাহ যে দিল ॥ বংশ না হইতে সেই হইল নিধন। विथवा यूगल वश् नवीन (योवन ॥ কুরুকুল অন্ত যায় নাহি রাজ্যস্বামী। এ শোক-সাগরে পুত্র পড়িয়াছি আমি ॥ উপায় না দেখি ভোমা করিতু তারণ। উপায়ে আখার বংশ করহ রক্ষণ 🛭 পিতা মাতা হৈতে হয় সন্তান-সন্ততি। এক বিনা অন্তে নহে সন্তান-সঙ্গতি। ভূমি পুত্র যেমন, তেমন দেবব্রত। ইহার উপায় কর দোহার সম্মত। শে কারণে ভোষা বিনা না দেখি উপার। শাপনি উদ্ধান কর কুল অন্ত বায় 🛭 ব্যাস বলে জননী পো করিছু স্বীকার। করিব পালন আক্ষা বে হয় তোবায় ॥ गठावठी बरम छन् बाट्स खाक्यनू। नात्र निवेश भाग किया नुनिव है

আপন উরুদে ভারে দেহ পুত্রদান। ইহা বিনা উপায় না দেখি আমি আন 🛭 ব্যাস বলে মাতা তুমি ধর্ম্মেতে তৎপর। ধর্মেতে বিহিত এই ভাছে পরাম্পর । তোমার বচন আমি করিব পালন। রাজ্যহিতে তব কুল করিব রক্ষণ'॥ ব্দার এক নিবেদন গুনহ জননী। পৰিত্ৰ হইতে বধু বৰ্ণহ আপৰি ॥ সম্পূর্ণ বৎসর এক ব্রস্ত আচরিবে। দান যজ্ঞ ব্ৰভ করি পবিত্ৰ হইবে 🛭 তবে যে পরশ অঙ্গ করিব ভাষার। দেবতুল্য পরাক্রম হইবে কুমার 🛚 সত্যবতী বলে পুত্ৰ বিলম্ব। সয়। অরাজকে রাজ্য নক্ট চুফ্ট-চোর-ভর ॥ মায়ের বচনে বলে ব্যাস তপোধন। মোর ভয়ক্ষর মৃত্তি হবে দরশন। সেই মৃত্তি দেখি বধু সহিবারে পারে। অপুক্র হইবে তবে ভা**হার উ**দরে দ আসিব বলিয়া তবে বনে গেল ব্যাস্ত্র। সভ্যবতী চলে তবে অম্বিকার পাপ । মধুর বচনে তবে বলে সভ্যৰতী। আমার বচন বধু কর অবগতি **॥** মজিল ভারতবংশ নাহিক উপায়। বংশরকাহেতু কহি যে ভোমায় ॥ যে উপার বলে মোরে গঙ্গার কুমার। সেই ত **উ**পায় **আছে** নিকটে ভোমায় 🛚 অর্দ্ধরাত্রে আসিবেন তোমার ভাস্তর। ভঞ্জিবে তাহারে তুমি তর করি দুর 🛚 আপনি থাকিয়া তবে দেবী সভ্যবতী। বিবিধ কুহুমে ভার শধ্যা দিশ পাতি । পুনঃ পুনঃ ৰলি দেবী গেল নিজ স্থান। **অৰ্দ্**রাত্তে ব্যাসদেব কৈল আগমন 🛚 কুষ্ণবৰ্গ অঙ্গ ছপিঙ্গল অটাভার। ভয়কর দৃত্তি বেন ভৈয়ৰ আকার 🛭 দেখি বহাতরে য়ারী সুনিল নয়ন। करन गाम भूति देखा विशिष्ठ-महम ।

রজনী বঞ্চিয়া মুনি কৈল স্নানদান। প্রাতঃকালে সত্যবতী গেল তাঁর স্থান ॥ সত্যবতী বলে পুত্র কহ বিবরণ। ব্যাস বলে পালিলাম তোমাশ্ব বচন॥ মহাবলবন্ত মাতা হইবে কুমার। মযুত **হন্তীর বল হ**ইবে তাহার॥ কেবল হইবে অন্ধ জননীর দোধে। শত পুত্র হইবেক তাহার ঔরদে॥ সত্যবতী বলে পুত্র নহিল কারণ। কুরুকুলে অন্ধরাজা নহিবে শোভন ॥ আর এক পুত্র কর বংশের কারণ। অঙ্গীকার করি গেল ব্যাস তপোণন ॥ তবে দশমাস পরে গ্রতরাষ্ট্র হইল। যুগল নয়ন অন্ধ মুনি যাহ। কৈল। পুনরপি অম্বালিক। কৈল ঋতুন্নান। পুনঃ ব্যাদে সত্যবতী করিল আহ্বান ॥ পূৰ্ব্ব ভয়ে অম্বালিকা না মুদিল আঁথি। শরীর পাণ্ডুর বর্ণ হৈল মুনি দেখি॥ তবে ব্যাদ মহামূনি মায়েরে কহিল। আমারে দৈগিয়া বধু পাণ্ডুবর্ণ হৈল।। সে কারণ হবে পুত্র পাণ্ডুর বরণ। এত বলি গেল চলি ব্যাদ তপোধন॥ সত্যবতী বলে পুত্র কর অবধান। আর এক পুত্র দেহ গন্ধর্বব সমান॥ মায়ের বচনে ব্যাস স্বীকার করিল। অন্তৰ্দ্ধান হ'য়ে যুনি নিজ স্থানে গেল।। পুনরপি আইল ব্যাস মাতার স্মরণে। ভয়ে অম্বালিক। নাহি গেল তার স্থানে॥ দেবিক। আছিল তার পরমা স্থন্দরী। প্রাইল মুনিস্থানে হুবেশাদি করি॥ নবীন বয়েদ তার হয় শূদ্রজাতি। মৃনির চরণে বহু করিল ভকতি॥ সন্তুষ্ট হইয়া মুনি বলিল তাহারে। ধশ্মবস্ত পুত্র হবে তোমার উদরে॥ পরম পণ্ডিত হবে নরেতে প্রধান। বর দিয়া গেল ব্যাস আপনার স্থান॥

মুনিবরে গর্ভ তার হইল উৎপত্তি। আপনি জন্মিল তায় যম মহামতি॥ মহাভারতের কথা শ্রবণে অমৃত। কাশীরাম কহে সাধু পিয়ে অবিরত॥

> বিভরের জন্ম বিবরণ এবং গৃতরাই, পাণ্ড ও বিহুরের বিবাহ।

জন্মেজয় বলে মুনি কছ বিবরণ। যম আসি জন্ম নিল কিসের কারণ। মুনি বলে মাণ্ডব্য নামেতে মুনিবর। সত্যবন্ত যশোবন্ত ধর্ম্মেতে তৎপর॥ু জন্মাবধি তপ করে বৃক্ষমূলে বসি। উৰ্দ্ধ বাহু মৌনব্ৰত সদ। উপবাদী। হেনমতে চিরকাল আছে মুনিবর। দৈবে একদিন তথা নগর ভিতর॥ চুরি করি নগরেতে চোরগণ যায়। নগররক্ষক তার পাছে পাছে ধায়॥ পলাইতে নাহি পারে যত চোরগণ: মুনির আশ্রমে প্রবেশয়ে সর্ববজন॥ তার পাছে আদে যত রাজচরগণ। মুনিরে দেখিয়া জিজ্ঞাদিল ততক্ষণ ॥ এই পথে অগ্রে অগ্রে চোরগণ এল। দেখিয়াছ মহাশয় কোন পথে গেল॥ কিছু না বলিল মুনি ছিল মৌনব্রতে। হেনকালে দ্রব্য দেখে সেই আশ্রমেতে॥ ভ্রমিতে ভ্রমিতে তথা দেখে চোরগণ। ্চারগণে দেখি তবে করিল বন্ধন॥ দেনাপতি তবে মনে করিল বিচার। ভাবিল দকল কর্মা এই বামনার॥ লোকে ভাণ্ডাইতে করে তপের সারম্ভ। ইহারে বন্ধন কর, না কর বিলম্ব॥ চোরগণ সহিত বান্ধিয়া নিল তারে। চোর ধরিলাম বলি জানায় রাজারে ॥ রাজা আজ্ঞা দিল শূলে দেহ সর্বজনে। নগর বাহিরে খুলে দিল ততক্ষণে॥

মাণ্ডব্যেরে শূলে দিল চোরের সহিতে। চিব্ৰদিন আছে মুনি বদিয়া শূলেতে॥ ত্রক্রিন মুনিগণ দেখিল তাহারে। ক্রিয়া পরম চিন্তা হৈল সবাকারে॥ হ্রিগণ মিলি তবে সে শূল ধরিল। অনেক যতনে উপাডিতে ন। পারিল॥ ভিজ্ঞাসিল মুনিগণ মাওব্যের প্রতি। কোন পাপে মুনি তব এতেক হুৰ্গতি॥ মাণ্ডব্য বলিল আমি বহুপাপকারী। ্রান পাপে ছেন শাস্তি বলিতে না পারি॥ ংনিগণ কথা ত**বে শুনিল ভূপ**তি। শলেক্তে আছয়ে মুনি রাজা ভীত অতি॥ দকুটুদ্ব সহ রাজা আসে শীঘ্রগতি। ত্রশেষ বিশেষ মুনিবরে করে স্তুতি॥ রাজ। তাঁরে নানাবিধ করিল বিনয়। দ্যা করি মুনিরাজ হইল সদয়॥ ্বে নরপতি সেই শূল উপাড়িল। মনি অঙ্গ হৈতে শূল কাড়িতে লাগিল॥ খনেক যতনে শুল নহিল বাহির। .দৰিয়া বিষ্যায়চিত্ত **হৈল নৃপতির**॥ বাহিরে যতেক ছিল কাটিয়া ফেলিল। ভিতরে যে কিছু ছিল ভিতরে রহিল॥ ভগাপি ও ছুঃখ মনে নাহিক মুনির। শহিক বেদনা চিত্তে প্রকুল্ল শরীর॥ মনিগর্ভে শূল রহে দেখি যত লোকে। ্সই হইতে মাওক্ত নাম তার রাথে॥ একদিন মুনিবর ভাবিল অন্তরে। কোন পাপে ধর্মা শান্তি দিলেন আমারে॥ তবে মুনিবর গেল ধর্মের সদন । কহিল ভাঁহারে সব নিজ বিবরণ।॥ র্বই ধর্মরাজ মোরে কারণ ইহার। ্কান দোনে হেন শাস্তি করিলা আমার 🛚 ধ্যুরাজ বলে ভূমি বালক বয়সে। বালক সহিত ছিলা বাল্যক্রীড়া রসে॥ একদিন তুমি কুদ্রে পতঙ্গ ধরিলা। ঈ্ধীকাতে তার গুছে তুমি শূল দিলা ॥

এত শুনি মহাক্রোধে বলে তপোধন। মম তপোবল আমি দেখাই এখন ॥ অল্প দোযে হেন শাস্তি এ তব বিচার। তাহাতে বালকবুদ্ধি কি জ্ঞান আমার॥ বাল্যকালে অল্প দোষে এ দণ্ড ভোমার। এমত করিলে তবে মজিবে সংসার॥ পাঁচবর্ষ পর্য্যন্ত যতেক করে পাপ! তোমার দদনে তার নাহিক দন্তাপ। এই হেতু নরলোকে শুদ্র যোনি মাঝ। অবশ্য লভিবে জন্ম শুন ধর্মরাজ। এত বলি মুনিরাজ চলিল আশ্রম। তার শাপে শুদ্রযোনি পাইলেক যম।। পরম পণ্ডিতবৃদ্ধি ধর্মের আচার। কুরুতে বিহুর-রূপে যম অবভার॥ হেনমতে ুকুরুবংশে তিন পুত্র হৈল। অহর্নিশি নান। দান নান। যজ্ঞ কৈল ॥ তিন পুত্রে ভীগ্নবীর করিল পালন। নান। অস্ত্র শস্ত্র বিগ্য: করান পঠন॥ কতদিনে দেখি সবে যৌবন সময়। বিবাহ কারণে চিন্তে গঙ্গার ভনয়॥ য**ুবং**শে স্থ্যল নাখেতে নুপ্মণি। গান্ধারী নামেতে কন্সা তাঁহার নন্দিনী॥ ভগবানে আরাধিয়া পায় কন্যা বর। একশত পুত্র হবে মহাবলধর॥ বার্ত্ত। পেয়ে ভীগ্রবীর দৃত পাঠাইল। স্বল রাজারে দৃত সকল কহিল॥ বিচিত্রবার্য্যের পুত্র ধৃতরাষ্ট্র নাম। কুরুতে বিখ্যাত বীর রূপে অনুপ্র ॥ ভাঁর হেতু বরিবারে ভোমার কুমারী। ভীন্মবার পাঠাইল মোরে শীঘ্র করি॥ শুনিয়া গান্ধার রাজা ভাবে মনে মনে। কুরুকুল মহাবংশ বিখ্যাত ভুবনে॥ দকল সম্পন্ন দেখি অন্ধন্যত্ত বর। না দিলে বিরস হবে ভাঁগা কুরুবর 🛙 হস্তী হয় রথ রত্ব শকটে পুরিয়া। দাস দাসী গো মহিষ বিপুল করিয়া॥

শক্নির দঙ্গে দিল অনেক ব্রালালন ।
চতুর্দোলে কন্যা দিল করিয়া দাজন ॥
গান্ধারী শুনিল অন্ধবরে দমর্পিল ।
আপন কুকর্মা ভাবি চিত্তে ক্ষমা দিল ॥
শুরু পট্টবন্ত্র দেবী শতপুরু করি ।
আপন নয়নদ্বয় বান্ধিল ফুল্মরী ॥
পতি প্রীতি হেতু সতী মুদিল নয়ন ।
পতিব্রতা গান্ধারী দে জগতে ঘোষণ ॥
শক্নি চলিল দেই ভগিনী সংহতি ।
হস্তিনানগরে উত্তরিল শীত্রগতি ॥
ধৃত্রাপ্রে সমর্পিল ভগিনা রতন ।
নানা রত্ন অলক্ষার করিয়া ভূষণ ॥
হস্তী অরু রথ রত্ন করি বহু দান ।
শক্নি আপন দেশে করিল প্যান ॥

জ্যেत्रित रिवार पिया भन्नात नन्त । পাণ্ডুর বিবাহ হেতু সচিন্তিত মন॥" শুর নামে যাদব ক্লঞের পিতামই। কুন্তী ভোজ নৃপতিরে বড় অনুগ্রহ॥ পিতৃষদপুত্র কুন্তে অপুত্রক দেখি। পালিবারে দিল কন্সা পৃথা শশিমুখী॥ পৃথারে আনিয়া বলে কুন্তী নরপতি। অতিথি শুক্রার তুমি কর গুণবতী॥ পিতৃ আজ্ঞা পেয়ে কন্সা পুজে অতিথিরে। কতকালে হুর্কাসা আইল সেই ঘরে॥ মুনিরাজে দেখি কন্যা পাত্য মর্ঘ্য দিল। আপনার হস্তে তুই পদ প্রকালিল॥ করযোড় করি কুন্তী মুনি আগে রয়। দেখিয়া সস্তুষ্ট হৈল মুনি মহাশয়॥ তৃষ্ট হৈয়া বলিল তুর্ববসা মহামুনি। এক মন্ত্র দিব তোমা লহ স্থবদনি॥ মন্ত্র জপি যেই দেবে করিবা স্মরণ। তোমার অগ্রেতে দেই আদিবে তখন॥ এত বলি মন্ত্র দিয়া গেল মুনিবর। মন্ত্র পেয়ে কুন্তীদেবী হরিষ অন্তর ॥ পরাক্ষা করিতে মন্ত্র ভোজের নন্দিনী। মন্ত্র জ্বপি স্মরণ করিল দিনমণি ॥

কুন্তীর স্মরণে তথা আদে দিনকর। সূর্য্য দেখি কুন্তী হৈল বিরদ অন্তর ॥ कत्रराष्ट्र कित क्छी श्राम कितल। সবিনয়ে কুন্তীদেবী বলিতে লাগিল॥ ছুর্বাদার মন্ত্র আমি পরীক্ষা কারণ। শেষ না গণিয়া করি তোমারে স্মরণ॥ অপরাধ করিলাম অজ্ঞান মোহিত। বামা জাতি সদা দোষী ক্ষমিতে উচিত॥ সূর্য্য বলে ব্যর্থ নহে মুনির বচন। ব্যর্থ নহে কন্যা কভু মম আগমন ॥ প্রথম লইয়া মন্ত্র আমারে ডাকিলে। তোর মন্ত্র ব্যর্থ হবে আমা না ভজিলে॥ কুন্তী বলে কন্যা আমি শৈশব বয়ংস। করিলে কুংদিত কর্ম্ম লোকে অপযশে॥ ि मिनकत वर्रम जग्न न। कितिश्र यर्ग । মোর হেতৃ তোর দোষ নহিবে ভুবনে॥ প্রবোধিয়া কুন্তীকে সে অনেক প্রকার। বর দিয়া গেল সূর্য্য ভুঞ্জিয়া শৃঙ্গার ॥ তাঁর বীর্য্যে গর্ভে এক হইল নন্দন। জন্ম হৈতে অক্ষয় কব্য বিস্থূষণ॥ লোকে খ্যাত হবে বলি হইল বিরদ। কুলেতে কলঙ্ক কৰ্ম লোকে অপ্যশ ॥ এতেক চিন্তিয়া কুন্তা পুত্ৰ লৈয়া কোলে। তাত্রকুণ্ড করি ভাসাইয়া দিল জলে॥ এক সূত সদা করে যমুনায় স্নান। ভাসি যায় তাত্ৰকুণ্ড দেখি বিগুমান ॥ ধরিয়া আনিয়া দেখে স্থলর কুমার। আনন্দে লইয়া গেল গৃহে অপনার॥ রাধা নামে ভার্য্যা তার পরমা হুন্দরী। অপুত্র আছিল পালিল পুত্র করি॥ বস্থসেন নাম করি থুইল তাহার। দিনে দিনে বাড়ে যেন চক্রের আকার॥ সর্ববশাস্ত্রে বিশারদ হৈল মহাবীর। অহনিশি আরাধনা করয়ে মিহির॥ ব্ধিতেন্দ্রিয় মহাবীর ব্রতে অনুরত। ব্রা**ন্সণেরে দান বীর দেয় অসু**ব্রত 🛚

যেই যাহা চায় দিতে নাহি করে আন। প্রাণ কেহ নাহি চাহে তেঁই রহে প্রাণ ॥ ভাহারে দেখিয়া সাধু দেব পুরন্দর। পুত্রহিতে মায়ায় ব্রাহ্মণ কলেবর॥ কুণ্ডল কবচ দান মাগিল ভাহারে। ্দেইক্ষণে অঙ্গ কাটি দিল পুরন্দরে॥ তীক্ষ ক্ষুরে কাটি দিল অঙ্গ আপনার। ্সই হৈতে কর্ণ নামে ঘোষয়ে সংসার॥ সন্তুষ্ট হইয়া ইন্দ্র বলে লহ বর। একাল্লী মাগিয়া নিল কর্ণ ধনুর্দ্ধর॥ একাল্পী নামেতে অস্ত্র জানে ত্রিভুবন। যাহারে প্রহারে তার অবশ্য মরণ ॥ কর্ণ নাম দিয়া ইব্রু গেল নিজপুর। িদেই হৈতে হৈল কর্ণ ঘোষে তিনপুর॥ র ক্রী ভোজনন্দিনী আছিল পিত্রালয়ে। য়ংবর করিল সে যৌবন সময়ে॥ ন্মন্ত্রিয়া আনাইল যত রাজগণে। মাইল সকল রাজা তার নিমন্ত্রণে॥ বসিল সকল রাজা যার যেই স্থান। মধ্যেতে বদিলা পাণ্ডু ইন্দ্রের সমান॥ গ্রহগণ মধ্যে যেন শোভে দিনকর। পঞ্জক্রেজ আচ্ছাদিল যত নরবর॥ পাণ্রে দেখিয়া কুন্তী উল্লাসিত মন। ণলে মাল্য দিয়া তাঁরে করিল বরণ॥ ্রভাজরাজ পাওুর করিল স্থদন্মান। ক্তীরে লইয়া পাওু আইল নিজ**ন্থান**। প্রন্দর কোলে যেন পুলোমা-নন্দিনী। ^{রভনী}পতির কোলে শোভিতা রো**হিণী॥** ^{হান্ত্}নানগরে লোক হৈল হর্ষিত। ^{হ'নে} স্থানে নগরে হইল নৃত্যগীত॥ াৰ কভদিনে ভীশ্ব বিচারিক্সা মনে। ^{বাৰা}ইন্ধিহেতু আর বিবাহ কারণে॥ শন্য নামে রাজা আছে মদ্রের ঈশ্বর। পৃথিক তে বিখ্যা**ত অতুল গুণধর**॥ তাহার ভগিনী আছে পরমা **স্থল**রী। ^{বা}র্ত্তা পেয়ে **গেল ভীম্ম তাহা**র নগরী 🛭

শল্য রাজা শুনিল সে ভীত্মের আগমন।
অগ্রসরি নিজ গৃহে লৈল ততক্ষণ॥
বিধিমতে গঙ্গাপুত্রে পূজিল তথন।
জিজ্ঞাসিল কোন কার্য্যে হেথা আগমন॥
ভীষ্ম বলে তুমি রাজা বিখ্যাত সংসার।
বন্ধু কবিবারে ইচ্ছা হৈয়াছে আমার॥
তোমার ভগিনা আছে কহে সর্বজন।
আতার নন্দনে মম করহ অর্পণ॥
হাসিয়া বলেন শল্য বিধি মিলাইল।
কে জানে এমত ভাগ্য আমার যে ছিল॥
একমাত্র নিবেদন আছুয়ে আমার।
পূর্ববাপর আছুয়ে আমার কুলাচার॥
ঠেলিতে না পারি কৈল পিতামহ পিতা।
তোনারে কহিতে যোগ্য নহে সেই কথা॥
শল্যের বচনে ভীগ্য বুবিল কারণ।

কুলধর্মারকা হেতু ক উব্য যতন। ইন্দ্ৰ প্ৰতি প্ৰজাপতি বলিল বচন। দোষকর্ম কুলধন্ম না করি লন্তান । আপনার কুলধন্ম করিবে পালন। নাহিক ভাহাতে দোষ বেদের বচন ॥ এত বলি ভাষা দিল অমূল্য রতন। সাত কুন্ত পূর্ণ করি দিলেন কাঞ্চন॥ অশ্ব রথ গজ দিল বিচিত্র বসন। ধনলাভে প্রাতি হৈল মদ্রের নন্দন॥ নানা রত্নে ভূষিয়া ভগিনী আনি দিল। মাদ্রী লৈয়া ভীশ্বদেব নিজদেশে গেল॥ পাণ্ডুর বিবাহে মহা উৎসব করিল। দেখিয়া মাজীর রূপ পাওু জন্ট হৈল। যুগল বনিতা পাওু দেখিয়া সমান। তুই ভাৰ্য্যা সমভাব নাহি ভেদজান॥ তবে পাওু কতদিনে সবার অগ্রেতে। প্রতিজ্ঞ। করিল দিগ্বিজয় করিতে॥ 🏻 পদাতি রথাশ্বগজ চতুরঙ্গ দলে। সাজিয়া পশ্চিম দিকে চলে মহাবলে॥ দশার্ণ দেশের রাজা পূর্ব্ব অপরাধী। তাহারে জিনিয়া পায় বস্তরত্ব নিধি ॥

মগধ রাজ্যেতে জিনি মদ্ররথ রাজা। মিথিলা ঈশর কাশীগণ্ড মহাতেজা॥ জমদগ্নিসম তেজ পাণ্ডু মহামতি। একে একে জিনিল সকল নরপতি॥ তবে ত সকল রাজা একত্র হট্যা। পাণ্ডুর সহিত যুদ্ধ করিল আসিয়া॥ না পারিয়া ভঙ্গ দিল যত নূপবর। পাণ্ডুকে পূজিয়া সবে দেয় রাজকর॥ হস্তী ঘোড়া রথ গাভী বিবিধ রতন। উট খর মেব অজ না যায় কথন॥ রাজগণ জিনি পাণ্ডু ল'য়ে রাজকর। আপনার রাজ্যে গেল হস্তিনানগর॥ পাণ্ডুর মহিমা যশে পৃথিবী পূরিল। পূর্বেতে ভরত রাজা যে কর্মা করিল॥ পাণ্ডু প্রতি বড় প্রীতি গঙ্গার নন্দন। আশীর্কাদ করি করে মস্তক চুম্বন॥ তবে একে একে পাণ্ডু সবারে বন্দিল। যতেক আনিল দ্রব্য ধৃতরাষ্ট্রে দিল।। ধন পেয়ে ধৃতরাষ্ট্র করিল সম্মান। নামা রত্ন লইয়া করিল বহুদান॥ **অশ্বমেধ যজ বহু ধুতরাপ্ত্র কৈল।** হস্তী হয় গাভী স্বৰ্ণ ভুমি দান দিল॥ প্রতরাষ্ট্রে দিয়া পাণ্ডু রাজ্য অধিকার। মুগয়াতে রত সদা বনেতে বিহার॥ কুন্তী মাদ্রী দহ রাজা দদা থাকে বনে। যথা থাকে তথা যেন হস্তিনাভুবনে॥ তবে কতদিনে ভীষ্ম বিছুর কারণ। স্থাদেব রাজার কন্যা করিল বরণ॥ রূপেতে নিন্দিত যত স্বর্গবিন্তাধরী। হ্বদেব রাজার কন্সা নামে পরাশরী॥ মহাভারতের কথা অমৃত অর্ণবে। পাঁচালী প্রবন্ধে কয় কাশীরাম দেবে॥

হুয্যোধনাদির জন্ম কথন। মূনি বলে শুন, কর অবধান, পূর্ব্ব পিতামহ কথা।

ব্যাস তপোনিধি, পুজে নিরবিধ্ গান্ধারী স্থবল-স্তা॥ তাঁর সেবাবশে, বর দিল ব্যাদে হইয়া হরিষ যুত। মহা বলবান, স্বামীর সমান পাইবে শতেক স্তৃত।। পরম হরিষে, কতেক দিবদে গর্ভ ধরিল গান্ধারী। **म्भ भाम गांग,** প্রসব না হয় চিত্তে চিন্তিত হুন্দরী। হেনকালে ধ্বনি, আচন্বিতে শুনি কুন্তীর পুত্র হইল। শুনিয়া গান্ধারা, আপনা পাদরি, মূর্চ্ছিত হ'য়ে পড়িল॥ পুত্র হৈলে জ্যেষ্ঠ, রাজ্যে হবে শ্রেষ্ঠ, কুরুকুলে হবে রাজ।। কুন্তী ভাগব্যতা, পাইল সন্ততি. সবাই করিবে পূজা॥ আমি অভাগিনী, প্রম পাপিন, কর্ম্মফল আপনার। দ্বিবংসর হৈল, কিছু না জন্মিল, পরিশ্রম মাত্র সার॥ প্রদবি যগ্যপি, ভাবনা তথাপি, সহজে হইবে দাস। ভাবি হেন মত, দৃঢ় করি চিত্র, গর্ভের করিতে নাশ। লোহার মুকারে, আপন উদরে, নির্ঘাত করিয়া হানে। পাইয়া আঘাত, গৰ্ভ হৈল পাত, ধৃতরাষ্ট্র নাহি জানে॥ নাহি পদ মুগু, সবে মাংসপিও. **भाक्ता**ती व्यमव ेश्ना। ভাকাইল দাসী, চিত্তে দ্বণা বাদি. ফেলাইতে ইচ্ছা কৈল॥ জানিয়া কারণ, মুনি দ্বৈপায়ন, আদি হৈল উপনীত।

এ কৰ্ম্ম কোনু বিহিত॥ ক্রানি সর্বব ধর্মী, তোমার উচিত নহে। হিংদা মহাক্রেশ, অধর্ম অশেষ, কুকুর শুগাল, ভাকে পালে পাল, কহে কর্যোড় করি। এ বড় বিশ্বয় হেরি॥ বলে ব্যাসমূনি, মম বাক্য অন্য নয়। ভুৱেখ **পরিহর** হইবে শত তনয়॥ শত কুণ্ড করি, স্থতে ভাহা পূরি, মাংদপিও দিঞ্চ জলে। **এট বলি মুনি,** সিঞ্চিল আপনি, মাংদপিগু করি কোলে॥ ^কংল জলেতে_, সিঞ্চিতে সিঞ্চিতে, যেন বিধি নির্মিল। কৈল শত খণ্ড, এক মাংসপিণ্ড, একাধিক শত হৈল॥ য়তকুণ্ডে লৈয়া ফেলে। ংব ভপোধন, স্থদৃঢ় বচন, গান্ধারী দেবীর বলে॥ রা**থিয়৷** য**তনে**. এই কু ওগণে, নাহি হও উতরোল। নাহি ভাঙ্গ মম বোল॥ তে বলি ঋষি হিমালয়বাসী, গেল হিমালয়ে চলি। তি কিছু দিন, হৈল ছুর্য্যোধন, বিছর বলেন অবধান নহারাজ। মূর্ত্তিমস্ত যুগ কলি॥ যত অমঙ্গল দেখি ভাল নহে কাজ। ভীম যেই দিনে, জিমিল কাননে, ইথে প্রায়শ্চিত রাজা নাহি কিছু আর। मिटे फिल्म फूर्स्यायन ।

বলে ক্রোধ করি, শুন গো গান্ধারী, জনম মাতেতে, শিখিগণ ডাকে, যেমন গৃধ্ৰ গৰ্জন॥ কর হেন কর্মা, তার ডাক শুনি, যেন গুধধ্বনি, গুধ্রগণ সব ডাকে। আপনা আপনি দহে॥ নগর পূরিল ডাকে॥

শুনিয়া বচন, লক্ষিত বদন, বহে তপ্ত বাত, সঘনে নির্ঘাত,

দুনিয়া বচন ক্রিক যায় প্রচিত্ত বিদ্যাত প্রচিত্ত বাত ক্রিক যায় প্রচিত্ত বিদ্যাত প্রচিত্ত বিদ্যাত প্রচিত্ত বাত ক্রিক যায় প্রচিত্ত বিদ্যাত বিদ **नग**िक गाग्र श्रीछ । ্তামার বচন, হইল লঙ্খন, মিহির মুদিল, রুধির বিদিল, ঝনঝনা হয় গিরি চ শুন স্থবদনী, এ সব চরিত, দেখি বিপরীত চিন্তিল কৌরব পতি। মম বাক্য ধর, : ভীস মহামতি, বিছুর প্রভৃতি, জানাইল শীঘ্ৰগতি॥ দবার অগ্রেতে, লাগিল কহিতে, প্রতরাষ্ট্র গুণাধার। শব্দ শুনা গেল, পাণ্ডুপুত্র হৈল, বংশের জ্যেষ্ঠ কুমার॥ রাজা সেই হবে, প্রজা প্রথা হবে, মোর মন তাহে স্থথী। মোর পুত্র হ'তে, অতি বিপরাতে, বহু অমঙ্গল দেখি॥ অঙ্গুলির পর্বহ, প্রায় হৈল সর্বব্, বিধান ইহার, করিয়া বিচার, কহ মোরে দর্ববজন। রাজার বচন, করিয়া ভাবণ, বিদ্ধর বলে তথন।। ভারত-সঙ্গীত জগৎ মোহিত. কেবল অয়ত নিধি। ল। জানও রাজায়, কাশীদাস কয়, পান থাওে গম ভয় পান কর নিরবণি ॥

এংশলার জন্ম -

তবে সে মঙ্গল হয় ত্যক্ত কুমার॥

কুলের অন্তক রাজা এ পুত্র তোমার। ইহাকে পালিলে তুঃখ পাইবা অপার॥ নিজ কুলহিত এবে চিন্তহ রাজন। এক উন হউক তব শতেক নন্দন॥ কুলের কারণ রাজা ত্যজি একজন। স্থত ত্যাগ কর রাজা রাজ্যের কারণ॥ এতেক বচন যদি বিত্রর বলিল। পুত্রন্নেহে ধৃতগান্ত্র হেলন করিল 🛚 তবে আর উনশত হইল নন্দন। হেনমতে হৈল ভাই একশত জন॥ একশত পুত্ৰ হৈল কতা নাহি গণি। শুনি মুনিবরে জিজ্ঞাসিল নৃপমণি॥ আপনি বলিল। ব্যাসদেবের যে বরে। একশত পুত্র হবে গান্ধারী-উদরে॥ অধিক হইল কন্সা কিসের কারণ। ইহার র্ত্তান্ত মোরে কহ তপোধন॥ মুনি কহে শুন তত্ত্ব শ্রীজনমেজয়। যথন বিভাগ করে ব্যাদ মহাশয়॥ সতী পতিব্ৰতা দেবা স্থবল-নন্দিনা। মনেতে বাঞ্চল এক কন্যা দেহ মুনি॥ শুনিয়াছি ন্ত্র'লোকের কন্সার পীরিত। দানেতে অক্ষয় স্বৰ্গ আছে হেন নীত॥ শত পুত্র বর দিল ব্যাস মহামূনি। নাহিক সন্দেহ পুত্র হইবে এখনি॥ কায়মনোবাক্যে যদি আমি হই সতী। পতিব্ৰতা হই আমি পতি মম গতি॥ ব্রাহ্মণেরে গাভী দিয়া থাকি কোটি কোটি। তবে মম ইথে কন্স। হবে এক গুটি॥ ব্রত তপ ক'রে থাকি গুরুর সেবন। যদি কভু পূজে থাকি দেব বিজ্ঞগণ॥ গান্ধারী মানদ আর বিধির স্জন। মাংসপিও ব্যাদদেব করিল সিঞ্চন॥ একে একশত ভাগ মাংসপিণ্ড হৈল। দেখি মহামুনি ব্যাস গান্ধারীকে কৈল ॥ আমার বচন বধু কভু মিথ্যা নয়। এই দেখ হইলেক শতেক তনয় ॥

একখানি অধিক যে স্বল-নন্দিনী।
তোমার মানস হ'তে হ'ল একখানি॥
শুনি হরষিত হৈল স্বল-তুহিতা।
সে কারণে অধিক হইল এক স্থতা॥
অত্যা প্রতরাষ্ট্রভার্য্যা বৈশ্যের কুমারা।
বহু সেবা প্রতরাষ্ট্রে করিল স্থন্দরা॥
তাহার উদরে হৈল একই নন্দন।
যুর্ৎস্থ বলিয়া নাম জানে সর্বজন॥
হেনমতে একত্রেতে শত সহোদর।
সবে মহাবলবন্ত পরম স্থন্দর॥
বিবাহ করিল সব রাজার কুমারী।
জয়দ্রথে সমর্পিল তুঃশলা স্থন্দরা॥
কৌরবের জন্মকথা কহিলাম সব।
বলি শুন পাণ্ডবের যেমতে উদ্ভব॥

মুগরাপী ঋষিকুমারের প্রতিপাড়র শ্রাঘাত। চিরকাল বৈদে পাণ্ডু বনের ভিতর। সঙ্গে তুই ভার্য্যা আর কত সহচর॥ নিরস্তর ভ্রমে পাণ্ডু মূগ অন্বেষণে। পর্বত-কন্দর ঘোর মহা শালবনে॥ সিংহ ব্যায় হস্তা খড়গা ভল্লুক শ্কর। পাইয়া পাণ্ডুর শব্দ থায় বনান্তর॥ ছেনমতে একদিন দেখে নরবর। হরিণীযুথের মধ্যে মূগ একেশ্বর॥ কিন্দম নামেতে সেই ঋষির কুমার। মৃগরূপ ধরি করে মৃগীকে শৃঙ্গার॥ মৃগ দেখি কুরুপুত্র প্রহারিল শর। তীক্ষণরে ভোদল ঋষির কলেবর॥ শরাঘাতে ঋষিপুত্র করে ছটফটি। মৃগীর উপর হইতে ভূমে পড়ি লুটি॥ ডাক দিয়া ঋষিপুত্ৰ পাণ্ডু প্ৰতি বলে। ধার্ম্মিক পণ্ডিত হৈয়া কি কর্ম্ম করিলে॥ মূর্থ তুরাচার যেই হিংদা করে পরে। বড় শক্ত হইলে এ সময়ে না মারে॥ পাণ্ডু বলে মৃগ তুমি নিন্দ কি কারণ। কত্রধর্ম মূগ মারি পাই হে যখন ॥

কৃষ্ণবোনি করিলেন ভক্ষ্য মুগগণ। ্দবগ্রষি ভক্ষ্য হেতু মুগের স্থজন॥ রিপুসম মুগে অস্ত্র করিব প্রহার। নতিশাস্ত্রে কংহ হেন ক্ষত্রির-আচার॥ ন্দি বলে মুগ বধ ক্ষজিয়ের ধর্ম। রমণে বিরোধ করা মহাপাপ কর্ম। কুরুবংশে জন্মি কর ছেন অনুচিত। রতিরদে জ্ঞাত সব শাস্ত্রেতে পণ্ডিত॥ রাজ। হ'য়ে হেন ক'র্ম কর তুরাচার। রাজা যদি পাপ করে মজিবে সংদার॥ শ্বির নন্দন আমি তপের সাগর। দকল ত্যজিয়া থাকি বনের ভিতর॥ মুগরূপে আমি করি হরিণী রমণ। .হনকালে মোর তু ম ববিলে জাবন॥ মূগদেহ মারিলা ইহাতে পাপ নয়। এই পাপ, মারিলা যে মৈথুন সময়॥ এই হেতু শাপ আমি দিলাম রাজন। মৈগুন সময় হবে তোমার মরণ॥ শ্রামি যেন **অশুচিতে** যাই পরলোক। এইমত হইবে তোমার চিত্তে শোক॥ বর্গেতে রহিতে শক্তি নহিবে তোমার। কভু মিথ্যা নাহি হবে বচন আমার॥ এত বলি ঋষিপুত্র ত্যজিল জাবন। ংইল শুনিয়া পাওু বিষধ বদন ॥ োতিতে আকুল হৈয়া করেন ক্রন্দন। প্রদক্ষিণ করি মৃত ঋষির নন্দন॥ ভাৰ্য্যা সহ কান্দেন যেমন বন্ধুশোকে। মশেষ বিশেষ রাজা নিন্দে আপনাকে॥ কেন হেন বড় কুলে হইল উদ্ৰব। ^অপিনার কর্মভোগ করে লোক সব॥ শুনিয়াছি পিতা করিলেন কদাচার। কমিলোভে অল্লকালে তাঁহার সংহার॥ তার ক্ষেত্রে জন্ম মম সহজে অধম। হন্টবৃদ্ধি ছুরাচার ভেঁই ব্যতিক্রম ॥ রাজনীতি ধর্মা কত আছয়ে সংসারে। দ্ব ত্যক্তি ভ্রমি মুগব্ধ অসুসারে 🛭

সমুচিত ফল তার হৈল এত কালে। খণ্ডন না হয় কর্মা অনুসারে ফলে॥ আজি হ'তে ত্যজিলাম সংসার বিষয়। শরীর ত্যজিব তপ করিয়া আশ্রয়॥ একাকী হইয়। পৃথা করিব ভ্রমণ। সকল ইন্দ্রিয়গণ করিব দমন॥ কুন্তী মাদ্রী প্রতি রাজা বালছে বচন॥ হস্তিনানগরে দোঁহে করহ গমন॥ বিছুর প্রভৃতি যত স্থন্তর প্রকল। যে দেখিলা শুনিলা কহিবে অবিকল। এত শুনি তুইজনে করেন ক্রন্দন। কান্দিতে কান্দিতে কহে করুণ বচন॥ निभ्ह्य नुপতि यक्ति ना नद्य मःइि । ক্ষণেক রহিয়া যাও শুন নরপতি॥ আমরা তোমার অগ্রে প্রবেশি আগুনে। তারপর যেথা ইচ্ছা যাও সেই স্থানে॥ অনেক বিনয় করি কান্দে চুইজন। দেখিয়া ব্যাকুল পাণ্ডু নৃপতি ভখন॥ বলিলেন নিশ্চয় সহিত যদি যাবে। তোমরা অশেষ ক্লেশ অরণ্যেতে পাবে॥ গাছের বাকল পর ত্যুক্ত বসন। শিরে জটা ধর আর ত্যঙ্গ আভরণ ॥ ফলমূলাহারী হও ত্যজ দিব্য হার। লোভ মোহ কাম ত্যুক্ত ক্রোপ মহন্ধার॥ স্বামীর বচন তবে শুনি তুইজন। ততক্ষণে পরিত্যাগ করে আভরণ॥ কেশপাশে করিল মস্তকে জটাভার। নুপতির অগ্রে দিল সব অলঙ্কার॥ দেখিয়া নুপতি মনে হইল বিশ্বয়। দেখিয়া দোহার বেশ বিদরে হৃদয়॥ তবে রাজা ত্যজিলেন নিজ অলকার। করিয়া সকল ত্যাগ তপস্বী আচার 🛭 রত্ব অলঙ্কার ছিজে করিলেন দান। তপম্বা করিতে রাজা করেন প্রশ্বান॥ অসুচরগণ যত আছিল সংহতি। সবাকারে বলিলেন পাণ্ডু নরপতি ॥

হস্তিনা-নগরে সবে করহ গমন। স্বাকারে কহিবে আমার বিবরণ॥ "পাণ্ডুর বচন এত 뼝নি সর্ব্বজন। হাহাকার শব্দে করে সকলে ক্রন্দন ॥ সঘনে নিখাস মুখে করুণ বচন। **•**স্তিনানগরে সবে করিল গমন ॥ একে একে সবারে কছিল সমাচার। 'শুনি পুরলোক সব করে হাহাকার॥ **অন্তঃপুরে উঠিল ক্রন্দন মহারোল।** প্রলয়ের কালে যেন সাগর কল্লোল 🛚 গাঙ্গের বিতুর আদি আর যত জন। পাণ্ডুর শোকেতে দবে করয়ে ক্রন্দন ॥ শুনি ধৃতরাষ্ট্র রাজা অত্যন্ত অস্থির। নাহি রুচে অন্ন জল না হন বাহির॥ রত্নময় পালক্ষ ছাড়িয়া নরবর। ভূমে গড়াগড়ি যান শোকেতে কাতর ॥ হেনমতে রোদন করিছে বন্ধুগণ। ছেপা পাণ্ড প্রবেশ করিলেন কানন॥ চৈত্ররথ নামে বন অতি সে বিস্তার। গন্ধর্বে অপ্সর তথা করিছে বিহার ॥ দে বন ত্যজিয়া যায় নৈমিষ-কানন। বহু নদ নদী দেশ করিয়া লঞ্জন ॥ তিনজনে হিমালয় করি আরোহণ। তথা হৈতে চলিলেন শ্রীগন্ধমাদন॥ তথায় আছয়ে ইন্দ্রত্যন্ত্র সরোবর। মহাপুণ্য তীর্থ যাহে বাঞ্ছিত অমর॥ তাহে স্নান করিয়া গেলেন তিনজন। শতশৃঙ্গ পর্বতে করেন অরোহণ॥ মহা উচ্চ গিরিবর দেখিতে উত্তম। অনেক তপস্বী ঋষিগণের আশ্রম ॥ পর্বত পাইয়া রাজা আনন্দিত মন। করেন তপস্থা তথা সহ ঋষিগণ॥ করেন কঠোর তপ তথা তিনজন। দিনশেষে ফল মূল করেন ভক্ষণ॥ ঘোর তপ দেখিয়া বাধানে ঋষিগণ। তপস্থাতে সিদ্ধ হইলেন তিনজন 🛭

স্বর্গেতে যাইতে শক্তি হৈল হেন বাসি। তথা হৈতে গেলেন প্ৰণমি যত ঋষি॥ অতি উচ্চ গিরিবর পরশে গগন। স্বর্গেতে যাইতে করিলেন আরোহণ॥ পথেতে দেখেন সব দেবতার স্থান। নানারত্ন বিভূষিত বিচিত্র নির্ম্মাণ ॥ দেখেন গঙ্গার মধ্যে প্রবল তরঙ্গ। দেবকন্দাগণ তথা করে ক্রীডা রঙ্গ ॥ কোন স্থানে দেখিলেন পর্বত উপর। জলধরগণে বৃষ্টি করে নিরন্তর ॥ তাহার অন্তরেতে অগম্য ভূমি দেখি। আছুক অন্যের কাগ যেতে নারে পাখী॥ তিনজনে দেখিলেন তথা ঋষিগণ। ডাক দিয়া খাষিগণ বলেন বচন॥ কোথাকারে যাও হে তোমরা তিনজন। অগম্য বিষম ভূমি যাহ কি কারণ ॥ ঋষিগণ বচনে বলেন নরপতি। পাণ্ডু নামে আমি কুরুবংশেতে উৎপত্তি ॥ অপুত্রক হইলাম নিজ কর্মদোধে। সংসার ত্যজিয়। আমি যাই স্বর্গবাসে ॥ চারি ঋণ লইয়া মনুষ্যদেহ ধরে। ঋণ হৈতে পার হৈলে মুক্ত কলেবরে॥ যজ্ঞ করি দেবখাণে হইবেক পার। মুনিগণে তুষিবেক করি ব্রতাচার॥ পিতৃধাণে মুক্ত হয় পিতৃপিও দিয়া। মনুষ্য হইবে পার অতিথি সেবিয়া॥ ঋণে পার হইলাম আমি তিন স্থানে। সবে না হৈলাম পার পিতৃগণ-ঋণে॥ আপন কুকর্ম-ফল না হয় খণ্ডন। শরীর ত্যজিতে আমি যাই সে কারণ॥ ঋষিগণ বলে তুমি পণ্ডিত হুজন। ধার্ম্মিক স্থবুদ্ধি সর্ববশাস্ত্রে বিচক্ষণ॥ পুত্রহীন জ্বন স্বর্গে যাইতে না পারে। ষারপালগণ তথা দ্বার রক্ষা করে॥ অকারণে তথাকারে যাও নরপতি। কদাচিত না পাইবা স্বৰ্গের বসতি॥

পৃথিবীতে বহুলোক দান পুণ্য করে।
পুক্রহীন হৈলে স্বর্গে যাইতে না পারে॥
স্বর্গেতে যতেক বৈসে দেব সিদ্ধ ঋষি।
মর্ত্যে পুক্র জন্মাইয়া সবে স্বর্গবাসী॥
শুনিয়া বলেন রাজা বিনয় বচন।
কি করি আমারে আজ্ঞা কর তপোধন॥
মৃনিগণ বলে রাজা থাক এই স্থানে।
হুইবেক পুক্র তব দেব বরদানে॥
দিব্যচক্ষে মোরা সব করি দরশন।
মহাবীর্যাবন্ত হবে তব পুক্রগণ॥
ঝ্রিগণ বচনে নিবর্ত্তে নরপতি।
শতশৃঙ্গ পর্বতে করিলেন স্থিতি॥
মহাভারতের কথা অমৃত সমান।
বাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

পুলোংপাদনে কুন্তীর প্রতি পার্র অনুমতি: কুন্তীরে বলেন তবে পাণ্ডু নৃপবর। সাপনি শু**নিলে মুনিগণের উত্তর**॥ মুগঞ্চি শাপে শক্তি নাহি যে আমার। উপায় করিয়া পিতৃগণে কর পার॥ মার হেন আছে পূর্ব্ব শাস্ত্রের বিধান। ^{বিব্}রিয়া ক**হি তাহা কর অবধান**॥ প্ৰয়মুৎপাদিত কেহ সহজে নন্দন। নত্বা কাহারে পুত্র দেয় কোন জন॥ নন্য লৈয়া পোষ্য করে পুত্রবৎ করি। সাপনি প্র**বেশে কেহ অন্ন হেতু** মরি॥ পুত্রীনে কোন জন কন্সা করে দান। ার পুত্র হৈলে সেই হয় পুত্রবান॥ ন্তুব। স্বামীর আজ্ঞা লৈয়া কোন জনে। মাপন সদৃশ কিস্বা উচ্চজন স্থানে॥ গ্ৰাহাতে জ্বিলে হয় আপন নন্দন। পূর্ববাপর আছে হেন ব্রহ্মার বচন॥ .সই **অনুসারে আ**মি বংশের কারণ। ^{ক্রাক্তা} করি কর তুমি বংশের রক্ষণ ॥ ক্স্তী বলে রাজ। তুমি পরম পণ্ডিত। কি কারণে কহ ভূমি এমন কুৎসিত॥

আমি ধর্মপত্নী তুমি ধর্মজ্ঞ আপনে। তোমা বিনা অন্য জন না দেখি নয়নে॥ পূর্বেব শুনিয়াছি রাজ। কহে মুনিগণ। বুষ্যিতাশ্ব রাজা ছিল কৌরব নন্দন॥ মহারাজা ব্যুষিতাশ্ব ধর্মেতে তৎপর। যজ্ঞ করি তুষিলেক যতেক অমর॥ তাঁর দক্ষিণায় স্থাী হৈল দ্বিজগণ। বাহুবলে জিনিল সকল রাজগণ॥ ভদ্র। যে তাঁহার ভার্য্যা পরমা হৃন্দরী। রাজারে সেবয়ে সদা পুক্রকাম্য করি॥ কামনায় ভাঁহার কামুক নরবর। তাঁহার সঙ্গমে ব্যাধিযুক্ত কলেবর॥ যক্ষাকাশ রোগে রাজা হইল নিধন। ভদ্রা *হৈল শো*কের সাগরে নিমগন II স্বামী বিনা ভার্য্যা জীয়ে ধিক্ তার প্রাণ। স্বামী বিনা ঘর দ্বার শাশান সমান ॥ স্বামীর বিহনে নারী জীয়ে যেই জনা। নিত্য নিত্য ভুঞ্জে সেই বিবিধ যন্ত্রণ। ॥ স্বামী পুত্রহান নারা লোকে অনাদরে। গণনা না করে কেহ মসুষ্য ভিতরে॥ হেনমতে ভদ্র। বহু করিছে ক্রন্সন। দ্যাকিয়া ভাহারে শব বলে তভক্ষণ॥ না কান্দহ ভদ্র। তুমি উঠি যাও ঘরে। আমি জন্মাইব পুত্র তোমার উদরে॥ শবের বচনে ভদ্রা গেল নিজ স্থান। শবেরে রাখিল করি যতন বিধান॥ ঋতুযোগে ভদ্রা তবে শবের সঙ্গমে। সপ্ত পুক্র উদরে ধরিল ক্রমে ক্রমে ॥ শব স্বামী হৈতে ভত্ৰা প্ত্ৰ জন্মাইল্ হেনমতে হয় পূর্বের মুনির। কহিল ॥ তুমিও এখন রাজা যোগ কর মনে। আমার উদরে জন্ম করাও নন্দনে॥ পাণ্ডু বলিলেন দে মন্তুন্যে না সম্ভব । । দৈববলে শব হৈতে পুক্রের উদ্ভব ॥ সেইরূপ শক্তি কুন্তী নাহিক আমার। পূর্বের আচার কিছু কহি শুন আর 🏾

পূর্ব্বকালে নাহি ছিল এ সব নিয়ম। য়ারে যার ইচ্ছা হয় করিত *সঙ্গ*ম॥ ইচ্ছামত স্ত্রীগণ যাইত যথা **স্থানে ॥** ্না ছিল বিরোধ পূর্বেব ব্রহ্মার হুজনে॥ নিময় করিল ঋষিপুক্ত একজন। তাহার রুত্তান্ত কহি শুন দিয়া মন॥ উদ্দালক নামে এক মহা তপোধন। ুশ্বতকেতু নাম ধরে তাহার নন্দন॥ পিতা মাতা কোলে ক্রীড়া করে অমুক্ষণ। হেনকালে আইলেন মুনি একজন॥ কামাত্রর হৈয়া মূনি ধরে তার মায়। স্বামী পুত্র কাছে হৈতে ধরি ল'য়ে যায়॥ বিশ্ময় হইয়া শিশু চায় পিতৃপানে। ক্রোধমুখে জিজ্ঞাসিল জনকের স্থানে॥ কোথা হৈতে আসে দ্বিজ বড় তুরাচার। *জননারে ল'য়ে যায় কোথায়* আমার ॥ শুনিয়া বচন মূনি করেন প্রবোধ। পূর্ব্বাপর আছে বাপ না করিও ক্রোধ॥ 🌅 শুনিয়া হইল শিশু অধিক কুপিত। ্র হেন কুৎসিত কর্মা বিধির স্থজিত।। ় স্বষ্টি করে প্রজাপতি নিয়ম না জানে। হেন অমুচিত কর্মা করে দে কারণে॥ আজি হৈতে স্ষষ্টি মধ্যে করিব নিয়ম। দেখ পিতা আজি মম তপঃ পরাক্রম॥ নিজ নিজ স্বামী ভার্য্যা ত্যজি যেই জন। े পরনারী পরস্বামী করিবে গমন॥ **সংসারে** যতেক পাপে হইবে সে পাপী। নরক হইতে পার না হবে কদাপি॥ ্জ্রী হইয়া স্বামীর বচন নাহি শুনে। **স্বামী** যদি নিয়োজেন বংশের রক্ষণে ॥ ব্যবজ্ঞায় স্বামী বাক্য করে অনাদর। চিরকাল ম**জে** সেই নরক ভিতর॥ হেনমতে মুনিপুক্র নিয়ম করিল। পূৰ্ব্বমত ত্যব্ধি তাই হেনমত হৈল॥ আর পূর্বৰ কথা কহি করহ শ্রবণ। সূর্য্যবংশে ছিল নাম সৌদাস রাজন ॥

মদয়ন্ত্রী ভার্য্যা তাঁর পরমা স্থন্দরী। অপত্য বিহনে দোঁহে সদা চিন্তা করি॥ বশিষ্ঠের স্থানে ভার্য্যা নিযুক্ত করিল। মুনির ঔরদে তাঁর বহুপুত্র হৈল।। বংশ হেতৃ হেন মত আছে পূৰ্ব্যতন। বিস্ময় না কর ইথে স্থির কর মন॥ সেই হেতু আজ্ঞা আমি করি যে তোমারে। পুত্রার্থে নাহিক শক্তি কি বল আমারে॥ কুতাঞ্জলি করি আমি নিবেদি তোমায়। পুত্র জন্মাইতে কর আপনি উপায়॥ রাজার করুণ বাক্য শুনি পতিব্রতা। কহিতে লাগিল আপনার পূর্ব্বকথা॥ বাল্যকালে পিতৃগৃহে ছিলাম যথন। অতিথি দেবনে ছিল মম নিয়োজন॥ অকস্মাৎ আইল তুর্ব্বাদা মূনিবর। মুনিরাজে দেবা করিলাম বহুতর । পর্ম পণ্ডিত সেই শুনি মহাশ্য। সেবাবশে মম প্রতি হইল সদয়॥ মস্ত্র দিয়া আমারে কহিলেন দে মুনি। যেই দেবে ইচ্ছা তব হবে স্থবদনা॥ এই মন্ত্র পড়ি তারে করিবা আহ্বান। অবিলম্বে সে দেব আসিবে তব স্থান॥ যেই বর ইচ্ছা কর পাবে সেই বর। এত বলি তুর্বাদা গেলেন দেশান্তর॥ এখন যেমত আজ্ঞা কর দণ্ডধর। আজ্ঞা কর দেবস্থানে যাগি পুত্রবর॥ যে তোমারে কহিলাম পূর্ব্বের বিধান। আজ্ঞা কর কোন দেবে করিব ভাহ্বান॥ রাজা বলিলেন মুনি দিয়াছেন বর। পুত্রের কারণে তবে কেন চিন্তা কর॥ হোম যজ্ঞ পূজ। করি যাঁহার উদ্দেশে। নানামতে অচিচ যাঁরে অতিশয় ক্লেশে॥ তথাপি দেবের নাহি পাই দরশন। উদ্দেশে মাগি যে বর যার যেই মন॥ হেন দেব সাক্ষাতে চাহিবা তুমি বর। শুভকার্য্যে স্থবদনী বিলম্ব না কর॥

দেবতার মধ্যে শ্রেষ্ঠ ধর্ম মহাশয়।
সর্বপাপ হরে যাঁর লইলে আশ্রেয় ॥
ধর্মবন্ত হইবেক তেঁই সে কুমার।
মহাবলবন্ত হবে সর্ববিশুণাধার ॥
নিয়ম করিয়া ধর্মে করহ স্মরণ।
আজিকার বিলম্ব না সহে একক্ষণ ॥
বামার বচনে কুন্তী করিল স্বীকার।
সামার বিদিদ্দণ করি করে নমস্কার॥
অদি পর্বব ভারত যে ব্যাদের রচিত।
পরম পবিত্র পুণ্য শ্রবণে অমৃত॥
ভানুর্যণ পুণ্য বাড়ে যাহার শ্রবণে।
পাঁচালী প্রবন্ধে কাশীরাম দাস ভণ্যে॥

যুধিটিরাদির জনা।

গুনি বলিলেন শুন রাজ্য অধিকারী। বংসরেক গর্ভ যবে ধরিল গান্ধারী ॥ িসেইত সময়ে তবে ভোজের নন্দিনী। ্যই মন্ত্ৰ দিয়াছিল সে তুৰ্বাসা মূনি॥ দেই মন্ত্র জপি ধর্ম্মে করিলা আহ্বান। তংফণে আইল ধর্ম কুন্তী বিগ্নমান॥ ধুশ্মের সঙ্গমে হইল গর্ভের সঙ্গতি : পরম স্থন্দর স্তৃত প্রদাবিল সতী ॥ ইন্দ্রচন্দ্র মম কান্তি তেজ দিবাকর। উজ্জ্বল করিল শতশুঙ্গ গিরিবর॥ দিব। হুই প্রহরেতে পুণ্য তিথিযুত। অতি শুভক্ষণেতে জন্মিল কুন্তীস্কৃত॥ সেইকণে হল ধ্বনি আকাশ উপর। সকল ধার্ম্মিক শ্রেষ্ঠ এই স্থতবর॥ ^{সত্যবাদী} জিতেন্দ্রিয় হবে মহারাজ। জ্পতের লোকে তাঁরে করিবেক পূজা॥ ্রতিক আকাশ বাণী শুনিয়া রাজন। ক্তির ডাকিয়া পুনঃ বলেন বচন॥ শুনিলা আকাশবাৰী বলে দেবগণ। ধাৰ্মিক স্থবৃদ্ধি শান্ত হইবে নন্দন॥ ক্তিয়প্রধান গণি বলিষ্ঠ কোঙর। ধার্ন্মিক গণি যে শ্রেষ্ঠ ব্রাহ্মণ ভিতর।।

সে কারণে কুন্তী তুমি ভজ পুনবার। যাঁহা হৈতে হইবেক বলিষ্ঠ কুমার॥ রাজার কানে কুন্তী তবে মনে মনে। দেবগণ মধ্যে দেখি বলিষ্ঠ প্ৰৱে॥ মন্ত্র জপে কুন্তী করি বায়ুর উদ্দেশ। সেইক্ষণে বায়ু তথা করিল প্রবেশ ॥ প্রবন সঙ্গমে পুক্র লভিল জনম । জন্ম মাত্র তাহার শুনহ যে বিক্রম॥ পুত্র প্রসবিয়া কুন্তী কোলে লৈতে চায়। তুলিতে নারিল, ভারি পর্বতের প্রায় 🎚 অশক্ত হইয়া কেলে পর্ববত উপরে। শতশৃঙ্গ পর্ববত কাপিল থর থরে ॥ শিলা রুক্ষ গিরি শৃঙ্গ হৈল চুণ্ময়: বালকের শব্দে পায় গিরিবার্দ। ভয়॥ সিংহ ব্যান্ত মহিধাদি যত পশুগণ। পৰ্বত ত্যজিয়া সবে গেল অহা বন ! হেনকালে শুভাবাণী হয় ততঞ্চল। শুন কুন্তী পাওু এই তোমার নদন॥ যতেক বলিষ্ঠ আছে পুথিবী ভিতর। সব। হৈতে প্রেণ্ঠ এট মহাবল্পর ॥ নিদ্য নিষ্ঠার এই ছুফ্টজনরিপু। **অস্ত্রেতে অভে**জ এই বজু**দম** বণু॥ দেখিয়া শুনিয়া পাওু হইল বিলায়। আশ্চয়্য মানিল কুন্তা দেখিয়া তন্য ।। পুনরপি কুন্তারে বলেন নুপবর এইমত জন্ম হৈল বুগল কুমার : এক হৈল ধান্মিক নির্দিয় আর জন। সৰ্ববিভগরুত এক জন্মাও নক্ষম॥ কুন্তী বলৈ হেন পুত্র হইবে কেমনে। সর্বভণযুত পাব কার আরাংকে 🕏 ইহা শুনি পাওু কহিলেন মুনিগণে। দেব মধ্যে আছে কোনজন স্পান্তণে।। তাঁরে আরাধিয়া আমি লভিব ন**ন্দনে**। এত শুনি থলিল যতেক মুনিগণে॥ मर्त्वराज्यभाग भएमा इन्द्र (मयद्रोक । তাঁহারে সেবিলে রাজা সিত্র হবে কাজ॥

ইন্দ্রের উদ্দেশে তপ কর নৃপবর। নিয়ম করিয়া তপ কর সম্বংসর॥ বিনা তপে নহে তুষ্ট দেব পুরন্দর। এত শুনি তপ আরম্ভিল নূপবর॥ উদ্ধিবাহু একপদে রহে দাঁড়াইয়া। সম্বংসর করে তপ বায়ু আহারিয়া॥ তপে তুষ্ট হ'য়ে ইন্দ্র আইল তথায়। **কহিলেন পাণ্ডুরে শুনহ** কুরুরায়॥ আপন বাঞ্জি ফল মাগ মহাশয়। সর্ববঞ্চণযুত হবে তোমার তনয়॥ বর দিয়া ইন্দ্র হইলেন শন্তর্দ্ধান। তপ নিবর্ত্তিয়া পাণ্ডু গেলেন স্বস্থান॥ কুন্তীরে কহিল পাণ্ডু হরিম অন্তর। পুক্রবর আমারে দিলেন পুরন্দর॥ স্ববাঞ্ছিত ফল লাভ হইবে তোমার। **দর্বাগুণযু**ত ভূমি পাইবা কুমার॥ তপস্থায় করিলাম প্রদন্ন বাদবে। মুনিমন্ত্রে স্থারণ করহ তাঁরে তবে ॥ শ্মরণ করিল কুন্তী স্বামীর বচনে। দেবরাজ আইল তখন সেম্বানে ॥ উভয়ের দঙ্গম হইল স্থময়। ইন্দের ঔরদে জন্ম হইল তন্য়॥ জন্ম মাত্র শৃত্যবাণী হইল গভীর। **স্বাস্থরে এই** পুক্র হবে মহাবার॥ পরা ক্রমে হবে তুল্য কার্ত্তবীর্য্যার্জ্বন ! তিনলোকে বিখ্যাত হইবে পুত্ৰগুণ॥ পৃথিবীর লক্ষ রাজা জিনি বাহুবলে : যুধিষ্ঠিরে অভিষেক করিবে ভূতলে ॥ ভ্রাতৃদহ করিবেক তিন অশ্বমেধ। ভুগুরাম সদৃশ শিখিবে ধুকুর্বেদ॥ শিখি দিব্য অন্ত্র দিব্যমন্ত্র যেইমতে। এ পুত্ৰ না জানে হেন নাহিক জগতে॥ পিতৃলোক উদ্ধারিবে এই পুত্রবর। পাণ্ডব দহিয়া এ ভূষিবে বৈশ্বানর ॥ এতেক আকাশবাণী হইল আকাশে। দেখিতে আইল দব লোক ভার পাশে 🛭

ইন্দ্ৰ সহ আইল যতেক দেবগণ। চন্দ্ৰ সূৰ্য্য প্ৰবন শমন হুতাশন ॥ দেখিতে আইল যত গন্ধৰ্ব কিন্নর। সিদ্ধ ঋষিগণ যত অপ্সরী অপ্সর ॥ একাদশ ঋষি উনপঞ্চাশ প্ৰবন। অখিনীকুমার আর বিশ্বাবস্থগণ॥ যক্ষরাজ প্রজাপতি আইল ত্বরিত। দেবাঙ্গনা আসি করে কত নৃত্যগীত॥ দেবগণ ঋষিগণ করিয়া কল্যাণ। নির্থিয়া সবে পেল আপনার স্থান। তবে কতদিনে পাণ্ডু নিভূতে বসিয়া। কুন্তী প্রতি বলিলেন একান্তে ডাকিয়া। আমার পুত্রের বাঞ্ছ। পূর্ণ নাহি হয়। পুনরপি কহিতে তোমায় যোগ্য নয়॥ **চতুর্থ পুরুষে নারী হয় যে স্বৈরিণী।** পঞ্চম পুরুষে নারী বেশ্যা মধ্যে গণি॥ সে কারণে তোমারে কহিতে না যোয়ায়। পুত্ৰবাঞ্ছা পূৰ্ণ হয় না দেখি উপায়॥ **হেনমতে** কুন্তী সহ কথোপকথনে। পুত্রচিন্তা নরবর দদা ভাবে মনে॥ মহাভরেতের কথা অমৃত দমান। একমনে শুনিলে বাড়য়ে দিব্যজ্ঞান ॥

নকুগ ও সহদেবের জন্ম।

একদিন পাণ্ডু নৃপে একান্তে দেখিয়া। বলিতে লাগিল মাদ্রী নিকটে বসিয়া॥ কুরুবংশে তিন পুত্র আছে যে সম্প্রতি। ইতিমধ্যে তুইজন হৈল পুত্ৰবৰ্তী। শুনিলাম গান্ধারীর শতেক নন্দন। প্রত্যক্ষে কুন্তীর পুক্র দেখি তিনজম ॥ অভাগিনী আমি ইথে হইনু বঞ্চিত। তোমায় কি কব মম অদৃষ্টে লিখিত॥ দ্যা করি কুন্তী যদি অসুশ্রহ করে। মন্ত্রবলে জপি পুত্র পাই দেববরে॥ সহজে সতীন কুম্ভী কি বলিতে পারি। দেয় বা না দেয় আমি চিত্তে ভয় করি 🛭

। 🚉 র বচন শুনি বলে নৃপবর। মম চিত্তে এই কথা জাগে নিরন্তর ॥ ্রিমারে প্রকাশ আমি তেঁই নাহি করি। ভন কি না শুন তুমি হও ধর্মনারী॥ ্রথন আপনি তুমি কহিলা আমারে। েতামার কারণে আমি কহিব কুস্তীরে।। মন বাক্য কৃন্তী কন্থু না করিবে আন। মটেরে কহিয়া রাজা যান কুন্তীস্থান॥ কুন্তীরে একান্তে পেয়ে ক**হে নৃ**পতি। কলের কল্যাণ হেতু কহি শুন সতী॥ হন্ত পাইয়া ইন্দ্র নিত্য যজ্ঞ করে। ংশের কারণে আর শাস্ত্র অনুসারে॥ ্বদৈ তপে পারগ হইয়া দ্বিজগণ। ভগাপি করেন তাঁরা দ্বিজের সেবন॥ ্দই হেতু কুন্তী আমি কহি যে তোমারে। হস্তাকে উদ্ধার কর এ ভব সংসারে॥ ্রট্রের বংশের হেতু করহ উপায়। ার পুত্র হৈলে হবে এ পুত্র সহায়॥ এতেক শুনিয়া কুন্তী কহিল রাজায়।• একবার দিব মন্ত্র তোমার আজায়॥ মন্দ্রকৈ ডাকিয়া তবে কুন্তী পাণ্ডুপ্রিয়া। মন্ত্র বলে দিল তারে প্রসন্ন হইয়া॥ একবার দিতে পারি **খলেন** বচন। িন্তত হইয়া মাদ্রী ভাবে মনে মন॥ একবার বিনা কুন্তী না দিবেক আর। ি উপায়ে হবে মম অধিক কুমার॥ ^{ভাবয়।} করিল যুক্তি মাদ্রী এই দার। ^{ূল্য} মধ্যে যুগাহয় **অস্থিনী কু**মার ॥ ^{মধ্}নীকুমারদ্বয়ে করিল স্মারণ। ^{মন্ত্রের} প্রভাবে দোঁহে আইল ততকণ # ত্রাদের ওরদে গর্ভ হইল সঞ্চার। अमृतिन भार्तीएनवी यूगन क्भात । ^{জন্মমাত্র} শুনি শব্দ **আকাশ উপরে**। রূপেগুণে শোভা দোঁহে করিবেক নরে॥ (रुनेमर्ड क्रांस श्रक नन्तन रहेन। পৰ্বতনিবাদী ঋষি আদি নাম দিল।।

জ্যেষ্ঠ পুত্র নাম তার হৈল যুধিষ্ঠির। ভয়ন্কর মূর্ত্তি সেই হ'ল ভীম-বীর ॥ তৃতীয় অৰ্জ্বন নাম পুইল ঋষিগন। চতুর্থ নকুল নাম মাদ্রীর নন্দন ॥ সহদেব নাম থুইল কুমার পঞ্ম। মহাবীর্য্যবন্ত পঞ্চ সিংহের বিক্রম ॥ পঞ্চ পুক্র নৃপতির দেখিতে হৃদ্দর। উ**ঙ্গ্ব**ল করিল শতশৃঙ্গ গিরিবর॥ পুত্র নির্বিয়া রাজা হরিষ অস্তর। হর্ষিত কুন্তী মাদ্রী দেখিয়া কুমার। পুত্ৰ সঙ্গ তিনজন তিলেক না ছাড়ে। ক্ষণেক না করে রাজা নয়নের আড়ে॥ হেনমতে পঞ্চ পুত্র করেন পালন। একদিন কুন্তা প্রতি বলেন রাজন। পুত্রদম স্থ নাহি দংদার ভিতরে । বঞ্জি সকল স্তথ পুত্ৰহীন নয়ে॥ রাজ্যবন্ত ধনবন্ত বিস্তাবন্ত জন। পুত্র বিনা তার হয় সব অকারণ॥ ইহকালে স্থদায়ী লোকেতে গৌরব। পরকালে নিস্তারয়ে নরক রৌরব॥ ভাগ্যবন্ত ধৃতরাষ্ট্র শত-ত্রত-পিতা। দে কারণে কহি শুন ভোজের ছুহিতা॥ পুনরপি মন্ত্র দেহ মদ্র নন্দীনীরে। বহু পুল্লে **বহুস্থ হয় এ সংসারে**॥ শুনিয়া বলেন কুন্তী যুড়ি.তুই কর॥ আর না কহিও আজা শুন নুপবর॥ পরম কপটি মাদ্রী দেখহ স্থাপনে। একবার বর দে পাইয়া মোর স্থানে॥ তাহে জন্মাইল মাদ্রী যুগল নন্দনে। মাদ্রীরে আমার ভয় হয় সে কারণে 🛊 কুতাঞ্চলি করি আমি নিবেদি তোমারে ৷ ় মাদ্রীর কারণে আর না কহ আমারে॥ মৌনে রহিল পাণ্ডু কুন্তীর **বৃচনে**। আর ন্তত বাঞ্ছা ত্যাগ করিছির মনে। পাণ্ডবের জন্মকথা অপূর্ব্ব কথন। স্বৰাঞ্চিত ফল লভে শুনে যেইজন॥

ব্যাসের বচন ইথে নাহিক সংশয়। পাঁচালি প্রবন্ধে কাশীরাম দাস কয়॥

পাপুরান্ধার মৃত্যু।

স্থথেতে থাকেন রাজা পুত্রের সহিত। ঋতুরাজ বসন্ত হইল উপনীত॥ বদন্তকালেতে বন হইল শোভিত। নান। রুক্ষগণ সব হইল পুঞ্চিত ॥ পলাশ চম্পক আত্র অশোক কেশর। পারিভদ্র কেতকী করবী পুষ্পবর॥ হৃদয়ে আনন্দ পাণ্ডু দেখিয়া কানন। গহন নিকুঞ্জবনে করেন ভ্রমণ॥ কুন্তীসহ পুত্রগণ রাখিয়া মন্দিরে। মাদ্রীসহ যান রাজা অরণ্য ভিতরে ॥ রাজার সহিত সাদ্রী কুন্তী নাহি জানে। গৃহন কানন মধ্যে ভ্ৰমে ছুইজনে॥ মদনের শরে হৈল অবশ রাজন। স্বনে মার্দ্রীর রূপ করে নিরীক্ষণ॥ বদনকমল পদ্ম শশধর জিনি। তাবণ গৃধিনী চারু পক্ষজনয়নী॥ যুগল দাড়িম্ব সম ছুই পয়োধর। বিপুল নিতমভারে গমন মন্থর ॥ পতত মধুর ভাষে বরিষয়ে স্থগা। নিরখিয়া পাওুর জন্মিল রতিক্ষুধা ॥ মদনে আচ্ছন্ন রাজা অভি অচেতন। **হইল বিশ্বত দেই** মুনির বচন ॥ নিবুর্ত্ত হইতে শক্তি নহিল রাজার। মাদ্রীরে ধরিয়া বলে করেন শৃঙ্গার॥ নির্বর্ত নির্বর্ত ডাকে মদ্রের নন্দিনী। অতি উচ্চৈঃস্বরে ডাকে হাহাকার ধ্বনি॥ হস্ত পদ আফালনে ছট ফট করে। কুৎসিত আচারে মাদ্রী ভৎসিল তাহারে। মৃগ-ঋষি-শাপ প্রভু ভুলিলা এখন ! ক্রণেকে প্রমাদ হবে না জান কারণ।। পি মদনশরে হইয়া বিহ্বল। হি শুনেন মাদ্রীর যত বোল॥

কালেতে যে করে তাহা কে খণ্ডিতে পারে: পরম পণ্ডিত বৃদ্ধি কালেতে সংহারে॥ সঙ্গম করিতে রাজা মাদ্রীর সহিত। ঋষিশাপে মৃত্যু আসি হইল উপনীত॥ শরীর ত্যক্তেন পাণ্ডু দেখিয়া স্থন্দরী। ক্রন্দন করেন মাদ্রী হাহাকার করি॥. এ স্থানে ভোজের কন্যা উচাটিত মন। মাদ্রীর সহিত নাহি দেখয়ে রাজন ॥ হইল অনেক বেলা যায় কোথাকারে। পুত্রসহ গেল কুন্তী খুঁজিতে রাজারে॥ শব্দ অনুসারে যায় অতি শীদ্রগতি। দেখিল কান্দিছে মাদ্রী কোলে নরপতি॥ ব্ৰজাঘাত মুণ্ডে থেন হ'ল আচমিতে। মৃক্তিত হইয়া কুন্তা পড়িল ভূমিতে॥ সঘনে নিশ্বাস ছাড়ে উচাটন মন। কান্দিয়া মাদ্রীর প্রতি বলেন বচন ॥ কি কর্ম করিলে মদ্রকন্যা স্বামা বধি। এই হেতু তোমারে ভোগাব নিরবধি॥ কেন এক। এলে তুমি রাজার সংহতি। কি হেতু নির্ত্ত না করিলে নরপতি॥ যদি বা আইলে দঙ্গে আনিতে নন্দন। তবে কেন নৃপতির হইবে নিধন॥ মুগগ্ধবিশাপ তোর না ছিল সারণে। সকল ত্যজিয়া বনে বঞ্চ এ কারণে॥ অনিমিধে থাকি আমি রাজার রক্ষণে। সঙ্গে আদিয়াত তুমি জানিব কেমনে॥ আপনা খাইয়া মম হৈল হেন গতি। হারাইব কেন স্বামী থাকিলে সংহতি॥ মাদ্রী বলে কুন্তী মোরে নিন্দ অকারণ। আমি করিলাম বহুবিধ নিবারণ॥ দৈবে যাহা করে খণ্ডে হেন কোৱজন। না রাখি আমার বাক্য ঘটল নিধন॥ কুন্তী বলে ভাবি কৰ্ম না যায় খণ্ডন। সম্প্রতি শুনহ তুমি আমার বচন॥ পঞ্চপুত্রে পালন করহ ভালমতে। অনুমৃতা যাই আমি রাজার সহিতে॥

দ্রী বলে হেন বাক্য না বল আমারে। লেক না জীব আমি না দেখি রাজারে॥ াম'র বিলক্ষে এতক্ষণ আছি প্রাণে। 🗚 শরীর ত্যজি যাব প্রভুষানে॥ মার গৌবনে প্রভু তৃপ্ত নাহি হয়। মা দৰে রমণে যাঁহার হৈল ক্ষয়॥ 🚉 সংহতি আমি ছাড়িব কেমনে। ভূ সংমী সনে দেহ রাখিব এক্ষণে॥ গ্রার নিকটে করি এক নিবেদন। ল্য তোমার স্থানে মাগি যে এখন ॥ া পুনঃ ভোমারে করি যে পরিহার। ্রন পালিবা এই ছুইটি কুমার॥ ্ব বিনা তোমায় কহিতে নাহি কিছু। ছেনা করিও আমার পুত্র পিছু। াতৃ মাতৃ বিনা পুত্ৰ সহজে অনাথ। ি দৰ্বব বন্ধু থেন তুমি মাতা তাত॥ তেক বলিয়া মা<u>দী</u> নিঃশব্দ হইল। লয় করিয়া **শবে আলিঙ্গন দিল**॥ লিঙ্গন করি মাদ্রী ত্যজিল পরাণ। ি শত্ৰসুঙ্গবাদী আইল দেই **স্থান** ॥ বিঘৰ মিলিয়া করিল এ বিচার। ত্রির ছিল পাণ্ডু আ**শ্রামে আমার**॥ খন শরার ভ্যাগ করিল রাজন। নিগ ইইল কুন্তী শিশু পুত্ৰগণ॥ জিপুত্রগণ **স্থিতি না শোভে কাননে।** েতে লইয়া রাখ পাওুপুত্রগণে॥ ্র শত্র ক্ষরে করি লহ চরগণ। ভি^{দহ} কুন্তা লৈয়া, করহ গমন ॥ হিলিনে গেল কুন্তী হস্তিনানগরে। ^{হবেশ} করিল সবে নগর ভিতরে ॥ ^{াড় হা}ন্তপুরেতে-**হইল স**মাচার। তি দহ আইল পঞ্চ পাণ্ডুর কুমার॥ ্টির সেমেদত্ত আর বাহুলীক বিহুর। ত্রাষ্ট্র কাদি যত বৈদে অন্তঃপুর॥ ि। वडीमर वध् भाकाती स्नन्ती। হেতে বৈদেন আর যত বৃদ্ধ নারী॥

ঋষিগণে প্রণমিয়া দিলেন আসন। কহিতে লাগিল বার্তা সব ঋগিগণ॥ শতশৃঙ্গ পর্ববতে ছিলেন পাণ্ডুরাজ। ব্রহ্মচর্য্য করিতেন ম্নির সমাজ॥ দেববরে পঞ্চপুত্র হইল তাঁহার। কালেতে তাঁহারে কালে করিল সংহার। মদ্রকন্যা অতি ধন্যা ভুবনে মানিত।। হইলেন অনুমৃতা পাণ্ডুর বনিতা॥ এই কুন্তী সহ দেবস্থত পঞ্জন। এই পাণ্ডু মাদ্রী দোহে রহিত জীবন ॥ যেমন বিচার ২য় করহ বিধান। এত বলি মুনিগণ করিল প্রয়াণ॥ এত শুনি রোদন করিল সর্বজন। হাহাকার শব্দ মুখে করণ ক্রন্দন 🛚 সতাবতী আই কান্দে কৌশল্যা জননী। শ্রীভীষ্ম বিতুর কান্দে অন্ধ নৃপমণি॥ ন্যারের লোক করে বিলাপ ক্রন্দন। वाल-त्रुष्त ७ रूगी कान्मरा मर्व्यक्रम ॥ তবে ধৃতরাষ্ট্র বলে বিহুরে ডাকিয়া। তুই শব দগ্ধ কর গঙ্গাতারে লৈয়া। হেন রাজবিধান আছ্যে পূর্ব্বাপর: শুনিয়া বিছুর তবে হইল সম্বর। তুই শব কালে করি ল'য়ে ক্ষত্রগণে। চতুৰ্দ্দোল বিভূষিত বিবিধ বিধানে॥ উপরে ধরিল ছত্র যেন রাজনীত। শত শত চামর চুলায় চারিভিত॥ অগুরু চন্দন কাষ্ঠ আনিল বিস্তর। কলদে কলদে যুত খানে থরে থর ॥ পঞ্জাই দিল পিও ক্ষত্রিয় বিধান। দ্বাদশ দিবসে করে অগ্নি শান্তি দান॥ স্বর্ণান ভুমিদান করে গাভীদান। কাঞ্চন-রজভ-দান বিবিধ বিধান ॥ মহাভারতের কথা অমূত দ্যান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান্॥

209

সভাৰতীর প্রাণত্যাগ।

কত দিন পরেতে আইল বেদব্যাস। একান্তে কহেন মুনি জননীর পাণ॥ অবধানে শুন মাত। আমার বচন। পুণ্যকাল গেল পাপকাল আরম্ভন ॥ ভোমার বংশেতে হবে বড় ছুরাচার। কপট হইবে বড় হিংদা অহঙ্কার॥ এই দবাকার পাপে মজিবে দকল। পৃথিবী হরিবে শশ্য মেঘে অল্ল জল।। ধর্মালুপ্ত হইবেক যত দ্বিজবর। আত্ম আত্ম হিংসা সবে করিবে বিস্তর ॥ ধৃতরাষ্ট্র-কপটে হইবে কুলক্ষয়। ধর্মা ত্যক্তি নর লবে অধর্মো আশ্রয়॥ দে কারণে মাতা আমি কহি যে তোমায়। কুলক্ষয় নয়নে দেখিতে না যুয়ায়॥ এত বলি ব্যাস মুনি হৈল অন্তৰ্দ্ধান। শুনি সত্যবতী চিত্তে চিন্তেন বিধান ॥ তুই বধু ডাকিয়া আনিল নিজ পাশ। কহিতে লাগিল যত কহিলেন ব্যাস। তোমার নন্দন বধূ করিবে ছুনীতি। কপট হিংহ্বক হবে করিবে তুষ্কৃতি॥ কুলক্ষয় হইবেক তার কদাচারে। এ সব শুনিয়া আমি জানাই তোমারে॥ সে কারণে সাধ মম ঘাই তপোবনে। করহ বিধান বধু যেই লয় মনে॥ 😁নিয়া যুগলবধূ চলিল সংহতি। ভীন্মে আমি সব কথা কহিলেন সতী॥ অন্তঃপুরে ছিল যত ব্লদ্ধ নারীগণ। সভ্যবতীসহ সবে গেল তপোবন ॥ ফলমূলাহারী হৈয়া তপ আচরিল। যোগে মন দিয়া সব শরীর ত্যব্জিল। মহাভারতের কথা অমৃত প্রস্তাবে। পাঁচালী প্রবন্ধে গায় কাশীরাম দেবে ॥

ভীমের বিষপান :

মুনি বলিলেন রাজা শুন অতঃপরে। পুত্রদহ কুন্তাদেবী রহে অন্তঃপুরে॥ কৌরব পাণ্ডব ভাই পঞ্চোত্তর শত। বেদশান্ত্র অধ্যয়নে দবে পারগত॥ . বালকের ক্রীড়া যত আছমে সংসারে। ক্রীড়ায় উত্তম সবে সদা ক্রীড়া করে॥ ক্রীড়ারসে বলে শ্রেষ্ঠ পঞ্চ সহোদর। সবার অধিক বল বীর রুকোদর॥ যাইতে প্রবন্দম দিংহ দম হাঁকে। আস্ফালনে গজ সম মেঘ সম ডাকে॥ যেই দিক্ দিয়া ভীম বেগে যায় চলি। দশ বিশ ভূমে ফেলে ভূজান্ফালে ঠেলি ॥ ক্রোধে দব দহোদরে ধরে একেবারে। অবহেলে রুকোদর শরীর ঝাঁকারে ॥ তুই হস্তে ধরে বার সবাকার কর। চক্রাকার করিয়া ঘুরায় রুকোদর॥ প্রা

● যায় যায় বলি পরিত্রাহি ডাকে। মৃতকল্প দেখি তবে তারে ভীমরাথে॥ জলমধ্যে ক্রীড়া সব করে ভ্রাতৃগণ। একেবারে ধরে ভীম দশ দশ জন॥ জলের ভিতরে চুবে চাপি ছুই কাঁথে। মৃতকল্প করি ছাড়ে প্রাণমাত্র রাথে॥ ভয়েতে ভীমের কেহ না যায় নিকটে। জলেতে দেখিলে ভীম সবে থাকে তটে॥ ফলহেতু উঠে সবে বৃক্ষের উপরে। তলে থাকি বৃক্ষে ভীম চরণ প্রহারে॥ চরণের ঘায় রুক্ষ করে থর থর। ফলসহ ভূমে পড়ে দর্বব সহোদর॥ বালককালেতে ভীম মহাপরাক্রম। ভীমেরে বালকগণ দেখে যেন যম ॥ তুর্য্যোধন দেখি হৈল পরম চিন্তিত। বালককালেতে বল ধরে অপ্রমিত॥ वर्षाधिक इटेरल इटेरव महावल। ইহার জীবনে নাহি আমার কুশল।।

দে চিন্তি ছুর্যোধন করিল বিচার। ীমেরে মারিব ছেন যুক্তি করে সার॥ িমু মারি চারি ভাষে রাখিব বান্ধিয়া। ্বত ভুঞ্জিব রাজ্য নিক্ষণ্টক হৈয়া॥ ালককালেতে করে এমত বিচার। যু কালে না করে লোক হিংদা অহস্কার॥ নুব অনুচরে ডাকি বলে হুর্য্যোধন। াঙ্গাতীরে আছে তথা গহন কানন ॥ চাহাতে বিচিত্র স্থল করহ নির্মাণ। ঠতুম বরণ ঘর কর **স্থানে স্থান**॥ ক্যা চোষ্য লেছ পেয় শকটে পূরিয়া। কল গৃহের মধ্যে পূর্ণ কর গিয়া॥ মাজামাত্র করে সব অনুচরগণ। দব ভাতৃগণেরে ডাকিল ছুর্য্যোধন ॥ হাজি চল ভাই **স**ব যাই **গঙ্গাজলে**। গুলক্রীড়া করিব পরম কুভূ**হলে** ॥ উত্তন বিহার করি আহার সহিতে। ভক্ষ্যন্ত্র আছে সব প্রমাণ-কোটিতে ॥ শুনিয়া সন্মত হইলেন যুধিষ্ঠির। করিব সলিল ক্রীড়া চল গঙ্গাতীর॥ পঞ্চোত্তর শত ভাই একত্র করিয়া। রথ গজ অশ্ব যানে আরোহণ হৈয়া॥ প্রমাণকোটিতে করিল যে তুর্য্যোধন। অতি মনোহর স্থল বিচিত্র কানন॥ অনুচরগণ সব চলিল সহিতে। ভ্ৰাতৃগণসহ গেল প্ৰমাণকোটিতে॥ একত্র হইয়া সবে আসনে বসিল। নানা দ্রব্য উপহার খাইতে লাগিল॥ ্হনকালে ক্রুর কুরুপতি ছুর্য্যোধনে। **জ্ব কালকূট দিল ভীমের বদনে ॥** ানঃ পুনঃ তথিপর দিল উপহার। ভক্ষণে সন্তুষ্ট বীর আনন্দ অপার॥ কালকূট পান করিলেন রুকোদর। ছুর্য্যোধন হৈল বড় হরিষ-**অন্তর** ॥ তবে সব ভ্রাত্তগণ গেল গঙ্গাব্দলে। জনক্রীড়া আরম্ভিল মহা কুভূহলে॥

কেহ উঠে কেহ ডুবে কেহ ফেলে জল। ক্ৰীড়ায় হইল হীন ভীম মহাবল॥ জলক্রীড়া করি শ্রান্ত হৈল সর্ববজন। প্রমাণকোটিতে পুনঃ করিল গমন ॥ দিব্য বস্ত্র পিন্ধন ভূষণ অলঙ্কার। উপহার দ্রব্য যত করিল আহার ॥ রত্বময় পালক্ষেতে করিল শয়ন। ক্রীড়াশ্রমে নিদ্রাগত হৈল সূর্বজন ॥ বিষেতে আর্ত ভীম হৈল অচেতন। সবে নিদ্রা গেল মাত্র জাগে হুর্য্যোধন॥ অচেতন ভীমেরে দেখিয়। কুরুপতি। হস্তপদ বন্ধন করিল শীঘ্রগতি॥ ধরিয়া কেলে গঙ্গার অগাধ সলিলে। নাহিক শরীরে জ্ঞান জরিল গরলে॥ ভাসিয়া চলিল বীর স্রোতে বিপরীত। নাগের আলয়ে গিয়া হৈল উপনীত॥ বিপুল শরীর দেখি বেড়ে নাগগণ। ক্রোধে চতুর্দ্দিকে সবে করিল দংশন । নাশিল স্থাবর বিধ জঙ্গম বিষেতে। চেত্ৰ পাইয়া ভীম দেখে চতুৰ্ভিতে॥ অবহেলে ছিঁড়ে কর-পদের বন্ধনে। মুষ্ট্যাঘাত প্রহারে যতেক নাগগণে ॥ ভীমের মৃষ্টিকাঘাত বজ্রের সমান। পলায় সকল নাগ লইয়া পরাণ॥ বাস্ত্রকির অ্তাে গিয়া করে নিবেদন। নাগকুল নাশিল মনুষ্য একজন॥ মকুষ্যের আচরণ না দেখি ভাহার। অনুমানে বুঝি ইন্দ্র নর-অবভার॥ বন্ধনেতে ছিল হেথা আইল ভাসিয়া। ক্রোধে সব নাগগণে ফেলিল মারিয়া॥ অচেতন ছিল পূৰ্বে হইল চেতন। সবে পলাইল শুনি তাহার গর্জন॥ ভীম পরাক্রমে বাঁর আছে সেই স্থানে। দিব্যৱকু বাহুকি জানিল ততক্ষণে ॥ প্रन-**छेत्रम जन्म क्**रुीत्र नमन । মধুর বচনে ভীমে করে সম্ভাষণ 🛚

আমার নাতির নাতি হও রুকোদর। কি করিব তব প্রিয় করহ উত্তর॥ ধন রত্ন লহ তুমি যাহা লয় মনে। এত শুনি বলিল যতেক নাগগণে॥ তোমার পরম বন্ধু যদি এ কুমার। ভক্ষ্য ভোজ্য দিয়া প্রীতি জন্মাও ইহার॥ ধন রত্নে ইহার নাহিক প্রয়োজন। ইহার পরম প্রীতি পাইলে ভক্ষণ॥ এত শুনি ফণিরাঙ্গ লৈয়। বুকোদরে। গুহুমধ্যে বদাইল পালক্ষ উপরে॥ নাগের আলয়ে আছে স্থাকুণ্ডগণ। ভীমে বলে কর পান যত লয় মন॥ সহস্র হস্তীর বল এক কুণ্ড পানে। যত ইচ্ছা তত পান করহ এক্ষণে॥ একে বুকোদর, তাহে পরিশ্রম ক্রুধা। তাহে ৰোভী পাইল অপূৰ্ব্ব কুণ্ডন্থধা॥ একে একে অফ্ট কুণ্ড পান যে করিল। চলিতে নাহিক শক্তি উদর পূরিল॥ হেথা সবে গৃহে যেতে করিল বিচার। রথে অসে গজে উঠে চড়ে যে যাহার॥ ভ্রাতৃগণে ডাকিয়া কছেন যুধিষ্ঠির। সবে আছে কেবল না দেখি ভামবার॥ ফল হেতু ভীম কিবা গিয়াছে কাননে। গঙ্গাজলে গেল কিবা বিহার কারণে॥ ভীমের উদ্দেশ কর ভাই সর্বাজ্ন। চতুর্দ্দিকে ভ্রাতৃগণ গেল ততক্ষণ ॥ কেহ গেল গঙ্গাতীরে কেহ মধ্যভাগে। ভীম ভীম বলি কেহ ডাকে চতুৰ্দ্দিকে ॥ না পাইয়া বাহুড়িল সব ভাতৃগণ। ভীমেরে না পাই ভাই বলে সর্বজন ॥ যুধিষ্ঠির হইলেন বিরদ-বদন। কোথাকারে গেল ভীম না জানি কারণ 🛭 কেছ বলে রুকোদর ছিল এইক্ষণ। কেহ বলে অগ্রে ঘরে করিল গমন॥ :অসস্তুন্ট যুধিষ্ঠির উঠিয়া সম্বর । গৃহে গিয়া দেখেন জননী একেশ্বর॥

মায়ে দেখি জিজ্ঞাদেন ধর্ম্মের কুমার। গৃহে আসিয়াছে মাতা ভাই রুকোদর॥ গুহের মধ্যেতে নাহি দেখি কি কারণে। কিবা কোথা পাঠাইলে বুঝি অনুমানে ॥ ভীমে না দেখিয়া মম স্থির নহে মতি। ভীমের কুশল মাতা কহ শীঘ্রগতি॥ জল স্থল দেখিলাম কানন নগর। কোথাও না পাইলাম ভাই রুকোদর॥ শুনিয়া বিষধমনা হ'য়ে ভোজস্বতা। বলিলেন ভীম নাহি আইদেন হেথা॥ কোথাকারে ভীম তবে করিল গমন। শীত্র গিয়া তল্লাদিয়া আন পুত্রগণ॥ আইল বিচুর তবে কুন্তীর আদেশে। বিহুরে কহেন কুন্তী গদগদ ভাষে॥ ভাই সহ গেল ভীম ক্রাড়ার কারণে। সবে আদে রুকোদর না আদে কেনে॥ ত্রুফ্ট ছুর্য্যোধন তারে দেখিতে না পারে। ক্রুরমতি নিলর্জ্জ দে মারিয়াছে তারে॥ নি**শ্চয় মা**রিল ভামে করিয়া মন্ত্রনা৷ হাদয় অস্থির, চিত্তে হইল যন্ত্রণা ॥ বিত্রর কহিল কুন্তী এ কথা না কহ। আর চারি পুজের জীবন যদি চাহ॥ তুষ্টমতি ছুর্য্যোধন বড় হুরাচার। ছিদ্রকথা শুনিলে করিবে অবিচার॥ এত শুনি কুন্তীদেবী করেন ক্রন্দন। স্থূমে গড়াগড়ি যায় ভাই চারিজন ॥ ভীমের শোকেতে বড় পাইয়া সন্তাপ। অধোমুখে কান্দে তবে করিয়া বিলাপ॥ ব্যাদের বচন তুমি ভুলিলা এখন। পৃথিবীতে অবধ্য পাণ্ডব পঞ্চজন॥ ব্যাদের বচন কুন্তী কভু মিধ্যা নয়। এখনি আদিবে ভাঁম নাহিক সংশয়॥ এত বলি প্রবোধিয়া গেল নিক্ষ ঘর। শোকাকুল অতি রয় চারি সহোদর॥ হেথা নাগলোকে নিদ্রা যায় রুকোদর। নিদ্রা ভঙ্গ হৈল অফ দিবস অস্তর ॥

ক্রীমে সচেতন দেখি বলে নাগগণ। আপন আলয়ে তুমি করহ গমন। ভাই সব শোকাকুল কান্দয়ে জননী। অফুদিন হৈল কোন বাৰ্ত্তা নাহি শুনি॥ এত বলি নাগগণ নানা রত্ন দিয়া। দ্বন্ধে করি প্রমাণকোটিতে থুল গিয়া॥ তথা হৈতে চলে বীর বীর মদে মাতি। আপন মন্দিরে উত্তরিল শীঘ্রগতি॥ মায়ে প্রণমিয়া প্রণমিল যুধিষ্ঠিরে। তিন ভাই আলিঙ্গিয়া চুম্ব দিল শিরে॥ জিজাদেন কোথা ভাই এতদিন ছিলা। গ্রামা সব পরিহরি কেমনে রহিলা॥ শুনিয়া কহিল যত সব বিবরণ। ়াই মত ছুর্য্যোধন করিল বন্ধন॥ সন্দেশ বলিয়া বিষ দিল মম মুখে॥ গঙ্গাজলে ভাসিয়া গেলাম নাগলোকে॥ নাগগণ দংশনে পুনঃ হৈল চেতন। বাস্ত্রকি দিলেন স্থধা করিতে ভক্ষণ॥ এত বলি রত্ন সব দিল মাতৃন্থানে । চ্মকিত যুধিষ্ঠির সেই বিবরণে॥ যুধিষ্ঠির বলে ভাই শুন চারিজনে। এই সব কথা যেন কেহ নাহি শুনে॥ ছুৰ্ফ্যোধন ছুন্ট, কেহু না যাবে বিশ্বাস। একা হৈয়া কেহ নাহি যাবে তার পাশ।। ্হনমতে বিচার করেন পঞ্চজন। ্সই হৈতে বাল্যক্রীড়া হইল বৰ্জন॥ মহাভরেতের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান॥

রূপাচার্য্যের জন্ম।

তবে কতদিনে ভীম্ম গঙ্গার নন্দন।
মন্ত্রশিক্ষা হেতু নিয়োজিল পৌজ্রগণ ॥
সর্বিশাস্ত্রে বিশারদ কুপাচার্য্য নাম।
শর্ষান ঋষিপুত্র হন্তিনায় ধাম ॥
পঞ্চোত্তর শত ভাই কৌরব পাণ্ডব।
কুপাচার্য্য ধনুবেদ শিখাইল সব ॥

জন্মেজয় কহিলেন কহ মহাশয়। ক্ষজ্ৰধৰ্ম কৈল কেন ব্ৰাহ্মণতনয়॥ বুনি বলিলেন নৃপ কর অবধান। গৌতম ঋষির পুত্র নাম শরদ্বান ॥ শর্পান্ নাম হৈল শ্রসহ জন্ম। ধনুর্বেদে রত হৈল ত্যজি বিজকর্ম। বেদশান্ত্র নাহি পড়ে ধনুবেদে মন। তপোবন মধ্যে তপ করে অনুক্রণ॥ তার তপ দেখিয়া সশঙ্ক শতক্রতু। স্থজিলেন উপায় সে তপোভঙ্গহে*তু*॥ জানপদা দেবকভা দেন পাঠাইয়।। যথা তপ করে তথা উত্তরিল গিয়া॥ কন্যা দেখি শরবান্ হইল অধৈর্য্য। ধকুঃশর থসিল শ্বলিত হৈল বার্য্য॥ স্থালিত হইতে মুনি হৈল অচেতন। দে বন ত্যজিয়া মূনি গেল অন্য রন॥ যাইতে ঋষির বীর্য্য পড়িল ভূতলে। তুই ঠাঁই হইয়া পড়িল সেই স্থলে॥ তপন্ধী ঋষির বীর্য্য কভু নন্ট নয়। এক গুটি কহা। হৈল একটি তনয়॥ শান্তকু নৃপতি গেল মুগ্যা কারণ। ভ্ৰমিতে ভ্ৰমিতে গেল দেই তপোৰন॥ অনাথ যুগল শিশু দেখি অনুচরে। আন্তে ব্যস্তে জানাইল রাজার গোচরে॥ শুনিয়া গেলেন রাজ। ভাবি চমৎকার। দেখেন রোদন করে কুমারী কুমার॥ ধকুঃশর আছে আর আছে মুগচর্ম। অনুমানে জানিলেন ঋষির আশুম ॥ গুহে আনি দোঁহাকারে করেন পালন। কতদিনে আইলেন শরবান্ তপোধন॥ শরবান বলে রাজা তুমি ধর্মময়। কুপায় পুষিলা দেই তন্য়। ভন্য়॥ দে কারণে নাম রাখিলাম দোঁছাকার। কুপ কুপী নাম ছেন ঘোষয়ে দংদার॥ তবে শর্দ্বান্ মুনি আপন নন্দনে। নানা অন্ত্রবিদ্যা শিখাইল দিনে দিনে॥

পরে দ্রোণাচার্য্যকে করিল সমর্পণ।
দ্রোণাচার্য্য সর্বশাস্ত্র করান জ্ঞাপন॥
ধুমুর্ব্বেদে কুপসম নাহিক মানুষে।
অঙ্ককালে আচার্য্য বলিয়া লোকে ঘোষে॥
কুরুবংশ যতুবংশ অন্ধ রুষ্ণিবংশে।
আর যত রাজগণ বৈদে দেশে দেশে॥
সবে ধুমুর্ব্বেদ শিক্ষা করে কুপস্থানে।
বিশেষ কিমতে শিক্ষা হবে পৌজ্রগণে॥
কুপগুরু ভীশ্ব মহাবীর চিন্তিলেন মনে।
বিশেষ কিমতে শিক্ষা হবে পৌজ্রগণে॥
এত বলি দ্রোণোরে করিল সমর্পণ।
দ্রোণাচার্য্য সর্ব্বশাস্ত্র করান জ্ঞাপন॥
মহাভারতের কথা অমৃত-সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

দ্রোণাচায্যের উৎপত্তি।

রাজা বলিলেন মুনি কর অবধান। কার পুক্র দ্রোণাচার্য্য কোথা ভাঁর ধাম ॥ ধনুর্বেদ শিখাইল তাঁরে কোন্ জন। কুরুদেশে গুরু হইলেন কি কারণ॥ ব্যাদশিষ্য মুনিবর সর্ববশাস্ত্রজ্ঞাতা। কহিবারে লাগিলেন জোণাচার্য্য-কথা 🛚 ভরদ্বাজ মহামুনি খ্যাত ভূমিতলে। একদিন স্নানার্থে গেলেন গঙ্গাজলে ॥ অন্তরীক্ষে চলি যায় গুতাচী অপ্সরা। পরমাহন্দরী হয় অপ্সরাতে বরা॥ দক্ষিণ পবনে প্রার উড়িল বসন। মুনি তার অঙ্গ করিলেন দরশন ॥ দেখিয়া তাঁহার মনে জ্বিল উদ্বেগ। পঞ্চার–শরের অধিক তার বেগ ॥ নাহি হেন জন যারে না মোহে কামিনী। শ্বলিত হইল রেত চিন্তান্বিত মুনি॥ সম্মুখে দেখিয়া দ্রোণী রাখিলেন তায়। দ্রোণীমধ্যে পুক্র জন্ম হইল ত্বরায়॥ পুক্র দেখি ভরম্বাব্দ হরিষ বিধান। পুক্র লৈয়া গেলেন দে আপনার স্থান **॥**

দ্রোণীতে জন্মিল পুত্র তেঁই দ্রোণ আখ্যা। বেদ বিতা সর্ববশাস্ত্র করিলেন শিক্ষা ॥ ছিলেন পৃষত নামে পাঞ্চাল রাজন। দ্রুপদ বলিয়া নাম ভাঁহার নন্দন॥ ভরম্বাজ মুনির আশ্রেমে সদা যায়। সমান বয়স, দ্রোণ সহিত খেলায়॥ এক ঠাই হুই জন করে অধ্যয়ন। ক্রীড়া করে এক ঠাঁই ভোজন শয়ন॥ তিলেক না রহে দোঁহে না হইলে দেখা। পরস্পরে হইল দোঁহার দোঁহে স্থা॥ তবে কতদিনে রাজা পৃষত মরিল। পাঞ্চাল দেশেতে রাজা দ্রুপদ হইল ॥ স্বর্গেতে গেলেন ভরদ্বাজ তপোধন। তপস্থ। করিতে দ্রোণ যান তপোধন॥ : কতদিনে দ্রোণাচার্য্য পিতৃ-আজ্ঞা মানি। বিবাহ করেন কুপাচার্য্যের ভগিনী॥ পরমা হৃন্দরী কন্মা ব্রতে অনুরতা। যজ্ঞ-হোম-তপে নিষ্ঠা সতী পতিব্ৰতা॥ যজ্ঞ-তপঃ ফলে তার হইল নন্দন। জন্মমাত্র করিলেক অখের গর্জ্জন॥ হেনকালে আচন্ধিতে হৈল শূন্যবাণী। জন্মমাত্র পুক্র করিবেক অশ্বধ্বনি॥ অশ্বত্থামা নাম পুত্রে রাখে সে কারণে। দীর্ঘজীবী হবে আর পূর্ণ সর্ববগুণে॥ পুত্রে দেখি দ্রোণাচার্য্য আনন্দিত মন। নানা বিচ্চা তারে তিনি যতনে শিখান॥ তবে কতদিনে দ্রোণ করেন শ্রবণ। জমদগ্রিস্থতের দানের বিবরণ ॥ নানা ধন বিপ্রে রাম দিতেছেন দান। পৃথিবীতে শব্দ হৈল দানের বাখান॥ মহেন্দ্র-পর্ববত মধ্যে রামের নিলয়। তথায় গেলেন ভরছাজের তনয়॥ দ্রোণে দেখি জিজ্ঞাদেন ভৃগুর নন্দন। কোথা হৈতে এলে দ্বিজ কিবা প্রয়োজন॥ দ্রোণ বলিলেন মম দ্রোণাচার্য্য নাম। ভর্মাজ আমার জনক গুণধাম 🛭

বহু দান কর তুমি শুনি লোকমুখে। বার্ত্তা পেয়ে আইলাম তোমার সম্মুথে।। পূর করি ধন দিব। আমারে হে রাম। দকল কুটুন্থে যেন পূরে মনস্কাম॥ শুনিয়া বলেন জমদ্যির নন্দন। দ্ৰ ধন দিয়া আমি এই যাই বন ॥ ,হনকালে এলে তুম্বি ব্রাহ্মণ-কুমার। ্রুনন্ দ্রব্য দিয়া ভুষ্টি করিব ভোমার॥ পুথিবার দধ্যে মম নাহি অধিকার। ক্রলাপে দিলাম আমি সকল সংসার॥ গ্রাড়ে মাত্র প্রাণ আর ধকুঃ শর দ্রোণ। াহ। ইচ্ছা মম স্থানে মাগি লছ ধন। ্রাণাচার্য্য মাগিলেন তবে ধতুর্বাণ। ঃরু সহ অস্ত্র দেন ভৃগুর সন্তান॥ নহর্বেদে নিপুণ হইয়া দ্রোণাচার্য্য। পরে চলিলেন তিনি ক্রপদের রাজ্য॥ গতান্ত দরিদ্রে দ্রোণ না মার্গেন কারে। পুত্রের দেখিয়া কফ্ট ভাবেন **অন্তরে**॥ বালক-কালের সথা দ্রুপদ রাজন। ত্তার স্থানে গেলে হবে দারিদ্র্য-ভঞ্জন॥ নাবিয়া গেলেন দ্রোণ পাঞ্চালনগর। উত্রিল যথায় ক্রপদ নরবর॥ পিন্ধন মলিন জীর্ণ কটি মাত্র ঢাকে। সকল শরীর শীর্ণ সদাকাল ত্রুখে॥ রজোরে বলেন বহুকাল পরে দেখা। অবধান কর রায় হই আমি স্থা॥ এত শুনি নরপতি কটাক্ষেতে চার। নয়ন লোহিতবৰ্গ কহে কম্পকায়॥ ্রণাথাকার বিঙ্গ তুমি দরিদ্র ভিক্তুক্। মজান বাতুল কিবা হইবে ছুমুখি। আমি মহারাজ হই পাঞাল ঈশর। কোন্ লাজে স্থা বল সভার ভিতর ॥ ধনার নিধ্ন স্থা কছু না যুয়ায়। छ । नेत्रालोटक एक हमथा नाहि हम्र ॥ কোথা সথ্য হইয়াছে নূপতি ভিক্লুকে। দমানে দমানে দখ্য হয় অতি হুখে॥

উত্তমে অধমে সংখ্যে নাহি হয় স্কুখ। অধমে উত্তমে দ্বন্দ্র সেইরূপ তুঃখ 🛚 কোথা-হৈতে এলে তুমি দরিদ্র এখানে। দেখেছি কি না দেখেছি নাহি পড়ে মনে॥ এতেক শুনিয়া তাঁর নিষ্ঠুর উত্তর। অভি**গানে দ্রোণের ক**িপত কলেবর॥ সপ্ৰিং ৰহে শ্বাস নেত্ৰ ছুটি শোণ। মুহুর্ত্তেক স্তব্ধ হইয়া রহিলেন দ্রোণ॥ পুনশ্চ না দেখিলেন রাজার বদন। কারে কিছু না বলিয়া করিল! গমন। তথা হৈতে যান দ্রোণ হস্তিনানগর। দ্রোণে দেখি কুপাচার্য্য হরিষ অন্তর ॥ দারাপুত্র-সহ দ্রোণ থাকেন তথায়। হেননতে গুপ্তবেশে কতদিন যায়॥ মহাভারতের কথা অমূত সমান। পাঁচালা প্রবন্ধে কাশীনাস বিরচেন॥

কুরা বালকদিগের বালাজীয়া। একদিন মিলে সব কুরু পুত্রগণ। নগর বাহিরে করে জ্রাড়া সর্বাজন ॥ লোহার প্রকাণ্ড ভাটো স্থমিতে ফেলিয়া। দণ্ড হাতে করি তাহা যায় তাড়াইয়া॥ আচন্ধিতে লোহ ভাটা দৈবনিৰ্ব্বন্ধনে। নিরুদক কুপ মধ্যে পড়িল ভাড়নে॥ পড়ি গেল কৃপে দেখি **দকল কু**মার। কুলিবারে ভাটো যত্ন করিল অপার॥ কিন্তু কিছুতেই কুতকার্য্য না হইল। হেনকালে দ্রোণাচার্য্য তথায় আইল॥ দ্রোণে দেখি শিশুগণ জানায় বেদন। তুলিবারে ভাটা শক্ত নহি কোনজন॥ দ্রোণ বুলে ঈর্বাকায় করিব উদ্ধার। ভোজ্য দিয়া তুট তবে করিব। সামার॥ এত বলি কুশাঙ্গুরা কুপে দিল ফেলি। ঈবীক। আনিয়া এক বলে ছের তুলি॥ এত বলি মন্ত্র পড়ি ঈবাকা মারিল। মন্ত্রতেজে লোহ ভাটা অনুনি ভেদিল 🛚

পুনঃ পুনঃ তার পর মারেন আবার। त्रेषौका त्रेषौका कुष्ड़ि देश्ल मीधाकात ॥ ঈষীকার গোড়া তবে দ্রোণ ধরি করে। আকাশে তুলেন ভাটা মাথার উপরে॥ দেখিয়া তুক্তর কার্য্য বালকের গণ। পরিচয় জিজ্ঞাসিল দ্রোণেরে তথন॥ দ্রোণ বলে শুন সবে আমার উত্তর। কবে মম সমাচার ভীপ্সের গোচর॥ এত শুনি শীঘ্রগতি যতেক কুমার। পিতামহ আগে কহে সব সমাচার॥ এত শুনি গুঙ্গাপুত্র ভাবিয়া তথন। বুঝিলেন দ্রোণাচার্য্য হয় এই জন 🛭 কুরুবংশ যোগ্য গুরু মেলে এতদিনে। দ্রোণেরে আনিল ভীম্ম আপন ভবনে॥ পৌত্রগণে সমর্পি তোমার বিভাষান। ক্লপাকরি সবাকারে দেহ দিব্যজ্ঞান॥ এত বলি ভীম্ম তবে পূজি বহুতর। থাকিবারে দিলেন হুরত্বময় ঘর॥

কোণাচাথোর নিকট রাজকুমারদিগের অল্পাশিকা :

দ্রোণাচার্য্য সব রাজকুমারে লইয়া। কহিবারে লাগিলেন একান্তে বদিয়া॥ অস্ত্রবিতা সবারে করাব অধ্যয়ন। শিক্ষা করি মম বাক্য করিবা পালন ॥ আমার যে বাঞ্ছা আছে শুন সব শিষ্য। সত্য কর তোমরা তা করিবে অবশ্য॥ দ্রোণের বচন শুনি সব শিষ্যগণ। নিঃশব্দ হইল সবে না কছে বচন ॥ অর্জ্ব বলেন সত্য করি অঙ্গীকার। করিব পালন হয় যে আজ্ঞা তোমার 🛚 অর্জ্বন বচনে ট্রোণ হরিষ-অন্তর। আলিঙ্গন চুম্ব দিল মস্তক উপর॥ একান্তে বলেন দ্রোণ করি অঙ্গাকার। শিষ্য না করিব কারে সদৃশ তোমার _এ ভবে দ্রে ণাচার্য্য সব লৈয়। শিষ্যগণ। সর্বাদ। করান সদা অন্ত্র অধ্যয়ন ॥

অন্ত্রশিক্ষা করে করু পাণ্ডুর কুমার। রাজ্যে রাজ্যে গেল গুরু দ্রোণ সমাচার॥ যত রাজপুত্রগণ শিক্ষার কারণ। হস্তিনানগরে সবে করিল গমন॥ ঋষিবংশ যহুবংশ অনু ভোজ আদি। আর যত রাজগণ সাগর অবধি॥ কর্ণ মহাবীর অধিরথের तन्द्रत। সদা তুর্য্যোধনের সে অসুগত জন ॥ সেও অন্ত্র দ্রোণস্থানে করে অধ্যয়ন। হেনমতে বহু শিষ্য হইল ঘটন॥ শিক্ষা হেতু শিষ্যগণ থাকে নিরন্তর। নিজ পুত্রে পড়াইতে নাহি অবসর u সবারে কহেন দ্রোণ কপট করিয়া। গঙ্গাজল আন কমগুলুতে ভরিয়া॥ কমগুলু ল'য়ে যত রাজপুত্রগণ। জল আনিবারে সবে করিল গমন॥ গোপনে পুত্তেরে দ্রোণ অস্ত্রশিক্ষা দেন। এ সব কারণ মাত্র জানেন অর্জ্জুন॥ বরুণ নামেতে অস্ত্র ধনুকে যুড়িয়া। কমগুলু দিল লৈয়া জলেতে পুরিয়া॥ জল আনিবারে যায় যত শিষ্যাণ। অশ্বধামা অর্জ্জুন করেন অধ্যয়ন॥ অহানিশি পার্থের নাহিক অবদর। নাহি নিদ্রা শ্রেম সদা হাতে ধকুঃশর॥ নিরবধি গুরুপদ করেন দেবন। কুতাঞ্জলি সদ। স্তুতি বিনয় বচন ॥ পার্থের বিনয় দেখি দ্রোণ বড় প্রীত। বহু বিভা অৰ্জ্জুনে দিলেন অপ্ৰমিত। তবে এক্দিন তথা দ্রোণ গুরুষানে। আইল নিয়াদ এক শিক্ষার কারণে॥ হিরণ্যধন্তুর পুত্র একলব্য নাম। দ্রোণের চরণে আসি করিল প্রণাম॥ যোড়হাত করি বলে বিনয় বচন। শিক্ষা হেছু আইলাম তোমার সদ্ম 🏽 দ্ৰোণ বলিলেন তুই হ'স্ নীচজাতি। তোরে শিক্ষা করাইলে হইবে অখ্যাতি ॥

व्यत्नक विनएर वर्ल निर्याप नेष्पन । তথাপি তাহারে না করান অধ্যয়ন॥ দ্রোণাচার্য্য-মুখে যবে নিষ্ঠুর শুনিল। দণ্ডবৎ করিয়া অরণ্যে প্রবেশিল ॥ নিষাদের বেশ ত্যজি হৈল ব্রহ্মচারী। জটাবল্ক পরিধান ফল-মূলাহারী॥ মৃত্তিকার দ্রোণ এক করিয়া গঠন। নানা পুষ্প দিয়া তাঁর করয়ে পুজন॥ নিরন্তর একলব্য হাতে ধকুঃশর। দর্বন মন্ত্র শুদ্র জ্ঞাত হৈল ধ্যুদ্ধর॥ তবে কতদিন পরে কৌরব-নন্দন। সেই বনে গেল সবে মুগয়া কারণ॥ কেই রথে কেই গজে কেই তুরঙ্গমে। সঙ্গেতে চলিল ভাতৃগণ ক্রমে ক্রমে॥ মুগয়ানিপুন গুণী লইয়া সংহতি। মহাবনে প্রবেশ করিল শীঘ্রগতি॥ নুগয়া করিছে যত রাজার কুমার। হেনকালে পাগুবের এক অনুচর ॥ করিয়া কুকুর সঙ্গে যায় পিছে পিছে। উত্রিল থথায় নিধাদ-পুত্র আছে।। মৃত্তিকা পুত্তলি অগ্রে করি যোড়কর। ব্দিয়াছে ব্রহ্মগরী হাতে ধকুঃশর॥ শব্দ করে কুকুর দেখিয়া ভ্রহ্মচারী। চারিভিত্তে ভ্রমে তারে প্রদক্ষিণ করি॥ কুকুরের শব্দে তার ভাঙ্গিলেক ধ্যান। ক্রোধে কুকুরের মুখে মারে সপ্তবাণ॥ না মরিল কুকুর না হইল মুখে দা। অনক্ষিতে কুকুরের রোধিলেক রা 🖁 কুকুর নিঃশব্দ হৈল মুখে সপ্ত শর । উত্ত্রফণে গোল ভবে কুমার গোচর ॥ কুকুরের মুপ্তে শর আশ্চর্য্য দেখিয়া। জিজাদিল অনুচরে বিশ্বিত হইয়া॥ এ হেন অদ্ভূত কৰ্ম্ম কভু নাহি শুনি। বহু শিক। জানি এই বিলা নাহি জানি॥ লক্ষায় মলিন হৈল যত ভাতৃপণ। চল যাই দেখিব বিশ্বিল কোন জন ॥

षञ्च देनया यात्र यथा जन्महाती । দেখিল বসিয়া আছে ধকুঃশর ধরি॥ জিজ্ঞাসিল তুমি হও কোন্ মহাজন। কার স্থানে এ বিতা করিলে অধ্যয়ন॥ ব্রহ্মচারী বলে মম একলব্য নাম। অন্ত্রশিক্ষা করিলাম দ্রোণ গুরুষান॥ শুনিয়া বিশ্ময় মানে যতেক কুমার। **অর্জ্জুন শু**নিয়া চিন্তা করেন অপার॥ মৃগয়া সংবরি তবে যত ভাতৃগণ। দ্রোণস্থানে করিলেন সব নিবেদন ॥ বিনয়ে কহেন পার্থ বিরস-বদন। আমারে আপনি কেন করিলা বঞ্চন॥ পূর্ব্বেতে আমার প্রতি ছিল অপ্পাকার। তব সম প্রিয় শিষ্য নাহিক আমার॥ তোমার সদৃশ বিভা নাহি দিব কারে। এখন ছলনা প্রভু করিলা আমারে॥ পৃথিবীতে যেই বিচ্চা কেহ নাহি জানে। रून विज्ञा भिशाहरल निषार्म-नन्मरन ॥ অর্জ্জনের বাক্যে ডোণ মানিয়া বিশ্বয়। ক্ষণেক নিঃশব্দে চিন্তা করয়ে হৃদয়॥ অর্জ্জনেরে বলেন দে আছে কোন্ স্থানে। শীঘ্রগতি চল তথা নাব দুই জনে॥ দ্রোণ আর অর্জ্জুন করিলেন গ্র্মন॥ দ্রোণে দেখি হরা উঠি নিযাদ-নন্দন ॥ দুরে থাকি ভূমে লুঠি প্রণাম করিল। কুতাঞ্জলি হইয়া সংগ্রতে দাওাইন॥ निधान-नन्दन वरल रश्त वहन। আজ্ঞা কর গুরু হেথা কোন্ প্রয়োজন 🛚 দ্রোণ বলিলেন যদি তুমি শিষ্য হও। তবে গুরুদক্ষিণা আমারে আজি দাও॥ একলব্য বলে প্রভু মন ভাগ্যবশে। কুপা করি আপনি আইলা এই দেশে 🛭 এ দ্রব্য সে দ্রব্য নাহি করহ বিচার। সকল দ্রেব্যেতে হয় গুরু অধিকার॥ যে কিছু মাগিবা প্রভু, সকল তোমার। আজা কর গুরু করিলাম অঙ্গীকার 🛚

দ্রোণ বলিলেন যদি আমারে তুষিবে। দক্ষিণ হস্তের রুদ্ধ অঙ্গুলিটি দিবে॥ ততক্ষণে কাটিয়া অঙ্গুলি গোটা দিল। গুরুর আজ্ঞায় দে বিলম্ব ন। করিল ॥ **তুষ্ট হইলেন** দ্রোণ আর ধনঞ্জয়। মনে জানিলেন গুরু আ্নারে সদয় 🖁 তাহার কঠোর কর্ম্ম দেখি তুইজন। প্রশংসা করিয়া দেশে করিল গমন ॥ তবে কতদিনে দ্রোণ বিহা পরীক্ষিতে। কাষ্ঠের রচিয়া পক্ষী রাখিল রক্ষেতে॥ একে একে ডাকিলেন সব শিষ্যগণে। আইলেন যুধিষ্ঠির অগ্রে সেইক্ষণে॥ ধকুঃশর দিয়া দ্রোণ যুধিষ্ঠির করে। ভাদ পক্ষী দেখাইয়া কহেন তাহারে॥ ওই দেখ ভাদ পক্ষী বুক্ষের উপর। উহারে করিয়া লক্ষ্য ধর ধনুঃশর॥ যেইক্ষণে মম আক্রা হইবে বাহির। সেইকণে কাটিবা উহার তুমি শির॥ এত শুনি ধকুঃশর যুড়ি যুহিষ্ঠির। ভাদপক্ষী পানে দৃষ্টি ক্রিলেন স্থির॥ ডাকি বলিলেন দ্রোণ কুন্তার কুমারে। কোন কোন জনে ভূমি পাও দেখিবারে॥ ধর্ম্ম বলিলেন ভাস দেখি রুক্টোপরে। স্থামতে তোমারে দেখি আর মহোদরে॥ এত শুনি দ্রোণ তাঁরে অনেক নিন্দিয়া। ছাড় ছাড় বলি ধন্ম নিলেন কাড়িয়া॥ ছুর্য্যোধন শত ভাই বীর রুফোদর। একে একে সবারে দিলেন ধনুঃশর॥ যেইরূপ কহিলেন ধর্মের নন্দন: সেইনত কহিল সকল ভ্রাতৃগণ॥ স্বাকারে বহু নিন্দা করি দ্রোণ বীর। ধকু লৈছা ঠেলা-মারি করেন বাহির॥ ধনুঃশর দেন গুরু অর্জ্জনের হাতে। বুক্ষে ভাগ দেখাইয়া কছেন অগ্রেতে॥ নিগত হইব। মাত্র মম মুগে বাণী। নিঃশব্দে করিব। বাপু ভাদপক্ষী হানি॥

গুরুবাক্যে তথনি টানিয়া ধসুগুণ। পক্ষী প্রতি দৃষ্টি করি রহেন অর্জ্জুন॥ কতক্ষণ থাকি দ্রোণ বলেন অর্জ্জনে। কোন কোন জন তুমি দেখহ নয়নে॥ অৰ্জ্জুন বলেন আমি অন্য নাহি দেখি। বৃক্ষমধ্যে শুধু দেখিবারে পাই পক্ষী॥ হুষ্ট হইয়া দ্রোণ পুনঃ বলেন বচন। কিরূপ ভাদের অঙ্গ কর নিরীক্ষণ॥ অর্জ্জুন বলেন আর ভাদ নাহি দেখি। কেবল দেখি যে মুগুদহ চুই সাঁখি॥ দ্রোণ বলিলেন অস্ত্রে কাট পক্ষি-শির। না স্থুরিতে বাক্য মাত্র কাটে পার্থবীর॥ দ্রোণাচার্য্য নির্থিয়া হর্ষিত মন। আলিঙ্গিয়া পুনঃ পুনঃ করেন চুম্বন 🛭 প্রশংসা করেন দ্রোণ অর্জ্জুনে অপার। দেখি চমৎকার হৈল সকল কুমার॥ তবে একদিন দ্রোণ যান গঙ্গাস্নানে। সঙ্গেতে করিয়া লইলেন শিষ্যগণে॥ জলেতে নামিল গুরু শিষ্যগণ তটে। কুন্তীর ধরিল তাঁরে দশন বিকটে॥ শক্তিদত্তে যুক্ত নাহি হইয়া আপনে। ডাক দিয়া বলিলেন-সব শিষ্যগণে 🛭 আমারে কুন্তার ধরি ল'য়ে যায় জলে। এই ডুবাইল, রাথ আমারে সকলে॥ দ্রোণের বচনে সবে হইল চমৎকার। আন্তে ব্যস্তে ল'য়ে যায় অন্ত্র যে যাহার॥ দ্রোণের মুখেতে তবে নাহি সরে বাণী। অলক্ষিতে পঞ্চবান মারিল ফাল্পনী॥ **খণ্ড খণ্ড ছেইল কুন্ত**ির-কলেবর : মরিল কুম্ভীর ভাদে জলের উপর॥ জল হৈতে উঠি দ্রোণ ধরিল অর্জ্বনে। বার বার তুষিলেন চুম্ব আলিঙ্গনে॥ তুষিয়া দিলেন অস্ত্র নাম ব্রহ্মশির। অন্ত্র দিয়া বলিলেন দ্রোণ মহাবার॥ এই অন্ত্র প্রহারিবা দেবতা রাক্ষদে। কদাচিত অস্ত্র নাহি ছাড়িবা মানুষে॥

দেশিয়া গুরুর এত অর্জ্বনে সম্মান।
কোধে তুর্য্যোধন রহে মরণ সমান॥
হেনমতে দ্রোণাচার্য্য সব শিষ্যগণে।
নানা বিন্তা শিক্ষা করাইলেন যতনে॥
রথ অরোহণে দৃঢ় হন যুধিষ্ঠির।
গদায় কুশল তুর্য্যোধন ভীম বীর॥
ভূরক্ষে নকুল হৈল সহদেব কুন্ত।
হেনমতে সবে হইলেন বিন্তাবন্ত॥
ইন্দ্রের নন্দন পার্থ অনুজ সমান।
সকল বিন্তায় পূর্ণ হইল বাখান॥
মহাভরতের কথা অমৃত সমান।
কাশীরাম দাসে কহে শুনে পুণ্যবান॥

রাজার নিকট অন্ত্র পরীক্ষা।

দব শিষ্যগণ যবে হইল প্রথর। দ্রোণ চলি**লেন যথা অন্ধ নৃপবর**। ভীগ কুপাচার্য্য আদি যত ক্ষত্রগণ। সভাতে কহেন ভরত্বাজের নন্দন॥ বিভায় পারগ হৈল সকল কুমার। শাক্ষাতে পরীক্ষা কর বিচ্চা স্বাকার॥ এত শুনি ধৃতরাষ্ট্র আনন্দিত মন। বিত্তরে ভাকিয়া আজ্ঞা করেন তখন॥ রঙ্গভূমি সভ্জাদি করহ শীগ্রগতি। যেইরপ আচার্য্য কহেন মহামতি॥ রাজ-আজ্ঞা পাইয়া বিস্কুর ততক্ষণে i আদেশ করেন যত অসুচরগণে॥ ^{যে স্থান} প্রশস্ত চারি দিকেতে সোসর। রঙ্গভূমি বিরচিল তাহার ভিতর॥ চহুদ্বিক নির্মাইল উচ্চ গৃহগণ। নান। রত্নে গৃহ সব করিল মণ্ডন॥ ^{রাজগণ} বসিবারে তথির উপর। বিচিত্র প্রালঙ্ক শয্য। ধুইল বিস্তর ॥ রাজনারীগণ হে**ডু কৈল** ভিন্ন স্থল। জ্ব হেতু মঞ্চ নিৰ্মাইল স্থকোমল॥ ছেনমতে রঙ্গভূমি করিয়া নির্মাণ। বিহুর জানাইল সে ধৃতরাষ্ট্র-স্থান॥

ভভদিন করিয়া চলিল সর্ববজন। কুপাচার্য্য ধ্বতরাষ্ট্র গঙ্গার নন্দন ॥ বাহলীক চলিল সহ পুত্র দোমদত্ত। আর যত রাজগণ আসে শত শত ॥ গান্ধারীর হৃতা আর কুন্তী আদি করি। আইল সকল যত অন্তঃপুর-নারী ॥ রথ গজ অশ্বপৃষ্ঠে মঞ্চের উপরে। লক্ষপুর করিয়া রহিল দেখিবারে॥ নানা বাদ্য বাজে দদা কর্ণে লাগে তালি। প্রলয়কালেতে যেন সিন্ধুর কল্লোলি॥ আইলেন তখন আচার্য্য মহাশয়। তারা মধ্যে হ'ল যেন চন্দ্রের উদয়॥ শুক্রবাস শুক্রবেশ শুক্রপুষ্পায়নে। সর্বাঙ্গে লেপিত শুক্র মলয়ক্স ভালে॥ পুত্রসহ গুরু দাণ্ডাইল সভামাথে। কহিলেন আসিবারে পাওব অগ্রজে॥ সভাতে প্রবেশ করিলেন যুধিষ্ঠির : বিকচ-পঞ্চজ মুখ নির্মাল শরীর । টক্ষরিয়া ধকুগুলি সন্ধি দিব্য শর । মহাশব্দে প্রহারিল লোকে ভয়ঙ্কর॥ এক অন্ত্র বহু সাস্ত্র করেন স্থান ! বায়ব্য অনল আদি বহু অন্তৰ্গণ : ধন্য ধন্য করি দরে করিল আধান ! সবে বলে কেহ নাহি ইহার সমান॥ নিবর্ভিয়া স্বধিষ্ঠিরে তপোধন ডোগ। আজা করিলেন এদ ভীন হুর্য্যোধন ॥ গদ। হাতে করিয়া আইদে তুইবার। মল্লবেশে রঙ্গমাটি ভূষিত শরীর ঃ মাথায় মুকুট পরিধান বার্হভা। তুই ভিতে দোঁছে যেন প্রবতের চুড়া । গদা হাতে করি টেবে করিয়া মণ্ডলী। দোঁহার হুঙ্গার শব্দে কর্ণে লাগে তালি॥ তুই মঠ গজ যেন শুড়ে জড়। এটি । চরণে চরণে মুগ্রে মুগ্রে তাড়াতাড়ি 🛚 দোঁহার দেখিয়া কর্ম্ম লোকে ভয়ঙ্কর। অন্যে অন্যে কথা হয় সভার ভিতর॥

কেহ বলে মহাবলী বীর রুকোদর। কেহ বলে ভীম হৈতে বলী কুরুবর_{ুম} হেনমতে তুই পক্ষ হইল সভায়। উঠিল প্রলয় শব্দ কথায় কথায়॥ ধৃতরাষ্ট্র গান্ধারী পাগুবগণ-মাত।। তিনজনে বিপ্লর কছেন দব কথা 🖟 বৃঝিয়া লোকের কর্ম্ম দ্রোণ মহাশয়। আজ্ঞা করিলেন দোঁহে নিরত যে হয়।। মধ্যে গিয়া দাণ্ডাইল গুরুর নন্দন। নির্ত্ত হইল দোঁহে ভীম তুর্য্যোধন। আজ্ঞা করিলেন গুরু অর্জ্জুনে আদিতে। **আইলেন এনঞ্জ**য় ধকুঃশর হাতে॥ **নবজল**ধর প্রায় অপ্রের বরণ। পূর্ণ-শশধর মুখ রাজীবলোচন 🛭 দেখিয়া মোহিত হৈল যত সভাজন। কেহ বলে আইলেন কুন্তীর নন্দন 🛭 কেই বলে পাণ্ডুপুক্ত পাণ্ডব মধ্যম কেছ বলে কুরুশ্রেষ্ঠ রিপুগণ-যম॥ বার ধর্মশীল সাধু সর্ববলোকে বলে: ইহা সম বীৰ্য্যবন্ত নাহিক ভূতলে॥ এইমত কথাবার্তা সকলে সভাতে। ধন্য ধন্য বলি শব্দ হৈল আচন্ধিতে॥ শব্দ শুনি প্নতরাষ্ট্র ধর্ম্মে জিজ্ঞাসিল : কি হেতু এমন শব্দ সভাতে হইল॥ বিত্র বলেন রাজা আইল অর্জ্জন। **সভাদদ সকলে প্রশংদে তার গুণ**॥ ধুতরাষ্ট্র শুনি প্রশংসিলেন অপার। কুরুবংশে ভাগ্য মম এতেক কুমার॥ ধন্ম কুন্তী এই পুক্র গর্ডে জন্মাইল। ষাহার মহিমা যশ সভাতে পুরিল॥ কুন্তীদেবী শুনি আনন্দিত হৈল মন। স্কন্মুগে ঝরে ত্রগ্ধ সজল-নয়ন।। তবে পার্থ মহাবীর সভামধ্যে গিয়া। সভাতে পূরেন শব্দ ধনু টক্ষারিয়া ॥ মারিল অনল অন্ত্র ছইল অনল। অগ্নি প্রবেশিল গিয়া গগনমণ্ডল।।

দেখিয়া দকল লোক মানিল বিশ্বয়। চতুর্দিকে দেখে সব হৈল অগ্নিময়॥ যুড়িল বরুণ বাণ কুন্তীর নন্দন। বারিলেন অগ্রিরষ্টি বরিষে জীবন॥ বায়ু অন্ত্রে করিলেন জল নিবারণ। আকশি অস্ত্রেতে বায়ু **করেন** বারণ # **শাধিয়া পর্ববত অন্ত্রে করি গিরিবর** : পর্বত করেন চুর্ণ মারি বজ্রশর॥ ভূমি অস্ত্রে নির্মাণ করেন ভূমঞ্জ। সিন্ধু অন্ত্রে জল পূর্ণ করিল সকল ॥ অন্তর্কান অন্ত্র মারি হইলেন লুকি : কোথায় আছেন পাৰ্থ কেহ নাহি দেখি।। কভু রথে ধনঞ্জয় কভু ভূমিপরে। বাদিয়ার বাদি যেন ফেরেন সত্তরে ॥ নানা বিদ্যা প্রকাশ করেন ধনঞ্জয়। ধন্য ধন্য করি শব্দ হৈল সভাগয়॥ নির্বৃত্তিয়া সর্ব্ব বিহ্যা ইন্তের নন্দন বাহুন্ফোটে করিলেন বক্তের নিঃস্বন॥ সেই শব্দে স্থার কর্ণেতে লাগে তালি। গুরু অগ্রে রহিলেন করি কুতাঞ্জলি॥ মহাভারতের কথা অমৃত-মর্ণবে। পাঁচালি প্রবক্ষে কছে কাশীরাম দেবে॥

রজন্মতা কর্মের আগেমন -

অর্জুনের বিন্তা যদি হৈল সমাবান।
রঙ্গভূমি মধ্যে কর্ণ করে আগমন॥
কাঞ্চন জিনিয়া তার অঙ্গের বরণ।
শ্রবণ পরশে দিব্য পঙ্কজ-নয়ন॥
শ্রবণে কুগুলযুগ্ম দীপ্ত দিনকর।
অভেন্ত কবচে আবরিত কলেবর॥
তুই দিকে তুই ভূণ বামে ধরে ধকু।
আজামুলন্বিত ভুজ অনিন্দিত তনু।
অবহেলে অবজ্ঞা করয়ে সর্ববজনে।
বালকের ক্রীড়া হেন ভাবে লোক মনে॥
কর্ণের বচন শুনি লোকে চমংকার।
কেহ বলে এই হবে দেবের কুমার॥

গন্ধর্ব্ব কিন্নর কিবা না জানি নির্ণয়। স্থাচন্দ্রিতে কোথা হৈতে আইল হুর্জ্জয়। ্রুগ্রিবারে তবে লোক করে হুড়াহুড়ি। ্যুলাঠেলি একের উপরে আর পড়ি॥ ত্তবে কর্ণ মহাবীর সূর্য্যের নলন। গর্ভ্নে চাহিয়া বলে করিয়া গর্জন ॥ য়:তক করিলা তুমি শভার ভিতর। াহা হৈতে বিগ্যা আমি জানি বহুতর॥ কেখিয়া আমার বিদ্যা হইবা বিশ্বায়। ভাদংখ্য আমার বিভা সংখ্যা নাহি হয়॥ এত শুনি সর্ববলোক বিষণ্ণ বদন। ত্ৰগ্যোধন শুনি হৈল আনন্দিত মন॥ িরস-বদন হৈল বীর ধনঞ্জয়। এত শুনি আজ্ঞা দেন দ্রোণ মহাশয়॥ েকান্ বিভা জানহ সবার অত্থে কহ। শুনি কণ মহাবীর ঘুচায় সন্দেহ॥ ্রকাশিল নানা অস্ত্র লোকে অগোচর। িখিয়াছিলেন যত পার্থ ধনুর্দ্ধর॥ ুল্থিয়া স্বার মনে বিস্মন্থ জন্মিল : ার্য্যাধন নির্থিয়। প্রফুল্ল হইল ॥ জ সুগণ নধ্যে বসি ছিল ছুর্য্যোধন। ্মতি শীঘু উঠিয়। করিল আলিঙ্গন ॥ বন্য ধন্য বার তুমি ছিলা কোন দেশে। হেপায় আইল। তুমি মম ভাগ্যবশে॥ িকতিমধ্যে যত ভোগ আছয়ে আমার। ^{মাজি} হৈতে দিলাম দে সকল ভোমার॥ কর্ণ বলে সত্য আমি করি অঙ্গাঁকার॥ শাজি হৈতে দাস আমি হইসু তোমার। কেবল আছয়ে এই এক নিবেদন। মর্জ্নের সঙ্গে ইচ্ছা করিবারে রগ।। ্রতেক বলিল যদি কর্ণ মহাবীর। ্ক্রাধে ধনপ্তয় অতি কম্পিত-শরীর॥ ^{অর্জ্}র বলিল তোরে কে ডাকিল হেথা। কেবা বলে তোমারে সভাতে কহ কথা।। শ্বনাহূত কর হন্দ্র আসিয়া সভায়। ^ইহার উচিত ফল পাইবে ত্বরায়॥

নাহি জিজ্ঞাসিতে যেবা বলয়ে বচন। আপনি আদিয়া খায় বিনা নিমন্ত্রণ ॥ ঘোর নরকেতে গতি পায় সেই জন। সেই গতি মম স্থানে পাইবে এখন ॥ কর্ণ বলে ধনপ্রয় গর্বব পরিহর। সভাতে সকল লোক জিনি অস্ত্র ধর॥ বীর্য্যেতে অধিক যেই তারে বলি রাজ।। ধর্ম্মবন্ত লোক বীর্য্যবন্তে করে পূজা॥ হীনলোকপ্রায় কেন দেহ গালাগালি। অস্ত্রে অস্ত্রে দ্বন্দ কর তবে জানি বলী॥ মম সহ রণে জিন তবে জানি বীর। দ্রোণ গুরু **অগ্রেতে কাটিব তোর শির**।। এতেক শুনিয়া দ্রোণ ঘণিত নয়ন। আজ্ঞাদেয় অর্জ্জনেরে কর গিয়া রণ।। এত শুনি স্থাসজ্জ হইল ধনপ্রয়। ধনুগুণ টঙ্কারিয়া করেন প্রালয়॥ সপক্ষ হইল পুষ্ঠে চারি সহোদর। কুপাচার্য্য ভোণাচার্য্য ভাষা বারবর ॥ অগ্র হৈল কর্ণ বীর হাতে ধকুঃশর। সপক হুইল কুরু শত সংহাদর॥ আর মত মহারথী যোদ্ধা লক্ষ লক্ষ । কেহ পাণ্ডবের পক্ষ কেহ কুরুপক্ষ ॥ পুল্রহে গগনৈ অগেত পুৰন্দর। অর্জুনে করিল ছায়া যত জলধর॥ কর্ণভিতে যত ভাপ করেন তপন। স্থসভ্জ **হইল সবে** করিব**ু**র রণ ॥ সকুণ্ডল কর্ণবীরে দেখি বিপ্তমানে। কুন্তীদেবা জানিশেন আপন নন্দনে॥ পুত্রে পুত্রে বিবাদ দেখিয়া ক্তাদেবা। ঘন ঘন মূছি। বায় মহাতাপ ভাবি॥ হেনকালে কুপাচার্য্য বলিল ডাকিয়।। সর্বলোক শুনে কছে কর্ণেরে চাহিয়া॥ এই পার্থ বীর হয় পৃথার নতন। কুরুমহাবংশে জন্ম বিখ্যাত ভূবন ॥ ভোমার দহিত আদি করিংবক রণ। তুমি কহ কোন্ বংশে কাহার নন্দন ॥

জ্ঞাত হৈলে দোঁহাকার করাইব রণ। সম বংশ হৈলে যুদ্ধ হয় হুশোভন॥ নাহি অভিমান সম জয় পরাজয়। রাজপুত্র ইতর লেংকেতে যুদ্ধ নয়॥ শুনিয়া ক্লপের কর্ণ এতেক বচন। (रूँ प्रेयूथ रेहल वीत वीतम-वन्त ॥ না দিল উত্তর কিছু কর্ণ মহাবল। রষ্টি হৈলে ছিন্ন যেন কমলের দল॥ কুপেরে চাহিয়া বলে রাজা তুর্য্যোধন। বিবিধ প্রকারে রাজা শাস্ত্রের বচন ॥ সহজ বংশজ আঁর লোকে বারে পূজে। সবা হৈতে বীৰ্য্যবন্ত যেই জন তেজে॥ রাজা হৈলে পার্থ যদি করিবেন রণ। **আজি আ**মি কর্ণে রাজা করিব এখন॥ অঙ্গদেশে কর্ণ আজি হবে দণ্ডধর। এত বলি আজ্ঞা দিল ডাকি অনুচর॥ অভিষেক-দ্রব্য আনাইল ততক্ষণে। বদাইল কর্ণবীরে কনক-আদুনে ॥ শিরেতে ধবিল ছত্র রতন-মণ্ডিত। রাজগণে চামর ঢুলায় চারিভিত ॥ কনক-অঞ্জলি সব ফেলিল নিছিয়া। ভীশ্ম দ্রোণ রহিলেন বিশ্বিত হইয়া॥ তবে কূর্ণ মহাবীর প্রদন্নবদন। তুর্য্যোধন প্রতি বলে হৈয়। হৃষ্টমন॥ দিলা অঙ্গদেশেতে আমার অধিকার। আজ্ঞা কর প্রিয় কিবা করিব তোসার॥ ত্বৰ্য্যোধন বলে অন্য নাহি প্ৰয়োজন। হইব তোমার স্থা এই মম মন॥ **অচল সৌহৃত্য ইচ্ছা তোমার সহিতে**। এই মম বাঞ্ছা আজ্ঞা কর তুমি মিতে॥ কর্ণ বলে দখা মম স্থদৃঢ় বচন। পরম স্লেহেতে দোঁহে করি আলিঙ্গন ॥ হেনকালে অধিরথ জাতিতে সার্থি। লোকমুখে শোনে পুত্র হৈল নরপতি 🛭 অধিক বয়সে সেই চলে যঠিভরে। উঠিতে পড়িতে বুড়া যায় দেখিবারে ॥

বুদ্ধ দেখি সব লোক ছাড়ি দিল পথ। সভামধ্যে প্রবেশ করিল অধিরথ॥ অধিরথে দেখি কর্ণ আস্তে ব্যাস্তে উঠি। - প্রণাম করিল শির ভূমিত**লে লুঠি** ॥ কর্ণ প্রণমিল অধিরথের চরণে। দেখিয়া বিশ্বয় মানিলেক সভাজনে॥ পাণ্ডব জানিল, কর্ণ স্থতের নন্দন। উপহাস করি ভীম বলিল বচন॥ অর্জ্জুন সহিত রণে হও শক্তিগন্ত। এখন সে জানিলাম তব আদি অন্ত॥ সভাতে সম্রমে কার্য্য কর জাতিমত। হাতেতে চাবুক ল'য়ে চালা গিয়া রথ॥ আরে নরাধম তোর কি বড় যোগ্যতা। অঙ্গদেশে রাজা হও এ অদ্ভুত কথা॥ যজ্ঞের নিকটে যদি নার্মেয় যায়। যজের বিভাগ হবি কুকুর কি পায়॥ ভীমবাক্য শুনি কর্ণের কাঁপে অধর। নিশ্বাস ছাড়িয়া কর্ণ চাহে দিনকর। ভীমবাক্যে মহাক্রদ্ধ হৈল প্রর্য্যোধন। অস্ত্র লৈয়া বলে দন্তে মেঘের গর্জ্জন ॥ স্থা করিলাম কর্ণে সভার ভিতর। এ কথা কহিতে যোগ্য নহে রুকোদর॥ শ্ৰেষ্ঠ বলি ক্ষল্রমধ্যে বলিষ্ঠ যে জন। শ্রের নদীর অন্ত পায় কোনজন।। জল হৈতে শীতল যে না শুনি প্রবণে। তাহাতে জন্মিল অগ্নি দহে ত্রিভুবনে 🖟 দধীচির হাড়েতে বজ্রের হৈল জন্ম। দানব দলন করি করে হুর-কর্মা। কার্ত্তিকেম জন্ম কেহ দৃঢ় নাহি জানে। কেহ বলে শিব হৈতে কেহ বা আগুনে। গঙ্গার নন্দন কেহ বলে কুত্তিকার। জন্মের নিয়ম নাহি পূজ্য দবাকার॥ বিপ্র হৈতে ক্ষত্রছন্ম সর্ববকাল জানি। ক্ষত্র হৈতে বিপ্র হৈল বিশ্বামিত্র মুনি ॥ কলসে জন্মিল দ্রোণ কুপ শরবনে। বশিষ্ঠ অপ্সরীপুত্র কেবা নাহি জানে॥

্ত্রা স্বাকার জন্ম জানি ভালমতে। হনি নিন্দা কর পিছে আমার সাক্ষাতে॥ ক:শির কি মত বলি লয় তোর মনে। িতি মধ্যে আছে কেহ এমত লক্ষণে॥ দক্তুল কবচ যাহার কলেবর। ূর্যর চিত্রে লয় অধিরথের কোঙর॥ প্রত্যক্ষ দেখহ কর্ণ সম দিবাকরে। বাছে কভু জন্ম লয় মৃগীর উদরে॥ _{সকল} পৃথিবী শোভে কর্ণে অধিকার। কুৰ্ব বাজা হৈল অঙ্গদেশ কোন ছার॥ কণ্বাহুব**লে সবে করিবেক পূজা।** অনুগত হইব আমরা সর্বব রাজা॥ ্তেক কহিল সভামধ্যে ছুর্য্যোধন। _{ংহাকার} শব্দ হৈল সভাতে তথন॥ ্কহ বলে ভেদাভেদ হৈল ভ্ৰাতৃগণ। কহ বলে হন্দ আর নহে নিবারণ॥ গ্রন্থ গেল দিনকর রজনী-প্রবেশ। প্রজগণ চলি গেল যার যেই দেশ ॥ কণহস্ত ধরিয়া চলিল ভুর্য্যোধন। পিছু পিছু চলে ভাই একশত জন॥ প্রশান্ত পাণ্ডব চলিল নিজ স্থান। প্রাচে পাছে পরিবার করিল প্রয়াণ॥ হর্মান্তত কুন্তদেবী জানিয়া কারণ। অঙ্গদেশে রাজা হৈল আমার নন্দন॥ প্রয়োধন হর্ষিত হইল নির্ভয়। নিরবধি কম্প হৈত দেখি ধনঞ্জয়॥ ত্যজিল অৰ্জ্জুন ভয় কৰ্ণেৱে-পাইয়া ৷ যুধিষ্ঠির ভীত অতি কর্ণেরে দেখিয়া॥ কর্ণসম বীর নাহি আর যে সংসারে। এই ভয় দলা জাগে ধর্ম্মের অন্তরে॥ অাদিপর্ব্ব ভারত ব্যাসের বিরচিত। কাশীরাম দাস কহে রচিয়া সঙ্গীত॥

্লাণাচাৰ্যের দক্ষিণা প্রার্থন:। কতদিনে দ্রোণাচার্য্য শিষ্যগণ প্রতি। দক্ষিণা **আমারে দেহ বলেন স্থ**মতি॥ দ্রোণ বলিলেন শুন পার্থ হুর্য্যোধন। রত্ব আদি ধনে মম নাহি প্রয়োজন॥ পাঞ্চাল ঈশ্বর খ্যাত ক্রপদ ভূপতি। রণমধ্যে তারে আন বান্ধিয়া সপ্রতি॥ বিশেষ প্রতিজ্ঞা কৈল কুন্তীর নন্দন। পূর্বে সত্য কৈলা না করিতে অধ্যয়ন॥ যেমতে পারহ আন করিয়া বন্ধন। আমার দক্ষিণা এই শুন শিষ্যগণ॥ এতেক শুনিয়া যুধিষ্ঠির ছুর্য্যোধন। দৈন্যগণ সাজিতে বলিলেন ততক্ষণ॥ সৈত্যগণ সাজিল দেখিয়া ধনপ্রয়। এক রথে চড়ি যায় নির্ভয় হৃদয়॥ করপুটে জ্যেঠেরে করেন নিবেদন। তুমি তথাকারে যাবে কিসের কারণ॥ আমা হৈতে কৰ্ম্ম যদি না হয় সাধন। তবে প্রভু পাঠাও অন্য কোন জন॥ এতেক বলিয়া পার্থ হইয়া সত্তর। প্রধেশ করেন ফণে পঞ্চাল নগর॥ দ্রুপদ পাইয়া অর্জ্জুনের সমাচার। অক্তি। কৈল আপনার দৈন্য দাজিবার॥ ক্রপদ চিন্তিত অতি না জানি কারণ। অর্জ্জনের আগমন কোন প্রয়োজন॥ মন্ত্রী পাঠাইয়া দিল অর্জ্যুন-গোচর। মন্ত্রা বলে অর্জ্বনে করিয়া গোড়কর !! কহ করুবর এলে কোন্ প্রয়োজন। আছ্যা কর কোন কর্মা করিব সাধন॥ রাজার মন্দিরে চল লহ রাজপুজা। তোমা দরশনে বড় ইচ্ছা করে রাজা।। অৰ্জ্জন ৰলেন সৰ হবে ব্যবহার। রাজারে জানাও এই সংবাদ আমার॥ অতিথার যত পুজা পাইলাম আমি । কেবল আমারে আজি যুদ্দ দেহ তুমি॥ সমৈত্যে আমিতে বল সংগ্রামের স্থলে। নহিলে অনিফ বড় হইবে পঞালে॥ কহিলেন মন্ত্রী গিয়া রাজার গোটর 📙 শুনি ক্রোধে কম্পিত নৃদ্রুপদপবর ॥

THE ART THE BUILDING THE SECOND SHAPE SECOND ALT UNITED TO SERVICE AND A SE 4) 4 4 7(184) Septan 476 4 1 ब्बाटाइ हरत सादि बाइम त्र नदः। पुर्वार्करक जाम्हामिन होने मिन्नाकर । नाराष्ट्र ब्यास्टर द्वस ध्रमसम्बद्ध ক্ষীপার। পড়ে বেল লৈছের উপায় । त्रथ कामें द्वारा वित्त नामक नामि मन्त वार्कि अलक्षा यात्र काली व तनाव प्रकार काठा द्यन जाताबाद। नारिक मानिका काले । असरित यह कर भारत ता थान । ते । प्राप्ति का कार्यात । PU CATE AREA ON IN MANIFORM शाह पारिक पारिता स्टब्स भार्थ उन्ही । THE REAL PROPERTY. जातार निवरके का अधिक जाना । सांक का भारत की का दार प्रता म लोक पति या गांव क्यान । THE REPORT OF THE PARTY AND A PARTY. THE REPORT OF THE PARTY OF THE AND PERSONAL PRINTS AND IN mark surrent s THE TRANSPORT BROWN A STATE OF THE STA

प्रक जानारेक क्रिका असी उन्हें हति। त्यकारक केवलिए com कामारि । বেলাইন অলাকের জেনার বিবে। स्थानात (मानिया द्वान-वेदाना कथटन । (स्त (त क्यांस क्यांस क्यांस क्यांस क्यांस কোৰা ভোক প্ৰকাৰণ নৰছও ছাতা।। शूनविश कारिक बरमन क्षेत्र दिश्व । वित वर्ष का नावि भागात गतन ॥ বাতিতে ভাৰাণ সাথি কণ্মাত্ৰ জোধ। वित्नव वादमान मधा हिस्स छेनदनाथ । शृद्धव बह्न मधा स्य कि खत्री সেবক বলিলা দিতে **একটি ভোজন** ॥ अकरन नमान स्टेनाम हरेकन। अरब मधा बनिद्द कि आबाद बाक्न ॥ বাল্যকালে করেছিলে বেই অল্যকার। লামি রাজা হৈলে কর্ম রাজ্য প্রথিকার ॥ পালিতে নারিলে ভূমি সাপন বচন। এবে সব রাজ্য হৈল আমার শাসন 👢 ছুৰি না পাৰিকে আমি চাহি পাৰিবারে। পঞ্চালে অর্ছেক রাজ্য দিলান ভোমারে ৷ পলার দক্ষিণ তীর কর অধিকার। উত্তর তটের রাজ্য সকলি আমার। वर्ष वर्ष बाबा अहे (मानाव नमान। भूनः नथा २० वति २७ वप्रवान् । थक अनि निमन स्थाप नहरू পর্য মূহৎ জুমি জগৎ, ভিতম ৷ त जाका क्षित होता जीकात जागात। कृति-१७ तेशे काति स्टेब (कामात I त्यान निरम्भाष्ट्रम् **स्टान** नेपान TO U.S. HE REFE OF BUILDING मारुको नक्षर हरून भक्तिको होता।

वृथिष्ठिरवन्न स्वीवननामाणित्वकः।

যুনি বলিলেন স্বাকা কর অবধান। ঘনমূর খেন পিভাসহ উপাধ্যান ১ তেরা**ট্র নরপতি** বৃবিদ্যা বিধান। বুবরাজ করিতে করেন অনুসান । কুরুকুলে জ্যেষ্ঠ কুম্বীপুদ্ধ যুখিনির। দকল জনেত্ৰ প্ৰিয় ধৰ্মদীল বীর 🖁 বুধিষ্ঠিরে অভিবেক কৈল যুবরাজ। পাইল পরম প্রীতি সকল সমাজ F যুধিষ্ঠির সৌজক্তেতে সবে হৈল বশ । **श्रितो रहेन शूर्व बर्लाशूळ यम ह** ভীমাৰ্কন হাই ছাই হাজাজা পাইয়া, চতুদ্দিকে ব্রাহ্মপরে কেড়ার শাসিয়া 🛊 🕆 किनिन क्रांत्रक (क्रांक्ष क्रांक्र क्रांक्र । বহু রাজা সহ হৈল খনেক সংযোগ হ উত্তর পশ্চিম পূর্বা রামুরীণ লাভি। किनिया चामिल (बैहरू यह सम निषि । र्क्ट्र वहा हारे क्यांश स्थित। जीमार्क्त छुटै आहे आहर अधित । नाना तरण देवान कुन वारिकामना र्गियो श्रीका स्टब्स्ट राजामा ।

पण सम्बन्धानि के हिन्दू रहेते (नामर्थ ह PART PROPERTY AND ADDRESS OF शांका गुरुवात एक स्थात जाकापत । मिट्न निद्न नाटक **्या छ। अन्य स शास्त्र कीडि एसएक शह पर्रा**ति গুতরাষ্ট্র বেশিয়া বইদা রুমমতি। পাওবের যপকীবিংশাকে নিভি নিভি ॥ বিধির লিখন কেবা গুলাইটে পারে। **সংশয कडेल हिटल जब तरकता** मन भूक्षण छन दक्क नाहि ब्राम भा**७**दवन यथ शहातिम कुम**७**दम । এই সব ভাৰনা করুৰে অনুকৰণ भवत्व वाहिक विका, वा क्रिक रहाजन है কুরুবংশে রুখ নত্রী জাতিপ্রেজালা। কণিকেরে ডাকি আনিলের ছতক্র । **अकारस क्लिक जानि श्रीम काशरक** । পর্ম বিশ্বাস ভেঁই ভাকাই তোলাকে। पियानिमि **स्थान समस्य आदि स्थ**ा তোমার মন্ত্রণাবলে ৰভিৰ সে মুখ্য 🖟 পাণ্ডবের বপকীর্তি বাড়ে বিলে বিলে চিত খির নহে খন ইবার কার্ডের ইহার উপায় ভূমি বলহ লবর কণিক শুনিয়া তবে করিল টেবর । जानात्र रहत विकास नेवलाय थित गक्त क्रिला **प्रेट**न विका शुक्रवाने बरण सुनि हर कह विवास मन पृष्ठ वाका टबरे **कर्जन** बान जि. क्षिक बहिन होना का बाजने । श्रुकाशक प्रांत्य व्यव श्रीकार विक्र कार्या ना पाडिएक कर सम्बद्ध THE STANSON FOR नापादिय जुल्हेक अस्ति Reflect All Designations of the Control of the Cont and the same of th

তুৰ্বল দেখিয়া শক্তে দুৱা নাহি করি। শরণ লইলে তবু না রাখিষে বৈরী ॥ বালক দেখিয়া শক্ত না করিবে ত্রাণ। ব্যাধি অগ্নি বিশ্ব জল একই সমান ॥ শক্রকে বলিষ্ঠ দেখি বলিবে বিনয়। অপমান আমি ক্লেখ সহিবে হৃদয়। সদাই থাকিবে তারে ক্ষত্তেকরিয়া। সময় পাইলৈ মার ভূমে আছাড়িয়া। পূর্ব্বের রুত্তান্ত এক শুন নরপতি। বনেতে শুগাল বৈলে বিজ্ঞ রাজনীতি 🛚 **अक निन वत्न हत्त्र अकिंग हित्री।** স্তিশন্ন মাংস গায় আছুয়ে গর্<mark>ডিণী</mark> ॥ শুগাল দেখিয়া ক**হে** মূগের ঈশরে। > যছেতেও সিংহ তারে নারে ধরিবারে॥ শুগাল বলিল তবে শুন স্থাগণ। ধরিব হরিণ শুন আমার বচন॥ বলেতে সমর্থ কেহ নহিবে ভাহার। ্ যুবিক হইতে তারে করিব সংহার॥ প্রান্ত ভাতে হরিণী শুইবে যেই স্থান। ় ধীরে ধীরে মূষা তথা করিবে গমন ॥ ্দুক্তে থাকি যাবে তথা করিয়া হুড়ঙ্গ। নিঃশব্দেতে যাবে যেন না জানে কুরুস। হুড়ঙ্গ কাটিবে ভার চরণ যথায়। কাটিবা প্রদের শির করিয়া উপায় 🛭 পদশির কাটা গেলে অশক্ত হইবে। ্র অবহেলে সিংহ তারে অবশ্য ধরিবে॥ এত শুনি সম্মত হইল সর্বজন। যা বলিল অসুক করিল ততকণ 🎚 কাটা গেল পদশির মৃষিক দংশনে। হীনশক্তি দেখি সিংহ ধরিল তথনে । ছরিণ পড়িল সবে ইরিষ বিধান। শুগাল আপন চিত্তে করে অনুযান। সকল থাইতে বাংগ করিব উপার। চেন্ডার অসাধ্য কিছু মাহিক ধরার। ইয়া ভাষি পুগাল করিয়া যোড়কর। নীকি বুনাইলা কৰে স্বাৰ গোচন &

त्मध रेमबरवारत्र चाकि शक्ति हति। মাংস আদ্ধ করি সবে তোষ' পিভূগণ 🛭 ু স্লান করি শুচি হৈয়া সবে আইস গিয়া। ভভক্ষণ মুগ আমি রাখিব জাগিয়া ॥ বুদ্ধিমান শুগালের যুক্তি অনুসারে। ততক্ষণ গেল সৰ স্নান করিবারে॥ সবা হৈতে শ্ৰেষ্ঠ সিংহ বলিষ্ঠ বিশেষ । গিয়া স্নান করি আদে চক্ষের নিমেষ॥ স্থান করি আসি সিংহ দেখরে জম্বকে। ব্দত্যন্ত বিরুদে বসি আছে হেঁটমুখে ॥ সিংহ বলে স্থা কেন বিরস বদন। স্থান করি এদ মাংদ করিব ভক্ষণ ॥ শুগাল কহিল সথা কি কহিব কথা। মুষিকের বচনে জন্মিল বড় ব্যথা 🛭 মহাবলী সিংহ বলি জানে সর্বজন। আমি মারিলাম মুগ করিবে ভক্ষণ॥ সিংহ বলে হেন বাক্য সহে কোন জন। কোন ছার মুধা ছেন বলিবে বচন॥ না খাইব মাংস আমি খাউক আপনি। নিজ বীৰ্য্যবলে মুগ ধরিব এখনি॥ হেন বাক্য বলে ভার মুখ না চাহিব। আপন অৰ্জিত বস্তু আপনি থাইব॥ এত বলি গেল সিংহ গছন কাননে। স্নান করি ব্যাদ্র তবে আইল সেখানে॥ আন্তে ব্যক্তৈ কছে শিবা শুন প্রাণস্থা। ভাগ্যেতে শিংহ ভোমারে না পাইল দেখা এখনি গেলেন তিনি তোমা ধরিবারে। ষ্মামারে বলিল তুমি না বলিও তারে॥ চিরকাল স্থা ভূমি না বলি কেম্বে। বুৰিয়া করহ কার্য্য যেবা লয় মনে।। এতেক শুনিয়া ব্যাত্র শৃগাল বচন। হৃদয়ে বিশ্বিত হৈয়া ভাবে মনে মন ॥ নাহি জানি কোন দোষ করিলাম ভার। কুপিয়াছে কেন, না বৃশ্বিত্ব অভিপ্রায় 🛭 এণার থাকিলে হবে বড়ই প্রমাণ । স্থান ডেরাব্রিয়া যাব কি কাজ বিবাদ।

ভ বলি ব্যাত্ত প্ৰবেশিল খোর বনে। তক্ষণে মৃষিক আইল সেই স্থানে 🛭 ষিকে দেখিয়া ভবে যুড়িল ক্রেশন। স্ এদ সধা তোমা করি **আলিজন** 🛚 খা হেন নকুলের হইল কুমতি। াড়িতে নারিল সথা আপন প্রকৃতি:॥ মাচন্মিতে সর্পদঙ্গে হৈল ভার দেখা। াদে হারি তার কাছে হৈল তার স্থা। দান করি এখানে **আইল তুইজ**ন। দর্পেরে দিলেক মাংস করিতে ভক্ষণ # । ক্ষত্রন মিলিয়া মারিলাম যে মুগী। ¤খন নকুল আনে আর∙এক ভাগী ॥ ইজন মিলি গেল তোমা খুঁ জিবারে। এখা এলে ধরিও বলিয়া এগল মোরে ॥ 🕫 😎নি মৃষিকের উড়িল পরাণ। মতি শীত্ৰ পলাইয়া গেল **অন্য স্থান** ॥ হনকালে নকুল আদিয়া উপনীত। ক্রাধে শিবা কহে তারে সময় উচিত # সিংহ আদি তিন জন কল্পিল সমর। ধারিয়া আমার **যুদ্ধে গেল বনান্তর ॥** । তার শক্তি থাকে যদি আর্থি কর রণ। মহিলে পলাও তুমি লইয়া জীবন ॥ নহজে নকুল ক্ষুদ্রে শিবা বলবান। বিনা যুদ্ধে পলাইয়া গেল অন্য স্থান ॥ কিণিক বলিল রাজা কর অবধান। এমত করিলে ক্লাজা হয় রাজ্যবান # বলিচ্চে বৃদ্ধিতে **জ্বিনি মারিবেক বলৈ।** বুৰজনে ধন দিয়া মারিবেক ছলে॥ 'জিরে পাইলে রাক্সা কন্তু না ছাড়িবে। জন্মাইয়া বিশ্বাস বিপক্ষে সংহারিবে॥ নিবৈক শক্ত মম জীবনের বৈরী। তাহারে মারিবে আনাইয়া দিব্য করি।। বিশাসিয়া দিব্য করি মারে শক্তে সব। নাহিক ইহাতে পাপ কহেন ভার্মব 🎚 শক্ররে পালন করি করিয়া বিশাস। थकती कविएक एवन शर्यान विस्ति।

এ সব বৃবিদ্ধা রাজা করহ উপায়।
এবে না করিলে শেবে ছঃশ পাবে রায়।
এত বলি কণিক চলিল নিজ ঘর।
চিন্তিতে লাগিল মনে জন্ধ নৃপবর॥
পুণ্যকথা ভারতের শুনিলে পবিত্র।
কাশীরাম দাস করে জন্তুত্ত-চরিত্র॥

পাওবদিগের বারণাবতে গমন। যুধিন্তির যুবরাজ 🗪 ী সর্বজন। স্থানে স্থানে বিচার করয়ে প্র**জা**গণ B ধর্মনীল যুধিন্তির দয়ার সাগর। পুক্রভাবে দেখে রাজা অমাত্য কিন্ধর 🛭 युधिष्ठित ताको रेस्टन मटन थाटक হুट्थ । রাজার নব্দন রাজ্য সম্ভবে তাহাকে ॥ ভীম্ম রাজা নহিলেন সভ্যের কারণ। ধুতরাষ্ট্র না হইল ব্দদ্ধ বি-নয়ন ॥ বিশেষ রাজার যোগ্যপাত্র যুধিষ্টির। সত্যবাদী জিতেন্তিয়ে স্কবৃদ্ধি স্থার .. চলহ যাইয়া, প্ৰজা আছি যে যভেক। যুধিষ্ঠিরে রাজা করি. করি অভিষেক 🛭 হাট বাট নগর চন্তরে এই কথা। ত্ৰয্যোধনে শুনিয়া জন্মিল বড় ব্যথা ॥ বিরদ বদনে গেল পিতার গোচর। দেখিল জনক রাজা ব'লে একেশ্বর ॥ সকরুণে পিতারে বলয়ে তুর্য্যোধন। অবধান কর রাজা বলে প্রজাগ**ণ** ॥ অবজ্ঞায় অনাদর করিল তোমারে। পতি ইচ্ছা করে দবে কুস্তীর কুমারে॥ এইমত বিচার করয়ে সর্বজন। রাজপুত্র যুধিন্তির **হইবে রাজন** ॥ তাহার নন্দন হৈলে সেই হবে রাজা। আমা সবাকারে আরু না গণিকে প্রকা 🛚 অকারণে হই আমি পরভাগ্যকারী ৷ **ज्यकांतर् ज्यामारत धतिम अ भूथियी ॥** পুত্তের শুনিয়া ব্যক্তা এতেক বচন 📗 কদৰে ৰাজিল শেল টিজিক নাজন 🕯

কি করিব কি হইবে চিন্তে মনে মন। হেনকালে এল তথা ছুফ্ট মন্ত্রীগণ 🛭 ছুঃশাসন কর্ণ আর শকুনি ছুর্মতি। বিচারিয়া কহে কথা অন্ধরাজ প্রতি॥ ক্ষণেক চিন্তিয়া বলে অম্বিকানন্দন। কিমতে বাহির করি পাণ্ডুপুত্রগণ॥ যখন আছিল পাণ্ডু পৃথিবীতে রাজা। দেবকের প্রায় মম করিত সে পূজা॥ নাম মাত্র রাজা সেই আমি দিলে থায়। নিরবধি সমর্পয়ে যাহা যথা পায়॥ মম আজ্ঞাবতী হয়েছিল অনুক্ষণ। ভাই হ'য়ে কারো ভাই না হবে এমন॥ তাহার অধিক হয় তার পুত্রগণ। আজ্ঞাবতী হৈয়া মম থাকে অসুক্ষণ॥ দেবপ্রায় আমারে পূজেন যুধিষ্ঠির। কোন দোয দিয়া তারে করিব বাহির॥ পিতৃ পিতামহ তার পুষিল সবারে। কার শক্তি হয় বল দূর করিবারে॥ তুর্য্যোধন বলে যাহা কহিলে প্রমাণ। পূর্বেব আমি জানিয়া করিলাম বিধান॥ যত রথী মহারথী আছে ভাতৃগণ। সবারে করিব বশ দিয়া বৃত্ধন॥ সেবকগণের প্রতি নাহিক বিচার। নিশ্চয় বুঝিয়া কর্মা করহ আমার॥ নগর বারণাবত দেশের বাহির। ভ্রাতৃ মাতৃ সহ তথা যাক যুধিষ্ঠির॥ এথা আমি নিজ রাজ্য স্ববশ করিলে। এস্থানে আসিবে পুনঃ কতদিন গেলে॥ ধুতরাষ্ট্র বলেন করিলা যে বিচার। নিরবধি এই চিত্তে জাগয়ে আমার॥ পাপ কণ্ম বলি ইহা প্রকাশ না করি। গুপ্তে রাখিলাম লোকাচারে বড় ডরি। ভাষা দ্রোণ রূপ বিহুরের ধর্মচিত। এ কথা স্ব:কার না করিবে কদাচিত॥ এই চারি জন যদি নহিবে স্বীকার। কার্য্যসিদ্ধি হইবেক কেমন প্রকার॥

এত শুনি পুনরপি বলে হুর্য্যোধন। তাহার যেমন ভীম্ম আমার তেমন ॥ অশ্বত্থমা গুরুপুত্র মম অনুগত। দ্রোণ কুপ সহ অখ্থামার সন্মত॥ বিহুর সর্বাংশে সেবা করে পাণ্ডবেরে : হইলে সহজে একা কি করিতে পারে 🛭 তুমি ত চিন্তহ পিত। উপায় ইহার। পাণ্ডব থাকিতে নিদ্রা নাহিক আমার 🖟 ধ্তরাষ্ট্র বলে যদি করি দূর তারে : [ি] অপযশ ঘূষিবেক সকল সংসারে।। এমন উপায় করি করহ মন্ত্রণা। আপন ইচ্ছায় যায় নগর বারণা॥ এত শুনি ছুর্য্যোধন চলিল সত্তর। নানা রত্ন লৈয়া গেল সন্তিগণ ঘর 🕸 তবে ছুর্য্যোধন দিয়া বিবিধ রতন **ক্রমে ক্রমে বশ করে সব মন্ত্রিগণ** ॥ শিখাইল মন্ত্রিগণে কপট করির: নগর বরণাবত উত্তম বলিয়া॥ সর্বাক্ষণ কহ সবে যাহাকে ভাহাকে : নগর বারণা সম্নাহি ইহলোকে॥ তুর্য্যোধন তুর্মতি পাইয়া মন্ত্রিগণে। সেইমত বলিতে লাগিল অনুক্ষণে। কতদিনে হৈল শিবরাত্রি চতুর্দ্দশী। রাজার নিকটে সব মন্ত্রিগণ বদি 🏽 নগর বারণাবত পুণ্যক্ষেত্র গণি। প্রত্যক্ষ বৈদেন তথা দেব শূলপাণি ॥ আর মন্ত্রী বলে সে জগৎ মনোরম। নগর বারণাবত ভুবনে উত্তম ॥ আর মন্ত্রী বলে তার নাহিক তুলনা। অমর কিন্নর তথা থাকে সর্ববজনা ॥ হেনমতে মন্ত্রিগণ বলেন বচন। বিধির লিখন কর্মানা হয় খণ্ডন 🛚 যুধিষ্ঠির বলেন দে পুণাক্ষেত্রবর। দেখিব বারণাবত কেমন নগর 🛚 এত শুনি ধুতরাষ্ট্র আনন্দিত মন। হাদয় কপট মুখে অমূত বচন 🗈

হ্রিচ্ছ: যদি হয় তথা করিতে বিহার। সঙ্গে করি লয়ে যাও যত পরিবার॥ জুননী সহিত তথা প**ঞ্চ সহোদ**র। মন স্তথে রহ সবে বারণানগর ॥ ধন রক্ত সঙ্গে লও যেই মনে লয়। ক্রাদনে বঞ্জিয়া আইদ নিজালয়॥ এত যদি ধুতরাষ্ট্র বলে বার বার। দ্বাকার করিল রাজা ধ**র্ম্মের কুমার**॥ দেখিবারে ইচ্ছামাত্র হইল আমার। এখনি য'ইতে বল **সহ প**রিবার॥ ধ্রতরাষ্ট্র আ**জ্ঞাবহ ধর্মের নন্দন**। ত্রি অভিন কখন না করেন লভ্যন॥ ঘাইব বারণাবত করি অঙ্গীকার। ধুতরাষ্ট্র চরণে করেন নমস্কার॥ বিজ মন্ত্রিগণে **তবে করিয়া সম্ভাষ**় যুর্নিষ্টির চলিলেন জননীর পাশ। ্রশিখ ছুর্য্যোধন রাজা হরিষ অন্তর। পুরোচন মন্ত্রা বলি ডাকিল সত্তর॥ স্থ্যোগনের বিশ্বাসী জ্ঞাতিতে যবন। একান্তে আনিয়া তারে কহিল বচন ॥ ্তামার সমান নাহি মন্ত্রার ভিতরে। পরন বিশ্বাস তেঁই ডাকি হে তোমারে॥ তোমার সহিত আমি করি যে বিচার। অন্যজন মধ্যে ইহা না হয় প্রচার॥ নগর বারণাবতে পাণ্ডুপুত্র যায়। তারা না যাইতে আগে যাইবে তথায়॥ গ্রস-সংযোগ রুথে করি আরোহণ। হতি শীঘ্র তুমি তথা করিবে গমন। উত্য করিয়া স্থল করিয়া আল্যু। অগ্রিগৃহ বিরচিবে**র ব্যক্ত নাহি হয়**॥ ় ^{ক্তম্ব} বিরচিয়া ভা**হে পুরাইবে ন্নতে।** প[্] নিয়োজিয়া গৃহ করিবে তাহাতে ॥ এনন রচিবা কেহ লক্ষিতে না পারে ননা চিত্র বিরচিব। লোকু-মনোহরে । ^জ হৃগৃহ বেড়িয়া করিবে অস্ত্রবর। মন্ত্র বিরচিয়া অস্ত্র রাখিবা ভিতর 🛭

্**জহুগৃহে** কদাচিত নহিবেক ত্ৰাণ। ় অন্ত্রগৃহে মন্ত্রবাজি হারাইবে প্রাণ॥ তার চকুর্দিকে গড় খুদিবা গভীর। লাফে যেন পার নাহি হয় ভীমবীর ॥ সময় বুঝিয়া অগ্নি দিবে সে আলয়ে। একত্র থাকিবে তবে সমস্ত সময়ে॥ ্ব ত্বরিতে চলিয়া যাও না কর বিলম্ব। শীঘ্রগতি কর গিয়া গুহের আরম্ভ ॥ তুর্য্যোধন গাজ্ঞা পেন্ধ মন্ত্রী পুরোচন। বাহন যুড়িল রুথে প্রবন্-গ্রমন ॥ ক্ষণেকে পাইল গিয়া বারণানগর : গৃহ বিরচিতে নিয়োজিল নিজচর॥ যেমন করিয়া কহিলেন দুর্যোধন। ততোধিক গৃহ বির্চিল পুরোচন॥ ভ্রাতৃ সহ যুগিষ্ঠির সহিত জননী। সব বৃদ্ধগণে যায় মাগিতে মেলানি॥ বাহলীক গাঙ্গেয় দ্রোণ রূপ দোমদভ। গান্ধারী সহিত গৃহে নারীগণ যত ॥ একে একে সবা স্থানে হইয়া বিদায়। পুরোহিত বিপ্রগণে প্রণমিল রায়॥ তুষ্টবুদ্ধি ধৃতরাষ্ট্র করিল কুমতি। সে কারণে হেন কর্ম্ম করিছে অনীতি ॥ সতাবৃদ্ধি ধশ্মশীল পাণ্ডপুত্রণ। বাহির করিয়া দেয় চুষ্ট ছুর্যোধন 🛚 হেন ছার নগরে রহিতে না যুয়ায়। যথা যান যুধিষ্ঠির যাইব তথার॥ হেতা দৰে রহিবেক যত তুন্টচিত। মোরা না রহিব হেথা যাইব নিশ্চিত । এত বলি দ্বিজগণ চলিল স্থমতি। পুত্র দারা পরিবার লইঘা সংহতি 🛭 অগ্রদরি বিতুর গেণেন কাতদরে। যুগিঠিরে ক*হিলেন শ্লেম্ভ*াষাসারে 🛭 বারণাবতেতে যাও পঞ্চ সংহাদর। সাবধানে থাকিবা আছয়ে তাহে ভর 🏾 স্ব,যানি-মন্তক যেই শীতলের রিপু। তাহে সাবধানেতে রাখিবা সবে বপু 🛭

এত বলি বিতুর করিল আলিঙ্গন। সেহবশে শিরে ধরি করিল চুম্বন ॥ নয়নের নীর ঝরে ভাবে গদগদ। যুধিষ্ঠির পঞ্চ ভাই প্রণমিল পদ॥ वाङ्डिया विद्वत हिनन निज्ञानय । বারণা গেলেন পঞ্চপাণ্ডুর তনয়॥ প্রবেশ করেন গিয়া নগর ভিতর। অঞাসরি নিল যত নগরের নর ॥ হেনকালে পুরোচন কক্রে নমস্কার। ভূমিষ্ঠ হইয়া যেন রাজ-ব্যবহার॥ কর্যোড় করি হুন্ট পুরোচন কছে। এথায় রহিলে কেন চল নিজ গুহে॥ তব আগমন শুনি করিতু মণ্ডন॥ বিলম্ব না কর তুমি দিন শুভক্ষণ॥ এত শুনি হান্ট হৈয়া পঞ্চ সহোদর। জননী সহিত গিয়া প্রবেশেন ঘর॥ বিচিত্র নির্মাণ মনোহর সে আলয় ৷ দেখি হুন্ট হুইলেন ধর্ম্মের তনয়॥ তবে কতক্ষণে পুরী করি নিরীক্ষণ। ভীমে দেখি যুধিষ্ঠির বলেন বচন ॥ গুহের পরীক্ষা, দেখি লও বুকোদর। মম মনে বিশ্বাদ না হয় এই ঘর॥ রুকোদর নিলেন দে ঘরের আত্রাণ। জানিলেন ঘর জতুন্বতের নির্মাণ॥ রকোদর বিশ্মিত কহেন যুবিষ্ঠিরে। জৌয়ত-সরিষা-তৈল গন্ধ পাই ঘরে॥ প্রত্যক্ষ অগ্নির ঘর ইথে নাহি আন। আমা দবা দহিবারে করেছে নির্মাণ ॥ পথে দেখিলাম যত অনুচরগণ। এই সব দ্রব্য এনেছিল অনুক্ষণ॥ যুধিষ্ঠির বলেন দে প্রমাণ হইল। আসিতে যবনভাষে বিত্নর বলিল॥ বিশ্বাস করিয়া সবে থাকিলে এ ঘরে। অচেতন হইব সকলে নিদ্রভিরে॥ তথ্বন অনল ইথে দিবে পুরোচন। ছেন বৃদ্ধি করিয়াছে তুষ্ট হুর্য্যোধন ॥

ভীম বলিলেন ত্যজি অনলের ঘর। পুনরপি যাই চল হস্তিনাগরর। যুধিষ্ঠির বলিলেন নহে স্থবিচার। **এই कथा लाक्ट छारे रहे**व क्षात्र ॥ ত্রর্যোধন বিচার করিবে নিজ চিতে। নিশ্চয় আমার কার্য্য পারিল জানিতে ॥ দৈন্যগণ সাজি তুন্ট করিবেক রণ। তার হাতে সর্ব্ব দৈশ্য সর্ব্ব রত্ন ধন॥ কি কাৰ্য্য বিবাদে ভাই না যাব তথায় : নিধ্ন সিঃদৈন্য আমি নাহিক সহায়॥ সাবধান হৈয়া এই গ্যহেতে বঞ্চিব। আমরা জানি যে ইহা কারে না বলিব ॥ প্রণভাই একত্তে না র'ব কোন স্থলে। হেণা হৈতে পলাইব কতদিন গেলে॥ অনুক্ষণ মুগয়। ক'রিব পঞ্চল। পথ ঘাট জ্ঞাত হব' বন উপবন ॥ সব জ্ঞাত হব' আমি কেহ নাহি জানে। হেনমতে বিচারে রহিল ছয় জনে 🖟 হেথায় আকুল িত্ত বিপ্লর স্থমতি। নিরন্তর **অনুশো**চে পাণ্ডবের প্রতি॥ কি মতে বাহির হবে জৌগুহ হইতে। নিশ্চয় যাইবে কেহ না পারে লক্ষিতে॥ বিচারিয়া বিত্রর করিল অনুমান। খনক আনিল জানে স্বড়ঙ্গ নিৰ্মাণ ॥ খনক স্থবুদ্ধি বড় বিহুরে বিশ্বাস। দকল কাহয়। পাঠাইল ধর্মপাণ॥ থনক কারল যুধিন্তিরে নমস্কার। ধারে ধারে কছে বিত্ররের সমাচার॥ পাঠাইল বিহুর আমারে তব কার্ছে। ভূমি খনিবার বিহ্যা আমার যে আছে॥ একান্তে কহিল মোরে ডাকি নিজ পাশ। তুর্য্যোধন-লোক বলি না যাবে বিশ্বাস ॥ অত নব এই চিহ্ন কহিল আমারে। আসিতে কি শ্লেচ্ছভাষে কহিল তোমারে : যুধিষ্ঠির শুনিয়া করিলেন আখাদ। জানিলাম তোমারে নাহিক অবিখাদ ॥

বিচুরের প্রিয় তুমি তেঁই পাঠাইল। 👳 নি যে বিহুর তুল্য আজি জানা গেল।। ্লা_{যা} দবাকার ভাগ্যে হৈলে উপনীত। গ্ৰধানে দেখ ছফ্ট কৌরক-চরিত॥ _{স্থ}ি জতুগৃহ বাঁশ-সংযোগে রচিত। যুক্তের খিলনি কৈল গৃহ চতুর্ভিত ॥ করে চতুর্দ্ধিকে গর্ত্ত গভীর বিস্তার। ত্তেক্ষাহিণীবলে পুরোচন রাথে দ্বার ॥ ্রন্থরূপে পড়িয়াছি বিপদ-বন্ধনে। উপায় করিয়া মুক্ত কর ছয় জনে॥ লোকে যেন নাহি জানে সব বিবরণ। ্হন্ বুদ্ধি কর তুমি হও বিচক্ষণ॥ শুনিয়া খনক তবে করিল উত্তর। খ দিতে লাগিল গর্ত্ত গৃহের ভিতর॥ হু দুক্তের মুখে দিল কপাট উত্তম। উপরে মৃত্তিকা দিয়া কৈল ভূমি সম।। চত্ত্রিকে ছিল গর্ত্ত অতাব গভীর। ভতেঃধিক তথায় খনিল মহাবীর॥ গুখাতীর পর্যান্ত খনক খনি গেল। সম্পন্ন করিয়া কার্য্য আসি নিবেদিল ॥ শুনিয়া হরিষ চিত্ত পঞ্চ সহোদর। প্রথমিয়া খনক চলিল নিজ ঘর॥ দাবিধানে রহে দনা ভাই ছয়জন। মুগয়া করিয়া ভ্রমে বন উপবন॥ ^{বংসরেক জ্}তৃগ্রহে করিল নিবাস। পুরোচন জানিল যে হইল বিশ্বাদ ॥ পুরোচন মন বুঝি ধর্ম্মের নন্দন। ভ'ইগণে আনিয়া বলিল ততক্ষণ॥ ্রানা সবা বিশ্বাস জানিল পুর্রৌচন। শিবধান হইয়া থাকিব ছয়জন॥ হাজি রাত্রি অগ্নি দিবে বুঝি পুরোচন। বিস্তরের কথা ভাই চিন্তহ এখন॥ ভাম বলে দিবসে করিতে নারে বল। রাত্র হৈলে পাবে ছুন্ট **আপনার ফল**॥ क्षें (पर्वे! स्थितिया वरतन পूख्र शर्वे। প্ৰাইয়া কোথায় ভ্ৰমিবে বনে বনে 🛚

ভালমতে কর আজি ব্রাহ্মণ-ভোজন।
কুধিত বিপ্রেরে তোষ' দিয়া বহু ধন॥
মাতার আজ্ঞায় আনাইল বিজগণ।
কুন্তীদেবী করাইল ব্রাহ্মণ-ভোজন॥
ভোজন করিয়া বিজ গেল সর্ববজন।
অন্ন হেতু আইল যতেক তুঃখীগণ॥
পঞ্চ পুত্রসহ এক নিষাদ-গৃহিণী দ
অন্ন হেতু আসে যথা কুন্তাঠাকুরাণী॥
পুত্রগণে দেখি কুন্তী জিজ্ঞাসেন তায়।
আপন তুঃখের কথা নিষাদী জানায়॥
দিনকর অন্ত গেল নিশা প্রবেশিল।
যথাস্থানে সর্বলোক শয়ন করিল॥

জতুগুছ-দাহ।

পরিবার লয়ে গৃহে শোয় পুরোচন। কত রাত্রে হইল নিদ্রায় অচেতন॥ রুকোদরে আজ্ঞা দেন ধর্মের নন্দন। পুরোচনদ্বারে অগ্নি দাও এইক্ষণ॥ রুকোদর পুরোচনবারে অমি দিল। অগ্নি দিয়া মাতৃসহ গর্ত্তে প্রবেশিল॥ মাতৃদহ পঞ্ভাহ শীঘ্ৰগতি চলে। হেথা জহুগৃহ ব্যাপ্ত হইল অনলে॥ অগ্নির পাইয়া শব্দ গ্রামবাদিগণ। জল লৈয়া চতুৰ্দ্দিকে ধায় সৰ্ববজন॥ নিকটে যাইতে শক্তি নহিল কাহার। চতুর্দ্দিকে ভ্রমে লোক ক'রে হাহাকার॥ জৌন্নত তৈলের গদ্ধ চতুর্দ্দিকে ধায়। জতুগৃহ বলিয়া যে লোকে টের পায়॥ ত্বন্ট কর্ম্ম কৈল ধৃতরাষ্ট্র ত্ররাচার। কপটে দহিল পঞ্চ পাণ্ডুর কুমার॥ ধর্মশীল পঞ্চ ভাই নহে অপরাধী। সত্যবাদী জিতেব্রিয় সর্ববগুণনিধি॥ তবে সবে জানিল পুড়িল পুরোচন। ভাগ্য ভাগ্য বলিয়া বলেন সর্ব্বজন॥ निर्द्धावशास्त्र विश्मा करत्र (यह कन । এইরূপ শাস্তি তারে দেন নারায়ণ॥

এত বলি কান্দে যত নগরের লোক। পাওবের গুণ স্মরি করে বহু শোক॥ জননী সহিত হেথা পাণ্ডুর নন্দন। হুড়ঙ্গে বাহির হৈয়া প্রবেশিল বন॥ ঘোর অন্ধকার নিশা গহন কানন। লতা বৃক্ষ কণ্টকেতে যায় ছয় জন॥ চলিতে অশক্ত কুন্তা ধর্ম যুধিষ্ঠির। ধনপ্রথ মাজিপুত্র কোমল শরীর ॥ কতদূর গিয়া কুন্তী হন অচেতন। শীত্রগতি যাইতে না পারে পঞ্চ জন॥ তবে রুকোদর নিল মায়ে স্কন্ধে করি। তুই ক্ষন্ধে মাদ্রীপুত্র হস্তে দোঁহা ধরি॥ বায়ুবেগে যান ভীম সহ পঞ্জনে। বৃক্ষ শিলা চূর্ণ হয় ভীমের চরণে॥ অতি শীঘ্রগতি যায় ভীম মহাবীর। নিশাযোগে উত্তরিল জাহ্নবীর তীর॥ গভীর গঙ্গার জল অতি সে বিস্তার। দেখি হৈল চিস্তিত কেমনে হৈব পার॥ চিন্তিত ভোজরে পুত্রী পঞ্চ সংহাদর। গঙ্গাজল পরিমাণ করে রুকোদর॥ হেনকালে দিব্য এক আইল তরণী। প্ৰবন গমন তাহে শোভে প্ৰতাকিনী॥ নৌকায় কৈবর্ত্ত বিত্রুরের অমুচর। না জানিয়া পঞ্চ ভাই চিন্তিত অন্তর ॥ দূরে থাকি কৈবর্ত্ত করিল নমস্কার। কহিতে লাগিল বিছুরের সমাচার॥ আমারে পাঠায়ে দিল পরম যতনে। তোমা সবা পার করিবারে নৌকাসনে॥ অবিশ্বাদী নহি আমি বিহুরের জন। সঙ্কেতে আমারে পাঠাইল সে কারণ॥ যথন আইলা সবে বারণানগর। মেছভাষে তোমারে সে কহিল উত্তর॥ যাহে জ্বন্ম তাহে ভক্ষ্য শীতল বিনাশে। ইহার আছয়ে ভয় যাহ সেই দেশে॥ এই চিহ্ন বলি মোরে আসিবার কালে। পাঠাইল করিবারে পার গঙ্গাজলে॥

তাহার বচন শুনি বিশ্বাস জন্মিল। ছয় জন গিয়া, নৌকা আরোহণ কৈল। চালাইল নৌক। তবে পবন গমনে। পুনরপি কহে দাদ বিহুর কানে॥ বিহুর কহিল এই করুণ বচন। হেথা থাকি শিরে দ্রাণ করি আলিঙ্গন। কিছুকাল অজ্ঞাতে বঞ্চ কোন স্থান। চ্যুখ ক্লেশ সহি কর কালের হরণ॥ এই কথা কহিতে হইল গঙ্গাপার: কুলে উঠিলেন দবে পাণ্ডুর কুমার॥ বলেন কৈবর্ত্ত প্রতি ধর্মের নন্দর্ন। বিদ্বুরে কহিবে গিয়া এই নিবেদন॥ বিষম প্রমাদ হৈতে সবে হৈন্তু পার। তোমা হৈতে পাণ্ডবের বন্ধু নাহি আর॥ তোমার উপায় হেতু রহিল জীবন। পুনঃ ভাগ্য হইলে হইবে দর্শন 🟲 এত বলি কৈবর্ত্তে করিল মেলানি। বনেতে প্রবেশ কৈল প্রভাত রজনী॥ গঙ্গার দক্ষিণে যান কুন্তীর নন্দন। উত্তরে বাহিয়া নৌকা গেল দে তখন॥ এখানে প্রভাত হৈলে নগরের লোক। জতুগৃহ নিকটে আসিয়া করে শোক॥ জল দিয়া নিভাইল যে ছিল অনল। ভন্ম উলটিয়া সবে নিরগে সকল॥ দ্বারমধ্যে দেখিল পুড়িল পুরোচন। তাহার হুহুদ যত ভাই বন্ধুগণ॥ জতুগৃহ দ্বারে তবে গেল ততক্ষণ। দেখিল অনলে দগ্ধ আছে ছয় জন॥ দেখিয়া সকল লোক হাহাকার করে। গড়াগড়ি দিয়া পড়ে ভূমির উপরে॥ হায় হায় কোথা কুন্তী মাদ্রীর নন্দন। নির্থিয়া সর্বলোক করয়ে ক্রন্দন ॥ এই কর্ম্ম-করিল পাপিষ্ঠ ছুর্য্যোধন। জতুগৃহ করিতে আইল পুরোচন॥ তুষ্টবৃদ্ধি ধৃতরাষ্ট্র সেও ইহা জানে। কপট করিয়া দগ্ধ কৈল পুক্রগণে॥

এট ফুণে আমা সবাকার এই কায। লোক পাঠাইয়া দেহ হস্তিনার মাঝ। ধু রাষ্ট্রে বল না করিও কিছু ভয়। মনোবাঞ্চা পূর্ণ তোর হলো তুরাশয় ॥ হস্তিনানগরে দূত গেল শী**দ্রগতি।** ভানাইল সমাচার **অন্ধরাজ** প্রতি॥ ্জীহুগুহে ছিলেন কুন্তী পাণ্ডুর নন্দন। নিশাযোগে অগ্নি তাহে দিল কোন্ জন॥ পুত্ৰসহ কুন্তীদেবী হইল দাহন। পরিবারসহ দগ্ধ হৈল পুরোচন॥ এত শুনি ধুতরাষ্ট্র শোকে অচেতন। ফণেক নিঃশব্দ হৈয়া করিল ক্রন্দন ॥ হাহ। কুন্তী যুধিষ্ঠির ভীম ধনঞ্জয়। হাহা সহদেব আর নকুল তর্জ্জয়॥ বহুবিধ বিলাপ করুয়ে অন্ধবর। দমাচার গেল অন্তঃপুরীর ভিতর ॥ গান্ধারী প্রভৃতি ছিল যত নারীগণ। শোকেতে আকুল সবে করয়ে ক্রন্দন॥ ভীস দ্রোণ কুপাচার্য্য বাহলীক বিছুর। পাওবের মৃত্যু শুনি শোকেতে আকুল॥ নগরের সব লোক কান্দয়ে শুনিয়া। পাওবের গুণ সব হৃদয়ে শ্বারিয়া॥ কেহ ভাকে যুধিষ্ঠির কেহ রুকোদর। কেই ধনঞ্জয় কেই মাজীর কুমার॥ হাহ। কুন্তী বলি কেহ করয়ে ক্রন্দন। এই মত নগরে কান্দয়ে সর্বজন॥ ত্বে ধৃতরাষ্ট্র আদ্ধি করিল বিধান। ব্রাহ্মণের দিল বহুরত্ন ধেনু দান॥ এথায় পাণ্ডবগণ ভুঞ্জি অতি ক্লেশ। হিড়িম্বের অরণ্যেতে করিল প্রবেশ॥ পথখ্রন আর ভয় ক্ষুধা তৃষ্ণা যত। ব্দেন ডাকিয়া কুন্তী প্রতি পঞ্চন্তত ॥ ^{বহুদুর} আইলাম অরণ্য ভিতর। তৃষ্ণায় আকুল, নাহি চলে কলেবর ॥ যাইতে না পারি আর বিনা জলপানে। কতক্ষণ বিশ্রাম করহ এই স্থানে॥

এত শুনি যুধিষ্ঠির বলেন বচন। না জানি মরিল কিবা জীয়ে পুরোচন 🛚 তুষ্ট তুরাচার তুর্য্যোধনের মন্ত্রণা। এই সমাচার পাছে কহে কোন জনা॥ তবে ত সাজিয়া সব আসিবে হেথায়। কি করিব তবে পুনঃ করহু উপায়॥ ভীম বলে নিঃশব্দে থাকহ এইস্থানে। পশ্চাতে যাইব তৃপ্ত হৈলে জলপানে ॥ অন্য সর্ববজনেরে রাখিয়া বটমূলে। জলে অবেষণে ভীম ভ্রমে নানা স্থলে ॥ জলচর শব্দ বীর শুনি কত দূরে। শব্দ অনুসারে গেন জল আনিবারে॥ জলেতে নামিয়া ভাম কৈল স্নান পান। জল লইবারে ভীম নাহি পায় স্থান॥ স্থল না পাইয়া ভীম বস্ত্ৰ ভিজাইল। বদনে করিয়া জল লইয়া চলিল॥ তুই ক্রোশ গিয়াছিল জলের কারণ। ক্ষণমাত্তে পুনঃ এল প্ৰবন-নন্দন॥ দেখিল সকলে নিদ্রাগত অচেতন। কহিতে লাগিল ভীম বিলাপ বচন॥ বিচিত্র পালক্ষোপরি শয্যা মনোহর। নিদ্রা নাহি হয় যাঁর তাহার উপর॥ হেন মাতা গড়াগড়ি যায় ধরাতলে। হরি হরি বিধি হেন লিখিল কপালে॥ কমল অধিক যার কোমল শরীর। হেন তাই তুগিতলে লোটায় শরীর॥ তিন লোক ঈশ্বরের যোগ্য যেইজন। সহজ মানুষ প্রায় ভূমিতে শয়ন॥ অৰ্জ্জুন সমান বীৰ্য্যবন্ত কোন জন। হেন ভাই কৈল হায় ধরাতে শয়ন॥ স্থানর নকুল সহদেব হলেপন। বাৰ্য্যবন্ত বুদ্ধিমন্ত সৰ্ব্বগুণধাম ॥ এরপ চূর্গতি নাহি হয় কোন জনে। তুক্তবৃদ্ধি জ্ঞাতি তুর্য্যোধনের কারণে 🛭 আপদে তরয়ে লোক জ্ঞাতির সহায়। বনে যেন বুকে বুকে বাতে বুকা পায়॥

তুর্য্যোধন কুলাঙ্গার হৈল জ্ঞাতিরৈরী। গৃহ ত্যজি যার হেতু বনে বনচারী॥ ছুর্য্যোধন কর্ণ আর শকুনি হুর্মতি। ধুতরাষ্ট্র দেও হুফ করিল অনীতি॥ ধর্ম্মেরে না করে ভয় রাজ্যে লুক্ত মন। পাপেতে নিমগ্ন হৈল চুফ্ট ভুর্য্যোধন ॥ পুণ্যবলে নাহি হ্লস্ট জীয়ে দেববলে। কোন দেব বরদায়ী হৈল হেনকালে॥ সে কারণে আজ্ঞা না করেন যুধিষ্ঠির। নহুবা গদার বাড়ি লোটাই শরীর॥ কোনু মন্ত্ৰ মহৌষধি কৈল কোনু জন। সে কারণে রহে ছুন্ট তোমার জীবন॥ ধর্ম্ম-আত্মা যুধিষ্ঠিরে করে পাপাচার। সে কারণে এত্র চুংখ আমা সবাকার॥ কোন কর্মে অশক্ত যে ইছ মোরা সব। তবু আজ্ঞা না করেন মারিতে কৌরব॥ কহিতে কহিতে ক্রোধ হৈল রুকোদরে। ় দুই চক্ষ লোহিত কচালে গুই করে॥ পুনঃ ক্রোধ সম্বঙিয়া দেখে ভ্রাভূগণে। নিদ্র। ভঙ্গ না করেন বিচারিয়া মনে ॥ হেনকালে হিডিম্বা নামেতে নিশাচর। বিপুল বিস্তার কায় লোকে ভয়ঙ্কর॥ দন্তপাটি বিদাকাটি জিহ্বা লহ লহ। দীর্ঘকর্ণ রক্তবর্ণ চক্ষু কৃপগৃহ॥ কুষ্ণ অঙ্গ অতি ব্যঙ্গ শিরা দীর্ঘতর। সেই কালে ছিল ভাল মহার উপর॥ পেয়ে গন্ধ হ'থে অন্ধ চতুদিকে চায়। চন্দ্রপ্রভা মুখলো গ জলরুহ প্রায়॥ স্থাশেভন ছয় জন দেখি বটমুলে। ছান্টমতি স্বদা প্রতি নিশাচর বলে॥ চিরদিন ভক্ষ্যহীন থাকি উপবাসে। দৈৰযোগে দেখ আজি আইল মা**নুষে**॥ স্থ্যপ্রত অকস্মাৎ মাংস উপনাত। ছয় জনে মম স্থানে আনহ ত্রিত॥ নাহি ভয় নিজালয় যাও শীঘ্রগতি। মোর বন কোনু জন বিরোধিবে সতী 🛭

ভ্রাতৃকথা শুনি তথা চলিল রাক্ষদী। বীরবর রুকোদর যথা আছে বদি॥ মহাভারতের কথা অমৃত-দমান। কাশীরাম দাদ কহে শুনে পুণ্যবান॥

> পাগুবের নিক্ট হিড়িম্বার আগমন। হিড়িম্ব রাক্ষদ বধ। হিড়িম্বার বিবাহ ও ম্টোংকচের জন্ম।

ভীম হিড়িস্বাতে হয় কথোপকথন ৷ দুরে থাকি হিড়িম্ব করয়ে নিরীক্ষণ ॥ বিসয়াছে হিড়িম্বা ভীমের বামদিকে । স্থুবনমোহন রূপ বিহ্যুৎ ঝলকে॥ কবরী বেড়িয়া দিব্য কুহুমের মালে। মাণিক প্রবাল মুক্তা হার তার গলে। বদন ভূষণ দিব্য নূপুর কঙ্কণ। স্বৰ্গবিচ্চাধরী মোহে নবান যৌবন॥ ভগিনীরে ডাক দিয়া বলয়ে হিড়িম্ব। এই হেতু এতক্ষণ তোমার বিলম্ব॥ ধিক্ তোর জীবনে কুলের কলঙ্কিনী। মনুষ্য স্বামীতে লোভ করিলি পাপিনী॥ মম ক্রোধ তোমার হইল পাদরণ। মম ভক্ষ্য ব্যাঘাত করিলি দে কারণ ॥ এই হেতু অগ্রে তোরে করিব সংহার। পশ্চাৎ এ সব জনে করিব আহার॥ এত বলি যায় হিড়িম্বারে মারিবারে। নয়ন লোহিত দন্ত কড়মড় করে॥ ভীম বলে রাক্ষদা রে তোর লাজ নাই। ভগিনীরে পাঠাইলি পুরুষের ঠাঁই ॥ তুই পাঠাইলি তেঁই আইল হেথায়। মদনের বশ হৈয়া ভক্তিল আমায়॥ কামপত্নী আমার হইল তোর স্বদা। মম বিগুমানে হুফ্ট বলিদ হুৰ্ভাদা মারিবারে চাহিদ, করিদ অহস্কার। এইক্ষণে পাঠাইব যমের ছুয়ার॥ মাতা ভাতা শুইয়া যে নিদ্রায় বিহবল। নিদ্রাভঙ্গ হইবেক না করিস গোল 🗈

ুন্মর বচনেতে রাক্ষস নাহি থাকে। **ভ**দ্ধান্ত যায় মারিবারে **হিড়িমাকে**॥ 🛫 🛪 কুন্তীর পুত্র তুই হাত ধরে। ্ত্র টানে কেলে অফ ধনুক অন্তরে॥ ত্তবল রাক্ষম উঠিয়া তাড়াতাড়ি। k:এলের ধরিলেক করিয়া আঁকাডি॥ 🛪 🖫 র নন্দন ভীম অতি ভয়ঙ্কর। ∞বল আনক যার পাইলে সমর ॥ চ্চিত্রনে টানাটানি ধরি ভুজে ভুজে। 🌬 ও শুওে টানটোনি যেন করে গজে॥ চল নত্রিংই যেন করে সিংহনাদ। মে:এর নিঃস্বন যেন করয়ে আহলাদ॥ কিঃনকার আ**ক্ষালনে ভাঙ্গে রুফগণ।** শূল'র কাননবাদী ত্যুজিয়া কানন॥ কননে পুরিল শব্দ দোঁহার গর্জ্জনে। নত্র' ভঙ্গ হইয়া উঠিল পঞ্জনে। াস্যাছে হিড়ি**শ। নিন্দিত** বিসাধরী । লেওয়া বিশ্বায় **হৈল ভোজের কুমারী॥** ^{মান্ড}র্ব্য দেখিয়া কুন্তী **উঠি শী**গ্রগতি। মে গ্রামে জিজ্ঞাদেন হিডিম্বার প্রতি॥ ক হুমি কোথায় **হৈতে আইলে গো হেথা।** মপারা নাগিনা কিবা বনের দেবতা॥ ^{হি}ড়িয়া প্রণাম করি কুন্তী প্রতি বলে। 🎫 ্ততে রাক্ষদী আমি নিবাদ এন্থলে॥ এই বন-নিবাসী **হিড়িম্ব। নি**শাচর । ^{মহানো}কার সে আমার সংহাদর॥ শৃশু পুত্র সহ তোমা ধরি লইবারে _' ^{ছাই} মোরে পাঠাইয়া দিল হেথাকারে॥ ^{ারম} স্থন্দর দেখি তোমার তনয়। দ′মে বশ হৈয়। আমি ভজিলাম তায়॥ বলৰ দেখিয়া মম আদি মম ভাই। ত'নার পুজের দহ যুঝে দেখ ওই॥ ইড়িম্বার মৃথে শুনি এতেক উত্তর। ^{চারি} ভাই ভীম **স্থানে চলিল স**রুর॥ টিম হিড়িম্বাতে যুদ্ধ না যায় বর্ণন। গল পৰ্বত প্ৰায় দেখে চুইজন॥

যুদ্ধে ধূলি ধূদর দোঁহার কলেবর। কুজটিতে আচ্ছাদিত যেন গিরিবর॥ তুইভিতে দোঁহাকারে টানে হুইজন। নিশ্বাস পবন ঝড়ে উড়ে বৃক্ষগণ॥ ডাক দিয়া যুধিষ্ঠির বলেন বচন। রাক্ষদের ভয় নাহি করিও এখন॥ তোমা সহ রাক্ষ্যের হৈয়াছে বিবাদ। নিদ্রায় ছিলাম এত না জানি প্রমাণ। সবে মিলি রাক্ষদেরে করিব সংহার। এত শুনি বলে ভীম প্রবন্ধুমার। কি কারণে সন্দেহ করহ মহাশ্য। এইক্ষণে বিনালিব বাক্ষম দৰ্জ্জয়॥ পথিক লোকের প্রায় দেখ দাঁডাইয়া। এত বলি দিল লাফ ভুজ প্রসারিয়া॥ অৰ্জ্জন বলেন বহু করিলা বিক্রম। রান্সদের যুদ্ধে বহু হৈল পরিশ্রম !! বিশ্রান করহ তুনি থাকিয়া অন্তরে। আমি বিনাশিব ভাই এই নিশাচরে॥ ব্দৰ্জ্বন বচনে ভীম অধিক কুপিল। চুলে ধরি হিড়িস্বারে স্কুমেতে ফেলিল॥ চড় আর চাপড় : স্টিক পদাণাত। পঞ্চিবং করি তারে করিল নিপাত 🛚 মধ্যদেশ ভাঙ্গিয়া করিল ছইথান। দেখাইল নিয়া সব ভাতৃ বি**স্ত**মান ॥ পরস্পার আলিঙ্গন পঞ্চ সহোদরে। প্রশংসিল ভাতৃ সব বার রুকোদরে॥ অৰ্জ্জুন বলেন ভবে চাহি যুধিষ্ঠিরে। এই ত নিকটে গ্রাম নহে বহুদূরে॥ এই সমাচার যদি শ্রমে কোন জন। লোকমুখে বার্তা তবে পাবে হুর্য্যোধন ম সে কারণে ক্ষণেক রহিতে না যুধার। শীদ্র চল অন্য স্থানে ত্যজিয়া হেথায়॥ হেন মতে যুক্তি করি পাণ্ডব তথন। মাতা সহ শীঘ্ৰগতি করেন গমন॥ হিড়িশ্ব। চলিল তবে কুন্তীর সংহতি। হিডিঅ। দেখিয়া ক্লোধে বলয়ে মারুতি ॥

THE PROPERTY OF THE PARTY OF TH क्षा रहे । प्रमुख्य क्षा क्षा का ना ना जा है । नवर अदिक साम असे वादियान । काराव प्राप्ता विशेषाम् देश मता। नामहि नक्ति व क्रिय ता का अर्ग । এক তার করি তোরে আভার সংহতি। এত বঁটা মারিবারে বার মহামতি **।** প্রবিটির বলিলেন তীন-তন আর। প্ৰৱা প্ৰীক্ষান্তি কেন কৰিবে সংহার। कंत्रिटन गरशंत जनरहरम विभिन्नत । জোৰা ৰবিবাৰে শক্তি ভাছে কি ইহাৰ प्रतिविश्व बाह्न करिन बुदकानत । বিশিষা দুখীরে কংং হইরা কাতর । ক্লাক্সাবাক্তো মন সভ্য অসীকার। জোদা বই জন যোর গতি নাই আর 🛚 मानक रेटा जानि प्रकान रहेन् । ৰালা পুৰুত্ব শৈ আতৃ ভ্যাগ কৈছু। ৰ ভাৰ মৰিলাৰ ভোষার নকনে। क्षकरन क्षेत्रीयाँ चानि निराम नद्राम । नवपानरकत्व रकाय ना स्त्र देशिक। লাপৰি *নামৰ* দৰ্ম দেখিয়া **চঃ**খিত ॥ नता है त्यपिर जानि त्यासाय हजार । I FOR PRISON WITH STATE OF THE OF SHIP WESTER TOPINGS I क्षितिक सा. उपनात लाक्स ।

ভীবে ল'রে হিডিছা চলিন ভতক্ৰ। .जुक्रमस्य गरेग्री हिमान मिनाहती। नाना वन प्रश्वरान खादन क्षीफा कति । यथा नम करत, जना ताब मुद्राई कि । नम नमी नहामिति खनात कोकूक । निका निका नदिवन बहुत जन्द्रश्य । হেনমতে রতি জীড়া করে **অবি**ঞাস । कछ मित्र अकुरवादभ देशम शर्फवछी । ভয়ক্ষয় বৃত্তি পুদ্র হৈল উৎপত্তি ৷ জন্মবাত্রে যুধক হইল মহাধীর। বক রক ভরা<u>ত্তরে</u> বিপুল শরীর । विविध वर्ष घंठे कठ चुनाकात । ঘটোৎকচ নাম ভেঁই ভানের কুমার। মহাবলবান হৈল হিডিমানন্দন। ইদ্রের একাদ্রী শক্তি যে হবে ভাজন। ঘটোৎকচ ৰাড় সহ মন্ত্রণা করিয়া। ক্তাঞ্চলি কৰে দোঁহে দওবৎ হৈয়া। আজা কর বাব যোৱা আপন আলয়। শ্বরিলে আসিব এই রহিল নিশ্চর ॥ পাজা পেয়ে মাড়া পুত্রে করিল গমন। উত্তম দিকেতে গেল আপ্ পাওবেরা চলিলেন गইয়া जैसी **क चारत वा भारकन काठात प्रकरी ।** পথে লোকজন দেখি পুরুষয়েন বনে। শীপ্রগতি যান যথা কেই নামি জানে। ত্রিপর্ক পাঞ্চাল মৎস্তাদিক বত দেশ। विभित्तन बहुद्धारण कवित्रा विद्यान ह (स्नम्राज जरमन (स अम्बद्धानन) चार्रचिटक चारेरमस ब्राम फरमायन । सारम अपि क्षोज़िती भूजात मरिएक। कुर्वाश्चित असमित्र केलाम पद्मार । काराव मानारक क्षीर कराव कवान । THE PORT OF STATE AND A PARTIES THE THE STREET THE

बातक अक्टर ब्रासिटाक रेट किन् ाउ देवन बद्भाष्टव नावित नावात । त कावत तिविवादव माहित त्यांके हाथ ना छावित वर् वित्र कत्र मन जिति स्टेटन क्य क्रांस विकास्त । তৰ পুত্ৰগৰ গুৰু না জানহ ভূমি 📑 মুম অপোচর নাহি সুব জানি আছি। शर्मवरण वास्वरण किनिय मकरण বিভব করিবে সাগরান্ত ভূমবলে 🕯 अकर्ण स्व विन व्यक्ति छन नावशास्त । বহু ছঃখ পেলে, বহু জমিলে কাননে 🎚 निक्रि नगत अरे अक्टका नाम। किन्तिन ब्रहि (स्था कब्रह विखान । क्षश्रात्त वह चात्र वाक इत्रक्रत । তাবং থাকহ আমি না আসি বত দিনে 🛭 ব্রাহ্মণের গৃহে রহিলেন ছয়জন। বস্থানে গেলেন ব্যাস বহাতপোধন 🛚 পুণ্যকথা ভারতের অমৃত সমান। कारीबाम मान करह स्टान भूगावान्।

THE THINK SHEET PROPERTY AND PROPERTY OF THE PERSON OF अक्षरिन विकाहर मासि (न मामारक) পর্ম সাহার্য বিপ্র করিল বিগতে 🕻 अथन विशेष अस वरेश सामा । चवन विभार केरन केनर नेमन ह छेशकात्री ज्ञान (य गांशवा मारि करते। পরলোকে পাপ হয় প্রথণ সংসারে ॥ कीम बनिद्रमम माका किकान जामात्। শক্তি অনুসারে রকা করিব একণে । ভীমের আখাস পেরে বান কুজীবে বী 1 বংসের বন্ধনে যেন ধার ভ করভি 🛊 ব্রাহ্মণ কাতর হৈয়া বলে ক্রাহ্মণীরে। এই হেতু পূৰ্বে কত বলিমু ভোষাৰে 🖫 রাক্ষদের উপত্রব যেই দেশে হয়। সে দেশে বগতি কছু উপযুক্ত নয়। পিতা মাতা স্নেহে তুমি সঞ্জিলা ৰচন। ভাষার উচিত হলে পাইলে এখন। কি করিব উপার না দেখি বে ইহার। কোন বৃদ্ধি করিব না কেৰি প্রতিকার । ভূমি ধর্মপদ্ধী হও আমার গৃতিরী। गर्व धर्मविभागमा स्पद्मशास्त्री বিশেষ বালক পুঞ্জ আছে বে ভোষার। তোষা বিনা মুহুর্ছেক না জীকে সুবার 🕸 चत्राना क्षांच द्वाप स्टब दक्षांचा विद्वा बीयरक स्ट्रेटर मधा रकामान समान । আপনা রাগিয়া তোলা দিব রাজনের। जागाम रहा जाता असाह किया। पर्व क्यों धरे क्या प्रामी। क्षांत्र अक्टाटा विटन कुम्स कारियों है क्या कर देखा विकास करते यांच THE CHARLEST STREET, S. C. THE PLANT WE WAR THE ST THE PROPERTY AND ADDRESS OF THE PERSON ASSESSMENT WITH THE PARTY OF THE PARTY.

ব্রাহ্মণী বলেন প্রভু কেন হুঃখ ভাব। তোমরা থাকহ আমি স্থথে তথা যাব॥ তুমি যদি যাবে তথা একে হবে আর। একেবারে মজিবে সকল পরিবার॥ আমি সহয়তা হব তোমার মরণে। অনাথ হইবে কন্সা পুত্র তুইজনে॥ তবে কদাচিত যদি রাখিব জাবন। কি শক্তি আমার শিশু করিতে পালন ॥ তোমা বিনা অনাথ হইব তিন জনে। অনাথের বেশী কন্ট হবে দিনে দিনে॥ দরিদ্র দেখিয়া তবে অকুলান জন। এই কন্সা বরিবেক দিয়া কিছু ধন॥ অল্পকালে এই পুত্র হইবে ভিক্ষুক। কুলধর্মা আর বেদে হইবে বিমুখ॥ বলিন্ঠ হুম্মু খ লোক কামে মুগ্ধ হবে। অনাথা দেখিয়া মোরে বলে আকর্যিবে॥ ্বিবিধ দুর্গতি হবে ভোমার বিহনে। <mark>অনু</mark>চিত ভোমার যাইতে সে কারণে॥ অপত্য নিমিত্ত তুমি করিলে সংসার। পুত্র কন্সা হুই গুটি হ'য়েছে তোমার॥ আমি বিনা গৃহস্থালী হবে আর বার। েতোমার বিহনে সর্ব্ব হবে ছারখার॥ ভার্য্যার পরম ধর্মা স্বামীর দেবন। স্বামী বিনা অকারণ নারীর জীবন॥ সঙ্কটে তারয়ে স্বামী দিয়া আপনাকে। ভুঞ্জয়ে অগয় স্বৰ্গ যশ ইহলোকে॥ তপ জপ যজ্ঞ ব্রত নানাবিধ দান। স্বামীর প্রদাদে হয় সর্বত্ত সম্মান ॥ সর্ব্ব ধর্ম্ম আছে ইথে শাস্ত্রেতে বিহিত। ্রাক্ষদের ঠাই আমি যাইব নিশ্চিত॥ ব্রাহ্মণী এতেক যদি করিল উত্তর। গলে ধরি উচ্চৈঃস্বরে কান্দে বিজ্ঞবর॥ স্বামীর ক্রন্দন দেখি কান্দয়ে ব্রাহ্মণী। মা বাপের দশা দেখি কন্যা বলে বাণী॥ অনাথের প্রায় দোঁহে কান্দ কি কারণ। ক্রন্দন সংবর শুন মম নিবেদন॥

রাক্ষদের ঠাই যদি জননী যাইবে। জননী বিচ্ছেদে এই বালক মরিবে॥ পিওদান যাবে আর হবে কুলক্ষয়! সে কারণে মাতার যাইতে বিধি নয়॥ জন্ম হৈলে কত্যারে অবশ্য ত্যাগ করে। বিধির নিয়ম ইহা কে খণ্ডিতে পারে॥ দৈবেতে আমারে পিতা অন্যে দিবে দান। এক্ষণে রাক্ষদে দিয়া দোঁছে হও ত্রাণ।। আমা হেন কত হবে তোমরা থাকিলে। সে কারণে মোরে দিয়া বঞ্চ কুভূহলে **॥** হইলে আমার পুত্র তারিবে পশ্চাতে। সম্প্রতি তরিয়া আমি যাইব নিশ্চিতে॥ এতেক শুনিয়া কান্দে ব্রাহ্মণ ব্রাহ্মণী। তিন জনে গলাগাল কান্দে উচ্চধ্বনি॥ এমত শুনিয়া পুত্র তিনের ক্রন্দন। মুখে হস্ত দিয়া করে স্বারে বারণ॥ রাক্ষদে মারিব এই বাড়ির প্রহারে। কোথা আছে দেখাইয়া দেহ দেখি তারে॥ বালকের বচন শুনিয়া তিনজন। হাসিতে লাগিল তারা ত্যজিয়া ক্রন্তন ॥ ক্রন্সন নিবৃত্ত দেখি ভোজের নন্দিনা। বলেন ব্রাহ্মণ প্রতি সকরুণ বাণী॥ মৃতের উপরে যেন স্থধা বরিষণে। জিজ্ঞাসেন কুন্তীদেবা মধুর বচনে॥ কি কারণে ক্রন্ণন করহ তিনজন। জানিলে হইবে সাধ্য করিব মোচন॥ দ্বিজ বলে যেই হেতু করি যে ক্রন্দন। মনুষ্যের শাক্ত নাহি করিতে মোচন॥ এই নগরেতে আছে বক নিশাচর। অত্যন্ত তুরন্ত দেই রাজ্যের ভিতর॥ যক্ষ রক্ষ প্রেত ভূত পরচক্র ভয়। তার ভুজবলে ইথে নাহিক সংশয়॥ নগরের মধ্যে ইথে আছে যত নর। রাক্ষদের নির্ণয় করিল এই কর॥ পায়দ পিষ্টক যত শকটে পুরিয়া। এক নরবলি দেয় নিয়ম করিয়া॥

্র কার্য্য বিনা অন্য নাহিক তাহার। _{বহু গ}লে মম প্রতি হয়েছে কড়ার॥ ্রুরপে বলি নাহি দেয় যেই জন। _{প্র}্থ সহ তারে করয়ে ভক্ষণ॥ গ্রাজ তার পঞ্চ হইল মম ঘরে। ত করিব কি হইবে বাক্য নাহি সরে॥ ্র ভার্যা কন্সা পুক্র আছি চারিজনা। ठ व দিব বলিদান করি যে ভাবনা॥ হত্তম্য কিনিয়া দিব নাহি হেন ধন। ুজন কুটুন্ব তারে নাহি হেন জন॥ কারে নায়া তেয়াগিতে নারে কোন জন। দৰে মিলি যাব ভাগ্যে যা থাকে লিখন॥ প্রানার এতেক কাতর বাক্য শুনি। ন্দ্র হাদয়। বলে ভোজের নন্দিনা॥ 🕬 •্যজ দ্বিজবর না কর ক্রন্সন। দকুট্র যাবে কেন রাক্ষস-সদন ॥ দ্দপুত্র আছে মম শুন হে ত্রাহ্মণ। এক পুত্র দিব আমি তোমার কারণ॥ ৰজ বলে কি প্ৰকাৱে করিব এ কৰ্ম। লোকে অ**সম্ভব হবে মজিবেক ধর্ম॥** এল্লি দিল বিজে রাথে বেদে হেন কয়। ৰজ দিয়া আতারক্ষা উচিত না হয়॥ মজ্ঞানে ব্রাহ্মণ-বধে নাহি প্রতিকার। ি মতে করিব হেন কর্ম্ম প্ররাচার॥ ইন্ডা বলিলেন যে কহিলা দ্বিজমণি। 环 অগোচর নহে আমি সব জানি॥ াতির বেদনা মম না সত্থে পরাণে। ^{বশেষ} ব্রাহ্মণ-ছুঃখ **সহিব কেমনে** ॥ ^{হিজ} বলে হেন বাক্য না বলিও মোরে। ্ব পাপ ভুঞ্জিব আমি যুগ-যুগান্তরে॥ িশব্দে বলেন কুন্তী শুন দ্বিজবর। ামার তন্যুগণ মহাবলধ্র॥ াশ্বসে থাইবে ছেন না ভাবিও মনে। াক্ষস সংহার কৈল মম বিভামানে ॥ বদ-বিতা-বুদ্ধিমান মম পুত্ৰগণ। খিবতে নাহিক জিনিতে কোন জন॥

শত পুত্র থাকিলে কি পুত্রে অনাদর। ভয় ত্যজি অন্য বলি আনহ সত্ত্বর 🛚 কুন্তীর অদ্ভুত বাক্য শুনিয়া তখন। মৃতদেহে দিজ যেন পাইল জীবন॥ দ্বিজে দঙ্গে ল'য়ে কুন্তা করিল গমন। ভীমেরে জানাইলেন সব বিবরণ ॥ মায়ের বচনে ভাম করেন স্বীকার। হরিষে ত্রাহ্মণ গেল গৃহে আপনার॥ কতক্ষণে আইলেন ভাই চারিজন। যুধিষ্ঠির শুনিলেন সব বিবরণ॥ একান্তে ধর্মের পুত্র ডাকিয়া মায়েরে। জিজ্ঞাসা করেন ভাম যাবে কোথাকারে॥ তোমার সম্মত কিবা আপন ইচ্ছায়। কাহার বুদ্ধিতে হেন করিলা উপায়॥ কুন্তী বলে আমার বংনে রুকোদর। বিপ্রের কারণে আর রাখিতে নগর 🛚 ধৰ্ম কীৰ্ত্তি আছে ইথে নাহি অপয়শ। আর ত্রাহ্মণের রক্ষা পরম পৌর্য॥ এত শুনি যুধিষ্ঠির কহেন বিরস। কোন্ বুদ্ধে মাতা হেন করিল। সাহস॥ এমন গুরুর নাহি শুনি ইহলোকে। মাতা হৈ। পুত্রে দেয় রাক্ষদের মুখে॥ ভিক্ষা মাগি প্রাণ রাখি যথাস্থানে বাস। পুনঃ রাজ্য পাব বলি যার বলে আশ। যার ভুজবলে নিজা না যায় কৌরবে। যার তেজে জতুগুহে রক্ষা পাই সবে॥ স্বন্ধে করি লৈল সবা হিড়িম্বক বনে। হিডিকে মারিয়া কৈল সবার রক্ষণে ॥ আমরা বাঁচিব আর কিসের কাজণে স হেন পুত্র দিলা তুমি রাক্ষ ভক্ষণে। জননা হইয়া ইহা কেহ নাহি করে। বেদেতে নাহিক, নাহি সংসার ভিতরে॥ রাজার তুহিতা তুমি রাজার নন্দিনা। বনবাসী হৈয়া তব হৈল বুদ্ধিহানী ॥ কুন্তী বলে যুধিষ্ঠির না ভাবিও তাপ। মম অগোচর নহে ভীমের প্রতাপ॥

জন্মকালে পরাক্রম দেখেছি তাহার। প্রস্বিয়া নিতে শক্তি নহিল আমার॥ কিছুমাত্র তুলি পুনঃ ফেলাইসু তলে। গি**রিশৃঙ্গ চুর্ণ হৈল ভীমের আ**ফালে॥ বারণাবতে তুমি দেখিলা নয়নে। চারি হস্তী তুল্য যে তোমরা চারিজনে॥ **আমা সহ সবারে লইল** স্বন্ধে করি। হিড়িম্বা বরিল বনে হিড়িম্বে সংহারি॥ ভীম-পরাক্রম পুত্র আমি জানি ভালে। রাক্ষদ সংহার হবে ভীম-বাহুবলে॥ উপস্থিত ভয়ে ত্রাণ করে যেইজন। তার সম পুণ্য বাপু না করি গণন॥ বিশেষ গো-বিপ্র হেতু দিবে নিজ প্রাণ। আপনাকে দিয়া দ্বিজে করিবেক ত্রাণ ।। রাজ্যরক্ষা বিজরক্ষা আর যে পৌরষ। ছেন কৰ্মো কেৰ তুমি হইলে বিরস।। মায়ের এতেক নীতি শুনিয়া বচন। ধক্য ধন্য বলিলেন ধর্মের নন্দন॥ পুরহঃথে হুঃখী তুমি দয়ালু হৃদয়। তোমা বিনা হেন বৃদ্ধি অন্যের কি হয়॥ পরপুক্ত ত্রাণ হেচু নিজপুক্র দিলা। ব্রাহ্মণেরে এ সঙ্কটে রক্ষণ করিলা॥ তোমার পুণ্যেতে মাতা তরিব বিপদে। রাক্ষদ মারিবে ভীম তোমার প্রদাদে॥ আর এক কথা মাতা কহ বিজ্ঞবরে। এসব প্রচার যেন না করে অন্মেরে॥ ড়বে কুন্তী তত্ত্ব কহিলেন সে ব্রাহ্মণে। বলিসজ্জা করি দ্বিজ্ঞ দিল ততক্ষণে ॥ নিশাকালে বুকোদর শকটে চড়িয়া। যথা বৈদে বনে বক উত্তরিল গিয়া॥ রে রে বক নিশাচর আইস সত্তর। এত বলি অন্ন খায় বীর রুকোদর॥ নাম ধরি ভাকিতে ক্রোধেতে ধর পর। বক বীর আদে যেন পর্ব্বত শিখর॥ মহাকায় মহাবেশ মহাভয়ক্ষরে। চলিতে বিদরে কিতি চরণের ভরে॥

অন্ন খায় রুকোদর দেখে বিভাষান। ক্রোধে তুই চক্ষু যেন অনল-সমান॥ ডাক দিয়া বলে বক আরে হুফীমতি। মনুষ্য হইয়া কেন করিদ্ অনীতি॥ সকুটুম্ব ব্রাহ্মণে খাইব তোমা দোষে। এত বলি নিশাচর রোকে অতি রোধে। রাক্ষদের বাক্য ভীম না শুনিয়া কাণে। পুষ্ঠ দিয়া তারে, অন্ন পুরেন বদনে॥ দেখি ক্রোধে নিশাচর করয়ে গর্জন। ঊদ্ধবাহু করি ধায় অতি ক্রোধমন॥ তুই হাতে বক্সমম পুষ্ঠেতে প্রহারে। তথাপি ভ্রাক্ষেপ নাহি করে রুকোদরে॥ পুষ্ঠে যে রাক্ষ্স মারে সহেন হেলায়। পায়সান্ন খায় বীর বসে নিঃশঙ্কায় 🛚 দেখিয়া অধিক ক্রোধ হৈল নিশাচরে। বুক্ষ উপাড়িয়া মারে ভীমের উপরে। তথাপিও অন্ন খায় হাসি বুকোদর। বাম হাতে কাড়িয়া নিলেন রক্ষবর॥ পুনঃ মহারুক্ষ উপাড়িয়া নিশাচর । গর্জ্জিয়া মারিল রুক্ষ ভীমের উপর॥ द्रारक द्रारक युक्त देश्न ना याग्र कथरन। উচ্ছন্ন হইল রুক্ষ না রহিল বনে॥ শিলারম্ভি করে দোঁহে দোঁহার উপর। বাহুতে বাহুতে যুদ্ধ হৈল ভয়ঙ্কর॥ মুণ্ডে মুণ্ডে বুকে বুকে ভুক্তে ভুক্তে ভাড়ি ধরাধরি করি দোঁহে যায় গড়াগড়ি॥ যুদ্ধেতে হইল ক্ষান্ত বক নিশাচর। রাক্ষদে ধরিল বীর কুন্তীর কুমার॥ বাম হত্তে তুই জাতু দক্ষিণ হত্তে শির। বুকে জান্ম দিয়া টানিলেন ভীম বীর॥ মধ্যে মধ্যে ভাঙ্গিয়া করেন হুই খান। মহাশব্দ করি বীর ত্যব্জিল পরাণ॥ আর যত আছিল বকের অসুচর। ভয়ে পলাইয়া সবে গেল বনান্তর 🛚 নগর নিকটে ভীম বকে ফেলাইয়া। মাতৃ-ভ্রাতৃ-স্থানে বীর কহিলেন গিয়া॥

হর্ষিত কুন্তীদেবী ডাকে যুধিষ্ঠিরে। যুধিষ্টির প্রশংসা করেন রকোদরে॥ বছনা প্রভাত হৈল উদয় অরুণ। বাহির হইল যত নগরের জন॥ ্দ্রিয়া সকল লোক **হৈল চমৎকার।** পড়িয়াছে বক যেন পর্বত আকার॥ কেই বলে এ কর্ম্ম করিল কোন জন। কেছ বলে নিক্ষণ্টক হৈল সৰ্ববজন ॥ বিচারিয়া বলে সব নগরের জন। তদন্ত জানহ বকে কে কৈল নিধন॥ কালিকার ভোজ্য যার আছিল পঞ্চ । সেই বলিবারে পারে বকের অন্তক॥ ব্রাহ্মণের ঘরে বলি জানিল নির্ণিত। সবে মেলি ব্রাহ্মণেরে ডাকিল ত্বরিত॥ ক্ষিজাসিল ব্রহ্মীণেরে সব বিবরণ। ব্রাহ্মণ বলিল শুন ইহার কারণ ॥ কালিকার পঞ্চক আছিল মম ঘর। আমাকে শোকার্ত্ত দেখি এক দ্বিজ্ঞবর॥ সদয় হইয়া বিজ দানিয়া অভয়। বলি লৈয়। বকস্থানে গেল মহাশয়॥ দেই দ্বিজ্বর বকে করিল সংহার। সেইত রাজ্যের দ্বিজ করিল নিস্তার ॥ মানন্দে ব্রাহ্মণ এল আপনার ঘরে। দেবতুল্য বিজবর পূজে পাগুবেরে॥

গ্রহার ও দ্রোপদীর উৎপত্তি কথন।
হেনমতে দ্বিজ্ঞগৃহে কত দিন যায়।
আচন্দিতে এক দ্বিজ্ঞ আইল তথায় ॥
বিবিধ দেশের কথা কহে তপোধন।
পঞ্চ পুত্র সহ কুন্তী করেন প্রবণ॥
দ্বিজ্ঞ বলে করিলাম দেশ পর্য্যটন।
বহু নদী তীর্থক্ষেত্রে না যায় গণন॥
দেখিলাম আশ্চর্য্য যে পাঞ্চাল নগরে।
মহোৎসব ক্রপদ কন্সার স্বয়ংবরে॥
ক্রপদ রাজার কন্সা ক্রফানাম ধরে।
ক্রপে শুল্য নাহি পৃথিবী ভিতরে॥

ৰযোনিসম্ভাৰ কন্যা জন্ম যত্ত্ব হৈতে। যাজ্ঞদেনী নাম তার বিখ্যাত জগতে॥ জা**পদের পুত্র** এক রূপগুণধাম। দ্রোণ বিনাশিতে জন্ম ধৃষ্টত্বান্ন নাম॥ এত শুনি জিজ্ঞাদেন পাণ্ডুপুত্রগণ। কহ শুনি দ্বিজ্বর ইহার কারণ॥ দ্বিজ বলে পূর্বেব দ্রোণ দ্রূপদের মিত। কত দিনে কলহ হইল আচন্বিত॥ অভিমানে গেল দ্রোণ হস্তিনানগর। অন্ত্র শিক্ষা করাইল কৌরব কোপ্তার॥ শিক্ষা অন্তে শিষাগণে দক্ষিণা মাগিল। দ্রূপদ রাজারে বান্ধি আনিতে কহিল॥ কুন্তীপুত্র অর্জ্জুন গুরু আজা পাইয়া। জপদ রাজারে বান্ধি দিলেন আনিয়া॥ অভিমানে দ্ৰূপদে না রুচে অন্ন জল। কেমনে মারিবে চিন্তে দ্রোণ মহাবল ॥ এইত ভাবনা বিনা অশ্য নাহি মন। সদা গঙ্গাতীরে রাজা করেন ভ্রমণ ॥ যাজ উপযাজ নামে তুই সহোদর। বেদেতে বিখ্যাত দোঁহে ব্রাহ্মণ কুমার॥ উপযাজে জ্ৰপদ দেখিল একদিনে। বহু পূজা ভক্তি কৈল তাঁহার চরণে ॥ বিনয় মধুর ভাষে যুড়ি ছুই কর। উপযাজ প্রতি বলে পাঞ্চাল ঈশ্বর॥ এক লক্ষ ধেমু দিব অসংখ্য স্থবর্ণ। যাহা চাহ দিব, মম বাঞ্চা কর পূর্ণ॥ মম ইফ্ট কর্ম্ম এই শুন মহাশর। দ্রোণ নামে আছে ভরদ্বাদ্রের তনয়।। অন্ত্রধারী তার ভূল্য নাহি ক্ষিতি মাঝে। পৃথিবীতে নাহি ছেন তার মনে যুঝে॥ দ্বিতীয় পরশুরাম সম পরাক্রমে। হেন বৃদ্ধি কর তারে জিনি যে সংগ্রামে 🛭 ক্ষজ্রিয়ে অশক্য শক্তি হৈয়াছে তাহার। তপোমন্ত্রবলে তার কর প্রতাকার 🛭 (हन यछ कत्र, हग्न आभात्र नन्मन। তার ভুজবলে দ্রোণ হইবে নিধন ॥

मामाम गटन मत्न अव गुरिक मा। जामार्गत यथभा छिहिन मा एक বিজের এতেক বাকা ভানিয়া রাজন। পুনঃ বছ স্তাভি করি বজিল বচন ॥ জ্ঞাপদের বিনয় দেখিয়া বিজ্ঞার। প্রাসম হইটা বলে শুন দশুধর। ৰম জ্যেত ভাই যাজ পরম তপরী। **दिनविभावम**्जमा खब्रग्र निवामी ॥ প্রার্থনা-ভাষার স্থানে করহ রাজন। জিনি করিবেন তব ছঃথ বিষোচন ॥ উপযাক থাকে। সেল যাকের সদন। প্রণমিয়া সকল করিল নিবেদন 🛭 সদয় হইয়া থাজ করিল স্বীকার। যক্ত আরম্ভিল তবে পৃষত-কুমার। রাণী সহ প্রত আচরিল নরবর। বজ্ঞ পূর্ণ দিনে জন্ম হইল কোওর। শ্বনিষ্প হৈল বীর হাতে ধসুংশর। সক্ষেত্তে কবচ ভার মাধায় টোপর। লব্য হতে ধরে খড়গ লোকে ভয়কর। পুত্র দেখি আনন্দিত পাঞ্চাল ঈশ্বর 🛭 তবে নেই ফলমধ্যে কন্সার উৎপত্তি। ক্ষ্মমাত্র দশ দিক করে মহাগ্রাভি ॥ অবের সৌরত এক খোজন ব্যাপিত। ছবাছৰ বন্ধ ৰুক্ত পদৰ্মৰ ৰাঞ্চিত। পুতা কথা চুইজনে যজেতে জন্মিল। হেনকালে আকাশে আকাশবাণী হৈল এ কভান্ত হৈল কম ভন বিবরণ हेरा दिएक न्या अव स्ट्रेटर नियन क्षाप्राच कर स्ट्र व क्या ब्हेर्स्ट अहे शुक्क क्या देशन द्वाप विनामित्य ग्रांक नामान गुनै कनि गर्यस स्त्र सम्बद्धाः व्यक्तिकारः चन THE CHICARY SILVE PARENTY ! विकास काम काम क्रिक विवास है। मद्भार नाम श्रुरम प

কুষ্ণ অলে কুষ্ণা নাম পুইল তথনি। **পিড़ नाम्न (सोभन्नी बरक्करक वाक्करमनी ॥** সম্প্রতি ইইবে সে কন্সার প্রয়ংবর। দেখিতে আইল যত রাজরাজ্যেশ্বর 🛊 দ্বিজয়থে শুনিয়া এতেক সমাচার। যাইতে হইল চেক্টা তথা স্বাকার ॥ পুত্রগণ চিত্ত জানি ভোজের নন্দিনী। স্থাকার প্রতি দেবী কছেন আপনি 🛚 বছদিন করিলাম এম্বানে বসতি। এক স্থানে বছদিন নাহি শোভে স্থিতি 🛚 চল যাব ভথাকারে যদি লয় মন। শুনিয়া স্বীকার করিলেন আভূগণ। পুত্রসহ কুন্ডীদেবী করেন বিচার। **হেনকালে আইলেন ব্যাস সন্টার ॥** প্রণাম করিয়া তাঁরে ভোজের নন্দিনী। পঞ্চাই প্রণমেন লোটায়ে ধরণী 🖟 আশীর্কাদ করিলেন মূনি স্বাকারে। কাশী কৰে ভবাৰ্ণবে শুনে যাবে পারে॥

> আৰ্ছ্ন অক্সাপৰ্গ সংবাদ এবং তপতী সংবয়ংগোপাখ্যান।

ব্যাস বলিলেন শুন পঞ্চ সহোদর।

ক্রেপদ নৃপতি করে কন্সা-স্বরংবর ।

অন্ত রচিল লক্ষ পাঞ্চালের পতি।

সে লক্ষ্য কাটিতে নাহি কাহার শকতি ॥

অর্জন কাটিবে লক্ষ্য সভার ভিতর।
পাঞ্চালের কন্সা প্রাপ্তি হইবে ভোমার ॥

শীত্রগতি যাও তথা না কর বিলয়।
চারিদিন হৈল সরংবরের আরম্ভ।

এত বলি বেদব্যাস পেলেন ক্ষরান।
কৃত্যীসহ পঞ্চভাই করেন প্রস্থান ॥

অন্তর্হিত হইলেন ব্যাস তপোধন।
উত্তর মুখেতে বান পাঞ্পুক্রপণ ॥

দিবানিশি চলিলেন না হর বিলাম।
নানা ক্যে নাই ক্রিক্রিক ক্ষর ব্যান ॥

बार्य वात धनक्षम (वात तकनीएक। অৱকার হেন্দ্র ধরি দেউটি করেন্ডে। কতদিনে উত্তরিল আছবীর তীরে। ন্ত্ৰী-সহ গদ্ধৰ্ক এক তথায় বিহন্তে। গাওবের শব্দ শুনি বলে ডাক দিরা। ব্ড অহঙ্কার দেখি সমুষ্য হইয়া 🛭 প্রয়াগ গঙ্গার মধ্যে আমার আশ্রয়। রাত্রিকালে আসি জীয়ে কে ছেন আছয় ॥ যক রক রাক্ষ্য পিশাচ ভূতগণ। নিশাকালে অধিকারী এই সব জন ! বিশেষ অঙ্গার পর্ণ নাম মোর খ্যাত। নিশ্চর আমার হাতে হইবে নিপাত 🛭 পার্থ বলিলেন শাস্ত্র না জান দুর্ম্মতি। জাহবীর জলে স্মীন দিবা কিবা রাডি 🛭 অকাল হইল ভাহে কিবা ভোৱে ভয়। ভোমাতে অশক্ত ষেবা সে ভোরে ভরায় 🛚 গঙ্গার মহিমা না জানহ মূঢ়মতি। মর্গেতে অলকানন্দা ভূমে ভাগীরথী। হেন গঙ্গাম্বান রুদ্ধ করহ অজ্ঞান। ইহার উচিত ফল পাবে মম স্থান 🏾 মর্জ্জনের বাক্যে কোপে গন্ধর্ব-ঈশ্বর। ধনু টক্ষারিয়া এতে সর্পময় শর 🕯 হাতেতে উলক। ছিল ইন্দ্রের নন্দন। তাহে করিলেন তার অস্ত্র নিবারণ 🛭 ভাকিয়া ৰলেন পাৰ্থ শুন রে গন্ধর্ব। এই সম্ভাৰলেভে করিতে ছলি পর্বা 🛚 তোর বাণ নিবারিত্ব সহ মম বাণ। এই বাণে লব জামি আজি তব প্রাণ 🗈 পূর্বে জোণাচার্য্য জন্ত দিলেন আমারে। এড়িলাম ব্দক্ত এই রাখ ব্যাপনারে 🛊 🍱 এত বলি এড়িলেন অন্ত খনপ্রয়। गस्त्यंत्र त्रथ शुक्ति देशन खन्त्रमञ् ॥ পলার গছর্বাগতি রূপে ভঙ্গ দিয়া। পাছে খেরে অর্জন খনেন চুলে বিয়াঃ वानोत्र (क्षिक्ष द्वान मक्के नवर ।

গছৰের ভাষ্যা কুন্তানদী নাম ধরে। युधिकिन-शरक थत्रि विनय तम करत । পর্য সঙ্কট হৈতে যোৱে কর তাণ। সহঅ সভীনে মোর স্বামী দেহ দান 🛚 কামিনীর জ্বন্দন দেখিয়া পাণ্ডপত্তি। বর্জনে করিল আজা ছাড় শীত্রগতি॥ ৰৰ্জেন্ন পাইয়া আজা ছাড়েন অৰ্জ্ন। 🤻 গন্ধৰ্বৰ বলয়ে তবে বিনয়-বচন । মোর প্রাণ দান যদি দিলা মহাশয়। করিব ভোমার ঐীতি উচিত বে হয় 🖁 অন্তত রাক্ষ্সী বিদ্যা আছে মম ছানে। এ বিছা জানিলে লোক জানে সর্বা**জনে**। মন্থ পূৰ্বের এই বিদ্যা দিলেন চল্লেরে। বিশাবহু চক্ত-স্থানে, সে দিল আমারে 🖁 মকুষ্য-অধিক আমি সেই বিপ্লা হৈতে। সেই বিষ্যা দিব আমি তোমার ঐতিতে # ভাই প্ৰতি শত অশ্ব দিব আনি আর। সেই অৰ আন্ত নহে ভ্ৰমিলে সংগার॥ পূর্বের ইন্দ্র ব্যঞ্জাহরে বন্ধ্র প্রহারিল। অফুরের মুখ্তে বস্ত্র শতথান হৈল 🛊 স্থানে স্থানে সেই ব**ন্ত কৈল** নিয়োজন। স্বা হৈতে শ্ৰেষ্ঠ বস্তু ভ্ৰাহ্মণ ৰচন ॥ শূদ্রেগণ কর্মা করে যজ্ঞ তারু সেহি। বৈশ্যগণ দান করে বন্ধ তারে কহি ॥ কজির খুইল বিভা রখের বাজিতে। সে কারণে দিব আর্খ তোমার সে হিতে # অর্জন বলেন কুমি হারিল। সমরে। তৰ ছানে লব দত্ৰ না শোভে স্বাধারে 🛭 शक्षक विशेश याद्य गर्यवरमास्य सारम । হেন বিতা জানি, ভূমি তাজ কি কারণে অৰ্জন বলেন আনি জানিকু সক্ষা। ভয় পেয়ে এভেক খিনৰ কেন বল 🛊 পদ্ধবি বলিল আৰি জানি হে জোনারে। **उगडी स्टेट्ड बन्ध विकास मध्यादा ॥** क्षामात श्रमपञ्चल कानि कानमास ।

তবু রুষিলাম রাত্রে আমার বিষয়। বিশেষ স্ত্রীদহ মোর ক্রীড়ার সময়॥ ন্ত্রী সহিত ক্রীড়াতে অবজ্ঞা যেবা করে। বলবান নাহি বুঝি রুদ্ধ করি তারে॥ অনাহত অনাগ্ৰেয় বেই দ্বিজগণ। তাহারে করি যে বন্ধ নিশার কারণ ॥ আর যত জনে আমি পাই নিশাকালে। অবশ্য সংহার তার মম শরানলে ॥ পুরোহিত কিন্ধা দ্বিজ সঙ্গেতে করিয়া। গৃহ হৈতে বাহিরায় দেবতা স্মরিয়া 🛭 সর্বত্ত মঙ্গল তার যথাকারে যায়। তাহাকে নাহিক শক্তি হিংসিতে আমায় ॥ জিতেন্দ্রিয় ধার্ণ্মিক তোমরা পঞ্চজন। আমারে জিনিতে শক্ত হৈলে সে কারণ॥ মম বাক্য তাপত্য শুনহ এইক্ষণে। সকল নিস্ফল পুরোহিতের কারণে॥ অৰ্জ্জুন বলেন শুন বলি যে তোমারে। তাপত্য বলিয়া কেন বলিলা আমারে॥ জননী আমার কুন্তী আছেন সংহতি। তাপত্য বলিলা কেন, কেবা সে তপতী॥ গন্ধর্বে বলিল শুন ইহার কারণ। তব পূৰ্বৰ কথা কহি শুন দিয়া মন॥ সেইত দূর্য্যের ক্রন্থা হইল তপতী। ত্রৈলোক্যে তাঁহার সম নাহি রূপবতী॥ যৌবন সময়ে তাঁরে দেখি দিনকর। চিস্তিলেন নাহি দেখি কন্যা-যোগ্য বর॥ ভোমার উপর বংশে রাজা সংবরণ। নিরবধি করিলেন সূর্য্যের সেবন॥ উপবাদ নিয়ম করেন চিরকাল। তাহাতে হলেন সৃষ্ট দেব লোকপাল। সূর্য্যের সেবায় সংবরণ মহারাজা। রূপে অনুপম হৈল বলে মহাতেজা॥ তাঁর রূপ গুণে তুষ্ট হৈল দিনকর। মনে চিন্তা কৈল তপতীর যোগ্যবর। তবে কতদিনে সংবরণ নূপবর ! মুগয়া করিতে গেল অরণ্য ভিতর ॥

একা অশ্বে চড়িয়া ভ্রময়ে বনে বনে। বহু ≝মে অশ্ব মরে জলের বিহনে ॥ অশ্বহীন পদব্রজে জ্রমে নরবর। দিক জানিবারে উঠে পর্বত উপর॥ পর্ববত উপরে দেখে কন্সা নিরুপমা। বিহ্যুতের পুঞ্জ কিবা কাঞ্চন প্রতিমা॥ কতক্ষণে নৃপতি মধুর মুহুভাষে। মদনে পীড়িত হৈয়া গেল কন্যা পাশে॥ রাজা বলে কহ শুনি মন্মথমোহিনী। নিৰ্জ্জন কাননে কেন আছ একাকিনী 🛚 বিবিধ বিনয় করি ভূপতি কহিল। কিছু না বলিয়া কন্যা অন্তৰ্দ্ধান হৈল॥ মেঘের উপরে যেন বিহ্যুৎ লুকায়। উন্মত্ত হইয়া রাজা চারিদিকেঁ চায়॥ অন্তরীক্ষে থাকিয়া সে তপতী দেখিল। ডাক দিয়া তপতী যে রাজারে বলিল॥ কি কারণে অচেতন হৈলা নূপবর। উঠহ ভূপতি তুমি যাও নিজ ঘর॥ চেতন পাইয়া রাজা উর্দ্ধিয় চায়। অন্তরীক্ষে দেখে কন্সা বিহ্যুতের প্রায়॥ রাজা বলে কামশরে মোহিত শরীর। ইচ্ছা করি ধৈর্য্য ধরি চিত্ত নহে স্থির ॥ তোমা বিনা অন্যে দেগি রাখিব জীবন। কদাচিৎ নহে হেন অবশ্য মরণ।। পাইলাম প্রাণ, শুনি তোমার বচন। অসুগ্রহ কৈলা মোরে হেন লয় মন॥ মম প্রতি যদি দয়া হইল তোমার। আলিঙ্গন দিয়া প্রাণ রাথছ আমার॥ কন্সা বলে নরপতি এ নহে বিচার। প্রার্থনা পিতার কাছে করছ আমার 🛚 পরিচয় আমার শুনহ নবপতি। সূর্য্যকন্সা আমি নাম ধরি নে তপতী॥ তপঃক্রেশ ব্রভ কর সূর্য্য আর:ধন। সূর্য্য দিলে আমারে সে পাইবা রাজন্॥ এত বলি তপতী হইল অন্তৰ্জান। পুনঃ পড়ে নরপক্তি 📑

্হথা রাজমন্ত্রী সব সৈত্যগণ লৈয়া। ভ্ৰমণ্ডে সকল বন রাজা না দেখিয়া। প্রতে উপরে তবে দেখে নরবর। প্_{টিয়া}ছে অজ্ঞানে মোহিত কলেবর॥ 🗝 ল সলিল অঙ্গে সিঞ্চে মন্ত্রিগণ। _ধুর বসাইল সবে করিয়া যতন ॥ হৈত্ত্য পাইয়া রাজা চারিদিকে চায়। মক্তিগণ দেখি কিছু না বলিল রায়॥ ক্রনার ভাবনা বিনা অন্য নাহি মনে। বিলায় করি**ল রাজা সব সৈন্যগণে**॥ ট্রদ্ধপদে অধোমুখে সদা **উপবাসে।** একচিত্তে তপ করে সূর্য্যের উদেশে॥ ভূবে চিত্তে অনুমানি রাজা সংবরণ। পুরোহিত বশিষ্ঠেরে করিল স্মরণ॥ আইল বশিষ্ঠ মুনি রাজার সদনে। রাজার দেখিয়া ক্লেশ চিত্তে মুনি মনে॥ তপতা কারণে তপ তপন-দেবন। জানি মুনিরাজ চিত্তে ভাবিল তথন॥ মন্তর্গক্ষে উঠি গেল আকাশমণ্ডল। রিতীয় ভাস্কর-তেজ যাঁর তপোবল ॥ হৃতাঞ্জলি করি সূর্যো করিল প্রণাম। স্বিন্ধে জানাইল আপনার নাম । ভান্ধর বলেন মুনি কছ সমাচার। কোন প্রয়োজনে এলে আলয়ে আমার॥ কোন্ কাৰ্য্য অভিলাষ বলহ আমারে। ত্বকর হইলে তবু কৃষিব তোম'রে॥ প্রণমিয়া বশিষ্ঠ কছেন পুনর্বার। মম এই নিবেদন তোমার গোচর ॥ ভর্ত-বংশের রাজ্য নাম **সংবর**ণ। রূপে গুণে অনুপম বিখ্যাত ভুবন॥ োমার ভক্তমে রাজা বড় অনুগত। চিরকাল সংবরণ ভোমাদেই রত॥ ভাহার বরণ হেচ ভোমার তমুকা। ভপতী নামেতে দেই দাবিত্রী অমুজা 🛭 অযোগ্যা না রাজা উক্বতৈ প্রধান। এই ছেতু ষেই সাজ্ঞা করহ বিধান 🛚

ভাক্ষর বলেন তুমি মৃনির প্রধান। ক্ষত্রেতে নাহি কেহ সংবরণ সমান॥ তপতী সমান কন্যা নাহিক তুলনা। তিন স্থানে শ্রেষ্ঠ যে তোমর। তিন জন। ॥ তোমার বচন আমি না করিব আন। তপতী কভায় দিব সংবরণে দান ॥ এত বলি কন্যা লৈয়া কৈল **সমু**র্পণ। কতা লৈয়া মুনিরাজ করিল গমন॥ তপতী দেখিয়া তপ ভ্যঞ্জি নূপবর। বশিষ্ঠকে স্তব করে করি যোড়কর॥ তবে ঋষি দোঁহাকরে পরিণয় দিল। রাজারে রাথিয়া মূনি নিজাশ্রমে গেল॥ বশিষ্ঠের লৈয়া আজা দেই মহাবনে। তপতা লইয়া ক্রীড়া করে সংবরণে॥ যেই বুক মন্ত্রী ছিল রাজার সংহতি। তাঁরে রাজ্যভার দিয়া পাঠায় নৃপতি॥ বিহার করয়ে রাজা পর্বত উপরে। তপতা সহিত জ্বাড়া ঘাদশ বংসরে॥ তথায় রাজার রাজ্যে অনারস্থি হৈল। দ্বাদশ বংসর ইন্দ্র রৃষ্টি না করিল ॥ বুক্ষ আদি যত শষ্য গেল ভন্ম হৈয়া। পশু পক্ষী আদি প্রাণী মরিল পুড়িয়া॥ ত্রভিক হইল রাজ্যে হয় ডাকাচুরি। একেরে না মানে অত্যে সত্য পরিহরি॥ কুটুন্থ বান্ধবগণে কেহ নাহি সয়। দকল মনুষ্যগণ হৈল প্ৰপ্ৰায়॥ হাহাকার রখ বিশ্ অন্য ন'হি 🝤নি। দেশান্তরে গেল লোক পরমাদ গণি॥ রাজ্যের এতেক কন্ঠ রাজ! নাহি জানে। আইলেন বশিষ্ঠ সে দেশে আওদিনে ॥. রাজ্যভঙ্গ দেখিয়া চিন্তিত মুনিবর। রাজারে আনিতে যান প**র্ব্বত উপর**॥ বার্ত্ত। পেয়ে অমুতাপ করিল রাজন। তপতী সহিত দেশে করিল গমন॥ দেশে আদি যজ্ঞদান করে নূপবর। তবে রৃষ্টি করিলেন দেব পুরন্দর 🛭

পুনঃ শস্ত জন্মিল হর্ষিত প্রজাগণ। পূর্ব্বমত রাজ্য পুনঃ কৈল সংবরণ॥ তপতী সহিত ক্রীড়া করে চিরকাল। তপতীর গর্ভে হৈল কুরু মহীপাল। কুরুর যতেক কর্মানা যায় গণন। কুরুবংশ নাম খ্যাত হৈল সে কারণ॥ পুরোহিত বশিষ্ঠের সাহায্য কারণ॥ পাইলেন ধর্ম অর্থ কাম সংবরণ॥ তপতীর গর্ভজাত কুরু নরবর। তোমরা যাহার বংশ পঞ্চ সহোদর॥ তাপত্য বলিয়া ওেঁই কহি যে তোমারে। পূর্ববংশ-কথা এই খ্যাত চরাচরে॥ ভনিয়া হরিষ হৈল পার্থ ধর্মীর । পুনঃ জিজাদিল কহ গন্ধর্ব ঈশর॥ সংবরণ নৃপে রক্ষা করিলেন যিনি। কে তিনি বশিষ্ঠ কহ তাঁর কথা শুনি॥ গন্ধৰ্ব্ব বলিল দে বিখ্যাত তপোধন। বশিষ্ঠের গুণ কশ্ম না যায় কথন॥ কাম ক্রোধ জিনি হেন নাহি ত্রিভুবনে। হেন কাম ক্রোধ সেবে মুনির চরণে। বিশ্বামিত্র বহু তাঁর ক্রোধ করাইল। তথাপিও মুনি তাঁরে কিছু না বলিল।। ইক্ষাকু-বংশের রাজা যাঁর বৃদ্ধিবলে। নিক্ষণ্টকে বৈভব ভুঞ্জিল ভূমণ্ডলে ॥

> বিশ্বামির বৰিষ্ঠ বিরোধ ও কল্মারপান রাজার উপাখ্যান।

জিজ্ঞাসেন ধনজ্ঞয় অছুত কথন।
বিশ্বামিত্র বশিষ্ঠে কলহ কি কারণ॥
গন্ধবি কহিল শুন কথা পুরাতন।
কাশ্যকুজ দেশে গাধি নামেতে রাজন॥
একদিন সদৈশ্যেতে গাধির নন্দন।
মহাবনে প্রবেশিল মৃগয়া কারণ॥
মারিল অনেক মৃগ বনের ভিতর।
মৃগয়ায় শ্রান্ত বড় হৈল নরবর॥

ক্ষুধায় পীড়িত বড় হৈল পরিশ্রম। ভ্ৰমিতে ভ্ৰমিতে গেল বশিষ্ঠ-আশ্ৰম ॥ মনোহর স্থল দেখি হৈল হৃষ্টমন। উত্তরিল যথায় বশিষ্ঠূ তপোধন ॥ রাজারে দেখিয়া পাত্য অর্ঘ্য দিয়া মুনি : অতিথি বিধানে পূজা করিলেন তিনি ॥ রাজার যতেক দৈন্য পরিশ্রান্ত শুনি : নন্দিনী ধেমুর প্রতি বলিলেন মুনি॥ দেখহ রাজার দৈন্য অতিথি আমার। কামনাকুদারে তোষ করহ দবার ঃ বশিষ্ঠের আজ্ঞা পেয়ে স্তর্জ্ত-নদিনী ' সংসারে যাহার কর্ম অদুত কাহিনা। নিমেষে বিবিধ দ্রব্য করিল স্থজন। চর্ব্য চুধ্য লেহ্য পেয় নানা রত্ন ধন॥ বস্ত্র অলঙ্কার মাল্য কুস্থম চন্দন। বিচিত্র পালক্ষ আর বসিতে আসন॥ যেই যাহা চাহে তাহা পায় ততক্ষণে। পাইল প্রমানন্দ সর্ব দৈন্যগণে ॥ গাভার দেখিয়া কর্ম বিশ্মিত রাজন। বশিষ্ঠ মুনিরে বলে গাধির নন্দন 🗓 এই গাভী মুনিবর দান কর মোরে। এক কোটি গাভী দিব স্বৰ্ণ মণ্ডি খুৱে 🕏 নতুবা সকল রাজ্য লহ তপোধন। হস্তা অশ্ব পদাতিক যত দৈন্যগণ॥ বশিষ্ঠ বলেন নাহি দিতে পারি দান। দেবতা অতিথি হেতু আছে ২ম স্থান॥ রাজা বলে হও তুমি জাতিতে ব্রাহ্মণ। ব্রাহ্মণের হেন দ্রব্যে নাহি প্রয়োজন॥ হেন দ্রব্য গুনিবর ভূপতিকে সাজে। কি করিবে তুমি ইহা থাক বনমাঝে॥ গাভী নাহি দিবে যদি আপন ইচ্ছ:য়। নিশ্চয় লইব গাভী জানাই ভোমায়॥ भागित्न ना नित्व गार्डी न'त्य याव वतन। ক্ষত্রধন্মী আমরা লইব বলে ছলে। বশিষ্ঠ বলেন তুমি অধিকারী দেশে। বলিষ্ঠ ক্ষজ্রিয়-সৈত্য সহায় বিশেষে #

াহ: ইচ্ছা কর শীঘ্র, না কর বিচার। _{বহজে} তপস্বী দ্বিজ, কি শক্তি আমার । ত্রনি যত দৈন্যগণ গলে দিল দড়ি। গুলাইল কামধেনু পাছে মারে দড়ি॥ প্রহারে পড়িল গাভী তবু নাহি যায়। দূর্বমূথে সজলাকে মুনি পানে চায়॥ ক্লি বলিলেন কিবা চাহ মম ভিতে। তোমার যতেক কন্ট দেখি যে চক্ষেতে॥ ত্রপর্যী ব্রাহ্মণ আমি কি করিতে পারি। ধুল তোমা ল'য়ে যাম রাজ্য-অধিকারী॥ ুবে রাজদৈত্যগণ বংসকে ধরিয়া। অংগে লৈয়া যায় তারে গলে দড়ি দিয়া॥ বংসকে ধরিয়া লয় কা**ন্দায়ে নন্দিনী**। ভাক দিয়া বলে হের দেখ মহামুনি ॥ র্যুন বলিলেন তোমা ত্যাগ নাহি করি। ব'ল নিয়া যায় রাজা কি করিতে পারি॥ নিছ শক্তিবলৈ যদি পার রহিবারে। ংগে সে রহিতে পার কি কব তোমারে॥ দুনিরাজ মুখে যদি এতেক শুনিল। ষতি ক্রোধে ভয়ঙ্কর ততু বাড়াইল। উদ্ধান্য করি গাভী হামারবে ডাকে। নানাজাতি দৈন্য বাহিরায় লাখে লাখে॥ পংলব নামেতে জাতি নানা অস্ত্ৰ হাতে॥ ্ৰুড় হৈতে বাহির হইন আচন্দিতে॥ ্রেতে পাইল জন্ম বহু ব্যাধগণ। হুহ পার্শ্বে জন্ম নিল কিরাত যবন॥ জন্মিল অনেক দৈন্য মুখের ফেণেতে। ন'নাজাতি মেচছ **হৈল চারিপদ হৈতে ॥** ননে অস্ত্র লইয়া ধাইল সর্বজন। ত্বহ দৈতা দেখাদেখি হইল ভিড়ন ॥ বিশ্বামিত্র দৈন্যগণ যতেক আছিল। একজন প্রতি তার পঞ্চল হৈল 🛭 করিতে নারিল যুদ্ধ বিশ্বামিত্র দেনা। রজার সম্মুখে ভঙ্গ দিল সর্বাজনা পড়িল অনেক দৈন্ত রক্তে বহে নদী। মুনি দৈন্য রাজ দৈন্য পাছে যায় খেদি 🛭 পলায় সকল সৈত্য পাছে নাহি চায়। দর্বনৈত বশিষ্ঠের পাছে খেদি যায়॥ বনের বাহির করি গাধির কুমারে। বাহুড়িয়া সৈন্যগণ এল' মুনি ঘরে ॥ তবে বিশ্বামিত্র বড় মনে অভিমান। মুনির নিকটে এত পেয়ে অপমান॥ অন্তত দেখিয়া কৰ্ম মনে মনে গণে। সর্বব্রেষ্ঠ ব্রাহ্মণ জানিমু এতক্ষণে 🛭 ধিক ক্ষত্রজাতি মম ধিক রাজপদে। এই ত তপম্বী দ্বিজে না পারি বিবাদে। এ জন্ম রাখিয়া আর কোন প্রয়োজন। এত চিন্তা করি মনে গাধির নন্দন॥ দেশে পাঠাইয়া দিল যত দৈন্যগণ। তপস্থা করিতে গেল গছন কানন॥ বিশ্বামিত্র তপ কথা গ্রদ্ভুত কথন। যাঁর তপে তাপিত হইল ত্রিভুবন ॥ গ্রীন্মকালে চারিভিতে জালি হুতাশন। উর্দ্ধপদে তার মধ্যে থাকেন রাজন॥ নাকে মুখে রক্ত বহে ঘোর দরশন। অন্তিচর্ম্মদার মাত্র আহার পবন ॥ বরিধাকালেতে যথা জলদ বরিয়ে। যোগাসন করি রাজা তার মধ্যে বৈসে॥ অহনিশি জলধারা বরিষে উপর। স্থাবর সদৃশ হৈয়া থাকে নৃপবর॥ শীতকালে হানবস্ত্র হৈয়া নিরাশ্রাণ হেমন্ত পর্ববতে যথা সদা বরিষয়॥ এইরূপে করে তপ সহস্র বংসর। তপে হুষ্ট হুইনেন ব্রহ্মা তহুপর॥ दिक्ता वर्रम वर्र भाग ५ हिट पत्कम । বিশামিত্র বলে কর আমারে ত্রা**লা**ণ॥ বিরিকি বলেন তব ক্ষত্রকুলে জন্ম। কেমনে হইবে বিজ হুকর এ কর্ম 🌡 অন্য বর চাহ তুমি যেই লয় মনে। বিশ্বামিত্র বলে অন্যে নাহি প্রয়োজন। ব্রহ্মা বলে আর জন্মে হইবে ব্রাহ্মণ। একণে যা চাহ তাহা মাগহ রাজন্॥

বিশ্বামিত্র বলে অন্য আমি নাহি চাই। কিবা প্রাণ যায় কিবা ব্রাহ্মণত্ব পাই ॥ এতেক শুনিয়া ধাতা করিল গমন। পুনঃ তপ আরম্ভিল গাধির নন্দন ॥ উদ্ধ চুই পদ করি উদ্ধোমুখ হৈয়া। একপদে অঙ্গুলিতে রহে দণ্ডাইয়া। শুক্ষকাষ্ঠমত সে হইল নরবর। কেবল জাগয়ে প্রাণ মঙ্জার ভিতর॥ তাঁর তপে মহাতাপ হৈল তিনলোকে। ইন্দ্রাদি দেবতা ভয় হইল সবাকে॥ সহিতে নারিয়া ত্রহ্মা আদে আরবার। বলিলেন বর মাগ গাধির কুমার॥ বিশ্বামিত্র বলে আমি মাগিয়াছি অগ্রে। ব্রাহ্মণ আমারে কর যদি থাকে ভাগ্যে॥ এড়াইতে না পারিয়া স্ষ্টি-অধিকারী। বিশ্বামিত্র গলে দেন আপন উত্তরী॥ বর দিয়া চতুম্মু থ করিলা গমন। বিশ্বামিত্র মুনি হৈলা মহাতপোধন ॥ কেহ নছে তপস্থায় তাঁহার সমান। সদা মনে জাগে বশিষ্ঠের অপমান ॥ বশিষ্ঠের অপমান সদা জাগে মনে। বশিষ্ঠের ছিদ্র খুঁজি ভ্রমে অনুক্ষণে ॥ ইক্ষাকু বংশেতে রাজা দর্ববগুণাধাম। সংসারে বিখ্যাত সে কল্মাষপাদ নাম ॥ মহামূনি বশিষ্ঠ তাঁহার পুরোহিত। যজ্ঞ হেতু তাঁহারে করিল নিমন্ত্রিত॥ বশিষ্ঠ বলেন কিছু আছে প্রয়োজন। রাজা বলে যজ্ঞ আমি করিব এখন ॥ মুনি না আইল রাজা হৈল ক্রোধমন। বিশ্বামিত্রে যজ্ঞ হেতু কৈল নিমন্ত্রণ॥ বিশ্বামিত্র লৈয়। সঙ্গে আইদে রাজন। পথেতে ফ্লেটিল শক্তি বশিষ্ঠনন্দন ॥ রাজা বলে পথ ছাড়ি দেহ মুনিবর। শক্তি বলে মোরে পথ দেহ নরেশ্বর 🛚 রাজা বলে রাজপথ জানে সর্ববজন। পথ ছাড় যাব' আমি যভের সদন ॥

শক্তি বলে দ্বিজ্ঞপথ বেদের বিহিত। পথ ছাড়ি, দেহ মোরে যাইব ত্বরিত॥ এইমতে বলাবলি হৈল তুইজন। কেহ না ছাড়িল পথ কুপিল রাজন॥ হাতেতে প্রবোধ বাড়ি আছিল রাজার। ক্রোধে যুনি-অঙ্গে রাজা করিল প্রহার॥ প্রহারে জর্জ্জর শক্তি রক্ত পড়ে ধারে। ক্রোধ-চক্ষে চাহিয়া বলিল নরবরে॥ উত্তম বংশেতে জন্ম করিদ অনীতি। ব্রাহ্মণেরে হিংসা তুই করিস্ চুর্ম্মতি॥ এই পাপে মম শাপে হও নিশাচর। মসুষ্যের মাংদে তোর পুরুক উদর॥ শাপ শুনি ব্যাস্ত হৈল সৌদাস-নন্দন। কুতাঞ্জলি করি বলে বিনয়-বচন ॥ হেনকালে বিশ্বামিত্র পেয়ে অবসর। রাজ-**অঙ্গে নি**য়োজিল এক নিশাচর ॥ সম্মুখে পাইয়া শক্তি ধরিল রাজন। ব্যান্ত্র যেন পশু ধরি করয়ে ভক্ষণ ॥ মোরে শাপ দিলা হুফ্ট ভুঞ্জ ফল তার। ধরিয়া ঘাড়ের রক্ত খাইব তোমার॥ শক্তিকে খাইয়া মূর্ত্তি হৈল ভয়ঙ্কর। উন্মত্ত হইয়া গেল বনের ভিতর॥ দেখি বিশ্বামিত্র মুনি ভাবিল অন্তরে। রাক্ষদ লইয়া সঙ্গে গেল মুনিবরে॥ যথা আছে বশিষ্ঠের শতেক কুমার। কাল পেয়ে বিশ্বামিত্র দেয় ফল তার॥ একে একে দেখাইয়া সর্ব্বজনে দিল। রাক্ষদ দবারে ধরি ভক্ষণ করিল॥ বিশিষ্ঠ আসিয়া গুহে দেখে শৃত্যময়। শত পুত্রে না দেখিয়া হইল বিশ্বয়॥ ধ্যানেতে জানিল যাহা বিশ্বামিত্র কৈল। শক্তি সহ শত পুত্রে রাক্ষ্যে ভক্ষিল॥ শত পুত্র-শোকে তাঁর দহয়ে শরীর। মহাধৈৰ্য্যবন্ত তবু হইল অস্থির ॥ আপনার মরণ বাঞ্চিয়া মুনিবর। শোকানলৈ প্রবেশিল সমুদ্র ভিতর॥

দমুদ্র দেখিয়া তাঁরে রাখি গেল কূলে। মর্ণ নহিল যদি সমুদ্রের জলে॥ _{অত্যুচ্চ} পর্ব্বতে গিয়া **উঠিল দে মু**নি। তথা হৈতে শোকাকুল পড়িল ধরণী॥ বিংশতি সহস্র ক্রোশ উচ্চ হৈতে পড়ি। তুলারাশি প'রে মুনি যায় গড়াগগি॥ তাহাতে নহিল মৃত্যু চিন্তে মুনিরাজ। প্রবেশ করিল গিয়া অনলের মাঝ। যোজন-প্রদর অগ্নি পরশে আকাশে। শীতল হইল অগ্নি মুনির পরশে॥ তবে মুনি প্রবৈশিল অরণ্য ভিতর। নানা পশু ব্যাঘ হস্তী ভল্লুক শৃকর॥ নশিষ্ঠে দেখিয়া দবে পলাইয়া যায়। ্হনমতে কৈল মূনি অনেক উপায়॥ यद्ग निहल यूनि जिमल मःमात । কতদিনে গৃহে মুনি আদে আপনার। এক শত পুত্র নাহি দেখি মুনিবর। পুত্রশোকে অবশ হইল কলেবর ॥ স্তুর্দ্দিকে **অমুক্ষণ বেদ-অধ্যয়ন।** ন্যনাশাস্ত্র পঠন করিত পুত্রগণ॥ 🖆 সব চিন্তিয়া যুনি অধিক তাপিত। গৃহমধ্যে প্রবেশিতে নাহি চায় চিত॥ পুনরপি বশিষ্ঠ চলিল দেশান্তর। মৃহ্যুর উপায় মুনি করে নিরন্তর ॥ দেখিল একটি নদী অত্যন্ত গভীর। ভ্রম্বর লক্ষ লক্ষ আছ্রে কুম্ভীর ॥ াহে পড়িবার তরে ইচ্ছা কৈল মুনি। হেনকালে পাছু হৈতে শুনে বেৰধ্বনি॥ ্যাড়হাত করি বলে শক্তির বনিতা। তোমার সহিত প্রভু আইলাম হেথা।। ন্নি বলে সঙ্গে আর আছে কোন জন। ^শত শত বেদ**শ্বনি করে উচ্চারণ**॥ শক্তির কণ্ঠের প্রায় শুনিলাম স্বর। এত শুনি বলে দেবা বিনয় উত্তর॥ শক্তির নন্দন আছে আমরে উদরে। দাদশ বৎসর বেদ অধ্যয়ন করে॥

এত শুনি বশিষ্ঠ হইল হাউমন। বংশ আছে শুনি নিবর্তিল তপোধন 🛚 বধু সঙ্গে লইয়া চলিল পুনঃ ঘরে। হেনকালে ভেটিন রাক্ষ্স নরবরে 🛭 নির্জ্জন গছন বনে থাকে নিরন্তর। বহু নর পশু খেয়ে পূর্ণিত উদর॥ ভূপতি কল্মাধপাদ দেখি বশিষ্ঠেরে। মুখ মেলি ধাইল মুনিরে গিলিবারে॥ বিপরীত মূর্ত্তি দেখি হাতে কাষ্ঠদণ্ড। তৃতীয় প্রহরে যেন তপন প্রচণ্ড॥ নিকটে আইল মূর্ত্তি দেখি ভয়ঙ্কর। দেখি অদৃশ্যন্তী দেবী কাঁপে ধর ধর॥ শ্বশুরে ডাকিয়া বলে শুন মহাশয়। মৃত্যু উপস্থিত হের রাক্ষদ তুর্জ্জয়॥ রাক্ষসের হাতে দেখি নিকট মরণ। তোমা বিনা রাখে ইথে নাহি অন্যজন। বশিষ্ঠ বলেন বধু না করিছ ভয়। নৃপতি কল্মাধপাদ রাক্ষদ এ নয়॥ এতেক বলিতে হুফ্ট আইল নিকটে। মুনি গিলিবারে যান দশন বিকটে॥ মুনির হুঙ্কারে হুফ্ট রহে কত দূরে। কমণ্ডলু-জল মুনি ফেলিল উপরে॥ রাজ অঙ্গ হৈতে হৈল রাক্ষদ বাহির। রাহু হৈতে যেন হৈল বাহির মিহির॥ পূৰ্ব্বজ্ঞান হৈল রাজা পাইল চেতন। কুত্রঞ্জলি করি করে বশিষ্ঠে স্তবন ॥ অধ্য পাপিষ্ঠ আমি পাপে নাহি অন্ত। দয়া কর মুনিরাজ তুমি দয়াবন্ত ॥ কায়মনে আজি হৈতে তোমার কিন্ধর। তব আজ্ঞাবভী আমি যাবৎ কলেবর॥ मृर्घ्यदः क्या यय (भोनाम-नन्तन । ছেন কর মোরে, নাহি নিন্দে কোন জন ॥ এত বলি নৃপবর আজ্ঞা যে পাইয়াঁ। অযোধ্যানগরে পুনঃ রাজা হৈল গিয়া॥ বধুদহ বশিষ্ঠ আইল নিজ ঘর। কত দিনে জমিল সে মুনি পরাশর॥

পৌক্র দেখি বশিষ্ঠের শোক দূর হৈল। অতি যত্নে মুনিরাজ বালকে পুষিল॥ শিশুকাল হৈতে পরাশর মুনি। বশিষ্ঠেরে পিতা জ্ঞান নিজ মনে জানি ॥ এক দিন পরাশর মায়ের গোচরে। বাপ বাপ বলিয়া যে ডাকে বশিষ্ঠেরে ॥ ন্ডনি অদৃশ্যন্তী শোক করিল প্রচুর। রোদন করিয়া পুত্রে বলেন মধুর॥ পিতৃহীন পুত্ৰ তুমি বড় অভাগিয়া। পিতামহে পিতা বলি ডাক কি লাগিয়া॥ যেইকালে ছিলা তুমি আমার উদরে। তোমার জনকে বনে খায় নিশাচরে॥ মায়ের মুখেতে শুনি এতেক বচন। বিশেষ মায়েরে দেখি শোকেতে ক্রন্দন॥ ক্রোধেতে শরীর কম্পে লোহিত লোচন। কি করিব হৃদয়ে চিন্তিল তপোধন॥ ' এত বড় নিদারুণ নির্দ্দয় বিধাতা। রাক্ষসের হাতে বিনাশিল মম পিতা। আজ তাঁর সর্ববস্থাটি করিব নিধন। না রাখিব ত্রিলোকে তাঁহার একজন। এত যদি মনে কৈল শক্তির কুমার। বশিষ্ঠ জানিল যে এ সব সমাচার ॥ মধুর বচনে তারে করেন প্রবোধ। অকারণে তাত তুমি কেন কর ক্রোধ। ব্রাহ্মণের ধর্ম্ম ক্রোধ না হয় উচিত। ক্ষমা শাস্তি ব্রাক্ষণের বেদের বিহিত॥ কর্ম্ম অনুসারে শক্তি হইল নিধন। তার প্রতি অমুশোচ কর অকারণ॥ ক্রোধ শান্তি কর বাপু তত্ত্বে দেহ মন। অকারণে স্ষষ্টি কেন করিবা নিধন॥

কুত্বীর্য চণ্ডিত ও ভ্ঞ প্ত ওর্বের বৃত্তান্ত।
পূর্বের বৃত্তান্ত বলি তোমার গোচর।
কৃত্বীর্য্য ব'লে ছিল এক নরবর।
ভূপুবংশে আক্ষণ তাঁহার পুরোহিত।
নানা যজ্ঞ ক্রিয়া রাজা কৈল অপ্রমিত॥

সর্ববধন দিয়া রাজা গেল স্বর্গবাদে। ধনহীন হৈল, যেই রাজা হৈল দেশে॥ ভৃগুবংশ-দ্বিজগণে আনিল ধরিয়া। মাগিল যতেক ধন দেহ ফিরাইয়া। ভয়ে তবে দ্বিজগণ বলিল বচন। যার গুহে যত আছে দিব সব ধন॥ এত শুনি ছাড়ি দিল সর্ব্ব দ্বিজ্ঞগণ। গৃহে আসি বিচার করিল সর্ববজন॥ রাজভয়ে কোন' দ্বিজ সর্ববিধন দিল। কেহ কেহ কত ধন পুতিয়া রাখিল।। কত ধন দিল লৈয়া রাজার গোচর। অল্লধন দেখিয়া রুষিল নরবর ম অমুচর হৈতে ভেদ পাইল রাজন। ঘরের ভিতরেতে পুতিল সর্বধন ॥ সদৈত্যেতে গৃহ সব বেড়িল সে গিয়া। বাহির করিল ধন যে ছিল পুতিয়া॥ ধন দেখি ক্রোধ কৈল যত ক্ষত্রগণ। ব্রাহ্মণে মারিতে আজা করিল রাজন্॥ হাতে খড়গ করিয়া যতেক রাজবল। যতেক ব্ৰাহ্মণগণ কাটিল সকল॥ বাল রৃদ্ধ যুবা সর্বব যতেক আছিল। ত্ব্যপোষ্য বালকাদি সকলি মারিল। গর্ভবতী স্ত্রীগণের চিরিয়া উদর। মারিল অনেক দ্বিজ চুফী নরবর ॥ মহা কলরব হৈল ব্রাহ্মণনগরে। প্রাণ লৈয়া স্ত্রীগণ পলায় দেশান্তরে॥ একে ভৃগুপত্নী যে আছিল গর্ভবতী। স্বামিগর্ভ রক্ষা হেতু বিচারিল সতী॥ উদর হইতে গর্ভ উরুতে থুইয়া। ক্ষত্রগণ ভয়েতে যায়েন পলাইয়া॥ যতেক ক্ষজিয়গণ বেড়িল ভাহারে। যাইতে নাহিক শক্তি পূর্ণ-গর্ভভরে॥ মহাভয়ে প্রদব হইল দেই স্থানে। দশ সূর্য্যপ্রায় তেজ ধরয়ে নন্দনে ॥ দৃষ্টিমাত্র ক্ষত্রগণ সূব অন্ধ হৈল। কত শত ক্ষত্ৰগণ ভস্ম হৈয়া-গৈল 🛊

যোডহাতে স্তুতি করে যত ক্ষভ্রগণে। ্বাশ্বাণীরে স্তুতি করে বিনয় বচনে॥ পিত-পিতামহ দর্বে ইইল দংহার। মহাক্রদ্ধ হৈল ভবে ভৃগুর কুমার 🛭 মহাত্রষ্ট ক্ষজ্রগণ কৈল অবিচার। অনাথের প্রায় দ্বিজ করিল সংহার ॥ বিধাতার তুষ্ট কর্ম জানিমু এক্ষণ। এই হেতু বিনাশ করিব ত্রিভূবন॥ এত চিন্তি তপস্থা করয়ে ভৃগুবর। জনাহারে তপ ষাটি সহস্র বৎসর॥ ত্তপানলে তাপিত হইল ত্রিভুবন। গাহাকার কলরব করে সর্বজন ॥ দেবগণ মিলি যুক্তি করিল তথন। নিবারণ হেতু পাঠাইল সর্বজন॥ ঐর্ব প্রতি পিতৃগণ বলিল বচন। এত ক্রোধ কর বাপু কিসের কারণ। গামা দবা হেতু হুঃথ ভাবহ অন্তরে। আমা সবা মারিবারে কার শক্তি পারে॥ কাল উপস্থিত হৈল কর্ম্মের লিখন। ্স কারণে ক্ষজ্র হাতে হইল মরণ॥ শ্রপনার মনে জানি ক্ষমা কর মনে। হীনকর্ম্মে হীনতাপী নহে কোনজনে॥ শ্ম তপ ক্ষমা এই ব্রাক্ষণের ধর্ম। শামা সবে না রুচে ভোমার ক্রোধকর্ম্ম॥ পিতৃগণ-বচন শুনিয়া ঔর্ব্ব মূনি। কহেন কহিলা যত আমি সব জানি॥ বিশেষ ক্ষত্রিয়গণ কৈল তুরাচার। ছফে শান্তি না করিলে মজিবে সংসার॥ গৃষ্টলোকে সমুচিত যদি कल পায়। শংসারে তবেত লোক ত্বুইতা ছাড়য়॥ অপ্রমিত কুকর্ম করিল ক্ষজ্রগণ। ^অল্লদোষে বিনাশিল অনেক ব্ৰাহ্মণ॥ ^{যখন} ছিলাম আমি জননী-উদরে। ক্জভুৱে মম মাতা লইলেন উরে **॥** শার যত ব্রাহ্মণী পাইয়া গর্ভবতী। উনর চিরিয়া মারিলেক ছফীমতি 🛭

অনাথের প্রায় করি মারিল স্বারে। तम मव श्वातिया मम श्रमय विषद्ध ॥ হেন ছুফ্টজনে যদি শাস্তি না হইবে। এইমত ছফীচার ত্যাগ কে করিবে॥ শক্তি আছে শান্তি নাহি দেয় যেইজন। কাপুরুষ বলি তারে সংসার্টর ঘোষণ॥ এই হেতু ক্রোধ মম হইল অপার। নির্ত্ত না হবে কোপ, না করি সংহার ॥ ঔর্ব্ব প্রতি পুনরপি বলে পিতৃগণ। নির্বত্ত করহ ক্রোধ শান্ত কর মন। ক্রোধতুল্য মহাপাপ নাহিক সংসারে। তপ জপ জ্ঞান সব ক্রোধেতে সংহারে॥ বিশেষ যতির ক্রোধ চণ্ডাল গণন। এ সব গণিয়া বাপু কর সংবরণ ॥ আমা স্বাকার বাক্য না কর লভ্রন। আমরা তোমার হই পিতৃ গুরুজন ॥ নিবৃত্ত করিতে যদি নাহিক শকতি। উপায় কহি যে এক শুন মহামতি॥ ত্রৈলোক্য জনের প্রাণ জলের ভিতরে। জল বিনা মুহূর্ত্তেকে না বাঁচে সংসারে॥ এ কারণে জলমধ্যে এড় ক্রোধানল। জলেরে হিংসিলে হিংসা পাইবে সকল 🛭 ঔর্বব বলে না লব্সিব সবার বচন। সমুদ্রে থুইল ক্রোধ ভৃগুর নন্দন॥ অত্যাপি মুনির ক্রোধ অনলের তেজে। দ্বাদশ যোজান নিত্য পোড়ে সিন্ধু মাঝে ॥ এত শুনি পরাশর ক্রোধে শাস্ত হৈল। রাক্ষদে মারিব বলি অঙ্গীকার কৈল। রাক্ষদ আমার ভাতে বাহিল ভক্ষণ। পিতৃবৈরী নিশাচরে করিব নিধন 🛚 রাক্ষদ বলিয়া না গুইব পুথিবীতে। পরাশর মুনি এত দৃঢ় কৈল চিতে॥ বশিষ্ঠের শক্তিতে না হইল বারণ। রাক্ষস-বধের যজ্ঞ কৈল আরম্ভণ ॥ পরাশর-যজ্ঞ-কথা অন্তত কথন। সে যজ্ঞে হইল সব রাক্ষস-নিধন॥

রাক্ষসের হুফীচার জানিয়া সকল। পরাশর মুনি হৈল জ্বলন্ত অনল ॥ বেদমন্ত্রে অগ্নি জ্বালি কৈল অঙ্গীকার। সঙ্কল্ল করিল সব রাক্ষস-সংহার॥ যজ্ঞের অনল গিয়া উঠিল আকাশে। মন্ত্রে আকর্ষিয়া যত আনয়ে রাক্ষসে॥ গিরীন্দ্র নগর আদি কাননাদি গ্রাম। দ্বীপ দ্বীপান্তরে যত রাক্ষদের ধাম॥ লক্ষ লক্ষ কোটি কোটি অৰ্ব্বূদে অৰ্ব্ব্ৰুদে। হাহাকার কলরব করিয়া সশব্দে॥ ুপুঞ্জ পুঞ্জ হৈয়া পড়ে অগ্নির ভিতরে। ব্যাকুল হইয়া কেহ কান্দে উচ্চৈঃস্বরে॥ মহাতেজ মহাকায় মহাভয়ঙ্কর। কার সপ্ত মুখ কার' অফ্টাদশ কর॥ বিকট দশন রক্ত লোমাবলি দেহ। কৃপদম চক্ষুতে রহয়ে ঘন লোহ॥ পর্ববত-আকার দেহ জিহ্বা লহ লহ। বিপুল উনর কারো দেখি শুক্ষ দেহ॥ কেছ প্রবেশিল ভয়ে পর্বত-কোটরে। প্রাণভয়ে কোনজন বৃক্ষ চাপি ধরে॥ কেহ প্রবেশয়ে গিয়া সমৃদ্র ভিতরে। পাতালে প্রবেশে কেহ যায় দিগন্তরে॥ কর্কট সিংহেতে যেন সলিল বরিষে। লিখন না যায় যত অনলে প্রবেশে॥ ममितिक कलत्रव रेश्ल शहाकात्र। প্রলয়কালেতে যেন মজয়ে সংসার॥ আকুল হইয়া কেহ শরীর আছাড়ি। **ভয়েতে** কম্পায়ে ত**নু** যায় গড়াগড়ি॥ কোন রাক্ষসের নাহিক রক্ষণ। যজে লৈয়া আদে, মন্ত্রে করিয়া বন্ধন॥ পরাশর-যভের হৈল রাক্ষদ-সংহার। পৌলস্ত্য পাইল দে সকল সমাচার॥ স্ষ্টিনাশ হইল চিন্তিত মুনিবর। যথা যজ্ঞ করে মুনি চলিল সহর॥ পৌলস্ভ্যেরে দেখিয়া উঠিল মুনিগণ। ্বসিবারে দিল দিব্য কনক-আসন॥

চিত্তে ক্রোধ করিয়া বসিল মুনিবর। পরাশরে চাহি মুনি করিল উত্তর॥ বড় যশ উপার্জিলা শক্তির নন্দন। অনেক রাক্ষসগণে করিলা নিধন॥ বেদশাস্ত্র জ্ঞাত হৈয়া কর ছেন কর্ম। কোন্ বেদশাস্ত্রে আছে পরহিংদা ধর্ম। পৃথিবীতে দ্বিজ নাই তোমার বিচারে। আর কোন দ্বিজ নাই কেহ তপ করে॥ তোমার বিচারে শক্তি ছিল হীনজন। সে কারণে কৈল তারে রাক্ষদে ভক্ষণ ॥ মৃত্যু বলি সংসারে আছয়ে মহাব্যাধি। ত্রৈলোক্যে না পাই বাপু ইহার ঔষধি॥ শত বৎসরেতে কিংবা সহস্র বৎসরে। শরীর ধরিলে লোক অবশ্য যে মরে॥ ব্যাঘ্র হস্তী হাতে কিংবা জলে ডুবি মরে। শত শত ব্যাধি আর আছয়ে সংসারে॥ যথায় যাহার মৃত্যু কর্ম-নিবন্ধন। কার আছে ক্ষমতা তা করয়ে খণ্ডন॥ সকল জানহ তুমি শাস্ত্র-অনুসারে। জানিয়া এমন কর্ম্ম কর অবিচারে॥ বিশেষ আপন দোষে শক্তির নিধন। মহাক্রোধ হৈল অল্প দোষের কারণ ॥ আপনার মৃত্যু শক্তি আপনি স্বজ্ঞল। নুপতিরে শাপ দিয়া রাক্ষ্স করিল।। অল্পদোষে মহাক্রোধ দিজে অস্বচিত। সেই পাপে মৃত্যু তার কর্ম-নিবন্ধিত॥ রাক্ষসের কোন্ দোষ বুঝিলা আপনে। অসংখ্য রাক্ষদ ভত্মা কৈলা অকারণে ॥ যে কর্ম্ম করিলা তুমি বিজের এ নয়। দ্বিজকোধ হৈলে ক্ষণে হইবে প্রলয় ॥ ক্রোধ করি দ্বিজ যদি সংসার নাশিবে। কাহার শক্তি তবে পৃথিবী রাখিবে॥ ক্রোধ শান্তি কর বাপু আমার বচনে। অবশেষ যেই আছে করহ রক্ষণে॥ আমার বচন যদি মনোরম নহে। জিজ্ঞাসহ বশিষ্ঠে তোমার পিতামহে॥

বশিষ্ঠ বলেন সত্য কহিলেন মুনি। পূৰ্বে বলিয়াছি বাপু এ সব কাহিনী॥ অকারণে হিংদাকর্মে উপজয়ে পাপ। এ সব করিলে তুমি পাবে বড় তাপ **॥** এত শুনি পরাশর কৈল সমাধান। বহু যত্নে কৈল বজ্ঞ-অগ্নির নির্ববাণ ॥ নিব্বত্ত না হয় অগ্নি পূর্ব্ব অঙ্গীকারে। সঙ্গল্ল করিল যত রাক্ষদ সংহারে।॥ আহুতি না পেয়ে অগ্নি প্রবেশিল বনে। অগ্রাপি অনল উঠে কানন দাহনে॥ গন্ধর্বব বলিল শুন পাণ্ডুর নন্দন। কহিলাম এ সকল কথা পুরাতন॥ ব্শিষ্টের ক্ষমা সম নাহিক সংসারে। বিশামিত্র সংহারিল শতেক কুমারে॥ ত্রগাপিও তাঁরে ক্রোধ না করিল মুনি। যম হৈতে লৈতে পারে তথাপি না জানি॥ কারণ বৃঝিয়া মুনি **অতি ক্ষমাবান্**। নৃপতি কল্মাষপাদে দিল পুজ্ৰদান॥ যে রাজা হইল হেতু শতপুত্রনাশে। তারে পুত্রবান্ কৈল আসন ঔরসে॥ ै অর্জ্জুন বলেন কহ ইহার কারণ। কি কারণে হেন কর্ম কৈল তপোধন। একে ত পরের দারা, দ্বিতীয়ে অগম্য। কি কারণে বশিষ্ঠ করিল হেন কর্ম্ম॥ গন্ধর্ব বলিল শুন তার বিবরণ। শক্তি-শাপে নিশাচর হইল রাজন্॥ হেনকালে পথে দেখে ব্ৰাহ্মণী ব্ৰাহ্মণ। রাজারে দেখিয়া পলাইল চুইজন। দেখিয়া ব্রাহ্মণে গিয়া ধরিল নৃপতি। ভয়েতে বিলাপ করে ব্রাহ্মণ-যুবতী॥ কাতর হইয়া বলে বিনয়-বচন। পৃথিবীর রাজা তুমি সৌদাদ-নন্দন ॥ তোমার•বংশেতে সবে দ্বিজের কিঙ্কর। ভাঙ্গাণেরে বধ না করিও নরবর n আজি মম প্রথম হৈয়াছে ঋতুস্নান। প্ৰথম দিবদে নাহি যাই স্বামিস্থান॥

অতিশয় ক্ষুধার্ত্ত হৈয়াছ যদি ভূমি। আমারে ভক্ষণ কর ছাড় মম স্বামী॥ এতেক কাতর বাণী ব্রাহ্মণী বলিল। সহজে অজ্ঞান রাজা শুনে না শুনিল।। ব্যাঘ্রে যেন পশু ধরি করুয়ে ভক্ষণ। ঘাড় ভাঙ্গি রক্তপান কৈল ততক্ষণ॥ ব্রান্মণের মৃত্যু দেখি ব্রাহ্মণী বিকল। আনিয়া বনের কাষ্ঠ জ্বালিল অনল॥ অগ্নি প্রদক্ষিণ করি ডাকি বলে ভূপে। ওরে তুষ্ট তুরাচার শুন মম শাপে॥ মম ঋতু ভুঞ্জিতে না পাইলেন স্বামী। এই মত নিরাশ হইবে তুফী তুমি॥ স্ত্রী স্পর্শ করিলে তোর অবশ্য মরণ। এ শাপ দিলাম তোরে নহিবে খণ্ডন। সূর্য্যবংশ-কারণ জানাই উপদেশে। বংশরকা হবে তোর ব্রাক্ষণ-ঔরসে॥ এত বলি ব্রাহ্মণী পড়িল অগ্নিমাঝ। বাদশ বৎসর বনে ফিরে মহারাজ। বশিষ্ঠ হইতে মুক্ত হইয়া রাজন্। চেতন পাইয়া দেশে করিল গমন॥ স্নান দান জপ হোম করিল ভূপতি। শয়ন করিতে গেল যথা মদয়ন্তী॥ মদয়ন্তী বলে রাজা নাহিক সারণ। ব্রাহ্মণী দিলেন শাপ দারুণ বচন॥ ন্ত্রী স্পার্শ করিলে তব হইবে মরণঃ সে কারণে মম অঙ্গ না ছুঁয়ে। রাজন্॥ রাণীর বচনে নিবত্তিল নরপতি। বংশরক্ষা-কারণে চিন্তিত মহামতি॥ বশিষ্ঠ হইতে হবে শুনি কো সংখ। ভাষ্যা নিয়োজিত কৈ বশিষ্ঠ মূনিকে॥ বশিষ্ঠ হইতে তাঁর হইল সন্তাতঃ সূর্য্যবংশ রাখিল বশিষ্ঠ মহামতি ॥ এত শুনি অর্জ্বন হইল হুষ্টমন। গন্ধব্বেরে বলিলেন বিনয়-বচন ॥ এদব শুনিয়া মম ব্যগ্র হৈল মন। পুরোহিত-যোগ্য কোথা পাইব ব্রাহ্মণ 🛭

THE RESIDENT A TANK A TELEVISION OF THE SHEET Ale alle de Endate I ৰ্মেন্ডাল হয় কি ভাগিব ভোগাৰে। कि भे ना पर पित पूरि दमाता। स्त्री नेक्स् वर्केन स्रोतित अपूर्व गर्भ काट्स देशना चालित्रम । इंदेश राम साराज भारत । क्षा के सार्थ त्यम क्षीत छन्त । मिके क्षि (शेरमा केत्रिश बद्रवा कारक रक्त (रामा मानीय-वहन । में गुरू छोड़े नाकारन हतिन। THE STATE OF STATE OF STATE IS িজে কে ভোষরা পঞ্চন। बार्ष पारिमर क्लापास असन ॥ सिक्त अकाम (सर्व निराष्ट्रि बननी शस्टि । इत का स्मारत मरहिए। हिस्सित सदस शामादाम शिष्ट । THE PUBLIC PERSONS HE PRINTER STREET असे बान रहि शोकारी अधिर । . जिस्से क्षेत्र मान्य विश्व

THE SERVICE STREET, ST COUNTRY MENTERS क क्षात ह्यांनहमा दीव कास्त । এ কন্তার বোগাগার পান কেছ নয় জতুগৃতে মরিল যে পাঞ্চর নানন। रुनमण्ड धानि रेशन (बार्य मर्यक्रम । क्लिम रिन्न दिन हिट्ड नाहि नहीं। দেব হৈতে জন্মে পঞ্চ পাতুর জনম। বছদেশে দৃত গিৰা কৈল অৰেষণ। না পাইল পাওবেরে চিন্তিত রাজন্ 🕯 🍍 रस्त शक्त देवन यादा दक्तर नाहि त्वरथ।. শ্নেতে রাখিল ধনু খলম্বর লোকে 🛊 मधानात्व बद्धा भून मख विव्रक्तित्व । প্ৰথপর সহ ধনু পুইল সভাতে ৷ **बरे शकुः मन बरे गलनक्षणाय**ा বে বিন্ধিৰে লক্ষ্য, কন্তা দিব ভাৱ হাতে করিল-ত্রন্থান বাজা এইমত প্রণ। ताकर्गेर्ण गर्काख कतिम नियम् ॥ সাগর অবধি যত রাজগণ বৈলে 🕫 गरेनत्य चारेन गत श्रीकारमज त्रत् कर कर शर्बाङ कामन नह नहीं। मनमिक् युक्तियां चारेटम निवर्वि । ব্যক্ত জ্ঞাত পতাকার ঢাকিল খেদিনী লোকস্থে কলরবে কিছুই না শুনি ॥ नभन्न जेगामचारम भाषाम जेपन । রচিল বিচিত্তে সভা লোক-মনোহর। চতুদ্দিকে পরিসর মঞ্চ নির্চিত্র। विविद्धा वसम अभि अख्यान मधिन । रक्यामिश्वत एक अधिरक क्षाव । राक्षणः वस्थित्वः विवर्धेण स्त्रः। THE WASHINGTON OF THE PARTY

TOLE TO THE REAL PROPERTY. गान जात जानिक शिव्य क्रिकान्त्र विविद्ध केला नेवा। विविद्ध बेगन । हर्रा हु**रा लिय अप मियल** मा साथ। বছদিনে সঞ্জ করিল ভাষা লাব ঃ বসিল যতেক রাজা বখাবোগ্য ছামে। श्रुतमञ्ज गुर्का दिन भगत्रपुरान । মঞ্চের উপরেচতু বিশিল রাজগণ। নানা চিত্ৰ বিচিত্ৰ বিবিধ পূৰণ 🛊 त्रशवस कृतवस वरण मरावणी। স্ক্ৰীত্তে বিশাসন স্ক্ৰিপশালী ॥ আইল যতেক বাজা না হয় বৰ্ণনা। চতুরঙ্গ দলেতে লইবা নিজ সেনা । ধৃতরাষ্ট্র নৃপত্তির শতেক কুমার। তুর্ব্যোধন ছুংশাসন সহ বভ আর ॥ ভীন্ন দ্রোণ দ্রোণী কর্ণ কুপ সোমদত। কোটি কোটি রথ অখ পদাতিক মন্ত জরাসম জরুসেন রাজ চক্রসঙ্গ। मर्जनाक जना जाव निवनाक तक। শকুনি সৌবল সুহত্তল মহাবীর। গান্ধার রাজার পুত্র বৃদ্ধে অতি ধীর। শংশুমান চেদিপাল কাশীনওধর। শিশুপাল শেওশুখ বিরাট উত্তর । প্রতিষ্ঠুতী পুঞ্জীক বাহুদের রাজা। क्रवाक्रम सम्बद्ध सम्ब्री वहार्टका । শত ভাই সহিত তুপত্তি অনুগত। विन अनुविन हिल्लान अवस्थ । नीमध्यक व्यवस्म (य ज्ञाका मुखाकिछ। চিত্র উপচিত্র দুর্ববানলের সহিত। पृति पृतिकामा (कष्ट्र रिणकी गक्षर। (शानुक वास्त्रीक नेविका शादकारक ॥ वर्गात्वाका कार्याद्वार वाराम क्रांच्या THE REPORT OF THE PERSON

CHANGE OF THE PARTY OF MENTER OF SPRENGE गुडा-मेंड-राहजाड एक्सन कर्निही गत्रफारतास्य भारतानं वर्गाम् । পাণ্ডৰ-বিবাহ হৈছু সম্ভাৎৰ সাম। कामशान केब्रिट्सर कोर्ट्सर नन्तन গদ শাস্ব চারুদেক সাত্রকি সাম্ব। পুষ্ঠেতে রহিল ধর্মপতি আইমাহণে। করিলেন শব্দধনি বরং নারবিশে 🛊 পাঞ্চমত প্রনাদে তেলোক্য মেটিক পৃথিবীর যত বাতা সৰ পুঞাইল 🛊 যত সভাগণ সভামধ্যে বৰ্গেছিল গোবিন্দ আগত দেখি সম্ভৱে উঠিল ভীম জোণ কুপ সভামেন **নজাৰিত**। শল্য ভূত্নিপ্রবা ফ্রেখ কৌলিক সহিত্য কুতাঞ্চলি করি শিয়ে কৈল পঞ্জৰ দেখিয়া হায়িল চুক্ট বাজগণ বড় 🛊 শিশুপাল আর শাল রুলী সম্বাক্ত জরাসদ সহ যত রাজা চুইচক " কেহ বলে কারে সবে করিলা প্রথম দেব কি পশুৰ খণ্ডি পুরাইৰে স্থান 🖫 করতালি বিয়া হাসি বলে লিক্সাল্য সবা হৈতে ভাল শব্ম ৰাজন্ম গোসাল (छैटे (म फल्मा बिकारक्य देशीरत) বাদ্যকরগণ সহ স্বান্ত করিবানে 🛍 कतानक वृद्धा कीक कृषि कानवान् व **ভোষা रहन जन रखन बरेन कार्यात** : এ সভার জনতে কমা কে কৰা গোপততে প্রথম যি করিছে করি ATTENDED TO THE BEST OF THE PARTY OF THE PAR ANY ANY MENT WITH CHARLES TER LEVEL AND A

Control States Control States ৰিষ্ট কে ক্ষিতে লালি বৈলোক্য ভিতৰ । ক্সান্ত বলিংকে এক চতুদিশ লোকে। বিশ্বাট শুরুদ ধরে এক লোমকুপে। ক্লিট পৰ্য কোটি সে ত্ৰন্ধাও ধন্মে গায়। এমত বিৱাট বাঁর নিশ্বাদে প্রলয়। রেই প্রভু ভাপনি গোপাল-অবতার। भौगार्ड यानवरमर (एव निद्राकात्र॥ বিশাস হইল যাঁর চরাচর জন। নীতি কমলেতে সৃষ্টি করিল সূজন ॥ ৰাবাটো ক্ষন্মিল খাতা চক্ষেতে তপন। ন্ত্ৰতে ক্ষিত্ৰ চন্ত্ৰ নিশ্বাসে পৰন ॥ ক্ৰি হইতে যতেক মহীপাল। ব্যক্তিত মায়ারূপে আছয়ে গোপাল। ৰ্ব্ছ কৰ্ত্ত বিধাতা পুৰুষ সনাতন। লেই সে মন্তকে বল্দে গোপাল-চরণ॥ য়ক মুখে অনুক্ৰণ প্ৰণমে মহেল। 📆 মুখে বিধাতা সহস্ৰ মুখে শেষ 🛚 ক্ষেপ্ত প্রাণমিতে আমি কিতে গণি। স্ক্রীনেতে হেন কথা কহ নৃপমণি॥ मिरमञ्जासम् अभि शाम कत्रामक। কাল সূত্ৰ বাক্যে তুমি পড়িয়াছ ধনা। कि गातिक इंग्रे मागाव कागाजा। विव ना अभिनाम अ प्रवस्त कथा। कर कीत्र अरे अपि त्यच नात्रायः। শ্রমার ভরেতে পদাইল কি কারণ। का अभित्मन मानि (स सकत मानि। ৰা ৰানিয়া বলি চিকেনা ভাবিও ভূমি कि किया अस्त पृति (यहा-समिग्रिक क्षिण अस्टिन अस्टित क्रिमानी**र ।** के बेट समाय है जो मा तो साविय । अधिक काका शक्तिक हारिंग । अपि दर्शन मा गर्धक कारना THE RESIDENCE WAS

কি বেছু জরার জাক জাক জাক।
এই আমি এখা হৈছে বাই জাত আন ।
কুক্ষনিকা আনে আমি ভিলেক না থাকি
নিক্তেরে মারি কিংবা দে আন উপেকি
এত বলি তথা হৈতে যান অন্য আন।
কাশীরাম বিরচিল শুনে পুণ্যবান্।

শ্বৌপদীর সভার আগমন।

হেনমতে তথায় যোড়শ দিন গেল। এক লক্ষ রাজা তবে সভায় বসিল 🏾 তবে রাজা জ্রন্পদ আনিয়া ধাত্রীগণ। আক্সা কৈল দ্রোপদীরে করিতে সাজন।। পাইয়া রাজার ভাজা সর্ব্ব ধাত্রীগণ। নানা অলঙ্কার অক্তে করিল ভূষণ 🏾 ট্রোপদীর পুরোহিত পড়িয়া,মঙ্গল। যাত্রা কৈল সভামধ্যে পুঞ্জিয়া জনল ॥ সভামধ্যে যখন দ্রোপদী উপনীত। দেখি সব রাজগণ হইল মুচ্ছিত n কামামি দহিল চিত্তে হৈল অচেতন। চিত্রের পুত্তলিপ্রায় সব রাজগণ ॥ কেহ কেহ সেই স্থানে পড়িল মোহিয়া। গড়াগড়ি যায় কেহ অজ্ঞান হইয়া॥ সচেতন হৈয়া কেই নাহি চার আর। কেহ কেহ জীবন বাধানে স্থাপনার॥ ধন্য এ জীবন যাতে দেখিত এ রূপ। পাইব এ কন্মা চিত্তে করে কোন ভূপ॥ হেনমতে ব্রাজগণ বিশ্ময় অন্তর। কাশীরাম বিরচিল রচিয়া প্রয়ার ॥

द्योशमीत्र क्रश्वर्गन ।

পূর্ণ স্থধাকর, হইডে প্রবর, বিকার করল মুখ ৷ পজনতি সুনা, ডিসাফুল নাসা, দেখি মুনি-নান স্থধ ৷ কণ্ঠ দেখি কন্মু, প্রবেশিল অন্মু, জগাধ অন্মুধি মাঝে। নিন্দিত মূণাল, ভুজ দেখি ব্যাল, প্রবেশিল বিলে লাজে।

মাজা দেখি কীণ, প্রবেশে বিপিন,
করি-অরি হরি লাজে।
করে কোকনদ, পাইল বিপদ,
নখরেতে বিজয়ালে।

, न्यातिक विकासिक ॥ क्रिक्ट क्वा, क्रिक्ट विम् विम्, हत्रत्य मृथूद्र रूप्त ।

জঘন হুন্দর, বিহার কন্দর, স্বর্ণকাঞ্চী অবতংস ৷

রামরক্তা তরু, চারু যুগ্ম উরু, দেখি নি**লৈ** যত হাতী।

উদর স্থক্শ, নাজা মৃগ-ঈশ, নিতম্বযুগল কিতি।

নীল হুকোমল, শরীর অমল, কমলে গঠিত অল।

ভারের কারণ, হীন আভরণ, সহকে যোহে অনস্ক

क्मन-वहन,

ক্ষলগঞ্জিত গণ্ড ৷ বি-কর কৃষ্ণা, ক্ষলাংজিয় তল,

ME PROPERTY.

ten bare,

करण प्रश्नम् ।

কুরুকুল-ধবংলে, ক্রনার পার্ল, স্থাতিত ক্রলজাতে। ক্রলা-বিলাসী, বন্দি ক্তে কাশী,

क्मनाकारसम् २०॥

त्रांबानिरंभन्न गन्गारकरन खेरणांग्र

त्किशमीत ज्ञान (मिस त्यां क् नृश्मान) শীঘ্ৰগতি সকলে উঠিল ভতক্ষণ 🏗 হুডাহুড়ি করি সবে যায় বায়ুবেপে। সবে বলে রহ, লক্ষ্য আমি বিন্ধি আগে श्रुक्तम श्रुक्तम खरव छेश्रिकन बन्द । ধ্যুক বেড়িয়া দাঁড়াইল নৃপর্ন্দ 🛚 তবে মগধের পতি জনাদন্ধ রাজা। রাজচক্রবত্তী ক্ষত্রকুলে মহাতেকা। ধকুক তুলিয়া সে বাঁকারে পুনঃ পুনঃ নোয়াইয়া ধ্যুন্তলে দিতে গেল গুণা অতিশয় বিপুল সে ধসুকের ভরে। মুর্চ্ছা হ'রে নুপতি পড়িল কতদুরে ॥ তবে তুৰ্ব্যোধন দক্ত করিয়া বছলা ধনু ধরি জানু পাতি নোঙাইল হল 🖫 মুখে রক্ত উঠিল কম্পিত কলেবর। কতদূরে মূর্চ্ছা হৈয়া ধূলায় ধূলর 🖈 তবে মংস্ক-অধিপতি বিরাট রাজন ঠেলাঠেলি করি ধমু নিল প্রাণপৰ 📳 তুলিতে সে নারিল ছাড়িতে না পারিল। হাসিয়া প্রশামা রাজা কাড়িয়া লইল 🛊 🦠 ক্যাকে দেখিয়া বুড়া খাইলি কি লাক ট লক্য বিদ্বিবার হলে বাবালি ন্মার্ক 🔝 তুলিতে নাছিক শক্তি বিভিন্নতে মাওন **बरे मूल बर केलान संबद्धांत्र गांव** এত বলি শীৰ্ষাতি পুলিগোক বসু। रमिया कीछार कीय रक्षार केरन का । THE PROPERTY COMES TO SERVICE

পায়ে চাপি ধরি ধন্ম গুণ দিতে যায়। কতদুরে পড়িল হইয়া মৃতপ্রায়॥ মত্ত দশ সহস্র মাতঙ্গ পরাক্রম। ধুমুকে দিবার গুণ না হইল ক্ষম॥ শিশুপাল মহারাজ চেদীর ঈশ্বর। বড় লজ্জা পাইল সে সভার ভিতর ॥ লক্জাভয়ে প্রাণপণে নোঙাইল ধকু। না পারিল ধৈর্য্য হৈতে হীনবীর্য্য তকু॥ ধসুহুলে চিবুক লাগিয়া উল্টিল। কতদূরে রাজগণ উপরে পড়িল **॥** মুকুট ভাঙ্গিল, তমু হৈল মহাক্ষীণ। মৃতপ্রায় হইয়া রহিল দণ্ড তিন ॥ একে একে যত ছিল নৃপতির গণ। রুবী ভগদত্ত শল্য শাল্প নৃপগণ ॥ বাহলীক কলিঙ্গ কাশী ভোজ নরপতি। চন্দ্রদেন মদ্রদেন পৌরব প্রভৃতি **॥** সত্যসেন স্থায়েণ রোহিত বুহন্বল। দীর্ষপিঙ্গকেশী দস্তবক্র মহাবল **॥** বলবন্ত কুলবন্ত ক্ষত্রিয়প্রধান। যোল লক্ষ নরপতি সবে বলবান ॥ একে একে সবাই বুঝিল পরাক্রম। ধন্ম নোঙাইতে কেহ না হইল ক্ষম॥ কোথায় ধনুক পড়ে কোথায় আপনি। কোথা পড়ে কুগুল মুকুট রত্মনি॥ কাহার ভাঙ্গিল হাত ঘাড় স্কন্ধ নাক। मूर्य तक উঠে कात्र' वनक वनक ॥ বড় বড় ভূপতির দেখি অপমান। ভয়ে আর কেহ না হইল আগুয়ান 🛭 প্রথমে বিদ্ধিব বলি হৈল মহাগোল। লক্জায় কাহার' মুখে নাহি আর বোল। দম্ভ করি উঠিয়া বদিল অধোমুখে। লজ্জিত হইয়া, পৃষ্ঠ করিয়া ধনুকে॥ অজেয় জানিয়া সবে বিপুল ধসুক। যত ক্ষত্ৰকুল সবে হইল বিমুখ ॥ রাজগণ যথন হইল ভঙ্গীয়ান। ক্রুযোড় ক্রি বলে পঞ্চাল-প্রধান ॥

অবধান কর যত রাজার সমাজ। স্বয়ংবর করিয়া যে পাইলাম লাজ ॥ নিমন্ত্রিয়া অনিলাম যত রাজগণ। না হইল কার্য্যদিদ্ধি করি প্রাণপণ ॥ সবে বলে রাজা তোর না বুঝি চরিত। কভু নাহি দেখি হেন ধনু বিপরিত॥ বহু স্থানে এমত আছুয়ে লক্ষ্যপণ। লক্ষ্য বিদ্ধি দবে লইয়াছে কন্সাগণ ॥ এতাদৃশ ধনু কভু নাহি দেখি শুনি। ধনুভরে মুর্চ্ছা হৈল সব নৃপমণি॥ বিন্ধিবার কার্য্য থাক্ গুণ দিতে নারি। আমা সবা বিভৃষিতে করেছ গাতুরী॥ বহু ধন্ম দেখিয়াছি আমা দবা জ্ঞানে। ধনু হেন দেখি নাই শুনি নাই কাণে॥ মদ্ররাজ পূর্বেব কন্সা স্বয়ংবর কৈল। যোজনেক উচ্চ রাধাচক্র করেছিল॥ তাহাতেও গুণ দিল কোন কোন জনা। লক্ষ্য বিন্ধি বাহুদেব লভিলা লক্ষ্মণা॥ ভগদত্ত নৃপতির কন্সা ভাতুমতী। সেও এইমত পণ করিল ভুপতি।। তুৰ্জ্জয় ধনুক কৈল জানে সৰ্ববজনা। সে ধনু নহিবে যে এ ধনুর তুলনা ॥ তাহাতেও গুণ দিয়াছেন রাজগণে। কৰ্ণ লক্ষ্য বিশ্ধি, কন্সা দিল ছুৰ্য্যোধনে॥ জন্মেজয় জিজ্ঞাসিল মুনি সম্বোধনে। কহ যুনি কৰ্ণ লক্ষ্য বিক্ষিল কেম্নে॥ কহ শুনি ভানুমতী-স্বয়ংবর-কথা। কোন্কোন্রাজগণ গিয়াছিল তথা। মহাভারতের কথা অমৃত-লহরী। কাশী কহে শুনিলে তরয়ে ভব-বারি॥

ভাহ্মতীর সরংশ্বর।

মুনি বলে অবধান কর নরপতি।
প্রাগ্দেশে ভগদত্ত-কন্যা ভাতুমতী॥
ভূপতি করিল সেই কন্যা ষয়ংবর।
নিমন্তিয়া আনাইল যত নরবর॥

তুৰ্য্যোধন শত ভাই ভীষ্ম কৰ্ণ দ্ৰোণ। কলিঙ্গ কামদ মহস্ত পঞ্চাল-নন্দন ॥ রাজচক্রবর্ত্তী জরাসন্ধ মহাতেজা। স্থাংবরে গেল আঁশী সহস্রেক রাজা ॥ হেনমতে রাজগণ করিল গমন। ङ्गम् छ प्रभिष्ठ क दिल निर्दम्न ॥ এইমত মৎস্থ লক্ষ্য উচ্চাৰ্দ্ধ যোজন। এই ধ্যুৰ্ব্বাণে বিন্ধিবেক যেইজন॥ সেই মম কন্যা লভিৰ্মেক ভামুমতী। এত বলি কন্মা আনাইল শীঘ্রগতি 🛚 ভামুর প্রকাশে যেন তিমির বিনাশ। ভাত্মতী-রূপে যেন করিল প্রকাশ॥ দেখিয়া মোহিত **হৈল** যত রাজগণ। ষোডশ কলাতে যেন চন্দ্রের শোভন ॥ তবে যত রাজগণ উঠি একে একে। কারে। শক্তি গুণ দিতে নারিল ধনুকে॥ জরাসন্ধ মহারাজ ধনুক লইয়া। বহু শক্তি দিল গুণ ধ্যু নোঙাইয়া॥ নক্ষ্যের উদ্দেশে বাণ এড়িল স্থপতি। নারিল বিন্ধিতে লক্ষ্য তাহার শক্তি॥ লক্ষ্য পরশিয়া বাণ পড়িল ভূতলে। সে লাজ পাইয়া ধনু হাত হৈতে ফেলে॥ যত সব রাজগণ হইল বিমুখ। কারো শক্তি নোঙাইতে নারিল ধসুক॥ সবারে বিমুখ দেখি প্রাগ্দেশপতি। করযোড়ে কহে সব ভুপতির প্রতি॥ কেহ নাহি পারে লক্ষ্য বিশ্বিতে রাজন। শজ্ঞা কর কোন্ কর্ম্ম করিব এখন॥ রাজগণ বলে শক্তি নাই মো-সবার। উপায় করহ চিত্তে যে হয় বিচার॥ যে পারিবে সে লইবে তোমার কুমারী। কারো শক্তি ভারে কিছু বলিতে না পারি 🖁 ^{এত} শুনি কহিতে লাগিল ভগদন্ত। অস্ত্রধারী হইয়া আছম্মে ইথে যত 🛭 এই ভাষা পুনঃ পুনঃ বলিল রাজন্। শুনিয়া উঠিল তবে বীশ্ব বৈকর্ত্তন ॥

আকর্ণ পুরিয়া ধনু দিলেন টঙ্কার। লক্ষ্যের উদ্দেশে বাণ করিল প্রহার॥ মহাপরাক্রম কর্ণ হয় দৃষ্টিভেদী। এক বাণে মৎস্তচক্র ফেলাইল ছেদি॥ দেখি হুট্টমতি তবে হৈল ভাসুমতী। কর্ণগলে মাল্য দিতে যায় শীব্রগতি॥ পাছু হৈয়া মাল্য দিতে কর্ণ নিবারিল। দেখিয়া সকল রাজা বিস্মিত হইল। রহ রহ বলি ডাকে জরাসন্ধ রাজা। শুনিয়া বলিল সূৰ্য্যপুত্ৰ মহাতেজা ॥ কর্ণ বলে লক্ষ্য বিদ্ধিলাম এ সভাতে। ভাসুমতী আইল আমারে মাল্য দিতে ॥ মৈত্র হেছু আমি তারে করিন্থ বারণ। তুমি নিবারহ তারে কিদের কারণ। জুরাসন্ধ বলে অন্ধভাগী হই আমি। মম গুণ দিয়া ধকু বিধিয়াছ তুমি॥ গুণ দিলে ধনুক অর্দ্ধেক হয় তার। হয় কিনা বুঝ সবে করিয়া বিচার॥ এত শুনি কহিলেন যতেক ভূপতি। সত্য কহিলেন জরাসন্ধ মহামতি ॥ গুণদাতা জনের অর্দ্ধেক অধিকার। ভামুমতী উপরে স্বামিত্ব দোঁহাকার॥ এক্ষণে ইহার এই দেখি যে বিধান। দোঁহাকার মধ্যে যে হইবে বলবান॥ ভানুমতী কন্সা লভিবেক দেইজন। এইমত কহিল সকল রাজগণ ॥ শুনি কর্ণ ডাকি বলে জরাসন্ধ প্রতি। মিথ্যা ছন্দ্র অকারণে কর নরপতি॥ কন্যালোভে ঘন্দ্ব এবে কর অকারণে ইহার উচিত ফল পাবে মম স্থানে॥ গুণ দিতে ধনু আমি পারি শতবার। হেন লক্ষ্য বিহ্মিবারে ক্ষমতা আমার আবার তথায় লক্ষ্য রাখ ল'য়ে পুনঃ। পুনঃ আমি বিন্ধিব ধসুকে দিয়া গুণ ॥ নতুবা আইস দোঁছে করিব সমর। এত বলি ডাকে বীর কর্ণ ধহুর্দ্ধর ॥

ভনিয়া ধাইল জরাদন্ধ নরপতি। দোঁহাকার অঙ্গে অস্ত্র বিন্ধে শী**ঘ্র**গতি ॥ নানা অন্ত্র কর্ণবীর করে বরিষ্ণ। নিবারয়ে তাহা রহদ্রপের নন্দন॥ প্রাণপণে ঘোর যুদ্ধ হৈল দোঁহাকার। ধ্যু এড়ি গদ। লৈল মগধকুমার॥ গদাযুদ্ধে অধিক কুশল মহারথ। গদাবাতে চুর্ণ সে করিল কর্ণরথ॥ मात्रिथ जूतऋ तथ ज्यानि हुर्ग देश्ल । লাফ দিয়া কর্ণবীর ভূমিতে পড়িল॥ আর রথে চড়ি অন্ত্র করে বরিষণ। সেই রথ চুর্ণ তবে করিল তথন ॥ মার মার করিয়া ভীষণ ঘোর ডাকে। বায়ুবেগে গদা বীর ফিরায় মস্তকে 🛭 মেদের বর্ষণাধিক কর্ণ অস্ত্র এড়ে। গদায় ঠেকিয়া অস্ত্র ধূলি হৈয়া পড়ে ॥ ছেনমতে কতক্ষণ হইল সমর। ক্রোধে দিব্যব্দ্র কর্ণ এড়ে ধনুর্দ্ধর ॥ খণ্ড খণ্ড করি গদা কাটিয়া ফেলিল ৷ আর গদা লৈয়। বীর কর্ণে প্রহারিল ॥ দেই গদা কাটি কর্ণ কৈল খান খান। আর গদা নিল পুনঃ মগধ প্রধান॥ পুনঃ পুনঃ জরাসন্ধ যত গদা লয়। সেইক্ষণে কাটে তাহা সূর্য্যের তনয়॥ বহু গদা কাটা গেল গদা নাহি আর। কর্ণ প্রতি বলে তবে মগধকুমার॥ আমি অস্ত্রহান ত্যুম হও অস্ত্রধারী। অস্ত্র ত্যজি এদ দোঁহে বাহুযুদ্ধ করি॥ **শুনি কর্ণ সেইক্ষণে এড়ি ধনুঃ শর।** বাহুযুদ্ধ করে দোঁহে স্থূমির উপর॥ মুণ্ডে মুণ্ডে ভুজে ভুজে বুকে বুকে তাড়ি। চরণে চরণে বঁথি যায় গড়াগড়ি॥ পদাঘাত করাগাত মৃষ্টির প্রহার। চট্ চট্ শব্ব বাংজ অঙ্গে দোঁহাকার॥ কোথায় পড়িল রত্ন কণ্ঠহার ছিঁডে। আপাল সক্রট পোল চর্ব হ'য়ে উড়ে N

দৌহাকার সংগ্রাম যে না হয় বিরাম। পুর্বেব দীতা হেতু যেন রাবণ-জ্রীরাম॥ সূর্য্যের নন্দন কর্ণ সূর্য্য-পরাক্রম। ক্রোধমূর্ত্তি দেখি যেন কালান্তক যম॥ স্থুজবলে জরাদক্ষে পাড়িল স্থৃতলে। বুকে চাপি বসিয়া চাপিয়া ধরে গলে॥ জরাসন্ধ-দঙ্কট দেখিয়া রাজগণ। হাহাকার করিয়া করিল নিবারণ॥ হারি অপমান হৈয়া মগধের পতি। আপন দেশেতে গেল হৈয়া তুঃখমতি॥ তবে ভাতুমতী লৈয়া ভাতুর নন্দন। তুর্য্যোধন অগ্রে লৈয়া দিল ততক্ষণ॥ তুষ্ট হৈয়া ছই মিত্র করে কোলাকুলি। ভানুমতী লৈয়া গেল নিজ দেশে চলি॥ মহাভারতের কথা অমৃত-দমান। কাশীরাম কহে দদা শুনে পুণ্যবান॥

[মহাভারত।

শ্রীক্বঞ্চ-বলরামের ক্থোপক্থন। জিজ্ঞাদেন জন্মেজয় কহ মুনিবর। তার পর কি করিল পঞ্চাল-ঈশ্বর॥ মুনি বলে অবধান কর নৃপমণি। পুনঃ পুনঃ রাজগণ বলে কটুবাণী॥ উপহাস করিবারে নৃপতিমগুলে। মিথ্যা স্বয়ংবর করি নিমন্ত্রি আনিলে॥ আমা দবা মধ্যে বিন্ধে নাহি হেন জন। কহ বিহ্মিবারে তব যারে লয় মন॥ রাজগণ-বাক্য শুনি দ্রুপদকুমার। ডাকিয়া বলিল তবে মধ্যেতে সভার॥ কুত্রকুলে আছহ সভাতে যত জন। যে বিন্ধবে তারে কৃষণ করিবে বরণ॥ পুনঃ পুনঃ ধৃষ্টত্যান্ন সবাকার আগে। এইমত বচন বলিল ক্ষত্ৰভাগে ॥ রাম দৃষ্টি করিলেন কৃষ্ণের বদন। ইঙ্গিতে বুঝিয়া বলিলেন নারায়ণ 🏾 আমা সবাকার ইখে নাহি কিছু কাজ। অকারণে সভায় উঠিয়া পাব লাজ 🛭

বলভদ্র বলেন যে রহি কি কারণ। বার্থ স্বয়ংবর কৈল পঞ্চাল রাজন্॥ নিমন্ত্রিয়া আনাইল একলক্ষ রাজা। _{বিংশ}তি দিবদ সবাকারে করে পূজা॥ কোন রাজা নোঙাইতে নারিল ধকুক। তোমা হেন জন যাহে হইল বিমুখ॥ আর বা সংসার মধ্যে আছে কোন্ জন। ত্র লক্ষ্য বিশ্ধিয়া কন্সা করিবে গ্রহণ ॥ চল অকারণে আর কেন রহি ইথি। পুনুর দিব্দ ছাড়ি আছি দ্বারাবতী **৷** গোবিন্দ বলেন আজিকার দিন রহ। লক্ষ্য বিশ্বিবারে এবে কৌতুক দেখহ। যেই বিন্ধে ইতি মধ্যে নাহি কোন ব্যক্তি। এই লক্ষ্য বিশ্ধিবারে আছে কার শক্তি॥ পৃথিবীর রাজা আছে ত্রৈলোক্যমগুলে। ইন্দ্র যম বরুণ প্রভৃতি দিক্পালে॥ এ লক্ষ্য বিশ্ধিতে সবে একজন ক্ষম। মনুষ্যলোকেতে শ্রেষ্ঠ মহাপরাক্রম॥ শুনিয়া বলেন রাম বিস্মিত-বদন। কহ কৃষ্ণ এমত আছুয়ে কোন্ জন॥ তিনলোকে বীর তার নাহিক সমান। নরশ্রেষ্ঠ তোমা বিনে কেবা আছে আন 🛚 তোমা আমা হৈতে শ্রেষ্ঠ মনুষ্য আছয়। শুনিয়া আমাতে বড় জম্মিল বিশ্বায়॥ অবর্ণিত-রূপ কৃষ্ণা লক্ষ্মী-স্বরূপিণী। সম্পূর্ণচন্দ্রমামুখ জাতিতে পদ্মিনী ॥ এ কন্সা লভিবে যেই পুরুষ উত্তম। ^{কহ} কৃষ্ণ তোমা হৈতে স্মন্য কেবা ক্ষম॥ গোবিন্দ বলেন দেব কর অবধান। এ লক্ষ্য বিশ্বিতে পার্থ বিনা নাহে আন ॥ উদ্রের নন্দন সেই পাণ্ডব তৃতীয়। ^{লক্ষ্য} বি**ন্ধিতে সক্ষম সেই (জন' হয়**॥ রাম বলে ত্রিভুবনে কেহ না পারিল। যে পারিবে ভাদশ বৎসর সে মরিল॥ আশ্চধ্য লাগিল মম শুনি তব ভাষ। অনুমানে বুঝি কৃষ্ণ কর উপহাস 📗

অগ্নি মধ্যে পুড়িল যে পাণ্ডুর নন্দন। তাহা বিনা লক্ষ্য বিস্কে নাহি হেন জন ॥ তবে কে বিন্ধিবে লক্ষ কহ নারায়ণ। কি হেতু রহিতে বল না জানি কারণ॥ কৃষ্ণ বলে পাণ্ডুপুত্র পুড়ি নাহি মরে। মহাবীর্য্যবন্ত তারা অবধ্য সংসারে। দেব হৈতে হৈল পঞ্চ কুন্তীর কুমার। ভূমিভার নাশিবারে জন্ম শবাকার॥ তা সবা মারিতে পারে কাহার শকতি। কতকাল গুপ্তে কাটাইল যথি তথি॥ এই সভা মধ্যেতে মাছয়ে পঞ্জন। প্রনিয়া বিস্ময়াপন্ন রোহিণীনন্দন॥ রাম বলিলেন কহ অদ্ভুত কথন। শুনিয়া আশ্চর্য্যক্ত হৈল মম মন॥ অগ্নিতে মরিল পুড়ে ঘুষিল ভুবনে। এতকাল কোন্ দেশে বঞ্চিল গোপনে॥ কোন্ দেশে কোন্ স্থানে আছে পঞ্জন। পার্থ লক্ষ্য বিন্ধিতে না উঠে কি কারণ॥ এত শুনি বলিলেন দেব যত্নীর। দ্বিজসভামধ্যে দেখ রাজা যুধিষ্ঠির॥ এক্ষণে কেমনে বা উঠিবে ধনপ্তয়। লক্ষ্য বিশ্বিবারে তারে কেহু নাহি কয়॥ যথন ব্ৰাহ্মণগণে দ্ৰুপদ বলিবে। লক্ষ্য বিশ্ধিবারে পার্থ তথনি উঠিবে॥ 😎নিয়া চাহেন রাম যুগ্চিন্তির পানে। পিঙ্গল মলিন বস্ত্র বিরস্বদনে॥ তৈল বিনা তাম্রবর্ণ লোমাবলি চুলি। মাথে তালপত্ৰ-ছত্ৰ ক্ষন্ধে ভিক্ষাঝুলি॥ রাম বলিলেন ক্লফ্ড ফ্র তাবধান। ধর্মজ্রেষ্ঠ যুধিষ্টির লোকেতে আখ্যান ॥ তবে কেন হেন গতি দেখি যুধিষ্ঠিরে। অনাহারে মহাকষ্ট হ্রঃথিত শরারে॥ কুষ্ণ বলে কর অবধান মহাশয়। পাপ-আত্মা তুর্য্যোধন জানিও নিশ্চয়॥ পাপেতে পাপীর ধন বৃদ্ধি হয় নিতে। পশ্চাতে হইবে সমূলেতে বিনশ্যতি॥

কালেতে অবশ্য জয় লভে ধর্মিজন।
স্থ হুঃথ কতকাল দৈবের লিখন॥
কৃষ্ণের এতেক বাক্য শুনি যতুগণ।
স্বাই ত্যজিল লক্ষ্য বিদ্ধিবার মন॥
মহাভারতের কথা অমৃত-সমান।
কালীরাম দাস করে শুনে পুণ্যবান॥

সকলকে লক্ষ্য-বিশ্বিবার জন্ম ধৃষ্টহ্যুমের অত্মতি।

পুনঃ পুনঃ ধৃষ্টগ্র্যন্ন স্বয়ংবর স্থলে। লক্ষ্য বিশ্বিবারে বলে ক্ষজ্রিয় সকলে॥ তাহা শুনি উঠিলেন কুরুবংশপতি। ধুকুক নিকটে যান ভীষ্ম মহামতি॥ তুলিয়া ধন্তকে ভীষ্ম দিয়া বাম জানু। হুলে ধরি নোয়াইয়া ধরে মহাধসু॥ মহাশব্দে মোহিত হইল সর্ব্বজন। উচ্চৈঃশ্বরে বলিলেন গঙ্গার নন্দন॥ শুনহ পাঞ্চাল আর যত রাজভাগ। সবে জান আমি দার করিয়াছি ত্যাগ। কন্যায় আমার কিছু নাহি প্রয়োজন। আমি লক্ষ্য বিশ্বিলে লইবে ভুর্য্যোধন ॥ এত বলি ভাষা বাণ যুড়িল ধনুকে। হেনকালে শিখণ্ডীকে দেখিল সম্মুখে॥ ভীম্মের প্রতিজ্ঞা আছে খ্যাত চরাচর। অমঙ্গল দেখিলেই ছাড়ে ধনুঃশর॥ শিখণ্ডী ক্রুপদপুত্র নপুংসক জাতি। তার মুখ দেখি ধনু পু'ল মহামতি॥ তবে ত সভাতে ছিল যত ক্ষত্ৰগণ। পুনঃ ডাক দিয়া বলে পাঞ্চাল-নন্দন ॥ ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র নানা জাতি। ে যে বিন্ধিবে সেই লবে কুষণা গুণবতী 🛭 এত শুনি উঠিলেন দ্রোণ মহাশয়। শিরেতে উষ্ণীষ শোভে শুভ্র অতিশয়॥ শুভ্ৰ মলয়জে লিপ্ত শুভ্ৰ সৰ্বব অঙ্গ। হত্তে ধুমুর্বাণ শোভে পুষ্ঠেতে নিষঙ্গ ॥ ধনুক লইয়া দ্রোণ বলেন বচন। ্যদি আমি এই লক্ষ্য বিন্ধি কদাচন 🛭

আমা যোগ্য নহে এই ক্রপদকুমারী। স্থার কুমারী হয় আমার ঝিয়ারী ॥ তুর্য্যোধনে কন্স। দিব যদি লক্ষ্য হানি। এত বলি ধরিয়া তুলিলা বাম পাণি॥ টঙ্কারিয়া গুণ দিয়া বলেন আচার্য্য। খসাইয়া দিব গুণ এ কোন আ**শ্চ**ৰ্য্য ॥ বিশ্বিতে যে শক্ত তার গুণেতে কি ভয়। ছুই স্থানে অধিকারী ছুর্য্যোধন হয়॥ তবে দ্রোণ লক্ষ্য দেখে জলের ছায়াতে। অপূর্ব্ব রচিল লক্ষ্য দ্রুপদ নৃপতে॥ পঞ্চক্রোশ উর্দ্ধেতে স্ববর্ণ মৎস্থ আছে। তার অর্দ্ধ পথে রাধাচক্র ফিরিতেছে॥ নিরবধি ফিরে চক্র অন্তুত-নির্মাণ। মধ্যে ছিক্ত আছে মাত্র যায় এক বাণ ॥ উৰ্দ্ধদৃষ্টি কৈলে মৎস্য না পাই দেখিতে। জলেতে দেখিতে পাই চক্রচ্ছিদ্রপথে॥ অধোমুখে চাহিয়া থাকিবে মৎস্য লক্ষ্য। উর্দ্ধে বাণ বিন্ধিবেক শুনিতে ব্রুশক্য ॥ টানিয়া ধনুক দ্রোণ জলছায়া চায়। দেখিয়া হৃদয়ে চিন্তেন যে যতুরায়॥ পরশুরামের শিষ্য দ্রোণ মহাশয়। নানা বিভা অস্ত্রে শস্ত্রে পূর্ণিত হৃদয়॥ বিশেষ সবার গুরু দ্রোণ ধনুর্বেদ। সকল লোকেতে খ্যাত সৃষ্টি করে ভেদ॥ লক্ষ্য বিন্ধিবারে এ বিচিত্র নহে কথা। এক্ষণে বিন্ধিবে লক্ষ্য নাহিক অন্যথা।। স্থদর্শন চক্রে আচ্ছাদিল চক্রধর। মৎস্ডা-লক্ষ্য ঢাকি রছে সেই চক্রবর 🛭 তবে দ্রোণাচার্য্য বাণ আকর্ণ পুরিয়া। চক্রছিদ্রপথে বিশ্বে জলেতে চাহিয়া। মহাশব্দে উঠে বাণ গগনমগুলে। স্থদর্শনে ঠেকিয়া পড়িল ভুমিতলে। লঙ্জিত হইয়া দ্রোণ ছাড়িল ধনুক। সভাতে বদিল গিয়া হ'য়ে অধোমুখ 🖡 বাপের দেখিয়া লজ্জা ক্রোধে তবে দ্রোণি তুলিয়া লইল ধকু ধরি বামপাণি M

াকু টক্ষারিয়া বীর চাহে জলপানে। মাকর্ণ পুরিয়া চক্র ছিদ্রপথে হানে॥ ্যর্জ্জিয়া উঠিল বাণ উল্কার সমান। গুদ্ধ নৈ ঠেকিয়া হইল খান খান॥ দ্রোণ দ্রোণি দোঁহে যদি বিমুখ হইল। বিষম লজ্জার ভয়ে কেহ না উঠিল। ত্তবে কর্ণ মহাবীর সূর্য্যের নন্দন। াসুর নিকটে শীঘ্র করিল গমন॥ াম হস্তে ধরে ধকু দিরা পদভর। াসাইয়া গুণ পুনঃ দিল বীরবর॥ ক্ষারিয়া ধনুক যুড়িল বীর বাণ। টর্দ্ধকরে **অধো**মুখে পূরিয়া সন্ধান॥ গ্রড়িলেন বাণ বায়ুভরে বেগে ছুটে। লেন্ত অনল যেন অন্তরীক্ষে উঠে॥ रদর্শন চক্রে ঠেকি চুর্গ হৈয়া গেল। তিলবৎ **হৈ**য়া বাণ স্কুতলে পড়িল ॥ লঙ্জা পেয়ে কর্ণ ধ**নু স্থৃতলে** ফেলিয়া। অধোমুখ হৈয়া সভামধ্যে বসে গিয়া॥ ভয়ে ধনুপানে কেহ নাহি চাহে আর। পুনঃ পুনঃ ডাকি বলে ক্রেপদ-কুমার॥ ৰিজ হোক হোক ক্ষত্ৰ হোক, শূদ্ৰ আদি। চণ্ডাল প্রভৃতি লক্ষ্য বিশ্বিবেক যদি॥ লভিবে দ্রোপদা সেই দৃঢ় মম পণ। এত বলি ঘন ডাকে পাঞ্চাল-নন্দন ॥ কেহ আর নাহি চায় ধন্মকের ভিতে। একবিংশ দিন তথা গেল হেনমতে॥ বিজ্পভা মধ্যেতে বসিয়া যুধিষ্ঠির। চ্ছুর্দ্দিকে বেষ্টি বসিয়াছে চারি বীর॥ শার যত বদিয়াছে ত্রাহ্মণমগুল। নেবগণ মধ্যে যেন শোভে আথগুল॥ य नका विश्वित्, कचा नत्व मिहे वीत्र। শুনি ধনঞ্জয় চিত্তে হ'লেন অস্থির॥ বিষ্কিব বলিয়া শক্ষ্য করি হেন মনে। যুধিষ্ঠির পানেতে চাংহন অনুক্ষণে ॥ অ**জ্বনের** চিত্ত বৃঝি কহেন ইাঈতে। পাজা পেয়ে ধনপ্রয় উঠন ছরিতে॥

অর্জ্জুন চলিয়া যান ধন্তুকের ভিতে। দেখিয়া ত দ্বিজ্ঞ্গণ লাগে জিজ্ঞাসিতে॥ কোথাকার বিজ তুমি কিসের কারণ। সভা হৈতে উঠি যাহ কোন প্রয়োজন॥ অর্জ্জুন বলেন যাই লক্ষ্য বিশ্বিবারে। প্রদন্ন হইয়া সবে আজ্ঞা দেহ সোরে ॥ শুনিয়া হাসিল যত ব্রাহ্মণমগুল। কন্সারে দেখিয়া দ্বিজ হইল পাগল॥ যে ধনুকে পরাজয় পায় রাজগণ। জ্বাসন্ধ শাল্ব দ্রোণ কর্ণ চুর্য্যোধন ॥ সে লক্ষ্য বিশ্বিতে দ্বিজ চাহ কোন লাজে। ব্ৰাহ্মণেতে হাসাইল ক্ষত্ৰিয়-সমাজে॥ বলিবেক ক্ষত্র যত, লোভী বিজ্ঞগণ। হেন বিপরীত আশা করে সে কারণ॥ বহুদূর হৈতে আদিয়াছে দ্বিজগণ। বহু আশা করিয়াছে পাবে বহু ধন॥ সে সব হইবে নষ্ট তোমার কর্ম্মেতে। অসম্ভব আশা কেন কর বিজ ইথে॥ অনর্থ না কর, বৈদ আদিয়া ব্রাহ্মণ। এত বলি ধরি বদাইল খিজগণ ॥ পুনঃ পুনঃ ডাকি বলে দ্রুপদ তনয়। শুনিয়া অধৈর্য্য চিত্ত বীর ধনপ্রয়॥ পুনঃ উঠিবারে পার্থ করিলেন গতি। হেনকালে শন্থনাদ করেন শ্রীপতি॥ পাঞ্চন্য শন্থনাদে ত্রৈলোক্য পূরিল : তুঊ রাজগণ শব্দ শুনি স্তব্ধ হৈল। শন্থাশব্দ শুনি পার্থ হয়েন উল্লাস। ভয়াতুর জনে যেন পাইল আশ্বাস॥ উঠ উঠ ধনঞ্জয় ডাকে শন্থাবর। লক্ষ্য বিন্ধি দ্রোপদীরে লভহ সত্তর॥ গোবিন্দের ইঙ্গিতে উঠিলেন অর্জ্জুন। পুনঃ গিয়া ধরে তারে যত দিজগণ ॥ ৰিজগণ বলে ৰিজ হইলে বাতুল। তব কৰ্ম্ম দেখি মজ্জিবেক দ্বিষ্ণকুল॥ দেখিলে হাসিবে যত তুষ্ট ক্ষত্ৰগণ। ৰলিবেক লোভী এই সব দ্বিজ্ঞগণ 🛦

এত বলি ধরাধরি করি বসাইল। দেখি ধর্মপুত্র দ্বিজগণেরে কহিল॥ কি কারণে দ্বিঞ্চাণ কর নিবারণ। যার যত পরাক্রম সে জানে আপন॥ যে লক্ষ্য বিশ্বিতে ভঙ্গ দিল রাজগণ। শক্তি না থাকিলে তথা যাবে কোন্ জন॥ বিন্ধিতে না পারিলে আপনি পাবে লাজ। তবে নিবারণে আমা দবার কি কাজ॥ যুধিষ্ঠির বাক্য শুনি ছাড়ি দিল সবে। ধকুর নিকটে ধনঞ্জয় যায় তবে॥ হাসিয়া ক্ষজ্রিয় যত করে উপহাস। অসম্ভব কর্ম্ম দেখি বিজের প্রয়াস n সভামধ্যে ব্রাহ্মণের মুখে নাহি লাজ। যাহে পরাজয় হৈল রাজার সমাজ। স্থরাস্থরজয়ী যেই বিপুল ধন্মক। তাহে লক্ষ্য বিশ্বিবারে চলিল ভিক্ষুক ॥ কন্মা দেখি দ্বিজ কিবা হইল অজ্ঞান। বাতুল হইল কিবা করি অমুমান॥ কিন্তা মনে করিয়াছে দেখি একবার। পারিলে পারিব নহে কি যাবে আমার ॥ নিলব্দ্ধ ব্রাহ্মণে মোরা অল্পে না ছাড়িব। উচিত যে শাস্তি হয় অবশ্য তা দিব॥ কেহ বলে ব্রাহ্মণেরে না বল এমন। সামান্য মনুষ্য বুঝি না হবে এজন ॥ অমুপম তমু শ্যাম নীলোৎপল আভা। মুথরুচি কত শুচি করিয়াছে শোভা ॥ সিংহগ্রীব বন্ধুজীব অধরের তুল। খগরাজ পায় লাজ নাসিকা অতুল। দেখ চারু যুগা ভুরু ললাট প্রদর। কি সানন্দ গতি মন্দ মত্ত করিবর ॥ স্কুজযুগে নিন্দে নাগ আজাসুলন্বিত। করিকর যুগবর জানু হুবলিত ॥ ৰুকপাটা দন্তছটা জিনিয়া দামিনী। দেখি এরে ধৈষ্য ধরে কোথা কে কামিনী॥ মহাবীর্ঘ্য যেন সূর্য্য জলদে আর্ভ। ব্দমি-ব্যংশু যেন পাংশু জালে আচ্ছাদিত ॥

এইক্ষণে লয় মনে বিশ্ধিবেক লক্ষ্য। কাশী ভণে হেন জনে কি কৰ্ম্ম অশক্য॥

অজু নের লক্ষ্যভেদে গমন। এইমত রাজগণ করিছে বিচার। ধন্মর নিকটে যান কুন্তীর কুমার ॥ প্রদক্ষিণ ধন্মকে করিয়া তিনবার। শিবদাতা শিবে করিলেন নমস্কার॥ বামকরে ধরি ধনু তুলিল অর্জ্জুন। নোঙাইয়া ফেলিলেন কর্ণদত্ত গুণ॥ পুনঃ গুণ দিয়া পার্থ দিলেন টক্ষার। সে শব্দে কর্ণেতে তালি লাগিল সবার॥ গুরু প্রণমিব বলি চিক্তেন হৃদয়। শাক্ষাৎ কিরূপে হবে অজ্ঞাত সময়॥ পূর্ব্বে দ্রোণাচার্য্য কহিলেন যে আমারে। বাঞ্ছা যদি আমারে প্রণাম করিবারে॥ অত্যে এক অস্ত্র মারি কর সম্বোধন। অন্য অন্ত্র মারি পায় করিবা বন্দন॥ সেই অমুদারে পার্থ চিস্তিলেন মনে। স্থূমিতলে নাহি স্থল লোকের কারণে॥ বিশেষ সবারে বিন্তা দেখাবার তরে। শূন্যে স্থাপিলেন অস্ত্র পবনের ভরে॥ তুই অস্ত্র মারিলেন ইন্দের নন্দন। বরুণ অস্ত্রেতে ধৌত করিল চরণ॥ আর অস্ত্র প্রণাম করিল গিয়া পায়। আশীর্কাদ করিলেন দ্রোণাচার্য্য তায়॥ বিশ্মিত হইয়া দ্রোণ চিন্তেন তথন। মম প্রিয় শিষ্য এই হবে কোন জন॥ কুরুশ্রেষ্ঠ পিতামহ গঙ্গার কুমার। তাঁরে করিলেন পার্থ শত নমস্কার ॥ দ্ৰোণ বলিলেন দেখ শান্তমু-তনয়। লক্ষ্যবেদ্ধা ব্ৰাহ্মণ তোমারে প্রণময়॥ ভীম্ম বলে, আমি ক্ষত্র, ও হয় ব্রাহ্মণ। আমায় প্রণাম করে কিদের কারণ॥ দ্রোণ বলে দ্বিজ এই না হয় কদাপি। ক্ষত্রকুলেশ্রেষ্ঠ এই ছদ্ম বিজ্ঞরূপী ॥

ইহা কেহ নাহি জানে অন্য রাজগণ। এ বিস্তা পাইবে কোথা ভিক্ষক ব্ৰাহ্মণ॥ বিশেষ তোমারে যে করিল নমস্কার। ভারতবংশেতে **জন্ম হয়েছে ইহার** ॥ এক্ষণে বিদিত আর হবে মুহূর্ত্তেকে। কতক্ষণে লুকাইবে জ্বলন্ত পাবকে॥ ভীম্ম কহে আমি হৃদে তাই ভাবিতেছি। পূৰ্বে আমি ইহারে কোথায় দেখিয়াছি॥ নিরথিয়া ইহার স্থচারু চন্দ্রমুখ। কহনে না যায় কত জন্মিতেছে স্লখ। কহ কহ গুরু যদি জানহ ইহারে। কেবা এ কাছার পুত্র কিবা নাম ধরে॥ দ্রোণাচার্য্য বলেন কহিতে আমি পারি। কেহ পাছে শুনে ইহা চুফীলোকে ডরি ॥ বিশেষ অনেক দিন মরিল যে জনে। দৃঢ় করি তার নাম লইব কেমনে॥ ভীত্ম বলিলেন কহ কি ভয় তোমার। কে মরিল বহু দিন কি নাম তাহার॥ দ্রোণ বলে যেই বিছা করিল সভায়। পাৰ্থ বিনা মম ঠাই কেহ নাহি পায় 🛭 পূর্ব্বে আমি পার্থেরে করিলাম স্বীকার। শিষ্য না করিব কেহ সমান তোমার॥ সেই হেতু এ বিস্তা দিলাম ধনপ্রয়ে। আমারে দিলেন যাহা ভৃগুর তনয়ে॥ অশ্বত্থামা আদি ইহা কেহ নাহি জানে। তেঁই পার্থ বলি ইহা লয় মোর মনে॥ পার্থের শুনিয়া কথা ভীষ্ম শোকাকুল। নয়নের জলে আর্দ্র হইল তুকুল।। কি বলিয়া আচার্য্য করিলা কোন কর্ম। জালিয়া নিৰ্ববাণ অগ্নি দগ্ধ কৈলা মৰ্ম্ম॥ ঘাদশ বৎসর নাহি দেখি শুনি কাণে। আর কোথা পাইব সে সাধুপুত্রগণে॥ এত বলি ভীষ্মদেব করেন ক্রন্দন। দ্ৰোণ বলিলেন ভীষ্ম ত্যঙ্ক শোকমন॥ পাণ্ডুপুত্র মরিয়াছে কহে সর্ববন্ধন। শে কথার **আ**মার প্রত্যয় নাহি মন **॥**

বিছুরের মন্ত্রণায় তাহে গেল তরি। এই কথা ভাবি আমি দিবস শর্বরী। হেন নীতি উক্ত আছে মুনিগণ বলে। পাগুবের মরণ নাহিক মহীতলে॥ এত শুনি ভীম্মবীর ত্যঞ্জিল ক্রন্দন। তুইজনে কল্যাণ করেন হুফীমন॥ যদ্যপি এ কুন্তীপুত্র হইবে ফাল্গুনী। লক্ষ্য বিশ্ধি লবে এই ক্রুপদ-নন্দিনী ॥ তবে পার্থ প্রণমেন কুষ্ণে যোড়হাতে। পাঞ্চন্য শঙ্কাবান্ত হয় যেই ভিতে॥ দেখিয়া কল্যাণ-বাক্য কছেন শ্রীপতি। হাসিয়া বলেন তবে বলভদ্ৰ প্ৰতি॥ অবধানে হের দেখ রেবভীবল্লভ। তোমারে প্রণাম করে তৃতীয় পাণ্ডব॥ রাম বলিলেন পার্থ বিশ্ধিবেক লক্ষ্য। कचा न'रा याहेवारत ना इहरव नका॥ একু। ধনঞ্জয় এত সমূহ বিপক্ষ : সনৈতেতে আদিয়াছে রাজা এক লক্ষ॥ এই হেতু সবাই করিবে প্রাণপণ কন্সা লাগি দব্দ করিবেক রাজগণ। বিশেষ ব্রাহ্মণ বলি পার্থে সবে জানে। এত লোকে কি কিংবে পার্য একজনে॥ কুষ্ণ বলে অন্যায় করিবে তুর্ম্ভগণ। তুমি আমি রহিয়াছি কিদের কারণ॥ মম বিভাষানে করিবের বলাৎকার। জগন্নাথ নাম তবে কি হেতু আমার॥ জগৎজনের আমি অন্তে হই ত্রাত।। তুর্বলের বল আমি সক্ষরদানে ॥ यिन व्याप्ति ममुहिए क्ल व्यक्ति निव । তবে কেন জগল্পথ এ নাম ধরিব 🛭 গোবিন্দের বাক্যে রাম চিভান্নিত মনে। অর্জ্জনে আশীষ করে ক্লফের বচনে ॥

অর্চ্ছ্নের লক্ষাবিদ্ধকরণ। প্রণাম করেন বীর ধর্ম্মের চরণে। যুধিন্তির বলিলেন চাহি ভিজগণে !! লক্ষ্যবেদ্ধা ব্ৰাহ্মণ প্ৰণমে কৃতাঞ্জলি। কল্যাণ করহ তারে ব্রাহ্মণমণ্ডলী। 👟নি দ্বিজগণ বলে স্বস্তি স্বস্তি বাণী। লক্ষ্য ভেদী প্রাপ্ত হও ক্রপদনন্দিনী॥ ধুকু লইয়া পাঞ্চালে বলেন ধনঞ্জয়। কি বিন্ধিব কোথা লক্ষ্য বলহ নিশ্চয়॥ ধ্বফ্টদ্রান্ধ বলে এই দেখহ জলেতে। চক্তছিদ্ৰপথে মৎস্থ পাইবে দেখিতে॥ কনকের মৎস্থ তার মাণিক নয়ন। সেই মৎস্থ-চক্ষু যেই করিবে বিন্ধন॥ সে হইবে বল্লভ আমার ভূগিনীর। এত শুনি জলে দেখে পার্থ মহাবীর ॥ উদ্ধবাহু করিয়া আকর্ণ টানি গুণ। অধোমুখ করি বাণ ছাড়েন অর্জ্জ্ন॥ স্থদর্শন জগন্নাথ করেন অন্তর। মৎস্য-চক্ষু ভেদিলেক অর্জ্জ্নের শর॥ মহাশকে মৎস্থ যদি হইলেক পার। অর্জ্রনের সম্মুখে আইল পুনর্বার॥ অাকাশে অমরগণ পুষ্পর্ম্তি কৈল। ক্কয় জয় শব্দ দ্বিজসভামধ্যে হৈল॥ ভেদিল ভেদিল বলি হৈল মহাধ্বনি। ৬নিয়া বিন্মিত হৈল যত নৃপমণি॥ হাতেতে দধির পাত্র ল'য়ে পুষ্পমালা। দ্বিজেরে বরিতে যায় ক্রপদের বালা॥ দেখিয়া বিশ্মিত হৈল যত নৃপমণি। ডাকিয়া বলিল রহ রহ যাজ্ঞদেনী॥ ভিক্ষুক দরিদ্র এ সহজে হীনজাতি। লক্ষ্য ভেদিবারে ইহার কোথায় শকতি॥ মিথ্যা গোল কি কারণে কর দ্বিজগণ। গোল করি কন্সা কোথা পাইবে ব্রাহ্মণ। ব্রাহ্মণ বলিয়া চিত্তে উপরোধ করি। ইহার উচিত ফল সগু দিতে পারি॥ পঞ্জোশ উর্দ্ধে লক্ষ্য শূন্যেতে আছয়। বিন্ধিছে কি না বিন্ধিছে কে জানে নিৰ্ণয়॥ বিশ্বিল বিশ্বিল বলি লোকে জানাইল। কহ দেখি কোথা মৎস্ত কেমনে বিদ্ধিল।

তবে ধ্রুটত্যুত্ম সহ বহু দ্বিজ্ঞগণ। নির্ণয় করিতে করে জল নিরীক্ষণ ॥ শিষ্টে বলে বিশ্বিয়াছে ছফ্টে বলে নয়। ছায়া দেখি কি প্রকারে হইবে প্রত্যয়॥ শৃন্য হৈতে মৎস্থ যদি কাটিয়া পাড়িবে। সাক্ষাতে দেখিলে তবে প্রত্যয় জিমবে॥ কাটি পাড় মৎস্থ যদি আছয়ে শকতি। এইরূপে কহিলেক যতেক তুষ্টমতি॥ শুনিয়া বিশ্বিত হৈল পাঞ্চাল-নন্দন। হাসিয়া অৰ্জ্জুন বীর বলেন বচন॥ অকারণে মিথ্যা দ্বন্দ কেন কর সবে। মিথ্যাকথা যে কছে সে কাৰ্য্য নাহি লভে ॥ কতক্ষণ জলের তিলক থাকে ভালে। কভক্ষণ রহে শিলা শূন্যেতে মারিলে॥ সর্ব্যকাল দিবস রজনী নাহি রয়। মিথ্যা মিথ্যা সত্য সত্য লোকে খ্যাত হয়॥ অকারণে মিথ্যা বলি করিলে ভগুন। লক্ষ্য কাটি পাড়িব দেখুক সর্ববজন ॥ যতবার কহিবে বিন্ধিব ততবার। হেন বাক্য বলি বীর সম্মুখে সবার॥ ক্ষিপ্রহস্তে অর্জ্জুন নিলেন ধকুঃশর। আকর্ণ পুরিয়া ভেদিলেক দৃঢ়তর॥ দেখিয়া বিস্ময় ভাবে সব রাজগণ। জয় জয় শব্দ করে যতেক ব্রাহ্মণ হাতে দধিপাত্র মাল্য দ্রোপদীস্থন্দরী। পার্থেশ্ব নিকটে গেল কুতাঞ্জলি করি॥ দধি মাল্য দিতে পার্থ করেন বারণ। দেখি অনুমান করে যত রাজগণ 🛭 একজন প্রতি আর জন দেখাইল। হের দেখ বরিতে ব্রাহ্মণ নিষেধিল 🖠 সহজে দরিদ্র জীর্ণ বস্ত্র পরিধান। তৈল বিনা শিরে দেথ জটার আধান॥ বুতুধন সহিত জ্রপদ রাজা দিবে। এই হেতু বরিতে না দিল ধনলোভে ॥ ব্রন্মতেকে শক্ষ্য ভেদিলেন তপোবলে। কি করিবে কৃষ্যা তার অন্ন নাহি মিলে ॥

ধনের প্রয়াস ত্রাহ্মণের আছে মনে। চর পাঠাইয়া তত্ত্ব লহ এইক্ষণে॥ এত বলি রাজগণ বিচার করিয়া। অর্জ্রনের স্থানে দূত দিল পাঠাইয়া ॥ দৃত বলে অবধান কর দ্বিজবর। ৰাজগণ পাঠাইল তোমার গোচর ॥ হুর্যোধন রাজা এই কছেন তোমায়। মুখ্যপাত্র করি তোমা রাখিব সভায়॥ বহু রাজ্য দেশ ধন নানা রত্ন দিব। একশত দ্বিজকন্য। বিবাহ করাব॥ আর যাহ। চাহ দিব নাহিক অন্যথা । মোরে বশ কর দিয়া ক্রপন-ত্রহিতা॥ শুনিয়া অৰ্জ্জুন জলিলেন অগ্নিপ্ৰায়। ত্বই চক্ষ্ম রক্তবর্ণ বলেন তাহায়॥ ওহে দ্বিজ যেইমত বলিলা বচন। অন্য জাতি নহ তুমি অবধ্য ব্ৰাহ্মণ॥ সে কারণে মম ঠাই পাইলে জীবন। এ কথা কহিয়া অন্যে বাঁচে কোন জন॥ আর তাহে দূত তুমি কি দোষ তোমার। মম দূত হ'য়ে তুমি যাহ পুনৰ্কার॥ প্রর্যোধন আদি যত কহ রাজগণে। অভিলাষ তা সবার থাকে যদি মনে॥ আমি দিব তা সবারে পৃথিবী জিনিয়া। কুবেরের নানা রত্ন দিব যে আনিয়া॥ তোমা সবাকার ভার্য্যা মোরে দেহ আনি। এই কথা সবা স্থানে কহিবা আপনি॥ শুনিয়া সত্বরে তবে গেল দ্বিজবর। কহিল রুত্তান্ত সব রাজার গোচর ॥ স্থলন্ত অনলে যেন গ্নত দিলে স্থলে। ইহা শুনি রাজগণ ক্রোধভরে বলে॥ দেখ হেন মতিচ্ছন হৈল বামনার। হেন বুঝি লক্ষ্য বিশ্ধি করে অহঙ্কার॥ রাজগণে এতাদৃশ বচন কুৎসিত। দিবার উচিত হয় শাস্তি সমুচিত॥ প্রাণ আশা থাকিতে কহিবে কোন্ জন ॥ রাজগণে এতাদৃশ কুৎসিত বচন॥

বিপ্রজাতি বলিয়া মনেতে করে দাপ। হেন জনে মারিলে নাহিক কিছু পাপ। এ হেন তুর্বাক্য বলে কার প্রাণে সহে। বিশেষ এ স্বয়ন্ত্রর ব্রাক্ষণের নছে॥ **ক্ষ**দ্র স্বয়ন্দর ইথে বিজের কি কাজ। ষিজ হৈয়া কতা লবে ক্ষত্ৰকুলে লাজ॥ এমন কহিয়া যদি রহিবে জাবন। এইমত চুফ্ট হবে যত দ্বিজগণ॥ সেকারণে ইহারে যে ক্ষমা করা নয়। অন্য স্বয়ন্তরে যেন এমত না হয়। দেখহ তুর্দিব এই ক্রপদ রাজার। আমা সবা নাহি মানে ক'রে অহঙ্কার ॥ মহারাজগণে ত্যজি বরিল ব্রাহ্মণে। এমত কুৎসিত কর্মা সহে কার প্রাণে ॥ অমর কিন্নর নরে যে কন্সা বাঞ্জিত। দরিদ্র ব্রাহ্মণে দিবে একি অনুচিত ॥ মারহ ক্রপদে আজি পুত্রের সহিত। ম্যুর এই ব্রাহ্মণেরে বধে নাহি ভীত॥ মহাভারতের কথা অমূত-সমান। কাশীদাস কহে সদা শুনে পুণ্যবান্॥

দ্বিলানে সন্ধিত করবাণের মুক্ত।
প্রালারের কালে যেন উথলে সাগর।
মার মার শব্দে ডাকে যত নূপবর॥
মুধিষ্ঠেরা চাহিয়া বলেন দ্বিজ্ঞ সব।
চলহ সন্দর উঠ, উঠ দ্বিজ সব॥
আপনি মরিলা সব দ্বিজে তঃখ দিলে।
মারিবার হেতু হুফে সঙ্গে এনেছিলে॥
ক্রাজকন্যা দেখি সাক্ষা বিদ্ধিলেক লোভে॥
পলাও পলাও জ্লা নাহি প্রয়োজন।
ওই শুন দ্বিজে মার, ডাকে ক্রেগেণ।
প্রাণ ল'য়ে পলাইল, যতেক ব্রাহ্মণ।
উদ্ধি মুখে ধাইয়া পলায় মুনিগণ॥
মার্কণ্ড, কৌণ্ড, ব্যাস, পুলস্ত্য হুর্ব্বাসা।
গর্গ, পরাশর ধায় মুখে নাহি ভাষা॥

বাঁধিল তুমুল যুদ্ধ না হয় বর্ণন। অস্ত্র কাটি ফেলে সব ইন্দের নন্দন॥ ্র**কাহা**রে। কাটিল ধন্মু, কারো কাটে গুণ। ্**কাহারো কাটিল** খ*ড়*গা কারো কাটে ভূণ॥ কা**হারো কাটিল শর**্শেল, শূল, শক্তি। নিরস্ত্র করিল সবে কাটিয়া সার্থি॥ ্**কর্ণ খনঞ্জ যুদ্ধ, হ**য় বারান্তর। ায়তে রক্ষ উপনীত, বার রুকোদর॥ িথার মার বলি অস্ত্র, কাটে চারিদিকে। **মাষাচ প্রাব**ণে যেন বরিষয়ে মেঘে। গি**রজালে** আচ্ছাদিল বীর রুকোদরে। **চয়াশা**য় ঘিরে যথা হেম গিরিবরে॥ **মাথালি** পাথালি বীর মারে বাড়ি। াথ রথী অস গজ, চূর্ণ ভূমে পড়ি॥ াতেক আছিল সৈন্য রক্তে হইল রাঙ্গা। া**রত্রোতে** রক্ত বহে ভাদ্রে যেন গঙ্গা॥ **একা** একা প্রাণ ল'য়ে সবাই পলায়। মাইল, আইল, বলি পাছে নাহি চায়॥ হনকালে গৰ্জ্জি উঠে, মদ্র অধিপতি। প্রহারয় নান। অস্ত্র তবে ভীম প্রতি॥ কাপে রুক্ষ বাডি মারে বীর রুকোদর। াথ চুর্ণ হ'য়ে গেল, শাল্য ভূমি পর॥ াদা হাতে দোঁহ। রণ, দোঁহার গর্জ্জন। রন ঘন ভ্ভ্স্কারে, কাঁপে সর্বজন॥ ্যু**রাই**য়া বুক্ষ ভীম প্রহারিল হাতে। ্রা**সিয়া প**ড়িল গদা ভীষণ আঘাতে ॥ শাফ্ দিয়ে ধরি শাল্যে, পবন কুমার। **্যুন্সেতে ঘুরা**য়ে তারে ফেলে ভূমি পর॥ ্যান্ত্ যুদ্ধে শল্যে জিনে নাহিক সংসারে। এক হলধর, আর বুকোদর পারে॥

অৰ্চ্চ্ছনের সহিত রাজগণের যুদ্ধ।
যার যেবা অন্ত্র ল'য়ে যত রাজ্ঞগণ।
রাদন্ধ শল্য শাল্প কর্ণ তুর্য্যোধন॥
শশুপাল দন্তবক্র কাশী নরপতি।
বিশ্ব ভগদত ভোজ কলিঙ্গ প্রভৃতি॥

চিত্রসেন মদ্রসেন চব্রুসেন রাজা। নীলধ্বজ রোহিত বিরাট মহাতেজ। ॥ ত্রিগর্ত্ত কীচক বাহু স্থবাহু রাজন্। অনুপেন্দ্র মিত্রবৃন্দ হ্রষেণ ভ্রমণ॥ যার যে লইয়া সৈন্য ভূপতিমণ্ডল। নানা অস্ত্র ফেলে যেন বরিষার জল।। দেখিয়া দ্রৌপদী দেবী কম্পিভহ্নদয়। অৰ্জ্জনে চাহিয়া তবে কহে সবিনয়॥ না দেখি যে দ্বিজবর ইহার উপায়। বেড়িলেক রাজগণ সমুদ্রের প্রায়॥ ইথে কি করিবে মম পিতার শকতি। জানিলাম নিশ্চয় যে নাহিক নিক্সতি॥ অর্জ্জুন বলেন তুমি রহ মম কাছে। দাণ্ডাইয়া নির্ভয়ে দেখহ রহি পাছে। কৃষণ বলিলেন দ্বিজ অপূৰ্ব্ব কাহিনী। একা তুমি কি করিবে, লক্ষ নৃপমণি 🛭 আমার প্রতাপ তুমি না জানহ সতি। একা সিংহে, নাহি পারে অজায়থপতি॥ একেশ্বর গরুড় সকল পক্ষী নাশে। একেশ্বর পুরন্দর দানব বিনাশে ॥ এক ব্যান্ত নাশ করে লক্ষ মৃগ ক্ষুদ্র ! একা দে বাস্তকী নাগ মথিল সমূদ্র॥ এক। হনুমান যেন দহিলেক লঙ্কা। সেইমত নুপগণে মারিব কি শঙ্কা॥ এত বলি অর্জ্জুন কুষণারে আশ্বাসিয়া। ধকুগু ণ সন্ধান করেন টঙ্কারিয়। ॥ তবে ত দ্রুপদ রাজা পুজের সহিত। ধুষ্টপ্ল্যন্ন শিখণ্ডী দহিত দত্যজিত॥ মুহুর্ত্তেকে যুদ্ধ করি নারিল সহিতে। ভঙ্গ দিয়া সমৈন্যে পলায় চতুর্ভিতে॥ একেশ্বর অর্জ্জুনে বেড়িল নুপগণ। দেখি ওষ্ঠ কামড়ায় পবন-নন্দন ॥ অসুমতি লইতে রাজার পানে চায়। দেথিয়া সম্মত হইলেন ধর্ম্মরায়॥ যুধিষ্ঠির বলেন যে অনর্থ হইল। এক লক্ষ রাজা দেখ **অর্জ্জুনে বে**ড়িল ॥

শীব্ৰ যাহ ভীমদেন আনহ অৰ্জ্জনে। _{রন্দ্র} করিবারে কিছু নাহি প্রয়োজনে॥ পাইয়া জ্যেষ্ঠের আজ্ঞা ধায় র্কোদর। উপাড়িয়া নিল এক দীর্ঘ তরুবর ॥ দুশ্যোজনোচ্চ তরু নিষ্পত্র করিয়া। বায়ুবে**গে সৈন্যমধ্যে প্রবেশিল** গিয়া॥ ক্ষত্ৰগণ চেষ্টা দেখি ক্ৰোধে দ্বিজ্ঞগণ। পাছে পাছে ভীমের ধাইল সর্ব্বজন॥ হের দেথ ক্ষত্রিয় পাপিষ্ঠ ছুরাচার। দভামধ্যে লক্ষ্য দিজ বিদ্ধিল আমার ॥ লক্ষ্য বিষ্কিবারে শক্য নহিল তথন। এবে দ্বন্দ্ব কর কেন একা ত ব্রাহ্মণ। এমত অন্যায় বল কার প্রাণে সয়। যুদ্ধ করি প্রাণ দিব ছিজ সব কয়॥ এত বলি দ্বিজ দণ্ড লইল সে করে। মুগচর্ম্ম দৃঢ় করি বান্ধি কলেবরে॥ লক্ষ লক্ষ ব্ৰাহ্মণ ধাইল বায়ুবেগে। হাতে জাঠা করিয়া ভুপতিগণ আগে ॥ দেখিয়া বলেন পার্থ করি কৃতাঞ্জলি। মাথায় লইয়া দ্বিজগণ পদধূলি॥ তোমরা আইলে ঘদ্ধে কিসের কারণ। দাণ্ডাইয়া কৌতুক দেখহ সর্ববজন॥ যাহারে করহ ভন্ম মুখের বচনে। তাহার সহিত দ্বন্দ্ব নহে স্বশোভনে॥ তোমা সবাকার মাত্র চরণপ্রদাদে। তুষ্টক্ষত্রগণেরে মারিব অপ্রমাদে॥ যে প্রকার তুষ্টাচার করিয়াছে সবে। তাহার উচিত শাস্তি এইক্ষণে পাবে ॥ এত বলি নিবারণ করি দ্বিজগণ। রাজগণ প্রতি ধায় ইন্দের নন্দন ॥ হাসিয়া বলেন রাম দেখ ভগবান্। পূর্বের যাহা কহিয়াছি দেখ বিভাষান ॥ এই দেখ লক্ষ রাজা একত্র হইয়া। বেড়িলেক অর্চ্জনেরে সদৈন্য লইয়া॥ একা পার্থ প্রবোধিবে কত শত জনে। প্রতিকার ইহার না দেখি যে নয়নে ॥

প্রতিজ্ঞা করিল মিলে সব রাজাগণে। দ্বিজে মারি কন্সা দিবে রাজা হুর্য্যোধনে॥ রামের বচন শুনি ছঃখিত গোবিন্দ : নয়নযুগল যেন বিকচার বিন্দ ॥ ক্ষণেক রহিয়া কৃষ্ণ করেন উত্তর। যা বলিলা সত্য দেব যাদব-ঈশ্বর॥ এক লক্ষ ভূপতি বেড়িল একজনে। কোথায় জিনিবে সেই মনুষ্য-পরাণে॥ অর্জ্জনের পরাক্রম জ্ঞাত নহ তুমি। মুহুর্ত্তেকে নিবারয়ে সসাগরা ভূমি॥ মসুষ্য যতেক আর স্থরাস্থর-সহ। অর্জ্জনের সঙ্গে যদি করয়ে কলহ। তুৰ্গম বনেতে যেন মদমত্ত বাঘ। তারে কি করিতে পারে রাজগণ ছাগ॥ কহিলা যে প্রতিজ্ঞা করিল রাজগণে। দ্বিজ মারি কন্যা দিবে রাজা তুর্য্যোধনে ॥ नत (काथा करत हक्त धतिवादत भारतं। ব্যাঘ্রমুখে খান্ত সে শৃগাল কোথা হরে॥ তবে যদি অর্জ্জনের ন্যুনতা দেখিব। স্থদর্শন চক্রে আমি সবারে ছেদিব ॥ শুনি রাম হইলেন সভয় অন্তর। নিজ শিষ্য তুর্য্যোধন অতি প্রিয়তর॥ পাওবের শক্র ক্রোধ আছয়ে অন্তরে। এই ছল করি কৃষ্ণ পাছে বধ করে॥ চিন্তিয়া বলেন কুষ্ণে রেবতীরমণ। আমা সবাকার দ্বন্দে নাহি প্রয়োজন॥ বিশেষে আপনি বল পার্থ মহাবল: মুহূর্ত্তেকে জিনিবেক ভূপতি দকল॥ সেই কথা পরীক্ষা করিব এইক্ষণে। অভ্যন্তরে থাকি যুদ্ধ দেখ্ছ আপনে॥ গোবিন্দ বলেন আমি না যাইব রণে। তব আজ্ঞা লঙ্ঘন না করিব কথনে॥ অপূর্ব্ব সমর দেখি যতেক অমর। অর্জ্জ্বন কারণ হৈল চিন্তিত অন্তর ॥ পুত্রের সাহায্য হেতু দেবরাজ ভূর্ণ। পাঠাইয়া দিল তুণ অন্ত্রগণপূর্ণ 🛭

বৈজয়ন্তী মালা ইন্দ্র দিলেন প্রসাদ। হাফ হৈয়া অর্জ্জুন ছাড়েন সিংহনাদ॥ মহাভারতের কথা স্থধাসিদ্ধৃবত। কাশীদাস কহে সাধু পিয়ে অনুব্রত॥

কর্ণের সহিত অজ্ঞুনের যুদ্ধ। অর্জ্জুন-কর্ণের যুদ্ধ লোকেতে ভীয়ণ। করিলেন যেন যুদ্ধ শ্রীরাম-রাবণ।। ক্রোধে ধনঞ্জয় বীর অতুল প্রতাপ। এক বাণে স্থজিলেন শত শত সাপ॥ হাসিয়া গরুড় অস্ত্র এড়ে বীর কর্ণ। সকল ভুজঙ্গ ধরি গরাসে স্থপর্ণ ॥ শত শত খগবর উড়য়ে আকাশে। ভুজঙ্গ গিলিয়া পার্থে গিলিবারে আদে॥ অগ্নি অস্ত্র এড়ি পার্থ করেন অনল। আগুনে পক্ষার পক্ষ পুড়িল সকল॥ বাঁকে খাঁকে অগ্নির্ম্তি কর্ণের উপর। দেখি কর্ণ এড়িলেন অস্ত্র জলধর॥ রষ্টি করি নিবারণ কৈল বৈশ্বানর। মুষলধারায় জল বর্ষে পার্থোপর ॥ পুনরপি ধনঞ্জয় পূরিয়া সন্ধান। রুষ্টি নিবারিতে এড়িলেন দিব্যবাণ ॥ বায়ু অন্ত্র মহাবীর পূরিয়া সন্ধান। উড়াইলেন জল অস্ত্রে পার্থ বলবান্॥ বায়ু অস্ত্রে উড়াইল যত মেঘচয়ে। মহাবাতে কাঁপাইল রবির তনয়ে॥ মান্দিয়া আকাশ অস্ত্র সংহারিল বাত। এইমত হুইজনে হয় অস্ত্রাঘাত॥ ঢাকিল দূর্য্যের তেজ না দেখি যে আর। দিন তুই প্রহরে হইল অন্ধকার। আকাশে প্রশংসা করে যতেক অমর। বিশ্মিত ভূপতি যত দেখিয়া সমর ॥ বিস্মিত হইয়া কর্ণ বলয়ে বচন। কহ ছন্মবেশধারী কে তুমি ব্রাহ্মণ॥ কিংবা ভস্মানলে ছদ্মরূপে সহস্রাক্ষ। কিংবা তুমি জগন্নাথ কিংবা বিরূপাক ॥

কিংবা তুমি ধকুর্বেদী কিংবা তুমি রাম। কিংবা তুমি জীবন্ত পাণ্ডবাৰ্জ্জুন নাম॥ এত জন মধ্যে তুমি হবে কোন্ জন। মম ঠাই অন্য কেবা জীবে এতক্ষণ॥ এত শুনি হাসিয়া বলেন ধনঞ্জয়। কি হবে আমার তোরে দিলে পরিচয়॥ মম পরিচয়ে তোর হবে কোন কাজ। দরিদ্র ব্রাহ্মণ আমি তুমি মহারাজ॥ একা দেখি ৰেড়িলা লইয়া লক্ষ লক্ষ। হারি পরিচয় মাগ হইয়া অশক্য॥ যদি প্রাণে ভয় হয় যাও পলাইয়া। কাতরে না মারি আমি দিলাম ছাড়িয়া॥ অর্জ্জ্বনের বাক্য শুনি আরুণি কুপিত। অরুণ নয়ন যুগ্ম ঘোরে বিপরীত॥ অরুণনন্দন বীর অরুণ প্রতাপে। অরুণসদৃশ বাণ বসাইল চাপে ॥ আকর্ণ পুরিয়া কর্ণ এড়িলেন বাণ। অর্দ্ধ পথে অর্জ্জুন করিল খান খান॥ যত অস্ত্র ফেলে কর্ণ তত অস্ত্র কাটি। নিরস্ত্র করিয়া অস্ত্র এড়েন কিরাটী॥ চারি বাণে কাটেন রথের চারি হয়। সার্থি কাটেন তার বীর ধন**জ্**য়॥ বিরথ হইল কর্ণ যুদ্ধের ভিতর। হাহাকার করি ধায় যত নরবর॥ কর্ণরক্ষাহেতু সবে বেড়িল অর্জ্জুনে। অর্জ্জন করেন শর বরিষণ রণে 🕸 বরিষার কালে যেন বরিষয়ে মেঘে। দিনকর-তেজ যেন সব-চাঁই লাগে॥ কারো কারো অঙ্গে অস্ত্র করেন প্রহার। সহস্র সহস্র বীর হইল সংহার॥ কাহার কাটেন মুগু কুগুল সহিত। নাসা শ্রুতি কাটেন দেখিতে বিপরীত॥ ধকুক সহিত কার' কাটে বাম হাত। গড়াগড়ি যায় কেহ বুকে বাজে ঘাত॥ ভাদ্র মাদে পাকা তাল পড়ে যেন ঝড়ে। পুঞ্জে পুঞ্জ স্থানে স্থানে পার্থ কাটি পাড়ে॥

নবমেঘ ঘটা যেন শোভে ভূমিতলে। পার্থের নির্ঘাভে সব গাড়গড়ি বুলে॥ লক লক তুরঙ্গ সারথি রথ রথী। অৰ্ব্যুদ অৰ্ব্যুদ কত পড়িল পদাতি॥ অনন্ত ফণীন্দ্র যেন মথে সিন্ধুজল। চুই ভাই রাজগণে মথিল সকল।। রক্তেতে বহিল নদী রক্তেতে সাঁতারে। বক্রমাংসাহারী ধায় ঘোর রব ক'রে॥ বিস্মায় মানিয়া চিত্তে যত রাজগণ। জানিল মনুষ্য নহে এই তুইজন॥ এত বলি নিরত হইল রাজগণ। তুই ভাই আনন্দে করেন আলিঙ্গন॥ চতৃদ্দিক হইতে আইল দ্বিজগণ। জ্য় জয় দিয়া কহে আশীষ বচন ॥ মহাভারতের কথা অমৃতের ধার। ইহলোকে পরলোকে হয় উপকার। কাশীরাম দাস কহে পাঁচালীর ছন্দে। সঙ্জন রসিক সাধু হেতু মকরন্দে ॥

ভীমের যুদ্ধে রাজপরিবারদিশের তাদ। ভীমের ভৈরব নাদ ভয়ঙ্কর মূক্তী : হাতে রুক্ষ যেন যুগান্তক-সমব্ভী 🛭 😇 দিয়া রাজগণ ধায় চতুর্ভিত । মহারোল নগরে হইল অপ্রমিত॥ হেনকালে আইল পুরের একজন। দ্রৌপদীর অগ্রে কহে করিয়া ক্রন্দন॥ প্রাণ লৈয়া দেশান্তরে গেল প্রজাগণ। অন্তঃপুরে কি হইল না জানি এক্ষণ ॥ ^{ধনে} প্রাণে রাজ্য দেশ স্বার সহিত। তোমার কারণে রাজা মজিল নিশ্চিত। শুনিয়া কাতর হৈল ক্রপদনব্দিনী। জনকের ঠাই শীঘ্র পাঠায় কেশিনী॥ যাহ শীঘ্ৰ কেশিনী জনকে গিয়া কহ। ত্যজ যুদ্ধ আপনার কুটুম্ব রাখহ॥ আপনার প্রাণ রাখ, রাখ পুত্রগণ। দারা বধু রাখ গিয়া রাখহ জ্রীগণ॥

আপনা রাখিলে তাত সকলি পাইবা। স্মামার লাগিয়া কেন সকংশে মজিবা॥ যে পণ করিয়াছিলা হইল পূর্ণিত। ব্রাহ্মণ বিদ্ধিল লক্ষ্য স্বার বিদিত ॥ মম ভাল মন্দ এবে তোমারে না লাগে। ব্রাহ্মণের হইলাম আছি তাঁর আগে॥ যাহ শীঘ্র না রহিও আমার শপথ। শুনিয়া দ্রৌপদী-বার্ত্তা ব্যথিত দ্রুপদ॥ পুত্রগণে আনি কছে সকরুণ বাণী। যতেক কহিয়া পাঠাইল যাজ্ঞদেনী॥ চলি যাহ পুত্রগণ সম্বরহ রণ। এ দৈশ্য-সাগর কে করিবে নিবারণ॥ সমান সহিতে যে সংগ্রাম স্থাভন। না শোভে পতঙ্গপ্রায় অগ্নিতে মরণ॥ বিশেষ না জানি অন্তঃপুর-ভদ্রোভদ্র। সৈন্যগণ কোলাহল প্রলয়-সমুদ্র॥ আপনার প্রাণ রাখ, রাখ পুরজন। আমি রহিলাম দিজ-সাহায্য কারণ ॥ যুদ্ধ করি প্রাণ আমি ত্যঙ্গি আপনার। কুষ্ণার যে গতি আজি দে গতি আমার॥ ধুষ্টপ্ৰান্ন বলে তোমা মুখে নাহি লাজ। ভগিনীকে ছাড়ি যাব সংগ্রামের মাঝ॥ হেন প্রাণ রাখি আর কোন্ প্রয়োজন। কোন্ লাজে লোকে দেখাইব এ বদন॥ মারি কি মরিব আজি করিব সমর। তুমি যাও রাখ গিয়া আপনার ঘর॥ পুত্রে বচন শুনি বলয়ে দ্রুপদ। কুষ্ণা পাঠাইল বলি আপন সম্পদ ॥ যত দিন কৃষ্ণা হইয়াছে মম গুহে। কভু না লজ্জিকু আমি কৃষ্ণা যাহা কহে॥ বৃহস্পত্যধিক-বৃদ্ধি কৃষণ শশিমুখী। যাহার মন্ত্রণাবলে রাজ্যে আনি স্থথী॥ ধুষ্টগ্রুন্ন বলিল তোমরা যাহ ঘর। কুষ্ণার রক্ষণে আমি আছি একেশ্বর॥ এত বলি প্রবোধি পাঠায় স্বাকারে। পুনঃ ধৃষ্টত্বান্ধ গিয়া প্রবেশে সমরে॥

করিল অনেক যুদ্ধ কীচক সংহতি। গদাঘাতে ধুউদ্ভান্ন করিল বিরথি॥ গদার প্রহারে চুর্ণ হৈল হাড় তার। হাত হৈতে খসিয়া পড়িল ধকুঃশর॥ নিরস্ত্র বিরথ হৈল ক্রপদ-নন্দন। দ্বিজ্ঞগণমধ্যে পশি রাখিল জীবন ॥ কান্দয়ে দ্রোপদী তবে করিয়া বিলাপ। না জানি যে কিবা হৈল রুদ্ধ মম বাপ॥ ন। জানি যে কিবা হৈল ভ্রাতৃ-মাতৃগণ। না জানি যে কিবা হৈল-রাজ্যে প্রজাগণ ॥ কৃষ্ণার বচন শুনি কন ধনঞ্জয়। কি হেতু কান্দহ দেবী কারে তব ভয়॥ কুষ্ণা বলে আপনাকে নাহি করি তাপ। মম হেতু সবংশে মজিল মম বাপ ॥ পার্থ বলে কি হইবে করিলে বিষাদ। অভয় পক্ষজ হয় গোবিন্দের পাদ ॥ এ মহাবিপদসিন্ধূ তরিতে তরণী। গোবিন্দেরে স্থারণ করহ যাজ্ঞদেনী॥ অর্জ্জনের বাক্যে কৃষণ স্মরে জগন্নাথ। হে কৃষ্ণ আপদহন্তা জগতের তাত 🛭 তোমা বিনা রাখে মোরে নাহি হেন জন। আমারে বিপদে রক্ষা কর নারায়ণ॥ তাত মাতঃ রাথ মম রাথ ভ্রাতৃগণ। রাজ্য দেশ রক্ষ মোর যত প্রজাগণ॥ তুমি যদি সত্য পাল আমি যদি সতী। সবা জিনি মোরে লন দ্বিজ মম পতি॥ দ্রৌপদীর আপন জানিয়া জগন্নাথ। নাহি ভয় বলিয়া তুলেন বাম হাত॥ দ্রোপদীরে আশ্বাসি বাজান পাঞ্চজন্য। শক্তে নিস্তব্ধ হৈল যত রিপুদৈয় ॥ দর্বব যত্তগণে ডাকি বলেন গোবিন্দ। এই দেখ অৰ্জ্জুনে বেড়িল রাজবুন্দ।। সৈন্যগণ যাতায়াতে ভাঙ্গিল নগর। যত্ন পূর্বব রাখ সব পাঞ্চালের ঘর॥ 😎নিয়া সাত্যকি গদা প্রহ্যন্ন সারণ। গোবিন্দে চাহিয়া বলে করিয়া গর্জ্জন ॥

এই যদি ধনঞ্জয় কুন্ডীর কুমার। তুমি তার প্রিয়বন্ধু বলয়ে সংসার ॥ এ মহাদঙ্কট মধ্যে পড়িয়াছে একা। আর কোন্ বেলা তার তুমি হবে সখা॥ তুমি ক্ষমা কৈলে না ক্ষমিব আমা দব। মারিয়া ক্ষজ্রিয়গণে রাখিব পাণ্ডব॥ এত বলি চলে সবে যুদ্ধ করিবারে। প্রবোধিয়া বাস্থদেব রাখেন সবারে॥ এতক্ষণ আমি মারিতাম রাজগণ। যুদ্ধ করিবারে রাম করেন বারণ ॥ রামের বচন কেব। লঙ্গিবারে ক্ষম। বিশেষ বুঝিব অর্জ্জুনের পরাক্রম। অহথী না হও কিছু অৰ্জ্জুন কারণ। পাঞ্চাল নগর গিয়া করহ রক্ষণ॥ কুন্তীর সহিত কুম্ভকার-কর্ম্মশাল। তথা রক্ষা হেতু যান শ্রীরাম গোপাল। মহাভারতের কথা স্থাদিন্ধুবত। কাশীরাম কহে সাধু পিয়ে অবিরত॥

অর্জুনের সহিত দৌপদীর স্বস্থানে গমন 🖟 মুনিবর বলে শুন রাজা জন্মেজয়। জিনিয়া সকল দৈশ্য ভীম ধনঞ্জয় ॥ সমস্ত দিবদ গেল হৈল অন্ধকার : ধীরে ধীরে গেলেন ভার্গব-কর্ম্মশাল ॥ দোঁহার পশ্চাতে চলে ক্রুপদনন্দিনী॥ মত্তহন্তী পাছে যেন চলিল হস্তিনী॥ চতুৰ্দ্দিকে বেষ্টিত যতেক দ্বিজগণ। কেমদে বাহির হৈব চিন্তে তুইজন 🛦 ক্বতাঞ্জলি হইয়া বলেন দ্বিজগণে। বিদায় হই যে আজি স্বাকার স্থানে॥ অৰ্জ্জনের বাক্য শুনি বলে দ্বিঙ্গগণ। 'এমত অপ্রিয় দ্বিজ্ঞ বল কি কারণ॥ তোমা দোঁহা সঙ্গ না ছাড়িব কদাচন। না জ্বানি কি করিবেক যত ক্ষত্রগণ॥ নিশাকালে তোমা দোঁছে নিঃদথা দেখি দোঁহা মারি দ্রোপদীরে লইবে কাড়িয়া। ্দাঁহারে বেড়িয়া সবে থাকি চতুর্ভিতে। দাবং না শুনি ক্ষত্র নাহি এ দেশেতে ।। পার্থ বলে সে ভয় না কর দ্বিজ্ঞগণ। মাজি যাহ কালি সবে করিব মিলন মনেক প্রকারে পুনঃ পুনঃ বুঝাইল। গোপিও দ্বিজগণ সঙ্গ না ছাড়িল॥ ক্রগণ মধ্যে ছিল ধৌম্য তপোধনে। াকিয়া নিভূতে কহে সব দ্বিজগণে॥ কাথাকারে যাহ সবে এ দোঁহা সংহতি। নিলে কি এই দোঁহে হয় কোন জাতি॥ ক্রবা দৈত্য কিবা দেব রাক্ষস কিম্নর। াহার তনয় দোঁহে কোন দেশে ঘর॥ হার সংহতি তবে কোন প্রয়োজন। থি। ইচ্ছা তথাকারে করুক গমন॥ ধামবাক্য শুনি সবে ভয় হৈল মনে"। দাঁহাকার সংহতি ছাড়িল দ্বিজগণে॥ জ্জগণ মধ্যে বীর ধ্বস্টব্যুল্ন ছিল। ুগিনীর মমত্ব কদাচ না ছাড়িল ॥ প্রবেশে পাছে পাছে চলিল সংহতি। ম্যে ঘোর অন্ধকার কৃষ্ণপক্ষ রাতি॥ হনকালে যুধিষ্ঠির সঙ্গে স্তুই ভাই। াইতে ভার্গবগৃহে মিলেন তথাই॥ ^{ছথা} কুম্ভকার গৃহে ভোজের নি**ন্দ**ননিনী মস্ত দিবদ গেল হইল রজনী॥ । দেখিয়া পুত্রগণে কান্দেন ব্যকুলে। ^{দিণে} উঠে ক্ষণে বৈদে ভাষে **অঞ্**জলে॥ তিক্ষণ না আইল কি হেতু না জানি। ার শহ দ্বন্দ্র ভীম করিছে আপনি॥ স্ক্রণ দ্বন্দ্ব বিনা ভীম নাহি জানে। ^{াজি} বৃঝি বিরোধ করিল কার সনে॥ ই হেতু দ্বিজে কিবা মারে ক্ষত্রগণ। ছ বিলাপিয়া কুন্তী করেন রোদন॥ নিকালে উত্তরিল পঞ্চ সহোদর। ফটিত্তে মায়েব্রের ডাকিছে র্কোদর॥ াজি মাঁতা সমস্ত দিন ছঃখ পাইলা। পবাদে একাকিনী গৃহেতে রহিলা॥

অনেক কলহ আজি হইল জননী। দে কারণে হৈল মাতা এতেক রজনী॥ রাত্রিতে মিলিল ভিক্ষা দেখ আসি মাতা। কুন্তী বলে বাঁটিয়া লহ রে পঞ্চ ভ্রাতা॥ তোমা সবাকার বাক্য কর্ণে শুনি স্থধা। আনন্দ-সাগরে ডুবি গেল মম ক্ষুধা॥ আয়রে সোনার চাঁদ ওরে বাছাধন। নিকটে আইস, দেখি সবার বদন॥ এত বলি শীঘ্র কুন্তী হইয়া বাহির। একে একে চুম্ব দিল স্বাকার শির॥ সবার পশ্চাতে দেখে দ্রুপদ-নন্দিনী। পূর্ণ শশধরমুখী গজেন্দ্রগামিনী ॥ তারে দেখি কুন্তী জিজ্ঞাদেন পঞ্চ স্থতে। কেবা এ স্থন্দরী দেখি সবার পশ্চাতে॥ ভীম বলে জননী এ ক্রেপদ-হুহিতা। একচক্রা নগরে শুনিলে যার কথা। ইহার কারণে বহু বিরোধ হইল। তোমার প্রসাদে জয় সর্বত্ত জন্মিল॥ এই ভিক্ষা হেতু মাতা হইল রজনী। অন্ন ভিক্ষা করিলে মিলিত অন্নপানী ॥ কুন্তী বলিলেন শুন কহি পঞ্চ ভাই। কহিলাম কি কথা অগ্রেতে জানি নাই ॥ কেন না বল পুত্র কি কর্ম্ম করিলা। কন্যারে আনিয়া কেন ভিক্ষা যে বলিলা॥ ভিক্ষা জানি বলি বাঁটি খাও পঞ্জন। কিমতে আমার বাক্য করিবা লঙ্খন॥ এত বলি দ্রৌপদীরে কুন্তী ধরি হাজে। যুধিষ্ঠির অগ্রে কহে কান্দিতে কান্দিতে॥ সর্ব্ব ধর্ম্মাধর্ম ভাত ভোমালে গোচর। শুনিয়াছ আমি কহিলাম যে উত্তর॥ পুত্র হৈয়া আমা বাক্য লজ্মিবা কি মতে : না লজ্জিলে বিপরীত হইবে শুনিতে॥ যেমতে লঙ্ঘন তাত নহে ম্ম বাণী। ধর্ম্মচ্যুত নহে যেন ক্রুপদ-নন্দিনী। মায়ের বচন শুনি ধর্মের নন্দন। ব্যাদের বচন পূর্বের হইল শ্মরণ॥

একচক্রা নগরে বলিলা ব্যাস মুনি। পূর্বেব দ্বিজকন্যারে কহিলা শূলপাণি॥ পঞ্জামী হবে তোর না হবে খণ্ডন। সেই কন্সা কুষণা নামে জন্মিল এখন॥ এত ভাবি মায়ে বলে আশ্বাদ বচন। তোমার বচন মাতা না হবে লজ্মন॥ অর্জুনের চিত্ত তবে বুঝিবার তরে। অর্জ্জুনেরে কহিলেন ধর্মা নূপবরে॥ বড় কর্ম্ম করিলা পাইয়া বহু কষ্ট। লক্ষ্য বিন্ধি লক্ষ রাজ। করিলা 🔊 🗷 🗷 वर् करमें প्राश्व रेहरन फ़ल्म-निमनी। শুভকর্মে বিলম্ব না করা ভাল মানি॥ ডাকাইয়া আনিয়া ধৌম্যাদি দ্বিজগণে। কর আজি বিবাহ রজনী শুভক্ষণে ॥ কুতাঞ্জলি হইয়া কহেন ধনঞ্জয়। ব্মবিহিত কি হেতু বলহ মহাশয়॥ লোকে বেদে নিন্দে যেই কর্ম্ম তুরাচার। বিবাহ তোমার অগ্রে হইবে আমার॥ প্রথমে তোমার হবে ভীম তার পাচে। অনন্তর আমার শাস্ত্রে যেমন আছে॥ পার্থবাক্য শুনি ধর্ম্ম হৈয়া ছান্টমন। শিরে চুম্ব দিয়া করিলেন আলিক্স্ম॥ কুম্ভকারশালে যবে করেন প্রবেশ। হেনকালে আইলেন বাম হুষীকেশ। মহাভারতের কথা অমৃত-সমান। কাশীদাস কহে সদা শুনে পুণ্যবান্॥

কুন্তীর নিকটে শ্রীক্লের আগমন।
প্রণাম করিয়া দোঁহে কুন্তীর চরণে।
আপনার পরিচয় দেন তুইজনে ॥
শুনি শুরসেন-স্থতা দোঁহে করি কোলে।
দোঁহারে করান স্নান নয়নের জলে॥
কোথা ছিলে তাত মোর অন্ধকের নড়ি।
শুপুতির পুত্ তোরা দরিদ্রের কড়ি॥
দ্বাদশ বৎসর আজি মুখ নাহি দেখি।
অসুক্ষণ কান্দিয়া তুর্বল হৈল আঁথি॥

কহ তাত সবার কুশল সমাচার। তোমার মায়ের আর আমার ভাতার॥ দ্বাদশ বৎসর হৈল নাহি দেখি শুনি। কেবা মরে কেবা জীয়ে কিছুই না জা নাহি জানি তোমার এতেক নিষ্ঠুরতা। না জানি যে এতেক নির্দ্নয় তোর পিত বনে বনে কত ভ্রমিলাম দেশ দেশ। দ্বাদশ বৎসর কেহ না করে উদ্দেশ। কুষ্ণ বলিলেন দেবি ত্যক্ত মনস্তাপ। না ভুঞ্জিলে না খণ্ডে পূর্কের পরিতাপ গৃহদাহে মরিলা শুনিয়া এই কথা। সাতদিন অন্নজ্ঞল না ছু"লেন পিতা॥ আমারে পাঠাইলেন বুঝিতে কারণ। বিত্ররের স্থানে শুনিলাম বিবরণ ॥ দ্বাদশ বর্ৎসর কম্ট অরণ্যে পাইলে : তোমা স্মরি তাত ভাসিলেন অশ্রুজনে শক্রভয়ে আমার উদ্দেশ না পাইলা। মম আত্মা সৰ্ব্বক্ষণ ভোষা প্ৰতি ছিলা শোক না করিহ দেবি তুঃখ হৈল শেষ কালি কিংবা পরশ্ব চলহ নিজ দেশ।। কুন্তীরে প্রণাম করি যান ধর্মপাশ। কৃতাঞ্জলি প্রণমিয়া সকরুণ ভাষ॥ শীঘ্র উঠি ধর্মত্বত করি আলিঙ্গন। দোঁহাকার অশ্রুজনে ভাসেন চুজন॥ সেহভাবে দোঁহারে না ছাড়ে তুইজন বহুক্ষণ দোঁহা মুখে না সরে বচন ॥ তবে পাঁচ ভাই রামক্বফে সম্বোধিয়া। যতেক পূর্বের কফ্ট কহয়ে বদিয়া॥ কহেন সকল কথা ধর্ম্মের নন্দন। জতুগৃহ যে প্রকারে হইল দাহন॥ বিত্ররের মন্ত্রণাতে যেমত উদ্ধার। রাক্ষদের মুখে রক্ষা হৈল যে প্রকার বনে বনে দেশে দেশে তপস্বীর বেশ দ্বাদশ বৎসর যত পাইলেন ক্লেশ॥ একে একে কহেন সকল সমাচার। শুনি আশ্বাসিয়া বলে দেবকী-কুমার

ন্ট ধৃতরাষ্ট্র নফ্ট তার পুজ্রগণ। গচিত ফল তারা পাইবে এক।। দ্দি প্রীতে বাঁটিয়া না দেয় রাজ্যভার। কলে মিলিয়া তারে করিব সংহার॥ ধিষ্ঠির বলিলেন তবে দামোদরে। ক্ষ্মতে জানিলা আমি কুম্ভকার-ঘরে॥ 🏿 কৃষ্ণ বলেন যে করিল তব ভাই। কুষ্য করিবে হেন ক্ষিতিমাঝে নাই॥ ধিষ্ঠির বলিলেন আজি স্থপ্রভাত। তঁই আজি নয়নে দেখিকু জগন্নাথ॥ াকমাত্র বড় ভয় হতেছে অন্তরে। বে জ্ঞাত হৈল আমি কুস্কুকার-ঘরে॥ বৈশেষ তোমার হইয়াছে আগমন। ় সব বার্ত্ত। পাছে শুনে ছুর্য্যোধন॥ গাবিন্দ বলেন রাজা ভয় কর কারে। াত গুর্য্যোধন ভোমা কি করিতে পারে॥ তন লোক সহায় করিয়া যদি আসে। হুর্ত্তেকে নিবারিব চক্ষুর নিমিষে॥ প্রবংশ সহ আমি যাজ্ঞসেন স্থা। াবারে করিবে জয় ভামার্জ্জুন একা॥ ্ধিষ্ঠির বলেন যে তাহারে না গণি। জ্যষ্ঠতাত ধৃতরাষ্ট্র তারে ভয় মানি ॥ দাজিকার রজনা বঞ্চিব এই দেশে। यहे ठिएड नय कानि कतिव मिवरम ॥ গত বলি মেলানি করিল তুইজন। वेनाय হইয়া যান রাম নারায়ণ॥ [হাভারতের কথা অমৃত-সমান। দশীরাম দাস কছে শুনে পুণ্যবান॥

ক্রপদ রাজার থেদ ও ধৃত্তিগ্রের প্রবোধ।
হৈথা নাজ্ঞ দেন রাজা যাজ্ঞ দেনী-শোকে।
নি গড়াগ'ড় দিয়া কান্দে অ গাম্থে॥
গিজারে বেড়িয়া কান্দে যত মন্ত্রিগণ।
ক্রৈগণ কান্দে আর অন্তঃপুর জন ॥
নিকালে ধৃষ্টত্বান্দ্র উত্তরিল তথা।
ভা বলে একি দেখি কৃষ্ণা মম কোথা॥

হরি হরি বিধি মম কৈলা হেন গতি। অবহেলে হারাইনু কুষণ ভণবতী॥ কহ পুত্র কৃষ্ণার কুশল সমাচার। কোথা গেল লক্ষ্যবেদ্ধা ব্ৰাহ্মণকুমার॥ সর্ববনাশ করিলেন ব্যাস মুনিবর। তাঁর বোলে কৃষ্ণার হইল স্বয়ংবর ॥ ধনুৰ্ব্বাণ দিল লক্ষ্য করিয়া নিৰ্ম্মাণ। বলিলেন পার্থ বিনা না পারিবে আন॥ মম কর্মদোষে মুনিবাক্য মিথ্যা হৈল। কালে বিপরীত ফল আমাতে ফলিল॥ কহ বাপু কৃষ্ণা রাখি আইলা কোথায়। কৃষণ ছাড়ি কোন্ মুখে আইলা হেথায়॥ হা কৃষ্ণা হা কৃষ্ণা মম প্রাণের তন্যা। এত বলি পড়ে রাজা মুর্চ্ছাগত হৈয়া॥ ধুষ্টপ্রান্ন বলে আর না কান্দ রাজন্। সকল মঙ্গল রাজা ত্যজ হুঃখ মন॥ ব্যাসের বচন রাজা কভু মিথ্যা নয়। তোমার মানস পূর্ণ হইল নিশ্চয়॥ শুনি কহ কহ বলি উঠিল রাজন। কিমতে হইল সত্য ব্যাদের বচন॥ শতপুর করিয়া বেড়িল রাজগণ। সবাকে জিনিল সেই একক ব্ৰাহ্মণ ॥ সহায় হইল তার এক দ্বিজ আর। স্থরাস্থর মন্থ্যে সদৃশ নাহি তার॥ হাতে বৃক্ষ এল যেন ব্রজ্ঞহস্তে ইন্দ্র। ভাষ দিয়া পলাইয়া গেল ভূপর্নদ ॥ এইমত যুদ্ধে তাত হইল রজনী। তুইজন সঙ্গে চলি গেল যাজ্ঞদেনী। এ দোঁহার সহ তাত আর তিন জন। পথেতে যাইতে হৈল সবার মিলন॥ ভার্গবের কর্মশাল-আঞ্জয়ে আছিল। পাঁচজন মিলিয়া তথায় চলি গেল॥ স্ত্রী এক আছিল তথা পরমা স্থন্দরী। তাঁর রূপে বিনা দীপে ঘর আলো করি 🛚 জননী হইবে তাঁর বুঝি অভিপ্রায়। জিন ভাই কৃষ্ণা দহ রাখিয়া তথায়।

একচক্রা নগরে বলিলা ব্যাস মুনি । পূর্বেব দ্বিজকত্যারে কহিলা শূলপাণি॥ পঞ্জামী হবে তোর না হবে খণ্ডন। সেই কন্সা কৃষ্ণা নামে জন্মিল এখন॥ এত ভাবি মায়ে বলে আশ্বাদ বচন। তোমার বচন মাতা না হবে লজ্জন॥ অর্জ্বনের চিত্ত তবে বুঝিবার তরে। অর্জ্জুনেরে কহিলেন ধর্ম্ম নুপনরে॥ বড় কর্ম্ম করিলা পাইয়া বহু কষ্ট। লক্য বিন্ধি লক্ষ রাজ। করিলা 🗐 🗷 🗷 ॥ বহু কন্টে প্রাপ্ত হৈলে ক্রুপদ-নন্দিনী। শুভকর্মে বিলম্ব না করা ভাল মানি॥ ডাকাইয়া আনিয়া ধৌস্যাদি দ্বিজগণে। কর আজি বিবাহ রজনী শুভক্ষণে ॥ কুতাঞ্জলি হইয়া কহেন ধনপ্ৰয়। অবিহিত কি হেতু বলহ মহাশয়॥ লোকে বেদে নিন্দে যেই কর্ম্ম ছুরাচার। বিবাহ তোমার অগ্রে হইবে আমার॥ প্রথমে তোমার হবে ভীম তার পাছে। অনন্তর আমার শাস্ত্রে যেমন আছে ॥ পার্থবাক্য শুনি ধর্মা হৈয়া ছফীমন। শিরে চুম্ব দিয়া করিলেন আলিক্সম।। কুম্ভকারণালে যবে করেন প্রবেশ। হেনকালে আইলেন ব্লাম হুষীকেশ। মহাভারতের কথা অমৃত-সমান। কাশীদাদ কহে দদা শুনে পুণ্যবান্॥

কুন্তীর নিকটে জ্রীক্ষের আগমন।
প্রশাম করিয়া দোঁহে কুন্তীর চরণে।
আপনার পরিচয় দেন গুইজনে ॥
শুনি শুরসেন-হৃত। দোঁহে করি কোলে।
দোঁহারে করান স্নান নয়নের জলে॥
কোথা ছিলে তাত মোর অন্ধকের নড়ি।
হাপুতির পুত্ তোরা দরিদ্রের কড়ি॥
আদশ বৎসর আজি মুখ নাহি দেখি।
অসুক্ষণ কান্দিয়া স্থুবল হৈল আঁথি॥

কহ তাত সবার কুশল সমাচার। তোমার মায়ের আর আমার ভাতার॥ দ্বাদশ বৎসর হৈল নাহি দেখি শুনি ! কেবা মরে কেবা জীয়ে কিছুই না জানি॥ নাহি জানি তোমার এতেক নিষ্ঠুরতা। না জানি যে এতেক নির্দিয় তোর পিতা। বনে বনে কত ভ্রমিলাম দেশ দেশ। দ্বাদশ বৎসর কেহ না করে উদ্দেশ॥ কৃষ্ণ বলিলেন দেবি ত্যঙ্গ মনস্তাপ। না ভুঞ্জিলে না খণ্ডে পূর্বের পরিতাপ ॥ গৃহদাহে মরিলা শুনিয়া এই কথা। সাতদিন অন্ধল না ছুঁলেন পিতা॥ আমারে পাঠাইলেন বুঝিতে কারণ। বিদ্বরের স্থানে শুনিলাম বিবরণ ॥ দ্বাদশ বর্ৎসর কন্ট অরণ্যে পাইলে। তোমা স্মরি তাত ভাসিলেন অশ্রুজলে॥ শক্রভয়ে আমার উদ্দেশ ন। পাইলা। মম আত্ম। দৰ্ববক্ষণ ভোষা প্ৰতি ছিলা॥ শোক না করিহ দেবি হুঃখ হৈল শেষ। কালি কিংবা পরশ্ব চলহ নিজ দেশ।। কুন্তীরে প্রণাম করি যান ধর্ম্মপাশ। কুতাঞ্জলি প্রণমিয়া সকরুণ ভাষ॥ শীঘ্র উঠি ধর্মহুত করি আলিঙ্গন। দোঁহাকার অশ্রুজনে ভাসেন হুজন॥ স্নেহভাবে দোঁহারে না ছাড়ে চুইজন। বহুক্ষণ দোঁহা মুখে না সরে বচন ॥ তবে পাঁচ ভাই রামকৃষ্ণে সম্বোধিয়া। যতেক পূর্বের কফ্ট কহয়ে বিষয়া॥ ক্রেন সকল কথা ধর্মের নন্দন। জতুগৃহ যে প্রকারে হইল দাহন॥ বিহুরের মন্ত্রণাতে যেমত ঊদ্ধার। রাক্ষদের মুখে রক্ষা হৈল যে প্রকার॥ বনে বনে দেশে দেশে তপস্বীর বেশ। দ্বাদশ বৎসর যত পাই*লেন* ক্লেশ ॥ একে একে কহেন সকল সমাচার। 🗢নি আশ্বাদিয়া বলে দেবকী-কুমার॥

দুষ্ট ধৃতরাষ্ট্র নফ্ট তার পুত্রগণ। সমৃচিত ফল তারা পাইবে এক।। যদি প্রীতে বাঁটিয়া না দেয় রাজ্যভার। সকলে মিলিয়া তারে করিব সংহার॥ ধিষ্ঠির বলিলেন তবে দামোদরে। চমতে জানিলা আমি কুম্ভকার-ঘরে॥ শুকুষ্ণ বলেন যে করিল তব ভাই। সুষ্য করিবে হেন ক্ষিতিমাঝে নাই॥ ধিষ্ঠির বলিলেন আজি স্থপ্রভাত। তঁই আজি নয়নে দেখিতু জগন্নাথ॥ **একমাত্র বড ভয় হতেছে অন্তরে।** াবে জ্ঞাত হৈল আমি কুম্ভকার-ঘরে॥ বিশেষ তোমার হইয়াছে আগমন। এ সব বার্ত্ত। পাছে শুনে ছুর্য্যোধন ॥ গোবিন্দ বলেন রাজা ভয় কর কারে। ণত হুর্য্যোধন ভোমা কি করিতে পারে॥ তিন লোক সহায় করিয়া যদি আসে। ্যহুর্ত্তেকে নিবারিব চক্ষুর নিমিষে॥ বিপ্ৰবংশ সহ আমি যাজ্ঞদেন স্থা। ববারে করিবে জয় ভীমার্জ্জ্ন একা॥ রুধিষ্ঠির বলেন যে তাহারে না গণি। জ্যেষ্ঠতাত ধৃতরাষ্ট্র তারে ভয় মানি॥ আজিকার রজনা বঞ্চিব এই দেশে। যেই চিত্তে লয় কালি করিব দিবসে॥ এত বলি মেলানি করিল তুইজন। বিদায় হইয়া যান রাম নারায়ণ॥ মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

ক্রপদ রাজার পেদ ও ধৃষ্টহারের প্রবোধ।
হথা যাজ্ঞাসন রাজা যাজ্ঞাসেনী-শোকে।
ভূমে গড়াগাড় দিয়া কান্দে আধানুখে॥
রাজারে বেড়িয়া কান্দে যত মান্ত্রগণ।
পূত্রগণ কান্দে আর অন্তঃপুর জন ॥
হেনকালে ধৃষ্টহান্দ উত্তরিল তথা।
রাজা বলে একি দেখি কৃষ্ণা নম কোথা॥

হরি হরি বিধি মম কৈলা হেন গতি ৷ অবহেলে হারাইনু কুষ্ণা ভণবতী॥ কহ পুক্র কৃষ্ণার কুশল সমাচার। কোথা গেল লক্ষ্যবেদ্ধা ব্ৰাহ্মণকুমার॥ দর্বনাশ করিলেন ব্যাস মুনিবর। তাঁর বোলে কৃষ্ণার হইল স্বয়ংবর ॥ ধসুৰ্বৰাণ দিল লক্ষ্য করিয়া নিৰ্মাণ। বলিলেন পার্থ বিনা না পারিবে আন॥ মম কর্মদোষে মুনিবাক্য মিখ্যা হৈল। কালে বিপরীত ফল আমাতে ফলিল॥ কহ বাপু কুষ্ণা রাখি আইলা কোথায়। কুষ্ণা ছাড়ি কোন্ মুখে আইলা হেথায়॥ হা কৃষ্ণা হা কৃষ্ণা মম প্রাণের তন্যা। এত বলি পড়ে রাজা মূর্চ্ছাগত হৈয়া॥ ধুষ্টপ্রান্ন বলে আর না কান্দ রাজন্। সকল মঙ্গল রাজা ত্যজ হুঃখ মন॥ ব্যাদের বচন রাজা কভু মিথ্যা নয়। তোমার মানস পূর্ণ হইল নিশ্চয়॥ শুনি কহ কহ বলি উঠিল রাজন। কিমতে হইল সত্য ব্যাসের বচন॥ শতপুর করিয়া বেড়িল রাজগণ। সবাকে জিনিল সেই একক ব্ৰাহ্মণ॥ সহায় হইল তার এক দ্বিজ আর। স্থরান্থর মনুষ্যে দদৃশ নাহি তার॥ হাতে বৃক্ষ এল যেন ব্রক্তহন্তে ইন্দ্র। ভ**क** निग्ना পলाইग्रा (গল जुপর्क ॥ এইমত যুদ্ধে তাত হইল রজনী। তুইজন সঙ্গে চলি গেল যাজ্ঞদেনী॥ এ দোঁহার সহ তাত আর তিন জন। পথেতে যাইতে হৈল দবার মিলন। ভার্গবের কর্মশাল-আঞ্চয়ে আছিল। পাঁচজন মিলিয়া তথায় চলি গেল ॥ ন্ত্রী এক আছিল তথা পরমা স্থন্দরী। তাঁর রূপে বিনা দীপে ঘর আলো করি 🛊 জননী হইবে তাঁর বুঝি অভিপ্রায়। তিন ভাই কৃষ্ণা সহ রাখিয়া তথায়।

তত রাত্রে গেল দোঁহে ভিক্ষার কারণ। ভিক্ষা করি আনি দিল করিতে রন্ধন॥ রন্ধন করিল ক্লফা চক্ষুর নিমিষে। মাতা তার সাদরে বলিল প্রিয়ভাষে॥ আশে পাশে ডাকিয়া আইস পুত্রগণ। উপবাদী অতিথি থাকয়ে কোন জন॥ অতিথিরে দিয়া যাহা অবশেষ থাকে। দুই ভাগ করি কৃষ্ণা বাঁটহ তাহাকে॥ এক ভাগ দেহ হের ইহার গোচর। আর এক ভাগ কৃষ্ণা পাঁচ ভাগ কর॥ চারি ভাগ দেহ এই চারি বিগুমানে। এক ভাগ দ্রোপদী করহ তুই স্থানে॥ তুমি অৰ্দ্ধ লহ মোরে দেহ অৰ্দ্ধ আনি। ক্রোধ্দেবলে এক শ্বিজ চাহিয়া জননী॥ এত রাত্রে অতিথিরে পাইব কোথায়। ভুঞ্জিয়া থাকিবে কিংবা থাকিবে নিদ্রায়॥ আজিকার ভিক্ষা মাতা অতিরেক নহে। বিশেষ যুদ্ধের প্রমে পেটে অগ্নি দহে॥ আজিকার দিনে মাতা অতিথি রহুক। ভয়েতে জননী বলে হউক হউক॥ পুনঃ বলে অতিথির ভাগ দেহ মোরে। কালি প্রাতে যত ইচ্ছা দিও অতিথিরে॥ দেহ দেহ বলি পুনঃ ডাকিল জননী। সেইরূপে বাঁটিয়া দিলেন যাজ্ঞদেনী॥ প্রাদ তুই তিনে তাহা দকলি খাইল। মণ্ড আন মণ্ড আন বলি ডাক দিল। না পাইয়া মণ্ড ক্রোধে কটাক্ষেতে চায়। মম মনে দ্রৌপদীরে গারিলেক প্রায়॥ এই হেতু মাতা তোরে জন্মে মম ক্রোধ। তুমি কহ ভীমে নারি করিতে প্রবোধ। মাতা বলে তাত আজি মম দোধ খণ্ড। নুত্র রন্ধনী আজি না রাখিল মণ্ড॥ মায়ের বচনে বহুমতে শান্ত হৈল। ভোজন করিয়া গিয়া আচমন কৈল ॥ ভোজন করিয়া চাহে শয়ন করিতে। ্সবার কনিষ্ঠে বলে শ্যা পাতি দিতে 🛭

সবার উপরে শয্যা করিল মাতার।
পাঁচ ভাতার শয্যা হৈল পদনীচে তাঁর॥
সবার চরণতলে কৃষ্ণা শয্যা পাতি।
হুক্ত হৈয়া শুইল দ্রৌপদী গুণবতা॥
মহাভারতের কথা স্থধার সাগর।
কাশীরাম কহে সদা শুনে সাধুনর॥

ক্রপদ রাজপুরে পাও দের আনয়ন। শুনিয়া দ্রুপদ রাজা আনন্দিত মনে। উঠি বদি রাত্রি পোহাইল জাগরণে ॥ পূর্ব্বভিতে দেখি রাজা অরুণ উদয়। পুরোহিত দ্বিজে কহে করিয়া বিনয়॥ কুমারের শালে তুমি যাহ শীভ্রগতি। পরিচয় লহ তারা হয় কোন জাতি॥ রাজার পাইয়া আজ্ঞা চলিল ব্রাহ্মণ। ব্ৰাহ্মণে দেখিয়া প্ৰণমিল পঞ্চন। ষুধিষ্ঠিরে চাহিয়া বলয়ে দ্বিজমণি। সত্যশীল ধর্ম তুমি বুঝি অনুমানি॥ যাহা জিজ্ঞাদিব নাহি করিবে ভগুন। পরিচয় ইচ্ছে তোমা দ্রুপদ রাজন ॥ ক্রপদ রাজার এই মানস আছিল। দ্রৌপদী কুমারী তাঁর যে দিনে জন্মিল। কুরুবংশে পাণ্ডুরাজা সথা প্রিয়তর। তাঁর পুত্রে কন্সা দিবে সানন্দ অন্তর্র॥ গৃহদাহে মাতা সহ মৈল পঞ্চ ভাই। সবে এই কথা বলে প্রত্যয় না যাই॥ ব্যাস সহ যুক্তি করি লক্ষ্য কৈল পণ। বিনা পার্থ নারিবে বিন্ধিতে অন্য জন ॥ এই হেতু মনে বড় আছয়ে সন্দেহ। কে তুমি কাহার পুত্র পরিচয় দেহ। ধর্ম বলে পরিচয়ে কোন্ প্রয়োজন। জাভির নির্ণয় নাহি লক্ষ্য কৈলে পণ॥ সেই পণে এই কন্যা স্থানিল জিনিয়া। এক্ষণে কি কাজ আর জাতি জিজ্ঞাসিয়া পুরোহিত কহে তাহা কে লঙ্গিতে পার্টে পরিচয় দিয়া প্রীতি করহ রাজারে 🛚

যুধিষ্টির বলে গিয়া কহ নৃপবরে। হীনজাতি জন লক্ষ্য বিন্ধিতে কি পারে॥ শুনি পুরোহিত গিয়া ক্রপদে কহিল। পরিচয় না পাইয়া নৃপতি চিন্তিল॥ পুত্রগণ দহ তবে বিচার করিয়া। ছয়থান রথ তবে দিল পাঠাইয়। 🎗 পুত্রে পাঠাইল অগ্রসরি লইবারে। রথ লৈয়া ধুষ্টত্ন্যন্ন গেল তথাকারে॥ চিহ্ন জানিবার তরে থুইল রাজন। পাশাক্রাড়া বেদ বিভা পুরাণ পঠন। ধান্য যব নানা শস্তা থুইল তুইভিতে। ধ**নু**ক বিবিধ অস্ত্র ভূণের **সহিতে**॥ রথ লৈয়া ধৃষ্টহ্যন্ন গেল শীঘ্রগতি। সবিনয়ে বলে তবে ধর্ম্মরাজ প্রতি॥ পাঠাইল নরপতি পরম আদরে। কুষ্ণা সহ পঞ্জাই চল তথাকারে॥ ধর্ম্মরাজ শুনিয়া বিলম্ব না করিয়া। পঞ্চ ভাই পঞ্চ রথে চড়িলেন গিয়া॥ এক রথে কৃষ্ণা সহ ভোজের নন্দিনী। বাজিল বিবিধ বাতা স্বমঙ্গল ধ্বনি॥ ত্বই ভিতে নানা রথ থুইল রাজন। কাৰু ভিতে না তিষ্ঠিল ভাই পঞ্চ জন ॥ বিচারে জানিল যত বিস্থাবন্ত জনে। ভাঙ্গিল ধনুক সেই গুণ টঙ্কারণে॥ যথায় বসিয়া রাজা রক্স সিংহাসনে। পাত্র-মিত্রগণ আছে তাঁর সন্নিধানে॥ দিব্য রাজাদনে বাদলেন পঞ্জন। উঠিয়া আপান রাজা কৈল সম্ভাষণ ॥ কুন্তী সহ দ্রোপদারে অন্তঃপুরে নিল। যত নারী ভ্লাভ্লি মঙ্গল করিল **॥** মহাভারতের কথা **শ্রাবণ মঙ্গল**। কাশীদাস কহে ল.ভ ভারতের ফল॥

রাজা কর্ত্তক পাগুবের পরিচয় গ্রহণ। বদিল ফ্রুপদ রাজা পুজের সহিতে। পাজমিজসণ আর বিজ পুরেমহিতে॥ পঞ্চন মুখচন্দ্র করি নিরীক্ষণ। হর্ষিত হইয়া বলিছে এ বচন॥ কে তোমরা বাদ কোথা, কহ সত্যবাণী। কে তব জনক বল কে তব জননী। মনুষ্য-লোকের প্রায় নাহি লয় মনে। আকৃতি প্রকৃতি দেবতুল্য পাঁচজনে॥ রূপে পঞ্জনের না দেখি শ্রেষ্ঠাশ্রেষ্ঠ। সবার সমান রূপ জ্যেষ্ঠ কে কনিষ্ঠ॥ কিবা ইন্দ্র চন্দ্র কাম অশ্বিনীকুমার। ইহা মধ্যে হবে চিত্তে লয়েছে আমার॥ আর যত ধর্ম কর্ম্ম সত্য সম নহে। মিথ্যাসম পাপ নাহি সর্ববশাস্ত্রে কহে॥ সর্ব্ব ধর্ম্মাধর্ম্ম তোমা সবার গোচর। কহ সত্য খণ্ডুক মনের মতান্তর॥ 👵 যুধিষ্ঠির বলে মোরা পাণ্ডুর নন্দন। আমি যুধিষ্ঠির এই দোঁহে ভীমাৰ্জ্জুন॥ এ নকুল সহদেব জানহ নৃপতি। অন্তঃপুরে মাতা কুন্তী দহিত পার্ষতি॥ এত শুনি নরপতি হইল উল্লাস। আপনা পাদরে মুখে নাহি আদে ভাষ॥ কদম্বকুশ্বম সম কলেবর ফুলে। বদন ভূষণ তিতে নয়নের জলে॥ শীদ্রগতি উঠি রাজা করে আলিঙ্গন। একে একে সম্ভাষিল ভাই পঞ্জন॥ রাজা বলে পূর্ববভাগ্য আমার যে ছিল। দেই ফলে মনের কামনা পূর্ণ হৈল ॥ কহ শুনি তাত সেই সব বিবরণ। গৃহদাহে মৈল বলি জানে সর্ববঙ্গন ॥ বুধিষ্ঠির বলেন দে গৃহদার্থ নয়। **জো**গৃহ করিল পুরোচন পাপাশয়॥ বিত্নরের মন্ত্রণায় তরিকু তাহাতে। শুনিয়া ক্রপদ রাজা বলে ক্রোধচিতে॥ এত বড় নির্দিয় সে অন্ধ নৃপরাজ। নাহি ধর্মভয় নাহি লোকভয় লাজ ॥ ধর্ম্মেতে রাখিল তোম। সে সব সঙ্কটে। ম্বব্রিকে পাপিগণ স্থাপন কপটে ॥

গৃহদাহে মৈল বলি কহে সর্বজন। জোগৃহ করিল বলি শুনি যে এখন ॥ এ সকল কফ চিত্তে না ভাবিহ আর। মম ধন রাজ্য বাপু সকলি ভোমার॥ তবে কতক্ষণান্তরে বলয়ে বচন। ববাহ করহ পার্থ করি শুভক্ষণ॥ শুনিয়া কহেন তবে ধর্ম্মের কুমার। রাজা বলে যাহা ইচ্ছা বিচারে তোমার॥ তুমি কিংব। রুকোদর কিংবা ধনঞ্জয়। কিংবা পুইজন এই মাদ্রার তনয়॥ যুধিষ্ঠির বলেন যে মায়ের বচনে। দ্রৌপদীকে বিবাহ করিব পঞ্জনে॥ যুধিষ্টির-বাক্য শুনি বিশ্মিত নৃপতি। অধোমুখু হৈয়া তবে নিরীক্ষয়ে ক্ষিতি॥ কুম্ভীপুত্র শ্রেষ্ঠ তুমি ধর্ম-অবতার। তুমি হেন বল আমি কি বলিব আর॥ বহু পতি ধরে সতী নাহি শুনি ক্ষিতি। লোকে বেদে নাহি শুনি স্ত্রীর বহু পতি॥ পূর্বের সাধুগণ সব যাহা নাহি করে। সম্প্রতি ধার্মিকগণ তাহা না আচরে॥ এমত অপূৰ্ব্ব কথা কভু নাহি শুনি। ইতরের প্রায় কেন কহ হেন বাণী॥ যুধিষ্ঠির বলিলেন এ কথা প্রমাণ। পূর্ব্বদাধুগণ-পথ কে করিবে আন॥ লোকে বেদে যাহা কহে জানিও রাজন। গুরুজনবাক্য কভু না করি লঙ্ঘন॥ লোকমত কর্ম্ম রাজা করিব দর্ববথা। কিন্তু গুরুবগণবাক্য না করি অন্যথা ॥ লোকমধ্যে গুরু শ্রেষ্ঠ গুরুতে জননী। মাতৃবাক্য কেমনে লজ্বিব নৃপমণি ॥ মাতা মম গুরুদেব ইউদেব জানি। মাতার বচন আমি বেদতুল্য মানি॥ মাতার বচন লড়েব যেই গুরাচার। যতেক স্থক্তি কর্ম নিশ্যল ভাহার 🛚 কতক্ষণে উত্তর করিল নরপতি। নারিম্ব এ বিধি দিতে কি আছে শকতি 🛭

তুমি আর ধ্বউত্যন্ধ পুরোহিত সহ।

এ কথা বিচার করি আমারে দে কহ।

মহাভারতের কথা স্থধাসিন্ধুবত।

কাশীদাস কহে সাধু পিয়ে অনুত্রত॥

ডৌপদীর বিবাহ হেতু মুনিগণের রাজ্ঞসভায় আগম

অন্তর্য্যামী সর্ববজ্ঞ সকল মুনিগণ। পাণ্ডব-বিবাহ হেডু কৈলা আগমন॥ শিষ্যসহ পরাশর মুনি যে আইল। জমদগ্রি জৈমিনী শ্রীঅসিত দেবল। তুর্ব্বাসা লোমশ আঙ্গিরদ তপোধন। শিষ্য ষাটি সহস্ৰ আইল বৈপায়ন॥ যতেক আইল মুনি লিখনে না যায়। ষারী সবে আসিতে ক্রপদে জানায়॥ শুনিয়া ক্রুপদ রাজা শীঘ্রগতি উঠি। ব্দগ্রহার প্রণমিল ভুমে শির লুঠি॥ অত্রেতে সংগ্রহ করি আছিল রাজন। বসিবারে সবে দিল উত্তম আসন ॥ পাত্ত অর্ঘ্য ধুপ দীপ গন্ধে কৈল পূজা। যোড়হাতে দাণ্ডাইল পাঞ্চালের রাজা॥ আমার ভাগ্যের কথা কহনে না যায়। দে কারণে মুনিগণ আইল হেথায়॥ আছিল সন্দেহ এই বিবাহ কারণ। বিধিদাতা সংসারে তোমরা সর্বজন॥ যে বিধান কহিবে বিধান সেই মত। বিচারিয়া সব কথা দেহ অভিমত॥ মুনিগণ বলে শুন ইহা কি কহিব। পূর্বের যে ধাতার স্বষ্টি তাহা কি ঘুচাব 🛭 কৃষ্ণার বিবাহ হেতু এই নিরূপণ। দ্রৌপদীর পঞ্চ পতি বিধির লিখন ॥ দেখিতেছি স্ষষ্টি স্থিতি গোচরে সর্ব্বথা। পঞ্চ পতি দ্রোপদীর কে করে অন্যথা॥ মুনিগণ মুখে শুনি এতেক বচন। মৌনী হয়ে রহিলেন ক্রেপদ রাজনু॥ ধ্বউত্যন্ন বলে নাহি শুনি সংসারেতে। লোকে যাহা নাহি ভাগা করিব কিমতে। যথার্থ করিতে কর্ম্ম লোকে উপহাস। এমত নিশ্দিত কৰ্মো কহ কেন ভাষ॥ যুধিষ্ঠির বলিলেন অশ্য নাহি জানি। মায়ের বচন যে অধিক বেদবাণী॥ মুনিগণ মুখে শুনিয়াছি পূৰ্ববকথা। জটিল ব্রাহ্মণ ছিল ধর্মশাস্ত্রজ্ঞাতা॥ যত দ্বিজগণে তিনি করান অধ্যয়ন। দৰ্কশান্ত্ৰ বেদাগম গ্ৰন্থ ব্যাকরণ॥ পড়াইয়া পাছে দেন এই উপদেশ। য়ত শাস্ত্র হ'তে শুন কহি যে বিশেষ। নাতার যে আজ্ঞা যত্নে করিবে পালন। না করিবে দ্বিধা রহে বেদের বচন।। লোক হৈতে গুরু শ্রেষ্ঠ আমি মানি। দর্ব্যপ্তরু হৈতে শ্রেষ্ঠ গণি যে জননী॥ জননী আমারে আজ্ঞা দেন এইমত। পঞ্জনে বাঁটি লহ অন্য:ভিক্ষা মত॥ ধর্মাধর্ম বলি তাহা কে বুঝিতে পারে। অধর্ম্মেতে আছে ধর্ম্ম ধর্ম্মে পাপ করে॥ অধৰ্ম কৰ্মোতে মম মন নাহি লয়। এ কর্ম্ম করিতে মম চিত্তে নাহি ভয়। দে কারণে বুঝি এই ধর্মা আচরণ। বিশেষ খণ্ডিতে নারি মায়ের বচন॥ অনন্তরে বলিতে লাগিল রুকোদর। কার শক্তি লঙ্খিবেক ধর্ম্মের উত্তর ॥ বেদশাস্ত্র লোক আমি সবার বাহির। আমা সবাকার ধাতা কর্ত্ত। যুধিষ্ঠির ॥ আমরা না মানি শাস্ত্র কিবা অন্য জনে। ধর্ম আজ্ঞা পালন করি যে প্রাণপণে॥ কে লঙ্মিবে যে আজ্ঞা করেন যুধিষ্ঠির। অনেক সহিন্তু এ পাঞ্চাল নৃপতির॥ পুনঃ পুনঃ ধর্ম্মবাক্য করিল হেলন। অ্যজন হৈলে আজি লইতাম জীবন॥ সম্বন্ধে শ্বশুর ইনি গুরু মধ্যে গণি। মম ক্রোধানল শাস্ত হইল আপনি॥ লোকে বেদে বলে যদি নহে ভীত মন। আজি হৈতে সর্ব্বশাস্ত্রে করহ লিখন ॥

হেনকালে কুন্তী শুনি হইল বাহির।
কুতাঞ্জলি বন্দে সব চরণ মুনির॥
ব্যাসের চরণ ধরি সকরুণে কয়।
আমারে নিস্তার কর মিথ্যাবাক্য ভয়॥
যেই বলে যুধিষ্ঠির বল দেই কথা।
যেই মতে মম বাক্য না হয় অত্যথা॥
মুনি বলে তাজ ভয় না কর ক্রন্দন।
অলঙ্ঘ্য তোমার বাক্য না হবে লঙ্ঘন॥
মহাভারতের কথা স্থধার সাগর।
কাশীরাম দাস কহে শুনে সাধু নর॥

দ্রোপদীর পঞ্চরামী হইবার কারণ 🖟 ব্যাস বলে সব তত্ত্ব জান মুনিগণ। শুনহ দ্রুপদ রাজা পূর্ব্ব বিবরণ॥ ত্ৰেতাযুগে দ্বিজক্সা আছিল দ্ৰৌপদী। পতিবাঞ্ছা করি শিব পূজে নিরবধি ॥ রচিয়া মৃত্তিকা লিঙ্গ বনপুষ্পা দিয়া। দ্বত মধু উপহার বাগ্য বাজাইয়া॥ অবশেষে প্রণমিয়া পড়ি ক্ষিতিতলে। পতিং দেহি পতিং দেহি পঞ্চবার বলে॥ হেনমতে বহুকাল পূজয়ে মহেশ। তুষ্ট হৈয়া বর তারে দেন ব্যোসকেশ। পঞ্চ স্বামী হবে তোর পরম স্থন্দর। শুনিয়া বিস্ময় মামি কহে যোডকর॥ কেহ হেন উপহাস কর শূলপাণি। লোকে বেদে বহিন্তু ত অপূর্বৰ কাহিনী॥ শঙ্কর ৰলেন কন্মা কি দোস আমার। স্বামী বর তুমি যে মাগিলা পাঁচবার ॥ অকারণে কেন আর করহ রে*ন্*য I কখন খণ্ডন 伏হ আলার বচন॥ হইবে তোনার স্বামী পঞ্চ মহার্থী। তথাপিও ক্ষিতিমধ্যে কবে তেইনা সতী 🎚 পুথিবীতে ঘুধিবেক তোমার চরিত্র ! তব নাম নিলে লোক হইবে পবিত্ৰ॥ এত বলি অন্তর্হিত হইলেন হর। গঙ্গাজলে কন্সা গিয়া ত্যজে কলেবর॥

পুনঃ সেই কন্যা জন্মে কাশীরাজালয়ে। সেই জন্মে পতিহান যৌবন সময়ে॥ না হইল বিবাহ যৌবন কাল গেল। আপনাকে তিরস্বারি তপ আরম্ভিল। হিমাদ্রি পর্ব্বতে তপ করয়ে অপার। দেখি ধর্ম ইন্দ্র বায়ু অখিনীকুমার॥ তথায় আসিয়া এই দেব পঞ্চজন। জিজ্ঞাদিল কন্যা তপ কর কি কারণ॥ ত্তপ কর যদি স্বামী লাভের কারণে। যারে ইচ্ছা বর তুমি আমা পঞ্জনে॥ এত শুনি চাহে কন্যা পঞ্জন পানে। সবার সমান রূপ দেখিল নয়নে॥ কাহারে বরিব হেন বলিতে লাগিল। অধোমুখ হ'য়ে কন্সা নিঃশব্দে রহিল॥ কন্যার হৃদয়-কথা জানি দেবগণ। পাঁচজনে বর তারে দিল ততক্ষণ॥ ত্যজ তপ এই দেহ ত্যজ কন্যা তুমি। আর জন্মে আমরা হইব তব স্বামী॥ এত বলি অন্তর্হিত হৈল দেবগণ। তপস্থা করিয়া কন্যা ত্যজিল জীবন॥ সেই কন্সা তব গৃহে হইল দ্রোপদী। অযোনিসম্ভবা জন্ম হৈল যজ্ঞভেদী॥ ধর্ম্ম ইন্দ্র বায়ু অশ্বিনীয় পাঁচজন। পঞ্জন অংশে জন্ম পাণ্ডুশ্ব নন্দন॥ পাণ্ডবের হেতু কৃষ্ণা ধাতার নির্মাণ। পূর্বের নির্বন্ধ ইহা কে করিবে আন॥ মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান্॥

দৌগদীর পূর্বজন্ম র্ভান্ত।
অগস্ত্য বলেন সত্য কহিলেন ব্যাস।
আমি যাহা জানি শুন কহি সে আভাস॥
পূর্বে এককালে যজ্ঞ করেন শমন।
অহিংসাতে কোন প্রাণী না হয় মরণ ।
মসুষ্যে পূরিল ক্ষিতি দেবে ভয় হৈল।
সবে আসি ব্রহ্মারে সভয়ে নিবেদিল॥

শুনি ব্রহ্মা চলিলেন সহ দেবগণ। নৈমিষ কাননে যজ্ঞ করেন শমন॥ ব্রহ্মারে দেখিয়া যম উঠি সম্ভাষেণ। কি কর্ম করহ বলি ধাতা জিজ্ঞাসেন ॥ স্ষ্টির উপরে আছে তব অধিকার। পাপ পুণ্য বুঝি দণ্ড দিবা সবকাার॥ শুনিয়া কহেন যম করি যোড়পাণি। মম শক্তি এ কর্ম্ম নহিল পদ্মযোনি 🖟 সব দেবগণমধ্যে আমি হৈন্তু চোর। ত্রিভুবন উপরে বিষয় দিল। মোর॥ ত্রৈলোক্যের রাজা হৈল দেব পুরন্দর। তিনি যজ্ঞ করিতে পায়েন অবসর॥ কুবের বরুণ যজ্ঞ ইচ্ছা কৈলে করে। অবকাশ মুহূর্ত্তেক নাহিক আমারে॥ না পারিন্ম এ কর্ম্ম করিতে দেবরাজ। অন্য কোন জনেরে সমর্প এই কাজ॥ না পাইতু পাপ পুণ্য কর্ম্মের নির্ণয়। কার কতকাল আয়ু নির্ণয় না হয়॥ যমের বচনে স্থচিন্তিত প্রজাপতি। সেইকালে কায় হৈতে হইল উৎপত্তি॥ লেখনী দক্ষিণ করে তালপত্র বামে। জাতিতে কায়স্থ হৈল চিত্ৰগুপ্ত নামে॥ যমেরে বলেন তুমি দঙ্গে রাখ এরে। যখন যে জিজ্ঞাসিবে কহিবে তোমারে॥ যাহার যে কর্ম তুমি জানিতে পারিবে। ব্যাধিরূপ হৈয়া তারে বিনাশ করিবে॥ আপনার কর্মভোগ ভুঞ্জিবে সংসার। তথাপি উপরে তব এই অধিকার॥ ব্রহ্মার বচনে যম প্রবোধ পাইয়া। সঞ্জিবনীপুরে যান যজ্ঞ সমাপিয়া॥ যমে প্রবোধিয়া সবে যথাস্থানে চলে। যাইতে কনক-পদ্ম দেখে গঙ্গাজলে॥ সহস্ৰ সহস্ৰ পুষ্প ভাসি যায় স্ৰোতে। দেখিয়া বিশ্বায় হৈল সবাকার চিতে॥ অমান কমল পুষ্প গল্ধে মন মোহে। তদন্ত জানিতে ইন্দ্র পবনেরে কহে॥

ইন্দ্রের আ**জ্ঞায় বায়ু গেল শী**ঘ্রগতি। বহু ক্ষণ নাছি দেখি চিন্তে স্থরপতি॥ তাহার পশ্চাতে ধর্মে পাঠায় ছরিত। তাহার বিলম্ব দেখি হইল চিন্তিত॥ হইল অনেকক্ষণ বাহুড়ি না আইল। ইন্দ্র স্থরপতি তথা আপনি চলিল॥ ভদন্ত জানিতে তবে গেল স্থরপতি। হিমালয়ে গঙ্গাকুলে কান্দিছে যুবতী॥ কনক-কমল হয় তার অশ্রুজলে। খুরক্রোতে ভাসি যায় মন্দাকিনী জলে 🕨 কন্যারে দেখিয়া জিজ্ঞাদিল দেবরাজ। কে তুমি কি হেতু কান্দ কহ নিজ কাজ॥ নয়ন কুরঙ্গ বিন্ধ জিনিয়া অধর। নিধ্ম জলস্তানল অঙ্গ মনোহর॥ সুখ তব নিন্দে ইন্দু মধ্যে মুগনাথ। চারু ভুরু যুগা উরু নিন্দ হস্তিহাত॥ কি কারণে আপনি কান্দহ একাকিনী। আমারে বরহ যদি আছ বিরহিণী॥ কন্যা বলে আমি হই দক্ষের নন্দিনী। ছাড়িয়া সংসার স্থখ জন্ম-তপস্বিনী॥ মোরে হেন কহিতে ভোমারে না যুয়ায়। পাপ চক্ষে চাহিলে অনেক কক্ট পায়॥ এইমত আমারে কহিল চারি জন। ত। সবার কফ্ট যত না যায় কহন ॥ ইন্দ্র বলে কহ তারা আছুয়ে কোথায়। কন্যা বলে যদি ইচ্ছা আইস তথায়॥ কন্সার সহিত গেল দেব পুরন্দর। পর্বত উপরে দেখে পুরুষ স্থন্দর॥ কেতকী বলিল দেব আমি তপস্বিনী। এজন আমারে বলে উপহাস বাণী॥ শিব বলিলেন মুঢ় না দেখ নয়নে। প্রতিফল ইহার পাইবে মম স্থানে॥ এই গিরিবর তুমি তোল পুরন্দর। হরের আজ্ঞায় ইন্দ্র তোলে গিরিবর॥ পর্বতের গহ্বরে হরের কারাগার। চরণে নিগঢ় বন্দী আছম্মে সবার 🛭

ধর্ম বায়ু অশ্বিনী র'য়েছে চারিজন। দেখিয়া হইল ভীত সহস্ৰলোচন॥ করযোড়ে বহু স্তব করিলেন হরে। তুষ্ট হৈয়। সদানক বলেন তাঁহারে॥ আমার তোমার বাক্যে হইল সন্তোষ। তোমা হেতু ক্ষমিলাম এ চারির দোষ॥ বিষ্ণুর সদনে লৈয়া যাব তোসা সব। তাঁর আজ্ঞামত কর্ম্ম করিব। বাসব॥ এত বলি সবে লৈয়া যান ত্রিলোচন। শ্বেতদ্বীপে যথায় আছেন নারায়ণ॥ কহিল সকল কেতকীর বিবরণ। শুনি করিলেন আজা শ্রীমধুসূদন॥ ইন্দ্রত্ব পাইয়া তোর নাহি খণ্ডে লোভ। মৈর্ত্ত্যে জন্ম লইয়া ভুঞ্জিতে আছে ক্ষোভ॥ কর্মাফল অবশ্য ভুঞ্জয়ে বাহা করি। হইবে তোমার ভার্য্যা কেতকা সন্দরী॥ পঞ্জনে জন্ম লভ হৈয়। নরগোনি। কেতকী হইবে তোমা পঞ্চের ভামিনী॥ তোমা দবা প্রীতি হেতু আমিও জন্মিব। দ্বাপরে ক্ষত্রিয়-দর্প নিঃশেষ করিব॥ এত বলি হুই কেশ দিলেন মহেশ। শুক্ল কুষ্ণ তুই হৈলা রাম হুদীকেশ।। শুনহ ক্রপদ এই পূর্বের কাহিনী। সেই দেবী কেতকী হইল যাজ্ঞদেনা॥

কেত্ৰীৰ প্ৰতি স্থাভির শাপ।

ক্রপদ কহিল বলি শুন তপোধন। কার কন্মা কেত্রকা তাপদা কি কারণ॥ কেন সে রোদন করে গঙ্গা তীরে বাস। ইহার বৃত্তান্ত মোরে, করহ প্রকাশ॥

অগন্ত্য বলেন তবে শুন দে কাহিনী।
সত্যযুগে ছিলা এক দক্ষের নন্দিনী॥
বিভা দে না করিল সন্ম্যাস ধর্মা নিল।
হিমালয়ে হর মন্দিরে তপ আরম্ভিল॥
হর তারে বলিলেন রহ গিরিপরে।
পুরুষ হইয়া যেবা ডাকিবে তোমারে॥

তাহারে আনিবে ধরি আমার কাছেতে। আশ্বাস পাইয়া তবে রহিল স্থথেতে॥

দৈবে একদিন তথা আইল স্থরভি। পাছে ধায় ষণ্ড দেখি গাভী ঋতুমতি ॥ পাঁচ পাঁচ ষাঁড় এক হ্বরভির পাছে। ষাঁড়ে ষাঁড়ে করে যুদ্ধ কেতকীর কাছে॥ যাঁড়ের গর্জ্জনে কেতকীর ধ্যান ভাঙ্গে। পাঁচ পাঁচ মাঁড় দেখে স্থরভির দঙ্গে॥ দেখিয়া কেতকী তাহা ঈষৎ হাসিল। হাসিল কেতকী তাহা স্থরভি জানিল॥ উপহাস ক'রে বুঝি হুদে হ'ল তাপ। ক্ৰদ্ধা হ'য়ে গোমাতা যে দিল অভিশাপ॥ ইহাতে নাহিক লজ্জা গরু জাতি আমি। নরযোনী হ'য়ে তোর হবে পঞ্চমামী॥ পুনঃ পুনঃ জন্ম তোর হবে নরযোনী। তুই জন্ম যাবে তোর হ'য়ে বিরহিণী ॥ ভূতীয় জন্মেতে হ'বে স্বামী পাঁচজন। পাইবে লক্ষ্মীর অঙ্গ হবে বিমোচন॥ একজন অংশে তার। হবে পঞ্জন। নাহি রবে ভেদাভেদ সবে একমন॥ কেতকী পুছিলা তবে করি যোড়হাত। কতদিনে শাপ নাশ কহ তা সাক্ষাত। এক অংশে পঞ্জন কেবা হবে বল। স্থরভি বলিল তবে শুন অবিকল॥ ত্বষ্ঠার নন্দনে ইন্দ্র করিলে সংহার। ভন্ম করিবারে ইন্দ্রে ধায় ইন্দ্রাগার ॥ ত্বন্টার দেখিয়া ক্রোধ ইন্দ্র পায় ত্রাস। কোথা যাব রক্ষা পাব যাব কার পাশ।। ইক্রের নিকটে ছিল তবে চারিজন। চারিজনে চারি অংশ কৈল সমর্পণ ॥ পাঁচ ঠাঁই পাঁচ আত্মা করি পুরন্দর। এক আত্মা ধরিয়া রহিল কলেবর॥ হেনকালে তথা আদি ত্বন্ত। মহাঋষি। দৃষ্টি মাত্রে পুরন্দরে কৈল ভস্মরাশি। ইন্দ্রে ভন্ম করি তবে বসি ইন্দ্রাসনে। আমি ইন্দ্র বলিয়া বলিল দেবগণে ॥

দেবগণ গিয়া তবে কহিল ব্রহ্মারে।
বিনা ইন্দ্র থাকিতে না পারি স্বর্গপুরে॥
এত শুনি ব্রহ্মা পাঠাইল নারদেরে।
নারদ কহিল সব স্বফার গোচরে॥
ইন্দ্রন্থ লইয়া তুমি কর ইন্দ্র কার্য্য।
নতুবা বাঁচাও ইন্দ্রে পালিবারে রাজ্য॥
স্বফার সম্মুথে যত ইন্দ্র ভস্ম ছিল।
শান্ত দৃষ্টে চাহি স্বফা ভারে বাঁচাইল॥
এতবলি স্বর্গভি গেলেন নিজস্থান।
চিন্তিয়া কেতকী শিবে করিল সে ধ্যান॥
গঙ্গাতীরে বসি কাঁদে পড়ে স্বশ্রুজ্ল।
তাহে জন্ম হয় দিব্য কনক কমল॥

পঞ্চ পাণ্ডবের সহিত দ্রৌপদীর বিবাহ। মুনিগণ দেবগণ আইল সভায়। বিবাহের আজ্ঞা দিল পাঞ্চালের রায়॥ পঞ্চ ভায়ে বসাইল পঞ্চ সিংহাসনে। হরিদ্রা পিটালি গন্ধ দিল প্রতিজনে॥ পঞ্তীর্থ জল আনি স্নান করাইল। **ইন্দের ভূষণে** বিভূষিতাঙ্গ হইল। বিবাহ মঙ্গল মত হইয়া স্থবেশ। রত্নবেদী মধ্যস্থলে করিল প্রবেশ। निःशमत्न वमाहेल (फोभनी उन्मती। পঞ্চ ভায়ে সাতবার প্রদক্ষিণ করি ॥ कृष्ण वाम ब्रकाञ्चल यूधिष्ठित इन्छ। তর্জ্জনীতে রুকোদর মধ্যাঙ্গুপ্তে পার্থ॥ নকুল অনামাঙ্গুপ্তে কনিষ্ঠে কনিষ্ঠ। ক্রমে পঞ্জনে কৃষ্ণা করাইল দৃষ্ট॥ ত্বন্দুভি নিনাদে নৃত্য করে বিল্লাধরী। হুলাহুলী মঙ্গল করয়ে নরনারী॥ পাঞ্চন্ত আপনি বাজান নারায়ণ। লক্ষ লক্ষ শঙ্খ বাজে বাগ্য অগণন ॥ কল্যাণ করিল যত দেব ঋষিগণ। चिष्कदत्र पिक्कणा पिन ना यात्र निथन॥ হেনমতে সম্পূর্ণ করিয়া শুভকার্য্য। প্রভাতে চলিয়া গেল যেবা যার রাজ্য 🛭

মুনিগণ দ্বিজগণ গে**ল নিজ স্থা**ন। দ্বারাবতী চলিলেন রাম ভগবান॥ যাইতে বিহুরে স্মরিলেন যতুমণি। পাণ্ডবৈর বার্ত্তা দিতে গেলেন আপনি॥ ক্ষে দেখি বিতুর আনন্দজলে ভাসে। পাত্য অর্ঘ্য সিংহাসনে পুজিল বিশেষে॥ ভাদশ বৎসর হেথা নাহি গতায়াত। বড় ভাগ্য হস্তিনা কি হেতু জগন্নাথ॥ কহ কিছু জান যদি পাগুবের বার্তা। কোন্ দেশে কোনুরূপে আছে তারা কোথা মরিল বাঁচিল কিছু না জানি তদন্ত। কেবল ভরসা এই সবে ধর্ম্মবন্ত ॥ হা-হা কুন্তী হা-হা ধর্মপুত্র যুধিষ্ঠির। তোমা না দেখিয়া আছে এ পাপ শরীর॥ এত বলি বিহুর পড়িল মূর্চ্ছা হ'য়ে। তুই হাতে ধরি কৃষ্ণ বদান তুলিয়ে॥ হাসিয়া বিছুরে কহিলেন জগন্নাথ। ভাল বাৰ্ত্ত। লহ তুমি হৈয়া খুল্লতাত ॥ পাণ্ডবের বিবাহ যে ত্রৈলোক্য জানিল। এক লক্ষ রাজা সহদলে আসিছিল॥ অন্ত রাত্রে বিবাহিতা হৈলা যাজ্ঞসেনী। পঞ্চ পাণ্ডবের ভার্য্যা তিনি একাকিনী॥ শুনিয়া বিত্রর বড় **আনন্দ** হইল। গোবিন্দচরণ ধরি ভূমে লোটাইল॥ এ কথা এক্ষণে হরি না কহিও আর। শুনি ছফলোক পাছে করে কুবিচার॥ হাসিয়া বলেন কৃষ্ণ ভর্ত্ত কাহারে। সবে পলাইয়া এল পাগুবের ডরে॥ ভীমার্জ্ন পরাক্রম অতুল ভূতলে। এক লক্ষ ভূপতি জিনিল অবহেলে॥ বিচ্নে প্রবোধ দিয়া যান ভগবান। বিচুর স্বরিত গেল ধৃতরাষ্ট্রস্থান 🛭 বিহুর বলেন আজি শুভরাত্রি হ'ল। क्षः भननिष्मे कृष्ण क्रुक्कृत्न जन॥ ধৃতরাষ্ট্র শুনি কহে আনন্দে বিভোর। অগ্রসরি আন গিয়া পুক্রবধূ মোর ॥

নানা রক্স ফেল ছুর্য্যোধনেরে নিছিয়া। অগ্রসরি অ:ন ক্বফা রতনে ভূষিয়া।। বিছুর বলিল রাজা হেথা বধু কোথা। যুধিষ্ঠিরে বরিলেক ক্রপদ-ছুহিতা॥ ধ্বতরাষ্ট্র শুনি যেন শেল বাজে বুকে। ততোধিক ভাগ্য বলি বলে রাজা ুখে॥ তুৰ্য্যোধন হইতে অধিক যুধিষ্ঠির। শুভবার্তা শুনি হান্ট হইল শরীর 🛚 কহ শুনি বিহুর আছুয়ে তারা কোথা। কার ঠাঞি পাইলা হে এ সব বারতা॥ বিত্রর বলেন ক্রমণ করি লক্ষ্যপণ। লক্ষ্য বিশ্বিলেক রাজ। ইন্তের নন্দন॥ কন্যা হেতু বহু দন্দ কৈল রাজা সব। ভীমার্জ্বন সবারে করিল পর:ভব॥ মুনিগণ দেবগণ একত্র হইয়া। পঞ্চাই পাণ্ডবে ক্ষণ্ডাবে দিল বিয়া। যত্নংশসহ গিয়াছিলেন উ্ৰীপতি। কহি বার্ত্ত। আমারে গেলেন দারাবতী॥ মহাভারতের কথা অমৃত্যমান। কাশীরাম দাস কহে শুনে প্রণ্যবান্॥

> পাওবদিগের বিবাহ বাও। শ্বণ করিয়া হুইোপনাদির মূল্পা

তিন দিন পরে তবে চতুল নিবদে।
দন্ত ভয় হুয্যোধন উত্তরিল লেশে॥
বাপের চরণে গিয়া নমস্কার কৈল:
আশীর্কাদ করি অন্ধ বার্ত্তা জিজ্ঞাদিল॥
কিরপ পাণ্ডব সহ হইল মিলন।
আইল কি তব সহ পাণ্ডু পুক্রগণ॥
কর্ণ বলে কি কথা বলিলা মহানার।
হেন কথা কেমনেতে ক্ষুত্রিত মুখে হয়॥
ছদ্ম দ্বিজবেশ ধরি ভাণ্ডিল আমারে।
দিজবধ ভয় করি ক্ষমিলাম তারে॥
জানিতাম যদি সবে, মারিভাম প্রাণে।
হুর্য্যোধন বলে ইহা জানিব কেমনে॥

এক্ষণে কি হইবেক ইহার উপায়। শিয়রে হইল শক্তে শমনের প্রায় 🛚 কোন মতে মনান্তর কর পঞ্চাই। পাঠাও স্বহন বিজে তাঁহাদের ঠাঁই॥ কোন মতে পাণ্ডুপুত্রে করায়ে বিশাস। বিষ দিয়া ব্লকোদরে, করুক বিনাশ। ভীম বিনা পাণ্ডবেরা হইবে অনাথ। কর্ণ যুদ্ধে অর্জ্জুনের কে যাইবে সাথ। তুর্য্যোধন বচন শুনিয়া কর্ণ বলে। কিছু নাহি চিত্তে লাগে যতেক কহিলে॥ ভীমেরে মারিতে পারে, আছে কোনজন। কিনা করিয়াছ ছিল গুহেতে যখন॥ যতেক উপায় বল, নাহি লয় মনে। বিনা ছন্দে বাধ্য নহে পাণ্ডুর নন্দনে। যাবৎ না আইদেন কৃষ্ণ পাণ্ডু দলে। ষাবৎ না পায় বাৰ্ত্তা নূপতি সকলে॥ রজনীর মধ্যে গিয়া নগর বেড়িব। সপুত্রে জ্রুপদ সহ পাণ্ডবে মারিব ॥ কর্ণের বচন শুনি অন্ধ নৃপবর। সাধু সাধু বলিয়া প্রশংসে বহুতর॥ এ বিচার করিতে তোমারে যোগ্য দেখি। তবে ভীম্ম বিহুর দ্রোণেরে আন ডাকি॥ সে সবার মত দেখি, কি করে যুকতি। এত বলি সবারে আনিল শীঘ্রগতি॥

হস্তিনায় পাণ্ডব আনিতে যুক্তি। রাজার আদেশে এল যত মন্ত্রিগণ। ভীষ্ম দ্রোণ কুপাচার্য্য দ্রোণের নন্দন ॥ ভূরিশ্রবা সোমদত্ত বাহলীক বিত্রর। কুলে শীলে বুদ্ধিবলৈ খ্যাত তিন পুর॥ ধুতরাষ্ট্র বলে অবধান জ্যেষ্ঠতাত। শুনি যে পাণ্ডব জীয়ে আছে কুন্তীসাথ ॥ এতকাল কোথা ছিল লুকাইয়া কেন। কিছুই ইহার আমি না জানি কারণ॥ হেন বুঝি চিত্তে প্রায় আমারে আক্রোশ। আমি সে স্বার কাছে নাহি করি দোষ ॥

তবে কেন গুপ্তবেশে লুকায়ে থাকিয়া। বিবাহ করিল যে আমারে না বলিয়া॥ কহ কি করিব এবে বিধান ইহার। শুনিয়া কহেন তারে গঙ্গার কুমার॥ 🦜 তব পুজ্ৰাধিক তোমা **সেবে ত পাণ্ড**ব। তুমি তায় পুত্রাধিক করিতে গৌরব॥ কি বৃদ্ধি হইল তব না জানি কারণ। বারণাবতেতে পাঠাইলা পুত্রগণ॥ না জানি যে তথায় কি কৈল পুরোচন : জতুগৃহে দগ্ধ কৈল বলে সর্ব্বজন॥ ত্রিভুবন যুড়ি মম অকীত্তি হইল। আপনি থাকিয়া ভীষ্ম এতেক করিল।। যদবধি জতুগৃহ হইল দাহন। তোমাদিগে নাহি চাহি মেলিয়। নয়ন॥ জননী দহিত জীয়ে পাণ্ডুর কুমার। ইহার অধিক রাজা কি ভাগ্য তোমার 🗈 অপযশ অধৰ্ম সকল তব গেল। তোমার পূর্বের ধর্ম উদয় হইল 🛚 এক্ষণেতে এই কর্ম্ম করহ রাজন্। কর পাণ্ডুপুত্রগণ সঙ্গেতে মিলন॥ আমি এক। নাহি বলি সবার বিচার। যেন তুমি তেন পাণ্ডু নৃপতি আমার॥ যেন কুন্তী তেন বধু গান্ধার-নন্দিনী। যেন যুধিষ্ঠির তেন হুর্য্যোধন মানি॥ ইথে ভেদাভেদ ভদ্র নাহিক রাজন্। পাণ্ডুপুত্র সহ তব দ্বন্দ কি কারণ॥ তার পিতা পাণ্ডু ছিল পৃথিবীর রাজা। তাহার সকল সৈত্য রাজ্য-ধন-প্রজা। দে জীয়ন্তে তাহারে ত্যজিবে কোন্ জন তব হিত হেতু তাই বলি হে রাজন্॥ অর্দ্ধ রাজ্য দিয়া কর পাণ্ডবেরে বশ। পৃথিবী যুড়িয়া রাজা হবে তব যশ॥ কীর্ভি রাখ নরপতি যাবৎ ধরণী। যত পূৰ্ব্বদোষ খণ্ডিবেক নৃপমণি॥ ভীন্মের বচন অন্তে বলিলেন গুরু। সর্বপ্তণবান্ ভূমি যেন কল্পভরু ॥

অলপনার হিতাহিত বিচার কারণ। প্রবাষ্ট্র আনিয়াছে সব মন্ত্রিগণ॥ সে কারণে হিতকথা চাহি কহিবার। শ্ৰনহ ক্ষজ্ৰিয়গণ মম যে বিচার॥ হর্দ্ম অর্থ যশ শ্রেষ সবার কল্যাণ। দ্ব কহিলেন গঙ্গাপুত্ৰ মতিমান্॥ ্রক্ষণেতে এই কর্ম্ম করহ ভূপাল। প্রিয়ন্বদ দূত এক পাঠাও পাঞ্চাল॥ বিবাহ-সামগ্রী লৈয়া মঙ্গল বাজন। নানা অলঙ্কার দ্রব্য করিয়া সাজন ॥ ্রেপদীরে তুষিবে বিবিধ অলঙ্কারে। নানা ধনে ভূষিবেক পঞ্চ সহোদরে॥ পুনঃ পু**নঃ সন্তো**ষিয়া কুন্তীরে কহিবে। নেন পূর্বব ছঃখ স্মরি ছঃখী না হইবে॥ ভ্রুপদ রাজার জন্ম দেহ বহুধন। গ্রত্যক্ষ করিবে তাহা দব পুত্রগণ॥ হেন জন পাঠাও স্থশীল সত্যবাদী। প্ৰাণ্ডৰ তোমাতে যেন না হয় বিবাদী 🛮 এত বাক্য যদি বলিলেন ভীষ্ম দ্রোণ। ক্রোধমুখে উত্তর করিল বৈকর্ত্তন॥ ভাল মন্ত্রী আনিলা মন্ত্রণা করিবারে। সবাই শত্রুর অংশ খ্যাত এ সংসারে॥ মুখেতে স্থহদ তব অন্তরেতে আন। ্য কহিল বুঝা করিয়া অনুমান॥ ধন জন সম্পদ এ সংসার ভিতরে। সবাকারে দিয়াছ না দিয়াছ কাহারে॥ তথাপি পাণ্ডব অংশ তোমার অহিত। জিহ্বায় অন্তরবার্ত্তা হৈতেছে বিদিত॥ রাজা হৈয়া যেই জন আপনা না বুঝে। ত্ত মন্ত্রী মন্ত্রণাতে সবংশেতে মজে॥ শুনি ক্রোধে বলে ভরম্বাব্দের কুমার। ওরে হুফ্ট শুনি কহ তোর কি বিচার॥ কলহ করিতে প্রায় চাহ দবা দহ। নিকট বাঞ্ছ প্রায় যাইতে যমগৃহ॥ ভালমতে জানি আমি তোমা বীরপণা। দেখিল পাঞ্চাল রাজ্যে তাহা দর্বেজনা॥

লক্ষ রাজা সহ একা বেড়িল অর্জ্জনে। পলাইয়া গেলে তেঁই রহিলা জীবনে॥ কিমতে কহিব আমি এমত বিচার। মহাকুল ক্ষয় হবে দবার সংহার॥ এত শুনি বিহুর বলেন মহামতি। কি হেতু নিঃশব্দ হৈয়া আছহ নুপতি॥ আপনি না বুঝ কেন করিয়া বিচার। ভীম্মদ্রোণ সম হিত কে আছে তোমার ॥ এ দোঁহার গুণে কেবা আছে ভূমণ্ডলে। বিচারে অমরগুরু তেজে আথগুলে॥ ধর্ম্মেতে সাক্ষাৎ ধর্ম্ম ত্রিভুবনে খ্যাত। শীলতায় পূর্বেব যেন ছিল রঘুনাথ॥ কভু নাহি তব মন্দ ভীম্মমূখে ভাষে। সর্ববদা তোমার হিত সর্ববলোকে ঘোষে॥ এ দোঁহার বাক্য ঠেলে হুন্ট অধোগামী। কি কারণে উত্তর না দেহ রাজা তুমি ॥ কলহ করিতে চাহ বুঝি নরপতি। কে তোমার যুঝিবেক অর্জ্জুন সংহতি॥ এই কর্ণ ছুর্য্যোধন সমৈন্য সংহতি। পাক্ষালেতে ছিল এক লক্ষ নরপতি সবারে করিল জয় পার্থ একেশ্বর। শুনিয়া থাকিবে যে করিল রুকোদর॥ অস্ত্রহীন রক্ষ লৈয়া প্রবেশিয়া রণ। এক লক্ষ নৃপ-দৈশ্য করিল মথন॥ এক্ষণে সহায় হবে সেই রাজগণ। স্ব অস্ত্রে করিবে যুদ্ধ ভাই পঞ্জন॥ সহায় দর্শন্ধ যার মন্ত্রী জগৎপতি। আর যত যতুগণ বৈদে দ্বারাবতী॥ মাতৃল নন্দন বলভদ্র স্থা যার। শশুর জ্রপদ সহ যতেক কুমার॥ বিশেষ তোমার দেখ যত রথিগণ। ভালমতে জান কিবা সবাকার মন॥ আমি জানি দবে হবে পাণ্ডব দহায়। দ্বন্দ ইচ্ছা কর তুমি কার ভরসায়॥ আর বার্ত্তা তুমি নাহি জান নরপতি। রাজ্যের যতেক লোক করয়ে যুক্তি॥

পাণ্ডুপুত্র জীয়ে আছে শুনিয়া গ্রাবণে।
সবাই বাসনা সদা করে মনে মনে॥
সহজে এ শিশুগণ কি জানে বিচার।
মম বাক্য শুন রাজা হিত যে তোমার॥
জতুগৃহে পোড়াইলা লজ্জিত অন্তরে।
সব দোষ গেল পুরোচনের উপরে॥
প্রিয়বাক্যে এন্থানে আনহ পাণ্ডুন্থতে।
ঘুচিবেক লক্জা যশ ঘুষিবে জগতে॥
বিহুরের বচনেতে ধ্রতরাপ্ত্র বলে।
যে বলিলা বিহুর আমার মনে নিলে॥
পাণ্ডবে প্রবাধে হেন নাহি অন্যজন।
আপনি বিহুর তুমি করহ গমন॥
এতেক বলিলা যদি অন্ধ নরপতি।
শুনিয়া সে সভাজন হৈল হন্টমতি॥

বিহুরের পাণ্ডব আনয়নে পাঞ্চালে গুমন : তিলমাত্র বিছুর বিলম্ব না করিল। বহু ধনরত্ন লৈয়া পাঞ্চালে চলিল॥ একে একে স্বাকারে সম্ভাষে বিভ্রন। কুন্তীসহ বসিয়াছে যত অন্তঃপুর॥ দ্রৌপদীরে তুষিল অনেক অলঙ্কারে। নানা রত্নে বিভূষিল পঞ্চ সহোদরে॥ বিছুরে দেখিয়া বড় হরিষ ক্রম্পদ। সূর্য্যের উদয়ে যেন ফুটে কোকনদ ॥ পঞ্চাই দেখিয়া বিছুর মহাশয়। আনন্দে নয়ন-জলে ভাসিল হৃদয়॥ বিত্রর-চরণে প্রণমিল পঞ্জন। কুশল জিজ্ঞাসা কৈল যত বন্ধগণ॥ বিছুর কহিল যত কুশল-সংবাদ। একে একে কহিল সবার আশীর্বাদ॥ বিহ্নরে লইয়া গেল ক্রুপদ রাজন। মিষ্টান্নে পকান্নে তাঁরে করায় ভোজন॥ ভোজনান্তে সর্বলোক বসিল সভাতে। দ্রুপদে বিত্রর তবে লাগিল কহিতে ॥ পাণ্ডবে বরিল রাজা তোমার নন্দিনী। বড় আনন্দিত হৈল ধৃতরাষ্ট্র শুনি॥

তোমা হেন বন্ধু রাজা বড় ভাগ্যে পায়। সে কারণে সম্ভাষিতে পাঠায় আমায়॥ বহু কহিলেন ভীষ্ম গঙ্গার নন্দন। তোমা হেন সম্বন্ধেতে প্রীতি হৈল মন॥ প্রিয়দখা তোমারে করিয়া আলিঙ্গন। পুনঃ পুনঃ বলিলেন নিজে গুরু দ্রোণ ॥ চিরদিন দেখি নাহি পাণ্ডুপুত্রগণ। সবাই উদ্বিগ্ন বড় এই সে কারণ॥ গান্ধারী প্রভৃতি যত কুরুকুলনারী। দেখিবারে উতরোল তোমার কুমারী॥ পাণ্ডবেরা বহুদিন পেয়েছে হুতাশ। চিরদিন নাহি বন্ধুগণের সম্ভাষ॥ আমারে ত এইমত কহে নরপতি। যাইতে পাগুবগণে আপন বদতি॥ দ্রুপদ বলিল ভাগ্য আমার আছিল। কুরু মহাবংশ সহ কুটুম্বিতা হৈল॥ যে বল বিত্বর সেই মম মনোনীত। পাণ্ডবেরে নিজ গৃহে যাইতে উচিত॥ জ্যেষ্ঠতাত ধ্বতরাষ্ট্র জনক সমান। তাঁর সেবা পাণ্ডবের হয়ত বিধান॥ ভয় আছে তথা যদি হেন কর মনে। েতোমা সবা বিরোধিবে কাহার পরাণে॥ তথাপিও নহে আর হস্তিনায় স্থিতি। থাণ্ডবপ্রস্থেতে গিয়া করহ বসতি॥ দ্রুপদের বচন শুনিয়া পঞ্জন। মাতৃদহ বিদায় হৈলেন ততক্ষণ॥ রথে চড়ি গেলেন দ্রৌপদী সমুদিত। হস্তিনানগরে যান বিত্বর সহিত॥ পাণ্ডব হস্তিনা আদে শুনি প্রজাগণ। বাল রুদ্ধ যুবা ধায় দর্শন কারণ॥ . লজ্জা ভয় ত্যজি ধায় কুলের যুবতী। উদ্ধিখাদে চলি যায় নারী গর্ভবতী॥ পাণ্ডবেরে দেখিতে করয়ে হুড়াহুড়ি। যষ্টিভর করিয়া চলিল যত বুড়ী॥ পাঁচ ভাই গেলেন যেখানে জ্যেষ্ঠতাত। একে একে তাঁহারে করয়ে প্রণিপাত॥

কুন্তীসহ অন্তঃপুরে গিয়া যাজ্ঞসেনী। একে একে সম্ভাষেন কৌরবরমণী ॥ তবে ধৃতরাষ্ট্র বলে ভাই পঞ্জনে। হস্তিনা বদতি তব নহে স্থশোভনে॥ খা গুবপ্রস্থেতে যাহ পঞ্চ সহোদর। অর্দ্ধরাজ্য ভোগ কর ইন্দ্রের সোসর ॥ শুনি যুধিষ্ঠির করিলেন অঙ্গীকার। খাগুৰপ্ৰস্থেতে সব কৈল আগুসার॥ পাণ্ডবের আগমন জানি যতুবর। বলভদ্র সঙ্গে যান হস্তিনানগর॥ ধ্রতরাষ্ট্র যা বলিল পাগুবের প্রতি। খাণ্ডবে রহিতে কৃষ্ণ দেন অনুমতি॥ বলভদ্র জনাদিন পঞ্চ সহোদর। শুভক্ষণে করিলেন আরম্ভ নগর॥ প্রাচীর হইল উচ্চ আকাশ সমান। চকুদ্দিকে গড়খাই সমুদ্রপ্রমাণ॥ উচ্চ উচ্চ মন্দির করিল মনোরম। কিবা সে অমরাবতী ভোগবতী সম॥ প্রাচীর উপরে সব অস্ত্র পূর্ণ কৈল। ভক্ষ্য ভোজ্য পদাতিক প্ৰজাগণ থু'ল ॥ কুবের-ভাণ্ডার জিনি পূরাইল ধন। শুক্লবর্ণে সব গৃহ বিচিত্র-শোভন॥ বেদান্ত পাঠকগণ ক্ষজ্ৰ বৈশ্য জাতি। নগরের মধাস্থলে করিল বসতি॥ পাঠক লেখক বৈত্য চিকিৎসক জন। সদ্যোপ বণিক জাতি যত শুদ্রগণ॥ স্থানে স্থানে নগরে রোপিল রক্ষণণ। পিপ্ললী কদম্ব আত্র পন্স কানন॥ জন্মীর পলাশ তাল তমাল বকুল। নাগেশ্বর কেতকী চম্পক রাজফুল॥ পাটলী খদির বেল বদরী কবরী। পারিজাত আমলকী পর্কটী মহিরী॥ কদলী গুবাক নারিকেল ও খর্জ্জুর। নানাবর্ণে বৃক্ষ শোভে যেন হ্মরপুর॥ স্থানে স্থানে খোদাইল দীঘি পুক্ষরিণী। জলচর পক্ষিগণ সদা করে ধ্বনি॥

দিতীয় ইন্দ্রের পুর দেখি হুশোভন ।
ইন্দ্রপ্রস্থ নাম রাখিলেন নারায়ণ ॥
পাগুবেরে স্থাপি তথা হলধর হরি।
বিদায় হইয়া যান দ্বারকানগরী ॥
পাগুবের রাজ্যপ্রাপ্তি শুনে যেইজন।
স্থানভ্রফী স্থান পায় দারিদ্র্য-খণ্ডন ॥
আদিপর্ব্ব ভারত ব্যাদের বিরচিত।
পাঁচালী প্রবন্ধে ভণে কাশীরাম গীত॥

দ্রোপদীর মহিত সময় নিদ্ধারণ । জন্মেজয় বলে মুনি কর অবধান। শুনিবারে ইচ্ছা বড় ইহার বিধান॥ পঞ্চ ভাই এক স্ত্রীতে কেমনে চলিল। বিভেদ নহিল দিন ভক্ষমনে বঞ্চিল ॥ মুনি বলে নরপতি শুন সাবধানে। ইন্দ্রপ্রস্থে গেল যবে ভাই পঞ্চজনে॥ কতদিনে করিল নারদ আগমন। ক্বফা সহ পাণ্ডব পূজিল ঐচরণ॥ করযোড় করি দাণ্ডাইল ছয় জন। বসিবারে মুনি আজ্ঞা দিলেন তথন॥ নারদ বলেন শুন পাণ্ডুর নন্দন। এক পত্নী পতি যে তোমরা পঞ্চন॥ ভাই ভাই বিচ্ছেদ করিয়া থাক পাছে। ন্ত্রী হেতু বিরোধ হয় পূর্ব্বে হেন আছে ॥ স্থন্দ উপস্থন্দ বলি চুই ভাই ছিল। ন্ত্রীর হেন্দু হুই ভাই যুদ্ধ করি মৈল॥ যুধিষ্টির বলিলেন কহ মুনিবর। কি হেতু করিল যুদ্ধ ছুই সহোদর॥ নারদ বলেন পূর্বে কশ্যপ-নন্দন। হিরণ্যকশিপু হিরণ্যাক্ষ তুইজন॥ নিকুম্ভ অহার হিরণ্যাক্ষ কৈত্যবংশে। ন্থন্দ উপহন্দ চুই তাহার ঔর্জন ॥ মহাবল তুই ভাই মহা কলেবর। অস্তরকুলেতে শ্রেষ্ঠ গহাভয়ক্কর ॥ দুই জন মিলি তবে যুক্তি কৈল সার। তপোবলে করিব-ত্রৈলোক্য অধিকার #

'গিয়া হিমালয়তে তপস্থা আরম্ভিন। অনেক বংসর বায়ু আহারে রহিল॥ অনাহারে বহু তপ কৈল তুইজনা। যতেক কঠোর কৈল না হয় গণনা ॥ দোঁহার কঠোর তপ দেখি পিতামহ। ডাকিয়া বলেন মনোমত বর লহ।। তুই ভাই বলে মোরে করহ অমর। ব্রহ্মা বলিলেন তুমি মাগ অত্যবর॥ ত্রই ভাই বলে মোরা অন্য নাহি চাই। তবে তপ ত্যজি যদি এই বর পাই॥ বিধাতা বলেন জন্ম হইলে মরণ। মরণ-বিধান কিছু কর তুইজন॥ দ্বৈতদ্বয় বলিলেক বর দেহ তবে। ত্রই ভায়ে ভেদ হৈলে মরণ হইবে॥ তথান্ত বলিয়া ব্ৰহ্মা হৈলা অন্তৰ্দ্ধান। স্থন্দ উপস্থন্দ গেল আপনার স্থান॥ ত্রৈলোক্য জিনিতে দৈত্য দাজিল অন্তর। নানাবর্ণে অন্ত লৈয়া গেল হুরপুর॥ অমর জানিল ব্রেক্ষা দিয়াছেন বর। ছাড়িয়া অমরাবতী হইল অন্তর ॥ বিনা যুদ্ধে পলাইয়া গেল দেবগণ। ইন্দ্রপুরে ইন্দ্রত্ব করিল তুইজন ॥ যক্ষ রক্ষ গন্ধর্বব জিনিল নাগালয়। সবে পলাইয়া গেল ছুই দৈত্যভয়॥ 🖖 যজ্ঞ হোম ত্রত করে দ্বিজ মুনিগণ। একে একে উচ্ছিন্ন করিল তুইজন॥ দেবকন্যা নাগকন্যা অপ্সরী কিন্নরী। ত্রৈলোক্যে পাইল যত অপূর্ব্ব স্থন্দরী॥ **८म मर्वादंत्र श**तिया ज्यानिन निक घटत्। যখন যাহারে ইচ্ছা তখনি বিহরে॥ ুযে দেবের যে বাহন ভূষা অলঙ্কার। সর্ব্ব রত্নে পূর্ণ কৈল আপন ভাণ্ডার॥ স্থানভ্ৰফ হৈয়া যত দেব ঋষিগণ। ব্রহ্মারে সকলে গিয়া কৈল নিবেদন ॥ ব্রহ্ম। কন রচ এক নারী মনোরম। ি তুলনা না হয় ষেন এ তিন ভুবন ॥

দেইক্ষণে বিশ্বকর্মা মহা বিচক্ষণ। বিধাতার আজ্ঞা পেয়ে করিল স্থজন ॥ ত্রৈলোক্য ভিতরে যত রূপবস্ত ছিল। সর্ব্বরূপ হৈতে রূপ তিল তিল নিল॥ অপূর্ব্ধ হুন্দরী নারী করিয়া রচন। ব্রহ্মার অগ্রেতে লৈয়া দিল ততক্ষণ॥ যে সব দেবতা সেই কন্সা পানে চাহে। যেই অঙ্গে পড়ে দৃষ্টি দেই অঙ্গে রহে॥ ব্রহ্মা বলে নাহি হয় এ রূপের সীমা। তিল তিল আনি কৈল নাম তিলোভমা॥ তবে কর্যোড়ে কন্যা ধাতা অগ্রে কয়। কি করিব আজ্ঞা মোরে কর মহাশয়॥ বিধাত। বলেন স্থন্দ উপস্থন্দ শূর। তপোবলে ছুই দৈত্য লৈল তিন পুর॥ ভেদ হৈলে তই ভাই হইবে সংহার। উপায় করিয়া ভেদ করাও দোঁহার॥ পাইয়া ব্রহ্মার আজ্ঞা চলিল স্থন্দরী। দেবের মণ্ডলী কন্যা প্রদক্ষিণ করি ॥ কন্যা দেখি মোহিত হইল ত্রিলোচন। চারিভিতে চারি গোটা হইল বদন॥ যেই দিকে চায় মুখ সেই দিকে রয়। পূৰ্বব সহ পঞ্চমুথ হৈল মৃত্যুঞ্জয়॥ মদনে পীড়িত হৈয়া চাহে পুরন্দর। দশ শত চক্ষু তাঁর হৈল কলেবর॥ আর যত দেবগণ একদুষ্টে চায়। অধৈষ্য হইল সবে দেখিয়া কন্সায়॥ তবে তিমোত্তমা গেল যথা তুই জন। ক্রীড়া করে তুই ভাই লইয়া স্ত্রীগণ॥ কোটি কোটি দৈত্যগণ সহ পরিবার। অশ্ব গজ রথ দৈন্য পূর্ণিত ভাণ্ডার **॥** लक्क लक्क विद्याधन्नी ल'रत हूरेकरन। বিষ্কাগিরি মধ্যে ক্রীড়া করে হুন্টমনে॥ রক্তবন্ত্র পরি তিলোভমা বিভাধরী। নানা পুষ্প তুলে দেই পর্বত উপরি॥ ধীরে ধীরে তথা দৈত্য করিল গমন। দুরে থাকি কত্যারে দেখিল ছুইজন ॥

অলি মত্ত, করে মত্ত, মত্ত মধুপানে। শীগ্রগতি কন্যা দেখি উঠে গ্রইজনে॥ ্রেচ ফুন্দ ধরিল কন্সার সব্যকর। বামহস্ত ধরিল কনিষ্ঠ সহোদর॥ পুরুম আনন্দ স্থন্দ কত্যারে দেখিয়া। হাত ছাড় ভাই প্রতি বলিল ডাকিয়া॥ মম ভার্য্যা ভোমার গুরুর মধ্যে গণি। ইহারে ধরহ তুমি কিমত কাহিনী॥ উপস্থন্দ বলে এই আমার রমণী। ভ্রাতৃবধূ হয় এই ছাড়ি দেহ তুমি॥ স্থন্দ বলে অগ্রে দেখিলাম এ কন্সারে। উপস্থন্দ বলে কন্সা ব'রেছে আমারে॥ ছাড় ছাড় বলি দোঁহে করে গালাগালি। ক্রন্ধ হৈয়া তুই ভাই দোঁহারে নেহালি !! মধুপানে কামবাণে হইল অজ্ঞান। ক্রোধে তুইজন হৈল অগ্নির সমান॥ ভয়ঙ্কর তুই গদা ধরি ততক্ষণ। দোঁহাকারে প্রহার করিল তুইজন ॥ যুগল পর্ববত প্রায় পড়ে তুই বীর। খদিয়া পড়িল যেন যুগল মিহির ॥ আর যত দৈত্যগণ এ সব দেখিয়া। কালরূপা কন্যা জানি যায় পলাইয়া॥ দেবগণ সহ ব্রহ্মা আসিয়া তথন। কন্যারে দিলেন বর করিয়া বর্ণন ॥ দূর্য্যের কিরণে তুমি থাক নিরন্তর। কেহ নাহি দেখে যেন তব কলেবর ॥ তপ যজ্ঞ ভঙ্গ হবে তোমার কারণে। ধর্ম নফ্ট হবে লোক তোমা দরশনে॥ সেই হেতু সূর্য্য-অংশু মধ্যে তুমি রহ। এত বলি অন্তরে গেলেন পিতামহ॥ এই মত প্রীত তারা ছিল তুইজন। হেন গতি হৈল পরে বুঝহ কারণ॥ মহাবংশে জন্মিলে তোমরা পঞ্জন। ভেদ নাহি হয় যেন ভার্য্যার কারণ॥ এত শুনি পঞ্চ ভাই নারদ-গোচরে। সমান নির্বান্ধ তরে বলে যোড়করে ॥

বৎসরেক কৃষ্ণা থাকিবেক এক গৃহে।
অন্তজন সেইকালে অধিকারী নহে॥
কৃষ্ণাসহ দেখে যদি ভাই অন্যজনে।
দাদশ বৎসর তবে যাইবে অরণ্যে॥
এ নির্ববন্ধ করিলেন ব্রক্ষার নন্দন।
হেনমতে কৃষ্ণাসহ রহে পঞ্জন॥

व्यङ्क्रास्त्रत निग्रम ज्यन वर्ग वर्ग वर्ग তবে কতদিনে সেই রাজ্যের ভিতরে। ব্রাহ্মণের গাভী হরি লৈয়া যায় ঢোরে॥ কাতরে ব্রাহ্মণ কহে অর্জ্জুনের পাশ। থাকিয়া তোমার রাজ্যে হৈল দর্বনাশ 🛭 গালি দেয় ব্রাহ্মণ যতেক আদে মনে। জিজ্ঞাদেন অর্জ্জুন সঙ্কোচে দে কারণে **॥** কি হেতু কান্দহ দ্বিজ কহ বিবরণ। দ্বিজ বলে অস্ত্র লৈয়া চল এইক্ষণ ॥ হরিয়া আমার গাভী যায় দুষ্টগণ। শীঘ্রগতি চল তারা গেল এতফণ॥ দ্বিজের বচন শুনি ধনপ্রয় বীর। আস্তে আস্তে চলিলেন আয়ুধ-মন্দির॥ দৈৰযোগে অন্ত্ৰগৃহে কৃষ্ণা-যুধিষ্ঠির। দূরে থাকি জানি পার্থ হৈলেন বাহির॥ দ্বিজ বলে অস্ত্র লৈয়া শীঘ্রগতি চল। উক্তৈঃশ্বরে কান্দে দ্বিজ পড়ে চক্ষুজল॥ এত শুনি অর্জ্জ্ব গেলেন অস্ত্রঘরে। হত্তে ধনু লৈয়া বীর চলেন সম্বরে॥ দ্বিজ্ঞসহ গেলেন যথায় চোরগণ। চোর মারি আনি দেন বিপ্রের গোধন 🛚 দ্বিজে প্রবোধিয়া আসি কহেন ফাল্গুনী। 😎ন নিবেদন মম ধর্ম্ম নৃপমণি॥ অতিক্রম করিলাম লঙ্গিয়া সময়। বনবাদে যাব আজ্ঞা কর মহাশয়॥ রাজা কন্ কেন হেন কছ ধনঞ্জয়। পূর্বেব নারদের অত্যে কৈলা যে সময় 🛭 কনিষ্ঠ ভায়ের সঙ্গে কুষ্ণা যদি থাকে। জ্যেষ্ঠ ভাই বনে যাবে তাহা যদি দেখে 🛭

তুমি মম কনিষ্ঠ ইহাঁতে দোষ নাই। কেন হেন অপ্রিয় বচন বল ভাই॥ পার্থ বলিলেন স্নেছে বল মহাশয়। কপট এ কর্মে প্রভু মম মত নয়॥ এত বলি পার্থ করিলেন নমস্কার। মাতৃ ভাতৃ স্থা ছিল যত যত আর॥ সবারে বিদায় মাগি গেলেন কানন। সব বন্ধাগণ হৈল বিরস-বদন ॥ অর্জ্জনের সহিত চলিল দ্বিজগণ। পৌরাণিক কথকাদি গায়ক চারণ।। কতদিনে হরিদারে করিল গমন। দেখিয়া হইল হুফ্ট পাণ্ডুর নন্দন॥ স্নান করি অগ্নিহোত্র করে দ্বিজগণ। গঙ্গায় প্রবেশি পার্থ করেন তর্পণ॥ তর্পণ করিতে দেখে অগ্নিহোত্র স্নানে। জল হৈতে নাগকন্যা ধরিল অর্জ্জুনে॥ বলে ধরি লৈয়া গেল আপন মন্দির। উত্তম আলয় তথা দেখে পার্থবীর॥ অগ্নিহোত্র জলে তথা দেখি ধনঞ্জয়। সেই অগ্নি পূজিলেন কুন্তীর তনয়॥ নিঃশঙ্কহদয় পার্থ নাহি কোন ভয়। কন্যারে বলেন এই কাহার আলয়॥ কি নাম ধরহ তুমি কাহার কুমারী। কি কারণে আমারে আনিলা এই পুরী ॥ কন্যা বলে ঐরাবত নাগরাজবংশে। কৌরব নামেতে নাগ এই পুরে বৈদে॥ তার কন্যা আমি যে উলুপী মম নাম। তোমারে হেরিয়া মম বাড়িলেক কাম॥ আনিলাম তোমারে যে এই সে কারণ। তোমারে ভজিব, মোর তৃঞ্জি কর মন॥ পার্থ বলিলেন কন্যা না জান কারণ। ব্রহ্মচারী আমি, ভ্রমি সতত কানন॥ দ্বাদশ বৎসর আমি করেছি নিয়ম। কিমতে লঙ্ফিব তাহা নাহি কোন ক্রম॥ কন্যা বলে সব তত্ত্ব আমি ভাল জানি। ক্ষুণা হেতু নিয়ম যে করিলা আপনি॥

অন্য স্ত্রীতে নাহি দোষ শুন মহাশয়। তাহে আর্ত্তা আমি, কর ধর্মের সঞ্চয়॥ ऋपरा विठाति পार्थ कन्यात वठन। স্বধর্ম বুঝিয়া তারে করেন রমণ॥ এক নিশা বঞ্চি তথা পার্থ মহাবীর। প্রাতঃকালে গঙ্গা হৈতে হৈলেন বাহির॥ বিস্মিত হইয়া দ্বিজগণ জিজ্ঞাসিল। প্রত্যক্ষে বৃত্তান্ত পার্থ সকল কহিল ॥ পুথিবী দক্ষিণাবর্ত্ত করি হেন গণি। পূর্বেব সিন্ধতীরে বীর গেলেন আপনি॥ সমুদ্রের তীরেতে মহেন্দ্র গিরিবর। মণিপুর নামে এক আছয়ে নগর॥ চিত্রভান্থ নামে রাজা রাজ্য-অধিকারী। চিত্রাঙ্গদা নাম ধরে তাহার কুমারী॥ দেবের বাঞ্চিত কন্সা রূপে মন হরে। নগরে বিহরে কন্সা দেখিল তাহারে॥ কন্যা দেখি মোহিত হইল ধনঞ্জয়। শীঘ্রগতি গেলেন সে কন্সার আলয়॥ পার্থ বলিলেন রাজা কর অবধান। তোমার কুমারীকে আমারে দেহ দান॥ রাজা বলে কে তুমি কোথায় তব ঘর। কোনু বংশে জন্ম তব কাহার কুমার। অর্জ্জুন বলেন আমি পাণ্ডুর তনয়। কুন্তীগর্ভে জন্ম মম নাম ধনঞ্জয় ॥ এত শুনি শীঘগতি উঠিয়া রাজন্। আলিঙ্গন করি দিল বসিতে আসন॥ রাজা বলে এতদূর এলে কি কারণ । বিশেষিয়া কহিলেন সমস্ত অৰ্জ্জুন॥ রাজা বলে মম ভাগ্যে আইলা এথায়। মম বিবরণ কহি শুন যে তোমায়॥ প্রভঞ্জন নামে দ্বিজ মম পুর্বববংশে। পুত্র বাঞ্ছা করি রাজা সেবিল মহেশে॥ প্রসন্ন হইয়া বর দিলেন ঈশ্বর। ত্ব বংশে হবে রাজা একই কুমার॥ কুলক্রমে এক ভিন্ন দ্বিতীয় নহিবে। যে পুক্র হইবে সেই রাজ্যে রাজা হবে ॥

পূর্বেতে এমন বর দিলেন ধূর্জ্জটি। পুত্ৰ না হইল মম হইল কন্যাটি॥ পুত্রবং করি কন্সা করি যে পালন। মম রাজ্যে রাজা হৈতে নাহি আর জন॥ সেই হেতু করিলাম মনে এ বিচার। এই কন্সা দিয়া তারে দিব রাজ্যভার॥ কুরুবংশে শ্রেষ্ঠ তুমি না শোভে এ কথা। ェএই বাক্য সত্য কর তবে দিব হুতা॥ ইহার গর্ভেতে যেই জ্যেষ্ঠপুত্র হবে। সেই দে আমার রাজ্যে রাজত্ব করিবে॥ সত্য করিলেন পার্থ, রাজা কন্সা দিল। একবর্ষ তথাকারে রহিতে হইল॥ পরে পার্থ চলিলেন দক্ষিণ দাগর। স্নান দান সর্বত্ত করেন বীরবর॥ এক স্থানে তথায় দেখেন ধনঞ্জয়। পঞ্জীর্থ বলি তারে মুনিগণে কয়॥ অশ্বমেধ ফল স্নানে হয়ত বিশেষে। অন্ধ হৈয় পড়িয়াছে কেহ না পরশে॥ বিস্মিত হইয়া পার্থ জিজ্ঞাদেন লোকে। হেন তীর্থ লোকে না পরশে কোন পাকে॥ মুনিগণ বলে এই পুণ্যতীর্থ গণি। কুস্তীরের ভয়ে কেহ না পরশে পানি॥ শুনিয়া গেলেন স্লানে কুন্তীর নন্দন। নিষেধিল তাঁহারে যাইতে সর্ব্বজন ॥ শৌভদ্র নামেতে তীর্থ পশি ধনঞ্জয়। স্নান করিলেন বীর নিঃশঙ্ক-ছদয়॥ শব্দ শুনি কুম্ভীরিণী আইল নিকটে। অর্জ্জুনের পায়ে ধরে দশন বিকটে ॥ বলে ধরি কূলে তারে তুলেন অর্জ্জুন। গ্রাহরূপ ত্যজি কন্সা হইল তথন॥ ^{অদুত} মানিয়া **জিজ্ঞাদেন পা**র্থবীর। কে তুমি কি হেতু হৈল কুম্ভীর শরীর॥ ক্ত্যা বলে আমি বর্গা নামেতে অপ্সরী। কুবেরের ইন্টা পঞ্চ আমরা কুমারী॥ স্থবেশা হইয়া যাই যথা ধনেশ্বর। পথে দেখি তপ করে এক বিজ্ঞবর ॥

চব্দ্ৰসূৰ্য্য সম তেজ মহাতপোধন। অহস্কারে তাঁরে করিলাম বিড়ম্বন 🛭 তপোভঙ্গ করিবারে গেন্<u>র</u> তার পাশ। নৃত্যগীতবান্ত সহ হাস্ত পরিহাস॥ কদাচিত বিচলিত নহিল ব্ৰাহ্মণ। ক্রোধে শাপ মো সবারে দিল ততক্ষণ। **অনেক বংসর থাক গ্রাহরূপ** ধরি। করিলাম বহু স্তুতি করযোড় করি॥ ব্রাক্ষণের শীলতা-সর্ব্বশাস্ত্রে জানি। দয়ায় শাপান্ত মাজ্ঞ। কর মহামুনি ॥ মুনি বলে গ্রাহরূপে তীর্থের ভিতর। থাক, মুক্ত হবে, যবে ছোঁবে গিয়া নর॥ ব্রাহ্মণের বচন শুনিয়া পঞ্জন। বাহুড়িয়া যাই ঘর হুইয়া বিমন॥ আচন্ধিতে দেখিকু নারদ তপোধন। জানাইন্ম তাঁহারে যতেক বিবরণ॥ নারদ বলেন নাহি হইও বিমন। পঞ্চতীর্থে গ্রাহরূপে থাক পঞ্চজন॥ তীর্থ যাত্রা হেতু যে আদিবে ধনঞ্জয়। তাহার পরশে মুক্ত হইবে নিশ্চয়॥ সত্য হৈল যা বলিল ব্রাহ্মণ-কুমার। তোমার পরশে মুক্তি হইল আমার॥ চারি তীর্থে চারি সথী আছে যে আমার। ক্নপা করি তাহাদের কর্মহ উন্ধার॥ বিনয় শুনিয়া তার হ'য়ে দয়াবান্। চারি-তীর্থে চারি-জনে করিলেন ত্রাণ॥ মুক্ত হৈয়া নিজ স্থানে গেল পঞ্চজন 🖟 निक्रणेरक छीर्थ कति शालन वर्ध्यून॥ পুনঃ বীর মণিপুরে করেন গমন। চিত্রাঙ্গদা দহ পুনঃ হটল মিলন ॥ চিত্রাঙ্গদা-গর্ভে জন্মাইলেন নন্দন। নাম রাখিলেন তার ঐীবক্রবাহন॥ কত দিন বঞ্চি পুত্র স্থাপিয়া রাজ্যেতে। পুনঃ তীর্থ করিতে গেলেন তথা হৈতে॥ গোকর্ণাদি তীর্থে স্নান করি ক্রমে ক্রমে। প্ৰভাগ তীৰ্থেতে যান পৃথিবা পশ্চিমে ॥

িমহাভরত।

প্রভাসে আগত পার্থ কুস্তীর কুমার। দ্বারকায় গোবিন্দ শুনিল সমাচার॥ অতি শীব্র করিলেন তথায় গমন। প্রভাসে অর্জ্জ্বন সহ হইল মিলন ॥ আলিঙ্গন করিয়া উভয়ে পরস্পার। উভয়ের হই**ল** উত্তর প্রস্থাতর ॥ অৰ্চ্ছনে লইয়া পরে দৈবকী নন্দন। রৈবতক নামে গিরি করেন গমন॥ গোবিন্দের আজ্ঞায় তথায় যতুগণ। রৈবত পর্ববতে পূর্বেব করেছে গমন॥ কু**ষ্ণ ধনপ্র**য় আরোহণ করে রথে। দোঁহে একমূর্ত্তি কেহ না পারে চিনিতে । দোঁহে নীল ঘনশ্যাম অরুণ অধর। কিরীট কুণ্ডল হার শোভে পীতাম্বর॥ (कर वरन कृष्क भार्थ, भार्थ वरन रुति। . দোঁহামূর্ত্তি দেখিয়া বিশ্মিত নর-নারী॥ তবে ধনপ্পয় বীর রথ হৈতে উলি। লই**লেন** শ্রীবস্থদেবের পুদ্ধূলি॥ আলিঙ্গন শিরে চুম্ব বস্তুদেব দিয়া। যতেক বৃত্তান্ত জিজ্ঞাসিলেন বসিয়া॥ কহিলেন অৰ্জ্জুন আপন বিবরণ। নারদ নিয়ম হেতু ভ্রমি তীর্থগণ॥ বহুদেব বলেন থাকহ এ আলয়। দ্বাদশ বৎসর যত দিনে পূর্ণ হয়॥ উগ্রদেন বলভদ্র সাত্যক সাত্যকি। একে একে সম্ভাষেন পরম কৌতুকী॥ লইয়া চলিল সবে রৈবতক গিরি। সম্ভাষিতে আইল যতেক যতুনারী॥ মাতৃলানীগণে পার্থ প্রণাম করিয়া। যথাযোগ্য সম্ভাষ করেন নম্র হৈয়া॥ হেনকালে হুভদ্রা যে বহুদেবহুতা। প্রথম যুবতী দর্ববন্ধপগুণযুতা ॥ বিচিত্র কবরীভার স্থটাচর চুল। মেঘেতে সঞ্চারে যেন কুরুবক ফুল॥ তার গন্ধে মকরন্দ ত্যজি অলিকুলে। চতুর্দিকে বকারিয়া অমুক্ষণ বুলে 🏾

তুই গণ্ড মণ্ডিত কুণ্ডল শ্রুতিমূলে। চন্দ্ৰজ্যোতি গজমতি শোভে নাসাহুলে॥ বদন নিন্দিত চাঁদ নাসা তিলফুলে। কটাক্ষ চাহনিতে মুনির মন ভুলে॥ কুচযুগ সম পূগ ঢাকিয়া তুকূল। মধ্যদেশ মূগঈশ নহে সমতুল॥ জঘন সরস ঘন নর্ত্তন অভুলে। হেরি মুগ্ধ হয় কাম চরণ-অঙ্গুলে॥ নিতম্ব কুঞ্জর-কুম্ভ জিনিয়া বিপুল। জাতী যুথি হার পরে মালতী ৰকুল॥ দেখি তবে পার্থ জিজ্ঞাদেন গোবিন্দেরে। কেবা এ স্থন্দরী হয় সবাকার পরে॥ এ কন্যা অবিবাহিতা অনুমান করি। শুনিয়া পার্থের বাক্য কহেন শ্রীহরি॥ বস্থদেবস্থতা হয় আমার ভগিনী। সারণের সহোদরা হুভদ্রা নামিনী॥ বিবাহ না হয়, নাহি মিলে যোগ্যবর। শুনিয়া লঙ্জিত অতি পার্থ ধ্যুর্দ্ধর ॥ অর্জ্জনের মুখ দেখি স্নভদ্রা মূর্চিছত। অজ্ঞান হইয়া ভূমে পড়ে আচন্বিভ ॥ সত্যভামা বলে না আইসে ভদ্রা কেনে। সবে বলে একক বসিয়া কি কারণে ॥ স্থভদ্রা বলিল সখি ধরি মোরে লহ। কণ্টক ফুটিল পায় বাহির করহ॥ শুনি সত্যভামা ধরি তুলিলেক হাতে। নাহিক কণ্টকাঘাত দেখেন পদেতে॥ সত্যভাষা বলেন কি হেতু ভ'াড়াইলা। নাহিক কণ্টকাঘাত কেন বা পড়িলা।। নিভূতে স্বভদ্রা কহে কি কহিব সথি। যে কণ্টক ফুটিল কোথায় পাবে দেখি॥ অর্জ্জনের নয়ন চাহনি তীক্ষশর। আজি অঙ্গ আমার করিল জুর জুর ॥ দেখ মম অঙ্গতাপ ঘন কম্পমান। ছটফট করে ততু বাহিরায় প্রাণ॥ ছাড় সত্যভামা আমি না পারি যাইতে। **এ** विन वर्ष्युत्तरत्र मांशिन (पशिष्ठ ॥

সূত্যভামা বলে ভদ্রা খাইলি কি লাজ। করিলি কলঙ্ক নিজলঙ্ক কুলমাঝ॥ পিতা বহুদেব, ভাই রাম নারায়ণ। তিনলোক মধ্যে য়াঁরে পূজে সর্বজন॥ ইহা সবাকার লজ্জা করিতে চাহিস্। দেখিয়া পুরুষে প্রাণ ধরিতে নারিস্॥ ভারতীর এতেক নিষ্ঠুর বাণী শুনি। সকরুণ কহে ভদ্রা চক্ষে বহে পানী॥ ধিক্ ধিক্ ব্যর্থ জন্ম নারীর ভূতলে। পরবশ দহে তকু বিরহ-অনলে॥ সত্যভাষা বলে কি নিন্দিস কামিনী। নারীরূপা দেখি ক্ষিতি সংসারধারিণী॥ ন্ত্রী হৈতে হইল পূর্ব্বে-জীবের স্ক্রন। শক্তিরূপে রক্ষা করে সবার জীবন॥ স্ত্রীর নাম প্র**থমেতে মঙ্গলকার**ণ। লক্ষী অগ্রে বসয়ে পশ্চাতে নারায়ণ॥ শঙ্কর ছাড়িয়া অগ্রে ভবানীর নাম। রামদীতা নাহি বলে বলে দীতারাম ॥ গৃহিণী থাকিলে লোক বলে তারে গৃহী। সংসারে দেখহ নারী বিনা কেহ নাহি॥ স্ত্রী হইতে হয় ভদ্রা সবার উৎপত্তি। ন্ত্রী বিনা করিতে বংশ কাহার শকতি॥ ভদ্রা কহে যত কহ নাহি করি জ্ঞান। এখনি ত্যজিব প্রাণ তোমা বিগ্রমান॥ কৌরববংশীয় যে পাগুর বলবান। বিনা ধনপ্তয় আমি নাহি দেখি আন॥ ্মাজি যদি ধনপ্রয়ে আমারে না দিবে। নিশ্চয় আমার বধ তোমারে লাগিবে॥

মর্জুনের সহিত স্বভদ্রার বিবাহ কারণ সভ্যভাষার সহিত স্বর্জুনের কথা। তবে নিশাকালে সত্রাজিতের নিশ্দনী। একান্তে কহেন কান্তে ভদ্রার কাহিনী॥ গোবিন্দ বলেন আমি ভাবিতেছি মনে। মাসিয়াছে স্বর্জুন এখানে বহু দিনে॥

করাইব বিবাহ দোঁহার যে প্রকারে। আজি নিশা তুমি বোধ করাহ ভদ্রারে॥ সত্যভামা বলে নহে বিলম্বের কং আজি নিশা পার্থ বিনা মরিবে সর্ব্বথা॥ গোবিন্দ বলেন যে আমার সাধ্য নয়। কর গিয়া যেমতে সঙ্কট নাহি হয়॥ কুষ্ণের আদেশে চলিলেন সত্যভামা। স্বভদ্রা লইয়া যথা পার্থ মহাধামা ॥ তুয়ার করিয়া বন্ধ কনক কপাটে। শুইয়া আছেন পার্থ রত্তময় খাটে॥ অৰ্জ্জুন অৰ্জ্জুন বলি ডাকেন শ্ৰীমতী। কে তুমি বলিয়া জিজ্ঞাদেন মহামতি॥ সত্যভামা বলিলেন সত্রাজিত-স্থতা। ঘুচাও কপাট কিছু আছে গুপ্তকথা॥ অর্জ্জুন বলেন হৈল অর্দ্ধেক রজনী। এত রাত্রে আইলেন কি হেতু আপনি। যদি কার্য্য ছিল পাঠাইতে দূতগণ। আজ্ঞামাত্রে করিতাম তথায় গমন॥ ইহা না করিয়া তুমি আইলা আপনি। যে আজা করিব। কালি করিব তখনি॥ সত্যভাম। বলেন যে দূতকৰ্ম নয়। দে কারণে আইলাম তোমার আলয়॥ তোমার কফ্টের কথা শুনিয়া ভাবণে। না হইল নিদ্রা মম মহাতাপ মনে॥ এক ভার্য্যা পঞ্চভাই কি হুখে নিবাস। সেই হেতু ছাদশ বৎসর বনবাস॥ সেই হেতু আইলাম হৃদয়ে বিচারি। আমি দিব এক আর পরমা ফ্রন্সরী ॥ অর্জ্জুন বলেন এত স্নেহ কর মোরে। পালিব সকল আজ্ঞা গ্যোলিক গোচরে॥ সত্যভামা বলিলেন বিলম্বে কি কাজ। গান্ধর্ব-বিবাহ কর রজনীর মাঝ ॥ পার্থ বলিলেন কহ এ অদুত কথা। কেবা এ হস্পরী হয় কাহার তুহিতা॥ না জানিয়া না শুনিয়া তদন্ত তাহার। কিরতে বিবাহ বল কি মত বিদ্রার ॥

সত্যভামা বলিলেন ঘুচাও হুয়ার। আনিয়াছি কন্সা দেখ চক্ষে আপনার ॥ যতুকুলে জন্ম কন্সা প্রথমযৌবনী। বিচ্যাৎবরণী রূপে ত্রৈলোক্যমোহিনী ॥ অর্জ্জন বলেন একি আমার শকতি। বলভদ্ৰ জনাৰ্দ্দন যত্নকুলপতি॥ **তাঁদের বিনা**জ্ঞাতে লব আমি যাদবী। লক্তা মম করাইতে চাহ মহাদেবি॥ দেবী বলিলেন ইহা করিয়া কেমনে। মন বাঁন্ধিয়াছে কৃষ্ণা ঔষ্ধের গুণে ॥ পাঞ্চালের কন্সা জানে মহৌষধি গাছ। তিল আধ পঞ্চমামী নাহি ছাড়ে পাছ॥ লোভেতে নারদবাক্য করিয়া হেলন। ষাদশ বৎসর ভ্রমিতেছে বনে বন॥ ইহাতে তোমার লঙ্জা কিছু নাহি হয়। কিমতে করিবা হেন দ্রৌপদীর ভয়॥ পार्थ विलालन (पिर्व निन्पंट (फ्रोभिपी। ত্রিজগৎমধ্যে খ্যাত তব মহৌষধি॥ ষোল সহত্র যে আছ অফ পাটরাণী। সবা হৈতে কোন্ গুণে তুমি সোহাগিনী॥ অপুত্রা কি রূপহীন হীনকুলে জাত। ্ব রুক্মিণী প্রভৃতি করি পাটরাণী দাত ॥ **ঔষধে**র গুণে হরি তোমারে ভরান। তোমার দাক্ষাতে চক্ষে অন্যে নাহি চান। দিব্য রত্ন বসন ভূষণ অলঙ্কার। যেখানে যা পান কৃষ্ণ সকলি ভোমার॥ অন্য জনে দিলে তুমি পরাণ না ধুর। কহ মহাদেবি ইহা কোনু গুণে কর ॥ রুক্মিণীরে দেন কৃষ্ণ এক পারিজাত। তাহাতে করিলে যত জগতে বিখ্যাত॥ জন্মেজয় বলিলেন মুনিরে তখন। কহ মুনিবর পারিজাতের কথন॥ কি হেতু হইল হন্দ রুক্মিণী সহিত। শুনিবারে ইচ্ছা হয় ইহার রচিত 🛚

পারিজাত-হরণ বিবরণ।

এককালে নারায়ণ বিহার কারণ। রৈবতক পর্বতেতে করেন গমন॥ হেনকালে নারদ তথায় উপনীত। বাজাইয়া বীণা গান কৃষ্ণগুণ গীত॥ পারিজাত পুষ্প ছিল বীণায় বন্ধন। গোবিন্দের হস্তেতে দিলেন তপোধন॥ পরম স্থন্দর পুষ্প দেবের তুর্লু ভ। যোজন পর্য্যন্ত যায় যাহার দৌরভ। দেখিয়া আনন্দযুক্ত হৈয়া হৃষীকেশ। পুষ্প দিয়া রুক্মিণীরে করেন স্থবেশ ॥ এতেক রুক্মিণীদেবি ত্রৈলোক্যমোহিনী। পারিজাত স্থবেশে শোভিল দবা জিনি ॥ নারদ ক্ষণেক করি কথোপকথন। বিদায় হইয়া চলিলেন তপোধন ॥ কলহে আনন্দ বড় ব্রহ্মার নন্দন। পথে মুনি যাইতে চিন্তেন মনে মন॥ সভ্যভামা-অগ্রে কহি পারিজাত কথা। শুনিয়া কি বলে দেখি সত্ৰাজিত-স্থতা॥ এত চিন্তি গিয়া মুনি দ্বারকাভবন। সত্যভামা-গৃহে উপনীত সেইক্ষণ ॥ মুনি দেখি সত্যভামা করিয়া বন্দন। পাগ্য অর্ঘ্য অর্পিলেন বসিতে আদন॥ কোথায় আছিলা বলি জিজ্ঞাদেন সতী। কহেন করুণ বাক্য মুনি মহামতি॥ আজি গিয়াছিলাম যে ইন্দ্রের নগর। পুষ্প দিয়া আমারে পূজিল পুরন্দর॥ नरतत व्यमृष्ठे श्रूष्म (मरतत द्रव्ल छ। দিল ইন্দ্র মোরে বহু করিয়া গৌরব॥ পুষ্প দেখি আমি চিন্তিলাম এ হৃদয়। বিনা ইন্দ্র উপেন্দ্র অন্যের যোগ্য নয়॥ সে কারণে পুষ্প আমি দিলাম কুষ্ণেরে। পুষ্প দেখি গোবিন্দের আনন্দ অন্তরে॥ সেই ক্ষণে রক্মিণীরে আনি জগন্নাথ। স্বহন্তে ভূষিত করিলেন পারিজাত॥

দ পুল্পে ভূষিত হ'য়ে ভীষ্মক-তুহিতা.। ত্রলোক্যের নারী জিনি হইল শোভিতা॥ াবা হৈতে প্রেয়দী তোমারে আমি জানি। 4.4 जानिलाम कृष्ण (श्रियमी क्रिका। ্রনির এতেক বাক্য শুনিয়া স্থন্দরী। টত্রের পুতলী প্রায় রহে ধ্যান করি॥ ট্র ড়িয়া ফেলিলা কণ্ঠে ছিল যেই হার। _{যুচাইয়া} ফেলেন অঙ্গের অলঙ্কার॥ ছি ড়িল পুঞ্পের মালা খুলিল কুম্ভল। হাহাকার করিয়া পড়েন ভূমিতল ॥ প্রভার দেখিয়া কফ্ট মনে মনে হাসি। রৈবতক পর্ববতেতে বেগে যান ঋষি॥ রুক্মিণীর গৃহে কৃষ্ণ করেন ভোজন। ূহনকালে উপনীত তথা তপোধন॥ ্গাবিন্দ কছেন মুনি কছ সমাচায়। পুনঃ হেথা আগমন কি হেতু তোমার॥ মুনি বলে শুন প্রভু গ্রীমধুসূদন। ন্তারকানগরে গিয়াছিলাম এখন॥ দতভোমা জিজ্ঞাদিল তোমার বারতা ৷ প্রদঙ্গে প্রদঙ্গে হৈল পারিজাত কথা ॥ এমন করিবে বলি জানিব কেমনে। রুক্মিণীরে দিলা পুল্প শুনিয়া ভাবণে।। সেইক্ষণে মুক্ত্রাপন্ন পুড়িল ধরণী। হাহাকার করিয়া কান্দয়ে উচ্চধ্বনি॥ 'ছ ড়িয়া ফেলিল যত বসন স্থূষণ। কপালে প্রহার করে হস্ত ঘনে ঘন॥ সব সথিগণ মেলি করয়ে প্রবোধ। নাহি শুনে কানে দ্বিগুণ যে বাড়ে ক্রোধ॥ প্ৰাণ যাক প্ৰাণ যাক এইমাত্ৰ ডাকে। দেখিয়া কহিতে আইলাম যে তোমাকে॥ শুনিশ গোবিন্দ চিত্তে হইল বিশ্বয়। কি হবে কি হবে বলি চিন্তেন হদয়॥ পারিজাত পুষ্প হেতু অনর্থ ভাবিয়া। রুক্মিণীর ঐক্বয় কছেন প্রবোধিয়া॥ কি করিব বৈদর্ভী আপনি কর ক্ষমা। তুমি জান যেমন চরিত্র সভ্যভামা 🛚

ক্রোধেতে আপন প্রাণ ছাড়িবারে পারে। তোমার প্রদাদ হৈল দেহ পুষ্প তারে॥ 😎নিয়া রুক্মিণী হইলেন বড় তুঃখী। গোবিন্দেরে কহেন হইয়া অধোসুখী॥ দিয়া পুষ্পরাজ পুনঃ লইবা মুরারী। সহজে তুর্ভাগ। আমি কি করিতে পারি॥ মোরে পুষ্প দিলা বলি পুড়িছে অন্তরে। মরুক পুড়িয়া, পুপ্প কেন দিব তারে॥ রুক্মিণীর বাক্য শুনি চিন্তেন শ্রীহরি। নারদেরে জিজ্ঞাসেন বৃত্তান্ত বিবরি॥ কোথায় পাইলা পুষ্প কহ মুনিবর। নারদ কহেন আছে স্বর্গে তরুবর॥ ইন্দ্রে রক্ষকগণ করয়ে রক্ষণ। তাহাতে নন্দন বন করয়ে শোভন॥ মাগিয়া পাঠাও পুষ্প সহস্রলোচনে। তব নাম শুনিলে দিবেক সেইক্ষণে॥ গোবিন্দ বলেন মুনি যাও তুমি তথা। মোর নাম লৈয়া ইন্দ্রে কহ এই কথা।। ক্ষীরোদ-মথনে পুষ্প হৈয়াছে উৎপত্তি। একা কেন ভোগ তুমি কর শচীপতি। দেহ পারিজাত যে আমার ভাগ আছে। না দিলে সহজে পুপ্প কত্ত পাবে পাছে॥ সম্প্রীতে প্রথমে মাগিবেন তপোধন। না দিলে এ সব পরে কহিবা তখন॥ এত বলি নারদে পাঠান নারায়ণ। দ্বারাবতী যান সত্যভামার কারণ॥ মহাভারতের কথা অমৃত লহরী। কাশী দাস কছে সাধু পিয়ে কর্ণ ভরি॥

> সভ্যভাষার মান ভঙ্গন। নি আচে সভ্যভাতা ভয়ি

পড়ি আছে সত্যভাবা ভূমির উপর।
মুক্তকেশী গড়াগড়ি ধূলায় ধূদর ।
বসন ভূষণ ভিজে নয়নের জলে।
শশিকলা যেমন পতিতা ভূমিতলে॥
চতুর্দ্দিকে ব্যক্তনী ধরিয়া স্থিগণ।
স্থান্ধি দলিল সিঞ্চে চাপয়ে চরণ ॥

সঘনে নিখাস বহে হস্ত দিয়া নাকে। দেখিয়া কুষ্ণের অশ্রে নয়নে না থাকে॥ ্ৰ**াপনি ব্যজন লৈ**য়া স্থী-হস্ত হৈতে। মন্দ মন্দ বায়ু কুষ্ণ লাগিল করিতে॥ গোবিন্দের আগমনে উজ্জ্বল হৈল ধাম। ষড়ঋতু লৈয়া যেন উপনীত কাম ॥ আমোদিত হৈল গৃহ অঙ্গের দৌরভে। সহস্র সহস্র অলি ধায় ভেঁ। ভেঁ। রবে ॥ অচেতন ছিল সখী পাইল চেতন। সৌরভে জানিল গৃহে কৃষ্ণ-ত্থাগমন॥ উচ্চৈঃম্বরে কান্দে ক্রোধে চক্ষু নাহি মেলে। ক্ষণেক থাকিয়া সব স্থিগণে বলে ॥ কে দহে আমার অঙ্গ হুতাশনুপ্রায়। রুক্মিণীবান্ধব কিবা আইল হেথায়॥ এতবলি মারে শিরে কঙ্কণের ঘাত। তুই হস্তে হস্ত ধরিলেন জগন্নাথ॥ কেন হেন বল রুক্মিণীর পতি বলি। সত্যভাম!-প্রাণ আমি চাহ চক্ষু মেলি॥ আমার কি অপরাধ না পাই ভাবিয়া। কি হেতু এতেক কফ দাও প্রাণপ্রিয়া॥ এত বলি কুষ্ণ বসাইলেন ধরিয়া। মুখ মুছাইলেন আপন বস্ত্র দিয়া॥ গোবিন্দের এতেক বিনয় বাক্য শুনি। কান্দিতে কান্দিতে কহে আধ আধ বাণী॥ মুখেতে ভোমার স্থা অন্তরে নিষ্ঠুর। এবে জানিলাম তুমি কত বড় ক্রুর॥ পারিজাত পুষ্পরাজ অতুল স্থাস। রুক্মিণীরে দিলা, আমা করিয়া নিরাশ। কার শক্তি সহিবে এতেক অপমান। এক্ষণে ত্যজিব প্রাণ তোমা বিগ্রমান॥ গোবিন্দ কহেন প্রিয়ে ত্যজহ বিলাপ। কোন্ দ্রব্য পারিজাত, চিন্ত এত তাপ॥ এক পুষ্পা হেতু তোমা ক্রোধ হইয়াছে। েতোমারে আনিয়া দিব পুষ্পা সহ গাছে॥ শুনি সত্যভাগা দেবী উল্লাসিত-মন। হাসিয়া কহেন কুষ্ণে মেলিয়া নয়ন॥

আসনে বসাইলেন উঠি যতুনাথে। চরণ প্রকালিলেন স্থগন্ধি জলেতে॥ ভোজন করিলা কৃষ্ণ পরম হরিষে। তাম্বুল যোগান দেবী বদি বাম পাশে ॥ রত্মময় পালক্ষেতে করেন শয়ন। আনন্দেতে রজনী বঞ্চেন তুইজন॥ প্রভাতে উঠিয়া কৃষ্ণ করে স্নানদান। . হেনকালে উপনীত মুনি ঢেঁকিযান॥ কলহবিতায় বিজ্ঞ দ্বন্দ্বপ্রিয় ঋষি। কহেন কুষ্ণের অত্যে গদগদ ভাষি॥ কি আর কহিব কথা কহিবারে লাজ : কটুবাক্য আমারে কহিলা দেবরাজ ॥ শুন শুন দেবগণ কথন অদ্ভত। নারদ আইল হৈয়া গোপালের দূত॥ দেবের ছল্ল'ভ পারিজাত পুস্পরাজ। মকুষ্যের হেতু মাগে মুখে নাহি লাজ॥ এত অহস্কার কেন গোপালের হৈল। পূর্বের রুত্তান্ত বুঝি সব পাসরিল॥ কংসভয়ে নন্দগৃহে ছিল লুকাইয়া। গোধন রাখিত নিত্য গোপান খাইয়া॥ একদিন চুরি করি খেয়েছিল ননী। হাতে বান্ধি মারিলেক নন্দের ঘরণী॥ রুষ অশ্ব সর্প বক করিল সংহার। সেই হেতু দেখি তার এত অহঙ্কার॥ জরাসন্ধভয়ে স্থল নাহিক সংসারে। লুকাইয়া রহে গিয়া সমুদ্র ভিতরে॥ হেনজনে পারিজাত পুষ্পে হৈল সাধ। নাহি দিলে বলিয়াছে করিবে প্রমাদ॥ হেন কটুত্তর কি আমার প্রাণে সহে। কি করিব দূত ত্মার অন্য জন নছে॥ যাহ যাহ নারদ না থাক মোর কাছে। কহ গিয়া করুক সে যত শক্তি আছে॥ নারদের মুখে শুনি এতেক বচন। ক্রোধেতে ঘূর্ণিত হৈল যুগল নয়ন 🛚 গোবিন্দ বলেন ইন্দ্ৰ হইয়াছে মন্ত। আপনি করিল লঘু আপন মহন্ত 🛚

আজি চুর্ণ করিব তাহার অহঙ্কার। সাক্ষাতে দেখিবে চল ভূমি আপনার॥ সে সকল কথন হইল পাসরণ। গোকুলেতে ইন্দ্রে দূর করিত্ব যথন॥ দাত দিন কৈল যত ছিল পরাক্রম। নহিলেক গোপকুলে পূজা লৈতে ক্ষম ॥ এত অহঙ্কার তার স্থরপুরে স্থিতি। উচ্চকুলে নিবাস অমরাবতী খ্যাতি ॥ আর অহস্কার চড়ে ঐরাবতোপরে। আর অহঙ্কার বক্ত অস্ত্র ধরে করে॥ আর **অহঙ্কার** তার সহস্রলোচন। মততা তাহার দূর করিব এখন।। ন্তরপুর হইতে পাড়িব ভূমিতলে। প্রহারে ভা**ঙ্গিব গজরাজ-কুম্ভস্থলে**॥ অব্যর্থ মুনির অস্থি সেই তার বাজ। ব্যর্থ করি হা**দাইব দেবের সমা**জ॥ ভাঙ্গি বন সমূলে আনিব পারিজাত। দেখি রক্ষা কেমনে করিবে শচীনাথ॥ এত বলি গোবিন্দ স্মারেন খগেশ্বরে। অগ্রে দাঁড়াইল খগরাজ ধোড়করে॥ শ্রীকৃষ্ণ বলেন যাব ইন্দ্রের নগর। আনিব হেথায় পারিজাত তরুবর॥ ্গক্ৰড় বলিল প্ৰাভু তুমি যাও কেনে। অজ্ঞা দিলে আমি যাই ইন্দ্রের ভবনে॥ নন্দন বনের সহ ফুল পারিজাত। এই কণে হেথা আনি দিব জগন্নাথ। গোবিন্দ বলেন সব সম্ভব তোমাতে। িকন্তু আমি ভারে লঘু করিব সাক্ষাতে॥ এত বলি গোবিন্দ নিলেন প্রহরণ। ্ক)মদকী গদা খড়গ চ**ক্র স্থদর্শন**॥ ^{ধরিয়া} সারঙ্গ ধনু চড়াইয়া গুণ। জবিলেন গরুড়ে **অক্ষ**য় যার ভূণ॥ বেশভূষা করিলেন কিরীট কুগুল। ^{মেবেতে} শোভিল যেন **মিহিরমণ্ডল**॥ কণ্ঠেতে ভূষণ গজমুকুতার হার। ^{বি}কিমিকি করে যেন বিছ্যুৎ আকার **॥**

বক্ষঃস্থলে রত্বরাজ শোভিত কৌস্তভ। দেখিয়া মূৰ্চ্ছিত হয় কোটি মনোভব ॥ অঙ্গদ বলয় আর কেয়ুর ভূষণ। অাটিয়া পরেন পীতবরণ বদন।। সর্ব্বাঙ্গে লেপন কৈল চন্দন কস্তুরী। কাঁকালেতে বন্ধন করেন খড়গ ছুরি ॥ **হইলেন গরুড়ে আর**ড় **জগন্না**থ। সত্যভামা বলেন যাইব আমি সাথ॥ দেখিব ইন্দ্রের পুরী কেমন ইন্দ্রাণী। কিরূপে তোমার দহ যুঝে বজুপাণি 🛭 শুনি হরি তাঁরে বসাইলেন যে বামে। স্মানিলেন ডাকিয়া সাত্যকি আর কামে॥ দোহারে বলেন কুঞ্চল মম সঙ্গ! ইন্দ্র সহ সমর দেখহ আজি রঙ্গ ॥ কুষণ্ডভা পাইয়া খগে করি আরোহণ। চলিলেন দমর দেখিতে চারিজন॥ হেনকালে বলভদ্ৰ প্ৰভৃতি যাদব। বলিল তোমার সহ যাব মোরা সব॥ গোবিন্দ বলেন থাক দ্বারকা রক্ষণে। শূন্য জানি আসি কি করিবে হুফীগণে॥ এত বলি প্রবোধিয়া সবারে রাখিয়া। গরুড়ে দিলেন আজ্ঞা চলহ বলিয়া॥ মহাভারতের কথা অমূত-দমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান্॥

শ্রীক্ষের ইন্সনিয়ে গ্রন

নারদ বলিল তবে শুন নারায়ণ।
অদিতি কহিল যত কুগুল কোনণ॥
নরক আনিল বলে অদিতি কুগুল।
লুটিয়া অমরাবতী অমরী নকল॥
পৃথিবীর পুত্র হয় নরক কুমাতি:
তারে না মারিলে নহে স্বর্গের বদতি॥
শুনিয়া গোবিন্দ তথা করিল গমন।
নরকে মারিয়া পাইলেন ক্যাগণ॥
ধোড়শ সহত্র ক্যা দেবের কুমারী।
এককালে বিবাহ করিলেন মুরারী॥

অদিতির কুণ্ডল দিলেন অদিতিরে। তথা হৈতে চলিলেন অমর নগরে # নন্দন-কানন মধ্যে হৈল উপনীত। দেখেন কুম্বমরাজ গন্ধে আমোদিত॥ **সাত্যকিরে বলেন আন**হ ভরুবর। শুনিয়া সাত্যকি তথা গেলেন সত্বর ॥ বুক্ষের রক্ষণেতে আছিল বহু রক্ষ। হাতে অন্ত্ৰ লইয়া ধাইল লক্ষ লক্ষ ॥ সাত্যকি বলেন প্রাণ যদি সবে চাহ। না করহ দ্বন্দ্র তুমি ইন্দ্রেরে জানহ। যাইয়া ইন্দের চাঁই সবে গিয়া কহে। চল শীত্র দেবরাজ বিলম্ব না সহে॥ গরুত আরুচ যে মনুষ্য তিন জন। পারিজাত লইয়া ভাঙ্গিল দব বন॥ শুনিয়া ইন্দ্রের চিত্তে হইল সারণ। পারিজাত লইতে আইল নারায়ণ॥ ক্রোধে ইন্দ্র কলেবর কাঁপে থর থর। সহস্রলোচন চলে করিতে সমর॥ নানা অস্ত্র লইয়া সমরে কৈল দাজ। ছাতে বজ্র লইয়া চলিলা দেবরাজ। শচী বলে যাব আমি সংহতি তোমার। কিরূপে হইবে যুদ্ধ দেখিব দোঁহার॥ শুনি ইচ্ছ বদাইল বামে আপনার। জয়দেব দথা আর জয়ন্তকুমার ॥ হেনমতে আরোহণ কৈল চারিজন চালাইয়া দিল গক यथा नातायः॥ মহাভারতের কথা অমৃত-লহরী। কাশীদাস কহে শুনি তরি ভববারি॥

্রীক্নথের দহিত ইক্রের যুক্ত।

অক্টে অন্তে তুইজনে লাগিল বিরোধ।
দত্যভমা দেখিয়া ইন্দ্রাণী বলে জোধে॥
কহ না ভারতী কেন এত গর্ব্ব তোর।
আদিয়াছ লইতে ভূষণ পুষ্প মোর॥
মর্যানা থাকিতে আগে যাহ বাহুড়িয়া।
মধা ছিল পারিজাত তথার রাখিয়া॥

বামন হইয়া ইচ্ছা ধরিতে চন্দ্রমা। দিব প্রতিফল আজি ভাঙ্গিব গরিমা॥ সত্যভাষা বলে শচী মিছে কর গর্বা। পরাক্রম তোমার জানি যে আমি দর্ব্ব 🛊 भाश्रेड़ीत कूल नत्रक निल वरल। নারিলা আনিতে তাহা কহি আখণ্ডলে॥ লুটিয়া পুটিয়া স্বৰ্গ কৈল ছারখার। রাখিবারে না পারিল স্বামী যে তোমার॥ মারিয়া দে নরকে ভাঙ্গিয়া তার পুরী 🖟 অদিতির কুগুল আনিয়া দিল হরি॥ পারিজাত পুপ্পে তোর কোন্ অধিকার। মথনে জন্মিল পুষ্প বিভাগ দবার॥ তুমি পুষ্প ভূষণ করিবা একা কেনে। দেখ আজি লৈয়া যাব রাখহ কেমনে॥ সতী শচী দোঁহাকার শুনিয়া কোন্দল। মুখে বস্ত্র দিয়া হাদে দেবতা সকল ॥ আনন্দ-লহরীতে নারদ মুনি হাদে। শুনি পুরন্দর কাঁপে অতিশয় রোধে॥ উপেন্দ্র ইন্দ্রের যুদ্ধ হয় দেবধামে। ত্রিভুরন চমৎকার দোঁহার সংগ্রামে॥ নানা অন্ত্র তুইজনে করেন প্রহার। পৃথিবীর মধ্যে পড়ে উল্কার আকার॥ দর্পক জয়ন্ত যুদ্ধ কি দিব তুলন। শরজালে তুইজনে ছাইল গগন ৷ সাত্যকি তুলিল তরু গরুড় উপর। তার সহ জয়দেব করয়ে সমর॥ খগেন্দ্র গজেন্দ্র যুদ্ধ না হয় বর্ণন। গর্জ্জনে বধির হৈল ত্রৈলোক্যের জন॥ দশন শুণ্ডেতে গজ গরুড়ে প্রহারে। গরুড় গজেব্রু মুগু নথেতে বিদরে॥ গরুড়ের নখাঘাতে গজেব্রু অস্থির। খণ্ড খণ্ড হৈল, বহে সর্ব্বাঙ্গে রুধির॥ না পারিল শৃন্যেতে রহিতে গজবর। অক্তান হইয়া পড়ে ভূমির উপর ॥ मर्वारत्र ऋधित वरह करूभ करनवत्र। পড়িল মাতঙ্গরাব্দ পর্বত উপর ॥

হস্তীর চাপনে গিরি অর্দ্ধ গেল তল। পর্বত উপরে স্থিতি হৈল অথগুল। ইন্দ্র বলে গর্বব কৃষ্ণ না করহ তুমি। সমরেতে ন্যুন হৈয়। পড়ি নাহি আমি॥ বাহন অস্থির হৈল গরুড় আঘাতে। ত্মি আমি চল যুদ্ধ করিব ভূমিতে॥ ইন্দবাক্য শুনিয়া বলেন ভগবান। ম্থায় তোমার ইচ্ছা যাব সেই স্থান॥ পুনরপি মুখামুখি হইল সমর। যত অন্ত ইন্তের কাটেন দামোদর॥ সর্ব্ব অস্ত্র ব্যর্থ হয় মনে পাই লাজ। অতি ক্রোধে বজ্র প্রহারিল দেবরাজ। গোবিন্দ বলেন তবে গরুছের প্রতি। বজু মন্ত্র হাতে লইয়াছে স্তরপতি॥ স্তদর্শনে ইচ্ছা কাটি তিল তিল করি। মুনিবাক্য ব্যর্থ হবে এই হেতু ডরি॥ ইহার উপায় তুমি কর খগেশর। এক পক্ষ দাও ফেলে বজের উপর॥ ঠোটেতে উপাড়ি পক্ষ গরুড় ফেলিল। পক্ষ চুর্গ করি বজু বাহুড়ি চলিল॥ একবার বিনা বজ্র আর নাহি চলে। দেখিয়া বিসায় বড় হৈল আখণ্ডলে॥ মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

মহাদেবের বৃদ্ধস্থলে গমন।

গোবিন্দ ইন্দের রণ নাহি ঐবসান।
ত্রিলোকের লোক শব্দে হয় হতজ্ঞান॥
দেখিয়া নারদ মুনি হইয়া চিন্তিত।
ক্ষারোদে কশ্যপ-স্থানে গেলেন ত্বরিত॥
নারদ বলেন কশ্যপ আছ কি কাজে।
প্রমাদ পাড়িল তব পুত্র দেবরাজে॥
ক্ষজান হইয়া করে কৃষ্ণ সহ রণ।
না মারেন কৃষ্ণ (উই জীয়ে এতক্ষণ॥
দেবরাজ পরাক্রম করিলন সব।
নিজ অন্ত্র অত্যাপি না ছাড়েন মাধব॥

স্থদর্শন যভাপি ছাড়েন নারায়ণ। কাটিবেন ইন্দ্রেরে রাখিবে কোন জন ॥ শুনিয়া কশ্যপ মূনি স্চিন্তিত মন। কেমনে দোঁহার হল্ফ হৈবে নিযারণ॥ দোঁহার মধ্যে শিব বিন। অন্যে নারে। এত চিন্তি কশ্যুপ করেন স্তুতি হরে॥ কশ্যপের শুবে ভূষ্ট হইয়া ত্রৈলোক্য। যুদ্ধস্থানে গেলেন করিতে নিবারক॥ থগেন্দ্র উ'পেন্দ্র গজেন্দ্র দেবরাজ। যোগেন্দ্র বুষারত দাঁড়াইল মাঝ 🗈 কহিলেন শ্রীহরি করহ অবধান। তব সহ সমরে কি ইন্দ্র বলবান। দেবরাজ ইন্তের তুমি করিলা স্থাপিত। এক্ষণে প্রহার তারে না হয় উচিত॥ গোবিন্দ বলেন ইন্দ্র স্বর্গভোগ করে। এক পারিজাত রুক্ষ না দেয় আমারে ॥ স্বভন্ত্র ভাহার উপার্জ্জিত নহে ফুল। ক্ষীরোদ মথিয়া পায় স্তর্ভারকুল ॥ মথনের দ্রব্যে স্বাকার ভাগ আছে। বিশেষ কমলা আমি পাই তার পাছে॥ ঐরাবত উচ্চৈংশ্রব। দর্গে যত স্থথ। সকল ইন্দ্রের ভূষা আমি যে বিনুখ। একমাত্র পারিজাত রুক্ষ আমি মাগি। উচিত কি ছন্দ্র তার করা ইহ। লাগি॥ গোবিন্দের মুখে শুনি এতেক বচন। হায় হায় বলিয়া বলেন পঞ্চানন॥ গিরিশ বলেন ইন্দ্র হইয়া অজ্ঞান। না জানহ নারায়ণ পুরুষ প্রাণান॥ তাঁর সহ দ্বন্দ্র করে না হয় বিলান। মম বাক্তের প্রবণটি কর সমাধ্য গ্র ইন্দ্র বলে পশুপতি কর এবগান। ঐরাবত উচ্চৈঃশ্রেবা আদি যত যান॥ শচী বজ্র পারিজাত নন্দন-কা**নন**। ইহাতে ইব্রত্ব মম স্বর্গের ভূষণ ॥ পারিজাত লবে যদি দৈবকীকুমার। স্বর্গেতে ইন্দ্রর মম কি রহিল আর 🛚

ম**হেশ বলেন হরি পূর্ব্ব** অবতারে। তোমার কনিষ্ঠ ভাই অদিতি উদরে॥ কনিষ্ঠের ভাগ মাগিলেন নারায়ণ। **দেহ পুষ্পরাজ হন্দ হউ**ক নিবারণ ॥ ই**ন্দ্র বলে** তব বাক্য না করিব আন। **আমার কনিষ্ঠ ভাই** যদি ভগবান ॥ জ্যেষ্ঠ কনিষ্ঠেতে আছে ব্যবহার :-তাহা না করিয়া কেন করে বলাৎকার॥ না করিয়া মান্ত মোরে ল'য়ে যাবে বলে ৷ বলে নিল বলিয়া যুষিবে ভূমগুলে ॥ ্ভনিয়া বলেন শিব গোবিন্দে চাহিয়া। ক্রোধ ত্যজ যতুনাথ আমারে দেখিয়া॥ অজ্ঞানে হইয়া মত্ত দেব স্থরপতি। সেই হেতু করে যুদ্ধ তোমার সংহতি॥ আপনি ইন্দ্রত্ব তুমি দিয়াছ উহারে। বিবিধ বিপদে রাখিয়াছ বারে বারে ॥ **আপন অর্জ্জিত** যদি বিষরুক্ষ হয় i **কাটিতে আপন হস্তে সমূচিত ন**র। পারি**জাত ফুল ল'**য়ে যাহ বাধা নাই। **यांग्य कति तह हेट्स हग्न (क्राक्रंजाहे ॥** আমার বচন দেব কর্ছ পালন : শিববাক্য স্বীকার করেন নারায়ণ ॥ গেলেন গোবিন্দে লৈয়া শিব ইন্দ্রস্থানে। প্রণাম করিয়া হরি কনিষ্ঠ বিধানে ॥ ভূষ্ট হৈয়া দেবরাজ কুষ্ণে কোল দিয়া। পারিজাত রক্ষ দিল নিয়ম করিয়া॥ ষাবৎ থাকিব। তুমি অবনীমগুলে। তাবৎ থাকিয়া পুষ্প আদিবেক কালে॥ এত বলি দেবরাজ স্থর্গেতে চলিল। সত্যভাষা চাহি তবে ইন্দ্রাণী হাসিল ॥

পক্ষড় কর্ড্ব ইক্সে লইয়া ক্লঞ্চের নিকট গমন ও ক্লফের জ্বোন নিবারণ। শচীর দেপি হাসি সতীর অভিমান। া গোবিন্দে চাহিয়া বলে ক্লুর অবধান॥

প্রণাম করিল। তুমি ইন্দ্রের চরণে। হাদিয়া চাহিয়া মোরে দেখায় নয়নে 🛙 যে প্ৰতিজ্ঞা কৈল শচী হইল সম্পূৰ্ণ। বলেছিল। গর্বব আজি করিব দে চুর্ণ॥ কি কারণে এমত করিলা জগন্নাথ। না হয় নাহিক পেতে **পুষ্পা** পারিজাত ॥ হাদিয়া বলেন প্রভু কমললোচন। এই হেতু সতী তব কেন ছঃখ মন॥ যতেক দেখহ প্রাণী এ তিন ভুবনে। আমা হৈতে বিভিন্ন নাহি যে কোন জনে। আপনাকে নমস্কার করি হে আপনে। তোমার ইহাতে লঙ্জা হৈল কি কারণে। সতী বলে তাহার প্রতিজ্ঞা পূর্ণ কৈলা॥ আপন প্রতিজ্ঞা দেব বিশ্বত হইলা॥ সহস্রলোচনে দিব ধুলির অঞ্জন। ভাঙ্গিব ইন্দ্রের গর্ব্ব কহিল। তথন ॥ ক্ষজিয় প্রতিজ্ঞা না পালিলে ধর্ম্ম নছে। বিশেষ শচীর হাসি দেখি অঙ্গ দহে॥ কৃষ্ণ কহে আমার প্রতিজ্ঞা নহে দ্বির। ভক্তেরে বিক্রীত দেবী আমার শরীর॥ না পারি শিবের বাক্য করিতে লজ্ঞ্মন ইন্দ্র অপরাধ ক্ষমিলাম দে কারণ ॥ সতী বলে আমি প্রায় অভক্ত তোমার 🗠 দে কারণে ক্রোধে দহে শরীর আমার 🛚 গোবিন্দ বলেন তুমি ত্যজ ক্রোধ মনে: এক্ষণে লোটাব ইন্দ্রে তোমার চরণে॥ সত্যভাষা আখাদিয়া দৈবকী ত্নয়। ভাকিয়া বলেন শুন দেব মৃত্যুঞ্জয়॥ তোমান্ন বচন আমি লজ্মিতে না পারি ৷ তথির কারণে আমি ইন্দ্রে মান্য করি॥ ইন্দ্রেতে আমাতে কিবা সম্বন্ধ নির্ণয়। কত অবতার মম ধরণীতে হয়॥ হিরণ্যক্ষ হিরণ্যকশিপু ছুই জন। প্রতাপেতে লয়েছিল সকল ভুবন॥ মারিলাম তাহারে হইয়া অবতার। নিকণ্টক স্বৰ্গেতে দিলাম অধিকার 🛭

ধর্ম্মবলে বলি লৈয়াছিল ত্রিভুবন। চলিয়া পাতালে রাখি করিয়া বন্ধন॥ গুই পদে ব্যাপিলাম ব্রহ্মাণ্ড সকল। নিষ্ণটক করিয়া দিলাম অথগুল॥ কম্ভকর্ণ রাবণ রাক্ষস অধিপতি। সকলে জানহ ই**ন্দে কৈল** যেই গতি॥ তঃ দবে মারি যে আমি রাম অবতারে। নিক্রণ্টক করি স্বর্গ দিলাম তাহারে॥ উহায় আমায় শিব কিদের সম্বন্ধ। এই বাক্য তাহারে বলহ সদানন্দ।। মুত্তিকাতে লোটাইয়া সহস্রলোচনে। প্রমাম করিয়া পড়ে সতীর চরণে॥ তবে তার অপরাধ করি আমি দূর। নছিলে এক্ষণে অন্যে দিব স্বর্গপুর॥ কহিলেন এ সকল ইন্দ্রে মহেশ্বর। **শুনি ইন্দ্র ক্রোধেতে কম্পিত কলেবর** ॥ না করে স্বীকার শিব কছেন কুষ্ণেরে। গরুড় ডাকিয়া কুষ্ণ বলেন সন্ধরে।। যাহ বীর খগেশ্বর পাতাল ভুবন। আন গিয়া শীঘ্র বিরোচনের নন্দন ॥ বলিরে করিব আজি স্বর্গ অধিপতি। সাধুদেবা-গুণে বলি আমাতে ভকতি॥ গরুড় ইন্দ্রের স্থা অতিশয় প্রীত। গোবিন্দ-চরণে পড়ে স্থার নিমিত্ত। দ্বিনয় বচনে বলয়ে খগেশ্বর। শদিতির সত্য পাসরিলে চক্রধর॥ মশ্বন্তরে বলিরে করিবা অধিকারী। এক্ষণে বলিরে কি কারণে ডাক হরি॥ কোন ছার ইন্দ্র প্রভু তারে এত কেনে। দেখি আমি তোমারে কেমনে নাহি মালে॥ এত বলি আপনি চলিল খগেশ্বর। কহিল অজ্ঞান কেন হও পুরন্দর॥ যাঁহার পালন সৃষ্টি স্ক্রন যাহার। যেই প্রভু তোমারে দিয়াছে অধিকার॥ তাঁর আজ্ঞা লঙ্কন করিয়া অবহেলা। দেখিয়া না দেখ চক্ষে ইন্দ্রপদে ভোলা॥

আইদ তোমার দোষ ক্ষম। করাইব। সতীর যে চরণেতে তোমা ফেলাইব॥ আমার বচনে যদি না হও প্রবোধ। বলি ইন্দ্ৰপদ লৈবে বাড়িবেক ক্ৰোধ ॥ খগেন্তের বাক্য শুনি চিস্তে মেঘবান। বুঝিলাম মোরে ক্রোধ কৈল ভগবান॥ ত্রৈলোক্যের নাথ প্রভু দেব নারায়ণ। অজ্ঞান হইয়া তাঁর দঙ্গে কৈন্তু রণ ॥ গরুড়ে বলিল ইন্দ্র শুন স্থা তুমি। গোবিন্দে বাড়াকু ক্রোধ না জানিয়া আমি॥ খগেশ্বর বলে স্থা শুন মম বাণী। মোর দহ আসি শান্ত কর চক্রপাণি॥ আইদ তোমার দোষ করাইব ক্ষমা। নারায়ণ সন্মুথে লইয়া যাব তোমা॥ এত বলি গরুড় করিয়া হাতাহাতি। সতীর চরণতলে ফেলে স্থরপতি॥ পড়ি তার সহস্রলোচনে লাগে ধূলি। দেখিতে না পায় ইন্দ্র ছাতাড়িয়া বুলি॥

সতাভানার প্রতি ইন্দের তথ । কতদূরে সতী আগে, শিরে দিয়া করযুগে, প্রণমি পড়িল দেবরাজ। স্তুব করে হুরপতি, অফ্টাঙ্গ লোটায় ক্ষিতি, দহ যত অমর-দমাজ। ভূমি লক্ষ্মী দরস্বতী, রতি সতী অরুদ্ধতী, পাৰ্ব্বতী দাবিত্ৰী বেদমাত। । তুমি অধঃ ক্ষিতি স্বৰ্গ, তুমি ধাতা চতুৰ্বৰ্গ, সৃষ্টি স্থিতি প্রলয় বিধাত: ॥ অনাদিপুরুষ প্রিয়া,কে জানে তোমার ক্রিয়া, মায়াতে মনুষ্যদেহধারি। সবাকার অন্নদাতা, তুমি বিধাতার ধাতা, আমি তোমা কি বর্ণিতে পারি॥ বেদপতি বহু খেদে. না পাইল চারিবেদে, আগমে না পায পঞ্চানন। তুমি মোরে দিলা সর্ব্ব, ভেঁই মোর হৈলগর্ব্ব, না জানিসু তোমার চরণ॥

তুমি দেবী বুদ্ধিরূপা, করহ এবার কুপা, হ্বমতি কুমতি প্রদায়িনী। তুমি শৃত্য জল স্থল. পৃথিবী পর্ববতানল, সর্ব্ব গৃহে জননী রূপিণী॥ শরণ লইন্থ পদে, ক্ষমা কর অপরাধে. অজ্ঞান তুর্মতি কর দূর। সম্পদে হইয়া মত্ত, না জানি তোমার তত্ত্ব, না চিনিকু আপন ঠাকুর॥ এত বলি দেবরাজ, আরোহিয়া গজরাজ, শীঘ্র গেল হইয়া বিদায়। লৈয়া পুষ্প পারিজাত, নারদে করিয়া সাথ, দারক। গেলেন যতুরায়॥

সভ্যভাষার ব্রভারম্ভ ।

রোপিল পুষ্পরাজ সত্যভামা দ্বারে। নানা রত্নে মূল বান্ধিলেন তরুবরে॥ শত শত পূর্ণচন্দ্র যেন করে শোভা। পৃথিবী যুড়িয়া তার দীপ্ত করে আভা॥ উপরে চন্দ্রমা বান্ধে দিয়া রত্ববাস। তার তলে কৃষ্ণ সহ করেন বিশাস॥ হেনকালে আগত নারদ মুনিবর। দেখি সত্যভামা স্তব করেন বিস্তর॥ নারদ বলেন দেবী কি কর বাখান। না হইবে নাহি হয় তোমার সমান॥ দেবের হুল্ল ভ যেই পুষ্প পারিজাত। আপন তুয়ারে রোপিলেন জগমাথ। একণে করহ দেবী ইহার যে কাজ। অবহেলে তোমার হইবে ব্রতরাজ ॥ যে ব্রত করিলে হয় দোহাগে আগুলি। জন্ম জন্ম করিবে গোবিন্দ লৈয়া কেলী। **ব্রহ্মাণ্ড** দানের ফল পায় এই ব্রতে। বিখ্যাত তোমার যশ হইবে জগতে॥ এ ব্রত করিয়াছিল পুলোমানন্দনী। সোহাগে আগুলি হৈল ইন্দের ইন্দাণী॥

পর্ব্বতনন্দিনী পূর্ব্বে এই ত্রত করি। শিবের অর্দ্ধাঙ্গ পাইলেন মহেশ্বরী। আর কৈল স্বাহাদেবী অগ্নির গৃহিণী। যার ফলে হইল অগ্নির সোহাগিনী # শুনি সত্যভামা ধরে মুনির চরণে। প্রভু মোরে সেই ত্রত করাও একণে॥ নারদ বলেন লহ ক্বঞ্চ অনুমতি। শ্ৰীকৃষ্ণ নহেন যে কেবল তব পতি॥ নাহি জান দেবী তুমি এ ব্ৰত বিধান। ব্লক্ষেতে বান্ধিয়া দিতে হবে স্বামী দান ॥ সত্যভাষা বলে হেন কহ কেন মুনি। আমার করিবে মন্দ কে আছে সতিনী। করিব গোবিন্দ দান যে বিধি আছয়। কুষ্ণে জিজ্ঞাসিব ইথে কি আছে সংশয়॥ মুনি বলিলেন ভবে বিলম্বে কি কাজ। শীঘ্র (কন আরম্ভ না কর ব্রতরাজ। এক লক্ষ ধেনু চাহি ধান্য লক্ষ কোটি। দক্ষিণা সামগ্রী কর স্বর্ণ লক্ষ কোটি॥ বদন ভূষণ দান ষোড়শ বিধান। অশ্ব রথ গজ বৃষ যত রত্ন যান॥ নারদের বাক্য মত সব আয়োজন। শুভদিনে করিলেন ত্রত আরম্ভন ॥ গোবিন্দেরে একান্তে কছেন সমাচার। হাসিয়া সতীরে ক্বফ্ত করেন স্বীকার॥ নিমন্ত্রিয়া আনেন যতেক মুনিগণ। পৃথিবীর মধ্যে যত বৈদেন ব্রাহ্মণ ॥ হইল ব্রতের সজ্জা যে ছিল বিহিত। বৈদেন নারদ মুনি হৈয়া পুরোহিত॥ পারিজাত বৃক্ষেতে বান্ধিয়া হ্যষীকেশে। সত্যভামা বদিলেন হাতে তিল কুশে 🛚 রুক্মিণী প্রভৃতি যোল সহত্র রমণী। অভিমানে সবাকার চক্ষে বহে পানী ॥ দত্যভাষা করিলেন দান জগন্নাথ। স্বস্তি ব'লে নারদ দিলেন হাতে হাত॥

🕮 রুষ্ণকে দান পাইখা নারদের গমন।

উদ্ধ বাহু নারদ নাচেন হুষ্টমনে।

দক্ষিণার ধন দেন দ্রিডে ত্রাহ্মণে । নারদ দ্বারকানাথে লৈয়া যান ধরি। শুনিয়া দারকা শুদ্ধ ধায় নরনারী॥ পারিজাত রুক্ষ হৈতে খদান বন্ধন। গোবিদে বলেন সব ফেল আভরণ॥ এক্ষণে গোপাল আর এ বেশে কি কাজ। তপস্বী হইয়া ধর তপস্বীর সাজ। কির্রাট ফেলিয়া শিরে ধর পিঙ্গজটা। কনক পইতা ফেলি লহ যোগপাটা॥ কনক মুকুতা হার ফেল বনমালা। প্রতান্বর ফেলিয়া পরহ বাঘছালা॥ মুনির বচনে হরি ত্যজে সেইক্ষণ। হৈলেন তপস্থীবেশ দৈবকী–নন্দন ॥ হাতেতে করিয়া বীণা কাঁধে মুগছালা। পাছে পাছে যান যেন সন্ন্যাসীর চেলা ॥ রুকিণী প্রভৃতি ধোল সহস্র রমণী। পাছে পাছে চলি যায় যতেক কামিনী॥ নারদ বলেন কে তোমরা যাহ কোথা। রুক্মিণী বলেন তুমি লৈয়া যাবে যথা॥ নারদ বলেন কি তোমার প্রয়োজন। ানা স্থানে ভ্রমি আমি তপস্বী ব্রাহ্মণ॥ রুক্মিণী বলেন ক্লম্ঞ দান পেলে মুনি। যৌতুক পাইলা ধোল সহস্ৰ রমণী॥ মুনি বলে রুক্মিণী যে মিছা কর দ্বন্দ। পাছে ক্রোধ না করিও বলি ভাল মন্দ॥ যথন করিল দানু সত্রাজিত স্থতা। তথনি ত কেহ না কহিলা কোন কথা॥ তার অপ্রে কহিবারে নহিলে ভাজন। সামার সহিত তব কোন প্রয়োজন॥ রুক্মিণী বলেন পুনঃ শুন মুনিরায়। সত্যভাষা দিল দান আমার কি দায়॥ প্রাণনাথ লৈয়া যাহ আমা সবাকারে। ক্
হ মূনি আমরা রহিব কোথাকারে ॥

नात्रम् के क्रिक शक्तिमार्ग धनमान। গোবিন্দেরে লইয়া নারদ মুনি যান। বিষধবদন হৈয়া সত্যভামা চান ॥ ঘন পড়ি উঠি ধায় বাতুল সমান। ত্বই হাতে আগুলিয়া মুনিরে রহেন॥ বুঝিকু নারদ মুনি চতুরালি তোর। ভাঁড়িয়া লইয়া যাও প্রাণপতি মোর॥ বালকে ভাণ্ডায় যেন হাতে দিয়া কলা। কাচ দিয়া লৈয়া যাহ কাঞ্চনের মালা॥ শিলা দিয়া লৈয়া যাও পরশারতন। শুধু কায়া দিয়া যাও লইয়া জীবন॥ না হইত ব্রত না হইত কার্য্য তার। বাহুড়িয়া দেহ প্রাণপতি যে আমার॥ মুনি বলে সত্যভামা সত্যভ্রম্ভ হৈলা। সবাকার সাক্ষাতে গোবিন্দে দান দিলা ॥ এক্ষণে কহিছ ব্ৰত নাহি প্ৰয়োজন। দান লইয়াছি আমি দিব কি কারণ ॥ একক দেখিয়া চাহ বল করিবারে। মম ঠাই লইতে কাহার শক্তি পারে॥ এত বলি নারদ ঘুরান তুই আঁখি। শরীর কম্পিত দেবা, মূনিমুথ দেখি॥ সতাভামা বলেন না তব ক্রোধে ডরি। বড ক্রোধ হইলে ফেলাবে ভন্ম করি॥ গোবিন্দ বিচেছদে মরি সেই মম স্থা! না দেখিব কৃষ্ণ আর এই বড় ছুঃখ। এক কথা কহি অবধান কর মূনি। পূর্বের যে বলিলা ত্রত করিল ইন্দ্রাণী॥ পার্ব্যতী করিল আর স্বাহা অগ্নিপ্রিয়া। তারা সব স্বামী পাইল কেমন করিয়া॥ নারদ বলেন দর্ব্ব ভক্ষ্য হুতাশন। চারি মুখে ধরে তার প্রচণ্ড কিরণ। তাহারে লইয়া সতী কি করিব আমি। দে কারণে তাহারে শিরিয়া দিকু স্বামী ॥ পার্ববতীর পতি রুদ্র বলদ বাহন। হাড়মালা ভস্ম মাখে অঙ্গে ফণিগণ ॥

নিরন্তর ভূত প্রেত লইয়া তার খেলা। না নিলাম তাহারে করিয়া অবহেলা॥ শচীপতি পুরন্দর সহস্রলোচন। ত্রৈলোক্য পালিতে ধাতা কৈল নিয়োজন॥ কভু ঐরাবত কভু উদ্লৈঞ্জাবা রথে। বিনা বাহনেতে ইন্দ্র না পারে চলিতে॥ তারে না নিলাম আমি ইহার লাগিয়া। তথাপিও আছে স্বর্গে আমার হইয়া॥ তোমার যে স্বামী কৃষ্ণ রূপে নাহি দীম।। তিনলোক মধ্যে দিব কাহাতে উপমা॥ যথায় যাইব তথা সঙ্গে করি লব। অকুক্ষণ দিবানিশি নয়নে দেখিব॥ জন্মে জন্মে এই মম মনে বাঞ্চা ছিল। অনেক তপের ফলে বিধি মিলাইল॥ নয়ন মুদিয়া সদা ধ্যান করি যাকে। তাঁহাকে পাইয়া হাতে দিব কি তোমাকে॥ এ কথা শুনিয়া সতী হলেন মূর্চ্ছিতা। নাহি জ্ঞান সত্যভামা মৃতা কি জীবিতা॥ দেখিয়া সতীর কন্ট কুষ্ণে হৈল দয়া। নারদে বলেন ছাড়হ মুনি মায়া॥ নারদ বলেন কর্ম্ম ভুঞ্জুক আপন। তোমারে ত্যজিয়া দিল ব্রতফলে মন॥ শ্ৰীকৃষ্ণ বলেন হয় সহজে স্ত্ৰীজাতি। কোথা পাইবেক জ্ঞান তোমার যেমতি॥ শরীরে নাহিক প্রাণ, হেন লয় মনে। যোগবলে আত্মা মুনি, দেহ এইক্ষণে॥ দেখিয়া সতীর কন্ট মুনি চমৎকার। উঠহ বলিয়া ডাকিলেন বার বার॥ মুনির আশ্বাদে দেবী পাইয়া চেতন। উঠিয়া ধরেন পুনঃ মুনির চরণ ॥ নারদ বলেন দেবী এক কর্ম্ম কর। দান দিয়া লৈতে চাহ অধর্ম বিস্তর॥ গোবিন্দ তৌলিয়া দেহ আমারে রতন। পাইবা ব্রতের ফল শাস্ত্রের লিখন॥ শুনি সত্যভাষা যান হইয়া উল্লাস। পুত্রগণে ডাকিয়া কছেন মৃত্যভাষ ৷

করহ তুলের সজ্জা যে আছে বিহিত। মম গৃহ হৈতে রত্ন আনহ ত্বরিত॥ আজ্ঞা পেয়ে কামাদি যতেক পুত্ৰগণ। কনকে নিৰ্মাণ তুলা কৈল ততক্ষণ॥ একভিতে চড়াইল দৈবকীনন্দনে। আর ভিতে চড়াইল যত রত্নগণে॥ সত্যভামা গৃহে রত্ন যতেক আছিল। তুলে চড়াইল তবু সমান নহিল॥ রুক্মিণী কালিন্দী নগ্রজিতী জাম্ববতী। যে যাহার ঘর হৈতে আনে শীঘ্রগতি॥ চড়াইল তুলে তবু সমতুল নহে। ষোড়শ সহস্ৰ কন্যা নিজ ধন বহে॥ কুষ্ণের ভাণ্ডারে ধন কুবের জিনিয়া। ত্বরাত্বরি চড়াইল তুলে সব লৈয়া॥ না হয় কুষ্ণের দম অপরূপ কথা। দ্বারকাবাদীর দ্রব্য যার ছিল ষথা॥ শকটে উদ্ভৌতে রূষে বহে অনুক্ষণ। নাহিক কুষ্ণের সম দেখে সর্ব্বজন॥ পর্বত আকার চড়াইল রত্নগণে। স্থুমি হৈতে তুলিতে নারিল নারায়ণে ॥ দেখি সত্যভাম। দেবী করেন রোদন। ক্রোধমুখে বলেন নারদ তপোধন॥ উপেব্রাণী বলিয়া বুলিদ এই মুখে। রত্বে জুখি উদ্ধারিতৈ নারিলি স্বামিকে। শিশু প্রায় পুনঃ পুনঃ করিদ্ রোদন। হেন জন হেন ব্রত করে কি কারণ॥ এবে জানিলাম ধন না পারিলি দিতে। উঠ বলি নারদ ধরেন কৃষ্ণ হাতে॥ শুনি সত্যভামা মুখে উড়িল যে ধুলি। ভূমে গড়াগড়ি যায় সবে মুক্তচুলি ॥ হেনমতে কান্দে দব যাদবী যাদব। হৃদয়ে চিন্তিয়া তবে বলেন উদ্ধব॥ আপনি শ্রীমুখে কহিছেন বার বার। আমা হৈতে নাম বিনা বড় নাহি আর॥ চিন্তিয়া বলিল সবে মম বোল ধর। যত রত্ন আছে তুলে ফেলাহ সত্তর 🛭

একৈক ব্রহ্মাণ্ড যাঁর এক লোমকূপে। ্কান দ্রব্য সম করি তৌলিবা তাঁহাকে॥ ত্রত বলি আনি এক তুলসীর দাম। নাতে তুই অক্ষর লিখিল কৃষ্ণনাম॥ তলের উপরে দিল তুলদীর পাত। ইচে হৈল তুলদী উৰ্দ্ধেতে জগন্নাথ। ্দখি উল্লাসিত হৈল সকল রমণী। দাধু সাধু বলিয়া হইল মহাধ্বনি॥ কুষ্ণনাম গুণের নাহিক বেদে সীমা। বৈষ্ণব সে জানে ক্লফ্ডনামের মহিমা। দ্রীকৃষ্ণ হইতে কৃষ্ণনাম ধন বড়। ক্লপহ কুষ্ণের নাম চিত্ত করি দৃঢ়॥ কৃষ্ণ কৃষ্ণ বলিয়া পাইবে কৃষ্ণ**দেহ**। কুঞের মুখের বাক্য নাহিক সন্দেহ॥ নগপত্র লৈয়া মূনি তৃষ্ট হৈয়া যান। সত্যভাষা রত্নগণ ব্রাহ্মণে বিলান ॥ পারিজাত হরণের এই বিবরণ। একণে কহিব তবে স্বভদ্রা-হরণ॥ মহাভারতের কথা অমূতের ধার। শুনিলে অধন্মী হবে হেলে ভবপার॥

হ্ভদার গন্ধ বিবাহ।

শতাসহ কথা কহ শুনি মহাশয়।
বিলেন বৈশম্পায়ন শুন নরপতে।
ভদ্রা পার্থে স্বরন্ধর হইল যেমতে।
ভদ্রা পার্থে স্বরন্ধর হইল যেমতে।
বলিলেন ইহা যদি বীর ধন্প্রেয়।
শত্যভামা তাহারে কহেন সবিনয়।
ভ্রম্ব করিবে পার্থ স্ত্রীর এই বিধি।
পুরুষ হইয়া তুমি কৈলে কি ভ্রমির।
ভত্তা করিয়া হইয়াছ ব্রন্ধচারী।
মহোমধি শিথিয়াছ স্থুলাইতে নারী॥
শর্জ্বন বলেন স্তুতি করি সত্যভামা।
নিশাশেষে নিজা যাই করি আজি ক্ষমা॥
জিতেন্দ্রিয় সত্যবাদী ব্রন্ধচারী আমি।
তীর্থবাত্রা করি দেশ-দেশাস্তরে ভ্রমি॥

মিথ্যা অপবাদ কেন দিতেছ আমারে। শুনিলে আমারে নিন্দা করিবে সংসারে॥ বুঝিয়া পার্থের মন উঠেন ভারতী। স্বভটো বলেন কহ কোথা যাহ সতী॥ সতী বলে আইসহ করিব উপায়। এত বলি ভদ্রো লৈয়া গেলেন আলয়॥ নানা মায়া জানে মায়াবতী কামপ্রিয়া। সত্যভাষা শীঘ্র ভারে আনেন ডাকিয়া॥ গুপ্তেতে কহেন সব ভদ্রার চরিত্র। রতি বলে ঠাকুরাণী এ কোন বিচিত্র॥ জিতেন্দ্রিয় ব্রহ্মচারী পার্থ গর্বব করে। অস্থি চর্ম্ম অনাহারী পারি মোহিবারে॥ এত বলি সিন্দুর পড়িয়া দিল ভালে। মন্ত্র পড়ি দিল তুই নয়ন কড্জলে॥ যাহ দেবি এক্ষণে যাইতে পাবে বাট॥ হস্ত দিলে ঘুচিবেক দ্বারের কপাট॥ শুনিয়া রতির বাক্য আনন্দ হইল। পুনরপি ভদ্রা তথা গিয়া উত্তরিল ॥ হস্ত দিতে কপাটের খিলানি ঘুচিল। অৰ্জ্জ্ন সন্মুখে গিয়া ভদ্ৰা দাঁড়াইল ॥ বত্রিশ কলাতে যেন শোভিত চন্দ্রমা। চিত্রকর চিত্র যেন কনক প্রতিমা॥ কে তুমি বলিয়া ক্রোধে উঠিল ফাল্কনী। স্ত্রী নহিলে খড়েগতে কাটিতাম এখনি॥ যাহ শীঘ্র হেথা হৈতে প্রাণ লৈয়া বেগে। নহিলে নাদিকা কাণ কাটিব যে খড়েগ। এত বলি উঠিলেন হাতে লৈয়া ছুরি। দেখিয়া স্থভদ্রা অঙ্গ কাঁপে থরহরি॥ সিঁখায় সিন্দুর তার নয়নে কঙ্জল। দেখিয়া পড়িল পার্থ হইয়া বিহ্বল॥ হরিল পার্থের জ্ঞান কামের হিল্লোলে। তথনি উঠিয়া তারে করিলেন কোলে॥ আইন বৈদহ ভূমি ওচে প্রাণস্থি। তোমার বদনে পূর্ণচন্দ্রমা নির্রাথ া নহি নহি করি ভদ্রা মুখে বস্ত্র ঢাকে। জাতিনাশ কর কেন ছাড় ছাড় ডাকে 🛭

ধনপ্রয় তোমার কিমত ব্যবহার। অনুঢ়া কন্মারে কেন কর বলাৎকার॥ বলেন বাহিরে থাকি সত্রাজিত হৃতা। কহ পার্থ গগুগোল কে করিছে হেথা। স্বভদ্রো বলেন সখি দেখ না আসিয়া। আমারে অর্জ্জুন বীর ধরে কি লাগিয়া॥ সত্যভামা বলে পার্থ অনুঢ়া এ নারী। কিমতে ধরহ বলে হৈয়া ব্রহ্মচারী॥ বহুদেব–হুতা হয় কুষ্ণের ভগিনী। কেন হেন কর্ম্ম কর ধার্ম্মিক আপনি॥ বলেন বিনয় বাক্য পার্থ বীরবর। অনন্ত নারীর মায়া বুঝিবে কি নর॥ তোমার অশেষ মায়া বিধি অগোচর। আমি কি বুঝিব নারিলেন দামোদর॥ না জানিয়া তব আজ্ঞা করিকু লজ্ঞ্বন। ক্ষমহ, তোমার পায় লইকু শরণ॥ ্**অর্জুনের স্তবে তুন্টা হই**য়া ভারতী। হাসিয়া বলেন ভীত নহ মহামতি॥ যে হইল অৰ্জ্জন বুঝিনু তব কৰ্ম। গান্ধর্বব বিবাহ কর আছুয়ে যে ধর্ম। পাঁচ সাত সথী মিলি দিল হুলাহুলি। দোঁহাকার গলে দোঁহে মালা দিল তুলি। হেনমতে দোঁহাকার বিবাহ করাইয়। সত্যভামা গোবিন্দে কহেন দব গিয়া॥ সত্যভামা বলেন যে আজ্ঞা কৈলা তুমি। গান্ধৰ্ব বিবাহ দিয়া আইলাম আমি॥ কালি প্রাতে কর তুমি বিবাহের কাজ। দৃত পাঠাইয়া আন কুটুম্ব-দমাজ॥ অতএব বলি যে বিলম্ব নাহি সয়। গোবিন্দ বলেন দতি এইমত হয়॥ কিন্তু বলভদ্রের অর্চ্ছনে নাহি প্রতি। পার্থে দিতে তাঁহার নহিবে মনোনীত॥ সত্যভামা বলেন উপায় কিবা করি। উপায় করিব বলি বলেন শ্রীহরি॥ মহাভারতের কথা অমূত সমান। কাশীরাম কছে দদা দাধু করে পান ॥

অর্ক্তনসহ স্বভটার বিবাহে বলরামের অসমতি প্রভাতে উঠিয়া দবে করি স্নানদান। একত্রে বসিল যব যাদব প্রধান॥ উগ্রসেন বস্থদেব সাত্যকি উদ্ধব। অক্রুর সারণ গদ মৃধলী মাধব॥ প্রদঙ্গ করেন তবে দেব নারায়ণ। স্ভদ্রা দেখিয়া মম স্থির নহে মন॥ বিবাহের যোগ্যা যে অবিবাহিতা থাকে। অস্পৃগ্য তাহার অন্ন জল বলে লোকে॥ অনূঢ়া কুমারী যদি হয় ঋতুমতী। উভয়ত সপ্তকুল হয় অধোগতি॥ কুলেতে কলঙ্ক হয় সংসারেতে লাজ। একারণে কন্ম। দিতে না করিবে ব্যাজ। সপ্তম বংসরে কন্সা দিলে ফল পায়। অতঃপর ইহাতে বিলম্ব না যুয়ায়॥ আমার দম্বন্ধ যোগ্য না দেখি যে আর। এক চিত্তে লয় মম কুন্তীর কুমার॥ রূপে গুণে কুলে শীলে বলে বলবান। পার্থ যোগ্য হয় করিয়াছি অনুমান॥ শুনি বহুদেব তাহা করেন স্বীকার। যে বলেন কৃষ্ণ চিত্তে লইল আমার॥ সাত্যকি বলেন যদি কুলে ভাগ্য থাকে। তবে ভদ্ৰ। পাইবেক স্বামী অৰ্জ্জ্বকে॥ অৰ্জ্জুন সমান যোগ্য না দেখি ভূতলে। ভাল ভাল বলি বলে যাদব সকলে ॥ এতেক সবার বাক্স্য শুনি হলধর। রক্তচক্ষু করি ক্রোধে করেন উত্তর॥ কেন চিন্তা কর সবে স্বভন্তা কারণে। তার হেতু বর আমি চিন্তিয়াছি মনে॥ কৌরব কুলেতে শ্রেষ্ঠ রাজা হুর্য্যোধন। উৰ্চ্চকুল বলি সিদ্ধ বিখ্যাত ভুবন 🎚 বলে জিনে মত্ত শত সহস্র বারণ। রূপেতে কন্দর্প জিনে ধরে বৈশ্রবণ ॥ অর্চ্ছনেরে শতাংশ না গণি তার গুণে। না বুঝিয়া হেন বাক্য বল কি কারণে ॥

দৃত পাঠাইয়া দেহ হস্তিনানগর।
 হুর্য্যোধনে হেথা নিয়া আহ্নক সম্বর ॥
 শুভদিন করহ করিতে শুভকার্য্য ।
 রাজগণ আনাইব হ'তে সর্ব্ব রাজ্য ॥
 এই বাক্য যগুপি বলেন হলধর।
 অধােমুখ হ'য়ে কেহ না দেয় উত্তর ॥
 কতক্ষণে বলরাম ডাকি দৃতগণে।
 রাজ্যে নিমন্ত্রণ লিখি দিল জনে জনে ॥
 হুর্য্যাধনে লিখিয়া দিলেন সমাচার।
 হুসজ্জা হইয়া এস বিবাহ তােমার ॥
 মহাভারতের কথা অমৃত-লহরী।
 কাশীরাম কহে সাধু পীয়ে কর্ণ ভরি॥

স্বভদ্রা হরণের উদ্যোগ।

দিবা অবদান হৈল সন্ধ্যার সময়। উঠি গেল যতুগণ যার যে আলয়। শত্যভামা জিজ্ঞাদেন গোবিন্দের প্রতি। বিবাহে বিলম্ব কেন কর প্রাণপতি॥ গোবিন্দ বলেন সতী কিসের বিবাহ। পার্থ নাম শুনিয়া রামের জ্বলে দেহ। বলেন যে বর করিয়াছি ছুর্য্যোধনে। দূত পাঠাইলেন তাহার সন্নিধানে॥ শুনি সত্যভামা হৈয়া চমকিত চিতে। অধোমুখ করিয়া বসিলেন ভূমিতে॥ বলিলেন কছ দেব কি ছবে এখন। সনর্থ হইল এবে স্বভদ্রা কারণ **॥** ^{সর্জ্রুন শুনিলে পাছে যায় পলাইয়া।} ভূগিনীরে দিবে কি **হে অন্যবরে বি**য়া ॥ গোবিন্দ বলেন দেবি কেন কর গোল। করিব উপায় আমি নহ উতরোল ॥ পতভোমা বলেন বিলম্ব কথা নহে। কেই যদি একথা রামেরে গিয়া কহে॥ ^{উপায়} না করি কেন মৌনেতে রহিলে। হেন বুঝি কলঙ্ক করিবা যতুকুলে 🛭 এই লজ্জা ভয়ে মম হইতেছে কাঁপ। না দেখাৰ মুখ আর জলে দিব ঝাঁপ 🛚

স্ত্রীলোকেতে জানে যে স্ত্রীলোকের বেদন। শাশুড়ীর অগ্রে আমি করি নিবেদন ॥ এত বলি উঠি গেল দৈবকী সদন। কহিলেন যতেক স্বভদ্রা বিবরণ॥ শুন শুন ঠাকুরাণী করি নিবেদন। কুললজ্জা ভয়ে মম স্থির নহে মন ॥ স্বভদ্রা আসক্তা হৈন বীর ধনপ্রয়ে। বলিল নহিলে প্রাণ ছাড়িব নিশ্চয়ে॥ গান্ধর্ব বিবাহ আমি দিলাম দোঁহার। এবে শুনি এখন হইবে বর আর॥ শুনি দৈবকী দেবা হইয়া বিশ্বিতা। বলভদ্ৰ-গৃহে যান রোহিণী সহিতা॥ দৈবকা বলেন ভাত শুগ্র হলপাণি। অর্জুনে না দেহ কেন হুভদ্র। ভগিনী ॥ রূপে গুণে কুলে শীলে সকল বাখান। কুটুন্থে কুটুম্ব হবে কেন কর আন॥ রাম বলে জননী না বুঝি কেন কহ। পাণ্ডবের জন্মকথা সকলি জানহ॥ আমার কুটুস্বযোগ্য নহে ধনঞ্জয়। অযোগ্য সন্থন্ধে মাতা সব নন্ট হয় 🛭 এই হেতু হুয্যোধনে পাঠাইনু নৃত। নিকলঙ্ক দৰ্ববযোগ্য হয় কুরুহ্বত ॥ তিনলোকে বিখ্যাত পাণ্ডব জায়ছাত। হেনজনে দিতে চাহ স্বভদ্ৰা কিমত 🛚 রোহিণী বলেন ভাত সবার বিচার। তাত ভ্রাতা তোমার যতেক জ্ঞাতি আরু॥ কি হেতু সবার বাক্য করহ হেলন। দেহ অর্জ্জনেরে ভদ্র। সাকার মন। সাধু ধর্মশীল পার্থ গুণী সর্ববগুণে। তারে নাহি দিয়া ভদ্রা দিবা অক্সজনে॥ যে কহ সে কহ তাত ক্রোধ কর তুমি। কল্য প্ৰাতে পাৰ্থে হুছদ্ৰ। দিব যে আমি ॥ শুনিয়া মায়ের বাক্য কাম্পত অধর। তাত্র ছই চকু যেন গ্বলে বৈশানর ॥ বাতুলের বাক্যমত কহিছ বচন। অন্য হৈলে কোথা তার রহিত জীবন ॥

গোবিন্দের কথা যত করিলা স্বীকার। জাতিকুল গোবিন্দের নাহিক বিচার। ভক্তি করি চুই কথা যেই জন কয়। না বিচারি ভাল মন্দ সেই বন্ধু হয়॥ কল্য তার পুত্রে হুর্য্যোধন দিল হুতা। নাহিক তিলেক স্নেহ নব কুটুম্বিতা॥ শিষ্য বলি তারে অতি স্লেহ আমি করি। এই হেতু সবে ক্রুদ্ধ তাহার উপরি॥ কার শক্তি দিতে পারে ভদ্রা অর্জ্জনেরে। যাহ মাতা আর কিছু না বল আমারে॥ এতেক রামের বাক্য শুনিয়া রোহিণী। উঠি গেল ভুইজনে বিষয় বদনী। জন্মেজয়,জিজ্ঞাদিল মুনিরাজ শুন। কোন্ কৃষ্ণ পুত্রে কন্যা দিল হুর্য্যোধন ॥ না কছ আমারে ইহা মূনি কি কারণ। কহ শুনি মূনিরাজ বড় ইচ্ছা মন॥

> ্ছর্য্যোধন কন্তার লক্ষণার স্বর্ধর। ।লে অবধান কব নপবব ।

মুনি বলে অবধান কর নৃপবর। ছুর্য্যোধন নৃপতির কন্যা স্বয়ন্বর ॥ ভানুমতী-গর্ভে জন্ম একই হুহিতা। রূপে গুণে অমুপমা দর্বগুণান্বিতা॥ ্র ভুবনমোহিনী কন্সা সর্বব স্থলক্ষণা। সে কারণে তার নাম থুইল লক্ষণা॥ বিবাহ সময় কন্সা দেখি নরবর। **হৃদয়ে** চিন্তিয়া তবে কৈল স্বয়ম্বর ॥ নিমন্ত্রিয়া আনাইল যত রাজগণে। পুথিবীতে নিবাদ আছিল যে যে স্থানে॥ আইল যতেক রাজা কত লব নাম। রূপবন্ত গুণবন্ত কুলে অমুপম॥ রথ গজ অশ্ব দেখি না হয় গণনে। বিবিধ বাত্যের শব্দ না শুনি প্রবেণে॥ ধ্বজ্ঞ ছত্ৰ পতাকায় ঢাকিল মেদিনী। চরণধুলিতে আচ্ছাদিল দিনমণি॥ সবাকারে তুর্য্যোধন করিল সম্মান। বিদিল নুপতিগণ যার যেই খান॥ ..

নারদের মুখে বার্ত্তা পায় শাস্ব বীর। শুনিয়া কন্মার রূপ হইল অস্থির 🖟 একেশ্বর রথে চড়ি করিল গমন। কিমতে পাইব কন্যা চিন্তে মনে মন॥ অলক্ষিতে একান্তে রহিল রথোপরে। **হেনকালে বাহির করিল লক্ষণারে ॥** অনুপম মুখ তার জিনি শরদিন্দু। ঝলমল কুণ্ডল কমল প্রিয়বন্ধু॥ সম্পূর্ণ মিহির জিনি অধর রঙ্গিমা। ভ্ৰুভঙ্গ অনঙ্গ চাপ জিনিয়া ভঙ্গিমা॥ খঞ্জন গঞ্জনে চক্ষু অঞ্জনে রচিত। শুকচঞ্ নাস। শ্রুতি গৃধিনী নিন্দিত॥ বিপুল নিতম্ব গতি জনিয়া মরাল। চরণে কিঙ্কিণী আর নূপুর রসাল।। নিধু মাগ্রি কিন্তা যেন রচিলা বিহ্ন্যুতে। বালসূর্য্য উদয় করিল পূর্ব্বভিতে ॥ দৃষ্টিমাত্র রাজগণ হারায় চেতন। দেখি জাশ্ববতী স্থতে পীড়িল মদন॥ শীঘ্রগতি ধরি হাতে তুলিলেক রথে। চালাইয়া দিল রথ দ্বারকার পথে॥ ধর ধর বলিয়া ধাইল সেনা সব। নানা অস্ত্র লয়ে ধায় যতেক কৌরব॥ কৃষ্ণের নন্দন শান্ব কুষ্ণের সমান। টক্ষারিয়া ধনুগুণ এড়ে দিব্য বাণ ॥ কাটিল অনেক দৈশ্য চক্ষুর নিমিষে। নাহিক ভ্রুভঙ্গ বীর যুঝে অনায়াদে॥ হস্তী অশ্ব রথ রথী পড়ে সারি সারি। যতেক মারিল যুদ্ধে লিখিতে না পারি॥ ভয়েতে সম্মুখে তার কেহ নাহি রয়। ক্রোধে অগ্র হৈয়া বলে সূর্য্যের তনয়॥ বালক হইয়া তোর এত অহঙ্কার। কন্সা হরি *বৈ*ন্যা যাস্ **অ**গ্রেডে আমার॥ প্রতিফল ই**হা**র পাইবি এইক্ষণে। এত বলি কর্ণবীর এড়ে অস্ত্রগণে॥ ইন্দ্রজাল অন্ত্র এড়ে দূর্য্যের নব্দন। নারি নিবারিতে শাষ পড়িল বন্ধন॥

আদিপর্বব ।]

धित्रल धित्रल ८ । विन भिक्त रहल । ফেল কাটি বলিয়া নূপতি আজ্ঞা দিল। আমা লঙ্ঘে এই চোর আমার অগ্রেতে। দক্ষিণ মশানে লৈয়া কাট এই পথে॥ নুপতির আজ্ঞা পেয়ে ধায় তুঃশাসন। অনেক মারিয়া নিল করিয়া বন্ধন ॥ কর্ণ প্রতি জিজ্ঞাদেন রাজা হুর্য্যোধন। চিনিলা কি এই চোর কাহার নন্দন॥ কর্ণ বলে মহারাজ এত গর্বব কার। চোরপুজ বিনা চুরি কে করিবে আর ॥ শুনি দুর্য্যোধনের কাঁপিছে কলেবর। কড্মড় দশনে কচালে করে কর॥ গোকুলেতে বাড়িল গোপ অন্ন খাইয়া॥ ক্ষত্রকুলে কেহ কন্সা নাহি দেয় বিয়া॥ চুরি করি দব ঠাঁই এইমত লয়। সহজে চোরের জাতি কিবা লাজ ভয়॥ সর্বত্ত করিয়া চুরি বাড়িয়াছে মন। নাহি জানে তুরন্ত এ যমের দদন॥ সভাতে এ সব লঙ্জা দিলেক আমায়। কাট লৈয়া চোরেরে বিলম্ব,না যুয়ায়॥ এতেক বলিল যদি রাজা ভুর্য্যোধন। কে চোর বলিয়া বলে ধর্মের নন্দন॥ ত্র্যোপন বলে যুধিষ্ঠির মহারাজ। তোমার কি অগোচর সেই চোররাজ॥ ভাই ভাই বলি যারে বলহ আপনি। গোকুলে করিল চুরি গোকুল-কামিনী॥ বিদর্ভে করিল চুরি ভীষ্মক-ছুহিতা। পুত্র কাম কৈল চুরি ব্রজনাভস্কতা॥ পৌজ চুরি করিলেক বাণের নন্দিনী। এ তিন পুরুষে চোর বিখ্যাত ধরণী॥ শুনিয়া বিষন্ন মুখ হৈয়া ধর্মারাজ। কৃষ্ণনিন্দা শুনিয়া জুঃখিত হৃদিমাঝ॥ ^ধর্ম বলিলেন ভাই∙না হয় উচিত। গোবিন্দের নিন্দা কর সবার বিদিত॥ যে পারে করিতে চুরি ঈেই করে চুরি। কাহার শক্তিতে কৃষ্ণে কি করিতে পারি॥ তুর্য্যোধন বলে ভাল বল ধর্মরাজ। যাহা হৈতে আমার ভুবনে হৈল লাজ। মম কন্সা চুরি করি লয় প্ররাচার। তারে নিন্দা করিতে এ উত্তর তোমার। যুধিষ্ঠির কহে কন্সা কে করিল চুরি। আন দেখি তাহারে চিনিতে যদি পারি॥ তুর্য্যোধন বলে চোরে কোনু কর্ম্ম হেথা। যে কেহ হউক শীঘ্র কাট তার মাথা॥ যুধিষ্ঠির বলে যদি কৃষ্ণের নন্দন। তারে কাটি ভাল না হইবে হুর্য্যোধন॥ কৃষ্ণ বৈরী হৈলে ভাই রক্ষা আছে কার। কুরুকুলে বাতি দিতে না থাকিবে আর॥ ইন্দ্র যম বরুণ কুবের পঞ্চানন। ক্বষ্ণ ক্রোধ করিলে রাখিবে কোন্ জন। ছুর্য্যোধন বলে যদি তুমি ভরাইলে। ইন্দ্ৰপ্ৰশ্বে যাও প্ৰাণ লয়ে এইকালে॥ এক্ষণে শরণ গিয়া লহ কৃষ্ণ ঠাই। মারিব চোরেরে আমি কারে না ডরাই॥ তুর্য্যোধন-বাক্য যে শুনিয়া রুকোদর। পাইয়া জ্যেষ্ঠের আজ্ঞা ধাইল সত্তর॥ মশানেতে ছঃশাদন ধরি শাম্বচুলে। কাটিবারে হস্তে বীর থড়গ চর্ম্ম তোলে ॥ বায়ুবেগে রুকোদর উত্তরিল গিয়া। হাত হৈতে খড়গ চর্মা লইল কাড়িয়া॥ তাহারে বলিল তোর কিমত বিচার। কাটিবারে আনিয়াছ ক্লফের কুমার॥ ধর্ম্মরাজ আজ্ঞা কৈল লইতে বাহুড়ি। এত বলি ছিঁড়িল সে বন্ধনের দ**়ি**॥ হাতে ধরি কোলে করি লইল শামেরে শাস্ব দেখি যুধিষ্ঠির কহেন সাদরে॥ জাম্ববতী নন্দন হে বংসল আমার। চুস্বিয়া নিলেন কোলে ধর্ম্মের কুমার॥ দেখি ত্রোধে ছুর্য্যোধন কাঁপে থর্থরে। (एथ (एथ) विनया वनाय भवाकारत ॥ দেখ ভীষ্ম দ্রোণ কৃপ আপন বিদিত। নিরন্তর কছ যে <u>পাণ্ডব তব ছিত এ</u>

কুলের কলঙ্ক যেই অধর্ম আচার। হেনজনে মারিতে সহায় হৈল তার 🛚 ষুধিষ্ঠির বলে ভাই দেখ হুর্য্যোধন। এইরূপ সভামধ্যে আছে কোন্ জন॥ যত্র মহাকুলে জন্ম কুমের কুমার। ক্বষ্ণপুজে দিব কন্স। কুলের আচার॥ উহারে না দিয়া কন্যা আর কারে দিবা। বর পূর্বা হৈলা কন্যা কলঙ্ক হইবা 🛭 কে আর করিবে বিভা পৃথিবীমগুলে। সভাতে দেখিল শাষ করিলেন কোলে॥ **ছর্ম্যোধন** বলয়ে তোমার নাহি দায়। এইমত গুহে পাছে রাখিব কন্যায়॥ মারিব হুন্টেরে তুমি ছাড়শীভ্রগতি। ভীম বলে হুর্য্যোধন ছন্ন হৈল মতি॥ কি দেখিয়া এত গর্ব্ব হইল তোমার। কৃষ্ণপুত্রে মারিবা যে অগ্রেতে আমার॥ কে আদে আম্রক দেখি তাহার বদন। গদাঘাতে দেখাইব যমের সদন॥ এত বলি গদা লৈগা বীর রুকোদর। ষ্মবিরত ঘুরায় সে মস্তক উপর॥ ভীমের বচন শুনি ছুর্য্যোধন ক্রোধে। কাড়ি লহ বলি আজ্ঞা দিল সব যোধে॥ তুর্য্যোধন আজ্ঞাতে যতেক সহোদর। হাতে গদা করি সব ধাইল সত্তর॥ ব্যান্ডের সম্মুখে থেতে লাগে যেন শঙ্কা। দেখি ধায় রুকোদর সদা রণভঙ্ক।॥ ভীশ্ব দ্রোণ কহে দাঁড়াইয়া মধ্যস্থানে। স্থাপনা আপনি তাত খল্ব কর কেনে॥ বন্দী করি রাখ শান্বে আমার গৃহেতে। বুঝিয়া ইহার দণ্ড করিব পশ্চাতে॥ তুৰ্য্যোধন ৰলে ভাত কৃষ্ণের এ হ্বত। শ্রুত্রমাত্র যতুবলে আসিবে অচ্যুত।। ইহারে এক্ষণে যদি প্রাণেতে মারিবে। গোবিন্দ করিলে ক্রোধ অনর্থ হইবে॥ যুদ্ধ করি গোবিন্দে করিব পরাজয়ু। ক্ষেত্ৰত সাবিৰ এৱে স্বব্ৰেড আছুর।

যুধিষ্ঠির বলিলে ভাল ভাল বলি।
ছুর্য্যোধন বলে, দেহ চরণে শিকলি॥
চরণে নিগড় দিয়া নিল গুরু ডোেণ।
নিজ নিজ গৃহে সব করিল গমন॥

শাবের বন্ধন সংবাদ লইয়া নারদের গমন। বন্ধনে রহিল শাস্ব কুষ্ণের নন্দন। বার্ত্তা দিতে চলেন নারদ তপোধন ॥ কহেন গোবিন্দ প্রতি গদগদ কথা। শুনহ গোবিন্দ শাম্ব পুত্রের বারতা।। তুর্য্যোধন তুহিতার স্বয়ম্বর কালে। স্বয়ন্ত্রর স্থানে তারে শান্ত হরি নিলে॥ যুদ্ধ করি বন্দী তারে কৈল ইন্দ্রজালে। কতেক কহিব দেব যতেক মারিলে॥ কাৰ্টিতে লইয়া গেল দক্ষিণ মণানে ৷ যুধিষ্ঠির রাখিলেন দিয়া ভীমদেনে॥ অনেক করিল হৃদ্ধ তাহার সহিতে। বন্ধ করি রাখিয়াছে ভাস্মের গৃহেতে॥ ক্ষুধায় আকুল শাষ আর নানা ক্লেশ। বিবিধ অস্ত্রের ঘাত প্রাণ মাত্র শেষ॥ তোমারে যতেক গালি দিল ছুর্য্যোধন। আমি কি কহিব সব করিয়া বর্ণন॥ শুনি কুষ্ণ হইলেন ক্রোধেতে অস্থির। সেইক্ষণে যতুলৈতো হইল বাহির॥ এই সব বৃত্তান্ত শুনিয়া হলধর। তুর্য্যোধন হেতু তাপ-করেন বিস্তর॥ ক্রোধে যাইতেছে কৃষ্ণ দাজি দেনাগণে। সবংশেতে মারিবেন আজি তুর্য্যোধনে ॥ এত চিন্তি আপনি রেবতীপতি গিয়া। শ্রীপতিরে কহিছেন বিনয় করিয়া॥ তুমি তথাকারে যাবে কিদের কারণ। আমি গিয়া পুত্রবধূ আনিব এক্ষণ॥ ইত্যাদি অনেকবিধ কৃষ্ণে বুঝাইয়া। আপনি গেলেন রাম কু:ফেরে রাখিয়া॥ হস্তিনানগরে রাম হৈয়। উপনীত। চুর্য্যোধনে দুত পাঠাইলেন ছরিত **॥**

া বুঝিয়া ছুর্য্যোধন এ কর্ম্ম তোমার। " দ্ধ করি রাথ গৃহে ক্ষের কুমার॥ য হইল দোষ ক্ষমিলাম সে ভোমারে। ুক্রবধূ আনি দেহ আমার গোচরে॥ ্রত শুনি ছুর্য্যোধন দূতের বচন। ক্রাধে থরথর অঙ্গ করয়ে গর্জন ॥ য় বাক্য বলিলে ভূমি গুরু বলি মানি। মন্য হৈলে সেই জন দেখিত এখনি॥ শাঠাইলা পুত্রে হেথা চুরি কর গিয়া। এবে বলে পুত্রবধূ দেহ পাঠাইয়া॥ ়ক পুক্রবধুকে তার দিবে পাঠাইয়া। লঙ্জা'নাহি ভেঁই হেন পাঠায় কহিয়া॥ ;বাও দূত কহ গিয়া এ বাক্য আমার। ভালে ভালে নিজ গৃহে যাও আপনার॥ দৃত গিয়া কহিল সকল বিবরণ। শুনি ক্রোধে হলধর কম্পিত নয়ন॥ ক্রোধে হলী মূষল নিলেন তুলে হাতে। [!] লাক দিয়া **রথ হৈতে পড়েন ভূমিতে ॥** ক্রোধে থরথর অঙ্গ পদ নাহি চলে। ধরণীতে লাঙ্গল দিলেন সেই স্থলে॥ রাজা প্রজা পাত্রমিত্র সহিত সকলে। নগর সহিত যেন পড়ে গঙ্গাঙ্গলে॥ হস্তিনানগর পঞ্চ যোজন বিস্তার। রামের লাঙ্গলে উঠে হইয়া বিদার॥ দেখি হাহাকার শব্দ হইল নগরে। উদ্ধিখাদে ধায় দবে রামের গোচরে॥ ভীম্ম দ্রোণ ক্বপ আর বিহুর সংহতি। শত ভাই হুৰ্য্যোধন পাণ্ডব প্ৰভৃতি ॥ ব্রুযোড়ে করুণ বচনে করে স্তুতি। ^{রকা} কর বলদেব রেবতীর পতি॥ তুমি ব্রহ্মা তুমি বিষ্ণু তুমি মহেশ্বর। অনাদি অনন্ত তুমি ব্যাপ্ত চরাচর॥ তুনি জোধী হইলে ভন্ম হৈবে সংসার। তোমার ক্রোধেতে এ হস্তিনা কোন ছার॥ যুবা বৃদ্ধ শিশু গো ব্রাহ্মণ নারায়ণ। বিশেষ তোমার বধু আছয়ে লক্ষণ॥

ক্ষমা কর কুপামর পড়ি যে চরণে।
এইবার রাখ প্রভু দয়া করি মনে॥
এতেক সবার স্তৃতি শুনি বলরাম।
রাখিলেন লাঙ্গল হইল ক্রোধ শাম॥
ততক্ষণ তুর্য্যোধন শাম্বেরে লইয়া।
নানা অলঙ্কার অঙ্গে ভূষণ করিয়া॥
লক্ষণার সহিত লইয়া দোহা রথে।
বিবিধ যৌতুক দিল শাম্বের অত্যেতে॥
দেখিয়া সানন্দ হৈয়া রেবতীরমণ।
পুত্রবধূ লয়ে শীঘ্র করেন গমন॥
মহাভারতের কথা অমৃত সমান।
কাশীদাস কহে সাধু সদা করে পান॥

স্ত্রার বিবাহ কারণ স্তাভাগার মধ্চিন্তা ও ইঙিনায় দূত প্রেরণ।

মুনি বলে অবধান করহ নৃপতি। রামবাক্য শুনি দোঁহে হৈল তুঃখমতি॥ অধোমুখে বসিলেন দৈবকী রোহিণী। সতী বলিলেন সর্ববনাশ ঠাকুরাণী॥ না দিলে মরিবে পার্থ মারিবেক ক্রোধে। আর কত করিবেক তা সহ বিরোধে॥ মরিবে অনেক লোক স্বভদ্র। কারণ। একণে না হয় কেন স্বভদ্র। মরণ॥ গরল থাউক কিমা প্রবেশুক জলে। দকল অনিষ্ট খণ্ডে স্বভদ্র। মরিলে॥ আমি তার সহ করি জলেতে প্রবেশ। সংসারেতে লোকলজ্জা স্ত্রীবধ বিশেষ ॥ এতেক ভাবিয়া দেবী আকুল পরাণ। পুনঃ উঠি যান দেবী গোবিন্দের স্থান॥ দৈবকী রোহিণী দেবী ক**হিলে**ন যত। গোবিন্দে করান দেবা ভাষা অবগত॥ গোবিন্দ বলেন প্রিয়ে ভয় কি তোমার। উপায় করিব ইথে সে ভার আমার॥ দৃত পাঠাইয়া আন তুমি ধনঞ্জয়। সতী বলে আমি যাই দূত কৰ্ম নয়॥

একাকিনী যান সতী পার্থের সদন। দেখেন স্বভটো সহ আছেন অৰ্জ্বন ॥ শত্যভামা বলেন কি নিশ্চিন্ত আছহ। এতেক প্ৰমাদ পাৰ্থ তুমি না জানহ॥ পার্থ বলিলেন দেবী কিসের প্রমান। .**যাহার স**হায় দেবী তব যুগ্মপাদ॥ পার্থেরে লইয়া সতী যান কৃষ্ণস্থান। হত্তে ধরি পালক্ষে বসান ভগবান 🛚 গোবিন্দ বলেন স্থা কর অবধান। পিতৃ আজ্ঞা তোমারে স্বভদ্রা দিতে দান ॥ লাকলী বলেন আমি দিব হুর্ষ্যোধনে। এত বলি দূত পাঠাইলেন সে স্থানে॥ কি হইবে কহ সথা উপায় ইহার। 🗢নি হাসি বলিলেন কুন্তীর কুমার॥ এই কথা হেতু সথা চিন্তা কেন মনে। তোমার প্রসাদে আমি জিনি ত্রিস্থুবনে॥ মৃত্যুপতি মৃত্যুঞ্জয় ইক্রে নাহি ডরি। **কামপাল** কত শক্তি ধরেন শ্রীহরি॥ দাণ্ডাইয়া আপনি দেখুন হলধর। স্বভটো লইয়া যাই সবার গোচর॥ 🕮 ক্লম্ব বলেন দ্বন্দে নাহি প্রয়োজন। পুকাইয়া ভদ্রা লৈয়া করহ গমন॥ **মম রথে চ**ড়ি যা**হ** মৃগয়ার ছলে। স্বভদ্রা পাঠাব আমি স্নান হেতু জলে॥ সেই রথে ল'য়ে তুমি করিবে গমন। পশ্চাতে করিব শান্ত রেবতীরমণ॥ **अर्डक विमम यिन टेमवकी-क्र्यात्र**। অৰ্চ্ছন বলেন দেব যে আজ্ঞা তোমার॥ হেনমতে বিচার করিয়া তুইজন। নি**জ** গৃহে চলিলেন করিতে শয়ন ॥ প্রভাতে উঠিয়া পার্থ করি স্নানদান। কি করিব বিশিয়া করেন অনুসান॥ এতেক অনর্থ হবে রাম সহ রণ। কিছু না জানেন রাজা ধর্মের নন্দন ম এত চিন্তি ইন্দ্রপ্রহে দূত পাঠাইয়া। ব্রলিলেন সমস্ত রুক্তান্ত বিবরিয়া॥

আল্লারে হভদ্রা দিতে ক্ষের মানস। কামপাল হইলেন তাহাতে বিরুদ॥ তাহে কৃষ্ণ বলিলেন লহ লুকাইয়া। ইহার বিহিত আজ্ঞা দেহ পাঠাইয়া॥ শুনিয়া বলেন তবে ধর্ম্মের নন্দন। পাগুবের স্থা বল বুদ্ধি নারায়ণ॥ তিনি কহিবেন যাহ। করিবা সে কাজ। 😎নি পার্থ সানন্দ হইলেন হুদিমাঝ॥ হেনমতে সপ্তনিশা গত হয় তথা। হেথা ছুর্য্যোধন রাজা শুনিল বারত।॥ ধৃতরাষ্ট্র গান্ধারী হরিষ সর্ববজন। কুষ্ণের ভগিনীপতি হবে ছুর্য্যোধন॥ বহু দেশ হইতে আদিল বন্ধুগণ। বিবাহ দামগ্রী হেতু করে অয়োজন॥ স্থানে স্থানে বিদ সবে করেন বিচার। তুর্য্যোধনে পাগুবের ভয় নাহি আর ॥ এই কথা অহর্নিশি চিন্তে মনে মন। আজি হৈতে নিৰ্ভয় হইল হুৰ্য্যোধন॥ পাণ্ডবের সহায় কেবল নারায়ণ। ত্রব্যোধনের আত্মবন্ধু হইল এখন॥ দ্রোণ বলে কৃষ্ণের কুটুন্বে নাহি প্রীত্র। তাঁর নাহি পরাপর ভক্তজন হিত ॥ বিহুর কহেন কথা আশ্চর্য্য লাগয়। ক্বপাচার্য্য বলে ইহা কদাচিত নয়॥ দ্রর্যোধনে অপ্রীত গোবিন্দ মহাশয়। এমন হইবে কর্ম মনে নাহি লয়॥ দূতস্থানে জিজ্ঞাসিল সব বিবরণ। সকল ব্তান্ত দৃত কহিল তখন ॥ দারকাতে আছেন অজুন কুস্তাস্থত। তাহারে স্বভদ্রা দিবে বলেন অচ্যুত। পাণ্ডবে অপ্রীত রাম না করে স্থীকার। क्र्र्याध्य निव वर्ल ताश्निक्यात ॥ গোবিন্দের চিত্ত নছে ছুর্য্যোধনে দিতে। না হয় নির্ণয় কিছু যা **হয় পশ্চা**তে ॥ ভীন্ম বলে হুৰ্ষ্যোধন পাবে লজ্জা মাত্ৰ। যে কেহ করুক বিভা, মোরা বর্ষাত্র ।

মহাভারত **



হ্মভদ্র। হরণ। [পৃষ্ঠা---২১১

চর্যোধনের বরবেশে ছারকায় গমন।

তুর্যোধন দূত পাঠাইল ধর্মস্থানে। সকলে আদিবা মম বিবাহ কারণে॥ শুনিয়া ধর্ম্মের পুত্র বিশ্বায় অন্তর। সহদেবে ভাকি জিজ্ঞাসেন নরবর ॥ অনুথের প্রায় কথা লয় মম মনে। কহ সহদেব ইথে হইবে কেমনে ॥ সহদেব বলেন শুনহ নরনাথ। মুভদার বিবাহ হইল দিন সাত॥ সত্যভামা বিবাহ দিলেন লুকাইয়া। চবিব আজ্ঞায় বলরামে না কহিয়া॥ রামের বাসনা ভদ্রা দিতে প্রর্য্যোধনে । ভূর্যোগন যাইতেছে রামের কারণে॥ ইহার উচিত বিধি করিবা আপনি। তার হেতু চিন্তিত না হবে নুপমণি॥ যুধিষ্ঠির বলেন এ লঙ্জার বিষয়। আমার যাইতে তথা উচিত না হয়॥ ন। গেলে হইবে ছুঃখী রাজা ছুর্য্যোধন। আপনি সমৈত্যে ভীম করহ গমন ॥ পাইয়া রাজার আজ্ঞা বীর রুকোদর। পাঁচ অক্টোহিণী দলে চলেন সত্বর 🛚 আনন্দেতে ছুর্য্যোধন বরবেশ ধরে। রক্লময় চতুর্দোলে আরোহণ করে॥ ছৰ্য্যোধন বেশ দেখি ভীমে হৈল ক্ৰোধ। ডাকিয়া বলিল তোমা সবাই অবোধ॥ এথা হইতে দ্বারাবতী আছে দুর দেশ। এই স্থানে কি হেতু করিলা বরবেশ। ত্রংশাসন বলে কহ কি দোষ ইহাতে। দেখিতে না পার যদি আইদ পশ্চাতে॥ ভীম বলে ভাল মন্দ বুঝিবা হে শেষে। কোন্ কন্সা বিবাহেতে যাও বরবেশে॥ তোমার নিকটে দূত পরশ্ব আইল। স্বভটা বিবাহ আজি সপ্তাহ হইল॥ অকারণ সভামধ্যে গিয়া পাবে লাজ। তেঁই দে বলিসু বরবেশে নাহি কাজ ॥

পিছে কেন যাব স্থামি যাই তব স্থাগে। এত বলি সমৈন্যে চলিল বীর বেগে॥ বিশ্মিত শকুনি কর্ণ হুর্য্যোধন শুনি। ভীষ্ম দ্রোণ বিহুর করেন কানাকানি॥ कुः भामन वर्ल (य विलल त्रुरकामत । সত্য হেন লাগে প্রায় আমার অন্তর॥ কে না জানে ভীমের যেমন বুদ্ধি খল। বরবেশ দেখি আত্মা হইল বিকল॥ বাতুলের প্রায় বলে যা আইদে মুখে। চল শীঘ্র দেখিয়া ফাটয়ে যেন বুকে॥ এত বিচারিয়া সবে করিল গমন। তিন দিন গেল পথ শতেক যোজন॥ ত্বর্য্যোধন রাজা তবে করিয়া যুকতি। পত্র লিখি দূত পাঠাইল শীঘ্রগতি॥ রোহিণী নক্ষত্র শেষ অক্ষয় তৃতীয়া। দ্বিতীয় প্রহর কল্য উত্তরিব গিয়া॥ করহ কন্মার অধিবাদ আজ রাতি। কালিরাত্রে বৈবাহিক শ্রেষ্ঠলয় তিথি॥ দূত গিয়া দিল পত্র মুষলার হাতে। পত্র পড়ি বলরাম কহেন সভাতে॥ করহ ভদ্রার গন্ধ অধিবাদ আজি। নিকটে আইল রাজা তুর্য্যোধন সাজি॥ মহাভারতের কথা অমূত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

অজ্নের হুভলা হরণ :

বলভদ্রে আজ্ঞা পাইয়া নারীগণ।
পিটালি হরিদ্রা লৈয়া কৈল উদ্বর্ত্তন ॥
তৈল আমলকা গন্ধ মাথিল কুন্তলে।
স্নান করিবারে গেল সরস্বতী কূলে॥
কুষ্ণের ইঙ্গিত পেয়ে দেবী সত্যবতী।
ভদ্রা লৈয়া গেল সহ অনেক গুবতী ॥
অর্জ্জুনেরে ডাকিয়া বলেন নারায়ণ।
আজ্জুনি শুনিলে কি আইল হুর্য্যোধন॥
আজি অধিবাস আজ্ঞা দিল হলপাণি।
সরস্বতী-কুলে গেল স্কুড্রা ভগিনী॥

মুগয়ার ছলে চড়ি যাও মম রথে। স্বভদ্ৰা লইয়া তুমি যাও দেই পথে॥ দারুকে ডাকিয়া কুষ্ণ বলেন ইঙ্গিতে। অৰ্জুনে লইয়া তুমি যাও মম রথে॥ যা কহিবে অজ্জুন না করিও অন্যথা। যথায় বলিবে রথ লৈয়া যাবে তথা॥ পাইয়া কুফোর আজ্ঞা দারুক সম্বর। সাজায়ে আনিল রথ অর্জ্জুন গোচর॥ হ্মসজ্ঞা হইয়া পার্থ লৈয়া ধকুঃশরে। খড়গ ছুরি গদা শূল চক্র লৈয়া করে॥ ক্লফারথে আরোহণ করি মহাবীর। চালাইয়া দেন রথ সরস্বতী তীর॥ যথা ভদ্রা করে স্নান নারীগণ মাঝে। ধীরে ধীরে অর্জ্জুন চলেন পদত্রজে॥ ধরিয়া ভদ্রারে তুলি চড়াইয়া রথে। চালাইয়া দেন রথ ইন্দ্রপ্রস্থ পথে॥ হাহাকারে ডাকিল যতেক কন্যাগণ। হ্রভদ্র। হরিয়া লয় কুন্তীর নন্দন ॥ শব্দ শুনি বেগে ধায় সভাপাল দব। ধর ধর বলি ডাকে আরে রে পাগুব॥ আরে পার্থ মতিচ্ছন হইল তোমারি। কেমন সাহস তোর হেন গৃহে চুরি॥ না পলাও বলি তারে পাছেতে ডাকিল। শুগালের শব্দে যেন সিংহ নেউটিল।। ধনুগু ণ টঙ্কারিয়া করি শরজাল। নিমিষে কাটেন তিন্ লক্ষ সভাপাল॥ সভাপাল মারিয়া চালাইলেন রথ। নিমিষে গেলেন পার্থ দশ ক্রোশ পথ ॥ স্থভদ্রা হরিল বার্ত্তা শুনিয়া প্রবণে। চতুৰ্দ্দিকে ধাইয়া আইল সৰ্বাজ্ঞনে॥ গদ শান্ব আইল লইয়া বহু সেনা। পাইয়া রামের আজ্ঞা ধায় সর্বজন। ॥ ধর গিয়া বলি আজ্ঞা দেন হলধর। স্সৈন্যে সারণ বীর চলিল সত্বর ॥ ক্রোধে বলভদ্র তমু কাঁপে ধর থর। ফুলিয়া হইল তত্মু যেমন মন্দর 🛚

প্রলয় মেঘের শব্দ ডাকে যেন গলা। অঙ্গ হৈতে ছিঁড়িয়া পড়িল বনমালা॥ রাম বলে এত গর্ব্ব পাগুবের হৈল। শ্বা হইয়া যজ্ঞহবি লইতে ইচ্ছিল। চণ্ডাল হইয়া ইচ্ছা হরিল ব্রাহ্মণী। গারুড়ি আজ্ঞাতে যেন ধরে কালফণী 🛚 যে পুরে দূর্য্যেন্দু বায়ু তেজ মন্দ বয়। যে পুরে আসিতে শক্তি শমনের নয়॥ ্হের দেখ মতিচ্ছন্ন **হৈল তু**রাচার। চুরি করি ল'য়ে যায় ভগিনী আমার ॥ এই দোষে তোরে আজি মারিব সমূলে। বাতি দিতে না রাখিব পাগুবের কুলে॥ তাহারে মারিব যে হইবে তার স্বংশে। পৃথিবী খুঁজিয়া আমি মারিব সবংশে॥ ইন্দ্ৰপ্ৰস্থ মাটি আজি তাড়িয়া লাঙ্গলে। ফেলাইয়া দিব ল'য়ে সমুদ্রের জলে॥ ইন্দ্র যম কুবের বরুণ পঞ্চানন। কার শক্তি মম শক্ত করিবে রক্ষণ। জানি আমি পাণ্ডবের অতি মন্দ রীতি। না জানিয়া কুষ্ণ তার সহ কৈল প্রীতি **॥** অন্তঃপুরে দেয় তারে রহিবারে স্থান। নহে কেন এতেক হইবে অপমান॥ যত স্নেহ করিত্ব শুধিল তারগুণ। ভগিনী হরিয়া মুখে দিল কালি চুণ ॥ প্রতিফল ইহার পাইবে চুফ্ট আজি। এত বলি বাহির হলেন রাম সাজি॥ বামেতে লাঙ্গল ধরি দক্ষিণে মুঘল। বজ্রহন্তে শোভা যেন করে আখণ্ডল। কৃষ্ণে ডাক বলি দূতে দেন পাঠাইয়া। সে প্রিয়দখার কর্ম্ম দেখুক আসিয়া॥

যাদবগণের অর্জ্নের পশ্চাদ্ধাবন।
গদ শাস্ব চারুদেষ্ণ সাত্যকি সারণ।
চালাইয়া দিল রথ পবনগমন॥
না পলাও শুন পার্থ ডাকে যতুগণ।
শুনিয়া দারুক প্রতি বলেন অর্জ্বন॥

ফিরাও দারুক রথ ডাকে ক্ষত্রগণে। না দিয়া প্রবোধ তারে যাইব কেমনে॥ দাৰুক বলিল পাৰ্থ কহ কি অদ্ভুত। গোবিন্দ অধিক দেখ গোবিন্দের হৃত॥ ইহা সব সহ যুদ্ধ না হয় উচিত। দময় বুঝিয়া যুদ্ধ আছে ক্ষত্ৰনীত॥ এ কর্মা করিতে শক্ত নহিবে অর্জ্জ্বন। পলাইতে যথা চাহ বলহ একণ ॥ কৃদ্যপুত্রে প্রহারিয়া চড়ি এই রথে। মন শক্তি নহিবে তুরঙ্গ চালাইতে॥ পার্গ বলে দারুক এ নহে ব্যবহার। যুদ্ধ হেতু ডাকিতেছে পশ্চাতে আমার॥ হেন অপ্যশ মম ঘুষিবে ভুবনে। শৃগালের প্রায় যাব কি কাজ জীবনে॥ কৃষ্ণপুত্ৰ আহ্বক আপনি কৃষ্ণ আদে। কিন্দা যুধিষ্ঠির ভীম সমরে প্রবেশে॥ যুদ্ধ হেতু আমারে ডাকিলে ক্ষত্র হৈয়া। যে হউক সংগ্রাম করিব বাহুড়িয়া॥ নিশ্চয় জানিসু ভূমি যত্নকুল-হিত। নারিবে সার্থি-কর্ম্ম করিতে উচিত॥ অবিশ্বাদ তোমাতে বিশেষ রণস্থলি। ফেলহ প্রবোধ বাড়ি ছাড় কাড়িয়ালি॥ চালাইব রথ আমি করিব সমর। এত বলি ছড়ি কাড়ি লইল সত্বর॥ পাশ অক্সে দারুকেরে রাখিয়া বন্ধনে। বান্ধিলেন রথস্তম্ভে আপন দক্ষিণে॥ এক পদে কড়িয়ালি আর পদে বাড়ি। ধনুগুণ টঙ্কারিয়া রহিলা বাহুড়ি॥ ভদ্র বলে মহাবীর এত কফ্ট কেনে। অজ্ঞি কর আমারে চালাই অশ্বগণে॥ তথা হৈতে চালাইয়া দিল অশ্ববর। রথের চঞ্চল গতি অতি মনোহর॥ দৃষ্টি মাত্রে যতেক যাদব বীরগণ। মূর্চ্ছা হৈয়া রণেতে পড়িল সর্ববন্ধন॥ বিহ্যাৎবরণী ভদ্রা পার্থ জলধর। বিহ্যাতের প্রায় পৈশে মেঘের ভিতর॥

অনেক মারেন দৈন্য পার্থ ধনুর্দ্ধর। কোটি কোটি রথী পড়ে অসংখ্য কুঞ্জর ॥ রক্তে নদী বহে সব রক্তেতে সাঁতারে। কালরূপ দেখি পার্থে ভঙ্গ দিল ডরে॥ কামদেব সারণ বিচারি মনে মন। রামের নিকটে দূত করিল প্রেরণ॥

বলরামের নিকট অর্জুনের রণঙ্কয় সংবাদ : সদৈন্যে বাহির হইলেন বলরাম। হেনকালে দূত গিয়া করিল প্রণাম॥ স্বভদ্রা চালায় রথ না পাই দেখিতে। কখন আকাশে উঠে কখন ভূমিতে॥ যুদ্ধ করে পার্থ দব দৈন্যের দম্মুখে। কোন ঠাঁই থাকে তাহা কেহ নাহি দেখে। নানাবর্ণে ধনপ্তয় অস্ত্রগণ ফেলে। অগ্নি অন্ত্রে সবায় পোড়ায় দাবানলে॥ সেই সে সবারে মারে কেহ তারে নারে। যতেক মারিল দৈন্য কে কহিতে পারে॥ তার যুদ্ধ দেখিয়া হইল চমৎকার। বাৰ্ত্তা দিতে পাঠাইল যতেক কুমার॥ মুষলী বলেন দূত কহ সত্য কথা। এমত তুরঙ্গ রথ পাইল সে কোথা। দূত বলে যাদবেক্ত কহিবারে ভয়। গোবিন্দের রথোপরি হুগ্রীবাদি হয়। সার্থি দারুক বান্ধা আছে বসি রথে। হৃভদ্র। চালায় রথ দেখিতু দাক্ষাতে॥ দূতমুখে বলভদ্র শুনি এই কথা। ভূমিতলে বসিলেন হৈয়া হেঁটমাথা॥ শুর্জ্বনের কি শক্তি যে হেন কর্ম্ম করে। না বুঝি: দোষা আমি করি অর্চ্ছুনেরে॥ ছুর্য্যোধনে ভাকাইন্থ বিবাহ কারণ। অধিবাস হেতু বাসিয়াছে দ্বিজগণ ॥ এত বলি অধোমুখে বদিলেন রাম। হেনকালে আইলেন নবঘনস্থাম॥ ভূমে পড়ি বলদেবে করেন প্রণাম। নারায়ণে তেলাধে না চাহেন বলরাম॥

গোবিন্দ বলেন কেন ক্রোধ কর স্বামী। তব পদে কোন্ অপরাধ করি আমি॥ উত্রদেন বলে তুমি করিলে কুকর্ম। ভদ্র। নিতে পার্থে বল, নহে এই ধর্ম॥ নিজ রথ তুরঙ্গ সারথি দিলে তারে। তোমারে না দিয়া দোষ দিব আর কারে॥ গোবিন্দ বলেন ইহা জানে সর্বজন। সেই রথে চড়ি পার্থ ভ্রমে অনুক্ষণ॥ কিমতে জানিব যে স্বভদ্রা লবে হরি। নর মায়া বুঝিবারে নাছি আমি পারি॥ ইথে অকারণ প্রভু আমারে আক্রোশ। ভদ্রা যদি বাহে রথ দারুকে কি দোষ॥ কহ সত্য পুনঃ দূত দারুকের কথা। কিরূপে দারুক আছে অর্জ্জুনের দেখা। **দূঁত বলে** দারুক আপন **বশে** নাই। বন্ধন করিয়া তারে রাখিল গোসাঞি॥ **জ্রীকৃষ্ণ বলেন শুন যতেক বচন** : ্**এই কথা** বুঝহ করিয়া অনুমান ॥

দূত কর্ক বহুগণের পরাজয় বার্তা। পুনরপি কহে দূত করি যোড়হাত। কি কারণে নিঃশব্দে রহিলে যত্নাথ ॥ আজ্ঞা দেহ আমি এবে করিব কি কাজ। বার্তা হেতু পাঠাইল কুমার-সমাজ॥ কামদেব মহাবীর যাদব প্রধান। তিনলোক মধ্যে যার অব্যর্থ সন্ধান॥ তিল তিল কাটা গেল শর ধনুগুল। একগুটি নাহি অস্ত্র শৃত্য হৈল তুণ ॥ **শান্ত গদ সার**ণ যতেক বীর আর। যাদ্ৰবে অক্ষত তত্ত্ব নাহিক কাহার॥ **কাহার'** নাহিক অস্ত্র কার' ধ্বুগুণ। সবারে করিল জয় একাকী অর্জ্জুন॥ পাঠাইয়া দেহ অস্ত্র রথ অশ্ব আর। **আপনি চলহ কিন্তা দৈবকী-কুমার ॥** ° হেন বাক্য শুন প্রভু দেখিয়া স্বচকে। ना পারিবে অর্জ্বনে কুমারগণ পকে।।

স্নেহেতে অর্জ্জুন নাহি মারে শিশুগণে। তেঁই এতক্ষণ প্রভু জীয়ে দর্ব্বজনে ॥ ক্ষজ্রিয়ের ধর্ম আছে শাস্ত্রের গোচরে। বলেতে বিবাহ করে প্রশংসা তাহারে॥ কিন্তু দোষ কি করিল বীর ধনপ্রয়। আপন ভগিনী-কর্ম্ম দেখ মহাশয়॥ অৰ্জ্জনে তাহার যদি নাহি ছিল মন। তবে কেন তার অশ্ব চালায় এখন॥ না জানে কি ধনঞ্জয় তোমার মহিমা। এক্ষণে ভাঙ্গিতে পার তাহার গরিমা॥ কিন্তু পার্থ জীয়ন্তে না ধরিতে পারিবা। অনেক করিলে শক্তি প্রাণেতে মারিবা॥ স্বভদ্র। না জীবে তবে ত্যজিবে জীবন। কহ দেব ইথে হবে কি কৰ্ম্ম দাধন ॥ এক্ষণে আমার মত এই মহাশয়। সবাকার মত যদি তব আজ্ঞা হয়॥ প্রিয়ন্বদ একজন যাউক আপনার। প্রিয়বাক্যে ফিরাউক কুন্তীর কুমার॥ এক্ষণে আনাও তারে, করাও বিবাহ। সম্প্রীতে স্বভদ্রা তুমি তারে সমর্পহ॥ আপনি সাত্যকি তুমি করহ গমন। আনহ অর্জুনে কহি মধুর বচন॥

> তুর্যোধনের অভিমানে স্বদেশ যাতা ও পার্গ সহ স্বভদার বিবাহ।

তবে রাজা তুর্য্যোধন সর্ব্ব দৈন্য লৈয়।

যাদব-দৈন্তের মধ্যে উত্তরিল গিয়া।
শুনিল নিলেন পার্থ স্বভন্রা হরিয়া।
মহাক্রোধে তুর্য্যোধন উঠিল গর্জ্জিয়া॥
হে রূপ হে পিতামহ আচার্য্য বিত্রর।
সাক্ষাতে দেখহ কর্ম্ম তনয় পাণ্ডুর॥
যে কন্যা নিমিত্ত রাম আনিলেন মোরে।
দেখহ তুন্টের কর্ম্ম হরিল তাহারে॥
কর্ণ বলে মহারাজ বদি দেখ তুমি।
আজ্ঞা দিলে অর্জ্জনে বান্ধিয়া দিব আমি॥

শুনি আজ্ঞা দিল তারে গান্ধারী-নন্দন। শীঘ্র যায় কর্ণ বীর লোহিত লোচন॥ রুকোদর বলে কোথা যাস্ সূতস্ত। অর্জ্নে ধরিতে আশ শুনিতে অদ্ভুত॥ মম হস্তে রহে যদি তোমার জীবন। ত্তবে পার্থ সহ তুমি কর গিয়া রণ ॥ এত বলি লাফ দিয়া পড়িল ধর্ণী। গদা ফিরাইয়া যান যেন দণ্ডপাণি॥ বিগুর বলিল তাত শুন হুর্য্যোধন। পার্গ সহ দ্বন্দ কি তোমার প্রয়োজন।। যতন করিয়া তোমা আনিল যে জন। ভার ঠাই আগে গিয়া জিজ্ঞাদ কারণ॥ হেনকালে উপনীত হৈল সাত্যকি। মধুর কোমল ভাষে পার্থে কাহে ডাকি॥ দ্বর্যোধন শুনি অভিমানেতে রহিল। সনৈতে আপন দেশে বাহুড়ি চলিল। ত্তবে পার্থ দারুকে করিয়া কুতাঞ্জলি। স্বিনয় কহিতে লাগিল মহাবলী। যথা কৃষ্ণ তথা তুমি ইথে নাহি আন। করিলাম অপরাধ ক্ষম মতিমান॥ দারুক কহিল পার্থ কৈলে বড় কর্ম। বন্ধন এ নহে মম রক্ষা কৈলে ধর্মা। তুমি যদি আমারে না করিতে বন্ধন। কোন্ লাজে দেখাতাম রামেরে বদন।। এই মত লহ মোরে সাক্ষাতে তাহার। নহিলে রামের ক্রোধ হইবে অপার॥ **অ**ৰ্জ্জুন বলেন ইহা না হয় **উ**চিত। তোমার বন্ধনে কৃষ্ণ হইরে কুপিত॥ চিত্তে করিবেন রাম কপট বন্ধন ! এত বলি মুক্ত করি দিলেন তখন॥ তবে যত বহুগণ সন্তুক্ট হইয়া। লইল অর্জ্জুন বীরে আদর করিয়া॥ ভীষ্ম দ্রোণ কুপাচার্য্য বিহুর স্থমতি। ষ্টুরিশ্রবা সোমদত্ত বাহ্লীক প্রভৃতি॥ অগ্রদরি লইলেন দেব নারায়ণ। ছলাহুলি দিয়া নিল যতেক স্ত্রীগণ ॥

রত্বময় আসনে দোঁহারে বসাইয়া। বেদ অনুসারে দোঁহাকার দিল বিয়া॥ বস্থদেব করিলেন ভদ্রা সম্প্রদান। যতেক যৌতুক দিল নাহি পরিমাণ॥

খাওৰ বন পাছন :

কতদিন পরেতে অর্জ্র নারায়ণ। গ্রীষ্মকালে যান দোঁহে ক্রীড়ার কারণ। যমুনার জলে গিয়া করেন বিহার। রুক্মিণী স্কভদ্র। সঙ্গে বহু পরিবার॥ ক্রীড়ান্তে বসিলেন উভয়ে আসনে। বিপ্রবেশে হুতাশন আইল সেগানে॥ ক**হিলেন সবিন**য়ে দরিদ্র ব্রা**দ্ম**ণ। তুইজন মিলি মোরে করাও ভোজন॥ হাসিয়া কছেন পার্গ কহ বিচক্ষণ। কোন ভল্য দিলে তৃও হইবে একণ।। ভক্ষ্য হেতু মত কথা বল কি কারণ। যে কিছু সাগহ ভক্ষ্য দিব এইক্ষণ॥ আশ্বাদ পাইয়া বলে অগ্নি মহাশ্র। আমি অগ্নি বলি দিল নিজ পরিচয়॥ ব্যাধিযুক্ত বহুকাল আমার শরার। নিব্যাধি করহ মোরে পার্থ মহাবীর॥ খাগুৰ বনেতে সৰ জীবের খালয়। সেই বন ভক্ষ্য মোরে দেই ম**হা**শর ॥ এত শুন জিজাদিল রাজা জনোজয়। কহ গুনিরাজ মম গুঙাও বিভায় ॥ কি হেতু হইল ব্যাবিযুক্ত হতানন। কিসের কারণ চাহে থাঞ্ব দাহন॥ মুনি বলে শুন সুদ্দ গ্রাইর কাহিনী। সভাযুগে ছিল পে চিক নুপম্ণি।। য়ন্ত বিনা অন্ত ক্রম্ম না জানে কপন। নিরন্তর যজ্ঞ করে 🗥 🖫 আমান 🖰 বহুকাল এতা রাজা করে হেনমত। সহিতে না পারে এক বিজগণ যত। যক্ত ত্যক্তি দ্বিজগণ করিল গমন। বিনয় করিয়া রাজা বলিল বচন ॥

পতিত নহি যে আমি নহি কোন দোষী॥ কোন হেতুমম যজ্ঞ না কর মহর্ষি ॥ দ্বিজগণ বলৈ ভূপ না দোষী তোমারে। শক্তি নাহি মোসবার যক্ত করিবারে॥ অপ্রমিত যজ্ঞ তব নাহি হয় শেষ। সহিতে না পারি আর অগ্নিতাপ ক্লেশ। **দ্বিজগণ বচন শুনিয়া নরপতি**। করিল অনেকবিধ সবিনয় স্তুতি॥ দ্বিজ্ঞগণ বলে রাজা বল অকারণ। তব যজ্ঞ করে হেন না দেখি ব্রাহ্মণ॥ ত্রিদশ ঈশ্বর শিবে দেবহ রাজন। তাঁহা বিনা যজ্ঞ করে না দেখি এমন॥ দ্বিজগণ বাক্যে রাজা তপ আরম্ভিল। অনেক কঠোর করি মহেশে সেবিল।। শিব তুষ্ট হইয়া বলেন মাগ বর॥ রাজা বলে কুপা যদি কৈলে মহেশ্বর॥ মম যজ্ঞ করে হেন নাহিক আক্ষণ। আপনি আমার যজ্ঞ কর পঞ্চানন॥ হাসিয়া বলেন শিব শুন মহারাজ। মম কর্মা নহে যজ্ঞ ব্রাহ্মণের কাজ ॥ য**জ্ঞফল** যাহা চাও মাগহ রাজন। **শুনিয়া নৃপতি বলে বিনয় ব**চন ॥ না করিয়া যজ্ঞফল নছে স্থাভেন : যজ্ঞের উপায় করি কহ ত্রিলোচন ॥ ম**হেশ** ক*হে*ন তব যজ্ঞে এত মন। মম অংশে আছে এক তুর্বাসা ব্রাহ্মণ।। ত্ববাসার যোগ্য যজ্ঞ করছ বিধান। সর্বব মতে রক্ষা পায় তুর্ববাসার মন॥ **শিব আজ্ঞা পেয়ে রাজা গেল** নিজ ঘর। যজের সামগ্রী করে দ্বাদশ বংসর॥ সম্পূর্ণ সামগ্রী করি জানাইল হরে। শিব করিলেন অজ্ঞা প্রবর্গাস। মুনিবরে ॥ শিবের আজ্ঞায় হৈল ক্রোধ তপোধনে। ছিদ্রে কিছু পেয়ে আজি নাশিব রাজনে॥ এত অহঙ্কার করে খেতকি রাজন। যভ্ত হেতু আমারে করিল আবাহন ॥

মনে ক্রোধ করিয়া চলিল মুনিবর। যজ্ঞ করিবারে গেল সহ দণ্ডধর॥ যজ্ঞ আরম্ভিল তবে মহাতপোধন। যখন যা মাগে মুনি যোগায় রাজন॥ খেতকি রাজার যজ্ঞ অতুল সংসারে। তুর্বাদা আহুতি দেন মুষলের ধারে॥ দ্বাদশ বৎসর যজ্ঞ কৈল অবিরাম। তিনলোক চমৎকার শুনে যজ্ঞনাম॥ সেই হবি খাইয়া হইল মন্দানল। ব্যাধিযুক্ত দেব অগ্নি হইল তুর্ববল ॥ অগ্রিদেব চলিলেন ব্রহ্মার সনন। ব্রহ্মারে আপন তুঃখ কৈল নিবেদন ॥ বিরিঞ্চি বলেন লোভে এ তুঃখ পাইলা। বহু হবি থেয়ে তুমি ব্যাধিযুক্ত হৈল। ॥ ইহার ঔষধ আছে শুন হুতাশন। খাণ্ডৰ বনেতে আছে বহু জীবগণ॥ সেই বন দগ্ধ যদি পার করিবারে। **তবে ত না র'বে** রোগ তব *কলেবরে*॥ ব্রহ্মার সদনে অগ্নি উপদেশ পাইয়া। অতি শীঘ্ৰ লাগিল খাণ্ডব বনে গিয়া॥ খাণ্ডবে আছিল বহু জীবের আলয়। অনল দেখিয়া দবে মানিল বিস্ময়॥ কোটি কোটি মত্ত হস্তী সহিত হস্তিনী। নিভাইল অগ্নিকুণ্ড শুণ্ডে জল আনি॥ খাণ্ডব দহিতে শক্ত নহে হুতাশন। কোধচিত্তে গেল পুনঃ ব্রহ্মার সদন ॥ বিনয় করিয়া বহু বলে বিরিঞ্জির। না হৈল আমার শক্তি, বন দহিবারে॥ মুহূর্ত্তেক থাকিয়া চিন্তিল প্রজাপতি। ন। কর হে ভয় অগ্নি স্থির কর মতি॥ ব্রহ্মা বলিলেন আর না দেখি উপায়। স্থির হৈয়া থাক তুমি কাল গত প্রায় ॥ ইহার উপায় এক কহি যে তোমায়। সাবধান হ'য়ে শুন ইহার উপায়॥ নর নারায়ণ জন্মিবেন মহীতলে। খাগুব দহিবা দোঁহে সহায় হইলে॥

ব্রহ্মার বচনে অগ্রি স্থির করি মন। বক্তকাল রোগযুক্ত রহিল তেমন॥ চইলে দ্বাপর শেষ দোঁহে অবতার। ব্রহ্মার সদনে অগ্নি গেল পুনর্বার॥ ব্রহ্মার পাইয়া আজ্ঞা দেব হুতাশন। অতি শীত্র গেল যথা নর-নারায়ণ॥ অগ্নির বচনে পার্থ করেন স্বীকার : আশাদ পাইয়া অগ্নি বলে আরবার॥ সে বন দহিতে বিম্ন আছে বহুতর। বনের রক্ষক আছে দেব পুরন্দর॥ অৰ্জ্জুন কহেন দেবে নাহি সম ভয়। বহু ইন্দ্র আসে তবু করিব বিজয়॥ মম যোগ্য ধন্বৰ্কাণ নাহি হুতাশন্। ইন্দ্ৰদহ যুঝিতে নাহিক অন্ত্ৰগণ॥ অবশ্য বিরোধ হবে দেবরাজ দঙ্গ। তার যুদ্ধযোগ্য রথ নাহিক তুরঙ্গ ॥ ইন্দ্র দেবরাজ সহ বিরোধ হইবে। ত্রিজগৎ লোক তার সাহায্য করিবে॥ সাহায্য করিতে হৈলে নাহি অস্ত্রগণ। উপায় বিহনে সিদ্ধ নহে কদাচন।। আপনি চিন্তহ তুমি ইহার উপায়। খাণ্ডব দহিতে মোরা হইব সহায়॥ যির স্মরণে আইলেন জলেশ্বর। বরুণে দেখিয়া নিবেদিল বৈশ্বানর ॥ এমত সময়ে সথে কর উপকার। চ্দ্রদত্ত রথ আছে আলয়ে তোমার॥ অক্ষয় যুগল ভূণ গাণ্ডীব ধনুক। এ সকল দিলে মম খণ্ডে সব হুঃখ। শুনিয়া বরুণ আনি দিল শীঘ্রগতি। আরো আপনার পাশ দেন জলপতি॥ স্বরাহ্মর পুজিত গাণ্ডীব মহাধনু। কপিধ্বজ রথ জ্যোতি জিনি চন্দ্রভাসু॥ ^{শতে}ক যোজন বন খাণ্ডব বিস্তার। লাগিল অনল, উঠে পর্বত আকার॥ ছই ভিতে বনের থাকেন ছুইজন। নিঃশঙ্কে দ**হ**দ্বে বন দেব হুতাশন ॥

সিংহনাদ করি বলবন্ত কোনজন। গর্জ্জিয়া বাহির হৈল করিবারে রণ॥ কৃষ্ণাৰ্জ্ব বাণে কাটি ফেলে ততক্ষণ। হরষিত হুতাশন করয়ে ভক্ষণ॥ যক্ষ রক্ষ কিন্নর দানব বিভাধর। অনেক পুড়িল বীর অরণ্য ভিতর ॥ শীঘ্রগতি গিয়া কেহ পড়ে জলমাঝে : জলজন্তু সহ ভন্ম হয় অগ্নি তেজে॥ জলেতে পুড়িয়া মরে শফরী কচ্ছপ। বনেতে পুড়িয়া মরে বনবাদী দব ॥ সিংহ ব্যাভ্র ভল্লুক বরাহ মুগগণ। মহিষ শাৰ্দ্দুল খড়গী না যায় লিখন॥ অসংখ্য কুঞ্জর পুড়ে দীর্ঘ দীর্ঘ দন্ত। জম্ব শশক নকুলের নাহি অন্ত॥ নানাজাতি নাগ পুড়ে গৰ্জ্জিয়া আগুনে। শত পঞ্চদশ ফণা ধরে কোনজনে॥ পর্বত আকার অঙ্গ গ্মনে পবন : নানাবর্ণে পুড়িয়া মরয়ে পক্ষিগণ ॥ আকাশে উড়য়ে কেহ পবনের তেজে। অৰ্জ্জ্ব কাটিয়া বাণে ফেলে অগ্নি মাঝে॥ আকুল যতেক জীব করে কলরব। মহাশব্দ হৈল যেন উথলে অর্ণব ॥ পর্বত আকার অগ্নি উঠিল আকাশে। স্বর্গবাদী দেবগণ পলায় তরাদে॥ ভয়েতে লইল সবে ইন্দ্রের শর্ধ। দেবরাজে জানাইল খাণ্ডব দাহন॥ তোমার পালিত বন দহে হুতাশন। কেমনে রক্ষিবে বল খাণ্ডব গহন॥ এত শুনি কুপিত হইল দেবরাজ। যুঝিবারে চলে লয়ে দেবের সমাজ ॥

ইক্রাফ্রি দেবতার দহিত অপ্স্নের যুদ্ধ।
অতি ক্রোধে পুরন্দন, চড়ে ঐরাবতোপর,
বস্ত্র করে ছক্র শোভে শিরে।
কোপেতে সহস্র আঁখি, লোহিতবরণ দেখি,
আজা দিল যত সব চরে॥

যত আছু দেবগণ न'য়ে निজ প্রহরণ, আইসহ আমার পশ্চাতে॥ 😎নিবারে উপহাস, তিলেক না কর ত্রাস, মম বন পোড়ায় কি মতে॥ সহায় জনের সহ বিনাশিব হব্যবাহ, এত বলি চলে বজ্রপাণি। **সহ** পরিবার যত, উক্তৈঃশ্রবা ঐরাবত, চারি মেঘ চৌষ্ট্রী মেদিনী॥ হংসার্ঢ় মহামতি, চলিল ধনের পতি, ভয়ঙ্কর গদা করি করে। মহিষেতে মৃহ্যুনাথ, লোকান্তক দণ্ডহাত চলিল সহিত সহচরে॥ নিজ নিজ যানারোহ, চলিল যতেক গ্ৰহ অফ্টবন্থ অখিনীকুমার। পবন ধনুক ধরি, মুগে আরোহণ করি, ইন্দ্র সহ কৈল আগুদার॥ চড়িয়া মকরধ্বজ, চলিল দেবের রাজ, পাশ অস্ত্র শোভে সব্যক্তরে। শিথিপুর্চে আরোহণ, শক্তিধর ষড়ানন, চলিল খাণ্ডব রাখিবারে॥ এই মত গুটি গুটি, দেবতা তেত্রিশ কোটি, গেলেন বনরক্ষা কারণ। আইল গরুড় পকী, সঙ্গে লক্ষ লক্ষ পকী, রক্ষা হেতু নিজ জ্ঞাতিগণ। চিত্তে বহু অনুরাগ, আইল অনন্ত নাগ, কোটি কোটি ভুজঙ্গ সংহতি। আইল তক্ষক সেনা, ধরে শত শত ফণা বিষর্ষ্টি পূর্ণ কৈল ক্ষিতি॥ যক্ষরক ভূত দানা, সহ নিজ নিজ সেনা, নানা অন্ত্র শূল শেল লৈয়া। এমত লিখিব কত, ত্রিভুবনে আছে যত, রহে সর্বব আকাশ যুড়িয়া॥ আজ্ঞা দিল জলধরে, ভবে দেব পুরন্দরে, রুষ্টি করি নিবার অনল : আজ্ঞামাত্র অতিবেগে, সম্বর্ত্তাদি চারিমেঘে, মুঘলধারায় ফেলে জল।

প্রলয়কালেতে রৃষ্টি, যেন মজাইতে সৃষ্টি শিলা জলে ছাইল আকাশ। মহাঘোর ডাক ছাড়ে, ঝনঝনা ঘন পড়ে তিনলোকে লাগিল তরাস॥ দেখি পার্থ মহাবল, না পড়িতে রৃষ্টিজল শোষক বায়ব্য অস্ত্র এড়ে। শূন্যে অন্ত্র উঠে রোধে, শোষকে দলিল শোষে বায়ব্যে দকল মেঘ উড়ে॥ মেঘ হৈল পরাজয়, অতিক্রোধী ইন্দ্র হয় বজ্র হানে শ্রীকৃষ্ণ অর্জ্জুনে। বজ্র না চলিল রণে, জানি নর-নারায়ণে, বাহুড়ি আইল ইক্রস্থানে ॥ তবে ক্রোধে দেবরাজ, অস্ত্রব্যর্থ পার লাজ, উপাড়িয়া আনিল মন্দর। **হুহুস্কার শব্দ ছাড়ে,** যেন স্বৰ্গ ছিঁড়ে পংড়ে, আইদে মন্দর গিরিবর॥ ইন্দ্ৰপুত্ৰ দিব্য শিক্ষা, ভরদ্বাজ পুত্ৰদাকা, অজেয় গাণ্ডীব ধরে ধনু। শীত্রহস্তে ধরে বাণ, গিরি করে খানখান, চূর্ণ করে যেন ক্ষুদ্র রেণু॥ পর্বত ফেলিল ছেদি, চমকিত জন্তভেদী, নানা অস্ত্র করে বরিষণ। অনেক করেছি রণ, নিবারিতে হুতাশন, কে করিবে তাহার গণন॥ বায়ু অগ্নি ভিন্দিপাল, ইন্দ্রজাল ব্রহ্মজাল, পরশু মুদার শেল শূল। চক্ৰবাণ জাঠাজাঠি, নানা অস্ত্ৰ কোটি কোটি, অর্দ্ধচন্দ্র তোমর ত্রিশূল॥ তবল সাবল সাঙ্গী, ক্ষুরপা বেণব টাঙ্গী, কুঠার পট্টিশ বহুতর। ভল্ল শেল শব্দভেদী, কুন্তথড়গ বিপুচ্ছেদী, স্কুচীমুখ খট্টাঙ্গ বিস্তর ॥ যেন রৃষ্টি ঘোর ঘনে, ইন্দ্র ফেলে অন্ত্রগণে, नव निवादत्र धनक्षय । অগ্নিতে পতঙ্গু পড়ে, যেন ভন্ম হ'য়ে উড়ে, কণমাত্রে হৈল সব কয়॥

অগ্নি রাথে নারায়ণ, পার্থ করে মহারণ, স্থরাস্থর সবারে নিবারে। দেখি অর্জ্জনের কাজ, সবিশ্বয়ে দেবরাজ, স্থরাস্থর আগু নহে ডরে॥ দেখি দেব ভঙ্গিয়ান, ক্রোধে হৈল আগুয়ান, গর্জ্জিয়া গরুড় মহাবীর। চলিল বিস্তার মুখে, বজ্ঞ যম দন্ত নথে গিলিবারে পার্থের শরীর॥ আকাশে গরুড় পাথী, আইসে তথন দেখি. দিব্য অস্ত্র এড়ে ধনঞ্জয়। ব্রহ্মশির নামে বাণ, পূর্বেব কৈল গুরুদান, দকল হইল অগ্রিময়॥ গর্জে ত্রন্সশির অস্ত্র, গরুড় হইল ব্যস্ত, পলাইল প্রেষ্ঠ বিহঙ্গম। নিজ পরিবার সঙ্গ, গরুড় দিলেক ভঙ্গ, ক্রোধে ধায় যত ভুজন্সম॥ বিস্তারি সহজ্র ফণ্ শ্বাদ বহে সমীরণ গৰ্জনে শ্ৰবণে লাগে তালা। বক্ৰমুখ দশ শত্ বিষ বর্ষে অবিরত, যেন কর্কটের মেঘমালা। ফান্তুনী **জানিল** ফ**ণা**, গাণ্ডীৰ ধনুক টানি, পিপীলিকা নামে বাণ এড়ে। নানাবর্ণ নানারতেপ, পিপীলিকা একচাপে, দকল ভুজঙ্গে গিয়া বেড়ে॥ শিখী নামে দিব্য শর, এড়ে পার্থ ধনুর্দ্ধর, লক লক হইল ময়ুর। উড়িয়া আকাশ দিগে, খণ্ড খণ্ড করি নাগে, রক্ত মাংদ বরিষে প্রচুর॥ নারিল সহিতে রণ, পাছু হৈল ফণিগণ, অগ্র হৈল যক্ষের ঈশ্বর। কোটি কোটি যক্ষ সাথে, ভয়ঙ্কর গদা হাতে, টক্ষারিয়া নিল ধকুঃশর॥ ঘন সিংহনাদ ছাড়ে, নানাবৰ্ণ অস্ত্ৰ এড়ে, गृहूर्खिक देवन अक्षकात्र। না দেখি দিবদপতি, যেন অমাবস্থা রাতি, শরজালে ঢাকিল সংসার॥

যে অস্ত্রে হে অস্ত্রবারে, যথোচিত পার্থ মারে. দৃষ্টিমাত্রে করিল সংহার। অস্ত্র ব্যর্থ দেখি কোপে, দশনে অধর চাপে, भना लएय थाय थएनश्रद । পার্থ এড়ে বজ্র শর, বাজিল হৃদয়োপর খঁদিয়া পড়িল গদাবর। চিন্তিয়া আপন মনে. বিমুগ হইল রণে. ্রণ ত্যজি চলিল সম্বর ॥ শংগ্রামে পাইয়া লাজ, বাহুড়িল যক্ষরাজ, নিজ পরিবারের সংহতি। এই মতে ধনপ্ৰয়, সমরে পাইয়। জয়, দেবতার করেন ছুর্গতি॥ এইমতে ক্রমে ক্রমে, অরুণ বরুণ যমে. সবে আসি করিল সংগ্রাম। সত্য আদি চারিযুগে নহিল না হবে আগে, হুরে নরে যুদ্ধ অমুপম । এই মত পুনঃ পুনঃ, স্থরাস্থর নাগগণ, সংগ্রাম করিল অবিরাম। হেনকালে বনমাঝ তক্ষক পন্নগরাজ্ব, তার হত অশ্বদেন নাম॥ স্থা করি হরি হ'য়ে. থাওব তক্ষকালয়ে, থাকে সহ নিজ পরিজন। গৃহে রাখি ভার্য্যা পুড্রে,নিয়াছিল কুরুক্ষেত্রে, **দেইকালে কজন নন্দন।।** আচন্বিতে বন দহে, বেড়িলেক হব্যবছে, মাভা প্ৰাক্ত গণিল প্ৰসাদ। উপায় না দেখি কিছু, ার্লে করি শিশুপিছু क्लिश्रिया क्रत्य विवास ॥ অনলে নাহিক ত্রাণ, নাহি রক্ষা পাবে প্রাণ, অগ্নিতে কেলাবে শর হানি। হৃদয়ে ভাবিয়া ছুঃখ, চাহিয়া পুত্রের মুখ, কান্দি কহে তক্ক–গৃহিণী ▮ উপায় না দেখি আর. থাগুবাগি হৈতে পার শুন পুত্র আমার বচন। প্রবেশহ মোর পেটে, যদিও আমারে কাটে তুমি যাহ লইয়া জীবন।

মাতার বচন ধরে. উদরে প্রবেশ করে, বায়ুভরে উড়িল নাগিনী। অন্তরীকে যায় উড়ে, পার্থের সম্মুখে পড়ে, তুই অস্ত্র এড়িল ফাল্পনী॥ এক অক্তে কাটে মুগু, পুচ্ছ কাটি তিন খণ্ড, নাগিনী পড়িল ভূমিতলে। অশ্বসেন উড়ি যায়, পার্থ না দেখিতে পায়, ইন্দ্র মোহ কৈল মায়াজালে॥ দেখি পাৰ্থ মহাক্ৰুদ্ধ, পুনঃ ইন্দ্র সহ যুদ্ধ. শরজালে ছাইল মেদিনী। ইন্দ্রার্জ্নে মহারণ, চমকিত ত্রিভুবন, আচন্বিতে হৈল শূন্যবাণী॥ না কর না কর ছন্দ্র, কেন হৈল মতিধন্ধ, সম্বর সম্বর মেঘরাজ। এই নর নারায়ণে, সংগ্রাম করিয়া জিনে, নার্হি হেন ব্রহ্মাণ্ডের মাঝ॥ কোন প্ৰয়োজন হেতু. যুদ্ধ কর শতক্রেকু অপমান পরিশ্রম সার। যেইহেতু চিত্তে আছে, কুরুক্তেতে অগ্রেগেছে তব সথা কশ্যপ-কুমার॥ শৃত্যবাণী শুনি ইন্দ্ৰ, সহ যত স্থরবুন্দ্ সমরেতে হইল বিরত। **স্বর্গে** গেল স্থরপতি, নাগগণ ভোগবতী, যথা স্থানে গেল আর যত॥ হেনকালে ময় নামে, আছিল ভক্ষক ধামে, নমুচি দানব সহোদর। ভাষে পলাইয়া যায়, পাছে দেখি অগ্নি ধায়, যেই ভিতে দেব দামোদর॥ দানব দেখিয়া হরি, দেবতাগণের অরি. স্থদর্শন ছাড়িলেন তায়। পাছে ধায় হুতাশন. মহাচক্র স্থদর্শন. मानव नेश्वत शिया भाष्र॥ কাতরে ডাকয়ে ময়, রক্ষাকর ধনঞ্জয়, ত্রৈলোক্যবিজয়ী কুন্তীহ্বত। বেড়িলেক মহাচক্ৰ, ক্ষুদ্ৰ মীন যেন নক্ৰ. পাছে অগ্নি যেন যমদুত॥

শব্দ শুনি ধনপ্তয় ডেকে বলে নাহি ভয় ভীত হৈয়া ডাকে কোন জন। অৰ্জ্জন অভয় দিল, স্থদর্শন বাহুডিল অভয় দিলেন হুতাশন। যতেক খাণ্ডববাদী, পুড়ি হৈল ভস্মরাশি কেবল রহিল ছয়জন। আদিপৰ্বৰ ব্যাসকৃত, পাঁচালী প্ৰবন্ধে গীত, कानीमाम (मेर वित्रहम ॥

नन्त्रभावाषित्र अधिर छ श्रागतका। বলেন শ্রীজন্মেজয় শুন তপোধন। অগ্নিতে পাইল রক্ষা কোন ছয় জন॥ শুনিলাম ভুজঙ্গ দানব বিবরণ। অগ্নিতে বাঁচিল কেবা আর চারিজন॥ মুনি বলে শুন রাজা কথা পুরাতন। মন্দপাল নামে এক ছিল তপোধন ॥ ধার্ম্মিক তপস্বী জিতেন্দ্রিয় মহাবীর। তপঃ করি সদাকাল ত্যজিল শরীর॥ তপঃ ক্লেশ-ফলে রাজা গেল স্বর্গবাদ। স্বর্গে বসি সর্বব স্থাথে হইল নিরাশ ॥ আর যত স্বর্গবাদী নানা স্থথে স্থী। স্বর্গেতে বদিয়া রাজা চিত্তে বড় হুঃখী॥ হুঃখচিত্তে দ্বিজ জিজ্ঞাসিল পুণ্যজনে। স্বর্গে মম হুঃখ দূর নহে কি কারণে ॥ কোন কর্ম্ম আমি না করিলাম ক্ষিতিতলে। কি হেতু স্বর্গেতে মম স্থথ নাহি মিলে॥ দেবগণ বলে পুণ্যভূমি ভূমগুলে। সেথা যাহা করে স্বর্গে ভুঞ্জে সেই ফল॥ ভূমিতে জন্মিয়া কর্ম্ম বহুন করিলা। কিন্ত নহাশয় পুক্ৰ নাহি জন্মাইলা। পৃথিবীতে পুজোৎপত্তি যে জন না করে। পুণ্য নাশে, অস্তে যায় নরক ভিতরে॥ বহু পুণ্যকর্ম করে বহু করে দান। नत्रक প্রবেশে, যদি নছে পুদ্রবান ॥ স্বৰ্গবাদে ছঃখ ভূমি পাও দে কারণ। অন্যোপায় নাহি ইথে শুন তপোধন ॥

এত শুনি মন্দপাল চিন্তিত অন্তরে। স্বৰ্গবাদে তুঃখ মম না সহে শরীরে॥ পুনঃ গিয়া জন্ম লব পৃথিবী ভিতর। পুত্র জন্মাইয়া স্বর্গে আসিব সম্বর ॥ কোন যোনি হৈলে হয় ঋটিতি সন্তান। পক্ষিযোনি হব বলি চিন্তে মতিমান॥ ততক্ষণ দেবদেহ ত্যজি দ্বিজবর। প্রক্রিযোনি প্রাপ্ত হৈল সংসার ভিতর॥ হইল শার্ক্সিক পক্ষী থাণ্ডব কাননে। শার্ক্ষিকারে ভার্যা। দে করিল কতদিনে। কতদিনে খাণ্ডবৈতে লাগিল দহন। ধানেতে জানিল মন্দপাল তপোধন॥ চারি পুত্র শিশু তার পক্ষ নাহি উঠে। হেনকালে অগ্নি মধ্যে ঠেকিল সঙ্কটে॥ অগ্নিতে তরিতে শিশু না দেখি উপায়। পুত্ররক। হৈতু মুনি ধ্যানেতে ধেয়ায়॥ সঙ্গল্প করেন আজি শ্রীকৃষ্ণ পাওবে। এক জীব না রাখিব এইত খাণ্ডবে॥ অগ্নি যদি রাখে তবে জীবে পুত্রগণ। এত ভাবি করে দ্বিজ অগ্নিরে স্মরণ॥ ব্রাহ্মণের ইফ্ট তুমি হও রূপাবান। এই চারিগুটি পুত্রে দেহ প্রাণদান॥ ষিজ স্তুতিবশে অগ্নি দিলেন অভয়। ভনি সন্দপাল হৈল সানন্দ হৃদয়॥ খাণ্ডবে লাগিল অগ্নি মহা ভয়ঙ্কর। শার্কিকা পুত্রের সহ চিন্তিত অন্তর॥ অশক্ত অজাত পক্ষ তোমা চারিজন। গর্ত মধ্যে প্রবেশিয়া রাথহ জীবন ॥ অনেক মধুর বাক্যে শার্ক্সিকা বলিল। তথাপিও চারি শিশু গর্ত্তে নাহি গেল। শিশু সব কহে মাতা কেন কর হন্দ। তোমায় আমায় মাতা কিসের সম্বন্ধ॥ মায়ামোহে পড়ি কেন হারাও জীবন। আপনি খাকিলে কত পাইবে নন্দন॥ নিজ শক্তি থাকিতে মরিবা কেন পুড়ি। আইদে অনল দেধ শীত্ৰ যা**হ উ**ড়ি॥

পুজের বচন শুনি শার্ক্সিক। উড়িল। কানন দহিয়া তবে পাবক আইল ॥ প্রচণ্ড অনল তাহে মহাবায়ু বহে। পর্বত আকার জীবজন্তগণ দহে ॥ দেখিয়া কাতর চারি মুনির নন্দন। অগ্নি প্রতি যোড়করে করে নিবেদন॥ অনেক করিল স্তুতি শিশু চারিজন। তুষ্ট হৈয়া বলে তারে দেব হুতাশন॥ না করিও ভয় মন্দপালের তন্য। পূর্বেতে তোমায় আমি দিয়াছি অভয়॥ শিশুগণ বলে যদি হৈলে কুপাবান . মনোনীত বর দেহ খাগি তব স্থান॥ এ স্থানেতে আছয়ে মার্জ্জার চুন্টগণ। আমা সবা ধরিবারে আসে অনুক্ষণ॥ ভা সবারে ভস্ম কর আমার গোচর। ঈষৎ হাসিয়া ভস্ম করে বৈশ্বানর॥ চারি শিশু প্রতি অগ্নি দিলেন অভয়। দকল থাণ্ডৰ বন হৈল ভস্মময়॥ দেবগণ সহ ইন্দ্র বিম্মায় মানিয়া। অন্তরীকে থাকি তবে কহিল ডাকিয়া॥ যাহা করিলেন তবে নর-নারায়ণ। এ কর্ম্ম করিতে শক্য নহে কোন জন। এই হেতু এক বাক্য বলি যে এখন। মনোনীত বর মাগ শুন হুইজন॥ অর্জ্জুন বলেন বর দিব। স্থরেশ্বর। আমায় অজয় অস্ত্র দেহ পুরন্দর॥ ইন্দ্র বলে দিব অস্ত্র কত দিন গেলে। শিবে ভুষ্ট যখন করিবা তপোবলে॥ জ্রীকৃষ্ণ বলেন বর মাগি যে তোমায়। অৰ্জ্জুনেরে স্নেহে তুমি হইবা দহায়॥ হৃষ্টমনে বর দিয়া গেল পুরন্দর। कृष्णच्च्रित विनाग्न कत्रिल देवभानत ॥

স্বভরার সহিত অর্জুনের ইন্দ্র প্রথম। অনন্তর অর্জ্জুন প্রভাসতীর্থে গিয়া। দ্বাদশ বৎসর তথা অরণ্যে বঞ্চিয়া॥ তবে পুনঃ কতদিন রহে দ্বারাবতী। ইন্দ্রপ্রন্থে গেলেন যে স্কৃভদ্রা সংহতি॥ যুধিষ্ঠির চরণে করেন প্রণিপাত। ধর্ম আশীর্কাদ দেন শিরে দিয়ে হাত॥ কুন্তী ভামে প্রণমেন পার্থ দবিনয়ে। আশীর্কাদ দেন তুই মাদ্রার তনয়ে॥ দ্রোপদারে সম্ভাষিতে যান অন্তঃপুর। পার্থে দেখি হুঃখী কৃষ্ণা হইয়া প্রচুর॥ অধোমুখে রহিলেন অতি ক্রোধমন। কভক্ষণ থাকি পার্থ বলেন বচন॥ দ্বাদশ বৎসর অন্তে হইল মিলন। ইহাতে অঞ্জিয় কেন না বুঝি কারণ॥ দ্রোপদী বলেন পার্থ না দহ শরীর। হেথ। হৈতে গেলে মম চিত্ত হয় স্থির॥ মম দনে তোমার কি আর প্রয়োজন। যথায় যাদবী তথা করহ গমন॥ **শুনিয়া কহেন পার্থ হইয়া ল**ঙ্জিত। তুমি হেন কহ দেবী না হয় উচিত॥ তোমা বিনা অর্চ্ছ্রনের কে আছে সংসারে। লক্ষ স্ত্রী হইলে তুমি সবার উপরে॥ আমরা যে পঞ্চাই সকলি তোমার। ভদ্রা হেতু কর ক্রোধ না বুঝি বিচার॥

ভনিয়া দ্রোপদী মনে হইল উল্লাস। প্রিয়বাক্যে তুইজনে হইল সম্ভাষ॥ কতদিন পরে তবে পাগুবের প্রীতে। বলভদ্র যান কৃষ্ণ রহেন তথাতে ॥ তবে কতদিনে ভদ্র। হৈল গর্ভবতী। পরম স্বন্দর পুত্র প্রদবিল দতী॥ দ্বিতীয় চন্দ্রের জ্যোতি অঙ্গের বরণ। রূপেতে বীর্য্যেতে হৈল জনক সমান॥ অভিরাম মনোহর স্থন্দর শরীর। মনেতে বিশাল ক্রোধ অতিশয় ধীর ॥ দে কারণে অভিমন্ত্যু দিল তার নাম। পশ্চাতে কহিব যত তার গুণগ্রাম॥ দ্রোপদীর পঞ্চপুত্র পঞ্চন হৈতে। সবার সমান হৈলে রূপেতে গুণেতে॥ অমুমান করি নাম দিল দ্বিজগণ। প্রতিবন্ধ্য নাম হৈল ধর্মের নন্দন্।। স্ত্রেমাম নাম রুকোদর স্থত হৈল। শ্রুতকর্ম্ম বলি নাম পার্থস্থতে দিল।। শতানীক নাম হৈল নকুল-নন্দন। সহদেব-স্থত নাম হৈল শ্রুতসেন॥ এই পঞ্চ নাম ধরে পঞ্চের সন্তান। রূপে গুণে বলে বীর্য্যে জনক সমান। পাণ্ডবের বংশরুদ্ধি হৈল এইমত। দেখে সব পুত্ৰমুখ হৈল আনন্দিত॥ স্থাময় ভারত শ্রীব্যাস বিরচিল। এতদূরে অদিপর্ব্ব দমাপ্ত হইল॥

আদিপর্ব্ব সমাপ্ত।

সচিত্ৰ সম্পূৰ্ণ কাশীদাসী



নারায়ণং নসস্কৃত্য নরকৈব নরোভ্রমম্। দেবীং সরস্বতীং ব্যাসং ততো জয়মূদীরয়েং।॥

ময়দানৰ কভূক সভা নিশাণ।

জন্মেজয় বলে মুনি কর অবধান। কৃষ্ণদহ পিতামহ দানব প্রধান॥ খাণ্ডব দহিয়া তুয়ে কহ অতঃপরে। কি কি কৰ্ম্ম করিলেন কহ_ুতা আ**মারে**॥ শুনিতে আমার চিত্তে পরম আনন্দ। তব মূথে শুনিয়া ঘুচুক ম**হাদন্ধ**॥ বলিলা বৈশস্পায়ন শুন নৃপবর। অগ্নি-সত্যে পার হৈল পার্থ ধনুর্দ্ধর ॥ ধর্মরাজে কহিলেন সব বিবরণ। করি**লেন ভূপতি সন্তোষ আ***লিঙ্গ***ন॥** লক্ষ ধেনু স্বর্ণ করিলেন দান। ময়দানবের বহু করিলেন মান॥ পাণ্ডবের মহাকীর্ভি ব্যাপিল সংসার। রিপুগণে শুনিয়া লাগিল চমৎকার॥ হেনমতে নানা স্থথে থাকেন পাণ্ডব। নিরবধি যজ্ঞ দান করেন উৎসূব॥ যুনি বলে শুন পরীক্ষিতের নন্দন। মহাভারতের কথা অপূর্ব্ব কথন 🛚 ময় পার্থের অগ্রে করিয়া যোড়কর। বিনয় করিয়া বলে দানব-ঈশব ॥

স্থদর্শ ন চক্রে ভয় করে তিনলোকে। উদ্ধারিলা হেন চক্র হইতে স্বামাকে॥ প্রচণ্ড অনল মুখে করিলা যে ত্রাণ। আজি হৈতে তোমাতে বিক্ৰীত মম প্ৰাণ॥ কি করি আমাকে আজ্ঞা কর **মহা**শয়। তব প্রীতি হেতু আমি ব্যাকুল হৃদয়॥ ময় বলে যাবৎ না করি কোন কর্মা। তাবৎ রহিবে মম মানদে প্রধর্ম।। সবিনয়ে পুনঃ পুনঃ বলে যোড়পাণি। আজ্ঞা কর অবশ্য করিব যাহা জানি॥ পার্থ বলে কিছু আমি না চাহি তোমারে॥ যে পার, করহ প্রীতি, দেব দায়োদরে॥ কুতাঞ্জলি বলে ময় কুন্ফের গোচর। কি করিব আজ্ঞা কর দেব গদাধর॥ क्तारम हिन्तिया कृष्ध वर्णन वहन। দিব্য সভা দেহ এক করিয়া রচন॥ হেন সভা কর যাহা কেই নাহি দেখে। অদ্তত হইবে স্থরাস্থর তিন লোকে॥ এত শুনি আনান্দত দানবের পতি। নির্মাণ করিতে সভা গেল শীঘুগতি॥ কনক রচিত চিত্র বিচিত্র নিশ্মাণ। নানা গুণযুত যেন দেবতার স্থান 🛚

চৌদিকে সহত্র দশ ক্রোশ পরিসর। স্থরাহ্মর ভুঙ্গপ্র নরের অগোচর॥ রচিয়া বিচিত্র সভা দানব প্রধান। সবিনয়ে জানাইল কৃষ্ণ বিভাষান ॥ যুধিষ্ঠির কৃষ্ণ পার্থ প্রশংসে দানবে। দেখিতে গেলেন সভা মহা মহোৎসবে॥ দ্বিজগণে পায়দার করান ভোজন। নানা রত্ন দান দেন রজত কাঞ্চন॥ করিলেন শুভক্ষণে প্রবেশ সভায়। পাগুব সপরিবারে রহেন তথায়॥ চিরদিন রহে কৃষ্ণ পাণ্ডবের প্রীতে। পিত দরশনে যাব করিলেন চিতে॥ পিতৃষ্দা কুন্তীর বন্দিয়া হুই পাদ। আলিঙ্গিয়া ভোজহুতে করেন প্রসাদ॥ স্বভদ্রে ভগিনী স্থানে করিয়া গমন। গদ গদ মুহুবাক্য সজল নয়ন॥ করেন রুক্মিণীকান্ত ভদ্রা প্রবোধিয়া। স্লেহেতে চক্ষুর জল পড়িছে বহিয়া। সেবিবা শাশুড়ী কুন্তীদেবীর চরণে। সমভাবে সর্ববদা বঞ্চিবা কৃষণা সনে ॥ তত্ত্রকথা কহিয়া চলেন গদাধর। প্রণমিয়া ভদ্রা দেবী কান্দে উচ্চৈঃস্বরে॥ ভদ্রা প্রবোধিয়া কৃষ্ণ গিয়া কৃষ্ণা পাশে। বিনয়ে কহেন তাঁকে মৃত্ব মৃত্ব ভাষে॥ প্রাণের অধিক মম হুভদ্রা ভগিনী। সদাকাল স্নেহ তারে করিবা আপনি॥ দ্রৌপদীরে সম্ভাষিয়া গিয়া নারায়ণ। ধৌম্য পুরোহিত সহ করি সম্ভাষণ॥ যুধিষ্ঠিরে কহেন করিয়া নমস্কার। আজ্ঞা কর গৃহে আমি যাব আপনার॥ 😎 নিয়া ধর্ম্মের পুক্র বিষণ্ণ বদন। কুষ্ণে আলিঙ্গন করি সজল নয়ন॥ ভীমাৰ্জ্জুন সহিত হইল কোলাকুলি। কৃষ্ণে প্রণমিল মাদ্রীপুত্র মহাবলী॥ শুভতিথি নক্ষত্ৰ গণক জানাইল। বেদ বিধি ভ্রাহ্মণ মঙ্গল উচ্চারিল ॥

দারুক গরুড়ধ্বজ করিয়া সাজন। গোবিদের অগ্রে ল'য়ে দিল ততক্ষণ॥ যাত্রা শুভ যাঁর নাম করিলে স্মরণ। তিনি যাত্রা করিলেন করি শুভক্ষণ॥ স্নেছেতে ক্রফের সহ ধর্ম্মের নন্দন। খগপতি ধ্বজে আরোহনে ছয়জন॥ রথ চালাইয়া দিল দারুক সার্থি। যোজনান্তে গিয়া ধর্মে বলেন শ্রীপতি॥ নিবর্ত্তহ মহারাজ যাও নিজালয়। আমাতে রাখিবে দদা দদয় হৃদয়॥ আলিঙ্গন করি পার্থ সজল নয়ন। বহুকষ্টে নিবৃত্ত হইল পঞ্চজন ॥ বিরদ বদনে ফিরিলেন পাঁচজন। গেলেন দারকাপুরে দারকার্যণ॥ তবে ময় বলে ধনপ্রয় বিভাষান। মম মনোনীত সভা নহিল নিশ্মাণ॥ আজ্ঞা কর যাব আমি মৈনাক পর্বতে। কৈলাস উত্তরে হিমালয় সন্নিহিতে॥ রুষপর্বা নামে ছিল দানবের পতি। ত্রিলোক শাদিয়া তথা করিল বসতি॥ করিলাম তার সভঃ পূর্ব্বেতে নির্ম্মাণ। নানা রত্ন মণিময় আছে দেই স্থান। এ তিন লোকেতে যত দিব্য রত্ন ছিল। নানা রত্নে নানা অস্ত্রে গৃহ পূর্ণ কৈল॥ কৌমোদকী নামে গদা আছে গদাধর। দে গদার যোগ্য হয় বীর রুকোদর॥ তব হস্তে যেমন গাণ্ডীব ধকু সাজে। তেন গদাধর আছে বিন্দু সরোমাঝে॥ বরুণে জিনিয়া ব্রুষপর্ববা দৈত্যেশ্বর। পাইয়াছে দেবদত্ত শঙ্খ মনোহর॥ তার স্বর শুনি দর্প ত্যক্ষে রিপুগণ। সে শঙা তোমাকে হয় বিশেষ শোভন॥ এই সব দ্রব্য আছে বিন্দু সরোবরে। আজ্ঞা কর আমি গিয়া আনিব সম্বরে॥ আজ্ঞা পেয়ে চলিল দানবরাজ ময়। কৈলাদের উত্তরেতে হেমস্ত-তনয়॥

ভাগীরথী হেতু যথা রাজা ভগীরথ। বহুকাল পর্য্যস্ত করিয়াছিল ব্রত A নর-নারায়ণ শিব যম পুরন্দর। করিলেন যথা যজ্ঞ অনেক বংসর॥ যুখা স্রফা করিলেন স্থান্তীর কল্পনা। বহু গুণবস্ত সেই না হয় বর্ণনা ॥ ময় গিয়া সব দ্রব্য বাহির করিল। বাক্ষদ কিমরগণ শিরে করি নিল। দিবদত্ত শঙ্খ নিল গদা অমুপম। যত রত্ন নিল তার কত লব নাম।। ভামে গদা দিল, শন্থা দিল অর্জ্জনেরে। দেখি আনন্দিত হৈল তুই সংহাদরে॥ কনক বৈতুৰ্য্যমণি মুকুতা প্ৰবাল। মরুকত **রজত স্ফটিক** চিত্র ঢাল ॥ স্ফটিকের স্তম্ভ সব চিত্র মণি হীরা। সর্ব্বগৃহে লম্বে মণি মুকুতার ঝারা॥ বসিবার স্থান সব কৈল রত্নছেদি। বিচিত্র রচন কৈল নানামত বেদী॥ নানাজাতি বুকে সব ফল ফুল শোভে। ভ্রময়ে ভ্রমরগণ মকরন্দ লোভে॥ উচ্চ নীচ বুঝিয়া ভ্রময়ে বিজ্ঞ লোকে। বিশেষ বিপক্ষগণ চক্ষে নাহি দেখে॥ এক মাদে সভা ময় করিয়া রচন। কৃত্তীপুত্র প্রতি করিলেক নিবেদন॥ সভা দেখি আনন্দিত হইয়া রাজন্। শানিলেন দেখাইতে পরিবারগণ॥ দুর্শ লক্ষ ব্রাহ্মণেরে করান ভোজন। আনন্দ সাগরে মগ্ন ভাই পঞ্জন ॥ ইত হুগ্ধ অন্ন জল যত সব ভক্ষ্য। হরিণ বরাহ মেষ কোটি লক্ষ লক্ষ॥ ্যে জন যে ভক্ষ্যে তৃপ্ত তাহা দে পাইল। ভোজনান্তে দ্বিজগণ স্বস্তি উচ্চারিল॥ বিজগণ স্বস্তি শব্দে পরম উল্লাদে। নিনিরত্ব দান পেয়ে চলিল সম্ভোষে॥ শাশ্রম করিয়া কত রহিল সভাতে। তপস্থায় অনুরত চিত্ত মনোরণে ॥

অসিত দেবল সত্য সর্পমালী ঋষি। মহাশিরা অর্কাবন্থ স্থমিত্র তপশ্বী॥ মৈত্রেয় সনক বলি স্থমন্ত্র জৈমিনী। শ্রীবৈশস্পায়ন পৈল চারিশিষ্য গণি॥ জাতৃকর্ণ শিখাবাণ পৈঙ্গ অপ্সূহোম্য। কৌশিক মাগুব্য মাৰ্কণ্ডেয় বক ধৌম্য ॥ গালব কোগুন্ম সনাতন বক্রমালী। বরাহ সাবর্ণ ভূগু কলাপ ত্রৈবলী॥ ইত্যাদি অনেক ঋষি না যায় গণন। সত্যবাদী জিতেন্দ্রিয় প্রতি তপোধন॥ যুধিষ্ঠির সভাতে থাকেন অহর্নিশি। পুরাণ প্রস্তাব ধর্ম নানা কথা ভাষি॥ পৃথিবীনিবাদী যত মুখ্য ক্ষত্ৰগণ। যুধিষ্ঠির সভাতে থাকেন অনুক্রণ। মুঞ্জকেতু বিবৰ্দ্ধন কুন্তী উগ্ৰদেন। স্থৰ্ম্মা স্তকৰ্মা কৃতবৰ্মা জয়সেন॥ অঙ্গ বঙ্গ কলিঙ্গ মগধ অধিপতি। স্বমিত্রা স্বমনা ভোজ স্থশর্মা প্রভৃতি॥ বস্থধান চেকিতান মালবাধিকারী। কেতৃমান জয়ন্ত স্থবেণ দণ্ডধারী॥ মৎস্তারাজ ভীম্মক কৈকয় শিশুপাল। স্থমিত্র যবনপতি শল্য মহাশাল॥ বৃষ্ণি ভোজ যহুবংশী যতেক কুমার। ইত্যাদি অনেক রাজা গণিতে অপার॥ অর্জ্রনের স্থানে অস্ত্র শিক্ষার কারণ। জিতেন্দ্রিয় বৃত্তি হ'য়ে থাকে দর্ববক্ষণ॥ চিত্রদেন গন্ধর্ব্ব তুম্বুরু অধিপতি। অপ্সর কিন্নর নিজ অমাত্য সংহতি॥ নৃত্য গীত বাগুরদে পাগুবেরে দেবে। বিরিঞ্চিক সেবে যেন ইন্দ্র আদি দেবে॥ না হইল না হইবে আর সভান্তর। হেনমতে বঞ্চে হ্রথে পঞ্চ সহোদর॥ সভাপর্বের উত্তম সভার অমুবন্ধ। কাশীরাম দেব কহে পাঁচালীর ছন্দ।।

যুধিষ্টিরের সভার নারদের আগমন ও উপদেশ প্রদান।

মূনি বলে মহাশয়, শুন শুন জন্মেজয়, হেনমতে থাকেন পাণ্ডব।

একদিন আচন্বিত, শ্রীনারদ উপনীত, সর্বত্র গমন মনোভব॥

ধ্যান জ্ঞান যোগ যুজ্য, অমর অস্থর পূজ্য, চতুর্ব্বেদ জিহ্বাগ্রেতে বৈদে।

ব্রন্ধার অঙ্গেতে জন্ম, বিজ্ঞ যত ব্রহ্মকর্ণ্ম, ব্রন্ধাণ্ড ভ্রমেণ অনায়াদে॥

পরমার্থ অনুবন্ধি, বিজ্ঞেয় বিগ্রহ সন্ধি, কলহ গায়নে বড় প্রীত।

শিরেতে পিঙ্গল জটা, ললাটে পিঙ্গল ফোঁটা শ্রুবণে কুণ্ডল স্মিত দিত ॥

মুখে হরিনাম স্রবে, ভুজস্থ বীণার রবে, গতি মন্দ জিনিয়া মাতঙ্গ।

বারিজ নয়নযুগে, বহে বারি যেন মেঘে, পুলকে কদম্ব পুষ্প অঙ্গ ॥

শরদিন্দু মুখাসূজ, আজানুলম্বিত ভুজ, প্রোজ্জল অনল দীপ্ত কায়।

পরিধান কৃষ্ণাজিন, সঙ্গে মুনি কত জন, উপনীত পাণ্ডব-সভায়॥

দেখিয়া নারদ ঋষি, যে ছিল সভাতে বসি, সম্ভ্রমে উঠিলা ততক্ষণে।

আন্তে ব্যস্তে ধর্মস্থত, সহোদরগণযুত, প্রণাম করেন শ্রীচরণে॥

স্থগন্ধি উদক দিয়া, পদযুগ পাথালিয়া, বসিতে দিলেন সিংহাসন।

যথা শিক্ট ব্যবহার, পাদ্য অর্ঘ্য দিয়া তাঁর, ভক্তিভাবে করেন পূজন॥

তবে মূনি স্নেহবশে, জিজ্ঞাদেন মৃত্রভাষে, কহ রাজা ভদ্র আপনার।

কুলের কোলিক কর্মা, ধন উপার্জ্জন ধর্মা, নির্ব্বিল্পেতে হয় কি তোমার॥

সাধু বিজ্ঞ যত জন, অমুরক্ত মন্ত্রিগণ, এ সবার রাখ কি বচন। একক অনেক সহ, বিচার ত না কর্ কার্য্যেতে কি রাখ মুখ্যগণ॥ ভক্ষদেব্য ঘথাযথ স্থায় মলে কিন তুর

ভক্ষ্যদ্রব্য যথাযথ, আয় মূল্যে কিন তত্ত না রাথহ বিজের দক্ষিণা।

তব অনুরক্ত যত, ভয়ে কি শরণাগত হুঃথ ত না পায় কোন জনা॥

বিজ্ঞ যোগ্য পুরোহিত, দৈবজ্ঞ জ্যোতির্যার আছে কি বৈগ্য চিকিৎক।

অনাথ অতিথি লোকে, অনল ব্রাহ্মণমূহে দদা দেহ য়ত অন্নোদক॥

রাজ্যের যতেক রাজা, পায় যথোচিত পূজা সবে অমুগত তো তোমার।

ধান্য ধন বহুমত, উনক আয়ুধ হত পূর্ণ করিয়াছ তো ভাণ্ডার॥

প্রাতঃকালে নিদ্রাবশ,বৈকালেতে ক্রীড়ারস স্থালস্য ইন্দ্রিয় নিবারণ।

ধর্মাকর্মো ধনব্যয়, করি নিত্য উপচয় পুত্রবং পাল প্রজাগণ॥

বিবিধ অনেক নীতি, জিজ্ঞাদিল মহামতি পুনঃ পুনঃ ব্রহ্মার নন্দন।

শুনি ধর্ম অধিকারী, কহিলা বিনয় করি প্রণমিয়া মুনির চরণ॥

অবধান তপোধন, করি এক নিবেদ-চরাচর তোমার গোচর।

এই সভা মনোহর, অনুরূপ মুনিবর দেখিয়াছ ব্রহ্মাণ্ড ভিতর ॥

যুধিষ্ঠির বাক্য শুনি, ঈবৎ হাসিয়া মুনি কহেন সকল বিবরণ।

তোমার সভার প্রায়, মনুষ্য-লোকেতে রয় নাহি দেখি শুনহ রাজন॥

ব্রহ্মার বিচিত্র সভা, হেন কৈলাসের প্রভ ইন্দ্র যম বরুণের পুরী।

দেখিয়াছি যথা তথা, মনুষ্টো অদ্ভূত কথ শুন কিছু কহি ধর্মকারী।

রাজা বলে সবিনয় কহ মুনি মহাশং সে সকল সভার বিধান। প্রদার বিস্তার কত, বর্ণগণ ধরে যত, প্রভাক শুনিব তব স্থান॥ দিব্য সভাপর্বব কথা, বিচিত্র ভারত গাঁথা, শুনিলে অধর্ম্ম যায় নাশ। গোবিন্দ-চরণে মন, সমর্পিলা অনুক্ষণ, বিরচিল কাশীরাম দাস॥

ন্ত্রণ কর্তৃক যুধিন্তিরের সভার প্রদক্ষ। নারদ বলেন রাজা কর অবধান। ইন্দ্রের সভার কথা কহি তব স্থান॥ দেবশিল্পী পট্ট বিশ্বকর্মার দ্বারায়। নিশ্মাণ করান নিজ মহতী সভায় ॥ বিবিধ বিধান চিত্ৰ কোটি চন্দ্ৰপ্ৰভা। দেবগাণি ব্রহ্মধাষি ধার্ম্মিকের সভা ॥ উচ্চ পঞ্চ গোজনেক শতেক বিস্তার। শটা সহ ইন্দ্র তথা করেন বিহার॥ জর। শোক ভয় নাহি সতত আন্দু । ইন্দ্রের আশ্রমে দদা থাকে স্থররুন্দ। মরুত কুবের আদি সিদ্ধ সাধ্যগণ। অনান কুঞ্ম ব**ন্ত্র সবার ভূষণ**॥ অন্টবহু নবগ্ৰহ ধর্ম কাম অর্থ। তড়িৎ বিদ্যাৎ সপ্তবিংশ কুষ্ণব**ত্ন** ॥ দেবতঃ তেত্ত্রিশ কোটি সেবে প্ররন্দরে। বর্ণিতে না পারি সভা যত গুণ ধরে॥ হরিশ্চন্দ্র নরপতি আছেন তথায়। আর যত নরপতি লিখনে না গায়॥ নারদ **বলেন শুন স**ভার প্রধান। শনন রাজার সভা কর অবধান॥ লগ্ন প্রস্থ শত শত যোজন বিস্তার। আদিত্য সমান প্রভা অতি চমৎকার॥ নহে শীত নহে তপ্ত নাহি হুঃখ শোক। প্রেম্মর, নাহি হিংদা দদাকাল স্থে॥ কতেক কহিব তথা যতেক বিষয়। কিঞ্চিৎ কিঞ্চিৎ কহি শুন মহাশয় ॥ যবাতি নহুষ পুরু মান্ধাতা ভরত। কৃতবীষ্য কার্ত্তবীষ্য স্থনীল স্থরথ ॥

শিবি মৎস্থ বৃহদ্রথ নল বহীনর। শ্রুতশ্রবা পৃথুলাশ্ব রাজা পরিচর॥ দিবোদাস অম্বরীষ রঘু প্রতর্দন। কুষদশ্ব সদশ্ব মরুত্ত বস্থমন ॥ শরভ স্ঞয় বেণ ঐল উশীনর। পুরু কুৎদ প্রাত্ম বাহলীক নৃপবর॥ শশবিন্দু কক্ষদেন সগর কৈকয়। জনক ত্রিগর্ভ বার্ভ জয় জ**েয়জ**য় ॥ শত ধুতরাষ্ট্র আছে ভীম্ম হুই শত। শত ভাঁম কৃষ্ণাৰ্ছ্যুন শত আর কত॥ প্রতীপ শান্তমু পাড়ু জনক তোমার। কতেক কহিব কথা যত আছে আর ॥ অশ্বমেধ বছৰ আদি বহু কল দান। য়ত য়ত আছে তত না যায় বাধান॥ বরুণের সভা কহি কর অবধান। অপূর্ব্ব সভার শোভা বিচিত্র বাধান॥ বিশ্বকর্মা বিরচিল সভা অনুপ্র। জলের ভিতরে সে পুরুরমালী নাম॥ শত শত যোজন বিস্তার দীর্ঘ তার। নানা রত্ন বহু বর্ণ কহিতে বিস্তার॥ দিবদে বরুণ তথা বারুণী সহিত। পুত্র পৌত্র পাত্রমিত্র সহ পুরোহিত॥ দ্বাদশ আদিত্য আর নাগগণ যত। বাস্ত্ৰকী ভক্ষক কৰ্কোটক ঐরাবত॥ সংহলাদ প্রহলাদ বলি নমূচি দানব। বিপ্রচিতি কালকেয় ছুম্মুখ শরভ। মৃতিমন্ত চারি সিন্ধু আর ননীগণ। জাহ্যল বগুনা **সিন্ধু সরস্বা**র্গ**েশোণ**॥ চন্দ্রভাগা বিপাশা বিত্তা ইরাবর্তী। শতফ্র সরয় আর নদী চন্মস্বতী॥ কিম্পূন, বিদিশা কৃষ্ণবেণী গোদাবরী। নৰ্ম্মন। বিশল্য। বেহা লাঙ্গলী কাথেরী॥ (मवनमा भश्यमे छ। तरी टेंडतवी। ক্ষীরবর্তী হুগ্ধবতী লোহিতা স্থরভী॥ করতোয়া গণ্ডকী আত্রেয়ী শ্রীগোমতী। ঝুমঝুমি স্বৰ্ণরেখা নদী পদ্মাবতী॥

মূর্ব্তিমতী হইয়া তথায় আছে দবে। ভড়াগ পুকুর আদি বরুণেরে দেবে॥ চারি মেঘ বৈদে তথা সহ পরিবার। কহিতে না পারি কত যত বৈদে আর॥ কুবেরের সভা রাজা কর অবধান। কৈলাদ শিখরে বিশ্বকর্মার নির্ম্মাণ ॥ শতেক যোজন দীর্ঘ বিস্তার সত্তরি। নিবদে গুহুক য**ক্ষ কিন্নর কিন্নরী**॥ চিত্রদেনা রপ্তা ইরা মৃতাচী মেনকা। চারুনেতা উর্বশী বুদ্বুদী চিত্ররেখা।। মিশ্রকেশী অলম্বুধা এই মহাদেবী। নৃত্য গীত বাজে দদ। কুবেরেরে দেবি ॥ গন্ধর্বব কিন্নর যক্ষ আছে লক্ষ লক্ষ। প্রেত ভূত পিশাচ রাক্ষ**স দিব্য রক্ষ** ॥ ফলকক্ষ ফলোদক তুম্বুরু প্রভৃতি। হাহা হুহু বিশ্বাবস্থ বিস্থ চিত্রদেন কুতী॥ চিত্র**রথ মহেন্দ্র** মাতঙ্গ বিস্তাধর। বিভীষণ স্থিতি সদা সহ সহোদর ॥ ফণা ধরে নাগগণ মূর্ত্তিমন্ত হৈয়া। হিমাতি মৈনাক গন্ধমাদন মলয়।॥ আমিও থাকি যে, আমা তুল্য বহু আছে। উমা সহ সদানন্দ সদা তার কাছে॥ নন্দী ভৃঙ্গী গণপতি কার্ত্তিক বুষভ। পিশাচ খেচর দানা শিবাগণ সব॥ হ্মার যত আছে তাহা কহিতে কে পারে। কহিব ব্রহ্মার সভা শুন অতঃপরে॥ পূর্বেব দেবযুগে দিবা নামে দিবাকর। ভ্রমেন মনুষ্যলোকে হ'য়ে দেহধর ॥ আচস্বিতে আমারে দেখিয়া মহাশয়। দিব্যচকে জানিয়া নিলেন পরিচয়॥ ব্রহ্মার সভার গুণ কহিলে আমারে। শুনিয়া হইল ইচ্ছা সভা দেখিবারে॥ তাঁরে জিজ্ঞাদিলাম করিয়া সবিনয়। কিমতে ব্রহ্মার সভা মম দৃশ্য হয়॥ বলিলেন সহস্র বৎসর ব্রতী হৈয়া। করহ কঠোর তপ হিমালয়ে গিয়া।

🤏নি করিলাম তপ সহস্র বংসর। পূনর্ব্বার আইলেন দেব দিবাকর॥ আমা দঙ্গে করিয়া গেলেন ব্রহ্মপুরী। দেখিলাম যাহা, তাহা কহিতে না পারি॥ তার অন্ত নাহিক, নাহিক পরিমাণ। মানসিক সেই সভা ব্রহ্মার নির্মাণ॥ চন্দ্র সূর্য্য জিনিয়া সে সভার কিরণ। শূন্যেতে শোভিছে সভা না যায় নয়ন॥ তথায় থাকিয়া বিধি করেন বিধান। প্রজাপতিগণ থাকে তাঁর সন্নিধান 🛚 প্রচেতা মরীচি দক্ষ পুলহ গৌতম। আঙ্গিরা বশিষ্ঠ ভৃগু সনক কর্দ্দম॥ কশ্যপ বশিষ্ঠ ক্রতু পুলস্ত্য প্রহলান। বালখিল্য অগস্ত্য মাগুক্য ভরদ্বাজ॥ গন্ধৰ্ব দকল আছে মৃত্তিমন্ত হৈয়া। আয়ুর্কেবদ চন্দ্র তারা সূর্য্য সন্ধ্যা ছায়া॥ ধর্মা অর্থ কাম মোক্ষ কান্তি শান্তি ক্ষমা অফ্টবস্থ নবগ্ৰহ শিব সহ উম।॥ চতুর্বেদ ছয় শাস্ত্র তন্ত্র স্মৃতি শ্রুতি। চারিযুগ বর্ষ মাদ দিব। দহ রাতি ॥ সাবিত্রী ভারতী লক্ষ্মী অদিতি বিনতা। ভদ্ৰা ষষ্টি অৰুশ্বতা কদ্ৰু নাগমাতা॥ মৃত্তিমন্ত হইয়া আছেন নারায়ণু। ইন্দ্র যম কুবের বরুণ হুতাশন ॥ আমার কি শক্তি তাহা বর্ণিবারে পারি। নিত্য নিত্য আদি দেবে স্পষ্টি অধিকারী এত সভা দেখিয়াছি আমি এ নয়নে। তব সভা তুল্য নাহি মনুষ্য ভুবনে॥ যুধিষ্ঠির বলিলেন তুমি মনোজব। শুনিলাম তোমার প্রসাদে এই সব॥ এক বাক্যে বিশ্বয় হইল মম মনে। যতেক নৃপতি সব যমের ভবনে 🛭 এক। হরিশ্চন্দ্র কেন যমের আলয়। কোন্ পুণ্য তপ দানে কহ মহাশয়॥ যমালয়ে যবে দেখিলেন মম পিতা। আমার কারণ কিছু কহিলেন কথা #

নারদ বলেন শুন পাগুব প্রধান। সূর্য্যবংশে শ্রেষ্ঠ হরিশ্চন্দ্রের আখ্যান॥ এক রথে জিনিয়া লইল মর্ত্তাপুর। বাহুবলে হৈল সপ্ত দ্বীপের ঠাকুর॥ রাজদূয় যজ্ঞ দে করিল হরিশ্চন্দ্র। ,আজায় আইল যত ছিল রাজরুব্দ ॥ অনেক ব্রাহ্মণ আইল যজের সদন। প্রতি দ্বিজে সেই রাজা করিল সেবন॥ সব রাজা হ'তে সে করিল বড় কাজ। যেই ক**লে স্বর্গে সে হইল দেবরাজ**॥ আর যত রাজা **রাজসূ**য় যজ্ঞ **কৈল**। সম্মুখ সংগ্রাম করি তাহারা মরিল। ্যাগিগণ যো**গে নিজ দেহ ত্যাগ করে**। সেই সব লোক বসে ইন্দ্রের নগরে॥ কহি শুন তোমার পিতার সমাচার। যুমালয়ে দেখা হৈল সহিত ভাঁহার॥ কহিয়াছিলেন তিনি করিয়া বিনয়। যুধিষ্ঠির ধন্মরাজ আমার তন্য ॥ অনুগত তাঁর বীর্য্যবন্ত ভ্রাতৃগণ। যাঁহার সহায় কুষ্ণ ক্মললোচন ॥ পৃথিবীতে ভাঁহার অসাধ্য কিছু নয়। রাজসূয় যজ্ঞ তাঁর অনায়াসে হয়॥ এই রাজসূর যদি করে ধর্ম্মরাজ। হরিশ্বন্দ্র প্রায় থাকি ইন্দ্রের সমাজ। তোমার জনক ইহা কহিল আমারে। যে হয় উচিত রাজা করহ বিচারে॥ সকা যজ্ঞ হৈতে শ্রেষ্ঠ রাজসুয় গণি। বহু বিদ্ন হয় এতে আমি ভাল জানি॥ ছিদ্র পেয়ে যজ্ঞ নাশ যক্ষগণ করে। ^{য়ত্ত} হেতু রাজগণ যুদ্ধ করি মরে॥ ^{্যম}ে মঙ্গল হয় কর নরপতি। ^আমারে বিদায় কর যাব দারাবতী ॥ এত বলি প্রস্থান করেন মুনিবর। শ্রীকৃক্ত দর্শন হেতু দারকা নগর॥ সভাপর্কের অনুপম সভার বর্ণন। কাশীরাম দাস কহে শুনে সাধুজন॥

শ্রীক্রঞ্বকে আনিতি দৃত প্রেরণ। মুনিমুখে বার্ত্তা শুনি, তবে ধর্মা নৃপমণি, মনে মনে করেন চিন্তন। অন্য নাহি লয় মনে. কহিলেন ভ্রাতৃগণে. কি করিব বলহে এখন। পিতৃ আজ্ঞা যেইমত, নারদ বলেন যত্ শুনি হ'ল পুলকিত মন। এ যজ্ঞ কর্ত্তব্য কিনা ভেবে দেখ সর্ববজনা, কিসে হয় পূৰ্ণ আকিঞ্চন॥ শুনি ভূত্য মন্ত্রিগণ, কহে তবে সর্ববজন, কেন রুথা চিন্তিত রাজন। চিন্তা কর কোন হেতু, কর রাজসূয় ক্রতু, তুমি হও সর্বব গুণবান ॥ কিকাৰ্য্য অসাধ্য আছে,কেবা বিরোধিবেপাছে নাহি হেরি আছে ত্রিভুবনে। মন্ত্রিগণ বাক্য শুনি, বিচারেন নূপমণি, কি কার্য্য করিব এক্ষণে॥ বেকর্ম যাহে না শোভে,সেকর্ম করিলেভবে সভ। মাঝে হইব নিন্দন। পাছে হয় বিভ্ন্ননা, অয়শ ঘোষে সর্বজনা, চিন্তাতে হয়েন নিমগন॥ বিশেষে বিষম যক্ত, সব লোক নহে যোগ্য, ্ৰ ৰূপেতে হইবে সাধন। কহিয়া দব প্রকাশি,গোবিন্দে আগে জিজাদি িফ কহেন শুলি জনাদ্দন্॥ কর্ত্তব্য কি অকর্ত্তব্যু তরির হইলে শ্রব্যু, করিব এ ব্রত আচরণ : যদি দেন অনুমতি, এ বজে হইব কৃতী, नकुरा ७ दृश् योकिक्षन॥ ৰুক পাঠাইল তথি. ইহা চিন্টি নরপতি, কুকেরে করিতে নিবেদন। সে দৃত সহর হ'য়ে, হারকা প্রবেশে গিয়ে, দাঁড়াল বন্দি চরণ॥ কুষ্ণে করি নরস্কার, একে একে সমাচার, জানাইল হরিরে তথন।

কছে দে বিনয় করি, চল তথা তুমি হরি, তোমা লাগি চিন্তিত রাজন। তোমার দর্শন বিনে, কুন্তী-পুত্র প্রংখী মনে, রহিয়াছে বিরদ বদন। এ কথা কহিবা মাত্র,গোবিন্দ তোলেন গাল্র, যাইবারে করেন মনন॥ বৈনতেয় আরোহণে. ্যান ইন্দ্রদেন সনে. ধর্মা পুজে দিতে দরশন। দিনকর বায় অস্তে উপনীত ইন্দ্রপ্রস্থে, হইলেন দেব নারায়ণ॥ কৃষ্ণ আইলেন পুরে শুনি হর্ষ নৃপবরে, আগুবাড়ি লইতে তথন। ভাতৃ মন্ত্রী পাঠাইল, অগ্র হৈয়া ক্লে নিল, মহা স্থথে ভাসে সর্বজন ! ধর্ম নমস্কার করি, সম্ভাগেণ তবে হরি, মিন্ট ভাষে তুষি ভগবান। ধর্মা নরপতি তবে, কুঞে পূজে ভক্তিভাবে, विनवादत जिल मिश्हामन ॥ বসিলেন সবে তথা, চন্দ্রের মণ্ডলী যথা, রূপের তুলনা নাহি হয়। **শ্রীহ**রি চরণবয়, যে ভাবে সদা হৃদয়, ভব মাঝে হুঃখ নাছি রয় ॥

গোবিক-যৃষ্টির ক্রা

বলেন গোবিন্দ প্রতি ধর্মের কুমার।
নারদেরে কহিলেন জনক আ্যার॥
রাজস্য মহাযজ্ঞ তুর্লভ সংসারে ।
যুধিপ্রিরে রাজসূয় কহ করিবারে ॥
এই হেতু যজ্ঞ বাঞ্ছা হইল আ্যার।
শুন এই কথা কৃষ্ণ কহি সারোদ্ধার॥
পরস্পার আ্যারে ফুহুদ্ বলে সবে।
কেহ প্রীতে কেহ হিতে কেহ ধনলোভে॥
যে যত বলেন নাহি লয় মন মনে।
যতক্ষণ নাহি শুনি তোমার বদনে॥
বুঝিয়া সন্দেহ প্রভু ভাঙ্গহ আ্যার।
করিব কি না করিব যে আ্জা তোমার॥

গোবিন্দ বলেন তুমি দর্বব গুণবান। পৃথিবীর মধ্যে রাজা কে তব সমান॥ যোগ্য হও রাজ। তুমি যজ্ঞ করিবারে। এক নিবেদন আমি করিব তোনারে॥ আমি যাহা কহি তাহা জীন ভালমতে: একলক রাজা চাহি এ মহাযজ্ঞেতে॥ মগধ ঈশ্বর জরাসন্ধ শ্রেষ্ঠ রাজা। পৃথিবীর যত রাজ। করে তার পূজা॥ তাহারে না মানে হেন নাহি ক্ষিতিমানে বলেতে বান্ধিয়া আনে যে জন না ভক্তে । তাহার দহায় বহু চুফ্ট রাজগণ। শিশুপাল দন্তবক্ত নৃপতি যবন ॥ এমত অনেক যত ছুষ্ট নরপতি। সদাকাল প্রায় থাকে তাহার সংহতি॥ ইফ্লাকু তাহার বংশে যত রাজগণ। জরাসন্ধে না ভজিল যত যত জন॥ তার ভয়ে নিজ দেশে রহিতে নারিয়া। উত্তর দেশেতে দবে গেল পলাইয়া॥ জরাসন্ধ হুই কন্যা অস্তি প্রাপ্তি বলি। কংদের বনিত। দোঁহে আমার মাতুলি॥ স্বামীর কারণে বাপে গোহারি করিল। সদৈন্যে মগধপতি মথুরা বেড়িল॥ অসংখ্য তাহার দৈশ্য কে বর্ণিতে পারে: ক্ষয় নহে মারিলেক শতেক বৎসরে॥ রান আমি ছই ভাই করিত্ব দংহার : সেই হেতু যুদ্ধ হইল অফীদশবার॥ তবে চিত্তে বিচার করিকু সর্বজন : মথুরা বদতি আর নহে স্থশোভন॥ নিরন্তর ছুই কন্সা কহিবেক বাপে। পুনঃ জরাদন্ধ রাজা আদিবেক কোপে॥ এমত বিচারি দবে মথুরা ত্যজিয়া। সবে ল'য়ে দারকায় রহিলাম গিয়া ॥ সেই যুদ্ধে না আইল যত রাজগণে। বন্দী করি রাখিয়াছে আপন ভবনে॥ পশুবৎ করি দব রাথিয়াছে রাজা। সবাকারে বলি দিবে রুদ্রে করি পূজা।

চিয়াশী সহস্র রাজা আছে বন্দিশালে। ত্র বজ্ঞ হয় রাজা সব মুক্ত হৈলে॥ দ্রাসন্ধে বিনাশিলে সর্ববিদিদ্ধি হয়। ্রিক্টকে যজ্ঞ তবে কর মহাশয়॥ ত্বাসন্ধ জীয়ন্তে না হয় কোন কাজ। ভূদ্র মারি বশ কর ভূপতি সমাজ॥ চট্রে অনন্ত জয় সংসার ভিতরে। স্থাসার মন্ত্রণা এই কহিন্তু তোমারে॥ ্রতক বলেন যদি কমললোচন। বংগ্র তন্ম রাজা, কুষ্ণেরে ক**হেন**॥ অনুটিত কহিলা যতেক মহাশয়। ট্টানা করিলে যজ্ঞ কি প্রকারে হয়॥ শান্তি আচরণ আমি করি যে প্রথমে। পুথিবা স্থসাধ্য আরো করি ক্রমে ক্রমে। পশ্চাতে করিব জনা**সন্মের উপায়**। মস মত এই কহিলাম যে তোমায়॥ ভাগদেন বলৈন না লয় মম মনে। গ্রথমে মারি**ব রুহদ্রথে**র নন্দনে॥ তারে মারি মুক্ত হবে বহু জ্ঞাতিগণ। যজে বিশ্ব করে তবে নাছি কোন জন।। াগ হ'য়ে শান্তি ভজে লক্ষ্মী নাহি পায়। ্রব্ব রাজগণ কর্ম্ম কহি শুন রায়॥ বাহুবলে ভরত শাসিল ভুমগুল। মান্ধাতা নৃপতি কর ত্যজিল সকল॥ প্রতাপেতে কার্ত্তবীর্য্যে ঘোষে জগজ্জনে। ভগীরথ খ্যাত করি প্রজার পালনে।। 🖺 কৃষ্ণ বলেন রাজা কর অবগতি। শেমতে হইবে হত মগধের পতি॥ সৈন্য শাজি তাহারে নারিবে কদাচিত। ^{সদংখ্য} হর্দান্ত দৈন্য যাহার দহিত ॥ ভীমার্জ্ব দেহ রাজা আমার সংহতি। উপায়ে করিব হত মগধের পতি॥ শুনিয়া কছেন রাজা ধর্ম্মের তনয়। ^যেতক কহিলা মম চিত্তে নাহি লয়॥ মহারাজ জরাসন্ধ রাজচক্রবতী। যাহারে করেন ভয় ইন্দ্র হারপতি॥

যার ভয়ে জগন্নাথ মথুরা ত্যজিয়া। পশ্চিম সমুদ্রতীরে রহিলেন গিয়া॥ তোমরা উভয়ে চকু, কৃষ্ণ মম প্রাণ। সঙ্কটেতে পাঠাইতে না হয় বিধান॥ হেন যজ্ঞে প্রয়োজন নাহিক আমার। সন্মাদী হইয়া পাছে ভ্রমিব সংসার॥ এত শুনি তখন কছেন ধনপ্ৰয়। কেন হেন না বুঝিয়া বল মহাশয়॥ বিনা ছঃখে সঙ্কটেতে নহে কোন কৰ্ম। স্থকর্মাবিহীন রাজা রুথা তার জন্ম॥ এ উপায়ে কর্ম্ম যদি না হয় সাধন। পশ্চাৎ করিবা তাহা যাহা লয় মন॥ এতেক বলিল যদি ইন্দের নন্দন। সাধু বলি প্রশংসা করেন নারায়ণ॥ ধর্মরাজ বলেন বলহ নারায়ণ। জরাসন্ধ নাম তার কিসের কারণ ॥ অত বল ধরে কাহার পাইয়া বর। তোমা হিংদি রক্ষা পায় বিস্ময় অন্তর॥ গোবিন্দ বলেন রাজা কর অবধান। জরাসন্ধ বিবরণ কহি তব স্থান॥ মগধ দেশের রাজা নাম রহদ্রথ। অগণিত সৈন্যগণ গজ বাজী রথ॥ তেজে সূর্য্য ক্রোবে যম ধনে ধনপতি। রূপে কামদেব রাজা ক্ষমাগুণে ক্ষিতি॥ নিরস্তর যজ্ঞ করে অন্য নাহি মন। তুই কন্সা দিল তারে কাশীর রাজন।। পুত্রার্থী পুত্রেষ্টি বক্ত করে মহীপাল। না হইল বংশ তার গেল যুবাকাল॥ আপনারে ধিকার করিয়া নরপতি। রাজ্য ত্যজি বনে গেল ভার্য্যার সংহতি॥ গৌতমনন্দন চণ্ডকোলিক সে ঋষি। পরম তপস্বী তিনি সদা বনবাসী॥ বহুদেশ ভ্রমিয়া নগরে নগরে উপনীত। রুক্ষতলে রাজা তাঁরে দেখে আচম্বিত॥ তবে রাজ। প্রণমিল মুনির চরণ। মুনি জিজ্ঞাসিল রাজা কোথায় গমন॥

করযোড়ে ভূমিপতি বলিল বচন। মম তুঃথ অবধান কর তপোধন॥ বহু কর্ম্ম করিলাম রাজ্যে হ'য়ে রাজা। সমুচিত বিধানেতে পালিলাম প্রজা॥ ধন জনে আর মন নাহি তপোধন। সব শৃন্য দেখি মূনি, পুজের কারণ॥ এই হেতু রাজ্য ত্যজি যাই বনবাস। তপস্থা করিব গিয়া লইয়া সন্ন্যাস॥ রাজার বিনয় শুনি গৌতম-নন্দন। ধ্যানেতে ৰসিয়া মুনি চিন্তে ততক্ষণ॥ হেনকালে দৈবে সেই আত্রবক্ষ হৈতে। শূন্য হ'তে এক আত্র পড়িল ভূমিতে॥ **আত্র ল'**য়ে মুনিবর হৃদে লাগাইল। হরিষে রাজার করে অপিয়া কহিল॥ এ ফল খাইতে দেহ প্রধান ভার্য্যারে। গুণবান পুত্র হবে তাহার উদরে॥ বাঞ্ছা পূর্ণ হৈল রাজা যাও নিজ ঘর। এত শুনি আনন্দিত হৈল নরবর॥ মুনি প্রণমিয়ে রাজা নিজালয়ে গেল ৷ ছুই ভার্য্যা সমান দোঁহারে বাঁটি দিল॥ ত্বই ভাগ করি দোঁহে করিল ভক্ষণ। এককালে গর্ভবতী হৈল তুইজন॥ একত্র প্রসব দোঁহে হৈল এককালে। আনন্দে নিরথে দোঁহে সেই চুই বালে॥ এক চর্ম্ম নাশা কর্ণ এক পদ কর। অর্দ্ধ অর্দ্ধ অঙ্গ দেখি বিশ্ময় অন্তর॥ হৃদয়ে হানিয়া কর বিষাদে বলিল। দশ মাদ গর্ভব্যথা রুথা বহা গেল। সেইক্ষণে ফেলাইয়া দিল দাসীগণ। জরা নামে রাক্ষদী আইল ততক্ষণ॥ সদাই শোণিত মাংস আহার যাহার। সংসারের গর্ভপাত শাসন তাহার॥ রাজগৃহে গর্ভপাত শুনিয়া ধাইল। ব্দৰ্জ অৰ্দ্ধ অঙ্গ দেখি বিশ্বয় মানিল।। ব্দাপন নয়নে ইহা কখন না দেখে। ছুই হাতে ছুইখান লইয়া নিরখে॥

রহস্ত দেখিয়া চুই সংযোগ করিল। আচন্বিতে তুই অঙ্গ একত্র হইল॥ উঙা উঙা করি কান্দে মুখে হাত ভরি। আশ্চর্য্য হইয়া চিত্তে ভাবে নিশাচরী॥ না হবে উদর পূর্ণ ইহারে খাইলে। নৃপতি হইবে তুষ্ট এ পুত্র পাইলে॥ এত চিন্তি কোলে করি লইল নন্দন। মেঘের গর্জ্জন জিনি শিশুর নিঃস্বন ॥ ° মনুষ্যের মূর্ত্তি ধরি জ্বরা নিশাচরী। রাজার সম্মুখে গেল পুত্র কোলে করি॥ নৃপতিরে কহিল সকল বিবরণ। হের ধর লও রাজা আপন নন্দন॥ পুত্র পেয়ে উল্লাসিত হইল নৃপতি। তবে জিজ্ঞাসিল রাজা রাক্ষসীর প্রতি॥ কে তুমি কোথায় বাদ কি তোমার নাম। কার কন্সা কার ভার্য্যা কোথা তব ধাম ॥ এত স্নেহ আমারে তোমার কি কারণে। আমারে এমত করে নাহি ত্রিভুবনে॥ রাজার বচন শুনি বলে নিশাচরী। আমারে স্বব্ধিল অগ্রে স্বষ্টি অধিকারী॥ শিশুর বিনাশে মম হইল হুজন। সর্ব্ব গৃহে থাকি আমি ভক্ষ্যের কারণ॥ পুত্র পৌত্র দহ মোরে যে গৃহস্থ পূজে। বিবিধ বিধানে হুথ মম বরে ভুঞে॥ নিক্ষণ্টকে তাহার বালকগণ বাড়ে। নিব্যাধি সে হয়, ব্যাধি তাদের ছাড়ে॥ তব গৃহে পূজা রাজা পাই অনুক্ষণ। ভেঁই রক্ষা করিলাম ভোমার নন্দন॥ সমুদ্র শোষয়ে রাজা মম এই পেটে। স্থমেরু সদৃশ মাংস খাইলে না আঁটে ॥ এত বলি রাক্ষসী চলিল নিজ স্থান। পুত্র পেয়ে নরপতি মহা হর্ষ মন॥ জাতকর্ম বিধিমত করিল রাজন। অনুমান করি নাম দিল বিজ্ঞগণ॥ জরায় দক্ষিত হেতু নাম জরাদক্ষ। দিনে দিনে বাড়ে যেন শুক্লপক চন্দ্র ॥

কতদিনে রহদেথ পুত্রে রাজ্য দিয়া। ভাগ্যা সহ বনে গেল ব্রহ্মচর্য্য নিয়া ॥ জরাসন্ধ রাজা হৈল বলে মহাবল। নিজ ভুজবলেতে শাসিল ভূমগুল॥ চুই দেনাপতি হংস ডিম্বক তাহার। সর্বত্র অভয় অন্তে অভেদ আকার॥ তিন জন মহাবীর অজেয় সংসারে। চতুর্থ জামাতা কংস মহাবল ধরে॥ আমা হৈতে ভোজপতি যবে হ'ল হত। তথা হৈতে গদা প্রহারিল বার্হ দ্রথ॥ শতেক যোজন গদা এল আচন্দিতে। মথুরা কাঁপিল যেন গিরি বজ্রাঘাতে॥ সংগ্রামে সাজিয়া আসে অফ্টাদশ বার। ত্রয়োদশ অক্ষৌহিণী সহ পরিবার ॥ হংস নামে এক রাজা ছিল সঙ্গে তার। বলভদ্র হাতে তার হইল **সংহার**॥ মরিল মরিল হংদ হৈল এই শব্দ। শুনিয়া মগধ লোক হইলেক স্তব্ধ ॥ ডিম্বক আছিল সেই রাজ্যের রক্ষণ। শুনিল সংগ্রামে হ'ল ভ্রাতার মরণ॥ মহিতে নারিল, শোকে হইল অস্থির। ভূবিয়া যমুনা-জলে ত্যজিল শরীর॥ জরাদন্ধ দহ তবে হংদ গেল ঘর। শুনিল মরিল শোকে ডুবিয়া দোদর॥ হেনমতে ডুবিয়া মরিল তুইজন। একমাত্র জরাসন্ধ আছ**য়ে হুর্জ্জন**॥ সংগ্রামে জিনিতে তাঁরে না দেখি ভুবনে। উপায় আছয় এক চিন্তিয়াছি মনে॥ মল্লযুদ্ধ বিনা তার না হয় নিধন। রুকোদর বাহুবলে করিবে সাধন॥ আমার হৃদয় যদি জান মহাশয়। আমার বঁচন তবে করহ প্রত্যয়॥ পৌরুষ বিভব যদি বাঞ্ছ নরপতি। ভীমার্জ্জ্ন দেহ রাজা আমার সংহতি॥ क्रस्थित रहन छिनि धर्मात नन्मन। একদৃষ্টে চান ভীমার্চ্ছনের বদন॥

হৃষ্টমুথ চুই ভাই দেখি নরপতি।
কহেন মধুর বাক্যে গোবিন্দের প্রতি।
কি কারণে এমত বলিলা যতুরায়।
তোমা বিনা পাণ্ডবের কি আছে উপায়॥
লক্ষ্মী পরাগ্ন্থ যারে সে তোমা না জানে।
সহজে পাণ্ডববন্ধু খ্যাত ত্রিভুবনে॥
তব নাম নিলে ভয় নাহি ত্রিজগতে।
তার কি আপদ যার থাকিবা সঙ্গেতে॥
এত বলি নরপতি চুই ভাই ল'য়ে।
গোবিন্দের চরণে দিলেন সমর্পিয়ে॥
মহাভারতের কথা অমৃতের ধার।
কাশীরাম দাস কহে রচিয়া প্রার॥

মগ্ধরাজ্যে ভীমাঙ্গ্ন সহিত শ্রীক্ষণের যাতা।

শুভক্ষণ করিয়া চলেন তিন জন। পদব্রজে ধরি ব্রহ্মচারীর লক্ষণ। পদ্মসর লঙ্গিয়। পর্বত কালকৃট। গওকী ঘর্ষর বর্ত্ত বিষম সঙ্কট ॥ সরযু অযোধ্যা আর নগর মিথিলা। ভাগীরথী সরস্থতী যমুনা আইলা ॥ পার হৈয়া পূর্ব্ব মুখে যান তিন জনে। গেলেন মগধ রাজ্যে তার। কত দিনে॥ চৈত্ররথ আদি করি পঞ্চ মহাগিরি। তাহার মধ্যেতে বৈদে গিরি ব্রজপুরী॥ অনুপম দেশ দেই দেখিতে স্থন্দর। ধন ধান্য গো মহিয় সহিত নগর॥ ভীমার্জ্জুনে বলেন গোবিন্দ মধার্যতি। এই পঞ্চ গিরি মধ্যে নগর বসতি॥ পঞ্চ পর্বতের কথা শুন সূই জন। শক্ত দেখি দ্বার রুদ্ধ হয় ততক্ষণ। আর এক আ×6ব্য আছমে চুয়ারেতে। তিন গোটা ভেরী শব্দ করে আচন্বিতে॥ শক্র দেখি ভেরী শক্ষ কল্পয়ে যথন। সজাগ হইয়া সেনা করয়ে সাজন। শক্রবাপী অর্ববূদ এ ছুই নাগবর। যার ভয়ে রিপু নাহি প্রবেশে নগর॥

মহারথীগণ দব রক্ষা করে ছার। ইহার উপায় এক করহ বিচার॥ অর্জ্বন বলেন ভেরী রৈল মম ভাগে। শ্ৰীকৃষ্ণ বলেন নিবারিব তুই নাগে॥ ভীম বলিলেন মম পর্ব্বতের ভার। অন্য পথে যাব পুরে না যাইব দ্বার॥ এইরূপ বিচার করেন তিনজন। ষার ত্যজি করিলেন গিরি আরোহণ॥ নাগের কারণ দেব কৃষ্ণ মহামতি। খগপতি স্মরণ করেন শীদ্রগতি॥ আইল ভুজঙ্গরিপু কুষ্ণের স্মরণে। এ তিন ভুবন কম্পে যাহার গর্জ্জনে॥ ভয়েতে ভুজঙ্গ তুই প্রবেশে পাতালে। কুফেরে মেলানি মাগি খগপতি চলে॥ ভেরী হেতু অর্জ্জ্বন এড়িলা শব্দভেদী। এক অস্ত্রে তিন ভেরী ফেলিলেন ছেদী॥ চৈত্রগিরি পুষ্ঠে করিলেন আরোহণ। রিপু দেখি গিরিবর করয়ে গর্জন।। সিরিশুঙ্গ ধরি ভীম উপাড়িয়া করে : অচল করিল বজ্রমৃষ্টির প্রহারে॥ পর্বত লক্সিয়া কৈল নগরে প্রবেশ। স্থরপুর সম দেখে জরাসন্ধ দেশ।। স্থগন্ধি কুশ্বম মাল্য দেখি স্বশোভন। বৈলে ল'য়ে তিন জন করেন ভূষণ॥ পূর্ব্ব দার লঙ্ঘিয়া গেলেন তিন জনা। অন্তঃপুরে যাইতে ব্রাহ্মণে নাহি মানা॥ তিন দ্বার লজ্মিয়া গেলেন অন্তঃপুর। যথা আছে মহীপাল জরাসন্ধ শূর॥ যজ্ঞদীক্ষা লইয়াছে যজ্ঞেতে তৎপর। উপবাদী ব্রতী হ'য়ে আছে একেশ্বর॥ কেবল ব্রাহ্মণগণ আদে তথাকারে। বিনাহ্বানে অন্য জন যাইতে না পারে॥ তিন দ্বিজ দেখি রাজা উঠি যোড়হাতে। অগ্রদরি আসিয়া লইল কত পথে॥ বসিবারে দিল দিব্য কনক আসন। স্বস্থি স্বস্থি বলিয়া বৈদেন তিনজন ॥

তিন জন মূর্ত্তি রাজা করে নিরীক্ষণ। শাল ব্লক্ষ কোঁড়া যেন অঙ্গের বরণ ॥ আজাতুলম্বিত বাহু বলের আধার। অস্ত্রচিহ্ন লেখা আছে অঙ্গে সবাকার॥ ভুষণ বিবিধ মালা দেখিয়া রাজন। নিন্দা করি বলিতে লাগিল ততক্ষণ॥ ব্রতী বিপ্র হ'য়ে কেন হেন অনাচার। স্থান্ধি চন্দন মাল্য অঙ্গে সবাকার॥ মুনিগণ কহে আর আমি জানি ভালে। ব্রাহ্মণ কখন মাল্য নাহি প্রুরে গলে॥ পরিধান বহুবিধ বিচিত্র বসন। বিপ্রদেহে অন্ত্রচিহ্ন কিসের কারণ॥ সত্য কহ তোমরা যে হও কোন্ জাতি ! কি হেতু আইলা বল আমার বসতি॥ দ্বিজ বিনা আদে হেথা নাহি অন্যজন। চোররূপে আদিয়াছ লয় মম মন॥ চৈত্রগিরি শৃঙ্গ ভাঙ্গিয়া আইলে হেথায়। রাজদ্রোহ পাপভয় নাহিক তোমায়॥ কি হেতু আইলা কোন্ ভিক্ষা অনুসারে। কোন্ বিধিমতে করি পূজা সবাকারে॥ এত শুনি বাস্তদেব বলেন বচন। গভীর নিনাদ যেন শরীর দাহন ॥ পুষ্পমাল্য সদা রাজা লক্ষ্মীর আশ্রয়। লক্ষীপ্রিয় কর্মেতে কাহার বাঞ্চা নয়। দ্বারে না আইলা ছেন বলিলে বচন। শক্ৰগৃহ দ্বারেতে না যাই কদাচন॥ জরাদন্ধ বলে মম না হয় সারণ। কবে শক্ত আমার তোমরা তিনজন ॥ না হিংদিতে থেইজন হিংদা আদি করে। তার সম পাপী নাহি সংসার ভিতরে॥ কারো হিংদা নাছি করি আমি মনে জানি। কিমতে তোমার শত্রু কহ দেখি শুনি॥ গোবিন্দ বলেন তুমি কহ বিপরীত। তোমার যতেক নিন্দা জগতে বিদিত॥ পুথিবীর রাজা সব বান্ধিয়া আনিলে। পশুবং রাথিয়াছ নিজ বন্দীশালে॥


ন হাদেবে বলি দিবা শুনিসু ত্রাবণে। বল দেখি হেন কর্মা করে কোন্ জনে॥ আপদভঞ্জন আমি ধর্ম্মের রক্ষণ। ক্সতিহিংসা দেখিতে না পারি কদাচন॥ र्यादिः वदकोहिनी व्यक्तीनमवात । ছারি পলাইলা সব করিয়া সংহার॥ ্দই কৃষ্ণ আমি বস্থদেবের নন্দন। পাণ্ডুপুত্ৰ ভীমাৰ্জ্জ্ন এই হুইজন॥ গ্রাপনার হিত যদি বাঞ্ছ রাজন। নামার বচনে রাজা ছাড় রাজগণ। নহে যুদ্ধ কর রাজা আমার সংহতি। তুই কর্মো তোমার যেমন লয় মতি **॥** শ্রীক্ষের বচনে জ্বলিল জরাদন্ধ। অশেষ বিশেষে গোবিন্দেরে বলে মন্দ ॥ পূৰ্ব্বকথা বিশ্বরণ হইল তোমার। ্যন্ধে পলাইয়া গেলে শৃগাল আকার॥ পৃথিবী ছাড়িয়া গেলে সমুদ্র ভিতরে। কভু নাহি শুনি পুনঃ আসিতে নগরে 🛭 এখন তোমারে দেখি আপনার দেশে। করিলে অদ্ভূত কর্ম্ম বল কি **সাহসে**॥ দর্প করি কহিলে ছাড়িতে রাজগণ। কাহার শরীরে সহে এমত বচন॥ ভুজবলে বান্ধি আনিলাম রাজগণে। দক্ষন্ন করেছি বলি দিব ত্রিলোচনে। পূৰ্ব্বকথা তব বুঝি নাহিক স্মরণে। যাও গোপস্থত লজ্জা নহিল বদনে॥ শংগ্রাম মাগিলা কেন না বুঝি কারণ। তোম। ছার সহিত যুঝিবে কোন্ জন। ্যবা ভীমাৰ্জ্জুন দেখি অত্যঙ্গ বয়স। ^উহাদের সহ বুদ্ধে হইবে অয়শ ॥ মারিলে পৌরুষ নাহি হারিলে অ্যশ। পলাও বালক্ত্বয় না কর সাহস॥ গোপালের বলে বুঝি করিলা উত্তম। না জানহ জরাসন্ধ কুতান্তের যম। এতেক বলিল যদি জরাদন্ধ কোপে। ক্রোধে বীর রুকোদর অধররোষ্ঠ কাঁপে॥ গোবিন্দ বলেন মিথ্যা না কর বড়াই। তোমার বিচারে দেখি সম কেহ নাই॥ দে কারণে হীনবল দেখি রাজগণে। বলে ধরি মারিবারে চাহ অকারণে॥ না করিবা ইচ্ছা যদি আমা সহ রণ। এ দোঁহার মধ্যে তব যারে লয় মন॥ বালক বলিয়া চিত্তে না ভাবিও তুমি। ক্ষণেকে জানিবে অগ্রে চল যুদ্ধভূমি॥ জরাদন্ধ বলে যদি ইচ্ছিলে মরণ। রণ বাঞ্জা করিলে করিব আমি রণ॥ কিরূপে করিবে রণ কহ দেখি শুনি। এত শুনি তাহারে কহেন চক্রপাণি॥ বিধির নিয়ম এই ক্ষত্রধর্ম্মে কয়। দৈন্যে দৈন্যে যুদ্ধ কিংবা একা একা হয়॥ একাকী করহ যুদ্ধ ইচ্ছা নার সনে। গদাযুদ্ধ মল্লযুদ্ধ যেই লয় মনে ॥ শুনিয়া বলিছে বৃহদ্রথের কুমার। ভুজবলে মহামত্ত করি অহঙ্কার॥ সহজে বালক এই বিশেষ অৰ্জ্জুন। হীনবল সহ যুদ্ধ না করে নিপুণ।। কোমল বালক প্রায় দেখি যে নয়নে। কিছুমাত্র ব্বকোদর লয় মম মনে॥ ভীমের দহিত আজি করিব সমর। এত বলি উঠিল মগধ দণ্ডধর॥ ছুই গোটা গদা রাজা আনিল তথনি। ভীমে দিল এক, এক লইল আপনি ॥ নগর বাহিরে গেল রঙ্গ ভূমি যথা। ধাইল নগর লোক শুনি যুদ্ধকথা।। কৌতুক দেখেন কৃষ্ণ থাকিয়া অন্তর। নৃপতি যুঝিছে দহ বীর রুকোদর॥ অপূর্ব্ব দংগ্রাম করে ভীম জরাদক্ষ। বিস্তারে রচিয়া কহে ত্রিপদীর ছন্দ।। সভাপর্ব্ব হুধার্দ জরাদন্ধ ব্ধে। कानीमाम (मव करह (शावित्सव भरम ॥

জনাদক সহ ভীমেন যুদ্ধ। অপূর্ব্ব সংগ্রাম, না হয় বিরাম, ছোর নাদ চট, দোঁহে বাহুস্ফোট্ . হইল মগধ ভীমে। যেমত রাবণ রামে ॥ কেশ বাস সারি ত্ৰজন হইল আগে। কৰ্কশ বচন, হুই জন মত্ত রাগে॥ আইলা মগধ দেশে। নিকট মরণ, দৈবে বান্ধি আনি পাশে॥ শুনিয়া তৰ্জন, বলিছে কুন্তীর হৃত। তোমারে শমন, অমি হ'য়ে এলাম দৃতী৷ ক্রোধে রকোদর, কন্সে কলেবর, কার্ত্তিক প্রথমে, প্রতিপদ ক্রমে, যেমন কদলীপাত। অহর্নিশি দোঁছে রণে। মণ্ডলী করিয়া, দোঁহে করে করাঘাত॥ বিপরীত নাদ, পড়িল প্রমাদ্ শ্রবণে লাগিল তালা। দন্ত কড়মড়, শ্বাদে বহে ঝড়, উড়ি যায় মেঘমালা ॥ করে করে ছাঁদি, পদে পদে বান্ধি, তুই জনে দোঁহে টানে। কণে দোঁহা ছাড়ি, শিরে শিরে তাড়ি হৃদয়ে হৃদয় হানে॥ উরুতে জঘনে, ছান্দিল সঘনে. স্থূমে গড়াগড়ি যায়। শ্রমজল অঙ্গে, রণধূলি সঙ্গে, ঢাকিল দোঁহার গায়॥ তুই কলেবর, রুধিরে জর্জ্জর, অন্তর হইয়া ক্ষণে॥

ক্রোধে কায় কম্পে, যেন ছুই ঝম্পে দোঁহাপর তুইজনে॥ মেঘের গর্জনে গর্জে। বেত্রাস্থর শক্তে, ুপদে স্থূ বিদারে, চাপিয়া অধরে তৰ্জনী তুলিয়া গৰ্জ্জে॥ করে গদা ধরি ্র সে দোঁতে দোঁহারে, গদার প্রহারে. হৃদে ভুজ শির পিঠে। করিছে ভং সন, ঘোরতর রণ, দেখে সর্বজন গদাঘাতে অগ্নি উঠে॥ আরে রে পাণ্ডব, কোথা রে খাণ্ডব, কেহ নহে উন, ধরি পুনঃ পুনঃ • হৃদয়ে হৃদয় চাপে। এই সে কারণ, বিভুজে ভুজে ভিড়ি, ভুমিতলে পড়ি, পুনঃ দোঁহে উঠে লাফে॥ করিয়া গর্জ্জন, যেন দ্বি বারণ, বারুণী কারণ, যুঝয়ে পর্বত মাঝে। করিল মনন, যেন দ্বি র্ষভে, স্থরভীর লোভে, গোষ্ঠের ভিতর যুবে।। স্বরিত ফিরিয়া, হৈল চতুর্দ্দশী, কহে দাস কাশী, বিশ্রাম না বায়ু পানে॥

জরগের বধ।

অহর্নিশি চতুর্দ্দশ দিবস সংগ্রাম। নিশ্বাপ ছাড়িতে দোঁহে না করে বিশ্রাম॥ অনাহারে পীড়িত দোঁহার কলেবর। নিস্তেজ হইল বৃহদ্রথের কুঙর॥ অচল হইল অঙ্গ হরিলেক জ্ঞান। তথাপি দণ্ডায়মান ছিল বিভ্যমান॥ প্রবনন্দ্র ভীম মহাপরাক্রম। এত যুদ্ধে শরীরে তিলেক নাহি শ্রম। ডাকিয়া বলেন कृष्ठ कि দেখহ আর। এইকালে শক্ত কেন না কর সংহার॥ কুষ্ণের বচনে ক্রোধ করি রুকোদর। পায়ে ধরি ফেলিলেন ভূমির উপর 🛭



781-+ **356**.

	•	

পুনরপি ধরে তারে কৃন্তীর কুমার। ত্তই পায়ে ধরিয়া ভ্রমায় চক্রাকার ॥ শুত্রবার ভ্রমাইয়া ফেলে ভূমিতলে। वकः ऋत्व ठानिया विमन महावरन ॥ কণ্ঠে জাতু দিয়া, বুকে ব্রজমৃষ্টি মারে। _{গুরু}তর গ**র্জ্জনেতে কাঁপে ধরাপরে ॥** ব্যুক্তার যতেক লোক হৈল মৃতপ্রায়। ভাৱার' বচন কে**হ শুনিতে না পা**য়॥ গ্রুত্বতার স্ত্রীর গর্ভ পড়িল খদিয়া। হন্ত্ৰী অশ্ব আদি পশু যায় পলাইয়া॥ য়গাশক্তি রুকোদর করেন প্রহার। তথাপি না হয় জরাসন্ধের সংহার॥ অশ্চর্য্য দেখিয়া ভীম বলেন কুষ্ণেরে। যুগাশক্তি করিলাম প্রহার ইহারে ॥ ইহরে মরণ আমি না দেখি উপায়। এত শুনি ভাকিয়া কছেন যতুরায়॥ পরের দক্ষি কহিয়াছি কেন বিম্মরণ। ্দুই ভিদ্রে জ্বাসন্ধ হইবে নিধন॥ রুকে।লরে দেখাইয়া দিলেন শ্রীনাথ। স্কুই করে ধরি চিরিলেন বেণাপাত॥ দেখিয়া **হলেন তুটে কুন্তীর নন্দন।** পুনরপি ধেয়ে যান করিয়া গর্জ্জন॥ বজ্রমুষ্টি মারিয়া পাড়েন ভূমিতলে। সিংহ যেন মুগ ধরি ফে**লে অ**বহেলে॥ একপদ পদে চাপি এক পদে কর। হুস্কারিয়া টানিলেন বীর রুকোদর॥ নধ্যপান চিরিয়া করেন তুইখান। জন্মকাল অঙ্গ প্রাপ্তে হারাইল প্রাণ ॥ জরাসন্ধ পড়িল সহর্ষ নারায়ণ। অনিন্দেতে তিনজনে কৈলু আলিঙ্গন॥ রাজ্যেতে যতেক লোক প্রমাদ গণিল। জ্বাসন্ধ-স্তুত সহদেব নাম ছিল॥ আশ্বাসিয়া জগন্নাথ করেন অভয়। মগধ রাজ্যেতে দেই দণ্ডধর হয়॥ বন্দিশালে যতেক আছিল রাজগণ। একে একে স্বাকার ছুচিল বন্ধন।

নানারত্বে সবাকারে করিল ভূষণ। করযোড়ে স্তুতি করি কহে রাজগণ॥ সদয় হৃদয় তুমি সেবক-রঞ্জন। তুর্ববলের বল গর্বিব গৌরব-ভঞ্জন ॥ অনাথের নাথ তুমি হিংদকের অরি। ধর্ম্মের পালন হেতৃ মর্ত্তে অবতরি॥ কে বণিতে পারে গুণ বেদে অগোচর। সদা যোগ ধ্যানে যারে না পান শকর ॥ জরাসন্ধ নৃপবর যত তুঃখ দিল। তোমারে হেরিয়া হরি সব দূর হৈল।। অভয় পঙ্কজপদ দেখিকু নয়নে। বদনে অমৃত ভাষা শুনিকু শ্রাবণে॥ বলে জরাসন্ধ প্রভু করিল বন্ধন। এতদিনে বলি দিত সব রাজগণ॥ কুপায় সবারে প্রভু করিলা উদ্ধার। এ কর্ম্ম তোমার প্রভু কিছু নহে ভার ॥ আজ্ঞ। কর আমরা করিব কিবা কার্য্য। গোবিন্দ বলেন সবে যাও নিজ রাজ্য॥ এত শুনি রাজগণ করে অঙ্গীকার। প্রণমিয়া দেশে দবে গেল যে যাহার॥ তবে জরাসন্ধ রথ আনি নারায়ণ। তিনজনে দে রথে করেন আরোহণ॥ অপূর্ব্ব স্থন্দর রথ লোকে অগোচর। সেই রথে চড়ি পূর্নেব দেব পুরন্দর॥ দলিল দামবগণ উমশতবার। যোজন পর্য্যন্ত দৃষ্টি হয় ধ্বন্ধ যার ॥ ইন্দ্র হৈতে পায় বহু, মগধ ঈশ্বরে। বস্থ হৈতে বৃহদ্রথ, দে দিল কুমারে॥ দেই রথে চড়িয়া চলেন তিনজন। গোবিন্দ গরুড়ে তবে করিলা স্মরণ॥ আজ্ঞা করিলেন বদিবারে ধ্বজোপর। খগপতি ধ্ব**জ**রথ ঘোষে চরাচর ॥ শঙ্খনাদ করিয়া চলিলা শীত্রগতি। ইন্দ্ৰপ্ৰস্থে উপনীত তিন মহামতি 🛚 যুধিষ্ঠির চরণে করিয়া নমস্কার। একে একে কছেন সকল সমাচার 🖡

আনন্দেতে যুধিষ্ঠির করি আলিশ্বন। গোবিন্দে অনেক পূজা করেন তথন॥ জরাসন্ধ রথ আর অমূল্য,রতন। কুষ্ণেরে দিলেন রাজা হ'য়ে হুন্টমন॥ **সভাপর্কে** স্থারদ জরাদক্ষ বধে। কাশীরাম দাস কহে গোবিন্দের পদে॥

অজ্জুনের দ্বিগিগ্য।

করি কৃতাঞ্জলি, পার্থ মহাবলী, কহেন রাজার আগে। করিব উপায়, আজ্ঞাকর রায়, রাজদূর যজ্ঞভাগে॥ গাণ্ডীব ধন্মক, অতুল কাৰ্ম্মক, অক্ষয় ভূণ যুগল। রথ কপিধ্বজ, দেব দত্তামুজ, চারি তুরঙ্গম বল॥ হেলাতে আমারে মেলে। এ সবার গুণ, যশ উপার্জন, শাসিব রাজার দলে॥ অগম্য যে পথ, কুবের পালিত, উত্তরে যাইব আমি। শুনিয়া বচন, মেহ আলিঙ্গন, করেন পাণ্ডব স্বামী॥ করি শুভক্ষণ, আনি দ্বিজগণ, যে বেদ বেদাঙ্গ জানে। মঙ্গল বচনে, মাধ্ব স্মারণে, মঙ্গল করে বিধানে॥ রথ গজ বাজী, সেনাগণ সাজি,

চলিল কটক সাথে।

দক্ষিণ কনিষ্ঠ ভ্ৰাতে॥

বিবিধ বাজনা বাজে।

শুনি কম্প ক্ষিতিমাঝে॥

নকুল পশ্চিম,

খেত পীত নানা,

গজের গর্জ্জন,

পূৰ্ব্বদিকে ভীম,

অর্জ্জনের দেনা,

শশ্বের বাজন,

• প্রথমে প্রবেশ, কুলিন্দের দেশ্ হেলায় জিনিল তারে। কালকট বন্থ জিনিয়া আনর্ত্ত স্থমগুল নৃপবরে॥ শাক্ল স্থন্বীপে, প্রতিবিন্দ নৃপে, জিনিল ক্ষণেক রণে। প্রাগ্দেশ ধাম, ভগদত্ত নাম্ বিখ্যাত রাজা ভুবনে॥ তার যত দেনা, না যায় গণনা, কিরাত কাননবাদী। বিপরীত মূখ, ধারণ গন্মক. গুঞ্জাহার মালা ভূবি॥ করি কেশ গুটি, বান্ধা উর্দ্ধ ঝুটী, বেষ্টিত বৃক্ষের লতা। পরম হরিষে. ধাইল রণে দে, শুনিয়া সংগ্রাম কথা।। অপ্রাপ্য সংসারে, দেব বাঞ্ছা করে, ঘোর ডাক পাড়ে, নানা অস্ত্র ছাড়ে, হইল উভয়ে রণ। পুরন্দরাগুছ, ভগদত্ত রাজ, মুখামুখী ছুইজন॥ দোঁহে ধনুর্দ্ধর, ফেলে নানা শর, যাহার যতেক শিক্ষা। সূৰ্য্য বহু জল, মারুত অনল, বিবিধ মন্ত্রেতে দীক্ষা। অষ্ট অহর্নিশি, দোঁহে উপবাদী, বিশ্রাম না করে ক্ষণে। দেখি ভগদত্ত, বলে মহামত্ত, হাসিয়া বলে অর্জ্জুনে॥ নিবর্ত্তহ রণ, ইল্ফের নন্দন, তুমি হও স্থা স্থত। তোমার জনক, বি ত্রিদশ পালক, স্থা মম পুরুত্ত ॥ মনে ছিল ভ্ৰম, তোমার বিক্রম, জানিলাম এতদিনে। কর তুমি রণ, কিদের কারণ, হেথা বা আইলে কেনে॥

ধশ্মের তন্য, 🖟 পর্বত কৈলান, বলেন বিজয়, কুরুকুলে হন রাজা। করিবেন ক্রস্টু, দিব তাঁরে কিছু পূজা, ব দুমোর প্রতি, ইইয়াছ প্রীতি, ইন্দের কোঙর, ইন্দ্র সম শর্ তবে নিবেদন করি। তবে নিবেদন কার। নারণেক বহু যক্ষ।
ক্ষম মম দোষ, দেহ কিছু কোষ, পলাইল ডরে, কহিল কুবেরে, প্রাগ্রেশ অধিকারী॥ কতেক লইব নাম। কেহ মিলে তায়, স্নেহভাবে তায়, ্কেছ বা করে সংগ্রাম॥ করিল অনেক রণ। মোদাপুর ধাম, তিনি দেন বহু ধন॥ পৌরব পর্বত রাজা। লোহিতমণ্ডল, রাজা মহাবল, করিল অনেক পূজা॥ ेজিনি বীর হেলে, জিতেন্দ্রে ধার, ত্রিগর্ভম ওলে সিংহপুরে সিংহরাজ। বৈদে কামগিরি মাঝ॥ শুক ময়ুরের রঙ্গে। বিবিধ রতন সঙ্গে॥ নূপতি জীবন, কৈল মহারণ, তাহার উত্তর, হারিয়া ভজিল আসি। নানা বর্ণে রাশি রাশি॥ উঠিল হেমন্তগিরি। গন্ধৰ্ক দানবপুরী ॥

কুবেরের বাদ যক্ষ রক্ষ কোটি কোটি। । চাহি এই হেতু, মুমুষ্য কিন্নর, হইল সমর, হলেন জয়ী কিরীটি॥ মারিলেক বহু যক্ষ। পুরে পশিল বিপক্ষ 🛭 প্রাগ্দেশ আধকারী ॥ পুরে পাশল বিপক্ষ ॥ বিবিধ পর্বতে, নৃপ শতে শতে, শুনি বৈশ্রবণ, ল'য়ে বহু ধন, পূজিল পাওুর হুতে। क्रिल विमाग् পাৰ্থ বান তথা হৈতে॥ রহন্ত নৃপতি, ্নগর হাটক, নিবাদী গুহাক, জিনি পাইলেন ধন। দেবক হাদাম, ল'য়ে রত্ন ধন, চলেন অর্জ্ঞন, হ'য়ে আনন্দিত মন॥ রাজা দেনাদিস্কু, দিল রত্ন দিস্কু, মানস সে সর, তথা বীরবর, দেখি হইলেন ত্ৰী। অমরনগরী, অপ্নরী কিন্নরী. কোটি কোটি শশিমুখী॥ পার্থ মহাবীর. নাহি চান কার' পানে। বাহলীক নারদ, নুপতি কামদ, দেই সরোবাদী, ছিল বহু ঋষি, আশীষ করে অর্জ্জুনে॥ অপূর্বে দে দেশ, নানা বর্ণ অশ্ব, তথা হৈতে চলে, যান রুভূহলে, চলে অতি শীঘ্ৰগামী। কোহুকে অৰ্জ্জ্ন, 'নিল অশ্বগণ, দংগ্ৰামে প্ৰচণ্ড, তেজেতে মাৰ্ভণ জিনিয়া ভারতভূমি॥ ধান বীরবর. হরিবর্ষ নামে খণ্ড। দিল বহু দ্রব্য, দেখি দ্বারপাল, ধায় পালে পাল, হাতে করি লোহদণ্ড॥ তবে একে একে, জিনিয়া সবাকে, দেখিয়া মাসুষে, সর্ববজন হাসে, অতি অপরূপ বাসি। তাহে যত ছিল, হেলায় জিনিল, বিশায় অন্তরে, কহে অর্জ্নেরে, তুমি যে বড় সাহসী॥

মানব শরীরে, কভু নাহি দেখি শুনি। কাহার শক্তি জিনি॥ ভারত দিগন্ত, তুমি কি ভাক্ত হইলা। এ পুর উত্তর, এথা কি হেতু আইলা॥ পার্থ গেলেন নিবাদে॥ দেখিতে না পাবে, কি যুদ্ধ করিবে বীর ধনঞ্জয়, করি দিয়জয়, নাহি নরলোকে গতি। বিজয় ধরেন নাম। শুনিয়া অর্জ্জুন, বিস্মিত বদন, কাশীদাস ভণে, যেই জন শুনে, বলেন দ্বারীর প্রতি॥ ক্ষতিয় ঈশ্বর, ধর্মা নরবর, তাঁহার আমি কিঙ্কর। তোমা না লঙ্খিব, পুরে না পশিব, শরদ কমল পত্র, অরুণ যুগল নেত্র, শুনি ততক্ষণ, দারপালগণ, বিক্সিত মুখপন্ম, কোটি স্থাকর সন্ অনেক রতন দিল। লইয়া অৰ্জুন, গোলেন তখন, ত্ৰুক্চি নীলামুজ, আজাকুলম্বিত ভুজ্ पिक्त गूर्थ **ठ**लिल ॥ আসিবার কালে. জিনিয়া নিলেন কর। বান্ত কোলাহলে. চলিল নিজ নগর॥ মণি মরকত, মুকুতা প্রবাল রাশি। নানা বর্ণ বাদ, অস গো মহিষ, বক্ত বক কেশী কংদ, দুফট জন দর্প প্রংদ, ল'য়ে কত দাদ দাসী॥ জয় জয় নাদে, শঙ্খের নিনাদে, স্বভক্ত কুমুদ ইন্দু, পাগুবগণের বর্জ্ প্রবেশে ইন্দ্রপ্রস্থেতে। ত্যজিয়া সে সাজ, ইন্দ্রের আত্মজ গেলেন ধর্ম অগ্রেতে॥ স্থমিতলে পড়ি, ছুই কর যুড়ি, দাণ্ডাইল কত দূরে। কহেন সকল, করিয়া কোমল, ধর্মরাজ যুধিষ্ঠিরে ॥

আইলে এথারে, তোমার প্রতাপে, উত্তরের নৃপ্ সবে আনিলাম বশে। শুন। সবে দিল কর, অগম্য এ ভূমি, সবে দিল কর, পাইনু যাহা যে দেশে॥ করি আলিঙ্গন, আইলা অত্যস্ত, 🖟 হরিষে রাজন, তুষিলেন মৃত্যভাষে। কুরুর নগর, আনিলেক যাহা, কোষে রাখি তাহা, তার পুরে মনস্কাম॥ 🦠

শ্রীক্ষের ইক্সপ্রস্তে আগমন। কিছু দেহ মোরে কর॥ ত্রুতিমূলে মকর কুগুল। ওষ্ঠাধর অরুণ মণ্ডল ॥ কনক বরণ পীতবাস॥ চতুরঙ্গ দলে, যুগাপদ কোকনদ, অথিল অভয় পদ, ভুবন ভরিয়া যার বাস। কনক রজত, যেই পদ অহর্নিশ, ধ্যানে ধ্যায় অজ ঈশ, শুক্ ধ্রুব নারদ প্রহলাদ॥ त्रिक्षवः रन मक्ती कलिल। নিজরূপে স্জিলা অখিল॥ চড়িয়া গরুড়ধ্বজ, অগণিত অশ গছ. **ठ** जुज़्म मर्ल यञ्चरल । ধর্ম্মরাজ প্রীতি হেছু, লইয়া রতন দের আইলেন মহা কোলাহলে॥ পাঞ্জন্ম নাদ শুনি, নগরে হইল ধ্বনি, হরি আইলেন ইন্দ্রপ্রস্থে।

শুনি ধর্ম অধিকারী, পাঠাইল অগ্রসরি, ভ্রাতৃ মন্ত্রিগণ আন্তে ব্যন্তে॥ ভীম পার্থ অমুব্রজি, গোবিন্দে ষড়ঙ্গ পূজি, লইয়া গেলেন নিজধাম। ধর্মের নন্দনে দেখি, জ্রীকৃষ্ণ দূরেতে থাকি, ভূমে লুটি করেন প্রণাম॥ করিলেন বিতরণ, অসংখ্য অমূল্য ধন, অশগজ শৃঙ্গী অগণিত। ধর্ম আনন্দিত হৈয়া, ক্লঞে আলিঙ্গন দিয়া, পূজিলেন যেমন বিহিত। কৃষ্ণ যেন দ্বিজরাজ, পাণ্ডব-নক্ষত্ৰ মাঝ, বসিয়া সভায় সর্ববজন। যুধিষ্ঠির মৃত্ভাষে, বদিয়া গোবিন্দ পাশে. কহিছেন বিনয় বচন ॥ এ ভারত ভূমগুলে, ত্ৰ অনুগ্ৰহ বলে, না রহিল অসাধ্য আমার। আমি না করিতে যত্ন, মিলিল অনেক রত্ন, নাহি স্থল থুইতে ভাণ্ডার॥ নি*চয় আমারে যদি, কুপা আছে গুণনিধি, দৰ্বব দ্ৰব্য রাখি কোন স্থলে। শুনিয়া তোমার মুখে, তুষিব অমর লোকে, विकरुख मगर्थि मकला॥ পিতৃ আজ্ঞা হৈতে তার,স্বর্গ কাম নাহি করি তব পদান্বজে মাগি ভিক্ষা। ওহে প্রভু মহাভুজে, শুনি তব মুখামুজে, লইব যজের আমি দীক্ষা॥ আজ্ঞা কর জনাদিন. যদি লয় তব মন, নিমন্ত্রিয়া আনি নৃপবর। রাজার বিনয় শুনি, কোমল গভীর বাণী, আশ্বাসি কছেন গদাধর॥ এ মহীমণ্ডল মাঝ, যত আছে মহারাজ, তব গুণে বশ হবে সবে। আমার পরম ভাগ্য, নিক্ষণ্টকে কর যজ্ঞ, রাজসূয় তোমারে সম্ভবে ॥ আমা হৈতে যেই হয়, আজ্ঞা কর মহাশয়, আর যত আছে যহুগণ।

ভ্রাতৃ মন্ত্রী বন্ধুমাঝে, যে কর্ম যাহার সাজে,
শ্বানে স্থানে করি আয়োজন ॥
গোবিন্দের আজ্ঞা পেয়ে,ভূপতি সানন্দ হ'য়ে
কৃতাঞ্জলি করেন স্তবন ।
তথনি জানি যে আমি, যথন আইলা তুমি,
মম বাঞ্ছা হইল সাধন ॥
তোমাতে যে ভক্তি ঋদ্ধি,ভক্ত বাঞ্ছা কর সিদ্ধি
তুমি ভক্তজনে কুপাবান ।
কাশীদাস বলে যদি, তরিবা এ ভবনদী,
ভক্ত সাধু দেব ভগবান ॥

রাজস্র যজ্ঞ প্রানিক ।

তবে যুধিষ্ঠির রাজা হয়ে হৃষ্টমন। সহদেবে ডাকি আজ্ঞা করেন তথন।। ধৌম্য পুরোহিত স্থানে জিজ্ঞাদহ আগে। রাজসূয় যজেতে যতেক দ্রব্য লাগে॥ যে কিছু কছেন ধৌম্য কর সমাবেশ। দ্বিগুণ করিয়া দ্রব্য করহ বিশেষ। দ্বিজ ক্ষত্র বৈশ্য শূদ্র এই চারি জাতি। নিমন্ত্রিতে দূতগণ যাউক ঝটিতি॥ ইন্দ্রসেন র্যক সার্থি দম আদি। তিন জন সংযোগে করহ ভক্ষ্যবিধি॥ চর্বব চুষ্য লেহ্য পেয় কর বহুতর। রস গন্ধ আদি যত রস মনোহর॥ যখন যে চাহে তাহা না করিবে আন। শীজ্রগতি নিয়োজন কর স্থানে স্থান॥ দ্বিজগণে নিমন্ত্রিতে সত্যবতী-স্থত। রাজ্যে রাজ্যে প্রেরণ করুন নিজ দৃত॥ সহদেবে অনুজ্ঞা করেন নরপতি। পুনরপি কৃষ্ণ অগ্রে জিজ্ঞাদে যুক্তি॥ আপনি বুঝিয়া আজ্ঞা কর নারায়ণ। কোন্ কোন্ জনেরে করিব নিমন্ত্রণ।। শ্রীকৃষ্ণ বলেন হরিশ্চন্দ্রের যে যাগ। তাহ। হৈতে বিশেষ করহ মহাভাগ॥ তাঁর যজে আইল যে পৃথিবী রাজন্। ত্রিস্থবন লোক তুমি কর নিমন্ত্রণ॥

ইস্তে যম বরুণ কুবের আদি হ্রুরে। ব্দার যত দেবগণ বৈদে হুরপুরে॥ **পাতালে**তে নাগরাজ শেষ বিষধর। পুথিবীতে বৈদে যত রাজ রাজ্যেশ্বর॥ যুধিষ্ঠির বলিলেন কর অবধান। কোন্ দৃত নিমন্ত্রিতে যাবে কোন্ স্থান॥ গোবিন্দ বলেন নাহি অন্মের শক্তি। দেব নিমন্ত্রিতে যাবে পার্থ মহারথী॥ অগ্রিদত্ত রথ যেই কপিধ্বজ নাম। খেত চারি অশ্ব যার লোকে অনুপম॥ সে রথের অগম্য নাহিক ত্রিভুবনে। তিনলোকে ভ্রমিবারে পারে একদিনে ॥ সেই রথে চড়ি পার্থ করহ গমন। উত্তর দিকেতে গিয়া কর নিমন্ত্রণ॥ পর্ব্বতে যে আছে রাজা কানন ভিতরে। মনুষ্যের কি সাধ্য যাইতে পক্ষী নারে॥ দে দকল রাজারে করিবে নিমন্ত্রণ। কৈলাস পর্ববতে যাবে যথা বৈশ্রবণ॥ তাঁরে নিমন্ত্রিয়া তথা উপদেশ লবে। মনুষ্য অগম্য স্বৰ্গ কেমনে যাইবে॥ ইন্দ্রসহ ইন্দ্রপুরে যত দেবগণ। দেবঋষি ব্ৰহ্মঋষি বৈদে যত জন॥ সবে নিমন্তিয়া যাও বরুণের পুরী। তথা হৈতে যাও যথা মৃত্যু অধিকারী॥ তবে ধর্ম্মে আসিবেক ত্রৈলোক্যমণ্ডল। বিশেষ তোমারে স্নেহ করে আথণ্ডল॥ শ্রেতিমাত্র যজ্ঞে করিবেন আগমন। ইন্দ্ৰ আইলে না আদে নাহি হেন জন॥ যারে দেখ তাহারে করিবে নিমন্ত্রণ। লক্ষা গিয়া বিভীষণে করিবে বরণ॥ পরম বৈষ্ণব হয় রাক্ষদের পতি। মম ভক্ত অনুরক্ত ধার্মিক হুমতি॥ বার্ত্তা পেয়ে দেইক্ষণে পাঠাইবে চর। দৃতমুখে নিমন্ত্রিলে আসিবে সম্বর ॥ তথাপি যাইবে তুমি অত্যে নাহি কাজ। ইন্দ্রের সদৃশ গণি রাক্ষসের রাজ 🛚

নিমন্ত্রিয়া তুমি তারে আইদ সত্বর। আর মত ছফ্টপণা করে নৃপবর 🛭 নিমন্ত্রণ পেয়ে যে না আসিবে ছেথায়। বন্ধন করিয়া শীঘ্র আনিবেক ভায়॥ আর তিন দিকেতে যাউক দূতগণ। মহীপালগণেরে করুক নিমন্ত্রণ ॥ এতেক বলেন যদি দেব দামোদর। শীত্রগামী দূতগণে ডাকেন সম্বর॥ রাজগণে লিখিলেন যজ্ঞ বিবরণ। দ্বিজ ক্ষত্ৰ বৈশ্য শৃদ্ৰ আছে যত জন॥ নিজ নিজ রাজ্য হৈতে সকলে আসিবে। রাজসূয় যজ্ঞে আসি উৎসব দেখিবে॥ এইরূপে তিন দিকে পাঠাইয়া দূত। উত্তরে করেন যাত্র। স্বয়ং ইন্দ্রন্থত ॥ মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান ॥

রাজহর যজ্ঞ আরম্ভ।

পাইয়া রাজার আজা মদ্র-স্তান্তত। আনাইল শিল্পিগণ পাঠাইয়া দূত॥ দেবের মন্দির স্বর্ণে রত্নেতে নির্মিত। হেম রত্ন মুকুতায় করিল মণ্ডিত॥ এক এক পুর মধ্যে শত শত ঘর। তাহাতে রাখিল ভোজ্য পেয় বহুতর॥ আসন বসন শঘ্যা থুল গৃহে গৃহে। বাগী কৃপ জলপূর্ণ গন্ধে মন মোহে ॥ কনক রজত পাত্রে করিতে ভোজন। এক পুরে দৃত নিয়োজিল শত জন॥ লক্ষ লক্ষ গৃহ আদি মনোহর স্থল। নানা বৃক্ষ রোপিল সহিত ফুল ফল॥ দিব্য দিব্য গৃহ কৈল চারিজাতি ক্রম। অপূর্ব্ব নির্মাণ কৈল লোকে মনোরম ॥ হস্তী উপ্ত বৃধভ শকট লক্ষ লক। বৃহৎ নৌকায় আসে যত দ্রব্য ভক্ষ্য॥ রাত্রি দিবা সায়ং প্রাতঃ নাহিক বিশ্রাম। অনুক্ষণ আসিতেছে দ্রব্য অবিরাম॥

_{ময়} বিরচিত সভা **অপূর্ব্ব নির্মাণ**। সুরাস্থর মুনি করে যাহার বাখান ॥ ত্রথিমধ্যে ধর্ম্মরাজ বজ্ঞ আরম্ভিল। দ্বিজ মুনিগণ সব দীক্ষা করাইল। আপনি ব্রহ্মত্ব করিলেন দ্বৈপায়ন। দামগ হইল ধনপ্তয় তপোধন ॥ চ্টলেন হোতা পৈল আর দ্বিজগণ। অন্য অন্য কর্ম্মে অন্য মুনি নিয়োজন ॥ নকলেরে কহিলেন ধর্ম্ম নরপতি। হস্তিনানগরে তুমি যাও শীঘ্রগতি ॥ ভীশ্ব দ্রোণ জ্যেষ্ঠতাত বিহুর সহিত। কুপ অশ্বত্থামা হুর্য্যোধন সম্বন্ত ॥ বাহলীক সঞ্জয় ভুরিশ্রবা সোমদত্ত। শত ভাই কর্ণ **সহ রাজা জ**য়দ্রথ ॥ গান্ধারী প্রভৃতি রাজপত্নী সমুদয়। আর যে **আইদে স্নেহ করি**য়া আ**মায়॥** শীঘ্রগতি গিয়া ভূমি আনহ সবারে। চলিল নকুল বীর হস্তিনানগরে॥ যজের সংবাদ জানাইল সবাকারে। বাল ব্লদ্ধ নারী আদি যত কুরুপুরে॥ ধন্টচিত হইয়া চলিল সর্বজন। দ্বিজ ক্ষত্র বৈশ্য শূদ্র আদি প্রজাগণ॥ রাজসূয় যজ্ঞ শুনি আনন্দিত হৈয়া। চলিল সকল লোক হস্তিনা ছাড়িয়া॥ হস্তীরথ অশ্ব পত্তি করিয়া সাজন। চতুরঙ্গ দলেতে চলিল কুরুগণ॥ ইন্দ্রপ্রস্থে প্রবেশিল নকুল সহিত। দেখি যুধিষ্ঠির জিজ্ঞাদিল হিতাহিত॥ ভীশ্ব দ্রোণ বিত্রর বাহলীক অন্ধরাজে। অগ্রসরি আনিলেন আপন সমাজে॥ স্বারে কহেন পার্থ বিনয় বচন। এ কার্য্য ভোমার হেন কহে জনে জন॥ পিতামহে বলিলেন ধর্ম্মের তনয়। আপনি বিধান বুঝি কর মহাশয় ॥ যুধিষ্ঠির ভাষা সহ করিয়া বিচার। উপযুক্ত বুঝিয়া দিলেন কর্মভার ॥

কর্ত্তব্যাকর্ত্তব্য ভীম্ম দ্রোণে অধিকার। প্রর্য্যোধনে সমর্পিল সকল ভাণ্ডার॥ ভক্ষ্য ভোজ্য অধিকার দেন হুঃশাসনে। ব্রাহ্মণ পূজার ভার গুরুর নন্দনে॥ রাজগণে অর্কিবে আপনি ধনপ্রয়। দ্বিজেরে দক্ষিণা দিতে কুপ মহাশয়॥ দান দিতে দিলেন কর্ণের অধিকার। আপনি নিলেন কৃষ্ণ পরিচর্য্যা ভার॥ ধুতরাষ্ট্র দোনদত্ত প্রদীপ-কোঙর। তিনজন গৃহকর্তা হৈল সর্বেশ্বর॥ সভা রাথিবারে দ্বারী কৈল নিয়োজন। পূৰ্ববদারে নিয়োজিল মহার্থিগণ ॥ সহস্র সহস্র রথী সঙ্গে তরবার। মহাবীর ইন্দ্রসেন রাখে পূর্ববদার॥ উত্তর দ্বারেতে অনিরুদ্ধে নিয়োজিল। যোদ্ধা যাটি সহস্র তাহার সঙ্গে দিল। সাত্যকি দক্ষিণ দ্বারে কৈল নিয়োজন। বিংশতি সহস্র রথী তাহার ভিড়ন॥ পশ্চিম দ্বারেতে বীর ধৃতরাষ্ট্র-স্থত। তার সঙ্গে দিল রথী যুগল অযুত॥ বলাবল বুঝিবারে রহে রুকোদর। এক লক্ষ রথী সঙ্গে ভ্রমে নিরন্তর॥ রাজগণ আগমন জ্ঞাত করিবারে। অধিকার দিল ছুই মাদ্রীর কুনারে॥ এইমত স্বাকারে করি নিয়োজন। আরম্ভ করেন যজ্ঞ ধর্ম্মের ন**ন্দ**ন॥ দূত দ্বারা নিমন্ত্রণ পেয়ে রাজগণ। সদৈত্যে করিল তবে তথা আগমন॥ দ্বিজ **কত্র বৈশ্য শূ**দ্রে ল'য়ে চারিজাতি। স্ব স্বাজ্য হইতে আইল নরপতি॥ नाना वर्ण नाना बङ्ग (य दोर्क्य) (य इय । পাণ্ডবের প্রতি হেতু সঙ্গে করি লয়॥ কেহ কেহ নিজ নিজ পৌরুষ কারণ। ধর্মযুক্ত বুবি৷ কেছ নিল বহু ধন ॥ হস্তী অশ্ব রুষভ শকট নৌকা পূরি। নানাবর্ণে কত রত্ন লিখিতে না পারি ॥

থত পীত লোহিত অমূল্য যত শিলা। াণিক বৈতুৰ্য্যমণি মরকত নীলা॥ থবাল মুকতা হীরা স্থবর্ণ বিশাল। ানা বর্ণ রুসন বিবিধ বর্ণ শাল। নীটজ লোমজ নানাবর্ণে বিরচিত। স্তী অশ্ব রথ পত্তি গাভী অগণিত॥ फूर्प्लान कति निन पिरानातीशन চমাল শ্যামল অঙ্গ কুরঙ্গ-লোচন ॥ বঞ্চরু চন্দন কাষ্ঠ কুন্ধুম কস্তরী। ানাবর্ণ পক্ষী নিল পিঞ্জরেতে পূরি॥ ।ইমত কর ল'য়ে যত রাজগণ। তমুখে শুনি মাত্র করিল গমন॥ ন্তরে হিমাদ্রি পূর্বেব সমুদ্র অবধি। ক্ষিণেতে লঙ্কা পশ্চিমেতে সিন্ধু নদী॥ বোনিশি পথ বহে নাহিক বিচার। র্বলোক পৃথিবীর হৈল একাকার॥ ল স্থল উচ্চ নীচ নাহি দেখি ক্ষিতি। 'বারাত্রি অবিশ্রাম লোক গতাগতি॥ চুর্দ্দিক হইতে আইল রাজগণ। ভাষারে উপনীত হৈল সর্বজন 🛭 ধাকারে অভ্যর্থন। করি ধনঞ্জয়। ধাযোগ্য রহিবারে দিলেন আলয়॥ মাদ্রি সমুদ্র আদি যত দ্বিজ বৈসে। ।খনে না যায় কত অন্ধর্মিশি আইদে॥ জসূম যক্ত বার্তা শুনিয়া প্রবণে। থিতে আইল কত বিনা নিমন্ত্রণে। লবাদী স্থলবাদী পর্ববত-নিবাদী। ক্ষ লক্ষ আইল তপস্বী সিদ্ধ ঋষি॥ রাণপুত্র অশ্বথমা পূজে দ্বিজগণে। ব্য গৃহ রহিবারে দিল সর্বজনে। ক কোটি দ্বিজ অশ্বত্থামা-পরিবার। জগণে পূজে সবে দিয়া উপহার ii নেক আইল ক্ষত্ৰ বহু বৈশ্যগণ। নেক আইল শূদ্ৰ শ্ৰেষ্ঠ যত জন॥ ্রশাসন সহিত অনেক পরিবার। দ্ধন করিল কোটি কোটি সূপকার॥

করেন পরিবেশন বহু সূপকার। গৃহে গৃহে স্থানে স্থানে রন্ধন ব্যাপার॥ স্থানে স্থানে ক্ষণে ভ্রমে হুঃশাসন। সামগ্রী যোগায় যত অনুচরগণ॥ পায়দ পিষ্টক অন্ন ন্মত তুগ্ধ দধি। মনোহর পঞ্চাশ ব্যঞ্জন যথাবিধি ॥ চারি জাতি পৃথক পৃথক দবে ভুঞ্জে। স্থবর্ণের পাত্রে ভুঞ্জে যত নৃপ দ্বিজে॥ খাও খাও লও লও এইমাত্র শুনি। কার্' মুখে নাহি শুনি না পাইতু ধ্বনি॥ বিচিত্র পালঙ্ক শয্যা বদিতে আসন। কুঙ্গুম কস্তরী মাল্য অগুরু চন্দন ॥ কর্পূর তাম্বূল আর যার যাহে প্রীত। কোথা হৈতে কেবা আনি দেয় আচন্দিত॥ স্বৰ্গে ইব্ৰু সহিত যতেক দেবগণ। পাতালে ভুজঙ্গরাজ আর বিভীষণ॥ দেব দৈত্য দানব গন্ধর্বব যক্ষ রক্ষ। সিদ্ধ সাধ্য ভুজঙ্গ পিশাচ প্রেতপক্ষ॥ কিন্নর বানর নর যত বৈদে ক্ষিতি। যজ্ঞের সদনে সবে আদে দিবারাতি ॥ সময় বুঝিয়া কৃষ্ণ কহেন বচন। রাজ অভিষেক কর্ম্ম কর মুনিগণ॥ শ্রীকুষ্ণের বচনে উঠিল মুনিগণ। নানা তীৰ্থজ্ঞল ল'য়ে ধৌম্য দ্বৈপায়ন॥ অসিত দেবল জামদগ্ম পরাশর। স্নানমন্ত্র পড়ে আর যত দিজবর॥ স্নান করাইল ব্যাস শুভক্ষণ জানি। অম্লান বসন দিল চিত্ররথ আনি ॥ শিরেতে ধবল ছত্র সাত্যকি ধরিল। চেদীর ঈশ্বর ল'য়ে পাগ যোগাইল।। ব্বকোদর পার্থ দোঁহে করেন ব্যজন। চামর ঢুলায় ছই মাদ্রীর নক্ষন॥ অবন্তীর রাজা চর্ম্ম পাতুকা লইল। খড়া ছুরি লয়ে শল্য অগ্রে দাণ্ডাইল॥ চেকিতান শর তূণ লইয়া বামেতে। কাশীর ভূপাল ধনু ল'য়ে দক্ষিণেতে॥

নারদাদি মুনি মুথে বেদ উচ্চারণ।
দ্বিজ্ঞগণ স্বস্তি শব্দ পরশে গগন ॥
গন্ধর্বেতে গীত গায় নাচয়ে অপ্সরী।
পাঞ্চল্য পূরিলেন আপনি শ্রীহরি ॥
শব্দের নিনাদ গিয়া গগন পূরিল।
যত যত জন ছিল ঢলিয়া পড়িল॥
বাস্থদেব পাগুবেরা পাঞ্চাল-নন্দন।
দাত্যকি সহিত এই ছাড়ি অইজন॥
শঙ্কানাদে মোহ হ'য়ে পড়িল ঢলিয়া।
ধর্মপুক্র নিবারণ করেন দেখিয়া॥
দ্বৈপায়ন আদি মুনি ধৌম পুরোহিত।
অভিষেক করিলেন বেদের বিহিত॥
সভাপর্ব্ব স্থধারদ রাজসূয় কথা।
কাশীরাম দাদ কহে ভারতে যে গাঁথা॥

সর্জ্বনের নিমন্ত্রণ করিতে যাত্রা। জনোজয় বলে শুনিলাম দাধারণ। কোন্ দিক হৈতে এল কোন্ কোনজন॥ কত দৈশ্য এল তারা কি কর লইয়া। পিতামহে কোনব্ধপে ভেটিল আদিয়া॥ দেব নিমন্ত্রিতে পার্থ করিলেন গতি। কিরূপে আইল তথা দেব পশুপতি॥ বিস্তারিয়া কহ মুনি ভাঙ্গ মনোধন্ধ। পিতামহ চরিত্র অসাম মকরন্দ ॥ মুনি বলে নরপতি কর অবধান। কিছু অল্ল শুন কহি প্রধান প্রধান॥ যতেক পর্বত-পৃষ্ঠে যত রাজা বৈদে॥ শবা নিমন্ত্রিয়ে যান পর্ব্বত কৈলাসে॥ কুবেরেরে কছেন সকল বিবরণ। ধর্ম রাজসূয় যজ্ঞে করিবে গমন 🛚 **কু**বের স্বীকার করে অর্জ্জ্ন-বচনে। যাইব তোমার বজ্ঞে সহ নিজগণে॥ কুবেরের বাক্যে প্রীত হইয়া অর্জ্জুন। শবিনয়ে কুতাঞ্জলি কহিছেন পুনঃ॥ ইন্দ্রের নিকটে যাব করিতে বরণ। কোন্ পথে যাব, দঙ্গে দেহ জ্ঞাতজন॥

কুবের করিল আজ্ঞা চিত্রদেন প্রতি। অর্জ্জনের সঙ্গে যাও যথা স্থরপতি॥ আজ্ঞামাত্র চিত্রসেন চলে শীঘ্রগতি। কপিধ্বজ রথে বৈদে হইয়া সার্থি॥ সেখান হইতে যান ইন্দ্রের নন্দন। কতদূরে দেখিলেন হরের ভবন ॥ **জিজ্ঞাদেন** ধনঞ্জয় এ কাহার পুরী। চিত্রসেন বলে হেগা বৈসে ত্রিপুরারী॥ যক্ত হেতু নিমন্ত্রণ কর ত্রিলোচনে। **সর্বব কার্য্য**িসদ্ধ হবে হবের গ্রহনে॥ এত শুনি সর্জ্জন নামিল রথ হৈতে। উপনীত হইলেন হরের অগ্রেতে॥ হরের করেন স্তুতি কুন্ডীর নন্দন। হর বলিলেন বর মাগ যাহে মন।। অর্জ্জন বলেন দেব ধর্ম্মের ন্ন্দন। তার রাজসূয় যজে করিবা গমন॥ হাসিয়া পার্ববতী হর করেন স্বীকার। এই চলিলাম আমি যজেতে তোমার॥ শঙ্কর বলেন গিয়া হইব সহায়। নির্বিছে তোমার যক্ত দাঙ্গ যেন হয়॥ পাৰ্বিতী বলেন যাব মন্তের সদনে। যজেতে আদিবে যত বৈদে ত্রিভুবনে॥ সবে স্থা হইবেক প্রসাদে আমার। অনপুণা নাম মম বিখ্যাত সংসার॥ এই নাম ল'য়ে তব দুপকারগণ। অল্ল দ্রব্যে স্তৃপ্ত করুক বহুজন ॥ হর পার্বভার বর পেয়ে ধনপ্রয়। প্রণমিয়া চলিলেনু সামন্দ হন্য ॥ চিত্রনেট বাহে রথ প্রন গমনে 🤈 ক্ষণমাত্রে উপনীত ইন্দ্রের ভবনে॥ প্রণাম করেন পার্গ ভূমিষ্ঠ হইয়া। ইন্দ্র পার্থে আলিঙ্গন দিলেন উঠিয়া॥ আপনার কোলে বসাইয়া দেবরাজ। জিজ্ঞাদেন কহ তাত কি তোমার কাজ। অৰ্জ্জন বলেন দেব ভোমাতে গোচর। ় রাজসূয় করিয়াছেন ধর্মা নরবর॥

সেই যজে স্বধিষ্ঠান হইয়া আপনি 🕸 আর যত স্বর্গপুরে বৈদে সিদ্ধ মুনি 🛭 ্ইন্দ্র বলিলেন যজ্ঞে করি আগুদার। হুমি না আসিতে পূর্ব্বে করেছি বিচার॥ এই দেখ স্থসজ্জ যতেক দেবগণ। ্যারি মেঘ অফ্ট হস্তী সকল পবন 🛭 **মুর্গের যতেক দ্রব্য পৃথিবী হুল্ল'ভ**। ্হৰ যজ্ঞ হেতু দেখ সাজাইল সৰ॥ **এই আমি চলিলাম যজ্ঞের সদন** ! 🗚 যাও অগ্রজনে কর নিমন্ত্রণ ॥ জ্রমুখে শুনি পার্থ আনন্দিত মন। শ্লণমিয়া অন্যদিকে করেন গমন **॥** 🗚 থিবী দক্ষিণে সূর্য্যস্থতের ভবন। পোকারে চলিলেন ইন্দ্রের নন্দন॥ **ত্রিদেন বহে** রথ প্রনের গতি। **হুর্ত্তেকে** উত্তরিল যথা প্রেতপতি॥ ব্লামিয়া বসিলেন অর্জ্জুন সভায়। ্যা**শী**ৰ করিয়া যম জিজ্ঞাদেন তায়॥ **কান্ হেতু হে**থায় তোমার আগমন। 🖈 করিব প্রিয় তব ইচ্দ্রের নন্দন॥ । ত্রুন বলেন দেব কর অবধান। ্বাজসূত্র যজ্ঞেতে হইবে অধিষ্ঠান॥ ,ছামার পুরীতে নিবদয়ে যত জন। বাকারে ল'য়ে যজ্ঞে করিবা গমন॥ ়ীকার করেন যম পার্থের বচনে। ্বৈরপি জিজ্ঞাদেন অর্জ্জুন শমনে॥ রিদ কহেন তবে সভার কথন। া়বদে এথানে মর্জ্যে মরেব্যতজন॥ 🕽 নিয়াছি প্রত্যেক পিতার বিবরণ। নুই বার্তা পেয়ে রাজসূয় আরম্ভন॥ ্ৰথন সে সব জনে নাহি দেখি কেনে। পৈতা আদি আমার আছেন কোনখানে॥ াসিয়া বলেন যম তবে অৰ্জ্জনৈলে। র মরিল তাহারে দেখিবা কি প্রকারে॥ ীবে মৃতে কোথাও নাহিক দরশন। ্রিনিয়া বিস্ময়াপন্ন হৈলেন অর্জ্জুন॥

যমে নিমন্ত্রিয়া তথা পাইয়া মেলানি। বরুণ আলয়ে যান বীর চুড়ামণি॥ পশ্চিম্ দিকেতে জলপতির আলয়। তথাকারে চলিলেন বীর ধনঞ্জয়॥ বরুণেরে কছেন যজ্ঞের বিবরণ । ধর্মা যজ্ঞস্থানে ভুমি করিবা গমন॥ তোমার পুরেতে আর যত জন বৈদে। দবাকে লইয়া দঙ্গে যাবে মম বাদে॥ বরুণ বলিল যজ্ঞে করিব গমন। যজেতে লইব পুরে আছে যত জন ॥ কেবল দানব দৈত্য নাহি অধিকার। যত যত জন আছে আলয়ে আমার 🛚 তাহা সবা লইবারে যদি আছে মন। আপনি তথায় গিয়া কর নিমন্ত্রণ 🛭 বরুণের বচনে গেলেন ধনঞ্জয় : কতদূরে ভেটিল দানবরাজ ময়॥ ময় জিজ্ঞাদিলে পার্থ কহিল দকল। পূর্ব্ব উপকার স্মরি স্বীকার করিল।। এখানে নিবসে দৈত্য যতেক দানব। বলেন আমার যজে ল'য়ে যাবে দব 🖫 এত শুনি ময় তারে বলিল বচন। সবারে লইয়া যজ্ঞে করিব গমন॥ তুমি চলি যাও, যথা আছে প্রয়োজন। শুনিয়া অর্জ্জুন করিলেন আলিঙ্গন 🛚 ৷ তথা হৈতে যান পার্থ পৃথিবী দক্ষিণে। লঙ্কাপুরে নিমন্ত্রিতে রাজা বিভীষণে॥ ইন্দ্র যমপুরী যেন বিচিত্র নির্মান। রাক্ষদের লঙ্কাপুরী তাহার সমান॥ সিংহাদনে বসেছিল রাক্ষদ ঈশ্বর। প্রণাম করেন গিয়া ইন্দ্রের কোঙর॥ জিজ্ঞাদেন বিভীষণ তুমি কোন জন। প্রত্যক্ষ সকল কথা কহেন অর্জ্জ্ন॥ রাজসূয় যজ্ঞ করেছেন যুধিষ্ঠির। তোমা নিমন্ত্রিতে কহিলেন যতুবীর॥ অৰ্জ্জুনেশ্ব মুখে শুনি হুফটিত হৈয়া। বসাইল ধনপ্রয়ে আলিঙ্গন দিয়া 🛚

ত্ব যজ্ঞে যাইব দেখিব নারায়ণ।
দঙ্গেতে লইব পুরে বৈদে যত জন ॥
বিতীয়ণে নিমন্তিয়া ইন্দ্রের কুমার।
ইন্দ্রপ্রেছ ফিরিয়া গেলেন আরবার॥
রাজগণ নিমন্তিতে দূতগণ গেল।
ক্রতমাত্র নৃপগণে দকল আইল॥
দূতবাক্য হেলা করি না আদে যে জন।
অর্জ্র্ন আনেন তারে করিয়া বন্ধন ॥
দতাপর্বব স্থবারদ রাজসূর কথা॥
কাশীরাম দাদ কহে স্থবাসিন্ধু গাঁথা॥

পাতালে পার্থের যাতা।

অর্জ্জনেরে জিজ্ঞাদেন দেব নারায়ণ। বল কারে কারে করিলা হে নিমন্ত্রণ। শুনিয়া অৰ্জ্জুন নিবেদিলেন যতেক। প্স্তক বাহুল্য হয় লিখিলে ততেক॥ করি**লেন কুবের আদিকে নিমন্ত্রণ।** প্রত্যেক রুত্তাস্ক সব কহেন অর্জ্জুন॥ োবিন্দ বলেন যাও পাতাল তুবন। েশন নাগরাজে গিয়া কর নিমন্ত্রণ॥ মর্গে ইন্দ্র দেবরাজ পাতালে বাস্থকী। তোমা বিনা অন্যে যায় এমন না দেখি॥ বাহ্ৰকী আইলে যজ্ঞ হইবে সম্পূৰ্ণ। বিলম্ব না কর সথা যাও তুমি পুনঃ॥ গোবিন্দের বচনে বিলম্ব না করিয়া। পাতালে গেলেন পার্থ রথে আরোহিয়া॥ উপস্থিত হইলেন নাগের আলয়। চৌদিকে বেষ্টিত ফণী শেষ মহাশয়॥ দশ শত ফণা ধরে মস্তক উপর। তিন শত ফণাতে শোভিত চরাচর॥ কূর্ম্মপৃষ্ঠে উপবিষ্ট বেষ্টিত রতন i উজ্জ্বল করিয়া সবে পাতাল ভুবন॥ নাগরাজে প্রণাম করেন ধনঞ্জয়। করযোড় করিয়া কছেন সবিনয়।। শেষ জিজ্ঞাদেন কেন তব আগমন। প্রত্যক্ষ কছেন পার্থ সর্ব্ব বিবরণ 🛭

রাজসূয় নিমিত্ত তোমার নিমন্ত্রণ। স্থররাজ সহিত আসিবে সর্ব্বজন ॥ ব্ৰহ্মা শিব ইন্দ্ৰ আদি যত দিকপতি। সেই যজ্ঞে অধিষ্ঠান হবেন সম্প্রতি॥ সেই হেতু আইলাম তোমার ভবন। রাজসূয় মহাযজ্ঞে করিবা গমন॥ হাসিয়া কহেন শেষ শুন ধনঞ্জয়। তব যজ্ঞে আছেন গোবিন্দ মহাণয় ৷ 'হর্তা কর্তা সেই প্রভু বিধি বিধাতার। সর্বব যজ্ঞ ফল পায় দর্শনে যাহার॥ যথা কৃষ্ণ তথার অছম্মে সর্ব্বজন। ব্ৰহ্মা আদি শিব যত দিক্পালগণ 🕆 অকারণ আমা স্বাকারে নিমন্ত্রণ। সেই কুষ্ণে ভালমতে করহ স্বর্চন॥ সকল হইবে তুষ্ট তাঁরে তুষ্ট কৈলে। হ্রথ পায় শাখা, জল দিলে রুক্ষমূলে॥ অর্জ্জুন বলেন দেব কর অবধান ! যতেক কহিলা তুমি বেদের প্রমাণ 🕸 নিজ বশ নহি সবে তাঁর মায়াবন্ধ। জানিয়া শুনিয়া পুনঃ হয় মায়াধন্ধ॥ পুনঃ নাগরাজ বলে অর্জ্জ্বনে চাহিয়া। আইলে আমারে নিতে কিছু না জানিয়া॥ মস্তক উপরে আমি ধরি যে সংসার। আমি গেলে যজ্ঞে কে ধরিবে ক্ষিতিভার॥ ব্দৰ্জ্জুন বলেন কৃষ্ণ কহেন আমারে। যজ্ঞপূর্ণ হবে তুমি গেলে তথাকারে॥ ক্ষিতিভান্ন হেন্তু যদি করহ বিচার। তুমি যাও আমি লব পৃথিবীর ভার॥ এত শুনি বিস্ময় মানিয়া বিষধর। হাসিয়া অৰ্জ্জ্ব প্ৰতি করিল উত্তর ॥ পৃথিবী ধরিবে হেন করিলে স্বীকার। পুথিবী ছাড়িমু বাক্য পাল আপন্যার॥ এত শুনি ধনপ্পয় লইয়া গাণ্ডীব। করযোড়ে প্রণ্মিয়া শিবদাতা শিব॥ ভক্তিভাবে কৃষ্ণনাম করিয়া স্মরণ। শিরে জোণাচার্য্য পদ করিয়া বন্দন #

অস্কৃত স্তম্ভন অস্ত্র তূণ হৈতে লৈয়া। ষুড়েন গাণ্ডীবে ক্ষিতি অস্ত্রে বদাইয়া॥ ধরেন ধরণী শেষ স্বতন্ত্র হইল। দেখিয়া সকল নাগ অদ্ভূত মানিল॥ তবে শেষ যত নাগ লইয়া সংহতি। রাজসূয় যজ্ঞস্থানে গেল শীভ্রগতি॥ বাস্থকী অনন্ত আর তক্ষক কৌরব। ধ্বতরাষ্ট্র নহুষ কর্কট জরদগব ॥ কোপন কালীয় একপর্ণ ধনঞ্জয়। অজ্যক উগ্রক চুফ্ট রাষ্ট্র মহাশয়॥ পুত্র পৌত্র সহিত চলিল লক্ষ লক্ষ। দেখিয়া সকল লোক মানিল অশক্য॥ পাঁচ সাত শির কার' ষট সপ্ত শত। সহস্র মস্তক কার' আকার পর্বত ॥ নিজ পরিবারে মিলি চলে ফণীরাজ। হেথায় স্থারেন্দ্রালয়ে দেবের সমাজ। ঐরাবত আরোহণ বজ্র শোভে করে। মাতলি ধরিছে ছত্র মস্তক উপরে॥ অফ্টবন্থ নবগ্রহ অখিনীকুমার। দ্বাদশ আদিত্য রুদ্রে একাদশ আর॥ ঊনপঞ্চাশ বায়ু সপ্তবিংশ হুতাশন। যজ্ঞ মন্ত্র পুরোধা দক্ষিণা দণ্ড ক্ষণ॥ যোগ তিথি করণ নক্ষত্র রাশিগণ। চারিমেঘ বিহ্যুৎ সহিত সৈন্মগণ॥ াগন্ধর্ব্ব কিন্নর যত অপ্সরী অপ্সর। .**দেব**ধাষি ব্র**হ্ম**ঋষি চলিল বিস্তর ॥ `বশিষ্ঠ পৌলস্ত্য ভৃগু পুলহ অঙ্গিরা। পরাশর ক্রতু দক্ষ লোমশ স্থারা॥ অসিতদেবল কোণ্ডু শুক সনাতন্ধ মাৰ্কণ্ড মাণ্ডব্য ধ্ৰুব জয়ন্ত কোপন॥ ইত্যাদি অনেক ঋষি ইন্দ্রপুরে থাকে। ্ইদ্রদহ যজুস্থানে চলে লাখে লাখে॥ চড়িয়া পুর্ম্পিক রথে ধনের ঈশ্বর। সঙ্গেতে চলিল যক্ষ গন্ধৰ্ব্ব কিন্নর॥ ফুলকৰ্ণ ফলোদক চিত্ৰক লোত্ৰক। [!]লিখনে না যায় যত চলিল গুছক ॥

স্থতাচী উর্ব্বশী চিত্রা রম্ভা চিত্রদেনী। চারুনেতা মিত্রকেশী বুদবুদা মোহিনী॥ চিত্ররেখা অলম্ব্যা হ্ররভী নমাচী। পোনিকা কদস্বা অর্মা শূদ্রা রুচি শুচি॥ লক্ষ লক্ষ বিভাধরী নৃত্য গীত নাদে। কুবেরের সঙ্গে সবে চলিল আহলাদে॥ যজ্ঞ দেখিবারে চলে যত মহীধর। হিমান্তি কৈলাস শ্বেত নাল গিরিবর॥ কালগিরি হেমকুট মন্দর মৈনাক। চিত্রগিরি রামগিরি গোবর্দ্ধন শাখ ॥ চিত্রকৃট বিষ্ণ্য গন্ধমাদন স্থবল। ঋষ্যশৃঙ্গ শতশৃঙ্গ মহেন্দ্ৰ ধবল॥ রৈবতক যত গিরি গিরি মুনি শিল। কামগিরি খণ্ডগিরি গিরিরাজ নীল।। লক্ষ লক্ষ পর্বত দেবের রূপ ধরি। যক্ষরাজ সহ গেল যজ্ঞ অনুসরি॥ বরুণ চলিল নিজ অমাত্য সহিত। মূর্ত্তিমন্ত সপ্রসিন্ধু যতেক পরিৎ॥ গঙ্গা সরস্থতী শোণ দিনকর স্থতা। চিত্রপালা প্রেভা বৈতরণী পুণ্যযুতা॥ চন্দ্রভাগা গোদাবরী সরয় লোহিতা। দেবনদী মহানদী ুমদাস্বী দহিতা ॥ ভৈরবী ভারবী নদী ভদ্র। বস্থমতী। মেঘবতী গোমতী আর যে সৌরবতী॥ নৰ্মদা অজয় ব্ৰাক্ষী ব্ৰহ্মপুত্ৰ অংশ। তমুল কমলা বিষ কোলামুক বংশ॥ গগুকী নর্মদা ফল্প সিন্ধু করতোয়া। স্বৰ্ণরেখা পদ্মাৰতী শত লোকত্ৰয়া॥ ঝুমঝুমী কালিন্দী দামোদর গিরিপুরী। সিন্ধু ও কাবেরী ভদ্রা নদী গোদাবরী ॥ ইত্যাদি অনেক নদী নদ সরোবর। বাপী হ্রদ ভড়াগ ধরিয়া কলেবর ॥ যজ্ঞস্থানে গেল সবে বরুণ সংহতি। মহিষ বাহনেতে চলিল প্রেতপতি॥ পিতৃগণ দূতগণ দগু মৃত্যু পাশ। আইল অমরবর্গ যুড়িয়া আকাশ ॥

অদৃত দ্বাপর যুগে হৈল যজ্ঞরাজ। না হইল কভু যাহা অবনীর মাঝ॥ _{মন্তু} আদি করি **রাজা** না যায় *লিখ*ন। য্যাতি নহুষ রঘু মান্ধাতা ভ্রমণ॥ ইত্যাদি অনেক হৈল চন্দ্ৰ সূৰ্য্যকুলে। রাজনূয় অশ্বমেধ করিল বহুলে॥ উদ্দেশেতে যেই দেবে করে আরাধন। কর ল'য়ে আ**ইলেন সেই দেবগণ।।** মহেশ পার্ববতী দোঁছে করেন গমন। অলক্ষিতে রূপ নাহি দেখে কোনজন॥ নক্ষিণে ত্রিশূল শিরে শোভে জটাজাল। চরণ পর**েশ দাড়ি বামকরে তাল**॥ এইরূপে সদাশিব সবাকারে রাথে। ্যতদূর যজ্ঞ**স্থল সব ঠাঞি থাকে**॥ যত যত জন এল যজের সদনে। ছারারূপে অন্নদা তোষেন **সর্বজনে** ॥ যার যেই বাঞ্ছা তারে আপনি যোগায়। যে দ্রব্য নাহার ইচ্ছা সেইক্ষণে পায়॥ তথ আরোহণে করে খর করবাল। উনকোটি দানা ল'য়ে এল ক্ষেত্ৰপাল।। শতকোটি দৈত্য ল'য়ে এল দৈত্য ময়। ছয় সহোদর এল বিনতাতনয়॥ দেব দৈত্য নাগ যক্ষ এল সর্ববজনে। প্রজাপতি **আইলেন হংস আরোহণে**॥ স্ত্রাক্ষে থাকিয়া দেখেন চতু**ন্মু** থ। প্রজাপতিগণ সহ যজের কৌতুক ॥ মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

ক্রপদ রাজার আগমন।

দূতমুথে বার্ত্তা পেয়ে পাঞ্চালাধিকারী। হহিতা হইবে মম রাষ্ট্র পাটেশ্বরী॥ ধৃক্টিয়ান্দ্র শিখণ্ডী হরিষ বড় চিত। বজ্ঞ অঙ্গ দ্রব্য সব সাজায় ত্বরিত॥ অনেক আইল দাস দাসী সমুদয়। সহস্রেক দাসী নিল মনোরম কায়॥

যুগল সহস্ৰ বাজী গতি বায়ু সম। বহু বহু দ্রব্য নিল বাছিয়া উত্তম। পর্বব রাজ্য দিব ছেন বিচারিল মনে। সহ দারা চলে রাজা যজের সদনে॥ চতুরঙ্গ দলে আর প্রজা চারি জাতি। নানা বাদ্য শব্দেতে স্তম্ভিত বস্থমতী॥ ইন্দ্রপ্রস্থে উপনীত হৈল পূর্ব্বদারে। বেত্র দিয়া ইন্দ্রসেন রাখিল তাহারে॥ রহ রহ ক্ষণেক পাঞ্চাল অধিকারী। রাজাজ্ঞা পাইলে দ্বার ছাড়িবারে পারি॥ এক্ষণে আসিবে সহদেব ধনুর্দ্ধর। তার হাতে বার্তা দিব রাজার গোচর॥ ইন্দ্রসেন বচনে রহিল নৃপবর। হেনকালে আইলেন মাদ্রীর কোঙর॥ দ্রুপদে দেখিয়া গেল রাজার গোচর। ধর্মরাজে জানাইল শিরে দিয়া কর॥ ৰহু রত্ন আনিল অনেক দাসী দাস। অশ্ব হস্তী উট থর নানাবর্ণ বাস ॥ আজ্ঞা পেলে আদিয়া করিবে দরশন। শুনিয়া দিলেন আছা ধর্ম্মের নন্দন॥ হস্তী অশ্ব পশু আদি যত রত্নধন। তুর্য্যোধন ভাণ্ডারীকে কর সমর্পণ ॥ দাস দাসী সমর্পহ দ্রোপদীর স্থানে। পুত্র সহ হেখা ল'য়ে আইস রাজনে॥ আজ্ঞা পেয়ে সহদেব করিল তেমনি। যেইমত কহিয়াছিলেন নৃপমণি ॥ সপুত্র ভিতরে গেল পাঞ্চাল ঈশ্বর। সঙ্গেতে চলিল জনকত নুপবর॥ **ঘটোৎকচ মহাবার হিডিজা-ভন**য় ৷ যজ্জের পাইয়া বার্ত্তা দানন্দ হৃদ্য়॥ হিড়িম্বক বনেতে তাহার অধিকার। তিন লক্ষ রাক্ষস তাহার পরিবার হয় হস্তা রথেতে করিয়া আরোহণ। যজ্ঞ হেতু নানা রত্ব করিয়া সাজন ॥ নানা বাদ্যে উপনীত যজের সদন। অদ্ভূত রাক্ষদী মায়া করিয়া রচন॥

ধবল মাতঙ্গ পৃষ্ঠে করি আরোহণ। <u>এরাবত পৃষ্ঠে যেন সহব্রলোচন ॥</u> মাথায় মুকুট মণি রত্নেতে মণ্ডিত। সারি সারি খেত ছত্র শোভে চতুর্ভিত॥ কৃষ্ণ খেত চামর ঢুলায় শত শত। পাৰ্বতীয় হস্তী অশ্ব নানাবৰ্ণ রথ ॥ উত্তর দ্বারেতে উপনীত ভীমস্থত। চতুৰ্দ্দিকে হুড়াহুড়ি দেখিয়া অদ্ভূত॥ কেহ বলে ইন্দ্র চন্দ্র কিবা প্রেতপতি। জ্রুণ বরুণ কিবা কোন্ মহামতি॥ কেহ বলে দেবরাজ এ যদি হইত। সহস্রলোচন তবে অঙ্গেতে থাকিত॥ কেহ বলে এ যদি ছইত শমন। গজুনা হইয়া হৈত মহিষবাহন॥ বরুণ হইলে হৈত বাহন মকর। সপ্ত অশ্ব রথ হৈত হৈলে দিবাকর॥ এত বলি লোক সব করিছে বিচার। গজ হৈতে নামিলেক হিড়িম্ব। কুমার॥ প্রবেশ হইতে তারে রাখিল দারেতে। জিজ্ঞাসিল কে তুমি আইলা কোথা হ'তে॥ পরিচয় দেহ, বার্তা জানাই রাজারে। রাজাজ্ঞা পাইলে পাবে যাইতে ভিতরে॥ ঘটোৎকচ বলে আমি ভীমের অঙ্গজ। হিডিম্বার গর্ভে জন্ম নাম ঘটোৎকচ॥ এত শুনি অনিরুদ্ধ কৈল সম্ভাষণ। রহিতে উত্তম স্থান দিল ততক্ষণ ॥ ধর্ম্ম আজ্ঞা করিলেন আন শীব্রগতি। জননী পাঠাও তার যথায় পার্যতী ॥^{..} যত দ্রব্য আনিল সমর্প হুর্য্যোধনে । আজ্ঞা পেয়ে সহদেব গেল ততক্ষণে॥ হিড়িস্বারে পাঠাইল স্ত্রীগণ ভিতর। ঘটোৎকচে ল'য়ে গেল রাজার গোচর॥ হিড়িম্বা দেখিয়া চমকিত অন্তঃপুরী। ক্রপেতে নিন্দিত যত স্বর্গ বিত্যাধরী॥ অলঙ্কারে বিভূষিতা অনিন্দিত অঙ্গ। বনা মেঘে স্থির যেন তড়িত তরঙ্গ ॥

কুন্তীর চরণে গিয়া প্রণাম করিল। আশীর্বাদ করি কুন্তী বসিতে বলিল 🛭 যথায় দ্রোপদী ভদ্র। রত্ন সিংহাদনে। হিডিম্বা বদিল গিয়া তার মধ্যস্থানে ॥ অহঙ্কারে দ্রৌপদীরে সম্ভাষ না কৈল। দেখিয়া পার্যতী দেবী অন্তরে কুপিল। কৃষ্ণা বলে নহে দূর খলের প্রকৃতি। আপনি প্রকাশ হয় যার যেই রীতি॥ কি আহার কি আচার কোথায় শয়ন কোথায় থাকিস তোর না জানি কারণ 🕆 পূর্বেব শুনিয়াছি আমি তোর বিবরণ। তোর সহোদরে ভীম করিল নিধন॥ ভাতৃবৈরী জনে কেহ না দেখে নয়নে। কামাতুর হয়ে তো ভজিলি হেন জনে॥ সতত ভ্রমিদ্ তুই যথা লয় মন। একে কু-প্রকৃতি আর নাহিক বারণ॥ স্থানে স্থানে বেড়াস্ ভ্রমরে যেন মধু। সভামধ্যে বসিলি হইয়া কুলবধু॥ মৰ্য্যাদা থাকিতে কেন না যাসু উঠিয়া আপন সদৃশ স্থানে তুমি বৈদ গিয়া॥ কুপিল হিড়িম্বা দ্রৌপদীর বাক্যজালে ৷ ত্বই চক্ষু রক্তবর্ণ কুষণ প্রতি বলে॥ অকারণে পাঞ্চালি করিস্ মৃহস্কার : পরে নিন্দ, নাহি দেখ ছিদ্র আপনার ॥ তোমার জনকে পূর্ব্বে জানে সর্ব্বজনা বান্ধিয়া আনিয়া পার্থ করিল লাঞ্জনা ॥ যেই জন করিলেক এত অপমান। কোন্লাজে হেন জনে দিল কত্যাদান॥ আমি যে ভজিসু ভীমে দৈবের নির্ববন্ধ। পশ্চাৎ আমার ভাই করিলেক দ্বন্দ্ব॥ সহিতে না পারি মৈল করি বীরকর্ম। বীরধর্ম্ম করিল লোকেতে অনুপম॥ শক্রবে যে ভজে তারে বলি ক্লীবজন্ম। সংসারে বিখ্যাত তোর জনকের কর্ম। আমার সপত্নী ভূমি, আমি না তোমার। তোর বিবাহের অতো বিবাহ আমার ।

ছজন কুন্তী ঠাকুরাণীর নন্দন। 🏿 পুত্ৰ আছি বধূ ত্ৰয়োদশ জন ॥ খ্য্য ভূঞ্জহ অর্দ্ধ তুমি স্বতন্তরা। দশ জনেতে অৰ্দ্ধ নাহি দেখি মোরা ॥ ্বাপি আমারে দেখি **অঙ্গ হৈল জ্**রা। হেতৃ নিন্দিস্ মোরে বলি স্বতন্তরা॥ ত্র মন হিড়িম্বক ধনের ঈশ্বর। ্_{ত্রগৃহে} থাকিলে নাহি যে **স্বতন্তর**। ল্যকালে কন্সা রক্ষা করয়ে জনকে। রীকে যৌবনকালে স্বামী সদ। রাথে॥ ।

বিকালে পুত্র রাথে আছে নিরূপণ। দশন আমার পুত্র পৃথিবী পূজন॥ তুলের রাজ্য মধ্যে হইয়া ঈশ্বর। হুবলে শাসিল যতেক নিশাচর॥ মুকু অবুধি বৈদে যতেক রাক্ষ্স। ্কেশ্বর মম পুত্র সব কৈল বশ। জদুয় যজ্ঞবার্ত্তা লোকমুখে শুনি। তক রাক্ষদগণ করে কাণাকাণি॥ তক রাক্ষদ বৈরী পাণ্ডুপুত্রগণ। ্দবে যজ্ঞ নম্ট করিব এখন॥ ।মুখে শুনিল কুচক্ৰী যত জন। র করি সবারে করিল ব**ন্ধ**ন ॥ গ্রাহপাশে বান্ধিয়া রাখিল কারাগারে। বং দারিয়া য**ত্ত্ত না আইদে ঘ**রে ॥ ার যত পৃথিবীতে বৈদে নি**শাচর**। যারে জিনিয়া বলে আনিলেক কর॥ তেক হিড়িম্বা যদি কৈল কটুন্তর। হিতে লাগিলা কৃষ্ণা কুপিত **অন্ত**র ॥ নঃ পুনঃ যতেক কহিদ পুত্ৰকথা। ত্রের কর**হ গর্ব্ব খাও পুক্রমাথা** ॥ র্ণের একাগ্রী অস্ত্র বজ্রের সমান। 'র ঘাতে তোর পুত্র ত্যজিবেক প্রাণ ॥ ক্রের শুনিয়া শাপ হিড়িম্ব। কুপিল। ্দ্ধা হয়ে হিড়িস্বা কৃন্ণারে শাপ দিল॥ দ্দোষে আমার পুত্রে দিলে তুমি শাপ। মিও পুজের শোকে পাবে বড় তাপ 🛚

ভোপর্বব ।]

যুদ্ধ করি মরে ক্ষত্র বায় স্বর্গবাস।
বিনা যুদ্ধে তোর পঞ্চপুক্ত হবে নাশ।
এত বলি ক্রোধ করি হিড়িদ্বা চলিল।
আপনি উঠিয়া কুন্তী দোহে শান্তাইল।
মহাভারতের কথা স্থধাসিন্ধু প্রায়।
পাঁচলী প্রবন্ধে কাশীরাম দাস গায়॥

বিভীষ্ণের অপমান।

পার্থমুখে বার্তা পেয়ে রাক্ষদ ঈশ্বর। হরষিতে রোমাঞ্চিত হৈল কলেবর॥ যেই কথা অনুক্ষণ কহে মুনিগণ। বস্থদেব–গৃহে জন্মিলেন নারায়ণ॥ নিরন্তর চিত্ত ব্যাগ্র যাঁরে দেখিবারে। আপনি ডাকেন তিনি দয়৷ করি মোরে 🛭 দৰ্ব্ব তত্ত্ব অন্তৰ্য্যামী ভকতবৎসল। অসুগত জনে দেন মনোমত ফল॥ তাঁর অনুগত আমি বুঝিতু কারণ। করিলেন নিজ ভক্ত বলিয়া স্মরণ॥ এত ভাবি বিভীষণ ছাউচিত্ত হৈয়া। যতেক স্থছদগণে আনিল ডাকিয়া॥ শীঘ্রগতি সজ্জা কর নিজ পরিবারে। আমার সহিত চল কুষ্ণে ভেটিবারে॥ দিব্য রত্ন আছে যত আমার ভাণ্ডারে। বহু ধন রত্ন লও দিব দামোদরে॥ এত বলি রথে আরোহিল লঙ্কেশ্বর। সঙ্গেতে চলিল লক্ষ লক্ষ নিশাচর॥ বাজায় বিবিধ বাত্য রাক্ষদী বাজনা। শত শত খেতছত্ত না যায় গণনা॥ দক্ষিণ ৰাবেতে উত্তরিল বিভীষণ। মিলামিলি হইল রাক্ষদ নরগণ। বিকৃতি আকার সব নিশাচরগণ। বিস্ময় মানিয়া দবে করে নিরীক্ষণ 🏗 তুই তিন মুখ কার অশ্বপ্রায় মুখ। বক্তদন্ত দেখি নাসা চক্ষু যেন কুপ॥ রথ *হতে নামিল ভূমিতে* বিভীষ[্]। যজ্ঞন্থান দেখি হৈল বিশ্ময় বদন॥

আদি অন্ত নাহি লোক চতুৰ্দ্দিকে বেড়ি। উচ্চ নীচ জল স্থল আছে লোক যুড়ি॥ কোথায় দেখয়ে একপদ নরগণ। मोर्च कर्न (काथा (मर्थ विकर्न वमन ॥ কোথায় অমরগণ নানা ক্রীড়া করে। রাক্ষদ দানব দৈত্য অনেক বিহরে॥ সিদ্ধ সাধ্য ঋষি যোগী অনেক ব্ৰাহ্মণ। বিবিধ বাহনে কোথা যমনূতগণ॥ কোটি কোটি অশ্ব হস্তী কোটি কোটি রথ। স্থানে স্থানে নৃত্য গীত হয় অবিরত॥ অপূর্ব্ব দেখিয়া সবে ভাবে মনে মন। এ হেন অদ্ভুত চক্ষে না দেখি কখন॥ যে দেব দানবে বৈরী আছমে সদায়। হেন দেব দানবেতে একত্র খেলায়॥ যে কণী গরুড়ে কভু নাহি হয় দেখা একত্র খেলায় যেন ছিল পূর্ব্ব সথা। রাক্ষদ মানুষে করে পাইলে ভক্ষণ। মকুষ্যের আজ্ঞা বহে নিশাচরগণ॥ অদ্ভুত মানিয়া রাজা মুখে দিল হাত। জানিল এ দব মায়া করেন শ্রীনাথ দ তুই ভিতে দেখে রাজা অনিমেষ অাথি। তিন ভুবনের লোক এক ঠ্রাই দেখি। কে কারে আনিয়া দেয় নাহিক নির্বস্ক। আসন ভোজন পানে সবার আনন্দ।। পরিবার লোক তার রাথিয়া সে রথ। ঠেলাঠেলি পদব্ৰজে গেল কত পথ॥ অগ্র আর গম্য নহে যাইতে কাহারে। থাকুক অন্মের কাজ পিপীলিকা নারে॥ কতদুর আছে দ্বার নাহি চলে দৃষ্টি। রাজগণ দাণ্ডাইয়া আছে পৃষ্ঠাপৃষ্ঠি॥ তুই ভিতে দ্বারাগণ মারিতেছে বাড়ি। একদুক্টে আছে দবে ছুই কর যুড়ি॥ পথ না পাইয়া দাণ্ডাইল বিভীষণ। অন্তর্য্যামী সব জানিলেন নারায়ণ॥ কে আইল কে খাইল কেবা নাহি পায়। প্রতিজনে জিজ্ঞাসা করেন যতুরায়॥

দূরে থাকি দেখিল রাক্ষস অধিপতি। দিব্য**চক্ষে জানিলেন এই লক্ষ্মীপতি**॥ অফাঙ্গ লোটায়ে স্তুতি করে কর যুড়ে। বারিধারা নয়নেতে অবিশ্রান্ত পড়ে॥ দেখিয়া নিকটে তার গিয়া নারায়ণ। তুই হাতে ধরিয়া দিলেন আলিঙ্গন॥ স্তুতি করে বিভীষণ যুড়ি ছুই কর। আনন্দে চক্ষুর জল ঝরে নিরন্তর ॥ নানা রত্ন ছিনিয়া ফেলেন ভূমিতলে। পুনঃ পুনঃ ধরি পড়ে চরণ-কমলে॥ যতেক আনিল রাজা বিবিধ রতন। গোবিন্দের অগ্রে ল'য়ে দিল ততক্ষণ॥ কর্যোড় করি বলে রাক্ষ্যের রাজ। আজ্ঞা কর জগন্ধাথ করিব কি কাজ। গোবিন্দ বলেন আদিয়াছ কোন্ কাজে: মম দঙ্গে চলহ ভেটাই ধর্মরাজে॥ বিভীষণ বলে কৰ্ম্ম সম্পূৰ্ণ হইল। তোমার পদারবিন্দ নয়ন দেখিল। তোমার পদারবিন্দে দৃঢ় আলিঙ্গন। পিতামহ বাঞ্ছিত যে অন্য কোনজন॥ লক্ষীর তুর্লু ভ মোরে করিলা প্রদাদ। চিরকাল বিচ্ছেদের খাগুল বিধাদ।। সম্পূর্ণ মানস মম সিদ্ধ হৈল কাজ। এখন কি করিব আজ্ঞা কর দেবরাজ গোবিন্দ বলেন যে করিল আবাহন। যার দৃত দঙ্গে পূর্ব্বে পাঠাইলে ধন 🛭 যার নিমন্ত্রণে তুমি আইলা হেথায়। চলহ ভেটাই সেই ঠাকুরে তোমায়॥ বিভীষণ কহিল বলিল দূতগণ। পাগুবের যক্তে অধিষ্ঠান নারায়ণ॥ তব দ্রোখী হইবে না দিলে তারে কর। অন্য কি তোমার নামে দিব কলেবর॥ জগতের ঠাকুর তোমায় আমি জানি তোমার ঠাকুর আছে আমি নাহি মানি যে হউক মোর প্রভু তোমা বিনা না^{ই।} প্রয়োজন নাহি মম অন্যজন ঠাই॥

বিন্দ বলেন ধর্ম্মপুক্র যুধিষ্ঠির। । দরশনে হয় নিস্পাপ শরীর ॥ চাপে যাঁহারে ইন্দ্র আদি কর দিল। । निश क्नीट्स भद्रन वांत्रि निम ॥ চুরে উত্তর কুরু, পূর্বেব জলনিধি। èচমেতে আমি, দক্ষিণেতে তোমা **আদি**॥ হ দিল না আইল নাহি হেন জন। কাতে নয়নে তুমি দেখহ **এখন।** বতা গদ্ধবি যক্ষ রক্ষ কপি ফণী। ষ্যে আইল যত বৈসয়ে অবনী॥ টাশী সহত্র দিজ নিত্য গৃহে ভুঞ্জে। শ ত্রিশ সেবক সেবয়ে এক দ্বিজে। ব্রিতা সহস্র দশেক সদা সেবে। ছেন যতেক শ্বিজ কে **অন্ত করিবে** ॥ নে স্থানে রন্ধন হতেছে অবিরাম। দ লক ব্ৰা**কাণ ভুঞ্জয়ে এক স্থান**॥ r লক্ষ দ্বিজ যবে করেন ভোজন। মবার শভানাদ করুরে তথ্ন।। নমতে মুহুমুহু হয় শঙ্খধ্বনি। দিকে শন্তারবে কিছুই না শুনি।। ন পদ্ম অযুত মাতঙ্গ দীর্ঘদন্ত। ন পদাযুত রথ প্রত্যক্ষ অনন্ত ॥ দ নৃপতির পতি কে পারে গণিতে। রিজাতি যতেক নিবসে পৃথিবী**তে**॥ র্দ্ধিক রন্ধনে ভুঞ্জে অর্দ্ধেক আমান। হার শকতি তাহা করিতে বর্ণন॥ চজন অদস্তোষ নাহিক ইহাতে। ও খাও লও লও ধ্বনি চারিভিতে॥ ^{ম্যোদি} যত **হৈল পৃথিবীর পতি।** ন কর্ম্ম করিবারে কাহার শকতি॥ চ্বুর পর্য্যন্ত নিবদে যত প্রাণী। ন জন নাহি যুধিষ্ঠিরে নাহি জানি॥ রণে স্থমতি হয় নিষ্পাপ দূর্ণনে। ণামে পর্যাগতি আমার সমানে॥ ^{নজনে} নাহি জানে তোমা হেন জন। ^{ন্ত্ৰগতি} চল দাথে করাব দর্শন॥

বিভীষণ বলে প্রভু কহিলা প্রমাণ। মম নিবেদন কিছু কর অবধান॥ পূর্বে পিতামহ মুখে শুনিয়াছি আমি। অনন্ত ব্রহ্মাণ্ড তুমি সবাকার স্বামী॥ ব্ৰহ্ম ইন্দ্ৰপদ তব কটাক্ষেতে হয়। এ কর্ম্ম অসাধ্য নহে তোমার সহায়॥ মম পূর্ব্ব বৃত্তান্ত জানহ গদাধর। তপস্থা করিয়া আমি মাগিলাম বর ॥ স্মরিব তোমার নাম সেবিব তোমারে। তব পদ বিনা শির না নোঙাব কারে॥ যথায় লইয়া যাবে তথায় যাইব। কদাচিৎ অग্যজনে মান্য না করিব॥ এত বলি ৰিভীষণ চলিল সংহতি। পশ্চান্তাগে বিভীষণ অগ্রেতে শ্রীপতি॥ চট চট শব্দেতে চৌদিকে পড়ে ছাট। গোবিন্দেরে দেখিয়া ছাড়িয়া দিল বাট॥ দ্বারের নিকটে উত্তরিল নারায়ণে। পশিতে সাত্যকি নিবারিল বিভীষণে॥ গোবিন্দ বলেন ছারে না রাখ ইহারে। স্বদেশ যাবেন শীঘ্র ভেটিয়া রাজারে ॥ সাত্যকি কহিল প্রভু জানহ আপনি। আজ্ঞা বিনা যাইতে না পারে বজ্রপাণি॥ হের দেখ জগন্নাথ দারেতে বারিত। যত রাজ-রাজ্যেশর বৈদে বামভিত ॥ অগণিত দৈন্য যার ধনে নাহি অন্ত। রাজকর ল'য়ে আছে মাদেক পর্য্যস্ত 🛚 🔻 শ্রেণীমন্ত স্থকুমার নীলধ্বজ রাজা। একপদ কলিঙ্গ নৈষ্ধ মহাতেজা : কিন্ধিন্ধ্যা ঈশ্বর দেখ সিন্ধুকূলবাসী। গোশৃঙ্গ ভূষও আর রুক্তি দন্তকেশী॥ এ স্বার রঙ্গে রাজা শত পঞ্চ শত। কোটি কোটি গজবাজী কোটি কোটী রথ। নানা রত্ন ধন নিজ পরিবার লৈয়া। দ্বারেতে আছয়ে দেখ বারিত হইয়া॥ ত্রিশ সহত্র নৃপতি আছে এই দারে। জন কত রাজামাত্র গিয়াছে ভিতরে 🛭

পুরুজিৎ নামে রাজা পাণ্ডব মাতুল : রাজ আজ্ঞা পেয়ে তবে লইল নকুল॥ তাঁর দঙ্গে গেল জনকত নৃপবর। দেখিয়া বড়ই ক্রুদ্ধ হৈল রকোদর॥ মাতুলে রাখিয়া আর যত রাজগণে। ধাকা মারি বাহির করিল ততক্ষণে। আজ্ঞা বিনা ছাড়িতে নারিব কদাচন। আক্তা আনি ল'য়ে যাও রাজা বিভীষণ॥ এত শুনি ক্রুদ্ধ হৈয়া গেলেন গোবিন্দ। তুই চক্ষু দেখি যেন রক্ত অরবিন্দ ॥ তথা হৈতে গেলেন সহিত লঙ্কাপতি। পূর্ব্বদ্বারে উপনীত আপনি শ্রীপতি॥ মহাবীর ঘটোৎকচ হিড়িম্বা কুমার। তিন লক্ষ রাক্ষদে রক্ষা করে দার॥ कुरखरत (मिथ्रा मत् श्रेष ছाড़ि मिल। বেত্র দিয়া বিভীষণে দ্বারে রহাইল।। গোবিন্দ্র বলেন ইনি লক্ষার ঈশ্বর। ব্রহ্মার প্রপৌক্র রাবণের সংহাদর॥ ঘটোৎকচ বলে শুন দেব চক্রপাণি। আমি কি করিব তুমি জানহ আপনি॥ জন কত রাজামাত্র গিয়াছে ভিতরে। বাইশ সহস্র রাজা আছে এই দারে 🎚 ব্রহ্মার প্রপৌত্র দেব অনেক এসেছে। তুই তিন মাস দ্বারে রহিয়া গিয়াছে॥ বহু নাগগণ **দক্তে শে**ষ বিষধর॥ পাতাল ছাড়িয়া মর্ত্ত্যে রহে নিরন্তর। সহস্র বদন শোভে নাগ অধিকারী। এইখানে তিনি রহিলেন দিন চারি॥ এই দেখ রাজগণ দাণ্ডাইয়া আছে। একদৃষ্টে বুকে হস্ত নাহি চায় পাছে॥ গিরিত্রজে স্থরপতি জ্বাসন্ধ স্থত। জয়দেন মহারাজ বুগল **অ**যুত্ত ॥ নব কোটি রথ নবকোটি মত্ত হাতী। ষষ্ঠ কোটি তুরঙ্গম অসংখ্য পদাতি॥ নানা রত্ন আনিল বিবিধ যানে করি। হস্তিনী গৰ্দভ উট শকট উপরি॥

অহনিশি নৌকা বহে সংখ্যা নাহি জানি যার নৌকা ত্রিশ ক্রোশ ঢাকে গঙ্গাপান। বিংশতি সহস্র রাজা সংহতি করিয়া। দ্বারেতে আচ্চয়ে দেখ বাহির হইয়া॥ শিশুপাল রাজা দেখ চেদীর ঈশ্বর। যাহার সহিত পঞ্চ শত নৃপ্রর ॥ নানা যান করিয়া বিবিধ রত্ন লৈয়া। দ্বারেতে আছয়ে দেখ বারিত হইয়া। দীর্ঘজন্ত রাজা দেখ অযোধ্যার পতি। তিনকোটি রথ সঙ্গে তিনকোটি হাতী। সপ্তদশ নরপতি সংহতি করিয়া। কর ল'য়ে দ্বারে আছে বারিতহইয়া। কাশীরাজ দেখ এই কাশীর ঈশ্বর। কোশলের রাজা রুহদ্বল নূপবর॥ বহু রাজা স্থপার্শ্ব কৌশিক শ্রুত রাজ মদ্রদেন চন্দ্রদেন পার্থ মহাতেজা॥ স্থবর্ণ স্থমিত্র রাজা স্থমুক শদ্বক। মণিমন্ত দণ্ডধর নৃপতি মুকুট ॥ পুগুরীক্ষ বাহুদেব জরদগব আদি। করিল মেদিনী ব্যাপ্ত সমুদ্র অবধি॥ এ সবার সঙ্গে রাজা শত সপ্ত শত। লিখনে না যায় যত গজবাজী রথ ॥ যে দেশে যে রত্ন জন্মে তাহা কর লৈয়া, দারেতে আছয়ে দেখ বারিত হইয়া॥ উপরুদ্ধ অত্যন্ত হয়েন যেই জন। রাজারে জানায় গিয়া তার বিবরণ॥ তবে যদি ধর্মরাজ দেন অনুমতি। যারে আজ্ঞা দেন সেই জন করে গতি। মুহুর্ত্তেকে রহি মাত্র দরশন পায়। শীত্রগতি পুনঃ আনি রাথয়ে হেথায়॥ রাজার শ্ব**শু**র দেখ দ্রুপদ নৃপতি ৷ দিনেক রহিল পরিজনের সংহতি॥ আজ আজা পাইয়া ছাড়িল ক্রপদেরে তার সঙ্গে কর্ত্তবাজা পশিল ভিতরে। সেই হেতু পিতা মােরে করিলেন ফ্রেট খশুরের কিছু না রাখিল উপরোধ।

হির করিয়া যে দিলেন রাজগণে। রীগণে বহু ক্রোধ করিলেন মনে॥ র্বে ইন্দ্রেন ছিল এই বারে বারী। াই দোষে তাহারে দিলেন দূর করি॥ ্থিলেন দারে মোরে অনেক কহিয়া। মাজা বিনা ইব্ৰু এলে না দিবে ছাড়িয়া॥ ্ই হেতু জগন্নাথ ভয় লাগে মনে। মাজা বিনা কিমতে ছাড়িব বিভীষণে॥ াণি হেথা আন রাজ অনুমতি হরি। লানাইতে রাজারে নাহিক শক্তি ধরি॥ _{মকুল} আই**সে কিন্ধা অনুজ তাহা**র। বাৰ্ত্ৰা জানাইতে এ দোঁহার অধিকার॥ ব্বিয়া আপনি কর যে হয় বিচার। ক্ষণেক থাকহ নহে যাও অন্য দ্বার ॥ এত শুনি কৃষ্ণ তারে নিন্দিয়া অপার। ক্রোধ করি চলিলেন উত্তর তুয়ার॥ বিভাষণে লইয়া গে**লেন গদাধর**। কতদূরে দেখি**লেন ভীম অনু**চর ॥ চারি গোটা নুপতিরে করিয়া বন্ধন। কেশে ধরি লইয়া যাইছে চারিজন॥ জিজ্ঞাদেন মাধব তোমরা কোন্ জন। এ চারি জনারে কেন করিলে বন্ধন ॥ বৃতগণ বলে মোরা ভামের কিঙ্কর। হুফকর্ম কৈল এই চারি নরবর॥ ্রত আর লোহিতমণ্ডল নরপতি। ^{অবধানে} জগন্নাথ কর অবগতি॥ এ দোঁহার দেশ প্রভু সমুদ্রের তীরে। পার্থ জিনি কর সহ আনিল দোঁহারে॥ ^{এখন} না বলিয়া যা**ইতেছিল দেশে।** ^{অৰ্দ্ধ} পথ হৈতে ধরিয়া <mark>আনিসু কেশে।।</mark> ^{হের} দেখ জগন্নাথ এই তুই জনে। উপহাদ করিল তুই দরিদ্র ব্রাহ্মণে॥ ^{এই} হেতু চারিজনে আনিসু বাঁধিয়া। আজা করিলেন ভীম শূলে দেহ নিয়া॥ এত শুনি ক্বফ ফিরাইয়া চারিজনে। র্কোদর কোথা জিজ্ঞাসেন দূতগণে॥

অত্রে অত্রে যায় দূত পিছে গদাধর। কতদূরে দেখেন আইদে র্কোদর॥ এক লক্ষ রথী সহ ভ্রমে সর্ববস্থল। চরগণে খুঁজিছে যে কোথাকার বল।। ভীমের নিকটে উত্তরিল নারায়ণ। কহিলেন মুক্ত করি দেহ চারিজন। কর্ম্ম হেতু এ সবারে কৈলা আবাহন। অনাদর এখন করহ কি কারণ ॥ কর্ম্ম যদি করিবে হইয়া মহাতেজা। ঙ্গুদ্র লোকে নিমন্ত্রিলে করিবেক পূজা। ত্বন্ট শিক্ট অনেক এসেছে কর্মাস্থলে। কর্ম্মে বহু বিল্ল হয় ক্ষমা না করিলে॥ त्रु को पत्र वरल क्षेत्र देववकी-नन्त्र । দোষমত শাস্তি যদি না পায় তুৰ্জ্জন॥ আর সব ক্রমে ক্রমে সেই পথ লয়। কহ ইথে কৰ্ম্ম পূৰ্ণ কোনমতে হয় ॥ তুষ্টে ক্ষমা করিতে না পারি কুদাচন। তুফীচারী না ছাড়ে আপন তুফীপণ॥ তুষ্টজনে নিজ তেজ যদি না দেখায়। উপহাদ করে আর কর্ম্ম ধ্বংদ পায়॥ ইহায় আমায় পূর্ব্বে পরিচয় কোথা। তেজ হৈতে যত দেখ আদিয়াছে হেথা॥ পুনশ্চ কছেন কৃষ্ণ কমললোচন। শুন শুন ভীমদেন আমার বচন॥ তোমার শান্তির শব্দে ত্রৈলোক্য পূরিল। তেঁই দেখি তিনলোক একত্র মিলিল॥ শান্তি আচরিতে তুমি এ কর্মা করিলে। কহ ভীম শুকুপূর্ণ হইবে কি ভালে॥ অন্য কর্মা নহে এই রাজসূয় পত্র। এক লক্ষ রাজা আসি হ'য়েছে একতা॥ নাহি জান ইতিমধ্যে আছে ভাল মন্দ। একচক্র হ'য়ে যদি সবে করে দ্বন্দ্র॥ কহ মোরে তথন উপায় কি করিবে। প্রমাদ ঘটিবে আর যজ্ঞ নম্ট হবে॥ পৃথিবীর লোক সব করিলে বিরোধ। কত কত জনে তুমি করিবে প্রবোধ॥

পাতালে রহিল গিয়া পার্থ ধনুর্দ্ধর। দ্বন্দ্র করিবারে তুমি সবে একেশ্বর॥ কুষ্ণের বচন শুনি বলে রুকোদর। তব যোগ্য কথা নহে দেব দামোদর॥ এক লক্ষ রাজা যে বলিলে নারায়ণ। প্রত্যক্ষেতে আমি দেখিলাম সর্বজন॥ অজাযুথ লাগে যেন ব্যান্ডের নয়নে। সেইমত রাজগণ লাগে মম মনে ॥ দ্বন্দ্ব করিবারে সবে হয় একদিকে। কাহার' নাহিক দায় রৈল মম ভাগে॥ দদৈন্যে আগত এক লক্ষ নৃপবর। মুহুর্ত্তেকে দলিবারে পারি একেশ্বর॥ মনুষ্য কি গণি যদি তিনলোক হয়। একেশ্বর সবাকারে করি পরাজয়॥ যার জয় ইচ্ছে দেব তোমা হেন জনে। তারে পরাজয় করে নাহি ত্রিভুবনে॥ গোবিন্দ বলেন সব সম্ভবে তোমারে। তোমা সহ বিরোধ করিতে কেবা পারে। ইহা সবাকারে ছাড় আমার বচনে। এবে দ্বন্দ্ব করহ যে করে হুস্টগণে॥ এত বলি মুক্ত করি দেন চারিজনে। তথা হৈতে লইয়া গেলেন বিভীষণে॥ যাইতে যাইতে কৃষ্ণ কন বিভীষণে। বহু রাজা দেখিয়াছ শুনেছ প্রবণে॥ এমন সম্পদ কি হয়েছে কোন জনে। আমা হেন জনে রাখে যার দারীগণে॥ তিন ভুবনের লোক একত্র মিলিল। ইন্দ্র আদি করিয়া যাহারে কর দিল। বিভীষণ বলে দেব এ নহে অন্তত। ইহা হৈতে রাজসূয় হ'য়েছে বহুত ॥ হরিশ্চন্দ্র মহারাজ এ যজ্ঞ করিল। সপ্তম দ্বীপের লোক একত্র হইল। আর আর যত রাজা পৃথিবীতে ছিল। ইন্দ্ৰ আদি দেবে জিনি নানা যজ্ঞ কৈল।। একমাত্র পাগুবের বাথানি বিশেষ। আপনি এতেক স্নেহ কর হাষীকেশ ॥

ব্রহ্মা আদি ধ্যায় প্রভু তোমা দেখিবারে ৷ এ বড় আশ্চর্য্য তুমি ভ্রম ঘারে ।। তোমার চরিত্র প্রভু কি বলিতে পারি। নহুষে করিলা ইন্দ্র বলি দূর করি। ব্রহ্মকীট পদ প্রভু তোমার সমান। যারে যাহা কর তাহা কে করিবে আন॥ ইন্দ্র আদি পদ প্রভু না করি গণন। তব পদে ভক্তি যার দেই মহাজন॥ ভ**ক্তিতে পাণ্ডব বশ** করিয়াছে তোমা। তেঁই দ্বারে দ্বারী রাখে তারে কর ক্ষমা। কি কারণে জগনাথ এত পর্য্যটন। ষারে ম্বারে ভ্রম প্রাভূ কোন প্রয়োজন ॥ দৈবেতে এ দ্বারীগণ না ছাড়ে আমারে। মম প্রয়োজন কিছু নাহিক ভিতরে॥ মানস হইল পূর্ণ সিদ্ধ হৈল কার্য্য। আজ্ঞা কৈলে মহাপ্রভু যাই নিজ রাজ্য। তার বাক্য শুনিয়া বলেন চক্রধর। আর কত তোমারে কহিব লক্ষেশ্বর 🛚 সর্বব ধর্ম্ম জান তুমি বিচারে পণ্ডিত । তুমি হেন কথা কহ না হয় উচিত॥ নিমন্ত্রণে এলে যার না যাবে ভেটিয়া। রাজা জিজ্ঞানিলে আমি কি বলিব গিয়া হেন অপকীত্তি মম চাহ কি কারণ। ক্ষণেকে করিয়া যাও রাজ **সন্দ**র্শন ॥ এইরূপে দোঁহে হয় কথোপকথন। উত্তর দ্বারেতে উত্তরিলা তুইজন॥ উত্তর তুয়ারে দ্বারী কামের নন্দন। গোবিন্দে দেখিয়া আদি করিল বন্দন॥ শ্রীকৃষ্ণ বলেন যাই রাজার গোচর। ধর্ম্মরাজে ভেটাইব রাক্ষদ ঈশ্বর ॥ অনিরুদ্ধ বলে দেব রহ মুহূর্ত্তেক। এইক্ষণে মাদ্রীর তনয় আসিবেক॥ তাঁর হাতে জানাইব রাজার গোচর। আজ্ঞা পেলে ল'য়ে যাও রাক্ষদ ঈশ্বর॥ গোবিন্দ বলেন তুমি না জান ইহারে। ক্ষণেক উচিত নহে রাখিতে তুয়ারে ॥

বিণের সহোদর লক্ষা অধিপতি। াক্ষদের রাজা যে ব্রহ্মার হয় নাতি॥ ্রত শুনি হাসি বলে কামের নন্দন। কন হেন কহ দেব জানিয়া কারণ।। শ্বধানে দেখ দেব যতেক নৃপতি। মনেক দিবস হৈল দ্বারে কৈল স্থিতি॥ প্রাগ্দেশ অধিপতি রাজা ভগদত্ত। নব কোটি রথ সঙ্গে কোটি গজ মত্ত॥ নানা রত্ন কর দেখ সংহতি করিয়া। বহুদিন দ্বারে আছে বারিত হইয়া॥ বাহলীক বৃহস্ত আর হৃদেব কুন্তল। সিংহরাজ স্থশর্মা সহিত রহদল ॥ কামদেব কামেশ্বর রাজা কামসিন্ধ। ত্রিগত্ত **স্থিরদশির মহাজল**সিন্ধু ॥ এ সবার সঙ্গে রাজা শত পঞ্চশত। ত্রিশকোটি মত্ত হস্তী ত্রিশকোটি রথ।। ্যে দেশে নাহিক শক্তি বিহন্ন যাইতে। সে সকল রাজা দেব দেখহ সাক্ষাতে॥ নানারত্ব কর ল'য়ে ঘারে বসি আছে। বৎসর অধিক হৈল কেহ নাহি পুছে। পুত্র পৌত্র ব্রহ্মার এয়েছে কতজন। প্রপৌত্র আইল যত কে করে গণন।। ইন্দ্র চন্দ্র অনল কুতান্ত দিনকর। ব্রহ্মখাষি দেবঞ্জাষ্টি আইল বিস্তর ॥ চিত্ররথ গন্ধর্বে তুম্বুরু হাহা হুত্। বিশ্বাবহ্ন আদি সহ বিতাধর বহু॥ ^{যক্ষরাজ্} সহ এল কত লব নাম। আসিয়াছে আসিতেছে নাহিক বিশ্রাম ॥ গুই একদিন সবে রহি হেথা গেছে। রিজ আজ্ঞা মাত্র তরে তুই এক আছে॥ বিনা আজ্ঞা ছাড়ি দিলে তুঃথ পায় পাছে। বাজদোহী কর্ম্মেতে অনেক বিদ্ন আছে॥ দোষ গুণ বুঝিতে ভীমের অধিকার। ভীম ক্রোধ করিলে যে নাহিক নিস্তার 🎚 বুঝিয়া করহ দেব যে হয় বিচার। কি শক্তি আমার আজ্ঞা বিনা ছাড়ি ধার ॥ এত শুনি কৃষ্ণ তারে নিন্দিয়া অপার। ক্রোধ করি চলিলেন পশ্চিম ছুয়ার॥ গোবিন্দ বলেন রাজা দেখ বিভয়ান। পৌজ্র হ'য়ে আমার না করিল সম্মান॥ নাহিক উহার দোষ কর্ম এইরূপে। ইন্দ্র যম ভয় করে ভীমের প্রতাপে॥ অল্ল দোষে দেয় দণ্ড ক্রোধ নিরন্তর। শ্রুতমাত্র দেয় শাস্তি নাহি পরাপর **।** চলহ পশ্চিম দ্বারে আছে হুর্য্যোধন। আমা দেখি কদাচ না করিবে বারণ॥ আর কহি বিভীষণ না হও বিশ্বতি। যথন দেখিবে তুমি ধর্ম নরপতি॥ স্থূমিষ্ঠ হইয়া তুমি প্রণাম করিবে। নুপতির অজ্ঞা হ'লে তথনি উঠিবে। বিভীষণ কছে প্রস্থু নছে কদাচন। নিবেদন করিয়াছি মম বিবরণ॥ পূর্ব্ব হৈতে তব পদে বিক্রীত শরীর। তব পদ বিনা অন্যে না নোঙাব শির॥ এত শুনি গোবিন্দ ভাবেন মনে মন। করিয়াছি কুকর্ম আনিয়া বিভূমিণ॥ বিভীষণ যদি দণ্ডবৎ না করয়। সভাতে পাইবে লজ্জা ধর্মের তনয়॥ এত চিন্তি জগন্নাথ করেন বিচার। ব্রহ্মা আদি তপ করে এরা কোন্ ছার। যজ্ঞারম্ভ কৈল রাজা আমার বচনে। আমি যভেষের বলি জানে সর্ববন্ধনে॥ এত চিন্তি জগন্নাথ সহ বিভীষণ। পশ্চিম দ্বারেতে ধান যথা হুর্য্যোধন॥ তুর্য্যোধন নূপতির তুই অধিকার। দ্রব্যের ভাণ্ডারী আর রক্ষা করে দার॥ লক্ষ লক্ষ ভাণ্ডার সমান গিরিবর। কনক রক্তত মুক্তা প্রবাল পাণর 1 অমূল্য কীটজ চীর লোমজ বসন। কস্তুরী দশন হস্তী শৃঙ্গী অগণন॥ চতুৰ্দিক হইতে আসিছে ঘনে ঘন। আষাঢ় শ্ৰাবণে যেন হয় ৰরিষণ #

দরিদ্রে ভিক্ষুক আর ভট্ট আদি যত। দিতেছে সকল দ্রব্য বিদ্বর সম্মত॥ যত দ্রব্য আসে তত দিতেছে দকল। পুনঃ পুনঃ আদে যেন জোয়ারের জল॥ কত জনে কত দেয় নাহি পরিমাণ। অদরিদ্রা কৈল পৃথী দিয়া বহু দান ॥ ঊনশত ভাই দহ নিজ পরিবার। তুর্য্যোধন দ্বারী রাথে পশ্চিম দ্বুয়ার॥ গোবিন্দেরে নির্থিয়া বলে ছুর্য্যোধন। কহ কোন্ হেতু দাগুাইলা নারায়ণ॥ গোবিন্দ বলেন ইনি লঙ্কার ঈশ্বর। যাইতে নিবারে কেন তোমার কিঙ্কর॥ তুর্য্যোধন বলে কুষ্ণ নাহি তার দোষ। আপনি জানহ তুমি ভীমের আক্রোশ॥ আসিবা মাত্রেতে ল'য়ে চাহ ভেটিবারে। আজ্ঞা বিনা কিমতে দারীতে দার ছাড়ে॥ এইক্ষণে আসিবেক মাদ্রীর নন্দন। ক্ষণমাত্র হেথায় বৈদহ নারায়ণ ॥ এত বলি ছুৰ্য্যোধন দিল সিংহাসন। ত্বই সিংহাসনে বসিলেন তুইজন॥ কে বুঝিতে পারে জগন্নাথের চরিত। অথিল ব্রহ্মাণ্ড যাঁর মায়ায় মোহিত॥ ধন্য রাজা ইন্দ্রত্যন্ত্র জন্ম শুভক্ষণে। হেন প্রভু বশ কৈল আপনার গুণে॥ ধন্য ধন্য অশ্বমেধ কৈল শত শত। কটোর তপস্থা রাজা ধন্য কৈল কত॥ কেহ যজ্ঞ ব্রত করে বৈভব কারণ। ইন্দ্রপদ বাঞ্ছে কেহ কুবের তপন॥ তিনলোক মধ্যে ইন্দ্রত্যন্নেরে বাথানি। কত ইন্দ্রপদ যার কর্ম্মের নিছনি॥ যাহার য**ে**শর গুণে পূরিল সংসার। ক্ষিতিমধ্যে খণ্ডাইল যম অধিকার॥ যাবৎ ব্রহ্মাণ্ড আর যাবৎ ধরণী। করিল অদ্ভূত কীর্ত্তি নিস্তারিতে প্রাণী॥ গোহত্য। স্ত্রীহত্য। আদি করে যে নারকী। অবহেলে স্বর্গে যায় কুষ্ণমুখ দেখি॥

জন্মে জন্মে কাশী আদি নানা তীর্থ সেবে।
তপ ক্লেশ যজ্ঞ ব্রত সদা করে যবে।
পঞ্চ পাতকীতে যদি কৃষ্ণমুখ দেখে।
সে কোটি কল্পের পাপ শরীরে না থাকে।
জগন্নাথ মুখপদ্ম যে করে দর্শন।
জগন্নাথ নাম যেবা করয়ে স্মরন।
পৃথিবীর মধ্যে তার সফল জীবন।
কাশীরাম প্রাণময় ভাঁহার চরন॥

সকলোক মৃচ্ছ1।

জন্মেজয় ভূপতি মুনিরে জিজ্ঞাদিল। কহ দেখি তদন্তরে কি প্র**সঙ্গ হৈ**ল ॥ মুনি বলে শুন পরীক্ষিতের নন্দন। বিভীষণ সহ বসিলেন নারায়ণ॥ পরিশ্রম হয়েছিল পদব্রজে চলি। চতুর্দ্দিকে বিশেষ লোকের ঠেলাঠেলি॥ চৌদিকে অযুত ক্রোশ সভা পরিসর। ভ্রমিয়া দোঁহার শ্রান্ত হৈল কলেবর॥ সিংহাদন উপরে বসিল তুইজন। হেনকালে তথা আসে মাদ্রীর নন্দন॥ গোবিন্দে দেখিয়া বীর কৈল নমস্কার। ডাকি কৃষ্ণ জিজ্ঞাদেন সব সমাচার॥ তুই তিন দিন নাহি রাজ সম্ভাষণ। কহ দেখি সহদেব সব বিবরণ॥ সহদেব বলেন শুনহ দামোদর। তুমি গেলে আসিবেন যতেক অমর॥ সকলের হইয়াছে রাজ দরশন। তোমারে দেখিতে যে আছয়ে সর্ব্বজন॥ দেবরন্দ লইয়া আছেন দেবরাজ। তুমি গেলে ভেটিবেক দেবের সমাজ॥ এত শুনি উঠিলেন ঐাবৎসলাঞ্ছন। তাঁহার সহিত গেল নিক্যানকন॥ সভামধ্যে প্রবেশ করেন নারায়ণ। গোবিদেরে দেখিয়া উঠিল সর্বজন॥ মণ্ডলী করিয়াছিল বেদীর উপরে। কুষ্ণে দৃষ্টি করিয়া পড়িছে বায়ুভরে॥

সূরে পড়িল করিয়া ক্বতাঞ্চলি। াবাতাঘাতে যেন পড়িল কদলী॥ হত। গম্বর্ক আর অপ্সর কিন্নর। वश्चिष ত্রহ্মখ্যষি রক্ষ খগবর॥ ক্লভন বিনা আর যে ছিল যথায়। তদুরে পড়ে দবে হ'য়ে নত্রকায়॥ তেক সোপান পর ধর্মের নন্দন। ক্ষাশং সোপানে উঠেন নারায়ণ॥ শ্বরূপ প্রকাশ করেন জনাদিন। । রূপ দেখিয়া মুগ্ধ **হৈল পদ্মাসন॥** হত্র মস্তকে শোভে সহত্র নয়ন। হস্র নুকুট মণি কিরীট ভূষণ॥ ত্র এবণে শোভে সহত্র কুণ্ডল। ত্র নয়নে র**বি সহত্র মণ্ডল**॥ বধ আয়ুধ শোভে সহক্রেক করে। ত্র চরণে শোভে কত শশধরে॥ াস্র সহস্র যেন সূর্য্যের উদয়। ।বংস কৌস্তুভমণি শোভিত হৃদয়॥ ল নোলে আজামুলম্বিত বনমালা। তাম্বর শোভে যেন মেঘেতে চপলা॥ গ্র-5ক্র-গদা পদা শাঙ্গ আর ধকু। নাবৰ্ণ মণিময় বিভূষিত তকু॥ হস্র সহস্র শস্তু আছে করয়েড়ে। ত মুখ কত তারা স্তুতিবাণী পড়ে। ^{বশ্ব}রূপ বিশ্বপতি দেখে দেবগণ। মকিত হৈয়া **দবে হৈল অ**তেতন॥ ^{মন্তরাক্ষে} থাকি ধাতা বিশ্বরূপ দেখি। ^{ননিষেক} চা**হিলেক মে**লি অ**ক্ট অ**শৈথি॥ ^{জ্ঞান} হইয়া ধাতা **আপনা পাদরে**। ^{ওরগোড়} করিয়া পড়িল কতদূরে॥ লুকাইয়া ছিল শিব যোগীবর হ'য়ে। ^{চরণে} পড়িল বিশ্বরূপ নির্থিয়ে॥ ইন্দ্র নম কুবের বরুণ হুতাশন। জ্জ দুর্য্য খগ নাগ গ্রছ রাশিগণ॥ ^{যেই য}থা আছিল সে সব গেল পড়ি। ^{অচেতন হ'য়ে দবে যায় গড়াগড়ি 🛭}

গ্লপর্ব্ব।]

সকল পড়িল যদি করি প্রণিপাত। যুধিষ্ঠিরে চাহি কন দেব জগন্নাথ। করযোড় করিয়া বলেন ভগবান। পূর্ব্বভিতে মহারাজ কর অবধান॥ কমগুলু জপমালা যায় গড়াগড়ি। পড়িয়াছে চতুন্মু খ অষ্ট ভুক্ত যুড়ি॥ তাহার পশ্চাতে দেখ প্রজাপতিগণ। কর্দম কশ্যপ আদি আর যত **জন।** ব্রহ্মার দক্ষিণে দেখ যোগী মহাদেব। ত্রিলোচন পঞ্চানন প্রণমে মহেশ॥ কাত্তিক গণেশ দেখ তাহার পশ্চাৎ। তব গুণে নমস্কারে ধন্য তুমি তাত॥ সহস্র নয়নে বহে ধারা অর্গণন। হের দেখ প্রণমিছে সহস্রলোচন॥ দ্বাদশ আদিত্য আর দেব শশধর। কুজ বুধ আর গুরু শুক্র শনৈশ্চর॥ রাহু কেতু **অগ্নি তারা বহু অফ্টজন**। মেঘ বার তিথি যোগ গ্লাষি যক্ষগণ ॥ দেবখাতি ব্রহ্মখাষি রাজখাষিগণ। প্রণাম করিছে **সবে** তোমার চরণ॥ যাম্যভিতে মহারাজ কর অবগতি। প্রণাম করিছে পড়ি মৃত্যু-অধিপতি ॥ পশ্চিমেতে অবধান কর নৃপবর। করযোড়ে পড়িয়াছে জলের ঈশ্বর॥ হের দেখ মহারাজ সহস্র সোদর। সহত্র মস্তক ধরে শেষ বিষধর॥ প্রণাম করিছে তোমা ভূমিতলে পড়ি। সহস্র মন্তকে ধূলি যায় গড়াগড়ি॥ উত্তরেতে মহারাজ অবধান কর। প্রণাম করিছে তোমা যক্ষের ঈশ্বর ॥ ধবল গন্ধবৰ অশ্ব দিয়া চারি শত। হের দেখ প্রণাম করিছে চিত্ররথ॥ গন্ধর্বব কিন্নর ধক্ষ অপ্সরী অপ্সর। গড়াগড়ি যায় দেখ ভূমির উপর 🛚 তার বাম ভাগে দেখ রাক্ষদেব শ্রেষ্ঠ। 🕮 রামের মিত্র হয় রাবণ কনিষ্ঠ 🛚।

হের অবধান কর কুস্তীর কোঙর। **ছয় সহোদ**র দেখ খগের ঈশ্বর॥ ভীষ্ম দ্রোণ দেখ ধ্বতরাষ্ট্র জ্যেষ্ঠতাত। উপ্রসেন যজ্ঞসেন শল্য মদ্রনাথ ॥ বস্তুদেব বাস্ত্ৰদেব আদি যত জন। তব পদে প্রণাম করিছে সর্ববজন॥ পৃথিবীতে নাহি রাজা তোমার তুলনা। কে কহিতে পারে তব গুণের বর্ণনা॥ ব্রহ্মাণ্ড পূরিল রাজা তব কীত্তি যশ। তব গুণে মহারাজ হইলাম বশ ॥ কুষ্ণের বঁচন শুনি রাজা যুধিষ্ঠির। ভয়েতে আকুল হয় কম্পিত শরীর॥ নয়ন যুগলে পড়ে বারি ধারা নীর। মুক্ত্যু হু অচেতন হয় কুরুবীর ॥ সধৈর্য্যে বলেন রাজ! গদগদ বচন। অকিঞ্চন জনে প্রভু এত কি কারণ॥ তোমার চরণে মম অসংখ্য প্রণাম। অবধানে নিবেদন শুন ঘনশ্যাম ॥ তড়িত জড়িত পীত কৌষবাস সাজে। শ্ৰীবৎস কৌস্তুভ বিভূষিত অঙ্গমাঝে ॥ শ্রবণে পরষে চক্ষু পুগুরীকপাত। বিষ্ণু বিশ্বরূপ প্রভু সর্বলোকনাথ॥ সংসারে আছয়ে যত পুণ্য-আত্মা জন। সতত বন্দয়ে প্রভু তোমার চরণ॥ দে স্বার তব পদ বন্দিবারে আশা। আকাজ্যায় মাগিবারে না করি ভরদা॥ यिं वर्त दिवा এই करि निर्वतन। অকুক্ষণ বন্দি থেন তোমার চরণ॥ (भाविन्न वर्णन ताका मर्व कम पूमि। ভক্তিমূলে ভোমাতে বিক্রীত আছি আমি ॥ আমার নিয়মে বর্ত্তে আমাতে ভকত। বলি যে তাহাতে আমি করি এইমত ॥ ব্রহ্মা আদি দেবরাজ স্ম নহে তার। প্রত্যক্ষ দেখহ যত চরণে তোমার ॥ তব তুল্য প্রিয় মম নাহিক ভুবনে। আমিও প্রণাম করি ভক্তের চরণে 🛚

এত বলি জগন্নাথ পড়িয়া ধরণী। করপুটে কহিতে লাগিল স্তুতিবাণী॥ মোহিলেন মায়ায় পুনশ্চ নারায়ণ। যতেক দেখিল সবে হৈল পাসরণ। মাতুল–নন্দন হেন দেখিয়া অচ্যুতে। সহদেবে কৈল আজ্ঞা বলহ উঠিতে॥ সহদেব ডাকি বলে উঠ নায়ায়ণ। আজ্ঞা হৈল, নিবেদন কর প্রয়োজন॥ **আছ্ঞা পেয়ে গোবিন্দ উঠেন তত**ক্ষণ। বুকে হাত দিয়া কৃষ্ণ কহেন বচন॥ বহুদিন আইল যে দেব খগনাথ। আজ্ঞা হৈল যায় সবে ল'য়ে যজ্ঞভাগ ॥ ভারতমণ্ডলে বৈদে যত নরপতি। বহুদিন হৈল সবে দ্বারে করে স্থিতি॥ ইতিমধ্যে অবিলম্বে যা'ক নিজদেশ। বিদায় করহ শীঘ্র নাগরাজ শেষ॥ যজ্ঞস্থানে নাগরাজ আছে সাত দিন। সপ্তদিন হৈল সথা অন্নজলহীন॥ বুঝিয়া স্থাঝিয়া নাগ কৈল অবিচার। স্থার উপরে দিল ধরণীর ভার॥ এতেক কছেন যদি দেব জগৎপতি। লজ্জায় মলিন মুখ শেষ অধিপতি॥ অনুমতি করিলেন ধর্মের নন্দন। যার যেই ভাগ ল'য়ে করিল গমন। পুণ্যকথা ভারতের শুনিলে পবিত্র। রাজসূয় যজ্ঞকথা অদ্ভুত চরিত্র॥ ভুবনে বিখ্যাত সে ব্যাস মহামুনি। বিচিত্র তাঁহার কীর্ত্তি যজের কাহিনী 🎚 কাশীরাম দাস কছে রচিয়া পয়ার। যাহার শ্রবণে হয় পাপের সংহার॥

সভার রাজগণের প্রবেশ।
ধর্ম্মরাজ আজ্ঞা তবে কৈল ততক্ষণ।
চারি বারে আছয়ে যতেক রাজগণ॥
সভামধ্যে সবাকারে আইস লইয়া।
যত রত্ন ভাণ্ডারেতে সব সমর্পিয়া॥

জ্ঞা মাত্র আইলেন যত রাজগণ। র্বাজে প্রণাম করিল সর্বজন॥ দতে করেন আজা ধর্মের নন্দন। াাযোগ্য স্থানেতে বিদল সর্বজন॥ থিবার রাজগণ বদিল যথন। দ্ৰুসভা হৈতে শোভা হইল তথন॥ ারদ দেখিয়া সভা হৃদয়ে ভাবিয়া। িহলেন ব্যাসদেবে একান্তে বদিয়া॥ তেক দেখহ বসিয়াছে রাজগণ। ালু যুদ্ধ করি সবে হইবে নিধন॥ াল্লাদনে খণ্ডিবেক পৃথিবীর ভার। ারস্পার মারি **দবে হইবে সংহা**র॥ ারদের মুখে এত শুনিয়া বচন। বশ্বায় মানিয়া চিত্তে চিন্তে তপোধন॥ ইবে অদ্ভূত **হেন বিচারিল মনে।** চুইজন বিনা না জানিল অন্য জনে ॥

শিশুপাল বধ ৷

মুনি বলে শুন পরীক্ষিতের; নন্দন। স্থাময় রাজসূয় য**জ্ঞের কথন**॥ যুধিষ্ঠির সমাপন করিলেন যাগ। তুক করিলেন দিয়া যার যেই ভাগ॥ শিক্ষাতে লইল পূজা দেব পিতৃ ভূপে। ব্ৰাক্ষণে দক্ষিণা দিতে কহিলেন কুপে॥ যে রাজ্যে হৈতে আইল যত দ্বিজ্ঞগণ। শে রাজ্যের রাজা আনিয়াছিল যত ধন॥ ^{ৰিগুণ} করিয়া তার দক্ষিণা যে দিল। ব্যানন্দেতে দ্বিজ্ঞগণ দেশেতে চলিল॥ এক দ্বিজ তুই চারি লইয়া রাথাল। ^{(দেশেতে} চালায়ে দিল যার যেই পাল।। কেই অশ্ব গজ পৃষ্ঠে কেছ চড়ি রথে। রত্নের শকট চালাইয়া দিল সাথে॥ দক্ষিণা পাইয়া দ্বিজগণ গেল দেশে। গঙ্গাপুত্ৰ ব**লিছেন ধৰ্ম্মপুত্ৰ পাশে ॥** ^{বহুদূর হ**ইতে আইল রাজ**গণে।} ^{বংসর} হইল পূর্ণ তোমার ভবনে ॥

সবাকার পূজা কর বিবিধ বিধানে। যজ্ঞপূর্ণ হৈল সবে যাউক ভবনে ॥ যথাযোগ্য জানি রাজা পূজ ক্রমে ক্রমে। শ্রেষ্ঠজন জানি অগ্রে পূজহ প্রথমে॥ এত শুনি যুধিষ্ঠির ভীম্মের বচন। ভাল বলি সহদেবে করেন স্মরণ। আজ্ঞা মাত্র সহদেব তথনি আইল। অর্য্যপাত্র লইয়া সমুখে দাগুইল ॥ যুধিষ্ঠির জিজ্ঞাদেন শুন পিতামহ। কাহারে পৃজিব অগ্রে শ্রেষ্ঠ কেবা কহ ॥ ভীষ্ম বলে বৃষ্ণিবংশে বিষ্ণু অবতারু। উদ্দেশে মহেন্দ্র আদি পূজা করে যাঁর॥ সর্বব অগ্রে অর্ঘা দেহ চরণে ভাঁহার। তারাগণ মধ্যে যেন চন্দ্রের আকার॥ ভকতবংদল দেই কুপা অবতার। তাঁর অগ্রে অর্ঘ্য পায় নাহি হেন আর॥ তবে অর্ঘ্য দেহ বীর রাজগণ শিরে। এত শুনি আনন্দিত সহদেব বীরে॥ অর্ঘ্য দিয়া গোবিন্দ-চরণ পূজা করে। হানটিভ হ'য়ে কৃষ্ণ লইলেন করে গ কুষ্ণে পূজি আনন্দিত পাণ্ডুপুত্ৰগণ। সহিতে নারিল দাগুঘোষের নন্দন ॥ জ্বলন্ত অনলে যেন স্বত দিল ঢালি। ভীম্ম আদি সবাকারে ক্রোধে পাড়ে গালি ॥ রাজসুর যদ্রপূর্ণ কৈল কুরুবর । দেখিয়া কুষ্ণের পূজা চেদীর ঈশ্বর॥ ক্রোধেতে অবশ অঙ্গ বলে বার বার। ওহে ভীম্ম এ তোমার কিমত বিচার॥ সভাতে আছয়ে যত রাজার সুমার। পৃথিবীর যত রাজা দারেতে তোমার॥ রাজসূয় যজ্ঞে অত্রে প্রজিবেক রাজ।। কোন্ রাজপুত্র কৃষ্ণ, ভারে কৈন পূজা॥ কোন্ রূপে পূজাযোগ্য হয় দামোদর। কহ শুনি ওহে ভীম্ম সভার ভিতর ॥ বড় দেখি পূজা যদি চাহ করিবারে। ক্রপদেরে ছাড়ি কেন পূজহ ইহারে॥

বিশেষ আছেন বস্তদেব মহামতি। পিতা স্থিতে পুজে পূজা কহ কোন রীতি॥ যদি বা পৃজিবে ইথে আচার্য্যের ক্রমে। দ্রোণ ত্যজি কৃষ্ণে কেন পূজিল। প্রথমে॥ যন্তপি বলিয়া ঋষি পূজিবে রাজন। গোপালে পূজহ কেন ত্যজি দৈপায়ন॥ রাজক্রমে পুজিবারে চাহ নুপবর। তুর্য্যোধন ত্যাজ কেন পূজ দামোদর॥ যোদ্ধাগণ পূজিবারে যদি ছিল মন। কর্ণবীর ছাড়ি কেন পুজ নারায়ণ॥ প্রিয় শিষ্য শ্রীরামের কর্ণ মহাবীর। **ভূজ**বলে শাসিত নৃপতি পৃথিবীর॥ **অশ্বত্থামা কুপদেন ভীন্মক নৃপতি।** আমা আদি করি রাজা আছে মহামতি॥ গণিলা কাহার মধ্যে এই গোপালেরে। কি বুঝিয়া অর্ঘ্য দিল সভার ভিতরে॥ প্রিয়বন্ধু বলি যদি কুষ্ণে কৈলে পূজা। তবে কেন আপনি আনিলা সর্বব্যজা॥ ক্ষজ্রিয় মধ্যেতে এই পৃথিবী ভিতরে। এমন অন্সায় কেহ কত্ব নাহি করে॥ ধর্মবাঞ্চা করিয়াছে ধর্মের নন্দন। ধর্মাকার্য্য হেডু সবে করিল গমন ॥ নিমন্ত্রিয়া আনিয়া করহ অপমান। এই হৈতে ধর্ম তোর হৈল সমাধান॥ হে গোপাল তোমার বদনে নাহি লাজ। কেমনে লইলা অর্ঘ্য এ সবার মাঝ॥ স্বান্ যেন হবি খায় পাইয়া নির্জ্জনে। কোন তেজে অমান্য করিলা রাজগণে। এ সভায় তব পূজা হৈল বড় শোভা। নপুংসক জনের হৈল যেন বিভা॥ **অন্ধ**ন্থানে অন্ধ যেন জিজ্ঞাসয়ে পথ। সভামাঝে তব পূজা হৈল সেই মত ॥ ছুফ ভীম্ম তুফ কুফ তুফ এ রাজন। স্থুফের সভায় নাহি রহি কদাচন॥ যেই ছার সভায় স্বন্ধনে অপমান। ক্ষণমাত্র-তথায় না রহে জ্ঞানবান ॥

এত বলি উঠিয়া চলিল শিশুপাল। সঙ্গেতে চলিল তুষ্ট কতেক স্থুপাল। শীঘ্রগতি যুধিষ্ঠির ত্যজি সিংহাসন। শিশুপাল প্রতি কহে মধুর বচন॥ এ কর্ম্ম তোমার যোগ্য নহে চেদিশ্বর যজ্ঞ হৈতে ল'য়ে যাও যত নূপবর॥ কি কারণে নিব্দা কর গঙ্গার নন্দনে। আপনি দেখহ বড় বড় রাজগণে॥ ক্লুফের পূজায় কার' নাহি অপমান্ত্র মুনিগণ যত সবে আনন্দ বিধান॥ পিতামহ জানেন যে গোবিন্দের তত্ত্ব ! প্রথমে পূজিয়া তাঁর রাথেন মহত্ত ॥ ভীষ্ম বলিছেন শুন ধর্ম গুণাধার। শান্তিযোগ্য নহে দামুঘোষের কুমার 🛭 কৃষ্ণপূজা করিবারে নিন্দে যেইজন। সে জনারে মান্য নাহি করে। কদাচন ॥ তুষ্টবুদ্ধি শিশুপাল অল্প জ্ঞানবান। রাজগণ মধ্যে তোমা না লিখিবা নাম 🖟 পূজা করে কৃষ্ণপদ ত্রৈলোক্য অবধি। আমি কিসে গণ্য যারে পুজা করে বিধি॥ বহু বহু জ্ঞানরদ্ধ লোক মুখে শুনি। কুষ্ণের মহিমা নাহি জানে পদ্মযোনি॥ জন্ম হৈতে ইহার মহিমা অগোচর। আমি কি বলিব সব খ্যাত চরাচর॥ বিপ্রমধ্যে পূজা পায় জ্ঞানী রুদ্ধগণ। ক্ষত্রমধ্যে বলবান করি যে পূজন॥ বৈশ্যমধ্যে পূজা করে অগ্রে বহুধনে ৷ শুদ্র মধ্যে পূজা পায় বয়োধিক জনে॥ যত ক্ষত্রগণ আছে সভার ভিতরে। কোন্ জন জ্ঞাত নহে আছে দামোদরে ॥ কোন্ রূপে কৃষ্ণ ন্যুন এ সভার মাঝ। কুলে বলে কৃষ্ণ তুল্য আছে কোন্ রাজ 🎚 দান যজ্ঞ ধর্ম্ম আর কীর্ত্তি সম্পদেতে। সংসারের যত গুণ আছয়ে কুষ্ণেতে॥ সংসারের যত কর্ম্ম যে জন কর্ম্ম। গোবিন্দেরে সমর্পিলে সর্ব্ব সিদ্ধ হয় 🛭

প্রকৃতি আকৃতি কৃষ্ণ আদি সন্যুতন। র্ভতে আত্মারূপে আছে যেই জন ॥ াকাশ পৃথিবী তেজ সলিল মরুত। ্দারে যতেক সব ক্লম্ভে প্রতিষ্ঠিত 🛭 ল্লবদ্ধি শিশুপাল কিছু নাহি জানে। াঞ্পুজা নিন্দা করে তথির কারণে ॥ ্রতক বলিল যদি গঙ্গার নন্দন। হাদেব বলিতে লাগিল ততক্ষণ॥ ্প্রেম্য পরাক্রম যেই নারায়ণ। হন প্রভু পূজিবারে নিন্দে যেই জন ॥ গুহার ম**স্তকে আমি বামপদ দি**য়া। 🔉 সভার মধ্যে তেঁই বলিব ডাকিয়া 🛭 গ্রজচর্য্যা বৃদ্ধি বলে অধিক কে আছে। কুষ্ণ হৈতে এ সবার মধ্যে আগে পাছে॥ এতেক বলিল যদি মাদ্রীর নন্দন। য়ত দি**লে যেমন জ্বলিল হুতাশন।**। শিশুপাল আদি করি যত নৃপগণ। ্রলাধভরে গর্জ্জিয়া উঠিল ততক্ষণ॥ নজ্ঞ নাশ কর আর মারহ পাগুব। রুঞ্জিবংশ মার আর মারহ মাধব॥ এত বলি রাজগণ মহা কোলাহলে। প্রলয় সময়ে যেন সমুদ্র উপলে॥ রাজগণ **আড়স্বর**েখি ধর্ম্মরায়। ভীগ্রে**রে বলেন কহ ইহা**র উপায়॥ ^ইহার বিধা**ন আ্ড**া কর মহাশয়। রাজগণ রক্ষা পায় যজ্ঞপূর্ণ হয়॥ ভীশ্ব বলিলেন রাজা না করিও ভয়। প্রথমে করেছি আমি ইহার উপায়॥ গোবিন্দের আরাধনা করে যেইজনে। তাহার কাহারে ভয় এ তিন ভুবনে॥ এই দব জেনুদ্ধ যত দেখহ রাজন। ^{ইথে} সিংহ প্রায় দেখি দৈবকীনন্দন ॥ ^{য তক্ষণ} সিংহ নিদ্রা হইতে না উঠে। গৰ্জমে শৃগালগণ তালার নিকটে॥ যতক্ষণ গোবিন্দ না করে অবধান। ততক্ষণ গর্জ্জিবেক এ সব অজ্ঞান॥

শিশুপালের বুদ্ধিতে গর্জ্জে যত জন। তাহারা যাইবে শীঘ্র যমের সদন। অগ্নি দেখি পতঙ্গ বিক্রম যত করে। ক্ষণমাত্রে ভশ্ম হয় পরশি অগ্নিরে॥ উৎপত্তি প্রলয় স্থিতি যাহার স্বভাব। যূঢ় শিশুপাল কিছু না জানে সে ভাব॥ ভীত্মের বচন শুনি দামোঘোষস্কত। কটুবাক্যে নিন্দা করি বলিল বহুত॥ বৃদ্ধ বলি লঙ্জা নাহি কুলাঙ্গার ওরে। বিভীষিকা প্রায় ভয় দেখাও সবারে॥ ব্বদ্ধ হৈলে লোক প্রায় মতিচ্ছন্ন হয়। ধর্মচ্যত কথা তাই কহ তুরাশয়॥ কুরুগণ মধ্যে তোমা দেখি এইমত। অন্ধ থেন অন্ধজনে জিজ্ঞাদয়ে পথ।। কুষ্ণের বড়াই না করহ বহুতর। তাহার মহিমা যে কাহার স্পােচর। তার অগ্রে কহ নাহি জানে যেইজন। স্ত্রীলিঙ্গ পুতনা তুষ্টা করিল নিধন॥ কাষ্ঠের শকটখান দিল ফেলাইয়া। পুরাতন তুই রুক্ষ ফেলিল ভাঙ্গিয়া॥ রুষ অশ্ব মারিয়া হইল অহঙ্কার। ইন্দ্রজাল করি কংসে করিল সংহার॥ সপ্রদিন গোবর্দ্ধন ধরিল বলয়। এ সব তোমার চিত্তে মোর চিত্তে নয়॥ বল্যীকের ছত্র প্রায় লাগে মম মনে ॥ বড় বলি কহিল অবোধ গোপগণে॥ সাধুজন সঙ্গে তোর নাহিক মিলন। 🤏ন আমি কহি যে কহিল সাধুজন॥ স্ত্রীলিঙ্গ গো দ্বিজ্ঞ আর অন্ন খাই যার। এইজনে কদাচিত মা করি গ্রহার॥ ন্ত্রীলিঙ্গ পুতনা মারি রুষ মারে মাঠে। কংসেরে মারিল যার অর্দ্ধ অন্ন পেটে॥ তোর কর্ম্মে পাগুবের বড় হবে তাপ। ধর্মচ্যুত হৈলি তুই চুফীমতি পাপ ॥ আপনারে ধর্মজ্ঞ বলিস্লোক মাঝ। ইহার যতেক কর্ম শুন সর্ব্ব রাজ 🛭

কাশীরাজ অম্বা যেই শাল্বে ব'রেছিল। এই হুস্ট গিয়া তারে হরিয়া আনিল। বার্ত্তা জানি পুনঃ তারে করিল বর্জ্জন। শাল্বরাজ শুনি তারে না কৈল গ্রহণ॥ তবে কন্যা প্রবেশিল অনল ভিতর। স্ত্রী বধিয়া মহাপাপী খ্যাত চরাচর॥ ব্দারে ভীম্ম তোর ভাই স্বধর্ম্মেতে ছিল। স্থপথে বিচিত্ৰবীৰ্য্য জন্ম গোঙাইল ॥ দে মরিল নিজ ভার্য্যা দিয়া অন্যজনে। তুমি তুরাচার জন্মাইলে পুত্রগণে॥ ব্রহ্মচারী আপনারে বলাইস্লোকে। হেন ব্রহ্মচর্য্য করে বহু নপুংসকে॥ কোনরূপে তব শ্রেয় নাহি দেখি আমি। দান যজ্ঞ ব্রত ব্যর্থ কর অধোগামী॥ বেদপাঠ ধ্যান ব্ৰত যোগ যাগ দান। ইহা সবে নাহি হয় অপত্য সমান॥ সর্ব্বদোষ কুলাঙ্গার আছে তোর স্থান। অনপত্য বৃদ্ধ আর কুপথ বিধান॥ পূর্বেব শুনিয়াছি যে হংসের বিবরণ। তাহার সদৃশ ভীষ্ম তোর আচরণ॥ হংসযুথ মধ্যে যেন বৃদ্ধ হংস থাকে। ধর্ম কর ধর্মাচার বলে সর্বলোকে॥ **অহ**র্নিশি বুধগণে ধর্ম কথা কয়। ধার্ম্মিক জানিয়া সবে তার বাক্য লয়॥ হংসগণ যায় যদি আহার কারণে। ় সবে কিছু কিছু আনে তাহার ভোজনে॥ **আপন আপন** ডিম্ব রাখিয়া তথায়। বিশাস করিয়া সবে চরিয়া বেড়ায়॥ ় ক্রেমে ক্রেমে ডিম্ব সব করিল ভক্ষণ। ্দেখি শোকাকুল হৈল সব হংসগণ॥ এক হংস বুদ্ধিমন্ত তাহাতে আছিল। ব্লদ্ধ হংস ডিম্ব খায় প্রকারে জানিল॥ ক্রোধে সব হংস তারে করিল নিধন। সেই হংস মত ভীম্ম তব আচরণ॥ ব্লব্ধ হংসে হংস যেন করিল নিধন। সেইরূপ ভোমারে মারিবে রাজগণ॥

আরে ভীম্ম জ্ঞান হারাইলে বুদ্ধকালে। যে গোপজাতির নিন্দা করয়ে সকলে॥ ব্লদ্ধ হ'য়ে তারে তুই করিদ স্তবন। ধিক ক্ষত্র ভীম্ম নাম ধর অকারণ। জরাসন্ধ রাজা ছিল রাজচক্রবর্তী। কদাচিত না যুঝিল ইহার সংহতি॥ গোপজাতি বলি ঘুণা কৈল নরবর। তার ভয়ে রহেছিল সমুদ্র-ভিতর॥ কপটে মারিল জরাসন্ধ নৃপবরে। দ্বিজরূপে গেল চুফ্ট পুরীর ভিতরে॥ ইহার জাতির আমি না পাই নির্ণয়। কভু ক্ষত্ৰ কভু গোপ কভু দ্বিজ হয়॥ কহ ভীম্ম এই যদি হয় জগৎপতি। তবে কেন ক্ষণে ক্ষণে হয় নানা জাতি॥ এই সে আশ্চর্য্য বোধ হইতেছে মনে। ধর্ম্ম অসম্ভব করে তোমার বচনে॥ ত্বুদ্দিব হইবে যার তুমি বুদ্ধিদাতা। তোর বুদ্ধিদোষে রাজসূয় হৈল র্থা॥ শিশুপাল ভীম্মে কটু বলিল অপার। শুনি ক্রোধে জ্বলিলেন পবন-কুমার॥ ত্বই চক্ষু রক্তবর্ণ দন্ত কটমটি। সর্ববাঙ্গ ঘামিল ক্রোধে ললাটে ভ্রুকুটি। রক্তমুখ বিকৃতি অধরে দন্ত চাপ। সিংহাসন হইতে উঠিল দিয়া লাফ॥ যুগান্তের যম যেন সংহারিতে স্বষ্টি। শিশুপাল উপরে ধাইল ক্রোধদৃষ্টি॥ বহু তর মিষ্ট ভাষে ভীমে নিবারিল। সমুদ্র তরঙ্গ যেন কূলে লুকাইল॥ না পারিল ভীম্মহস্ত করিতে মোচন। জলে নিবারিল যেন দীপ্ত হুতাশন॥ তুষ্ট শিশুপাল তবে অঙ্গ জ্ঞান করি। ক্ষুদ্র মুগ দেখি যেন **হাসয়ে** কেশরী ॥ ডাকি বলে আরে রে রহিলি কি কারণ। হস্ত ছাড়ু' ভীষ্ম কেন কর নিবারণ ॥ কৌতৃক দেখহ যত নৃপতি সকলে। পতক্ষের মত যেন দহিবে অনলে #

ভীমে নিবারিয়া কছে গঙ্গার নন্দন। াই শিশুপালের শুনহ বিবরণ॥ চদীরাজগৃহে জন্ম হইল যথন। ারিগোটা হস্ত আর হৈল ত্রিলোচন॥ দ্বামাত্র ডাকিলেন গৰ্দ্ধভের প্রায়। বপরীত দেখি কম্প হৈল বাপ মায়॥ চনামাত্র ইহারে ত্যজিতে কৈল মন। মাচন্বিতে শুনে শূন্য আহুরী বচন॥ শ্রীমন্ত বলিষ্ঠ এই হইবে নন্দন। 🛘 করিও ভয়, কর ইহারে পালন 🏾 বিপরীত দেখি যদি চিন্তা কর মনে। ইহার কারণ কিছু শুন সাবধানে॥ ্যইজন এই শিশু করিবে সংহার। চুই ভুজ লুকাইবে পরশে তাঁহার। ্তৃত্বুজ হ'য়েছিল চেদীর নন্দন। রাজ্যে রাজ্যে শুনিল যতেক রাজগণ॥ মাশ্চর্য্য শুনিয়া দবে যায় দেখিবারে। ন্শ বিশ রাজা নিত্য যায় তার পুরে॥ দবাকারে দামুঘোষ করয়ে অর্চন। কোলে দেয় সবাকারে আপন নন্দন ॥ তবে কতদিনে শুনি হেন বিবরণ। দেখিতে গেলেন তথা রাম নারায়ণ॥ দেখি পিতৃষ্বদা করে বহু সমাদর। হৃষ্টিচিত্তে ভুঞ্জাইল তুই সহোদর॥ সেহেতে বালক লৈয়া দিল কৃষ্ণকোলে। ^{অমনি তু-হস্ত থসি পড়ে <mark>স্থ</mark>ুমিতলে॥} ক্পালের নয়ন কপালে লুকাইল। দেখিয়া ইহার মাতা সশঙ্ক হইল।। ক্রযোড় করি বলে দেব দামোদরে। ^{এক বর} মাগি বাপু আজ্ঞা কর মোরে॥ ^{ভয়ে} কম্পামান হৈল আমার শরীর। ত্বি ভয় ভাঙ্গিলে শরীর হয় স্থির॥ শ্ৰীকৃষ্ণ বলেন মাতা না ভাবিও মনে। কোন্বর আজ্ঞা কর দিব এইক্ষণে॥ महारमवी वरल स्मारत अहे वत्र मिवा। ^এ পুজের **অপরাধ সতত ক্ষ**মিবা ॥

বহু অপরাধ এই করিবে তোমার। মোরে দেখি অপরাধ ক্ষমিবে উহার॥ কুষ্ণ বলে না লজ্ফিব বচন তোমার। শত অপরাধ আমি ক্ষমিব ইহার। অবশ্য ক্ষমিব দোষ একশতবার। তোমার অগ্রেতে মাতা করি অঙ্গীকার॥ পূর্বেব হইয়াছে এই রূপেতে নির্ববন্ধ । মুঢ় শিশুপাল তুই চক্ষু স্থিতে অন্ধ ॥ হে পুত্র ডাকিছে চুষ্ট যুদ্ধের কারণ। তব কর্ম্ম নহে ইহা কুন্তীর নন্দন ॥ শ্রীক্নফের অংশ কিছু আছয়ে ইহায়॥ সে কারণে ইহা সহ যুদ্ধ না যুয়ায়॥ হে পুত্র কে আছে আজি সংসার ভিতরে। কাহার শকতি মোরে গালি দিতে পারে॥ কুবচন বলিল যে এই কুলাঙ্গারে। হীনবীষ্য হৈলে সেও নাবে সহিবারে॥ বিষ্ণু অংশ কিছু আছে ইহার শরীরে। তাই তৃণবৎ মানে আমা সবাকারে॥ ভাষ্মের এতেক বাক্য শুনি চেদীশ্বর। হাস্য পরিহাস্য করি বলয়ে উত্তর॥ ভাল হৈল শক্ত মম নন্দের নন্দন। তোর হেন স্ত্রতি তারে কিদের কারণ॥ লোকের বর্ণনা যথা করে ভট্টগণ। এত যদি কর তুমি পরের স্তবন॥ যত স্তুতি কৈলে তুমি নন্দের নন্দনে। অন্য জনে কৈলে বর পেতে এভক্ষণে॥ বাহলাক রাজার যদি করিতে স্তবন। মনোনীত বর তবে পাইতে একণ।। মহাদাতা কর্ণ বীর বিখ্যাত শংসারে। জরাসন্ধ রাজা যারে হারিলা সমরে॥ শ্রবণে কুগুল যার দেবের নির্মাণ। অভেন্ত কবচ অঙ্গে সূর্য্য দীপ্তমান॥ অঙ্গ রাজ্যেশ্বর সেই দানে অকাতর। কর্ণে স্তুতি করিলে পাইতে ভাল বর॥ দ্রোণ দ্রোণি পিতাপুত্রে বিখ্যাত সংসারে। মুহুর্ছেকে ভূমগুল পারে জিনিবারে।

দম্পূর্ণ হইল যজ দিদ্ধ হৈল কাজ।
দক্ষ রাজা উপরে হইলে মহারাজ॥
তোমার মহিমা যত কহেছি বিশেষ।
আজা কৈলে যাই দবে নিজ নিজ দেশ॥
রাজগণ বচন শুনিয়া ধর্মরায়।
কহিলেন ভাতৃগণে পূজহ দবায়॥
যথাযোগ্য মাত্য করি ভূমিপতিগণে।
আগ্রসরি কত পথ যাও জনে জনে॥
রাজার আজ্ঞায় নানাবিধ রত্ন দিয়া।
পাঠাইল রাজগণে দস্ভোষ করিয়া॥

য**ক্ত অন্তে ছুর্য্যোধনের** গৃহে গমন। রাজগণ নিজ রাজ্যে করিল গমন। ধর্ম্মরাজে কহিলেন দেব নারায়ণ॥ আজ্ঞা কর দারকায় যাই মহাশয়। তব যজ্ঞ পূর্ণ হৈল মম ভাগ্যোদয়॥ অপ্রমাদে রাজ্য কর পাল প্রজাগণ। হ্বহুদ কুটুম্ব লোকে করহ পালন॥ এত বলি ধর্ম সহ দেব নারায়ণ। কুন্তীস্থানে গিয়া করিলেন নিবেদন॥ আজ্ঞা কর যাই আমি দ্বারকা ভবনে। **হইল সাত্রাজ্য লাভ তব পুত্রগণে** 🖟 কুন্তী বলিলেন তাত এ নহে অদ্ভুত॥ যাহারে কিঞ্ছিৎ দর্ম কর্ছ অচ্যুত। এত বলি কৃষ্ণশিরে করিল চুম্বন। প্রণাম করেন হরি ধরিয়া চরণ॥ জৌপদী স্বভদ্রা সহ করি সম্ভাষণ। একে একে সম্ভাষেণ ভাই পঞ্জন ॥ রথে চড়ি চলিলেন হরি স্বারাবতী। কুষ্ণের বিচ্ছেদে তুঃখী ধর্ম নরপতি॥ হেনমতে নিজ দেশে গেল সর্ববজন। **ইন্দ্রপ্রন্থে** রহিল শকুনি হুর্য্যোধন॥ ৰাঞ্ছা বড় ধর্মরাজ সভা দেখিবারে। কিতদিন বঞ্চে তথা কুরু নৃপবরে॥ ূশকুনি সহিত সভা নিত্য নিত্য দেখে। িদিব্য মনোহর সভা অসুপম লোকে॥

নানা রত্ব বিরচিত যেন দেবপুরী। দেখিয়া বিস্ময়াপন্ন কুরু অধিকারী ॥ অমূল্য রতনেতে মণ্ডিত গৃহগণ। এক গৃহ তুল্য নহে হস্তিনাভুবন ॥ দেখি তুর্ষ্যোধন রাজা অন্তরে চিন্তিত। একদিন দেখ তথা দৈবের লিখিত॥ মাতুল সহিত বিহরয়ে নরবর। ষ্ফটিকের বেদী দেখে যেন সরোবর॥ জল জানি নরপতি তুলিল বদন। পশ্চাৎ জানিয়া বেদী লঙ্জিত রাজন 🛭 তথা হৈতে কতদূরে গেল নরবর। লজ্জায় মলিন মুখ কাঁপে থর থর॥ ক্ষটিকের বাপী বলি ভ্রমে না জানিল। স-বসন হুর্য্যোধন বাপীতে পড়িল॥ দেখিয়া হাসিল তবে যত সভাজন। ভীম পার্থ আর তুই মাদ্রীর নন্দন॥ দেখিরা দিলেন আজ্ঞা রাজা ভ্রাতৃগণে। ধরিয়া তুলিল বাপী হৈতে হুর্য্যোধনে॥ সোদক বদন ত্যজি পরাইল বাস। করাইল নিব্বত্ত লোকের যত **হা**স ॥ অভিমানে কাঁপে চুর্য্যোধন-কলেবর। বাহির হইল তবে চিন্তিত অন্তর॥ ক্রোধেতে চলিল তবে গান্ধারী-কুমার। ভ্রম হৈল দেখিবারে না পায় তুয়ার॥ স্থানে স্থানে প্রাচীরেতে ফ্রটিক মণ্ডন। দ্বার হেন জানিয়া চলিল হুর্য্যোধন ॥ ললাটে প্রাচীর বাজি পড়িল ভূতলে। দেখিয়া হাসিল পুনঃ সভার সকলে॥ তাহা দেখি শীভ্রগতি ধর্ম্মের কুমার। নকুলেরে পাঠালেন দেখাইতে দার॥ নকুল ধরিয়া হস্ত করিল বাহির। অভিমানে তুর্য্যোধন কম্পিত শরীর ॥ ক্ষণমাত্র তথায় বিলম্ব না করিল। যুধিষ্ঠির-আজ্ঞা মাগি রথ আরোহিল॥ মাতৃল সহিত তবে চলিল হস্তিনা। ঘনখাস হেঁটমাথা হইয়া বিমনা 🛭

কত শত শকুনি বলয়ে ছুর্য্যোধনে। উত্তর না পেয়ে জিজ্ঞাসিল তভক্ষণে॥ স্ঘনে নিখাস কেন মলিন বদন। অত্যন্ত চিন্তিত চিত কিদের কারণ 🛚 তুর্য্যোধন বলে মামা কর অবধান। হৃদ্য় দহিছে মম এই অপমান॥ পাণ্ডবের বশ **হৈল পৃথি**বীমণ্ডল। একলক্ষ নৃপতি থাটিল ছত্ৰতল ॥ ইন্দ্রের বৈভব জিনি কুন্তীর কুমার। কুবেরের কোষ জিনি পূর্ণিত ভাণ্ডার॥ এ সব দেখিয়া মোর শুকাইল কায়। স্রোবর-জল যেন নিদাঘে শুকায়॥ শকুনি বলিল ভাল বিচারিলা মনে। সংগ্রামে কে জিনিবেক পাণ্ডুপুত্রগণে। জিনিবারে এক বিছা আছে মম স্থান। জিনিবারে চাহ যদি লহ সেই জ্ঞান॥ তুৰ্য্যোধন বলৈ কহ মাতুল স্থমতি। হেন বিন্তা আছে যদি দেহ শীঘ্রগতি॥ শকুনি বলিল এই শুন ছুর্য্যোধন। পাশায় নিপুণ নছে ধর্মের নন্দন।। কত্রনীতি আছে হেন যগ্যপি আহ্বান। কিবা দূ্যতে কিবা যুদ্ধে বিমুখ না হন॥ কদাচিৎ যুধিষ্ঠির বিমুখ না হবে। খেলিলে তোমার জয় অবশ্য হইবে॥ এইরূপ বিচার করিয়া হুই জনে। হসিনানগরে প্রবেশিল কতক্ষণে॥ ধৃতরাষ্ট্র-চরণে করিল নমস্কার। খাশীষ করিয়া জিজ্ঞাসিল সমাচার ॥ হুৰ্য্যোধন বলে হেন কি আছে উপায়। বিনা দ্বন্দ্রে পাগুবেরে জিনি নররায় 🛭 পাশাক্ৰীড়া জ্বানে ভাল মাতুল শকুনি। পাশায় পাণ্ডব-লক্ষ্মী সব লব জিনি॥ এতেক শুনি অন্ধ বলিল তথন। বিহুরে জিজ্ঞাসি আমি কহিব কারণ॥ বিছর কহিল রাজা না কহিলা ভাল। জানিলাম আজি হৈতে সৰ্বনাশ হৈল।।

পাশা থেলাইবার মন্ত্রণা।

জন্মেজয় বলে কহ শুনি মূনিবর। কি হেতু হইল পাশা অনর্থের ঘর॥ পিতামহ পিতামহী তুঃখ যাহে পাইল। কেবা খেলা নিবর্তিল কেবা প্রবর্তিল॥ কোন কোন জন ছিল সভার ভিতর। যেই পাশা হৈতে হৈল ভারত সমর। মুনি বলে শুন পরীক্ষিতের তনয়। ক্ষত্তাবাক্য শুনি অন্ধ চিন্তিত হৃদয়॥ দৃঢ় করি জানিল এ কর্ম ভাল নয়। একান্তে ডাকিয়া রাজা তুর্য্যোধনে কয়॥ হে পুত্ৰ কদাচ তুমি না খেলাও পাশা। এ কর্শ্মেতে বিত্বর না করিল ভরসা॥ মাতা পিতা তুমি যদি মান হুর্য্যোধন। না থেলহ পাশা তুমি শুনহ বচন॥ পরম পণ্ডিত তুমি না বুঝহ কেনে। কি কারণে হিংসা কর পাণ্ডুর নন্দনে॥ কুরুকুলে জ্যেষ্ঠ শ্রেষ্ঠ যুধিষ্ঠির গণি। হস্তিনানগর কুরুকুল রাজধানী॥ যুধিষ্ঠির স্থিতে তুমি পাইলে হস্তিনা। তুমি যাহা দিলে তাহা নিল পঞ্জনা॥ ইন্দ্রের সমান পুত্র তোমার বৈভব। নরযোনি হ'য়ে কার এমত সম্ভব। ইথে অনুশোচ পুত্র কিসের কারণ। কি হেতু উদ্বেগ কর কহ ছর্য্যোধন॥ তুৰ্য্যোধন বলে পিতা সমৰ্থ হইয়া। অহস্কার নাহি যার শত্রুকে দেখিয়া॥ काश्रुक्तव गर्भा भाग रम (रन जन। বিশেষ ক্ষত্ৰিয় পাঁতি পনিছ অপিন।। মোরে যে বলিলে লক্ষ্ম গ্রি সাধারণ। এইমত লক্ষা পিতা ভুঞ্জে বহুত্তন ॥ কুন্তীপুক্ত লক্ষ্মী যেন দীপ্ত হুতাশন। দেখি মোর ধন্য প্রাণ আছে এতক্ষণ॥ পৃথিবী ব্যাপিল পিতা পাশুবের যশ। যতেক নৃপতি পিতা হৈল তার বশ 🛭

যুধিষ্ঠির বচনে সদাই কৃষ্ণ খাটে। **সম**স্ত ভূপতি কর দেয় করপুটে ॥ আর করিলেক দেখ কপট পাণ্ডব। মম স্থানে ধন রুত্ব রাখিলেক সব॥ দেখিতে দেখিতে মম ভ্রান্তি হৈল মন। অপমান কৈল যত শুনহ কারণ ॥ মায়া সভামধ্যে কিছু না পাই দেখিতে। **স্ফটিকের** বেদী সব হেন লয় চিতে ॥ জল জানি তুলিলাম পিন্ধন বদন। দেখিয়া হাসিল লোক যত সভাজন॥ তথা হৈতে কভদূরে দেখি জলাশয়। স্ফটিক বলিয়া তায় মনেভ্ৰম হয়॥ া পড়িলাম মহাশব্দে সবস্ত্র তাহাতে। চতুৰ্দ্ধিকে লোকগণ লাগিল হাসিতে॥ ভীম ধনঞ্জয় আর যত সভাজন। দ্রৌপদীর সহিত যতেক নারীগণ॥ সর্ব্বজন আমারে করিলে উপহাস। যুধিষ্ঠির পরিবারে দিল অন্য বাস॥ বলিল কিন্ধরগণে বস্ত্র আনিবারে। পরাইল বাপী হৈতে তুলিয়া আমারে॥ কার প্রাণে সহে পিতা এত অপমান। আর যে করিল পিতা কর অবধান॥ স্থানে স্থানৈ স্থাটকৈর নির্মিত প্রাচীর। দ্বার হেন বুঝিলাম আদিতে বাহির॥ মন্তকে বাজিল ঘাত পড়িনু ভূতলে। মাদ্রীপুত্র হুই আসি ত্বরিত তুলিলে। মম তুঃখে তুঃখিত হইল তুইজন। হাতে ধরি দেখাইল হুয়ার তথন॥ এই হেতু হইল আমার অভিমান। কিবা তার লক্ষী লই কিবা যাক প্রাণ **॥** ধৃতরাষ্ট্র বলে পুত্র হিংদা বড় পাপ। হিংদক জনের পুত্র জন্মে বড় তাপ ॥ অহিংসক পাগুবের না করিবে হিংসা। শান্ত হ'য়ে থাক পুত্র পাইবে প্রশংসা॥ সেইমত যজ্ঞ করিবারে যদি মন। কহ পুত্র নিমন্ত্রণ করি রা**জ**গণ ॥

আমারে গৌরব করে সব নৃপবর। ততোধিক রক্স দিবে আমারে বিস্তর॥ ইহা না করিয়া যাহা করহ বিচার। অসৎ মার্গেতে গেলে দৃষিবে সংসার॥ পরদ্রেব্য দেখি হিংদা না করে যে জন। স্বধৰ্ম্মেতে সদা বঞ্চে সন্তোষিত মন॥ স্বকর্মে উদ্যোগ করে পর উপকারী। সদাকালে মুখে বঞ্চে কি হ্রঃখ তাহারি॥ পর নহে নিজ ভাই পাণ্ডুর নন্দন। দ্বেষভাব তারে না করিও কদাচন ॥ তুৰ্য্যোধন বলে পিতা প্ৰজ্ঞাবান নই। বহু শুনিয়াছি বলি শাস্ত্র কথা কই ॥ সে জন কি জানে পিতা শাস্ত্রের বিবাদ। চাটু যেন নাহি জানে পিফকৈর স্বাদ॥ রাজা হ'য়ে এক আজ্ঞা নহিল যাহার। তারে রাজা নাহি বলি শাস্ত্র অনুসার॥ রাজা হ'য়ে সন্তোষ না রাখিবে কখন। ধনে জনে শান্তি না রাখিবে কদাচন। শক্রুকে বিশ্বাস আর নাহি কদাচন। নগুচি দানবে যথা সহস্রলোচন॥ এক পিতা হৈতে হৈলে দবার উৎপত্তি। বহুকাল প্রীত ছিল নমুচি সংহতি॥ সমরে তাহারে ইন্দ্র করিল সংহার। নিক্ষণ্টকে ভোগ করে অদিতি কুমার॥ শত্রু অল্প যদি তবু নাশের কারণ। মূলস্থ বল্মীকি যেন গ্রাদে তরুগণ॥ আপনি জানিয়া কেন করহ বঞ্চন। নিশ্চয় জানিস্কু চাহ আমার নিধন॥ পুনঃ ধৃতরাষ্ট্র বহু মধুর বচনে। নিবারিতে না পারিয়া পুত্র হুর্য্যোধনে॥ দৈবগঠি জানিয়া বিহূরে ডাকাইল। যুধিষ্ঠিরে আন গিয়া বলি আজ্ঞা দিল॥ বিছুর বলিল রাজা শ্রেয় নছে কথা। কুলনাশ হইবে জানিয়া পাই ব্যথা ॥ অন্ধ বলে আমারে যে না কহিদ আর। দৈবৰণ দেখি এই সকল সংসার॥

মারিল বিহুর আজ্ঞা করিতে হেলন। রুখে চড়ি ইন্দ্রপ্রস্থে করিল গমন॥ বিস্থারের সমাগত করি দরশন। যথাবিধি পূ**জা করিলেন পঞ্চজন**॥ জিজাসা করেন কহ ভদ্র সমাচার। কি কারণে অন্যচিত্ত দেখি যে তোমার॥ বিছুর বলেন রাজা চল হস্তিনায়। বিলয় না কর ধৃতরাষ্ট্রের আজ্ঞায়॥ আর যে বলিল তাহা শুনহ স্থমতি। তব সভা তুল্য সভা করিয়াছে তথি 🏽 ভ্ৰাতৃ সহ মম সভা দেখ হেথা আসি। ন্যত আদি ক্রীড়া কর সভামধ্যে বসি॥ সভায় বদিলে মম তৃপ্ত হয় মন। এই হেতু আমারে পাঠাইল রাজন।। যুধিষ্ঠির বলে দ্যুত **অনর্থের ঘর**। দ্যুতক্রীড়া ইচ্ছে যত জ্ঞানভ্রষ্ট নর॥ য়ে হোক **দে হোক আমি অধীন তোমার।** কি কাৰ্য্য করিব মোরে কহ সমাচার॥ বিহুর **বলেন দ্যুত অনর্থের মূল**। ব্যুতেতে অনুর্থ **জন্মে ভরুট হ**য় কুল ॥ কবিলাম **অন্ধ নৃপে অনেক বারণ।** আযারে পাঠায় তবু না শুনে বচন॥ বুঝিয়া করহ রাজা যাহা শ্রেয় হয়। যাহ বা না যাহ তথা যেবা চিত্তে লয় ॥ ধর্ম বলিলেন আজ্ঞা দেন কুরুপতি। ^{ওরু} আজ্ঞা ভঙ্গ কৈলে নরকে বদতি॥ ক্ষত্রিয়ের ধর্ম্ম তাত জানহ যেমন ! শুতে কিন্ধা যুদ্ধে যদি করে আবাহন॥ ^{বিশেষ} আ**মার সত্য প্রতিজ্ঞা বচন।** দ্যুত কিম্বা যুদ্ধে আমি না করি হেলন॥ এত বলি যুধিষ্ঠির সহ ভাতৃগণ। দ্রোপদীরে কহিয়া গেলেন ততক্ষণ॥ ^{দৈবপাশে} বান্ধি যে<mark>ন লোকে ল'য়ে</mark> যায়। ফতাসহ পঞ্চভাই যান হস্তিনায়॥ ধৃতরাষ্ট্র ভাষা দ্রোণ কৃপ দোমদত্ত। গান্ধারা সহিত **অন্তঃপুর নারী যত**॥

একে একে স্বাকারে করি সম্ভাষণ।
রজনী বঞ্চেন তথা স্থগে পঞ্জন॥
পুণ্যকথা ভারতের অমৃত লহরী।
কাশী কহে শুনিলে তরয়ে ভববারি॥

পাশাতে যুধিষ্টিরের সর্বান্স হরণ। রজনী প্রভাতে পঞ্চ পাণ্ডুর নন্দন। স্থথে দিব্য সভামধ্যে করিল গমন॥ একে একে সম্ভাষ করিলা সর্বজনে। বসিলেন অপূর্ব্ব কনক সিংহাসনে ॥ হেনকালে শকুনি আনিল পাশাসারি। যুধিষ্ঠিরে কহে তবে প্রবঞ্চনা করি॥ পুরুষের মনোরম দ্যুতক্রীড়া জানি। দ্যুতক্রীড়া কর আজি ধর্ম্ম নৃপমণি॥ যুধিষ্ঠির বলে পাশা অনর্থের ঘর। ক্ষত্র পরাক্রম ইথে না হয় গোচর॥ কপট এ কৰ্ম ইথে কপট বাখান। অনীতি কর্মোতে মম নাহি লয় মন ॥ শকুনি বলয়ে পাশ[া] স্থবৃদ্ধির কর্মা। দ্যুত কিম্বা যুদ্ধ এই ক্ষত্রিয়ের ধর্ম ॥ যুদ্ধেতে অজাতি জাতি নাহিক বিচার। হীনজাতি যবনাদি করয়ে প্রহার॥ পাশার সমান সেও বুদ্ধির সমর। ক্ষত্রধর্ম আছে হেন বলে মুনিবর ॥ যুধিষ্ঠির বলে পাশা অনর্থের মূল। অধর্ম করিয়া কেন জিনিবে মাতুল ॥ অন্য নাহি মনে মন দ্বিজনেবা বিনা। এ কর্ম্ম মাতৃল আমি না করি কামনা॥ শকুনি বলিল তুমি যাও নিজন্থানে। পণ্ডিতে পণ্ডিতে ক্রীড়া পণ্ডিত সে জানে॥ যদি দ্যুতক্রীড়া ইচ্ছা নাহিক তোমার। নিবত্তিয়া গৃহে তবে যাও পাপনার ॥ যুধিষ্ঠির বলে যবে ডাকিলা আসারে। সত্য মম না টলিবে পাশার সমরে॥ সত্য আমি খেলিব পাশার আবাহনে। তোমার দহিত পণ করে কোন্ জনে ॥

মেরু তুল্য আমার আছে যে বহুধন। চারি সমুদ্রের মধ্যে যতেক রতন ॥ ছুর্য্যোধন বলে মম মাতুল খেলিবে। সব রত্ন দিব আমি যতেক হারিবে॥ এইরূপে চইজনে পাশা আরম্ভিল। দেখিবারে সর্ব্বজন সভাতে বদিল। ধৃতরাষ্ট্র ভীম্ম দ্রোণ রূপ মহামতি। চিত্তে অসন্তোষ অতি বিহুর প্রভৃতি॥ ধর্ম বলিলেন পণ হইল আমার। ইন্দ্রপ্রস্থে যত মম রত্নের ভাণ্ডার॥ ঈদুশ তোমার ধন কোথা তুর্য্যোধন॥ হাসি বলে কোথা হৈতে দিবা এই পণ॥ ত্রয্যোধন বলে আছে আমার অনেক। প্রবোধ করিব আমি জিনিবে যতেক॥ নির্ণয় করিয়া সারি ফেলিল শকুনি। কটাক্ষে সকল রত্ব লইলেক জিনি॥ ক্রোধে যুধিষ্ঠির পুনঃ করিলেন পণ। কোটি কোটি যতেক আছয়ে অশ্বগণ।। শকুনি হাসিয়া ফেলি জিনিলাম কয়। কি পণ করিবা আর কহ মহাশয়॥ যুধিষ্ঠির বলে মম রথ অগণন। নানা রত্নে বিস্থৃষিত মেঘের গর্জ্জন॥ *শকুনি হাসিয়া বলে ডাকি ততক্ষণ। ছের দেখ জিনিলাম কর অন্য পণ॥ ধর্ম বলিলেন হস্তীরন্দ যে আমার। ইষদন্ত মহাকায় বলে অনিবার 🎚 দর্ব্ব হস্তী করি পণ পুনঃ ফেল পাশা। জিনিলাম শকুনি বলিয়া কহে ভাষা।॥ যুধিষ্ঠির বলেন যে আছে দাসীগণ। সহস্ৰ সহস্ৰ ৰানা রত্নে বিভূষণ 🛭 সবার সৌজন্য বড় ব্রাহ্মণ সেবাতে। করিলাম তাহা পণ এবার পাশাতে॥ ্শকুনি ফেলিল পাশা বলয়ে হাসিয়া। অন্য পণ কর ছের নিলাম জিনিয়া॥ ধর্ম্ম বলে আছয়ে গন্ধর্বে অশ্বগণ। তিলেক না হয় শ্রেম ভ্রমিতে ভূবন ॥

চিত্ররথ গন্ধর্বে তম্বুরু আনি দিল। এবার দ্যুতেতে সেই অশ্বপণ হৈল। হাসিয়া বলয়ে তবে স্থবল–কুমার। অশ্বগণ জিনিলাম কর পণ আর ॥ যুধিষ্ঠির বলেন যে আছে যোদ্ধাগণ। মহারথী মধ্যে করি সে সব গণন 🛚 এবার যুদ্ধেতে আমি করিলাম পণ। হাসিয়া জিনিতু বলে গান্ধার নন্দন॥ এইমতে প্রবর্ত্তিল কপট দেবন। একে একে হারিলেন ধর্ম দর্বব ধন॥ দেখিয়া ব্যাকুল হৈল বিছুরের মন। ধুতরাষ্ট্রে ডাকিয়া বালছে ততক্ষণ॥ আমি যত বলি, তব মনে নাহি লয়। মৃত্যুকালে রোগী যেন ঔষধ না খায়। ওহে অন্ধরায় তুমি হইলা কি স্তব্ধ। জন্মকালে এই পুত্র কৈল খর শব্দ॥ তথনি বলিন্থ আমি সকল বিস্তার। কুরুকুল ক্ষয় হেতৃ হইল কুমার॥ না শুনিয়া মম বাক্য করিয়া হেলন। সেই সব রাজা ব্যক্ত হইল এখন॥ সংহার রূপেতে এই আছে তব ঘরে। স্নেহেতে ভুলিলা, নাহি পাও দেখিবারে। দেব গুরু নীতি রাজা কহি তোমারে। মধু হেতু মধুলোভী উঠে রক্ষোপরে॥ নাহিক পতন ভয় মধুর কারণ 🕠 দেইরূপ মত্ত হইয়াছে তুর্য্যোধন॥ মহার্থিগণ সহ করুয়ে বৈরিতা। পশ্চাতে জানিবে এবে নাহি শুন কথা। এইরূপ কংদ ভোজ হইল উৎপত্তি। সপ্তবংশ পিতার নাশিল চুফীমতি॥ উগ্রসেন আদি দবে করি এ প্রকার। গোবিন্দের হাতে তবে হইল সংহার॥ সপ্তবংশ হুখে বৈদে গোবিন্দ সংহতি। মম বাক্য মান রাজা বড় পাবে প্রীতি॥ শীত্রগতি পার্থে আজ্ঞা করহ রাজন। ছুর্য্যোধনে রাখ নিয়া করিয়া বন্ধন ॥

নির্ভয়ে পরম হ্রপে থাকহ নৃপতি। কাক হত্তে ময়ুরের না কর হুর্গতি। ্ব হইল এখন নিবর্ত্ত নরপতি। পুত্রগণে কর কেন যমের অতিথি॥ দিক্পাল সহ যদি আসে বক্সপাণি। পাঞ্চবে জিনিতে নারে তোমা কিদে গনি॥ হে ভীগ্ন, হে দ্রোণ, রূপ নাহি শুন কেনে। দবে মেলি রঙ্গ দেখ বুঝিলাম মনে॥ অগাধ সমুদ্রে নৌকা না ডুবাও হেলে। সবে মেলি যমগৃহে যাইতে বসিলে॥ অক্রোধি অজাতশক্র ধর্ম্মের তনয়। ্যেক্ষণে করিবে ক্রোধ ভীম ধনঞ্জয়॥ যমত যুগল করিবেক যবে ক্রোধ। কে আছে সহায় তব করিতে প্রবোধ॥ হে অন্ধ, পাশাতে যত লইবে দেবাত। বুঝিলা কি তাহাতে তোমার নাহি হাত॥ কপট করিয়া তাহে কোন প্রয়োজন। স্রাজ্ঞামাত্রে দিবে সব ধর্ম্মের নন্দন॥ এই শকুনিরে আমি ভালমতে জানি 🛭 কপট কুবুদ্ধি খলগণ চূড়ামণি ॥ কোথায় পর্ববতপুর ইহার নিবাদ। কে আনিল হেথায় করিতে সর্ববনাশ।। বিদায় কর**হ, ঘরে যাক আপুনার।** উঠ গো শকুনি, পাশা করি পরিহার॥ সভাতে এতেক যদি বিহুর বলিল। ষ্বলন্ত অনলে যেন স্বত ঢালি দিল ॥ হয্যোধন বলে আমি তোমা না জিজ্ঞাসি। কার হ'য়ে কহ ভাষা সভামধ্যে বসি 🛭 দিহ্বাতে হৃদয় তত্ত্ব মনুষ্যের জানি। শ্লাকাল কর তুমি ধ্রতরাষ্ট্র হানি 🛭 পাণ্ডপুত্র প্রিয় তুমি দর্ববেশাকে জানে। নিকটে না রাখি কভু শক্রংহিত জনে॥ বথায় করহ ইচ্ছা যাও আপনার। এথায় রহিতে যোগ্য না হয় তোমার॥ শভামধ্যে কহ কথা যেন স্বয়ং প্রস্তু। কেহ এ কুৎদিত আর নাহি কহে কভু॥

বিহুর বলেন আমি না কহি তোমারে। ধৃতরাষ্ট্র তুঃখ দেখি হৃদয় বিদরে॥ তোরে কি কহিব ধৃতরাষ্ট্র নাহি শুনে। হিতবাক্য হতায়ু কখন নাহি মানে॥ আমারে কি হেতু তুমি জিজ্ঞাসিলে কথা। জিজ্ঞাসহ আপন সদৃশ পাও যথা ॥ এত বলি নিঃশব্দে যে ক্ষতা মহাশয়। পুনঃ আরম্ভিল পাশা হুবল তনয়॥ শকুনি বলিল চাহি ধর্ম্মের নন্দন। সর্বাম্ব হারিলে আর কি করিবে পণ॥ যুধিষ্ঠির বলেন যে অসংখ্য রতন। চারি সিন্ধু মধ্যেতে আমার মত ধন॥ সকল করিত্ব পণ এবার সারিতে। জিনি লইলাম বলে গান্ধারের হৃতে॥ যুধিষ্ঠির বলেন যে আছে পশুগণ। গাভী উষ্ট্র খর আর মেষ অগণন॥ সব করিলাম পণ এবার দ্যুতেতে। জিনিলাম বলি বলে স্থবলের স্থতে 🏽 যুধিষ্ঠির বলিলেন পণ করি আমি। আমার শাদিত আছে যত দেশ ভূমি॥ ব্রাহ্মণের ভূমি গৃহ ছাড়িয়া রতন। এবার দেবনে আমি করিলাম পণ॥ শকুনি বলিল জিনিলাম দে সকল। আর কি আছয়ে পণ কর মহাবল ॥ ধর্মা দেখিলেন ধন কিছু নাহি আর। কুমারগণের অঙ্গে যত অলঙ্কার॥ সকল করিল পণ জিনিল শকুনি। দেখিয়া চিন্তিত বড় ধর্মা নৃপমণি॥ শকুনি বলি কহ কি আর বিচার। বিচারি করেন পণ ধর্মের কুমার 🏾 ক্ষিতিমধ্যে বিখ্যাত নকুল মহাবীর। কামদেব জিনি রূপ হুন্দর শরীর ॥ সিংহগ্রীব পদ্মপত্র যুগল নয়ন। এবার সারিতে নকুলেরে করি পণ॥ কপটে শকুনি বলে বলি সারোদ্ধার। তব প্রিয় ভাই এই পাণ্ডুর কুমার॥

কেমনে ইহারে পণ করিবা দেবেনে। এত বলি ফেলি পাশা লইলেক জিনে॥ ধর্ম্ম বলে সহদেব ধর্ম্মযক্ত পণ্ডিত। আমার পরম প্রিয় জগতে বিদিত ॥ এবার সারিতে সহদেবে করি পণ। জিনিলাম বলি বলে গান্ধারী-নক্ষন ॥ কপট চাতুরী বাক্য বলিল শকুনি। **আর** কি আছয়ে পণ কর নৃপমণি ॥ বৈমাত্রেয় হুই ভাই হারিলা দারিতে। ভীমাৰ্ল্জনে হারিবা না লয় মম চিতে ॥ ধর্মরাজ বলে তব দেখি হুষ্পায়তি। ভ্ৰাতৃভেদ ভাষ কেন কহ মন্দৰ্মতি॥ আমি আর পঞ্চ ভাই একই পরাণ। কি বুঝিয়া হেন বাক্য কহিলা অজ্ঞান॥ ভীত হ'য়ে শকুনি বলিছে সবিনয়। সহজে পাশায় মত্ত হুজনেতে হয় ॥ পুনঃ যুধিষ্ঠির করিলেন এ উত্তর। তিন লোকে খ্যাত যে আমার সহোদর॥ ছেলে তরি পর দৈত্য সাগরের প্রায়। যেই তুই বীর কর্ণধারের কুপায়॥ (ह्लाग्न क्रिनिल (प्रवतारक चूकवरल। অগণিত গুণ যার খ্যাতি ক্ষিতিতলে ॥ এ কর্ম্মেতে পণযোগ্য ন**ুহ হেন নিধি**। তথাপিও করি পণ অক্ষক্র ড়া বিধি॥ শকুনি ফেলিয়া পাশা জিনিলাম বলে। ধনপ্রয়ে জিনি হুন্ট হয় কুরুদলে॥ ধর্ম্ম বলিলেন পণ করি এই বার। বলেতে মনুষ্যলোকে সম নহে যার। ইন্দ্র যেন দৈত্য দলি পালে হুরগণে। সেইমত পালে ভাম পাণ্ডুর নন্দনে। পাশায় এ পণ্যোগ্য নহে হেন ধন। তথাপিও করি পণ দৈব নির্বৈন্ধন। জিনিলাম বলি ভবে বলিল শকুনি। আর কি আছয়ে পণ কর নৃপমণি॥ এত শুনি বলিলেন ধন্মের নন্দন। আমি আছি কেবল আমারে করি পণ ॥

জিনিয়া শকুনি বলে কপট আচার। পাপ কর্ম করিলা হে কুন্তীর কুমার॥ দ্রুপদনন্দিনী পণ করহ এবার। জিনিয়া করহ রাজা আপনা উদ্ধার 🛭 এ সকল থাকিতে আপনা নাহি হারি। আপনা থাকিলে হয় বহু ধন নারী। রাজা বলে মামা না সম্ভবে এই কথা। কিমতে করিব পণ দ্রুপদ-তুহিতা॥ লক্ষী অবতার রাজা ভোমার গৃহিণী। তাঁর ভাগ্যে কদাচিত পড়ে পাশা জানি॥ বিপদে পড়িলে বুদ্ধি হারায় পণ্ডিত। শকুনির বচন যে মানিলেন হিত ॥ এতেক শুনিয়া কহিলেন যুধিষ্ঠির। পাশা ফেল আর বার এই পণ স্থির। শুনি কর্ণ চুর্য্যোধন হাসে খল খল। মহা আনন্দিত কুরু সোদর সকল। বিপরীত দেখি কম্প হৈল সভাজন। ভীষ্ম দ্রোণ কুপ হৈল সঙ্গল-নয়ন ॥ বিমর্ষ বিতুর বনিলেন অধােমুখে। জ্ঞানবন্ত লোক ন্তৰ্ক হৈল মহাশেকে । হুফ হ'য়ে ধতরাষ্ট্র ডাকিয়া বলিল। কে জিনিল কে জিনিল ব'লে জিজাসিল। বহুকালে প্রকাশিল কুটিন স্বাচার। না পারিল লুকাইতে ধৃতরাষ্ট্র আর । এইমত দকল হারেন ধর্মরায়। সভাপর্ব্ব প্রধারস কাশীদাস গায়॥

গঞ্চ গাওবকে সভাতলহকরণ।
হাসিয়া বলিল তবে সূর্য্যের নন্দন।
দেখহ ইহারে হৈল দৈবের ঘটন ॥
আমা সবা মধ্যেতে তোমারে নিল লাজ।
উপহাস কৈল পেয়ে আপন সমাজ॥
এই ভীমার্জ্জন দেখ মাজীর নন্দন।
পুনঃ তোমা দেখি হাসে এই সর্বক্ষন॥
বাতুল দেখিয়া যেন হাসে সভাজনে।
সেইমত কৈল তোমা অপেন ভবনে॥

সেই অধন্মের ফলে দেখ নৃপমণি। ntস করি বা**ন্ধি**য়া **দিলেক^ই দৈবে আনি**॥ নাস হৈল যুধিষ্টির ভ্রাভূ সমুদায়। সমযোগ্য দাসের বসিতে না যুয়ায়॥ চ্যোধন বলে সথা উত্তম কহিলে। আজা দিল যুধিষ্ঠিরে লহ সভাতলে॥ ব্রিয়া আপনি সথা করহ বিধান। পঞ্জনে নিযুক্ত করহ স্থানে স্থান॥ য কর্মে যে যোগ্য তারে কর সমর্পণ। এতেক শুনিয়া বলে ছুক্ট বৈকর্ত্তন ॥ দৈৰ হৈতে বহুজন ভূত্যকৰ্ম্ম করে ! বিনা কর্ম্মে কেবা আছে সংসার ভিতরে॥ নিজ শক্তিমত কর্মা করয়ে আজনা। রাজা রাজকর্ম করে ভৃত্যে ভৃত্যকর্ম॥ ভূত্য হৈল পঞ্চজন করুক স্বকাজ। যে কর্মো যে যোগ্য তারে দেহ কুরুরাজ॥ অতুভব আমার যে কর অবধান। পঞ্জনে নিযুক্ত কর**হ স্থানে স্থান** ॥ ম্বকোমল অঙ্গ রাজা ধর্ম্মের তনয়। প্রত্য কর্ম্মে ইহার ক্ষমতা নাহি হয়॥ ভাষু লর দেবাতে করহ নিয়োজন। পান ল'য়ে সন্নিধানে রবে অনুক্ষণ ॥ হৃষ্টপুষ্ট রুকোদর হয় বলবান। েশ কারণে মম মনে লয় এই জ্ঞান ॥ মুকোদরে সমর্পন কর চতুর্দ্দোল। খনায়াদে ভার বহে নহেক তুর্বল ॥ ষক্ষে করি তোমার সহিত ভ্রাতৃগণ । युष्ट्रतम् गाष्ट्ररव यथा कतिरव धमन ॥ ^{অর্চ্}ডু:নরে এই দেবা দেহ মহাশয়। আমি অমুমানি যদি তব মনে লয়॥ ব্য্র অনস্কার আদি সমর্প অর্জ্জুনে। ল'য়ে তব **সম্মুখে থাকিবে অনুক্ষণে** ॥ ত্ব হিত প্রিয় ছুই মাদ্রীর তন্য়। এ দোঁহারে ছুই দেবা দেহ-মহাশয়॥ ত্বই ভিতে তোমার থাকিবে হুইঙ্গন। চামর লইয়া সদা করিবে ব্যক্তন ॥

এ পঞ্চ সেবায় পঞ্চে কর নিয়োজন। আসিয়া করুক কৃষ্ণা গৃহে দাসীপণ॥ এতেক বলিল যদি কর্ণ ছুরাচার। হাসিয়া বলিল তবে গান্ধারী কুমার॥ ইঙ্গিত করিয়া জানাইল ভূত্যগণে। সভাতলে লইয়া বদাও সর্বজনে॥ আজ্ঞামাত্র ততক্ষণ যত ভৃত্যগণ। উঠ উঠ বলি কহে কর্কশ বচন॥ কোন্ লাজে রাজাসনে আছহ বসিয়া। আপনার যোগ্যস্থানে দবে বৈদ গিয়া। ছঃশাসন উঠাইল ধর্ম করে ধরি ৷ চল চল বলি ডাকে পুঞ্চে তেকা মারি। জোধেতে ধর্মের পুত্র কাপে কলেবর। চন্দ্র রক্তবর্ণ লোহ বহে ঝর ঝর॥ বিপরীত মানহীন দেখি যুধিষ্ঠির। ক্রোধে থর থর কম্প্রমান ভীমবীর॥ ভৈরব গর্জ্জনে গর্জ্জে দন্ত কড়মড়ি। যেমন প্রলয়কালে হয় মড়মড়ি। যুগান্তের যম যেন দংহারিতে হস্টি। অরুণ আবার চন্দু চাহে একদৃষ্টি 🛭 নাকে ঝড় বহে যেন প্রালয় সমান। মহাবার ভামদেন কর্ণ পানে চান।। দেখিয়া কৌরবগণ পায় বড় শঙ্কা। হাতে গদা করিয়া উঠিল রণভঙ্গা 🛭 মাথায় ফিরায় গদা চক্রের আকার। চরণের ভবে কিভি হয়ত বিদার ॥ ক্রোধমুগ করি ছুঃশাসন পানে ধায়। অনুমতি লইতে ধর্মের পানে চায়॥ হেটমাথা বুধিষ্ঠির দেখিয়া ভীমেরে। বুনিয়া অঙ্জুন গিয়া ধরিলেন তারে ॥ অর্জ্জুন বলেন ভাই না কর অনীতি। কি হেতু হেলন কর ধর্ম ন**রপ**তি॥ দিকপাল সহ যদি আসে দেবরাজ : আর যত বার আদে ত্রৈলোক্যের মাঝ। ধ্যেরে করিবে ছেন আমরা থাকিতে। মুহুর্ত্তেকে পাঠাইব যমের ঘরেতে॥

কোন ছার এরা সব তৃণ হেন গণি। এখনি দহিতে পারি কারে নাহি যানি॥ বিন। ধর্ম আজ্ঞায় নাহিক ভাই শক্তি। তাহে কোন্ ভদ্ৰ গাহে ধৰ্ম্মেতে অভক্তি॥ অর্দ্ধীকার ধর্ম্মের এ কর্ম্মে অভিপ্রায়। সে কারণে এ কার্য্য করিতে না যুয়ায়॥ অর্জ্জুনের বচনে হইল শান্ত ক্রোধ। ফেলিলেন গদ। ভীম মানি উপরোধ॥ আভরণ পরিধান যতেক আছিল। পঞ্চ ভাই আপন। আপনি দব দিল॥ পভ। ত্যাগ করিয়া নিরুক্ট ধূল্যাসনে। অধোগুৰে বদিলেন ভাই পঞ্চনে। হেনকালে তুফ্ট কর্ণ কহিল বচন। ড্রোপদ আনিতে দূত করহ প্রেরণ।। ভনি ভূর্যোপন তবে বিভরে ডাকিল। হাস্ত পরিহাদে তবে কহিতে লাগিল॥ ভবে ধৃতরাষ্ট্র রাজ। বুবিয়া বিচার। সভা হৈতে গৃহে তবে গেল আপনার 🛚

কুরাসভাষ জৌপদীকে আন্রয়ন

তবে হুয়োধন রাজা আনন্দিত মতি,৷ ভাবিয়া বলিল তবে বিহুরের প্রতি ॥ ্বমালিত কেন বদিয়াছ অধোমুখে। ছেন বুঝি হুঃখী বড় পাণ্ডবের হুঃথে॥ উদ উচ বাহ শীঘ ইন্দ্ৰপ্ৰে চলি। আপনি আইন হেথা লইয়া পাঞ্জী॥ অন্তঃপুরে আছুয়ে যতেক দাদীগণ। তা সবার সহিত করুক দাসীপণ॥ এত শুনি বিছুর কম্পিত কলেবর। ক্রোধমুখে ছুর্যোধনে করিল উত্তর॥ মন্দর্দ্র মতিছের না ব্বিদ্ কিছু। ব্যাছেরে করালি কোধ হ'য়ে মুগ শিশু॥ াবন সংহারিয়া বসিয়াছে বিষধর। অঙ্গুলি না পূর তার মুখের ভিতর॥ ,কমনে এ হুইভাষ আনিলি মুখেতে। দ্রোপদী হইবে দাসী কহিলে সভাতে॥

দ্রোপদীতে তোমার কিসের অধিকার। সবাই না বুঝ কেন করিয়া বিচার॥ আপনি হারিল পূর্বে ধর্মের কুমার। অন্যন্তন উপরে কিদের অধিকার॥ অন্যের উপরে তার প্রভুপণ কিদে। আর তার চারি স্বামী আছয়ে বিশেষে 🛚 মম বোল যদি তোর নাহি লয় মনে। জিজাদিয়া দেখ যত বৃদ্ধ মন্ত্রিগণে॥ এই যে বুদ্ধক অন্ধ হৃষ্ট হইয়াছে। লোভেতে লইল ছন্ন নাহি দেখে পাছে। নিকট আইলে মৃত্যু কে করে বারণ ! ফল ধরি যেন বেণু বৃক্ষের মরণ॥ শু াইলে খণ্ডে অস্ত্রাঘাতের বেদন : বাক্যাঘাত নাহি খণ্ডে যাবৎ জীবন ॥ পাশাতে জিনিয়া বড় আনন্দ হাদয় : চিত্তে কর পাওবের হৈল অসময়॥ শ্রীমন্ত জনের হয় অসময় কিসে। কি তার সহায় নাই এই মহাদেশে॥ কোথা হয় শ্রীরহিত শ্রীমন্ত স্কুলন। জলেতে পাষাণ নাহি ভাগে কলাচন॥ লাউ নাহি ড়বে কভু জলের ভূতর। কখন অগতি নহে বিষ্ণুভক্ত নর॥ পুনঃ পুনঃ আমি কহিলাম হিতবাণী। না শুনিলে মৃত্যুকাল হৈল হেন জানি॥ নিশ্চয় হইল দেখি তিন কুল ধ্বংস। শান্তসু বাহলীক অন্ধ নৃপতির বংশ ॥ পাত্র মিত্র ইষ্ট পুত্র সহিত মজিবে। আমার এ দব কথা পশ্চাতে ফলিবে 🛭 এইরূপ বিহুর কহিল বহুতর। শুনি হুর্য্যোধন তারে নিন্দিল বিস্তর ॥ প্রতিকামী আছিল সম্মুখে দাঁড়াইয়া। তারে আজ্ঞা দিল রাজা নিকটে ডাকিয়া 🖟 যাহ তুমি দ্রৌপদীরে আন এইক্ষণে। পাগুবেরে ভয় তুমি না করিছ মনে ॥ বিদ্বুরের বোলে কিছু না করিহ ভয়। সর্বব কাল বিত্রবের ভয়ার্ত হৃদয়॥

আর কুম্বভাব আছে বিছুরের চিত। গুতরাষ্ট্র কুংসা কহে পাগুবের হিত॥ ত্ৰোধন আজ্ঞায় চলিল প্ৰতিকামী॥ ব্রগ্রন্থ প্রবেশ করিল শীঘ্রগামী॥ বায় পুরের মধ্যে দ্রো পদী স্থন্দরী। <u>ইপদরে আগে কহে করযোড় করি।</u> ভাষ নিতে মাজ্ঞা দিল কুরু অধিকারী। ক্ষত হারিল ন্যতে তোমা আদি করি॥ ব্রদান মহাদেবি শুনহ বিধান। ্ধিষ্ঠর রাজা হৈল দ্যুতে হতজান॥ ক্ষেত্র হারিল দ্যুতে তোমা আদি করি। ্তামা নিতে আজ্ঞা দিল কুরু অধিকারী॥ ্বভরাষ্ট্র গৃহে চল কর যথা কর্ম। শ্রমিয় দ্রোপদীর ভাঙ্গিল নিজ মর্মা। ক্রেপিন বলেন হেন কন্তু নাহি শুনি। বাজপুত্র হারিয়া**ছে আপন গৃহিণী।।** প্রতিকামী বলে এই কপট না হয়। ৩/৫ কেন থেলিলেন ধ**র্ম্মের** ভনয়॥ এক একে সর্বান্ধ হারিয়। নরবর। অপনারে হারিলেন সহ সহোদর॥ প্রক্রতামারে হারিলেন নুপ্রমণি। 45 শুনি বলিলেন ক্রপদ-নন্দিনী॥ শঙ প্রতিকামী গিয়া জিজ্ঞাস রাজারে। এওমে আপন: কি হারিলেন আমারে॥ ধরিয়া থাকেন যদি প্রথমে আপনা। াৰ গিয়া জিজাসহ সভাসদ জনা॥ ত্রে বনি আমারে যা**ইতে সবে ক**য়। ^{অপেন} ইচ্ছায় তবে যাইব তথায়॥ 🥌 শুনি প্রতিকামী চলিল সম্বরে। সভাগ জিজ্ঞাদে গিয়া ধর্ম নূপবরে॥ ^{প্রাত্ত}ন দ্রৌপদী <mark>আমারে জিজ্ঞাসিতে</mark>। ^{কেন্}পণ প্রথমে করিলা রাজ। দূতেে॥ প্রথমে আপনা কি হারিল। যাজ্ঞদেনী। ^{্নি ন্দ্ৰ ইইলেন ধর্ম নৃপ্মণি॥} ब्रहितन निःभाक ना विलितन वाणी। মনে বৃষ্টি কিছু না বলিল প্রতিকামী ॥

প্রতিকামী প্রতি ক্রোধে বলে কুরুবলে। যাহ প্ৰতিকামা কিবা জিজ্ঞাস উহারে॥ সভামধ্যে লইয়া আইস দ্রৌপনীরে। আসিয়া করুক ম্যায় সভার ভিতরে॥ আসি জিজাওক সেই যেই লয় মনে। করুক আদিয়া ন্যায় ল'য়ে সভাজনে॥ এত শুনি প্রতিকামী হইল হুঃবিত। পুনঃ ড্রোপদীর স্থানে চলিল স্বরিত ॥ কর্যোডে প্রতিক্রী বলে স্বিধাদ। অবধান মহাদেবি হইল প্রমাদ ॥ অস্ত হৈল কুরুকুল বুঝিলাম মনে। সভাতে ভোমারে লৈতে বলিল যথনে ॥ দ্রোপদী বলিল শুন সঞ্জয় নদন ! ধর্মব্রাজ কি বলেন কিব: তুর্য্যোধন ॥ প্রতিকামী বলে রাজা কিছু না বলিল : সভাতে লইতে দুর্য্যোধন আজ্ঞা দিল।। দ্রোপদী কহিল তুমি বলিলা প্রমাণ। বংশনাশ হেতৃ বিধি করিল বিধান॥ যাও প্রতিকামী গিয়া জিজ্ঞান রাজায়। নিশ্চয় কি ভার মন যাইতে তথায়॥ এত ক্ষমি প্রতিকামী চলিল সম্বর : রাজারে কহিল আদি কুমধার উত্তর ৮ তবে যুগিষ্ঠির রাজ: ভাবিয়া অন্তরে : তুর্য্যোধন যত্ন দেখি ক্লফঃ আনিবারে॥ বিচারিয়া কহিলেন কহু দ্রৌপদীরে ৷ দৈবের নির্বান্ধ কর্ম্ম কে গণ্ডিতে পারে ৭ সভা বিন: মম চিত্রে অহা নাহি লয়। ধর্মা রক্ষ: করুক আসিয়া এ সভায়॥ প্রতিকামী প্রতি পুনঃ দ্রুয়োধন বলে ৷ জেনের ছই ১ফ যেন গাঁগ কে। জলে॥ আমি যাহ। বলি ভাহ। নাহি লয় মনে। পুনঃ পুনঃ অহিস দ্রেপিনী দূতগণে॥ গাও শীঘ্র ড্রোপদীরে আনহ এ স্থানে: এত শুনি প্রতিকামী ভীত হৈল মনে।। পুনরপি ইন্দ্রপ্রস্থে চলিল সহরে। কতক দুরেতে গিয়া ভাবিল অন্তরে॥

কি ক্ষণে আইনু আদ্ধি রাজার নিকটে। সে কারণে পড়িলাম বিষম দক্ষটে॥ পাছে ক্লোধ করে কৃষণ দেখিলে এবার। পাগুর করিলে ক্রোধ নাহিক নিস্তার॥ বিচারিয়া বাহুড়িল সঞ্জয় নজন। করুষোড়ে বলে ভূর্য্যাধনের সলন।। ত্ব আজ্ঞাবশে যাই ক্লন্ধ আনিবারে। ন। আইদে কি করিব লাজ্য কর মোরে॥ শুনি ক্লংশাদনে ছাতি বলে ছুর্যোধন। পাওবের ভয় করে সঞ্জয় নন্দন॥ এ কম্মের যোগ্য নছে এই অলমতি তুমি গিয়া দ্রোপদারে আন শীব্রগতি॥ **সভাম**ধ্যে কেন্দ্র দার সামহ তাহারে। নিত্তেজ হয়েছে শক্ত কি আন বিচারে॥ আজ্ঞামাত্র জ্বঃশাসন হ'য়ে সদ্টচিত। জৌপদীর অন্তঃপুরে চলিল ছবিত ! জৌপদা চাহিয়া ডাকি বলে হুংশাসন চলহ দ্রোপদী আজ্ব: করিল রাজন।। পাশায় ভোষার স্বামী সারিল তোমারে। দুর্য্যোধন ভক্ত আজি তাজি যুগিষ্ঠিরে।। কুঃশাসন কুষ্টবৃদ্ধি দেখি গুণবভী। সক্রোধ বদন আর বিকৃতি আকৃতি॥ ভয়েতে দেবার অ**ন্ধ** কাপে থর থর। শীঘুগতি উঠি গেল ঘরের ভিতর॥ স্ত্রীগণের মধ্যে দেব' ভায়ে সুকাইল : দেখি হুঃশাদন ক্রোধে পাছেতে ধাইল। गृहकारत कुछ। एनवी जूक व्यमातिया । मविन्द्य दुःभामत्न वत्न विनारेया ॥ কহ ছুঃশাসন এই কেমন বিহিতঃ দ্রোপদী ধরিতে চাছ না বুঝি চরিত॥ কুলবধু ল'য়ে যাবে মধ্যেতে সভার। কুলের ক**লঙ্ক** ভয় নাহিক তোমার॥ ভনি হুঃশাদন ফ্রোধে উঠিল গর্জিয়া। ছুই হাতে কুম্ভারে দে ফেলিল ঠেলিয়া॥ অচেতন হয়ে দেবী পড়িল ভূতলে। कुःभामन भतिरलक द्विभनीत हुरल ॥

পুর হৈতে বাহির করিল শীব্রগতি। দেখিয়া কান্দয়ে যত পুরের যুবতী॥ কেশে ধরি ল'য়ে যায় প্রমের বেগে। চলিতে চরণ ভূমে লাগে কি না লাগে ॥ নাগিনী বিকল মেন গরুড়ের মুগে। ছট্কট করে দেবা ছাড় ছাড় ভাকে। আবে মনদমতি কেন না দেখ নয়নে : রভঃমূলা আছি আর একই বস্থে॥ কুংশাসন বলে তুমি ছাড় হেন আশ। রুক্তঃম্বলা হও কিবা হও একবাদ॥ পূর্বর অহন্ধরে তুমি ন। করিই মনে। সভাতে লইতে আজ্ঞ। করিল রাজনে॥ কুষ্ণ; বলে ওরুজন আছুয়ে সভাতে। কিমতে দাঁড়াৰ আমি তাদের অপ্রেড না লহ হভাতে মোরে কর পরিহার। আবে নন্দমতি কেশ ছাড়হ আমার॥ ইন্দ্র সথ। করিলেও রক্ষা না পাইবি। ক্ষণমাত্র যমগৃহে সবংশেতে যাবি॥ ধশ্মে বন্ধ হইয়াছে ধশ্ম নরপতি ! ভ্রাতৃ উপরোধে আছে চারি মহামতি। এই হেতু এতগণ তোমার জ'বন। এখন যে রক্ষা পাও হৈলে নিবারণ।। কৃষ্ণার বচন শুনি ছুঃশাসন হাসে। পুনঃ আকৰ্ষিয়া ছুফ্ট টান দিল কেশে । ঝাঁকিয়া বলেতে লইলেক সভাতন। উচ্চৈঃস্বরে কান্দে কুষ্ণা হইয়া বিকল 🛭 উপুড় হইয়া চাহে ভূমি ধরিবারে। ন। লও সভাতে মোবে ডাকয়ে কাতরে। বড় বড় জন দেখি আছমে সভায়। হেন একজন নাহি এক কথা কয়॥ কেহ তোর তুর্বকুদ্ধি ন। করে নিবারণ। চিত্ৰ পুত্তলিক। প্ৰায় **আছে সভাজন ।** এই ভীম দ্রোণ দেখ আছমে সভাতে। ধাৰ্শ্মিক এ হুই বড় খ্যাত পৃথিবীতে॥ স্বধর্ম ছাড়িল এরা ছেন লয় মনে। মম এত ছঃখ কেন না দেখে নয়নে॥

নাহলীক বিহুর ভূরিশ্রবা সোমদত্ত। পুটল জানি সবে অতুল মহন্ত্র॥ _{क्रिकृत} मेव खर्के **२३ल निम्ह**य । একজন কেছ এক ভাষা নাহি কয়। ্র_{টাপ্র}নী কাতরা **অ**তি দেখিয়া পাণ্ডব। হুত্র হিলে যেমন জ্বায়ে জলোম্ভব ॥ গ্রহা দেশ ধন জন সকল হারিল। ন্দ্ৰাত্ৰ ভাহাতে তাপিত না হইল ॥ ক্রদরে কাতর মুখ দেখিয়া নয়নে। কছুকার শাল যেন পোড়ায়ে আগুনে। প্রশাসন টানে তারে কেশেতে আক্ষি। পরিহাস করি কে**হ বলে আন দাসী॥** দার ভঃশাসন বলে রাধেয় শকুনি। দঙ্গ নহনে কালে জ্রমদ-মন্দিনী॥ মগভারতের কথা অমৃত সমান। ^{চাশা}রাম দাস কহে শুনে প্রণ্যবান।।

সভাজন প্রতি বিকাশের উত্তর

<u>.দ্রাপদা যতেক কহে কেহ নাহি **শুনে**।</u> `হস্ত ভীত্ম উত্তর করিল কভক্ষণে ম ্রহিতে না পারি আমি ইহার বিধান। শ্ব সূক্ষ বিচারিয়া কহিতে প্রমাণ॥ ^{মন্য} দ্রব্যে **অন্মের নাহি**ক অধিকার। ত্রব্য মধ্যে গণ্য হয় ভার্যা। কিবা মরে ॥ ^{শ্রাপনা} হারিয়া **অ**গ্রে ধর্ম্মের নন্দন। ^{পশ্চাৎ} হারিলা কৃষ্ণা জানে সর্বাজন। ङ्ग्पन-निम्ननी **अक आखरवत नात्रो**। ^{এক।} যুখিষ্ঠির তাহে নহে অধিকারা ॥ ^{यु:इड}़ (लम्म धन छन मुद्र यनि योग्र । র্যার্থির মুখে মিখ্যা কন্তু না বেরয়॥ ^{ছাবিল} বলিয়া মুখে বলিয়াছে বা**ণী**। 🍄 কৃহিব ইহার বিধান নাহি জানি ॥ এত বলি নিঃশব্দে রছেন ভীন্মবীর। ৰ্শিন্তির চা**হি বলে রকোদর বীর**॥ ^अ.र मराताक कञ्च (मरथ्ड नग्नरन । শাপনার ভার্ছ্যাকে হেরেছে কোন্ জনে।।

কপটে জুয়ারা হইয়াছে বহুজন। তা সবার থাকিবেক বেশ্যা নারীপণ্। সে সব নারীকে তারা নাহি করে পণ। তুমি মহারাজ কর্ম করিল। যেমন 🛚 রাজ্য দেশ ধন জন হারিলা যতেক। ইহাতে ভোমারে ক্রোধ না করি ভিলেক ॥ আমা সহ সকল তোমার অধিকার। যাহ। ইচ্ছা কর অত্য নারি করিবার ॥ এই দে শরীর ভাপ স'হবারে নারি। পাশায় করিলা পণ কৃষ্ণা হেন নারী॥ তব কুতকর্ম রাজা দেখহ নয়নে। দ্রোপদীরে পরিহাস করে হাঁনজনে॥ ুএই গ্রেছ তোমারে জন্মিল বড় ক্রোধ। ক্ষুদ্রলোক কহে ভাষা নাহি কিছু বোধ।। ধনপ্তয় বলে ভাই কি বোল বলিলে। ৰূপে হেন ভাষা নাহি কহ কোনকালে॥ পরম পণ্ডিত তুমি ধর্ম্মজ্ঞ যে গণি। শক্রের কপটে ছন্ন হৈল হেন জানি॥ সদাই শক্তর ভাই এই যে কামনা। ভাই ভাই বিচেছদ হটক পঞ্জনা ॥ শত্রুর কামনা পূর্ণ কর কি কারণ : জ্যেষ্ঠ ভ্রেষ্ঠ মহারাজে না কর হেলন।। রাজারে বলিল। হেন কি দোষ দেখিয়া। দ্যুত আর*ন্তিন শত্রু* কপটে ডাৰ্কিয়া ॥ অপেন ইচ্ছায় রাজা না খেলেন দ্যুত। ডাকিলে না খেলেলে হইবে ধর্মচ্যুত । ভাম বলে ধনপ্রর না কহিও আর। হীনজন প্রস্তুত্ব না পারি সহিবার॥ হরি বিনা অত্য চিত্ত নাহিক আমার। তুই ভুক্ত কাটিয়া স্পেলিব আপনার॥ ক্ষুদ্রের প্রভুত্ব যে দেখিভেন্টি নয়নে। তবে আর ভুজ রাখি কোন্ প্রয়োজনে ॥ যাহ সহদেব শীব্ৰ অগ্নি আন গিয়া। অগ্নিমধ্যে তুই ভুক্ত ফেলিৰ কাটিয়া॥ এইরূপে পঞ্চ ভাই তাপিত অন্তর। তুঃখের অনলে দৰে সৰ্ব্ব কলেবর 🛊

বৈকর্ণ নামেতে ধৃত্রাষ্ট্রের তনয়। শাগুবের তুঃধ দেখি তুঃখিত হৃদয়॥ বৈশেষ কুষ্ণার ক্লেশ না সহে শরীরে। াভাজনে চাহিয়া বলেন উচ্চৈঃস্বরে॥ বভামধ্যে আছে বড় বড় রাজগণে। দ্রোপদীরে প্রত্যুত্তর নাহি দেহ কেনে॥ পুনঃ পুনঃ দ্রৌপদী যে কছিছে সভায়। সভাসদ লোকে হেন বুঝিতে যুয়ায়॥ সভায় থাকিয়। যদি বিচার না করে। সহস্র বৎসর থাকে নরক ভিতরে ॥ এ যে ভীম্ম ধৃতরাষ্ট্র বিহুর হুমতি। কুরুকুলে হর্তা কর্তা এই তিন কুতী॥ এ তিন জনেরে নারি করিতে হেলন। তোমরা উত্তর নাহি দেহ কি কারণ। তোমরা সকলে ভয় করহ কাহারে। উত্তর না দেহ কেন দ্রৌপদীর তরে॥ আর যে আছয়ে বহু বহু রাজগণ। বুনিয়া উত্তর নাহি দেহ কি কারণ॥ পুনঃ পুনঃ ডৌপদী কহিল বার বার। যার যেই চিত্তে আসে কর**হ** বিচার ॥ এইমত পুনঃ পুনঃ বিকর্ণ কহিল। একজন সভায় উত্তর না করিল। কাহার মুখেতে নাহি পাইয়া উত্তর। ক্রোধভরে বিকর্ণ কচালে করে কর।। নিশ্বাস ছাড়িয়া পুনঃ কছে সভাব্সনে। উত্তর না দেহ সবে কিসের কারণে॥ তোমরা যে কেই কিছু না দিল উত্তর। আমি কিছু কহি শুন সব নরবর॥ চারি ধর্ম নুপতির হয়েছে স্ঞ্জন। মুগয়া দেবন দান প্রজার পালন॥ এই যে নুপতিধর্ম দেবনে পশিল। ইচ্ছাহ্ৰথে নহে সবে কপটে ডাকিল॥ যুধিঠির জৌপদীরে নাহি করে পণ। কপটেতে কহিলেন স্থবল-নন্দন ॥ ষ্মগ্রে নরপতি আপনাকে হারিয়াছে। কুষ্ণার উপর কিবা প্রভুপণ আছে॥

বিশেষ সমান কৃষ্ণা এ পঞ্চ জনার। একা ধর্মরাজের না ইথে অধিকার॥ সে কারণে দ্রৌপদী পাশায় নাহি জিত। তোমরা কি বল সবে মম এই চিত 🛚 বিকৰ্ণ বচন শুনি যত সভাজন। সাধু সাধু বলি সবে বলয়ে বচন 🛚 বিকর্ণ বচন শুনি কর্ণে ক্রোধ হৈল। ছুৰ্যোধনে চাহি তবে কহিতে লাগিল। অনেক বিচার বুদ্ধি দেখি যে ইহার। অগ্নি কার্চে জন্মিয়া সংহার করে তার॥ সেইমত অগ্নিরূপে এই তব কুলে। হেন অপরূপ কহিলেক সভাস্থলে॥ দেবনেতে কৃষ্ণা জিতা হইয়াছে পণে। ৰুঝিয়া উত্তর নাহি কর কোনজনে ॥ বালক হইয়া সভামধ্যেতে আসিল : ব্রদ্ধের সমান নীতি বচন কহিল॥ কি জানহ ধর্ম তুমি কি জান বিচার। কুষণা জিতা নহে যে দে কেমন প্রকার॥ যুধিষ্ঠির সর্বাস্থ যথন কৈল পণ। জিনিল পাশায় তাহা স্থবল-নন্দন ॥ সর্ব্বস্থের বাহির কি ট্রোপদী স্থন্দরী। বিশেষ কহিল যবে গান্ধারাধিকারী॥ দ্রোপদীরে পণ কর বলিয়া বলিল। শুনিয়া পাণ্ডব কেন নিব্নত না হৈল।। আর যে বলিলা কুষ্ণা এক বস্ত্র কায়। সভামধ্যে ইহারে আনিতে না যুয়ায়॥ কি তার গর্বিত গুরু কিবা ভয় লাজ। বেখ্যা জনে কেন লজ্জা আসিতে সমাজ 🛭 যতেক সংসার এই বিধাতা স্থজিল। ভার্যার একই স্বামী নির্মাণ করিল ॥ তুই স্বামী হইলে বলি যে দ্বিচারিশী। পঞ্চস্থামী হৈলে পরে বেশ্যা মধ্যে গণি 🛚 সভায় আসিবে বেশ্যা লাব্<u>জ</u> তার কিসে। এইমত বিচার আমার মনে আদে। তুর্য্যোধন বলে এই শিশু অল্পমতি। কি জানে বিচার-তত্ত্ব ধর্ম্ম সূক্ষ্ম গতি॥

ত্তবে আজ্ঞা করিল নৃপতি হঃশাসনে।
পাণ্ডবগণের আন বস্ত্র আভরণে।
দ্রোপদীর বস্ত্র আর যত অলঙ্কার।
কাটতে আনিয়া দেহ অত্যেতে আমার।
কত শুনি ততক্ষণে পঞ্চ সহোদর।
ক্রু অলঙ্কার ফেলি দিলেন সম্বর।
ক্রে বস্ত্র পরিধানা দ্রোপদী স্কন্দরী।
ছাড় ছাড় বলিয়া সঘনে ডাক ছাড়ে।
সভাযাগে ধরিয়া অঙ্গে বস্ত্র কাড়ে।
সঙ্গান ইয়া ক্ষণা ডাকে দেবরায়।

দ্রোপদীর জীক্ষাকে স্বতি। অনাথ জনার বন্ধু, েঃ প্রভু কুপাসিন্ধু, অথিলের বিপদভঞ্জন। এস হ সভার মাঝ, মোর নিবারিতে লাজ, তোমা বিনা নাহি অগ্রজন ॥ 🚜 গ্রভু পালিতে স্ষষ্টি,সংহার করিতে ঋষ্টি, পুনঃ পুনঃ হও অবতার। ভাহার চরণ ছায়া, স্মরিয়া স'পিতু কায়া, সনাথার কর প্রতিকার॥ ভুজঙ্গ দম্ভীর পদে, ্বদনন্ত প্রক্রোধে, গেই প্রভু রাখিলা প্রহলাদে। দ্রোপদী শরণ মাগে, ভাহার চরণ যুগে, রক্ষা কর বিষম প্রমাদে h কাটিয়া মস্তক নক্ৰ, েহার উজ্জল চল, নিস্তার করিল গজরাজ। বল করে ছুরাশয়ে, শরণ নিলাম ভয়ে, তাঁহার চর্ণ-পদ্ম মাঝ। াট প্রভু ঈর্দকে, কুপায় সংসার রকে, नाहरत्र (य क्लांधत्र मूट्छ। ত'হার চরণ রঙ্গ, স্পিতু আষার সঙ্গ, রাখ প্রস্তু চুফ্ট কুরুদণ্ডে ॥ ্য প্ৰভু কপটে ছলি, পাতালে লইল বলি, নির্ছয় করিয়া শচীপতি।

তাঁহার ত্রিপাদ পদ্ম, 'ত্রিপথগামিনী সদ্ তাহা বিনা নাহি মম গতি॥ পরশি যে পদধূলা, অনেক কালের শিলা, **मिराक्रभ षर्**ला। भारेल। বিনাশিল দশক্ষ জলনিধি করি বন্ধ, দ্রোপদী শরণ তাঁর নিল। যে প্রভু পর্বত ধরি, গোকুলের গোপনারী, রকা কৈল ইন্দের বিবাদে। বেদশাস্ত্র লোকে খ্যাত, পতিপুত্রগণ নাথ পাওুবধ্ রাথহ প্রমাদে॥ যাহার স্জন স্ষ্টি, সংসারে যাহার দৃষ্টি, মোর জুখি কেন নাছি দেখ। বলিষ্ঠ হুৰ্জ্জন জনে, স্মরণ করিলে শুনে, এ সঙ্কটে কেন নাহি রাখ। দ্রৌপদী আকুল জানি, অথিলের চক্রপাণি, যার নাম আপদ ভঞ্জন। ধর্ম্মরূপে জগৎপতি, রাখিতে এ ফেন সতী, 🤚 সভাধর্ম করিতে পালন। আকাশ মার্গেতে র'য়ে, বিবিধ বসন ল'য়ে, ्राभागात मचर्न (वाशाय । ততেক বসন বাড়ে, যত জ্ঞাসন কাড়ে. আচ্ছাদন করি দর্বব গায়॥ লোহিত পিঙ্গল পীত, নীল খেত বিরচিত, নানা চিত্র বিচিত্র বসনে। বিবিধ বর্ণের শার্ড়া, সুঃশাসন ফেলে কাড়ি, ' পুঞ্জ পুঞ্জ হৈল স্থানে স্থানে ॥ পৰ্ব্বত সমান বাস, দেখি নোকে হৈল আস, চমংকার হইল সভাতে ! কভু নাহি দেখি শুনি, সভাজন খলে বালি, প্ৰসাধন্য ক্ৰম্পদ তুহিতে॥ নিস্তার করিতে প্রাণী, ধন্য গগ মহাবৃনি, বাছিয়া থুই : কুফ নাম। যে নাম লইল তুঞে, বিবিধ তুর্গতি গড়ে, হেলে পায় স্বাঞ্চিত কাম।। নরেতে যে নাম ধরি, ভবসিদ্ধু যাৰ তরি, খণ্ডে-মৃত্যুপতি দণ্ড দায়।

ক্ষণেক যে নাম জপি, অশেষ পাপের পাপী, [†] সভাতে থাকিয়া যে বিচার নাহি করে। मकल धर्णात्र कल भाग ॥ ভারত অমৃত কথা, ব্যাস বিরচিত গাথা, অবহেলে যেইজন শুনে। তুরস্ত সংসার তরি, যায় সেই স্বর্গপুরি, কাশীরাম দাস বিরচনে॥

धःभागतन इक्लाम औष्ट्रं अञ्चा সদ্ভত দেখিয়া সভাজন হৈল স্তব্ধ। माधू माधू उद्योभनौ होहित्क देश्व मद्म ॥ পূর্বের্ব কভু নাহি শুনি না দেখি নয়নে। প্রর্যোধনে নিন্দা বহু করে সভান্ধনে । শ্রাতৃগণ মধ্যে বসি ছিল রুকোদর। মহানাদে গৰ্ভিয়া উঠিল ক্রন্ধতর॥ শভাশব্দ নিবারিয়া কছে সর্বজনে। মম বাক্য শুন যত আছু রাজগণে॥ শত্য করি কহি আমি দবার অগ্রেতে। যাহা কহি ভাহা যদি না পারি করিতে। পিতৃ পিতামহ গতি না পায় কথনে। এইত ভারত কুলাধম ছুঃশাদনে ॥ র**ণমধ্যে ধরি বক্ষ** করিব বিদার। করিব শোণিত পান করি অঙ্গাঁকার॥ ভনিয়া সভার লোক ২ইল কম্পিত। প্রশংসিল সভাজন বুঝিয়া বিহিত॥ হবে ছুঃশাদন বড় হইল লঙ্কিত। পুঞ্জ পুঞ্জ বস্তা দেখি হইল বিস্মিত ॥ পরিআন্ত হইয়া গদিল ভূমিতলে। मिन दमन देश्न यङ कूत्रमिला॥ ষত সাধুগণ সবে করয়ে রোদন। ধিক ধুতরাষ্ট্র নিন্দা করে সর্বজন 🛭 আপনিও অন্ধ অন্ধপুত্র জন্মাইল। कृत्रग्वराम उत्पन कथन न। इहेन ॥ ভবেত বিত্নর নিবারিয়া সর্বজনে। সভাজনে চাহিয়া বলেন ততক্ষণে 🛭 এ সভার মধ্যে আছ বড় রাজগণ। বুৰি এক বাক্য নাহি বল কি কাৰণ #

অধর্শ্মের সহ যায় নরক ভিতরে॥

াবহুর কর্তৃক বিরোচন ও প্রথমা ত্রাহ্মণের প্রেদক্ষ কথন।

পূর্বের রন্তান্ত কিছু শুন সভাজন 🖟 প্রহলাদ দৈত্যের পুত্র নাম বিরোচন ॥ অঙ্গিরা ঋষির পুত্র হুধন্বা নামেতে। তুইজনে কোন্দল হইল আচন্বিতে॥ বিরোচন বলে নাহি রাজার সমান। স্থধন্বা বলয়ে বিজ সবার প্রধান ॥ এই হেতু কোন্দল করিল হুইজনে। ক্ৰদ্ধ হয়ে পণ করিলেক ততক্ষণে॥ যে জন হারিবে তার লইব পরাণ। চল সাধুজন স্থানে লইব বিধান ॥ বিরোচন বলে জিঞাদিব কোন স্থানে ! দ্বিজ বলে চল তব বাপের সদনে॥ স্থধ্বা বলিল শুন দৈত্যের প্রধান। মোর সহ হল্ফ কৈল তোমার সন্তান ॥ পণ কৈল যে হারিবে লইবে পরাণ : সভ্য করি কহ তুমি ইহার বিধান ॥ দ্বিজপুত্রে রাজপুত্রে শ্রেষ্ঠ কোন্ জন। 🗢 নিয়া বিশ্বয় মানে প্রহলাদের মন ॥ চিত্তে কৈল সভ্য কৈলে হারিবে কুমার কেমনে কহিব মিখ্যা নরক তুর্কার॥ এত চিন্তি জিজাদিল কখ্যপের স্থান। কহ মুনিবর মোরে ইহার বিধান ॥ অহুর হুরের কর্ম তোমার গোচর। কেমনে হইবে শ্রেয় বলহ উত্তর ॥ কশ্যপ বলেন যেই বিষধ হইয়া। মহাতাপে সভামধ্যে পড়য়ে আসিয়া॥ সভায় থাকিয়া যেই না করে বিচার। নরক হইতে ভার নাইক নিস্তার # যে পক্ষে অক্সায় করে হয় সেই পতি। ইহলোকে মহাত্বঃধ পায় নিভি নিভি 🎚

লন্যের শেল তার কদাচ না চুটে। <u>বৰ্গনাক পুত্ৰশোক অবিলয়ে ঘটে ॥</u> ত্রবিশ্বর পক্ষ হ'য়ে কছে যেইজন। ্রে চুই পাদ পাপ সে করে গ্রাহণ ॥ সাকৌ হ'য়ে যেইক্ষণ পক্ষ হ'য়ে কয়। নতেক পুরুষ সহ নরকে পড়য়॥ ক্র্যাপের স্থানে পেয়ে এতেক বিধান। বুক্রমুখ চাহি বলে দৈত্যের প্রধান॥ নারে ত্রেষ্ঠ বলি যারে করি যে বন্দন। তট ভোমা হৈতে শ্রেষ্ঠ স্থধ্যা ব্রাহ্মণ॥ আহার হইতে শ্রেষ্ঠ অঙ্গিরারে গণি। ্তার সাতা হৈতে শ্রেষ্ঠ ইহার জননী॥ শুল্ল এত বলিয়া স্থধন্বা প্রতি কয়। ত্রমার অধীন আজি বিরোচন হয়॥ মার্ছ রাখ**হ ভূমি যেই তব মন**। াহ ইচ্ছ। কর নাহি করি নিবারণ॥ 👓 শুনি হৃষ্ট হ'য়ে বলে তপোধন। ৰিগুণ পাউক **আ**য়ু তোমার নন্দন॥ ক্ষেই তাপ নহে সত্যবাদী জনে। এ বারণে তব পুত্র বাড়ুক কল্যাণে ॥ এত বলি জ্বন্ধ। আপন গৃহে গেল। ^{নভান্তনে} চাহি ক্ষন্তা এতেক বলিল। ৬খাপি উত্তর নাহি দিল কোনজন। ছ-গাসনে বলে তবে সূর্য্যের নক্ষন॥ মান্ত দরিয়া দাসী কার মুখ চাছ। ^{ন ভা}মধ্যে আনিয়া গৃহে ল'য়ে ঘাহ।। 🔊 ^{নিয়}্ডৌপনী দেবা কাঁপে থর থরে। ^{প্রামাগ্র} পানে চাহি কান্দে উচ্চৈঃম্বরে ॥ ৰামীগণ অধোমুখে দেখি যাজ্ঞদেনী। শ্রাজন চাহি বলে শিরে কর হানি॥ ার্নেতে উত্তম কর্ম্ম আমার না ছিল। ^{এই হে}তু বিধাতা আমারে ত্রংথ দিল। ণুৰ্বে পিতৃগৃহে মম স্বয়ম্বর কালে। ^{ৰামা}রে দেখিয়া**ছিল নৃ**পতি সক**লে**॥ শার কন্থ আমারে না দেখে অন্যন্ধনে। ^{মাজি} পুন: সেই সবা দেখিতু নয়নে॥

চন্দ্র সূর্য্য দেখিলে যাহারা ক্রোধ করে। আমার এ হুর্গতি সে সবার গোচরে॥ যত গুরুজনে আমি করি নমস্কার। এক বাক্য বল সবে করিয়া বিচার ॥ ক্ৰেপদনন্দিনী আমি পাণ্ডৰ গৃহিণী। স্থা মম যাদবেন্দ্র গদা চক্রপাণি ॥ কুরুকুলে শ্রেষ্ঠ ধর্ম সবর্ণা মহিধী। কহিতেছ তোমরা হইব আমি দাসী॥ তাজ্ঞা কর আমারে ইহার যে বিধান। আর ক্লেশ নাহি সহে আমার পরাণ॥ শুনিয়া উত্তর দেন গঙ্গার নন্দন। পুনঃ পুনঃ কল্যাণী জিজ্ঞান কি কারণ॥ দ্ৰোণ আদি বৃদ্ধ যত আছেন সভায়। কাহার জীবন নাহি দবে মৃতপ্রায়॥ মৃতজনৈ জিজ্ঞাসিলে কি পাবে উত্তর। ধর্ম বিনা সথা নাহি ধর্মাশ্রয় কর।। বহু কষ্টগুত নহে ধাৰ্ম্মিক যে জন। ধর্মাবলে কর সব শক্তব নিধন। मानी (यांगा। व्यत्यांगा। (य कश्नि। विधान । কহি আমি শুনহ আমার অমুমান॥ ভূমি দাদা হৈতে শুধিষ্ঠিরের স্বীকার। যুবিভিরে জিজ্ঞাসহ ইহার বিচার ॥ ক্সিতঃ কি অজিতা তুমি কহিবা ভাপনে। নিৰ্ণয় করিতে ইহা নারে **অন্তজনে** ॥ সভাপর্ব্ব হুধার্ম পাশার নিণ্য ব্যাস বিরচিত গীত কাশীদাস গায়॥ मভाয় (त याख्वदमनो कत्रस्य क्रम्पन । কেশে ধরি ছুংশাসন টানে ঘনে ঘন ॥ হাসিয়া ড্রোপদা প্রতি বলে ছুর্য্যোধন। কেন অকারণে ফুল্ডা করহ রোদন।। ভোর স্বামী যুধিষ্ঠির হারিয়াছে ভোরে। পুনঃ পুনঃ কিবা আর জিজ্ঞাদ দবারে॥ অসুমানে বুঝি তোর এই মনে লয়। এক। যুধিষ্ঠির ভোর স্মধিকারী নয় 🛭 জিজ্ঞানহ চারি স্বামী সম্মুপে সবার। ্রতোর পরে নাহি কি ধর্মের অধিকার ॥

থ্যক যুধিষ্ঠির কন্তক চারিঙ্গন। **ইক্ষণে হ**য় তবে তোমার মোচন॥ তুবা কত্তক নিজে ধর্মের কুমার। ফার উপরে মম নাহি অধিকার॥ াত যদি বলিল নূপতি ছুর্য্যোধন। গল ভাল বলিয়া কহিল সভাজন॥ **এনিবারে রাজ**গণ আছে কুভূ**হলে**। কৈ বলে ধর্ম্মের পুক্র ভীম কিবা বলে॥ কবা বলে ধনপ্রয় মাদ্রীর নন্দন। শঞ্জন মুখ সবে করে নিরীক্ষণ॥ নিঃশব্দ নৃপতিগণ একদৃষ্টে চায়। কহিতে লাগিল ভীম চাহিয়া সভায়॥ ঃব্দনে লেপিত ভুজ তুলি সভামাঝে। কহিতে লাগিল যেন কেশরী গরজে॥ এই রাজা যুধিষ্ঠির পাণ্ডবের পতি। পাগুবগণের নাহি ইহা বিনা গতি॥ ইনি যদি নহিবেন পাণ্ডব ঈশ্বর। এতক্ষণ কোথা বাঁচে কৌরব পামর॥ যুধিষ্ঠির মহারাজ হারিল আপনা। ঈশ্বর হইল দাস দাসী কি গণনা॥ যুধিষ্ঠির জিত হৈলে জিনিলা সবারে। কাহার শক্তি ইহা খণ্ডিবারে পারে॥ আর কহি শুন হুফ্ট কৌরব দকল। আমি জীতে তো সবার নাহিক মঙ্গল॥ যৈইক্ষণে রাজারে বসালি ভূমিতলে। যেইক্ষণে ধরিলি ক্রুপদস্থতা চুলে॥ সেইক্ষণে আয়ুশেষ তোমা সবাকার। কুটি কুটি করি সবে করিব সংহার॥ হের দেখ যমদণ্ড মোর তুই ভুজ। শ্চীপতি না জীয়ে পড়িলে ইতি মাঝ ॥ পৰ্বত করিব চুৰ্ণ তোমা গণি কিসে। নিশ্মল করিতে পারি চক্ষুর নিমিষে॥ ধর্মপাশে বদ্ধ এই ধর্মের নন্দন। ভেঁই মূঢ়মতিগণ জীয়ে এতক্ষণ ॥ আর তাহে পুনঃ পুনঃ অর্জ্জ্ন নিবারে । এথনি দেখাই যদি রাক্ষা আজ্ঞা করে ॥

দিংহ যেন ক্ষুদ্র মৃগে করমে সংহার।
তেমনি নাশিব ধৃতরাষ্ট্রের কুমার ॥
কহিতে কহিতে ভীম ক্রোধে কম্পে কায়।
নয়নে সঘনে অগ্নিকণা বাহিরায়॥
ভীম্ম দ্রোণ বিপ্লর মধুর বলে বাণী।
সকল সম্ভবে তোমা ক্ষম বীরমণি॥
ভারতের পুণ্যকথা অমৃত লহরী।
শুনিলে অধর্য থণ্ডে ভবিদ্ধু তরি॥

ছর্গ্যোধনের উক্তক্ষে ভীমের প্রতিক্ষা রুকোদর বীর যবে নিঃশব্দ হইল। কুষ্ণা প্রতি কর্ণ বীর কহিতে লাগিল 🗈 তিনজন ধনের উপরে প্রস্থু নছে। সেবক রমণী শিষ্য শাস্ত্রে হেন কছে 🖟 দাস হৈল যুধিষ্ঠির তুই ভার্য্য তার। দাসভার্য্যা দাসী হয় জানয়ে সংসার॥ দাদী হৈলে দাদী কর্ম্ম কর যথোচিত ধৃতরাষ্ট্র গৃহেতে প্রবেশহ ত্বরিত॥ তোর প্রস্কু হৈল ধৃতরাষ্ট্র পুত্রগণ। তোর অধিকারী নহে পাণ্ডুর নন্দন॥ যারে তোর ইচ্ছা হয় ভঙ্গহ তাহারে। পাণ্ডবেরা আর তোরে নিবারিতে নারে 🛚 রকোদর শুনিল কর্ণের কটুত্তর। নিশ্বাস ছাড়িয়া সে কচালে করে কর ॥ ক্রোধে তুই চক্ষু যেন রক্ত কুমুদিনী। কৰ্ণ পানে চাহি যেন গৰ্জ্জে কাদ্দ্মিনী ॥ ওরে মূঢ় যে উত্তর করিলি মুখেতে। ইহার উচিত ফল আছে মম হাতে। ধর্মপাশে বন্ধ এই ধর্ম অধিকারী। সে কারণে ভোরে আমি বলিবারে নারি যুধিষ্ঠির প্রতি বলে কৌরব প্রধান! তুমি কেন নাহি কর ইহার বিধান॥ চারি ভাই ভোমার বাক্যেতে তারা স্থিত আপনি বলহ কুফা জিতা কি অজিত ॥ যুধিষ্ঠির অধোমুথ শুনি দে বচন। নয়নে বদন দিয়া ঢাকেন বদন 🛭

्रिक्षिति अर्थामूथ (मथि ছूर्य्गाधन। ত্র ভিতে চাহে বড় প্রফুল বদন।। ভ্ৰমভিতে আড় আঁখি চাছে কুফাপানে। ক্রপ্নার উরু হইতে তুলিল বসনে॥ প্রকণ্ড সদৃশ উলট রম্ভাতর । দকল লক্ষণযুক্ত বদ্ধবং উরু॥ মদগর্কের ভূর্য্যাধন কৃষ্ণারে দেখায়। ্দ্রি বুকোদর বীর ক্রোধে কম্পকায়॥ ^{টু}স বলে যত আছ **শুন সভাজনে**। এইরূপ চুক্টকর্ম্ম দেখিলা নয়নে॥ 🕫 উরু দেখাইল সভার ভিতর। ভারত কুলের প**শু নিল[্]জ্জ পামর ॥** ° বছু সম গ্রহার করিয়া গদাঘাত। শ্রমধ্যে উরু ভাঙ্গি করিব নিপাত॥ করেলাম এ প্রতিজ্ঞা না করিব যবে 🕇 পড় পিতামহ গতি নাহি <mark>পান তবে</mark>॥ উদের প্রতিজ্ঞা শুনি কম্পিত আকার। ন্ভাতে বিছুর তবে কহে আরবার॥ ^{হর্মন} দেখি কুরু**কুল রক্ষা নাহি আর**। ^{ইম} জোগসিন্ধু হৈতে নাহিক নিস্তার॥

লোগনার প্রতি গ্রনাফ্টের বরদান : ক'লে যাজ্ঞসেনী, তিতিল অবনী, নয়নের নীর ধারে। ০১ককৈ যত কোরব উন্মত্ত, নানা উপহাস করে॥ গ্ৰহ সময়, অন্ধের আলয়, নান। অমঙ্গল দেখি। ^{ন্ডা}নের **প্র**নি, বায়দ শকুনি, ভাকয়ে পেচক পাথী॥ ্ৰ অগ্নি হয়, ভনি শিবাচয়, প্রবেশ করিয়া ভাকে। ভালে রথধবজ, পড়ি মরে গজ, হাহাকার রব লোকে ॥ ^{হা}কুসাৎ ঘর, मट्ट देवचानंत्र. প্রলয় হইল ধূমে।

বহে তপ্ত বাত, সঘনে নিৰ্ঘাত. थनरम्ब (यन यरम ॥ বিহনে মিহির, বরিষে রুধির. সদা ক্ষিতি কম্পমান। দেউল প্রাচীর, যাবত মন্দির ভাঙ্গি পড়ে স্থানে স্থান ॥ ,তর্ঘীবর্ছ ভবী দেখিঁ বিপরীত, ধর্ম ভীত বৃদ্ধজ্ঞন। স্থবল ছুহিতা, ভীষ্ণ দ্ৰোণ কতা, व्यक्त देवल निरंत्रम्म ॥ অন্তকাল প্রায় শুনি কুরুরায়, নিকট হইল দেখি। অলক্ষী কেবল, অতি অকুশল, তোমার গৃহেতে দেখি॥ তুষ্ট আচরণ. তোমার নন্দন. छूर्याप्रधन वर्छ देवन । সতী পতিব্ৰতা, **দ্ৰুপদ তুহিতা**় দভামাঝে আনাইল।। (फ्रोभमी महिन, যতেক করিল, সবাকার উপরোধ। ইহার উপায়. শীতা কর রায়, যাবং না হয় ক্রোধ ম হইল অস্থির. 😊 নি অন্ধ বার, আনাইল যাজ্ঞদেনী। বৰু প্ৰীতি ভাষে. মধুর সম্ভাবে, কহে অন্ধ নৃপমণি॥ তোমা গণি সাধ্বে, বধূগণ মধ্যে, শ্রেষ্ঠা স্থীলা স্বতা। পর্ম পবিত্র, তোসার চরিত্র, ত্রিজগতে হৈল খ্যাতা 🛚 কর্ম্মের বিপাকে, দেখ বধু মোকে, কু-পুত্রগণ পাইল। জগতে হুর তি, লোকে অপকীৰ্ভি, দৰ পুক্ৰ হৈতে হৈল ▮ িদেখি মম মুখ, **मिल वर्छ प्र**ःथ, ক্ষমহ জ্রুপদস্তা।

আমি হুঃখ পেলে, বিজের কুমার, তুমি না ক্ষমিলে, পশ্চাতে পাইবে ব্যথা॥ দুর কর রোষ, মাগ বর মম স্থানে। ক্ষম কটুত্তর, মাগ মাগ বর্ इ'र्य প্রসরবদনে॥ কর্যোড় শ্করি, **७**निग्रा ञ्रमत्री, বর মাগিল তখন। ধর্ম নরপতি, পাওবের গতি, দাসত্ব কর মোচন ॥ হয় ক্ষিতিমাঝ, 🖟 ধর্ম মহারাজ, দাদ বলি ক্ষিতিতলে। যেন শি**শুগণে**, আমার নন্দনে, দাশস্ত নাহি বলে॥ দানন্দ হইয়া, তথাস্ত বলিয়া, পুন: বলে মাগ বর। তব যোগ্যতর, নহে এক বর, তুমি মাগ অন্য বর ॥ कूभा यपि देशन, দ্রোপদী বলিল, মাগি যে তোমার পায়। আর চারিজন, দশস্ত্ৰ বাহন, মুক্ত করহ স্বায়॥ মাপ গুণবতী, বলে কুরুপতি, যেই লয় মনে তব। মম ভাগ্যোদয়, তুমি কুলাশ্রয়, যে বর মাগিবে দিব ॥ যেই তব প্রিয়, মাগহ তৃতীয়, দিতে না করিব আন। করি কৃতাঞ্জলি, বলয়ে পাঞ্চালী, कत्र द्राक्ता व्यवधान॥ আর নাহি চাই, তুই বর পাই. লোভ না জন্মাও মোরে। শুনেছি বিধান, জ্ঞানী-জন-স্থান, তাহা কহি যে তোমারে ॥ বৈশ্য মাগিবেক, ক্ষত্ৰ লবে ছুই বর।

লবে তিনবার শাস্ত্রে কহে গুনিবর॥ হইয়া সভোষ, করি যোড়পাণি, वर्ल याखरमने শুন আমার বচন। মুক্ত হই তবে, পুণ্য থাকে যবে পুনঃ অভিজবেক ধন॥ দ্রোপদী বচন, শুনিয়া রাজন প্রশংসি প্রমাণ কৈল i দাসত্ব মোচন পাওুর নন্দন, শুনি সবে ভুক্ট হৈল॥ মহাপুণ্য কথা ভারত কবিতা, প্রচার হৈল সংসারে। নাহিক সংগ্ কাশীনাস কয়, শ্রবণে বিপদ তরে॥

যুধিষ্ঠিরানির দাস হ মোচন -

দাস্তে মুক্ত হইলেন পঞ্চ সহোদর। হাসি কর্ণবার বলে সভার ভিতর 🛭 নাহি দেখি নাহি শুনি লাকের বদনে। স্ত্রী হইতে স্বামী মুক্ত হয়েছে কথনে 🛚 ভার্য্যা হৈতে যেই তরে পুরুষ হইয়া। লোকে বলে ভাষারে কাপুরুষ বলিয়া। মহানিকু মধ্যেতে তরণী ডুবেছিল। এ মহাবিপদ হৈতে কৃষণ উদ্ধারেল । সংসারের মধ্যে ভার্য্যা শ্রেষ্ঠ সথা পৰি। সর্ব্বস্থ হীন নর বিহীন রম্ণী॥ বিবাহ মাত্রেতে লোক গৃহস্থ বলায়। -নানা ধন উপাৰ্জ্জয় ভাৰ্য্যার দহায়॥ দান যজ্ঞ ত্রত করে সহায় যাহার। পুত্ৰ জন্মাইয়া করে বংশের উত্তার । পতিত কুপিত হয় কর্ম অনুসারে। জ্ঞাতিগণ ছাড়ে, ভার্য্যা ছ্যাড়বারে নারে ৷ ইহকালে ভাৰ্য্যা হৈতে বঞ্চে বহু হুথে। মরণে সহায় হ'য়ে তারে পরলেকে চ সবে বর এক, পরলোকে তারে ভার্যা। কহে হেন নীত। ি এ লোকে তারিতে কেন নহে সমূচিত।

ৰাৱে মূচ পাণু সূত্ৰ হেন অভাবন। পুনুদ্রেতে ভূবেছিল যেন হীন জন। তোমা বিনা নির্ল জ্জ কে আছে এ সংসারে। _{রপটে} জিনিয়া হীন বলিবারে পারে ॥ কৈবের এ কথা তোরে কহিতে যুয়ায়। ভাইনার উদু**শাবস্থা করিলি সভায় ॥** 🧝 িয়া বলেন পার্থ বিন্যু বচন। হান সহ বাকবুদ্ধে নাহি প্রয়োজন ॥ **इ**॰५७२ वहन क्शनग्रा ना क्शनित् । জনজন বচনে উত্তর নাহি দিবে ॥ ঃৰজন দূতপুত্ৰ এই প্ৰরাচার। ট্রান্থ সমৰন্দ্র না শোভে তোমার 🗈 ভাষ বলে ধনপ্তম আছমে কি লোকে। পুত্রতা ভাষ্যার এ দশা চক্ষে দেখে 🏾 ই'দূশ বচন ক**হিবেক হানজনে।**। দেহভুগ্নতার তবে বহে অকারণে। ^২েম বলে মুক্ত হইলেন ধর্মগ্রাজ। * ক্রগণ সংহারিতে কেন কর ব্যাক্ত 🛚 🖲 😇 সব শক্তগণ করিব সংহার। ্দকত আছায় যত শক্তে যে আমার ∎ ি কিছু করিল চক্ষে ৰোখনা সে সব। ট্য: ১চয়ে আর কিব। আছে পরাভব 🛚 শ্রেগরুরাতে ভাই নাহি প্রয়োজন। উঠ ভাই দৰ, শত্ৰু করিব নিধন । ক্ষিতে কাহতে ভাম ক্রোধে কম্পে অঙ্গ। াণভ অনল যেন নয়ন তরঙ্গ 🛭 ^{মুন্-তর্প} হৈতে স্বগ্নি বাহিরায়। াজর মৃতি বুগান্তের বম প্রায় ॥ ^{টিম আ}জা.০ উঠিলেন তিনজন। ^{নপ্রা} আর হুই মাদ্রার নক্ষন ॥ শ্বিং দেখিল ভাষ লোহার মুদ্গর। নিয়া লইতে যায় বীর রুকোদর 🛭 ^{किया} विनय **बन्द वःस्त्रत नन्दन** । ই ইম্ব ভূলি ভামে করেন বারণ॥ ্বিষ্টির ম জ্ঞা ভীম লক্ষিতে ন। পারে। জ্বি।নগারল তবে চারি সাহাদরে 🛭

মহাভারতের কথা অমৃত সমান। কাশী কহে শুনিলে জন্ময়ে দিব্যজ্ঞান।

পাওবের নিজ রাজ্যে প্রথম তবে ধর্ম নংপতি জে,ষ্ঠতাত আগে সবিনয় পূৰ্বক কছেন কর্যুংগ॥ আজা কর তাত কি করিব আমা দব : তোমার শাসনে সদা বঞ্চয় পাশুব॥ শুনিয়া কৌরবপতি অন্তরে লজ্জিত। শান্ত কৈল যুদিষ্টি,র করি বহু গ্রীত 🗓 সাধুজন শ্রেষ্ঠ তুমি ধর্মজ্ঞ পত্তিত। ভোমারে কি বুঝাইব জান সব নাত।। সাধুজন কর্মা কভু ছন্তে না প্রবেশে। নিজ্ঞণ নাহি ধরে পরগুণ ঘোষে॥ গুণাগুণ কৰে যেই সে হয় মধ্যম। সদা অগ্নিগুণ কছে সেই সে অধ্যায় বং:শর তিলক তুমি কুরুকুলনাথ। তুর্য্যোধনে যত দেয়ে ক্ষমা কর ভাত 🕯 আম। আর গান্ধ রীর দেখিয়া বদ্ম। नव काम य 5 द्वःथ निन इस्टेशन ॥ কুরুকুল শ্রেষ্ঠ হুমি পর্ম ভাঙ্কন ॥ বলেকের যত দোব কর সম্বরণ।। যে দৃতে কারল পূর্বেব্ কেহ নাহি করে। পুক্ত বলাবল মিজামিজ বুঝিবারে 🛚 ভালমতে ভোনারে জানিমু এতদিনে। কি শোক কোরবকুলে তোমার পা**লনে**॥ ভ:মার্ছ্ন রক্ষা আর ক্ষতার মন্ত্রণা। েদ্রোপদা সভার গুণ না হয় বর্ণনা ॥ আমার ভারত বংশ করিল উজ্জল। যার কীর্তি ঘূষ্বেক ত্রৈলোক্যমগুল ম যাও তাত নিজ রাজ্য কর অধিকার। পালহ আপন দেশ প্রকা পরিবার॥ এত বলৈ পঞ্জান কারল মেগানি। প্রণমিয়া গে.লন সাইত যাজ্ঞসেনী 🛚 সভাপৰ্ব্ব হুনারদ ব্যাদ বির্হিত। তানলৈ অধ্য খাত প্রলোক হিত ॥

শ্বভরাষ্ট্র স্থানে ত্র্য্যোধনের বিষাদ। **श्विम करमाजय क्रिकारमन मूनिवरत्र ।** কহ শুনি কি প্রদঙ্গ হৈল তদন্তরে॥ কেন বনে চলিলেন পিতামহগণ। শুনিবারে ইচ্ছা বড় কহ তপোধন॥ मूनि वर्ल शक ভाই ইন্দ্রপ্রশ্বে গেলে। कत्रत्यार्फ् क्रः नामन क्रूर्वग्रध्दन वरल ॥ যতেক করিলা সব রুদ্ধ বিনাশিল। যে সব জিনিলা তারে পুনঃ তাহা দিল ॥ তুর্য্যোধন তুঃশাসন রাধেয় শকুনি। ব্দতি শীব্ৰ গেল যথা অন্ধ নৃপমণি॥ দ্বৰ্য্যোধন বলে তাত অনৰ্থ করিলা। বন্দী করি তুষ্ট সিংহ পুনঃ ছাড়ি দিল। ॥ বুহম্পতি ইন্দ্ৰকে যে কহিলেন নীত। তুমি কি না জান তাহা তোষাতে বিদিত॥ যেমতে পারিবে শক্ত করিবে নিধন। ছলে বলে শত্ৰুকে না ক্ষমি কদাচন॥ পাণ্ডব হইতে জিনিলাম যত ধন। বাহুড়িয়া দেহ তারে কিসের কারণ॥ স্নেহ করি পুনঃ সব তুমি দিলা তারে। এখন কি পাণ্ডুপুত্র ক্ষমিবে আমারে॥ ক্রোধে দর্পবৎ হয় পাণ্ডু-পুত্রগণ। যত কহিলাম না ক্ষমিবে কদাচন॥ সকল ক্ষমিবে তাত তোমার পীরিতে। দ্রোপদীর কফ্ট না ক্ষমিবে কদাচিতে 🛭 সৈন্য সাজিবারে তারা গেল নিজদেশ। যুদ্ধ হেতু আদিবেক করি সমাবেশ। সশস্ত্রে থাকিলে রথে পাণ্ডুরপুত্রগণ। জিনিতে না হবে পক্ত এ তিন ভূবন॥ আর শুন তাত যবে মুক্ত হ'য়ে যায়। মুহুমুহি পার্থ বীর গাণ্ডীব দেখায়॥ দক্ষিণ বামেতে ছুই ভূণ ঘন দেখে। স্বনে নিশ্বাদ ছাড়ে হস্ত দিয়া নাকে॥ অতিশায় পর্কিয়া যাইছে রুকোদর। ঘন গদা লোফয়ে কচালে করে কর 🛚

স্লেহেতে ভুলিয়া তাত করিলা কি কায়; মোর ক্লেশ হেতু স্বয়ং হৈল। মহারাজ। শুনিয়া অস্থির হৈল চিত্তে কুরুরায়। অন্ধ বলে কি হইবে কি করি **উ**পায়॥ তুৰ্য্যোধন বলে তাঁত আছুয়ে উপায়। পুনঃ পাশা প্রবর্তিয়া করছ নির্ণয়॥ যে হারিবে দ্বাদশ বংসর যাবে বন । বৎসরেক অজ্ঞাত থাকিবে এই পণ॥ বৎসর অজ্ঞাত বাস মধ্যে জ্ঞাত হয়। পুনরপি ৰনবাদ অজ্ঞাত নিশ্চয়॥ ত্রয়োদশ বৎসর পাগুব গেলে বনে। পৃথিবীর যত রাজা করিব আপনে॥ ইহা বিনা উপায় নাহিক মহাশয়। আজ্ঞা কর আনিবারে পাণ্ডুর তনয়॥ শুনি অন্ধ আজ্ঞা দিল প্রতিকামী প্রতি: যাও শীদ্র ফিরি আন ধর্ম্ম নরপতি॥ পথে কিবা ইন্দ্ৰপ্ৰস্থে যথায় ভেটিবে ৷ মম আজ্ঞা বলি পুনঃ আনহ পাণ্ডবে॥ এত শুনি বলে দ্রোণ রূপ সোমদত্ত। বাহলীক বিছুর মন্ত্রী বিকর্ণাদি যত ॥ একে একে পুনঃ পুনঃ সবাই কহিল। পুত্রবশ হ'য়ে রাজা শুনি না শুনিল। কার' বাক্য ন। শুনিল কুরু **অ**ধিকার : কহিতে লাগিল তবে গান্ধারী স্থন্দরী। মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস ক**হে শুনে পু**ণ্যবান ॥

প্ন: পাশা থেলারস্ত ।
গান্ধারী কহিছে রাজা কর অবধান :
শিশুর বচনে কেন হও হতজ্ঞান ॥
যথন জন্মিল এই হুফী হুর্য্যোধন ।
বিপরীত শব্দেতে কম্পিত সর্ববজন ॥
বিহুর বলিল এরে করহ সংহার ।
ইংামারি রাখ রাজা বংশ আপনার ॥
এ পাপিষ্ঠ-স্লেহে না শুনিলা ক্ষন্তাবাণী
সেই কাল উপন্মিত হৈল নৃপ্রমণি ॥

স্ক্রাশ হেতু রাজা ইহার বিচার। পুত্ররূপে আছে সব করিতে সংহার॥ ইহার বচন না শুনিও কুদাচন। নির্ভ হইল অমি না জ্বাল এখন 🛭 _{বৃদ্ধ হ}'য়ে তুমি কেন হও অন্যমতি। আপনি জানহ তুমি হুক্টের প্রকৃতি ॥ ত্রখন ত্যজহ কুলাঙ্গার তুর্য্যোধন। ইং: ত্যজি নিজ বংশ রাথহ রাজন॥ মুম বাক্য না শুনি ইহার বশ হবে। আপনি আপন বংশ সকল মজাবে॥ ধনে বংশে বৃদ্ধি হইয়াছে হে রাজন। দ্ববনাশ কর প্রভু কিসের কারণ ॥ সম্প্রতি স্থথের হেতু কর হেন কায। পশ্চাতে কি হবে নাহি গণ মহারাজ॥ অবৰ্শ্বে অৰ্জ্জিত লক্ষ্মী সমূলেতে যায়। মহাত্রঃখ পায় প্রভু হুস্টের আশ্রয়॥ চরণে ধরিয়া প্রভু কহি যে তোমারে। পুনঃ আজা না হয় আনতে পাওবেরে॥ ধ্বতরা**ষ্ট্র বলে শুন স্থবল-নন্দি**র্না। অমারে কি বুঝহ সকল আমি জানি। কুঞ অন্তকাল জানি হইল নিশ্চয়। আমার শক্তিতে দূয়তে নির্ভুত না হয়॥ ংগ আছে ভাহা হৌক দৈবের লিখন। ^{হা}দিয়া থেলুক পুনঃ পাণ্ডুর নব্দন ॥ ষ্মদ্ধা পেয়ে প্রতিকামী গেল ততকণ। পথেতে ভেটিল পঞ্চ পাণ্ডুর নন্দন॥ 😳 ইরে প্রতিকার্যা করে যোড়হাতে। ্লাষ্টতাত আজ্ঞা তব কিরিয়া যাইতে॥ ান পাশা খেলাইতে বলে কুরুবার। 🧐 বিশ্বিত হইলেন যুধিষ্ঠির ॥ 📆 বলে দৈববদ শুন ভ্রাভূগণ। মন শক্তি নাহি লঙ্গি অন্ধের বচন॥ বিশেষ আমার ধর্মা জান ভ্রাভূগণ। ^{হা}বোনিলে দূতে যুদ্ধে না ফিরি কখন॥ চল দৰ্বৰ ভাতৃগণ যাইব নিশ্চয়। ^{বংশ}ক্ষ্ কাল বিধি করিল নির্ণয় ॥

এত বলি ভ্রাভূগণ লইয়া সংহতি। পুনঃ আসি সভাতে বৈসেন নরপতি॥ শकुनि विलल (प्रथ धर्फांत नन्तन । অন্ধরাজ আজ্ঞা করে থেল করি পণ॥ যে হারিবে দ্বাদশ বৎসর বনে যাবে। অজ্ঞাত বংসর এক গুণ্ডবৈশে রবে॥ অজ্ঞাত বৎসর মধ্যে ব্যক্তি যদি হয়। পুনরপি বনবাদ অজ্ঞাত উভয়॥ ত্রয়োদশ বৎসর হইবে যদি পার। পুনরপি লইবেক রাজ্য যে যাহার॥ এইত নিয়ম করি দ্যুত আরম্ভিল। যতেক স্থহদগণ বারণ করিল॥ যুধিষ্ঠির বলেন বারণ কি কারণে। সম্মত না হবে কেন আমা হেন জনে॥ এতেক আহ্বান আর গুরুর আদেশ। ধাৰ্ম্মিক না ছাড়ে যদি ধৰ্ম হয় ক্লেশ।। এত বলি যুধিঠির দ্যুত আরম্ভিন। দৈবের নির্ববন্ধ দেখ শকুনি জিনিল।।

ুক্রেবন্ধে পাওবাদগের প্রতিজ্ঞা। বিলম্ব না করিলেন ধর্ম নরপতি। সেহজণে করিলেন অরণ্যেতে গতি॥ বদন ভূষণ আদি সকল তাজিয়া। মুনিবেশ ধারলেন বাকল পরিয়া॥ হেনকালে ভুগোদন উপহাদ ছলে। সভামধ্যে জ্রুপদক্তার প্রতি বলে॥ মূর্থ রাজা যাজ্ঞদেন কি কলা করিল। দ্রোপদা এমন কন্সা ক্লাবে সমর্পিন॥ শুন ওহে যাজেদেন, মুখ বাক্য ধর। ্কাথা ছঃখ পাবে গিয়[়] শনর ভি**তর ॥** এই কুরুজন মধ্যে বারে মনে এর। ভাষারে ভলিয়া স্তার পাকই মালয়॥ এহরূপে পুনঃ পুনঃ বলিন অপার। গর্জিয়া নেউটি কহে পবনকুমার॥ রে চুন্ট নিকট-মুহ্যু জানিলি আপন। ; সেই হেডু কহিলি এমত কুবচন 🛭

এ সব বচন আমি করাব শারণ। **রণমধ্যে আমি তোরে পাইব যথন।**। মখেতে শরীর তোর করিব বিদার। নিৰ্ম্মূল কবিব সথা যতেক তোমার॥ **ণত সহোদর সহ** লোটাইব কিতি। ইছা না করিলে যেন না পাই দদাতি॥ **এতেক কহি**য়া তবে যায় রুকোদর। ংহাসন হইতে উঠিল কুরুবর॥ াইরূপে চলি যায় পবন নন্দন। াইরূপে হাসিয়া চলিল তুর্ব্যোধন॥ মউটিয়া রুকোদর পাছু পানে চায়। প্রিহাস জানিয়া ক্রোধেতে কম্প কায়॥ র তুষ্ট উচিত ফল পাইবি ইহার। দ কালে এ দব কথা স্মরাব তোমার॥ াদ দিয়া এইরূপে তোমার মস্তকে। লিয়া যাইবার কালে স্মরাব তোমাকে॥ **তোরে সংহা**রিব তোর যত বন্ধু সথা। ণত ভাই তোমার মারিব আমি একা॥ এত বলি রুকোদর নিঃশব্দেতে রয়। দভামধ্যে ডাকিয়া বলেন ধনপ্পয়॥ যতেক প্রতিজ্ঞা কর সব অকারণ। ত্রয়োদশ বংসরান্তে যদি নহে রণ॥ ত্রয়োদশ বৎসরাস্তে যদি পাই রণ। তবেত তোমার আজ্ঞা করিব পালন॥ কর্ণেরে মারিব যেন পতক্ষের মত। সহায় সম্বন্ধী তার হবে আর ফত॥ হিমান্তি টলিবে, সূর্য্য ত্যজিবে কিরণ। তথাপি প্ৰতিজ্ঞা মম না হবে লঙ্কন॥ শুন দ্ব রাজগণ আছ সভাষ্টলে। আজি হৈতে ত্রয়োদশ বৎসরান্ত কালে॥ (कोकृक (पश्चिर्य मृदय युक्त इस यिप । कोत्रत्वत्र त्नानिएज शृताव नमनमी ॥ কদাচিত দিব্যজ্ঞান জন্মে তুর্য্যোধনে। বিনত হইয়া পড়ে ধর্ম্মের চরণে॥ ভবে ত প্ৰতিজ্ঞা যত সকল বিফল। · **আনন্দে ব্**ঞ্চিৰে তবে কৌরব সকল ॥

তবে সহদেব কহে চাহিয়া শকুনি। রে হুন্ট গান্ধার পুত্র শুন এক বাণী॥ কপটেতে পাশা ভূই কুরিলি রচন। পাশা নহে প্রহারিন্সি তীক্ষ্ণ অন্তর্গণ॥ ভীমের আদেশ মম নহিবে *লঙ্*বন[া]। অবশ্য আমার হাতে তোমার নিধন॥ হেনকালে নকুল বলয়ে সভান্থলে। এবে মন দিয়া শুন নৃপতি সকলে॥ ধর্মপুত্র-আজ্ঞা আর কৃষণার সম্মতি। নিঃশেষ করিব কুরুদৈন্য দেনাপতি॥ এত বলি চলিলেন পাণ্ডুপুত্রগণ। ধৃতরাষ্ট্র স্থানে যায় বিদায় কারণ॥ মহাভারতের কথা অমৃত-সমান। শুনিলে নিষ্পাপ হয় জন্মে দিব্যজ্ঞান॥ মস্তকে বন্দিয়া ব্রাহ্মণের পদরজ। কহে কাশীদাস গদাধর দাসাগ্রজ।

প্রাপ্তবদিগ্রের বনে গমনোল্যোগ ৷ বিনয় করিয়া কহিছেন ধর্ম্মরায়। ধৃতরাষ্ট্র আদি যত ছিলেন সভায়॥ ভীষ্ম দ্রোণ কুপাচার্য্য বিচুর সঞ্জয়। সোমদত্ত ভূরিশ্রবা পৃষত-তনয়। একে একে স্বাকারে বলে ধর্মরায়। আজ্ঞা কর বনে যাই মাগি যে বিদায়॥ লক্ষায় মলিন দবে মাথা না তুলিল। মনে মনে সর্ববজন কল্যাণ করিল ॥ বিত্বর কহেন তবে সজল নয়নে। খণ্ডাইতে কেবা পারে দৈব নির্বেন্ধনে॥ কতদিন কষ্টভোগ করহ কাননে। কুন্তীরে রাখিয়া যাও আমার ভবনে॥ একে বৃদ্ধা আর ত্যাহে দ্বাজার কুমারী। যোগ্য নহে কুন্তী এবে হবৈ বনচারী॥ ধর্ম বলিলেন ভূমি জনক সমান। তব আজা কুরুকুলে কে করিবে আন ॥ বিশেষ পাণ্ডুর গুরু জানে সর্বজন। মম শক্তি নছে তাহা করিতে হেলন ॥

থাকুন জননী তাত ভোমার আলয়। আরু কি করিবে আজ্ঞা কর মহাশয়॥ বিহুর বলেন তুমি সর্বব ধর্মজ্ঞাতা। অধর্মে হইল জিত না ভাবিহ ব্যথা ॥ পরম দঙ্কটে যেন ধর্মচ্যুত নছে। এই উপদেশ মম যেন মনে রছে॥ কল্যাণে আইস সত্য করিয়া পালন। পুনঃ তোমা দেখি যেন যুড়ায় নয়ন॥ এত বলি বিছুর হইল শোকাকুল। বনে যেতে পঞ্চ ভাই হ'লেন আকুল॥ ছটাবল্ধ পঞ্চভাই করেন ভূষণ। ভবেত জৌপদী দেবা দেখি স্বামিগণ॥ ত্যজ্বিল ভূষণ বস্ত্ৰ পিন্ধন সকল। গম্বিত কোমল কেশ পিন্ধন বাকল॥ রাজ্য ত্যজি অরণ্যেতে যায় ধর্মারায়। গতিনার লোক শুনি ক্রী পুরুষে ধায়॥ পাণ্ডবের বেশ দেখি কান্দে সর্ববন্ধন। বলে বৃদ্ধ যুব। কান্দে যতেক স্ত্ৰীগণ॥ স্থ্যে গড়াগড়ি দিয়া কান্দে দ্বিজ্ঞগণ। মামা স্বাকারে কেবা করিবে পালন। নগর পুরিল সে রোদন কোলাইলে। ্তিনা কর্দ্দম হৈল নয়নের জলে। পঞ্চপুত্ৰ বনে যায় বধু গুণবতী। বাৰ্ত্তা শুনি কুন্তীদেবী আদে শীঘ্ৰগতি॥ দুর হৈতে দেখি কুন্তী তনয় সকলে। নৃচ্ছিত হইয়া দেবী পড়িল ভূতলে॥ বুকুলিত কেশভার গলিত বদন। িশরে করাঘাত করি করয়ে রোদন ॥ ^{বধুর} দেখিয়া বেশ হইল বাস্কুলা। লাণ্ডাইয়া রছে যেন চিত্রের পুতলী। ক্ষণেক রহিয়া কহে গদগদ ভাষে। শভাপৰ্ক হৃধারদ গায় কাশীদাদে॥

জৌপদার বেশ দেখিয়া কুন্তীর বিধান। মনে হয় ছঃখ, পূর্ণচন্দ্র মুখ, কি হেতু মলিন দেখি।

मिन य किन्न অপ্লান অধর্ বাকল তাহা উপেকি ॥ याणिक यञ्जती, হার শতেশ্বর তোমার হৃদয়ে সাজে। ছিল অমুরাগ, তাং। কৈলে জ্যাপ **क्ति (य त्राक्त्म-त्राद्ध ॥** যুগল কন্ধণ, অমূল্য রতন্ করেতে দাজিতে ছিল। কাড়ি নিল কেবা, নাহি দেখি সেবা যক্ষপতি যাহা দিল। অতুল অঙ্গুরী, দিল যে ভাহারি অনেক যতন করি। তেঁই নাহি সাজে. দিলা কোন দিলৈ कि वलिव (म भाधूती॥ যাক পাছে দৰ্বন্ কোন ছার দ্রব্য তোমার আপদ লৈয়া। বিরস বদন, সজল নয়ন (मिथिया विमरत हिया। হরে মম কুবা, তোমার দে হ্রথা वहरन (कवल मधु। তুলি অধোগুখ, খণ্ড মম ছঃখ কহ শুনি প্রাণবধ্॥ হেন লয় চিতে, স্বামিগণ প্রীত্তে কৈলা বধু হেন বেশ। ত্রঃশাসন দোষে. কৌরব বিনাশে যুক্ত কৈলা প্রায় কেশ। ধন্য তব ক্ষমা ক্ষিতি নহে সমা দ্বন্দ্ব না করিলা ক্রোধে। निन्मकी है नव হ্বল সম্ভব **उँ** देखाः उभारतास ॥ না করহ মাল, ভাবি নহে **আ**ন ধাতা নারে খণ্ডিবারে। পাল সভ্যধর্ম, কর সাধুকর্ম ধর্ম রাখে ধার্মিকেরে॥ তুমি সত্য জিতা. **সতী পতিব্ৰতা** আমি কি করাব শিকা।

স্বামিগণ. যাইতেছ বন, আমি মাগি এক ভিকা॥ नेष्ठे नम्मन. আমার জীবন, তুমি জান ভালমতে। জে বালক, বনে মহাত্রঃখ, সদা দেখিবা স্লেহেতে॥ প্রাণাধিক স্নেহ, হুমার দেহ. আপনি করিবা তুমি। 🎳 ইহা বলি, যেমন বাতুলী, ় মুর্চিছত। পড়িলা স্থূমি॥ চিত্ৰ সঙ্গীত, শ্রবণে অমৃত, পাণ্ডবের বনবাস। পূৰ্ব্ব পাপ দহে, শীদাস কছে, পুরাণে কহিল ব্যাস ॥

পাগুবদের বন প্রস্থান ও ধৃতরাষ্ট্রের প্রগ্ন। **ঁশাশু**ড়ীর **দ্রঃ**থ দেখি দ্রৌপদী কাতর। ' চন্ডন করি কহে যুড়ি হুই কর॥ 5 উঠ মহাদেবি না বাড়াও শোক। র্ম করি শোচনা না করে জ্ঞানীলোক ॥ ভেঙা কর বনে যাব সহ স্বামিগণ। 'আজা করিবা তুমি করিব পালন॥ চ বলি স্বামা সহ চলে বনবাস। 🗲 অঞ্জল বহে মুক্ত কেশপাশ ॥ ়ছু পাছু ধায় তবে ভোজের নন্দিনী। ছ্ৰগণ দেখি দেবী হৃদে হানে পাণি॥ ্টিমুণ্ডে দাণ্ডাইল পঞ্চ সহোদর। হৃদ্দিকে হাদে যত কৌরব-কোঙর॥ াদন করয়ে যত হহদ হজন। 🕫 ভাই বিবৰ্জিত বস্ত্র আভরণ ॥ ্ৰিয়া পড়িল শোক-সাগর অগাধে। শ্রুজ্বলে পরিপূর্ণ কহে গদগদে ॥ শ্রতি নিষ্পাপী সত্যাচারী যে উনার। ্ত্র ছেন দেখি বিধি এ কোন্ বিচার ॥ ্যা সবাকার কিছু না দেখি অধর্মা। ন বুঝি এই পাপ মম গর্ব্বে জন্ম॥

অভাগিনী পাপী আমি জনম হুঃখিনী। মম দোষে এত তুঃখ মনে অমুমানি॥ তেজে বীর্ষ্যে বুদ্ধে ধর্ম্মে কেহ নহে ন্যুন। ত্রিজগৎ খ্যাত যেই পুত্র সর্ববগুণ ॥ হেন বীৰ্য্যবন্তে বৈরী বেড়ি চারিপাশে। রাজ্যধন লইয়া পাঠায় বনবাদে॥ পূৰ্বে যদি জানিতাম এ সব বারতা। শতশৃঙ্গ হইতে কি আসিতাম হেথা॥ বড় ভাগ্যবান পাণ্ডু স্বৰ্গবাদে গেল। পুত্রগণ এত চুঃখ চক্ষে না দেখিল॥ সঙ্গে গেল ভাগ্যবতী মদ্রের নন্দিনী। আমি না গেলাম দঙ্গে অধমা পাপিনী॥ তাহার দদৃশ তপ আমি না করিত্ব। পাপ হেতু কন্ট আমি ভুঞ্জিতে রহিনু॥ লোভেতে রহিন্ম পুত্রগণেরে পালিতে। তাহার উচিত হৈল এ ত্রঃথ দেখিতে॥ হে পুত্র আমারে ছাড়ি না যাহ কাননে।. কুষ্ণা তুমি আমা ছাড়ি বঞ্চিবে কেমনে॥ বিধি মোরে বান্ধিলা এ ত্রুংখের নিগড়ে। সেই হেতু পাপ আয়ু আমারে না ছাড়ে॥ হায় পাণ্ডু মহারাজ ছাড়িলা আমারে। অনাথ করিয়া সাধু স্বপুত্রগণেরে ॥ ওরে পুত্র সহদেব ফিরি চা**হ মোরে**। ।করূপে আমার মায়া ছাড্কিলে অন্তরে॥ তিলেক না বাঁচি তোমা না দেখি নয়নে। কেমনে রহিবে প্রাণ তোমার বিহনে॥ ভাই সব যদি সত্য না পারে ছাড়িতে। সবে যাক তুমি রহ আমার সহিতে॥ হেনমতে কুন্তীদেবী করয়ে রোদন। প্রবোধিয়া প্রণমিয়া যায় পঞ্জন ৷ প্রবোধ না মানে কুন্তী যায় গোড়াইয়া। বিত্রর কছেন তারে বহু বুঝাইয়া ॥ ধরিয়া লইয়া গেল আপনার ঘরে। কুন্তী সহ কান্দে যত নারী অন্তঃপুরে॥ শুনিয়া হইল ব্যগ্র অন্ধ নৃপমণি। শীভ্রগতি বিচুরেরে ভাকাইয়া স্থানি 🛭

_{ধূতরা}ষ্ট্র বলে শুন মন্ত্রি চূড়ামণি। নগ্রেতে মহাশব্দ ক্রন্দনের ধ্বনি॥ হেন বুঝি কাব্দে সবে পাগুব কারণ। কং শুনি কিরূপেতে যায় তার। বন ॥ कड़ा वटन यूथिछित्र याग्र (इँहेर्यूर्थ। দ্বিষাদ চিত্তে বসনেতে মুখ ঢাকে॥ গুট বাহু বিস্তারিয়া যায় রুকোদর। ক্ষাভালে অর্জ্জনের বহে জলধর॥ নকুল যাইছে ছাই দৰ্কাঙ্গে মাথিয়া। সহদেব যায় মুখে কর আচ্ছাদিয়া॥ ক্রপদনন্দিনী যায় **স্থা**র পশ্চাতে। াকুলিত কেশভার কান্দিতে কান্দিতে ॥ ্রাম্য পুরো**হিত সঙ্গে করে বেদধ্বনি**। বিষাদিত **চিত্ত অতি কুশ্মৃষ্টিপাণি**॥ হতরাষ্ট্র বলে কহ ইহার কারণ। এক্সপে পাণ্ডব কেন যাইতেছে বন॥ বিত্রর কহেন রাজা কহি দেহ মন। কপটে **সর্বাম্ব নিল তব পুত্রগণ**॥ এমন করিল কর্ণ্ম নহিল উচিত। সদা যুধিষ্ঠির তব পুত্রগণে প্রীত॥ কদাচিত ভদ্ম যদি হয় নেত্রানলে। এই হেডু হেঁটমুখে ঢাকিয়া অঞ্চলে॥ ভীম বলে মম দম নাহিক বলিষ্ঠ। সংসারে যতেক বীর সকলের **শ্রেষ্ঠ**'॥ ইছার উচিত শাস্তি করিব আসিয়া। এত বলি যায় বীর ভুজ প্রদারিয়া॥ মর্জ্বনের অশ্রুজ্জল বহে অনিবার। সেইমত বরষিয়ে অস্ত্র তীক্ষধার॥ প্রভাক্ষতে ভবিষ্যতে সহদেব জানে। বংশনাশ জ্ঞানি হস্ত দিয়াছে বদনে॥ এইমত ভদ্য আমি করিব বৈরীরে। সেই হেতু নকুল ভন্ম মাখিল শরীরে ॥ माञ्जरमनी (मवी याग्र कत्रिया (त्रामन। এইমত কান্দিবেক দৰ্ব্ব নারীগণ॥ কুল হন্তে ল'য়ে যায় ধৌম্য তপোধন। শক্ষ করিব কুরু আডের কারণ।

কুরুসভায় নারদ ঋষির ভাগমন।

হেনকালে উপনীত ব্রহ্মার তনয়। সভামধ্যে কছেন নারদ মহাশয়॥ আজি হৈতে চতুর্দ্দশ বংসর সময়। 🔊 কৃষ্ণ সহায়ে করিবেক কুলক্ষয়॥ সবাই মরিবে তুর্যোধন অপরাধে। নিঃক্ষত্ৰ হইবে কিতি ভীমাৰ্জ্জ্ব কোধে 🖟 এত বলি মূনিবর হৈল অন্তর্দ্ধান। শুনি কর্ণ দুর্য্যোধন হইল কম্পমান॥ নারদের কথা শুনি হইল অস্থির। অক্ল সমুদ্রে যেন ভূবিল শরীর॥ উপায় না দেখি ইথে কি হইবে গতি। বিচারি শরণ নিল দ্রোণ মহামতি॥ পাণ্ডবের ভয়ে প্রভু কম্পয়ে শরীর। আপনি অভয় দিলে হয় মন স্থির॥ দ্রোণ বলে পাণ্ডুপুত্র অবধ্য আমার। দেব হৈতে জন্ম পঞ্চ পাণ্ডুর কুমার॥ পা ওব দেবতা আমি হই যে ব্রাহ্মণ। ব্রাহ্মণের পূজ্য দেব জানে সর্ববন্ধন॥ তথাপি করিব আমি যতেক পারিব। তোমা স্বাকারে আমি ত্যাগ ন। করিব॥ দুৰ্জ্জয় পাণ্ডৰ সব যাইতেছে বন। চকুদ্দশ বংসরে করিবে আগমন॥ ক্রোধে আদিবেন তারা দবার উপর। নিশ্চয় দেখি যে ঘোর হইবে সমর॥ যতেক করিলা সর্ব্য আমার কারণ। নিকট হইল দেশি আমার মরণ ॥ রাজ্যক্তে পুষ্টত্যন্ন লয়েছে উৎপত্তি। আমার মরণ হেতু ন্য বিগ্যাত ক্ষিতি॥ সেই দিন হৈতে ভয় হৈয়াছে আমার। দ্বন্দ্র হ'লে পাণ্ডবের হইবে সহায় । চতুর্দ্দশ বৎসরান্তে অবশ্য মর।। বুঝি যাহে ভোয় হয় শীত্র দেহ মন॥ ভোমা সবাকার মৃত্যু হৈল সেইকালে। म**ा**ग्र यथन कृष्ण धतिया जानिता ॥

|भान-निक्नो कृष्ण जमा नक्ती-पर्म। না বাঁরে স্থীরূপে রাথে হুষীকেশে॥ ারে ক্লেশ কুষ্ণ না দেবেন কদাচিত। ক্ষমিৰে পা**ন্ত**ৰ জ্রোপদী প্রবোধিত ॥ য়োদশ বৎসরাস্তে রক্ষা নাহি আর। ীমার্জ্জুন হাতে হবে সবার সংহার ॥ ন কারণে তার সহ ঘন্দ নাহি রুচে। **খনি করহ প্রী**তি যদি প্রাণ বাঁচে ॥ তৈ শুনি ধৃতরাষ্ট্র বিহুরে কহিল। মে মনে নাহি লয় বিপদ ঘুচিল॥ ইক্ষণে শীভ্রগতি করহ গমন। ,াউটিয়া আনহ পাগুব পুত্রগণ ॥ দি তারা সত্যভঙ্গ করিবারে নারে। াল বেশ করি যাক অরণ্য ভিতরে॥ **দ্র আ**ভরণ পরি রথ আরোহণে। হৈতি লইয়া যাক দাদ-দাদাগণে॥ ্তি 🗢নি সঞ্জয় বলিল ততক্ষণ। ৰ্ব্ব পুথী পেলে রাজা কি হেন্তু শোচন ॥ তরাষ্ট্র বলে মম চিত্ত নহে স্থির। **ছমত** করি ধৈর্য্য না ধরে শরীর 🛭 😭য় বলিল শাস্ত এক্ষণে নহিবে। ্ধন এ সব রাজা নির্মা*ল* হইবে ॥ ্থন হইবে শান্ত শুনহ ব্ৰাজন। ়াত শত তোমারে হে বুঝাব এখন॥ ীষ্ম দ্রোণ বিত্নর কহিল বহুতর। াবু পাশা করাইলে অনর্থের ঘর। হন বিপৰ্য্যয় কভু নাহি শুনি কাণে। লবধু চুলে ধরি সভামধ্যে আনে॥ ্রথনি কি আপনি সভায় নাহি ছিলা। য়াপনার বংশ তুমি, আপনি নাশিলা ॥ তরাষ্ট্র বলে কিছু মম সাধ্য নছে। ক্লবে যাহা করে তাহা শান্ত কিসে রহে॥

যথন যেমন হয় বিধি তাহা করে। কুবৃদ্ধি কুপথী করি ছঃখ দেয় তারে॥ অধৰ্ম্ম যে কৰ্ম্ম তাহা বুঝি ছেন ধৰ্ম্ম। অর্থ করি বুঝে নর অনর্থের কর্ম। ধর্মহীনে কাল যায় বুঝিবারে নারে। কুবুদ্ধি করিয়া নরে কালবুদ্ধি ধরে 🛚 সেইমত কুবৃদ্ধি আমারে দিল কালে। আগু পাছু বিচার না করিলাম হেলে॥ অযোনিসম্ভবা জন্ম কমলা অংশেতে। তারে হেন কে করিবে সজ্ঞান থাকিতে॥ সাধুপুত্র পাগুবেরে দিলু বনবাস। এই চারি হুফ্ট হেতু হৈল সর্বনাশ,॥ অশক্ত না হয় বলে পঞ্চ সহোদর। মুহূর্ত্তেকে জিনিবারে পারে চরাচর॥ ধর্মপাশে বন্দী হৈয়া মোরে বড় মানে। সৈ কারণে না মারিল এই চুফ্টগণে।। ধিকৃ ধিকৃ ছুর্য্যোধন ধিক শকুনিরে। কপট পাশায় তুঃখ দিলা পাগুবেরে॥ না সহিবে পাশুব এ সব অপমান। পাপবুদ্ধে বংশ মম হৈল সমাধান॥ কৃষ্ণ তার অনুকুল কিদের আপদ। ভীমাৰ্জ্জুন মাদ্ৰীস্থত কৈকেয় ক্ৰপদ ॥ ধুষ্টগ্রান্ন সাত্যকি শিখণ্ডী আদি করি। থাকুক অন্যের কাজ ইন্দ্র যারে ডরি॥ এ সব সহিত রণ সম্মুখ সমরে। কে আছে সহায় মম নিবারিতে পারে॥ অনুক্রণ অশ্বরাজ ভাবয়ে অন্তরে। এ শোক-সাগরে হুক্ট ডু**বাইল মো**রে ॥ মহাভারতের কথা অমৃত লহরী। কাহার শক্তি তাহা বর্ণিবারে নারি॥ কাশীরাম দাস কহে শুনে সর্ব্বজ্ঞন। সভাপর্বব সমাপ্ত পাগুব চলে বন 🛚

সচিত্ৰ সম্পূৰ্ণ কাশীদাসা



নারায়ণং নমস্কৃত্য নরক্ষৈব নরোক্তাম্। দেবীং সরস্বতীং ব্যাসং ততে। জয়মুদীরয়েং॥

া এবদের বনবাদে প্রজাগণের থেদ।

বলিলা বৈশস্পায়ন শুনহ রাজন। কপটে সকল নিল রাজা তুর্য্যোধন॥ ক্ষমাবন্ত দয়াবন্ত রাজা যুধিষ্ঠির। হস্তিনা হইতে তিনি হইয়া বাহির॥ নগর উত্তরমূথে চলেন পাণ্ডব। চতুদিকে ধাইল রাজ্যের প্রজা সব ॥ ্যইমত ছিল সেই ধাইল স্বরিতে। পাণ্ডবে দেখিয়া সবে রহে চতুর্ভিতে॥ ভীগ দ্রোণ কুপাচার্য্য বিদ্বরের প্রতি। নান। মত তিরস্কার করে নানা জাতি।। ধুতরাষ্ট্রে ভয় নাহি করে কেহ আর। ক্রোধে গালি পাড়ে মুখে আসে যে মাহার॥ পাপিষ্ঠ রাজার রাজ্যে কি ছার বদ শবে মেলি যাৰ মোরা পাণ্ডব সংহতি॥ যে দেশে শকুনি মন্ত্রী রাজা তুর্য্যোধন। তথায় বদতি নাহি করে সাধুজন॥ পাপিষ্ঠ হইলে রাজা প্রজা হথী নয়। ₹লধৰ্ম পুণ্য যত সব নষ্ট হয়॥ मशक्कारी बर्शलाडी मानी कनाठाती। নির্দিয় হছেদ শক্তে মহা পাপকারী॥

হেন ছুৰ্য্যোধন মুখ কভু না দেখিব। চল সবে পাওবের সহিত রহিব॥ সবিনয়ে ধর্মারাজ প্রতি প্রজাগণ। কুতাঞ্জলি হইয়া করিছে নিবেদন॥ আমা সবা ছাড়ি কোথা যাইবা রাজন। তুমি যথা যাবে তথা যাব সর্ববজন॥ ভোমার দর্বন্ধ ছলে জিনিল কৌরব। আইলাম উরেগে আমরা হেথা সব॥ রাজ্যেতে হইল মহাপাপী অধিকারী। এ কারণ আমরা হইব বনচারী। জল ভূমি বন্ধ্র পুষ্প সঙ্গে যদি রয়। তাহার দৌরভে গদ্ধ সকলের হয়॥ পাপীর সংসর্গে পাপ বাড়ে নাতি নীতি। পুণ্য বৃদ্ধি হয় পুণ্যজনের সংহতি॥ রাজ-পাপে প্রজার নাচিক অন্যাহতি। নাইব তোমার নঙ্গে কি আরে নসতি !! দর্শনেতে াগি হয় স্পর্শনে শ্যুনে। ধর্মাচার নত হয় রাজ্যর মননে।। যেমন সংদর্গ কল সেইমত হয় ! ভেঁই সে আমরা বনে বাইব নিশ্চয়॥ সমস্ত সদগুণ করে তোমাতে নিবাস। তেঁই তব সহিতে থাকিতে করি আশ॥

াজাগণ বচন শুনিয়া যুধিষ্টির। ছিলেন মিষ্ট বাক্য কোমল গভীর॥ াগ্য করি আপনারে মানি এতক্ষণ। া **কারণে এত স্নেহ** কর সর্ববজন॥ যামি যাহা কহি তাহ। অন্য না করিবা। ধামারে সম্ভ্রম করি সকলে মানিব!॥ পতামহ ভীষা ধৃতক্তপ্ত্র জ্যেষ্ঠতাত। ষ্ট্রী মাতা ইহারা করেন অঞ্চপাত। এই সবাকার শোক কর নিবারণ। দশে থাকি সবাকার করহ পালন। ্ধিষ্ঠির মৃথে শুনি এতেক বচন। গ্রহাকার করি নিবভিল প্রজাগণ ॥ মুন্ত্রি সাগ্রিক শিষ্য সহ দ্বিজ্ঞগণ। শাশুবের সহিত চলিল সর্ববজন ॥ দশক্ত পাগুবগণ বথ আবোহণে। **প্রকাগ**ণে প্রবেগধিয়া চলিলেন বনে॥ উত্তরমুখেতে যদন জাহ্নবীর তটে। রুমক্ষেন দেশিয়। রুহেন মহাবটে ॥ দিনকর অন্ত গেল প্রবেশে শর্বরী সেই রাত্রি নির্বাহিল জল স্পর্শ করি॥ স্তুর্দিকে বিজগণ অগ্নিহোত্র স্থালি। ্বদধ্বনি শব্দেতে পুরিল বনস্থলী।। ব্ৰজনী প্ৰভাত হৈন উঠি পঞ্জন। ঘোর বনে গমন করিলেন তথন ॥ চতুর্দ্ধিকে মুমিগণ চলিল সংহতি ! দেখিয়া বলেন ভবে ধর্ম নরপতি॥ **আমা সনে** বহু তুঃখ পাবে দ্বিজগণ। বিশেষ বনেতে ভয়ক্ষর পশুগণ।। হবে যত তুঃখ শুন তোমা দবাকার ৷ দে পাপে হইবে নফ্ট মম ধর্মাচার॥ विकाग বলে কোথা যাইবে নুপতি। তোমার যে গতি আমা দবার দে গতি॥ আমা সবা পোষণে ত্যজহ ভয় মন। স্থকৃত উপায় করি করিব ভক্ষণ॥ ষুধিষ্ঠির বলিলেন দেখিব কেমনে। মন সহ রহি তুর পাবে বিজগণে॥

ি ধিক ধৃতরাষ্ট্র রাজা হুফ্ট পুত্রগণ। এত বলি অধোমুখে রহেন রাজন॥ সৌনক নামেতে ঋষি বুঝান রাজারে। স্থললিত শাস্ত্র বলি বিবিধ প্রকারে॥ শোক স্থান সহস্র শতেক ভয় স্থান। তাহাতে মূর্চ্ছিত হয় মূর্থ যে অজ্ঞান॥ পণ্ডিত জনের তাহে নহে মৃগ্ধমন। তুমি হেন লোক শোক কর কি কারণা অর্থ হেতু উদ্বেগ ত্যজহ নরপতি। অনর্থের মূল অর্থ কর অবগতি॥ উপাৰ্জ্জনে যত কন্ট ততেক পালনে। ব্যয়ে হয় তুঃখ আর ক্ষয়েতে দ্বিগুণে ॥ : অর্থ যার থাকে তার সদা ভীত মন : তার বৈরী রাজা অগ্নি চোর বন্ধজন। অর্থ হৈতে মোহ হয় অহঙ্কার পাপ 🕸 অত্যন্ত উদ্বেগ হয় সদা মনস্তাপ।। এ কারণ অর্থ চিন্তা ত্যজহ রাজন। সর্বব পূর্ণ হ'লে তৃষ্ণা নাহি নিবারণ 🏾 যাবৎ শরীরে পাপ ভৃষ্ণা নাহি টুটে। সাধুজন এই ভৃষ্ণা জ্ঞান অস্ত্রে কাটে !! সন্তোষ সাধুর অস্ত্র তৃষ্ণা নিবারণ। ইন্দ্ৰ সম অৰ্থে তুষ্ট নহে জ্ঞানীজন ॥ অনিত্য এ ধন জন অনিত্য সংসার। ইহার মায়াতে ভূবি ক্লেশ মাত্র দার॥ এই সব স্নেহেতে মোহিত যত জন। অচিন্তিত কোথা দেখিয়াছ হে রাজন ! ধর্ম্ম করিবারে যদি উপার্চ্জয়ে ধন। বিচলিত হয় মন ধনের কারণ॥ মহারাজ জান ধন পাপ পঙ্কবং। পক্ষেতে নামিলে তকু হয় পক্ষাবৃত।। निम्ह्य इटेरव छुःथ शक्क धूटेवारत । সাধু যে, সে নাহি যায় সেই পক্ষোপরে॥ ধর্ম্মে যদি প্রয়োজন থাকয়ে রাজন। এ সকল পাপভৃষ্ণা কর কি কারণ॥ সৌনক-বচন শুনি কহিলা নূপতি। মম কিছু ভৃষ্ণা নাহি রাজ্যখন প্রতি ॥

ব্রপ্রের ভরণ হেতু চিন্তা করি মনে। _{ূহা}গ্ৰন্থে অতিথি বা পূজিব কেমনে॥ দৈ জন না করে ইছা গৃহস্থ হইয়া। 🚌 হয় দান যজ্ঞ ধর্ম আদি ক্রিয়া॥ দানক বলিল রাজা চিন্তা দুর কর। ্রেয়র শরণ লও শুন নরবর ॥ 🖚 চন্দ্র আদিত্য অপর দিকপালে। ুলোক্য জনেরে তাঁরা ধর্ম্মবলে পালে। 庵 🖫 ও করহ রাজা তপ আচরণ। ্পাবলে দ্বিজগণে করহ পালন।। 🧭 শুনি যুধিষ্ঠির চিন্তিত হৃদয়। 🗝 হা পুরোহিত ডাকি কছে সবিনয়॥ দ্বতুগণ চলিলেন আমার সংহতি। েননে ভরণ হবে কহ মহামতি॥ _'দরে পালন-কর্তা: দেব দিবাকর। ত্য্যার প্র**সাদে কার্য্য হবে নৃপবর**॥ তে বলি দীক্ষা দিয়া ধৌম্য তপোধন। দক্টোত্তর শত নাম করান শ্রেবণ॥ নিষ্টির মহারাজ সেবেন ভাক্ষর। 🖅 হ'য়ে নানা পুষ্পে পূজেন বিস্তর ॥ ^{≖ংট}'তর শত নাম জপেন ভূপতি। ভিবং প্রণমিয়া করে নানা স্তুতি॥ মি প্রভু লোকপাল লোকের পালন। কৃদ্দিকে দীপ দীপ্তি তোমার কিরণ॥ মের কিন্নর দব রাক্ষদ মানুষে। ^{ব্ৰিসিদ্ধ} হয় দেব তব কুপাবশে॥ ত্যাদি অনেক স্তব করেন রাজন: ^{প্টলেন} মূর্তিমান তথা বিক**র্ত**ন॥ িলেন চিন্তা ত্যজ ধর্মের নন্দন। ^{দির} হবে নরপতি যে তোমার মন ॥ ^{্যালশ} বংদর থাকিলে হীনরাজ্য। ত চাহ তত তব করিব সাহায্য॥ ল মূল অল্পমাত্র যে কিছু আনিবে। নন্ত্রমাত্র র**ন্ধনেতে অব্যয় হই**বে॥ 'वः (छोभनी (नवी ना करत्र छक्त। নক্ষ রন্ধন গৃহে রবে ভভক্ষণ 🛭

এত বলি অন্তর্হিত দেব দিবাকর।
হাইত হ'য়ে সবাকে বলিল নৃপবঃ॥
এমতে পাইল বর সূর্য্যের সেওনে।
বনে যান ধর্মারাজ সঙ্গে দিজগণে॥
ভারত পর্বের কথা পাপের বিনাশ।
বনপর্বব যত্নেতে রচিল কাশীদাস॥

শ্বতরাষ্ট্র কর্ত্বক বিছবের অপমান ও বৃধিষ্টেরের নিকটে গ্রমন।

বনে চলিলেন পঞ্চ পাণ্ডুর নন্দন। চিন্তাকুল অন্ধরাজ স্থির নহে মন॥ মস্ত্রিরাজ বিদ্বুরে আনিল ডাক দিয়া। জিজ্ঞাদিল ধুতরাষ্ট্র মধুর ভাদিয়।॥ বিচারে বিহুর তুমি ভার্গবের প্রায়। পরম ধর্মাত্মা বৃদ্ধি আছয়ে তোমায়। কুরুবংশে তোমার বচনে সবে স্থিত। কহ শুনি বিচারিয়া যাতে মম হিত॥ অরণ্যে গেলেন পঞ্চ পাণ্ডুর নন্দন। যাহে শ্রেষ্ঠ যুক্তি হয় করহ এখন॥ যেমতে আমার বশ হয় সর্ববজন। যে যেরূপে স্বচ্ছন্দে বিহরে পুত্রগণ॥ বিছুর বলেন রাজা কর অবধান। ধর্ম হ'তে বিজয় হইবে সর্বজন॥ নির্ভিতে পাই ধর্ম, ধর্মে সব পাই। ধর্মদেব। কর রাজা কোন চিন্তা নাই॥ তোমার উচিত রাজ। যে কর্ম্মে রক্ষণ। নিচপুত্র ভাতৃপুত্র করং পালন ॥ দে ধর্ম ডুবিল রাজা তোমার সভায়। তুষ্টমতি তুর্য্যোধন শকুনি সহায়॥ সত্যশীল যুধিষ্ঠিরে কপটে জিনিল। বিবদন। কুলবধু সভাতে করিল॥ তুমিত তথন নাহি করিলে বিচার। এবে কি উপায় বল না দেপি যে आंत्र ॥ তবে যদি কর রাজা এক সত্রপার। সগৰ্বে সবংশে থাক বলি হে তোমায় 🛚

পাশুবের যতেক জিনিলে রাজ্যধন। শীন্ত্রগতি আনি তারে দেহ এইক্ষণ॥ দ্রোপদীরে ছঃশাসন কৈল অপমান। বিনয় করিয়া চাহ ক্ষমা তার স্থান॥ কর্ণে দুর্য্যোধনে কর পাগুবের প্রীত। এই কৰ্ম হয় প্ৰীত দেখি তব হিত॥ ভূমি কৈলে যদি নাহি মানে হুর্য্যোধন। তবেত তাহারে রাথ করিয়া বন্ধন॥ পূর্বে যত বলিলাম করিলে অন্যথা। এখন যে বলি রাজা রাথ এই কথা।। জিজ্ঞাসিলে ভেঁই এই কহিন্দু বিচার। ইহা ভিন্ন অন্ন নাহি উপায় ইহার॥ বিত্রর বচন শুনি বলিলেন অন্ধ। যতেক বলিল। এ সকল কথা মন্দ।। আপনার মৃত্তিভেদ আপন নন্দন। তারে তুঃখ দিব পর-পুত্রের কারণ॥ এবে জানিলাম তব কুটিল বিচার। তোমারে বিখাস ক্ষতা না হবে আমার॥ অসতী নারীকে যদি করয়ে পালন। বহুমতে রাখিলে দে না হয় আপন। পাণ্ডবের হিত তুমি করহ এখন। যাও বা থাকছ তুমি যাহা লয় মন॥ এত শুনি উঠিল বিছুর মহাশয়। ডাকি বলে কুরুবংশ মজিল নিশ্চয়॥ চিত্তে মহাতাপ হেস্তু না গেল মন্দির। হস্তিনানগর হৈতে হইল বাহির॥ যথা বনে আছে পঞ্চ পাণ্ডুর নন্দন। এক রথে তথাকারে করিল গমন। যুধিষ্ঠির ছিল কাম্যকানন ভিভর। গচর্মা পরিধান সঙ্গে সহোদর॥-চ্ছু, দকে সহস্ৰ সহস্ৰ দ্বিজগণ। ইন্দ্রেরে বেড়িয়া আছে যেন দেবগণ॥ কতদূরে বিছুরে দেখিয়া কুরুনাথ। ভ্ৰাতৃগণে বলে ঐ আইল খুল্লতাত ॥ কি হেতু বিহুর আদে না বুঝি বিচার। প্রাঃ কি বিচার কৈল ফ্বল-কুমার 🛚

পুনঃ কিবা পাশা হেতু দিল পাঠাইয়া। রাজ্য হৈতে আমি কিছু না আইমু লৈয়। কেবল আয়ুধ মাত্র আছয়ে আমার। আয়ুধ জিনিয়া নিতে করেছে বিচার॥ পঞ্চ ভাই করিছেন বিচার এমত। ছেনকালে উপনীত বিহুরের রণ॥ যথাযোগ্য পরস্পর করি সম্ভাষণ। জিজ্ঞাদেন যুধিষ্ঠির বিনয় বচন ॥ আমরা আইলে বনে অন্ধ কি কহিল। বিতুর করেন শুন যে কথা হইল। কুরুবংশ হিত হেতু জিজ্ঞাসিল মোরে। সেইমত সংযুক্তি দিলাম অক্ষেরে॥ যতেক কহিনু আমি সবাকার হিত। অন্ধ রাজা শুনিয়া বুঝিল বিপরীত। রোগীজনে যথা দিব্য পথ্য নাহি রুচে। यूवा नात्री दुक सामी यथा नाहि इटाइ ক্রন্দ্ধ হ'য়ে আমারে বলিল কুবচন। যাও বা থাকহ তোমা নাহি প্রয়োজন সে কারণে তারে ত্যজি মাইলাম বন তোমা স্বাকারে বনে করিতে পালন ॥ ভাল হৈল অন্ধরাজ তাজিল আমারে: তোমা সবা সহ বনে থাকিব বিহারে। তবেত বিহুর বহু কহিল স্থনীত। যুধিষ্ঠির পঞ্চ ভাই লইয়া ত্রবিত॥ বনপর্ব্ব অপূর্ব্ব রচিলেন অমৃত। কাশীদাস কহে সাধু পিয়ে অনুব্ৰতঃ

> র ভরাত্ত্রের সহিত বিজ্রের পুনঃ মিটি ও গুভরাত্ত্বের প্রতি ব্যাসের হিতোপদেশ।

হস্তিনা ত্যজিয়া ক্ষত্তা গেল বনমাঝ শুনিয়া আকুল চিত্ত হৈল অন্ধরাজ । নাহি ক্ষচে অন্ধল অশন শয়ন । অতি বেগে সভামাঝে করিল গমন । যাইতে মুর্চিত্ত হ'য়ে ভূষিতে পড়িলা। সঞ্জয় প্রভৃতি সবে ধরিয়া ভূলিলা ।

ন বলিলেন সঞ্চয়ের প্রতি। আছে বিহুর ডাকহ শীত্রগতি॥ ধাৰ্দ্মিক ভাই মম হিতে রত। । বিচ্ছেদে আমি আছি মৃতবৎ ॥ বলিলাম আমি পাপ মুখে। ণ প্রাণ সেই রাথে বা না রাথে॥ তি চলহ বিলম্ব না করহ। । হৃদ্য মহ সত্তর আনহ ॥ শুনি সঞ্জয় চলিল সেইকণ। ানে আছে পঞ্চ পাণ্ডুর নন্দন॥ চত পূজা করি **সবাকার প্রতি**। র চাহিয়া তবে বলিছে ভারতী॥ চল এইক্ষণে বিলম্ব না সয়। া বিনা অন্ধরাজ জীবন সংশয়॥ শুনি যুধিষ্ঠির করেন সম্প্রাত। চড়ি চুইজন **চলিল ত্বরিত ।** । আইল পুনঃ শুনিল রাজন। তে চুম্বন করি দিল আলিঙ্গন॥ রর বচন দোব **ক্ষমহ আমার**। বলি অনেক করিল পুরস্কার ॥ ানি করিবে ক্ষমা ইহা আমি চাই। ভ ছাড়া হাতে কভু মম শক্তি নাই ॥ ন তোমার পুক্র পাণ্ডব তেমন। ছ তার। ছুঃখা মম **এতে পোড়ে মন**॥ র মাইল শুনি রাজা তুর্য্যোধন। গিইয়া আনাইল কর্ণ তুঃ**লাসন।**। নি সহিত দৰে সভায় বসিল। শি^{নে} তুর্য্যোধন বাক্য প্রকা**শিল ॥** স্থতির মন্ত্রী পাণ্ডবের হিত। ^{র অাইল} দেখ মন্ত্রণা পণ্ডিত॥ ^{ৎ বিচ্}র না আকর্ষে তাঁর মন। টবে মানিতে আজ্ঞানা দেন রাজন॥ 🔍 মন্ত্রণা কর ইহার উপায়। ^{মতে} ক্ন্তীপুত্ৰ আদিতে না পায়॥ যদি হস্তিনায় দেখিব পাশুব। চ্যু আমার বাক্য কহি শুন সব॥

গরল থাইব কিন্তা প্রবেশিব জলে। নিতান্ত ত্যজিব প্রাণ অন্ত্র বা অনলে॥ শকুনি বলিল শুন আমার বচন। কদাচিত না আসিবে পাণ্ডুপুত্রগণ ॥ সত্যবাদী যুধিষ্ঠির করেছে সময়। ত্রয়োদশ বংসর যাবৎ পূর্ণ নয়॥ 🤏নিয়া বৃদ্ধের বাক্য যদি পুনঃ আদে। **স্থামরা** করিব পুনঃ সেই পণ শেষে॥ কৰ্ণ বলিলেন চিত্তে এই যুক্তি আসে। ছুঃপিত পাণ্ডবগণ আছে বনবাদে॥ জটাচার তপংক্রেশ শোকেতে আতুর। সহায় সম্পদগণ আছে বহুদূর॥ চকুরঙ্গ দলে গিয়া বেড়িব পাগুবে। এ সময় মারিলে সকল রিষ্টি যাবে॥ তুর্য্যোধন বলে সাধু মন্ত্রণা ভোমার। করিলে মন্ত্রণ। এই সংসারের সার H আজ্ঞা দিল নরপতি সাজিতে সবারে। রথ গজ তুরঙ্গম চলিল সহরে॥ সাজিয়া সকল সৈত্য কৌরব চলিল। **অন্তর্য্যামী ব্যাদের যে গোচর হইল**॥ হস্তিনানগরে মুনি করিল গমন ! পথে ছুর্য্যোধন সহ হইল মিলন ॥ বাহুড়িয়া চল বলি আজ্ঞা দেন মুনি। তুর্য্যোধন বাহুড়িল মুনিবাক্য 😎নি ॥ ধুতরাষ্ট্র নিকটে গেলেন বৈপায়ন। যথোচিত পূজা তাঁর করিল রাজন।। মুনি বলে ধুতরাষ্ট্র করিলা কি কর্ম। ধর্ম অন্ধ্র হ'য়ে নক্ট করিলা বাস্থ্য ॥ মন্দবৃদ্ধি তব পুক্র হুন্ট হুরাচারী। রাজ্য লোভে হইল সে পাশুবের বৈর্রা॥ পাণ্ডব সহায় ঘেই জান ভালমতে। বিধাতার ধাতা হর্তা কর্তা ত্রিজগতে॥ তাঁহার অপেক্ষা তুমি না কার্যাল মনে। বনবাদে পাঠাইয়া দিলা পুত্রগণে ॥ জ্মাপনার হিত যদি চাহ রাজা মনে। পাশুবের নিকটে পাঠাও ছুর্য্যোধনে ॥

একাকী পাণ্ডব সহ ভ্রমুক কাননে। यम िखा ना करूक ना शिः इक मरन ॥ ইহাতে পাণ্ডব যদি হয় প্রীতিমান। তবে তব শত পুত্র পাইবে কল্যাণ॥ ধুতরাষ্ট্র বলে দেব কহিলা উত্তম। আমারে না রুচে যত কছিল অধম ভীম্ম দ্রোণ বিহুর গান্ধারী আদি করি। কাহার' না শুনে বাক্য হুফ ছুরাচারী ॥ মুনি বলিলেন নহে ধর্মের আচার। দে সব কর্ম্মেতে নাহি আমার বিচার॥ পুত্র দম স্নেহ রাজা নাহিক সংদারে। বিশেষ তুর্বল পুত্র বড় স্নেছ করে॥ তৃমি যেন মম পুত্র পাণ্ডুও তেমন। যুধিষ্ঠির যেমন তেমন ছুর্য্যোধন ॥ পাগুবেরে বিশেষ অনেক ক্লেহ হয়। পিতৃহীন সদা পায় ছঃখ অতিশয়॥ পূর্বের বুত্রান্ত কথা শুনহ রাজন। স্তর্ভি গো মাতা আর সহস্রলোচন । স্থুরভি রোদন করে হইয়া বিকল। তুষ্ট হৈয়া তারে জিজ্ঞাদিল আখণ্ডল ॥ কহ কি কারণে মাতা করহ রোদন। দেবে নরে কিবা নাগে আপদ ঘটন ॥ স্তর্ভি কহিল নাই আপদ কাহার। 🖦ন যেই হেতু তুঃখ হইল আমার॥ তুর্বল আমার পুজে যুড়ি লাঙ্গলেতে। হীনশক্তি বৃদ্ধ বড় না পারে চলিতে॥ মারিছে কৃষক বড় পুচ্ছযুল মোড়ে। ব্দার এক বলিষ্ঠ যাইছে উভরড়ে॥ তার দঙ্গে শক্তি নাই যাইতে ইহার। কৃষক পাপিষ্ঠ বড় করিছে প্রহার ॥ এ হেতু রোদন আমি করি নিরস্তর । ভনিয়া উত্তর করিলেন পুরন্দর॥ **এই हেकू** (मवी क्रूमि कन्नर (न्नामन। ্ এইমত স্থানে স্থানে লক্ষ রুষ্গণ।। কি াষকে কৃষকগণ করিছে প্রহার। পুনঃ। স্বারে ক্লেছ কেনু না হয় ভোষার ॥ ন্তর্নতি বলেন এই অসক্ত তুর্বল।
ইহা দেখি চিত্ত মোর হইল বিকল।
এত শুনি দেবরাজ মেঘে আজ্ঞা দিল।
জল রৃষ্টি করি সব পৃথিবী পৃরিল।
কৃষক ত্যজিল কৃষি করিল গমন।
স্থরতি বলেন সাধু সহস্রলোচন
এইমত পালন করহ সবাকারে।
বনবাসে হইল তুর্বল কলেবরে।
শুন রাজা পূর্বের হেন হয়েছে বিধান।
তবে ধর্মা রহে সব দেখিলে সমান।

গৈতের মুনির বাক্য ও ছর্গোপনকে অভিশাপ প্রদান।

ধ্বতরাষ্ট্র বলে মূনি করি নিবেদন ! মোরে যদি স্লেহ হয় শুন তপোধন। আপনি বুঝাও ছুফীমতি ছুর্য্যোধনে। ব্যাস বলে আমি না কহিব কদাচন এইক্ষণে আসিবে মৈত্রেয় তপোধন দকল কহিবে হিত শুনহ রাজন ॥ তব হিত তিনি বুঝাইবেন আপনি। তাঁরে প্রীত না করিলে শাপ দিবে মৃনিং এত বলি চলিলেন ব্যাস নিজালয় উপনীত হৈল মৈত্রেয় মহাশয় ॥ যথোচিত পূজা তাঁর ধৃতরাষ্ট্র কৈল হৃষ হৈয়া বসিয়া কুশল জিজ্ঞাসিল " আমি বহু তীর্থগণ করিয়া ভ্রমণ। কাম্যবনে দেখিলাম পাণ্ডুপুক্রগণ 🖟 জটাচীর ভূষিত আহার ফল মূল। তপঙ্গীর বেশ অঙ্গে তপস্থা বিপুন 🛚 শুনিলাম তথায় এ দব দমাচার। তব পুত্ৰ ছুৰ্য্যোধন কৈল কলাচার। ভীম্ম আর তুমি কুরুবংশের প্রধান। হেন কৰ্ম কেন হয় ভোমা বিষ্ণমান । क्क़वःरम मवाकात्र स्वर्फ स्कृष्टि । **হেন বংশে অপয়শ করিল ফুর্ম্ম**তি [#]

হৈছু সভা তব না শোভে রাজন। বলি কহে মুনি চাহি ছুৰ্ষ্যোধন॥ । ও जूर्रगाधन वड़ कू**ल जग**। (दन (रनज़्भ किता अधर्म ॥ বের হিংসা কর হইয়া অজ্ঞান। ভান দথা যার পুরুষপ্রধান ॥ গুনি কিসে হীন পাণ্ডুপুত্রগণে। জনে ধর্মে সবে বিজয়ী ভুবনে॥ ; কুঞ্জর বল ধ**রে ভীমনাথ**। ছক বক আদি করিল নিপাত॥ ারে মারিল ভীম পশিতে কাননে। ুপুরাজয় **কেল থাওব দাহনে॥** চন সহ তুমি করিছ বিরস। ধাক্য কর প্রীতি নহে মৃত্যুবশ ॥ । এতেক কথা শুনি কুরুনাথ। মানে উরুতে করিল করাঘাত॥ নতে রহিলা, ভুমি ক'রে নিরীক্ষণ। ানা পেয়ে ক্রেশিধে কছে তপোধন।। হ্রন্ট মম বাক্য করিলি হেলন ! । উচিৎ ফল শুনহ রাজন॥ মুগে খভিমানে কৈলি করাঘাত। । গদা মারি ভীম করিবে নিপাত॥ া ব্যাকুল **হৈল অন্ধ নরপতি।** 🖟 চরণ ধরি করিলা মিনতি॥ ে কর মূনিরাজ নহুক এমন। হইয়া তবে বলে তপোধন॥ ^{দিশ বৎসরান্তে} ত**ব** পুক্র**গ**ণ। নিয়া ভজে যদি ধ**েমর** চরর্ণ॥ ^{হেন} না হইবে **শুনহ রাজন।** রিলে মম বাক্য নহিবে লঙ্কন॥ ^{४ ठ ता} छे देशन भिन्न वनन । গদিল কহ যুনি কিন্মীর নিধন।। পে পাণ্ডুর হুত মারিল কিম্মীরে। পায় বদত্তি তার কত বল ধরে।। বলে মামি আর না বসি হেথায়। ধন হৰী নহে আসার কথার #

শুনিবারে ইচ্ছা যদি আছুয়ে তোমার। বিহুরে জিজ্ঞান, পাবে দব দমাচার ॥ এত বলি মহামুনি করিল গমন। বিদ্ৰুৱে জিজ্ঞাদে তবে অম্বিকানন্দন॥ অরণ্যপর্কের কথা শ্রবণে অমৃত। কাশীদাস কছে সাধু পিয়ে অবিরত॥

কিন্সীর বধোপাগান।

ভামের বীরত্ব শুনি গেল হুর্য্যোধন। বিত্রর বলিল তবে কিন্দ্রার নিধন॥ যে কার্য্য করিল রাজা বীর রুকোদর। করিতে না পারে কেহ এরাজুর নর॥ কাম্যক কাননে রহে কিন্মী নিশাচর। দেবের অবধ্য পরাক্রমে পুরন্দর॥ পশিল পাণ্ডবগণ, যেই কাম্যবন। ধাইল মনুষ্য দেখি, রাক্ষস হুর্জন ॥ রাক্ষদী মায়ার কৈল, ঘোর অন্ধকার। মেলিয়া বদন রহে' গিলিতে সংসার॥ ভয়েতে দ্রোপদা দেবী মুদ্ল নয়ন। ক্রত তবৈ লুকাইল, মধ্যে পঞ্জন॥ নাশিতে রাক্ষদী মায়া, পৌম্য তপোধন। রক্ষোত্ম হত্ত্বেতে কৈল মায়। নিবারণ ॥ মায়া নাশ হ'লে কহে ধর্ম্মের নন্দন। আমি ধর্ম এই সম ভাই চারিজন॥ রাজ্য ভ্রন্ট হ'য়ে মোরা আদিতু হেথায়। কিছুদিন রব হুগে তোমার আলয়॥ কিন্দ্রী বলে মম ভায়ে ক'রেছে নিধ্য ভীম নামে তোর ভাই কোথা সেই জন ॥ আমার পরম স্বা হিড়িকে মারিল। তার স্বদ। হিড়িন্নাকে বিবাহ করিল ॥ রাক্ষসের বৈরী ভীম জানে নর্বজন। মোর হাতে আজ তার নিশ্চয় মরণ ॥ ভীমের রক্তেতে করি বকের তর্পণ। ় আঞ্জনে পোড়ায়ে মাংস করিব ভক্ষণ।। রাক্ষদের শুনি ছেন কঠোর বচন। ক্রোধে ভীম এক ব্লক আনিল তথন॥

ৰহাক্রোধে প্রহারিলা বীর রুকোদর। র্ত্তাহ্ররে বক্ত যেন মারে পুরন্দর॥ ষ্টল রাক্ষদ স্থির যেন গিরিবর। দক্ষ কাষ্ঠ দণ্ড হানে ভীমের উপর 🛭 দোঁহার উপরে দোঁহে বক্সমৃষ্টি মারে। শরবনে অগ্রি থেন চড় বড় করে 🛚 মহা ভয়ঙ্কর যেন দানব অমর। হেন মতে চুই বীর করিল সমর 🛚 কৌরবের ব্যবহারে ছিল মহা জোধে। কিন্মীরে হুমুখে পেয়ে ধরিল অবাধে॥ অতি ক্রোধে ভীম তবে ধরিয়া রাক্ষসে। পুষ্ঠে জাতু দিয়া ধরে, পদ আর কেশে॥ মধ্যেতে ভাঙ্গিয়া তারে কৈল ছুই থান। মহানাদ করি চুফ্ট ত্যজিল পরাণ ॥ হাই হ'য়ে চারি ভাই দিল আলিঙ্গন। সাধু সাধু প্রশংসা করেন মুনিগণ ॥ যবে আমি যাই বনে করিতে সন্ধান। পথে দেখি পড়িয়াছে পৰ্ব্বত সমান॥ দেখি হেন জিজ্ঞাসিমু মণিগণ স্থান। মুনি মুখে বিবরণ সব জানিলাম॥ শুনিয়া নিঃশব্দ হৈল অম্বিকা নন্দন। পাণ্ডপুত্র কথা শুনি ছন্ন হৈল জ্ঞান ॥

> কামাবনে শ্রীক্সঞ্চের শহিত পাওব-দিগের নামা কপা।

বনে যদি গেল পঞ্চ পাণ্ডুর নন্দন।
দেশে দেশে এ বার্তা পাইল রাজগণ॥
ভোজ রুষ্ণি অন্ধক প্রভৃতি নৃপগণ।
কুষ্ণের সহিত গেল কাম্যক কানন॥
পাঞ্চাল রাজার পুত্র সহ অনুগত।
ধুষ্টকৈতৃ ধৃষ্টগ্রাম্ব আর বন্ধু যত॥
ধুষিষ্ঠিরে বোড় দবে বসিল চহুভিত।
পাণ্ডবের বেশ দেখি হইল বিশ্বিত॥
আত্ম তৃঃখ কহিতে লাগিল পঞ্জন।
কেন কর্মা করিল পাণিষ্ঠ তুর্য্যোধন॥

সে জন বধের যোগ্য কছে ধর্মনীত। গোবিন্দ বলেন এই আমার বহিত। ক্রোধেতে কম্পিত অঙ্গ কমললোচন। मविन्दा व्यक्ति कतिम निर्वात ॥ ধর্ম্মেতে ধার্ম্মিক তুমি হও সত্যবাদী। সদয় হৃদয় তুমি বিধাতার বিধি॥ অক্রোধী অলোভী তুমি দীনে ক্ষমাবন্ত। তোমারে এতেক ক্রোধ না পাই তদন্ত নারায়ণ রূপে তুমি হইলা তপস্বা। করিলা তপস্থা গন্ধমাদনে নিবসি॥ পুষ্ণর তীর্থেতে দশ সহস্র বৎসর। দেবমানে তপস্থা করিলা দামোদর। তুমিত নিগুণ কিন্তু গুণেতে পূরিত। তোমারে যে না ভজে সে জগতে বঞ্ছি। এতেক বলিল যদি বীর ধনপ্রয়। তাহারে কহেন তবে দেবকী-তনয়। তোমায় আমায় কিছু নাহিক অন্তর। আমি নারায়ণ ঋষি তুমি হও নর॥ পাণ্ডবে আমায় আর নাহি ভেদ লেশ সহিতে না পারি আমি পাগুবের রেশ যে তোমারে দ্বেষ করে সে করে আম্য তোমারে যে স্লেহ করে সে আমারে হা তুমি হও আমার হে, আমি যে তোমার যে জন তোমার পার্থ, দে জন আমার। এতেক বলেন কৃষ্ণ কমললোচন। ভাল ভাল বলিয়া বলিল রাজগণ # হেনকালে উপনীত ত্ৰুপদনন্দিনী। কুষ্ণ অত্যে বলিলেন যোড় করি পাণি অদিত-দেবল মুখে শুনিয়াছি আমি। নাভি-কমলেতে স্রফী স্*ক্রি*য়াছ তু^{মি}। আকাশ তোমার শির পাতাল চর^{ণ।} পুথিবী তোষার কটি জঙ্গা গিরিগণ ॥ শিব আদি যত যোগী তোমারে ধে^{য়ায়} তপম্বী করিয়া তপ সমর্পে তোমায়। সৃষ্টি স্থিতি প্রশায় ইঙ্গিতে তব হয়। नवात ज्ञेषत कृषि मूनिशरण कव H

াথের নাথ ভূমি ছুর্ববলের ৰল। কারণে তোমাকেই কহি যে সকল॥ ু দুঃখ কহিতে সবার তুমি স্থান। নাত্রঃথ কহি কিছু কর অবধান ॥ ওবের ভার্য্যা আমি, ক্রুপদ-নন্দিনী। । প্রিয়দ্ধি আমি, অর্জ্জুন ভামিনী॥ ্বারা কেশে ধরি লইল সভায়। ভাষা কহিল যত কহনে না যায়॥ খ্রের্ম ছিলাম আমি এক বস্ত্র পরি। মাধার প্রায় বলে নিল কেশে ধরি II হবংশ পাঞ্চাল পাণ্ডবগণ জ্বীতে। স্যকর্ম্ম বিধিমতে বলিল করিতে॥ শ্ব দ্রোণ ধৃতরাষ্ট্র ছিল বিদ্যমান। ব বসি দেখিল আমার অপমান ॥ ম্পত্নী আমি **হেন কহে সর্ব্বলোকে।** পঞ্জন সভামধ্যে বসি দেখে॥ ় ধিক ভীমবীর ধি**ক ধনঞ্জ**য়। গরণে গাণ্ডীব ধনু কেন বয়॥ ৰ্বতে এমত আমি শুনেছি বিধান। হুক্ত না স্বামী দেখে বিভাষান॥ াবল হইলে ভার্য্যায় রাথে স্বামী। কারণ এ সবার নিন্দা করি আমি॥ হরপে জন্মে লোক ভার্য্যার উদরে। ই হেতু জায়া বলি বলয়ে ভার্য্যারে॥ খন ভীতা হৈলে লয় স্বামীর শরণ। ণি যে লম্ন তারে করমে রক্ষণ॥ াম শরণ আমি এ পঞ্জনারে। ন এরা রক্ষা না করিল অনাথারে॥ ্যা নাহি দেব আমি, হুই পুক্রবতী। ^{মুখ চাহি না করিল অব্যাহতি 🛭} বিয়া নহে মোর সব পুত্রগণ। তেজ তব পুত্র প্রত্নান্ন যেমন॥ ৰ কেন ছফ্টের সহিল হেন কর্ম। টে জিনিল মিথ্যা করিয়া অধর্ম্ম ॥ ক্লিপে সভায় বিসয়া সবে দেখে। ষ্পমান করে বত চুফলোকে ।

গাণ্ডীবা বলিয়া ধনু ধনঞ্জয় ধরে। পুথিবীতে গুণ দিতে কেহ নাহি পারে॥ ধনপ্রয় কিন্তা ভীম আর পার তুমি। তবে কেন এত সহে না জানিসু আমি॥ ধিক ধিক মম নাথ পাণ্ডুপুত্ৰগণ। এত করি ব্দ্যাবধি জিয়ে হুর্য্যোধন॥ বাল্যকাল হৈতে যত করে সেইজন। অগোচর নহে সব জানহ আপন॥ কপটে বিষের লাড়ু ভীমে খাওয়াইল। হস্ত পদ বান্ধি গঙ্গাজলে ফেলাইল॥ জতুগৃহ করিয়া রহিতে দিল স্থান . ধর্ম হৈতে অগ্নিতে পাইল পরিত্রাণ। রাজ্য ধন ল'য়ে তবে পাঠাইল বনে। এতেক সহিল কন্ট কিদের কারণে॥ সভায় বসিয়া নাথ দেখে পঞ্জন। ত্রঃশাসন হরে মম পিন্ধন বসন॥ এতেক বলিয়া কৃষ্ণা কহেন তথনে। তোমরা আমার নহ জানিমু একণে॥ থাকিলে কি হবে নাথ সভার গোচরে। এতেক তুর্গতি মম ক্ষুদ্রলোকে করে॥ এত বলি কুঞা তবে কা**ন্দে** উচ্চৈঃ**শ্ব**রে। বারিধারা নয়নেতে অনিবার ঝরে 🛭 পুনঃ গ্ৰদগদ বাক্যে বলয়ে পাৰ্ষতি। নাহি মোর তাত ভাতা নাহি খোর পতি॥ তুমি অনাথের নাথ বলে সর্বজনে। চারি কর্মে আমি নাথ তোমার রক্ষণে ॥ সম্বন্ধে গৌরবে প্লেটে আর প্রভূপণে। দাসীজ্ঞানে আমারে রাখিনা জ্রীচরণে।

গোবিন্দ বলেন সধী না কর ক্রন্দন।
তোমার ক্রন্দনে মম স্থির নহে মন॥
যখন বিবস্ত্র ভোমা করে ছুঃশানন।
গোবিন্দ বলিয়া তুমি ডাকিলা যখন॥
অত্যেতে হৈয়াছে মম সেই মহাঘাত।
যাবৎ কপটি তুফ না হয় নিপাত॥
যেই মত কৃষ্ণা তুমি করেছ রোদন।
সেই মত কান্দেবে সে স্বার স্ত্রীগণ॥

তোমার দাক্ষাতে আমি কহি সত্য করি। না করিলে রুখা নাম বাহ্নদেব ধরি॥ তথাপি আমার বাক্য না হইবে আন। দিন কত কল্যাণি থাকহ সাবধান॥ এতেক শুনিয়া কহিলেন ধনপ্পয়। ক্লুফের বচন দেবি কভু মিখ্যা নয়॥ কহিলেন যত কৃষ্ণ হবে সেইমত। অকারণে কান্দহ অজ্ঞান জন মত॥ স্বদার জেন্দন দেখি ধুষ্টগ্রান্ন বার। সজল নয়নে কহে কাম্পত শরীর॥ এতেক লাঞ্চনা কেবা ক্ষত্ৰ হ'য়ে সয়। নিকটে না ছিমু আমি কুরু ভাগ্যোদয়॥ তথাপি কৌরবগণে করিব সংহার। শুন সর্বব রাজগণ প্রতিজ্ঞা আমার॥ দ্রোণ গুরু বলি যেই গর্বব করে মনে। মম ভার রৈল তারে সংহারিতে রণে॥ ভীম্ম পিতামহ যে অক্সেয় তিনলোকে। তাহাকে মারিতে ভার হৈল শিখগুকি॥ মধুর বচনে তবে কন জগন্নাথ। যুধিষ্ঠির আগে যোড় করি পদ্মহাত॥ দ্বারকা ছাড়িয়া আমি নিকটে থাকিলে। নির্ত্ত করিতে আসিতাম দৃত্যকালে॥ শাল্প নামে সহাবল দৈত্যের ঈশর। সদৈন্য বেড়িয়াছিল ধারকানগর ॥ তব ঝাজসূয় যজে গেলাম যখন। সবারে পীড়িল হুফ করি মায়া রণ॥ আমার সহিত যুদ্ধ হৈল বহুতর। বহু কফ্টে তারে মারিলাম নরেশ্বর॥ এত শুনি যুধিষ্ঠির জিজ্ঞাদিল পুনঃ। কছ শুনি দ্বারকা হিংদিল শাল্প কেন॥ তোমার সহিত কেন বৈরতা হইল। কার হিত কারণ সে ঘারকা আইল। কোন্মায়া ধরে হুফ্ট কত করে রণ। বিস্তারি আমারে কহ শ্রীমধুসূদন॥ গোবিন্দ বলেন শুন পাণ্ডুর নন্দন। তব রাজসূয় যজ্ঞ স্থানর্থ কারণ ॥

শিশুপাল আমা হৈতে হইল নিধন। সেই বৈরীরক্ষ বীজ হইল রোপণ॥ শিশুপাল মরণ শুনিয়া দৈত্যেশ্বর ৷ সমৈন্যে বেড়িল আসি দারকা নগর ॥ দ্বারকার লোক তার শুনি আগমন। উগ্রসেন আদি সব সাজিল তথন॥ দ্বারকা পশিতে যত নৌকা-পথ ছিল সকল স্থানের নৌকা ডুবাইয়া দিল **॥** লোহার কণ্টক সব পোতাইল পথে। ক্রোশেক পর্য্যন্ত বিষ রাখিল জলেতে । ধন রত্ন রাখিলেন গর্ত্তের ভিতর। রক্ষক উদ্ধব উগ্রসেন নরবর ॥ আসিতে যাইতে লোক করে নিবারণঃ বিনা চিহ্নে তথায় না চলে কোন জন 🛭 সৌভপতি আইল সে চতুরঙ্গ দলে। পৃথিবী কম্পিত হৈল রণ-কোলাহলে। দারকার চতুর্দ্দিক রহিল বেড়িয়া। বহু দৈন্য জলম্বল রহিল যুড়িয়া॥ দেবালয় শ্মশান পূর্ণিত কৈল স্থল। এই **স্থলে নিজ দৈন্য** রাখিল সকল। দেখিয়া দৈত্যের সৈন্য রুষ্ণিবংশগণ বাহির হইল তবে করিবারে রণ॥ চারুদেষ্ণ শাষ গদ প্রত্যন্ত্র সারণ। সমৈন্যে বাহির হৈল করিবারে রণ ৷ ক্ষেমরুদ্ধি নামেতে শাল্পের দেনাপতি দে যুদ্ধ করিল শা**ন্ধ কুমার সংহ**তি [॥] মহাবল শাস্ব জাস্ববতীর নন্দন। অস্ত্র রৃষ্টি কৈল যেন জল বরিষণ॥ সহিতে না পারি রণে ভঙ্গ দিয়া গেল ক্ষেমরুদ্ধি ভঙ্গ দেখি সৈন্য পলাইল 🎚 বেগবান নামে দৈত্য আছিল তাহাতে আগু হ'য়ে যুক্ক দিল শান্থের সহিতে 🛚 শান্বের হস্তেতে যে মহাগদা আছিল। বেগবান তাহার প্রহারে প্রাণ দিল 🏾 দানব বিবিষ্ক্য নামে আসি দাঁড়াইল : নানা অন্তে ছুই বীরে মহাযুদ্ধ হৈল ।

হোৱীর চারুদেশ্ব রুক্রিণী-তনয়। ম্যাবানে দকল করিল অগ্নিময়॥ সূচ বাণে ভশ্ম হৈল বিবিশ্ধ অস্তর। _{য়ার} ভয়ে সদাই কম্পরে স্থরপুর ॥ সনাপতি পড়িল পলায় সেনাগণ। সৈন্যভঙ্গ দেখি শাল্প **আইল তথন**॥ দাল্লে দেখি কম্পিত হইল সব বীর। ধ্যহির হইল শা**ন্থ নির্ভয় শরীর**॥ িট্যু পাইল য**ত ধারকার জনে**। কাইল মকরধবজ রথ আরোহণে॥ গ্রহতি যুদ্ধ কৈল শালের **সংহ**তি। গ্রপ্তন পর্বাত **তুল্য শাল্প দৈত্যপতি**॥ - মানের এক **অন্ত্র প্রাক্তার রচিল**। াক ভেদিয়া অন্ত্র শালেরে ভেদিল 🛭 ্চিত হইয়া শাল্প **রথেতে পড়িল**া প্রিয়া যাদবদল চৌদিকে বেড়িল। হাহার্কারে কান্সয়ে যতেক দৈত্যগুল ্তক্র শাল্বরাজা পাইল চেতন।। ^{প্রভিন্ন} উঠিয়া শাল্প দিলেক ভ্রুষার : ^{এলায়ে} যাদ্বদ**ল শব্দ শুনি তার।।** ত্থে মায়া জানে শাল্প মায়ার মিদান ামদেরে প্রহার করিল তীক্ষবাণ॥ াই হৈল প্রহ্লান্ত । ^{্চিত} হইয়া কাম পড়িলেক রথে॥ ামদেব মৃচ্ছা দেখি দারুক সন্ততি। ^{ে কি}রাইয়া পলাইল শীভ্রগতি॥ ্ৰন্ধ চেতন পাইল মম **হ**ত। শর্রবিরে নি**ন্দা করি বলয়ে বহুত**॥ ি কর্মা করিলে তুমি দারুক নন্দন। ^{হয় রথ কিরাইলে কিসের কারণ।।} 🗽 দেখি তব ভয় হৈল হৃদি মাঝ। ें করেণে সার্থি করিলে হেন কাজ। ^{্বিঃব}েশ সমরে বিমুখ কোন কালে। .কব[্] অগ্র**দর হয় মম শরজালে**॥ ^{ওত ব}লে ভয় কিছু না হয় আমার। ব্রেতে বহুল মুর্চ্ছ। হইল তোমার॥

রথী মূচ্ছা দেখি 🐝 ফিরায় সারথি। না হয় ভাহাতে দোষ, আছে হেন নীতি॥ বিশেষ গরিষ্ঠ বাক্য শুনিয়া ভাহার। ঈষৎ হাসিয়া কছে রুক্মণী-কুমার॥ আর কভু না করিবে কর্ম্ম হেনমত। জীয়ন্ত থাকিতে রথী না ফিরাও রথ॥ ব্ৰষ্ণিবংশে এমন কথন নাহি হয়। কি বলিবে শুনি জ্যেষ্ঠতাত মহাশয়: গদাগ্রজ কি বলিবে জনক আমার। তোমা হৈতে রুষ্ণিবংশে হইল ধিকার॥ পাছে পাছে শাল্প মোরে প্রহারিবে শর। ্পলাইয়া যাব আমি ক্রীগণ ভিতর॥ দেখিয়া হাসিবে সব রুফিবংশ নারী। পলাইয়া গেল বলি বহু নিন্দা করি॥ এ কর্মা হইতে মৃত্যু শতগুণে ভাল। দারকার ভার যে আমারে সমর্পিল॥ রাজসুয় যজে গেল আমারে রাখিয়া। কি বলিবে তাত এবে সকল শুনিয়। 🛊 শীত্র বাহুড়াহ রথ দারুক নন্দন। এইক্ষণে সোভপুরী করিব নিধন॥ কামের এতেক বাক্য শুনিয়া সার্থি : রণমুখে চালাইল রথ শীঘুগতি॥ ভগ্ন দৈন্য দেখিয়া কুপিল দৈত্যপতি। নানা অত্র প্রাচ্যুদ্ধে প্রহারে শীঘ্রগতি॥ পুনঃ পুনঃ মায়াবার প্রহারে নানা শর: সব শর ছেদ করে কাম বতুর্দ্ধর ॥ পরে ক্রোধে সম্বরারি নিল দিব্য বাণ । চন্দ্ৰ নূৰ্য্য তেজ দেখি যাহে বিদ্যমান॥ অন্ত্র দেখি দেবগণ করে হাহাকার। শীদ্র পাঠাইল তথা ব্রহ্মার কুমার॥ বায়ুবেগে আইলেন নারদ ঝাটতি। দেবগণ বলিল বিনয়ে কাম প্রতি॥ দম্বরহ এই অস্ত্র কুষ্ণের নন্দন। এই অস্ত্রে রক্ষ। নাহি পায় ত্রিভুবন ॥ শাল্প দৈত্য রাজা কম্মু তব বধ্য নয়। अहरस्य मातिरव अरत रेमवकी-जनम् ॥

এত শুনি হাক হৈয়া তুণ্ধে অস্ত্র থুল।
এ সব কারণ শাল্প সকল জানিল॥
রণ ত্যক্তি সোভপুরে উত্তরিল গিয়া।
নিজ রাজ্যে গেল তবে দ্বারকা ত্যক্তিয়া॥

শ্রীক্বকের যুদ্ধে শাখনৈত্য বধ। তব যজ্ঞ সাঙ্গ যবে হৈল নরপতি। হেথা হতে আমিত' গেলাম দারাবতী ॥ দেখিলাম দারকা যে লণ্ডভণ্ড প্রায়। বেদধ্বনি উচ্চারিল সবে সূক্ষ্ম তায়॥ পুষ্পোদ্যানে তরুগণ লণ্ডভণ্ড দেখি। জানিলাম জিজ্ঞাসিয়া সাত্যকিরে ডাকি॥ সকল কহিল তবে হৃদিকানন্দ। আদ্যোপান্ত যতেক শাল্বের বিবরণ ॥ শুনিয়া হৃদয়ে তাপ হইল অপার। ঘরে প্রবেশিতে চিত্ত নহিল আমার॥ কামপাল কামদের বাছক প্রভৃতি। ভাকিলাম সবারে রাখিতে দ্বারাবতী॥ হইলাম কিছু দৈন্য লইয়া বাহির। শাল্ম সহ যুদ্ধে যাই সিন্ধুনদ তীর॥ তথা শুনিলাম শাল্ল আছে সিন্ধুমাঝে। হইলাম সিন্ধুমাঝে প্রবিষ্ট সে সাজে ॥ প্রাঞ্চন্ত্র শন্ত্র শন্ত শুনিয়া আমার। হাসিয়া ভাকিয়া বলে শাল্প তুরাচার॥ তোমারে দেখিতে গেন্থ দারকা নগরে। না দেখিকু তোমারে আইকু নিজ ঘরে॥ ভাগ্য মোর আপনি আইলা মম পুরে। পাঠাইব এথনি তোমারে যমঘরে॥ এত বলি এড়িলেক লক্ষ লক্ষ বাণ। ানা চক্র শেল শূল অন্ত থরসান। আমি সব কাটিলাম চোখা চোখা শরে। ময়োয় উঠিল শাল্ব আকাশ উপরে॥ আকাশে উঠিয়া শাল্প বহু মায়া কৈল। দিবা রাত্রি নাহি জ্ঞান **অন্ধকার হৈ**ল ॥ কোটি কোটি বাণ খে এড়িল হুস্টমতি। না দেখি রথের ঘোড়া রখের সার্থি॥

শৈল হুগ্ৰীবাদি অশ্ব হইল অচল। ডাকিল দারুক মোরে হইয়া বিহ্বল॥ শক্তিহীন সর্বাঙ্গে বহিছে রক্তধার i চিন্তান্তর হয় ছুঃখ দেখিয়া তাহার॥ হেনকালে দ্বারক। নিবাদী একজন। সন্মুখে আসিয়া বলে করিয়া ক্রন্দন 🛚 কিবা কর বাহুদেব চল শীঘ্রগতি। ক্ষণমাত্র রহিলে মজিবে দ্বারাবর্তী। শাল্প রাজা আদিয়াছে ভারকানগরে। যুদ্ধ করি মারিলেক তোমার বাপেরে শীত্র করি উগ্রসেন দিল পাঠাইয়া। মজিল দারকাপুর রক্ষা কর গিয়া ii এত শুনি চিত্তে বড় হইল বিশ্বয়। **পিতৃশোকে তাপ বড় জন্মিল হৃ**দয় ॥ বলভদ্র প্রহ্যন্ন সাত্যকি আদি করি : মহাবীরগণ দব রক্ষা করে পুরী॥ এ সব থাকিতে বাস্থদেবেরে মারিল। সবাই মরিল হেন সত্য জানা গেল। এ তিন থাকিতে যদি দেবরাজ আসে না হয় তাঁহার শক্তি দারকা প্রবেশে ॥ মাধাতে সকলি হেন জানিলাম মনে। করিলাম পুনঃ বুদ্ধারম্ভ শাল্প সনে॥ আচন্বিতে দেখি শাল্প সৌভপুরী হৈতে : কেশপাশযুক্ত পিতা পড়িল ভূমিতে। চত্দিকে দৈত্যগণ কর্য়ে প্রহার। দেখিয়া আমরা সব করি হাহাকার 🛭 দেখিয়া এ সব ক্রিয়া ব্যাকুল হইয়া। জ্ঞানচকে চাহিলাম বিশ্বয় মানিয়।॥ শেষে জানা গেল সব অহ্বরের মায়া। না জানি কোথায় শাল্ত আছে লুকাইয়া 🛚 তবে কতক্ষণে শব্দ শুনি আচন্বিতে। মার মার বলিয়া ডাকয়ে পূর্ব্বভিতে॥ এডিলাম শব্দ অনুসারে শব্দভেদি। যতেক মায়াবী দৈত্য ফেলিলাম ছেলি॥ খণ্ড খণ্ড হইয়া পড়িল সিন্ধুজলে। কুষ্কীর মকর দৈত্য ধরি সব গিলে॥

নিশঃক হইল সব পড়িল দানব। বার কভক্ষণে শুনি দশদিকে রব॥ ক বিলাম গান্ধর্বে যে অন্ত নিক্ষেপণ। মায়। দুর হৈল শাল্প দিল দরশন॥ সৈন্য হত দেখিয়া দৈত্যের অধিপতি। ্দ প্রাগ্জ্যোতিষপুরে গেল শীস্ত্রগতি॥ তুল্ল হৈতে বহু দৈন্য লইয়া আইল। স্করার করি দৈত্য পর্ববত বর্ষিল॥ অনেক প্রকারে তাহা নারি নিবারিতে। ক্তিয়া বিশ্বয় হৈল আমার মনেতে॥ ্বিল আমার রথ পর্বত চাপনে। হাত্রকার আকা**শে কর্**যে দেবগণে॥ ক্রান্ত্রেনা দেখিয়া ব্যাকুল দেবগণ। হার কত মিত্রগণ করম্যে রোদন॥ াজৰ প্ৰদাদে পুনঃ পাই পরিত্রাণ। স্ট অস্ত্রে খণ্ড খণ্ড **হইল পাশা**ণ॥ প্রবৃত্ত ক্রাটিয়া **আমি হলেম বাহির**। চলদপ্টল হৈতে যেমন মিছির॥ ্ন শাল্প নানা অস্ত্র করে বরিষণ ্যাড়হাতে দারুক করিল নিবেদন॥ মায়োর প্তলি **এই অঞ্র তুরস্ত**। প্রদান গড়িয়া অস্তবে কর **অন্ত**॥ সৌভপুরি শাল্পের থাকিবে য**ুক্ষণ**। েংজণে নহিবেক তাহার নিধন ॥ ক্রপন প্রভিয়া কাট**হ দৌভপুর** । াৰ ৩ নিধন হবে মায়াবী অজ্র॥ 🗉 🕬 শুনিয়া ত্যাগ করিলাম চক্র । া া লৈতা হয় ব্যস্ত সচকিত শক্ত ॥ ি সংশ উঠিল চক্র সূর্য্যের সমান। শৃতপুরা কা**টি**য়া করিল খান খান॥ ্নরপি স্থদর্শন বাহুড়ি আইল। িটেরে কাটিতে পুনঃ প্রস্কুজ। হইল॥ িলয়। উঠিল চক্র গগনমণ্ডলে। প্রলয়ের কালে যেন শত সূর্য্য **ত্বলে**॥ ^{ক্ষি} গ্রাম্বর সব হইল অজ্ঞান। ^{বাবা}নৈত্য কাটিয়া করিল খান খান॥

रम्भवर ।

এই হেতু আদিতে না পাইসু তথন। আপনার মৃত্যুপথ কৈল তুর্য্যোধন ॥ ভূমি সভ্যবাদী সভ্য করিবে পালন। সেই বলে তুর্য্যোধন ত্যজিবে জীবন ॥ ত্রয়োদশ বৎসরান্তে হইবে সংহার। ইন্দ্র আদি সথা হ'লে রক্ষা নাহি তার॥ শুন ধর্ম মহীপাল আমার বচন। গ্ৰ**হদোষ হৈ**তে তুঃখ পায় <mark>দাধুজন</mark>॥ অবনীতে ছিল পূর্নেব শ্রীবৎস নুপতি। শনিকোপে ছুঃখ তিনি পাইলেন অতি॥ চিন্তাদেবী তার ভাষ্যা লক্ষ্মী অংশে জন্ম। পৃথিবীতে খ্যাত আছে তাহাদের কর্ম্ম॥ দ্রৌপদীর কিবা ছঃখ শুন নরবর। ইহা হৈতে চিন্তা তুঃখ পাইল বিস্তর॥ দৈবেতে এ সব হয় শুন মহীপাল। আপন অৰ্জ্জিত কৰ্ম ভুঞ্জে চিরকাল॥ এত হুঃখ পাও রাজ। দৈবের বিপার্কে। ঈশ্বরের নিন্দ নাহি, নিন্দ আপনাকে॥ মূল কৰ্ম ফলাফল ভোগায় তাহাতে। কম্ম অনুসারে জীব ব্যস্ত হয় থাতে॥ শুনিয়া ক্লফের কথা অতি মনোহর। কহিলেন যুধিষ্ঠির খোড় করি কর॥ বহু প্রভু জীবংস নূপতি কোন্ জন। কোথায় নিবাদ ভার কাহার নন্দন ॥ চিন্তাদেব। কার ক্যা ক্ছ নারায়ণ। ক্ষিত্রপে পাইল ছুঃম কহ বিবরণ॥ বহ কহ জগনাথ কি শুনি আনন্দ। মুগপদ্ম হৈতে ক্ষেত্র ব্যক্ত মকরন্দ ॥ বনপ্ৰবি ব্যাস্থায়ি কবিলা প্ৰকাশ। ভাষায় বচিল তাভা আশীরাম দাস॥

८.५२२ तार.च **डेशशाम**ः

শ্রীকৃষ্ণ বলেন রাজা কর্মই প্রবণ।
শ্রীবংস রাজার কথা অপূর্বর কথন।
চিত্ররথ পূর্বের ছিল পৃথিবার পতি।
তংপরে শ্রীবংস হয় তাহার সন্ততি॥

একছত্ত ধরিণী শাসিল নরপতি। রতিপতি দম রূপে জ্ঞানে রহস্পতি॥ সদাগর। পৃথিবী শাদিল বাহুবলে। সকল করিল রাজা নিজ করতলে।। রাজসূয় অশ্বমেধ করে শত শত। দানেতে দারিদ্রগণে তোমে জবিরত॥ অপ্রমিত গুণ তার বর্ণন না বায়। ধার্ম্মিক তাঁহার তুল্য না দেখি কোথায়॥ যে যাহা প্রার্থনা করে তাহা দেয় তারে : দেহরক্ষা হেতু প্রাণ নাহি দেন কারে॥ চিত্রদেন রাজকন্যা ভাঁহার মহিধী। চন্তা নামে পতিব্রতা পর্য **রূপ**দী ॥ শত শত চাব্ৰায়ণ কত মহাদান ৷ করিয়াছে কেবা হেন চিন্তার সমান॥ রাঙ্গা রাণী ধর্মা কর্মা যা করে যথন । ঈশ্বরে তার্পেণ সক্র হৈয়: শুদ্ধমন॥ শুন সে অপূর্ব্ব কথা প্রেয়র নন্দন। তৎপরে হৈল দেখ দৈবের ঘটন !! একদিন লক্ষ্মী আর শনি মহাশ্য। উভয়ের বাকাযুদ্ধ হৈল অতিশয়॥ লক্ষ্মী কহে আমি শ্রেষ্ঠা সকল দংদারে। ধর্গ **মর্ত্ত্য** পাতালেতে কে ছাড়ে সামারে॥ ্ৰুমনে বলিলে শনি হুমি শ্ৰেষ্ঠ জন: ্রিভুবন মধ্যে তোখা 👙 করে অচ্চন ॥ এইরূপে গুইজনে হৈল গকৌশল পণ করি তুইজন আইল ভূতল 🗈 নক্ষ্মী কছে শ্ৰীৰৎস নৃপতি বিচক্ষৰ ইহার মধ্যক তাবে হ'ক নেই জন ॥ গুর্যাপুত্র সিখ্যুকন্য। উভয়ে স্বরেত। রাজার পুরেতে আসি হৈল উপনীত।। শ্রীবৎস নুপতি যান প্রান করিবারে : তু**ইজন উপনীত** দেখিলেন খারে॥ দেখি ব্যস্ত ভূপতি দাণ্ডায় যোড়করে। কহিলেন প্রাণাম করিয়: মৃত্যুস্বরে॥ কি কারণে আগমন হয়েছে এ স্থানে : শনি কহিলেন কাৰ্য্য তব সন্নিধানে॥

আমা এ হুয়ের মধ্যে শ্রেষ্ঠ কোন জন বিচারিয়া কহ রাজা তুমি বিচক্ষণ ॥ শুনিয়া কহিল রাজা বিনয় বচনে ৷ কলা এলে বলিব যা লয় মম মনে ॥ এই বাক্য কহি দোঁহে করেন বিদায়: সান করি নিজালয়ে আসি নররায়॥ রাণীরে কহিল রাজা এই বিবরণ ! শুনিয়। হইল রাণী বিষধবদন ॥ অমরে অমরে দ্বন্দ্ব করি চুইজনে। মনুষ্য মধ্যস্থ মানি আদে কি কার্তে ॥ ভাল ত লক্ষ্য রাজা নহে এ সকল। ন। জানি কি হয় বুঝি মম কৰ্মাফল॥ রাজা বলে চিন্তাদেবি চিন্তা কর মিছা হইবে বখন যাহ। ঈশ্বরের ইচ্ছা। কাল বলবান দেবি জানিহ নিশ্চয়: কালপ্রাপ্ত হইলৈ নরের মৃত্যু হয়॥ এমত চিন্তায় গত দিবদ শর্বরী। কাশীরাম কছে সাধু পীয়ে কর্ণ ভরি॥

লীবংশ রাজার সভায় শনি ও সন্ধীর জাগুলন প্রভাতে উঠিয়া রাজা, লইয়া দকল প্রজ্ঞ মন্ত্রণা করেন এই সার। বচন না**হিক কবে**, অথচ বিচার হার, ইথে ভার ইফীদেবতার॥ এত বলি নরবরে, আজা দিল অনুচার আন ছুই দিবা সিংহাসন। এক স্বর্ণ বিনির্ম্মিত, এক রৌপ্যে বিরচ্চ তুইপার্শ্বে তুয়ের স্থাপন॥ আদনের নানা দাজ, **শাজাইল মহার**জ আপনি বসিয়া মধ্যস্থলে। কমলা শনির সাথে, আসিয়া বৈকুণ্ঠ হ'া বসিলেন আসন বিমলে॥ দম্মুখে দাণ্ডায়ে রাজা, বিধিমতে করি 🥞 . প্রকাশিয়া মহতা ভকতি। কৃতাঞ্জীল প্রণিপাতে, দাণ্ডাইল যোড়ংটি করিলেন বহুবিধ স্তুতি॥

বসিলা জলধি-সতা, হট্য আহলাদযুতা, স্বৰ্ণছত্ৰ সিংহাসনোপরে। ্ৰায় শলি সহাশয়, মানন বজতময রবি শশী গেন তম হরে।। নানা কথা আলাপনে, ল্লালন তিনজনে, রাজার পীয়ুষ বাক। শুনি। জাব তারাবার হেতু, = সার সাগর-সেতু, রচিলেন ব্যাস মহামুনি॥ কলারাম লাস কয়, তরিবারে ভবভয়, না হইবে জঠর যন্ত্রণা। ক্লেন্ম কর সার. জন্ম না হইবে আর, এই মম বচন রচনা ॥

শবহু বাজার বিচার ও **শনির কে**পে হুই সিহাসনে তবে বসি তুইজন। ভিত্তব্যন কথায় কথায় **সেইক্ষণ** ॥ বং রাজা এ ছুয়ের শ্রেষ্ঠ কোন্ জন। ক্রিয় হাসিয়া রাজা বলিল বচন॥ কণ্টন ছত্ত্ৰতে বিধি বুঝে লহ মনে। ং সংবাদ সাধারণ প্রধান দক্ষিণে।। শুন শান হইলেন কোপাসিত মন। র^{েন্ত} হ'য়ে শনি করিল গমন ॥ বজা কহিলেন তুক্ট করিল। আমার। ুলা হইয়া র'ব তোুগার আলয়॥ ধানীবাদ করি দেবী করিল। গ্রম। িলঃ হইয়া রাজা ভাবে মনে মন॥ জেপে জীবংদ রাজ্য বঞ্চিত কতদিন। িত্র অন্নেধণে শনি ভ্রমে অনুদিন। 🤏 রাজ যুধিষ্টির ধর্মা অবতার : ে তে কুগ্রহ ঘটে শ্রীবংস রাজার॥ ^{হ'।} করি সিংহাসনে বসি নরপতি। ্রুক্রলে শুন রাজা দৈবের তুর্গতি॥ 🦈 এক কৃষ্ণবর্ণ কুরুর আসিয়া। ^{(সই জল মকস্মাৎ থাইল চাটিয়া।।} ^{এই} ছিদ্ৰ দেখি শনি প্ৰবিষ্ট হইল। 📭 🗵 ক্রমে বৃদ্ধি হ্রাস করিতে লাগিল ॥ অকস্মাৎ পড়ে গৃহমন্দির প্রাচীর ৷ শত শত সঞ্চত্তা প্রন্দর মন্দির॥ অকস্মাৎ কোন স্থানে অন্নিদাহ হয়। দিবস র**জনী প্রা**র সব ব্যান্য ॥ বিনা মেঘে রক্তরপ্তি হয় চতুদিকে । অকস্থাৎ উন্মাপাত কালপেঁচ, ডাকে ॥ দিবদে প্রকাশে সব নক্ষত্রমণ্ডল। ধুমকেতু থসি পড়ে অতি অমঙ্গল।। শ্নি-কোপানলেতে পাউল নরবর। রাজ্য রক্ষ্য নাহি হয় উৎপাত বিস্তর ॥ গজ বাজা পদাতি মারিল লাগ লাক্ষ जाले उरम तस अकी नाहि शाम ७का॥ ভাকস্মাহ রুধনাত ভাঙ্গিতে লাগিল -দাবান্ত আমি যেন অৱশ্য দহিল। শ্রীবংগ্রের ক্রাজেন শ্রিন স্টান প্রমাদ । মুবক সুবভা হয় হার্থে বিশাদ ॥ বিপদ লাগ্যন গড়ি জীবংম নৃপতি জ্মিলেন রেপেন করিল মহাম্তি॥ রাজার নিকটে আন এত প্রভাগি রহ হল্পে ওলো হ'তে করতে লোদন ।। ্ক্থে; ব, দাইবু শার কোথা কার্রাইব । অন্তাহের নহাকক্ষে কেন্দ্রে বঁণচিব 🖟 জিল দিব, রাজি রাজা নগর জাঁময়া : ঘৰে সাৰ দেখিকেন সকল চাহিয়া ভাষ্টাত কাত্র রাজ ন বাঁচেল প্রাণে। বিল্লাপ করিয়া, রাণী প্রভিল এক্সানে ॥ প্রাক্ত বল্লে ক্রেন্ড প্রাথনের প্রায় । জনালে অবশ্য সূত্য সকলোর হয় 🛭 দক্ষ্য ক্ষের ভোন ক্রিড এলবি : উথে প্রিয়ে কেন বা বোদন কর আরু ॥ সম্পর: পৃথিধার পতি সেইজন । ভাহার এমন দশ: দৈবের প্রন্ন। দৈবে বাহা করে তাহা কে করে অন্যথা। ঈশ্বরের ইচ্ছ। হেন থেল করে রুথ। ॥ আসার একান্ত ভার তাঁহার উপর : আমি কি করিব চিন্তা কর্ম্ব। ঈশ্বর ॥

बीवरम हिस्तात वन गमन।

এইরূপে বিবেচনা করিয়া নুপতি। ত্রিপক্ষের পর তাঁর স্থির হৈল মতি॥ শনি ছঃখ দিলেন আমায় এইমতে। উপায় ইহার এক ভাবি জগন্নাথে ॥ **ठिखारम** वी कत्र कृत्रि किश्विः मश्वय । হীর। মুক্তা মণি স্বর্ণ যাহা মনে লয়।। প্রবাল প্রস্তর আর আছে যত যত। বন্তুমূল্য অল্ল ভার এমত রজত॥ সঞ্চয় করিয়া লও বিচিত্র বসন। অন্য বস্ত্র দিয়া সব কর আচ্ছাদন॥ শুনি রাণী কাঁথ। এক করিল তখন। কাঁথার ভিতরে রাখি বহুমূল্য ধন ॥ রাজা বলিলেন শুন আমার বচন। শনিদোষে মজিল সকল রাজ্যধন ॥ কেবল আছুয়ে মাত্র জীবন দোঁহার। এখন উপায় কিছু নাহি দেখি আর ॥ পিত্রালয়ে যাও তুমি রাখিতে জীবন। যথা তথা আমি কাল করিব ক্ষেপ্ট ॥ শনিত্যাগ যদি হয় কখন আমার। তব সহ মিলন হইবে পুনর্বার॥ এত শুনি চিস্তাদেবী লাগিল কহিতে। ন। যাব বাপের বাড়ী রহিব সহিতে॥ পিতৃগৃহে যাইবার সময় এ নয়। হাসিবেক শক্তগণ সে দুঃখ না স্য ॥ **ত্রঃথের সম**য় তব থাকিব সংহতি। যা হবে তোমার গতি আমার সে গতি॥ তব দক্ষে থাকিয়া দেবিব তব পদ। আমি সঙ্গে থাকিলে না ঘটিবে আপদ।। সৃহিণী থাকিলে দঙ্গে গৃহস্থ বলয়। উভয়ে যে স্থানে থাকে তথা স্থুখ পায়॥ শনির দোষেতে তৃমি আমারে ছাড়িবে। চিন্তারে সমর্পি চিন্তা ত্রঃথ ত পাইবে।। 🗢 নিয়া শ্বাণীর কথা নৃপতি হুঃখিত। আখাদ করিয়া এই করিল নিশ্চিত ॥

😎ন ধর্ম অবতার অদ্ভুত বচন ! 🔊 বৎদ শনির দোধে করিল যেমন ॥ অর্দ্ধ রাত্র সময়ে উঠিয়া নরপতি। রাণীকে করিয়া সঙ্গে যান শীঘ্রগতি॥ এইকালে লক্ষ্মীদেবী আসিয়া তথায়। সদয় হইয়া বাক্য বলিলা রাজায়॥ যথায় থাকিবা তথা করিব গমন : কায়ার সহিত ছায়া মিলন যেমন 🛭 কিছুকাল ত্বঃখ তুমি গ্রহেতে পাইবে পুনর্বার নিজ রাজ্যে ঈশ্বর হইবে ॥ এক্ষণে বিদায় রাজা হইলাম আমি। শুভক্ষণে বনপথে হও অগ্রগামী !! অতিশয় ঘোর রাত্রে যান নররায় রমণী দহিত কাঁথা করিয়া মাথায় 🛭 গৃহের বাহিরে কভু না যায় যে জন সেই চিন্তা পদত্রজে করিল গমন॥ কন্টক অম্বর কত ফুটে তাঁর পায় : অতি ক্লেশে পতি সহ দ্রুতগতি যায়। সঘনে নির্জ্জন বনে প্রবেশ করিল। তার মধ্যে মায়ানদী দেখিতে পাইল ॥ অকুল সমুদ্র প্রায় নাছি পারাবার। ভূপতি করেন চিন্ত। কিসে হৈব পার॥ নদীর কুলেতে বসি কান্দে সুইজন। হায় বিধি মম ভাগ্যে এই কি লিখন 🗈 কর্ণধাররূপে শনি আসিয়। তথন । ভগ্ন নৌকা ল'য়ে ঘাটে দিল দরশন 🛚 : মব্দ মব্দ বহে তরি চলে বা না চলে। নৌকা দেখি নরপতি কাণ্ডারীকে বলে ৷ ত্বরা করি পার করি দাও হে কাণ্ডারী! বিলম্ব না সহে ছঃখ সহিতে না পারি ॥ নাবিক আসিয়া কহে তুমি কোন্ জন। রমণী সহিত রাত্রে কোথায় গমন॥ কার নারী হরণ করিয়া নিয়া যাও। পরিচয় দেহ অগ্রে কুলেতে দাঁড়াও॥ রাক্তা বলে শুনিয়াছ শ্রীবংস নৃপতি। দেই আমি এই মম নারী চিস্তা দতী॥

ध्यादात कृतिन इस रिनर्दत चिट्टन। নার সঙ্গে করি তাই আসিয়াছি বনে॥ 🤫 ন শনি কহিলেন বুঝেছি বিস্তর। ে তাল বেতাল সিদ্ধ আছিল তোমার॥ ভাৱা সবে কোথা গেল বিপত্তি সময়। ্লাথা গেল মন্ত্ৰীবৰ্গ ক**হ মহাশ**য়॥ হ্রজ্ঞা বলে ভাই বন্ধু যত পরিবার। বিপ্রতি সময় **সঙ্গী নহে কেহ কার**॥ ক্রদার সংসার এই মায়ামদে মজে। দ্রুল করয়ে নদ্ট ধর্ম্মপথ ত্য**েজ** ॥ মার আমার বলে কেছ কার' নয়। ্ৰস্ত মাত্ৰ কম্ম পিতা শাস্ত্ৰে এই কয়॥ 🖅 নার রকা **হেতু যদি রাথে ধর্ম।** অপেনার নাশ **(হতু করয়ে কুকর্ম**॥ গ্রমার সর্ববদা হয় ধর্মেতে বাসনা। ্রায়মনোবাক্যে এই করি হে কামনা। ভনি শনি হাসি কহিলেন পুনর্বার। গাঁত জীগতির নৌকা দেখহ আমার॥ সুইছন হৈলে যেতে পারে পরপারে। িনজন ভগ্ন তরি পারে কি না পারে॥ অপনি সুবুদ্ধি বট দেখ **বর্ত্ত**মান। িবেচন) করিয়া কর**হ অসুমান** ॥ শধারে লইয়া অত্রে পার হও তুমি। িন্তি যদি লও তবে কুঁাথা রাখ স্থুমি॥ ত্রিয়া নাবিক বাক্য করেন বিচার। ^{কাপ্ত} পার করি **অগ্রে শেষে হৈব পার**॥ ^{ব'ছ} রাণী তুইজনে ধরিয়া কাঁথায়। ^{বতনে} তুলিয়া দেন শনির নৌকায়॥ ক'থা ন'য়ে সূৰ্য্যপুত্ৰ বাহিয়া চলিল। ^{্বিতে} দেখিতে মায়ানদী **শুকাইল**॥ ^{ট্রাবহ}দ নৃপতি থেদে করে হায় হায়। ্ৰ শকল দেখিলাম ভোজবাজী প্ৰায়॥ ব্বিনাম এ সকল শনির চাতুরী। भेष कित्र मर्क्त धन कित्रत्नक हुति॥ েবিবলৈ সাক্ষাতে রাণী বঞ্চনা শনির। ^{5कल} रुपय कांत्र नाहि इत्र वित्र ॥

বহু কন্টে গমন করিয়া ছুইজুন। প্রবেশ করেন গিয়া চিত্রধ্বজ বন 🏻 হেনকালে সেই স্থানে হইল প্রভাত। পূর্ব্বদিকে উদয় হইলা দীননাথ। ক্ষধার্ত্ত ভৃষ্ণার্ত্ত দৌহে কাতর হৃদয়। রম্যস্থান দেখি রাণী নৃপতিরে কয়॥ চলিতে না পারি প্রভু করি নিবেদন। বিশ্রাম করহ এই স্থানে কিছুক্ষণ ॥ দিব্য জলে স্থলে নান। পুষ্প বিক্ষিত ! এই স্থানে স্নান কর আছ ত ক্ষুধিত॥ রমণী কাতরা দেখি ব্যথিত অন্তর। বন হৈতে ফল পুষ্প আনেন সম্বর॥ উভয়ে করিয়া স্নান ইম্টপূজা করি। কুড়াইয়া আনিলেন স্থপক বদরী॥ উভয়ে থাইল জল শ্রান্তি হ'ল দূর। গমন করিতে শক্তি হইল প্রচুর॥ নানা স্থান এড়াইল পর্বত কানন। নদ্নদা কত শত বন পৰ্য্যটন 🛚 তমাল পিয়াল শাল রক্ষ নানাজাতি। মল্লিকা মালভী বক চম্পক প্ৰভৃতি॥ বদরী থর্চজুর জয় পন্শ রদাল। নারিকেল গুবাক্ষ দাড়িম্ব সার তাল। জারুল পারুল বেল পিয়স্থ অগুরু। রক্তদার চন্দন তমাল দেবদারে॥ ইত্যাদি অনেক বুক্ষে নানা পঞ্চিগণ। ব্যাদ্রাদি হিংস্ত্রক কত করিছে ভ্রমণ।। মুগেন্দ্র গজেন্দ্র উষ্ট্র গণ্ডার কাদর। ঘোটক গোধিকা খর ভল্লক শৃকর॥ শত শত পশু দেখি বনের ভিতর বিকট দশন দেখি অভি ভয়ঙ্কর ॥ স্থুচর খেচর কত কে করে গণন। দেখিয়া চিক্তিত রাক্ষা অতি ঘোর বন ম মনে মনে বলে রক্ষা কর লক্ষ্মীপতি। সংসারের সার তুমি অগতির গতি॥ দ্যা কর দীননাথ করুণানিদান। সমূহ সঙ্কটে প্রভু কর পরিত্রাণ।

তোমা বিনা রক্ষা করে নাহি হেন জন। আমার ভরস। মাত্র প্রভুর চরণ॥ शाविक शालान शिविधावी श्राधव । ত্রাণ কর এই বার হয়েছি কাতর॥ এইরূপ বলি রাজা স্থারি চক্রপাণি। ছ্কেম্মাৎ তথা এই হৈল দৈববাণী॥ যতদিন নুপ তুমি থাকিবে কাননে। থাকিব তোমার সঙ্গে রক্ষার কারণে॥ শুনিয়া আনন্দ বড় হইল রাজার। বন মধ্যে ভ্রমে সদা নির্ভয় আকার॥ একদিন বনসধ্যে করে দরশন নংস্থাতী ধীবর আসিছে কতজন॥ পাবর দেখিয়া মৎস্ত করেন যাচন। কিছু মংস্থ দেহ আজি করিব ভোজন॥ জেলে বলে কুক্ষণে ল'য়েছি জাল করে। किছुই ना পाইलाम फिरत गाँर चरत ॥ রা**জা** বলে শুন সবে আমার বচন। পুনর্ববার ফেল জাল পাইবে এখন॥ ভাল বেতালের স্তুতি করেন <u>শ্রী</u>বৎস_া শকলে ফেলিয়া জাল পায় বহু মংস্থা॥ চতুর পাবর জাল করিয়া বিস্তার। পুনর্ববার ফেলে জাল করিয়া স্বীকার॥ পাইয়া অনেক মীন কৈবর্তের গণ। জানিল সাধক বটে এই তুইজন॥ শালরে শলুক মংস্থা দিল নুপতিরে। মংস্থ্য পেয়ে নৃপবর কহিল রাণীরে॥ লুধার্ত্ত হয়েছি রাণী কাতর জী**বন**। নংস্থা পোড়াইয়া দেহ করিব ভোজন ॥ শুনিয়া কহেন রাণী যে আজ্ঞা তোমার। সীন পোড়া থেলে হয় শনি প্রতাকার॥ ইতিমধ্যে যুধিষ্ঠির করহ শ্রবণ। মায়া করি শনি মৎস্য করিল হরণ॥ रुतिय विवादन तांनी यनल कालिल। যতন পূর্বক সেই মংস্থ পোড়াইল॥ মীনদগ্ধ করি চিন্ত। চিন্তিলেন মনে। সংস্তপোড়া রাজহন্তে দিব বা কেমনে॥

ক্ষীর ছানা নবনীত যে করে ভোজন। বনে আদি মীনদগ্ধ খাবে সেইজন ॥ কিরূপেতে এই ছাই থেতে দিব ভাঁরে শতেক ব্যঞ্জন হয় যাঁহার আহারে॥ এতেক চিন্তিয়া চিন্তা মীন ল'য়ে করে ধুইয়া আনিব বলি গেল সরোবরে॥ জলেতে ধুইতে পোড়া মৎস্থ পলাইল ইহা দেখি চিন্তাদেবী কান্দিতে লাগিল ॥ হাহাকার করি রাণী কান্দে বিনাইয় কি বলিবে মহারাজ এ কথা শুনিয়া 🖟 কে দেখেছে কে শুনেছে পোড। মৎস্য বাড়ে কি হইবে মম ভাগ্যে না জানি কি আছে 🛚 শুনিয়া বিশ্বাস নাহি ক্রিবে ভূপতি একে ত ক্ষুধাৰ্ত্ত রাজ। হবে ক্রুদ্ধ অভি বলিবেক তুমি মংস্ত করেছ ভক্ষণ : পূলাইল বলিয়া করহ প্রতারণ॥ হায় বিধি এত জুঃখ ঘটালে আমায় : এখনো রয়েছে প্রাণ নাহি কেন যায়: শুনিয়া হাসিয়া রাজা রাণীকে কহিল এ বড় আশ্চৰ্য্য কথা শুনিতে হইল 🛭

বীবেংবের প্রতি শনির জভারে<u>দ</u>শা অন্তর্নকে থাকি শনি, কহিল আকণেবলা শুন শুন জ্রীবৎস নৃপতি। • আমি ছোট লক্ষ্মী বড়, তুমি কহিয়াছ 🙉 তার শাস্তি করিব সম্প্রতি॥ সম্পত্তিতে করিগর্কা, আমারে দেখিলে এক. **মামি তব কি করিতে পারি**ঃ বেইলঙ্কা দিলে মোরে,সে কথা কহিবক রে. শুন ছুফ্টমতি মন্দকারী। পণ্ডিত ধান্মিক জ্ঞানে, আইলাম তব স্থান তুমি ত করিবে স্থবিচার। মম গুণ পরিহার, কপট চাতুরি করি, তুমি তুঃখ দিয়াছ অপার॥ কি ক'ব ছঃখের কথা, স্মারণে মরণ ব্যথা রহিবেক হৃদয়ে আমার।

ভ্রাদনকরিয়া শ্রেষ্ঠ, **লক্ষ্মীরে করিলে জ্যেষ্ঠ**, এবে লক্ষ্মী কোণায় তোমার॥ ক্রিয়াছি রাজ্য নাশ, অপর অরণ্যে বাস, ্শেষে এই স্ত্রী ভেদ করিব : শুন্রজাবলি তোরে, তবেত চিনিবে মোরে, নহে মিথ্যা যে কথা বলিব॥ ধরিয়া বিবিধ সাজ. শ্র শুরু মহারাজ, ্দব দৈত্য নাগ আদি গণে। হুবন্য সর্ববভ্রগামী, সর্বব্যটে থাকি আমি, অতিশয় পূজ্য ত্রিভূবনে ॥ 🥶 🚁 ঐবংস্থা নৃপ, ত্রেতাযুগে রামরূপ, হইলেন প্রভু অবতার : একতক্ষ চারি অংশে, জন্মিলা ইক্ষাকুবংশে, রাজা দশরথের কুমার॥ দেন তাঁরে রাজভোর, ধশরথ ধশাচার, অমি তাঁরে পাঠাই কানন। হতুত প্ৰকাণ সাথে, প্রবেশে গহন পথে, জটাবল্ম করিয়া ধারণ। মালকা দীতাসতী, পতি অনুগতা অতি, ন্দ্ৰ হে হুৰ্গতি যত তার। ব্যাস প্রতির সহ্ ভুঞ্জিবারে পাপগ্রহ, বনে গেল দ্বীনের আকার॥ ক্তিত ভানন পথে, । বঞ্জিয়া স্বাহার দাথে, পরে তারে হরে দশানন। া এন স্বামী ছাড়ি, াগলেন রাবণ বাড়া, বাদ হৈল অশোক কানুন।। ত হ'বছু বলি শুন, দেবদেব পঞ্চনন, মত কল্য। অন্ধ্র অঙ্গু গাঁর। ি ''টে কভিনাস, দক্ষয়তা করি নাশ, ছাগমুণ্ড দক্ষের আকার॥ 🥶 নহত্যাগ করে, জিন্মা হিমালয় খরে, দৰ্বহৈতু মম মায়াজাল : ^{আমারে} হেলন করি, ইন্দ্র স্বর্গ পরিহরি, ় ভগাঙ্গ রহিল কত কাল॥ ৰম সহ ঝদ করি, বৈকুণ্ঠনিবাস: হরি, কীটরূপ ধারণ করিল :

ঘুচিল বৈকুণ্ঠ লীলা, গণ্ডকী পৰ্বতে শিলা, দেবমানে বহুকাল ছিল্॥ বলি দৈত্য অধিপতি, স্বৰ্গ রদাতল ক্ষিতি, ত্রিভুবন করে অধিকার। হেলন করিল মোরে, পাতালে লইয়া তারে, রাখিলাম বন্ধ কারাগার॥ স্বৰ্গ মৰ্ত্ত্য রসাতল, সর্বতি আমার বল, দবে করে আমারে পূজন। তব কাছে অল আমি, তুমি পৃথিবীর স্বামী, লক্ষ্মী তব দেখিব কেম্মন।। श्रेल काननभाशी. এত কহি গ্ৰহম্বাসী, স্বথবং শুনিয়। রাজন। চিতিন ুবিলা সমা, শনির এতেক কশ্ম, হৈল রাজা নিরানন্দ মন ॥ অরণ্যপর্বের কথা, অতি স্থথ মোক্ষদতা, চলিলেন মহামুনি ব্যাস : রচিল পাঁচালাছকে, সান্ধ অবেশনেনে, ক্ষ্ণাসামুজ কাশীলাস॥

ব্যক্ত তালির করোপকলন

শুনিয়া আকাশবাণী শনির ভারতী। কাতরে বলিল রাজা চিত্তাদেবী প্রতি। নতেক কহিল শনি প্রত্যক্ষ হইল। রাজ্যনাশ বনবাস সর্বনাশ কৈল। সামার কুদিন হৈল বিধির ঘটন। নহে কেন দ্বন্দ্ব করি আসিতে গুজন।। ভাবিয়া চিন্তিয়া ্র বি কি হইবে আর। নিজ কর্মাজ্যিত পাপ 🚓 ভঞ্জিবার ॥ কারণ করণ কর্ত্তা কেব গদাধর। আমার একান্ত এর তাহার উপর॥ পর্য়ে বিচলিত মন নহিবে আমার। নিজ কন্মে দুখে পাই দে। কি তাঁহার। চিন্তাযুক্ত হ'য়ে ভ্ৰাজা বঞ্চেন কানন। ফল মূল আহারেতে করেন যাপন। ধর্ম চিন্তঃ করে রাজা স্মারে বিধাতায়। এইরূপ পঞ্বর্ষ নানা ছঃখ পায় ॥

জীবংস রাশার কাঠুরিয়া শাশয়ে ন্টিভি। শুন শুন ধর্ম্মরাজ অপূর্বর কথন। কাননে বঞ্চেন চিন্তা শ্রীবৎস রাজন॥ পূৰ্ব্বমত ফল মূল তথায় না পান। কানন ত্যজিয়। রাজা নগরেতে যান॥ নগর উত্তর ভাগ যথার বদতি। তথায় বদতি মম না হয় সন্মতি॥ ত্বংখী হ'য়ে ধনাড্যের নিকটে না যাবে। দরিদ্রে দেখিয়া সবে অবজ্ঞা করিবে॥ নগর দক্ষিণ ভাগে প্রবেশিল রায়। শত শত ঘর তথা কাঠুরিয়া রয়॥ রাজা রাণী তথায় হইয়। উপনীত। দেখিয়া সম্রুমে তারা জিজ্ঞাদে ত্বরিত॥ কহ তুমি কেবা হও কোথায় বসতি। কি কারণে আসিয়াছ কহ শীঘ্রগতি॥ 🗢 নিয়া সবার বাক্য কছে নৃপবর। মম দম ছঃখা নাই পৃথিবী ভিতর ॥ বহু হু:থ পেয়ে আমি আইমু হেথায়। ভোমরা করিলে কুপা তবে ছুঃখ যায়॥ আশ্বাস করিয়া ভারা কৈল অঙ্গীকার। করিব তোমার হিত প্রতিজ্ঞ। সবার॥ মোরা কাঠুরিয়া জাতি কাষ্ঠ বেচি কিনি। নিত্য আনি নিত্য থাই তুঃধ নাহি জানি॥ সঙ্গে থেকে কাষ্ঠ বেচি প্রত্যন্থ আনিবে। এ কর্মে নিযুক্ত হৈলে ছুঃখ নাহি রবে॥ শুনি আনন্দিত হৈল শ্রীবংস রাজন। ভাল ভাল এই কন্ম করিব এখন।। ছেন মতে কাঠুরিয়া ঘরে ছুই জন। র**হিলা** গোপনে রাজা নিরানক মন ॥ কাঠুরিয়াগণ ভার্য্যা যতেক আছিল। চিন্তার সৌজ্ঞতো তারা সবে বশ হৈল। নানা ধর্ম নানা কর্মা করান শ্রবণ। শুনিয়া সম্ভাষ্ট হৈল স্বাকার মন॥ প্রভাতে কাঠরেগণ চলিল কাননে। রাজাকে ডাকিল সবে চল গাই বনে॥

😎 নিয়া চলিল রাজা স্বার সংহতি। ঘোর বনে প্রবেশ করিলা শীত্রগতি কাঠুরিয়াগণ কাষ্ঠ ভাঙ্গিল অনেক ৷ বড় বড় বোঝা সবে বান্ধিল যতেক ॥ ফল মূল পত্ৰ পুষ্প মিল সৰ্ববন্ধন। আমি কি লইব চিত্তে চিন্তিল রাজন 🖟 নিশ্দিত না হয় কৰ্ম্ম ক্লেশ না সহিব : অথচ আপন কর্ম্ম প্রকারে সাধিব ॥ চিনিয়া লইয়া রাজা চন্দনের সার : কাঠরিয়া সঙ্গে সঙ্গে চলিল বাজার ॥ বাজারে ফেলিল বোঝা কাঠুরিয়া কুল গৃহীলোক আসিয়া করিয়া নিল মূল ॥ কেহ পায় চারি পণ কেহ আট পণ কেহ বা বেচিয়া কেনে খাত্য প্রয়োজন ৷ চন্দ্রের কাষ্ঠ লৈয়া এবংস রাজন। বেচিবারে যান পরে বণিক-সদন। দিব্য চন্দ্রনের সার পেয়ে সদাগর। উচিত করিয়া মূল্য দিলেন সত্বর li তঙ্কা তুই চারি রাজা বেচিয়া পাইল: অপূৰ্ব্ব বিচিত্ৰ দ্ৰব্য কিমিয়া লইল ॥ ন্মত তৈল চাল ডাল লবণ সৈন্ধব। া মদলা মিষ্টান্ন দধি কিনিলেক দব॥ শাক আদি তরকারী যতেক পাইল। ভাল মৎস্থ মাংস রায় কিনিয়া লইল : কিনিয়া অশেষ দ্রব্য নিয়া নরপতি : গুহেতে আনিয়া দিল যথা চিস্তাসতী 🛚 রাণী প্রতি কহিলেন বিনয় বচন। কাঠুরিয়াগণ বন্ধু কর নিমন্ত্রণ ॥ শুনিয়া সম্ভক্ত হৈল চিন্তা মহারাণী। উত্তম করিয়া পাক করিল তথনি 🖪 স্নানাদি করিয়া রাজা আইল সম্বর দেখিল সকল পাক হয়েছে ফুন্দর : রাণী বলিলেন সবে ডাকহ রাজন সকল রন্ধন **হৈল** করাব ভোজন ৷ এত শুনি নরপতি ডাকি স্বাকারে। আনন্দিত হইয়া আইল ভুঞ্জিবারে॥

🚅 হইয়া যত কাঠুরিয়াগণ। ভাৰতে বসিল সব অতি হৃষ্টমন॥ রাণী অন্ন আনি দিল, বাঁটেন রাজন। _{ক্রমে} ক্রমে পরশিল ভুঞ্জে **সর্ববন্ধ**ন॥ ফুদ্দেষ অন্ন পাক খেয়ে সর্ববজন। ৰন্য শ্ৰন্য হৈল ধ্বনি কাঠুরে ভবন॥ _{শৈক্ষা} পুরস্কারে সবে বিদায় করিয়া। ৯×চাতে ভুঞ্জিল রাজা সফীমন হৈয়া ॥ েইরূপে কতদিন বঞ্চিল তথায় : ুত্রুদিন শুন যুধিষ্ঠির মহাশয় ॥ 👼 প্রিক্ত করিতে এক সদাগর যায়। ্বীভিডাইয়া ভরি **সাধু রহিল তথায়**॥ 🜬 কম্মুং তার ডিঙ্গা চড়াতে লাগিল। 🖢 🚈 গ্রায় করি কান্দে কি হৈল कি হৈল ॥ ভিন্নতালে **শুন রাজা দৈবের ঘটন**। ক্লিংক হইয়। শনি আইল তথন ॥ েও লাঠি পুথি কাঁথে গ্রহাচার্য্য হৈয়া। স'ধ্রে মঙ্গল কথা কহিল আদিয়া॥ শুন মহারাজ তুমি স্থির কর মন। ি নার তর্ণী বন্ধ **হই**ল যে কারণ ॥ িব নারা নবপ্রা**হ কারেন অর্চ্চন**া ্তিবজ্ঞ করিয়া তুমি আইলে পাটন।। ^{নেই} হেতৃ তব তরী **হৈল হেনরূপ**। ^{কহিনু} গতেক কথা জানিয়া স্বরূপ॥ ^{মহাজন} ক**হে কথা করিয়া প্রণ**ক্তি। ^{ময়ত} মধিক **শুনি তোমার** ভারতী॥ বিক্ষিণ বলেন শুন আমার বচন। েরূপে ভোমার তরী চলিবে এখন॥ ^{এট} গ্রামবাদী কাচুরিয়া বত জন। নিমন্ত্রণ করি আন তার ভাষ্যাপণ॥ ^{সকলে} আসিয়া তারা ধরিবেক তরী। ^{ভার মধ্যে} পতিব্রতা আ**ছে এক নারী**॥ সেই মাসি যেই তব স্পর্শিবে তর্ণী। ^{কহিনু} সকল কথা ভাসিবে তখনি॥ ত্ৰ মানচ্দিত হৈল সেই মহাজন। এ কথ। কহিয়া শনি করিল গমন॥

পাইয়া উপায় সাধু চিন্তা করে মনে। পাইসু পরম ভত্ত দৈবের ঘটনে॥ কিশ্বরের তবে সাধু কহিল সন্তুরে। কাঠরিয়া জাতি সতী আনহ সাদরে॥ 🗢 নিয়া সাধুর আজ্ঞা কিঙ্কর চলিল। তবে স্ত্রতি করি সবাকারে আমন্ত্রিল। কতেক কাঠুরে ভার্য্যা নিমন্ত্রণ শুনি। হরিষ বিধানে তবে চলিল তথনি॥ যেখানে নদীর ঘাটে আটক তরণী। সেই স্থানে উত্তরিল যতেক রমণী॥ কমল। বিমলা গেল আর কলাবতী। কৌশল্যা রোহিণী চলে আর মালাবতী ॥ ্রেবতী কৈকেয়ী উমা রম্ভা তিলোভ্রমান হরপ্রিয়া চিত্রাবর্তী রাধাসতী স্থামশঃ চপলা চঞ্চলা ধায় চণ্ডালী কেশরী পদ্মাবতী অরুশ্বতী সাবিত্রী মঞ্জরী ুা একে একে তরী সবে পরশ করিল। জনে জনে মান নিয়া বিদায় হইল। কারে: হৈতে না হইল সাধু প্রয়োক্তন : বুঝিলাম মিথ্য। হৈল গণক বচন ॥ কত নারী এল না আইদে কওজন। কিন্ধরে জিজ্ঞাদে সাধু এ সব কারণ। নাবিক কহিল দবে আদিয়াছে 📆 এক নারা ন: আইল স্বামীর মান্যী। শুনি সাধু মনে কৈল সেই সাধনী তবে : সে আইলে মম তথ্য স্কাথা চলিবে

र्ताशक कड्क किया १८२।

তবে সাধু হর্ষযুক্ত গলে বস্ত্র দিয়। ।
যথং স্থানে চিন্তাদেবী উত্তরিল গিয়া ॥
কাতরা হইয়া অতি সাধু কহে বাণী।
আমারে করহ রক্ষা ওগো ঠাকুরাণী ॥
সাধুরে দেখিয়া চিন্তা কহিল তথন।
আমাকে যাইতে মানা করিল রাজন ॥
কি কহিবে মহারাজ আসিয়া ভবনে।
ভাবিয়া চিন্তিয়া রাণী দ্বির কৈল মনে ॥

কাতর শরণাগত থেই জন হয়। ভাহাকে করিলে রক্ষা ধর্মের সঞ্চয়। বেদে শান্তে মুনিমুপে শুনিয়াছি আমি। প্রাণ দিয়া রাখিবে শারণাগত প্রাণী ॥ ব। কহেন মহারাজ এ কর্মা শুনিয়া। কহিব সকল কথা চরণে ধরিয়া॥ এত ভাবি চিন্তাদেবা প্রকটিত হৈয়।। চলিলেন তবে রাণী ঈশ্বরে স্মরিয়া॥ উপনীত হৈল যথা সদাগর তরী : করযোড়ে ক**হে** দেবী প্রদক্ষিণ করি॥ বদি আমি সতী হই পতি অনুব্ৰত: : ভবে যেন ভাসে তরী ^কহিন্দু সর্ববথ:॥ এত বলি সেই তরা পরশ করিতে। ভাসিয়া ভলিল তরী দক্ষিণ মুখেতে॥ দেখি সদাগর হৈল হর্ষিত মন। জানিল সনুষ্য নহে এই নারী জন। বৰি মোর নোক। কভু আটক *হইবে*। ইহাকে লইলে সঙ্গে তথনি চলিবে॥ এত ভাবি নৌকাপরে লইল চিন্তারে : েখ যুধিষ্ঠির রাজা দৈবে কি না করে॥ শুনি ধন্ম নুপমণি কহে প্রভু প্রতি। অসূত অধিক শুনি ভোমার ভারতী। কহ কহ চিন্তার হইল কোন্ গতি। কিরূপে রহিল কোথা শ্রীবংস নৃপতি॥ এত শুনি কহিলেন যশোদাকুমার। শুন মহারাজ কহি বিশেষ ইহার ॥ মতি হুঃখে শোকাকুল কাতর অন্তরে। ঈশ্বরে চিন্তিয়া দেবী কা**ন্দে উ**চ্চৈঃস্বরে ॥ ্কন আমি আইলাম আপনা খাইয়া: কান্দিয়া আকুল চিন্তা এ কথা ভাবিয়া॥ নুয্যপানে চাহি দেবী যোড় করি হাত। বহু স্তব করে চিন্তা করি প্রণিপাত॥ ন্যা কর দীননাথ অথিলের পতি। মোর রূপ নিয়া দেব দাও কু-আরুতি : জরাযুত অঙ্গ প্রভু নেহ শীত্রগতি। এত বলি কান্দে রাণী লোটাইয়া ক্ষিতি॥ দেখি দেব ভাক্ষরের দয়া উপজিল।
ভয় নাই ভয় নাই বাণী নিঃদরিল।
চিন্তাদেবী রূপ দেব কর্মিলা হরণ।
গলিত ধবল মূর্ত্তি দিল ততক্ষণ।
এইরূপে নৌকায় রহিল চিন্তা দতা।
বাহিয়া চলিল সাধু মহা ছফ্টমতি।
হেথায় কানন হৈতে আসি নিজালয়।
শূন্য ঘর দেখি রাজা মানিল বিসায়॥
কান্দিয়া অন্থির রাজা না দেখি চিন্তায়
পড়সীরে জিজ্ঞাদেন কাতর ভাষায়॥

শ্রীবংস রাজার রোদন ও চিন্তার করেন কাতর ধ্রদয় অতি, **জ্রীবং**স নরপতি পড়সিরে জিজ্ঞাদেন কথ কহ সৰ সমাচার, কোথা চিন্তা সে খলেও না হেরিয়া পাই মনে ব্যথা 🛚 ্পড়দী কহিছে বা রাজার বচন শুনি, প্রহে ধার পণ্ডিত স্তর্জন। কহি শুন বিবরণ, এই ঘাটে একজন আইল ধনাচ্য মহাজন ॥ <mark>তাহার কর্মেতে ঘটে, তরণী</mark> আটক গ্রা বিধাতা ভাহারে বিভূমিল কহিলোন ধ্ৰঞ. মাসি সেই মহাজন, যত নারী সবারে ডাকিল। গৌরব করিয়া সাধু, লইয়া কাচ্টের 👯 ক্রমে ক্রমে তরণী ছোঁয়াল না ভাদিল দেই তরা, পুনঃ দাধুষয় ^{করি,} ্তামার চিন্তারে ল'য়ে গেল 🗉 বজুসম বাণী শুনি, মুচ্ছণিগত নৃপর্কি লোটায়ে পড়িল ভূমিতলে ক্ষণেক চেতন পায়, বলে রাজা হাড় ই^ছ কেন হেন ঈশ্বর করিলে॥ আমার কর্মের পাশ, রাজ্য ত্যজি ^{বর্কা} নারী দঙ্গে আইন্থ কাননে: সকল হরিল 🦈 ধন রত্ন যত আনি. অবশেষে ছিন্ম তুইপ্রাণে ॥

তুইজন তুই স্থান, ্রাহ'তে করিল আন, শনি ছঃখ দিল বহু মোরে। এই চিন্তা অনুক্ষণ, _{াবনালে} তাপিত **মন,** ভয়ে রক্ষ। কে করিবে তারে॥ <u>রহ চন্তি</u> নরপতি, শোকেতে কাতর **অতি** চলিল নদীর তটে তটে। ক্তেও বিল জনে জনে, স্থাবর জঙ্গমগণে, মনুষ্য যতেক দেখে খাটে॥ ্লাব্ধ কান্ন মাঝ্ - খুঁজিলেন মহারাজ, চিন্তার না পাইল উদ্দেশ। নদ নদী উপবনে. বৰ্তাৰেশ নামা **স্থানে**, ভ্রমিলেন পেয়ে বহু ক্লেশ। মহাকফৌ নুপবরে. জন হয়। অনাহারে, ্শ্য মাত্র ছিল প্রাণ তাঁর। দকলি দৈবেতে হয়, শুন স্থা মহাশ্যু দ্ব কৰ্ম্ম ইচ্ছা বিধাতার॥ ১৫ নল নাম বনে, রাজা গেল সেই**স্থানে** তথা ছিল স্থরভী আশ্রম। গণ্ডর বিচিত্র শোভা, স্থয়াত্তর মনোলোভা, তথ যেতে সভয় শমন ॥ নিন্দাতি প্ত পক্তাক্তানে লক লক, ভক্ষা ভোজা রহে এক স্থল। বিচিত্ত ভাগ বাপী, পুক্রিণী কত রূপী, হাহে শেভে কনক কমল : প্ৰিক কাৰন শোভা, নানাপুষ্প মনলোভা, নড়ঝতু শোভিত তথায়। • বিং কারে নাহি ভারে স্থাে সবে ঘর করে, নিঃশক্ষেতে র**হিল তথা**য়। াছ পুণবোন অভি,জানিয়া গেংমাৰ সভী, তথায় হইল উপনীত। ^{ক শ্রাম} দাদ গায়, বিক্**লে জনম** যায়, ভজ হরি ভবে নাহি ভীত॥

গুৱড়া আশ্যে রগোর স্থিতি। গুরুড়ি জিজ্ঞাস¦ কুরে তুমি কোন্ জন। ^{রগজ}়বলৈ শুন মাতা ময় নিবেদন॥ অবনীতে মহীপতি ছিলাম মা আমি। শ্রীবংস আমার নাম প্রাগদেশস্বামী॥ আনন্দেতে করিলাম প্রজা স্থপালন । কত দিনে শুন মাতা দৈবের ঘটন॥ বিচার করিত্ব আমি ধর্মাণাক্ত ধরি ৷ বিপরীত বুকি শনি হৈল সম অরি॥ রাজ্যেন সকল করিল শ্নি নাশ অপর চিন্তারে ল'য়ে আইকু বনবাদ ॥ বনবাসে মহাক্রেশে বঞ্চি ছুইজনে। চিন্তারে হরোকু থেমে বিপিন নির্ছ্জনে॥ স্তর্যান্ত এতেক শুনি কলে রাজা প্রতি। ভয় নাহি থাক রাজ। আমার কমতি॥ যতদিন গ্রহ মন্দ আছুয়ে তোমার। ততদিন মোর হেথা থাক গুণাধার॥ এখানে শনির ভয় না হয় রাজন। হেথা থাকি কর রাজা কালের হরণ।। পুনঃ বহুমতি পতি হবে নরবর 🖟 'চন্তাসতা পাবে কত দিবস অন্তর॥ এ বন ছাড়িয়া নাছি নাইবে কোণায় -একাধারে হুদ্ধ আমি ভুঞ্জাব ভোমায়। রাজা বলিবেন মাডিঃ যে আছল তেমার রহিলাম যভাদন তঃখ নহে পার॥ এরপে জীবংস রাজা রাহল নির্ভয় ৷ শুন্হ অপুনর কথা পর্ম্মের তন্য । মনোর্থ নন্দিনার যত ত্রশ্ন গায়! ত্বপারের ভয়েতে ধরণী ভিজে পায়॥ ছট হাতে মহারাজ ছট পাট ধরি। সেই তথ্যে মৃত্তিক ভিছায়ে কান। করি॥ চিন্তাসতী জাবংস নুপতি নাম ফার : দে তাল বেতাল দিদ্ধ নাসতে বিচারি॥ যুগাপাট যুক্ত করি গঠনে রাজন। এইরূপে কড পাই কররে রচন। ঈশ্বরের ধ্যান কবি কালের হরণ। সহত্র সহত্র পাট করিল গঠন॥ স্থানে স্থানে স্থাপাকার শতপত করি: এমতে বঙ্গেন রাজ। দিবস শর্বারী॥

কত দিনান্তরে শুন ধর্ম মহাশয়। পুনর্কার পড়িলেন শনির মায়ায়॥ সেই মহাজন যায় বাহিয়া তরণী। কৃলে থাকি দেখিলেন খ্রীবৎস আপনি॥ মহাজন প্রতি রাজা বলিল ডাকিয়া। শুন শুন সদাগর কুলেতে আসিয়া॥ নুপতির উচ্চরব শুনি মহাজন। শীঘ করি কুলে তরী লইল তখন ॥ রাজা কহিলেন পরে বিনয় বচন। 😎ন মহাজন তুমি মোর বিবরণ॥ বড় বংশে জন্মিলাম পূর্বন ভাগ্যবলে। এবার হইনু নন্ট নিজ কর্মাকলে॥ কারে কি বলিব আমি কি করিতে পারি। ঈশ্বরের ইচ্ছা যাহা খণ্ডাইতে নারি। ভূমি যদি দয়। করি এই কর্ম কর। ত্তবেত তরিব আমি বিপদ-সাগর॥ কতকগুলি স্বর্ণপাট করিয়াছি আমি। ভূলে যদি ল'য়ে যাও নৌকাপরে ভূমি॥ যে দেশে বাণিজ্যে তুমি করিছ পয়ান। সেই দেশে তব সঙ্গে করিব প্রস্থান॥ স্বৰ্পাট বেচি বদি পাই কিছু ধন। ভবেত বিপদে তরি এই নিবেদন॥ রাজার বিনয় বাক্য শুনি মহাজন। কিন্ধব্রের ভাজা করে ল'য়ে এদ ধন।। দ্রস্ট হয়ে নরপতি উঠে নৌকাপরে। স্বৰ্গটি গ'য়ে আনে যতেক নকরে॥ তুষ্ট হয়ে সদাগর বাহিল তরণী। কি কব শনির মায়া শুন নুপ্মণি। কপট পাষ্ও বড় সেই সনাগর। এই চুউচিন্তা চিত্তে করিল সম্ভর॥ খিলাইল যদি ধন দৈবেতে আমাকে। নুচাই মনের ব্যথা ব্রিয়া ইহাকে॥ এতেক ভাবিয়া মনে হুষ্ট হুরাচারে। রাজাকে ধরিয়া ফেলে অপার দাগরে॥ যতক্ষণ ধরি ছুষ্ট করিল বন্ধন। ত্রাহি ত্রাহি করি রাজা করিছে স্মরণ॥

কোথা তাল বেতাল বান্ধব তুইজন। এ মহাবিপদে কর আমারে তারণ॥ কোথা গেলে চিন্তাদেবী আমারে ছাড়িয় আমার হুর্গতি প্রিয়ে দেখ না আসিয়া। **দেই নৌকা মধ্যে ছিল চিন্তা পতি**ব্ৰত: কান্দিয়া উঠিল রাণী শুনি প্রভু-কথা॥ যথন ধরিয়া **নৃপে ফেলিল সাগরে**। আইল বেতাল তাল নিদ্রারূপ ধরে॥ তাল রক্ষা কৈল চক্ষু, বেতাল হৈল ভেল ভাসিয়া নৃপতি যান যেন রাশি তুলা॥ সেইক্ষণে চিন্তাদেবী বালিশ যোগান । 🕝 বালিশে **আলম্ম রাখি ভাসি নুপ** যান॥ শুনহ আশ্চর্য্য কথা ধর্ম্মের তনয়। বহুকাল জ্বলে ভাসি সৌতিপুরে যায়॥ সৌতিপুরে মালাকার জায়ার ভবনে। আসিয়া লাগিল শুক্ষ পুষ্পের উদ্যানে॥ বহুকাল শুষ্ক ছিল যতপুষ্পাবন। রাজ-আগমনে পুষ্প ফুটিল ভখন॥ রাজ দরশনে পুনঃ জীব সঞ্চারিল। পূৰ্ব্বমত দব পুষ্প বিকদিত হৈল॥ অশোক কিংশুক নাগ ফুটিল বকুল। গদ্ধরাজ চাঁপা ফুটে জারুল পারুল॥ পুষ্পগন্ধে অলিকুল ধায় মধু আশে। কোকিল কোকিল। গান করিছে ছরিতে । ষড়ধত্ব আদিয়া হইল উপনীত। শর ধনু সহ কাম তথায় উদিত 🛚 পূৰ্বব্যত বন শোভা হইল বিস্তর। কর্মান্তর হইতে মালিনী এলো ঘর।। আশ্চর্য্য দেখিয়া বড় ভাবিছে মালিন ইহার কারণ কিবা কিছুই না জানি 🛭 বন দেখি হুন্ট অতি মালীর মহিষী। কুন্তম কাননে শীঘ্ৰ প্ৰবেশিল আসি 🛭 একে একে নির্থিয়া চতুর্দ্দিকে চায় : হেনকালে শ্রীবংসকে দেখিল তথায় 🛭 কন্দর্প আকার এক পুরুষ হান্দর। মালিনী দেখিয়া কছে করি যোড়কর।

্কথা হৈতে আসিয়াছ কোন্ মহাজন। সন্ত্য করি কছ ৰাছা মোর নিবেদন॥ কলনীর বিনয় শুনিয়া লুপমণি। ত্রহিতে লাগিল রাজা আপন কাহিনী॥ ব্রণ্ডিন্ডা আইন্থ আমি করিতে ব্যাপার। 'দুঙ্গা দূবি হ'য়ে **হুঃথ হইল আমার** ॥ ভাগ্য হেতু প্রাণ পাই তেঁই আদি কুল। হাসার ভাবনা মিথ্যা ভবিতব্য মূল ॥ শনির: নালিনী কহে শুন মহাশয়। থাকহ আমার ঘরে নাহি কিছু ভয় ॥ প্রভাষ হৈল তব ছুঃখ অবসান। নহে কেহ নোকা ভূবি পাইয়াছে প্রাণ ॥ অ'র ্কহ নাহি বাপু বঞ্চি একাকিনী। ্মার গুহে ভাগিনেয় ভাবে থাক তুমি॥ এমতে ব্রহিল তথা শ্রীবৎস নুপতি। শুনঃ অপূর্বৰ কথা ধ**র্ম্ম নরপতি** ॥ নপর্যের শ্রীবংসের পুণ্য উপাধ্যান। কাশীরাম লাস কহে শুনে পুণ্যবান॥

র,জার মালিনী আলয়ে হিভি। ^{ালনার} কথা **শুনি, আনন্দিত নৃপমণি,** ত্ত হৈয়া গেল সেই বাদে। গাণ্ডন খানি দিল, নুপতি রন্ধন কৈল, ^{বলে} রায় কৌতুক বিশেষে॥ এইরুপে নূপবর, রহিল মালিনী বর্ আছে রায় কেহ নাহি জানে। ্ন গত্ৰ মহাশয়, শুভকাল যবে হয়, শুভ তার হয় দিনে দিনে॥ াৰ্থিবির কর্মা, কেবা ভার বুলে মর্মা, স্জন পালন তার হাত। ^{९ तरा}द्र **हरा ऋश्भा** আরবার করে ধ্বংদ্ কর্মযোগে করে যাতায়াত॥ ^{্ন: জন্ম} পুনঃ মরে, এইরূপে ফিরে গুরে, ় उथाठ ना वूट्य मू छन। ^{বাভ করে} মপহরে, কুকর্ম কভেক করে, স্থির কর্ম্ম নছে এতক্ষণ ॥

আশ্চর্য্য শুনহ রাজা, দেই দেশে মহাতেজা, বাহুদেব নামে নৃপবর। ভদ্রা নামে তাঁর কন্সা, রূপে গুণে মহীধন্যা, সৌজত্যেতে দ্রোপদী দোদর॥ জন্মাবধি কর্মা তাঁর, ত্রন বলি গুণাধার, হরগোরী করে আরাধন। কঠোর করিল যত, বিস্তারিয়া কব কত, আরাধয়ে করি প্রাণপণ। স্তবে হুফ হৈমবতী, বলিলেন ভদ্ৰাৰতা, বর মাগ চিত্তে গাহ। লয়। শুনিয়া রাজার হতা, হইল আনন্দযুতা, প্রণমিয়া করযোড়ে কয় 🖟 🔭 শুন যাতা ব্ৰহ্মময়ী, গতি নাই তোমা বছ, তরাইতে হবে এ দাদীরে। বর যদি দিবে তুমি, জ্ঞীবংস নৃপতি সামা, এই বর দেহ ম। আমারে॥ তুষ্ট হ'য়ে হ্রিপ্রিয়া, কহিলেন আশাদিয়া, তব ভাগ্যে হবে নৃপবর। তত্ত্ব কথা কহি শুন, আসিয়াছে দেই জন, রম্ভাবতী মালিনীর ঘর 🏾 তারে বরমাল্য দিয়া, স্থগে ঘর কর নিয়া, বর দেই বাঞ্চমত তব। বর পেয়ে নৃপস্তা, হইয়া আনন্দযতা, নেবাঁ পুজে করিয়া উৎসবে 🛭 জীবংস চিন্তার কথা, সর্ব্যপর্বতে গাঁথা, শুনিলে অধুশ হয় নাশ। কমলাকাডের হৃত্ স্থজনের মনঃপ্রত্র বিরটিও কাশীরাম দাস ॥

বিবংগ, ব্যাংশৰ সভিত উল্লাপ্ত বিবাহ :

শুন শুন নহার জি করহ এবণ।
নালিনা ভবনে বকে নিংস রাজন।
নালা গাঁথি করে রাজা কালের হরণ।
ফুল ফল জলে রাজা পুঞ্জে নারায়ণ॥
কায়মনোবাক্যে রাজা নাহি ধর্মা ত্যজে।
স্থাপনা গোপন করি রহে ধর্মারাজে॥

শুন ধর্ম মহীপাল অপূর্ব্ব কথন। ভদ্ৰাবতী কন্সা ল'য়ে শুন বিবরণ ॥ ভোজনেতে ৰসি বাহুদেৰ মহীপাল। নিকটে আইল ভদ্রা হাতে স্বর্ণথাল। রা**ণীজ্ঞানে করিলেন** রাজ। পরিহাস। কান্দিয়া কহিল ভদ্রা জননীর পাশ ॥ শুনি রাণী ক্রোধচিত্তে করেন গমন। ভৎ দিয়া নৃপতি প্ৰতি কহেন বচন॥ ওহে মহারাজ তুমি রাজমদে মজি। সকলি করিলে মন্ট ধর্ম্মপথ ত্যজি॥ পরকালবন্ধ ধর্ম তাহে করি হেল।। বিষয়ে হইলে মত্ত রাজভোগে ভোল।॥ জান না যে মহারাজ আছমে শমন। কি বোল বলিবে কালে না ভাব এখন।। এমন কুকর্মা রাজা কেছ না আচরে। আপনার ভন্যারে পরিহাস করে॥ স্থপাত্র আনিয়া যদি কন্সা করন্দান। চিরদিন স্বৰ্গভোগ বৈকুগেতে স্থান ॥ ইহা না করিয়া ভারে কর পরিহাস। ধিক্ ধিক্ রাজ। তব জীবনে কি আশ। এমত শুনিয়া রাজা রাণীর বচন। লাজ্জত হইয়া রাজা কহিছে তথন॥ ওছে মহাদেবি শুন আ্বার বচন। ামথ্যাবাদে তুমি মোরে করহ লাগুন।। এত বড় যোগ্য কন্সা আছে মোর ঘরে ! এতদিন মহাদেবি না কহ আমারে॥ আমি ধর্ম হেলা নাহি করি যে, কখন : জানেন আমার মন সেই নারায়ণ॥ আজি আমি করিব কতার স্বয়ন্তর ! এত বলি বাহিরে চলিল নূপবর॥ ডাকাইয়া পাত্র মন্ত্রী আনিল সকল। নবারে কহিল আমন্ত্রহ ভূমগুল॥ ইচ্ছাবরী হইবেক আমার নন্দিনী। আনন্দিত হৈল সবে এই কথা শুনি॥ আজ্ঞা পেয়ে নিমন্ত্রণ করিল সবার। যতদূর পাইলেক মনুষ্য সঞ্চার ॥

নিমন্ত্রণ পাইয়া যতেক রাজগণ। বাহুদেব রাজ্যে সব করিল গমন॥ নিরবধি আদে রাজা কত লব নাম : কলিঙ্গ তৈলঙ্গ আর সৌরাষ্ট্র স্থধাম। চতুরঙ্গ দলেতে আইল নূপগণঃ উপযুক্ত বাদা দিল করি নিরূপণ॥ ন্তব্দ্বির হইল দবে পেয়ে রম্যন্থান। ভক্ষ্য ভোজ্য যত দিল নাহি পরিমাণ 🗓 কেবা খায় কেবা লয় কেবা দেয় আনি খাও খাও লও লও এই মাত্র শুনি॥ আড়ে দীর্ঘে দশক্রোশ পুরী পরিমাণ প্রতি মঞ্চে প্রতি রাজ্য করে অধিষ্ঠান স্বাকারে বিধিমতে পূজিল রাজন: ভাসিলেন আনন্দ-সাগরে নৃপগণ ॥ নান। কথা আলাপনে বৈদে সর্ববজন অধিবাদ হেতু রাজা করিল গমন॥ অগ্নি পুজি গেল রাজা সভায় তথন মালিনার মুখে শুনে জীবংস রাজন শুনিয়া দেখিব বলি বাঞ্ছ। কৈল মনে রাজকন্য: ইচ্ছাবরী হইবে কেমনে ॥ সমভাব হ'য়ে বদে যত রাজগণ : কদম্ব তরুর মূদে শ্রীবংস রাজন।। ম্নোধোগ কর রাজ: ধন্মের নন্দন: বিধির নির্বন্ধ কভু কে করে গণ্ডন 🗈 হাতে চন্দনের পাত্র মালার দহিত সভামধ্যে ভদ্ৰাবতী হৈন উপনীত॥ ভদার রূপের কথা বর্ণন না যায়। তিলোভ্যা ইন্দ্রাণী তাহার তুল্য নয় লক্ষ্মী অংশে জন্মি ভদ্রা আইলা অবন : রাজার ঋণেতে মুক্তি বাঞ্ছি নারায়ণী 🛭 সভামধ্যে আসি ভদ্র: কৈল নিবেদন এ সভাতে দেব বিজ আছ যতজন 🖟 জানিবেন সকলে আমার নমস্কার। আজ্ঞা কর আমি পাই পতি আপনরে ্ এত বলি চতুদ্দিকে করে নিরীক্ষণ। হেনকালে শূন্যবাণী হইল তথন।

ন্দ্র তক্ষর তলে তোমার ঈশ্বর। র লাগি কৈলে তপ ছাদশ বংসর॥ নি স্মিতমুখী ভটো করিল গমন। বায় বসিয়া আছে এবিৎস রাজন।। ্ৰটেতে গিয়া ভদ্ৰা-প্ৰদক্ষিণ করি। ্লেন চন্দন মালা চরণ উপরি॥ শুবং করি ভ**দো রহে দাণ্ডাই**য়া। ্ডেক সভার লোক উঠিল হাসিয়া॥ 🧝 করি হুন্ট রাজা নিন্দিল অপার। 🎍 🗟 জুন কহে কর্ম্ম এই বিধাতার 🛊 াহার ইচ্ছায় কিবা পারে হইবারে। র্ষির নির্বান্ধ কেহ খণ্ডাইতে নারে॥ 🕬 র দহিত যেন ছায়'র গমন। ংশ্মর নির্বান্ধ এই জানিবা তেমন। ্রর:প কথার আলাপে সর্ববন্ধন। াৰ যেই দে**লে যাত্ৰা কৈল রাজগণ**॥ ধারদের রাজা চিত্তে অনুতাপ করি। ি গ্রতি উঠিয়। চলিল অন্তঃপুরী ॥ ওণ্নয় কহিল রাজা মহাদেবা স্থান। ভারার কপালে হেন কৈলা ভগবান। া রাজগণ আইল না বরিল কায়। গভাজ নেখিয়া চিত্ত **মজাইল তায় ।** ্রিন পুরুষ মোর হইন অথ্যাতি। ^{হন ইচ্ছ।} হয় মোর গলে দেই কাতি॥ রাণী ক্রে মহারাজ করহ শ্রেবণ। া চিন্তা মম চিন্তা সব স্নকারণ॥ ^{२५}८४ यथन यांश **लेख**रत्रत्न हेट्या । 🚰 আমি যত চিন্তি এ সকল মিছা ॥ ্^হায় স্কন যাঁর হেলায় সংহার। িব'বে তাঁহার মায়া হেন শক্তি কার॥ ° ই: ভ-য়ার বৃদ্ধি দিয়াছেন ভিনি।° े 🖲 করি কি করিব এবে ভূমি আমি॥ ^{র'নীর} প্রবোধ বাক্য **শুনিয়া রাজন**। ইট্রাকে করিল আজ্ঞা শুন সর্ববজন। ^{ব:হিন্নে} আবাদ করি দেহ ত ভদ্রার। ^{ভক্য} ভোজ্য দেহ শী**ন্ত্র** যে চাহি ভাহার 🛚

পুরীর ভিতর আর নাহি প্রয়োজন। হ'য়েছে সভার মধ্যে মন্তক মুগুন। ভদ্রাকন্তা মুখ আমি না দেখিব মার। বিধাতা করিল মোরে অন্তঃপুরী সার 🛭 এতদিন ভগবতী করি আরাধনা। কুজাতি কুরূপ বরে বরিল এ হানা॥ এ সব ভাবিয়া নাহি রুচে অন্ন জল। ইচ্ছা করি আজি মরি প্রবেশি অনল॥ লোক মাঝে এ মুখ দেখাব কোন্ লাজে। এ ছার জাবন যোর থাকে কোন কাজে॥ হায় হায় বিধি কৈল কেন ছেনরূপ। ভদা কন্যা লাগি এলো কত শত ভূপ 🛭 कारत ना वित्रश करत नितरफ वत्र । এমত ভাবিয়া রাজা কান্দয়ে তখন॥ রাণী বলে মহারাজ হৈল হভজ্ঞান। কারণ করণ কর্তা সেই ভগবান 🛚 তুমি আমি কশ্মপাশে আছি যে বন্ধনে। মায়ার কারণ এত চিন্তা করি মনে ॥ মাধা ুমাহ ত্যুক্ত রাজা ধর্মা কর সার। যাহ। হৈতে শংসার-সনুদ্র হবে পার॥ এহমতে বুঝাইয়া মাহনা রাজনে। বাহির ডথানে পেল ভদ্র। সামবানে ॥ দেখিল আহয়ে ভদ্রা ধামা বিগুমানে। হক্তলাভে মুদ্ধা নাহি চাহে কার পানে। দোখয়া রাণার হৈল অতিশয় হুঃখ। का.न निया निक विद्य मूखारेन मूथ **॥** জামাতা কভাকে নিয়া বাহির থাবাসে। রাখিয়া মধুর ভা.ষ দোহাকারে তোষে 🖠 এহ গু:হ থাক ভদ্রা না ভাবিও ছঃখ। কত দিন গত থৈলে পাবে বহু স্থব। (भोत्री भारतिया क्लामियाः मा हहर्रि । কতাদন বাদে ভদ্রা রাজরাণী হবে ॥ এইরূপে কন্সা.ক ভূষিয়া মহারাণী। ভিতর মহলে গেল যথ। নুপমাণ ॥ রাজ। বলে ভদ্র। মোর গেল কোথাকারে। রাণী বলে রাথেয়াছি বাহির মন্দিরে 🏾

ভক্ষ্য ভোজ্য নিয়োজিত করি দিল কাকে।
নিত্য নিত্য পুরা হৈতে নিয়া দিবে তাকে॥
এইমত হুইজন রহিল বাহিরে।
দেখ মুধিষ্ঠির রাজা দৈবে যাহা করে॥
বনপর্বব অপূর্বব শ্রীবংদ উপাখ্যান।
কাশী কহে শুনিলে জন্ময়ে দিব্যক্ষান॥

শ্রীবৎস রাজার স্থিত চিন্তাদেবীর খিলন। শ্রীবৎসের যত হ্রঃথ কছে যহুরায়। পঞ্চ ভাই জিজ্ঞাসেন কাতর হৃদয়॥ त्कोभनी कहिल (पर कह भूनर्यात्र। চি**ন্তার কি হৈল** গতি কেমন প্রকার॥ কিরূপে ভদ্রারে ল'য়ে বঞ্চিল রাজন। কহ দেব শুনিতে ব্যাকুল বড় মন।। শ্রীকৃষ্ণ বলেন সবে শুন সেই কথা। বাজগৃহে মানহীন বঞ্চে রাজা তথা॥ পরগৃহে বঞ্চে পর অন্নেতে পালিত। ধিকৃ তার জীবন মরণ সমুচিত॥ কফেতে বঞ্চেন রাজা দিবস রজনী। সান্ত্রনা করেন ভদ্রা কহি প্রিয়বাণী॥ বহুকাল গেল তুঃখ আছে অল্লকাল। অচিরে পাইবা রাজ্য শুন মহীপাল॥ জ্ঞানবান লোকে কভু কাতর না হয়। ছির হ'য়ে কর্মা করে ঈশ্বরে ধেয়ায়। ই**হা** বৃঝি মহারাজ শান্তচিত্ত হয়। নিরবধি বদনেতে রাম নাম লয়॥ না জানহ মহাশয় আছয়ে শমন। ইহা জানি নরপতি তত্ত্বে দেহ মন॥ ভদ্রার বিনয় বাক্য শুনিয়া রাজন। অহনিশি করে রাজা ঈশ্বর স্মরণ ॥ হেনমতে দ্বাদশ বৎসর অবশেষ। শনির ভোগান্ত গত শুভেতে প্রবেশ ॥ হেনকালে একদিন শ্রীবংস রাজন। ভদ্রা প্রতি কহে রায় মধুর বচন ॥ তব বাপে কহি কিছু কর্ম্ম দেহ মোরে। कौरक्षम नमीत उट्डे मान माधिवादत ॥

শুনিয়া ইঙ্গিতে ভদ্রা মায়েরে কহিল : রাণীর ইঙ্গিতে রাজা সেইক্ষণে দিল। পাইয়। নৃপের আজ্ঞা শ্রীবংস নৃপতি। নদীকূ**লে বৈ**দে রাজা হইয়া জগাতি ॥ শত শত মহাজন নৌক। বাহি যায়। তল্লাসি লইয়া তারে পুনঃ ছাড়ি দেয় 🛭 দেখ যুধিষ্ঠির রাজা দৈবের ঘটনে। কত দিনে দেই সাধু আইদে ঐ স্থানে॥ দেখিয়া তরণী তার শ্রীবংদ চিনিল। আটক করিয়া তরী ঘাটেতে রাখিল 🖟 নিজ জনে আজা দিল শ্রীবৎস রাজন: **নৌকা হৈতে কুলেতে উঠাও** যত ধন ॥ আজ্ঞা মাত্র স্বর্ণপাট যতেক আছিল। ডি**ঙ্গা হৈতে নামাই**য়া কূ**লে উঠাই**ল॥ দেখি সদাগর গিয়া ভূপে জানাইল। তোমার জামাতা মম সর্বন্ধ লুটিল ॥ **শুনি রাজা ক্রোধচিত্তে জামাতারে** বলে : কি হেতু সাধুর সব স্বর্ণপাট নিলে॥ শ্রীবৎস বলেন রাজা করহ শ্রবণ। সাধু নহে এই বেটা তুই মহাজন ॥ এই স্বৰ্ণপাট যদি করে তুইখান। তবে ত উহার স্বর্ণ সকলি প্রমাণ॥ 😎নি সদাগরে ডাকি কহিল নুপতি স্বর্ণপাট ছুই খণ্ড কর শীত্রগতি॥ একখানি পাট যদি ভুইখানি হয়। তবে ত তোমার স্বর্গ হইবে নিশ্চয়॥ এ কথা শুনিয়া সাধু কুঠার আনিয়া। খুলিতে বসিল যত স্বৰ্ণপাট নিয়া॥ খুলিতে নারিল সাধু মহালজ্জ। পায়। তবে ত শ্রীবংস রাজা কহিছে সভায়॥ খুলিতে নারিল সাধু পাইলে প্রমাণ। আমি খুলি স্বর্ণাট করি ছুইখান॥ স্বর্ণপাট হাতে করি শ্রীবংস রাজন্। তাল-বেক্তালেরে তবে করিল স্মরণ॥ স্মরণ করিবামাত্র ছুইথান হয়। দেখিয়া সভার লোক মানিল বিস্ময় 🛚

সম্র্যে উঠিয়া রাজা যোড় করি কর। ক্ষে বাপু তুমি কেবা হও মায়াধর॥ ুনবতা গন্ধৰ্কৰ যক্ষ কিন্ধা নাগ নর। মায়া করি ভদ্রা নিতে এলে গুণাকর। বৃতি মোর ভদ্রার ভাগ্যের নাহি সীমা। দ্যা করি কহ বাপু না ভাণ্ডিও আমা॥ র শুরুর বিনয় শুনিয়া নরপতি। কজিতে লাগিল রাজা **মধ্র ভারতী** ॥ সম্প্র স্মানে ধাতা করয়ে সংযোগ। তংগ তথ হয় রাজ্য শরীরের ভোগ॥ মুহা সম বনে ছুগু ৰাদশ বংসর। শার পাড়ায় আদি তোমার নগর॥ প্রাক্তব্যে করি ভদোরে গ্রহণ। তুর নাহি মহারাজ নহি নীচজন ॥ শুন নরপতি ভূমি মোর বিবরণ। ্রাধ্য দেশপতি আমি শ্রীবংস রাজন।। 'চর'লন ধক্ম তায়ে রাজ্য পালি আমি। লৈবের বিপাক রাজা ভাত হও তুমি॥ একদিন শ্নি সহ জলধিকুমারী। ক্রত হন্দ্র করি আদে মম সভাপার ॥ াক্ষা কৃথিলেন আমি প্রজিত। দংসারে। শান বলে আমি শ্রেষ্ঠ যত চরাসরে॥ এলার দ্বন্দ্র করি আদে তুইজন। সমাৰে কহিল কছ (এছ কোন্ জন। উল্যুখনিক কল্মানিও প্রভাতে। ইয়ার প্রমাণ কালি বুঝিব মনেতে॥ বিল'ণ হইয়া দোঁহে করিল গমন। খানর ভাবনা হৈল কি করি এখন। ৰক ছোট কেবা বড় কহিতে না পারি। ^{ভানেত্র} ভাবিয়া চিত্রে **অনুমান করি**॥ ^{দে} রোপ্য সিংহাসন করি তুইখনি। ^{নত ভি}তে সিংহাসন, মধ্যে মন স্থান ॥ বিহলাম সভা করি বলিয়া তথায়। ^{৪ইজন} আইলেন প্রভাত সময় **॥**° ৌহে দেখি সম্ভৱে বদাই শীঘগতি। 🌣 তরে অন্তরে আমি করি বহু স্ত্রতি 🛭

তুষ্ট হ'য়ে গুইজন বৈদে সিংহাসনে। লক্ষীমাতা দক্ষিণে বসিল শনি বামে॥ আমাকে জিজাদে দোঁহে দহাস্থবদন। শুনিয়া উত্তর আমি করিকু তখন।। আপনা আপনি দোঁহে দেখি বুঝ ক্রমে। দক্ষিণেতে শ্রেষ্ঠ বলি সাধারণ বামে॥ এত শুনি কুদ্ধ হ'য়ে শনি মহাশয়। অল্পনে ওরুদ্ও করিল আহায়॥ রাজ্যনাশ বনবাস ফ্রী বিচ্ছেদ কৈল। মরণ অধিক হলে মারে নিয়ে।জিল।। শ্রীবংস-মধ্যেতে শুনি এতেক ভারতী। ব্যস্ত হৈয়া বাহুৱাজ উঠে শীঘ্ৰগতি॥ ্যান্ডহাত করি থাজা করতাে স্তবন। কমহ আমার দোব অভ্যাত কারণ॥ শু ভক্ষণে ভদ্রা কতাঃ কুলে উপজিল। ভাহার কারণে তোম। দর্শন হইল **॥** স্পৃতি সেবিল পৌর। আমার নন্দিনা। এত দিনে আপনারে প্র করি মানি॥ পতা মোর কুলে ভদ। ভনর। ইইল। ঘরে বসি তোমা হেন রত্ন মিলাইল॥ এতদির আছিলাম হত্যা অন্তির। েল্যুত্রভিষিত্র আজি হইল,শরার॥ পদাৰ জন্মান্ডিভ পুণ্য কৰেক আছিল। ্মত্র দলে ভাষা ক্রাণ ভোষারে পাইল।। কাতির হয়, কাল্য পাড়ল গ্রুণ। क्रीतर्ण किथिए 'टाल क्षम भग नामी प्र লঘুত্ৰে এক দুশ না হয় উচিত। শীপ করি এখারাক িদু মন দিতা। মৌকাপারে চিন্ত, মং ৮ ছেয়ে ব**ন্ধনে** । শীঘ্র করি ডা, গলাজ, আনহ এগানে ॥ শুনি বাহ নবপাল ৬/১ শুত্রগতি। পাত্রমিত্রগণ সবে চাল্ল মংখতি॥ নদাতারে গিয়া দেখে নৌকার উপরে। চিন্তাদেবী আছে তথা কাতর সম্ভরে॥ ক্ছিতে লাগিল রাজা চিন্তাদেরী প্রতি। দুঃথকাল গেল মাত। উঠ শীঘগতি ॥

তোমার বিচেহদে তুঃখী 🖺 বংস রাজন্। উঠ মাতা দোঁহে গিয়া হও গো মিলন।। জরাযুত চিন্তা-অঙ্গ দেখিয়া রাজন্। জিজ্ঞাদেন চিন্তা প্রতি তার বিবরণ॥ শুনি চিন্তা কহিতে লাগিল মুত্তায়ে: জরাযুত অঙ্গ-কথা শুন ইতিহাদে !! এই সদাগর যায় বাণিজ্য করিতে। আটক হইল তরী দৈবের দোষেতে॥ কাঠুরে রম্গাগণ মতেক আছিল। ক্রমে ক্রমে দদাগর দব আনাইল। সকলে ছুঁইল তরা না হৈল উদ্ধার। পশ্চাতে আমারে গিয়া ভাকে বার বার ॥ বিস্তর বিনয় করি আমারে কছিল। কাতর দেখিয়া মোর দয়। উপজিল ॥ দ্যায় উদ্ধার করি দিলাম যদি তরি। **এট প্ররাচার মোরে নাহি দিল ছাাড় ॥ আমাকে ভূলি**য়া নিল নৌকার উপর। ভয় পেয়ে মম অঙ্গ কাঁপে থর থর 🛚। অতি ভয়ে সূর্য্যদেবে করিলাম স্ততি। ন্তবে তুষ্ট হইলেন সূৰ্য্য মম প্ৰতি॥ সামি কহিলাম দেব ২ম রূপ লহ। জরাযুত **অঙ্গ** এবে মোরে দান দেহ।। ন্তবে ভূষ্ট হৈয়া বর দিল সেইক্ষণ। মায়া অঙ্গ দিয়া মোরে কহিল তখন।। শ্মরণ করিবামাত্র নিজরূপ পাবে ৷ ঞ্জিভা না করিহ চিন্তা মহারাণী হবে॥ দৈবগ্রহ ঘুচিলে পাইবে নৃপবর। কিছুদিন শুদ্ধনিত্তে ভাবহ ঈশ্বর॥ শুন মহারাজ মম জরার ভারতা। তুঃখ শুনি কান্দে তবে বাহু নরপতি 🛭 তুমি সতী পতিব্রতা পতি-অমুরতা। ত্রিভুবনে তব গুণ শ্বরিবেক মাতা ॥ সূর্য্য চিন্তায় চিন্তা নিজরূপ পাইল। যেমন পূর্বের রূপ তেমতি হইল ॥ রাজা বলে চতুর্দোল আন শীভ্রগতি। চিন্তা বলে হেঁটে যাই প্রস্তুর বসভি ॥

এত বলি পদব্ৰজে চলিলেন সতী। যথায় উদ্বেগচিত্তে এীবংস নৃপতি॥ নিকটেতে গিয়া চিন্তা প্রদক্ষিণ করে ! প্রণিপাত করি কহে স্বামী বরাবরে॥ দেখি তবে আন্তে ব্যস্তে উঠিয়া রাজনে। বামপার্যে বদাইল নিজ দিংহাদনে॥ প্রেমাবেশে অবদন্ধ হৈল তুইজন। পুনঃ পুনঃ বদন চুন্তন আলিঙ্গন ॥ বিনোদ শয্যায় রাজা করিল শয়ন। চিন্তা ভদ্রা পদদেবা করে তুইজন॥ নানা হাদে নানা রদে জীবৎদ রাজন আনন্দেতে করিলেন নিশা সমাপন॥ প্রভাত সময়ে বার দিয়া বাহুরাজা। শ্রীবংস চিন্তারে তবে কৈল বহু পূজা। আনন্দিত হইয়া বদিল দৰ্বজন। নানা শাস্ত্র প্রদঙ্গ করেন জনে জন।।

> ইবংসরাজার শনিত্যাগ এবং শনি কর্ত্তক বর প্রাপ্তি।

প্রভাতে বাহুক রাজা, লইয়া করেক প্রক্ ় বসিয়াছে সানস্দ বিধানে। হেনই সময় শনি, কহিছে আকাশ-বাণী, গুন সভাপাল দুর্বাজনে। ্সকলি আমার ভক্ দেবতা গন্ধবৰ যক্ষ্ সকলে আমারে শ্রেষ্ঠ জানে। বিভাধরী বিভাধর রাক্ষস কিম্নর নর সবে মানে ঐবৎস না মানে॥ মনুধ্য হইয়া মোরে, অত্যন্ত অবজ্ঞা করে, কত দৰ ছুৰ্মতি তাহার। মসুষ্য অবজ্ঞা করে, স্থ্যাস্থ্য যাবে ভরে. वृक्ष मदव कविया विठात ॥ কহিতে কহিতে শনি, আইল মরত-ভূমি, যথা সভামধ্যে সর্বজন। আরক্ত পিঙ্গলবর্ণ, রূপ যেন তপ্ত স্থণ, পরিধান স্থরক্ত বসন 🏽

্ত্ৰাম্য দেখি আভা, উচ্ছল হইল সভা. অতি ভয় পায় সভাজন। আঙে ব্যক্তে সর্বজনে, দাণ্ডাইল বিভাষানে, কর্যোড়ে কর্য়ে স্তবন॥ হুমি সকলের সার, তোমা বিনা নাহি আর, ত্রিভুবনে করয়ে পূজন। তুমি সকলের স্বামী, দক্ষণটে ভুঞ্জ তুমি, নবগ্রহরূপী জনার্দন ॥ আমি মুখ মুড় জনু কি জানি তোমার গুণ, জ্ঞানহীন তোহারে না চিনি। করেক করহ দয়া, ত্যজিয়া কপট মায়া, বরদাতা হ**ও মহামানী**॥ জিক্সপ শ্রীবৎস ভূপ, করে বহুতর স্থব, ন্তবে ভুক্ট হ'য়ে শনি কয়। ক্রহ আমার পূজা, 💀 এহে মহারাজা, মার তব নাহি কিছু ভয়॥ একছত্তে রাজ্যেশর ৮শে গাও নরবর্ র'বে দশ-**সহস্র** বৎসর। পুত্র পাবে শতক্তন, কন্যার্ভ মহাধন, গত্তে বাস বৈকুণ্ঠ নগর॥ মন্দ্রহার বাদ, হৈল ভব এ প্রমাদ, পুথিবীতে রহিল ঘোষণা া জোমার নাম লবে, ভার যনোব্যথা যাবে, শুন প্রাহ জীবংস আজন।। অন্তর্দ্ধান শ্নেশ্চর. ট্রান্থসকে দিয়া বর**্** োল শনি বৈকুণ্ঠ ভুবনে। ভবান্তে ভুগুবাছিল, বর্ণনা করিল কাশী, বনপর্বের **জীবংস** রাজনে 🖟

> শ্রীব্রুর রাজ্যার ওহা ভাষ্যার সহিত্র স্বরাজ্যো গুমুন

া্ধিন্তির বলিলেন শুন গদাধর। বরদাতা হ'য়ে শনি গেল অতঃপর॥ বাহ রাজা কি করিল প্রীবৎস নৃপতি। বিতারিয়া সেই কথা কহ লক্ষ্মীপতি 1 যাদব কহেন রাজ। কর অবধান। বর দিয়া গেল যদি শনি নিজ স্থান। আনন্দিত বাহু রাজা পুত্রের সহিত। করাইল সভাতে বিবিধ নৃত্য-গীত॥ নানা বাদ্য মহোৎসব প্রতি ঘরে ঘরে। হাস্স-পরিহাসে কেহ পাশা ক্রীড়া করে॥ অস্ত্র লোফালুফি করে ধাসুকী তবকী। হেন ভোজবিন্তা থেলে চকে দিয়া ফ**াকি** ॥ বাগ্য অস্থেষণ ক্রেছ করে কোন স্থানে। ়কহ নাচে কেহ গায় আনন্দ বিধানে॥ দিব্য রত্ন অলঙ্কারে বেশ**ভূ**মা করে। মগুরু চন্দনচুয়া পুষ্পমাল পরে॥ গতনে পরয়ে কেই উত্তম বসন। কোন নারী হয়। করি করিল রন্ধন ॥ চর্বব চুদ্য লেহা পেয় করি আয়োজন। কোন কোন স্থানে হয় ভ্রাহ্মণ ভেদ্মিন॥ নগরের মধ্যে এই হুইল ঘোষণ। মালিনার গৃহে ছিল শ্রীকংস রাজন॥ পন্য বাহুরাজ গৃহে ভন্তা জন্মেছিল। যাহা হৈতে যাত রাজা শ্রীবংস পাইল। এইরতে খাননে রহিল সর্বাহন। কত্তিন ব্ধিংলন জীবংস রাজন্॥ ্রকদিন প্রভাতে করিয়া স্নানদান। যান হাক। আনকে খণ্ডর স্থিধান ॥ করনেড করি কহে ভীবংস রাজন্। অবধান কর রাধ ্যার নিবেদন ॥ আছে। ার নিজ দেলে করিব গমন। বহুদিন দেখি নাই স্থাতি বন্ধাণ ॥ বাস্তরাজ্য কম্নে বাপু কি কথা কহিলে। পূৰ্বৰ পুণ্যকলে বিধি তেতাবাবে মিলালে॥ এই রাজ্যে রাজ্য তাত হইবে মাপনি। কি কারণে হেন কথা, কই নুপমণি॥ রাজ্য করে যত কড জেইের করিব। খাল আমি নিজ রাজে, করিব গমন 🖟 নিশ্চয় বৃঝিয়া মন বাছ নূপবর। সার্থিরে আজ্ঞা ভবে করিল সত্তর ॥

আজ্ঞা মাত্র সার্থি চলিল শীঘ্রগতি। রথ দাজি দেইক্ষণে আনিল দার্থি॥ রাজ। বলিলেন দৈশ্য সাজ সর্ব্বজন। 🗐 বৎস কহিল রায় নাহি প্রয়োজন ॥ দক্ষিণ সমুদ্র পার আমার বসতি। দৈশ্য দেনা কেমনে যাইবে ঘোড়। হাতী॥ **রাজা বলে কেমনে** বাইবে তুমি তথা। গ্রীবৎস বলিল রাজা উপায় দেবতা ॥ তাল বেতালেরে রাজা করিল শ্মরণ। স্মরণ মাত্রেতে তার। এল তুইজন।। হাসিয়া কহিল দোঁহে কি আজ্ঞা ক্রহ। 🖺 বৎস কহিল মোরে নিজ রাজ্যে লহু॥ শশুরে প্রণাম করি উঠে রথোপরে: চিন্তা ভদ্রা বলি নূপ ডাকিল সহরে॥ জনক-জননী-পদে বিদায় মাগিল। চিন্তা ভদ্রা দোঁহে আসি রথে আরোছিল। চুড়ায় বসিল তাল বেতাল সার্থি: বায়ুবেগে ধায় রথ স্থললিত গতি॥ নিমিষে উত্তরে উত্তরে দশ সহস্র যোজন : রাজা কহে কহ তাল এই স্থান কোন॥ তাল কহে ঐ দেগ গুরভি আশ্রম। কহিতে কহিতে পায় কাঠরে ভবন ॥ তাল কহে মহারাজ কর অবধান পোড়া মৎস জলে গেল দেখ সেই স্থান ॥ ভাঙ্গ। নার শনি আদি কাথা হ'রে নিল। নিমিষেতে সেই স্থান পশ্চাৎ হইল।। ক্রমেতে পাইল আসি আপন ভংন। তাল কহে নিজ রাজ্যে আইলা রাজন !! রথ হৈতে রাজা রাণী নামে তিনজন। **পদত্রক্তে ধীরে ধীরে করিল গমন**। ভনি নগরের লোক আইল রাজন। মৃত-শরীরেতে যেন পাইল জীবন॥ বামপার্বে তুই রাণী সিংহাসনে রাজ।। পাত্রমিত্র সবে মাসি করিলেন পুজ:॥ পূর্বের স্থহৎ বন্ধু যতেক আছিল। জ্মেতে আদিয়া সূবে একত্র হইল।

বান্ধব দানন্দ নিরানন্দ্রিপুগণ। পূর্ব্বমত রাজা রাজ্যে করেন শাদন ॥ চিন্তা ভদ্র। তুই নারী পরম স্থশীলা। ক্রমে ক্রমে শত পুক্র দোঁহে প্রসবিল 🖫 ছুই রাণী গর্ভে জন্মে চুই কন্সা ধন। া অমৃতেতে অভিধিক্ত হইল রাজন ॥ বহুকাল রাজ্য করে শ্রীবৎস রাজন ধর্ম্ম কর্ম্ম করে যত না যায় বর্ণন 🗈 দীর্ঘকাল রাজ্য করি পরম কৌভুকে -অন্তকালে রাণী সহ গেল বিষ্ণুলোকে দ অতএব যুধিষ্টির করি নিবেদন : দৈবাধীন কর্ম্মে শোক করা অকারণ 🗈 <u>শ্রীবংস-চরিত্র আর শনির মাহাত্ম্য :</u> যেবা শুনে যেবা পড়ে দে হয় পবিত্র : কদাচ শনির বাধা ভাহার না হয় 🔻 শান্তের বচন এই নাহিক সংশয়। এত বলি জগন্নাথ মাগেন মেলানি সবারে সম্ভাব করিলেন চক্রপাণি॥ ম্বভদ্রা সৌভদ্র দোঁহে সঙ্গেতে করিয়া দারক: গেলেন হরি রথ চালাইয়। li ধুষ্টপ্রান্ন ল'য়ে ভাগিনেয় পঞ্জন। সংস্থে পাঞ্চালদেশে করিল গমন ॥ আর যেই হুই ভাষ্যা পাণ্ডবের ছিল ! নিজ নিজ আতুগণ সহ দেশে গেল ৷

> পাঞ্চবগণের দৈতবনে গ্রমন ও মাক্তরের মুনির সাশ্রম :

ষারকানগরে চলিলেন যতুপতি যুধিন্তির জিজ্ঞাদেন ভাতৃগণ প্রতি॥ বাদশ বৎসর আমি নিবসিব বনে। যোগ্যস্থান দেখ যথা বঞ্চি হুন্তমনে॥ বত্ মুগ পক্ষী থাকে ফল পুত্রমানি। সজল স্কুন্তল যথা বৈদে সিদ্ধ ঋষি ॥ অর্জ্জ্ন বলেন সব তোমাতে গোচর। মুনিগণ হৈতে তুমি জ্ঞাত চরাচর॥

ুৰত নামে মহাবন অতি মনোর্য। দাধু দির ঋষি আদি মুনির আশুম ॥ उद्ध हलह मृद्ध यमि मय यन। এত শুনি আজ্ঞা দেন ধর্ম্মের নন্দন ॥ 'নুকু নিজ যানারোহে চলেন পাণ্ডব। স্কুত চলিল যত দ্বিজ মুনি সব॥ ্রত কাননের গুণ না হয় বর্ণন। एक्कर हाइन **रेवरम मूनि व्यनगन**॥ ্মাণ কদম তাল শিরীষ পিয়াপ। কর্ন থর্জ্ব জন্ম আত্র স্থবদাল ॥ পরিজাত বকুল চম্পাক কুরুবক'। নোজ্যতি প**শু হস্তিগণ-মরুবক**॥ মহুব কোকিল আদি পক্ষী সদা ভামে ৷ সভূষ হুযুক্ত বন লোক মনোরমে ॥ ্রহিয়া উল্লাসযুক্ত পাণ্ডবের মন। মত্রেম করিল তথা সব মুনিগণ॥ দট বনে যত ছিল তা**পদ আক্ষ**ণ। যাষ্ঠিরে **আসিয়া করিল সম্ভাষণ**॥ ভনকালে এল মার্ক**ণ্ডে**য় মুনিবর। জনবৃথি সম তেজ দিব্য জটাভার ॥ প্রণমিয়া যুধিষ্ঠির দিলেন স্থাসন। বুষিষ্ঠিরে দেখিয়া **হাসিল তপোধন** ॥ প্রিয়া বি**স্ময়টিত্ত কহেন স্থুপতি** -ি হেচু হাসিলা কহ মুনি মহামতি। দ্ৰ ক্ষৰিগণ **তুঃখী দেখিয়া আমারে**। গমার কি হেছু হাস্ত না বুবি **অন্তরে**॥ মক্ষ হাস্থ্য করি মুনি বলেন তথ্য। াহেতু হইল হাক্য **শুনহ রাজ**ন ॥ ্থন যেন মহারাজ ভার্যার সংহতি । দ্বভোগ ভাজি বনে করিলে বসতি॥ এইরূপে পূর্বের দশরথের নলন । ^{সাহত} কানকা আর অনুজ লকাণ।। প্রস্তা পালিতে করিয়া বনবাস। ^{মব্}ছেলে দশস্ক্যন্ত্র করিল বিনাশ। ^{শ্ব্ৰেম্য} বল রাম অপ্রমেয় গুণ। শত্যে বিচলিত নাহি হন কলচন॥

িতিনপুর জিনিতে ইঙ্গিতে ক্ষণে পারে। সত্যের কারণে শিরে জটাভার ধরে॥ ভাদৃশ দেখি যে রাজা তুমি সভ্যবাদী। মহাবল ধর্মাবন্ত সর্ববগুণনিধি ॥ তথাপি বনেতে ভ্রম সত্যের কারণ। বিধির নির্বন্ধ নাহি খণ্ডে কোনজন। যথন যে ধাতা আনি করয়ে সংযোগ। ধর্মা বুঝি সাধুজন করে তাহা ভোগ 🛭 বলে শক্ত হৈলে সত্য কন্থু না ত্যজিবে। বিধির নির্ববন্ধ কম্ম কডু না লজ্মিবে॥ বড বড মত্তহস্তী পর্ববত খাকার। পরাক্রমে দলিবারে পারয়ে সংদার॥ তথাপিও পশু হৈয়া বিধিবশ থাকে । কিমতে থণ্ডিবে তাহা তোমা হেন লোকে। ধত্য মহারাজ তুমি পাণ্ডুর নন্দন। তোমার ওণেতে পূর্ণ হৈল ত্রিভুবন ॥ এত বলি মহারাক্তে গাশীষ করিয়া। আপন আশ্রম প্রতি গেলেন চলিয়া।।

যাপ্তির ও ভেল্পেনীর পরপোর কথা।

বৈভবন মধ্যে পঞ্চপাণ্ডুর নন্দন : ফল-মূলাহার জটা বাকল ভূষণ।। একদিন কৃষ্ণা বদি যুধিষ্ঠির পাশে। কহিতে লাগিল ছঃগ সকরুণ ভাগে॥ এ হেন নির্দিয় তুরাচার তুর্য্যোধন। কপট করিয়া ভোষা পাঠাইল বন 🛚 কিছুমাত্র তব দোধ নাহি তার স্থানে। এ ছেন দ্রন্দেশ কশ্ম করিল কেমনে॥ কঠিন হৃদয় তার ভৌত্রেক গঠিল। তিলমাত্র তার মনে দুয়া না জন্মিল।। তোমার এ গতি কেন হৈল নরপতি। সহনে না যায় মম মস্তাপিত মতি॥ রতনে ভূষিত শব্যা নিজা না আইদে। এখন শয়ন রাজ্য তীক্ষধার কুলে॥ কস্তুরি চক্ষনেতে লেপিত কলেবর। এখন হইল ওমু ধূলায় ধূদর ॥

মহারাজগণ যার বসিত চৌপাশে। তপস্বী সহিত এবে তপশ্বীর বেশে॥ লক্ষ লক্ষ রাজা যার স্বর্ণপাত্তে ভুঞ্জে। এবে ফল মূল ভক্ষ্য অরণ্যের মাঝে 🛭 এই তব ভাতৃগণ ইন্দ্রের সমান। ইহা সবা প্রতি নাহি কর অবধান॥ মলিন বদন ক্লিন্ট ছুঃখেতে ছুর্ববল। হেঁটসুখে সদা থাকে ভীম মহাবল ॥ ইহা দেখি রাজা তব নাহি জন্মে ছঃখ। সহনে না যায় মম কাটিতেছে বুক॥ ভীমসম পরাক্রম নাহি ত্রিভুবনে। ক্ষণমাত্রে সংহারিতে পারে কুরুগণে॥ সকল ত্যজিল রাজ। তোমার কারণ। কি মতে এ সব তুঃখ দেখহ রাজ্ঞন ॥ এই যে অর্জ্জুন কার্ত্তবীর্য্যের সমান। যাহার প্রতাপে হুরাহুর কম্পবান॥ ष्ठःथ ठिन्छ। करत्र मना भनिनवनरन । ইছা দেখি রাজা তাপ নাহি তব মনে॥ স্থকুমার মাদ্রীস্ত তুঃখী অধােমুখ : ইহা দেখি রাজা তব নাহি জন্মে ত্রঃখ।। ধ্বউত্ত্যন্ত্ৰ স্বসা আমি দ্ৰুপদ-নন্দিনী। তুমি হেন মহারাজ আমি হই রাণী॥ মম হুঃথ দেখি রাজা তাপ না জন্মায়। ক্রোধ নাধি তব মনে জানিমু নিশ্চয়॥ ক্ষত্র হ'য়ে ক্রোধ নাহি করে হেনজন। তোমাতে নাহিক রাজা ক্ষত্রিয়-লক্ষণ # সময়েতে যেই বার ্ডজ নাহি করে। হীনজন ব'লে রাজা তাহারে প্রহারে॥

এই অর্থে পূর্বের রাজা আছায় সম্বাদ।
বলি নৈতপতি প্রতি বলিছে প্রহলাদ॥
করযোড়ে বলি জিজ্ঞানিল পিতামহে।
কমা তেজ উভয়ের ভাল কারে কহে॥
সর্বাধর্ম-অভিজ্ঞ প্রহলাদ মহামতি।
কহিতে লাগিল শাস্ত্রমত পৌক্র প্রতি॥
সদা কমা না হইবে সদা তেজোবন্ত॥
সদা কমা করে তার হুঃধ নাহি অন্তঃ॥

শক্তর আছয়ে কার্য্য মিত্র নাহি মানে। অবজ্ঞা করিয়া নারী বাক্য নাহি শুনে॥ কাৰ্য্যে অবহেলা করে নাহি কিছু ভয়। যথা স্থানে যাহা করে ক্রেমে হয় লয়॥ বলে অন্যে হরি লয় তার ভার্য্যাগণ অতি ক্ষমাশীল দেখি করুয়ে হেলন।। অতি ক্ষমাশীল দেখি ভার্য্যা নাহি মারে। **শে কারণে সদা ক্রমা ত্যজে বুধগণে** !! দোষ মত দণ্ড দিবে শান্ত্র অমুসারে : মহাক্লেশ পায় যে সদা ক্ষমা করে ॥ ক্ষমার কারণ তবে শুন নরপতি। একেবার করে ক্ষমা মুর্যজন প্রতি ॥ নির্ব্বাদ্ধি অজ্ঞানে ক্ষম। করি একবার। চুইবার দোষ কৈলে দণ্ড দিবে ভার 🛭 দে কারণে ক্ষমা রাজা না কর ভাষারে: তেজকালে কর তেজ, ক্ষমা ফেল দুরে : দ্রোপদীর বাক্য শুনি ধর্ম্ম নরপতি: করেন উত্তর তার ধর্মশাস্ত্র-নীতি ॥ ক্রোধ সম পাপ দেবি নাহিক সংসারে -প্রত্যক্ষ শুনহ ক্রোধ যত পাপ ধরে 🛭 গুরু বহু জ্ঞান নাহি থাকে ক্রোধকালে অব্যক্তব্য কথা লোক ক্রোধ হৈলে বলে আছুক অন্যের কার্য্য আত্মা হয় বৈরী বিষ খায় ভূবে মরে অক্ত অঙ্গে মারি॥ এ কারণে বুধগণ সদা ক্রোধ ত্যক্তে : অক্টোধী যে লোক তারে সর্বলোকে পূঞ্ কোণে ভাপ কোধে পাপ কোধে কুল^ক ক্রোধে সর্বনাশ হয় ক্রোধে অপচয়॥ জপ তপ সম্যাস ক্রোনীর অকারণ : রজোগুণে জোধী বিধি করিল স্থজন দ হেন ক্রোধ যেই জন জিনিবারে পারে : **ইহলোক পরলোক অবহেলে ভরে**॥ ক্ষমা সম ধর্ম দেবি অন্য ধর্ম নর। পুর্বেতে কশ্যপ মূনি করিল নির্ণয়। অফ্টাঙ্গ বেদাঙ্গ যজ্ঞ মহাদান ধ্যান। ক্ষমাময় **ক্রের সর্বলা দীপ্যমান** ॥

পৃথিবীকে ধরিয়া**ছে ক্ষমাবস্ত জনে**। _{আমা} সম জন, কমা ত্যজিবে কেমনে ॥ স কারণে জৌপদী ত্যজহ জোধমন। এত অখ্যেধ ফল অক্রোধী যে জন॥ ভুৰ্য্যাধন না ক্ষমিল, আমি না ক্ষমিব। এইকণে কুরুবংশ সকল মজাব॥ কুরুবংশে দেখ দেবি মম পুণ্যভার। মহাক্রোধ হৈলে বংশ হইবে সংহার॥ গ্রীন্ম দ্রোণ বিছুরাদি বুঝাইবে সবে। দ্বাকার ভুর্য্যোধন নহিবেক যবে ॥ অপেনার দোষে তারা হইবে সংহার। প্রার্ক করিয়াছি সামি এমন বিচার॥ কুষ্ণা বলে সেই বিধাতারে নমস্কার। ্যই জন হেন রূপ করিল সংসার॥ ্রুট জন বাহা করে সেই মত হয়। মনুষ্যের শক্তিতে কিছুই সাধ্য নয়॥ শক্ত শুনু ভপ ব্রস্ত বহু আচরিল। হিছদেবা দেবপুজা কতই করিল ॥ িক্ ধিক্ বিধি ভার কৈল হেন গতি। াম হেতু পঞ্চাই পাইল দুৰ্গতি॥ ^{পশ্ম} হেতু সব ত্যক্তি আইলে বনেতে। গরি ভাই আমাকেও পারহ ত্যজিতে॥ ন্থাপিও ধর্ম নাহি ত্যজিবে রাজন্ : কাষার সহিত যেন ছায়ার গমন॥ ^{নই জন} ধর্ম রাথে তারে ধর্ম রাথে। ^{নাহিক} সংলাহ শুনিয়াছি ব্যাসমূখে॥ ্রামারে না রাথে ধর্মা কিদের কারণে : এইত বিশ্বায় ্থান লয় মস মনে॥ ্ভামার যতেক ধর্মা বিখ্যাত সংসার। ^{দর্}ব-ফিতীশ্বর হ'য়ে নাহি অহস্কার ॥ লক লক্ষ প্রাহ্মণ কণক পাত্রে ভূপ্তে। আমি করি পরিচর্য্যা সেবা হেতু দ্বিজে॥ হিক্সেরে স্বর্ণ পাত্র দিতাম আজ্ঞামাত্রে। এখন বনের ফল ভুঞ্জ বনপত্তে॥ রাজসূয় অশ্বমেধ স্থবর্ণ গো সব আর সব বহু যতে দান মহোৎসব॥

সে সব করিতে বুদ্ধি হইল তোমায়। সর্বস্ব হারিলে তুমি কপট পাশায়॥ যে বনের মধ্যে রাজা চোর নাহি থাকে। তথায় নিযুক্ত বিধি করিল তোমাকে॥ এখন সে ধর্ম্ম তুমি করিবে কেমনে। রাজ্যহীন ধনহীন বসতি কাননে॥ ধিক বিধাতারে এই করে হেন কর্ম। ত্ন্টাচার হুর্য্যোপন করিল আজন্ম॥ তাহারে নিযুক্ত কেন পুথিবীর ভোগ। তোমারে করিল বিধি এমন সংযোগ।। যুধিষ্ঠির কহে কৃষ্ণা উত্তম কহিলে। কেবল করিলে দোষ ধর্মেরে নিন্দিলে॥ কর্মা করি যেইজন ফলাকাঞ্জনী হয় : বণিকের মত দেই বাণিজ্য কর্য়॥ ফললোভে ধর্ম করে লুক বলি ভারে : লোভে পুনঃ পুনঃ পড়ে নরক ভিতরে ॥ এইত সংসার সিদ্ধ উর্দ্মি কত ভাষ। হেলে তরে সাধ্জন ধর্মের নৌকায়॥ ধর্ম্ম কর্ম্ম ফলাকাঞ্জা নাহি সেই করে ৷ ঈশ্বরেতে সমপিলে অবহেলে তরে। ধর্ম্মফল বাঞ্জা করি ধর্মগর্বক করে : । ধর্ম্মেরে করিয়া নিন্দা অধর্ম আচরে॥ এই সব জনেরে পশুর মধ্যে গণি। রুথা জন্ম যায় তার পায় পশুযোনি॥ ধর্মাশাস্ত্র বেদ নিন্দা করে যেইজন। তিহ্যাগের মধ্যে তারে কর্যে গণন ৮ পুনঃ পুনঃ তির্য্যগ-যোনিতে জন্ম হয় নরক হইতে তার কভু পার নয় H শিশু হ'য়ে ধর্ম আচরয়ে যেইজন । রুদ্ধের ভিতর তারে করয়ে গণন 🛚 প্রত্যক্ষ দেবই কুফা গর্ম যাহা কৈল -সপ্ত বৎসরের আয়ু মার্ক:গুর ছিল॥ ধর্মবলে সপ্তকল্প জীয়ে মুনিরাক্স আর শত দেখ মুনি ঋষির সমাজ ॥ মুখে যাহা কছে ভাহা হয় সেইক্ষণে : ধর্মবলে ভ্রমিবারে পারে ত্রিভূবনে গ

ইন্দ্র চন্দ্র বাতেক স্বর্গবাদী।
ধর্ম আচরিয়ে দবে স্বর্গ মধ্যে বদি॥
জপ তপ যজ্ঞ দান ত্রত শিক্টাচার।
বাঞ্চা না করিলে নাহি ফল পায় তার॥
পূর্বের দায়ুগণ দব গেল যেই পথে।
মম চিত্ত বিচলিত না হয় তাহাতে॥
জুমি বল বনে ধর্ম করিবে কেমনে।
বথাশক্তি তত আমি করিব কাননে॥
অন্থ্য পাপ কৈলে প্রায়শ্চিত্ত আছে তার।
বর্ম্মনিন্দা কৈলে প্রায়শ্চিত্ত নাহি আর॥
হর্তা কর্তা যেইজন দবার ঈশ্বর।
বাহার স্কুলন এই যত চরাচর॥
মামি কোন্ কীট তারে অমান্য করিতে।
জম নাহি আমার ইহাতে কোন মতে॥

যুধিষ্ঠির বাক্য শুনি ভীম ক্রুদ্ধতর।
করেন ধর্মের প্রতি কর্কণ উত্তর।
শুন মহারাজ আমি করি নিবেদন।
বার পুরুষের ধর্মা ত্যুজ কি কারণ।
করির প্রধান ধর্মান্তেজ দেখাইবে।
স্কুলবলে রিপু জিনি পৃথিবী ভুপ্পিবে।
কহ রাজা এই কর্ম্ম সম্মত কাহার।
গাবিন্দের মত কিবা ক্রুপদ রাজার।
করেধর্মে যুদ্ধে অরি করিবে নিধন।
তুই্টকর্মা তুই্টবৃদ্ধি রাজা তুর্য্যোধন।
তাহারে মারিলে পাপ নাহিক রাজন॥
আজ্ঞা কর নরপতি প্রসম হইয়া।
এক্সণে পৃথিবী দিব শক্তেকে মারিয়া।

ভীনের প্রতি যৃথিষ্ঠিরের প্রবোধ-বাকা।
রাজা বলে ভীম যাহা করিলে বিচার।
কপট এ ধর্মাচিত্তে না লয় আমার ॥
মেকুসম ধর্মা আমি লক্তিব কেমনে।
কন্তু নহে বৈরীজয় পাপ আচরণে ॥

ধর্মদথা বিনা নছে সহজে বিজয়।
বেদের লিখন যথা ধর্ম তথা জয় ।
হেন ধর্ম ত্যজিয়া অধর্ম আচরিলে।
কহ ভীম শক্রজম হইবে কি ভালে।
যুধিষ্ঠির ভীম সহ কথার সময়।
আইলেন তথা সত্যবতীর তনয়।

অজ্নের শিবারাধনার্থ হিমালয় প্রতে গ্রু

ব্যাদেরে করেন পূজা পাণ্ডুপুত্রগণে আশীর্কাদ করি মুনি বদেন আদনে ॥ যুধিষ্ঠিরে চাহি বলিলেন মুনিবর। শক্রগণে ভয় তব হয়েছে অন্তর ॥ তোমার হৃদয় ভাব জানিলাম আমি : সে কারণে হেথা আইলাম শীব্রগামী। অশুভ দময় গেল হইল প্রকাল। এক বিদ্যা দিব আমি লহ মহাপাল ॥ এই বিচা হৈতে হবে শিব দরশন। তোমারে সদয় হইবেন ত্রিলোচন ॥ নরঋষি মৃত্তি তব ভাই ধনপ্রয়। এই মন্ত্রবলে ক্ষিতি করিবে বিজয় 🗵 এই বন ত্যজি রাজা যাও অন্য বন ৷ এক স্থানে বহু বধ হয় মুগগণ ॥ বনে এক ঠাঁই বদি কোন কৰ্ম্ম নাই : তীর্থ দরশন করি ভ্রম ঠাই ঠাই। এত বলি একান্তে লইয়া মহামতি। যুধিষ্ঠিরে দেন বিহা নাম প্রতিক্সভি ॥ মন্ত্র দিয়া মুনিরাজ গেলেন স্বন্থান। মন্ত্র পেয়ে যুধিষ্ঠিরে হরিষ বিধান ॥ ব্যাস অমুমতি পেয়ে কুন্তীর নন্দন। ৰৈত্বন ভ্যক্তিয়া গেলেন সেইক্ষণ।। উত্তর মুখেতে সরস্বতী তীরে তীরে। গিয়া উভরিলেন কাম্যক বনান্তরে ॥ কতদিনে মুনিবাক্য করিয়া স্মরণ। নিকটে ভাকিয়া পার্থে বলেন বচন॥ ভীম দ্রোণ ভূরিশ্রবা রূপ কর্ণ দ্রোণি। সর্ববশাস্ত্রে বিশার্দ জানহ আপনি।।

মাগার কেবল ভাই তোমার ভরসা। 👸 হুমি উদ্ধারিবে করিয়াছি আশা ॥ দ সবারে জিনিতে হইল উপদেশ। ত্র তপ কর গিয়া দেবহ মহেশ॥ ন্ত বিস্যা আমারে দিলেন পিতামছ। 🕫 জুপি ত্বরিতে মিলহ শিব সহ ॥ ছন্দ্র অর্গন দেবগণ দিবেন দর্শন। ত দ্বারে দেবিয়া পাইবে অস্ত্রগণ।। প্রাক্তর ক্রেট্র বিত্ত দেবগণ। িছ নিজ অন্ত্ৰ ইন্দ্ৰে দিল সৰ্ব্বজন ॥ _{দর্ব অস্থ্র} পাবে ইন্দ্র তুষ্ট করাইলে। দ্রহত্ত হইবে জয় শিবেরে ভ**জিলে**॥ হিমাল্য গিরি আজি করহ গমন। ্লকটে তথায় দেখা দিবে ত্রিলোচন।। এত বলি দিব্য বিভা দিয়া সেইক্ষণ। অশৌষ করিয়া শিরে করেন চুম্বন॥ মজে: পুষে বাহির **হলেন ধনপ্তা**য়। গণের নিলেন ভূগ যুগল অক্ষয় II ^চিলেন ধনপ্তয় উত্তর সুথেতে। হর্ননে উত্তরেন হিমান্তি**স্পর্বতে**॥ স্মানির পার গন্ধমাদন ভূধর। গন্দ্রকীল গিরি হয় তাহার উত্তর॥ বছ ছাতে তথায় গেলেন ধনঞ্চ : শন্তালী হৈল ছেখা করহ **আশ্রে**য় 🛭 মতে পথ নাহি আছে ম**নুষ্য যাইতে** ৷ শুনি পার্গ মহাবারে রহিল তথাতে॥ ^{ংশকা}লে দেখিলেন জটিল তপস্থী। ^{মর্ড্}নেরে বলিলেন নিকটেতে আসি।। ্র কুমি কবচ খড়গা ধসু অন্তর ধরি। ি হেছু আইলে তুমি পর্বত উপরি॥ ^{१५} बद्ध क्लिंह, क्लिंह मेर छून। ^{দ্ব্যগতি} পেলে অস্ত্র কোন্ প্রয়োজন ॥ ^{বড়} তিক্সোবস্ত ভূমি এলে সে কারণ। ভনিয়া নিঃশব্দ হৈয়া রছেন জর্জ্জুন ॥ উত্তর না পাইয়া বলংয় জ্ঞটাধ্র। ^{বর মাগ ধনঞ্জয় আমি পুরস্কর ॥}

করযোড়ে অর্জ্জন মাগেন বর দান।
কুপা যদি কর তবে দেহ ধমুর্ববাণ॥
ইন্দ্র বলে হেথা আদি কি কাজ অন্তেতে।
দেবত্ব লইয়া ভোগ করহ স্বর্গেতে॥
পার্থ বলিলেন যদি ইন্দ্রপদ পাই।
তথাপি ত্যজিতে আমি নারি চারিভাই॥
অস্ত্র দেহ পুরন্দর কুপা করি মনে।
ইন্দ্র বলে আগে সিদ্ধ কর ত্রিলোচনে॥

কিরাভরণে হরণাকাতীর আগমন

হিমালয় গিরিপরে ইন্দ্রের নন্দন। করেন তপস্থা আরাধিতে ত্রিলোচন ॥ গলিত বৃক্ষের পত্র ভক্ষ্য পক্ষান্তর। কতদিনে মাদেকেতে খান একবার॥ কতদিন তুই চারি মাস একদিনে। কতদিন অৰ্জ্জন থাকেন বায়ুপানে॥ এক পদাঙ্গুলিতে রহেন দাণ্ডাইয়া। উদ্ধ হুই বাহু করি নিরালম্ব হৈয়। ॥ তার তপে তাপিত হইল গিরিবার্গ গন্ধৰ্বে চাৰণ সিদ্ধ যত মহাঋষি॥ **হরের চরণে নিবেদিল গিয়া সব**ः হিমালয়ে কেমনে থাকিব বল ভব। পর্বত তাপিত দেব অর্জনের তপে: আজ্ঞা কর খামরা রহিব কোনরূপে। গিরিশ বলেন সবে যাও নিজাপ্রয়ে আমি বর দিয়া শান্ত করি ধনপ্রয়ে॥ এত বলি মেলানি দিলেন স্ক্রিন। মায়ায় কিরাভরূপ ধরেন তথন ॥ কিরাত-গৃহিণীরূপা নগেন্দ্রন শিনী সেরপ হইল সব তাঁহার সঙ্গিনী॥ জয়ন্তী নামেতে ধন্ম পুর্চে শরাসন । অর্জুনের সম্মুখে গে**েন ত্রি**লোচন ॥ হেনকালে এক মধ্য বরাষ্ট আইল। গৰ্জিয়া অৰ্জ্জন পানে হরিত ধাইল 🖟 বরাহ দেখিয়া পার্থ গান্ডীব লইয়া সন্ধান প্রেন ধকুগুণ টকারিয়া॥

বলিলেন ডাকিয়া কিরাত ভগবান্। বরাহে তপস্বী ভূমি না মারহ বাণ ॥ স্মানিলাম দুর হৈতে ভাকিয়া বরাহ। ভূমি কেন বরাছেরে মারিবারে চাহ। না শুনিয়া পার্থ তাহা করি অনাদর। বরাহের উপর মারিল তীক্ষশর ॥ কিরাত যে দিব্য অন্ত্র মারিল শূকরে। ছুই অস্ত্রে যেন বজ্র পর্ববত বিদরে। গিরিশৃঙ্গ মূর্ত্তি যেন দেখি ভয়ঙ্কর। শায়া ত্যজি হইল দারুণ কলেবর॥ পার্থ বলে কে ভূমি যুবতীরুন্দ সঙ্গ। স্মামারে তিলেক তোর নাহিক ভ্রুভঙ্গ ॥ বরাহেরে অন্ত্র আমি মারি আগুয়ান। তুমি কি কারণে তারে প্রহারিলে বাণ॥ **এই** দোষে আমি তবে লইব পরাণ। হাসিয়া উত্তর করিলেন ভগবান॥ কোথা হৈতে কে তুমি আইলে তপাচারী এ.স্থুমিতে মুগয়ার আমি অধিকারী॥ মারিলাম আমি বাণ পড়িল শ্কর ! ेছুমি অন্ত্র কেন মার শূকর উপর॥ **অনুচিত কৈলে আ**র চাহ মারিবারে। যত শক্তি আছে তব মার দেখি মোরে॥ ্রেলাধে ধনপ্রয় অস্ত্র করেন প্রহার। ভাকিয়া কিরাত বলে আমি আছি মার॥ পুনঃ পুনঃ ধনঞ্জয় প্রহারয়ে শর। জ্ঞলদ বরিষে যেন পর্বত উপর॥ আশ্চর্য্য ভাবেন মনে এই দে অর্জ্বন। ইহার রতান্ত কিছু না জানি কারণ : কিবা যম পুরব্দর কিবা ভূতনাপ। শশুতে সহিতে পারে এই জন্ত্রাঘাত। ্য হৌক সে হৌক আমি করিব সংহার। ক্রোধেতে নিলেন বীর বাণ তীক্ষধার॥ শিবের মন্তকে বাজি হৈল চুই খণ্ড। পাষাণে বাজিয়া যেন পড়ে ইকুদণ্ড ॥ ষ্মন্ত্র ব্যর্থ গেল হাতে স্বস্ত্র নাহি স্থার। গাণীৰ ধসুক ল'য়ে করেন প্রহার ॥

হাসিয়া নিলেন ধনু কাড়ি ত্রিলোচন। ক্রোধে পার্থ শিলার্ম্টি করে বরিষণ। পর্ব্বত উপরে যেন শিলা চুর্ণ হয়। ক্রোধে প্রহারেণ মৃষ্টি বীর ধনপ্রয়॥ করিলেন ক্রোধে মৃষ্টি প্রহার ধৃৰ্জ্জটি। মুষ্ট্যাঘাতে শব্দ যেন হইল চটপটি॥ ভুজে ভুকে উরুতে ও চরণে চরণে। মল্লযুদ্ধ কণেক হইল তুইজনে॥ তুই অঙ্গ ঘর্ষণেতে অগ্নি বাহিরায়। অতি ক্রোধে ধুর্জ্জটি প্রহারিল তায়॥ মুত্রবৎ হ'য়ে পার্থ পড়েন ভূতলে। ক্ষণেক চেতন পেয়ে থাক থাক বলে ॥ যাবৎ না পুজি মম ইন্ট ত্রিলোচন ! এত বলি শিবলিঙ্গ করিয়া রচন ॥ পুঞ্জিয়া মৃত্তিকা লিঙ্গ দেন পুষ্পমাল! : সেই মালা বিভূষিত কিরাতের গলা। বিনয়ে করেন পার্গ করি প্রণিপাত্ত করিলাম গুরুতি যে ক্ষম ভূতনাথ ॥ শিব বলে যে কর্মা করিলে ধন্ঞয় : **দেবাস্তরে মান্তুয়ে 'কাহার' শক্তি ন**য় ॥ আমার সহিত সম করিলে সমর। তুমি আমি সম শক্তি নাহিক অন্তর 🖟 দিব্যচক্ষু দিব লহ দৃষ্ট হবে সব। এত বলি দিব্যচক্ষ দেন দেবদেব॥ দিব্যচকু পাইয়া দেখেন ধনপ্তয়। ঊমার সহিত উমাকান্ত দয়াময়॥ **অর্জ্বন ক**রেন স্তুতি যুক্তি হুই কর। জয় প্রভু জয় শিব জয় মহেশ্বর। ত্রিনেত্র ত্রিগুণময় ত্রিলোকের নাধ। ত্রিবিক্রমপ্রিয় হর ত্রিপুরনিপাত ॥ হেলায় করিলা প্রভু দক্ষযক্ত নাশ ইঙ্গিতে বিজয় কৈল মৃত্যু কালপাশ 🛚 নমো বিষ্ণুরূপ তুমি বিধাতার ধাতা 🔻 ধর্ম অর্থ কাম মোক্ষ চতুর্ব্বর্গদাতা ॥ **ৰজ্ঞানে** করিমু প্রস্তু অবিহিত কাজ ৷ **চরণে শরণ সই ক্ষম (দবরাজ ॥**

र्शिम् अर्ज्जुत (नव मिना जानिक्रन। ্বিলেন অজ্ঞানের প্রহার পীড়ন॥ শ্ব কন আপনারে নাহি জান তুমি। প্ৰকাৰণা কহি 😎ন যাহ। জ্ঞানি আমি॥ মরে। মহ তুমি নরঋষিরূপে। _{ংসংর} বরিলা অতিশয় **উগ্রতপে ॥** ্রের গাণ্ডীব ধনু আছম্বে তোমার। তাম বিনা ধরিবারে শক্তি আছে কার॥ ক্রাভিয়া লয়েছি আমি যোগমায়া-বলে। 🔢 হরিকু আমি এ ভূণযুগলে ॥ ্রর'প দেই **অন্তে পূর্ণ হবে তু**ণ। নিজ ধনু ভূগ তুমি ধরহ অর্জ্জুন ॥ 🖺 🕫 🕫 নাম আমি মাগি লও বর। 🏂নিয়া বলেন পার্থ যুড়ি তুই কর 🛭 🗽 ি রুপা আমায় করিলা গঙ্গাব্রত। 📭 😘 কর পাই **আমি অস্ত্র পাশুপত**॥ **ই**কুর বলেন তাহা লও ধনপ্রয়। ৰভূজন নহে শক্ত পাশুপত লয়॥ ে স্কুযুড়িলে লক্ষ লক্ষ অক্তাহয়। িক্রেশল কোটি কোটি গদা বরিষয়॥ 👫 ততে তোমার বশ হইলাম আমি । ্বীরিবারে যোগ্য **হও অস্ত্র লহ তুমি**॥ ^{ব্র}ির ব্যক্তের ধর নর**লোকে জন্ম।** ^{ই ৬}ত্রে ব'রবর সাধ দেবকর্মা॥ ত বলি মন্ত্ৰ সহ দেন ত্ৰিলোচন। তিনন্ত হয়ে **অস্ত্র আচল তথন**॥ ও দিয়া মছেশ বলেন পুনর্ববার। ^{ই হা}ন্ত্রে কারে পাছে করহ সংহার॥ ^{ট মন্ত্রে} রক্ষা নাহি পায় ত্রিভুবন। ^{যোগ্য} পা*হ*লে অস্ত্র করিবে ক্ষেপণ 🛭 ^{ভত্ন} বলেন দেব করি নিবেদন। ক্ষেত্র যুদ্ধেতে করিব। আগমন॥ বি কন সথা তব বৈক্ঠের পতি। রিহর এক আত্মা জান মহামতি॥ ^{ক্র-প্রি}বের যুদ্ধ হইবে যখন। ষ্টেত শাহায্য আমি করিব তথন 🛚

এত বলি হরি হর-হইলেন অন্তর্জান। অন্ত্র পেয়ে ধনপ্রয় আনন্দ-বিধান॥ আপনারে প্রশংসা করেন ধনপ্রয়। এত কুপা হৈলা হর শক্রকে কি ভয়॥

অর্জুনের ইন্সাগমে গমন

হেনকালে আসিয়া যতেক দেবগণ ৷ অৰ্জ্জ্ব উপরে করে পুষ্প বরিষণ॥ দক্ষিণে থাকিয়া ডাকি বুলে প্রেতপতি। মম বাক্য ধনপ্রয় কর অবগতি॥ বর দিতে তোমারে আইমু দেবগণ। লইয়াছ জন্ম তুমি শক্ত-নিবারণ॥ দেব দৈত্য অহ্বর যতেক প্রাথবাঁতে। দবে পরাভব হবে .তামার অক্সেতে॥ তব শত্রু আছে দেই কর্ণ ধনুর্দ্ধর। তব হস্তে হত হবে সেহ বারবর ॥ হের লও এই অস্ত্র অব্যর্থ সংস্থর। আমার এধান অন্ত্র দশুনাম ধরে ॥ এত বলি মন্ত্ৰ সহাদলা মহামতি। পশ্চিমে থাকিয়া ডাকি বলে জলপতি ॥ আমার বরুন পাশ অব্যর্থ সংসারে। এই যে দেখা যম নিবারিতে নারে॥ প্রীতিতে তোমাবে দিমু ধরহ অর্জ্জুন। ইহা হৈতে কর সনা বিপক্ষ-দলন ॥ উত্তরে থাকিয়া ডাাক কুবের বলিল। তোমারে অর্জুন হুইজনে অস্ত্র দিল।। ष्यस्कान यस धर लख वात्रवत्र। এহ অন্ত্র ভ্রিপুর বধিল মহেশর॥ মৃত্যুপতি জ্লপাত দিন যক্ষপাত। ডাকি বলে স্থ্রপতি মর্জ্বনের প্রতি 🛚 কুন্তাগর্ভে জাত তুমি আনার নন্দন। অন্থর বধিতে আমি দিব গস্ত্রগণ॥ এখনি পাঠাব রথ তোমারে লইতে। স্বর্গেতে আদি:ব ভূমি মাতলি সহিতে 🛭 এথা এলে পূর্ণ হবে তব প্রয়োজন। এত ৰলি চলি গেল সর্ব্ব দেবগণ 🛭

কতক্ষণে রথ ল'য়ে আইল মাতলি। খোর মেঘ মধ্যে যেন স্থগিত বিজলী॥ বায়ুবেগে অন্তত তুরঙ্গ রথ বয়। নিশাকালে হৈল যেন রবির উদয়॥ ভাকিয়া মাতলি বলে অর্জ্বনের প্রতি। ইন্দ্রের আজ্ঞায় রথে চড় শীব্রগতি॥ তোমা দরশন বাঞ্ছা করে দেবরাজ। আর যত উপস্থিত দেবের নমাজ॥ আনন্দে করেন পার্গ্র রথ আরোহণ। মাতলি চালায় রথ প্রব্ন গ্রমন॥ পথেতে দেখিল পার্গ দেবগুষিগণ। বিমানেতে আরোহণ যত পুণ্যজন॥ বিশ্বয় মানিয়া জিজাসিলেন অর্জ্জুন। কহ শুনি মাতলি এ দ্ব কোনু জন॥ রাজসূয় অশ্বমেধ আদি যত কৈল। সম্মুথ সংগ্রাম করি শরীর ছাড়িল ॥ সত্যবাদী জিতেন্দ্রিয় বহু দান দিল। দেবপূজা উগ্ৰতপ তীৰ্ণস্থান কৈল। দেই সব জন এই বিমানে বিহরে। বিনা পণ্যে নাহি শক্তি আসিতে স্বর্গেরে॥ তারা বলি ত্রৈলোক্যেতে ঘোষয়ে **মানু**ষে। পুণ্যক্ষয় হ'য়ে গেল হের দেখ খদে॥ প্রস্থা পীয়ে মাংস খায় গুরুদারা হরে। কনাচিৎ সে জন না আসে স্বৰ্গপুরে॥ আননের অর্জ্জুন সব করেন দর্শন। কোটি কোটি বিমানে বিহরে প্রণাজন॥ সিদ্ধ সাধ্য সেবে দেব মরুত অনল। সপ্তবস্থ রুদ্রগণ আদিত্য সকল॥ দিলীপ নহুদ আদি যত মহামতি। দেবঋষি রাজঋষি বহু দিদ্ধ যতি॥ অৰ্জ্জুনে দেখিয়া জিজ্ঞাসিল সৰ্ববন্ধন। কছ ত মাতলি এই কাহার নন্দন॥ পরিচয় দিয়া তবে মাতলি চলিল। বায়ুবেগে ইন্দ্রালয়ে উপনীত হৈল॥ ইক্রের বিচিত্র সভা বর্ণনে না যায়। শত চক্ত শত সূর্ব্য যেমন ঊদয়॥

রথ হৈতে নামিয়া চলেন নরবর।
ছই হাত ধরিয়া তুলিল পুরক্ষর॥
আলিঙ্গন চুম্ব দিল মস্তক উপর।
আসনেতে বদাইল দভার ভিতর॥
ইন্দ্র বিনা বদিবারে নারে অগ্রজন।
দেবঋদি মান্য যেই ইন্দ্রের আদন॥
এমত আদনে ইন্দ্র নদাইল কোলে।
মূহ্যু ভূ দহস্রেক নয়নে নেহালে॥
আসনে বদিয়া পার্থ পাইলেন শোভা।
পোদামিনী কোলে যেন দ্বিতীয় মহাবং॥
পুণ্যকথা ভারতের আনন্দ-লহরী।
ভানিলে অধর্মা ক্ষয় পরলোক তরি॥

ইক্রসভায় উকাশ্ ইত্যাদির নতা-গতি।

হেনকালে শতক্রতু, সর্জ্ঞানর প্রীতি 🤉 আজ্ঞা কৈল নুত্যের কারণ। বিশাবস্থ হাহা হতু. ইত্যাদি গদ্ধৰ্কা চিত্রদেন হুম্বুরু গায়ন॥ নানা ছন্দে বান্ত বায়, মধুর শুন্দর গ নূত্য করে যতেক অপ্সর। উন্বশী দ্বতাচী গৌরী, মিশ্রকেশী বিভ সহজ্ঞা মধুর স্থপর ॥ মোহিত যতেক গীত বাতো সবে ু আনন্দিত হইল স্থুরগণ। ভাবিয়া পূর্বের 🕆 অর্জ্জুনের স্লানমুখ, ভ্রাতৃমাতৃ করিয়া স্মরণ ॥ ক্ষণেক নয়নকোনে, চাছিলা উৰ্বাণী জানিলেন সহস্রলোচন। সবারে বিদায় নৃত্য গীত নিবারিল, নিজ্ধামে গেল দেবগণ॥

ষজ্নের প্রতি উর্মনীর ষভিশাপ চিত্রসেন ডাকিয়া বলিল পুরন্দর। পার্থেরে রহিতে স্থল দেহ মনোহর॥

দ্রর্কনীরে পাঠাইবে অর্জ্জনের স্থানে। বহি ক্রীড়। আদি যত করাও অর্জ্বনে॥ আজ পেয়ে চিত্রসেন পার্থে ল'য়ে গেল। 'দব্য মনোহর **হল রহিবারে দিল**॥ ব'5ত্র উত্তম শয্যা র**ত্নের আসন**। প্রতিষ্ঠা **হেতু নিয়াজিল বহুজন ॥** লবে চিত্রদেন গেল উক্বশীর স্থান। গ্রন্থনের গুণ কহে করিয়া বাথান॥ ৰূপে ওণে বু**দ্ধিবলে কৰ্ম্মে জপ তপে**। মগ্রনের **তুল্য নাহি বিশ্বে কোনরূপে**॥ এর হৃপ্তি হেছু আজ্ঞা কৈল পুরন্দর। মাজি নিশি উ**র্বেশী তাহার সেবা কর**॥ ইসং^{ক্ত} বলেন আমি ভালমতে জানি। ক্ষেত্রে কাতর অঙ্গ তাঁর কথা শুনি॥ অপেনার গৃহে তুমি যাও মহাশয়। তে অমি চলিলাম যথা ধনপ্রয়॥ 🕫 করি উর্ব্ধশী পরিল দিব্যবাস। ^{িন্দ্}রহাত মা**ল্যেতে বান্ধিল কেশপাশ**॥ ^{্লন} কন্তুরী **অঙ্গে করিল লেপন।** া মন্ধার **অঙ্গে করিল ভূ**ষণ॥ ^{দহত কপেতে মুনিজন-মন মোহে।} ^{মন বঙ্গে} হরে প্রাণ যার পানে চাহে॥ ^{প্ৰতিৰ} সকেশা প্ৰায় কা**ল অৰ্দ্ধ**নিশি। ংজ্যানর আলয়েতে চল্লিল উর্ববশী॥ ্বেগ্ৰ জানাইল অৰ্জুন গোচরে। ^{উঠ্জ হ}পারী আসি রহিয়াছে দারে॥ ^{ভত হই}লেন শুনি কুন্তীর নন্দন। • "েলে উৰ্বেশী আইল কি কারণ ॥ ^{উঠিছা} গেলেন তবে ইন্দ্রের কুমার। ^{উন্তর্}রে বিনয়ে করেন নমস্কার॥• বিয়া মানিয়া মনে উৰ্বেশী চাহিল। े '२२' श्रृतिल बाहि ऋत्य **खुलिल ॥** ^{5 ত্রনেন} যে বলিল ইন্দ্র-অনুমতি। েকে একে সব কথা কহে পাৰ্থ প্ৰতি॥ ্ক্রির আজ্ঞায় আমি আইনু হেথায়। ^{নজি} নিশি জীড়া কর লইয়া **সা**মায়॥

শুনিয়া অৰ্জ্জুন বীর কর্ণে হাত দিয়া। অধোমুথে মলিন কহেন শিহরিয়া॥ শুনিবার যোগ্য নহে তোমার এ বাণী। কেন হেন ছফ কথা কহ ঠাকুরাণী ॥ বারাসনা হও তুমি না হও প্রমাণ। উর্বিশী আমার পক্ষে জননী সমান॥ কহিলে যে ভূমি মোরে চাহিলা সভায়। যেই হেতু চাহি আমি কহিব তোমায়॥ পূর্বেব মুনিগণ মুখে ইহা শ্রুত ছিল। তোমার উদরে পুরুবংশ রৃদ্ধি হৈল॥ · এই হেন্তু বড়ই বিশ্বয় মানি মনে। পুনঃ পুনঃ চাহিলাম তাহার কারণে॥ পূৰ্বৰ পিতামহী তুমি মম গুরুজন। হেন অসম্ভব কথা কহ কি কারণ॥ উৰ্বিশী বলিল আমি নহি যে কাহার। স্ব-ইচ্ছায় যথা তথা করি যে বিহার॥ অকারণে গুরু বলি পাতিলে স**ম্বন্ধ**। রমহ আমার সঙ্গে দূর কর্ দৃন্দু॥ যত সব মহারাজা হৈল পুরুবংশে। তপ পুণ্যদলে সবে স্বর্গেতে আইদে॥ ক্রীড়ারদ করে দবে দহিত আমার। এ সব বচন কেই না করে বিচার ॥ তুমি কেন হেন কথা কহ ধনপ্ৰয়। করহ সামার গ্রীতি,খণ্ডাও বিশায় ॥ অর্জনুন করেন মম কুমি ঠাকুরাণী। গুরুবং পরমগুরু কুলের জননা॥ यथा क्छी यथा मान्ति यथा भनिन्तानी। ইহা সবা হৈতে তোমা গরিষ্ঠেতে গণি ॥ নিজ গুছে যাও মাতা করি সে প্রণাম। পুত্রবৎ জ্ঞান সামা কর অবিশ্রাম॥ শুনিয়া উর্বাশী-মনে ভন্তিল ভাপ। ক্রোধমুখে অর্জুনেরে দিল অভিশাপ॥ তব পিতৃ আজ্ঞায় আসিয়া তব গুছে। নিক্ষলা ফিরিয়া যাই প্রাণে নাহি সহে॥ না করিলা কাম পূর্ণ **পু**রুষের কাব্দ। এই দোষে নপুংসক হও জীর মাঝ॥

নর্ত্তকরপেতে র'বে মোর এই শাপ। এভ বলি নিজালয়ে গেল করি ভাপ॥ শাপ শুনি ধনপ্কয় চিন্তিত অন্তর। শোকে হুংখে রজনী বঞ্চিলা উজ্জাগর ॥ প্রাতঃকালে চিত্রদেন লইয়া সংহতি। করযোড়ে প্রণাম করেন স্থরপতি॥ নিশার রভান্ত যত কহেন অৰ্জ্বন। শুনিয়া বিশ্বায় হয় সহস্রলোচন॥ ধন্য কুন্তা তোমা পুত্র গর্ভেতে ধরিল। তোমা হৈতে কুরুবংণ পবিত্র হইল॥ শাপ হেতু চিত্তে হ্রঃথ না ভাব অর্জ্জ্বন। শাপ নহে তোমার এ হৈল মহাগুণ॥ অবশ্য অজ্ঞাত এক বৎসর রহিবে। সেইকালে নপুংদক নৰ্ত্তক হইবে॥ হইলে বৎদর পূর্ণ শাপ হবে কয়। শুনিয়া অৰ্জ্জন অতি আনন্দ-হৃদয়॥

ইক্রাপ্রে পোনশ ঋষির আগমন। নানা অস্ত্র শিক্ষা করে পার্থ ইন্দ্রপুরে। নৃত্য গীত বাদ্য শিখে চিত্রদেন ঘরে॥ একদিন স্থরপুরে লোমশ আদিল। ইন্দ্র দরশন ২েতু সভায় চলিল॥ দেখি ঋষি প্রণমিল দেব পুর্বন্দর। ইব্দ্র দত্ত দিব্যাসনে বসে মুনিবর ॥ ইন্দ্র সিংহাদনে পার্থে দুখি মুনিবর। বিস্থায় মানিল মুনি, চিন্তিত অন্তর ॥ যে আসনে বদিতে না পান দেবমুনি। কোন কর্মে কত্র হ'য়ে বদিল ফাল্পনি॥ ঋষির মনের কথা বুঝি পুরন্দর। বলিলেন কেন ঋষি আকুল অন্তর ॥ মনুষ্য হেরিয়া পার্থে ভ্রম হৈল মনে। তুমি কিনা জান মুনি আছ বিশ্বরণে 🛭 ধরণীর পরে ছের নর নারায়ণ। ভার নাশিবারে জন্ম নিলেন সুজন ॥ ৰান্তদেব নারায়ণ অজিত .য বিষ্ণু। नत्र-क्षिय পাগুৰের মধ্যে হৈল कि कु

কুস্তীগর্ভে জন্ম হৈল আমার অংশেতে। কেবল মনুষ্য নাম দেবতার হিতে॥ এখানে আসিল অন্ত্র শিক্ষার কারণ। দেবের অনেক কার্য্য করিবে সাধন। নিবাত কৰচ দৈত্য নিবদে পাতালে। তার সম যোদ্ধা নাই পৃথিবী মণ্ডলে। স্থরাস্থর তিনলোক জিতিল যে বলে। মহাস্থথে আছে দেই পশি রদাতলে ॥ তাহারে বধিতে শক্তি ধরে ধনঞ্জয়। পার্থ বিনা কার শক্তি ভার অগ্রে রয়; এ হেতু এখানে পার্থ থাকি কত দিনে গমন করিবে পুনঃ মনুষ্য ভবনে ॥ মম নিবেদন এক শুন তপোধন। কাম্যক বনেতে তুমি করহ গমন॥ আমার সকল কথা কবে যুধিষ্ঠিরে! অর্জ্জনের তারে যেন নাহি চিন্তা করে। বিষম সঙ্কটে স্থানে আছে তীৰ্থগণ। আপনি লইয়া সঙ্গে করাও ভ্রমণ ॥ **ভান্ন দ্রোণ হূবে যদি জিনিবারে মন**। তার্থস্থান করি ধর্ম্ম কর উপার্চ্জন ॥ স্বাকার করিল মুনি ইন্দ্রের বচন। ডাকিয়া মুনিরে তবে বলেন অর্জ্জুন॥ চলিল। কাম্যকবনে শুন তপোধন। ভায়ে দর বালবেন মোর বিবরণ॥ আপনি থাকিয়া সঙ্গে সব তার্থে যাবে। শাক্রমত স্নান দান করাইয়া লবে॥ রাক্ষদ–দানবগণ থাকে তার্থস্থানে। সঞ্চটে কারবে রক্ষা সত্ত আপনে॥ মহাভারতের কথা অমৃতের ধার। কাশী কহে ইহা বিনা স্থপ নাহি আর॥

> সঞ্জন-মূথে পাশুনের বিক্রম শুনিরা ধৃতরাষ্ট্রের থেক।

জিজ্ঞাদেন জন্মেজয় মুনিরে তখন। ধুতরাষ্ট্র শুনিল কি সব বিবরণ॥

দুনি বলে মহারাজ কর অবধান। হজুনের চরিত্র **শুনিল বহুস্থান**॥ হাশ্চ্যা শুনিয়া রাজা সঞ্জয়ে ডাকিল। বাংদের কথানুসারে জিজ্ঞাসা করিল॥ শ্রিলাম আশ্চর্য্য যে অর্জ্জুন কথন। ভূমি কি সঞ্জয় **জান কহ বিব**রণ॥ দুখু বলিল রাজা আমি সব জানি। ভারন্থর কথা রাজা অদ্ভুত কাহিনী॥ ্হমতে পৰ্ব্বতে শিব সহ যুদ্ধ কৈল। শশুপত অন্ত্র শিবে তুফ্ট করি নিল॥ ত্রের বরুণ যম যাচি দিল বর। ক্রিছ রথ দিয়া **স্বর্গে নিল পুরন্দর**॥ ভক্ত অশ্বাসনেতে বাসিল স্থারমাঝে। অনুর করিয়া **ইন্দ্র বসাইল কাছে** ॥ মতুষা কি ছার যারে দেবগণ পুজে। মনিগণ তাপিত যা<mark>হার তপ তেজে।।</mark> িব অস্ত্র মন্ত্র যত মঘবা শিখার। কতালনে দৈত্য মারি আসিবে হেথায়॥ 🥴 শুনি চমকিত অন্ধ নুমপণি। ্র শ্চয়া মানিল রাজা পার্থকথা শুনি॥ ৪ন্ট ভূর্য্যোধন কাল হইল আমার। প্রপিক্সু মাঝেতে পড়িন্সু পাকে তার॥ ^{হত্}নের অগ্রে জয়ী হবে কোন্জন। ক্রিণি কর্ণ **কুপাচার্য্য ব্রহ্ম গুরু দ্রোণ**। ্রত্তী দিব্যমন্ত্রে নির্দ্দয় অর্জ্জুন। িশ্যে দেবের বর পূর্ণ শতগুণ॥ ্রীপদীর কন্টানলে অনুক্রণ দহে। ^{ঘরগ্র} হইবে দগ্ধ নিবারণ নহে॥ ^{সপ্তর} বলিল রাজ। কি বলিলে তুমি। 👺 কহি যেই বাৰ্ত্তা পাইলাম আমি॥ ^{্রি}ন্টির বনে গেল শুনি নারায়ণ। সেইকণে বহুবলৈ করিল গম্<mark>ন ॥</mark> ^{ুন্ট}্যান্ন ধুন্টকেতু কেকয় নৃপতি। গ্রহনাত্রে অরণ্যে গেল শীঘ্রগতি ॥ ^{র্নিন্}টির বিভূষণ দেখি জটাচীর। ্*উক্*ষ **বলেন ক্রোধে কম্পিত** শরীর॥

যেইজন হেন গতি কঁরিল তোমার। রাজ্য ধন লইল অঙ্গের অলঙ্কার॥ সেই সব দ্রব্য তার সহিত জীবন। আনি দিব যবে আজা করহ রাজন॥ দ্রৌপদীর কেশে ধরে শুনিকু <u>শ্রবণে।</u> সভামধ্যে উপহাস কৈল হুন্টগণে॥ শৃগাল কুক্র মাংস আহারী সকল। কুরুকুল মাংদ ভঞে হবে কুভূহল।। যে যে উপহাস কৈল কৃষ্ণা-কন্ট দেখি। তীক্ষ অন্তে তাহার খুলিব গুই আথি॥ কৃষ্ণ ভাষাজ্জুন ধুন্টগ্ৰান্ন আদি যত। একে একে সবাই কাঁহল এইমত॥ যুধিতির ধর্মেরাজা কহনে না যায়। কতদিন রক্ষা পায় তাহার কুপায় ॥ যুধিষ্টির কহিলেন সকলি প্রমাণ। ত্রয়োদশ বৎসর হইলে সমাধান ॥ কুরু সভামধ্যে আমি করিত্ব নির্ণয়। আমার কি শক্তি তাহা খণ্ডন না বায়॥ এত শুনি নির্ণয় করিয়া সর্ববজন। প্রতিজ্ঞা করিল কুরু করিতে নিধন॥ নিয়ম করিয়া পূর্ণ রাজ্যে গেলে দবে। কেমনে নৃপতি শান্ত করিবে পাণ্ডবে॥ ধ্বতরাপ্ত বলে সত্য কহিলা সঞ্জয়। কলাচিত পাওুপুত্র শান্ত আর নয়॥ যথন ধরিল হুন্ট ড্রোপদার কেশ। তখন জানিমু বংশ হইল বিনাশ॥ বিধি মম কৈল অন্ধ যুগল নয়ন। দে কারণে আমারে না মানে ছর্য্যোধন॥ তুর্ব্যোধন তুঃশাসন দোঁহে তুরাচার। আর ছুই ছুক্ট দেয় আজ্ঞ। অবিচার ॥ ভার আমি দৈবগতি পুত্রবশ হৈনু। ন্যধুজন বচন শুনিয়া না শুনিসু॥ পশ্চাতে এ সব কথা করিব গ্রেরণ। এইরপে অনুশোচে অম্বিকানন্দন 🎚 মহাভারতের কথা হইল প্রকাশ। পাঁচালী প্রবন্ধে গায় কাশীরাম দাস 🛚

অর্জনের নিমিত্ত পাওবদিগের আক্ষেপ।

ছেথায় কাগ্যকবনে ধর্মের নন্দ্র। মুগয়া করিয়া নিত্য তোষেন ব্রাহ্মণ॥ পূর্বের রাজ। যুধিষ্ঠির যাম্যে রুকোদর। উত্তর পশ্চিমে তুই মাদ্রীর কুমার॥ মুগ্যা করিয়া আনি দেন কুফাস্থানে। দ্রোপদী জননাপ্রায় ভুঞ্জায় ব্রা**ন্সণে** ॥ সহস্ৰ সহস্ৰ দ্বিজ দবে ভুঞ্জি যায়। স্বামীগণে ভুঞ্জাইয়া পাছে কৃষণা খায়॥ হেনমতে দেই বনে অৰ্জ্জুন বিহনে। কুষ্ণা দহ পঞ্চবর্ষ ভাই চারি জনে॥ একদিন একান্তে বসিয়া সর্বজনে। শোকেতে আকুল-চিত্ত স্মরিয়া অর্জ্জনে॥ চারি ভাই কৃষ্ণা সহ কান্দেন সঘনে। कलधात्रा वरह मना यूगल नयरन ॥ রোদন সম্বরি ভীম রাজা প্রতি কয়। পার্থের বিচ্ছেদ তাপ না সহে হৃদয়॥ পার্থের যতেক গুণ প্রশংদে সংসারে। বহুমত গুণ ভাই ধনঞ্জয় ধরে ৷ তোমার আজ্ঞাতে সেই পার্থবীরবর : না জ্বানি যে কোন বনে গেল দে সত্বর। শোক-তঃথে গেল সে অগমা স্বর্গস্থল। বহুদিন তাহার না জানি যে কুশল। বনমধ্যে তাহার বিপদ যদি হয়। শ্রুতমাত্র প্রাণ আমি ছাড়িব নিশ্চয়॥ কৃষ্ণ প্রাণ ছাড়িবেন আর যতুগণ: পাঞ্চাল দেশেতে যত পাঞ্চাল-নন্দন। সবে প্রাণ দিবে রাজ। অর্জ্জুন বিহনে। পার্থ বিনা শরীর ধরিব কি কারণে ॥ যত কর্মা কৈল ধুতরাষ্ট্র-পুত্রগণ। অন্য জন হৈলে প্রাণ ত্যজি ততক্ষণ।। ক্ষণেকে মারিতে পারি, ঘুণাতে না মারি। যে ভায়ের তেজে রাজা হেন মনে করি॥ ইন্দ্র আদি নাহি গণি যে ভ্রাতার তেজে। ভূত্যপ্রায় খাটাইল যত মহারাজে 🛚

তব পাশাক্রীড়া হেতু শুন মহারাজ। ভাই ভাই ঠাঁই ঠাঁই হৈন্তু বনমাব।। এখনো সদয় হৈয়া ক্ষমিছ কৌরবে। ত্রয়োদশ ব**ৎসরান্তে অবশ্য মরি**বৈ॥ তবে কেন ছুফেরে এক্ষণে ক্ষমা করি। বনে কত তুঃখ পাই তাহারে না মারি॥ যদি কদাচিত পাপ জ্ঞাতিবধে হয় ! যজ্ঞদান করিয়া খণ্ডিব মহাশয়॥ নতুবা এ বনবাদ করিব তথন। অত্রে সব শত্রুগণৈ করিব নিধন॥ কপটে কপটী মারি পাপ নাহি তায়: **আজ্ঞা কর দূত গিয়া আনে বছরা**য় !! জগন্ধাথ দাথে করি মারি কুরুকুল: মথা কৃষ্ণ তথা জয় কিদে অপ্রতুল 🛚 এত শুনি ভীমদেনে করিল চুম্বন। শান্ত করি কহে রাজা মধুর বচন॥ যে কহিলে ব্যকোদর সকল প্রসাণ : কিদের আপদ যার সথা ভগবান !! কিন্ত হেন বেদবাণী মুনিগণে কয়। যথা ক্লম্ভ তথা ধর্মা তথায় বিজয় ॥ অধন্মী লোকের কৃষ্ণ সহায় ন। হয় ভাই বন্ধ হত দার। কেহ কিছু নয়। হেন ধর্মা না আচরি অধর্মা করিলে: নহিবে গোবিন্দ স্থা আমি জানি ভালে যে নিয়ম করিলাম খণাইতে নারি নিয়ম করিয়া পূর্ণ মার সব অরি 🛭 হেনমতে ভ্রাতৃসহ কথোপকথন। হেনকালে আইল বুহদশ্ব তপোধন॥ যথোচিত পূজিলেন পাণ্ডুর নন্দন। বিসবারে দেন আনি কুশের আসন 🖟 শাস্ত হ'য়ে মুনিরাজ বদিল তখন। যুধিষ্ঠির কছেন আপন বিবরণ ॥ মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম লাস কছে শুনে পুণ্যবান্॥

নলরাক্সার উপাথ্যান।

যুধিষ্ঠির বলে মূনি কর অবধান। আমার তুঃখের কথা নাহি পরিমাণ ॥ কপটে সকল মম নিল রাজ্যধন। জ্ঞানীর পরাইয়া পাঠাইল বন। য়ত ক্রেশ তঃখে আমি বঞ্চি যে হেথায়। রাজপুত্র হ'য়ে এত তুঃখ নাহি পায়॥ রাজার বচন শুনি হাসে মুনিবর। কতক্ষণে রহদশ্ব করিল উত্তর ॥ কি হঃখ তোমার হেথা অরণ্য ভিতর। ইন্দ্র চন্দ্র সম তোমা সঙ্গে দহোদর॥ ব্রহ্মার সদৃশ বি**জ সঙ্গে** শত শত। নাস দাসী আর যত তব অনুগত॥ এই হেতু হুঃখ রাজা না দেখি তোমার। তোম। হৈতে নল তুঃখ পাইল অপার॥ এত শুনি জিজ্যাদেন ধর্মোর নন্দন। কহ শুনি মহারাজ নল বিবরণ ॥ রাজপুত্র হয়ে আমা সমান ছুঃখিত। সবশ্য শুনিতে হয় তাহার চরিত॥ কহ শুনি মুনিরাজ তাঁহার কথন। কোন্ দেশে ঘর তাঁর কাহার নন্দন॥ ब्रम्य वरन छन धरधात नक्ता। েলামা হৈতে বড় দুঃখী নিষধ রাজন॥ নল নামে নরপতি বীরদেন-স্কৃত। ^{ইক্রে}র সদৃশ রাজা মহাগুণযুত ॥ রপেতে কন্দর্প তুল্য অতি জিতেন্দ্রিয়। নশস্বী তেজস্বী ধীর অক্ষে বড় প্রিয়॥ নিষ্ধ রাজ্যেতে নল মহাগুণবান্। বিদর্ভেতে ভীম রাজা তাঁহার সমান ॥ ^{বংশে}র কারণ রাজ। বড় চিন্তা মন । কতদিনে আইল তথা মহর্দি দমন ॥ পুত্র হেঠু ভার্য্যা সহ তাঁহারে পূজিল। হৃষ্ট হ'য়ে মুনি তাঁরে এই বর দিল॥ রূপেতে সংসারে নারী করিবে দমন। দুময়ন্ত্ৰী কন্সা পাবে বড় স্থলকণ 🛭

দমনের বরে কন্সা হৈল দমযুদ্ধী। যক্ষ রক্ষ দে⇒ নরে নাহি দেখি কান্তি॥ সমান বয়কা সঙ্গে যত স্থীগণ। मगग्रे बिकारि वाकारि व्यक्ति । দময়ন্তী সাক্ষাতে যতেক স্থীগণ। নিরবধি বাখানে নলের রূপ গুণ ॥ নলের চরিত্র শুনি ভীমের নন্দিনী। কাম-দাবানলে দগ্ধ যেমন হরিণী॥ দময়ন্তী-গুণ নল শুনি লোক-মুখে। সদাই অস্থির অঙ্গ শর বাজে বুকে॥ দময়ন্তা চিন্তাতে নলের মগ্র মন। কতদিনে দেখ তার দৈবের ঘটন।। অন্তঃপুর উন্তানে বিহরে ত্রঃখমতি। জলতটে হংদ এক দেখে নরপতি॥ নিকটে পাইয়া হংস ধরিল তথন ৷ রাজ। প্রতি বলে হংস বিনয় বচন ॥ ছাড়হ আমারে রাজা না কর নিধন। করিব তোমার হিত চিস্ত যে কারণ॥ ত্তব অমুরূপরূপ। ভাঁমের নন্দিনী। তার সহ মিলন করাব নৃপমণি॥ এতেক শুনিয়া রাজা হংদেরে ছাডিল। অন্তর্নীকে গতি পকী বিদগর্ভেতে গেল ॥ অন্তঃপুর মধ্যে যথা সর্বৌবর ছিল। সেইখানে গিয়া হংস খেলিতে লাগিল।। সেইক্ষণে দ্বয়ন্তী সহচরী দ্বে। পুষ্প তুলিবার ছলে আইল সেগানে। সরোবর মধ্যে হংস দেখি রূপবতী। ধরিবার মানদে চলিল শীঘগতি ॥ চহুর্দিকে বেড়ি হংদে ধরিল স্ত্রাগণে। বৈদভীরে কংহ হংস মন্ত্রম্য-বচনে॥ নিষধ রাজ্যেতে রাজা নল মহামতি। অধিনীকুমার রূপে নিন্দে রতিপতি॥ নরলোকে না দেখি তাহার রূপে গুণে। করাইব মিলন তোমার তার সনে ॥ সার্থক হইবে রূপ শুনহ বচন। নল নুপতিরে যদি করহ বরণ 🛭

্শুনিয়া ভৈমীর মন অনঙ্গে পীড়িল। বিধাতা আমার হেতু নলেরে স্টজিল॥ রল নৃপতিরে আমি করিব বরণ। ্রত বলি হংসকে পাঠান সেইগ্রুণ॥ কহিল সকল কথা নলের গোচর। 🦫 নিয়া উদ্বিশ্ন সে হইল নরবর ॥ যৈ হইতে হংসভাষা বৈদভী শুনিল। বলের ভাবনা করি সকল ত্যজিল॥ বিষণ্ণ বদন ভৈমী সহনে নিশ্বাস। িচ্যজিয়া আহার নিদ্রা সদাই হুতাশ॥ ায়মন্তী-চুঃখ দেখি সব সখিগণ। গ্রীম নুপে যতেক করিল নিবেদন॥ ণ্ডনিয়া নৃপতি বড় হইল চিন্তিত। িকান্ হেতু দময়ন্তী হইল তুঃখিত॥ ্যহাদেবী বলে কিবা চিন্ত নরবর। বৈতী হইল কন্যা কর সয়ন্বর ॥ ত্রনিয়া বিদর্ভপতি উদ্যোগী হৈল। াব্দ্যে রাজ্যে দৃত গিয়া নিমন্ত্রণ কৈল॥ দশে দেশে বার্ত্তা পেয়ে যত রাজগণ। িবদর্ভনগরে সবে করিল গমন॥ য়ে হন্তী পদাতিক পূরিল মেদিনী। ়ার্ত্তা পেয়ে আইলু যতেক নৃপমণি॥ ্বিনর্ভে আইল যত রাজ্যের ঈশ্বর। থোযোগ্য স্থানেতে বিদল নূপবর॥ 🎚 াহাভারতের কথা অমৃত-সমান। ্কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান্॥

দময়ঞ্জী স্বরস্থর।

দময়ন্তী-স্বয়ন্দর শুনিয়া সময়।
পুরাতন খাষি আদে অমর-আলয় ॥
নথোচিত বিধানে পূজিল স্বরেশর।
জ্ঞাসা কোপায় আছিল। মূনিবর ॥
আধি বলে গিয়াছিকু পৃথিবী মণ্ডল।
আশ্চর্য্য দেখিকু তথা শুন আখণ্ডল॥
বিদর্ভ রাজার কন্যা দময়ন্তী নামা।
দেব যক্ষ নাগ নরে দিতে নারে দীমা॥

হইয়াছে রূপেতে শোভিত ভুমগুল। চন্দ্ৰ মগ্ন হৈল দেখি বদন-কমল। ভীম রাজা করিল কন্সার স্বয়স্বর। নিমন্ত্রিয়া আনিল যতেক নুপবর॥ দময়ন্ত্রী-রূপ-গুণ শুনিয়া শ্রাবণে। নিমন্ত্রণে গেল কেহ, বিনা নিমন্ত্রণে ॥ নারদের বচন শুনিয়া দেবগণ। দময়ন্তীরূপে মগ্ন হৈল সর্ববজন ॥ পৃথিবীতে বৈদে যত রাজ-রাজ্যে**র** । অহনিশি আসিতেছে বিদর্ভ নগর। সদৈত্যে চলিল দবে পেয়ে নিমন্ত্রণ। পথে নল সহ ভেট হৈল দেবগণ ॥ দেখিয়া নলের রূপ বিশ্বায় অন্তর। দময়ন্ত্রী-বাঞ্ছা ত্যাগ করিল অমর॥ ইহা দেখি অন্যে না বরিবে কদাচন। এত চিন্তি নল প্রতি বলে দেবগণ॥ সাধু সর্বগুণাশ্রয় তুমি মহারাজ। সহায় হইয়া তুমি কর এক কাজ ॥ কৃতাঞ্জলি করি বলে নিষধ-নন্দন। কে তোমরা, আমা **হতে** কিবা প্রয়োজন। ইন্দ্র বলে আমি ইন্দ্র, ইনি বৈশ্বান শমন বরুণ এই জলের ঈগর॥ সবে আসিয়াছি দময়ন্ত্রী লভিবারে। সবাকার দূত হ'য়ে যাও তথাকারে ॥ কি বলে বৈদভী জানি আইদ সম্বরে। নলেরে এতেক বাক্য কহিল অমরে॥ রাজা বলিলেন তবে যাইতেছি আমি। কেমনে ভেটিব কন্সা অগম্য সে ভূমি॥ রক্ষকেরা পুররক্ষা করয়ে যতনে। এ বেশে পুরুষ আমি যাইব কেমনে॥ দেবগণ বলৈ আমা দবার প্রভাবে। না হবে বারণ তুমি অলক্ষ্যেতে যাবে॥ দেবগণ-বাক্য নল করিয়া স্বীকার। চলিয়া গেলেন দময়ন্তীর আগার॥ স্থীগণ মধ্যে দুমুম্মন্তীকে দেখিল। দেথিয়া ভাঁহার রূপ অজ্ঞান হইল 🛚

পূৰ্কে হংসমুখে রাজা যতেক শুনিল। দত্যতাবলি রাজা সকল মানিল॥ _{এল কৈখি দময়ন্তী} হৈল চমকিত। ্কবঃ এ পুরুষবর হেথা উপনীত॥ इक्त কিবা কামদেব অখিনীকুমার। ধুকু ধাতা হেন রূপ স্থজিল ইহার॥ ব'দতে আদন দিতে হৃদয়ে বিচারে। গাহদ ক্রিয়া **কিছু কহিতে না পারে**॥ কতকণে মন্দ হাসি কহে মৃত্রভাষে। কে তুমি পোড়াও মোরে ক**ন্দর্প হুতাশে**॥ ্কমনে আইলে হেথা কেহ না দেখিল। লক্ষ লক্ষ রক্ষকেতে যে পুরী রাখিল।। প্রনাদি দেবে মম পিতা দুও করে। এ চুর্গমে কিরূপে আইলে হেথাকারে॥ জা বলিলেন আমি নল বরাননে। .হথ মাইলাম আমি দেব-দূতপণে॥ ইন্দ্রগ্রি বরুণ যম পাঠান আমারে। স্বাকার ইচ্ছা বড় **তোমা লভিবারে**॥ ^{এই} হেতু তব পুরে করি আগমন। প্রের প্রভাবেতে না দেখে কোনজন ॥ ্রন্ত, বলে দেবগণ বন্দিত সবার। ্ষ করেণে তাঁ সবারে করি নমস্কার 🎚 ^{নৈজ}ল হেখার আসিছেন দেবগণ। পর্কের নল ভূপতিরে করেছি বরণু। ^{হ'দম্}থে পূর্<mark>বের আমি বর</mark>েচি তোমায়। কেমনে আমায় ভ্যাগ কর নৃপরায়॥ কায়মনোবাক্যে রাজা তুমি মম পতি। ্তাম। ভিন্ন বিষ অগ্নি জলে মম গতি॥ ^{নল বলে} যেই দেবে পৃজে দর্ব্বজন। ^{তপ্র} করিয়া বাঞ্চে যার দরশন ॥ ^{নহুর্ত্তে}কে স্থূমগুল বিনাশিতে পারে। ^{্চনজন} বাঞ্চে তোমা ত্য**জ**়েকন তাঁরে ॥ ইন্দ্র দেবরাজ দৈত্যু দানবমর্দন। ইত্রলোক্যের উপরে যাহার প্রস্থুপণ॥ ^{শচীর} সমান হবে যাঁহারে বরিলে। ংন দেব ত্যজি কেন মনুষ্য ইচ্ছিলে॥

দিকপাল বৈশ্বানর স্বাকার গতি। যাঁর ক্রোধে মুহুর্তেকে ভস্ম হয় ক্ষিতি ॥ জলেশ্বর বরুণ ও নর-অন্তকারী। কেমনে বরিবা অন্যে তাঁরে পরিহরি॥ কন্যা বলে অন্যে মোর নাহি প্রয়োজন। তুমি ভর্তা তুমি কর্তা করিতু বরণ॥ শুভকার্য্যে বিলম্ব না কর মহামতি 🛭 গলে মাল্য দিতে রাজা দেহ অমুমতি॥ নল বলে ইহা সম নাহিক অধৰ্ম 🗆 দূত হ'য়ে কেমনে করিব হেন কর্ম।। এত শুনি বৈদভীর বিষধ-বদন। ছুই চক্ষু অঞ্চপূর্ণ করেন রোদন॥ পুনঃ বলে দময়ন্তী চিন্তিয়া উপায়। বরিব তোমারে দোধ নহিবে তাহায়॥ দেবগণ সহ তুমি এলে স্বয়ন্বরে। তাঁ দবার মধ্যে আমি বরিব তোমারে॥ এত শুনি নল রাজা করিল গমন। দেবগণে দকল করিল নিবেদন ॥ কেহ মানা না করিল তব অমুগ্রহে। দেখিলাম দে কন্সারে অন্তঃপুর-গৃহে॥ কহিলাম সবাকার যে সব সন্দেশ। প্রবন্ধেতে রূপ গুণ বিভব বিশেষ॥ কারে না চাহিয়: কতা। আদরে ইচ্ছিল। আসিবার কালে পুনঃ এমত বলিল॥ দেবগণ দক্ষে এদ স্বয়ম্বর স্থানে। তোমায় বরিব তা সবার বিগ্যমানে॥ বৈদভীর চিত্ত বুঝি সর্বব দেবগণ। নলের সমান বেশ হৈল সর্বজন॥ এইরূপে দেবগণ নলের সংহতি। স্বয়ন্দ্রর স্থানে চলি গেল শীঘগতি॥ মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যান॥

নময়ন্ত র বিবহে :

বয়ন্বরে আইল যতেক দেবপণ। নথাযোগ্য স্থানেতে বদিল সর্ববিজন ॥

ছুলে শীলে রূপে গুণে একই প্রকার। বিবিধ রতন অঙ্গে শোভে সবাকার॥ চবে বিদভির রাজা হেরি শুভক্ষণে। ময়ন্তী আনাইল সভা বিগ্নমানে ॥ দখিয়া মোহিত হইল সব রাজগণ। ষ্টিষীতা হরিলেক সবাকার মন॥ ত যত মহারাজ আছিল সভায়। বিচিত্র পুত্তলিপ্রায় একদৃষ্টে চায়॥ রল বিনা দসয়ন্তী অন্যে নাহি মন। ,কাথায় আছয়ে নল করে নিরীক্ষণ॥ রক স্থানে দেখি ভৈমী সবার ভিতর। মলের আকার পঞ্চ পুরুষ স্থস্বর ॥ ার্ণেতে নলের সম নাহি কিছু ভেদ। দেখি দময়ন্তী চিত্তে করে বড় খেদ ॥ গ্রঞ্চনল দেখিতেছি বরিব কাহারে। চ্চিদ্যে করিল চিন্ত। বঞ্চিল আমারে॥ দৈবলিঙ্গে নরলিঙ্গে বিভেদ আছয়। ্দিৰমায়া বলে কিছু সেও ব্যক্ত নয়॥ ইপায় না দেখি ভৈমী বিচারিল মনে। ক্লরযোড়ে স্তবন করিল দেবগণে॥ তামরা যে অন্তর্য্যামি জানহ সকল। গ্রুবের হংসমুখে আমি বরিয়াছি নল॥ প্রসন্ন হইয়া মোরে সবে দেহ বর। ফ্রাত হ'য়ে পাই আমি আপন ঈশ্বর॥ ্রবদভীর নির্ণয় জানিয়া দেবগণ। শাপন আপন চিহ্ন করান দর্শন ॥ মনিমিষ নয়ন সে স্পান্দন্হীন কায়া। শিষ্কান কুস্থম অঙ্গে নাহি অঙ্গহায়া ॥ ংবদর্ভি জানিল তবে এ চারি অমর। াল নরপতি দেখে ভূমির উপর॥ ুন্টা হয়ে শীঘ্রগতি মালা দিল গলে। ্বাধু সাধু দেবতা গন্ধৰ্বলোকে বলে॥ টবে নল নরপতি প্রসন্ন হইয়া ন **মুময়ন্তী প্রতি বলে আখাস** করিয়া ॥ াবৎ শরীরে মম থাকিবেক প্রাণ। ্ট্রীবৎ ধরিব ভোমা প্রাণের সমান ॥

नलारत रेवपिक यरव कत्रिल वर्त्रण। দেখিয়া সম্ভষ্ট হৈল যত দেবগণ ॥ তৃষ্ট হ'য়ে ইফ বর দিল চারিজন। অলক্ষিত বিছা দিল সহস্রলোচন॥ অমৃত দিলেন তবে জলের ঈশ্বর। যথায় চাহিবে জল পাবে সরোবর॥ অগ্নি বলে যাহা ইচ্ছা করিবে রন্ধন। বিনা অগ্নি রন্ধন হইবে সেইক্ষণ॥ . প্রাণিবধ বিতা দিল সূর্য্যের নন্দন। অন্ত্র তুণ ধনু দিয়া করিল গমন ॥ নিবর্তিয়া স্বয়ন্তর গেল সবে ঘরে। **फ्रायुखी ल'रय (अल नल न्द्रवर्द्ध ॥** দময়ন্তী বিনা রাজা অন্যে নাহি মতি। কুভুহলে ক্রীড়া করে যেন কাম রতি॥ वर् यञ्ज कतिला, कतिला वर्षमान । পুণ্যবলে নাহি কেহ নলের সমান॥ মহাভারতের কথা পরম পবিত্র। আরণ্যকে অনুপম নলের চরিত্র॥

নলের শরীরে কলির প্রবেশ ন

স্বয়ন্থর নিবর্তিয়া যান দেবগণ। পথেতে দ্বাপর কলি ভেটে চুইজন॥ জিজ্ঞাসিল তুইজনে যাও কোথাকারে। কলি কছে যাই বৈদভীর স্বয়ন্তরে॥ সে কন্যার রূপ গুণ শুনিয়া শ্রাবণে i প্রাপ্তি ইচ্ছা করি তথা ঘাই চুইজনে 🖁 হাসি ইন্দ্র বলিলা নিরত স্বয়ম্বর। নলেরে বরিল। ভৈমী সভার ভিতর ॥ এত শুনি ক্রোধে করি বলে আরবার 🗄 দেবস্বামী ত্যব্জিয়া বরিল নর ছার॥ এই হেতু দণ্ড আমি করিব তাহারে। প্রতিজ্ঞা করিসু অমি তোমার গোচরে : দেবেরা বলেন তার দোষ্কনাহি তিল। আমা দবাকার বাক্যে বরিলেক নদ ॥ নলের চরিত্র কিছু কহনে না যায়। সংসারের যত গুণ বঞ্চে নলাশ্রয়॥

ন্মুদ্র গভীর ছিল স্থির ছিল মেরু। পুথিবতৈ ক্ষমা ছিল চক্ত ছিল চারু॥ দ্বাবে ছাড়িয়া নলে বরিল আ<u>শ্র</u>য়। জ্ঞ সভা তৃপ্ত দেব যা**হার আ**লয়॥ ান্তারতী দৃঢ়প্রীতি তপঃ শৌচ দান। রকার মাঝে নলের বাধান।। হন নলে দুঃগদাতা হবে যেই জন। বপুল জংখেতে মাজিবেক সেইজন ॥ এত বলি দেবগণ করিল গমন। কলি আর দাপর চিন্তুয়ে মনে মন ॥ হত এণ নলের বলিল হ্ররপতি। ্তন জনে দিবে দণ্ড কাহার শক্তি॥ কলি বলে তুমি মম হইবে সহায়। ্চম্যন দণ্ডিব মনে করিব উপায়॥ অলপাটি হবে তুমি সহায় আমার। কলি ্বালে দ্বাপর করিল অঙ্গীকার॥ এতক বিচারি দোঁহে করিল গমন। নলের সহিত কলি থাকে অনুক্ষণ॥ নূপতির পাপ ছিদ্র খুঁজি নিরন্তর। ্ষ্মহতে গেল দিন দ্বাদ্ধ বংসর॥ একলিন নরপতি সন্ধ্যার কারণে। অন্ন শৌচ কৈল পদে ভ্ৰম হৈল মনে॥ ^{ছিন্ন} পেয়ে প্রবেশ করিল কলি দেহে। নিজ বন্ধিহীন **হৈল রাজা রাজ**গৃহে॥ প্রদর নামেতে ছিল রাজার সোদর। ^{ত হোর} সদনে কলি চলিল সত্তর ॥ কলি বলে অবধান করহ পুষ্কর। নৈভব বাঞ্ছ যদি মম বাক্য ধর॥ নলের সহিত পাশা থেল গিয়া তুমি। ^{স্চায়} হইয়া তব জিনাইব আমি ॥ র্কালর অখাদ পেয়ে পুক্ষর চলিল। খেলিব দেবন বলি নলে বার্তা দিল।। ধতেক শুনিয়া নল পুক্রের দম্ভ। অহঙ্কারে কণেক না করি বিলম্ব **॥** পণ করি খেলিতে লাগিল ছুইজন। হিরণ্য বিবিধ ধন রক্তক কাঞ্চন ॥

পুক্তরের বশ অক্ষ দ্বাপর প্রভাবে। না হয় অন্যথা যেই যাহা নাগে যবে॥ পুনঃ ক্রোধে পণ ক্রিলেন রাজা নল। মতিচ্ছন্ন হইল না বুঝে সাধাজাল।। স্থহদ বান্ধব মন্ত্রী যত পুরক্তন। কার শক্তি নাহিক করিতে নিবারণ 🛚 তবে যত বস্থগণ একত্র হইয়া। দময়ন্ত্রী স্থানে সবে জানাইল গিয়া॥ মহাদ্রঃথ উৎপাত আনেন নরপতি। কর গিয়া আপনি নির্ভ তুমি সতী॥ এত শুনি দময়ন্তী বিষধবদন। অতি শীঘ্র নুপস্থানে করিল গমন। রাজারে বলিল ভৈমী বিনয় বচন। সন্ত্রীসহ দ্বারে আছে অমাভ্যের গণ॥ কলিতে আচ্ছল রাজা নাহি শুনে বাণী। মাথ। তুলি ভৈনারে না চাহিল আপনি।। পুনঃ পুনঃ বলে ভৈমী বারিতে নারিল। জ্ঞানহত হৈল রাজা নিশ্চয় জানিল ॥ নিজ নিজ গুছে দবে গেল পুরজন ! অন্তঃপুরে গেল ভৈমী করিয়া রোদন॥ হেনমতে নল রাজা খোলি বহুদিন। ক্ৰমে ক্ৰমে সকল বৈভব হৈল হীন। অঙ্গ বিনা মলের নাহিক অন্য মন। সকল তাজিয়া য়াজা খেলে অনুকণ ॥ দেখিয়া বৈদৰ্ভা মনে আতম্ব পাইল। রহংসেনা নামে পাত্রা ছাকিয়া আনিল।। শীন্ত্র আন বাঞ্চেয় সার্থিরে ভাকিয়। : আজামাত্র গেল ধাতা আরতি বুবিয়া। সেইকণে আইল সার্থি বিচকণ। সার্থি দেখিয়া ভৈনা বলয়ে বচন।। সর্বনাশ হেতু পথ করিল রাজন। এই মহাতাপে তুমি করহ তারণ ॥ ইন্দ্রদেন পুত্র আর কন্স। ইন্দ্রদেন।। মম জ্ঞাতিগৃহে রাখি আইস চুজুন।॥ বিলম্ব না কর হুমি আন শাঁজগতি। আজ্ঞামাত্র রথ সাজি আমিল সারপি॥

রপে চড়াইল ছই কুমার কুমারী।
মুছুর্ত্তেকে উত্তরিল কুণ্ডিন নগরী।
রথ অস্ব সহিতে রাখিয়া রাজপুরে।
পুনঃ গেল বাষ্ণে য় সে নিষধ নগরে॥
পুণ্যকথা ভারতের শুনে পুণ্যবান্।
কাশীদাস বিরচিল নলের আখ্যান॥

নলের বনে গ্রম ও সময় জী তথ্য।

পুক্রের সহ পাশা পেলি রাজা নল। ক্রমে ক্রমে রাজ্যধন হারিল সকল।। বসন ভূষণ আর রত্ন অলক্ষরে। সকলি হারিল রাজা কিছু নাহি আর॥ হাসিয়া পুক্ষর তবে বলিল বচন। খেলিব কি আছে আর শীদ্র কর পণ।। **অবশে**ষে তব কিছু নাহি দেগি আর। রাণী দময়ন্ত্রী পণ কর এই বার 🛭 **এতে**ক শুনিয়া ক্রোপে লোহিত লোচন ! '**নাহি**ক কহিতে শক্তি বিষধ্ৰবদন॥ **তবে রাজ। ব**দ্র রত্ন য_া ছিল শরীরে। বাহির করিয়। দব দিলেন পুষদ্রে। **অঙ্গের ভূ**ষণ যত ফেলিল খু**লিয়া**। **চলিলেন মহা**রাজ একবস্ত্র হৈয়।॥ **আজ্ঞা দিল পুক্ষর আপন অসুচ**রে: এই কথা জ্ঞাত কর নগরে নগরে॥ **নল** রাজ। বাইবেন সন্নিকটে যার। মলেরে রাখিলে তার সবংশে সংহার॥ শাক্তামাত্র রাজ্যে রাজ্যে জানাইল চর। **য়াজ-আজ্ঞা শু**নিয়া লোকের হৈল ভর॥ ্তিন দিন ছিল নল নগর ভিতর । ্যাজার ভথেতে কেহ না যায় নগর॥ ক করে জিজ্ঞাস। তারে না যায় নিকটে। ্ৰুধায় ভৃষ্ণায় নল গেল নদীতটে॥ ঠন রাত্রি দিনান্তরে করি জলপান। ঠ্বারপর বনমধ্যে করিল প্রাণ ॥ **গ্রাছু পাছু দম**য়ন্তা করিল গমন। মরণোর মধ্যে প্রবেশিল তুইজন।।

বহু দিন কুধা তৃষ্ণা শরীর পীড়িত। বনমধ্যে স্বৰ্ণপক্ষী দেখে আচন্দ্ৰিত॥ পক্ষী দেখি আনন্দিত ভাবিল রাজন। মাংস ভক্ষি পক্ষী বেচি পাব বহুধন॥ ধরিবারে উপায় চিন্তিল মনে মন। পক্ষীর উপরে ফেলে পিন্ধন বসন ॥ বস্ত্র ল'য়ে উড়িল মায়াবী বিহঙ্গন: আকাশে উড়িয়া বলে আরে মতিভ্রম ॥ সর্বনাশ কৈনু অকে ভ্রম্ট করি জান। আমি কলি দাপর বলিয়া এবে জান। আমা সবা এড়ি ভৈনা বরিল ভোমারে তাহার উচিত ফল দিলাম উহারে ম এত শুনি ভৈমী বলিলেক নলে। যতেক কহিলে পক্ষী ভাবণে শুনিলে। অকে যেই হারাইল সেই বস্ত্র নিল! বিস্ময়ে আমারে প্রিয়ে জ্ঞানহত হৈল ॥ এখন যে বলি শুন তাহার কারণে। এই যে দেখহ পথ যাইতে দক্ষিণে॥ অবন্তীনগরে লোক যায় এই পথে। এই যে দেখহ পথ কোশল যাইতে॥ এই পথে যাও প্রিয়ে বিদর্ভ নগরে। শুনিয়া হইল ভৈমী কম্পিত অন্তরে॥ রোদন করিয়া ভৈমী কহে রাজা প্রতি তব বাক্য শুনি মম স্থির নহে মতি॥ রাজ্যনাশ বনবাদ বিবস্ত্র হইয়া। ক্ষুধা তৃষ্ণা মহাত্রঃখ-সাগরে ডবিয়া॥ সব পীস্রিবা আমি থাকিলে সংহতি। আমারে ত্যজিতে কেন চাহ নরপতি॥ ভার্য্যার বিহনে রাজা নাহি স্তথ লেশ। আমারে ত্যজিলে বনে পাবে বড ক্লেশ।। নল বলিলেন সত্য যতেক কহিলে। ভাষ্যা সম মিত্র আর নাহি ক্ষিতিতলে॥ ত্যজিবারে পারি আমি আপন জীবন। তোমা ত্যাগ না করিব জানি কদাচন॥ ভৈমী বলে মোরে যদি ত্যাগ না করিবে। বিদর্ভের পথ কেন দেখাইয়া দিবে ॥

এই (ইত শক্ষা মম হতেছে রাজন। ের ছাড়ি গেলে মম নিশ্চয় মরণ॥ उठ दक्का विन बाङ्गा यिन नय भरत । বিল্ভনগরে চল যাই **তুইজনে** । ্রুত্রের দেখিলে পিতা হবে হর্ষিত। কুর্ত্ত তোমারে পুজিবে নিত্য নিত্য ॥ দল বলে নহে দেবি যাবার সময়। েব্ৰেশ কুটুম্ব-গৃহে উচিত না হয়।। ছাপনি জানহ তুমি স্বয়ন্ত্রর কালে। হব পিত্যুহে থেকু চতুর**ঙ্গ দলো**॥ শবম বন্ধার গুড়ে যায় যদি দীন। শক্ত সম হই**লেও হয় মানহীন**॥ মনহারে থাকি, তপ করিব কাননে। । গ হৈয়: বন্ধুগৃহে না যাব কখনে॥ চবে পুনঃ পুনঃ ভৈমী অনেক কহিল। াক ন শুনিল রাজা, নিশ্চয় জানিল।। মান্ত বিদ্ব ছিল ভৈমী করিয়া পিন্ধন। মট বস্তু মারিয়। পরিল জুইজন ॥ িছ্য ব্যবেন স্বামী ভয় করি মনে। । রবস্থা উখ্যে পরিল সে কারণে॥ ^{হতে}ে চলিতে নারে যান ধীরে ধীরে। ^{হিণ্} ইফার ভ্রমে **তুর্বল শ**রীরে॥ ি এক স্থান রাজ। দেখিল কাননে। ির্ভু'ত হইয়া **গুইল চুইজনে**॥ িক্রুড় করিয়া ভৈমী ধরিয়া রাজারেন ্রি সাম ছাড়ি যায় সভয় অন্তরে॥ K< ওকুমারী বছ দিন নিরাহার।। िद्राद भगवनी देशन ज्वानहाता॥ ে মন্তাপিত নল নিদ্রা নাহি পায়। ि ^{विदृद्}तिल (य **रिवन**की निजा याग्र ॥ ^{্যার} মরণ্যে ভৈমী দঙ্গে যদি থাকে। ^{ছ কুপে} নিত্য নিত্য মজিবেক শোকে॥ মিরে না দেখি কোন পথিক সংহতি। মে ক্রমে যা**ইবেক পিতার বদতি**॥ ^{হুংখ-সনুদ্র} হৈতে হইবে মোচন। ৰিও একাকী হৈলে যাব যথ। মন॥

তপশ্বিনী পতিব্ৰতা ভকতি আমাতে। এরে কে করিবে বল, নাহি ত্রিজগতে॥ কলিতে আচ্ছন্ন রাজা হত নিজ জান। দময়ন্তী ত্যব্জিব করি অনুমান ॥ একব্স্ত্র আচ্ছাদন দোঁহাকার কায়। মনে চিন্তে কি করিব ইহার উপায়॥ পাছে জাগে দময়ন্ত্ৰী চিন্তিত বাজন। ভাবিত হইল বড কি করি এখন 🗉 কেষনে ত্যজিব আমি একবন্ত্র পর।। শরীরে আছিল কলি হুফ্ট খরতর।॥ জানিয়া রাজার মন ধরে খণুগরূপ। সন্মুখে হেরিয়া খড়গ হর্ষিত ভূপ ॥ অস্ত্র ল'য়ে পরাবস্ত্র ছেদ্দ করিল। মায়াতে মোহিত রাজ। আকুল হটল ॥ ধীরে ধীরে তথা হৈতে গমন করিল। কতদূর হৈতে তবে বাহুড়ি আইল ॥ দেখিল বৈদৰ্ভি নিদ্ৰা যায় ঋচেতন। ব্যাকুল হইয়া রাজা করয়ে ক্রন্দন॥ সিংহ ব্যান্ত লক্ষ লক্ষ এ হোর কাননে। কি গতি হইবে প্রিয়ে আমার বিহনে॥ ্ছে সূর্য্য পবন চন্দ্র বনের দেবতা। তোমা সব রক্ষা কর আমার বনিতা ॥ এত বলি নরপতি করিল গমন। পুনং কতদূর হৈতে ফিরিল রাজন ॥ কলিতে আছন্ন রাজা হুই দিকে মন। ভার্য্যান্সেহ ছাড়িতে না পারে কদাচন 🛊 দময়ন্তী ত্রুংথ তুঃখী কহিছে জন্তুরে। অনাথ। করিয়া প্রিয়ে যাই যে ভোমারে॥ श्रनत्रि विधि यक्ति कत्रत्य घटेन । দেখিব তোমায়, নছে এই দরশন ॥ এত চিন্তি নরপতি আকুল হৃদয়। পাছে দময়ন্তী জাগে পুনঃ হৈল ভয় ॥ অতি বেগে চলিয়া যাইতে সেইকণ। প্রবেশ করিল গিয়া নির্জ্জন কানন ॥ মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান ॥

দমর্শ্বীর কোপে ব্যাধ ভক্ষ।

কভক্ষণে দময়স্তী নিদ্রা অবশেষে। নিদ্রাভঙ্গে দেখিলেন স্বামী নাহি পাশে॥ মূচ্ছিতা হইয়া ভৈমী ভূমিতলে পড়ি। ধূলায় ধুসর হইয়া যায় গড়াগড়ি॥ উঠিয়া সঘনে চতুর্দ্দিকে ধায় রড়ে। নাথ নাথ বলি উচ্চৈঃস্বরে ডাক পাড়ে॥ অনাথা ডাকিছে, কেন না দেহ উত্তর। কোন দিকে গেলে প্রভু নিষধ ঈশ্বর॥ কোন দোষে দোষী আমি নহি তব পায়। তবে কেন আমারে ত্যজিল। মহাশয়॥ ধার্ম্মিক বলিয়া তোমা কহে দর্বলোকে। তবে কেন নিদ্রিত ছাড়িয়া গেলে মোকে। লোকপাল মধ্যে পূর্ব্বে সত্য কৈলে প্রভু। শরীর থাকিতে তোমা না ছাড়িব কভু॥ সত্যবাদী হ'য়ে সত্য ছাড় কি কারণ। লুকাইয়া আছ কোথা দেহ দরশন॥ তুঃখ-সিন্ধু মধ্যে প্রভু কেন দেহ তুঃখ। অতি শীঘ্ৰ এস নাথ দেখি তব মুখ॥ ক্ষুধার্ত্ত ফলের হেতু গিয়াছ কি বনে। তৃষ্ণাৰ্ত্ত হইয়া কিবা গেলে জলপানে॥ এত বলি বনে বনে ভৈমী পর্য্যটিয়া। ক্ষণে উঠে ক্ষণে বৈদে ক্ষণে যায় ধাইয়। ব্যাত্র সিংহ মহিধ শুকর যত ছিল। লক্ষ লক্ষ চতুর্দ্ধিকে তাহারা বেড়িল॥ স্বামী অম্বেষিয়া ভৈষী বনে বনে ভ্ৰমে। অকন্মাৎ সন্মুখেতে দেখে ভুজঙ্গমে ॥ বিকট দশন তার বিকট গর্জন। ভৈনীরে দেখিয়া অহি বিস্থারে বদন॥ বিপরীত মৃত্তি অহি দেখিয়া নিকটে। 🕟 হা নাথ বলিয়া ডাকে পড়িয়' সঙ্গটে ॥ আর না দেখিব প্রভু তোমার বদন। নিশ্চয় হইফু কালদর্পের ভক্ষণ॥ উক্তিঃম্বরে কান্দে দেবী করি অর্জিনাদ। দূরেতে থাকিয়া তাহা শুনে এক ব্যাধ॥

শীত্রগতি আদে ব্যাধ দেখি অজগর।
ছইথান করিল মারিয়া তীক্ষণর ॥
দর্প মারি মৃগজীবী বৈদর্ভীরে পুছে।
কে তুমি একাকী ভ্রম এ কানন মাঝে॥
দম্পূর্ণ চন্দ্রমা-মুথ পীন-পয়োধর।
বচন অমৃতে ব্যাধে বিদ্ধে থরশর॥
কামাতুর হৈয়া যায় ভৈনী ধরিবারে।
ব্যাধেরে দেখিয়া ভৈনী কহিল অন্তরে॥
দত্যশীল নল রাজা যদি মোর পতি।
নল বিনা অন্তে যদি নাহি থাকে মতি॥
এ পাপিষ্ঠ পরশিতে না পারে আমায়:
এখনি হউক ভস্মরাশি ছুরাশয়॥
এতেক বলিতে ব্যাধ ভস্ম হৈয়া গেল।
স্বানীর উদ্দেশে সতী বৈদ্ভী চলিল॥

ন্মরস্তীর পতি অধেষণ ও স্থবাত নগার বৈধরিক্টবেশে স্থিতি।

মহাঘোর বনে গিয়া করিল প্রবেশ ! নানাজাতি পশু তথা দেখায়ে বিশেষ। সিংহ কোল ব্যান্ত দ্বিপ খড়গী কৃষ্ণদৰে মৃগ মৃগী দেখে আর মহিষ মার্জ্জার 🛚 শল্লকী নকুল গোধা মৃষিক বানর। নানাজাতি গগনে পরশে তরুবর॥ শালতাল পিয়াল যে অৰ্জ্জুন চন্দন। শিমূল গর্জার জাম কদম্ব কাঞ্চন ॥ খদির পাণ্ডবী পিচুমদ কোবিদার। শাকট কপিথ যে অশ্বথ বট আর 🛚 নোয়াড়ী বদুরী বিঞ্চি বছেড়া পর্কটি ! **অ**শোক চম্পক কেন্দু তিড়িম্বীক কাটি বাপী সর তড়াগ সিন্ধুর সম নদী। নানা ঋতু রম্যন্থান বহু রত্ননিধি॥ যত যত দেখে ভৈনা অস্তে নাহি মন স্বামী অন্থেষণে ভ্ৰমে গহন কানন। যারে দৃষ্টি করে ভৈমী জিজ্ঞাদে তাহারে দেখিরাছ মম প্রাম্ভু গেল কোথা কারে।

নুদ্র প্রভু মম বিশাল লোচন। ত্র বুগা **ভুজ অর্দ্ধাঙ্গ বদন**॥ _{সিংহ} মহাতেজা বনের ঈশ্বর। র রুৱান্ত যত **তোমার গোচর**॥ কঃ প্রাণনাথ গেল কোন দিকে। হ কোনার স্থানে এই ভিক্ষা মাগে॥ নূর কে মহা সরিৎ দেখিল। হ ক্রিয়া তারে ভৈমী জিজাসিল। ভিণী কহিয়া স্বামীর সমাচার। ল করহ ভূমি হৃদয় আমার 🛚 ায় কিশেষ **প্রামে আকুল শরীর।** পানে আসিয়াছিলেন তব তীর ॥ া হৈতে গেল ভৈমী না পেরে উত্তর। ট উচ্চতর এক দেখে গিরিবর ॥ েবে জিজাদে ভৈমী করিয়া ক্রন্সন। e উচ্চতর **শৃঙ্গ পরশে গগন**॥ ূর তব দৃষ্টি যায় **শৈলবর**। ্ষরে কোথায় **আছেন প্রাণেশ্বর**॥ দেন স্তত প্রভু নিষধ-ঈশ্বর। িল কি প্রাণনাথে কহ গিরিবর॥ া হৈতে চলিলেন উত্তর মুখেতে। র সাশ্রমে যান তৃতীয় দিনেতে॥ ^{হারী} বাতাহারী দীর্ঘ গোঁপ দাড়ি। পদ সৰ্পবং নথ যেন বেড়ি॥ ্ন্যভা তাঁরে ভূমিষ্ঠ হইয়া। ি করিয়া রহে অগ্রে দাঁড়াইয়া॥ ^{রংদে} ভৈমীরে মুনি মধুর বচনে। টুমি কি হেতু কর ভ্রমণ কাননে॥ ^{ন্তু: ব'লে} আমি পতি-বিরহিণী। ^{বনে হা}রালাম মম পতিমণি॥ ^{্নি মুনিরাজ আ**খাস করিল**।} ^{কর রোদন} তব ছুঃখ শেষ **হৈল**॥ ^{ইবেক} স্বামী পুনঃ পাবে রাজ্যভার। ^{কন্ত} সহ **হুখে বঞ্চিবে অপার**॥ ^{বলি} ঋষিবর অন্তর্জান হৈল। ^{ন্য মানিয়া} তবে বৈদৰ্ভী চ**লিল**॥

যাইতে যাইতে দেখে এক নদীকূলে। বহু দ্ৰব্য সঙ্গে ল'য়ে বহু লোক চলে॥ ভৈমীকে দেখিয়া লোক বিশ্বায় মানিল। বিপরীত দেখি কেহ ভয়ে পলাইল।। জিজ্ঞাদে দয়ার্দ্র হ'য়ে তবে কোন জন। কে তুমি একাকী ভ্রম নির্জ্জন কানন॥ বৈদভী বলিল নহি পিশাটা রাক্ষসী। স্বামী অন্তেষিয়া ভ্ৰমি আমি ত মানুষী॥ অরণ্যের মধ্যে স্বামী ছাড়ি গেল মোরে। সত্য কহ তোমর। কি দেখিয়াছ তাঁরে ॥ এতেক শুনিয়। বলে বণিকের গণ। তোমা ভিন্ন এ বনে না দেখি অন্যজ্জন॥ চেদীরাজ্যে যাব মোরা বাণিজ্য কারণ। আইস মোদের সঙ্গে যদি লয় মন ৮ আশ্বাস পাইয়া ভৈমী চলিল সংহতি। সেই পথে অস্বেষিয়া যায় নিজ পতি॥ হেনমতে কত পথে এক রম্যন্থলে। এক গুটি সরোবর শোভিত কমলে॥ শ্রমযুক্ত উত্তরিল বাণিজ্য কারণ। সেই নিশি তথায় বঞ্চিল সর্বজন॥ নিশাকালে হস্তীগণ জলপানে এল। নিদ্রিত আছিল পথে চরণে চাপিল॥ দশনে চিরিল কারে শুণ্ডে জড়াইল। বণিকগণের মধ্যে মহাগোল হৈল ॥ প্রাণভয়ে কোনদিকে যায় কোন জন। দময়ন্ত্রী করিলেন রুক্তে **আ**রোহণ ॥ রজনী প্রভাত হৈলে যে ক্থোনে ছিল চারিদিক হৈতে আসি একত্ত মিলিল ॥ ভয় পেয়ে তথা হৈতে যায় শীস্ত্রগতি। কতদিনে চেদিরাজ্যে উত্তরিশ সতী॥ বিবর্ণবদন। কুশা ভাঙ্গে অর্দ্ধবাস। ধূলিতে ধুদর কায় ঘন বছে খাদ ॥ বন হৈতে নগরেতে করিল প্রবেশ। চতুর্দ্দিকে ধায় লোক দেখি তার বেশ। যুব। রুদ্ধা নগরেতে যত নারীগণ। চতুর্দ্দিকে বেড়িয়া চলয়ে সর্ববক্তন ॥

কেছ বা কৰ্দ্দম দেয় কেছ দেয় ধূলা। বৈদর্ভীরে বেড়িয়া হইল লোক মেলা॥ স্থবাহু রাজার মাতা প্রাদাদে আছিল। দময়ন্তী দেখিয়া ধাত্রীরে আজ্ঞা দিল।। হের দেখ এক নারী নগরে আইদে। মলিনা বিবর্ণরূপা বেষ্টিত মানুষে।। শীব্র গিয়া ভাহারে আনহ মোর স্থানে। আজ্ঞামাত্র ভৈমীকে আনিল সেই স্থানে॥ ভৈমীকে দেখিয়া জিজ্ঞাদিল রাজমাতা। কহ নিজ পরিচয় কাহার বনিত। ॥ দময়ন্তী বলে শুন কহি গে। রাজমাই। জাতিতে মামুধী আমি সৈরিক্সী বলাই॥ দ্যুতে হারি স্বামী মম পশিল কাননে। অপ্রমিত গুণ তাঁর না যায় কথনে॥ সঙ্গেতে ছিলাম আমি ছাড়িলেন মোরে। তারে অন্বেধিয়া আমি আইকু নগরে॥ এত বলি দময়ন্তী করুয়ে রোদন। আশাসিয়া রাজমাতা বলয়ে বচন॥ না কান্দহ কন্সা তুমি মন কর স্থির। ত্রব হ্রঃখ দেখি মম বিদরে শরীর॥ পাইবে স্বামীর দেখা থাক মোর বাসে। লোক পাঠাইব তব পতির উদ্দেশে॥ ভৈমী বলে এত যদি করুণ। আমারে। তবে দে থাকিতে পারি তোমার মন্দিরে॥ পুরুষ সহিত মম নহিবে কথন। পুরুষের স্থানে না পাঠাবে কদাচন।। না ছুঁইব উচ্ছিষ্ট না দিব পদে হাত। পর্ববাপর ব্রত মম কহি রাজমাতঃ॥ বন্ধ বিজ পাঠাইবে স্বামী অন্বেষণে। এতেক করিলে রহি তোমার সদনে॥ সেইরূপ হইবে বলিল রাজমাতা। ডাকিল স্থনন্দা নামে আপন তুহিতা॥ রাজমাতা বলে তবে তনয়ার প্রতি। সথ্য কর তুমি এই স্থন্দরী সংহতি ॥ কাশীরাম বিরচিল করি গীত ছন্দ। সঙ্গুন রসিক জন প্রিয় মকরকা॥

কর্কট নাগের দংশনে নলের বিক্কতি আক্র হেথা ভৈমী ছাড়ি পরি অর্দ্ধ দট্ট **চ**लिल नृপতি नल । পাছু নাহি ১৪ বায়ুবেগে ধায়, অঙ্গে বহে শ্রমজল। হেনকালে শুনি, দাবানল স্ব রাথ রাথ নলরাজ। **ওহে পুণ্যক্লোকে, রক্ষা ক**র মেণ্ডে পুড়ি মরি অগ্নিমাঝ ॥ শুনি দয়াময়, ডাকে- হঞ স্থারণ কে করে মোরে। শুনি ফণিপতি, কহে নল প্রতি িনিবেদি ছুঃখ তোমারে॥ আমি নাগরাজ, অনন্ত সমুগ্ কর্কট নামে ভুজঙ্গ। সদা পুড়ি ভংগ, নারদের শাপে, অচল হইল অঙ্গ॥ শেষ হৈল ছঃখ, দেখি তব 🕫 শাপান্ত করিল মূনি। **সত্ত্**র উৰ্ভ : বিলম্ব নাকর, দহে দারুণ আগুনি॥ শরীর সাম্প্র পর্ববত আকার, দেখি পাছে কর ভয়। সম্বরিব হওঁই তুমি পরশিতে, না হইবে শ্রম তায়॥ দয়াম্য করি শুনি নরপতি, আনিল অনল হ'তে। নাগরাজ হয় পাইয়া অভয়, সথ্য হইল তব সাথে॥ শুন মহার'ই তব শ্ৰম কাজ্ কোলে করি মোরে লহ ৷ গণি পদে প্রা বিপুল শবদে, কতদূর ল'য়ে যাহ॥ **भटन** भटन ग[ि]। তার বাক্য শুনি, मण চরণ চলিল।

দংশিলেক ফণী, 🗀 লে ডাক শুনি, চাডিয়া অস্তর হৈল॥ স্থাধৰ্ম হৈল, লে বলে ভাল, স্থারে দংশন কর। জাতীয় স্বভাব, ্তি সাম তব, উপকারী লোকে মার 🛚 না ভাব ছুৰ্গতি. বলে নাগপতি, করিয়াছি উপকার। হৈল নরপতি, কুংসিত মূর্তি, অঙ্গ দেখ আপনার॥ কভু ভাল নয়. ভাগের সময়, ভূপতি-ল**ক্ষণ রূপ**। ্কঃ নালকিবে, যথায় যাইবে, যে হেতু হৈল বিরূপ ॥ ্ৰ ইচ্ছা মনে, আমার স্মরণে. আ**পন রূপ পাইবে।** রেজা দাহপর্ণ পালে চতুৰ্ব্বৰ্ণ, তাহার সারথি হবে॥ বৈদ্যারূপদী, তোমার প্রেয়দী, খারে। তনয় তন্যা। ∤কু৺লে ভেটি**বে**ু পুনঃ রাজা হবে, নিয়ধ **রাজ্যেতে গিয়া**॥ এংক কহিয়া, বস্ত্র এক দিয়া, অন্তৰ্দ্ধান হ'য়ে গেল। ন্রগর বচন, শুনিয়া রাজন, गरगाभाभूती **ठ**िनन ॥ খ'বত কমল শ্রেবণ মঙ্গল, সাধুজন করে আশ। ক্ষানামুজ, কুষ্ণপদাস্থল, বন্দি কহে কাশীদাস॥

মান ক্রিবরে বাছক নামে নল রাজার অবস্থিতি। তবে নল নরপতি দশম দিবদে। মানোধ্যায় প্রবেশ করিল কত ক্রেশে॥ বিজার স্থারে গিয়া বলে নরপতি। মানুষ্টা নাহি কেহ অশ্বশিক্ষাকৃতী।

বাহুক আমার নাম শুন মহামতি। নিষ্ধ রাজার আমি ছিলাম সার্থি॥ আর এক মহাবিদ্যা জানিহে রাজন। বিনা অনলেতে পারি করিতে রন্ধন॥ এত শুনি নরপতি করিল আখাদ। যথোচিত চাহ দিব রহ মম পাশ॥ যত অশ্বপালের উপরে হবে পতি। যে বাঞ্জিবে তাহা দিব থাকিবে সংহতি। এত শুনি নল রাজা রহিল তথায়। দিবদ রজনী রাজা নিদ্র। নাহি যায় ॥ অন জল নাহি রুচে পত্নীরে ভাবিয়া। সদা ভাবে কোথা গেল দুময়ন্তী প্রিয়া। না জানি দে কি করিল আমার বিহনে। নিরাহারে নিরাশনে আছে কোন স্থানে॥ কতেক কান্দিল প্রিয়া মোরে না দেখিয়া। কোন কর্মা করিলাম নিষ্ঠুর হইয়া॥• ভয়ঙ্কর সিংহ ব্যাঘ্র নির্জ্জন কাননে। একাকিনী বনে রাণী বঞ্চিবে কেমনে॥ পতিব্রতা অনুরক্তা আমাতে সতত। হেন ক্ৰা ছাড়িয়া আমি বাঁচি মূত্ৰত ॥

দমর্ম্বরি পিরাখনে গমন ও নতের উদ্দেশ।
ভার্য্যা সহ গেল নল অরণ্য ভিতর।
দৃত্যুথে বার্ত্তা পান ভাম নরবর॥
শুনিয়া শোকার্ত্ত বড় ভীম নরপতি।
সহস্র সহস্র দ্বিজ্ব আনি ক্রান্তগতি॥
দিব্যুগণ প্রতি রাজা বলিল বচন।
নল দময়ন্ত্রীর করহ অস্বেয়ণ॥
অস্বেয়ণ করিয়া কহিবা বার্ত্ত: আসি।
সহস্র সহস্র গাভী দিব রক্ত ভূষি॥
গ্রাম দেশ ভূমি দিব নানা রক্ত ধন।
স্তাম দেশ ভূমি দিব নানা রক্ত ধন।
স্তাম নামতে দ্বিজ্ব ভ্রমি নানা দেশ।
স্তান্ত রাজীর গৃহে করিল প্রবেশ॥
বহুদিন থাকি তথা পাইল উদ্দেশ।
রাজগতে আছে নারী সৈরিক্তীর বেশ॥

ব্লাব্রুগৃহে গিয়া তবে বিজ বিচক্ষণ। निकटि देनतिक्को छाकि करत्र नित्रीक्रण ॥ ठक्काननी विभागाकी मीर्च मूक्करकभा। চারু পীনপয়োধরা হ্বনাশা হ্ববেশা॥ পদ্ম যেন বিচলিত হস্তী দস্তাঘাতে। চন্দ্র যেন বিদলিত সিংহিকেয় দাঁতে॥ কিতি মধ্যে না দেখি ইহার রূপ সমা। এই যে দৈরিক্সী হবে বিদর্ভ চন্দ্রিম। ॥ স্বামীর বিচ্ছেদে কুশা বিবর্ণবদনী। ক্ষণেক চিন্তিয়া তবে বলে দ্বিজমণি॥ মম দিকে বরাননে কর অবধান। স্থদেব ব্ৰাহ্মণ আমি ভ্ৰাতৃদথা জান ॥ তোমারে চাহিয়া ভ্রমি দেশ-দেশান্তর। চারিদিকে গিয়াছে ব্রাহ্মণ বহুতর॥ কন্য। পুত্র হুই তব আছে শুভতরে। ত্তব শোকে পিতা মাত। প্রাণমাত্র ধরে॥ এত শুনি দময়ন্তী করয়ে রোদন। 🗢 নিয়া আইল যত পুরনারীগণ ॥ ব্রাহ্মণের বাক্য শুনি দৈরিক্সা কান্দিল। বার্ত্তা পেয়ে রাজমাতা বিপ্রে জিজ্ঞাদিল।। কাহার তন্য়। এই কাহার গৃহিণী। কি কারণে স্থানভ্রন্টা হৈল প্রভাবিনী । যদি তুমি জানহ বলহ বিজবর। শুনিয়া স্থদেব তাঁরে করিল উত্তর॥ বিদর্ভ ঈশ্বর ভীম তাঁহার হুহিতা। পুণ্যকশ্লোক নলরাজা তাঁহার বনিতা॥ নিজ ভর্তা রাজ্য দেশ পাশায় হারিল। অরণ্যে পশিল গিয়া কেছ না দেখিল। মম ভাগ্যে তব গৃছে পাই দেখিবারে। জ্র-মধ্যেতে তিল দেখি চিনিমু ইহারে॥ এত শুনি রাজমাতা আপনা পাশরে। দময়ন্তী কোলে করি অশ্রুজন ঝরে ॥ এতকাল অজ্ঞাত আছহ মম ঘরে। কি কারণে পরিচয় না দিলা আমারে॥ তোমার জননী গো আমার সংহাদরা। স্থদাম রাজার কন্সা ভগিনী আমরা॥

বীরবাহ্ব মম পতি ভীম তব পিতা ৷ এ কারণে তুমি মম ভগিনী ছহিত।।। শুনি দময়স্তী তবে প্রণাম করিল। বিনয় পূৰ্বক তাঁরে কহিতে লাগিল॥ পিতৃ-মাতৃবিহীন যুগল শিশু,আছে। জনক জননী মম হুঃখ পাইতেছে 🛚 আজ্ঞা কর আমারে গো করিতে গমন শুনি রাজমাতা আজ্ঞা দিলা দেইকণ॥ দিব্য বস্ত্র অলঙ্কারে করিয়া হুবেশ। দিব্যরথ দিয়া পাঠাইল নিজ দেশ। স্থদেব ব্রাহ্মণ সঙ্গে চলিল তথন। নানা দেশ ভূমি গেল পিতার ভব্ন ॥ শুনিল ভামের পত্নী আইল তন্য়।। উৰ্দ্বযুথে ধায় রাণী মুক্ত কেশ হৈয়া 🗉 পিতা মাতা পুজ কন্মা কৈল সম্ভাষণঃ একে একে মিলিল যতেক বন্ধজন। ভোজন করিয়া ভৈমা করিল শয়ন । একান্তে কহেন মায়ে করিয়া ক্রন্দন জায়ন্ত আছি হে আমি না করিং মনে কেবল আছয়ে তকু নলের কারণে॥ নিশ্চয় নলের যদি ন। পাই উদ্দেশ। অনলের মধ্যে আমি করিব প্রবেশ ॥ এত শুনি মহাদেবী রাজস্থানে গিয়া কন্যার যতেক কথা কহিল কান্দি।। নলের বিচ্ছেদে কন্যা প্রাণ ন। রাণিবে কন্যার বিচ্ছেদে মম প্রাণ কিসে র'বে। এত শুনি নরপতি আনি দ্বিজগণে চতুৰ্দ্দিকে পাঠাইল নল অস্বেধণে॥ সব বিজগণে তবে বৈদর্ভী ডাকিল। সবাকারে এইরূপে বচন বলিল। একাকা নির্জ্জনে লৈয়া চিরি অর্দ্ধ সাড় কোন্ দোষে ছাড়ি গেলা অনুরক্তা ^{নাই} যেই দেশে যেই গ্রামে করিল পয়ন সেই কথা জিজ্ঞাসহ সবে সেই স্থান ইহার উত্তর যদি দেয় কোনজন। ক্রত আসি আমারে কহিব। সেই^{ক্রণ}

ইহার সংবাদ মোরে যেই আসি দিবে। নিশ্চয় জানিও সেই ভৈমীকে কিনিবে॥

সম্প্রীর পুনঃ স্বয়স্থর শ্রবণে ঋতুপর্ণ রাজার বিদর্ভদেশে
গ্রম এবং নলের দেহ হইতে কলি ভ্যাগন।

ত্ত্বে বহুদিনেতে পর্ণাদ নামধর। নুমুমুন্ত্ৰী নিকটে কহিল ৰিজবর॥ ভ্ৰমিলাম ব**হুরাজ্য কত লব নাম।** গ্রহপর্ন নামে রাজা অযোধ্যায় ধাম।। ্ৰেমত বলিলা তুমি শুনাইসু তায়। ন: করিল প্রত্যুত্তর ঋতুপর্ণ রায়॥ সভায় বসিয়া রাজা করিল শ্রেবণ। শুনিয়া না কৈল কিছু রাজমন্ত্রিগণ ॥ বাহুক নামেতে এক রাজার সারথি। বিনা অগ্নি করে পাক বিকৃতি আকৃতি 🛚 শুনিয়: সে মুত্রমূ ত্র করিল ক্রন্দন। কুশল ভোমার জিজাদিল পুনঃ পুনঃ॥ পশ্চাতে আমারে দেই করিল উভর। "কুলস্ত্রীর ধর্মা এই শুন দ্বিজবর॥ সত সংধা পতিব্ৰতা নারী বলি তারে। কদ্যাচ পতির দোষ প্রকাশ না করে ॥ ম্পাকিবে। ধনহীন হয় যদি পতি। স্বধন্ম অসংকশ্ম করে নিতি নিতি॥ শতীনারী পতিদোষ কথন না ধরে। ্ন লোৰ ঢাকিয়া পুনঃ গুণ ব্যক্ত করে॥" শুনি ভার বাক্য আইলাম শীঘগতি। করহ উপায় যেই মনে লয় মতি ॥ এত শুনি দুময়ন্তী অঞ্চপুৰ্ণমুখী। কহিল সকল কথা জননীরে ডাকি॥ শুন গে। জননি মম হিত যদি চাও। ^{প্রদে}বেরে একবার অযোধ্যা পাঠাও॥ পর্ণাদেরে কহে দিয়া বহু রত্ন গ্রাম। নিজ গৃহে দ্বিজ গিয়া করহ বিশ্রাম॥ ্য করিলে ভূমি ভাহা কেছ নাহি করে। নল এলে যাহা ৰাঞ্ছা দিব তা তোমারে॥

প্রণাম করিয়া ছিজে বিদায় করিল। **ऋरमव खाञ्चार**भ जाकि रेवमर्जी विन्न ॥ যাও বিপ্র অযোধ্যা নগরে একবার। অসময়ে আমার করহ উপকার ॥ এই পত্র দাও গিয়া ঋতুপর্ণ প্রতি। বিশেষিয়া রাজারে করাও অবগতি ॥ দময়ন্তী ইচ্ছিল দ্বিতীয় স্বয়ন্বর। যতেক নুপতি গেল বিদর্ভ নগর॥ বহুদিন হইল স্বয়ন্বরের আরম্ভ। যাহ যাহ ক্রত যাহ না কর বিলম্ব॥ যদি রাজা বলে তার স্বামা নল ছিল। ইহা তবে কহিবা না জানি কোথা গেল।। জীয়ে বা না জীয়ে নল না পাইল বাৰ্তা। দে কারণে বৈদভী ইচ্ছিল অন্য ভর্তা ॥ এত শুনি চলিল হ্রদেব দ্বিজবর। কতদিনে উপনীত অযোধ্যানগর॥ কহিয়া ভৈগীর কথা পত্রখানি দিল। পত্র পেয়ে ঋত্বপর্ণ বাহুকে ডাকিল। অশ্বতত্ত্ব জান তুমি সর্বলোকে জানে। বিদর্ভ যাইতে কি পারিব। রাত্রিদিনে॥ আজি নিশা প্রভাতে উদয় তিমিরান্তে। ভীমপুর্লী ভৈমী বরিবেক অন্য কান্তে ॥ এত শুনি নল রাজ। হইল বিস্মিত। দময়ন্ত্রী করে হেন কর্ম্ম কদাচিত। মুহূর্ত্তেক নিজ চিত্তে করিয়া ভাবনা। নিশ্চয় জানিলা এই মিপ্যা প্রবঞ্জন। ॥ কোন স্ত্রী এমন নাহি করে কোন দেশে। তন্য তন্যা তুই আছুয়ে বিশেষে ৷ সতী সাধবী দময়ন্তী ভক্তি যে আমায়। আমার কারণ হেন করিছে উপায়॥ অস্থকর্মা দ্যুতে আমি পশিলাম বনে ৷ তেঁই আমি মন্দভান শুনিসু এবণে॥ মিখ্যা কথা ঋতুপর্ণ সত্য করি জানে। সত্য কিন্তা মিথ্যা গিয়া জানিব দেখানে ॥ এত চিন্তি নরপতি করিল উভর। निभाकारम मव त्रथ विषर्छ नगत्र ॥

এত শুনি কহে রাজা হইয়া উল্লাস। প্রদাদ যে চাহ তুমি লও মম পাশ ।। নল বলে কার্য্যদিদ্ধ করিয়া তোমার। তবে রাজা মাগিব প্রদাদ আপনার ॥ এত বলি অশ্বশালে প্রবেশ করিল। একে একে সকল তুরঙ্গ নির্থিল।। দৈখিতে শরীর কুশ সিন্ধুদেশী ঘোড়া। বাছিয়া বাহির কৈল নল হুই ঘোড়া॥ যোড়া দেখি ঋতুপর্ণ আরক্ত লোচন। বাহুকের প্রতি বলে কঠিন বচন ॥ সহস্র সহস্র মম আছে অশ্বর্গণ। পাৰ্ব্বতীয় ঘোড়া সব প্ৰবন গমন॥ তাহা ছাড়ি ইানশক্তি তুর্বল আনিলে। কেমনে বাহিবে পথ কিমতে বুঝিলে ॥ वाङ्क वालल यान याहरव बाङ्ग । আমার বচনে কর রথ আরোহণ॥ ইহা ভিন্ন অন্য ঘোড়া না পারে যাইতে। এত বলি চারি ঘোড়া যুড়িলেক রথে॥ চালাইয়া দিল রথ বাত্তক সার্থি। শুন্মেতে উঠিল ঘোড়া বায়ু সম গতি ॥ কোথায় রহিল রথ কোথা দৈশুগণ। বিশ্বয় মানিয়া রাজা ভাবে মনে মন॥ এই কি মাতলি যে দার্থি পুরুত্ত। অখিনীকুমার কিম্বঃ আপনি মরুত ॥ ছেন শক্তি নাহি কার পৃথিবীমণ্ডলে। মানুষের মধ্যে শক্তি ধরে রাজা নলে॥ নল রাজা বিনা আর নহিবেক আন। বাঘ্য ধৈষ্য ভাষা গুণ নলের সমান॥ কেবল দেখিতে পাই কুৎদিত আকার। ছদ্মবেশে হইয়াছে দার্থি আমার॥ হেনকালে নৃপতির পড়িল উত্তরী। বাহুকে বলিল রথ রাথ অশ্ব ধরি ॥ উত্তরি লইতে রাজা পাছু পানে চায়। বাহুক বলিল হেথা উত্তরা কোথায়॥ পঞ্চ যোজনের পথ উত্তরী রহিল। শুনি ঋতুপর্ণ রাজা বিশ্বর মানিল॥

রাজা বলে বাহুক ওনহ মম বাণী। আমি এক দ্রব্যসংখ্যা বিচ্চা ভাল জানি : গণিতে সর্বজ্ঞ নাহি আমার সমান। এই রুক্ষে পত্র ফল বুঝ পরিমাণ॥ পঞ্চকোটি পত্ৰ আছে ছুই কোটি ফল। এত শুনি বলিল নিষধ রাজা নল॥ হেন বিভা নাহি যাহা আমি নাহি জানি পরীক্ষিব তব বিদ্যা ফল পত্র গণি। রাজা বলে চল শীঘ্র বিলম্ব না সয়। নিকট হইল স্বয়ন্তরের সময়॥ স্বয়স্বর হইতে আসিব নিবর্ভিয়া। তবে মম বিভা তুমি বুঝিবে গণিয়া॥ বাহুক বলিল যে কুণ্ডিন অঙ্গ পথ। না পোহাবে রজনী লইব আমি রথ : মুহুর্ত্তেক রথ অশ্ব ধর নরবর। ফল পত্র গণি আমি আসিব সত্বর॥ এতেক বলিয়া গেল অশ্বত্থের তল। গণিয়া বুঝিব্র যে হইল পত্র ফল॥ বিস্ময় মানিয়া বলে নল নরপতি। এই বিভা আমারে বিতর নরপতি। অশ্ব বিতা মন্ত্র যদি শিথাও আমারে। আমি এ গণনা বিস্তা শিখাই তোমারে ॥ স্বীকার করিল নল করাইব শিক্ষা। তবে ঋতুপর্ণ কাছে কৈল মন্ত্র দীক্ষা॥ মহামন্ত্র দীক্ষা যদি করিলেক নল। শরীরে আছিল কলি হইল বিকল॥ একে কর্কটের বিম জরজর দহে। অধিক রাজার মন্ত্র কলি স্থির নহে॥ সেইক্ষণে অঙ্গ হৈতে হইয়া বাহির। মুখেতে গরল বহে কম্পিত শরীর॥ কলি দেখি নরপত্তি ক্রোধে কষ্পকায়। হাতে খড়ুগ করিলেন কাটিবারে তায়॥ কুতাঞ্জলি করি কলি বলে দবিনয়। মোরে না করিবা নাশ শুন মহাশয়॥ দময়ন্তী শাপে মম সদা পুড়ে অঙ্গ। বিশেষ দংশিল মোরে কর্কট ভুজঙ্গ ॥

মানারে না মার তব হইবেক কাজ।
এক কার্ত্তি দিব বহু পৃথিবার মাঝ॥
গ্রহজন তব কীর্ত্তি করিবে ঘোষণ।
ভাষারে আমার বাধা নাহি কদাচন॥
কলটক গ্রন্থার্গ দময়ন্তী নল।
নাম নিলে নাহি আমি ধাব দেই স্থল॥

 ব্রাক্রার সহিত নলের বিদর্ভদেশে আগমন। র্থ চালাইয়া দিল নিষ্ধ ঈশ্বর। ্ল্যেন্ডে পাইল দে বিদর্ভ নগর॥ আকাশে আইদে রথ মেঘের গর্জনে। ্যত অনুমানে নৃত্য করে শিখিগণে॥ বিশ্রভিন্ন লোক সব একদৃষ্টে চায়। র্বশঙ্ক শুনি ভৈনা উল্লাস হৃদয়॥ অত শীঘ্ৰ দম্মন্তা প্ৰসাদে চড়িয়া। গবাক স্বারেতে রথ চাছে নির্বাথয়। ।। রথ হেতে নামে তবে ইঞ্চাকুনন্দন। গ্রাভাম নরপতি ক্রিলা গ্রাম ॥ না তথ্য সমুস্তর বিস্ময় হইয়া ৷ কি ্ম কারন্থ আমি হেথার আদিয়া।। গতপর্ব রাজা দেখি ভাম নরপ্রতি। বস্তে আদন তাঁরে দিল মহামতি॥ ভান রাজা বলে শুন অযোধ্যার নাথ। হেঘা আগমন কেন হৈল অক্সাৎ ১ শুনিয়া ভূপতে মনে মানিল বিশ্বয়। িখ্যা স্বয়ন্থর হেন জানিল নিশ্চয়॥ ভূম রাজা বলিলেন কি ভাগ্য আমার। ^{দে} করিণে তোমার হেথায় অগ্রসার 🛚 শ্ৰন্তুক্ত আছু মাজি থাক মম বাস। এত বলি দিল এক অপূৰ্বৰ আবাদ।। ^{অবিদে} ভিতরে উত্তরিল নরপতি। অধ্বণলে উত্তরিল বাহুক সার্থি 🏾 শব্দণে পরিচর্য্যা করিয়া বান্ধিল। প্রাদান উত্তরে থাকি বৈদ্রভী দেখিল 🛚 ঋতুপর্ণ রাজা আর সার্থি ভাঁহার। নলগজা না দেখি যে কেমন বিচার 🛚

এত ভাবি পাঠাহল কেলিনী দূতারে। যাও শীঘ্র কেশিনা জিজ্ঞাস সার্থিরে ॥ দেখিয়া উহার মুখ হৃষ্ট মম মন। শীত্র আসি কহ ইश বুঝিয়া কারণ ॥ এত শুনি কেশিনী চালল শীঘ্রগতি। মধুর বচনে কছে সার্থির প্রতি॥ রাজকন্যা দময়ন্তী পাঠাইল হেথা। কে তুমি আইলে ধেথা জিজ্ঞানতে কথা॥ বাহুক বলিল মম অযোদায় স্থিতি। ঋতুপণ নুশাতর রথের দারা<mark>থ।</mark> হেথা হৈতে গিয়াছিল এক বিজ্ঞবর। শুনিলেন ভৈগার বিভায় স্বয়ন্ত্র 🛭 এতশুনি কেশিনা বাহুক প্রাত কয়। তুমি যদি সার্রাথ ভূপতি কোণা রয়॥ অর্দ্ধবাদা একাকেনা রাখি থোর বনে। অনুরক্তা নারী ছাড়ি গেলেন কেমনে॥ সেই বস্ত্র পরিয়া আছেন অদ্যাপি। নাহি রুচে অন্নজন পুণ্যস্লোকে জপি॥ এত শুনি ব্যথিত লগ্ল রাজা নল। বারিধারা নয়নেতে বংগ অঞ্জল ॥ রাজা মলিলেন যেই কুলবতা নারা। স্বামার বিশ্বাস কথা বাবে গুপ্ত করি॥ আপন মত্রণ বাংগ্র স্বামার কারণ। তথাপি স্বাধার নিজা না করে কখন॥ বিবস্তা হইয়া যেই পশিল কানন। অল্লভাগ্য নাহ তার পাইল জাবন।। (इनज्ञान क्वित्र व्याभा नयू। রাজ্যভান্ট জানভান্ট প্রাণমাত্র রয় 🛚 এত বলি শোকাকুল কা ন্দ নরপতি। কেশিনা সকল জানাহল ভৈমী প্ৰতি। ভৈমা বলিলেন এই "হে মহাজন। পুনরপি যাও তুমি বুঝং লক্ষণ।। কি আচার কি বিচার কোন্ কর্ম করে। বুঝিয়া আমারে আদি কহিবে দহরে 🛚 আজা পেয়ে দাস্য তবে করিল গমন। দেখিয়া সকল কর্ম আইল তথন॥

কেশিনী বলিল শুন রাজার নন্দিনী। বাছকের যত কর্মা দেবমধ্যে গণি॥ রন্ধন সামগ্রী যত ঋতুপর্ণ নূপে। মাংস আদি পাঠাইয়া দিল তব বাপে॥ শুন্য কুম্বে কিঞ্চিত করিল দৃষ্টিপাত। পূর্ণকুম্ভ তথনি হইল অকস্মাৎ॥ সেই জলে সব দ্রব্যজাত প্রকালিল। তৃণ কাষ্ঠ ছিল কিন্তু অনল না ছিল॥ जुनमूष्टि हरछ कति कान्ने मर्पा मिल। দৃষ্টিমাত্র তৃণকাষ্ঠ আপনি স্থলিল॥ ক্ষণমাত্রে সর্ববদ্রব্য করিল রন্ধন। ভৈমী বলে আর কেন বুঝেছি কারণ॥ কেশিনী এখনি তুমি যাও আরবার। ব্যঞ্জন আনহ কিছু রন্ধন তাহার॥ কেশিনী মাগিল গিয়া বাহুকে ব্যঞ্জন। দমযুন্তী স্থানে গিয়া দিল দেইক্ষণ॥ খাইয়া ব্যঞ্জন ভৈমা হর্ষিত মন। নিশ্চয় জানিল এই নলের রন্ধন॥ তবে পুত্ৰ কন্মা দিল কেশিনা সংহতি। কি বলে বুঝিয়া তুমি আইদ শীভ্রগতি॥ কেশিনীর সঙ্গে দেখি নন্দন-নন্দিনী। শীস্ত্রগতি উঠি কোলে করে নৃপমণি॥ দোঁহা মুখ দেখি রাজা কান্দে উচ্চৈঃম্বরে। পুনঃ পুনঃ চুম্ব দিয়া আলিঙ্গন করে॥ ক্তক্ষণে কেশিনীরে বলিল বচন। তুই শিশু দেখি মম **ন্থির নছে মন** 🛚 এইমত কন্সা পুত্র আছে যে আমার। বহুদিন দেখা নাহি সঙ্গে দোহাকার ॥ সেই অমুতাপ চিত্তে হইল রোদন। অপত্য-বিচ্ছেদ–তাপ নহে সম্বরণ॥ পাছে কেছ দেখিয়া কহিবে কোন কথা। ল'মে যাও তুই শিশু কাৰ্য্য নাহি হেথা। এতেক শুনিয়া তবে কেশিনী চলিল। ্যতেক প্রস্তাব গিয়া ভৈমীরে কহিল ॥ 🕶 নিয়া বৈদভী ব্যগ্ৰ হইল দৰ্শনে। ক্ষত গিয়া জানাইল জননীর স্থানে 🎚

আজ্ঞা যদি কর যাই নলে দেখিবারে। শুনিয়া বুক্তান্ত রাণী আজ্ঞা দিল তারে॥ তনয় তনয়া সঙ্গে করিয়া কামিনী। পতি দরশনে যায় মরালগামিনী ॥

নলের সহিত দময়ন্তীর মিলন। অখশালে গিয়া ভৈমী,নিকটে দেখিয়া স্বাঃ জটিল মলিন জীর্ণবাদ। তুঃখানলৈ অঙ্গ দহে. চক্ষে অঞ্জল ব সকরুণে কছে মৃত্তভাষ॥ হেদে রে বাহুকনাম, এবা দেখি কোন ঠা ধার্শ্মিক পুরুষ একজন। কুধাতৃষ্ণাপরিশ্রমে স্ত্রী কোলে আছিল যু একা ছাড়ি পলাইল বন। বিনা নল পুণ্যশ্লোক, পৃথিবীর অন্য লো কে করিল কহনাম ধরি। দদাকাল অনুব্ৰতা, বিশেষ পুজের মাত, কোন দোষে নহে দোষকারী॥ যমাগ্নি বরুণ ইন্দ্র ত্যজিয়া অমরবৃক্ত कतिल वत्र । यह स्रतः। সদা বাঞ্ছা অসুবৰ্ত্তী, কি হেতু এমন বৃত্তি, ত্যাগ করি নির্জ্বন কাননে॥ সভায় করিলে সত্য, রাখিব তোমায় নিতা, করিয়া প্রাণের পরাৎপর। এমন করিল गिन. নল হেন সত্যবাদী, আর কি করিবে অন্য নর ॥ দময়ন্ত্ৰী-বাক্য শুনি, লাজে কহে নৃপমণি, পাইলে কে ছাড়ে হেন রামা। রাজ্যভাষ্ট লক্ষীভাষ্ট্র করিলেক যেই ত্রুই, বিচ্ছেদ করায় তোমা আমা ॥ তোমারে ছাড়িয়া বনে, ছের দেখ বরাননে, অন্থিচর্ম প্রাণমাত্র জাগে। ইহা না ভাবিয়া চিতে,দেখিলা আমারে জীতে না বুঝিয়া মম অমুযোগে॥ কলিছাড়ি গেলমামা, ভেঁই দেখিলাম তো^{মা}, ক্রোধ সম্বরহ শশীমুখী।

যেই নারী পতিব্রতা, না ধরে স্বামীর কথা, কামীদোষ নয়নে না দেখি॥ আর শুনিলাম বার্ত্তা, করিবে কি অন্য ভর্ত্তা. কহিলা তোমারে দ্বিজ্ববর। রাজ্যেরাজ্যে দূতগেল, দর্বলোকে বার্ত্তাদিল ভৈমীর দ্বিতীয় স্বয়ম্বর ॥ কোশলে শুনিয়া কথা, তেঁই আইলাম হেথা, কারে বর দেখিব নয়নে। এমন কুৎসিত কর্মা, রাজকুলে ল'য়ে জন্ম, কহ করিয়াছে কোন্ জনে॥ শুনিয়া স্বামীর বাণী, করিয়া যুগল পাণি, নিভশ্বিনী কহে স্বিন্য। ত্যজিলাম কুললাজ, ত্ব হেতু মহারাজ, ত্যজিলাম গুরুজন-ভয় ॥ পাঠাইনু বিজগণে, পূৰ্বে তব অন্বেমণে, পর্ণাদ কহিল সমাচার। ঠেই এ উপায় করি, পাঠাই অনোধ্যাপুরী, কোন স্থানে নাহি যাই আর॥ ্তোমা বিনা অন্যজনে. কৰ্ত্ব্য বচন মনে, নাহি চাহি নয়নের কোণে। যদি কর পাপজ্ঞান, ভোষার দাক্ষাতে প্রাণ, বাহির হউক এইক্ষণে।। চন্দ্রস্থ্য বায়ু সাক্ষা, এখনি বলিবে ডাকি, যদি আমি হই পতিব্ৰতা। ভৈমী বলে উচ্চৈঃম্বরে, পুষ্পরম্ভি দেবেকরে, ভাকি বলে প্ৰবন দেবতা। ভ্যন্ধ রাজা মনস্তাপ, বৈদভির নাহি পাপ, স্বধর্মেতে হৈয়াছে রক্ষিতা। যাবৎ গিয়াছ তুমি, রক্ষ। করিয়াছি আমি, তোমা হেছু কেবল চিন্তিতা॥ শুনিয়া ছুন্দুভিধানি, অকস্মাৎ এই বাণী. গগনে হইল আচন্বিত। দেখি মনে হৈল শান্তি, খণ্ডিল নলের ভান্তি, ভৈমীর বুঝিয়া ধর্মমত 🎚 ধরিয়া যুগল করে, বসাইল উরুপরে, আখাস করিরা মুত্রভাবে।

কমলাকান্তের স্থত, স্থজনের মনঃপুত, বিরচিল কাশীরাম দাসে॥

শ্বভূপর্ব রাজার সংদশ্যমন ও নগের পুনব্ধার রাজ্যপ্রাপ্তির

প্রে কর্কট দত্ত বসন পরিয়া। নিজ পুকারপ নাগে লভিল স্মরিয়া। দেখা চারি বংসরে হইল দোঁহাকার। পুনঃ পুন: আলিঙ্গন পুনং শিস্টাচার ॥ (मैं।(इ ्हेर्ड्ह्हारु दुःथ कहिल मकल। প্রভাতে উভয়ে ভীম নৃপেরে ভেটিল॥ জামাতা দেখিল রাজা আনন্দ অপার। অলিঙ্গিয়া বলিলেন সকলি তোমার॥ ঋতুপর্ণ শুনিল এ সব সমাচার। জানিল যে নল রাজা বাহুক আমার॥ দময়ন্তী প্রত্যাশা ছাড়িল নরবর। দ্রুতগতি গ্রেল যথা নিষধ ঈশ্বর । ঋতুপর্ণ বলে ভাগ্য আছিল আমার। ্ভঁট (স হটল এ [†]মলন (**দাঁহাকার** ॥ অজ্ঞাতের দেখে যত ক্ষমিবা আমারে। শুনিয়া নিম্প রাজ। বলিল তাহারে ॥ কংনত দেখি তুমি নহ যম স্থানে। কথনও অফা : এক্রাণ নহি হয় মনে॥ ত্রাসিত কলির ত্রাদে বড় হ্রপে পেয়ে। ছিলাম ভোমার পাশে আনন্দিত হ'<mark>য়ে ॥</mark> তোমার স্মুশ্রমে থাকি বিপদ সময়: প্রবৈতে ছিলাম যেন আপন আলয়॥ विश्रम भव्य बोका गाँख (बंदे तांद्य)। পর্বোতে বাড়য়ে সেই ধর্ম রাখে ভাকে 🛭 অতএব শুন রায় করি *নি*বেদন। এমন বিপাদে স্থান দেয় কোন জন ॥ इङ्ग्ल शद्रम भया ५.७ कि विनव। গাহিব ভোমার গুণ যত কাল জীব 🛭 যাও সধা নিজ রাজ্যে করহ গমন। এত ৰলি উভয়ে করিল আলিঙ্গন ।

সার্থি করিয়া আর কোশলের রায়। আপনার রাজ্যে গেল লইয়। বিদায়॥ তবে নল নরপতি খশুরে কহিয়া: নিষ্ধ রাজ্যেতে গেল কত দৈশ্য লৈয়।॥ নিজ রাজ্যে আইলেন নল নরপতি। পুষ্কর নিকটে যান অতি শীঘ্রগতি॥ পুষ্করে বলিল ভোরে রাজ্য দিয়া। অরণ্যে গেলাম আমি দেবনে হারিয়া॥ পুনঃ তব সহিত খেলিব একবার। আপনার আলা পণ করিব এবার ॥ জিনিলে তোমার আত্মা হইবে আমার। হারিলে আমার আত্মা হইবে তোমার। দৃত্যক্রাড়। করহ আনহ পাশাসারি ! নহিলে উঠহ শীত্র ধনুঃশর ধরি॥ নলের বচন শুনি পুকর হাদিয়া। বলে বড় ভাগ্য মানি তোমারে দেখিয়া॥ দময়ন্তা সহ তুমি প্রবেশিলে বনে। এই তাপ অনুক্ষণ জাগে মম মনে॥ দময়ন্তী দেবনে না কৈলা রাজা পণ। আমার বাঞ্ছিত বিধি করিল ঘটন॥ এত বলি পুষ্কর আনিল পাশাসারি। ু হুই জনে বদিল আপন পণ করি॥ 🗃 নিলা নৃপতি নল হারিলা পুকর। পুক্তর ভাবিল মনে জাবন হুস্কর॥ হারিয়া নলের হাতে উড়িল জাবন। পুক্তর কম্পিত ততু সজল নয়ন॥ ধান্মিক অধর্ম ভারু দয়ার দাগর। **অনুজে চাহিয়া তবে বলে নৃপবর** ॥ না ভাবিও পুকর নাহিক তব দোষ। ্ষতেক করিলা তাহে নাহি করি রোষ # কলিতৈ করিল দব দৈব নিবন্ধন ূপুৰ্বমত নিৰ্ভয়ে থাকহ ছন্টমন ॥ ংএত শুনি করপুটে বলিছে পুকর। তৰ কাতি ঘূষিবেক দেব-বৈত। নর । বহু দোষে দোধী আমি ক্ষমিলা আমারে। তোমার সদৃশ ক্ষমী নাহি চরাচরে ॥

্র এত বলি প্রণমিয়া পড়িল ধরণী। আশ্বাস করিল তারে নল নুপমণি 🖟 পাত্র মিত্রগণ আর নগরের প্রজা। সূৰ্ব্বলোকে আনন্দিত নল হৈল রাজা॥ দ্বিদ্ধগণে পাঠাইয়া বৈদ্ভী আনিল। দীর্ঘকাল মহা*হু*থে রাজত্ব করিল॥ কত দিনে নরপতি চিন্তি মনে মন। ইন্দ্রদেনে রাজ্যভার করিল অর্পণ॥ নিজ পুত্রে করি রাজা নল নরপতি। স্বৰ্গলোকে গেল রাজা মহিষী সংহতি॥ বুহদখ বলে রাজা শুনিলা সকল। তোমার অধিক ছঃখ পেয়েছিল নল॥ সম্পদ কাহার কভু নাহি রহে চির। ক্ষণমাত্র রহে যেন জোয়ারের নীর ॥ পরসার্থ চিন্তা রাজা কর অনুক্ষণ। তুঃথ হুথ হুয় সব কশ্ম নিবন্ধন ॥ নলের চরিত্র আর কলির শাসন। এক মন হইয়া শুনিবে যেইজন॥ খণ্ডয়ে বিপদ ভয় স্বাঞ্ছিত পায়। বংশরুদ্ধি হয় ভার হুথে কাল যায়॥ কদাচ কলির বাধা নাহি হয় ভারে। যতেক সঙ্কট ভয় তাহা হৈতে ভরে 🛭 : তব হুঃখ নূপতি খান্ডবে শ্বল্প দিনে : এত বলি অক্ষবিতা দিলেন রাজনে 🛚 সভা সম্ভাষিয়া মুনি করিল গণন। প্রণাম করেন তাঁরে ধর্মের নন্দন 🎚 কাম্যবনে ধশ্মপুত্র চারি সংহাদর। অর্জুন বিচেছদে সদা কাতর **অন্তর**॥ পুণ্যকথা ভারতের শুনে পুণ্যবান। পুথিবাঁতে হুখ নাহি ইহার সমান।। হরির ভাবনা বিনা অন্য নাহি মন। দদাকাল হয় তার গোলোকে গমন॥

শ্বজ্নের বিরহে পাওবগণের শোক। জনমেজয় বলেন কহ মুনিরাজ। পার্থ বিনা কেমনেতে রহে পাণ্টুরাজ॥ मूनि वल পाष्ट्रभूख अर्ड्यून विश्तन । বংদ হার। গাভীমত কাঁদে বিশিনিনে॥ বিনা বিষ্ণু নাহি শোভে যথা স্থলগণ। কুৰের বিহনে যথা চিত্ররথ বন॥ ক মাবনে ধর্মাপুত্র চারি সহোদর। অন্ত্র বিজেদে রহে কাতর শন্তর॥ <u>चोलनी</u> कान्मिया वरन धरर्यात शाहत । প্রার্থিয়া স্থির না হয় অন্তর ॥ হাতর অন্তরে তবে বলে রুধেননির। 🚧 কানলে মম প্র'ণ জলে নিরন্তর॥ সরব পুনা দেখি আমি অর্জ্ব ।বহনে। দশ্দিক অন্নকার দেখি রাত্র দিনে॥ অন্তর নচুল বলেন সকরেণ। ্রন্যাপ্তরে নাহি তুল্য অর্জ্জনের গুণ।। অজ্যুত্র বিহনে জ্বানা দেখি কোথায়। অ হার বিহার আদি লাগে কট্ট প্রায়॥ কাঠ মহদেব কাঁলি লু.পর গোচরে। বৈকে ধরিতে মারি না হেরি পার্থেরে॥ হেন্যাত রোদন করুরে ভ্রাভূগণ। শোলাকুল অধে।মুখ ধর্মের নন্দন 🖟

নাবনে নারদ করেন অগ্ননন।
আনিরনে নারদ করেন আগ্নন।
আনিরদৈ করি বৈদে মহাতপোলন।
নারদেরে বুনিটির করেন বিনয়।
কহানিকর মম পশুক বিদ্যায়।
আরান করি ক্ষিতি প্রদক্ষিণ করে।
কোন কল লভে নর তাহা কছ মোরে।
কানে করেন পুর্বের জীয়া সভারত।
পৌলান্তার স্থানে ক্ষিত্তাসিল এইমত।
পৌলান্তার স্থানে ক্ষিত্তাসিল এইমত।
পৌলান্তার স্থানে ক্ষিত্তাসিল এইমত।
পৌলান্তার স্থানে ক্ষিত্তাসিল এইমত।
পৌলান্তার ক্ষানে ক্ষিত্তাসিল এইমত।
পৌলান্তার ক্ষানে ক্ষিত্তাসিল এইমত।
বিদ্যা করি ভপজাতে যেই হয় রত।
বিদ্যা কার্ত্তি ভপজাতে যেই হয় রত।
বিভাহে নাহি করে সর্বেদা সানক্ষ।
মহস্কার নাহি যার নহে ক্রোধে ক্ষম্ম।

অল্লাহারী জিতেন্দ্রিয় সত্য বেডাচার। আত্মহুলা সর্ববিপ্রাণী দৃষ্টিতে গাহার 🖟 ঈদুশ হইলে সেই তীর্থকণ পায়। পদে পদে যজ্ঞদল হৈছি ভীর্বে ।।য়॥ দরিয়ন্ত্রের শকা নাহি হ্য গজকর্ম। যজ্ঞের বিশেষ তীর্থসাথে পায় দর্ম।। দুরভক্তি করি রাত্রে ভার্গে যদি থাকে। मर्ववयञ्चकन श्राय याग इन्हर्ति क পুকর নামেতে তীর্থ -দি করে স্নান। সর্বলাপে মৃক্ত মেই দেবতা সমান। একগুল দানে ক্রিণ্ডল ফল লভে : অমর কিন্নর দৈতা দেই ভীর্ণে গেবে॥ দশকোটি তার্থ সায়ে প্রিবা ভিত্র। বৈম্য কান্ত্র প্র চংপ্রেটাবর । ভদ্তরে দারাবর্তী সহা সেইছন। म्बर्गा वृद्धि विक्रिया भाग । महामान व ্ভনন্তরে যায় সিন্ধু সাগর সঙ্গন ভাষে স্থানে কোনকাণে নাছি লভে ্য 🛚। সঙ্গর্ম করিয়া দর্শন । प्रमुख्यात कहा आसु (मङ्कार क ামাগ্য নামেতি ভার্যে যদ করে স্থান। নিক্সপদ পার আর গেয়ে দিবাজ্ঞান ॥ ভদন্তরে কুরুক্তের, স্থে গ্রেচ জন। যাহার নামেরে স্বাধাপ কিলেচন। স্থানে প্রস্তালোকে যা। নাহিক সংখ্যা। স্বস্তুত্র স্থানের ১ (মুগ্রাপ আমু ইয় ॥ ্রোকর্ণে ভারিখা স্থান কেন্দ্রে নারারণ। महाकाल जित्रमात् देएकुछे ज़त्र ॥ বঢ়ে। নামে ভার্যাথ্য গ্রামল বরাহ। স্ত্ৰান কৈলে বাজ হয় পাপশুখ দেই॥ রামশ্বষি নগ্য নহা ভাগ ভগবর। মাহাতে করেতা স্থান হয় প্রণাবর॥ প্রাক্তি পরশুরাম নারি ক্ষত্রগণ। ক্ষত্রিয়-রজ্যেত সেই করিল তর্পার ম তুন্ট হ'য়ে পিতৃগণ নাচে নিরম্ভর। পুণ্যতীর্প হউক বলিল: ভৃগুবর 🛚

ইখে যে করিবে পিতৃলোকের ত**র্প**ণ। ব্রহ্মলোকে বদিবে ভাহার পিতৃগণ॥ কপিল নামেতে তীর্থ তাহার অন্তর। **সরযুর স্নানে সূর্য্যলো**কে যায় নর॥ **স্বৰ্গদার আদি করি য**ত তীর্থ দার। **সপ্তথ্যাশ্রম মহা স**র্যু কেলার ॥ গোদাবরী বৈতরণী নর্মদ। কাবেরী। **জাহ্ন্**বী যমুনা জয়া সর্ববদাত। বারি ॥ স্ব্যজ্ঞফল লভে তার্গণ সানে। সর্ববপাপ ধৌত হয় বৈদে দেবাসনে।। এত বলি চলিল নার্দ তপোধন। তীর্থযাত্র। ইচ্ছিলেন ধর্মের নন্দন্।। **মহাভারতে**র কথা অমূত-লহরী। হাহার শক্তি ইহা বর্ণিবারে পারি॥ ক্ষে কাশীদাস প্রভু নালনৈলারড়। **র্কিণে অনুজাগ্রজ সম্মা**ণে গরুড়॥

্কলভীপের মাহাত্রা

বামে সিন্ধতন্য় নিকটে সদর্শন **জলদ অঙ্গেতে শো**ভে ততিত বসন।। বদন নয়ন শোভা জগ মন ফাঁদ। নিৰ্মাল গগনে যেন শোভে পূৰ্ণচাদ।। যে মূথ দেখিবামাত্র অংগির নিমিষে। সেইক্ষণে মৃক্ত হয় জন্ম কর্মাপাশে॥ জন্মে জন্মে তপ ব্রত ক্লেশ করে কায়। ক্ষিতি প্রদক্ষিণ করি সর্বস্থাপে যায়॥ যাহাতে ন। পায় যজ্ঞ দানে দেবি দেবে। নিমিষেক শ্রীমুখ দেগিয়া তাহা লভে॥ ব্ৰহ্মা শিব শচীপতি আদি দেবগণ। নিত্য নিত্য আদে মুখ দর্শন কারণ ॥ তাহা যে দেখমে লোক পশ্চাতে থাকিয়া। বেত্রের প্রহারে লোক জর্ল্ডর হইয়া ম বাঁর অংশে অবতার হন পৃথিবীতে। যুগে যুগে তুফ নাশে শিষ্টেরে পালিতে॥ অজ ভব অগোচর যাঁহার মহিমা। দেবগণ পুরাণে না পান হার দীম। ॥

ব্রকাণ্ড ডুবায় ব্রক্ষ প্রলয়ের কালে। সপ্তকল্পজীবী মূনি ভাসে সিন্ধুজলে। বিশ্রায় পাইলে যুনি প্রভুর নিকটে। দেই হৈতে রহিল আপনি রক্ষবটে॥ কে বর্ণিতে পারে মার্কণ্ডেয় হ্রদগুণ। যার জলে স্নানে ভূমে জন্ম নহে পুনঃ ॥ দক্ষিণেতে খেতগঙ্গা মাধব সমীপে। যাহে স্নানে স্বর্গে নর বৈদে দেবরূপে ॥ রোহিণী কুণ্ডের গুণ কি বর্ণিতে পারি : তৃষ্ণায় পীড়িত হ'য়ে পীয়ে যার বারি॥ গরুড় অরুণ কাক বৈকুপ্তেতে গেল। সেই হৈতে জন্মকেত্রে পথ ত্যাগ কৈল। কোটি কোটি তীৰ্থ লৈয়৷ যথ৷ মহানদী ! নান। শব্দ বাত্তে প্রাভু দেবে নিরবধি॥ যার বায়ে সকল গায়ের পাপ থণ্ডে। যার নাম শুনিলে এড়ায় যমদণ্ডে॥ সক্রপাপ যায় ফল হয় দরশনে। मनाकान देवरम यहर्ग मह रानवंशरण ॥ সমুদ্রে করিয়া স্নান যদি পূজা দেখে। চতুতু জ হ'য়ে বৈদে ইন্দ্রের সম্মুখে॥ ইন্দ্রত্যন্ত্র সরোবরে যদি করে স্নান। পুনজন্ম নহে তার দেবতা সমান॥ অশ্বমেধ দান যত করিল ভূপতি। কোটি কোটি ধেকুক্ষুরে ক্ষুণ্ণা বহুমতী 🛭 গোমুত্র ফেণায় ইন্দ্রছান্ন সরোজনা। যাহে সানে খণ্ডে কোটি জন্মের অধন্ম ॥ এই পঞ্চ তার্থ নালশৈল মধ্যে বৈদে। পাপ লেশ নাহি থাকে তাহার পরশে # ভাগ্যবন্ত লোক যেই দদা করে স্নান। কার্ণাদাস তার পদে করয়ে প্রণাম ॥

ইক্রানেশে লোমশ মুনির কামাক বনে স্থাপন ।

মূনি বলে শুন পরীক্ষিত বংশধর ।
কাম্যবনে নিবদয়ে চারি দহোদর ॥

হেনকালে আইল লোমশ মুনিবর ।

দীপ্তিমান তেজ যেন দীপ্ত বৈশানর ॥

ম্নি দেখি যুধিষ্ঠির সহ ভাতৃগণ। দিলেন প্রণাম করি বসিতে আসন॥ ক্তিজ্যাদেন কি হেন্তু আইলা মুনিবর। আশীষ করিয়। মুনি করিল উত্তর 🛚 📭 অমুসারে আমি করি পর্য্যটন। ত্রকলিন স্থরপুরে করিত্র গমন॥ ্দ্থিয়। আশ্চর্য্য বোধ করিলাম মনে। ইন্দ্ৰসহ অৰ্জ্বন বদেছে একাসনে ॥ আমারে কহিল তবে সহস্রলোচন। _{যুগিষ্টির} স্থানে ভূমি করহ গমন॥ কহিবা সংবাদ এই তাহার গোচরে। কুশলে নিবদে পার্থ অ্যুরনগরে॥ _{স্বকার্য্য সাধি **অন্ত্রপারগ হইলে**।} খ্যাদিবেন ধনপ্তয় কতদিন গেলে॥ দ্রাভূগণ দহ তুমি তীর্থে কর স্নান। ভূপ আচরণ কর খি**জে দেহ** দান ॥ ্কিদ্ধ আমি কর্ণেরে যে ভালমতে জানি। ব্রহন্ধনের যোল অংশে তারে নাহি গণি **।** নার ভয় অন্তরে যে জাছে ধর্মরায়। ন্রাহা ভ্যক্ত ধর্ম্ম ভার করিবে উপায়॥ ত্র ভ্রাতা পার্থ যে কহিল সমাচার। মেবেদন করি শুন কুন্তীর কুমার॥ ্হমালয়ে হৈমবতী করিয়া সেবন। ত্রাতর অগোচর পাইয়াছে ধন II দম্দ্র মধনে যেই অস্ত্র উপজিল। মন্ত্রসহ পাশুপত পশুপক্তি দিল।। ্য অস্ত্র থাকিলে হস্তে ত্রৈলোক্য **অক্তিত**। ৈচন অন্ত্র দিল যম হ'য়ে হর্ষিত ॥ ক্রের বরুণ যম দিল অন্তর্গণ। দ্প্রতি আছমে হথে ইচ্ছের ভবন।। ৰুত্য গীত বিশ্ববস্থতনয়া শিখায়। ভার হেতু তাপ না ভাবিও সর্বদায় ॥ শামারে বলিল পুনঃ বিনয় বচন। শাপনি থাকিয়া ভার্ষ করাবে ভ্রমণ 🛚 তীর্থে নিবসয়ে দৈত্য দানৰ ত্রুজ্জন। ছবি রক্ষা করিবা আমার ভাতৃগণ॥

রাখিল দধীচি যেন দেব পুরক্ষরে। অঙ্গিরা রাখিল যেন দেব দিবাকরে॥ ইন্দ্রের বচনে তব অমুজ সম্মতি। তার্থস্থানে নরপতি চল শীঘ্রগতি॥ তুইবার দেখিয়াছি তীর্থ আছে যথা। তব সহ যাইব তৃতীয়বার তথা॥ বিষম সঙ্কট স্থানে আছে তীর্থগণ। বিনা স্বাদাচী যেতে নারে অন্যজন ॥ তুমিও যাইতে পার রাজধর্মবলে। পরাক্রম বিশেষ অমুক্তগণ মিলে॥ হইবে বিপুল ধর্ম অধর্মের ক্ষয়। নিজ রাজ্য পাইবে হইবে শক্রজয়। লোমশের বচন শুনিয়া যুধিষ্ঠির। আনন্দেতে পুলকিত হইল শরীর॥ চারি ভাই কৃষ্ণা দহ করিল স্বীকার। মুনিগণ চরণে করেন নমস্কার॥ অভেন্ন কবচ সবে অঙ্গেতে পরিল। দ্রোপদী সহিত রাজা রথে আরোহিল॥ মার্গশীর্ষ মাদ শেষ পূর্ববমুখে গতি। তীর্থযাত্রা করিলেন পাণ্ডব স্থক্নতী॥ মহাভারতের কথা অমৃত লহরী। শুনিলে অধর্মা খণ্ডে পরলোকে তরি ॥

যুদ্ধিরের তার্থাতা ও অগন্তোপাখান।
চলিলেন ধর্মরাজ সহ মুনিগণে।
কতদিনে উপনীত নৈমিষ কাননে ॥
গোমতীতে সান করি, করি বহুদান।
তথা হৈতে পরতীর্থে করেন পয়ান ॥
ফেছানে প্রয়াগতার্থে যমুনা সঙ্গম।
কতদিনে উপনীত অগন্তা আশ্রম ॥
লোমল কহিল তবে পূর্বে বিবরণ।
কৈত্য মারি আশ্রম করিল তপোধন ॥
ফুছুন্দে সকল পৃথিকী করিল অমণ।
একদিন শুন রাজা তার বিবরণ ॥

দৈখিয়া হইল শক্ষা জিজ্ঞাদে সবারে। के হেতু পড়িলে সবে গর্ত্তের ভিতরে॥ দবে বলে না করিসু বংশের উৎপত্তি। ভেঁই আমা সবার হইল হেন গতি॥ ঘদি শ্রের চাহ তুমি আমা সবাকার। বংশ জন্মাইয় মৃত্মি করহ উদার II পিতৃগণ বচন শুনিয়া মুনিরাজ। **বংশ হেতু** চিন্তিত হইল হৃদিমাঝ। বিদর্ভ রাজার কতা। অতি অসুপাম। রূপে গুণে মনোহর লোপায়ন্তা নাম ! যৌবন সময় তার দেখিয়া রাজন। কারে দিব লোপায়দ্র চিন্তে মনে মন । হেনকালে আইল অগস্ত্য তপোধন। যথোচিত পূজা করি জিজ্ঞাদে রাজন ॥ কি হেতু আইলে আজা কর মুনিবর। 😎নি মুনিরাজ তবে করিল উত্তর ॥ পিতৃগণ আদেশেতে জন্মাব সন্ততি। তব কন্মা লোপায়দ্রা দেহ নরপতি॥ এত শুনি নরপতি হৈল অচেতন। প্রত্যুক্তর দিতে মুখে না সরে বচন ॥ উঠিয়া গেলেন রাজা মহাদেবী স্থান। রাণীকে কহেন রাজা করুণ বচন॥ মাণে লোপামূদ্রাকে অগস্ত্য মহাধাষি। নাহি দিলে কোপেতে করিবে ভন্মরাশি॥ এত বিচারিয়া তবে সন্তাপিত শেকে। ভনি লোপাগুদ্রা কহে জননী জনকে। মম হেতু ভাপ কেন ভাবহ হৃদ্য। আমারে অগস্ট্যে দিয়া গণ্ডাও এ ভয় 🛭 ৰুঝিয়া কন্সার চিত্ত নৃপতি শহর। বিধিমতে মুনিরে দিলেন নৃপবর ॥ লোপামুদ্রা চাহিয়া বলেন তপোধন। মম ভার্যা হ'লে কর মম আচরণ 🛭 দিব্য বস্ত্র ভাক্ত রত্ন ভূল্প সকল। শিরেতে ধরহ জট। পিন্ধহ বাকল ॥ মুনিবাক্যে সেইকণে সকল তাজিলা। ষ্টাচীর লোপাযুক্তা স্থুষণ করিলা।

তবেত অগস্ত্য মুনি ভার্য্যারে লইয়া। গঙ্গাতীরে মহামুনি রহিলেন গিয়া 🕕 নিরন্তর করে কতা মুনির সেবন। স্তব শৌচ আচমন মূনি আচরণ॥ হেনমতে তথায় অনেক দিন গেল। একদিন মুনিরাজ ভার্য্যারে কহিল। পুত্র হেতু করিয়াছি ভোমারে গ্রহণ। বংশ না হইল তোমা কিদের কারণ। এত শুনি লোপাযুদ্র যুড়ি ছুই কর। সবিনয়ে কহিলেন মুনির গোচর ॥ কামদেব কৈল ধাত। স্মষ্টির কারণ। বিনা কামে নাহি হয় বংশের স্বন্ধন জটাচীর ফলাহার ধূলাতে ধূদর। ইথে কাম কিমতে জন্মিবে মুনিবর ॥ আপনি না জান এই ম্নিবংশ কাজ। বংশ হেতু বাঞ্চা ঘদি কর মুনিরাজ॥ পূৰ্বেব যেন ছিল মন বস্ত্ৰ অলক্ষার। নিব্য গৃহ দাদগণ ভক্ষ্য উপহার॥ সে সকল বস্তু যদি পাই পুনৰ্বার। তবে ত জন্মিবে পুত্র উদরে সামার ব শ্রুতর্বা নামেতে রাজা ইক্ষাকু নন্দন। ভার্য্যা সহ ভথাকারে গেল ভপোধন # দেখিয়া শ্রুতর্বা রা া পুঞ্জি বহু হর। জিজাদিল কি হেচু আইলে মুনিবর॥ মুনি বলে বৃত্তি হেতু আইলাম আমি। বুত্তি অর্থ কিছু হাজা দেহ মোরে তুমি। যে কিছু মাগিলা মুনি দব দিল রাছা। পাত্রমিত্র সহিত করিল বহু পূজা ॥ দিব্য গৃহ আসন ভূবণ দাসগণ। বাঞ্জামত পাইয়া রহিল তপেশন । তবে যত প্রজাগণ রাজার সংহতি। অগস্ত্যেরে কহে তারা করিয়া মিনতি॥ ইল্ল নামেতে দৈতা মায়ার দাগর। বাতাপি নামেতে আছে তার সংহাদর ॥ মায়াবলে ধরে প্রন্ট গাড়ুর মৃবতি। কাটিরা ব্যঞ্জন করি ভূঞ্জার অভিপি 🛭

কতক্ষণে ইশ্বল বাতাপি বলি ডাকে। পেট চিরি বাহিরার ভুঞ্জিয়া যে **থাকে ॥** এইমত মারিল অনেক দ্বিজ্গণ। হ্বতাবনি হিংমা করে পাপীষ্ঠ হুর্জন।। ইন্ন দৈত্যের ভয়ে তাপিত নগর। 🗝 🚉 অপত্য মুনি চিন্তিত অন্তর ॥ স্মান্থানিয়া সবাকারে করিল নির্ভয়। এক কৌ চলিল মুনি ইল্লল আলয় ॥ মুনি দেখি ইল্লল পুজিল বহুতর। ক্ষেত্রপিলল সবিনয়ে করিয়া আদর ॥ ক্রি হেতু আইলে আজ্ঞা কর তপোধন। শুনিয়া উত্তর দিল কুম্ভক নন্দন॥ বতু পরিশ্রেমে আইলাম তব পুর। বহুদিন উপবাস ভুঞ্জাও প্রচুর॥ দ্পূর্ণ করিয়া মেশরে করাও ভোজন। হর্ণিয়া ইল্পল কহে বৈদ তপ্রেধন॥ কাটিয়া মাঘাবা মেষ করিয়া রন্ধন। অগ্রস্তা মুনিরে দিল করিতে ভোজন ॥ শির কাটি চারি পদ আনি দেহ মেষ। ভাবং গাইব আমি না রাখিব শেষ 🖟 মুনিধাকা শুনিয়া ইল্লল আনি দিল। অিসহ মুনিবর সকলি খাইল। কভক্ষণে ইল্পল ডাকিল সংহাদৱে : বাহিরাও বাতা প বলিল বারে বারে॥ হ'নিয়া বলেন মুনি কেন ডাক পাপী; **ম্প্রের চাঁই কোথা পাইবে বাতাপি॥** বার্লাপি পাইবে আর নাহি কর আশ। এত দিনে ভাহার হইল প্রাণনাল।। এত শুনি ইল্ল যুড়িল ছুই কর। স্ততি করি কছে তবে মুনির গোচর 🛚 কি করিব প্রিয় তব কহ মুনিবর। র্মনি বলে প্রাণিছিংদা করিলে বিস্তর॥ ^{যত} রত্ন ধন তুমি পাইয়াছ তায়। দকল আমায় দিয়া রাথ আপনায় ॥ সেইকণে ইল্পল আনিয়া সব দিল। দ্রব্য ল'য়ে মুনিরাক্ত আশ্রেমে চলিল ॥

বসন ভূষণ দিব্য রত্ন অলকার।
দেখি লোপামুদ্রা হৈল আনন্দ অপার॥
সস্তম্য ইইয়া কন্যা ভাবে মনে মন।
বংশ হেতু মুনিরে করিয়া নিবেদন॥
মুনি বলে পুক্রবাঞ্ছা কতেক ভোমার।
লোপামুদ্রা বলে হ'ক একই কুমার॥
তবে প্রীত হ'য়ে কাম বাড়িল দোঁহার।
মুনির ঔরদে ভাঁর জন্মিল কুমার॥
তাহা হৈতে তাঁর পুত্র হইল পণ্ডিত।
ভানিলে পূর্বের কথা অগস্তা-চরিত॥

অগন্ত্য যা এব বিবরণ এবং বি**দ্ধা** পর্বাচের দর্পচুণ :

লোমণ বলেন শুন ধর্মের কুমার। যেমতে খণ্ডিল রাজা ঘোর অন্ধকার ৷ গিরিমধ্যে নগেন্দ্র হুমেরু গিরিবর। প্রদক্ষিণ করিয়া ভ্রমেণ দিনকর॥ তাহা দেখি বিদ্যাগিরি স্ত্রোধ হইয়া। দিনমণি প্রতি তবে বলিল ডাকিয়া 👢 যেমত আবর্ত্ত কর হৃমের বিশবর। সেইমত প্রদক্ষিণ করহ আমারে॥ সূৰ্য্য বলে রথে বসি সাবৰ্ত্তন করি। সৃষ্টি স্থাজনেন যেই সৃষ্টি মনিকারা ॥ তাঁর নিড়েজিত পথে করিব ভ্রমণ। শক্তি নাহি অত্য পথে করিতে গমন। এত শুনি বিষ্ণা বলে দক্রোধ বচনে। দেখি মেরু প্রদক্ষিণ করিবে কেমনে॥ বিষম বাডিল বিন্ধা করিয়া আকোশ। না হয় রবির গতি না হয় দিবস ॥ ক্রোধ করি কামরূপী বড়োইল অঙ্গ। ব্যাপিল থাকাশপথ না চলে বিহস ॥ ঢাকিল সূর্য্যের ভেন্ধ হৈল অন্ধকার। প্রলয় হইল যেন মানিল সংগার 🛭 দেবগণ মিলিয়া করিল নিবেদন। না শুনিল বিদ্ধগিরি কাহার বচন ॥

তবে যত দেবগণ একত্র হইয়া। चभर्छ। मूनित्र शरम निर्विमल शिया ॥ চক্র দূর্য্য পথ রুদ্ধ বিদ্ধাগিরি করে। তোমা বিনা নাহি দেখি তাহাকে নিবারে॥ রক্ষা কর মুনিরাজ সৃষ্টি হৈল নাশ। ৬নিয়া অগন্ত্য মূনি করিল আখাদ ॥ বিষ্যাগিরি সমীপে চলিল তপোধন। মুনি দেখি প্রণাম করিল সর্ববজন ॥ মুনি দেখি বিদ্ধাগিরি প্রণাম করিল। ঈষৎ হাসিয়া মুনি আশীর্বাদ দিল ॥ যাবং না আসি আমি দক্ষিণ হইতে। তাৰৎ পৰ্বত তুমি থাক এইমতে॥ এত বলি মুনিরাজ করিল গমন। পুন: না উত্তরে দে আসিল কদাচন॥ ভার আজ্ঞা লভিষয়া পর্ববত নাহি উঠে। স্ষ্টি রক্ষা করিলেন অগস্ত্য কপটে॥ পুনঃ ক্লিজ্ঞাদেন তবে রাজা যুধিষ্ঠির। কিরূপে শুষিশ মুনি সাগর গভার ॥ · লোমশ বলেন পূর্বেব দৈত্য বেত্রাহ্বর। পরাক্রমে জিনিয়া বেড়ায় তিনপুর॥ কালকেয় আদি যত দ্বিতীয় দানব। বেত্রাহ্মর সহিত থাকয়ে হুফ্ট সব॥ দৈত্যভয়ে দেবগণ রহিতে নারিল। ইস্ত অত্যে করিয়া ব্রহ্মারে নিবেদিল।। ব্ৰহ্মা বলে যেই ছে হু এলে দেবগণ। পূর্বে চিন্তিয়াছি আমি তাহার কারণ॥ লোহ দারু মেরু যত আছে অন্ত্রদার। কোনমতে নধে বেত্তাহ্ররের সংহার ॥ ্দিখাটি মুনির স্থানে করহ গমন। লবে মিলি বর মাগ শুন দেবগণ ॥ প্রদন্ম হইলে যে মাগিবে এই দান। নিজ অস্থি দিয়া লোকে কর পরিত্রাণ 🛚 ্রীশর্মীর ত্যজ্ঞিবে মুনি লোকের কারণ। ঠায় অন্থি ল'য়ে কর অক্টোর স্ফান 🛚 🗷 অন্তে ইন্দ্র তারে করিবে প্রহার। ৰক্ষাখাতে বেত্রাহ্মর হইবে সংহার ॥

এত শুনি দেবগণ করিল গমন। সরস্বতী নদীতীরে আইল তথন ॥ মহাতেজোময় মূর্ত্তি দেখি দধীচির। চন্দ্র সূর্য্য অগ্নি জিনি স্থলন্ত শরীর॥ মুনিরে বেড়িয়া ইন্দ্র আদি দেবগণ। দণ্ডবৎ প্রণাম করিল অগণন ॥ দেবতা সমূহ সর্ব্ব দিকপালগণে। দেখিয়া দধীচি মুনি ভাবিলেন মনে॥ জানিয়া সকল তত্ত্ব কছে মুনিবর। কি হেতু আইলা আজি সকল অমর॥ সবাকার হেতু আমি ত্যজিব শরীর। অস্থি মাংদ বিষ্ঠা তকু সহজে অচির ॥ হয় হোক ইহাতে লোকের উপকার। উপকার হীন ব্যর্থ রহে তন্ম ছার॥ পূর্ব্বভাগ্যে লোককার্য্যে লাগিল শরীর। এত বলি তমু ত্যাগ হৈল দধীচির॥ ছেন উপকার কোথা নাহি করে কেই। পরোপকারের জন্ম ত্যজে নিজ দেহ॥ মুধিষ্ঠির বলিলেন কহ অতঃপর। অস্থি নিয়া কি কর্মা করিল পুরস্পর॥ মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবাণ॥

বেত্রাহ্মরের সহিত দেবগণের যুক।
লোমশ বলেন রাজা কর অবধান।
দেবশিল্পী স্থানে দিলা করিতে গঠন ॥
আছি ল'য়ে দেবগণ করিল গমন।
বেত্রাহ্মরে যেইমতে মারে মরুত্বান॥
সে উগ্র প্রকারে বক্ত করিয়া নির্দ্ধাণ।
শীপ্রগতি আনি দিল ইন্দ্র বিশ্বমান॥
বক্ত নিয়া জাগিয়া রহিল পুরুদ্দর।
হেনকালে আসে বেত্রাহ্মর দৈত্যেশ্বর॥
প্রলম্ম দানব দৈত্য সংহতি করিয়া।
স্থ্যেক্স শিথর যেন পর্বত বেড়িয়া॥
মার মার শন্দেতে করিয়া কলয়ব।
প্রলম্ম সময়ে যেন উথলে অর্পব ॥

পৰ্বত আয়ুধ কেছ ধরে দৈত্যগণ। ম অস্ত্র চতুর্দিকে করে বরিষণ॥ ছন্দ্রে চড়িয়া ইন্দ্র বন্ধ্র লৈয়া হাতে। বগণ সহ ঘান বুত্তকে মারিতে॥ দু দেখি ঘোরনাদে গর্জের দৈত্যেশ্বর। দুষ্কর নাদেতে কম্পিত চরাচর।। কোশ পাতাল যুড়ি মুখ মেলি ধায়। ্রিয়া অমরপতি ভয়েতে পলায়॥ ন্বগণ দহ ইন্দ্র যান রড়ারড়ি। 🗽 পাছু দৈত্যগণ যায় তাড়াতাড়ি॥ কাথায় পাইব রক্ষা করি অনুমান। ্যুত্র সদনে গিয়া রাখিলেন প্রাণ॥ গ্যার্ত্ত দেখিয়া আশ্বাসিয়া নারায়ণ। গ্ৰায় চিত্তেন দৈত্যনিধন কারণ॥ ুলন আপন তেজ হরি পুরন্দরে। বফুতেজ পেয়ে পুনঃ চলিল সমূরে॥ মন্য দেবগণে তেজ দিল ঋষিগণ। শুনঃ বেত্রাহ্রবেতে হইল মহারণ॥ হইল অনেক যুদ্ধ লিখন না যায়। প্রহারিল বেত্রা**স্থরে বক্ত দেবরা**য়॥ বক্সের ভীষণ শব্দ*ু*দৈত্যের গর্ব্জন। হৈলোকোর লোক যত হৈল অচেতন k বক্সাঘাতে অহুরের মুগু হৈল চুর্ণ। শ্বরে যত ছিল সব পলাই**ল তু**র্ণ॥ যতেক দানৰ দৈত্য কালকেয়গণ। প্রবেশিল সমুদ্র ভিত্রে সর্বজন ॥ মহাভারতের কথা অমৃত সমান। ছবণে পরম হুখ জ্মে দিব্যজান।।

> শগন্তা মুনির সমুদ্রপান এবং দেবগণের যুক্তে অস্ত্রদিগের নিধন।

লোমশ বলেন শুন ধর্মের নন্দন।
শমুদ্রে আশ্রেয় নিল কালকেয়গণ॥
শমস্ত দিবস থাকে জলের ভিতর।
রাজিতে উঠিয়া খায় যত মুনিবর॥

বলিষ্ঠাশ্ৰমে খাইল সপ্তশত ঋষি। তিন শত থাইল চব্যনাশ্রমে বিস ॥ ভরবাজ আশ্রমে অনেক মুনি ছিল। রজনীর মধ্যে গিয়া সকলি গাইল।। উপায় না দেখি আর ব্যাকুল হইয়া। নারায়ণ স্থানে সবে জানাইল গিয়া॥ সৃষ্টিকর্ত্তা হর্ত্তা তুমি, তুমি জ্রীনিবাস। ভূমি উদ্ধারিবে সবে করিয়াছি আশ। বেত্রাহ্বর মৈল কিন্তু কালকেয়গণ। লিফতে না পারি তারা স্মাইদে কখন॥ এত শুনি রোষভরে কন পীতাম্বর। ইহার উপায় আর নাহি পুরন্দর ॥ বরুণ গাশ্রিত হ'য়ে আছে চুফ্টগণ। সিন্ধু শুকাইতে সবে করহ যতন। পাইয়া বিষ্ণুর আজ্ঞা তবে দেবগণ। ব্রহ্মার সহিত গেল অগন্ত্য সদন।। দেবগণ তারে স্তুতি করে যোড়করে। সঙ্কটেতে তুমি রক্ষা কর বারে বারে॥ নহুষের ভয়ে পূর্বের করিল। নিস্তার বিশ্বাভয়ে ক্ষিতির খণ্ডিলা অন্ধকার॥ ব্লাক্ষস বধিয়া বিনাশিলা লোকভয়। এবারে করহ রক্ষা হইয়া সদয়॥ এত শুনি চালল অগস্ত্য সুনিবর। সঙ্গেতে চলিল সর্বব অমর কিন্নর 🛭 অগস্ত্য সমৃদ্র পিবে অছুত কথন। দেখিতে চলি**ল যত তৈলোক্যের জন**॥ বলিলেন সমুদ্র নিক্টে তপোধন। ভোমায় গুনিব আমি লোকের কারণ॥ দেবতা গন্ধৰ্ব নাগ দেখিৰে কৌচুক। নিমিষে সমুদ্র পান করিব চুমুক ॥ তবৈত অাস্ত্য এক গণ্ডুয়ে তথন। ক্ষণমাত্রে সিকুঙল করিল শোষণ ! হইল কুহুমন্তুষ্টি মুনির উপরে। माध् माध् विम नक देशम निगस्दत ॥ कनहोन निक् प्रिथि यङ उन्ध्रभग। বে যাহার অন্ত ল'মে ধাইল তথন k

যতেক অস্তরগণে বেড়িয়া মারিল। কত দৈত্য ক্ষিতি বিদারিয়া প্রবেশিল ॥ হত দৈত্য দেখিয়া নিব্নন্ত দেবগণ। পুনরপি অগস্ত্যের করিল স্তবন 🖁 তোমার প্রদাদে রক্ষা পাইল সংসার। লোকের কণ্টক দৈত্য হইল সংহার ॥ সনুদ্রের জল যে শুবিলা মুনিবর। পুনরপি দেইজলে পুর রহ্বাকর 🏾 **মুনি বলে** তোমরা উপায় কর **দবে**। জলপান করিলাম আর কোথা পাবে॥ এত শুনি দেবগণ বিংগ্রদন। শীঘগতি গেলা সবে ভ্রহ্মার সদন 🛭 দৈত্যনাশ হেতু সিন্ধু শুষিলা বারুণী। কিমতে পূরিবে দিন্ধ কহ পদ্মবোনি॥ ভ্ৰন্মা বলিলেন দেব যাও সৰ্ববন্ধন। উপায় নাহিক সিন্ধু পুরিতে এখন॥ তক্ষসিন্ধু ইংহিবেক দার্ঘকাল যবে। জ্ঞাতি হেতু ভগীরথ গঙ্গাকে আনিবে ॥ ভগীরপ হইতে পুরিবে জলনিধি। শুক্ষ রহিবেক দিন্ধু তাবং অববি ॥ শিরেতে বন্দিয়া ব্রাক্ষণের পদরজ্ঞ। কহে কাশীল্য গদাবরের অগ্রজ।

> স্বর্থপোপখ্যান ও ক্রিলের পালে স্বর স্থান ওল্প।

এত শুনি জিজাদিল বর্মের নন্দন।
কহ শুনি মুনি দিল্পু পূরণ কথন।
কেবা জাতি হেতু ভগীনথের উপায়।
বিস্তারিগ মুনিরাল জানাও আমায়।
লোমশ্ বলেন শুন ধার্মিক রাজন।
সগর নামেতে রাজা বাহুর নন্দন।
তাগজন্ম হৈছ্যাদি রাজা বশ করি।
পৃথিবা পালন করে তুউজনে মালি॥
পুত্রবাঞ্চা করি রাজা হইল চিন্তিত।
তপক্যা করিতে গেল ভার্যার সহিত।

শৈব্যা আর বৈদভী যুগল ভার্য্যা তাঁর। কৈলাদ পর্বতে ভপ করে বহুবার 🛭 তপোবলে সাক্ষাৎ হইয়া মহেশ্বর। বলিলেন সগরে মাগিয়া লহ বর॥ সেই হেতু এই বর মাগিলা রাজন। দেহ ষাটি সংস্ৰ তনয় ত্ৰিলোচন॥ হর বলিলেন বর মাগিলে রাজন। হুইবে তোমার ষাটিসংস্রনন্দন ॥ সম্যে সবাই এককালে হবে ক্ষয়। বংশরক্ষা করিবেক একই তনয়॥ শৈব্যার উদরে যেই এক পুত্র হবে। তাহাতে ইক্ষ্যকুৰণে উন্নতি পাইবে॥ এত বলি অন্তর্দ্ধান হইলেন হর। সগর চলিয়া গেল আপনার ঘর॥ ছুই ভাষ্যা সহ বাস করে মতিমান। কতদিনে টে:হার হইল গভাবান ॥ সময়েতে প্ৰদৰ হইল ছুইজন। रेनवा। श्रमावन এक इन्दर नन्दन ॥ বৈদভীর গর্ভে এক অনাবু জন্মিন। দেখিয়া নৃপতি ফেলাইতে আজ্ঞা নিল। (इनकारन (चात्र तरव देशनु मृखवानी। কি কারণে বংশত্যাগ কর নৃপমাণ ম যত বাঁচি আছে এই লাউর ভিতর। দ্বতপূর্ণ হাড়িতে রাগহ নৃপবর ॥ ইহাতে পাইবে ষাটি দহস্ৰ নন্দন। এত শুনি নরপতি রাথে দেইকণ॥ মুতহাড়ি প্রাত এক ধার্ত্রা নিয়োজিল : ষাটি সহস্র পুত্র তাহাতে জন্মন ॥ অশ্যেধ অরিন্তিন বাহুর নন্দন। ঘোড়া রাখিবারে নিয়েক্লিন পুত্রগণ ॥ সদৈনো তাহারা ষাটি সহস্র নন্দন। ছোড়া রাথিবারে গেল পর্বত কানন ॥ জলহান সিন্ধু মধ্যে করয়ে জমণ। ছোড়ার রক্ষণে দবে থাকে দর্ববঙ্গণ । ইন্দ্র বলে আর কেন রাজ্য পাছে যার। শত যভা দাঙ্গ হৈল কি হবে উপায় ।

ারি করি নিরে ঘোড়া রাথে পাতালেতে। ্_{যথানে} কপিল মুনি ছিলেন যোগেতে॥ ্কাথা না দেখিয়া অশ্ব চিন্তিত হইয়া। _{দগরের} স্থানে সবে জানাইল গিয়া॥ শুনি রাজা দৈববশে করিল উত্তর। _{ূঘড়ে} ন আনিয়া কেন আইলি রে ঘর ॥ প্রিত্য গাড়া পাইয়া চ**লিল সর্ববজন।** কেলেলি ধরিয়া **পৃথ**িক**রিল খনন**॥ ত্র্যাত থারিনিধি খনিতে খনিতে। ভাষ্ অব্ৰেদণে গেল পুথী পূৰ্ববভিতে ॥ রহায় খনিয়া পৃথী বিদার করিল। প্রভাগপুরেতে গিয়া **সবে প্রবেশিল ॥** তুল গ্রিয়া দেখিল ক**পিল মহামুনি।** দ*িপ্রান*্তর যেন জলন্ত আগুনি॥ ভাগার আশ্রেমেতে দেখিয়া হয়বর। হ্নট গ্রে ঘোড়া সিয়া ধরিল সত্বর॥ ভিট্নতারে মুনিরে করিল অনাদর। েহিঃ জপিল মুনি কুপিত অন্তর॥ বাহির্যে সূচী চাফু **হইতে অনল**। ভত্তর'শ করিলেন কুমার সকল ॥ লিবেদের মুখে বার্ত্ত। পাইল দগর। 🖭 ে কুল হয় রাজ। বিরদ অন্তর ॥ উর্জ ইয়ে শাকাকুলা চিন্তে নরপতি। ^{শরবণ} চা চিন্তিয়া করিল স্থিরমতি ॥ শিভ্যান পোত্র অসমপ্রের নন্দন। তাল্যর ডাকিয়া রাজা বালল বচন।। কাপানের শাপে ভন্ম হৈল পুত্রগণ। ^{মজ্র} • স্ট ইইবেক হাশ্বের কারণ ॥ ^{াবে} ভাগ করিয়াছি তোমার পিতা**র** । ^{তে'ন}িবনা নাহি লোখ যজের উপার ∎ ^{इतिहि}ं किछामिल कर गूमिवत । ি ংই মতাজ্য পুত্রে ত্যঞ্জিল সগর। র্মন বালনেন পুত্র নৈব্যাগর্ভে হয়। গৌবন সময়ে বড় কুকশ্ম কর্য়॥ ইদ্বৰ শিশুগণ ধার হস্তে গলে। উপরে তুলিয়া ভূমে আছাড়িয়া ফেলে।

একত্র হইয়া তবে যত প্রজাগণ। সগর রাজার প্রতি কৈল নিবেদন ॥ তাতরূপে আমা সবা করহ পালন। তুষ্ট দৈত্য পর5ক্রে করহ তারণ ॥ ক্রুদ্ধ হয়ে আজ্ঞা দিল যত প্রদাগণে। প্রাম হৈতে বাছির করহ এইক্ষণে ॥ এইমত নিজ পুজে ত্যজিল সগর। পৌত্রে যে কাহল রাজা শুন নরবর॥ তোমা বিনা কুলাল্পর কেহু নাহি আর। যজ্ঞবিল্ল নরক হইতে কর পাব 🛭 পিতামহ বচন শুনিয়া অংশুমান। যথায় কপিল মুনি গেল দেই স্থান ॥ প্রণাম করিয়া বহু করিল স্তবন। তুষ্ট হ'য়ে বলিলেন কি চাহ রাজন 🛚 এত শুনি অংশুমান কহে গোড়করে। কুপা যদি কর প্রভু দেহ শশ্বরে॥ দ্বিতায়ে মাগিল পিতৃসণের সন্ধতি। বাঞ্জা পূর্ণ হউক বলিল মহামতি ॥ সত্যশীল ক্ষাশীল ধ্যে তব জ্ঞান। তব পিতা ২০০ে সগর পুত্রবান॥ মম ক্রোধে ৮% মত পগর কুমার। তব পৌত্র কারবেক সবার উন্ধার॥ শিবে তুল্ট করিয়া আনিবে প্ররধনা। যক্ত সাঙ্গ কর অশ্ব লইয়া এননি 🛚 মুনিরে প্রণাল করি ল'য়ে অশ্ববর। অংশুমান দিল পিতানহের গোচর ॥ আলিঙ্গন দিয়া বহু করিল সম্মান। অশ্বমেধ যতুর রাজা কৈল স্নাবনে ॥ পৌত্রে রাজ্য দিয়া শেষে গেল তপোবন। অংশুমান শাদেলেক সকল ভুবন ম रुहेल फिल अ बार्य ठाँशाय नक्ता। দেখি আনান্দত বড় হইল রাজন।। দিলাপ পাইল নিজ পিতৃ-দিংহাসন। শুনিল কপিল-কোনে দগ্ধ পিতৃগণ ॥ গঙ্গা হেছু তপত্থা করিল বহুকাল। তথাপি আনিতে গঙ্গ। নারিল ভূপাল ॥

তাঁহার নন্দন মহারথ ভগীরথ। যার যশ-কপূরে পুরিল ত্রিজগং ॥ কপিলের কোপানলে দগ্ধ পিতৃগণ। লোকমুথে শুনিয়া চিশ্তিত রাজন॥ মন্ত্রীরে করিয়া রাজা রাজ্য সমর্পণ। গঙ্গার উদ্দেশে গেল দিলীপ-নন্দন॥

গঙ্গাবতরণ ও সগর-সম্ভানগণের উদ্ধার। হিমালয়ে গিয়া মহাতপ আরম্ভিল। কঠোর তপেতে সব তপস্বী তাপিল॥ ফলাহার পত্রাহার কৈল বাতাহার। অনাহারে তপ কৈল অস্থিচর্ম্মদার॥ দেবমানে তপ কৈল সহস্র বৎসর। তপে তুষ্ট গঙ্গা আইলেন দিতে বর॥ গঙ্গা বলিলেন রাজা কেন তপ কর। প্রীত হইলাম আমি মাগি লহ বর॥ জাহ্বীর বাক্য শুনি হৈল হৃষ্টমন। कत्ररपार्फ कहिरलन मिलीश-नन्मन ॥ কপিলের কোপানলে দগ্ধ পিতৃগণ। তাঁ সবার মৃক্তি হেতু করি আরাধন। যাবৎ তোমার জল না হয় সেচন। তাবৎ দদগতি না পাইবে পিতৃগণ ॥ তোমার চরণে এই করি নিবেদন। উদ্ধার করহ মাতা মম পিতৃগণ॥ যদি কুপা করিলা গো মাগি তব পায়। আপনি তথায় গিয়া উদ্ধার সবায়॥ গঙ্গা বলে তব প্রীতে ঘাইব তথায়। মম বেগ সহে ছেন করহ উপায় **॥** গগন হইতে চ্যুত হইব যখন। মম বেগ সহে হেন নাহি অন্যন্তন ॥ এত শুনি ভগীরথ করিল গমন। কৈলাস শিখরে শিবে করিল স্তবন । তপস্থাতে হইলেন তৃষ্ট দিগম্বর। গঙ্গা ধরিবারে ভগীরথ মাগে বর 🛚 নিজ ইফ জানি ভুফ হ'য়ে মহেশ্বর। ব্রীভিতে বলেন চল যাব নুপবর ॥

হিমালয় পর্ব্বতে কহেন উমাপতি। আনহ কোথায় আছে তব হৈমবতি॥ ভববাক্যে ভগীরথ পঙ্গা চিন্তা করে ৷ জানিলেন ব্রহ্মলোকে গঙ্গা তা অন্তরে ॥ **আকাশ হইতে গঙ্গা দেখি শূল**পাণি। পড়িবেন হরশিরে করি ঘোর ধ্বনি॥ মকর কুম্ভীর মীন পূর্ণ মহাজলে। মুক্তামালা শোভে যেন চন্দ্ৰচুড় গলে॥ **শিবশির হৈতে গঙ্গা হৈলেন** ত্রিধার।। একধারা আসিয়া পড়িল বহুন্ধরা।। স্বর্গেতে যে ধারা তার মন্দাকিনা খ্যাতি মর্জ্যে অলকানন্দা পাতালে ভোগবর্তী।। ভগীরথ প্রতি বলিলেন ভাগীরথী। তোমার কারণ আমি আইলাম কিতি॥ পিতৃগণ তোমার আছুয়ে কোনু দিকে! কোন্ পথে যাইব চলছ মম আগে॥ আজ্ঞায়াত্র আগে যান দিলীপনন্দন। কলকল শব্দে গঙ্গা চলিল তথন। হিমালয় পর্বতে হইল উপনীত। পথ না পাইয়া গঙ্গা হইল ভাবিত॥ অতঃপর ঐরাবতে কর রাজা ধ্যান। নতুবা কেমনে বল হইবে পয়াণ॥ গঙ্গাবাক্যে ঐরাবতে করিলেন স্তুতি ৷ স্তবে তৃষ্ট হইয়া আইল গব্ধপতি॥ রাজা বলে মহাশয় নিস্তার এ দায়। গিরি বিদারিয়া পথ দেহ গঙ্গা মায়॥ শুনি করী চুফীমতি বলিল রাজারে। পথ করি দিতে পারি যদি ভক্তে মোরে কর্ণে হাত দিয়া রাজা আইল সমুর। ছলেতে জানায় সব পশুর উত্তর॥ যাও বাছা ভগীরথ কহিবে করীরে। বেগে দাণ্ডাইলে আমি ভক্তিব অচিরে 🛭 মাতঙ্গ নিকটে গিয়া বলে ভগীরপ। শুনি করী শীব্রগতি করি দিল পথ 🛚 গিরিখণ্ড করি দন্তে টানিয়া ফেলিল । মহাবেগে মহাধালা প্রমন করিল 🛭

সম্মুখে পড়িয়া হস্তী ভাসিয়া চলিল। আছাড়ে বিছাড়ে তার প্রাণমাত্র ছিল ॥ স্তব করে গজবর ত্রাহি ত্রাহি ডাকে। বলে মাগো পশু আমি কি কব তোমাকে॥ ভাগীরথী দয়া করি রাখিল জীবন। প্রাণভয়ে ঐরাবত পলায় তথন॥ বেগেতে চলিল গঙ্গা আনন্দিত মনে। উপনাতা হৈলা জহ্নুম্নির সদনে॥ ্দ্থিয়া গঙ্গারে মুনি করিলেন পান। গ্ৰন্থা না দেখিয়া রাজা হৈল হতজ্ঞান ॥ মনিবরে স্তব করে কাতর অন্তরে। ভূষ্ট হ'য়ে মুনিবর গঙ্গা দিল পরে॥ চিরিয়া আপন হাঁটু বাহির করিল। জাহ্নবা হইল নাম. সর্ববত্ত ঘোষিল॥ কলকল শব্দে হয় গঙ্গার পয়াণ। কত শত লোক তরে নাহি পরিমাণ॥ তাহা দেখি হরষিত দিলীপ-নন্দন। বেগেতে আইন গঙ্গা কপিল সদন॥ ব্ধায় আছিল ভুমা সগর-সন্তান। পরশে পরম জল বৈকুঠে প্রস্থান । প্রিতৃগণ মুক্তি দেখি আনন্দ অপার। প্রণাম করিয়া নাচে দিলীপ-কুমার ॥ ভগীরথ হৈতে সমুদ্রেতে হৈল জল। যাহ। জিজ্ঞাসিলে রাজা কহিন্দু সকল ॥ মহাভারতের কথা অমুত-সমান। কশীদাস বিরচিল সগর-আখ্যান ॥

পরভরামের দর্পচুর্ব।

লোমশ বলেন এই মহাতীর্থ স্থান।
পরশনে হয় তার বৈকুঠে প্রস্থান॥
পূর্ণ গঙ্গা এই স্থানে বিন্দুসর নাম।
বেই স্থানে হতবীর্য্য হইলেন রাম॥
যুধিন্তির কহিলেন কহু তপোধন।
ইইলেন হতবীর্য্য রাম কি কারণ॥
লোমশ বলিল পূর্বের নাম দাশরবি।
বিষ্ণু-অংশে চারি ভাই রম্পুক্লপতি॥

লক্ষী অংশে জন্মিলেন জনক-নন্দিনী॥ তাঁহার বিবাহে পণ কৈল নূপমণ্।। ধৃষ্ট্রটির ধনুভাঙ্গ যে জন করিবে। তাহারে আমার কন্সা জানকী বরিবে॥ দেশে দেশে বার্ত্তা দিল জনক রাজন। বিশ্বামিত্র স্থানে রাম করেন শ্রবণ॥ যজ্ঞরকা করিলেন রাক্ষদ মারিয়া। সীতা লভিলেন রাম ধনুক ভাঙ্গিয়া॥ দীতা ল'য়ে যান রাম অযোধ্যানগর। পথেতে ভেটিল কুলান্তক ভৃগুবর॥ তুর্জ্বয় ধনুক বামে দক্ষিণে কুঠার। পুষ্ঠে শর তুণ তার শিরে জটাভার ॥ তুই চক্ষু রক্তবর্ণ প্রকাণ্ড শরীর। কর্কশ বচনে কছে চাহি রঘুরীর ॥ জীর্ণ ধনু ভাঙ্গি তোর এত অহঙ্কার। দীতারে লইয়া যাস অগ্রেতে আমার॥ না জানিদ ভগুরাম ক্ষত্রিয় কোঙর। ক্ষণেক ত্রিষ্ঠহ বুঝি পরাক্রম তোর॥ তিন সপ্রবার ক্ষত্র করেছি নিধন। নিক্ষত্র করিয়া ধরা, করেছি তর্পণ॥ এত বলি হুৰ্জ্বয় ধসুক দিল ফেলি। দিলেন ধকুকে গুণ রাম মহাবলী ॥ রাম বলিলেন জমদগ্রির নন্দন। ধনুকেতে গুণ দিনু কি করি এখন ॥ ইহা শুনি ভৃগুপতি দিল দিব্য শর। শর সহ বিষ্ণুতেজ িল রঘুবর ॥ **चाकर्व शृतिया ४० कटह कान्यत्रशी**। কোথায় মারিব অস্ত্র কহ ভঞ্পতি॥ ব্রাহ্মণ বর্ণের গুরু মম বধ্য নহ। অব্যর্থ আমার শস্ত্র কোথা মারি কহ।। স্তুতি করি বলিলেন ভৃগুর কুমার। অভ্র মারি বর্গপথ রুদ্ধহ ত'মার॥ একবাণে স্বর্গরোধ করেন ভাঁহার। পরশুরামের গেল যত অহকার 🛚 মুনি বলে কহিলাম রামের আখ্যান। কাশীদাস বিরচিল শুনে পুণ্যবান ॥

শ্যেন কপোত উপাধ্যান।

লোমশ বলেন ভাকি ধর্মের নন্দনে। শ্যেন-কপোতের কথা করহ শ্রবণে॥ এই বিভক্তা নদী শিবিরাজ্য দেশে। শারদ শারদী ক্রাড়া করিছে উল্লাদে। **উশনীর নামে নৃপ আছিল তথা**য়। ৰজ্ঞ অনুষ্ঠানে ইক্ৰ পরাভব পায়॥ আগ্রি দনে যুক্তি করি অতি দঙ্গোপনে। শ্যেন ও কপোত রূপে ছলিতে রাজনে॥ ধরিল কপোতরূপ দেব হুতাশন। দেবরাজ শ্যেন রূপ করিল ধারণ॥ সভাতলে যতে ব্রতী আছিল রাজন। শ্যেন ভয়ে কপেতিক লইল শরণ।। ছুলুবেশী কপোতক কহিল রাজায়। **লইন্তু শর**ণ প্রভু রাথ ঘোর দায়॥ **কপোতে ব্যাকু**ল হেরি কহে উশীনর। তোমারে রফিতে প্রাণ দিব কলেবর॥ শ্যেন আদি কহে নুপ একি আচন্ত্রণ। মোর ভক্ষে রক্ষ তুমি কিসের কারণ॥ রাজা বলে পক্ষীরাজ কি করিব আমি। ব্দনর্থক না বুঝিয়া নিন্দ মোরে ভূমি॥ কপোত প্রাণের ভয়ে ল'য়েছে শরণ। কেমনে কালের করে করিব মর্পণ। শ্যেন বলে মহারাজ করহ তাবণ। ক্ষুধায় আকুল আমি না স্বরে বচন॥ ক্ষণেক বিলম্ব হছলে যাবে মন প্রাণ। এত শুনি সকাত্রে কহিল রাজন ॥ অক্স খান্ত খাও তুমি রহিবে জীবন। ব্য মুগ ছাগ মেষ গাহ। আকিঞ্চন ॥ শোন বলে অন্য মাংদ নাহি মোরা থাই। কপোত মোদের খান্য দেহ মোরে তাই ॥ কপোত যদ্যপি তব স্নেহের ভাজন। নিজ মাংদ দাও মোরে কপোত দমান ! তৰ মাংদ কপোতে। তুল্য যদি হয়। সেই মাংদে তৃপ্ত হব 😎ন মহাশয় 🛭

উশনারের মাংস দান ও স্বর্গে পমন। উশীনর নুপমণি, আশ্রিতে রক্ষিত্ব জানি তুলাযন্ত্র আনিয়া সহরে। উরুদেশ থণ্ড করি, মাংস দেয় তুল্য করি কপোতের তুল্য করিবারে॥ দেয় মাংদ রাশি রাশি, তবু হয় ভার বেশি হু তাশন কপোতের ভারে। ক্ষণকাল চিন্তা করি, উশনীর হরি স্মন্তি তুলে বৈদে নিজে ত্বরা করে॥ হেরি হেন নূপ মতি, শ্যেনরূপী স্তরপতি কহিলেন শুনহৈ রাজন। স্থরপতি মন নাম. রাজ্য করি হারধাম কপোত বেশেতে হুতাশন 🖟 ধার্ম্মিকতা দোখবারে মোরা দোঁহে ছল ক'রে, আদিয়াছি তোমার সদন। হেরি তব ধন্ম নিষ্ঠ, হইলাম বড় তুউ, কহি শুন মোদের বচন ॥ নর জ্বালা হৈল নাশ্র স্বশ্রীরে স্বর্গবাদ, হৈল তব শুন নরপতি। ত্যজিয়া সংসার মায়া, ধরিয়া দেবের কায়: চল চল মোদের সংহতি॥ শূন্য হ'তে রথ আদে, চলিল অমর বাদে, যজের প্রভাবে উণানর। অপ্সরী যোগিনা কত, দেবাদি কিল্পরা যত পুষ্প রৃষ্টি করেন অমর ॥

> ভীনের পল্লাবেগণে গমন ও হতুমানের সহিত সাকাৎ

জন্মেজয় জিজ্ঞাদিল কহ মুনিবর।
চারি ভাই কি কর্মা করিল শতংপর॥
স্বর্গেতে রহিয়া কি করিল ধনঞ্জয়।
কত দিনে একত্র দবার মিল হয়॥
বলেন বৈশস্পায়ন শুন কুরুবর।
কুষ্ণাসহ কাম্যবনে চারি সহোদর॥

য়ত বিজ্ঞবর ধৌম্য লোমশ সংহতি। ছুয় রাত্রি হেথায় র**হিল ধর্ম**পতি॥ তক্দিন দেখ তথা দৈবের ঘটন। বহিল উত্তরদিকে মন্দ সমীরণ।। স্ত্রগান্ধর বায়ু অতি স্তশীতল। প্রগ্রেদ্ধ পুরি**ল সকল বনস্থ**ল॥ অশ্যাদে করিল মুগ্ধ সবাকার মন। পুনা পুনঃ প্রশংসা করিল সর্ব্বজন ॥ উত্তরস্থতে সবে করে অমুমান। ্ল'গের সাধনে যেন যোগীর ধেয়ান ॥ ক্রেমতে কেহ না জানিল নিরূপণ। লামশেরে জিজ্ঞাদেন ধশ্মের নক্ষন॥ জুলহু রুভান্ত যদি ক**হু মুনিবর** : ক'লা হৈতে আসিতেছে গন্ধ মনোহর॥ ্ক'ন্মত পুষ্প সে কোথায় উপবন। চন্টায় পা**ইব কিংবা অসাধ্য সাধন**॥ া বলে আছে গন্ধমাদন পৰ্ববত। মরোবরে আছে তাহে পুষ্প শত শত ॥ ক্রেরের পুষ্প **সেই অতি মনোহর**। রক্ষক আছু**য়ে লক্ষ লক্ষ অনুচর।** প্রবের পুষ্প দেই গন্ধের অবধি। ্রতীয় হইবে প্রাপ্তি বাঞ্জা কর যদি॥ এএক বৃত্তান্ত যদি কহিলেন মুনি। গ্রহ হৈয় ভামেরে কহিল যাজ্ঞসেনী ॥ াম প্রতি শ্রদ্ধা যদি তোমার আছয়। মক্টোত্তর শত পুষ্পা দেহ ম**হাশয়**॥ 🥍 র পূজিব আমি করি এ বাসনা। ্রানার কুপায় যদি পূরে দে কামনা ্গনার অসাধ্য নাহি এ তিন ভুবনে। ন্থেগেগ করহ আমার নিবেদনে॥ ্রাপদীকে ব্যাকুলা দেখিয়া রুকোদর। ^{সমুম্}তি লইলেন ধর্মের গোচর॥ ^{বন্দন}: করিয়া যত ব্রাহ্মণমণ্ডলী। শ্রম্যে প্রণাম করে, করি কুতাঞ্চলি॥ বুধিষ্টির ব**লেন সে দেবের আলয়**। কাহার সহিত যেন বিরোধ না হয় 🛚

যাও শীম্র ত্বরা করি এস ভাতৃবর। শুনিয়া উত্তরে যান বীর রুকোদর 🛊 দেখিল ফুক্রর বন ছায়া ফুণ্ডল দিব্য সরোবর তথা হ্রবাসিত জল। কতদুরে দেখি বার কদলীর বন। চলিছে উত্তর পথে প্রম নন্দন। প্রবেশিয়ে দেখে বনে গ্রপক কদলী। করিল উদরপুণ ভাম মহাবলা।। মারিল গ্তেক পশু নাহি তার অন্ত। সেই বনে আছিল চুরত হনুমন্ত : ভাঙ্গিল কদলীবন করি ছালুমান ৷ ্রেল্পড়ারে শীস্তগতি করিল প্যান।। দেখিয়া জানিল এই ম**ম ভাতৃবর**। মতুষা এখন দপ্রিকরে কোন্নর।। জানি ছল করিল প্রন মঙ্গজনু। হইন সহর জার্ণ অতি ক'ণ তবু ॥ ব্যাধিতে পীড়িত অঙ্গ অস্থিচন্ম দার। পড়িল পথেতে গিয়া ভীম আগুসার॥ ছদিকে কণ্টক বন নাহি পরিমাণ। মধ্যপথ যুডিয়া র**হিল হসুমান** দ ্ছনকালে উপনীত ভীম মহাবল। দেখিলেন পথে পড়ে বানর দুর্ববল। ভীম বলিলেন পথ ছাড় রে বানর। আবশ্যক কাৰ্য্য আছে সংইব শহর 🕆 শুনিয়া ভাঁষের ভাবে এটাংক বাম : মায়। করি আঁও কানী প্রানিল কান। পারে পারে কহিলের গিন্য গার্ডির জিজ্ঞান করায় গভি করিয়া চাত্রী। কে ভূমি (বাংক্ষা সাধ্য এই ইছিলিল্ল), জরায়ুক্ত জড় হয় রাজার গলার ৮ **নড়িতে** নাহিও শক্তি ক্ষরণ গরিব। লভিষ্যা গ্ৰম কর জাল মহাবীর ॥ এতেক শুনিয়া ভাষ িন্তে মনে মন। সকল শরীরে জাত্মারূপী নারায়ণ॥ ইহারে লব্জিয়া আমি বাইব কেমনে। এতেক বিচারি তবে কংহ হনুমানে ॥

ধার্শ্মিক বানর ভূমি রুদ্ধ পুরাতন। **অনীতি করিতে যুক্তি দাও কি কারণ ম** শুনিয়াছি শাস্ত্রে হেন আছে বিবরণ। যত্র জীব তত্র শিব জপে নারায়ণ ॥ দেখিয়া শুনিয়া কেন করিব ছুনীতি। লজিয়া যাইতে বল নাহি ধর্মে মতি। : **হতুমান বলিলেন** আমি যে বানর। ধর্ম্মাধর্ম জ্ঞান কোথা পশুর গোচর ॥ ভবে ভীম অবজ্ঞা করিয়া বাম হাতে। ধরিয়া তুলিতে যান নারিল। তুলিতে॥ বিশার মানিয়া তবে বার রুকোদর। শক্ত করি ধরিলেন দিয়। তুই কর॥ যতেক আপন শক্তি কৈল প্রাণপণ। মহাশ্রমে নাড়িতে নারিল কদাচন ॥ বহিল অঙ্গেতে ঘাম হইল ফাঁপর। বিনয় পূর্ব্বক কয় যুড়ি হুই কর॥ কে ভূমি দেবতা যক্ষ গন্ধৰ্ব কিন্নর। রাক্ষদ মসুষ্য কিংব। হবে নাগেশ্বর ॥ জানিলাম মম দর্প নাশিতে বিশেষে। ছলিতে আইলে রুদ্ধ বানরের বেশে॥ চন্দ্রবংশে জন্ম রাজা পাণ্ডু মহামতি। তাঁর ক্ষেত্রে জন্ম মম পবন-সন্ততি॥ ভীমদেন নাম মম জান মহাশ্য। মম জ্যেষ্ঠ যুধিষ্ঠির ধর্ম্মের তনয়॥ স্বাজ্য ধন নিয়া শক্ত পাঠাইল বনে। তপদ্বীর বেশে ভ্রমি ভাই পঞ্চজনে॥ কহিলাম নিজ কথা তোমার অগ্রেতে। সম্প্রতি যাইব গন্ধমাদন পর্বতে ॥ আনিব স্থবর্ণ পদ্ম ঈশ্বরের হেতু। পাঠাইয়া দিল মোরে ভাই ধর্মদেতু॥ এতেক কহিল যদি ভীম মহামতি। প্রদন্ন হইয়া তবে কহিল মারুতি॥ কিজাসিলে শুনহ আমার বিবরণ। কেশরীর ক্বেত্র জন্ম প্রন[্]নন্দন ॥ নামকাৰ্য্য হেচু মোরে স্বজ্ঞিল বিধাতা। ্**ংসুমান নাম মোর রাখিলেন পিভা ॥**

এতেক শুনিয়া তবে ভীম মহাবল। দগুবং হইয়া পড়িল ভূমিতল ॥ বলিলেন অপরাধ ক্ষমহ গোঁদাই। যুধিষ্ঠির তুল্য তুমি মম জ্যেষ্ঠ ভাই ॥ নিজ মূর্ত্তি মহাশয় করিয়া প্রকাশ। পুরাও আমার যে মনের অভিনাষ॥ শুনিয়া হাসিয়া তবে হসুমান বার। দেখিতে দেখিতে হৈল পূর্বের শরীর। মনের আবেশে বাড়ে বীর হনুমন্ত। কি দিব উপমা যেন পর্বাত জগন্ত ॥ মুর্চ্ছাগত হৈয়া ভাম পড়ে স্থমিতলে। তথাপিও মহাবীর বাড়ে কুতুহলে ॥ উদ্ধে লক্ষ যোজন হইল পদ নধ। ব্রহ্মাণ্ড উপরে গিয়া ঠেকিল মন্তক ॥ বিশেষে দেখিয়া তুঃধ বীর রুকোদর। পূর্ব্বমত ক্ষুদ্রে দেহ হৈল মায়াধর ॥ আশ্বাসিয়া ভীমেরে করিল সচেতন। মৃতদেহে সঞ্চারিল যেমন জীবন # বুকোদর কহে দাগুাইয়া যোড়করে। বিস্তর বিনয় করি বানর-ঈশ্বরে॥ তোমার চরণে মম এই নিবেদন। আমার পরম শক্ত আছে হুর্য্যোধন 🛭 বনবাস উপশ্যে যদি যুদ্ধ হয়। সেইকালে সাহায্য করিবা মহাশয়॥

ভীষের সহিত যক্ষগণের যুদ্ধ ও পূব্দ আহরণ পরাক্রমে যম, অতঃপর ভীম. চলিল উত্তর পথে। আছয়ে পৰ্বত, চুই ভিতে যত, নানাবৰ্ণ বুক্ষ তাতে॥ আপনার স্থা পরম কৌতুকে, **স্বচ্ছদ্দে গমনে** যায়। কি করে সন্ধান, মহাবলবান. কে বুঝিবে অভিপ্রায় ৷ পদ্ধ গিরিবর, কভ দিনান্তর, বন উপবন শোভা।

বিস্তারে অলেখা, উচ্চ সৰ শাখা, নব জলধর আভা ॥ শোভা করে যথা, দপ্ত শঙ্গ তথা, তাহে নানা তরুগণ! আনন্দিত মন প্रद**्ध-नन्द**न. হ্বপে কৈল আরোহণ॥ প্রতি শৃঙ্গে পক, মৃগ লক লক, পশুগণ অগণিত। নানা পুষ্পা বনে, মধুকরগণে, মধুপানে আনন্দিত॥ কোকিল কাছুলি, গুঞ্জরিছে অলি, विविध विस्त्र वर। সকল সোপানে, দেখে নানা স্থানে, দেবের আশ্রম সব॥ রম্য সরোবর, ভাহার উত্তব, স্থবৰ্ণ পক্ষজ বন। বহে অসুক্ষণ, দক্ষিণ প্রবন, আমোদে মোহিত মন # চলিল উত্তরে. গন্ধ অনুসারে পুষ্প হেতু মহাবৃদ্ধি। বীর রুকোদর, ্দ্রি সরোবর, জানিল যে কার্য্যদিদ্ধি॥ কনক কমলে, ত্তবাসিত জলে, মধুপান করে ভৃঙ্গ। হংস চক্ৰবাক, ज्या नार्य माथ विश्दत त्रभी मक কারগুর রুন্দ, পরম আনন্দ, সবাই সানন্দ হ'য়ে। মজি মনোভবে, কেলি করে সবে, নিজ পরিবার ল'য়ে॥ যক্ষরাজ পক, তথা লক লক, আছ্যে রক্ষক লক। ভীমদেন কয়, মানিয়া বিশ্বায়, কথন এ-নতে লক্ষ্য। বুকোদর বীর, নির্ভন্ন শরীর, দেখিয়া নির্মাল জল।

शृक्षा देकन इस्ते ন্নান করি হৃষ্ট, কোতুকে তুলে কমল 🛭 **(मिथि পরস্পার,** কহে অসুচর কুবের কিঙ্কর যত। দেবের উত্থানে, ভয় নাহি মনে, দেখি যে অজ্ঞানবত। না করি**হ হ**ঠ কেহ বলে উঠ কমল কনক ফুল। মাসুষ অজ্ঞান অন্নতর প্রাণ, কি জানে ইহার মূল ॥ কেহ সাধুজন মধুর বচন কহে ভীমদেন প্রতি। কহ মহামতি, কাহার সন্ততি কি হেতু হেথা আগতি॥ যক্ষের **ঈশ্বর** এই দরোবর ঈশ্বর ইহার হয়। দেখি সাধু হেন, ভাল মন্দ জান কারে নাহি কর ভয়॥ নাম বুকোদর ভীম বলে মোর, পাপুর নন্দন আমি। এ তিন **ভূবনে** ভয় নাহি মনে, স্বচ্ছলে সর্বত্ত ভ্রমি। ক্ষিতিপাল শ্ৰেষ্ঠ মম ভাই জ্যেষ্ঠ যুাধন্তির মহারাজা। পুষ্প অনুদারে, পাঠান আমারে করিবেন দেবপূজা ॥ পুষ্প লৈয়া আমি. যাব শীত্ৰগামী ক্রিতে ঈশ্বর-দেবা। অ্ন্যু কর্ম্ম নয়, কি কারণে ভর্ম এমত তুকাল কেবা॥ যাও মহাশর অসুচর কয় यक्त ब्राटक शिया वन । করিবে কলর্ছ নহিলে বলহ, তবে কি হইবে ভাল॥ शिम बूरकामन, करह अरह छन्न कि एक गारेत छवा।

পুষ্প নিল সব, আসিয়া পাণ্ডব, কহ গিয়া এই কণা॥ তোলয়ে কমল, ভীম মহাবল, ना मानिन यपि माना। কুবের কিন্ধর, হাতে ধকুঃশর, রুষিল সকল সেনা॥ সবে এড়ে শর্ ভীমের উপর্ বৃষ্টি হেন পড়ে কায়। উঠিয়া সত্তর, ক্রোধে রুকোদর, মারিল রুক্ষের ঘায়॥ কহিব কতেক, মারিল যতেক, যে কিছু আছিল শেষ। কান্দি উচ্চৈম্বরে, কহিল কুবেরে, নিশ্চয় মজিল দেশ ॥ বিকৃতি লক্ষণ, র একজন মারিয়া রক্ষক কুল। সরোবরে যত, গরিলেক হত, আছিল কমল ফুল॥ বীর রকোদর, চহে নাম মোর, পাণ্ডু নৃপতির স্থত। কহিন্তু নিশ্চয়, চুন মহাপ্য, যক্ষকুল হৈল হত॥ দ্বন্দ্বে নাহি কাজ, চহে যক্ষরাজ. তনয় অধিক হয়। কহিয়া সত্তর, দামার উত্তর, পুষ্প দেহ যত চায় ৷ মধুর বচনে, মাসি চরগণে, সাস্ত্রাইল ভীমদেনে। ত্রিবিধ উৎপাত, হেথা ধর্মাহ্রত, (मथर्य भर्वती मित्र॥ যুনিগণ প্রতি. উচাটন মতি করিলেন নিবেদন। ভাই, ব্বকোদর, চহ মুনিবর, না আইল কি কারণ॥ না করিহ ভয় ভীমে কে হিংসিতে পারে।

কহে যুধিষ্ঠির, প্রাণ নহে স্থির, যাবং না দেখি তারে॥

ভীমাধেষণের যুধিষ্টিরের যাত্র।। যুধিষ্ঠির বলে মূনি কর অবধান। ভীমের বিলম্বে মম ব্যাকুলিত প্রাণ॥ অন্ত্রশিক্ষা হেডু পার্থ স্বর্গেতে রহিল। মিগ্যা কার্য্যে পুষ্প হেন্তু ভীমদেন গেল ॥ ব্যস্ত প্রাণ, না দেখিয়া দোঁহাকার মুখ। বিধি দেয় তুঃথের উপর আরে। তুঃখ। এত বলি ঘটোৎকচে করেন্ত্র স্মরণ। স্মরণ করিবামাত্র ভামের নন্দন॥ আসিয়া সবার পদে করিল প্রণতি। আশীর্কাদ করিয়া বলিল নরপতি॥ ভাগ্যে আজি দেখিলাম বদন তোমার। মন দিয়া শুন বাপু কহি সমাচার ॥ পুষ্প হেতু গেল ভীম জনক ভোমার। চারিদিন না পাই তাহার সমাচার॥ এই হেতু চিন্তা দদা হতেছে আমার। ঘটোৎকচ এ সঙ্কটে করহ উদ্ধার॥ প্রাণের অধিক মম রকোদর ভাই 🗆 শীঘ্রগতি চল তথা যাইব সবাই॥ আমারে লইবে আর ভাই চুইজন। সকল বর্ণের গুরু লইবে ব্রাহ্মণ॥ ক্রপদ-নন্দিনী কুষ্ণা জননী তোমার। দে কারণে লইতে আমার অস্নীকার। ঘটোৎকচ বলে দেব তোমার সাজায়। পৃথিবী বহিতে পারি কত বড় দায়॥ ম্ম পুষ্ঠে আরোহণ কর সর্বজনে। তোমার প্রসাদে তথা যাইব একণে ॥ এত শুনি ভূষ্ট হ'য়ে ধর্ম্মের নন্দন। প্রশংসা করিয়া বহু দেন আলিঙ্গন ॥ আরোহণ কৈল অগ্রে ব্রাহ্মণমগুলী। কৃষ্ণা সহ তিন ভাই বসে কুতৃহলী॥ চলিল ভীমের পুত্র ভীমপরাক্রম। অনায়াদে গমনে তিলেক নাহি শ্রম॥

এইমত অল্লদিনে রাজা যুধিষ্ঠির। উপনীত যথা আছে বুকোদর বীর॥ ্দ্রখিল অনেক দৈশ্য কুবের-কিঙ্কর। মুদ্ধেতে লইল প্রাণ বার রুকোদর॥ क्रेंडाय কৌ চুকী মন ভীম মহামতি। ্হনকালে দেখিল আগত ধৰ্মপতি 🖁 _নল্যমূপ ধৌম্যের কৈল চরণ বশ্যন। মাদ্রীপুত্র গৃইজনে কৈল আলিঙ্গন।। মধুর সম্ভাষে তৃষ্ট কৈল যাজ্ঞদেনী। ভাষে সম্বোধিয়া কহে ধর্ম নৃপমণি॥ শুন ভাই তব যোগ্য নহে এই কৰ্ম। দ্রব রিজ হিংদা ন**হে ক্ষ**ক্রিয়ের ধর্ম ॥ ্রন কশ্ম কভু নাহি করিবে সর্ববে।। িঃছুনা কহিয়া ভীম রহে ঠেটমাথা॥ দন কত তথায় রহিল সর্বজন। ত্রক দিন শুন তথা দৈবের ঘটন॥ দুগ্যা করিতে ভীম গেল দূর বনে। ্লায়া পুরোহিত গেল সরোবর স্নানে॥ ্লংমশ পু.ষ্পর হেতু প্রবেশিল বন। 'লবহায় আপ্রমে অচ্ছেন চারিজন।। গ্রকালে জটান্ত্র ব্যক্তর বান্ধব। একুর পর্ম শক্র জানিয়া পাওব।। ভিনা হৈ**ই আশ্র**ম করিল সেই **বন**। িছ চাহি সাবধানে থাকে অনুক্ষণ॥ ন পারে লক্সিতে চুক্ট ভামে করি ভয়। বিংশব রক্ষক-মন্ত্র ব্রা**ক্ষ**ণ পড়য়॥ নৈব্যয়োগে সেই দিন দেখি শৃতালয়। শীরগতি আসিয়া রাক্ষস স্থরাশর ॥ 🤏 ভবকর মূর্তি দেখি গভার গর্জনে। ক্ষিতে লাগিল গুক্ত ধর্মের নন্দনে॥ শারে পাপনতি হন্ট পাপেষ্ঠ পাওব। '^{েড়ি}ষক আদি মম বন্ধু ছিল দব॥ শবারে মারিল ছুট্ট ভীম ভোর ভাই। ^{এই} মনুভাপে আমি নিদ্রা নাহি যাই॥ ৰবাঞ্ছিত ফল আজি বিধাতা ঘটাল। ^এ কারণে চারিজন একতে মিলিল।

নিশ্চয় নিধন আজি করিব সবাকে।
ভীমার্চ্ছ্ন মরিবেক ভোমাদের শোকে॥
নিপাত হইল শক্ত কাল হৈল পূর্ণ।
এতেক কহিয়া তুই ধরিলেক তুর্ণ॥
পূর্চে আরোহণ করাইয়া শীদ্রগতি।
ভীমে ভয় করিয়া পলায় তুইমতি॥

জ্টাস্থর বধ এবং পাশুবদিগের বনরিকাশ্রম দারা। যুবিষ্ঠির বলিলেন রাক্ষস অধম। বুঝিলাম স্মরণ করিল ভোরে যম॥ অহিংদক জনে হিংদা করে যেইজন। অল্লকালে দণ্ড তারে করয়ে শমন ॥ না বুঝিয়া কি কারণে করিস কুকর্ম। পাপেতে পড়িলি হুস্ট মঙ্গাইলি ধর্ম॥ ধর্ম নন্ট করি যার হুখে অভিনাষ। সর্বব ধর্মা নম্ট হয় নরকেতে বাস।। ফলিবেক এখনি তোমার ছুষ্টাচার। হুইবি ভামের হাতে সবংশে সংহার ॥ ফ্রাপদ-নন্দিনা কুষ্ণা এত সব দেখি। পরিত্রাহি ভাকে দেবা মুদি গুই আঁথি ॥ হা কুফ্ত করুণাদিন্ধ কুপার নিদান। করহ কমলাকান্ত কল্টে পরিত্রাণ॥ তোমার পাওব-বন্ধ দর্শবলোকে কয়। দেই কথা পালন করিতে যোগ্য হয়॥ কোথা গেলে ভীমদেন করহ উদ্ধার। লোমা বিনা ছুস্তারে তারিতে নাহি আর ঃ কোথায় রহিলে িলা বার ধনপ্রা। ্রকাকর পাণ্ডুবংশ মজিল নিশ**চ**য়॥ ব্যাকুল হইয়া কুফা কান্দে উচ্চরায়। দুরে থাকি ভামদেন শুনিবারে পায়। বুঝিল অমনি বার কান্দে যাজ্ঞদেনী। । ব্যব্র হৈয়া ব বেদ ধাইল অমনি॥ দেখিয়া পলায় ৬৮৮ হরি চারিজনে। ভাকিয়া কহিল বাব আখাদ কানে॥ তিলাদ্ধি মনেতে ভয় না কর রাক্ষণে। এখনি মারিব তুর্তে চক্ষর নিমিষে ॥

5 বলি উপাড়িয়া দীর্ঘ ভরুবর। কি বলে রহ রে পাপিন্ঠ নিশাচর 🛚 াইয়া ভীমের শব্দ বেগে ধায় জটা। গ্ৰমগুলে যেন নবঘন ছটা॥ **ছুরের কর্ম্ম** দেখি বেগে ভীম ধায়। **দ্রায়ে** রুক্ষের বাড়ী মারিল মাথায় ॥ **ক্ষাঘাতে ব্যথিত হ**ইয়া ক্রোধমনে। ামেরে ধরিল ভুফ্ট ছাড়ি চারি জনে। ইয়া ভীমের হাতে দিল এক টান। লৈতে নারিল ভীম পেয়ে অপমান॥ ক্রাধে কম্পামান তমু রুক্ষ ল'য়ে হাতে। ্রহার করিল তুষ্ট মারুতির মাথে॥ ব্রিনি ভ মের মাথে রুক্ষ হৈল চুর। ক্ষৈতে চাপড় ক্রোধে মারিল অহার॥ ্বরাঘাতে কম্পমান বুকোদর বীর। ্রীঙ্গে বহে শ্রেমজল হইল অস্থির। ্বীরিল ভটার বুকে দৃঢ় মৃষ্ট্যাঘাত। 🌠 ব্রত উপরে যেন হৈল হজাঘাত ॥ শীমের ভৈরব নাদ অস্থরের শব্দ। ্বীনননিবাসী যত শুনি হৈল স্তব্ধ 🛚 দাঘাত করাঘাত পরাঘাত ঘাতে। তীয় প্রহর যুদ্ধ হৈল হেনমতে 🖟 দ্বযুদ্ধে বিশারদ দোঁতে মহাবল। াংহনাদে পুরিল সকল বনস্থল।। মাধরি করি দোঁহে ক্ষিতিমধ্যে পড়ি। দল হস্তীর প্রায় যায় গড়াগড়ি ॥ াণেক উপরে ভীম কণেক রাক্ষস। মান শক্তি দোঁতে সমান সাহস। হৈব বীর বুকোদর পেয়ে অবসর। কৈতে উঠিল ফটাহ্ররের উপর ॥ কৈর উপরে বদি পদে চাপি কর। মহাতে গলা চাপি ধরিল সত্তর 🛭 লিয়া দক্ষিণ কর মৃক্ট্যাঘাত মারি। প্রিক্সা ফেলিল তার দন্ত তুই সারি॥ দাঘাত করিয়া মস্তক কৈল চুর। নিকিল পরাণ পাপ চুরস্ত অহ্ব ॥

দেখিয়া আনন্দচিত্ত ধর্মের নন্দন।
নিরেতে আগ্রাণ ল'য়ে দেন আলিঙ্গন॥
পরদিন প্রাতে বদরিকা পুণ্যস্থানে।
চলিলেন সহ মুনি অতি প্রীতমনে॥
তবে কত দিন পরে লঙ্কি শত শত।
উপস্থিত হন গদ্ধনাদন পর্বতে॥

ইন্তালয়ে অর্জুনের সপ্তর্গ দর্শনার্থে থাতা। হেপায় ইন্দ্রের পুরে বার ধনঞ্জয়। ইন্দ্রের আদরে পান সর্বত্ত বিজয়॥ নানা বিতা পাইলেন নাহি পরিমাণ। রূপে গুণে পরাক্রমে ইন্দ্রের স্থান। দেবতা গন্ধর্বব যক্ষ রক্ষ বিভাধর। আছিল ছত্রিশ কোটি যত পরাৎপর ॥ শিখাইল অস্ত্র দহ সবে নিজ মারা। ইন্দ্রের নন্দন জানি দবে করে দয়া॥ নৃত্য গীতে বিশারদ ক্ষমা নম ধার। শান্তি শক্তি দদা দক্ত গুণুতে গভার 🛭 হেনমতে হ্রখেতে আছুয়ে কুন্তীম্বত। দেখিয়া আনন্দযুত াদব পুকত্ত ॥ তবে ইন্দ্র জানিলেন মর্জ্জুন পরাক্রম। স্থরান্তর নাগ নরে কেচ নহে সম। নিবাতক্বচ দৈত্য কালফেয় আলি। অসাধ্য সাধন যত দেবের বিবাদী। বিনা পার্থ নাশিতে না পারে অগ্রজন। আনিলাম অর্জ্জনেরে এই সে কারণ। প্রাণের ঋধিক প্রিয় পুত্র ধন্প্রয়। হেন সক্ষটৈতে পাঠাইতে যোগ্য নয়। নহিলে না হয় কিন্তু বৈরী নিপাতন। সাক্ষাতে কহিতে সজ্জা করে বিবেচন॥ এমত উবেগচিত্ত অমরের পতি। ডাকিয়া আনিল শীঘ্র মাত্রনি দার্থি। একে একে কহিল যতে গ সমাচার। পার্থ বিনা নাহি ইথে করিতে উদ্ধার 🎚 না কহিয়া অৰ্জ্জুনে এ সব বিবরণ। ছলে পাঠাইব স্বৰ্গ করিতে ভ্রমণ।

সহিত যাইবে তুমি জানাবে সকল। এখনে যাইবে যত দেবতার স্থল ॥ দপ্রস্থর্গে নিবাস করয়ে যত জন। দেবত্র গুহাক সিদ্ধ গন্ধবর চারণ॥ আনার পরম শক্ত কহিবে অহার। গুড়ায়াতে পথভ্ৰমে যাইবে সে পুর ॥ ক্রান্যা বিরোধ পার্থ অবশ্য করিবে। অর্জুনের বাণে তুটি সং**হার হইবে**।। ্রিয়ত ইইলে তবে ঘুচিবে অনর্প। ্সইকপে সাধ কার্য্য না জানিবে পার্থ ॥ শুনিয়া মাতলি বলে যে আজ্ঞা তোমার। এরূপ হই**লে হবে অত্**র **সংহার**॥ মাতালরে বিদায় করিল স্থরমণি। কোনমতে গেল দিন প্রভাত র**জনী** ॥ উঠিয়া আনন্দমতি সহস্রলোচন নিশ্য নিয়মিত কশ্ম করি সমাপন ॥ ব্যায় সভার নাঝে সহস্রলোচন। মাতাল আদিয়া অত্যে করে নিবেদন 🛊 হেনকালে উপনীত পার্থ ধমুদ্ধর। নিজ পাশে বসাইল শচীর ঈশ্বর॥ ধ^{্রা}সো করিয়া **অঙ্গে বুলাই**য়া হাত। বহিলা পার্থের প্রতি ত্রিদেবের নাথ । তন পুত্ৰ স্বকাৰ্য্য সাধিলা নিজওণে। **७** जिन विलय स्ट्रे**ल (म** कांत्रण ॥ ন দেখি ভোমার মুখ ধর্ম্মের ভনয়। চিন্তাবৃক্ত রহিয়াছে মম মনে লয়॥ গতংপর বিলম্বিতে নাহি কিছু কা**জ**। শ্রিমতি ভেটিতে উচিত ধর্মরাজ।। ^{রথ আ}রোহণ করি মাতলি সংহতি। স্বর্গের বিভব দেখি এস শীব্রগতি॥ খাজা পেয়ে আনে রথ মাতলি সহর। ইন্দ্রের প্রণাম করি পার্থ ধসুর্দ্ধর॥ ^{স্বসভন্ন} হইয়া ধনুৰ্ব্বাণ লৈয়া ছাতে। গোবিন্দ বলিয়া বার চড়িলেন রথে 🛭 মাতলি চালায় রথ অতি বিচক্ষণ। প্রবন অধিক বেগে রপের গদন ॥

ক্রমে ক্রমে দেখে যত অমর-আলয়। নন্দনকাননে যান বীর ধনঞ্জয় ॥ দেখিয়া বনের শোভা পরম কৌতুকে। দিন কত তথায় বঞ্চিল হেন স্বথে॥ তথা হৈতে গেল পার্থ গন্ধর্বের পুরী। দেখিল নিবদে যত কৌতুক বিহারী 🛚 নৃত্য গীতে আনন্দিত দ্বাকার মন। সমান বয়স বেশ বৈদে যত জন।। হেনকালে কিন্নর অপ্সর আদি যত। ভ্রমণ করেন পার্প চালাইয়া রথ॥ यथाक्तरम मक्षप्रश्चिम मकल । আনন্দে বিহ্বলচিত্ত পার্গ মহাবল ॥ আপনারে সাধুবাদ করিলেন মনে। ধন্য আমি এত দব দেখিকু নয়নে ॥ তবে ত মাতলি গেল গমের ভবন। নানা কাৰ্য্য দেখিলেন কুন্তার নন্দন॥ দেখেন ধর্মের সভা কন্মের বিচার। পুণ্যবন্ত হথে আছে এখন পাপাচার 🕯 পুণ্যবন্ত লোক যত দিব্য সিংহাসনে। করিছে বিবিধ ভোগ আনন্দ বিধানে ॥ পাপীর কটের কথা কহনে না যায়। প্রহার করিয়া ভারে নরকে ভূবায়॥ মহাপাপী যত জন পড়িয়া নরকে। কুমির কামড়ে পাপী পরিক্রাহি ডাকে॥ দেখিয়া বিস্তায়াপন পাপুর নন্দন। মাতলি জানিয়া তবে করিল গমন॥ চোরের কিল্ফ গ্রথা নাহি প্রয়োজন। ইন্দ্রকার্য্যে জাগে 🗯 মার্ভালর মন 🛭 সপ্তথ্যৰ্গে ছিল যত ে জুক অংশৰ। অর্জ্বান দেশায় যত দৈত্যগণ-দেশ 🛭

নিবাছকবচ দৈছে)এ নতিও অব্জ্যুনের যুদ্ধ এবং দৈছে)র স্বংশে ভিস্তা

ইন্দ্রবাক্য মনে করি মাতাল সারথি। দৈত্যের দেখেতে তবে সায় ক্রতগতি॥ াইতে দৈত্যের পুরী দেখি বামভাগে। **ীন্ত্রগতি রথ তবে চালাইল** বেগে॥ কালকেয় নিবাতকবচ যেই দেশে। দাতলি চালায় রথ চকের নিমিষে।। **জনিয়া অমরাবতী পুরীর নির্মাণ** । বিশায় মানিয়া পার্থ করে অনুসান ॥ দেবের বদতি নহে মম অগোচর। স্থুবন তিনের সার কাহার নগর॥ মাতলিরে জিজাদেন বীর ধনপ্রয়। কছ সত্য জান যদি কাহার আলয় ॥ সর্ববলোক সুখী আছে নানা পরিচ্ছদ। ইন্দের এধিক দেখি প্রজার সম্পদ।। মাতলি কহেন পার্থ কর অবধান। নিবাতকবচ নামে দৈতোর প্রধান॥ **দেবের অ**বধ্য হয় তপস্থার বলে। নাহিক সমান স্বৰ্গ মৰ্ক্তা রসাতলে॥ ইচ্ছের সমান তেজ দৈশ্য পরাক্রম। ইচ্ছের বিপক্ষ বড় এই দৈত্যগণ॥ মহাবলবন্ত যত নিবাতের দেশে। ইচ্ছত্ব লইতে পারে চক্ষুর নিমিষে॥ এই তুষ্ট ইন্দ্রের পরম শত্রু হয়। নিলে নাহি শটানাথে এই দৈত্যভয় ॥ তোমার এ বধ্য বটে জানিয়া বিশেষ। আনিলাম অর্জ্জন তোমারে এই দেশ ॥ মাতলি কহিল যদি এতেক ভারতী। কৃহিতে আরম্ভ করে পার্থ মহামতি 🕽 পিতার পরম শক্ত এই তুরাচার। কি হেতু বিলম্ব কর করিতে সংহার॥ নিশ্চয় পুরাব আজি পিতৃ-মনোরথ। নির্ভয় হইয়া চালাইয়া দেহ রথ ! মাতলি কহিল রথ চালাইতে নারি। রথী মাত্র এক। তুমি এ কারণে ভরি॥ লক্ষ লক্ষ দেনাপতি আছমে তাহার। একা তুমি কি প্রকাবে করিবে সংহার ! চল শীদ্র জানাইব অমরের নাথে। অনুমতি দিলে কত দৈত ল'য়ে সাথে #

পশ্চাৎ করিব যুদ্ধ আসিয়া নিশ্চয়। যে আজা তোমার হয় মনে যেই লয়॥ এতেক কছিল যদি সার্থি মাতলি। ক্রোধভরে গর্জিয়া উঠিল মহাবলী॥ একা মোরে দেখিয়া অবজ্ঞা কর মনে ! কোন জন বিরোধ করিবে মম সনে॥ স্তরাস্থর একত্রে আইসে যদি বাদে: চক্ষর নিমিষে নিবারিব অপ্রমাদে। এখনি মারিব যত অমরের অরি। না মারিলে রুখা আমি পার্থ নাম ধরি। ভুক্কারিয়া দেবশভা বাজায় সঘন। পুনঃ পুনঃ গাণ্ডীবেতে পার্থ দেন গুণ। মহাক্রোধে সিংহনাদ করে মহাবল। দেখি কম্পামান হৈল ত্রৈলোক্যমণ্ডল । শত বজাঘাতে জিনি বিপরীত শব্দ। শুনিয়া দৈত্যের পতি হৈল মহান্তর !! কালকেয় নিবাতকবচ বীর আদি ৷ ক্রোধভরে যায় যত অমর্থিবাদী 🛭 বিবিধ বাজের শব্দ দৈত্য কোলাহল ভেটিল আদিয়া দবে পার্থ মহাবল ॥ মাতলি দারথি রথে ইন্দ্রকুল্য রূপ। দেথিয়া জানিল সবে অমরের ভূপ। চতুর্দিকে বেড়ি সবে করে অস্ত্রবৃষ্টি। প্রলয়কালেতে যেন মঙ্গাইতে স্বষ্টি 🕫 না হয় মানদ পূর্ণ ছাড়িতে নিখাদ। শরকাল করিয়া পুরিল দিশপাশ।। দিবা দ্বিপ্রহরে হৈল ঘোর অন্ধকার ! অন্যের থাকুক নাহি পংন সঞ্চার 🗄 অগ্নি অস্ত্র এড়িলেন পার্থ মহাবল । মুহুর্ত্তেকে শরজালে পুরিল সকল : মেঘ হৈতে মুক্ত ্যন হইল মিহির। প্রকাশ পাইল তথা পার্থ মহাবীর। মেঘ অস্ত্র করিলেন পার্থ বরিষণ! বায়ু অস্ত্রে দৈতেয়রা করিল নিবারণ 🖡 এড়িল পর্বত অস্ত্র দৈত্যের ঈশ্বর অর্ভচন্ত্র বাণে কাটে পার্থ ধকুর্বর দ

ত্বে দৈত্য অৰ্জনে মারিল দশ বাণ। ব্যক্তিল পার্ষের বুকে বক্তের সমান।। ব্ৰথায় ব্যথিত পাৰ্থ **হ'য়ে মুৰ্চছাগত**। মুহুর্ত্তেক উঠিলেন গর্ভিছ সিংহমত। প্রত্তক টক্ষার দিয়া ক্রোধের আবেশে। _{সহস্র} তোমর এড়ে দৈত্যের উদ্দেশে ॥ প্রক্রিয়া উঠিল বাণ গগনমগুলে। গ্রাণভয়ে দৈত্যগণ পলায় সকলে ॥ দৈহাভঙ্গ দেখি জ্বন্ধ দৈত্যের ঈশ্বর। ঐরিক বানেতে কাটে সহস্র তোমর॥ বাণ বার্থ দেখি পার্থ **চুঃখিত অন্তরে।** ^{'দ্বা} অস্ত্র প্রহার করিল দৈত্যেশ্বরে॥ _{াণা}বাতে মুচ্ছিত হইল দৈত্যপতি। বধ চালাইয়া বেগে পলায় সার্থি। দৈত্যপতি চেতন পাইল কতক্ষণে। কালকেয় আদি আদি ভেটিল অৰ্জ্জনে॥ মহাবল মহাশিকা যত বীরবর। প্রাণপণে করে যুদ্ধ পার্থ একেশ্বর ॥ খনেবা রাক্ষদী দেবী গন্ধর্বে পিশাচী। ্দাণস্থানে যত অস্ত্র পায় সব্যসাচী ॥ প্রহারক পর্য্যন্ত যুঝিয়া মহাবল। ক্ষির স্থিত **অঙ্গে বহে ঘর্মাজল**॥ দ্বিধা আনন্দমতি দৈত্যের ঈশ্বর। উপায় না দেখি পার্প **হৈলেন** ফ**াঁপর**॥ ভা বলেন পরম সঙ্কট আজি হৈল। মতেলি এতেক দেখি কহিতে লাগিল।। পাশুপত অস্ত্র দেন পশুপতি দান। র্থাল ভুবন যার প্রক্ল সমান **॥** ্ষ হেন আছয়ে তব মহারত্ব নিধি। থমন সংযোগে তারে নিয়েজিল বিধি॥ ^{এই} সে আশ্চর্য্য বড় লাগে মন মনে। ^{এ স্ম}য়ে সেই অস্ত্র নাহি ছাড় কেনে॥ ভনি পাশুপত বীর নিলেন তৎক্ষণে। ^{মন্ত্র} পড়ি যুড়ি**লেন ধন্তু**কের গুণে॥ ^{ক!টি} সূৰ্য্য জিনি অস্ত্ৰ হৈল তেজোময়। পাকুক অন্যের কাষ্য কর্মছন্ত্র সভয় ॥

অন্ত্র অবভার কালে ত্রিবিধ উৎপাত। নিৰ্ঘাত উলক। সদা বহে তপ্তবাত ॥ প্রলয় জানিয়া সবে স্বর্গের নিবাদী। রহিল অস্ত্রের মূথে দৃষ্টি অভিগামী॥ অস্ত্রগুথে যেই হৈল হুতাশন রৃষ্টি। দহন করিল তাতে **অহু**রের গুঠি॥ জলন্ত অনলে যেন সিম্লের তূলা। তাদৃশ হইল ভন্ম তুষ্ট দৈত্যগুলা 🗈 ছেনকালে শুকাবাণী শুনি এই রব। সম্বর সম্বর পার্থ মজিল যে সব !! ভাল হৈল হৃষ্ট দৈতা হইল সংহার। মুসুয়েরে অস্ত্র না করিছ অবভার॥ সংগ্রার কারণ সৃষ্টি বিধির স্থজন। বিনাশ করিতে ইহা পরে ত্রিলোচন ॥ যাবং না দহে ক্ষিতি অস্ত্রের আগুনে। মন্ত্রবলে সম্বরিয়া রাথ নিজ ভূগে॥ পুনঃ পুনঃ এইমত হৈল শৃত্যবাণী ! আনন্দে বিহবল পার্থ ইন্টদিকি জানি। মন্ত্রবলে অস্ত্র সন্থরেণ বীরবর। ্আশীর্কাদ করি সবে গেল নিজ ঘর॥

অগশিকা করিও অর্জনের প্র এইনেথের আগমন।
কার্য্যসিদ্ধি জানি তাল সারিথি মাতলি।
বায়ুবেগে রথ চলেইল মহাবনী ॥
নানা কার্য এথায় হরিব প্রইন্ধন ।
মৃত্র্ত্রেশ গেল তবে ইন্দ্রের স্থাননা।
অর্জ্যনের শালনান ইন্দ্রের স্থাননা।
সঙ্গেরে করিও পর দেবতার রুক্দ ।
অ্যসরি আপনি গেলেন কত পথ।
হেনকালে উত্তরিল অর্জ্যনের রথ।
নিকটে নেখিয়া পার্গ শচীর ইন্ধর।
রথ হৈতে স্থ্যিভালে নামিল সহর ॥
প্রণাম করিয়া পার্গ ইন্দ্রের চরণে।
সন্তোষ করেন স্থান এল দেবগণে।
দেব পুরক্ষর আদি হরিবে বিহলে।
প্রামারেশে কহে স্ম্প্র্নেরে নিয়া কোলা।

ধন্য ধন্য পুদ্র ভূমি ধন্য তব শিক্ষা। খন্য তারে যে জন তোমারে দিল দীকা।। ামা হৈতে দূর হৈল আমার অরিষ্ট। তদিনে পরিপূর্ণ হইল অভীষ্ট ॥ ত বলি কুতৃহলী দেব পুরন্দর। । যুগ্ম দিলেন বিচিত্র দিব্য শর॥ ন্তকে কিরীট দিল কর্ণেতে কুগুল। শ নাম নিরূপণ করে আখণ্ডল। গাছিল অৰ্জ্বন নাম দ্বিতীয় ফাল্কনী ¹ ক্ষত্রান্সসারে নাম রাখিল জননী। াণ্ডব দহিল যবে আমা সবা জিনি। সইকালে বিষ্ণু নাম দিয়াছি আপনি॥ দামা হৈতে কিরীট পাইলে হুশোভন। এই ছেতু কিন্তীটী বলিবে সর্বজন॥ চরিছে রথের শোভা শ্বেত চারি হয়। লাকে শ্বেতবাহন বলিয়া তোমা কয়॥ দলেন বীভংস্থ নাম গোবিন্দ আপনি। য়থা তথা যাও তুমি এস যুদ্ধ জিনি॥ এই হেতু নাম তব হইল বিজয়। ধর্ণভেদে দবে গেন ক্রম্ভ নাম কয় ॥ উভয় হস্তেতে তব সমান সন্ধান। সব্যদাচী নাম তেঁই করি **অ**নুমান ॥ ধনপ্রয় নাম পেলে ধনপতি জিনি। যোগের সাধন এই সর্বলোকে জানি ॥ কাম্য করি দশ নাম নরে যদি জপে। অশুভ বিনাশ হয় তরে সর্ববপাপে। ছেনমতে আনম্দে রহিল সর্বাজন। প্রভাতে উঠিয়া তবে সহস্রলোচন 🛚 মাতলিরে ডাকি আজা দিল মহামতি। হুদজ্জা করিয়া রথ আন শীরগতি ॥ আজামাত্র আনিল সার্থি বিচক্ষণ। বিচিত্র সাজান গতি নর্ত্তক থঞ্জন ॥ অমর ঈথর তবে অর্জ্রেড ডাকিল। মধুর সম্ভাষ করি কহিতে লাগিল ॥ ভন পুত্ৰ বিলক্ষে নাহিক প্ৰয়োজন। ক্রতগতি ভেট গিয়া ধর্মের নন্দন ॥

নানা জাতি ভূষণে করিয়া পুরস্কার। কোলে করি চুম্বন করিলা বারে বার॥ ব্রজ্জন পড়িল তবে ইন্দ্রের ১রণে : প্রণাম করিয়া দাণ্ডাইল বিভাষানে ॥ কর্যোড়ে কহে পার্থ সকরুণ ভাষে। তোমার আজ্ঞায় যাই ধর্মারাজ পাশে॥ ভোমার চরণে মম এই নিবেদন। আপনি জানহ যত কৈল হুক্টগণ।। তা সবারে দিব আমি সমুচিত ফল। কুপা করি আপনি থাকিবা **অমুবল ॥** इस राल (य कथा कशिरल धनक्षय। যথা তুমি তথা আমি জানিও নিশ্চয়। মনের মানদ পূর্ণ হইবে তোমার। ধর্মপুত্র যুধিষ্ঠির ধর্ম অবতার ॥ বস্তুমতীপতি-যোগ্য দেই সে ভাঙ্গন। কালের উচিত ফল পাবে ছুর্য্যোধন 🛚 এতেক শুনিয়া পার্থ হর্ষিত মনে। অমরাবতীতে বাদ করে যত জনে ॥ একে একে বিদায় র ইয়া সর্বজনে ! রুথে চড়ি গমন করেন হৃষ্টমনে ॥ এইমত যাইতে মাতলি ধনঞ্জয়। কভদূরে হেরিল পর্বত হিমালয়॥ অনন্তর যথা ধর্মা ধবল পর্ববত। মুহুর্ত্তেকে উত্তরিল সর্জ্ঞুনের রথ। চিন্তায় আকুল চিত্ত রাজা যুধিন্তির। অৰ্জ্জুনে দেখিয়া হৈল প্ৰফুল শরীর ॥ ভূমে নামিলেন পার্থ ত্যাজি ইব্দর্যথ। যুষিষ্ঠির চরণে হৈলেন দণ্ডবং গ व्यर्क्त्त नहेश (कारन धर्मात नमन) চিরদিন সমাগমে করি আলিঙ্গন। পূর্ণচন্দ্র শোভা দেখি হর্ষ জননিধি। দ্বিদ্র পাইল যেন মহা রত্ননিধি। ধর্মের আনন্দজনে পার্থ করি স্নান। ভাষের চরণে নতি করেন বিধান 🛚 আলিঙ্গন করি ছই মাদ্রীর নন্দনে। **(क्रोभमीट**ब कृषिट्यन सधूत्र बहुदन #

নিয়া লোমশ মুনি ধোম্য পুরোহিত।
গতি তথায় হইল উপনীত॥
ম উঠিয়া পার্থ পড়েন চরণে।
দিয়া আশীব্বাদ কৈল ছুইজনে॥
গতে আনন্দে বসিল সর্বজন।
হুক বিধানে যত কথোপকথন।

_{रावर्ष}्रत सङ्ग्रन मध्यमा**क्तान याजा।** ্গেল হুরপতি, হইয়া আনন্দমতি, ব্রিটির **পঞ্চ সহোদর**। পুনার ভাগ্য জানি, সফল করিয়া মানি, আনন্দ বিধানে পরস্পর ! া ধর্মা নরপতি, লোমশ ধৌমের প্রতি, ্হিলেন করি যোড়কর। জ্ঞাকর মহাশ্র, যে কর্মাকরিতে হয়, তাহা কহ করি অতঃপর॥ ্ত কেগোট্র করি,কর আজ্ঞা শিরে ধরি, ্নাই স্থানে করিব গমন। হল লোগৰ তবে, কান্যবনে চল দৰে. দার যুক্তি লয় মম মন ॥ ানা বলে কহু যত্ত সকলি মনের মত্ গুলিটর মানেন সকল : নিয়া ধ্যের **দেতু,** গ্মন স্বচ্ছন্দ হেডু, ঘটাংকচে স্মারণ করিল ॥ েল ধর্মমণি, হিড়িখানন্দন জানি, শীগ্ৰগতি হৈল উপনীত। ার প্রণাম ক'রে, দা গুটিল যোড়করে, ্লাথ রাজা আনন্দে পুরিত। ব গটোংকচ কয় । আজ্ঞা কর মহাশয়, কি কারণে কবিলা স্মারণ। ৈ ইহিলেন কথা, কাম্যক কানন যথা, ণ'য়ে চল কব্লিব গমন॥ নি ভান এপ্লকু, গড়াইল নিজ ত**মু**. **¢রিলেন বিস্তার যোজন।** ব ধর্ম নরপতি, সবান্ধৰে শীঘগতি, ক্রিলেন ভাঙ্কে আরোইণ 🛚

ভীমের নব্দন বীর পরাক্রমে মহাবীর অনায়াদে করিল গমন। নীহি মনে কিছু ভ্ৰম, তিলেফ না হয় গ্ৰাম উত্তরিল কাম্যক-কানন॥ মুগ পশু বিহঙ্গম, বনন্ধলে পূৰ্ণভূম রক্ষগণ শোভে ফল-ফুলে। কৌতুক বিধানে ভবে, আশ্রম করেন সবে, পুণ্টোর্থ প্রভাসের কুলে ॥ সবার আনন্দ মন্ বনে গিয়া ভীমাৰ্চ্ছ্ৰন মুগয়। করিয়া নিত্য আনি। কেবল সূর্য্যের বরে, ভুঞ্জায় স্বার ভরে, রন্ধন করিয়া যাজ্ঞদেনী॥ বসতি করেন বনে, এমন আনন্দ মনে. कुका मह পঞ मरहानद्र। একদিন নিশি শেষে, আসিয়া ধর্মের পাশে, কহিছে লোমশ মানবৰ॥ শুন ধর্ম নরপতি, যাইব অমরাবতী, दुन्छे इ'एवं कद्रव विनाय। শুনি ভাই পঞ্জনে, আসিয়া বিরস মনে, পডিল প্রণাম করি পায় 🗈 ধর্ম আগমন শুনি, সাইল যতেক মুনি, ক্রেকে বত বন্ধুজন। ধর্ম্মেতে ধর্মের সভা, উপমা তংহার কিবা, হস্তিনা হইল কাম্যবন 🖟 যতেক যাদৰ সাথ, বলরাম জগনাথ. গেলেন ধর্মের অন্থেমণে। আনন্দ প্রদঙ্গ রঙ্গে, যত পরিবার দঙ্গে, উপনাত রম্য কান্য ধন যু'গভি: নৃপমণি, কুষ্ণ আগমন শুনি, ভায়তে টিপ্লিল কলেবর। অগ্রসরি কতদুর, আনন্দ মন্দির পুর. मवासम्ब ५,१% महरामः ন্যাব আলিগনে, চিরদিন অদর্শনে. আশীব্যাদ স্থমসল স্মনি । বৈদেন কৌতুক মতি, স্বামক্ষণ ধর্মপতি, স্বান্ধবে আর যত মুনি।

সম্বোধিয়া পঞ্জন, ৰলরাম নারায়ণ জিজ্ঞাদেন কুশল বারত।। শুনিয়া কছেন ধর্মা, হইল যতেক কৰ্ম. পূর্বের রুত্তান্ত সব কথা।। ঙনি রাম যত্নপতি, আনন্দ প্রসন্ন মতি, প্রশংসা করেন পার্থ বীরে। তবে তার কতক্ষণে, **ठलिएन मर्ज्जान**. স্নান হেডু প্রভাদের তীরে । জলক্ৰীড়া করি সবে, আসিয়া আশ্ৰমে তৰে, ভোজন করেন পরিতোষে। করি শেষে সর্ববজন, যথা স্তথে আচমন বসিলেন হরিষ মানসে ॥ সম্বোধিয়া যুধিষ্ঠির, হেনকালে যতুবীর কহিলেন স্থ্যুধুর বাণী। ভোমার ভাগ্যের কথা, এমনি করিল ধাতা, বনেতে হস্তিনা তুল্য মানি॥ যতেক দেখহ কৰ্মা সকলের সার ধর্মা, ধর্মবলে ধর্মী বলবন্ত। অধন্মী যেজন হয় চির্দিন নাহি রয়, কল্পদিনে অধন্মীর অন্ত ॥ শত্য জেন মহাশয় তোমার এ তুঃখ নয়. বন্ত ত্বঃখে ত্বঃখী তুর্য্যোধন। বিপুল বৈভব যত্ত নিশার স্বপন মত, অল্লদিনে হইবে নিধন॥ কুষ্ণের বচন শুনি, সত্য সত্য যত মুনি, কহিল গর্মের সমিধান। নিশ্চয় জানিবে তুমি, ভবিষ্য কহিনু আমি, षद्भिति क्य द्वर्यापन ॥ আশীর্কাদ করি তবে, যথাস্থানে গেল সবে, वकुशन ६३मा विनास । আশাদিয়া দৰ্বজনে, গেল দৰে নিজ স্থানে, ত্রঃখিত অন্তর ধর্মরায়॥ ভবে রাম নারায়ণ, **সম্বো**ধিয়া পঞ্চলন, **डाहिरलन विनाय विनरय ।** আজ্ঞা কর ধর্মপতি, যাব তবে দারাবতী, कह यकि अनन कत्य ॥

ধৰ্ম্ম কন মুত্ৰভাষে, অবশ্য যাইবে 🚌 রাখিবে আমার প্রতি মন। কি আর কহিব আমি, সকলি জানহত ছুই চক্ষু রাম নারায়ণ।। ছেন করি সন্থিধান, বিদায় হইয়৷ য রেবতীর সত্যভামাপতি। রথে চড়ি সবান্ধবে, নানা বান্তমহোৎঃ উপনীত যথা ৰারাবতী॥ সবে গেল নিজ ঘর হেথা পঞ্চ দ্যাহা কাম্যবনে করিয়া আশ্রয়। জপ যজ্ঞ নানা ব্ৰত্ নানা ধর্ম অবি করে নিত্য আনন্দ-হাদয় ॥ বনেতে বিচিত্র কথা, ব্যাদের রচিত গণ বর্ণিবারে কাহার শক্তি। গীতছন্দে অভিলাষ ভণে দ্বৈপায়ন ল কুষ্ণপদে মাগিল-ভকতি॥

ছুর্ব্যোধনের সপরিবারে প্রভাস-ভীর্থ শাহা জন্মপ্রয় বলে মুনি কর অবধান! শুনিতে রাসনা বড ইহার বিধান 🛚 সর্বজন গেল যদি হইয়া বিদায়। কি কর্ম করিল দবে রহিলা কোথায় ! মুনি বলে অবধান কর কুরুবর। কুষণা সহ কাম্যবনে পঞ্চ সংহাদর । প্রভাস তীর্থের তীরে বিচিত্র কানন ফল পুষ্প অপ্রমিত মুগ পশুগণ। মুগয়া করেন নিত্য বীর ধনঞ্জয়। রন্ধনে দ্রুপদস্থতা আনন্দ হৃদয়। তীর্থ করি আইলেন ধর্মের নন্দন। শ্রুতমাত্তে মিলিলেন পুর্বের ব্রাহ্মণ 🛭 পূর্বব্যত ভোজন করয়ে রুন্দ রুন্দ। लक्ष्मीक्रभा याख्यम्बी द्रक्रम् बानम् ॥ এইমত পঞ্চাই কাননে নিব্দে। হেথা হুর্যোধন রাজা আনন্দেতে ভাগে। বিপুল বিভৰ ভোগ করে ইন্দ্রপ্রায়। অর্থ রাজা দৈক্ত যত ক্রছনে যায় ॥

🕫 রাজ্য ধর্মরাজ্য একত্র মিলিত। শ্য যে রাজ্য পূর্বের অর্জনুন-শাসিত ॥ সকল রাজ্য হৈল তাহে অনুগত। দিয়া সবাই থাকয়ে শত শত॥ গত্ত পত্তি যত কে করে গণন।। দু স্মান সব অপ্রমিত সেনা ॥ ্_{টেবরাজ} যথা **অমর সমাজে**। ijiধন মহারা**জ পৃথিবীর মাঝে**॥ নিন সভায় বসিয়া কুরুপতি। নি বলিছে তারে শুন পৃথী-পতি॥ _{রল ভারত-বংশ **হৈল তোমা হৈতে**।} ্মহারাজ **হৈলা ভূবন মাঝেতে ॥** হস্টী রথ পত্তি চতুরঙ্গ দল। ার জিনিয়া রক্ত ভাগুরি সকল॥ াল বৈভব **তব ইন্দ্রের সমান।** ় মনে করি আমি এক মন্দজান॥ পুপোন। **হইল ঈশ্বর পর্য্যাপ্ত।** নে নাহিক হয় ব্ৰহ্মাণ্ড হতৃপ্ত।। স্পদ ভুঞ্জিয়া বান্ধব নহে তুফী। াঞ্চ শক্তেগণ না করিল দৃষ্ট॥ ংকল ব্যর্থ **করি পূর্ববাপর কয়**। অনুতাপ মম জাগিছে হৃদয়॥ হপ্ত আছে তব গুণে যত বন্ধু। ব পুরিয়া তোমা শুদ্ধ যশ-ইন্দু॥ কন অতুল ঐশ্বর্যা যে হইল। মত্র এ সম্পদ শক্ত না দেখিল॥ ^র ভাল মন্ত্রণা না করিলাম সব। ছাড়ি বনে পাঠাইলাম পাণ্ডব॥ ^{রর অন্তে} যদি অপিতাম স্থল। ^{িনিন্তা} দেখাতাম বিস্তৃতি সক**ল**॥ মলে দ্ধ্ৰ সদা হৈত পঞ্চন। ^{চ ব্}জের সম বাজিত সঘন॥ ^{বায়} রহিল গিয়া নি**র্জ্জন কাননে।** ার ঐশ্বর্য্য এত জানিবে কেমনে॥ ^{বলে যা} ক**হিলে গন্ধারাধিকারী।** অসুশোচি আমি দিবস শর্বরী 🛭

নারীর যৌবন যথা স্বামীর বিহনে। বল তথা ব্যর্থ না দেখিলে শক্তেগণে 🛚 বৈভব বিনফী হয় বৈরীরে রাখিলে ! বিধির নিয়ম ইহা জানি আমি ভালে।। যতদিন ইহা সব না দেখে পাণ্ডব। লাগয়ে আমার মনে বিফল এ সব॥ কিন্তু এক করিয়াছি বিচার নির্ণয়। বুঝিয়া করহ কার্য্য উচিৎ যে হয় ॥ প্রভাস তীর্থের তীরে তপশ্বীর বেশে। বাস করে শক্রগণ তথা নানা ক্লেশে॥ চল দবে যাব তথা স্থান করিবারে। হইবে অনন্ত পুণ্য স্নানে তীর্থনীরে॥ হয় হন্তা রথ পত্তি চতুরঙ্গ দল। সবাকার পরিবার ভূত্যাদি সকল॥ ইন্দ্রের অধিক তব বিপুল বৈভব। দেখিয়া দ্বিগুণ দগ্ধ পাইবে পাশুব॥ ঘোষযাত্রা করি সর্বব লোকেতে কহিবে। কিন্তু ভীষ্ম দ্রোণ দ্রোণী কেহ না জানিবে। ইহার বিধান এই মম মনে আদে। এক যাত্রা ছুই কার্য্য হুইবে বিশেষে॥ কর্ণের এতেক বাণী শুনি সেই ক্ষণ। সাধু সাধু প্রশংসা করিল ছুর্য্যোধন॥ তুঃশাসন জয়দ্রথ ত্রিগর্ত্ত প্রভৃতি। সাধু সাধু বলি উঠে যতেক হুৰ্মতি॥ কর্ণবলে বিলম্ব না কর কুরুপতি। স্থসঙ্জ সকল দৈত্য কর শীঘ্রগতি॥ যত বন্ধু বান্ধব সহিত পরিবার। নার্রাগণ শুনি হৈল আনন্দ অপার॥ দ্রৌপদীর সহিত দেখা বিতায় উৎসব। তাৰ্থসান তৃতীয় চিন্তিয়া এই নব ॥ বিশেষ সন্তুষ্ট নারী যাত্র। মহোৎসবে। সর্বকাল বন্দীরূপে থাকে বন্ধভাবে॥ নুযান গোযান আর অশ্বযান সাজে। রথ রথী চলিল পদাতি পদত্রজে॥ বাহিনী সাজিছে বহু বাজিছে বাজনা। সমুদ্র সদৃশ সেনা কে করে গণনা 🏾

শাজাইয়া সর্ব্ব দৈন্য তুঃশাসন বেগে। করযোড়ে দাগুটিল নুপতির আগে॥ 🛡 নিয়া কোরবপতি উঠিল সম্রয়ে। বাহির হুইয়া নিরাক্ষয়ে ক্রমে ক্রমে 🎚 সমৃদ্র লহরী যেন রপের পতাকা। মেঘের সদৃশ হস্তী নাহি যায় লেখা 🛚 মনোহর মনোজ্ঞ উত্তম তুরঙ্গম। পৃথিবী আচ্ছাদি বীর বিশাল বিক্রম 🛚 সশস্ত্র দকল দৈত্য দেখিতে স্থল্দর। শমন সভয় হয় কিবা ছার নর॥ কর্ণ বলে বিলম্বে নাহিক প্রয়োজন। ভীম্মদেব শুনিলে করিবে নিবারণ # এই হেতৃ তিলেক বিলম্ব না যুয়ায়। ক্রতগতি চল দথা এই অভিপ্রায় ॥ যথা রাজা দৈন্যমাঝে যায় শীঘগতি। কহিল মধুর ভাষে হুর্য্যোধন প্রতি 🛭 শুনি তাত ঘাইবে প্রভাসতীর্থমানে। পুণ্যকার্য্যে বাধা নাহি দিই দে কারণে ॥ কুরুবংশে (শ্রেষ্ঠ তুমি রাজচক্রবতী। পুরিল ভূবন তিন তোমার স্থকীর্ত্তি 🛚 এ সময়ে যক্ত কর ধৈর্য্য আচরণ। তৃষিত বৈভব হবে দ্বিগুণ শোভন ॥ সবাকার মন মুগ্ধ প্রভাদ গমনে। নিষেধ নাহিক করি আমি সে কারণে 🖠 বিচিত্র হুচিত্র বন হুন্দর যে ছল। দেবতা গন্ধবৈ তথা নিবদে সকল।। বক্ত সিদ্ধ ঝ্যিগণ উপনাত তথা। কার সনে ছন্ত্র নাহি করিব। সর্ব্বথা ॥ তুর্য্যোধন বলে তাত যে আজ্ঞা তোমার। যদি হব্দ করে তাতে কি ক্ষতি আমার॥ মম দৈন্য দেখ তাত তোমার প্রদাদে। इस यम जारम यनि किनिव विवास 🛚 🖟 তথাচ বিরোধে মম কোন্ প্রয়োজন। শীদ্র তুমি নিজ গৃহে করহ গমন 🛚 বিছ্ররে মেলানি করি কৌরবের পতি। ন। করি বিলম্ব আর চলে শীঘুগতি ॥

বিনা ভাষ দোণ দোণী ক্লপাচার্য বীর।
সর্ব দৈন্যে তুর্য্যোধন হইল বাহির ।
চলিতে চরণভরে কম্পিত ধরণী।
ধূলা উড়ি আচ্ছাদিল দিনে দিনমণি ।
দৈন্য-কোলাংল জিনি সাগর গর্জন।
প্রমাদ গণিল সবে না বুঝি কারণ ।
বছক্তে ভাঙ্গিয়া চলিল বহুস্থলে ।
ভারতপক্ষজ রবি মহামুনি ব্যাদ।
পাঁচালী প্রবধ্ধে বিরচিল কাশীনাদ ।

ছর্মোধনের দৈক্তের দহিত চিত্রদেন গন্ধকের ন এইমতে রহৈ দৈতা যুড়ি বহুস্থল। গভায়াতে লণ্ডভণ্ড উত্থান-সকল 🛚 হেনকালে দেখ তথা দৈবের ঘটান। গন্ধৰ্বব উত্থান এক ছিল দেই বনে ॥ চিত্রদেন নাম তার গন্ধর্ববপ্রধান। যার নামে হুরাহুর সদা কম্পনান। তাহার কিন্তর ছিল বনের রক্ষক। **পেথিল উত্তান ভাঙ্গে রাজার কটক** 🛚 বহু দৈন্য দেখি একা না করি বিরোধ তুর্য্যোধন মগ্রে মাদি কহিছে দক্রের 🐯ন রাজা মম বাক্যে কর অবগতি। প্রভুমম চিত্রদেন গন্ধর্বের পতি ॥ কুস্থম উত্থান তাঁর এই বনে ছিল। প্রবেশি ভোমার দৈন্য সকল ভাঙ্গিল। বনের রক্ষক আমি কিঙ্কর ভাঁহার। না করিলে ভাল কর্ম্ম কি কহিব আর ! এই কথা মম মুখে পাইলে সম্বাদ। আদিয়া ইঙ্গিতে রাজা করিবে প্রমান । এত শুনি মহাজোধে কহে বার কর্ণ! বিকচ কমল প্রায় চক্ষু রক্তবর্ণ ॥ ওরে তুই্ট করিদ কাহার অহঙ্কার। কোন্ ছার গন্ধর্ব এতেক গর্ব তারা যে কথা কহিলি তুই আসি মম কাৰ্ছে এতক্ষণ জীয়ে রহে হেন কেবা আছে !

বলাবল বুঝিৰ লাক্ষাৎ যুদ্ধকালে। কর্ণের বিক্রম সেই জানে ভালে ভালে॥ এত বলি ঢেকা মারি বাহির করিল। মহাসুংখমনে রক্ষী কান্দিয়া চলিল ॥ বাস আছে চিত্রপেন আপন আবাদে। ্হনকালে অসুচর কহে মৃত্তাষে॥ বক্ষা হেতু তুমি মোরে রাগিল উত্থানে। কর্যোধন রাজা আসি প্রভাসের স্নানে॥ ূরে দৈন্য উত্থান করিল লণ্ডভণ্ড। রাজ্যার ক**হিন্তু গিয়া তার এই দণ্ড ॥** ক্তেক কুৎসিত ভাষা কহিল তোমারে। দুর্ঘ্যাধন দেনাপতি কর্ণ নাম ধরে॥ মনুধ্য হইয়া করে এত অহস্কার। ্লায় মত দণ্ড যদি না দিবে তাহার ॥ এইনত চুফাচার করিবেক দবে। লয় গুরু মনুষ্য দেবেতে কিবা তবে॥ এত শুনি মহাজোধে উঠিল গড়ৰ্বব। েকান্ ছার মনুষ্য করিব চুর্ণ গর্বব ॥ মরণকালেতে পিপীড়ার পাথা উঠে। যাগতে করিল বাঞ্ছা শমন নিকটে॥ ফ্রোবভরে রখোপরি চলে দ্রুতগতি। ধ্যুক টক্ষার শুনি কম্পামান ক্ষিতি॥ দিবা ওশাণিত শরে পূরি যুগা ভূণ। াক্রোবভরে আদিতেছে **জ্বলন্ত আগুন।** কত দূর গিয়া দেখে রথের পতাকা। প্ৰথপ্ৰ আদে যেন জ্বন্ত উলকা॥ र्ङ्रिम निक्रि षाइन (महक्त। ^{কহিতে} লাগিল অতি গভার গ**র্জন** ॥ ষারে হৃষ্ট ত্যজ্ব আজি জাবনের সাধ। ^{মনুন্য} ইইয়া কর গ**ন্ধর্বেব বি**বাদ ॥ ^{এতেক} বলিয়া দিল ধনুকে টঙ্কার। ্ত্রিক শরজালে কৈল অন্ধকার॥ শুনিয়া গন্ধক গৰ্কে হৈল মহাক্রোধ। টক্ষারিয়া ধ্**নুগুণ যায় মহাযোধ** ॥ **पृ**र्वा अञ्ज यूष्ट्रितन मृर्द्वात्र नमन । काष्ट्रिया मकम चल्क देकम निवादन ॥

তবেত গন্ধৰ্বৰ এড়ে তীক্ষ পঞ্চবাণ। অদ্ধপথে বৰ্ণ বাণে হৈল দশখান ॥ গন্ধৰ্বে দেখিল অস্ত্ৰ কাটিলেন কৰ্ণ। ক্রোধে কম্পমান তমু চক্ষু রক্তবর্ণ॥ সিংহমুথ দিব্য অন্ত্র যুড়িল ধনুকে। অস্ত্রে অগ্নি বাহিংশয় ঝলকে ঝলকে # মহাবীর কর্ণ তবে অপূর্ব্ব সন্ধানে। কাটিল গন্ধব্ব অস্ত্র অর্ন্ধচন্দ্র বাণে॥ সপ্রাণ গন্ধব্ব যুড়িল সেইক্ষণ। যুড়িল গরুড় বাণ সুর্য্যের নন্দন ॥ আরে তুষ্ট অংক্ষারে না দেখ নয়নে। গৰ্বব চুৰ্ন হবে আজি পড়ি মম বাণে ॥ আকর্ণ পুরিয়া কর্ণ কৈল বিদর্জ্জন। উঠিয়া আকাশপথে করিল গমন॥ অস্ত্র দেখি ব্যস্ত হৈল গন্ধর্বব ঈশ্বর। শীন্ত হন্তে এড়ে বীর চোকা চোকা শর 🛊 ত্বই অন্তে মহাযুদ্ধ হইল অন্বরে,। কাটিল দোঁহার অস্ত্র দোঁহাকার শরে 🛚 অন্ত ব্যর্থ দেখি কর্ণ সক্রোধ অন্তর। ডিত্রদেনে প্রহারিল শতেক ভোমর॥ বাণাঘাতে ব্যগ্র গ্রে গন্ধর্বের পতি। ভাকিয়া বলিল তবে কর্ণ বার প্রতি॥ ধন্য তোর বারপণা ধন্য ভোর শিকা। এখন বুঝা ভূমি আমার পরীকা।। এতেক বালয়া প্রহারিল দশ বাণ। বাথায় বাখিত কৰ্ হইল অজ্ঞান 🛭 কতক্ষণে চেতন পাইয়া মহাবল। বেড়িল গন্ধৰ্কেব আসি কৌরব সকল।। শতপুর করিয়া বেড়িল সর্থন টেনিল। ধ্যুক টকার যেন সন্মন অন্যনা ॥ দশদিক যুড়িয়া করিল অন্ধকার। গন্ধবি সবার অস্ত্র করিল সংহার॥ প্রাণপণে সবে যুদ্ধ করিল অপার। সবে নিবারণ করে গন্ধর্বর ঈশ্বর ॥ পরভরামের শিষ্য কর্ণ মহাবার। অচল পর্বতপ্রায় যুদ্ধে রহে ছির।

রাখিয়া আপন দেনা অপার বিক্রমে। প্রহরেক পর্যান্ত যুঝিল বস্তু শ্রমে॥ তবেত গন্ধর্বা মনে করিল বিচার। জানিল কৌরব সেনা রণে অনিবার॥ শায়া বিনা এ সকল নারিল জিনিতে। যায়ার পুত্তলি এই বিচারিল চিত্তে॥ রথ লুকাইল তবে নাহি দেখি আর। অন্তর্জান হইয়া করিল অন্ধকার॥ অন্তরীকে পড়ে বাণ দেখি সর্বাঞ্চনে। অছিদ্রে বরিষে যেন ধারার **ভাাবণে** 🛭 কোথায় গন্ধৰ্ক আছে কেহ নাহি দেখে। বৃষ্টি হেন অস্ত্র সব পড়ে ঝাঁকে খাঁকে॥ মূপে মাত্র মার মার শুনি স্বাকার। সৈন্মেতে অক্ষত জন না রহিল আর॥ পড়িল অনেক দৈন্য রক্তে বহে নদী। हम हन्छी तथ तथी (क करत व्यविध কতক্ষণ রণ সহি ছিল কর্ণবীর। তাহার সহিত কিছু দৈশ্য ছিল স্থির ॥ শুনা তুণ ছিন্ন গুণ অঙ্গে জলভাম। বিষয়বদন সবে হয় সনোভ্রম ॥ সহিতে না পারি ৬% দিল কর্ণবীর। পলায় কৌরব সেনা ভয়েতে অস্থির॥ অশ্বর নাহিক কার নাহি বান্ধে কেশ। পলায় সকল সৈত্য পাগলের বেশ ! কতকণ সহে যুদ্ধ প্রাণ ব্যগ্র তায়। হেনকালে ডিত্রদেন আইল তথায়॥ তুর্য্যোধনে ডাকি বলে পরিহাস বাণী। গগনে গরজে যেন ঘোর কাদস্বিনী॥ আরে মন্দমতি হুকী রাজা তুর্য্যাধন। মনুষ্য হইয়া কর গন্ধর্ব হেলন॥ কোথা তোর সে বন্ধ দহায় সমুদিত। একেলা ছাড়িল কেন জীগণ সহিত॥ এই অহস্কারে নাহি দেখহ নয়নে। व्यक्तिकां त्र त्रावि भग्न-महत्व ॥

চিত্রসেনের যুদ্ধে জয় ও নারীগণের স্থিত। তুর্য্যোগনের বংন :

কর্ণ ভঙ্গ দিল রণে, আকুল গন্ধৰ্ব বাং পলায় সকল সেনাপতি। সৌবল শকুনি সাং পলায় ত্রিগর্ভনাথ, কর্ণ কুঃশাসন বিবিংশতি॥ য**ত যত মহাবীর**় রণেতে নাহিক স্থি প্রমাদ গণিয়া সর্ববজন। কে করে কাছার লেখা,কেবলরাখিয়া এক नात्रीतुन्त मह छूर्यग्राधन ॥ মহা ত্রাস্ত হ'য়ে যায়, নারীপানে নাহি চা রথ চালাইয়া ভ্রুতগতি। অশ্ব গজ ধায় রড়ে পদেতে পদাতি প্র উঠে হেন নাহি শক্তি॥ তবে হুর্য্যোধনে কয়, তুষ্টমতি পাপাশ না জানিস্ গন্ধর্ব কেমন। আরে মন্দ মতিমান, ভালমন্দ নাহি জা অহঙ্কারে করিস হেলন। না জানিস্নিজ বল্ **এখন উ**চিত ক মম হন্তে অবশ্য পাইবে। লইৰ তোমার প্রাণ্ট ইহাতে নাহিক অ মনের বাসনা পূর্ণ হবে ॥ এত বলি নিজ অস্ত্র, যুড়িলেক লঘু হয়, গন্ধর্বব ঈশ্বর ক্রোধমনে। এবে দে হইল কর্লী, অব্যর্থ জানয়ে সন্ধি, ধরিলেক রাজা ছুর্য্যোধনে ॥ সপক্ষ দিলেন পৃষ্ঠ, বন্দা হৈল কুরুভ্রেষ্ঠ, দোসর নাহিক আর সাথে। স্ত্রীরন্দ সহিত রাজা, রথে তুলি মহাতেজ ক্রতগতি যায় স্বর্গপথে ॥ ঘোর আর্ত্তনাদ করি, কান্দরে সকল নারী হায় হায় ডাকে উচ্চঃম্বরে। ঘন ডাকে জগন্ত কপালে কঙ্কণাঘাত পার কর বিপদ-সাগরে॥ পাপকর্ম প্রতিনি, আমি দৰ্বে ধৰ্মহীন, তব ভক্তি লেশ নাহি মনে।

😥 আমি হীনতপা, (কবল করহ কূপা, র্ন্নবন্ধু নামের কারণে॥ sellin অনেক করি, স্তুতি করে **কুলনারী**, ্রুহ নিন্দ। করে নিজপতি। ধর্ম্মহিংসা অনুস্কণ, ফুট্রার স্বামাগণ, সেকারণে হৈল অধ্যোগতি॥ ্্্রাপ্রট ধর্মপতি, ধর্মেতে যাঁহার মতি. গনুগত ভাই চারিজন। ত্রবন ব্রেয়র মেতু, প্রাণ ত্যজে ধন্মহেতু, **ादत प्रध्य निल श्रूप्यायन ॥** ন্ত্ৰ দত পতিব্ৰতা, দেব বিজ অনুগতা, সতত ধর্মেতে যার মতি। ায় এগুশ যাজ্ঞদেনা, সভানধ্যে তারে. এরন, চুলে ধরি করিল দুর্গতি॥ ফলেল আজি, বিপদ-দাগরে মজি, দৰক্টে হারাতু জাতিকুল। ্ত 🕜 🗵 ধন্মরাজ, জানিয়া কুলের লাজ, ্রবল রক্ষার মাত্র মূল 🖟 া হায়পেন নারা, এই যুক্তি ননে করি, খণ্ডরে করে শীঘ্রগতি। াদৰ এর হাত, যথা পাওবের নাথ, ুহ গিড়া সকল ছুৰ্গতি ॥ ্হণ বন্ধ করি, ্মে-স্থার নাম ধার, ন-১র মজিল কুরুবংশ। 🏝 প্ৰায় কৰ্মকলে, এ কুৎস। কলঞ্চ কুলে, ু এদেন হাতে জাতি ধ্বংস॥ গ্ৰহণ কৰে বাণা, সত্য কহ ঠাকুৱাণী, পাৰিলা পূৰ্ব কথা সব। া কর্ম করিয়া তারে, পাচাইলা বনান্তরে, ্রাহা বিনা কে আছে বান্ধব।। ি গজ ভোমার মাতা, এখনি যাইব তথা, কহিব সকল সমাচার। েইৱাজ মহাশ্যু, বার বটে ধনপ্তয়, ভানহত্তে নাহিক নিস্তার॥ গ্লাবলে ধর্মরাজ, জানি নাঁ কুলের লাজ, ্মা-সবার আপদ ভঞ্জনে।

না করিবে ভেদমতি, পরহঃখে দ্বংখী অতি উদ্ধারিবে পাঠায়ে অজ্জ্বনে॥ স্বামী মম অপরাধী, ইহাতে অবজ্ঞা যদি, করিয়া উদ্ধার না করিবে। মিলিয়া সকল নারী, বিধ অগ্নি ভর করি, কিবা জলে প্রবেশি মরিবে॥ এত শুনি শীঘ্ৰ দূত, গোল যথা ধন্মস্ত্তু মাদ্রার তন্য ভামার্জ্জুন। বেষ্টিত ব্রাহ্মণ ভাগে, করযোড় করি আগে, কহিতে লাগিল সকরুণ॥ অবধান মহারাজ, নৈবের হুগতি কাজ. রাজা এল গ্রভাগের স্নানে। বিধির নিকান্ধ কণ্ম. খণ্ডন না হয় ধর্ম, বন্দী হৈল চিত্ৰদেন বাণে॥ গন্ধবের মায়াবলে, পোড়াইল অব্রানলে, -প্রাণেতে কাতর ঘত সেনা। কৰ্ণাল্ল ছঃশাসন স্বত মহা যোদ্ধাগণ, व्यां न न । या या मन्द्रक्ष ॥ একা ছিল প্রয্যোধন, রঞা হেছু নারীগণ, ্রাণপণে যুবিল রাজন। যতেক নারীর সহ করাইয়া রথারোহ' ল'য়ে যায় করিয়া বন্ধন।। প্রতিকারে নহে শক্য, পুঠভঙ্গ দিল পক্ষ, শেনে যায় জাতিকুল প্রাণ। আরুল হইয়া মনে, তবজাত্বপূগণে, পাঠাইয়া দিল এব স্থান॥ আর বা কি কব আনি, মাজনা আমার স্বামী অগ্রাধা তেমির চক্রে। ভগাওঁজনের ভয়, কুলের কলকোনয়, দূর কর আপনার গুণে॥ তোলার কুলের নারা, গন্ধর্বে লইবে ছরি, যাবৎ না যায় অভিনুর। দেখিয়া উচিত কর্মা, করছ কুলের ধর্মা, রকা কর কুলের ঠাকুর 🛭 শুনিয়া চরের কথা, মৰ্ম্মে পাইলেন ব্যথা, ধর্মপুত্র রাজা যুধিভির।

ভয়ান্বিতা অবলার, কুলের কলক আর, রকা হেতু হইয়া গন্ধির॥ বিচারিয়া ধর্মমণি, বিষম নিগ্ৰছ জানি, অৰ্জ্জনেরে কছেন বিশেষ। শাঘ্র আন দুর্য্যোধনে, কহি চিত্রসেন স্থানে, i যবং না যায় নিজ দেশ।। বিনয় পূৰ্ব্বক তথা. কহিবে মধুর কথা, বহুবিধ আসার বিনয়। যদি তাহে সাধ্য নহে বৈপায়ন দাস কহে, দণ্ড দিবে উচিত যা হয়॥

> ধর্ম্মাজ্ঞায় ভীমার্জ্জনের মুদ্ধে যাতা ও নারীগণের সহিত হুর্গ্যোধনের মুক্তি।

যুধিষ্ঠির বলিলেন যাও শীভ্রগতি। পশ্ধৰ্ব না যায় যেন আপন বদতি॥ ছাড়াইয়া আন গিয়া প্রধান কৌরবে। প্রণয় পূর্বক হৈলে ছন্দ্র না করিবে॥ এত যদি কহিলেন ধর্ম নরপতি। গর্জিয়া উঠির ভীম অর্জ্জুন হমতি॥ ধন্য মহাশয় ভুমি ধর্মা অবতার। এখনো ঈদৃশ বৃদ্ধি অদৃষ্ট আমার। আমা দবাকারে হুফ্ট যতেক করিল। কাল পেয়ে সেই রুক্ষ এখন ফলিল॥ অহর্নিশি জাগে দেই মনের অনিষ্ট। গন্ধৰ্ব করিল তাহা ঘুচিল অরিষ্ট h व्यथर्त्य वाजाय जाका व्यथन्योत द्वर्थ । তাহা দেখি নিত্য পাই পরম কৌতুক ॥ ক্রমে ক্রমে সকল সংসার করে জয়। কাল পেয়ে মুলের সহিত নফ্ট হয়॥ যত ভব্দ করিল কৌরব তুরাশয়। নিঃশক্তে হইল রাজা চল নিজালয় ॥ এতেক কংনে যদি ভাই হুইজন। মনেতে চিন্তেন জবে ধর্মের নন্দন॥ বিনা ক্রোধে কার্য্যসিদ্ধি না হয় নিশ্চয়। ভবে ধর্মা কছে সম্বোধিয়া ধনপ্রয়॥

কহিলা যতেক পার্থ অন্যথা না করি। সে মম পরম শক্ত আমি তার বৈরী। আত্মপক্ষে ঘরে হ্বন্দ্ব করিব যথন। তারা শত **সহো**দর আমরা পঞ্জন। সেই দ্বন্দ্ব হয় যদি পরপক্ষগত। তথন গামরা ভাই প্রশ্নেত্রর শত॥ আর এক কথা শুন বিচারিয়া মনে। যদি না আনিবে তুমি রাজা ছুর্ব্যোধনে :। ত্বন্টবুদ্ধি অতিশয় রাজা চিত্রদেনে : প্রভাৎ হইবে তার অহঙ্কার মনে॥ লইবেক তুর্য্যোধনে সহ নারীরন্দ। অমরমণ্ডলী যথা আছেন সরেন্দ্র ॥ স্বাকার অত্যে করিবেক স্মাচার। জিনিমু কৌরব-দেনা রণে অনিবার॥ যুধিষ্ঠির পঞ্চজন তথায় আছিল। যত মোর পরাক্রম সকলে দেখিল। তাহার কুলের বধু সহ ছর্য্যোধনে। বান্ধিয়া আনিসু দেখিলেন সর্বজনে। বারণ করিতে শক্তি নহিল কাহার। কহিবে **ইন্দ্রের অ**গ্রে এই সমাচার॥ শুনিয়া হাসিবে যত অমর-সমাজ। অবজ্ঞা করিবে তোমা ইন্দ্র দেবরাজ ॥ তুমি যে অবজ্ঞা কর ভাবিয়া বিপক্ষ। দেবতা জানিবে তুমি বলেতে অশক্য॥ আনিতে বলিসু আমি ইহা মনে করি। नरह छूर्यापन मम क्लान् उनकाती ॥ শুনিয়া উঠিল কোপে বার ধনঞ্জয় এমত কহিবে তুষ্টবৃদ্ধি পাপাশয়॥ এই দেখ মহাশয় তোমার প্রদাদে না জাবে গন্ধৰ্বৰ আজি পড়িল প্ৰমাদে 🖟 এত বলি মহাক্রোধে উঠিয়া অর্জ্বন। গাণ্ডাব নিলেন হত্তে বান্ধি যুগ্য তূণ॥ যুষিষ্ঠিরে প্রণাম করিয়া কুতাঞ্চলি। রথে চড়ি চলিলেন জ্রীগোবিন্দ বলি॥ প্রবর্গনন জিনি চলে স্বর্গপথ। ক্ষণে উত্তরিল যথা চিত্তদেন রথ #

পাছে বায় ধনপ্তয় ফিরিয়া নেহালি। দ্রুতগাত রথ চালাইল মহাবলী॥ ত্রে পার্থ মনে মনে করেন বিচার। ভর্মুক্ত প্রায় গন্ধকা কুলাঞ্চার॥ অতি বেগে বায় রথ যাবে স্বর্গমাঝে। বিণত হইবে তবে দেবতা-সমাজে॥ ট্র জান শরজালে রোধিলেন পথ। ইংলার গন্ধব্বপতি না চালিল রথ। সেহকণ উপনীত **বার ধনঞ্জ**য়। ক্ৰেয়া গদ্ধৰ্ববপতি ক্ৰে সবিনয়॥ ক্র প্রাণ কোন্ হেতু **আইলে হেথা**য়। স্ব্যোদন উপকারে আসিয়াছ প্রায়॥ এই সে আশ্চেষ্য ওড় হইতেছে মনে। ত জন্ম করিল হিংসা তোম। পঞ্জনে॥ কাহতে না পারি পুরেব **আর যত ক্লেশ।** সভাতি দেখি য়ে বনে ত**পস্থার বেশ।**। • হার উচিত ফল পায় দৈববলে। পং ভাড় শীত্রগতি ধাই নিজ বাদে॥ প্রাণ বলিলেন জ্ঞান নাহিক তোমায়। কহিলে যতেক কথা পাগলের প্রায়॥ আপন, আপনি লোক যত ধ্বন্ধ করে। মত্রপঞ্চ কছু নহে প্রতিপক্ষ পরে॥ ইহাতে এতেক ছিদ্ৰ কহিস অজ্ঞান। অহি: সব: ভিন্ন ভাব করেছিস জ্ঞান॥ ম্^{নি}টের তুলা মম ভাই হুর্ব্যোধন। গ্রহারে লইয়া যাবি করিয়া বন্ধন ॥ ८५ क्लवध्वरव ठ्वांग न'रत्र यारव । 🖅 কভে হইবে কুৎদ। কলঙ্ক রটিবে ॥ 🎨 🖟 🗨 শাষ প্রথা কুলাঙ্গার জন। িনতে দহিৰে তাহা আমার এ মন॥ ^{এই} দেখ শীগ্ৰগতি আইন্তু হেথায়। ^ছ' इ इर्प्या**ध्यत्र नरह यारव यमाल**य्र ॥ < देश मकला बूक भरह कन विव। ষ্ট্রিভিকে শমন সদনে পাঠাইব। চিত্রদেন বলে ভোর জানিলাম মতি। ব্ৰিয়া করিল বিধি এতেক প্ৰগতি॥

মরিতে বাদনা তব হইল নিশ্চর। তুই ভাই একত্রে ঘাইবি মমালয়॥ এত বলি দিল শীঘ্র ধনুকে টঙ্কার। দশদিক বাণেতে হইল অশ্বকার॥ ে দেখি পাৰ্থ হইলেন জ্বলন্ত অনল। নিমিষের মধ্যে কাউলেন সে সকল।। দোহার বিচিত্র শিক্ষা দোঁছে লঘুহস্ত। র্ষ্টিবং শত শত পড়ে কত অস্ত্র॥ কাটিল দোখার অন্ত্র নোহাকার শরে। জনত উলক। প্রায় উঠার অন্ধার॥ হহল দেহার খল নরেতে জব্জর। জভঙ্গ ভিলেক নাহে দৌহে পত্ৰদ্ৰর॥ গন্ধবর্ব আপন নায়া করেল প্রকাশ। সন্ধান পুরিয়া অন্ত্র এড়িলেন পাশ। দিব্য অন্ত্র এড়ি পাথ করে নিবারণ। দশ প্রস্ত্র অঙ্গে তার করেন ঘাতন॥ যে বাণেতে গন্ধব বান্ধিন ছুগ্যোখনে। সেই বাণ অৰ্জ্জন বুড়িল ধকুগুলে॥ বান্ধিয়া গন্ধর্বে গল। ভুজের সহিত। নিজ রথে চড়াইয়। চলেন জুরিত॥ ভূর্য্যোগন নারা সহ গন্ধকের পতি। মহুর্ত্তেকে উপনাত ধ্যের বসতি ॥ সমর্পিয়া সকল করেন নিবেদন। ধেরূপে গন্ধবিপতি করিলেন রণ ॥ যুবিষ্ঠির খুলিলেন দোহার বন্ধন। পার্থে অনুযোগ করিলেন অগণন ii এই চিত্রদেন জান গন্ধর্বের পতি। ইহাকে উচিত নহে এতেক দুৰ্গতি। চিত্রদেন বাললেন তুমি মাত্রমন্ত। চালন করহ কেন ক্রিয় গুরন্ত॥ বালক অর্জ্জুন করিলেন অপরাধ। । চাহিয়া আমার মুখ করহ প্রদান॥ না কহিবা ইন্দ্ৰকে এ দৰ্ব গ্ৰপনান। যাহ জ্রুত নিজালয়ে করহ প্রয়াণ 🛭 শুনিয়া গন্ধৰ্বপতি আনান্দত মনে। यानीर्वाप कांत्रश हं लग (महेकरण ॥

ছতিনায় সশিষ্য হ্রানার আগমন।

দূরীকুরু মম তুক্কতভারং।

জন্মেজয় বলে মুনি কহ বিবরণ। সহজে অশুদ্ধবুদ্ধি রাজা হুর্য্যোধন॥ আজন্ম হিংসিল তুন্ট নানা তুন্টাচারে। **ক্ষমাবন্ত ধর্ম্ম**শীল ধর্ম অবতারে ॥ তথাপিও করি স্নেই তারেণ **সঙ্কটে**। ছেনজনে দুঃখ কন্ত দিলেন কপটে॥ মুক্তা হৈতে উদ্ধার করিল যেই জন। পুনরপি বাঞ্ছা করে তাহার মরণ॥ শুনিলাম মিফকণা তোমার বদনে। াতঃপর কি করিল হৃষ্টবুদ্ধিগণে॥ ুনিবারে ইচ্ছা বড় ইহার বিধান। প্তামহগণ তবে গেল কোন্ স্থান ॥ গুনিতে আনন্দ বড় জন্ময়ে অন্তরে। নিবর বিশেষ করিয়া কহু মোরে॥ বশাস্পায়ন বলে তবে শুন নরবর। চাম্যক-কাননে আছে পঞ্চ সহোদর॥ াজ জপ ব্রত তপ ধর্মা আচরণ। ুৰ্ব্বমত শত শত ব্ৰাহ্মণ ভোজন॥ হথায় আদিয়া তবে কৌরব-প্রধান। ান্ধর্ববপতির হাতে পেয়ে অপমান॥ মাহারে অরুচি হৈল অভিমান মনে। একান্তে বদিয়া কছে যত তুষ্টগণে॥ হে কর্ণ প্রাণের সথা মাতুল ঠাকুর। কিমত প্রকারে মম গ্রঃখ হবে দূর॥ করিলে স্থাক্তি সবে মতেক মন্ত্রণা। বিশেষ হইল সেই আপন যন্ত্ৰণা।। সন্দর দেখিতে যেন পরিল অঞ্জন। বিধির বিপাকে অন্ধ হইল নৰন॥ চিত্রদেন করিল যতেক অপমান ৷ ততোধিক শক্রতে করিল পরিত্রাণ॥ ইহা হৈতে মৃত্যুপ্রেষ্ঠ গণি শতগুণে। এতেক তুর্গতি হবে ইহা কেবা জানে॥ আর দেখ পাগুবের পুণ্যের প্রকাশ। স্বর্গের অধিক হুথ অরণ্যেতে বাস ॥

ইন্দ্রের সমান সঙ্গাঁ চারি সহোদর। সূর্য্যতুল্য সহজ্র সহজ্র দ্বিজবর ॥ মনের মানদে সবে করে নানা ভোগ। দ্রুপদনন্দিনী একা করয়ে সংযোগ॥ জানিসু নিশ্চয় তারা দৈবে বলবান। মম স্থুখ নহে তার শতাংশে সমান ॥ সূর্য্যের সমান পঞ্চ শক্ত বলবন্ত 🖟 ত্রয়োদশ বৎসরান্তে করিবেক অন্ত॥ তুমি আমি মাতৃল ত্রিগর্ত হুঃশাসন। মহাশ্রম করিলে না পারি কদাচন॥ বনের নিবাস শেষ যে কিছু আছয়। ইতিমধ্যে এমন উপায় যদি হয়॥ প্রকারে পরম শত্রু যদি হয় নাশ। আমার মনের হয় পূর্ণ অভিনাব॥ এত্কে কহিল যদি রাজা প্রর্য্যোধন। কহিতে লাগিল তবে তুক্ট মুদ্রিগণ॥ কি কারণে তুমি কর পাগুবের ভয়। নিজ পরাক্রম নাহি জান মহাশয়॥ বুদ্ধিবলে করিব উপায় যত আছে। তাহাতে নিস্তার পেয়ে যদি তারা বাঁচে 🗆 অক্সের অনলে দগ্ধ করিব পাগুবে। কোন্ ক্ষুদ্ৰ কৰ্মোতে চিন্তহ এত সবে॥ তুষ্ট মন্ত্ৰিগণ যত কহিলেক ভাষা। তার কত দিনান্তরে আইল হুর্কাস।॥ সঙ্গেতে সহস্ৰ দশ শিষ্য মহাঋষি। মধ্যাহ্ন দূর্য্যের প্রায় উত্তরিল আদি ॥ তুষ্যোধন শুনিল মুনির আগমন। অগ্রদরি কতদূরে গেল সর্বজন॥ যতেক অমাত্য আর সহোদর শত। মুনির চরণে সবে হৈল দণ্ডবত ॥ শিষ্যগণে প্রণাম করিল সর্বজনে। বদাইল মুনিরাজে রত্নসিংহাসনে ॥ স্থূলীতল আনি জল রাজা হুর্য্যোধন। আপনি করিল ধৌত মুনির চরণ ॥ করযোড় করি তবে রাজা হুর্য্যোধন। কহিতে লাগিল কিছু বিনয় বচন ॥

নিবেদন করিতে মনেতে বাসি ভয়। আমার ভাগ্যের কথা কহনে না যায়॥ ন্মাজি মোরে প্রদন্ধ হইল দেবগণ। দে কারণে পাইলাম তোমার চরণ।। মনি বলে শুনিয়া তোমার ভাগ্যকথা। ্ৰ হেতু আসিতে বাঞ্ছা বহুদিন হেথা॥ ্রোমার বৈভব যত শুনি লোকমুখে। ্দেখিতে আ**দিকু হেথা মনের কৌতুকে**॥ রাজা বলে উগ্র তপ কৈল পিতৃগণ। ক্রানিমু প্রদান মোরে দেব দিজগণ॥ পাইলাম আজি পূর্ব্ব তপস্থার ফল। নিশ্চয় জানিসু মোর জনম সফল॥ ক্রানিলাম আজি মোরে স্থপ্রসন্ন বিধি। নত্বা আমার গৃহে কেন তপোনিধি॥ বহুবিধ স্থব কৈল কৌরব সমাজ। বনিবারে মাজা করি কহে মুনিরাজ॥ মুনি বল্লে ভাগ্যবন্ত তুমি ক্ষিতি**ন্তল**। নহিলে এমন আর ক্বল্লিয়ের কুলে॥ মহাবংশ জাত তুমি খ্যাত চরাচর। তব পূর্ব্ব-পিতামই যত পূর্ব্বাপর॥ মহাকীর্ত্তিমন্ত যত দবে মহাতেজা। সেইমত আপনি হইলে মহারাজা । িকন্ত পূর্ব্ব পিতামছ করিল যে কর্মা। প্রাণপণে পালিও আপন কুলধন্ম। তপ জপ ব্রত আর ব্রাহ্মণ ভোজন। ন্ত্রনাতে করিবে নিত্য প্রজার পালন। দ্রব্য কিনি মূল্য দিবে উচিত যে হবে। ^{বি}ক্রর করিতে ঔপাধিক না *লইবে*॥ পালন করিবে প্রজা পুজের সমান। দোৰ মত শাস্তি দিবে গ্লেষ্টবৃদ্ধি জন॥ ^{মান্য জনে} নিত্য নিত্য বাড়াইবে মান। ে কছু কহিৰে কথা বিনয়-প্ৰধান॥ শতত যে হয় শান্তি সদা নহে রোষ। কালের উচিত কশ্ম পরম পৌরুষ॥ ত্রফবুদ্দিদাতা কর্ম্ম হুফ্ট ছুরাচার। সে দকল দহ না করিবে ব্যবহার॥

অবিরত শাসনে রাখিবে সব ক্ষিতি 🕈 অমুরক্ত থাকে যেন সকল নপতি॥ পরপ'কে কদাচিত নহিবে বিশ্বাস। মন বুঝি রা**খিবেক** যত দাসী দাস ॥ বিরূপ না হও কভু আত্মপক্ষ জনে। পালিবে এ সব কথা পরম বতনে॥ নহুষ যযাতি আদি পূৰ্ববংশ যত। পৃথিবী পালিত সবে করি এইমত॥ মে সবা হইতে তব বিপুল বৈভব। দিগুণ পাইবে শোভা হইলে এ সব॥ এত শুনি কহিতে লাগিল কুরুপতি। যাহা করিয়াছি আমি আপন শক্তি॥ অতঃপর যে হয় তোমার উপদেশ। আপনি করিয়া কুপা কহিলা বিশেষ॥ পূর্ব-পিতামহগণ ছিল উগ্রতপা। দে কারণে কর প্রভু এতদূর রূপা॥ এখন হইল প্রভু সফল জীবন। বিবিধ অনেক স্তুতি কৈল ছুৰ্য্যোধন ॥ হেনমতে কথোপকথনে মুনিরাজ। করিল আনন্দমতি কৌরব-সমাজ। নানাকাব্য কথায় কৌতুক **মনস্থ**ে। মুনিরে করিল বশ ফত সভালোকে॥ একদিন একান্তে বদিয়া ছুর্য্যোধন। ডাকিল শকুনি কৰ্ণ ভাই ছঃশাসন॥ কর্ণে সম্বোধিত্ব ক্ছে কৌরবপ্রধান্ত। আমার বচনে স্থা কর অবধান। এ কথা বিচার করিতু অামি মনে। পঞ্ভাই নিবাস কর্যে কাম্যবনে॥ कुश्वमन्त्रिक्ती कृष्ध लक्कीत म्यान। তাহার প্রদানে সবে পায় পরিতাণ॥ সূর্য্যের কুপার কলে কিঞ্ছিৎ রশ্ধনে। পরম মতেকে তাহা ভুঞ্জে লক জনে॥ যত লোক যায় তথা গবে অন্ন পায়। যতক্ষণ যাজ্ঞদেনী কিছু নাছি খার ॥ অক্ষয় থাকয়ে যত চতুৰ্বিধ ভোগ। অপূর্ব্ব দেখহ কিবা বিধিন্ন সংযোগ ॥

ক্রপদর্নীন্দনী কুষ্ণা করিলে ভৌজন। কিঞ্চিৎ মাগিলে নাহি পায় কোনজন॥ প্রতিদিন **হেনমতে ভূঞ্জা**য় সবায়। দশদণ্ড নিশাযোগে নিজে কিছু খায়॥ সেইকালে তথায় যাইবে মুনিরাজ। সংহতি করিয়া যত শিষ্যের সমাজ॥ দৌপদীর ভোজনান্তে যাবে সেই স্থানে। সেবায় নহিবে ক্ষম ভাই পঞ্জনে॥ দোষ দেখি মহামূনি দিবে ব্ৰহ্মশাপ। মরিবে পাগুব-বংশ ঘুচিবে সন্তাপ ॥ তোমা সবাকার মনে না জানি কি লয়। মুনিরাজে কহিব কর্ত্তব্য যদি হয়॥ এতেক কহিল যদি রাজা ছুর্য্যোধন। সাধু সাধু প্রশংসা করিল সর্বজন॥ সবে বলে মহারাজ গে আজা তোমার। করিলে মন্ত্রণ। এই সংসারের সার॥ আর দিন দিনান্তরে বসি মুনিরাজ। নিকটে ভাকিয়া যত কৌরব-সমাজ॥ হিত উপদেশ আর মধুর উত্তর। **ভূরো**গনে সম্বোধিয়া কহে মুনিবর॥ শুন রাজা ভুবনে ভরিল তব যশ। তোমার সেবায় বড় হইলাম বশ। ইন্টবর মাগি লহ ম্ম বিভামান। বিদায় করহ শীঘ্র যাই যথা স্থান ॥ মুনির বটন শুনি রাজা তুর্য্যোপন। গদগদভাষে কহে মধুর বচন ॥ ধন ধর্ম্ম দান দারা পুক্র বৈভব বিপুল : কেবল তোমার মাত্র আশীর্কাদ মূল॥ পরিপূর্ণ আছে দৈন্য রাজ্য অধিকার। কেবল রহুক যক্তি চরণে ভোমার॥ আর এক নিবেদন শুন মহাশয়। কহিতে সঙ্কোচ করি কুপা যদি ইয়॥ যথার কাম্যক বনে পাণ্ডুর তনয়। সংহতি করিয়া তথা শিষ্য সমুদয়॥ উত্তীর্ণ হইবে যবে দশদণ্ড নিশি। হেনকালে অভিথি হইবে মহাঋষি !!

ভক্তিভাব বুঝিয়া জানিবে তার মন ! সবে বলে ধর্ম্মবন্ত পাণ্ডুর নন্দন 🛊 পূজা করে দেব-দ্বিজ ভক্তি অতিশয়। সেই কথা পরীক্ষা করিতে যোগ্য হয়॥ সকালে সকল দ্রব্য হয় উপস্থিত। রক্ষন করেন কৃষ্ণা নিত্য নিয়সিত॥ ভোজন করেন যত নিযুক্ত ব্রাহ্মণ। তাহার মধ্যেতে যদি হয় লক্ষ জন॥ নানা দ্রব্য পরিপূর্ণ থাকে দে সময়। অনাশাদে খায় তথা যত লোক যায়॥ অভক্তি ভক্তির ভান না হয় বিদিত। সে কারণে কালাভীতে যাইতে উচিত ॥ দশদ্ও রজনী উত্তীর্ণ হবে যবে। পাক সমাপন করি যাজ্ঞদেনী খাবে॥ শয়নের উচ্চোগ করিবে সর্ববন্ধ। সেইকালে যাইবে সহিত শিষ্যগণ ॥ আর যদি মধ্যাহ্নকালের অনুসারে। যে জন করয়ে ভক্তিভাব বলি তারে॥ সক্ষেহ ভাঙ্গিতে ইথে তোমা ভিন্ন নাই। অবশ্য যাইলে তথা দেখিবে গোঁসাই॥ তুর্য্যোধন নুপতির নত্র কথা শুনি। কুপা করি কহিতে লাগিল মহামুনি॥ কোন ভার দিলে রাজা এই কোন্ কথা: ত্ব শ্ৰীতি হেতু আমি বাইৰ সৰ্ব্যা॥ জানিব সত্যের ভাব রাজা যুধিষ্ঠিরে। দ্বিতীয় করিব সান পুদ্ধরের নীরে॥ তৃতীয় তোমার বাক্যে করিব এ কাজ ! শীঘ্রগতি বিদায় করহ মহারাজ॥ শুনিয়া আনন্দমতি রাজা পুর্য্যোধন। সবান্ধবে প্রণাম করিল ছাস্টমন 🕆 বক্তবিধ বিনয় করিল সর্ববজনে। সেইমত আদরে সম্ভাষি শিষাগণে 🛚 বিদায় হইয়া মুনি করিল গমন। রহিল আনন্দমনে রাজা তুর্য্যোধন ॥

বনপৰ্বা] পতিতোদ্ধারিণি জাহ্মবি গঙ্গে।

শাক্রনে যুধিন্তিরের নিকট হর্কাসা মুনির আগমন।

विलाय इट्टेग मूनि छूर्याधन सारेन। বছ শিষ্য সহ যায় আনন্দিত মনে॥ বর্ণেত থা**ইতে মুনি বিচারিল মনে।** কভিল ভাকিয়া কাছে যত শিষ্যগণে॥ _{চল} সবে এই পথে প্রভা**দের** তীর। ক্মোব্ৰে যাব যথা রাজা যুধিষ্ঠির ॥ প্রভাসের স্নান-আর ধর্ম্মের সম্ভাষ। দুগ্যোধন রাজার মনের অভিলাষ॥ ৰনহাদে তিন কৰ্ম হবে এককালে। এতেক কহিয়া মুনি পূৰ্ব্বদিকে চলে॥ ভনপদ ছাঙি সবে প্রবেশিল বন। ্চনকালে **অস্তাচলে যান বিকর্তন** ॥ ্রপ্রচিক প্রদন্ন করিল কলানিধি। কুণ্দিনী বিকসিলা দেখিয়া কৌমুদী॥ মাধ্ব মাসেতে শীতপক্ষ চতুর্দ্দশী। ্দই দিন চলিল তুর্ব্বাদা মহাধ্যষি॥ ্কীকৃকে পথেতে নান। কথার প্রবন্ধ। বিচিত্র বনের শোভা দেখিয়া আন**ন্দ**॥ ^{মাতি}ক্রান্ত হইল যথন **অর্দ্ধ** নিশি। ষ্ণতান্ত আনন্দযুক্ত গেল মহাঋষি॥ गशाय বশেরর পুত্র রাজ। যুধিষ্ঠির। উত্তরিল মহামুনি প্রভাদের তীর॥ ^{ষ্ঠি}ষ্টির শুনিয়া মূনির আগমন। মগ্রদরি কতদুর যান পঞ্জন ॥ ওবানা নেখিয়া সবে আনন্দিত মন। ্দইম ভ চলিল যতেক বিজগুণ ॥ চিন্তাযুক্ত যুধিষ্ঠির করেন বিচার। ^{এই রা}ত্রে কি **হেতু** মুনির আগুদার॥ ^{বিশ্ল}ষ তুর্বাসা মুনি কেছ আর নয়। শল্ল দোয়ে মহারোধে করিবে প্রলয়॥ ষ্পিষ্টির কহিলেন চিন্তা করি মিছা। অবশ্য হইবে যাহা ঈশ্বরের ইচ্ছী ॥ েখিতে দেখিতে তথা এল মুনিরাজ। শংহতি সহজ্র দশ শিষ্ট্যের সমাজ।

সম্ভ্রমে চরণে পড়িলেন দশুবৰ। আদর করেন যত দেবের সন্মত। মুনিরে প্রণাম করি ভাই পঞ্জনে। সেইমত সম্ভাষেণ যত শিষ্যগণে॥ আছিল রাজ্ঞার পাশে যতেক ব্রাহ্মণ। মুনিরাজে সম্ভাষ করিল সর্বজন ॥ বয়োধিকে মান্য করি প্রণাম করিল। জ্যেষ্ঠ জন কনিষ্ঠেরে আশীর্বাদ দিল।। সমান সমান জনে ধরি দেন কোল। নমস্কারে আশীর্কাদে হৈল মহাগোল। ধর্ম বলিলেন মুনি করি নিবেদন। শুনিবার ইচ্ছা আগমনের কারণ। কোন দেশ হৈতে আজি হৈল আগমন ' কোন্দেশ করিবেন মঙ্গলভাত্রনা তীর্থ অনুসারে কিবা মম ভাগ্যোদয়: বিশেষ করিয়া কছ কুপা যদি হয়॥ মুনি বলে শুন যদি জিজ্ঞাসিলে ভূমি। সশিষ্য হস্তিনাপুরে গিয়াছিন্তু আমি॥ অনেক করিল দেবা ভাই শতজনে। তোমারে দেখিতে বড় ইচ্ছা হৈল মনে॥ এই হেতু হেথায় করিত্ব আগমন। যেমন পাণ্ডব, কুরু আমার তেমন ॥ আর এক কথা শুন ধর্মের নন্দন। পথশ্রমে ক্ষুধার্ত্ত আছি যে দর্ববঙ্কন ॥ রন্ধন করিতে কও যাহ ক্রতগামী। তাবৎ প্রভাদে গিয়া সন্ধা করি আমি 🛚 শুনিয়া মুনির কথা ধর্মের ভন্ত মনেতে চিন্তেন আজি না জানি কি হয়। অন্তরে জন্মিল 🥯 🗥 🤧 করে জোধ। অসুমতি দিলেন মুনির অন্যুরোধ দ যুধিষ্ঠির বলিলেন মম ভাগ্যোলয়। সে কারণে আগমন অংমার আলয়॥ সন্ধ্যা হেতু গমন করছ মহপেয়। করিব যে কিছু মম ভাপ্যে যাহ। হয়॥ তবে মুনি সংহতি সকল শিষ্যগণ। প্রভাসের কূলে গেল সন্ধ্যার কারণ।।

চিস্তাযুক্ত যুধিষ্ঠির আপন আশ্রমে। দ্রোপদীরে আসিয়া কহেন ক্রমে ক্রমে॥ ধর্ম্মের যতেক কথা দ্রোপদী শুনিল। উপায় না দেখি কিছু প্রমাদ গণিল॥。 কৃষ্ণা বলে যে কথা কহিলা মহাশয়। ছেন বুঝি বিধি কৈল অকালে প্রলয়। সীশিষ্য অতিথি হৈল উগ্রতপা ঋষি। আমার নাহিক শক্তি আজিকার নিশি॥ রজনী প্রভাতে কালি সূর্য্যের প্রদাদে। দশলক্ষ হইলে ভুঞ্জাব অপ্রমাদে॥ ধর্ম বলিলেন কৃষ্ণা উত্তম কহিলে। মুনি ক্রোধানলে আজি সবে দগ্ধ হৈলে॥ কি কৰ্ম করিবে কালি প্রভাতে কে জানে ত্রবাসার ক্রোধ সহে কাহার পরাণে॥ দ্রোপদী কহিল এই দৈবের সংযোগ। আমার কর্ম্মের ফল কে করিবে ভোগ॥ স্থকর্মের চিহ্ন যদি হৈত মহারাজ। দিবদে আসিত তবে মূনির সমাজ॥ আমা দবা হৈতে কিছু নহে প্রতীকার। কেবল পারেন কৃষ্ণ করিতে উদ্ধার॥ দ্রোপদীর বচন শুনিয়া যুধিষ্ঠির। চিন্তায় আকুল অতি শরীর অস্থির॥ ক্লফ ক্লফ বলিয়া ডাকেন উচ্চৈঃম্বরে। পার কর জগন্নাথ বিপদ সাগরে॥ পার কর আমারে গোবিন্দ মহাশয়। রাথহ পাণ্ডবকুল মজিল নিশ্চয়॥ তোমা হেন আছে যার মহারত্ন নিধি। এমন সংযোগ তারে মিলাইল বিধি॥ তোমার পাওব-বন্ধু বলি লোক কয়। সে কথা পালন কর ওছে দ্যাময়॥ কুষ্ণা সহ পঞ্ভাই আকুল হইয়া। ডাকিতেছে কোঁথা কৃষ্ণ-উদ্ধার আসিয়া॥ হেথায় কৌভূকে কৃষ্ণ দ্বারকানগরে। শয়ন করিয়াছেন রুক্মিণীর ঘরে॥ ব্যগ্র হ'য়ে ভক্ত ডাকে বলি জগন্নাথ। বাজিল অন্তরে যেন কণ্টকের ঘাত॥

রহিতে নাহিক শক্তি ভক্ত-তুঃগ জানি। ব্যস্ত হৈয়া উঠিয়া বৈদেন চক্রপাণি॥ চিন্তান্বিত অত্যন্ত করেন ছট্ফট। রুক্মিণী কছেন দেখি করিয়া কপট। চিত্তের চাঞ্চল্য আজি দেখি কি কারণ হেন বুঝি কোথায় যাইতে আছে মন॥ অরণ্যে ডৌপদী সথী আছুয়ে যথায়! **অকস্মাৎ মনে হৈল বুঝি অভিপ্রা**য়॥ শ্ৰীকৃষ্ণ কহেন শুন প্ৰাণপ্ৰিয়তম।। অগ্যকার এই অপরাধ কর ক্ষম।॥ ভক্তাধীন আমারে যে করিল বিধাতা আমার কেবল ভক্ত স্থখত্বঃখদাতা ॥ মম ভক্তজন যথা তথা থাকে স্থুখে। আমিও তথায় থাকি পরম কৌতুকে 🛭 মম ভক্তজন দেখ যদি তুঃখ পায়! সে তুঃখ আমার হেন জানিও নিশ্চয় এ কারণে ভক্ত-চুঃখ খণ্ডাই সকল **নহিলে কি হেতু নাম ভকত-বৎসল**॥ আমার একান্ত ভক্ত রাজা যুধিষ্টির। বিপদ সাগরে পড়ি হ'য়েছে অস্থির॥ যতক্ষণ নাহি দেখি ধর্মের নন্দন। ততক্ষণ মম তুঃখ না হবে খণ্ডন্॥ এই আমি চলিলাম নথা নর্মমণি। এত শুনি কহিলা রুক্মিণী ঠাকুরাণী ॥ তোমার একান্ত ভক্তি আছুয়ে পাণ্ডবে সর্ব্বকাল এইরূপ জানি অনুভবে ॥ বিশেষ করিলে বশ দ্রুপদের স্থতা 🗉 তোমার বাসনা সদাকাল থাক ভথা গমন রজনীকালে উচিত না হয়। সে কারণে নিবেদন করি মহাশয়॥ যাইবে অবশ্য কালি তপন উদয়। যে ইচ্ছা তোমার কর তুমি ইচ্ছাময় 🛚 শ্ৰীকৃষ্ণবলেন সত্য কহিলে যে তুমি। **ক্ষণেক তথা**য় যদি নাহি ুযাই আমি ॥ সবংশে মজিবে রাজা ধর্মের নন্দন। আমার গমনে তবে কোন্ প্রয়োজন॥

্রত বলি করিলেন গরুড়ে স্মরণ। গ্রাইল স্মরণমাত্রে বিনতা নন্দন॥ ক্রাইল উডিয়া বীর যথা জগন্নাথ। স্মাথে দাঁড়ায় বীর করি যোড়হাত॥

৬৩ এর শ্বরণে উক্তের কাম্যক বনে **আগ্**যন। আসিয়া খগেন্দ্র কহে বন্দিয়া চর্ণ। িক হেতু নিশাতে প্রভু করিলা স্মরণ॥ ক হেতৃ হইল আজি চিত্ত উচাটন। **শত্রগতি কহ হরি তার বিবরণ ॥** 🖺 কৃষ্ণ বলেন যথা পাণ্ডুপুত্রগণ। বস্তি করেন যথা করিব গমন ॥ এত ব**লি খগোপরি করি আরাহণ**। নিমিধেকে উপনীত যথা কাম্যবন 🛭 ্রহুগায় **ভাবিত চিত্ত ধর্ম্মের নন্দন**। হনকালে আ**ইলেন হরি খগাদন**॥ স্বিষ্ঠির শুনিয়া গোবিন্দ আগমন। প্ৰতলৈক প্ৰাণ যেন প্ৰাণহীন জন॥ ব্যগ্র **হৈ**য়া কতদূরে গিয়া পঞ্জনে। নকটেতে পাইলেন দেবকীনন্দনে॥ অনেদ বাড়িল তার নাহিক অবধি। লারদ্র পাইল যেন মহারত্ননিধি॥ ইঃক্রুষ্ণের সমাগমে দেন আ**লিন্সন**। হানন্দ-সলিলে পূর্ণ হইল লোচন॥ াংবিন্দ বলেন রাজ। কছ সমাচার। যুদিষ্টির কহে কুষ্ণ কি ক**হিব আর** ॥ কহিতে বদনে মম নাহিস্ফুরে ভাষা। এত ব্লাত্তে শিষ্য সহ জাইল তুর্বাসা॥ গ্রভাসের কুলে গেল সন্ধ্যার কারণ। ^{উপায়} করিতে শক্ত নহে কোন জন॥ শ্বংশে মজিকু জামি বুবি অভিপ্রায়। ^{ক্র}তের হইয়া **ওঁই** ডাকি**কু** তোমায়॥ রাখিবারে রাখহ নহে যাহা মনে লয়। বিলন্দ না সহে বড় সক্ষট শময়॥ ^{বুহি}ষ্ঠির এতেক কহেন নারায়ণে। গোবিন্দ কছেন চিন্তা না করিছ মনে॥

শিষ্যগণ সহ মুনি আহ্নক (হথায়। সবাকারে ভুঞ্জাইব সে আমার দায়॥ **এত বলি সন্তুষ্ট** করিয়া ধর্মমণি। ত্বরিত গেলেনু কৃষ্ণ যথা যাজ্ঞদেনী॥ কুষ্ণে দেখি কুষ্ণার পুরিল অভিলাষ। বসিতে আসন দিয়া কহে মুহুভাষ॥ ভকতবংসল প্রভু তুমি অন্তর্য্যামী। দীন বন্ধু নাম তব জানিলাম আমি ॥ কি জানি তোমার ভক্তি আমি হীনজ্ঞান। ছঃখিত দেখিয়া প্রভু কর পরিত্রাণ॥ দশিষ্য তুর্বাদা মুনি অতিথি আপনি। উচিত বিধান শীঘ্র কর চক্রপাণি॥ শ্রীকুষ্ণ বলেন তাহা বিচারিব পাছে। ক্রুধায় শরীর পোড়ে দেহ যাহ। আছে॥ বিলম্ব না সহে কুষ্ণা অন্ন দেহ আনি। পশ্চাতে করিব যাহা কহ যাজ্ঞদেনী॥ কৃষ্ণা বলে জানিয়া সকল সমাচার। তাপনি এমত কহ অদৃষ্ট আমার ॥ শ্রহা দিতে আমি যদি হতেম ভাজন। যোর অন্ধকারে না হইত আগমন। ছল করি কহ কথা জানিয়া সকল 🖯 বুঝিতে না পারিহরি মম কর্মাফল॥ শ্রীকৃষ্ণ বলেন ক্ষুধানলে তন্মু দয়। পাইলে উত্তম পরিহাদের সময় ॥ কহিতে নাহিক শক্তি স্থির নহে মন। উঠ উঠ বিলম্বে নাহিক প্রয়োজন ॥ এত শুনি কহিলেন ক্রপদ-তন্যা। বুঝিতে না পারি দেব কর কোন মায়। ॥ যখন হহল গত দুশন 🖰 विलि। ভুঞ্জিলেন তখন যতেক দেবগায়ি॥ অবশেষে ভিল কিছু করিত্ব ভোজন। শৃত্যপাত্র আছে মাত্র দেখ নারায়ণ ॥ াদিন নহে দ্বিতীয় প্রহর হৈল নিশি। কি কর্ম করিব শুত্ত অরণ্যনিবাস। ।। ্ঞীকুষ্ণ বলেন যাজ্ঞদেনী শুন বলি। অবশ্য আছয়ে কিছু দেগ পাকস্থলী॥

রন্ধন ব্যঞ্জন অন্ন গে কিছু আছয়। আলেতে হইব তৃপ্ত কহিমু নিশ্চয়॥ আলম্ম ত্যজিয়া উঠ করহ তল্লাদ। বিলম্ব না সহে আর ছাড় উপ্রাস ॥ কুষ্ণের বচন শুনি কৃষ্ণা গুণবতী। দেখাইতে পাকপাত্র আনে শীব্রগতি॥ আনিয়া কহিল দেবী দেখ জগন্তাথ। দেখিয়া কোতৃকে কৃষ্ণ পাতিলেন হাত॥ শ্রাকের সহিত এক অন্ন মাত্র ছিল। ঈশ্বরে প্রদান হেতৃ অনন্ত হইল॥ কৌতৃকে উঠিয়া তবে দেব জগন্নাথ। উচ্গার করিয়া দেন উদরেতে হাত॥ দ্রোপদীরে কহেন আমার ক্ষুণা গেল। আজিকার ভোজনে পরম তৃপ্তি হৈল।। ইহা বলি পুনরায় তুলেন উদ্গার। ত্রিষ্কুবনে সেই মত হইল সবার । সর্বভৃতে আত্মারূপে সেই নারায়ণ। ভাঁহার তৃপ্তিতে তৃপ্ত হইল ভুবন॥ হেথায় ভূববাসা ঋষি সহ শিষ্যগণ। বুঝিতে না পারিলেন ইহার কারণ। মন্দানলে উদর পূর্ণিত সবাকার। সঘনে নিশ্বাস বহে উঠিছে উদগার 🕆 বিস্ময় মানিয়া তবে কহে মনিরাজ। নিকটে ভাকিয়া যত শিষ্টের সমাজ !! মুনি বলিলেন শুন দৰ্বব শিষ্যগণ। বুঝিতে ন। পারি কিছু ইহার কারণ ॥ অকস্মাৎ হৈল দেথ উদর আগ্নান। পাইতেছি যত কন্ট নাহি পরিমাণ॥ অনুমান করি কিছ না পারি বুঝিতে। পথভান্তে এমন কি পারিবে হইতে । শিষ্যগণ বলে যে কহিলা মহাশয়। আমা সবাকার মনে হইল বিশায়। সন্ধ্যা হেতু যাই মূনি প্রভাসের জলে। শরীর দহিতেছিল ক্ষধার **অনলে** ॥ অকস্মাৎ এইমত হৈল সবাকার। উদর পুরণে ঘন উঠে ধুমোদগার॥

অন্য অন্য বিচার করেন জনে জন। কেহু না বলিল কিছু লজ্জার কারণ !! মুনি বলে আশ্চর্য্যে ডুবিল মম মন। ব্ৰহ্মাণ্ড ভাবিয়া কিছু না পাই কারণ ॥ যথন সন্ধ্যায় আদি প্রভাদের তীরে। রন্ধন করিতে বলিলাম যুধিষ্ঠিরে 🛚 সংযোগ করিল তারা করি প্রাণপণ। কোন্ লাব্জে তারে গিয়া দেখাব বদন॥ বুঝিয়া বিধান তবে করহ বিচার। শিষ্যগণ বলে প্রভু কি কহিব আর ॥ আজি তথা গিয়া লজ্জা পাব কি কারণ উঠিতে শকতি নাহি কে করে ভোজন ॥ ঈশ্বর করিলে কালি উঠিয়া বিহানে। অতিথি হইয়া সবে যাব তাঁর স্থানে। ইহার উপায় আর নাহি মহাশয়। মুনি বলিলেন কথা মম মনে লয়। এত বলি শয়ন করিল সর্ববন্ধন। জানিলেন সব তত্ত্ব দৈবকী-নন্দন । ক্রন্ধা সহ পেলেন যেখানে যুধিষ্ঠির। সবাকার সম্মুখে কছেন যতুবীর॥ মুনির কারণে মনে না করিবে ভয়। আজি না আসিবে মুনি জানিও নিশ্চয় 🖟 স্নানদান করি কালি প্রভাসের কুলে: ভোজন করিবে সবে আসিয়া সকালে ! 🗢 নিয়া কুষ্ণের মুখে এতেক বচন। ধর্ম বলে বিলম্বে ভালই এতক্ষণ॥ তোমার অসাধ্য দেব আছে কোন্ কর্ম্ম পাগুবকুলের আজি হৈল পুনর্জ ন্ম।। বিস্তর কহিয়া আর নাহি প্রয়োজন। ় সহায় সম্পদ মম তুমি নারায়ণ ॥ না জানি পূর্বেতে কত করিত্ব কুকর্ম। সে কারণে হুঃথে হুঃথে গেল মম জন্ম I প্রথম বয়দে বিধি দিল নানা শোক। অন্ত্রকালে জনক গেলেন পরলোক। গোঁয়াইনু সেই কাল পরের আলয়ে। দ্রঃখ না জানিমু অতি অজ্ঞান সময়ে ॥

নুদন্তরে জুফীবুদ্ধি দিলেক যন্ত্রণা। নতুগুহে প্রাণ পাই বিহুর মন্ত্রণা ॥ _{বনের} অনোধ তুঃগ ভ্রমণ সঙ্কটে। স্থাপনি রাখিলে ধৃতরাষ্ট্রের কপটে॥ ত্র দর দক্ষট হৈতে তুমি মাত্র ত্রাতা। ক্রন সংযোগ আনি করিল বিধাতা॥ ব্ৰান্ত্যৰাশ বনবাস হীন স**ৰ্ব্বধৰ্মে**। _{বিপির} নিযুক্ত এই পূর্ব্বমত কর্মে॥ স্ত্র হার প্রবিষ্ঠেশ ছিল উগ্রভপা। হবল ভাহার ফলে তুমি কর রূপ।।। এতের কহেন যদি ধর্মের নব্দন। অন্তরে কৃছিলেন দেব নারায়ণ॥ 👟ন ধর্মস্থত যুধিষ্ঠির নৃপমণি। ×হিলে মতেক কথা সব আমি জানি॥ প্রাইলে যতেক তুঃখ অন্যথা না হয়। কিন্তু তুমি ধর্ম না ত্য**জহ মহাশ্য** ॥ হাঃ যে কহিলে আমি হীন সৰ্বৰ ধৰ্মে। পুণিবী প্রবিদ্ধে **হৈল তোমার স্তৃকর্মো॥** দান ধন্মে রাজনীতে এ তিন ভুবনে। নাহিক তোমার তুলা হেন লয় মনে H হঠকের বল ধর্ম আমি জানি ভালে। ে দুখে তোমার পণ্ডিবে অল্পকালে॥ ^{মদক্ষ} জনার স্তথ ক**ভু সিদ্ধ নয়** । ^{ভাষাতি}র জল প্রায় **কণেকেতে লয়**॥ ম্মতে রাখিবে মম এই নিবেদন। ম্ছাকটে আমা না ছাড়িও কদাচন॥ এত বলি বিদায় নিলেন নারায়ণ। ^{হক্ত}ড়ে চাড়্যা <mark>যান দ্বারক। ভূবন ॥</mark> ^{ক্}ঞেরে বিদায় করি ভাই পঞ্চন। প্রদীনতে শয়ন করিল স্বর্বজন।।

দশিষা হুবর্গদার পরেব।

প্রভাতে উঠিয়া তবে ধর্মের নব্দন।

নিয়মিত কর্মা করিলেন সমাপন ॥

চর্বাসা অতিথি হেতু সচিন্তিত মন।

নানা কার্য্যে নানা স্থানে ধায় সর্বজ্ঞন॥

ফল পুষ্প হেতৃ কেহ প্রবেশিল বনে। ভীমাৰ্জ্জুন যান দোঁহে মুগয়া কারণে ॥ স্নান করি আসিলেন দ্রুপদনন্দিনী। সত্ত্র তথায় আইলেম ধর্মমণি॥ কহেন মধুর বাক্য ধর্মের নন্দন: শীঘ্রগতি গুণবতি করহ রন্ধন ॥ আজিকার দিন যদি যায় ভালমতে। তবে জানি কিছুকাল বাঁচিব জগতে॥ স্নান করি এখনি আদিবে মুনিরাজ। সংহতি করিয়া যত শিষ্যের সমাজ ॥ স্বচ্ছনদ বিধানে যদি পায় ভার পান। তবে দে হইবে সব্যক্ষার পরিবাণ॥ এই হেতু চিন্তা বড় আছে মন মনে। যা করিতে পার কৃষ্ণা আপনার গুণে। তোম: হৈতে সকল সঞ্চটে তবে তরি। ভূমি করিয়াছ বন হস্তিনানগরী ধ তোমার যতেক গুণ না যায় বর্ণনা। কৃষ্ণ আর কৃষ্ণা পাণ্ডবের সম্ভাবনা ॥ আসিয়া রাখিল কৃষ্ণ ছিল যত দায়। এখন করহ তুমি উচিত ধে হয়।। কৃষ্ণা বলে মহারাজ করি নিবেদন। অল্ল কার্য্যে এত চিন্তা কর কি কারণ । ধর্ম্মপথ মত যদি আমি হই সতী। একান্ত আমার দদি ধর্মে থাকে মতি॥ স্মেরে কচন আর তোমার প্রসাদে। দশ লক্ষ হৈলে ভুঞ্জাইব অপ্রাণে॥ চিন্তা না করিছ কিছু ইহার কারণ। এই দেখ মহারাজ করি যে রন্ধন॥ যাও শীঘ্র সশিষো আনহ মুক্তিসর। শুনি রাজা যুধিষ্ঠির কৌতৃক সম্ভরে। ং হেথায় ভুৰ্কাসা সুনি উঠিয়া সকালে। করিল আহ্নিক জপ গুভানের জলে॥ সেইমত করিলেক শিষ্যের সমাজ ' হেনকালে স্বারে কহিল মুনিরাজ। চল শীত্র ধর্ম্ম পাশে যাব **সর্বব**জন। করিব তাঁহার প্রতি শান্তি আচরণ #

এত বলি চলিল সশিষ্য মুনিরাজ। শুনিয়া আনন্দমতি পাণ্ডব-সমাজ॥ অগ্রদরি কতদুরে সর্বজন আসি। আদরে সশিষ্য চলিলেন মহাঋষি॥ অনেক করিয়া ভক্তি ভাই পঞ্জনে। বসাইল মুগচর্ম্মে কুশের আসনে॥ স্থাীতল জল আনি ধর্মের নন্দন। কৌতুকে করেন পৌত মুনির চরণ॥ আনন্দ বিধানে তবে পঞ্চ সহোদরে। দেই পাদোদক আনি পরম সাদরে॥ পান করি বন্দনা করেন সবে শিরে। তবে ধর্ম নুপতি কছেন ধীরে ধীরে॥ নিশ্চয় আমারে আজি হুপ্রসন্ন বিধি। পাইলাম আজি যত্ন বিনা রত্ননিধি॥ স্থপ্রভাত হৈল মোর আজিকার নিশি। কুপা করি আপনি আইলা মহাঋষি॥ পুথিবাঁতে ভাগ্যহীন আমার সমান। নহিল না হবে হেন করি অনুমান। তপস্থা করিল পূর্বের পিতামহগণ। যে কিছু আমার সার পূর্বব উপার্জ্জন ॥ কুপা কর আগারে সে ফলে সর্বজনে। নহিলে অধম আমি তরি কোন গুণে॥ যুধিষ্ঠির মুখে শুনি এতেক বচন। ভুষ্ট হ'য়ে কহিতে লাগিল তপোধন॥ শুন ধর্মান্থত যুধিষ্ঠির নৃপমণি। আপনারে না জানিয়া কহ কেন বাণী॥ তুমি ধর্মাবন্ত সত্যবাদী মতিমান। পৃথিবীতে নাহি কেহ তোমার সমান 🎚 ধশ্মেতে ধাশ্মিক ভূমি ক্ষত্রিয় স্থবীর। সমুদ্র সমান অতি গুণেতে গভীর ॥ অসার সংসার এই সার্মাত্র ধর্ম। তোমার হইল রাজা সহজ এ কর্ম।। লোভ মোহ কাম ক্রোধ ঐশ্বর্য মত্তা। তোমার নিকটবভী নহিল সর্ব্বথ।॥ স্থুখ জঃখ শরীরের অসহযোগ ধর্ম। সময়ে প্রবল হর আপনার কর্ম।

তাহাতে সন্তাপ নাহি করে জ্ঞানবান। সাধুর জীবন মৃত্যু একই সমান ॥ সাধুর গণনে রাজা তুমি অগ্রগণ্য। পৃথিবীর লোক যত করে ধন্য ধন্য॥ কহিলাম সত্য এই লয় মম মন। বস্থমতীপতি যোগ্য তুমি সে ভাজন ॥ এ তিন ভুবনে তব পরিপূর্ণ যণ। তোমার গুণেতে রাজা হইলাম বল।। কিন্তু এক কথা কহি শুন মহারাজ। সম্প্রতি তোর ঠাই পাইলাম লাজ। কহিয়া তোমারে হেথা করিতে রন্ধন। **দন্ধ্য। হেতু প্রভাদে গেলাম সর্বজ**ন॥ সায়ংসন্ধ্যা জপ আদি যে কিছু আছিল। ক্রমে **ক্রমে সর্ববজন সমাপ্ত** করিল ॥ পথশ্রমে অশক্ত উঠিতে শক্তি নাই: আলস্মেতে শয়ন করিত্ব দেই ঠাঁই॥ আসিতে না পারে কেছ এই সে কার্ডা তবস্থানে লজ্জা বড় হইল রাজন॥ ক্ষুধার্ত্ত আছয়ে সবে করিবে ভোজন স্নান করি গিয়া যদি হইল রন্ধন॥ ধন্ম বলে কালি মম তুরদৃষ্ট ছিল। এ কারণে দবাকার আলস্য হইল। **হইল আমার** যদি স্কর্মের লেশ। তবে মহামুনি আদি করিলা প্রবেশ। দেবের তুল্ল ভ হয় তব আগমন। অল্ল ভাগ্যে এ সব না হয় কদাচন মম শক্তি অনুরূপ অন্ন জল স্থল। তোমার প্রসাদে মুনি প্রস্তুত সকল ॥ এত বলি আপনি উঠেন ধর্ম্মপতি। নিকটে ডাকেন ভীমাৰ্জ্জুন মহামতি। আছ্ঞা দেন ধর্মান্থত করিবারে স্থান। শ্রুতমাত্র তুই ভাই হৈল সাবধান॥ নানা দিকে স্থান করি দিল অন্নজন। নিষুক্ত করিল তায় রক্ষক দকল॥ আনন্দ বিধানে ভবে ভাই তুইজনে। শীদ্রগতি জানাইল ধর্ম্মের নন্দনে॥

র্মা বলে অবধান কর মুনিরাজ। _{মতঃপর} বিল**ন্থেতে নাহি কিছু কাজ**॥ ট্রে রৌদ্রের তেজ হৈলে অতি বেলা। বগ্রা নিযুক্ত করিলেন রক্ষতল। । লেন প্ৰবাসা মূনি তুমি সাধুজন। টোলিকা হৈতে ভাল তোমার আশুম।। চন্য্য প্রানেতে যদি সাধুজন রয়। প্রি সমান তাহা বেদে হেন কয়॥ ্ত বলি কৌতুকে উঠেন মুনিবর। ্রান্দ্র বস্থানে **বৈদে সহ** শিস্যবর । স্দলেই মনিগণ ব্যাযোগ্য স্থান। হার্মুর পঞ্চ ভাই হরিম বিধান 🛭 ছিল প্রতিশ্ন করেন সবে আনি। হৈ ভিড়া ব্যঞ্জন অন্ন দেন য|ত্ত্ৰেদেনী ॥ দ্যুৰ আতু শীঘ্ৰ হস্ত ভাই পঞ্জন। ের মধ্যে চাহে তাহা দেন সেইক্ষণ।। ৯০ রণ ্দেখ তার দৈবের ঘটন। ৬০০৫ এক দ্রের করয়ে রন্ধন ॥ িংপিনার ইচ্ছায় যতেক করে ব্যয়। গ্রিল অনুপ্রহে পুনঃ পরিপূর্ণ হয়॥ ಶ 🧸 স্থানে বদিলেন ব্রাহ্মণমণ্ডলী। ভেজন করে**ন সবে অতি কুতৃহ**লী॥ মা ২ জানি খায় কত দেয় কত আনি। গও গাও বলে সবে এই মাত্র শুনি॥ ^{ওবিশ্}ষ তাহা পায় বাহা অভিলাষী। ে করিল দশ সহস্র তপস্বী॥ ভনভারে উঠিয়া করিল আচমন। শৈৰ দাৰু প্ৰশংসা করিল সৰ্বজন॥ ^{ত্ত্রেন} বলেন রাজা তুমি ভাগ্যবান। ^{মতিল মহিবে} আর তোমার সমান॥ ^{এইই} প্রকার যদি পাই বনবাস। ^{াৰে} আর কি কার্য্য স্বর্গেতে অভিলায়॥ ^{নভেনের} ভোমার সকল গুণবান। किनानिको **रा लक्कोत मगान ॥** ^{ভোজ}নে যেমন তৃপ্ত হইলাম আমি। এইমত সৰ্বাদা হইবে তৃষ্ট তৃমি॥

কদাচিত চিন্তা কিছুনা করিবে মনে। খণ্ডিবে তোমার হ্বঃখ অতি অন্নদিনে॥ বিদায় করহ শীঘ্র যাই তপোবন। শুনিয়া কহেন তবে ধর্ম্মের নন্দন॥ সকল এ জন্ম কর্ম মানিত্র আপনি। যাহে এত কুপা কর কুপাদিক্স মুনি। মম এই নিবেদন তোমার অগ্রেভে। কদাচিত বিচলিত নহি সত্যপথে॥ এত বলি ধর্মপুত্র নমস্কার কৈল। সন্তব্ট হইয়া মুনি আশীব্রাদ দিল।। পঞ্জাই প্রণাম করিয়া মুনিরাজে। সেইমত সম্ভাষণ করে শিষ্য মারে।। সবে আশীব্রাদ করি বেদ বিধিমতে। তুষ্ট হৈয়া সর্বজনে চলে পূর্ববপথে॥ পরাণে কাতর ছুক্টবুদ্ধি ছুরাশয়ে। অসহ্ বজের প্রায় লাগিল হুদুরে॥ আহারে অরুচি চিত্ত সতত চঞ্চল। দার্ঘধান ছাড়ে দদা শরার দ্রুবল ॥ এইরূপে ছুয়োধন চিন্তাকুল হৈয়।। একান্তে বাদল যত পাত্র-মিত্র লৈয়।॥ ত্রিগর্ভ শকুনি কর্ণ চুঃশাসন আদি। হেনকালে কহে রাজা কর্ণেরে সম্বোধি॥ ভারত পঞ্চ রবি মহানুনি ব্যাস। পাচালা প্রবাস গায় কাশীরাম দাস॥

ছুয়োধনের মহণায় ছাড়েপের ছোলদাহরণের হালা ছুয়্যোধন কহিলেন কি যুক্তি করিলে। বিধাতা দিবেক বলি নিন্দিন্ত রহিলে॥ বিধিক্ত হহলে অবশ্য হবে জয়। তিনি না করিলে জানি সব মিথ্যা হয়॥ সংসারে থাকিয়া লোক করিবে উদ্যোগ। নিত্য নিত্য ভুঞ্জিবেক নানা উপভোগ॥ অনুক্ষণ করিবেক স্বকার্য্য সাধন। পূর্ব্বমত আছে হেন বিধি নির্বহন্তন। ফল পায় যেবা রাথে বিধাতাতে মন। জীবনের উপায় করিবে সর্ববন্তন॥

বৃদ্ধিতে পাশুব যদি গুপ্তবাদে তরে। অনর্থ করিবে আসি মহাক্রোর ভরে॥ ইস্ত্রক্তা পরাক্রম এক একজন। ু **কাহা**র হইবে শক্তি করিতে বারণ॥ তুমি আমি মাতৃল ত্রিগর্ত্ত হুংশাসন। মহাশ্রম করিলে না পারি কদাচন॥ মন্ত্রণা করিয়। যদি সংহারিতে পারি। অনায়াদে উদ্বেগ সাগর হৈতে তরি॥ স্বযুক্তি ইহার এই লয় মম মন। আনিব ক্রপদ স্থতা করিয়া হরণ॥ ক্রপদর্মন্দিনী হয় পাগুবের প্রাণ। অশেষ সঙ্কটে নিত্য করে পরিত্রাণ॥ সে কারণে কহি আমি এ সব সম্মত। গুপ্তবেশে তথায় যাউক জয়দ্রথ। বৃদ্ধিবলৈ বিশারদ তারে ভাল জানি। প্রকার করিয়া যেন হরে যাজ্ঞসেনী ॥ नुकाइया त्राथित त्योशमी ख्रुष्टात । খুঁজিয়া পাণ্ডব যেন না পায় সন্ধানে॥ কৃষ্ণার বিচেছদে ভবে পাইবেক শোক। এইরূপে পঞ্চ ভাই হইবে বিয়োগ 🛭 নিষ্ণন্টক হবে রাজ্য ঘূচিবে জঞ্জাল। নির্বিরোধে রাজ্যভোগ করি চিরকাল॥ তোমা সবাকার যদি হয় এ সম্মতি। তবে সে কর্ত্তব্য এই লয় মম মতি॥ এতেক কছিল যদি কৌরবপ্রধান। প্রশংসা করিল তবে মন্ত্রী জ্ঞানবান ॥ পন্য ধন্য মহাশয় মন্ত্রণা তোমার। করিলে যে মন্ত্রণা এ সংসারের সার॥ অবশ্য কর্ত্তব্য এই সবাকার মত। গ্ৰপ্ৰবেশে তথায় যাউক জয়দ্ৰথ। চুক্টমতিগণ যদি এতেক কহিল। 🗢 নিয়া নৃপতি তবে আনন্দ হইল ॥ ত্তবে জয়দ্ৰথে আজ্ঞা দিল তুৰ্য্যোধন। হ্মতি শীব্র কাম্যবনে করহ গমন॥ সাবধান হইয়া রহিবে চূড়ানণি। वृक्षिवत्न इतिया श्रानित्व याळात्मनी ॥

এতেক কহিল যদি কৌরব-ঈশ্বর। কত**ক্ষণে জ**য়দ্রথ করিল উত্তর ॥ তোমার আজ্ঞাতে আমি বাই কাম্যবন কিন্তু পাণ্ডবেরে সবে জানহ কেমন ॥ ৰিতীয় শম্ম তুল্য একৈক পাণ্ডব। শতাংশে সমান তার নহি মোরা সব 🛭 বিশেষে আপনি মনে কর অবধান : একা পার্থ গন্ধর্ব-সমরে কৈল ত্রাণ ন জীয়ন্ত বাঘের চক্ষু আনে কোন জনে। কার শক্তি হিংসিবে দে পাণ্ডুপুত্রগণে : যদি বা তোমার বাক্য নাহি করি আন নিমিয়েকে রুকোদর বধিবেক প্রাণ বিশেষ জ্ঞাপদস্তভা লক্ষ্মী অবভার । মহাবল পঞ্জাই রক্ষক তাহার॥ ্র একান্ত থাকিবে যার জীবনের আশ **সে কেন করিবে হেন ছুরন্ত প্রত্যা**শা। জয়দ্রথ-মুখে তবে এই বাক্য শুনি। বিনয় পূৰ্ববিক তারে কহে নুপমণি 🖟 কহিলে যতেক তুমি আমি সব জানি। পাওবের সম্মুখে কে হরে বাজ্ঞসেনা। কি ছার কৌরব-দেনা কর্ণ গণি কিদে: অত্যে কি করিবে যারে দণ্ডপাণি ত্রাদে একা পার্থ জিনিলেক এ তিন ভুবন স্থ্যাস্থ্য নাগ নরে সম কোন্ জন ॥ অলক্ষিতে যাবে তথা কেহ না দেখিৰে। বুদ্ধিবলে যাজ্ঞদেনী হরিয়া আনিবে॥ সন্নিকটে সতত থাকিবে সর্ব্বজনে। অতি সঙ্গোপনে যেন কেহ নাহি জানে : স্নানদানে সবে যবে যাবে চারিভিত। সেইকালে তথায় হইবে উপনীত। হরিয়া ত্রুপদস্থতা প্রকার বিশেষে। যত্ন করি লুকাইবে অতি দূর দেশে॥ খুঁজিয়া পাণ্ডব যেন উদ্দেশ না পায়: তার শোকে পাণ্ডব সরিবে নিশ্চয় । স্থসিদ্ধ হইবে তবে মনের অভাষ্ট। সিঃসঙ্কটে রাজ্যভোগ করিব যথে**ন্ট** ॥

্তাম। বিনা অন্য জন ইথে নহে শক্য। _{সহায়} স**পদ তুমি, ছুমি দে স**পক্ষ॥ চিন্তায় কিছুই আর নাহি প্রয়োজন। মন্ত্রী কিনিলে তুমি রাজা তুর্য্যোধন ॥ পুনঃ পুনঃ কহে রাজা গদ্গদভাষ। ক্ষদ্ৰথ কহে শুনি বচন প্ৰকাশ। কি কারণে এত <mark>কথা বল নরপতি।</mark> _{শবশ্য} পালিব যে তোমার অনুমতি॥ এই আমি চলিলাম কাম্যক কানন। প্রাণপণে সাধিব তোমার প্রয়োজন ॥ এত শুনি তুট হৈল প্রধান কৌরব। স্জাইয়া দিল রথ করিয়া গৌরব ॥ দবারে সম্ভাধি বীর চড়ে গিয়া রথে। গুলাইয়া দি**ল কাম্যকাননের পথে॥** গাইতে যাইতে রথে করিল বিচার। রজার সাহসে আমি কৈন্তু অঙ্গীকার॥ প্রভিলে ভামের হাতে না হবে নিস্তার। ঈশর করেন যদি **হবে প্র**তীকার॥ এইরূপে জয়দ্রথ চিন্তাকুল মনে। উপনীত হেল গিয়া মহাঘোর বনে॥ ছনিকে কানন শোভা মধ্য দিয়া পথ। নানা বৰ্ণ **স্থবাসিত পুষ্প কত শত**॥ বিবিধ কুস্তুমে দেখ শোভিয়াছে বন। মকরল পান করে হংখে অলিগণ॥ বিবিধ অনেক শোভা দেখিয়া কাননে। কামাবন নিকটে আইল কতদিনে॥ ৰন্দ্ৰ কাৰৰ হেন দেখি কাম্যবন। িনক আশ্রেম তথা দেখে মুনিগণ ॥ ^{হানে} স্থানে দেখিলেন দেবের আশ্রম। ^{্হ্}বিধ বি**হঙ্গম করে নানা ক্রম ॥** ^{২ইন} কৌ**তুক মনে কারতে ভ্রমণ**। ^টর্তুরিল কভক্ষণে যথা পঞ্জন॥ ाशत निकटं नुकारंस सम्बद्ध । ্ডিজ চাহি থাকে বার নিরাখয়া পথ।। ^{শম্ন স্মান জানি ভাস ধ্ন**ঞ্**ধ।} নকটে যাইতে নারে পরাণের ভর 🛭

ি হেনমতে তথা রহে করিয়া গোপন। একদিন শুন রাজা দৈবের ঘটন॥

দ্রৌপদীহরণ ও ভীমহত্তে জয়ত্রথের জলমনে।

শুন জন্মেজয় রাজা দৈবের ঘটন। জয়দ্রথ গোপনে রহিল কাম্যবন। উঠিয়া প্রভাতকালে ভাই তুইজন। রাজার নিকটে রাখি মাক্রীর নন্দন।। মুগয়া করিতে যায় ভাম ধনপ্রয় স্নান হেতু যান ক্রমে বিপ্র সমুদয়। পরে চলিলেন স্নানে ভাই তিনজন : বসিয়া ডৌপদী একা করেন রন্ধন।। জয়দ্রেথ দেখিলেন শুন্য যে মন্দির। জানিয়া সময় তথা গেল মহাবার ॥ কুঁড়ের ছুয়ারে গিয়া রাখিলেক রথ। যাজ্ঞসেনী দেখিলেন আসে জয়দ্রশ্ব ॥ রথ হ'তে ভূমিতে নামিল মহাবার। কুটুম্ব জানিয়া কৃষ্ণা হইল বাহির॥ মনেতে জানিল এই অপূর্বব অভিথি পূজা হেতু চিন্তা তার করে গুণবতী॥ শূন্যালয় মন্দির, নাছিল কোন জন। আপনি আনিয়া দিল দিব্য কুশাসন।। পাদ প্রকালন হেতু আনি দিল জল। জিজ্ঞাস। করিল কহ ঘরের কুশল।। कार्था देश्ट बाहेरन याहेरन कीन् (मर्भ। এ বনে আছলে কোন্ প্রয়োজন বশে ॥ জয়দ্ৰথ বলিল নাহিক কোন কায। ভেটিবারে আসিলাম ধর্ম মহারাজ ॥ একমাত্র দেখি তুমি করিছ রন্ধন। কহ দেখি কোথা গেল ধ্রের নদ্র ॥ কোন্ কংখ্য হেতু গেল ভাষ বন্ধ্য । ব্ৰা**ন্যণ**মণ্ডলা কোথা মাদ্ৰোৱ ভনয়॥ কুষণ বলে স্নানে গেল ভ্রাগ্রণ-সমাজ। সহদেব নকুল সহিত ধর্মরাজ॥ ভামাৰ্চ্ছ্ৰ বনে গেল মুগয়া কারণ। মুহূর্ত্তেকে এখনি আসিবে সর্বাঞ্চন ॥

দ্রোপদীর মুখে শুনি এ সব বচন। তুষ্ট জয়দ্রথের চঞ্চল হৈল মন। চতুৰ্দ্ধিকে চাহে কেছ নাছিক কোথায়। চঞ্চল হইয়া বার ঘন ঘন চায়। নিকটে আছিল কুষ্ণ। তুলি নিল রথে। শীদ্রগতি চালাইল হস্তিনার পথে। ক্রমণ বলে তুফ্ট কম্ম কর কুলাঙ্গার। বুঝিলাম কাল পুণ*হইল তোমার॥ বড় বংশে জন্মিয়া করহ নীচ কর্মা। মুহূর্ত্তে এখনি তার ফলিবেক ধর্ম ॥ বাবৎ পুরুষ সিংহ ভাম নাহি দেখে। প্রাণ ল'য়ে বাও শীগ্র চাড়িয়া আমাকে। আরে চুন্ট কি হেতু হইল মতিচ্ছন। নিশ্চর ভোষার কাল হইল সম্পূর্ণ॥ আরে অন্ধ ভাল মন্দ জানহ দকল। (হন কথা কর যাতে ক রে স্ফল।। পরপক্ষ জনে গদি আদি করে রণ। দাহাব্য করিয়া তাকে রাথে বন্ধাগণ।। তোর ক্রিয়া শুনি লোক কর্ণে দেয় কর! হেন গুরাচার তুই অবম পানর। হেনমতে অনেক কহিল যাজ্ঞদেনী। চোরা নাহি শুনে কভু ধর্মের কাহিনী। ভান মন্দ জয়দ্রথ কিছু নাহি কহে। চালাইয়া দিল রথ তিলেক না রছে।। নোপদা দেখিল তবে পড়িম্ব বিপাকে ৷ গোবিন্দ গোবিন্দ বলি পরিত্রাই ডাকে॥ কি জানি কুফের পায় কৈন্তু অপরাধ। দে কারণে হৈল মম এতেও প্রমাদ॥ কোথা গেল মহারাজ ধর্ম-অধিকারী। কোথা গেল মাদ্রীপুত্র বিক্রম কেশরী॥ ভুবনবিজয়ী কোথা পার্থ মহামতি। তোগার রক্ষিত জনে হৈল হেন গতি॥ পরিত্রাহি ডাকে কোথা ভীম মহাবল। তুষ্টজনে আসি দেহ সমুচিত ফল।। তোমরা যে পঞ্চ ভাই রহিলে কোথায়। জয়দ্রথ মন্দমতি বলে ল'য়ে যায় ॥

শূন্যালয়ে আছি হুফ জানিয়া ধরিল। সিংহের বনিতা নিতে শুগালে ইচ্ছিল। সকল লোকের সাক্ষী দেব বিকর্ত্তন। আজন্ম জানহ তুমি সবাকার মন ॥ কায়মনোবাক্যে যদি আমি হই সভা : ইহার উচিত ফল পাউক তুর্মতি॥ এইমত যাজ্ঞদেনী পাড়িছে দোহাই। হেনকালে আশ্রেমে আইল তিন ভাই 🖟 শৃন্যালয় দেখিয়া মনেতে হৈল স্তব্ধ 🗵 শুনিলেক দ্রোপদীর ক্রন্দনের শব্দ॥ ব্যগ্র হ'য়ে তিন ভাই ধনু ল'য়ে হাতে শব্দ অনুসারে ধায় শীদ্র সেই পথে॥ চিন্তাকুল ধায় সবে না দেখেন পথ : দূর হৈতে দেখিল পলায় জয়দ্রথ ॥ ভয় নাই বলিয়া ডাকয়ে তিনজন। হেনকালে দেখ তথা দৈবের ঘটন ॥ মুগ্রা করিয়া আইদে ভাহ তুহজন সেই পথে জয়দ্রথ করিছে গমন। দুর হৈতে শুনিলেন ক্রন্সনের রোল : উদ্ধার করহ ভাম শব্দ এই বোল।। অৰ্জ্জনে কহেন ভাস শুনি বিপরীত ! হেথা যাজ্ঞদেনী কেন ডাকে আচাষ্টি কি হেতু আইলা কুফা নিৰ্জ্জন কাননে না জানি হিংসিল আসি কোন্ হুন্টগণে কিন্দা কেবা বিরোধিল ধক্ষের তনয়। আকুল আমার মন গণিয়া প্রলয়॥ ভীম বলিলেন কথা নাহি লয় মনে। কে ঘাইতে ইচ্ছা করে শমন-সদনে॥ চল শীঘ্র ভাল নহে এ সব কারণ। সমুচিত ফল দিব জানি নিরূপণ ॥ এত বলি তুই বীর যান বায়ুপ্রায়। শব্দ অনুসারে যান দ্রৌপদীর রায়॥ হেনকালে দেখিলেন দূরে এক রথ। ধ্বজা দেখি জানিলেক যায় জয়দ্রথ। তবে পার্থ মহারথ করেন স্মরণ। িচিন্তামাত্রে রথবর আইল তখন॥

বনপর্কা।

অনুরোহণ করিলেন অতি হৃষ্টমতি। চাল্টিয়া দেন রথ প্রনের গতি॥ ্দ্রিল নিকট হৈল অর্জ্জনের রথ। প্রোণ্ডরে পলাইয়া যায় জয়দ্রুথ।। 👯 হৈতে লক্ষ দিয়া পড়ে ভূমিতলে। ভারিক ধাইল বীর প্রাণের বিকলে॥ _{েখিয়ে} ভীমের মনে হইল সন্তাপ। 👯 হৈতে ভূমিতলে পড়ে দিয়া লাফ 🛭 ভাষিক ধাইল **তুষ্ট অতি চিন্তাকুলে।** _{চক্ষর} মিমিষে ভীম ধ**রিলেক চুলে॥** ্যারন্তি কৃষিয়া যেন ধরে ফুদ্রু পশু। হৃষিত থগেন্দ্রমূথে যেন সর্পশিশু॥ কহিল কুফ**ারে তবে আখাদ বচন।** হির হও যাজ্ঞদেনী ত্যুক্ত হুঃখমন॥ ়ামত তোমারে তুঃখ দিল হুস্টমতি। ্রাহার উচিত ফল মুখে মার লাথি॥ ্রে কৃষ্ণা আ**পনার মনের কৌতুকে।** িতনধার পদাঘাত করে তার মুখে॥ জ্যদ্রথে কহিলেন ভীম মহাবল। সংগ্র ভুঞ্জিতে হয় স্বকর্মের ফল॥ গারে হুন্ট থাকে যার জীবনের আশা। ^{্ল} কেন করিবে হেন তুর**ন্ত** ভর**সা॥** এই নূখে কৃষণ হরি দিয়াছিলি রড়। এত বলি গণিয়। মারিল দশ চড়॥ ব্যুবৃষ্টি ঝাইয়া ভী**মের করাঘাত**। ক্রনে কম্পয়ে যেন কদলীর পাত।। ^{্হ্যমতে} রুকোদর মারিল প্রচুর্। 💯 ধরি টানিয়া লইল কতদূর॥ হনেক নিন্দিয়া তারে গভার গর্জনে। ু^{মর}পি টানিয়া আনিল কত**ক্ষণে ৷** ্তুকেশ নম্টবেশ বহে রক্তধার। িপের হইয়া কান্দে না পায় নিস্তার॥ ^{বূলে ধরি} **ভূমেতে ঘধিল তার মুখ।** ^{দেখিয়া} জৌপদী দেবী পরম কৌতুক॥ খুনঃ পুনঃ প্রহার করয়ে বুংকাদর। গ্রাণমাত্র **অবংশষ রহে কলেবর॥**

মূর্চ্ছাগত হইয়া পড়িল অচেতন। হেনকালে উপনীত ধর্মের নন্দন॥ দেখিয়া তাহার হ্রঃথ হ্রঃখিত হৃদয়। রক্ষা হেতু বিচারিয়া ধর্মের তনয়॥ কহিলেন শুন ভীম করিলে কি.কর্ম। বিশেষে ভগিনীপতি মারিলে অধর্ম॥ পাইলেক ভাল হুফ্ট সমুচিত ফল। দোষমত ফলদও হইল সকল॥ কিন্তু বধ্য নছে, রাথ ইহার জীবন। ভগিনী করিয়া রাড়ি নাহি প্রয়োজন ॥ ভগিনী ভাগিনী দোঁহে হইবে জনাথ। কান্দিবে সকলে বিশেষতঃ জ্যেষ্ঠতাত॥ সে কারণে কহি ভাই শুনহ বচন। ছাড়হ লইয়া যাক নিল জ্জ জীবন॥ রাজ-আজ্ঞা লঙ্গিতে না পারি রুকোদর। জয়দ্রথে এড়ি বীর হইল অন্তর॥ নিঃশব্দে রহিল বার হ'য়ে নত্রশির। ভং সিয়া কহেন তারে রাজ। যুধিষ্ঠির॥ কে দিল কুবুদ্ধি তোরে করিয়া কপটে। কি হেতু মরিতে এলি এমন সঙ্কটে॥ ক্ষণেকে না হৈত যদি মম আগমন। এতকণ যাইতিদ শমন-দদন 🛭 পলাইয়া ল'য়ে য়ায়ে নিলভিড ভীবন। কুবুদ্ধি দিলেক তোৱে গেই হৃণ্টজন। **সেই সব জনে গিয়**াকহিবি স্কল্ড কাত দিনান্তরে হবে দে সবার জলা॥ আমারে দিলেক যত হুগে হার এই। এইমত স্বজন হইবেক নদ্ট॥ এত বলি আশ্রমে চলিল ছয় জনে। চুন্ট জয়দ্রথ ভবে বিচর্গরল মনে ॥

ক্ষমন্ত্রের কি প্রাধন্যে মানা ।

ক্ষান্ত হইলেন যদি ৬ ই পঞ্জনে। তুষ্ট জয়দ্রথ তবে ভাবে মনে মনে॥ পাঠাইয়া দিল মোরে কৌরবপ্রধান। তার কার্য্য করিতে বিধাতা হৈল আন 🛚

কোন লাজে তারে গিয়া দেখাইব মুখ। উপায় চিন্তিব যাহে খণ্ডিবেক হুঃখ ॥ যত কফ দিল মোরে পাণ্ডব ছুরন্ত। তা সবা জিনিলে মম ছুঃখ হবে অন্ত॥ ইন্দ্রকা পুরাক্রম পাণ্ডব্ সকল। কেমনে হইব শক্য আমি হীনবল। তপস্থার বলেতে পাগুব বলবান। আমার তপস্থা বিনা গতি নাহি আন। কঠোর তপস্থা করি শুদ্ধ কলেবর। তপেতে করিব তুফী দেব মহেশর॥ প্রদন্ন হইবে যবে ত্রিদশের নাথ। পাণ্ডব জিনিতে বর মাগিব পশ্চাৎ॥ এত বলি হিমালয় পর্বতে সে গেল। - শুচি হৈয়া মন আত্মা সংঘত করিল॥ নিয়ম করিয়া নিত্য করে নানা ক্লেশ। তপ আরম্ভিল করি হরের উদ্দেশ॥ কতদিন বঞ্চিল খাইয়া ফুল ফল। অতঃপর আহার করিল মাত্র জল॥ গ্রীম্মকালে চতুর্দ্দিকে জ্বালিয়া আগুনি। বিদিয়া তাহার মাঝে দিবস রজনী ॥ চারি মাদ বরিষা বদিয়া রক্ষতলে। মাথাতে পাতিয়া ধরে বরিষার জলে॥ শীতেতে শীতল যথা স্থশীতল নীর। তাহাতে নিময় হৈয়া রহে মহাবীর॥ তপস্থায় বংসরেক করি মহাক্রেশ। কঠোর তপেতে বশ হৈলেন মহেশ। দেখিয়া একান্ত ভক্তি দেব মহেশ্বর। মায়াদেহ ধরিয়া ব্রাহ্মণ-কলেবর ॥ যথা জয়দ্রথ আছে হিমালয় গিরি। তাহার নিকটে চলিলেন ত্রিপুরারী॥ সমাধি করিয়া রাজা আছুয়ে মননে। নিম্য করিয়া চিত্ত হরের চরণে। হেনকালে ডাকিয়া বলেন মহেশ্বর। তপস্থা ত্যজহ রাজা মাগ ইফ্ট বর ॥ এত শুনি জয়দ্রথ উঠিল কৌতুকে। অপূর্ব্ব ব্রাহ্মণমূত্তি দেখিল সম্মুখে ॥

তব ভট নিকটে যশ্ব নিবাস:।

বিশ্মিত হইয়া কহে তুমি কোন্জন। মহেশ কহেন আমি দেব পঞ্চানন ॥ রাজা বলে তুমি যদি দেব বিশ্বনাথ। তোমার যে নিজমুত্তি ভুবনে বিখ্যাত। কুপা করি সেই রূপ করহ প্রকাশ। ভবে সে আমার মনে হইবে বিখাস 🛭 ভক্ত জানি নিজ রূপ ধরিলেন হর। রক্ষত পর্ববত জিনি দীপ্ত কলেবর॥ কটিতটে ফণীব্ৰ আটনি বাঘছাল : শিরে জটা বিস্তৃতি ভূষণ অঙ্গভাল ॥ নাগযোগ্য উপবীত গলে হাড় মাল। স্থচারু চন্দ্রের কলা শোভিয়াছে ভাল। বাম করে শোভে শৃঙ্গ দক্ষিণে ভমরু; দেথিয়া এমত রূপ বাঞ্চাকল্পতরু॥ আপনারে কুতকুত্য মানে মহাবল। দত্তবং হ'য়ে তবে পড়ে ভূমিতল 🛚 অফ্টাঙ্গ লোটায় ধরি অভয় চর্ণ ! ভক্তিভাবে বহুবিধ করিল স্তবন ॥ অনাথের নাথ তুমি কুপার নিদান। কুপা করি নিজগুণে কর পরিত্রাণ।। **মহেশ কহেন** রাজা মাগ ইফ্টবর। শুনি জয়দ্রথ কহে যুড়ি তুই কর॥ আমারে অনাথ দেখি কুপা কর য'ল : জিনিব পাণ্ডবে আজা কর রূপানিবি । ধুৰ্জ্জটী বলেন তবে শুন মহামতি। এই বর দিতে নাহি আমার শকতি 🗆 পুনর্বার জ্য়দ্রথ আরম্ভিল তপঃ পাণ্ডবের পরাভব অন্তরেতে জপ উদ্ধিমুখে অধোমুখে করি অনাহার 🛭 হেনমতে বৎদরেক গেল পুনর্বার ঃ জানিয়া একান্তে তবে নৃপ ভাব ভাইল : হরের রহিতে আর না রহিল শক্তি। যথায় নৃপতি বদি করে তপক্লেশ। সন্নিকটে পুনরপি আসিলা মহেশ। **রাজারে কহেন** তপ কর কি কারণ। চতুৰ্বৰ্গ চাহ যাহে লয় তৰ মন॥

_{রাজ্য} অর্থ বিদ্যা কিম্বা **গস্ত**তি বৈভব। নাহা চাহ তাহা লহ কি আছে হুৰ্ল ভ ॥ ইহা কহিলেন যদি করুণার নিধি। _{ছয়দ্রথ} নৃপতিরে বিড়**ম্বিল** বিধি॥ পুনরপি কহে ছুফ্ট জিনিব পাণ্ডব। _{দেহ} মোরে এই বর ওহে মহাভব॥ ক্ষনিয়া কছেন শিব শুনহ পামর। পৃথিবীতে কত **শত আছে ইফটবর**॥ হা ছাডি ইচ্ছা কর পরের হিংসন। বিশেষ পাণ্ডৰ তাহে নহে অন্যজন॥ বিশ্য অৰ্জ্জুন নামে তাহে একজন। তাহার মহিমা বল জানে কোন্ জন। প্রম পুরুষ সেই ব্র**ক্ষ সনাতন।** তুই দেহ ধরিলা আপনি নারায়ণ॥ বিশেষ হরিতে **পৃথিব**ীর মহাভার। নর-নারায়ণরূপে পূর্ণ অবতার॥ নররূপ বীর পার্থ কুন্তীর নন্দন। যুদ্ধকলে গোবিন্দ আপনি নারায়ণ॥ মহামদে অন্ধমতি না জান কারণ ৷ . ইহাকে জিনিতে ক্ষম নাহি কোনু জন।। হইবে গোবিন্দ যবে অর্জ্জনের পক্ষ। বরে কিনে গণি,-আমি না হইব শক্য॥ তবে বদি একান্ত হইল তব মন। বিনা পার্থ সমরে জিনিবে চারিজন॥ রাজা বলে কিবা আজ্ঞা কৈলে দেবরাজ। বিনা পার্থ সমর জিনিয়া কিবা কাজ॥ একান্ত যত্তপি কুপা আছুয়ে আমার। মাজ। কর সহিত জিনিব ধনঞ্জয়॥ তবে মম জাবন সফল পূর্ণ আশ। এত শুনি কহিলেন পুনঃ কৃত্তিবাস॥ ^{বড় ব}েশ **জন্ম তোর হীন বুদ্ধি ন**য়। কি কারণে কর রাজা অসৎ আশ্রয়॥ ^{হার্ড}র অজেয় জান এ তিন ভুবনে। স্রান্তর নাগ আদি আমা আদি জনে॥ শ্রামার একান্ত ভক্ত পার্থ আদি বীর। ^{অভেদ} অর্জ্ব আমি একই শরীর॥

বিশেষ আমার মিত্র প্রধান যাদব। তাহার প্রধান সথ্য তৃতীয় পাগুব॥ আর ইন্দ্রদেব হৈতে লভিয়াছে জন্ম। ত্রিভুবনে স্থবিখ্যাত অর্জ্জনের কর্ম। অভিমন্যু-পুত্র তার বড় বলবান। কুষ্ণের ভাগিনা প্রিয় প্রাণের সমান॥ জিনিবা সমরে তারে দিলাম এ বর। বিমুখ করিবে আর চারি সহোদর॥ আত্ম হৈতে পুত্র হয় শাস্ত্রে হেন কয়। অভিমন্ত্যু বধিলে মরিবে ধনঞ্জয়॥ আর দেখ অবধ্য পাগুব পঞ্জন। অস্ত্রাঘাতে কদাচিত নহিবে মরণ॥ কি কর্ম করিবে তবে করিয়া বিনুখ। চিরকাল পুত্রশোকে পাইবেক ছুঞ্ছ। এত শুনি সন্তুষ্ট হইল নরপতি। চরণে ধরিয়া বহু করিল প্রণতি॥ কৈলাদ শিখরেতে গেলেন মহেশ্বর। জয়ন্ত্রথ যায় তবে হন্তিনানগর॥ মহাভারতের কথা অমূত-লহরী। কাশীরাম দাস কহে পিয়ে কর্ণ ভরি।

হতিনার জয়দ্রথের সাগমন।

হেথায় কোরবপতি চিন্তাকুল হৈরা।

চিন্তে অনুতাপ দদা মন্ত্রিগণ লৈয়া॥
রাজা বলে কহ মোরে যত মন্ত্রিগণ।
জয়দ্রর রাজার বিলম্ব কি কারণ॥
কেহ বলে জয়দ্রথ গেল বহুদিন।
কি কর্ম্মে হইবে শক্য বল-বৃদ্ধিহীন॥
কেহ বলে পাণ্ডব দেখিল জয়দ্রথ।
নিশ্চয় ত্যজিল প্রাণ ভাম-বজাঘাতে॥
এই মতে চিন্তঃকুল আছে নরপতি।
হেনকালে জয়দ্রথ আইল দুর্ম্মতি॥
নির্থিয়া ভূপতির আনন্দ প্রস্র।
দভাশুদ্ধ নরপতি গেল কত্যুর।
চিরদিনে পাইয়া বাদ্ধব দরশন।
পরস্পার আনন্দে করিল আলিক্সন॥

হবে তুর্য্যোধন রাজা আনন্দিত মনে। হাতে ধরি বসাইল নিজ সিংহাসনে॥ বসিয়া কৌতুকে দোঁছে কথোপকথন। রাজা বলে এতেক বিলম্ব কি কারণ॥ নিবেদিল জয়দ্রথ ত্রঃধ আপনার। পূর্ব্বাপর অবধি যতেক দমাচার॥ শুনি জয়দ্রথ মূথে সর্ব্ব বিবরণ। হরিষ বিষাদ মনে রহে ছর্য্যোধন ॥ তুর্য্যোধন বলে আমি চিস্তা করি মিছা। হইবে অবশ্য যাহা ঈশ্বরের ইচ্ছা॥ অকারণে চিন্তা করি নাই প্রয়োজন। বিধির নির্ববন্ধ হয় যখন যেমন ॥ সভা ভাঙ্গি স্বস্থানে চলিল সর্ববজন। তুঃখমনে নিজগৃহে গেল তুর্য্যোধন॥ মহাভারতের কথা অমৃত-দমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

পাগুবের নিকট মার্কণ্ডের মুনির স্থাগমন। জদ্মেজয় বলিলেন কহ অতঃপর। কোন্ কর্মা করিলেক পঞ্চ সংহাদর॥ মুনি বলে শুন পরীক্ষিতের নন্দন। আশ্রমেতে আদিলেন ভাই পঞ্জন॥ সমাপ্ত করিয়া কর্ম্ম নিত্য নিয়মিত। ভোজনান্তে বদিলেন দকলে তুঃখিত॥ হেনকালে দেখ তথা দৈবের ঘটন। মার্কণ্ডেয় মুনি করিলেন আগমন॥ অগ্রদরি কতদূরে গিয়া পঞ্চনে। প্রণিপাত করিলেন মুনির চরণে ॥ আশীর্কাদ করিলেন মার্কণ্ডেয় মুনি। আরু দবে প্রণমিল লোটায়ে ধরণী॥ সেইমত সম্ভাষেণ ব্রাহ্মণমণ্ডলী। বৃদ্ধইয়া মুনিরাজে মহাকুতৃহলী ॥ আপনি করেন ধৌত মুনির চরণ। স্থগন্ধি চন্দন আনি ধর্ম্মের নন্দন॥ যুধিষ্ঠির বলিলেন করি নিবেদন। কহ শুনি এ স্থানে কি জন্ম আগমন॥ মুনি বলিলেন ইচ্ছা তোমা দরশনে। এই হেতু মম আগমন কাম্যক বনে॥ ধর্ম্ম বলিলেন ভাগ্য ছিল যে আমার। সেই হেতু আপনি হইলা অগ্রসর॥ এইরূপে নানাবিধ কথোপকখনে। বসিলেন আনন্দে সকলে যোগ্যস্থানে॥ মহা অভিমান মনে রাজা যুধিষ্ঠির। বিরস-বদনে বদিলেন নম্রশির॥ দেখিয়া মুনির মনে জন্মিল বিশ্বয়। সম্রমে জিজ্ঞাদে কহে ধর্মের তনয়॥ অভিপ্রায় বুঝি তব চিত্ত উচাটন। মলিন বদন দেখি নিরানন্দ মন॥ বহু চুঃখ পাইয়াছ অল্ল আছে শেষ। অতঃপর অচিরে পাইবে রাজ্যদেশ॥ কত কত তুঃখ সহিয়াছ নিজ অঙ্গে। তথাচ থাকিতে নানা কথার প্রদঙ্গে॥ পাপরূপ চিন্তা হয়, বহু দোষ ধরে। স্থবৃদ্ধি পণ্ডিত জনে, মতি লোপ করে। বহু ছুঃখে চিন্তা নাহি কর সে কারণে। তাহা বুঝাইব কত তোমা হেন জনে। চিরদিনে আইন্থ তোমার দরশনে। ত্বঃখিত দেখিয়া অতি ত্বঃখ হয় মনে॥ রাজা বলিলেন কিবা কহ মুনিবর। আমা সম হুঃখী নাহি ত্রৈলোক্য ভিতর॥ না হইল না হইবে আমার সমান। উত্তম মধ্যমাধম দেখহ প্রমাণ । বড় বংশে জুন্মিলাম পূর্ববভাগ্যফলে। পিতৃহীনে বিধি হুঃখ দিল অল্পকালে ॥ পরামে বঞ্চিমু কাল পরের আলয়। না জানিমু হুঃখ অতি অজ্ঞান সময়॥ ছল করি যে কর্ম করিল তুষ্টগণে। পাইসু যতেক হুঃখ জানহ আপনে॥ সে তুঃখ ভুঞ্জিয়া যদি তুলিলাম মাথা। এমন সংযোগ আনি করিল বিধাতা॥ ছলেতে লইল তুফ রাজ্য-অধিকার। আমার নিযুক্ত হৈল রুক্ষতলা দার ॥

ভে। ভুবনেশ্বরি পুণ্যে ধত্যে।

াজপুল হতভাগা মোরা পঞ্চলনে। _{টুরকা}ল হুঃথেতে আজন্ম গেল বনে॥ গ্রামা স্বাকার হুঃখ নাহি করি মনে। <u>=िंग्रव कर्त्यात्र घरल विश्वित्र घटेन ॥</u> রাজপুরী হয়ে কৃষ্ণা দমান ছঃখিতা। _{চহারণ্যে} ভ্রমে যেন সামান্য বনিতা॥ _{মারী} মধ্যে এমন নাহিক স্থলিক্ষিতা। _{মানস্থা} শিল্পকর্মা করণে দীক্ষিতা॥ প্ৰ ৰূপ তেন গুণ একই সমান। হত্রার ক**ক্টেতে করিল পরিত্রাণ**॥ মিজ জ্বাৰ স্থানী নাহি **হই তপোধন**। দ্রোপনার তুঃখেতে কাতর অতি মন॥ বিশেষ অপূর্বব শুন আজিকার কথা। ণুক্তালয় দেখিয়া আইল জয়দ্রথা॥ রন্ধনে আছিল কৃষ্ণা দেখি শৃত্যঘরে। ছরিয়া লই**তেছিল হস্তিনানগরে ॥** দেহেতৃ ধাইন্য পথে পঞ্চ দহোদর। 5জুর নিমিষে তবে ধরি রুকোদর॥ ধরিয়া তাহার চুলে করিল লাঞ্চনা। পর্যণ রাখিল মাত্র শুনি মম মানা॥ কেবল তোমার মুনি চরণ-প্রদাদে। নিখিদেতে উদ্ধার করিন্তু অপ্রমাদে॥ ^{এইকণে} আ**শ্রমে আইনু পঞ্জনে।** নে কারণে ব'দে আছি নিরানন্দ মনে ॥ মুদ্র অসহা বজ্র নারীর হরণ। ট্যুর হইতে শ্রেষ্ঠ শতাংশে মরণ॥ ^{দাকি} যে পাই**নু ছঃখ নাহি পরিণাম।** াতিক না হবে তুঃখী আমার সমান॥ ^{পিষ্ঠি}র রাজার এতেক বাক্য **শুনি।** বিৰ্হাদিয়া তবে কহে মহামুনি॥ ^{ছিলে} গতেক কথা ধ**র্ম্মের** নন্দন। িংগ হেন বলিয়ানালয় মম মন॥ ি 🥫 ভোমার রাজা অরণ্য ভিতর। িদ্র চন্দ্র **ভূ**ল্য সঙ্গে চারি সহোদর॥ ^{বিশেষ} শংহতি যার যাজ্ঞদেনী নারী। ^{হিমা} কহিতে যার আমি নাহি পারি॥

এতেক ব্রাহ্মণ নিত্য করাও ভোজন। তুমি যদি বনবাদী গৃহী কোন জন॥ দয়া সত্য ক্ষমা শাস্তি নিত্য দান কৰ্ম। পুথিবী ভরিয়া-রাজা তোমার হুকর্ম। নিশ্চয় কহিন্তু এই মম লয় মন। বহুমতী-পতিযোগ্য ভূমি সে ভাজন॥ আর যে কহিলা তুমি তুফ্ট জয়দ্রথ। দ্রোপদী লইয়াছিল হন্তীনার পথ ॥ নারীতে এতেক কফ্ট কেহ নাহি পায়। কিন্তু ছঃখ নাহি মনে আমার তাহায়॥ পর নয় জয়দ্রথ বন্ধু যারে বলি। হস্তিনা আপন রাজ্য কুটুত্ব দকলি॥ সবে গিয়া উদ্ধারিল হস্তিমা না যায়। এ কোন কুন্ধার হুঃখ মম অভিপ্রায়॥ দ্রৌপদী হইতে শত গুণেতে ত্রঃখিতা। লক্ষ্মীরূপা জনক-নন্দিনী নাম সাভা ॥ অনাদি পুরুষ যাঁর পতি নারায়ণ। হরিয়া লইল তাঁরে লঙ্কার রাবণ ॥ দশমাস ছিল বন্দী অণোক-কাননে। নিত্য নিত্য প্রহার করিত চেড়ীগণে॥ তবৈ রাম মারিয়া রাক্ষদ ছুরাচার। মহাক্লেশে করিলেন দাঁতার উদ্ধার॥ দ্রৌপদী হইতে সাঁতা ছঃখিতা বিখ্যাত। যারে তারে জিজ্ঞাসহ কে না স্পাছে জ্ঞাত ॥ চতুর্দশ বংদর বনেতে মহাক্রেশে। জ্ঞটা বল্ক পরিধান তপদ্বীর বেশে॥ দশমাদ মহাকন্ট রামের বিচ্ছেদ। কি ছুঃথ কুষ্ণার রাজা কেন কর খেদ॥ মর্কেণ্ডেয় মুখে এত শুনিয়া বচন : জিজ্ঞাসা করেন তবে ধর্ম্মের নন্দন॥ নিবেদন করি মুনি কর অবধান। 🤏নিবারে ইচ্ছা বড় ইহার বিধান॥ জন্মিলেন কি হেতু মর্ত্তেতে নারাম্বণ। কিমতে তাঁহার দীতা হরিল রাবণ।। মহাভারতের কথা অমূত-দমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

জয় বিজয়ের অভিশাপ ও হিরণ্যক্ষ, হিরণ্যক্ষিপুর জন্ম এবং হিরণ্যাক্ষ বধ।

ইহা কহিলেন যদি ধর্ম্মের নন্দন। কুপাবশে কহিতে লাগিল ভপোধন॥ ্ভন যুধিষ্ঠির ধর্মাহৃত নৃপম্ণি। পূর্বের রন্তান্ত এই অপূর্ব্ব কাহিনী॥ যবে সত্যযুগ আসি করিল প্রবেশ। বৈকুপ্তে ছিলেন প্ৰভু দেব হুষীকেশ॥ দ্বার রক্ষা হেতু ছিল উভয় কিঙ্কর। জ্যেষ্ঠ জয়, বিজয় কনিষ্ঠ সহোদর॥ ব্রাক্ষণের দার রোধ নহে কদাচন। একদিন দেখ রাজা দৈবের ঘটন ॥ ব্রাহ্মণ যাইতেছিল কৃষ্ণ সম্ভাষণে। বেত্র দিয়া দ্বারেতে রাখিল চুইজনে॥ দোঁহাকার কর্ম্ম দেখি দ্বিজের সন্তাপ। পৃথিবীতে জন্ম দোঁহে দিল এই শাপ॥ বজ্রহুল্য ধিজবাক্য শুনি হুইজন। ত্যুংখিত চলিল যথা প্রভু নারায়ণ 🛭 কহিল শাপের কথা করিয়া বিশেষ। কহিলেন শুনি তবে দেব হৃষিকেশ॥ আমা হৈতে শতগুণে শ্রেষ্ঠ দ্বিজ্বর। হইল তাঁহার মুখে অলজ্যু উত্তর ॥· কাহার শক্তি তাহা করিতে হেলন। ক্ষিতিমধ্যে অবশ্য জন্মিবে তুইজন ॥ 😎নিয়া নিষ্ঠুর কথা ঈশ্বরের মুখে। জিজ্ঞাদা করিল দোঁহে অতিশয় ত্রুথে॥ ষ্মাজ্ঞা কর শীঘ্র পাই যাহাতে তোমার। কতকাল থাকিব ছাড়িয়া তব পায়॥ গোবিন্দ বলেন জন্ম লহ মর্ত্তালোকে। কহি এক উপযুক্ত উপায় দোঁহাকে ॥ মিত্রভাব আমাকে জানিবা তুমি যদি। জ্রমণ করিবে সপ্ত জনম অবধি॥ শক্রুরূপে হিংদা যদি করহ আমার। গর্ভের যন্ত্রণা মাত্র তিন জন্ম সার॥ চিন্তা না করিও কিছু আমার হিংদনে। আমিও জন্মিব গিয়া ভক্তের কারণে 🛚

যদি দোঁহে জনম লইবা বারে বারে । শাপান্ত করিব আমি তিন অবতারে॥ হেনকালে আশ্চর্য্য শুনহ আর কথা। দক্ষের নন্দিনী দিতি কশ্যপবনিতা। পুত্রকাম্য করি গেল স্বামীর গোচর। সায়ংসন্ধ্যা করিবারে যায় মুনিবর ॥ দিতি বলে পশ্চাৎ করিবা সন্ধ্যা তুমি। আজ্ঞা কর পুত্রকাম্যে আইলাম আমি॥ মুনি বলে হৈল এই রাক্ষদী সময়। ইথে পুত্ৰ জন্ম হ'লে কন্তু ভাল নয়॥ দিতি বলে মুনিরাজ নহিলে না হয়। মান্স কর্ছ পূর্ণ জন্মাও তন্য়॥ হেনমতে এ কথা কহেন যদি দিতি। পুত্রবর দিয়া মুনি কহে হুঃখমতি॥ মুনি বলে না শুনিবে আমার বচন। হইবে অবশ্য তব যুগল নন্দন॥ মহাবল পরাক্রম আমার ঔরদে। কিন্তু তারা চুন্ট হবে সময়ের দোনে॥ ধর্ম্মপথ-বিরোধী জিনিবে ত্রিভুবন। দেখিয়া দেবের ছঃখ প্রভু নারায়ণ॥ অবতরি নিজ হস্তে বধিবে দোঁধিকে। তুমিও পরম তুঃখ পাবে পুত্রশোকে॥ এতেক বলিলে মুনি ভবিষ্য উত্তর। নি**জান্তর** গেল দিতি তুঃথিত অন্তর॥ মুনির ঔরদে রাজা দিতির গর্ভেতে। জয়-বিজয়ের জন্ম হৈল হেনমতে॥ যথাকালে প্রদব হইক্স দাক্ষায়ণী। প্রত্যক্ষ হইল যত মুনির কাহিনী॥ জন্মকালৈ হইল তবে বিবিধ উৎপাত 🛚 ধরণী কাঁপিল শব্দে সহনে নির্ঘাত ॥ প্রাতঃকালে হৈতে যেন বাড়ে দিনকর। জন্মমাত্র হৈল মত্ত মহাবলধর ॥ হিরণ্যাক্ষ হিরণ্যকশিপু ছুইজন। ধর্ম্মপথ বিরোধিতে করিলেক মন ॥ যজ্ঞ নফ্ট করিয়া হিংসিল দেবগণে। ইন্দ্ৰপদ লইয়া বদিল দিংহাদনে॥

।কত্র হইয়া পরে যত দেবগণে। 🕯 জুংখ জানাইল বিধাতার স্থানে ॥ ্তি গুল পাইলা দেবের **হুংথ শুনি**। ার্থিনিয়া-গৃহে যাও বলে পদ্মযোনি॥ পূর্বর শুনহ তবে রাজ। যুধিষ্ঠির। হ তেওু দৈত্যপতি হইল অস্থির॥ _{রপ্রের} দকল **জিনিল ত্রিভুবনে**। _{নজন} নাহি, যুদ্ধ করে তার সনে ॥ 🏿 িনা রহিতে না পারে দৈত্যপতি। _{ইত্র} করে হী**নবলের সংহতি**॥ হাপরাক্রম ধায় গদা ল'য়ে হাতে। দ্ব্যোগে নারদ সহিত দেখা পথে॥ ্রিক্রি জিজ্ঞাসিল করিয়া বিনয়। ার সমে যুদ্ধ করি **কছ মহাশয়**॥ ilরদ বলেন **তবে সম যোদ্ধা হরি।** দত্য বলে তাহারে কোথায় চেফ্টা করি॥ ৯ খনি কোথায় পা**ইব দরশম**। হালর প্রদাদে **তবে স্থথে করি র**ণ॥ বৰ বলেন তব বিক্রম বিশাল। ^{ই ভয়ে} লুকাইয়া <mark>আছেন পাতাল।।</mark> রঃ বরাহমূত্তি **আছে তুঃখমনে।** 🋂 চল তথা যুদ্ধ কর ভাঁর স্থে॥ িছ দৈত্যের পতি বিক্রম বিশাল। নির জে নমস্কারি প্রবেশে পাতাল।। । ধত দেখিল পরিপূর্ণ সব জল। ^{পায়} বিষ্ণুর দেখা চিত্তে মহাবল॥ গ্রক্রাপে জলেতে গদার বাড়ি মারে। ^{ছ হরি} কোথা গেলে ভাকে উচ্চৈঃস্বরে॥ २०५७ कृषामिक् श्रष्ट् नातायः । ক্তির উদ্ধার হেতু দিলা দরশন॥ ^{ক্রে} ইইল, প্রথমে গালাগালি। ⁵⁵েত হইল যুদ্ধ **তুই মহাব**লী॥ ^{ধ্যে} লইয়া ছু**ন্ট দৈভ্যের প**রাণ। মরূপী বরাহ রহেন যথা স্থান॥ নক বিলম্ব দেখি যত পুরজন। ^{হিত} হইল সবে না বুঝে কা**স্**ণ॥

কনিষ্ঠ আছিল তার অমরের রিপু। সিংহাসনে মহারাজ হিরণ্যকশিপু॥ নারদে দেখিয়া দৈত্য আনন্দিত মনে। হাতে ধরি বসাইল রাজ সিংহাসনে॥ মুনিরাজে জিজাসিল ভাতার বারতা। নারদ কহিল রাজা শুন তার কথা॥ যুদ্ধ হৈতু তব ভ্ৰাতা ভ্ৰমি বহুকাল। যোদ্ধা না দেখিয়া পাছে প্রবেশে পাতাল। পূর্ব্বে ক্ষিতি উদ্ধার করিতে দেব হরি। দেবকার্য্য সাধিলা বরাহ রূপ ধরিনা দৈবযোগে তাঁহার সংহতি রস্যাতলে। দারুণ হইল যুদ্ধ ছুই মহাবলে। তাঁর ঠাই হিরণ্যাক্ষ হইল নিধন। এতদিন না জান এ.সব বিবরণ ॥ শুনিয়া দৈত্যের পতি পায় বড় শোক। কহিয়া নারদ চলিলেন ব্রহ্মলোক॥ দৈত্যপতি বলে মম খণ্ডিল বিস্ময়। বিষ্ণু যে আমার শত্রু জানিসু নিশ্চয়॥ তাহা বিনা হিংদা না করিব অন্যজনে। পাইব তাঁহার দেখা ধন্মের হিংসনে॥ **এতেঁ**ক বিচারি দৈত্য করি বড় ক্লোধ। যথা ধর্ম তথা যক্ত করমে বিরোধ।। স্বৰ্গ মৰ্ত্ত্য পাতালে স্বার হৈল ভয়। নিস্তেজ হইল সবে গণিয়া প্রালয়॥ কত দিনান্তরে রাজা শুন বিবরণ। প্রহলাদ নামেতে তার জিয়াল নন্দন॥

প্রহলাগ চরিত্র।

শুন মুখিটির রাজা অপুর্ব্ব কথন।
প্রাহ্বাদ নামেতে তার জন্মিল নন্দন॥
দিনে দিনে হৈল শিশু মহা জ্ঞানবান।
বৈষ্ণবৈতে নাহি কেহ তাহার দলান॥
নারায়ণ-প্রায়ণ শান্ত শুদ্ধনতি।
তাহার প্রশেতে প্রিত্র বস্তুমতী॥
পুত্রের চরিত্র দেখি তুঃখিত অন্তরে।
নিযুক্ত করিল গুরু পড়াইতে তারে॥

কেবল রাখিয়া মাত্র পুস্তকেতে দৃষ্টি। মনে মনে জপে নিজ নারায়ণ ইপ্তি॥ কার্য্য হেতু গুরু যবে যায় যথা তথা। তবে শিশুগণে কহে এই দব কথা।। শুন ভাই এই পাঠে কোনু প্রয়োজন ৷ জানহ পরম শক্র জাছয়ে শমন॥ তরিয়া যাইতে আর নাহিক উপায়। ক্বষ্ণ পদে রাখ চিত্ত কার' নাহি দায়॥ এমত প্রকারে নিত্য কহে শিশুগণে। আর দিন ঠার। সবে কহিল ব্রাক্ষণে॥ শুনিয়া শিষ্যের কথা গুরু ধায় বেগে। প্রহলাদ-চরিত্র কহে নুপতির আগে॥ বিপ্র বলে শুন রাজা হইল প্রমাদ। দকল করিল নক্ট তোমার প্রহলাদ॥ যতেক পড়াই আমি তাহে নাহি মন। অসুক্ষণ জপে বিষ্ণু রাম-নারায়ণ।। ক্লম্ভ বিনা ভাহার নাহিক মনোরথ। সকল বালকে লুওয়াইল সে পথ। এতেক বুতান্ত যদি ব্রাহ্মণ কহিল। ক্রোধভরে নুপতি পুজেরে ডাকাইল॥ জিজ্ঞাদিল কহ বাপু বিচার কেমন। আমার পরম শক্ত সেই নারায়ণ॥ কেবা দেই বিষ্ণু তার চিম্ভা কর রুথা। অধ্যাপক ত্রাক্ষণের নাহি শুন কথা।। শিশু বলে এই কথা পড়িলে কি হবে। অনিত্য সংসার পিত। কেমনে তরিবে॥ না জান পরম শক্ত আছে যে শমন। ইথে কে করিবে রক্ষা বিনা নারায়ণ ৷৷ অখিল সংসার মাঝে যত চরাচর। সেই নারায়ণ সর্বভূতের ঈশ্বর॥ এ তিন ভুবনে আছে তাঁহার নিয়ম। ভাঁহার আশ্রয় নিলে কি করিবে যম। আমার পরম বিহা দেই দেব হরি। ষার নামে অশেষ বিপদ হৈতে তরি॥ তাহা ছাড়ি অন্য পাঠ পড়ে যেইজন। অমৃত ছাড়িয়া করে গরল ভক্ষণ॥

শুনিয়া পুত্রের মুখে এতেক ভারতী। মহাক্রোধে কহিতে লাগিল দৈত্যপতি _॥ মম বংশে হৈল এই ছুফ্ট ছুরাশুয় 🛊 কাষ্ঠের ভিতরে যেন থাকে ধনপ্রয় 📲 জিমালে পোড়ায়ে কান্তে করে ছার্থার। তেমনি জন্মিল হুফ কুপুত্র আমার॥ আমার শক্রর গুণ গায় অবিরত। আত্মপক্ষ ত্যজিয়া পরের অনুগত॥ না রাখিহ এই শিশু মারহ এইকাল। বিলম্ব হইলে বহু বাড়িবে জঞ্জাল ॥ রাজার মুখেতে শুনি যত দৈত্যগণ। চতুর্দ্দিকে ধরি সবে ক**রে** প্রহরণ॥ একে একে করিল সকলে অস্ত্রাঘাত। কিছুতেই প্রহলাদের না হৈল নিপাত। বিশ্বায় মানিয়া পুত্রে ভাকে দৈত্যপতি। জিজ্ঞাসিল কেমনে পাইলে অব্যাহতি ৷ এখন করহ তারীগ শত্রুগণ কথা। নিজ শাস্ত্র অধ্যয়ন করহ সূর্ব্বথা ॥ প্রহলাদ কহিল মোরে রাখিলেন হরি: হরি স্থা থাকিতে কে হয় মম অরি॥ কত শিব কত ব্ৰহ্ম। কত দেবদেবী। না পায় ভাঁহার অন্ত বহুকাল সেবি॥ আমার পরমত্রক্ষ তাঁহার চরণ। অন্য পাঠ পঠনেতে নাহি প্রয়োজন ॥ **এত শুনি মহাক্রোধে দৈত্যের ঈশ**র। কহে শিশু মার আনি দন্তাল কুঞ্চর 🛭 প্রহলাদে বেড়িল আসি যতেক বারণা **আজ্ঞামা**ত্র ধরিল যতেক দৈত্যগণ ॥ অঙ্কুশ আঘাতে দন্ত দিল দন্তীগুলা। অঙ্গে ঠেকি ভাঙ্গে যেন স্তকোমল মূলা বিশায় মানিয়া রাজা জিজ্ঞাদে রুভান্ত কহ পুত্র কিমতে ভাঙ্গিলে গ্রহণন্ত।। শিশু বলে করীদন্ত বক্তের সমান। কেমনে ভাঙ্গিব আমি নহি বলবান ॥ একান্ত আছমে যার নারায়ণে মতি। তাহার করিতে মন্দ কাহার শকতি 🖟

শুনিয়া দৈভ্যের পতি অতি হুঃখমনে। দ্রাকিয়া আনিল যত অনুচরগণে॥ ্যইরূপে পার শীঘ্র মার এই পাপ। _{ইহার} জীবনে বড় পাইব সন্তাপ॥ इश् अनि यक रेनका श्रक्तारम सहैन। বিষম অনল জ্বালি তাহাতে ফেলিল। কুষ্ণ বলি অনলে পড়িবা মাত্র শিশু। गैउन इहेन विक् ना इहेन कि हू॥ ্দ্থিয়া যতেক দৈত্য হ্বঃথিত অন্তর। ্রকটে পর্বত ছিল অতি উচ্চতর 🖁 দ্বে মেলি তাহার উপরে শিশু তুলি। গ্রুবনীমণ্ডলে তারে ফেলাইল ঠেলি ॥ প্রেড় শিশু নারায়ণ চিন্তিয়া অন্তরে। বালক শুইল যেন তুলার উপরে॥ দেখিয়া দৈভ্যের পতি চিন্তাকুল মতে। নিকটে ডাকিয়া তবে যত মন্ত্রিগণে॥ সংহার করিতে শিশু দি**ল তার হাতে**। কতেক প্রহার করি নারিল বধিতে॥ তবে রাজা নিকটে ডাকিল মলগণে। ক্রীড়াযুদ্ধ আরম্ভিল বধিতে নন্দনে॥ প্রহলাদে মারিতে কৈল যক্ত আরম্ভন। তাহাতে হইল দগ্ধ সকল ব্ৰাহ্মণ ॥ তবে ত দেখিয়া শিশু দ্বিজের মরণ। পরিত্রাহি ডাকে রক্ষা কর নারায়ণ॥ এই ত ব্রা**ক্ষণ হয় তোমার শরী**র। ^ইধার মৃত্যুতে আমি হই**ন্থু অস্থি**র॥ তবে যদি ব্ৰাহ্মণ না হইবে সজীব। ম্বিতে প্রবেশ করি আমিও মরিব॥ এরপ **অনেক শিশু করিল স্তবন।** ভক্তত্বঃখ দেখি তবে দেব নারায়ণ॥ জায়াইয়া দিলেন দে সকল ব্ৰা**ন্স**ণে। দেখিয়া প্রহলাদ হৈল কুভূহলী মনে॥ লৈত্যপতি ৬ নিয়া সকল সমাচার। ^{না} জানিয়া মূঢ়মতি বলে পুনর্বার॥ ^{যাহ} সবে যত্নেতে আন**হ** কালসাপ। ^{দংশিয়া} মারুক আজি কুলাঙ্গার পাপ॥

রাজার আজ্ঞায় যায় যত দৈত্যগণ। ভুজঙ্গ আনিয়া দিল করিতে দংশন ॥ পরম বৈষ্ণব-তেজ শিশুর শরীরে। ভাহাতে দে দৰ বিষ কি করিতে পারে॥ তবে দৈত্য পাষাণ বাহ্মিয়া তার গলে। ক্রোধমনে ফেলাইল সমুদ্রের জলে॥ শিশুর সম্ভ্রম কিছু নহিল তাহায়। নিমগ্ন করিল চিত্ত গোবিন্দের পায়॥ ডাকিয়া বলিল শিশু রাথহ সঙ্কটে। তোমার কিঙ্কর মরে হুষ্টের কপটে॥ অবশ্য মরণ নাথ ছুঃথ নাহি তায়। দবে মাত্র ভব্জিতে নারিন্ম রাঙ্গা পায়॥ এরপ অনেক মতে করিল স্তবন। জানিয়া দেবক্-ছঃথ দেব নারায়ণ ॥ পাষাণ ভাদিল জলে কৃষ্ণের কৃপায়। বিষ্ণুভক্ত জনে আর নাহিক সংশয়॥ তাহা অবলম্ব করি আপনার হথে। কৃষ্ণ কৃষ্ণ জপে শিণ্ড পরম কৌভূকে॥ জানিয়া একান্ত ভক্ত দেব দামোদর। ভক্তের অধীন প্রস্থু আসিয়া সহর॥ কোলে করি আলিঙ্গন করেন তাহায়। পদাহস্ত বুলালেন প্রহলাদের গায় ॥ কহিলেন প্রহলাদ মাগহ ইফ্ট বর। শুনিয়া কহিল শিশু যুড়ি গুই কর॥ যাহারে এতেক দয়া আছয়ে তোনার। ব্রহ্মপদ তুচ্ছ তার বর কোন্ ছার॥ তবে যদি বর দিবা অথিলের পতি। কুপা করি কর মম পিতার সদগতি॥ শুনিয়া শিশুর মুখে এতেক বচন। তুষ্ট হৈছ। গোবিন্দ দিলেন আলিঙ্গন॥ উদ্ধার করিব আমি তোমার জনকে। নিজালয়ে গমন করহ তুমি হুথে॥ ত্রন্ট দৈত্যগণে তুমি না করিও ভয়। যথা তুমি তথা আমি জানিবে নিশ্চর ॥ এত বলি বৈকুঠে গেলেন দৈত্যরিপু। চর জানাইল যথা হিরণ্যকশিপু॥

ন রাজা তোমার পুত্রের সমাচার।
বিল পাষাণ জলে সহিত তাহার।
নিরা চরের মূখে এতেক বচন।
কেটে ভাকিয়া কৈতা আনেন নন্দন।
বিনাশ কালেতে বৃদ্ধি বিপরীত হয়।
কাণে আদেশিরা পুত্রকে আনার।

🎉 সুসিংহ অবতার ও হিন্নণাকশিপু নিধন। নিকটে আনিয়া রাজা আপন সন্ততি। খুর বচনে কহে প্রহলাদের প্রতি॥ াহ পুত্র বিশ্বর হইল মম মনে। াতেক বিপদে ভোঁরে রাথে কোন্ **জ**নে ॥ শৈশু বলে সর্ববৃত্বতে যেই নারায়ণ। াষ্কট হইতে ভক্তে তারে সেইকন। য়েন থাকিতে পিতা না হইও অন্ধ। ভামায় কহিছু ঘুচাইয়া মন ধন্ধ ॥ ।কাস্ত হইয়া ভল সেই কৃষ্ণপদ। । ফ্রে না করিও পিতা এ হুথ সম্পদ ॥ ভ অন্ত্র প্রহার করিল দৈত্যগণে। ব্রিদম্ভ ঠেকিয়া ভাঙ্গিল ততক্ষণে॥ তল হইল অগ্নি দেখিলে পরীকা। দিভিম্ন পর্ববত হৈতে তার্হে পাই রক্ষা ॥ হামত মলগণ হৈল হীনদৰ্প। বার জান বিষ হীন হ'ল কালসর্প॥ ম্মাদে পাইমু রক। যজের অনলে। মুদ্রে ফেলিলা ভবে শিলা বান্ধি গলে॥ ৰক্ষাৎ দেখিলা তবে ভাসিল পাষাণ। খাচ নাহিক দূর তোমার অঞ্চান ॥ েহেন বৈভব হুখ সম্পদ তোমার। 😘 জেণথে নিমিষেতে হবে ছারখার॥ ত শুনি দৈত্যপতি কহিল পুত্রেরে। দাথা আছে তোর বিষ্ণু কোন্ রূপ ধরে॥ ্রীও বলে আছে প্রভু সবার অন্তর। নাম্ভ বাঁহার গুণ বেদে অপোচর 🛚 ক্ষে পর্যান্ত কীট সকল সংসার। বিয়াকৈত স্বাদ্ধ ভিতৰ

দৈত্য বলে বিষ্ণু আছে স্বার হানর। সংসার বাহির পুত্র এই তম্ভ নয় ॥ रेजियर्था विकृ यनि वाकिरव नर्ववा। তবে সত্য জানিব তোমার সর্বব কথা।। প্রহলাদ কহিল মম শুন নির্বেদন। যত জীব তত শিবক্রপ নারায়ণ 🛭 স্তমধ্যে অবশ্য আছেন মম প্রভু। অশুণা আমার বাক্য না জানিবা কভু॥ শুনিয়া পুত্রের মুখে এতেক ভারতী। নিৰ্ণয় জানিতে তবে দৈত্যকুলপতি॥ হাতে খড়া ল'য়ে উঠে করি মহাদম্ভ। মধ্যম্বানে হানিলেন ক্ষটিকের স্তম্ভ ॥ সেবকের বাক্য আর রাখিতে সংসার। স্তম্ভমধ্যে আসিয়া ধরেন অবভার **॥** পূর্ব্বেতে ব্রহ্মার স্তবে জিনি নারায়ণ। মনুষ্য শরীর আর দিংছের বদন # স্তম্ভ কাটি নিরখিয়া≪দখে দৈত্যপতি। দেখিল অনন্ত সূক্ষ্ম অনন্ত-আহুতি॥ হুন্দর সিংহের মূখে মসুষ্য-শরীর। মুহুর্জেকে স্তম্ভ হৈতে ইইল বাহির॥ ক্রমে ক্রমে বাড়িলেক প্রভাতের ভার্ম। নরসিংহ বিস্তার করেন নিজ তমু ॥ দেখিয়া বিরাটমূর্ভি রূপে দৈত্যঘটা। ব্ৰহ্মাণ্ড ভেদিল গিয়া দিব্য সিংহজটা ॥ গভীর গর্জিয়া মুখে অট্ট অট্ট হাস। শব্দ শুনি ত্রৈলোক্যমণ্ডলে হৈল ত্রাস। এমত প্রকারে রাজা দেব নরহরি। মহাক্রোধে হিরণ্যকশিপু দৈত্য ধরি ॥ উক্লমধ্যে রাখি তারে বিদারিলা বুক। মারেন তুরস্ত দৈত্য দেবের কৌতুক॥ মহামূর্ত্তি দেখিয়া ভয়ার্ত্ত দেবর্গণ। নির্ভয় প্রহলাদ মাত্র করিল স্তবন ॥ কুপা কর কুপাসিন্ধু অনাথের নাথ। ত্রৈলোক্য কাঁপিল শব্দ শুনিরা নির্মাত ॥ বিশেষ বিরাটমূর্ডি দেখিয়া তোমার। অরাহ্যর মূর্চিহত মন্ত্রা কোন ছার 🛊



मबत्र निक्म्ि (मि मार्ट्स छन्। কি কারণে কর প্রস্থ অকালে প্রদান। হেনমতে কৰে শিশু হইয়া বিকল। অন্তৰ্য্যামী নারায়ণ জানিল সকল ॥ শাস্ত্যুতি হইয়া কৈছেন ভগৰান। নহিল না হবে ভক্ত ভোমার সমান ॥ মহাভক্ত তুমি হও শরীর আমার। চিরকাল কর হুখে স্নাজ্য অধিকার॥ একান্ত আমার ভক্তি না ছাড়িবে মনে। তাপ না করিও কিছু পিতার মরণে 🛭 জন্মিবে তোমার বংশে যত মহাবল। অবশ্য আমার ভক্ত হইবে সকল। এইমতে তুই ভাই শাপে মুক্ত হয়। পুনশ্চ হইল দোঁতে রাক্ষস হর্জয় ॥ মহাভারতের কথা জমূত-সমান। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান॥

রাবণ ও কুম্বকর্ণের জন্ম।

মার্কণ্ডেয় বলেন শুনহ সমাচার। পূর্বে লকা রাক্ষ্যের ছিল অধিকার। মহামত্ত শ্রহমা সরে হিংসিলেন দেবে। ব্রহ্মার গোচরে গিয়া জ্বানাইল সবে॥ শুনিরা বিরিঞ্চি ক**হিলেন নারায়ণে**। বিষ্ণুচক্তে ছেদ করিলেন দৈত্যগণে ॥ অবশেষ যত ছিল প্রবেশে পাতাল। ছম্মরূপে তথায় বঞ্চিল চিরকাল্যা বিশ্বজ্ঞাবা নামে ছিল পুলস্ত্য-নন্দন। হইল তাঁহার পুক্র নামে বৈত্রবণ ॥ পুত্র দেখি প্রজাপতি করিল সম্মান। দিক্পাল করি দিলা লঙ্কাপুরে স্থান **।** স্থালী নামেতে ছিল নিশাচরপতি। নিক্ষা নামেতে তার ক্সা গুণবভী ॥ ক্ষিল কন্সারে তবে ভাকিয়া সাক্ষাতে। ^{উপায়} করহ তুমি স্বন্থান পাইতে॥ পূর্বেতে আমার রাজ্য ছিল লঙ্কাপুরী। পাতালে এখন আছি দেবে শকা করি 🛭

লঙ্কাতে কুবের আছে বিজ্ঞাবা-নন্দদ। প্রকারে লইব লক্ষা শুনুহ বচন । বিশ্বশ্ৰৰা স্থানে ভূমি যাও শীত্ৰগতি। প্রসন্ন করিয়া ভারে জন্মাও সম্ভন্তি। ইহা হৈতে পুত্ৰ হৈলে সাধি নিজ কাৰ্য্য। দৌহিত্তে সম্ভব হয় মাতামহ রাজ্য ॥ বিশেষ বৈমাত্র ভাই তাহারা হইবে। তুইমতে রাজ্য নিজে তারে স**ন্ত**বিবে 🛚 ুপিতৃবাক্য শুনি তবে নিক্ষা রাক্ষ্ণী। আইল মুনির কাছে পুত্র অভিনাষী # কায়মনোবাক্যে সেবা করিল বিস্তর। ভূফী হৈয়া কৰে মুমি লহ ইফীবর॥ কন্সা বলে পুত্ৰকাম্যে আইলাম আমি। বলিষ্ঠ নন্দন ছুই আজ্ঞা কর তুমি॥ বিশ্বপ্রবা বলে এই সময় কর্কণ। লইবে যুগল পুত্র ছর্ত্তর্ রাক্ষ্ম ॥ মুনির চরণে ধরি অনেক বিনয়। হরিষ বিধানে কন্সা পুনরপি কয়॥ মনে তঃখ জন্মিল তুরস্ত পুত্র শুনি। সর্ববগুণে এক পুত্র দেহ মহামুনি ॥ সম্ভাষ্ট হইয়া তারে কহে তপোধন। সর্বগুণে শ্রেষ্ঠ হবে ভৃতীয় নন্দন ॥ এতেক শুনিয়া কন্যা আনন্দে রহিল। যথাকালে ক্রমে তিন পুত্র **প্রসংবিল** ম ক্ষ্যেত বামে হৈল তুর্ক্তর রাবণ। কুম্ভকর্ণ বিজয় অসুজ বিভীষণ ॥ জন্মনাত্র তিন ভাই মহাবল হৈল। মাতৃবাক্য শুনিয়া তপস্থা আরম্ভিল ॥ মহাক্লেশে তপ কৈল সহস্ৰ বৎসৱ। তুষ্ট হৈনা প্রজাপতি এন' দিতে বর 🛚 🗸 ব্লাবণ বলিল অন্য বব্নে কাজ নাই। অমর হইব আজে। করহ গোঁসাই ॥ ব্ৰহ্মা বলিলেন জন্ম হইলে মরণ। বহু ভোগ করিয়া জিভিবা ত্রিভূবন ॥ কুম্বর্ক জ্বানিয়া পদ্মবোনি। নিজ সৃষ্টি রাখিবারে চিন্তিল আপনি ॥

ন্টা সরস্বতী দেবী বদাইল মুখে। াগিল নিদ্রার বর প্রার্ম কৌতুকে॥)নিয়া দিলেন বিধি তারে সেই বর। াবণ কহিল তবে হইয়া কাতর॥ । তিন ভুবনে ভূমি সবাকার পতি। কৈ হেতু পৌত্রের কর এতেক তুর্গতি॥ ক্ষা কহিলেন তবে শুন কহি সার। যরূপে কহিতে হবে পরে ব্যবহার॥ য় মাদে এক দিন মাত্র জাগরণ। সই দিন যুদ্ধেতে নারিবে ত্রিভুবন॥ ক্ষিপি জাগাও পুনঃ থাকিতে নিদ্রায় : দুই দিন নিশ্চয় মরিবে সর্বব্থায়॥ হনমতে শান্তাইল ভাই তুইজনে। হবে বর যাচিল ধার্ম্মিক বিভীষণে॥ বিভীষণ কহে অন্য বরে কাজ নাই। বিষ্ণুভক্ত আজ্ঞা মোরে করহ গোঁদাই॥ হদাচিত নহে যেন অধর্মেতে মতি। হুন্ট হ'য়ে স্বস্তি স্বতি বলে প্রজাপতি॥ গামি তোমা তুফী হ'য়ে দিন্তু এই বর। ার্ম্ম কর চারি যুগ হইয়া অমর॥ এতেক কহিয়া ব্ৰহ্মা গেলেন স্বস্থানে ৷ পরম দন্তোষ হৈল ভাই তিনজনে॥ কত দিনে দশানন লঙ্কা নিল কাড়ি। রহিল পরম স্থাথে কুবেরে থেদাড়ি॥ তিন পুর জিনিয়া করিল অধিকার। হইল ছত্রিশ কোটি নিজ পরিবার ॥ মেঘনাদ রাবণ নন্দর মহাবল। ইন্দ্রজিত নাম তার দিল আথওল॥ ক্রমেতে জ্বিনিল স্বৰ্গ মৰ্ত্ত্য রসাতল। লঙ্কায় আসিয়া খাটে দেবতা সকল।। এরপে রাবণ রাজা করিল উৎপাত। তবে ইন্দ্র অমর সকলে ল'য়ে সাথ॥ ব্রহ্মার অগ্রেতে গিয়া কৈল নিবেদন। আত্যোপান্ত রাক্ষদের যত বিবরণ॥ তবে ব্ৰহ্মা সংহতি লইয়া দেবগণে। উত্তরিল যথা প্রভু অনম্ভ শয়নে॥

অনেক কহিল বিধি বেদের বিধান।
জানিয়া কারণ সব দেব ভগবান॥
আশাস করিয়া সবে.মধুর বচনে।
ভয় না করিও স্থথে থাক সর্বজনে॥
অবনীতে অবতার হইয়া আপনি।
নাশিব রাক্ষদগণে শুন পদ্মযোনি॥

শ্রীরাম প্রভৃতির জন্ম ও শ্রীরামের দীতা সহ বিবচে সূর্য্যবংশে মহারাজ দশরথ নামে। পুত্র হেতু করিলেন যজ্ঞ পরিশ্রমে। পূর্ব্বেতে আছিল তাঁর অনেক স্থকর্ম। তেঁই তাঁর বংশে হরি লইলেন জন্ম॥ ত্রিভুবনে অবতীর্ণ দেব হুঃখ অন্ত। বিধিবাক্যে নিজ জজে করিতে শাপান্ত ৷ এতেক চিন্তিয়া মনে প্রভু ভগবান। চারি অংশে নিল জন্ম করিয়া বিধান॥ যথায় নৃপতি যজ্ঞ ক্রেরে আনন্দেতে। অকস্মাৎ চরু উঠে যজকুগু হৈতে॥ যজ্ঞ পূর্ণ করে রাজা কার্য্যদিন্ধি জানি : চরু ল'য়ে গেল যথা আছে তুই রাণী ৮ আনন্দে কহেন গিয়া দোঁহাকার আংগ এই চরু খাও দোঁহে তুল্যরূপ ভাগ্নে॥ নুপতির মুখেতে শুনিয়া এই বাণী। সেই চরু আনন্দে নিলেন তুই রাণী 🖟 হ্রমিত্রা নামেতে তাঁর তৃতীয় মহিধী। আইল দোঁহার কাছে পুত্র-অভিনানা 🛭 অর্দ্ধ করিয়া খাইতে তুইজনে। হেনকালে স্থমিত্রাকে দেখি বিভ্যমানে॥ পুনর্বার করিলেন অর্দ্ধ অর্দ্ধ ভাগে। স্লেহ করি দিল দোঁহে স্থমিতার আগে। কৌশল্যা কৈকেয়ী তবে স্থমিত্রাকে কয় অবশ্য হইবে তব যুগল তনয়॥ তুই পুত্র হয় যেন দোঁহে অনুগত। তিনজনে প্রদঙ্গ হইল এইমত॥ অমনি খাইল চরু আনন্দিত মনে। যথাকালে গর্ভবতী হৈল তিনজনে ॥

দিহোদনে তুই মনে বদি নৃপমণি। ্রিক একে প্রদাব হইল তিন রাণী॥ কৌশল্যার গর্ভে জন্ম নিলেন শ্রীরাম। পূর্ব অবতার মূর্ত্তি দূর্ব্বাদ**লখ্যাম ॥** ভিত্রিয় কৈকেয়ী-গর্ভে জিমাল ভরত। এতিন ভুবনে যার অতুল মহত্ব॥ নুক্ষণ নামেতে জ্যেষ্ঠ স্থমিত্রার স্থত। হিত্য শক্তম সর্বব লক্ষণ সংযুত॥ ্হনমতে হইল বিষ্ণুর **অব**ভার । উহাসিত অবনী **আনন্দ স্বাকার**॥ িনে দিনে বাড়িলেক যেন শশধর। হস্ত্রপত্র বিশারদ দেখিতে স্থ**ন্দর**॥ হিথিলার **ঈশ্বর জনক নাম খাষি।** বহুদিন লাঙ্গলৈতে যজ্ঞভূমি চষি ॥ তথায় জন্মিল লক্ষ্মী অধোনিসম্ভবা। পাইল লা**ঙ্গলমুখে পরম তুল্ল ভা ॥** জন্ম অনুরূপ নাম রাখিলেন দীতা। ্বস্থাৰ পালনে রাণী রহিলা স্বস্থিতা॥ এদিকে কারণ জানি যাবতীয় দেবে। যঙ্গোপনে শিবধন্ম রাখিলেন সবে॥ ^{জনকে}রে ক**হিল অমরগণ ডাকি।** প্রমার সমান এই তোমার জানকী॥ ^{ইন্ট্র} ধনুক ভাঙ্গিবেক যেইজন। াহারে জানকী দিবে কর এই পণ॥ েইরপে রাজধাষি প্রতিজ্ঞা করিল। পত্র দিয়া পৃথিবীর নূপতি গানিল।। ^{বসুক} দেখি<mark>রা সবে ডরে পলাইল।</mark> ^{তুই ঢারি পরাভবে কেহ না আইল।} ্ররূপে বিবাহ করি**লেন র**ঘুবীর। উনহ পূর্বের কথা রাজা যুধিষ্ঠিয়॥ ^{রাবণের} অনুচর রাক্ষদ রাক্ষদী। ^{েজ} আরম্ভিলে মুনি, নফ্ট করে আসি॥ ^{বজ্রক্ষা} কারণ বিধান করি মনে। বিশ্বামিত্র মুনি গেল দশরথ-স্থানে॥ ^{মুনি দেখি} পৃ**জি রাজা আনন্দিত মন।** জিজাদিল এ স্থানে কি হেতু আগমন 🏾

মুনি বলিলেন যজ্ঞ নাশ্চে নিশাচরে। শ্রীরাম লক্ষ্মণে দেহ যজ্ঞ রাখিবারে॥ শুনি রাজা বিচারিল পাছে দেন শাপ। শ্রীরাম লক্ষ্মণ পেলে হইবে সন্তাপ।। তুই মতে বিপরীত বুঝিয়া রাজন। জীরাম লক্ষ্মণে করিলেন সমর্পণ ॥ দোঁহা সঙ্গে করি মুনি যান হরষিতে। হেনকালে ভাড়কা সহিত দেখা পথে॥ যেমন উদয় ঘোর কাদন্বিনী মাল। গলে মুগুয়ালা পরিধান বাবঁছাল n দেখিয়া রাক্ষদী-মৃত্তি ভীত মহাধাষি। নির্ভয় করিয়া রাম মারেন রাক্ষদী॥ তবে দোঁহে ল'য়ে গেল যজ্ঞের সদন। শ্রীরামেরে কহিল সকল বিবরণ॥ শুন রাম সর্বদা না থাকে হেথা হুন্ট। আরম্ভ করিলে যজ্ঞ আসি করে নফী॥ যজ্ঞধূম দেখিলে করয়ে রক্তর্ম্নি । কোথায় থাকায়ে কার নাহি চলে দৃষ্টি॥ শ্রীরাম কহেন সবে হইয়া নির্ভয়। যজ্ঞ কর আত্মক রাক্ষদ তুরাশয়॥ এতেক শুনিয়া মুনিগণ মহাস্থথে। আরম্ভ করিল যজ্ঞ মনের কৌতুকে॥ হেনকালে গগনে দেখিয়া ধূমচয়। আইল মারাচ হুফ্ট জানিয়া সময় ॥ মেথেতে আচ্ছন কৈল রাক্ষদের মায়া। যজ্জভূমে আদিয়া লাগিল তার ছায়া॥ দেখিয়া সকল মুনি জীরামেরে কয়। ঐ দেখ অভিল যে রাক্ষ**স প্ররা**শয় ॥ কোদগুপণ্ডিত রাল দেখিয়া নয়নে। যুড়েন ঐষ্কি কার পকুকের গুণে ॥ মহাশব্দ করি বাণ সাম হেন জ্লে। গঙ্জিয়া উঠিল বাণ গগন্মগুলে॥ পলাইল নিশাচর রণে করি শঙ্কা। লুকাইয়া রহে ত্রাদে প্রবেশিয়া লঙ্কা॥ নিরাপদে যজ্ঞ করে যত মুনিগণে। व्यानीर्वाप कत्रिल श्रीताम लक्ष्मर्।

যজ্ঞ সাঙ্গে বিশ্বামিত্র আনন্দিত মন। শ্রীরাম লক্ষ্মণে নিয়া করিল গমন ॥ ীরামে কহিলা পথে ধ্যুকের কথা। ঃনিয়া বলেন রাম চল যাই তথা।। হনমতে দঙ্গে করি তুই সহোদরে। ঠভরিল মহামুনি মিথিলা নগরে॥ দ্থিয়া জনক কৈল বহু সমাদর। খ্যামমূর্ত্তি দেখি রামে ত্রঃখিত অন্তর ॥ গুপ্তে বিশ্বামিতে রাজা কহে কোনক্রমে। হাসার বাসনা ইয় কন্সা দেই রামে॥ রূপ দেখি কন্যাদান করিল বিশেষে। উভয়ত কলঙ্ক রটিবে সর্ব্ব দেশে॥ বলিলেক জনক বরের রূপ দেখি। প্রতিজ্ঞা লজ্মিয়া দান করিল জানকী সূর্য্যবংশে জন্ম দশরথের নন্দন। বিবাহ করিবে রাম না দাধিয়া পণ ॥ নিদারুণ পণে আমি না দেখি উপায়। কহ মুনি কি কর্ম করিব হায় হায়॥ বিচার করিলা দেখি মানিয়া বিশ্বয়। কুলিশ সমান এই ধনুক হুৰ্জ্বয়॥ মধুর কোমল মূর্ত্তি জ্রীরঘুনন্দন। ছায় বিধি কৈল পিতা নিদারুণ পণ। অন্য অন্য পরস্পরে কথোপকথন। এইমত হরিষ বিষাদে সর্বজন॥ বিশ্বামিত্র-মুখে রাম হ'য়ে অবগত। ভাঙ্গিবারে ধনুক হইলেন উন্নত ॥ দৃঢ় করি কাঁকালি বান্ধিয়া বস্ত্র সারি। ধনুক ভূলেন রাম বাম হাতে করি॥ হেনকালে যোড়করে ঠাকুর লক্ষ্মণ। সমাদরে বন্দিলেন যত দেবগণ॥ বাস্থকিরে বলিলা ক্ষণেক হও স্থির। যাবং ধুকুকে গুণ দেন রঘুবীর॥ শুনুহ সকল নাগ অক্ট কুলাচলে। সাবধুরে ধরিবা পৃথিবী পাছে টলে ॥ লক্ষণ কহিল রামে করি যোড়হাত। শীঘ্ৰগতি ধসুক ভাঙ্গহ ৰঘুনাথ।

ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরে করিয়া প্রণাম। দেবগণে বন্দিলেন আপনি শ্রীরাম॥ মুনিগণে প্রণমিয়া দেব হুষীকেশে। নোঙাইয়া ধনুগুণ দেন অনায়াদে। পুনর্বার টঙ্কারিয়া দিতে মাত্র টান। মধ্যথানে ভাঙ্গিয়া হইল তুইখান॥ শত বজ্ঞাঘাত জিনি মহাশব্দ হৈল। থাকুক অন্মের কার্য্য বাহ্ষকি টলিল।। সেই শব্দ শুনিয়া লঙ্কার দশানন। বলিল আমারে এই করিবে নিধন॥ এইমত ধনুক ভাঙ্গেন রঘুবীর। মিথিলা নগর হৈল আনন্দ-মন্দির॥ যুধিষ্ঠির বলিলেন এ বড় বিশ্বায়। পূর্ণ অবতার বিষ্ণু রাম মহাশয়॥ **আপনাকে প্রণাম করেন কি কার**ণ। কুপা করি কর মুনি সন্দেহ ভঞ্জন ॥ হিরণ্যকশিপু দৈত্য বধি নারায়ণ। নৃসিংহ বিরাটমূর্ত্তি হলেন যখন॥ ভাঁহার চীৎকার শব্দ শুনিয়া নির্ঘাত। ্রাহ্মণী পর্ভিণী, তার হৈল গর্ভপাত॥ শাপ দিল মহামুনি পেয়ে তুঃখভার। যেইজন করিল এতেক অহঙ্কার॥ আপনারে না জানে দে অন্য অবতারে। বল বুদ্ধি বিক্রম দে সকল পাসরে॥ ব্রাহ্মণের শাপ দে অন্যথা নহে কভু। ব্রহ্মপদাঘাত বুকে ধরিলেন প্রভু॥ আপনারে বিশ্বত হইল দে কারণ। ব্রহ্মার বিধানে পূর্বের রাবণ নিধন ॥ দে কারণে হৈল প্রভু মনুষ্য-শরীর। পূর্বের রুভান্ত এই রাজা যুধিষ্ঠির॥ ছুৰ্জ্জয় ধনুক যদি ভাঙ্গিলেন রাম। জনক রাজার হৈল পূর্ণ মনস্কাম 🛚 দীতা সম্প্রদান হেন্তু বিচারেন মনে। শুনিয়া কহেন রাম জনকের স্থানে॥ অযোধ্যানগরে দূত পাঠাও রাজন। পিতাকে জানাও অগ্রে আমার মনন ॥

_{সহিত} আদিবে আর ভাই তুইজন। বিবাহ করিব তবে এই নিরূপণ॥ শ্রুতমাত্র জনক পাঠায় দূতগণে। ক্হিল সকল কথা নৃপতির স্থানে॥ ক্ষনিয়া হৈলেন রাজা আনন্দে পূরিত। চুই পুক্র সহ রাজা আইল ছরিত॥ মহা কোলাহল শব্দ চতুরঙ্গ দলে। ্বস্তিত হইয়া রাজা মহা কুতৃহলে॥ হিবিলানগরে আইলেন দশরথ। অগ্রনরি জনক আইলা কত পথ॥ দ্যালরে লইয়া করিল বন্থ মান। শুভক্ষণে রামে সীতা কৈল সম্প্রদান ॥ দাতাকুজা কন্যা ছিল পরমা রূপদী। ন্ফাণে প্রদান কৈল স্তুথে রাজঋষি॥ জনকের **সহোদর কুশধ্বজ নাম**। দুই কন্যা ছিল তাঁর রূপে অনুপম॥ ত্রত শক্রেম্ম দোঁহে করা**ইল বিভা**।. বৈকুণ্ঠ জিনিয়া হৈল মিথিলার শোভা॥ গারি ভায়ে কৈল তবে চারি কন্যা দান। কৌতুকে থৌতুক দিল নাহি পরিমাণ॥ ন্শরথ ভূপতিরে পূজিলা বিশেষে। আনন্দ বিধানে রাজা যান নিজ দেশে॥ বুর্নিগণে প্রণাম করিল সর্ববজন। মাশীর্কাদ করি সবে করিল প্রমন॥ 📲 ঘগতি যায় রাজা উঠি নিজ রথে। ংনকালে ভৃগুরাম আগুলিল পথে॥ 🤋 জ্বি শরীর তার দেখি লাগে ভয়। ^{গভার} গর্জ্জন ক্রোধে রঘুবীরে কয় ॥ ব্যারে হ্রগ্ধপোষ্য রাম রণে তোর আশা। ম্ম নাম ধর তুমি এতেক ভরদা॥ ^{কত্র}কুলান্তক আমি সর্ব্বলোকে জানে। ^{দেই} কথা পরীক্ষা করিব বিভাষানে ॥ ভোরে না করিলে বধ লুপ্ত হয় নাম। ^{পৃথিবী}র মধ্যে যেন থাকে এক রাম॥ ^{হরের} ধসুক ভাঙ্গি হৈলি বলবান। ^{জীর্ণ} ধ**ত্র ভাঙ্গিয়াছ কি তার বা**খান 🛭

দশর্থ নৃপতি পাইল রুড় ভয়। করযোড়ে কৈল স্তুতি অনেক বিনয়॥ না জানিয়া কৈল কর্ম্ম হইয়া অজ্ঞান। সেবক বলিয়া আমা দেহ পুত্ৰদাম। পিতৃ-ছুঃখ দেখি তবে রাম মহোদয়। হাসিয়া কহেন পিতা না করিও ভয়॥ তবে রাম ডাকিয়া বলেন ভৃগুরামে। কি হেতু তোমার হুঃখ হৈল মম নামে॥ যাও বিপ্র ত্যজ আজি পূর্বব অহঙ্কার। অবধ্য ত্রাহ্মণ বলি পাইলে নিস্তার॥ নহেত এতেক ত্রঃখ সহে কার প্রাণে। দহন করিব ক্ষিতি আমি এক বাণে॥ এত শুনি ভৃগুরাম ধনু ল'য়ে হাতে। ক্রোধভরে বাড়াইয়া দিল রঘুনাথে । বিষ্ণুতেজ ছিল ভ্®রামের শরীরে। ধুমুক সহিত প্রবেশিল রঘুবীরে॥ তবে রাম গুণ দিয়া যুঞ্ দিব্য শর। হাসিয়া কহিল পরে শুন দ্বিজবর॥ অবধ্য ব্রাহ্মণ ভূমি রুথা নহে বাণ। শীগ্র কহ তোমার রোধিব কোন্ স্থান॥ হতবুদ্ধি হ'য়ে তবে কহিল ভার্গব। না জানিয়া করি দোষ ক্ষমা কর সব॥ তবে রাম স্বর্গপথ করিলেন রোধ। দেখিয়া সকলে করে চমৎকার বোধ॥ বিনয় করিয়া ভৃগুরাম গেল বনে। দশর্থ রাজা গেল আপন ভবনে॥ বিবাহ করিয়া যান চারি সহোদর। আনন্দ সন্দির হৈল অযোধ্যানগর॥ শাস্ত্রপাঠ নিমিত্ত ভর্ন মহাশয়। শক্তন্ম সহিত গেল মাতা বহালয়॥ এইরূপে নিয়মিতে কভকাল গেল। রাজ্য দিতে রঘুনাথে রাজা বিচারিল॥ পাত্র মিত্র ভাকিয়া কহিল সমাচার। অধিবাস কর রামে দিব রাজ্যভার ॥ দাদীমুখে শুনিয়া কৈকেয়ী এই কথা। অভিমানে রহিলেন ভরতের মাতা #

ব্রজনীতে দশর্থ গেলু তাঁর স্থানে। দেখিল কৈকেয়ী রাণী মহা অভিমানে॥ অনেক সাধিতে রাজা শেষে কহে বাণী। পাশরিলা মহারাজ পূর্বের কাহিনী॥ ছুই বর দিতে মোর কৈলে অঙ্গীকার। সেই বর দিয়া আজি সত্য হও পার॥ রাজা বলে প্রাণপ্রিয়ে এই কোনু দায়। অবিলম্বে বর লহ দিব সর্ববদায়॥ কৈকেয়া বলিল নাথ এই এক বর। ভরতেরে করিবা রাজ্যের দণ্ডধর ॥ দ্বিতীয় করহ পূর্ণ এই অভিলায। চত্রদ্দশ বংসর রামের বনবাস॥ শুনিয়া এতেক রাজা কৈকেয়ীর বাণী। যুদ্ধিত হইয়া শোকে পড়িল ধরণী॥ চৈত্তন্য পাইয়া রাজা উঠি ততক্ষণে। কৈকেয়ীরে গালি দিল অতি ছুঃখ মনে॥ তবে রাম শুনিয়া এ সব সমাচার। পালিতে পিতার মত্য করি অঙ্গীকার॥ তথা না পাইয়া কিছু পিতার উত্তর। বিদায় হুইতে যান মায়ের গোচর ॥ শ্রীরামের বনবাস শুনি এই বাণী। শোকাকুলা অজ্ঞান হইয়া কান্দে রাণী॥ বর্তুবিধ বিলাপ করিয়া কৈল মানা। মধুর বচনে রাম করিল সান্ত্রনা॥ পিতৃসত্য পালিবারে চলিলেন বন। সংহতি চলিল সাঁতা অনুজ লক্ষণ॥

দশরণের মৃত্যু শ্রীরামের পঞ্চবটাতে অবস্থিতি।
দশরথ শুনি তবে রামের প্রস্থান।
হা রাম বলিয়া তবে ত্যজিল পরাণ॥
পূর্বেতে আছিল অন্ধ মুনির এ শাপ।
পূক্রশোকে মরিবা পাইবা মনস্তাপ॥
হেনমতে ভূপতির হইল নিধন।
অযোধ্যার বরে ঘরে উঠিল রোদন॥
বিচার করিয়া পাত্রমিত্রগণ যত।
দূত পাঠাইয়া দেশে আনিল ভরত॥

ভরত শুনিল আসি সব সমাচার। জননীরে নিন্দিয়া করিল তিরস্কার॥ রাজার সংকার করে পাত্রমিত্রগণে। ভরতেরে বদিতে কহিল দিংহাদনে॥ ভরত কহিল সবে হৈলে হতজ্ঞান। দে কারণে বলহ সম্ভানমত কেন॥ পিতৃদত্য হেতু শ্রস্থ চলিলেন বনে। আমি রাজ্যে ভূপতি হইব সিংহাদনে॥ এমন অনীতি কর্ম্ম করে কোন্ লোকে। ঈশ্বর থাকিতে রাজা সম্ভবে সেবকে॥ বিশেষ মায়ের কর্ম্ম শুনিতে তুষ্কর। চল দবে যাই অগ্রে শ্রীরাম-গোচর॥ মাগিয়া মায়ের দোষ প্রভুর চরণে। যত্নে ফিরাইব সবে কমললোচনে। যেমন করিয়া বেশ রাম যান বন। সেইমত বল্ক পরি ভাই তুইজন॥ শিরে জটাভার ধরি তপস্বীর বেশ। চিত্রকূট পর্ব্বতেতে পাইল উদ্দেশ॥ সক্টাঙ্গ লোটায়ে ক্ষিতি পড়িয়া চরণে। কর্যোড়ে কহিলেন রাম বিভাষানে॥ আজন্ম আমার মন জানহ গোসাঞি। তোমার চরণ বিনা অন্য গতি নাই॥ চল রাম ভূপতি হইবে সিংহাসনে। শূত্যরাজ্য বিলম্ব না সহে সে কারণে॥ তোমার বনযাত্রা শুনিয়া লোকমুথে। প্রাণ ত্যজিলেন রাজা সেই মনোতুঃখে॥ তবে রাম শুনিয়া সকল সমাচার। পিতৃশোকে কান্দিলেন পেয়ে শোকভার 🛭 উচ্চৈঃম্বরে ক্যন্দেন বলিয়া বাপ বাপ। তাহা দেখি সর্বজন করিল সন্তাপ ॥ ভরতের চরিত্রে সস্তুক্ট রঘুনাথ। অলিঙ্গন করি অঙ্গে বুলায়েন হাত॥ জননীর কিবা দোষ দৈবের ঘটন। দেশে গেলে পিতৃসত্য হইবে লঙ্গন॥ চতুর্দশ বৎসর থাকিব আমি বনে। ততদিন রাজা হৈয়া বৈদ সিংহাসলে 🛭

ভুৱত কহিল এই শোভা নাহি পায়। কিম্তি পঞ্চাস্থ ভার জমুকে কুলায় ॥ ত্তবে যদি **পিতৃবাক্য করিতে পালন**। চতুদ্দশ বৎসর নিবাস কর বন॥ পাতুকাযুগল তবে দাও রঘুপতি। নত্বা রহিব আমি তোমার সংহতি॥ ভুরতের ব্যবহারে কমললোচন। তৃষ্ট হৈয়। পুনশ্চ করিল আলিঙ্গন॥ পাত্রকা দিলেন রাম বুঝি মনোরথ। মাধায় করিয়া হুখে চলিল ভরত॥ দেশে আসি পাতুকা রাখিল সিংহাসনে। চতুদ্দিক বেড়িয়া ব**সিল সর্ববজনে** ॥ সাবধানে রাত্রি দিনে পালে রাজধর্ম। ইহা বিনা ভরতের নাহি অন্য কর্ম। দ্রীরাম লক্ষণ চিত্রকৃট গিরিবরে। করিলেন পিতৃশ্রাদ্ধ তিদশ বাসরে।। লক্ষাণ ক**হিল প্রভু চল হেথা হৈতে।** পুনর্বার ভরত আসিবে তোমা লৈতে॥ এইমত বিচার করিয়া তিন জনে। কতক্ষণে যান অগস্ত্যের তপোবনে।। কারণ জানিয়া মুনি পারম আদেরে। গ্রীরাম লক্ষাণে নিল আপনার ঘরে। দিনেক বঞ্চিয়া তথা মাগেন বিদায়। জিজ্ঞাদেন কহ মুনি বঞ্চিব কোথায়॥ জানিয়া ভবিষ্য কথা কছে তপোধন। শ্র্রাম করহ স্তর্থে পঞ্চবটী বন ॥ ত্রিয়া গেলেন রাম আনন্দিত মন। ^{সহিত জানকী আর অনুজ লক্ষাণ ॥} ^{বহুদিন} র**হিলেন পঞ্চবটী বনে**। ^{এক দিন} শুন তথা দৈবের ঘটনে।। পূর্পনিথা নামেতে রাবণ সংহাদরা। বিদ্যুন্দগমনে ফিরে অত্যন্ত মুখরা ॥ ^{১ইদিশ} সহ**স্র সংহতি নিশা**চর। ^{হর ও} দূষণ সঙ্গে তুই সহোদর॥ ^{বুর হৈতে} দেখি দোঁতে দিব্যরূপ ধরি। কামে হতচিত্ত হৈয়া **ত্রুক্ট নিশা**চরী ॥

সীতার সমান রূপ ধরিয়। রাক্ষদী। সবিনয়ে কছেন রামের কাছে আদি॥ নিবেদন করি আমি দেবের ছুহিতা। ভজিব তোমারে আব্তা করহ সর্ববিধা॥ শ্রীরাম কহেন তুমি ভঙ্গ অ্ন্য জনে। সঙ্গেতে আমার নারী দেখু বিভয়ানে॥ এত শুনি লক্ষণেরে কহিল রাক্ষ্যা। লক্ষণ কহিল আমি আজন্ম তপদ্বী॥ তবে দূর্পনখা অতিশয় হুংখমনে। কার্য্যদিদ্ধি না হইল সীতার কারণে॥ ইহারে খাইলে তুঃখ খণ্ডিবে আমার। এত বলি ধায় মুখ করিয়া কিন্তার॥ . দেখিরা লক্ষ্মণ ক্রোধে যুড়িলেন বাণ। দিব্য**অন্তে রাক্ষ্**দীর কাটে নাক কাণ॥ কান্দিয়া রাক্ষদী খর দূষণেরে কয়। দোঁহে আসি যুদ্ধ করে ক্রোধে অভিশয়। দেখিয়া উঠেন রাম অতি ক্রোধমনে। মুহূর্ত্তেকে সংহারিল নিশাচরগণে 🛭 তাহা দেখি সূর্পণখা ধায় অতি বেগে। কান্দিয়া কহিল গিয়া রাবনের আগে॥ শুন ভাই বলি দশরথের নন্দন। ভার্য্যাসহ এল বনে শ্রীরাম লক্ষণ॥ চতুদিশ সহস্র রাক্ষ্য আরে বাণে। নাক কাণ কাটে সম অন্ত্র খরণানে॥ যতেক কমিনা আছে এই মন্ত্র্য ক্ষিতি। স্বার হইতে সেই স্তা রূপ্রতী॥ (मिथा क्यांनम क्इ देश्य यस स्टन्) আনিতে কারণ্য ইন্ছা কোনার কারণে॥ ভাহাতে যে গতি মম ৩৭ মগ্ৰহা। বুৰিয়া ব্যাহ কাৰ্য্য উচিত যে হয়॥ অনুক্ষণ রক্ষা করে গ্রহ এহাবার। হরিয়া আনিতে দাঁত। মন কর স্থির ॥ শুনিয়া রাবণ হৈল ক্রোধেতে সজান। বিশেষ শুনিয়া ভগিনার অপুনান॥ দীতার **রূপের** কথা ভেদিল অন্তরে। কাছে ডাকি কহিল মানীচ নিশাচরে 🏾

যাও শীঘ্রগতি তুমি পঞ্চবটী বনে। মায়া করি দূরে লও শ্রীরাম লক্ষাণে 🛚 আপনি যাইব আমি তপন্ধীর বেশে। সীতারে হরিব যেন না পায় উদ্দেশে॥ মারীচ কহিল ব্রাজা মম শক্তি নয়। পাইয়াছি বাল্যকালে ভাল পরিচয় ৷ বালক কালের শিক্ষা আমি জানি ভাল। মুনিযুক্ত নন্ট হৈছু গেলাম সে কালে॥ না দেখিয়া অস্ত্র রাম করিল সন্ধান। প্রবেশিয়া লঙ্কাপুরী রক্ষা কৈন্তু প্রাণ ॥ এখন যৌবনকালে ধরে মহাবল। এ কর্মা করিলে তার ভাল পাব ফল ॥ এত শুনি দশানন ক্রোধচিত্ত হৈয়া। সারীচে মারিতে যায় হাতে খড়গ লৈয়া॥ ভয়েতে মারীচ বলে যাব পঞ্চবটী। তুমি বা মারহ কিবা রাম ফেলে কাটি॥ অসহু তোমার বাক্য রাক্ষদ হুর্জ্জন 🛚 ভূমি মার রাম মারে অবশ্য মরণ॥ উত্তরিল মারীচ বথায় রঘুবর। কাঞ্চনের মূগ অঙ্গ দেখিতে স্থন্দর॥ আ 🖛 চর্য্য দেখিয়। দীতা হরিষ অন্তর। আনিতে কহিল রামে যুড়ি ছুই কর॥ সীতার রক্ষণে রাখি লক্ষণ ঠাকুরে। মায়ামুগ থেদাড়িয়া রাম যান দুরে॥ কতক্ষণে শ্রীরাম মারেন দিব্যশর। ভাইরে লক্ষ্মণ বলি পড়ে নিশাচর॥ 🕨 ইহা শুনি বিশ্বায় মানিল দীতা মনে। শেষে পাঠাইয়া দিল তথায় লক্ষ্মণে॥ মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান ॥

> ৰাবণ কভ্ৰ দীতা হবণ ও শ্ৰীৱামের প্রক বানবের সহিত মিলন।

হেনকালে আসি তথা রাবণ হুর্জ্জর। হরিয়া লইল সীতা দেখি শৃন্যালয়॥ শীত্র চালাইল রথ রামে করি শক্ষা। পলায় পরাণ ল'য়ে যথা পুরী লঙ্কা॥ পরিত্রাহি ডাকে দীতা রাম রাম বলি : চিহ্ন হেতু স্থানে স্থানে **অল**ক্ষার ফেলি॥ জটায়ু নামেতে পক্ষী দশরথ সথা। বহু যুদ্ধ করিল, কাটিল তার পাখা॥ পড়িয়া রহিল পথে পক্ষী পুরাতন। লঙ্কাপুরে প্রবেশ করিল দশানন॥ রাবণ বিনয় করি দীতারে বুঝায়। কুপা করি দেবি তুমি ভক্ত গো আমায়। সীতা বলে মম প্রভু রাম বিনা নাই। এতদিনে সবংশে মজিবে তাঁর ঠাই ॥` ইহা শুনি বন্দী কৈল **অশো**ক কাননে। রক্ষক রহিল চেড়ী কত শত জনে॥ মুগ মারি রঘুনাথ আশ্রমে আসিতে। লক্ষণ সহিত তবে দেখা হৈল পথে॥ শ্রীরাম কহেন ভাই কি কর্ম্ম করিলে। একাকী রাখিয়া দীতা কি হেতু আইলে লক্ষাণ বলিল দেবী তব শব্দ শুনি। আমারে নিন্দিয়া বহু পাঠান আপনি।। শীঘ্রগতি আশ্রমে আসিয়া হুই বীর : শূন্যালয় দেথে দোঁতে হইল অস্থির॥ অনেক বিলাপ করি তুই সহোদর। অন্থেষণ করিবারে চলেন সত্তর॥ ত্যজিয়া আহার জল আলস্থ শয়ন। এইমতে তুই ভাই করেন গমন॥ **সীতার কঙ্কণ এক ছিল সেই পথে**। তুলিয়া নিলেন রাম কান্দিতে কান্দিতে। যত দূর চিহ্ন পান বদন ভূষণ। সেই অনুসারে দোঁহে করেন গমন **।** দেখিলেন রাম জ্ঞীয়ুকে মৃতবৎ। পৰ্বতপ্ৰমাণ পক্ষী যুদ্ধে প্ৰাণ হত। তাহার নিকটে চলিল হুই জন। জ্টায়ু তুলিল মুগু জানিয়া কারণ॥ জিজ্ঞাসিতে প**ক্ষ্ট্যাজ কহিলেন কথ**া। লক্ষাপুরে দশানন হরে নিল সীতা 🛚

গরুড় ন**ন্দন আমি তব পিতৃ-স**ধা। বধুর **অবস্থা দেখি যুদ্ধে আসি একা ॥** তোমারে সংবাদ দিতে আছিল জীবন। উদ্ধার করহ রাম এই নিবেদন॥ এতেক বলিয়া পক্ষী ত্যজিল জীবন। জানিয়া পিতার সধা ভাই তুই জন॥ অগ্রিকার্য্য করি তার পম্পানদীতটে। তথা হৈতে যান ঋষ্যমুকের নিকটে॥ তথাঁয় দেখেন রাম বানরপ্রধান। নল নীল স্বধেণ স্বগ্রীব **হমুমান ॥** দোহায় প্রণাম করি জিজ্ঞাদে দন্তমে। কহিলেন শ্রীরাম সকল ক্রমে ক্রমে ॥ ত্তগ্রীব জানিল এই পুরুষরতন। প্রণাম করিয়া করে নিজ নিবেদন ॥ ম্ম জ্যেষ্ঠ বালিরাজা রাজ্য-অধিকারী। বলে রাজ্য নিল আমি যুদ্ধেতে না পারি ॥ যুনিশাপে হেথায় আসিতে শক্তি নাই। দে কারণে আঁছি প্রাণে শুনছ গোঁদাই॥ 🕮রাম বলেন কপিরাজ তুমি মিতা। ্তামা রাজ্য দিব আমি, তুমি দিবে দীতা॥ স্থাব বলিল তবে হা আজা তোমার। শতা উদ্ধারিতে প্রভু মোর **রৈল ভার ॥** শ্ৰীরাম কছেন আজি প্রত্যুষ সময়। বলিকে মারিয়া রাজা করিব তোমায় 🛭 ্হনমতে রঘুনাথ বা**লিরাজা মারি।** সুগ্রীবেরে করিলেন স্নাজ্য অধিকারী ॥ সারি মাদ তথায় থাকেন রঘুনাথ। কপিরাজ স্থগ্রীবে লইয়া তবে সাথ॥ ব্যুদ্র সমীপে যান দৈন্ত সমাবেশে। ম্মানে পাঠাইল সীতার উদ্দেশে॥ ^{প্রন্}নন্দন বীর পোড়াইল লকা। ^{রাজ}পুত্র মারিয়া রাজারে দিল শঙ্কা॥ শতার উদ্দেশ করি আসি মহাবীর। 🚉 রাম লক্ষ্মণ হইলেন তাহে ক্ষির 🛭 ্চনকালে শুন রাজা দৈব বিবরণ। রাবণের অনুক্র ধার্ণ্মিক বিভীষণ 🕸

করযোড়ে কহিল রাজায় বিধিমতে। দীতা দিয়া শরণ লইতে রঘুনাথে 🛭 ধন রাজ্য বংশ বৃদ্ধি কর নরপতি। 🤏নিয়া রাবণ ক্রোধে মারিলেন লাথি।। যেইকালে বিভীষণে প্রহারে চরণে। রাজলক্ষী আশ্রেয় করিল বিভীষণে॥ অতি ত্ৰঃখে বাহির হইল বিভীষণ। রামের চরণে গিয়া লইল শরণ 🛭 শ্রীরাম বলেন তুমি শক্ত-সংহাদর। কিরূপে বিশ্বাস তোমা করিব অস্তর॥ বিভীষণ বলে প্রভু ভাব মনে যদি। তোমার দেবক আমি জনম অবধি॥ এতে অম্মত যদি করি কদাচন। হইব কলির রাজা কলির ব্রাহ্মণ॥ কলিতে জন্মিব আর জীব চিরকাল। শুনিয়া হলেন রাম অনন্দ বিশাল ॥ লক্ষণ কহেন হাসি করি যোড়কর। উত্তম করিল দিব্য রাক্ষদ-ঈশ্বর ॥ চিরকাল তপস্থা করিয়া যাহা পায়। পরদ্রোহ করিয়া এ সব যদি হয়॥ ইহা ছাড়ি অন্য বাঞ্ছা করে কোন্জন। হাসিয়া কহেন রাম, বালক লক্ষ্মণ। কলিতে-ব্ৰাহ্মণ রাজা দীৰ্ঘজীবী জন। এই ভিনে নিস্তার নাহিক কদাচন ॥ করিল কঠোর দিবা রাক্ষসের পতি। না বুঝিয়া হাসিল লক্ষ্মণ শিশুমতি॥ আজি হৈতে মিত্র হৈল বিভীষণ। লক্ষা দিব তোমারে মারিয়া দশানন # তিনজন বিচার করিল এইমত। লস্কায় গমনে সবে হইল উত্যত ॥ বানর সকলে দিক্ষ বান্ধে অবহেলে। পাষাণ ভাদিল রাজা দাগরের জলে॥ বান্ধে নল দাগর রামের উপরোধে। পার হৈয়া কটক সকল কার্য্য সাধে 🛭 মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাক দাস কহে শুনে পুণ্যবাম ॥

শ্রীরামচন্দ্রের লক্ষার প্রবেশ ও যুদ্ধ।

যুদ্ধপতি প্রধান বাছিয়া দিল থানা। দকল লক্ষায় পূর্ণ শ্রীরামের দেন। ॥ সবান্ধবে মহাশব্দে ধায় দশানন। দেখি চমকিত হৈল জীৱাম লক্ষ্মণ ॥ জিজ্ঞাসেন বিভীষণে মানিয়া বিশ্বায় । একে একে বিভীষণ দিল পরিচয় ॥ শুনি রাম কহেন রাক্ষদ বিভীষণে। নাহিক বুদ্ধির লেশ অজ্ঞান রাবণে॥ শতেক ইন্দ্রের নাহি এত পরিচ্ছদ। কি কারণে নফ করে এতেক সম্পদ। অন্য অন্য এইমত করিছে বিচার। যুদ্ধ করি পরস্পর হৈল মহামার॥ সেনাপতি সেনাপতি হইল সংগ্রাম। ইম্রজিত লক্ষণ, রাক্ষসপতি রাম॥ রণেতে পণ্ডিত রাম যুদ্ধে পরিপাটী। মাথার মুকুট দশ ফেলিলেন কাটি 🛭 লঙ্জা পেয়ে পলাইল রাজা দশানন। উভয় দৈন্যেতে আর নাহি দরশন 🛭 তবে রাশ পাঠাইল বালির নন্দনে। অনেক ভৎ সিল গিয়া রাজা দশাননে॥ অঙ্গদের বচনে রাবণ ফুঃখমতি।. পাঠাইল প্রধান অনেক সেনাপতি॥ মুনি বলিলেন কথা কহিতে বিস্তর। সংক্ষেপে কহিব শুন ধর্ম নরবর॥ বজ্ঞদন্ত মহাবাহু মহাকায় আদি। প্রহন্ত করিল যুদ্ধ নাহিক অবধি ॥ পড়িল রাক্ষ্স-সেনা নাহি পরিমিত। ক্রোধভরে আইল কুমার ইন্দ্রজিত। করিল রাক্ষদীমায়া বহু বহু রণে। নাগপাশে বন্দী কৈল জীরাম লক্ষ্মণে॥ গরুড়ে শ্মরিয়া রাম পবন আদেশে। নাগপাশে মুক্ত হৈল প্রকার বিশেষে॥ গর্ভ্জিয়া বানরগণ করে সিংছনাদ। শুনিয়া রাবণ রাজা গণিল প্রমাদ ॥

বিশ্বয় মানিয়া অতি চিন্তাকুল মনে। মহাপাশ মহোদরে পাঠাইল রণে ॥ আর চারি সেনাপতি রাবণ-কুমার। ক্রোধবেগে আদিয়া করিল মহামার॥ শিলা রুক্ষ ল'য়ে যুদ্ধ করিল বানর। অস্ত্রে অস্ত্রে বিশারদ যত নিশাচর॥ উভয় দৈন্যেতে হৈল যুদ্ধ অপ্রমিত। ছয় স্নোপতি মরে দৈনোর সহিত। শুনিয়া রাবণ রাজা গণিল প্রমাদ। পুনর্বার আইল কুমার মেঘনাদ॥ অপূর্ব্ব রাক্ষদীমায়া ইন্দ্রজিত জানে। দেখিতে না পায় কেহ থাকে কোন্ স্থানে ৷ করিল সংগ্রাম ঘোর রাবণ-সম্ভতি। চারি বারে মারিল প্রধান দেনাপতি॥ আছুক অন্যের কার্য্য শ্রীরাম লক্ষণে। জিনিয়া পরম স্থথে কহিল রাবণে॥ কেবল জীবিত মাত্র ছিল তিন জন। হসুমান হ্ৰষেণ রাক্ষস বিভীৰণ ॥ উপদেশ কহিলেক স্থায়েণ প্রধান। আনিল গন্ধমাদন গিরি হনুমান॥ ঔষধি চিনিয়া দিল হুষেণ বানর। আপনি বাটিয়া দিল রাক্ষদ ঈশ্বর ॥ মৃতদৈশ্য প্রাণ পায় হনুর প্রদাদে। কাঁপিল রাবণ বানরের সিংহনাদে॥ তবে বহু যুদ্ধ করি মৈল অকম্পন। ভয় পেয়ে কুম্ভকর্ণে জ্ঞাগায় রাবণ ॥ নিদ্রা হৈতে উঠি যায় রাজ-সম্ভাষণে। দেখিয়া বিশ্মিত হৈল ভাই তুইজনে॥ বিভীষণে জিজ্ঞাসিল কছ সমাগার। সত্তরি যোজন উচ্চ শরীর কাহার॥ তবে রুথা কি হেতু করিছ হেথা রণ। রাক্ষদের মায়া কিছু না বুঝি কারণ ॥ বিভীষণ বলে ভয় ত্যজহ অন্তর। কুম্ভকর্ণ নামেতে আমার সংহাদর॥ পূর্বেব ব্রহ্ম। বর দিয়া কৈল নিরূপণ। নিক্রা ভাঙ্গি জাগাইলে অবশ্য মরণ॥

পাঁচ মাসে জাগাইল ভয় পেয়ে মনে। দলেহ নাহিক আজি মরিবেক রণে ॥ এত যদি ক**হিল রাক্ষস বিভীষ**ণ। তৃদ্ট হ'য়ে শ্রীরাম দিলেন আলিঙ্গন।। কৃন্তুকর্ণে রাবণ কহিল সমাচার। ক্রাধে মহাবীর আসি দিল মহামার॥ একেবা**রে গিলিল বানর শতে শতে** 🖟 বাহির **হইল কেহ নাক কাণ পথে**॥ ্লখিয়া বি**কট মূর্ত্তি ধার দৈত্যগণ**। অস্ত্র যুড়ি **অগ্রে যান কমললোচন॥** বামে দেখি কুম্ভকর্ণ ধায় গিলিবারে। দছরে মারেন রাম ব্রহ্ম অস্ত্র তারে॥ ্সই বাণে মরি**ল তুরন্ত নিশা**চর। পৃষ্পরৃষ্টি করিলেন যতেক অমর॥ ভাবিত **হইল রাজা দৈন্য নাহি আ**র। িক প্রকারে এ বিপদে পাইব নিস্তার 🛭 ভাবিয়া পাঠায় শেষে মকরাক বীরে। ্দ আসি অনেক যুদ্ধ করিল সমরে॥ 🕫 যুদ্ধ করি মৈল 🕮 রামের বাণে। ^{পরে} কুম্ভ নিকৃ**ম্ভ প্রবেশ কৈল** রণে।। ^{বল} বুদ্ধি বিক্রমেতে বাপের সমান। গ্রাণপণে যুঝি**ল হু গ্রীব হুমুমান** ॥ ^{5ই} ভাই প**ড়িল লইয়া সর্ব্ব সেনা।** ^{বিন}া ইক্রজিত বীরে নাহি সাম্ভবনা ॥ ত্তে ইন্দ্ৰজ্ঞিতে আজ্ঞা দিল দশানন। ন্দৈন্যে মারহ তুমি জ্রীরাম লক্ষণ। ^{দং}হতি লইয়া **তবে সেনা অপ্রমিত**। 🥫 হেতু আইলা কুমার ইন্দ্রজিত ॥ ্লাধে আদি তবে দে করিল বহু রণ। ্টমনি করিল যুদ্ধ ঠাকুর লক্ষণ। ^{ন্যায়} রা**ক্ষ্ম যুদ্ধ করে বহুতর।** দেখাদেখি ম**হাযুদ্ধ হৈল পরস্পার ॥** ^{महिर्}ड नांत्रिल श्रृक्ष त्रांचन-नम्पन । ^{ভিশ্ন} দিয়া প্রবে**শিল নিজ্ঞ নিকেতন** ॥ ^{প্রবেশ} করিয়া সেই যজ্ঞ নার**ন্তি**ল। .^{চনকালে} বিভাষণ **লক্ষ**ণে কহিল ৷

যজ্ঞ আরম্ভিল দেব রাবণ কুমার।
যজ্ঞ সাঙ্গ হৈলে মৃত্যু নাহিক উহার॥
বিধিবাক্য আছে হেন আমি জানি ভালে।
তবে সে মারিতে পার যজ্ঞ নউ হৈলে॥
শুনিয়া হইল সবে হরষিত মন।
যজ্ঞনউ কৈল গিয়া প্রন নন্দন॥
তবে ব্রহ্ম অন্ত্র তারে মারিল লক্ষণ।
পরাণ ত্যজিল তাহে রাবণ-নন্দন॥
বার্ত্তা পেয়ে শোকাকুল রাক্ষসের পতি।
রাবণ আসিল রণে অতি ক্রোধমতি॥

त्रां वन-वधा

পুত্রশোকে সমরে আইল দশানন। দেখি অগ্রসর হৈল স্থমিত্রা নন্দন॥ লক্ষণের সঙ্গেতে আইল বিভীষণ। বিভীষণে দেখি করে রাবণ চিন্তন ॥ এতেক ভাবিয়া হুন্ট অতি ক্রোধভরে। লক্ষণে ছাড়িয়া অস্ত্র বিভীষণে মারে 🛭 এড়িলেক শেনপাট ভীষণ দর্শন। দিব্য অস্ত্র এড়ি তাহা কাটিন **লক্ষ**ণ॥ মহাক্রোধে পুনঃ শেল মারে বিভীষ্ণে। পুনর্বার লক্ষণ কাটিল দিব্য বাণে ॥ তুই শেল অন্ত্ৰ যদি কা**টিল লক্ষ্ম**ণ। যমদণ্ড শেল হাতে লইল রাবণ॥ ডাকিয়া **কহিল তবে লক্ষ্যেগ**র তরে। বুঝিলাম বীরপণ্ম রক্ষা কৈলে পরে॥ আপনা সম্বর ঝাট যায় শক্তিবর। দেখিয়া লক্ষণ বীর হইল ফাঁপর॥ প্রাণপণে বাদ মারে নারে নিবারিতে। কালদণ্ড সমান আনিয়া শৃত্যপথে॥ নির্ভয়ে বাজিল গিয়া লক্ষণের বুকে। পড়িল লকণ বীর রহ: উঠে মুখে ॥ শোকাকুল রঘুনাথ হলেন অজ্ঞান। পৰ্বত আনিল তবে বীর হসুমান 🛭 পর্বতে ঔষধি ছিল তার অমুভবে। লক্ষণ পাইল প্রাণ আনন্দিত সবে #

ালপূর্ণ হৈল রণে আইল রাবণ। াপনি গেলেন রণে কম**ললো**চন ॥ বলে দেখিয়া রখে রঘুনাথে ক্ষিতি। দ্র পাঠাইল রথ মাতলি সংহতি॥ াই রথে রঘুনাথ চড়েন কৌতুকে। ভিলি লইল রথ রাবণ-সম্মুথে ॥ াপ্রমিত যুদ্ধ হৈল ছুই মহাবল.। পমা নাহিক স্বৰ্গ মৰ্ত্ত্য রদাতল ॥ ার যত শিক্ষা ছিল দোঁহে কৈল রণ। হাক্রোধভরে তবে কমললোচন ॥ াবণের দশমুগু কাটিলেন শরে। নির্বার উঠে মুগু বিধাতার বরে ॥ ্নঃ পুনঃ যতবার কাটে রাবণে। বৈশশ না হয় ছুফ্ট পূর্বেরর সাধনে॥ ঘাড়করে বিভীষণ করে নিবেদন। মন্য অন্ত্রে না মরিবে তুর্জ্জয় রাবণ ॥ াহ্যুবাণ আছে ওর মন্দোদরী পাশ। স বাণ আনিলে হবে রাবণের নাশ॥ হুমানে আদেশিল কমললোচন। হলেতে আনিল বাণ প্রন-নন্দন॥ সেই বাণ ল'য়ে রাম যুড়িয়া ধকুকে। ক্রোধভরে মারিলেন রাবণের বুকে॥ হেনমতে পড়িল রাবণ মহাবল। পুষ্পরস্থি কৈল তবে অমর দকল॥ **ভবে সীতা আনিল রাক্ষস বিভীষণ।** দিখিয়া কহেন তাঁরে কমললোচন॥ দশমাস তোমায় রাখিল নিশাচরে। নাহি জানি ছিলে তুমি কেমন প্রকারে॥ মামারে করিবে নিন্দা এই বড় ভয়। পরীকা দেহ ত সীতা যদি মনে লয়॥ এমত শুনিয়া দীতা অতি ছুঃখমনে। শ্বিকুণ্ড ত্বালাইতে কহেন লক্ষণে॥ **লক্ষণ করিল কুগু প্রবেশিল দীতা।** কৌতুক দেখিতে যত আসিল দেবতা॥ রাম পড়িলেন সীতা বিচ্ছেদ-অনলে। হেনকালে উঠে অগ্নি সীতা ল'য়ে কোলে ॥

় ব্ৰহ্মা আদি সৰ্ব্বদেব একত্ৰ মিলিল। করিয়া অনেক স্তুতি রামেরে কহিল। আপনা না জানি কর মনুষ্য-আচার। তুমি নারায়ণ, সীতা লক্ষী অবতার॥ তোমারে দেখিতে এল যত পিতৃলোক। হের দেখ দুশরথ তোমার জনক॥ দেবগণ বলে রাম মাগ ইফটবর। শুনিয়া কহেন রাম জীউক বানর॥ পরে রাম সম্ভাষ করিয়া সর্ব্বজনে। যতেক বিবুধ গেল আপন ভুবনে॥ বিভীষণে দিল রাম রাজ্য-অধিকার। বানরগণেরে কৈল বহু পুরস্কার॥ সলৈতে গেলেন রাম অযোধ্যানগর। সিংহাসনে বসিলেন রাজ-রাজ্যেশ্বর ॥ সেবক উদ্ধার হেতু প্রভুর এ কর্ম। হেন্ত্ৰমতে তুই ভাগে লৈয়া দোঁহে জন্ম॥ দেই জয় বিজয় জন্মিল পুনর্বার। শিশুপাল দম্ভবক্ত নাম দোঁহাকার॥ পূর্ণব্রহ্ম যতুকুলে হ'য়ে অবতার। তব যজ্ঞে শিশুপালে করেন উদ্ধার **॥** তিন অবতারেতে 🕮 কৃষ্ণ ভগবান। ভক্তজনে করিলেন এই পরিত্রাণ॥ রামের এতেক ছঃখ ধরিয়া শরীর। কি হুঃথ তোমার বনে রাজা যুধিষ্ঠির॥ সবার ছঃখের কথা করিয়া শ্রবণ। সাতা-ত্রঃথে দ্রোপদীর বিদরিল মন ॥ বিষাদ না কর রাজা তুঃথ হৈল অন্ত। অল্পদিনে নফ্ট হবে কৌরব হুরস্ত ॥ বিশেষ দ্রোপদী এই সাবিত্রী সমান। যে জন উভয় কুল কৈল পরিত্রাণ ⊮ নানা স্থপ ত্যজিলেক স্বামীর কারণে। তথাপি না ত্যজিলেক স্বামী সত্যবানে। ক্ষত্রকুলে তাঁর তুল্য নহে কোন্ জন। দ্রোপদীরে দেখি যেন তাঁহার লক্ষণ ॥ সতী সাধ্বী পতিব্ৰতা লক্ষ্মী অবভার। অক্ষেতে দাসত্ব মুক্ত কৈল স্বাকার॥

ত্তেক ব্রা**জাণ থাঁর ভুঞ্জে অপ্রমাদে।**কলাচ না **হবে হুঃথ ইহার প্রসাদে॥**ভারত-পঙ্গজ রবি মহামুনি ব্যাস।
প্রান্তালী প্রবন্ধে কহে কাশীরাম দাস॥

সাবিত্রী উপাখ্যান।

বুধিষ্ঠির ব**লিলেন শুন মহামূনি।** কহিল: রামের কথা অপূর্ব্ব কাহিনী॥ হইল শরীর মুক্ত দফল এ জন্ম। দ্বিত্রী কাহার নাম কিবা তাঁর কর্ম। কিবা ধর্ম আচরিল কিবা উগ্রতপে। ্কান্ কোন্ **কুল উদ্ধারিল কোন রূপে।** গুনিবারে ইচ্ছা বড় **জন্মিল অন্তরে**। মুনিরাজ বি**স্তারিয়া কহ গো আমারে**॥ বুনি বলি**লেন শুন ধর্মা নৃপমণি।** প্রেনর রতান্ত এই অপূর্ব্ব কাহিনী॥ অবনীতে ছিল **অখপতি মহীপাল।** ছপুত্রক শিব-দেবা করে বহুকাল॥ স্ভানবিহান রাজা নিরা**নন্দ-ম**তি। ক্রিলনে হৈল এক কন্সা রূপবতী॥ ভপ্তরণ জিনি তার শরীরের শোভা। কলফবিহান কলানিধি মুখ-আভা॥ বিংখ্ন চঞ্চু জিনি বিরাজিত নাস।। শিন নকুত: পাঁতি **স্বমধু**র ভাষা ॥ ^{ক্রমের} কামান জিনি তার যুগা**ভু**রু। ফুণাল জিনিয়া বাহু রামরস্তা ঊরু॥ কুরদ্বন্ত্রী স্থচামর শুভ কেশ। সংজ্ব লভিভত হয় দেখি মধ্যদেশ॥ রূপের সমান তার গুণের গণনা। ত্ৰমতি সকল শাস্ত্ৰেতে বিচক্ষণা॥ ^{হল}5 নাহিক **অন্যমতি ধর্মা বিনা।** ^{ে বিদ}িল্ল**কৰ্মে অতি সে প্ৰবীণা॥** ^{স্থিয়বাদিনী} সভী স**র্ব্বস্থতে দয়া।** ^{ম্পুস্তি} ক্ষ**টমতি দেখিয়া ভন**য়া॥ ^{ংবিত্রী ব}লিয়া নাম রাখিল তাহার। বিৰ কন্তা পৰিত্ৰ আচার ॥

দিনে দিনে বাড়ে কন্সা বাপের মন্দিরে। স্বচ্ছন্দ গমনে যায় যথা ইচ্ছা করে॥ সমান বয়স প্রিয়স্থিগণ সাথে। **ভ্রমণ কর**য়ে স্থাথে চড়ি দিব্যর্থে ॥ বিশেষ বাঁপের রাজ্য কিছু নাহি ভয়। উপনীত হইলেক মুনির আলয়॥ নানাবিধ কৌতুক দেখিয়া রাজস্ত।। হেনকালে অপূর্ব্ব শুনহ তার কথা॥ হ্যামংসেন নামে রাজা অবন্তীর পতি। শত্রু নিল রাজ্য, বনে করিল বস্তি॥ তাঁহার নন্দন ছিল নামে সত্যবান। রূপেতে নাহিক কেহ তাছার সমান॥ মুনিপুত্রগণ সহ আছিল ক্রীড়ায়। কতদুরে থাকিয়া সাবিত্রী দেখে ভায়॥ কন্দর্প জিনিয়া রূপ কিশোর বয়েস। দেখিয়া নরেন্দ্রন্ত। জিজ্ঞাদে বিশেষ॥ কাহার নন্দন এই কহ মুনিগণ। যার রূপে উচ্ছল করিল তপোবন ॥ কহে বনবাসী জন কর অবধান। হ্যুমংদেনের পুত্র নাম সত্যবান॥ এত শুনি দাবিত্রী হইল হুকীমতি। মনেতে বরিয়া তারে কৈল নিজ পতি॥ গৃহেতে আদিয়া ভবে নৃপতির স্তা। জননীর কাছে গিয়া কহে দ্ব কথ।॥ কন্সাবাক্যে রাণী গিয়া কহে নুপবরে। শুনিয়া কহিল রাজা হুঃখিত অন্তরে॥ কোন বংশে জন্ম তার, কিবা তার ধন্ম। ম। জানিয়া কেমনে করিব হেন কর্ম্ম॥ এইরূপে আছে রাজা নিরানন্দ-মন। কতদিনে আইলেন ব্রহ্মার নন্দন॥ নারদ মুনিরে দেখি স্রখী সর্বজনে। হুষ্টমতি নরণাতি মুনি জাগমনে।। বদাইল দিব্য সিংহাননের উপর। বেদের বিহিত স্তুতি করিল বিশুর॥ আনন্দে বসিল সবে কথোপকথনে। হেনকালে দাবিত্রী আইল দেই স্থানে॥

কন্সা দেখি নৃপতিরে কহে তবে মুনি। পর্মা ফুন্দরী এই কাহার নন্দিনী ॥ অশপতি বলে মূনি কি কহিব আর। মপত্য আমার এই কন্যা মাত্র দার॥ সুনি বলে দৰ্বব স্থলক্ষণা তব স্থতা। বিবাহ দিয়াছ়, কি আছে অবিবাহিত। ॥ রাজা বলে শিশুমতি অত্যন্ন বয়েস। যোগ্যাযোগ্য ভালমন্দ না জানে বিশেষ॥ বরিয়াছে কাহায় মুনির তপোবনে। নিরূপণ না জানি সন্দেহ আছে মনে॥ ভাল হৈল ভাগ্যবশে আইলা আপনি ৷ চিরদিনে ঘুচিল মনের ধন্ধ মুনি॥ নারদ কহিল তবে সাবিত্রীর প্রতি। কোন বংশে জন্ম তান্ন কাহার সন্ততি॥ সাবিত্রী কহিল দেব মুনির আশ্রমে। স্থামৎসেনের পুজ সত্যবান নামে॥ নারদ কহিল আমি জানি দব বার্তা : ভাহা ছাড়ি দাবিত্রী করহ অন্য ভর্তা॥ সাবিত্রী কহিল পূর্বের বরিয়াছি মনে। অন্যে বরি ভ্রম্ভী হৈব কিদের কারণে ॥ মূনি বলে দোষ নাই শুন মম কথা। সাবিত্রী কহিল মূনি না হবে অন্যথা॥ পুনঃ পুনঃ দোঁছাকার এই বাক্য শুনি ব্যস্ত হ'য়ে ভাঁরে জিজাসিল নৃপমণি॥ তাহার রভান্ত শুনি কহ মুনিবর। কি কারণে বরিতে কহিলে মন্য বর ম কোন বংশে জন্ম তার, কাহার নন্দন ! কহ 🤏 নি মুনিবর ব্যস্ত মম মন ॥ নুপতির মুখে শুনি এতেক বচন। কুপাৰশৈ কহিতে লাগিল তপোধন ! সূর্য্যবংশে হুরদেন রাজার সন্ততি। ত্যুমৎদেন নামে রাজা অবস্তীর পতি॥ মহিমা সাগর মহারাজ গুণবান। -পুথিবীতে নাহি 🗢নি তাঁহার সমান ॥ খণ্ডন না যায় রাজা দৈবের নির্ববন্ধ । 🤊 কতদিনে নৃপতির চক্ষু হৈল অন্ধ।

চক্ষুহীন শিশুপুত্ৰ নাহি অন্য জন। সময় পাইয়া রাজ্য নিল চক্রীগণ ॥ ভার্য্যা পুত্র সহিত করিল বনবাস। মহাক্রেশে আছে সর্ব্ব স্থখেতে নিরাশ। বিচার করিয়া দেখ দৈবের সংযোগ। শরীর ধরিলে হয় **তুঃখ-স্থখ-ভো**গ। রাজা বলে কুতার্থ করিলে তপোধন। এই চিন্তা করি সদা নিরানন্দ-মন ॥ তুঃথ স্থপ শরীরের সহযোগে জন্ম। সময়ে প্রবল হয় আপনার কর্ম। ভাল মন্দ আপন ইচ্ছায় কিছু নয়। দৈবের সংযোগ দেই যথন যে হয়॥ বর্যোগ্য বটে যদি সেই সভ্যবান। আজা কর সাবিত্রী কন্সারে করি দান 🗈 ্রমুনি বলিলেন এতে বাধা করি আমি। পুনঃ পুনঃ আমারে জিজ্ঞাসা কর ভূমি॥ কুলে শীলে রূপে গুণে তোমা হৈতে শ্রেষ্ঠ। দকল স্থন্দর বটে একমাত্র কষ্ট ॥ আজি হৈতে যাবৎ বৎসর পূর্ণ হয়। দেই দিনে দতাবান মরিবে নি**শ্চ**য় । किश्र्य ভবিষ্য কথা यक्ति लग्न মনে । যোগ্য দেখি কন্সাদান কর অন্য জনে 🖟 শুনিয়া মুনির মুখে এতেক ভারতী। কহিতে লাগিল অশ্বপতি মহামতি॥ কদাচ কর্ত্তব্য মম নহে এই কর্ম। বালকের ক্রীড়ায় নাহিক ধর্মাধর্ম ॥ धरन भारन कुरल नीरल হবে গুণবান্। বিচার করিয়া আরে দিব কন্যাদান॥ দোষ না থাকিবে তার হবে রাজ্যেশ্বর ৷ এমত পাত্রেতে কন্যা দিব মুনিবর॥ কন্যাদানকর্তা পিতা আছে পূর্ব্বাপর। তাহে যদি মন নছে হবে স্বয়ন্ত্র ॥ ব্দানাইব পৃথিবীর যত নৃপচয়। (मिथिया विज्ञात कच्छा यादा यन नेयू H অল্লমায়ু কি হেডু বরিবে সত্যবান। বিশেষ বৈধব্যু-ছুঃখ মরণ সমান ॥

শুনিয়া দোঁহার মুখে এতেক ভারতী। ্ত ভাপ্সলি কহিছে সাবিত্রী গুণবতী॥ 🛪 নহ জনক মম সত্য নিরূপণ। কলচিত নয়নে না হেরি অক্তজন।। ্রম মানসে তাঁরে বরিয়াছি আমি। ক্রবন মরণে সেই সত্যবান স্বামী ॥ বৈশবা যন্ত্রণা যদি থাকে মম ভোগ। ত গুনু না যাবে পিতা দৈবের সংযোগ ॥ ক্রমিতা সংসার এই অবশ্য মরণ। ম সরিয়া 6িরজীবী আছে কোন জন ॥ অদার সংসার মাঝে আছে এক ধর্ম। 🕬 ছাড়ি কিমতে করিবে অন্য কর্ম।। থিক ধি**ক সে ছার স্থথেতে অভিলাষ।** ^এক্স ছাডি অধর্মে যে করে হুথ আশ। িক করিব হুখে পিতা, কর্ত কাল জীব। ক্রর্থে আজন্ম কাল নরকে থাকিব॥ এর শুনি প্রশংসা করিল তাপোধন। গাণীব্বাদ্ করি গেল নিজ নিকেতন ॥ মন্বপতি **তুঃখ অতি পাইল অন্তরে।** কহিল অনেক কথা সাবিত্রীর ভরে॥ বনাইল নরপতি বিবিধ বিধান। ^{দাবি}ত্ৰী ক**হিল মম পতি সত্যৰান ॥** ভারত-পক্ষজ রবি মহামুনি ব্যাস। ^{পাঁচ}ালী প্রবন্ধে রচে কাশীরাম দাস ॥

নাবিত্রীর সহিত সভ্যবানের বিবাছ।
একান্ত বুঝিয়া রাজা তনয়ার মন।
বন হৈতে সভ্যবানে আনিল তখন ॥
বিশিমতে বিবাহ দিলেন নরপতি।
শত্যবান গেল তবে আপন বসতি॥
শত্রের বিবাহ-বার্তা মহোৎসব শুনি।
গরিষ বিষাদ-মনে কহে রাজ্ঞরাণী॥
নিলারণ বিধি কৈল এ সব সংযোগ।
নিরাশ করিল মোরে দিয়া বহু ভোগ॥
ইন্দ্রের বৈত্রব জিনি ভ্যক্তি নিজ দেশ।
বন্ধতে নিবাস করি ভপনীর্বেশ॥

বধূ মম অশ্বপতি নুপতির বালা। হেনজন কিরুপে থাকিবে বুক্ষভলা।। এইমতে কহিল অনেক রাজা রাণী। সাবিত্রী দেখিতে এল যতেক ব্রাহ্মণী॥ অনেক প্রশংসা করি কছে সর্ববন্ধন। সমানে সমানে বিধি করিল মিলন ॥ তুমি রাণী ভাগ্যবতী রাজা মহাসাধু। সে কারণে পাইলে সাবিত্রী হেন বধু 🛊 অনেক লক্ষণ দেখি ইহার শরীরে। এত বলি গেল সবে নিজ নিজ ঘরে॥ পরম আনন্দ-মনে রহে চারিজনে। নিতা নিতা সভাবান প্রবেশিয়া বনে ॥ নানাবিধ ফল মূল করণ্ডেতে ভরে। প্রতিদিন আনি দেয় সাবিত্রী গোচরে ॥ সাবিত্রীর মহিমা শুনিতে চমৎকার। যাঁর নামে ধন্যধন্য জগৎ সংসার॥ শ্বশুর শাশুড়ী সেবে দেবের সমানে। নানা দেবা করে নিভ্য পতি সভ্যবানে ॥ লক্ষীর সমান হয় সতী পতিব্রতা। নিত্য নিয়মিত পুঙ্গে ব্রাহ্মণ দেবত। ॥ দেৰতা সেবিয়া শ্ৰেষ্ঠ পুরুষ পাইল। মধুর সম্ভাষে বনবাসী বশ হৈল। অত্যন্ত তুষিল সর্ব্বভূতে দয়াবতী। ভার গুণে তুল্য দিতে নাহি বহুমতী ॥ যত্ত্বে আচরিল যত নানাবিধ কর্ম। নিত্য নিয়মিত যত বেদবিধি ধর্ম॥ ইন্টেতে একান্ত মতি করে আচরণ। শিক্ষ যত কর্ম চিত্র বিচিত্র রচন 🛚 দেখিয়া সানন্দ রাজা রাণী সত্যবান। বংশরেক সাবিত্রী আছ্যে সেই স্থান # নারদের বচন স্মরিয়া অমুক্রণ। লোকদাজে নানা কাজে নিবারিয়া মন # নিমেষ মুহূর্ত্ত দণ্ড প্রাণ আদি করি। न्द्र न्द्र भिन्याय निवन भविती ॥ পঞ্চদশ দিনে পক্ষ, দ্বিপক্ষেতে মাদ। হেন মতে যায় মাদ বাড়য়ে নিয়াশ 🛭

এইমতে অফুক্ষণ সাবিত্রীর মনে। গ রাণী সত্যবান কিছুই না জানে॥ তক প্রকারে শুন ধর্ম নরবর। সেরের শেষ মাত্র দ্বিতীয় বাসর।। স্নায় আকুল হৈল নৃপতির স্থতা। বিচারিল, পূর্ণ হৈল নারদের কথা॥ শবশ্য হইবে যাহ। করিবে ঈশ্বর। শামার একান্ত ভার তাঁহার উপর ॥ হেনমতে বিচার করিয়া সারোদ্ধার। আরম্ভ করিল তবে সংসারের সার॥ শাইলেন জ্যৈষ্ঠমাস কৃষ্ণ চতুর্দশী। লক্ষী নারায়ণে সতী প্রক্তে অহর্নিশি॥ শুদ্ধভাবে একমনে বসিল ফুন্দরী। অনায়াসে বঞ্চিলেক দিবস শর্বারী ॥ আর দিন প্রভাতে উঠিয়া সয়তনে । বিধিমতে করাইল ব্রাহ্মণ-ভোজনে॥ দক্ষিণান্ত করি কার্য্য কৈল সমাপন। আশীর্কাদ করিয়া গেলেন দ্বিজ্ঞগণ **॥** এইরূপে বঞ্চিলেক দ্বিতীয় প্রহর। সেই দিনে পূর্ণ সত্যবানের বৎসর॥ ভাহাতে ভূপতি হুতা চিন্তাকুলমন।। হেনকালে শুন রাজা দৈবের ঘটনা॥ নিত্য নিত্য সত্যবান প্রবেশিয়া বন। ফল মূল কাষ্ঠাদি করেন আহরণ॥ **র্মিদবসের শেষ দেখি রাজার তন্**য়। বিচারিল বনে যাই হইল সময় 🏽 ভাবিয়া করণ্ড কুঠার লইলেক করে। বিদায় হইল গিয়া মায়ের গোচরে॥ রাণী বলে 🖦ন পুত্র দিবা অবশেষ। এমত সময় বনে না কর প্রবেশ॥ ত্যেবান বলে মাতা না করিহ ভয়। **শি**খনি আসিব মাতা জানিও নিশ্চয়॥ 4ত বলি চলিলেক রাজার কুমার। বার্ত্ত পেয়ে সাবিত্রী দেখিল অন্ধকার॥ শাকাকুলা বিচার করিয়া মনে মন। পূর্ণ হৈল যাহ। কৈল ভ্রহ্মার নক্ষন॥

কালপূর্ণ হয় আজি রাজার নন্দনে। কর্মসূত্রে টানিয়া লইল মৃত্যুস্থানে ॥ বিবাহ জনম মৃত্যু যথা যেই মতে। সময়ে আপনি সবে যায় সেই পথে।। দে কারণে যে স্থানে তাহার মৃহ্যুন্থান। স্থৃপতি-নন্দন তথা করিল প্রয়াণ॥ ভাবিলেক কালপ্রাপ্ত যদি মম পতি। আমার উচিত হয় যাইতে সংহতি॥ কারে না কহিল কিছু নৃপতির হৃতা। শীদ্রগতি গেল তবে পতি যায় যথা॥ নুপতি শুনিয়া বলে নিষেধ বচন। সাবিত্রী নিষেধ নাহি মানিল তথন ॥ 'রাজরাণী বার্ত্ত। পান বধু যায় বন। চিস্তাকুলা মহিষী আইল সেইক্ষণ॥ সাবিত্রীকে কহিলেন মধুর বচন। কহ বধু চিস্তা কর কিসের কারণ॥ ফল মূল ল'য়ে স্বামী আসিবে এখন। কি কারণে মহাকটে যাবে তুমি বন ॥ অন্য কেহ নাহি তথা দেখ ঘোর বন। কি কারণে চিন্তা কর স্থামীর কারণ ॥ তুই দিন হৈল তাহে আছ উপবাসী। ঘরে আসি ভোজন করহ হ্রথে বসি। শাশুড়ীর মুখে শুনি এতেক বচন। করযোডে কহিতে লাগিল দেইক্ষণ ॥ আসিয়া পশ্চাতে আমি করিব ভোজন। আজ্ঞা দেহ তবে রাণী দেখে আসি বন ॥ বিশেষতঃ আছে এই শান্ত্রের প্রদঙ্গ। ব্ৰত শেষ বঞ্চিবেক নিজ পতি সঙ্গ ॥ দেখিয়া বনের শোভা দিবস বঞ্চিব। আনন্দে স্বামীর সঙ্গে এখনি আসিব ॥ সাবিত্রীর অভিলাষ বুঝি রাজরাণী। নিব্বতা হইল আর না কহিল বাণী॥ হেনমতে সাবিত্রী সহিত সত্যবান। নিবীড় কানন মাঝে করিল পয়াণ॥ নানা রূপ কৌতুক দেখিয়া তুইজন। ৰন্থবিধ ফলমূল কৈল আহরণ॥

_{নিবাক্য} মনে করি নৃপতির স্থতা। ত্যন্ত ব্যাকুলা হৈল আর চিন্তাযুতা॥ । জানি কেমনে হবে পতির নিধন। ত্যবান নাহি জানে এত বিবরণ 🖠 ্রণ করিয়া **হুখে তুলে ফল মূল।** াত্র পরিপূর্ণ **হৈল নাহি আর হল ॥** াগিয়। অাকশি সাজি সাবিত্রীর কাছে। গ্ৰন্থ হৈছু সভ্যবান উঠে গিয়া গাছে॥ ত্ত'রে কা**টিল তবে রক্ষ সহ ভাল।** টপস্থিত হইয়া **আসিল মৃত্যুকাল॥** কেন্দ্রাৎ শিরঃপীড়া **করিল অস্থির।** হস্র বাণেতে **যেন দংশিলেক শির**॥ ত্রবান ব**লে শুন রাজার তন্যা।** বিতে না পারি **কিবা হৈল দেবমায়া।** শদিক **অন্ধকার দেখি অকস্মা**ৎ। হ্র সহস্র শেল মারয়ে নির্ঘাত ॥ ত্ম হৈতে বা**হির হইল বুঝি প্রাণ।** মস্তার নাহিক **আর হইসু অজ্ঞান॥** াবিত্রী ক**হিল আমি জানি পূর্ববক্থা।** গাঁ ধর এখনি ঘুচিবে শিরোব্যথা ॥ ^{য়ন} করিয়া স্থথে থাকহ ঠাকুর। ^{ইবে} সকল পীড়া **মুছূর্তেকে দূর**॥ ^{:ছ অঙ্গ} বসন পাতিয়া পুণ্যৰতী। ক্তে রাখিয়া **শির শোয়াইল পতি**॥ ^{হাভারতে}র কথা **অমৃত সমান।** 'ইরান দাস কহে শুনে পুণ্যবান॥

^{্রতানের} মৃত্যু এবং যমের নিকটে সাবিত্রীর বরপ্রাপ্তি।

্রত্বন রহিত হৈল রাজার তনয়।
ত্রম ক্রমে আয়ুশেষ হইল তথায় ॥
ত্রিয়া নুপতিস্থতা ভাবে মনে মুনে।
ত্রিপূর্ণ হৈল রাজার নন্দনে॥
বিশ্র জাসিবে হেথা ক্রতান্ত কিকর।
ত্রিব কেমনে লয় আমার ঈশ্বর॥

হেনমতে সাবিত্রী রহিল ঘোর বনে। হেথার ডাকিল যম যত দূতগণে॥ সত্যবানে আনিতে কহিল ধর্মারাজ। আজ্ঞাতে আইল শীঘ্র দূতের সমাজ।। यथात्र कानत्न পिए पूर्वि-नमंन। তাহার নিকটে গেল যত দূতগণ॥ পরশিতে না পারিল সাবিত্রীর তেজে। নিরস্ত হইয়া দূত কহে ধর্মারাজে॥ দূতমুখে ধর্মারাজ পাইল বারতা। আপনি আইল শীঘ্ৰ সত্যবান যথা॥ দেখিয়া সাবিত্রী কহে ভূমি কোন্ জন। ধর্মরাজ বলে আমি সবার শমন॥ রাজপুত্র সভ্যবান এই তব স্বামী। কালপূৰ্ণ হৈল আজি ল'য়ে যাব আমি॥ সাবিত্রী কহিল ধর্মা যে আজ্ঞা ভোমার। বিধাতার নির্ববন্ধ লঙ্গ্যিতে শক্তি কার॥ মায়াতে মোহিত সব কেবা কার পতি। সবে সত্যধর্ম মাত্র অথিলের পতি॥ এতেক কহিয়া সতী ছাড়ে সত্যবানে। করযোড়ে রহিল যমের বিভ্যমানে॥ সত্যবান সমীপে আসিয়া সূর্য্যস্ত । শরীর ইইতে বার করিল অদ্ভূত॥ অঙ্গুষ্ট প্রমাণ তমু দেখিতে হৃন্দর। বন্ধন করিয়া নিয়া চলিল সত্বর ॥ দেখিয়া পতির দশা হ'য়ে হুঃখমতি। কিছু না ক**হি**য়া চলে যমের সংহতি ॥ দেখিয়া কুতান্ত তবে জিজ্ঞাসিল তারে। কে তুমি কি হেতু বল যাবে কোথাকারে॥ কালেতে হৈল তব পতির মরণ। তার জন্ম র্থা চিস্তা কর কি কারণ ॥ সকলের নিয়ম আছুয়ে এইমত। কালপূর্ণ হৈলে সবে যায় মৃত্যুপথ ॥ আমার বচনে ঘরে যাও গুণবতী। শীভ্রগতি স্বামীর চিন্তহ উর্দ্ধগতি ॥ ধর্মরাজ মূথে শুনি এতেক উত্তর। রাজার নন্দিনী কুছে করি যোড়কর ॥

যে কিছু কহিলে প্রভূ সব জানি আমি। কেবা কার ভাই বন্ধু কেবা কার স্বামী॥ সহজে সংসার মিখ্যা বিশেষ আমার। মায়াপাশে কি হেতৃ যাইব পুনর্বার॥ কালপূর্ণে মরে পতি হুঃখ নাহি ভাবি। मकल मतिरव, नरह किह छित्रकोवी ॥ এইমত ব্রহ্মাণ্ড মধ্যেতে যত জন। জনম লভিলে হয় অবশ্য মরণ॥ ধর্মাধর্ম অনুসারে হুখ-চুঃখ ভোগ। নিজ ইচ্ছা নছে, করে বিধির সংযোগ।। সাপনার স্থকর্ম ভুঞ্জিবে মোর পতি। আমার কি সাধ্য করি তাঁর উর্দ্ধগতি॥ আপনি আপন বন্ধু যদি রাথে ধর্ম। আপনি আপন শত্রু করিলে কুকর্ম্ম॥ স্থ্য চুঃথ ধর্মাধর্ম দদা অমুগত। পুর্ব্বাপর নিয়মিত আছে শাস্ত্রমত॥ সে কারণে প্রাণপণে করিবেক ধর্ম। শতের সঙ্গতি হৈলে করে নানা কর্ম। সংসারের সার সঙ্গ বলে মুনিগণে। শঙ্গদোষে চোর হয়, সাধু সঙ্গগে 🛚 শাবিত্রীর মুখে শুনি এতেক ভারতী। পরম সন্তব্ট হ'য়ে বলে মৃহ্যুপতি॥ পৃথিবীতে দাধ্বী তুমি নূপতির হৃতা। তোমার জননী ধন্ম, ধন্ম তব পিতা । **শ্রুবণে শুনিফু তব বাক্য স্থার**দ F বর লহ সাবিত্রী হইসু তব বশ ॥ সত্যবানে ছাড়ি তুমি মাগ অন্য বর। যাহা ইচ্ছা মাগি লও আমার গোচর B দাবিত্রী কহিল যদি হৈলে কুপাবান। অপুত্ৰ আছেন পিতা দেহ পুত্ৰদান॥ যম বলে তারে আমি দিকু পুত্রবর। যাও শীভ্রগতি তুমি আপনার ঘর॥ পাবিত্রী কহিল अন মম নিবেদন। তব শঙ্গ ছাড়িতে তিলেক নাহি মন 🛭 সতের সঙ্গতি যেন কাশীর নিবাস। আমারে করিতে চাহ ইহাতে নিরাশ 🛚 -

পূর্ব্ব-পিতৃ পুণ্যবলে নিজ ভাগ্যবশে। তোমা হেন গুণনিধি পাই অনায়াদে॥ ইহা হৈতে কৰ্ম্মবন্ধ না হইবে ক্ষয়। জানিকু আমারে বাম বিধাতা নিশ্চয়॥ এত শুনি তৃষ্ট হ'য়ে বলে মৃত্যুপতি। অমূত অধিক শুনি তোমার ভারতী॥ পুনঃ পুনঃ আনন্দ জন্মাও মম মনে। বর মাগ বিনা সত্যবানের জীবনে॥ **সাবিত্রী কহিল যদি কুপা কৈলে মোরে**: খশুর আছেন অন্ধ চক্ষু দেহ তাঁরে।। শমন কছেন চক্ষু হইবে তাঁহার। রজনী অধিক হয় যাও নিজাগার ॥ রাজার নন্দিনী কহে সব জীন তুমি। সংসার-বাসনা কভু নাহি করি আমি॥ না চাহি তনয় বন্ধু নাহি চাহি পতি আজা কর সতত ধর্মেতে রহে মতি॥ এত শুনি তৃষ্ট হ'য়ে কহে দণ্ডপাণি। পরম স্থশীলা তুমি রাজার নন্দিনী 🛭 তব বাক্যে আনন্দ হইল মম মন। বর মাগ বিনা সত্যবানের জীবন 🛚 সাবিত্রী কহিল আর না করিব লোভ। লোভে পাপ পাপে মৃত্যু পাছে হয় ক্ষোভ। সে কারণে বর নিতে ভয় বাসি মনে। শুনিয়া কৌতুকে যম কহে সেইক্ষণে 🛚 সত্যবানের জীবন ছাড়িয়া অন্য বর : যাহা ইচ্ছা মাগ তুমি আমার গোচর॥ সাবিত্রী কহিল বর মাগি যে শমন। রাজ্যহীন আছে রাজা দেহ রাজ্যধন 🛚 যম বলে পুনঃ রাজ্য পাবে নৃপবর। বিলম্ব নাহিক কার্য্য যাহ নিজ ঘর ॥ সাবিত্রী কহিল শুন মম নিবেদন। অবশ্য হইবে যাহা বিধির স্থন্সন 🛭 মায়াতে মোহিত সবে সত্যপথ ত্যজে। ঘর ঘোর বিপদ-সাগরে মাত্র মজে। আমার আমার করি বলে সর্ববজন । মিখ্যা ঘর পরিবার মজাইয়া মন 🛭

_{নারী} পুত্র বান্ধব খণ্ডর পিতা মাতা। অনুর্গের হেতু.সব মহাত্র:খদাতা ॥ ক্র সব পালন হেতু ত্যক্তে নিজ ধর্ম। ভরণ পোষণ করে করিয়া কুকর্ম্ম 🛚 প্রশাতে অধর্মভাগী হয় সেই জনা। নিজ অঙ্গে ভোগ করে বিবিধ যন্ত্রণা॥ _{নয়ন} থাকিতে **অন্ধপ্ৰায় যত লোক।** কর্মাসূত্রে বন্ধ যেন তসরের পোক॥ ব্যাকালে অপনার কর্মাকল পায়। বিধির নি**র্ববন্ধ সেই রক্ষপত্র খায়**॥ জানিয়া তথাপি তারা থাকে অনায়াদে। পাছে বিপরীত বৃ**দ্ধি হয় কর্মদোধে ॥** হ্রখেতে থাকিব হেন ভাবিয়া অস্তরে। নিজ সূত্রে বে**ষ্টিত হইয়া পাছে মরে॥** দেই মত পৃথিবীতে হৈল যত লোক। মায়ামোহে মজিয়া পশ্চাতে পায় শোক ॥ সংশার অশার প্রভু সার ধর্ম্মপথ। তাহা বিনা আমার নাহিক মনোরথ 🛭 ঘর ঘোর বন্ধনে যাইতে কদাচন। নিশ্চয় জানিছ দেব নাহি মম মন॥ উৎপত্তিতে তপ্তঞ্জীব চিস্তার হুতাশে। শীতল হউক দেব তোমার পরশে ॥ ^{আজ্ঞা} কর মুহূ<u>র্ণ্</u>জেকে থাকিব সংহতি। এত শুনি তুষ্ট হ'য়ে বলে মৃত্যুপতি॥ ধ্য তব চবিত্র আমার চমৎকার। অগোচর নহে মম অখিল সংসার # ^{অন্নকাল} ধর্মে ত এতেক তব মতি। ভোমার তুলনা যোগ্য নাহি,দেখি ক্ষিতি॥ পৃথিবীতে তোমার হইল যত যশ। মধুর বচনে ত**ব হইলাম বশ**॥ গত্যবান জীবন ব্যতীত ব্যয় বর। গাহা ইচ্ছা মাগি **লহ আমার গোচর॥** ^{ক্}ন্যা বলে এই স্ত্যুবানের **ঔর**সে। ^{হইবেক} এক পু**জ্র পঞ্চম বরুষে।।** ংনমতে দেহ মোরে **শতেক নন্দন।** মুখ্যীকার নিজ বাক্য করছ পালন 🛭

কৃতান্ত কহিল ঘরে যাও গুণবতী। মম বরে হবে তব শতেক সন্ততি॥ এত বলি শীঘ্ৰগতি চলিল শমন। সাবিত্রী ভাঁহার পাছে করিল পমন # যম বলে কি কারণে আসিতেছ কোগা। চারি বর দিলাম জঞ্জাল কর রুখা।। সাবিত্রী কহিল দেব উত্তম কহিলা। শত পুত্র জন্মিবে আপনি বর দিলা।। ব্দলজ্য্য তোমার বাক্য কে পারে লজ্জিতে। আমার হইবে পুত্র সত্যবান হৈতে॥ ইহার বিধান অত্যে কর ধর্ম্মরায়। তোমার সংহতি মম নাহি কোন দায় ॥ সাবিত্রীর মুখে শুনি এতেক ভারতী। পরম লজ্জিত হ'য়ে কহে মৃহ্যুপতি। এ তিন ভুবনে তুমি সতী পত্তিব্ৰতা। পবিত্র হইবে লোক শুনে তব কথা॥ বিশেষ করিলে ব্রত চতুর্দ্দশী দিনে। পাইলে এ চারি বর তাহার কারণে॥ দ্বিতীয় তোমার কর্ম্ম কহনে না যায়। নতুবা শুনেছ কোথা ম'লে প্রাণ পায়॥ এই লও তব পতি রাঙ্গা সত্যবান। কৌতুকে গমন কর আপনার স্থান॥ যেই ব্রত করিলে বিসয়া অহর্নিশি। লোকে পরে করিবে সাবিত্রী চতুর্দশী॥ ভক্তিভাবে এই কথা কহে যেইজন। পাইবে পরম পদ না যায় খণ্ডন॥ তোমার মহিমা থেবা করিবে শ্মরণ। আমা হৈতে ভয় তার নাহি কদানে 🕆 তোমার গুণেতে বশ হইলাম আমি। যাও শীঘ্ৰ সহিতে লুইয়া নিজ স্বামী॥ পৃথিবীতে ভোগ কর পরম কৌভূকে। অন্তকালে বদতি দোঁহার বিষ্ণুলোকে॥ এত বলি মৃহ্যুপতি ছাড়ি সত্যবানে। আনন্দ-বিধানে গেল আপনার স্থানে॥ মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাসে কছে শুনে পুণ্যবান ॥

. সত্যবানের পুনত্রীবন লাভ।

নিজ পতি পেয়ে সতী হরষিত মতি। স্বামীর নিকটে গেল পুনঃ শীঘগতি॥ মহানন্দে ল'য়ে সেই অঙ্গুষ্ঠ পুরুষে। স্বামী অঙ্গে নিয়োজিল পরম হরিষে ম চেত্রন পাইয়া উঠে রাজার নন্দন। নিদ্র। হ'তে যেমন হইল জাগরণ॥ ় হেনকালে শুন যুধিষ্ঠির নৃপমণি। অস্ত গেল দিবাকর আইল রজনী ॥ দেখি সত্যবান অতি চিন্তাকুল মনে। কছিতে লাগিল সাবিত্রী সম্বোধনে॥ কহ প্রিয়ে হইল তুরন্ত ঘোর নিশি। কিমতে পাইব রক্ষা অরণ্যেতে বসি ॥ চিনিতে না প্রারি পথ অন্ধকার ঘোর। কেন প্রিয়ে না করিলে নিদ্রাভঙ্গ মোর॥ হায় বিধি কালনিদ্র। মোরে আনি দিলে। কান্দিবেক জনক জননী শোকাকুলে ॥ সাবিত্রী কহিল প্রভু শুন মম কথা। হইল যে কর্ম্ম তাহা চিস্তা কর রুথা॥ নিদ্রা ভঙ্গ করিলে অধর্মা বড় হয়। সেই জন্য জাগাইতে মনে হৈল ভয় ॥ মনে মনে অবশ্য আছয়ে কিছু বেলা। দে কারণে প্রভু রৈন্তু মনে ক্রি হেলা।। মেঘেতে আচ্ছন্ন বেলা নারিমু বুঝিতে। মম দোষ নাহি কিছু না ভাবিও চিতে॥ অন্ধকারে গ্রহে থেতে কর মনোরথ। রাত্রিকালে বনস্থলে না জানিবে পথ। চল প্রভু এই বৃক্ষে অরোহণ করি। কোন মতে বঞ্চি প্ৰাস্থু এ ঘোর শৰ্বৰরী॥ প্রভাতে উঠিয়া কালি করিব গমন। যে আজ্ঞা তোমার এই মম নিবেদন ॥ সত্যবান বলে প্রিয়ে উত্তম কহিলে। ইহা না করিলে কোথা যাব রাত্রিকালে॥ ইহা বলি উঠে দোঁহে বুক্ষের উপরে। চিন্তায় আকুল রহে হুঃখিত অন্তরে 🛭

তথায় হইল চকু অন্ধ নৃপতির। পুত্রের বিশন্ব দেখি হইল অন্থির॥ শোকাকুল অনেক কান্দয়ে রাজরাণী। কোথায় রহিল পুত্র এ ঘোর রজনী॥ তিন দিন উপবাসী বধু গেল সাথে । না জানি কেমন কষ্ট হইল বা পথে। এতকালে স্বামী যদি পায় চকুদান। হারাইল রত্ননিধি পুক্র সত্যবান ॥ হায় বধু দাবিত্রী, কুমার সত্যবান। তোমা দোঁহা না দেখিয়া ফাটে নম প্রাণঃ ঘোর বনে বনজস্তু শত শত ছিল। অভাগীর কর্মদোবে বুঝি বা হিংসিল। নাম ধরি কন্দিয়া উঠিল ছইজনে। কারণ জানিতে গেল মুনিগণ স্থানে॥ একে একে কহিল যতেক মুনিগণ। কি হেতু তোমরা এত করিছ ক্রন্দন। আখাদ করিয়া কয় না করিবে ভয়। স্থার লক্ষণ রাজা জানিও নিশ্চয়॥ আমা সবাকার বাক্য কন্তু নহে আন। রাত্রিশেষে আদিবে সাবিত্রী সভ্যবান॥ সান্ত্রনা করিয়া দোঁহে পাঠাইল ঘর। চিন্তাকুল রহিলেন হুঃখিত অন্তরু,॥ কতেক কন্টেতে বঞ্চিলেন সেই কিশি। হেনকালে অরুণ উদয় পূর্ব্বদিশি॥ প্রভাত জানিয়া তবে রাজার নন্দন। ফলমূল কাষ্ঠ ল'য়ে করিল গম**ন**॥ হেথা রাজা রাণী করে পথ নিরীক্ষণ। হেনকালে নিকটে আইল তুইজন॥ তিতিল দোঁহার অঙ্গ প্রেম-অশ্রুজলে। সেইমত আমন্দ হইল বনস্থলে॥ আশ্রমে আইল দোঁহে প্রফুল্লবদনে। সত্যবান সাবিত্রী আইল নিকেতনে॥ শুনিয়া আদিল যত ছিল মুনিগণ। বিস্ময় খানিয়া দবে জিজ্ঞাদে কারণ॥ স্বাকারে সাবিত্রী কহিল বিবরণ। আগু অভ যত সৰ বনের কথন ৷

এত শুনি সর্ববন্ধন সাবিত্রীর কথা। জানিল মনুষ্য নহে অশ্বপতি হতা 🛚 বহুবিধ প্রশংসা করিল সর্বজন। আশীর্কাদ করি সবে করিল গমন॥ দাবিত্রীর চরিত্র শুনিয়া রাজা রাণী। আপনারে কৃতকৃত্য ভাগ্যবান মানি॥ প্রানদান করিলেন হরিষ অন্তরে। শুন ধর্মারাজ তার কত দিনাস্তরে 🛚 _{অশ্ব}পতি ভূপতি হইল পুত্রবান। শক্ত জিনি **ভ্রিজ রাজ্য নিল সত্যবান ॥** দাবিত্রীর শত পুজ্র হৈল যথাকালে। নিজ রাজ্যে একতে বঞ্চিলা কুভূ**হলে ॥** দাবিত্রীর তুল্য নাহি এ তিন ভুবনে। গুই কুল **উদ্ধার করিল নিজ গুণে ॥** মুচজন পায় প্রাণ অন্ধ চক্ষুদান। অপুত্রক ছি**ল রাজা হৈল পুত্রবান ৷৷** জন্মাইল আপনার শতেক সন্ততি। নিজ রাজ্য উদ্ধার করিল গুণবতী॥ এই হেতু **সর্ব্বজন ভুবন ভিতরে।** সাবিত্রী সমান বলি আশীর্বাদ করে॥ পূর্কের রুত্তান্ত এই ধর্ণেরর নন্দন। ্রদ্রাপদীর দেখি আমি তাহার *লক্ষণ*॥ এত বলি নি**জ স্থানে গেল মুনিরাজ।** সানন্দ বিধানে রহে পগুাব-সমাজ। ভারত-চরিত্র রচে মহামুনি ব্যাস। পাঁচালী প্রবন্ধে বিরচিল তাঁর দাস॥

মকালে স্বান্তের বিবরণ ও জৌপদীর দর্গচ্ব।
পরদিন প্রাতঃকালে উঠি সর্বজন।
হেনকালে জৌপদীর উপজিল মন॥
এ তিন ভুবনে আমি সতী পতিব্রতা।
স্থামীগণ সহ বনে ছঃখেতে ছঃখিতা॥
পুনঃ প্রনংশা করয়ে মুনিগণ।
নিশ্চয় জানিমু মম সফল জীবন॥
ভবিল ভুবনপতি যার এত বশ।
ইহার অধিক মম কিবা আছে যশ॥

এইমত অহস্কার করে যাজ্ঞসেনী। অন্তর্য্যামী সকল জানেন চক্রপাণি॥ গৰ্ব্ব চূৰ্ণ নিমিত্ত ভাবেন নারায়ণ। হেনকালে দেখেন মুনির তপোবন 🗈 অকালে রদাল বুকে এক ফল দেখি। অর্জ্বনে কহিল কৃষ্ণা পরম কৌতৃকী॥ আশ্চর্য্য দেখহ দেব, এ বড় বিস্ময়। এই আত্র পাড়ি দেহ রূপা যদি হয়॥ এত শুনি ধনঞ্জয় যুড়ি দিব্য শর। আত্র পাড়ি অর্পিলেন দ্রৌপদী গোচর॥ ষ্মাত্র হাতে করি কৃষ্ণা স্থানন্দিত মন। হেনকালে আইলেন দৈবকীনন্দন। দ্রৌপদীর অহঙ্কার চূর্ণ করিবারে। কহিলেন বনমালী হুঃখিত অন্তরে 🛭 ভাল নহে কি কর্ম করিলা তুমি পার্থ। কিহেতু করিলা হেন হুরস্ত অনর্থ॥ তোমার কি দোষ দিব বিধির সংযোগ। পূর্বাকৃত অশুভ কর্ম্মের এই ভোগ॥ হেন বৃদ্ধি হয় যার তার কালপূর্ণ। স্থপণ্ডিত জনারে করায় মতিচ্ছন ॥ নিশ্চয় মজিলে হেন লয় মম মনে। হইল কুবুদ্ধি কেন তোমা হেন জনে॥ শুনিয়া কুষ্ণের কথা রাজা যুধিষ্ঠির। ব্যগ্র হ'য়ে জিজ্ঞাাসল কহ যতুবীর ॥ যাহাতে পাইলে ভয় তোমা হেন জন। অল্ল কথা নহে এই দৈবকীনন্দন॥ অনর্থের হেতু এই অকালের ফল। কাহার শাসনে দেব এই বনস্থল॥ কোন মহাজন সেই কত বল ধরে। কিমতে রহিব আজি এই বনান্তরে॥ কিমতে পাইব রক্ষা কর পরিত্রাণ। অব্যর্থ তোমার বাক্য বজ্রের সমান॥ শ্ৰীকৃষ্ণ কছেন মুনি নাম সন্দীপন। তাঁহার কানন এই শুনহ রাজন ॥ যাঁর নামে স্থরাস্থর হয় কম্পমান। অলভ্র্য তাঁহার বাক্য বচ্ছের সমান ॥

ত্রিভুবনে আছয়ে যতেক দিদ্ধঋষি। সন্দীপন সূল্য কেছ না হয় তপস্বী॥ বছকাল আশ্রয় করয়ে এই বন। কদাচিত কোন স্থানে না যায় কখন॥ তপস্থা করিতে যান প্রত্যুষ সময়। সমস্ত দিবদ সেই অনশনে রয়॥ আশ্চর্য্য দেখহ তার তপস্থার বলে। প্রতিদিন এক আত্র এই বুক্ষে ফলে॥ সমস্ত দিবদ গেলে সন্ধ্যাকালে পাকে। আশ্রমে আসিয়া মুনি পরম কৌতুকে। ব্রক্ষ হৈতে আত্র পাড়ি করিবে ভক্ষণ। এইমতে বহুকাল স্থিতি দন্দীপন॥ সেই আত্র দ্রোপদীকে পাড়ি দিল পার্থ। দোঁহার কর্ম্মের দোষে হইল অনর্থ॥ তপস্থা করিয়া <u>ম</u>নি আশ্রমেতে আসি। আত্র না পাইয়া করিবেক ভশ্বরাশি॥ চিন্তিয়া না দেখি কিছু ইহার উপায়। কহ পার্থ কি কর্ম করিলে হায় হায়॥ 🗢 নিয়া কু ফার মুখে রাজা যুধিষ্ঠির। অশক্য জানিয়া মনে হলেন অস্থির॥ কর্যোড়ে কহিলেন গোবিন্দের আগে। পাগুবের ভালমন্দ তোমাতে সে লাগে॥ পাণ্ডবেরে রক্ষা করে নাহি হেন জন। গুপ্তকথা নহে ইহা দৈবকীনন্দন ॥ রাখিবে রাখহ, নহে যাহা লয় মনে। তোমার আশ্রিত জনে মারে কোন্ জনে॥ তোমা হৈ:ত যে কৰ্ম না হইবে সমতা। ব্দগ্যজন দে কর্মেতে চিন্তা করে বুণা॥ তোমার আশ্রিত যে আমরা পঞ্জন। কিমতে পাইব রক্ষা কহ নারায়ণ ॥ শুনিয়া ধর্ম্মের কথা কছেন শ্রীপতি। বুক্ষেতে পাকিয়া আত্র আছিল যেমতি॥ সেইমত রুক্ষে যদি লাগে পুনর্বার। তবে দে হইবে রাজা সবার নিস্তার ॥ যুধিষ্ঠির বলে দেব এ তিন ভুবন। ত্রিবিধ সন্ত লোক পালে যেইজন ॥

উৎপত্তি প্রলয় হয় বাঁহার আজ্ঞায়। গাছে আত্র লাগাইতে তার কোন দায় 🏾 গোবিন্দ বলেন এক আছে প্রতীকার। বুক্ষডালে আত্র লাগে সবার নিস্তার ॥ করিলে করিতে পার, নহে বড় কাজ। কপট ত্যজিয়া যদি কহ ধর্মারাজ॥ যুধিষ্ঠির বলে কৃষ্ণ যে আজ্ঞা তোমার। মম সাধ্য হয় যদি এই প্রতীকার॥ প্রতীকারে মৃহ্যু ইচ্ছা করে কোন্ জন। আজ্ঞা কর পালন করিব প্রাঞ্জপণ॥ গোবিন্দ বলেন রাজা নহে বড় কাজ। সবার নিস্তার হয় শুন মহারাজ ॥ যাজ্ঞদেনী আর যে তোমরা পঞ্চলনে। কোন্ কথা অনুক্ষণ জাগে কার মনে॥ সবার মনের কথা কহ, মম আগে। কপট ত্যজিয়া কহ, তবে আত্র লাগে॥ এইমত সকলে করিল অঙ্গীকার। প্রথমে কহেন কথা ধর্ম্মের কুমার॥ শুন চিন্তামণি, চিন্তা করি অমুক্ষণ। পূর্ব্বমত সম্পদ হইলে নারায়ণ॥ ব্রাহ্মণ-ভোজন যজ্ঞ করি অহর্নিশি। ইহা বিনা অন্য আমি নহি অভিলাষী॥ অনুক্রণ মম মনে এই মনোরথ। শুনিয়া অকাল আত্র উঠে কত পথ।। ব্যাশ্চর্য্য দেখিয়া সবে হরিষ অস্তর। তদন্তরে কহিতে লাগিল রকোদর॥ ভীম বলে ক্লফচন্দ্ৰ শুন মম বাণী। এই চিন্তা করি আমি দিবদ রজনী॥ পদাঘাতে শত ভাই কৌরব সংহারি। ত্বস্ট ত্রঃশাদনের নখেতে বুক চিরি॥ উদর পূরিব আমি তাহার শোণিতে। দ্রোপদীর কুন্তল বান্ধিব সেই হাতে॥ মহামদে মত্ত হৈয়া তুষ্টবৃদ্ধি কুরু। বস্ত্র তুলি কৃষ্ণারে দেখালে নিজ উরু 🏻 রণমধ্যে ভাঙ্গিয়া পাড়িব গদা মারি। এই চিন্তা করি আমি দিবস শর্বরী॥

এতেক কহিল যদি ভীম মহামতি। কতদূরে **আত্রের হইল উর্দ্ধগতি**॥ অৰ্জ্ঞন কহেন এই জাগে মন মনে। হরণ্যে যথন আসি ভাই পঞ্জনে॥ গুই হাতে চতুর্দিকে ফেলাইকু ধুলা। ভাদুশ অস্ত্ৰেতে কাটি তুষ্ট ক্ষত্ৰগুলা 🛭 দিব্যবাণে কর্ণবীরে করিব নিধন। ভামসেন মারিবেক ভাই শত জন ॥ এ সব ভাবিয়া করি কালের হরণ। আমার মনের কথা শুন নারায়ণ॥ ত্তবে আত্র কতদূরে উঠে উদ্ধিপথে। নকুল কহিল ভবে ক্লুফের সাক্ষাতে॥ শুন কৃষ্ণ যে সব মনেতে চিন্তা করি। ্দশে গিয়া রাজা হৈলে ধর্ম অধিকারী পূর্ব্বমত রহিব হইয়া যুবরাজ। ধর্মরাজে ভেটাইব নুপতি-দমাজ॥ বিচারিয়া **বলিব দেশের ভালমন্দ**। ত্রে আত্র কতদুরে উ**ঠিল স্বচ্ছন্দ**॥ নহদেব বলে মনুক্ষণ ভাবি মনে। রাজ্যে গিয়া **নুপতি বদিলে দিংহাদনে**॥ করিব রাজার **অগ্রে চামর ব্যজন।** করিব সবার তত্ত্ব যত পুরজন॥ নিযুক্ত রহিব নিত্য ব্রাহ্মণ-ভোজনে। ^{সর হুংখ পাদরিব জননী-পাল্নে}॥ মনের মানদ কহিলাম নিক্ষপটে। এতেক কহিতে আত্র কতদূর উঠে॥ ষত্রপর কহিতে লাগিল যাজ্ঞদেনী। ^{ইহা চিন্তা} করি আমি দিবদ রজনী। আমায় দিয়াছে ত্ৰঃধ দুষ্টগণ যত। ভাষাৰ্জ্ন বাণে হবে সৰ্বজন হত ॥ ^{দ্বাকার} নারীগণ কান্দিবেক ছঃখে। ^{দিখি} পরিহাদ করি মনের কৌতুকে॥ ্রন্ধিমত নিত্য করি যজ্ঞ মহোৎসব। ^{"'নন} করিব **স্তথে যতেক বান্ধব**॥ ্তেক কহিল যদি কৃষ্ণা গুণবতী। ্নর্কার আয়েত্রর হইল অধোগতি॥

মহাভীত হইয়া কছেন যুধিষ্ঠির। কিহেতু পড়িল আত্র কহ যতুবীর ॥ গোবিন্দ বলেন রাজা कि कहिव कथा। সকল করিল নফ দ্রুপদ চুহিতা। কহিল সকল যত কপট বচন। এ কারণে পড়ে আত্র ধর্মের নন্দন ॥ ব্যগ্র হ'য়ে পঞ্চভাই কহে করপুটে। উপায় করহ রুষ্ণ যাহে আত্র উঠে॥ গোবিন্দ কহেন কৃষণ কহ সত্যকথা। নিশ্চয় রক্ষেতে আত্র লাগিবে সর্বাণা॥ কহিল কৃষ্ণার প্রতি ধর্ম নরপতি। কি কারণে স্থাষ্টি নফ্ট কর গুণবতী॥ কপট ত্যজিয়া কহ গোবিক্ষের আগে। সবার জীবন রয় রুক্ষে আত্র লাগে॥ এতেক কহিল যদি ধর্ম্মের তনয়। কিছু না কহিয়া দেব ীমৌনভাবে রয়॥ দেখিয়া কুপিল তবে পার্থ ধনুর্দ্ধর। দ্রৌপদীরে মারিতে যুড়িল দিব্য শ্র॥ অৰ্জ্জুন কহেন শীঘ্ৰ কহ সভ্যকথা। নহে তীক্ষ বাণেতে কাটীব তোর মাধা॥ এতেক কহিল যদি পার্থ মহামতি। লঙ্জা ত্যজি কহি:ত লাগিল গুণবতী॥ দ্রোপদী কহিল দেব কি কহিব আর। কায়মনোবাক্যে তুমি জ্ঞান দবাকার ॥ যজ্ঞকালে কর্ণবীর আইল যখন। তারে দেখি আমার হইল এই মন॥ এই জন হৈতে যদি কুস্তার নন্দন। ইহার সহিত পতি হৈত ছয় জন 🏽 সেই কথা এখন হইল মম মনে। এতেক কহিতে ছাত্র উঠে সেইক্ষণে ॥ ব্বক্ষেতে লাগিল যেন ছিল পূৰ্ব্বমত। আশ্চর্য্য মানিয়া দবে হৈল আন্দিত॥ নিস্তার পাইয়া মৌনে রছে যুগিষ্ঠির। গর্চ্ছিয়া উঠিয়া কহে রুকোদর বীর॥ এই কি তোমার রীতি কুষ্ণা তুন্টমতি। এক পতি সেবেন কুলের কুলবতা 🛭

বিশেষ তোমার এই পতি পঞ্জন। তথাপি বাঞ্চিত মনে হৃতের নন্দন॥ ইহাতে কহা'দ লোকে পতিব্ৰতা সতী। প্রকাশ করিলি তোর কুৎদিত প্রকৃতি ॥ সভামধ্যে বলাইস পরম পবিত্র। এতদিনে বাক্ত হৈল নারীর চরিত। অবিশ্বাদী দৰ্বনাশী তুই হুফীমতি। কি জন্ম হইল তোর এমন কুরীতি॥ শক্ত জনে যগপি আছুয়ে তোর মন। আর তোরে বিখাস করিবে কোন্ জন # এত বলি মহাক্রোধে গদা ল'য়ে ভীম। দ্রোপদী মারিতে যান বিক্রমে অসীম॥ ঈষৎ হাসিয়া তবে দেব **জগন্না**থ। শীঘ্রগতি ভীমের ধরেন সুই হাত **।** হাস্তমুখে শ্রীমুখে কহেন ভীমদেনে। দ্রোপদীরে নিন্দা কুমি কর অকারণে॥ কদাচিত দ্রোপদীর ছুফ্ট নহে মন। কহিব তোমারে আমি ইহার ফারণ **॥** সবাকার সকল বুত্তান্ত আমি জানি। অকারণে কৃষ্ণারে নিন্দহ পার্থ তুমি॥ নারীমধ্যে এমত নাহিক কোন জন। তবে সে কহিল কুষ্ণা ত্রাসের কারণ॥ ইহার কারণ আছে অতি গুপ্তকথা। এখন উচিত নহে কহিব সর্ববিথা ॥ দেশে গিয়া নুপতি বদিলে সিংহাদনে। বিশেষ করিয়া তা কহিব সর্ববন্ধনে॥ কুঞ্চার সমান সতী পতিব্রতা নারী। ক্ষিতিমধ্যে নাহি কেই কহিবারে পারি॥ 😎 নিয়া কুষ্ণের মুখে এতেক উত্তর। নিবৃত্ত হইয়া বদে বীর বুকোদর॥ আশ্চর্য্য মানিল যুগ্রিষ্ঠির নৃপমণি। লক্জায় মলিন মুখে রছে যাজ্ঞদেনী॥ অলজ্যা কুষ্ণের মায়া কে বুঝিতে পারে। কেবল কৃষ্ণার গর্বব চূর্ণ করিবারে॥ করিলেন এত ছলা মিথ্যা প্রবঞ্চনা। স্নানদান কৌতুক করিল সর্বজনা॥

ফল মূল আহার করিল কুভূহলে। পঞ্চাই কুষ্ণেরে কহিল সত্যবোলে॥ অতঃপর জগমাথ কর অবধান। এ স্থান হইতে করি আমরা প্রস্থান॥ কৃষ্ণ কন আগিয়াছি মুনির আশ্রমে। বিনা সম্ভাষিয়া তাঁরে যাইব কেমনে ॥ অন্য কেহ নহে রাজা তুমি উপস্থিত। আশ্রমে আসিয়া মুনি হবেন ছঃখিত॥ বলিবেন যুধিষ্ঠির আশ্রমেতে আসি। অবজ্ঞা করিয়া গেল মোরে না সম্ভাষি॥ সেই হেতু দিনেক থাকিতে যুক্তি হয়। এ যুক্তি সবার মনে লয় কি না লয়॥ ধর্ম বলিলেন কৃষ্ণ যে আজ্ঞা তোমার। ত্রিভুবন ভিতরে লঙ্গিতে শক্তি কার॥ এত বলি কৌতুকে রহেন সর্ববঙ্গন। হেথা মুনি জানিল কুষ্ণের আগমন ॥ আপনার প্রশংসা করিল বহুতর। ধন্ম আমি সফল হইল কলেবর॥ ত্তপস্থা করিয়া যাঁরে দৃষ্টি অভিলাষী। অয়ত্বে তাঁহার দেখা পাই ঘরে বদি॥ এত বুলি কৌছুকে তুলিল ফল মূল। হরিষ অন্তরে চলে হইয়া আকুল।। আশ্রমে আসিয়া মুনি হৈল উপনীত। মধ্যাহ্ন সময়ে য়েন আদিত্য উনিত॥ পুরাইতে শ্রীহরি ভক্তের মনোরথ। অগ্রসর হৈয়া আইলেন কত পথ॥ দেই মত দৰ্বজন আইল সংহতি। মুনিবরে প্রণাম করিল হুন্টমতি॥ শ্ৰীকুষ্ণে দেখিয়া কহে মুনি সন্দীপন। অনন্ত তোমার মায়া জানে কোন্ জন॥ তুমি ব্রহ্মা তুমি শিব তুমি নারায়ণ। কি শক্তি আমার প্রভু করিতে স্তবন ॥ বহুমত স্তব করি মুনি সন্দীপন। আশ্রমে আদিয়া দিল বসিতে আসন ॥ দেইমত আদন দিলেন দর্বজনে। বিসিলেন সর্ববজন আনন্দিত মনে ॥

অতিথি-বিধানে কৈল স্বাকার পূজা।
পরম আনন্দ মনে যুধিন্তির রাজা॥
নানা কথা কোতৃকে রহিল মনোরথে।
রজনী বঞ্জিয়া সবে উঠিল প্রভাতে॥
প্রভাই প্রণাম করিয়া মুনিবরে।
বিদায় হইয়া যান হরিষ অন্তরে॥
বহু কহিলেন কৃষ্ণ, মুনি সন্দীপনে।
কুষ্ণা করিল তবে ভাই পঞ্চজনে॥
ভুগা হৈতে পূর্বভিতে করিল গমন।
চুই দিকে দেখেন অনেক রম্যবন॥
শ্রুসেন নামে বন যমুনার তটে।
উপনীত স্বজন ভাহার নিকটে॥

্ধিষ্টিরের ধর্ম জানিবার জন্ম ধম্মের ছলনা ও ভীমের জল স্থানিতে গ্রমন।

জিজাদেন **জন্মেজ**য় **কহ অতঃপ**র। কি কি কর্মা করিলেন পঞ্চ সহোদর॥ য়নি বলে র**হস্ত শুনহ নুপবর**। তৃষ্ণায় প্রীড়িত **হ'য়ে পঞ্চ সহোদর॥** রক্ষমূলে বসি রাজা কছিল ভীমেরে। ^{ভল} আছে কোথা ভীম আনহ সত্তরে॥ আজামাত্র রুকোদর করিল গ্মন। দেবনে না পায় বীর জল অন্নেষ্ণ॥ ্কাথায় পাইব জল চিত্তে মহামতি। ^{প্রন-নন্দন} যান প্রনের গতি॥ ^{কত বুরে} দেখিলেন কুন্তম কানন। ^{মনজে}তি কুল ফল অতি স্শোভন॥ যদেকে কিংশুক জাতি টগর মল্লিক।। ^{5ম্পত} মানবী কুরু ঝ**াঁটি শে**ফালিকা॥ ^ইজন্পি প্লাশ কাঞ্চন নানা ফুল। ^{নধুলোভে} উড়ে বদে মত অলিকুল॥ ^{খণ্ডন খণ্ডনী} নাচে আপনার স্থথে। ^{নত্রী} মর্রী নাচে পরম কৌতুকে॥ ^{ত্রা} হৈতে যান বীর অতি মনোতুঃখে। ^{কোঘায়} পাইব জল যাব কোন্ মুথে॥

চি**ন্তাকুল** রুকোদর করিছে গমন। হেনকালে শুন রাজা অপূর্বব কথন॥ জানিতে পুত্রের ধর্ম আসি ধর্মরায়। দিব্য এক সরোবর স্থাজন তথায়॥ আপনি মায়ায় বক পক্ষীরূপ ধরি। রহিলেন তথায় ছলিতে মনে করি 🛭 পাইয়া জলের তত্ত্ব বীর রুকোদর। ত্বরিত আইল তথা হরিষ অন্তর॥ জল দেখি তুফ হ'য়ে পৰন-নন্দন। পান করিবারে বীর নামিল তথন # মারাপক্ষী বলে শুন ওহে মতিমান। সমস্থা পূরণ করি কর জলপান॥ নতুবা তোমার মৃত্যু হবে জলপানে। সমস্থা পূরণ কর আমার বচনে॥ "কা-চ বাৰ্ত্তা কিমা**"**চৰ্গাণ কঃ পথা কশ্চ মোদতে। মনৈতাংশ্চতুর: প্রশান কগরিত্বা জলং পিব ॥" কিবা বার্ত্তা কি আশ্চর্য্য পথ বলি কারে। কোন্জন স্থা হয় এই চরাচরে॥ পাণ্ডুপুত্র আমার যে এই প্রশ্ন চারি। উত্তর করিয়া তুমি পান কর বারি 🛭

ভীমানেখনে অব্দ্রের গমন।
ভীম বলে আগে করি জল আফাদন।
তবে দে করিব তব সমস্যা পূরণ॥
তৃষ্ণায় আকুল ভীম অহঙ্কার মনে।
জলস্পর্শ মাত্রেতে মরিল দেইক্ষণে॥
হেথায় ভাবিত রাজা আশ্রমে বিদিয়া।
ধীরে ধীরে কহিলেন শুর্নি কারণ।
কিবা হেতু ভামের বিলম্ব এতক্ষণ॥
শীপ্রগতি ভীমের করহ অস্থেষণ।
বাব ভীম কার নঙ্গে করিতেছে রণ॥
আজ্ঞামাত্র পার্থবির উঠিয়া সম্বর।
নিলেন গাণ্ডীব হস্তে ভূপপূর্ণ শর॥
প্রধাম করিয়া বীর ধর্ম্মের চরণে।
চলিলেন ধনঞ্জয় ভীম অন্তেম্বনে॥

ছোর মনে প্রবেশিয়া পার্থ ধমুর্দ্ধর। চলিলেন নিজ হুখে নির্ভয়-অস্তর ॥ বদন্ত সময় তায় কোকিল কুছরে। गकतम्म लाख जान मना (किन करत्र॥ . কুছ কুছ রবেতে কোকিল করে গান। श्रुष्टम्मश्रम् वीत मरत्रावरत यान ॥ কতক্ষণৈ উত্তরিল মায়া-সরোবরে। ভৃষ্ণার্ভ হইয়া যান পান করিবারে 🛭 ছেনকালে বকরূপ ধর্ম ডাকি কয়। প্রশ্ন করি জল পান কর ধনঞ্জয়॥ প্রশ্ন না বলিয়া যদি কর বারি পান। পরশ করিবামাত্র যাবে যমন্থান॥ ধর্মবাক্য ধনপ্রয় না শুনি তাবণে। আপনার দত্তে চলিলেন বারিপানে॥ নিপতিত রুকোদর জলের উপর। দেখি শোক করিলেন মনে বীরবর॥ এই জল হ'তে হৈল ভাতার নিধন। আমি কোন লাজে আর রাখিব জীবন।। মায়াজল পরশ করিতে ইদ্রন্থত। শরীর হইতে তার গেল পঞ্ভূত॥ এখানে চিন্তিত অতি রাজা মুধিষ্ঠির। দোঁহার বিলম্ব দেখি হৈলে অস্থির॥ নকুলেরে কহিলেন ধর্মা নরপতি। ভীমাৰ্জ্জন অন্বেষণে যাহ শীঘ্ৰগতি ॥ ভারতপঙ্কজ রবি মহাযুনি ব্যাস। বিরচিল পাঁচালি প্রবন্ধে কাশীদাস ॥

ভীমাজ্ন অথেষণে নকুলের ধাতা। ৰহেন ভূপতি. নকুলের প্রতি, শুনহ আমার বাণী। ভাই ছুই জন. জলের কারণ, গেল কোথা নাহি জামি। করি অন্থেষণ, গহন কানন, জল আন শীঘ্রগতি। পাপিষ্ঠ ভৃষণায় প্রাণ ফেটে যায়. শুন ভাই মহামতি॥

চলিন্স তথনি রাজ-আজ্ঞা শুনি, মাদ্রীর তনয় ধীর। মহা সজোদয়, মনে মনে ভাবে বীর॥ দেখিতে স্থন্দর, অতি শোভাকর কুহ্ম উন্তান যত। অতি-ম্বশোভন, সেই ত কানন্ পশু পক্ষী আদি কত। দেখিয়া কানন, আনন্দিত মন্ চলিল দত্বরে ধীর। কতক্ষণ পরে, মায়া-সরোবরে আইল নকুল বীর॥ प्तिथि मुद्रावत्र, হরিষ অন্তর বিহরে কত বিহন্ন। আরো লাখে লাখে, হংস চক্রবাক, বিরাজে রমণী দঞ্স॥ আকুল হইছ নকুল হেরিয়া, চলে দরোবর তীর। ধর্ম মহাণ্য কহে ূঁএ সময় শুন হে নকুল বীর॥ প্রশ্ন চারি কও, তবে জল খাণ্ नट्र याद्य यमश्रुदत्र। তৃষ্ণায় আকুল, হইয়া নকুল, সে কথা অগ্রাহ্য করে॥ **চলিল স**র্বে জলপান তরে, (महे भाषा-मद्यावद्य । কে করে খড়ৰ বিধির ঘটন, পরশন মাত্রে মরে॥ হেথা রাজা বদি. বিলম্ব দেখিয়া অতি। চিত্ত উচাট তুঃখযুক্ত মন্ অত্যম্ভ উদিয়-মতি 🛚 স্থ-মোকদাত অরণ্যের কথা, ব্লচেলেন মুনি ব্যাস। মনোহর ছ^{দে} পাঁচালী প্ৰবন্ধে, বির্চিল কাশীদাস

ভীমার্চ্ছ্ন-নকুলের অথেষণে সহদেবের গমন-।

যুধিষ্ঠির রাজা অতি ব্যাকুলিত মনে। দহদেবে কহিলেন মলিন-বদনে॥ আমার বচন ভাই কর অবধান। তিন জনে না দেখিয়া বাহিরায় প্রাণ 🛭 অন্থির আমার মন হয় কি কারণ। কার সনে বনে যুদ্ধ করে তিন জন॥ মাও সহদেব জল আনহ সত্তরে। অন্নেষ্ণ কর আর তিন সহোদরে॥ এত শুনি সহদেব চলিল সত্তর। প্রবেশ করিল গিরা কানন ভিতর ॥ দেখিয়া বনের শোভা হরষিত মন। **চতুদ্দিকে দেখে বহু কুন্থম-কানন**॥ নির্ভয় শরীর বীর করিল গ্যমন। শত শত শোভা দেখে কে করে গণন ॥ জ্মেজ্য রাজা বলে কহ মুনিবর। বিশ্বর হইল কিছু **আমার অন্তর** ॥ ধর্মপুত্র ব্ধিষ্টির বৃদ্ধির সাগর। পু^{গ্রিবী}তে নাহি তাঁর তুল্য কোন নর॥ ^{সসাগর'} রাজ্য পা**লে দেই মহা**মতি। ^{্দ্রি} নহেক সম, শুক্র বৃহস্পতি॥ ্রকির দাগ**র রাজা বৃদ্ধি গেল** কোথা। ^{বিশেষ} করিয়া মুনি ক**হ এ**ই কথা॥ ^{মহদেবে} জিজ্ঞাসিত বদি নৃপমণি। ^{মাজন} কহিত তাঁরে ভবিষ্য কাহিনী॥ ^{দুকুত্রক} ছাত্রে সব পাইয়া সংবাদ। ^{ভবে ন} হইত মুনি এতেক প্রমান॥ ^{মূনি কা}ল অবধান কর মহামতি। ^{দৈৰ প্}ঞাইতে কারো নাহিক শক্তি॥ ^{সঞ্চা ক}রি ধর্মা তাঁর বুদ্ধি নিল হরি। ^{ওছন্ত}্লিল রাজা আন গিয়া বারি॥ ^{্রহণ স্}হদেব বীর বনের ভিতর। ^{ননের} আ**নন্দে** যায় নি**র্তয় অন্ত**র॥ ^{রন মধ্যে} তিন জনে করে অং**র**য়ণ। শ্রন করিল বহু গছন কানন॥

ভীমের দেখিল চিত্র তরণ্যেতে আছে।
পদাঘাতে গিরিশুলি চুর্ল করি গেছে॥
চিহ্ন দেখি সেই পথে যায় মহাবীর।
মূহুর্ত্তেকে উত্তরিল সরোবর-তীর॥
সরোবর দৃষ্টমাত্রে মাদ্রীর,তনয়।
তৃষ্ণায় আকুল হৈল ধর্মের মায়ায়॥
জলপান করিবারে যায় সরোবরে।
বকরূপী ধর্মারাজ কহেন তাহারে॥
চারি প্রান্থ বলি মোর কর জলপান।
অগ্রে যদি পান কর যাবে যমস্থান॥
ধর্মাবাক্য সহদেব না শুনি শ্রবণে।
তৃষ্ণায় আকুল হ'য়ে যায় বারি পানে॥
বিধির নির্বন্ধ যাহা, খণ্ডিতে কে পারে।
পরশ করিবানাত্র সহদেব মরে॥
স্থান করিবানাত্র সহদেব মরে॥

জে'ববীর জল **জানিতে গ্**যন্ত হেথ। যুধিভির-মনে চিন্তা উপজিল ॥ অনেক বিলম্ব দেখি ধর্ম নরপতি। চিন্তাযুক্ত কহিলেন দ্রোপদার প্রতি ॥ শুনহ আমার বাক্য দ্রোপদা স্থন্দরী। শ্রীহরি সারণ করি আন গিয়া বারি ॥ পাইয়া পতির আজা পতিব্রতা নারী। জলপাত্র ল'য়ে যায় আনিবারে বারি॥ মহাযে ব বনমধ্যে প্রবেশিয়া সতা। ভয় পেয়ে শ্রীক্ষণ্ডে ডাকেন গুণবর্তা ॥ বনমধ্যে যায় কুষ্ণা সশক্ষিত মনে। কভক্ষণে উত্তরিল সরোবর স্থানে ॥ পিপাদাকাতর অতি শুষ্ক-অলেবর। জলপান করিবারে নাট্য সরোবর ॥ জলেতে নামিল বেই ক্রপদকুমারী। হইল তাহার মৃত্যু স্পর্নি মায়াবারি॥ মহাভারতের কথা অমৃত লহরী। কাশীরাম দাস কহে ভব-ভয়ে তরি॥

ভাতৃপণাবেষণে গুর্নিষ্-রের গমন।

এখানে আশুমে বদি রাজ। যুদিষ্ঠির। সবার বিলম্ব দেখি হৈলেন অস্থির॥ কোথা ভীম ধনঞ্জয় মাদ্রীর তনয়। তোম। সবা না দেখিয়া প্রাণ বাহিরায়॥ কোথা লক্ষ্মী গুণবতী ক্রুপদর্মনিনী। তোমার গুণেতে বশ ছিল যত মুনি।। আমার সঙ্গেতে প্রিয়ে বহু ছঃগ পেয়ে। হস্তিনানগরে গেল। আমারে ছাড়িয়ে॥ এইমত বিলাপ করিয়া নরপতি। বনে বনে ভ্রমন করেন ছঃখমতি॥ অরণ্যের মধ্যে রাজা করি অস্থেষণ। ভীমের পাইয়া চিহ্ন করেন গমন॥ যেই পথে গিয়াছেন বীর বুকোদর। কত শত রুক্টুর্ণ কত গিরিবর ॥ সেই পথে গমন করেন যুধিষ্ঠির। কতক্ষণে উপনীত সরোবর-তীর।। সরোবর-তীরে দেখিলেন রমাবন: অপ্রমিত মুগ পশু মহিষ বারণ॥ দেখিয়া এ সব শোভা নাহি তাহে চান। **উ**দ্বিগ্রচিত্তেতে রাজা সরোবরে যান॥ সরোব্যে দৃষ্টি যেই করেন নুপতি। দেখেন ভাসিতে জলে ভীম মহামতি॥ তার পাশে ধনপ্রয় ভাসিতেছে জলে। মাদ্রীপুত্র ভাদে দৌহে প্রন-হিল্লোল। দ্রৌপদী কুলরী ভাসে জলের উপর। শরীরে ভেদিল যেন সহস্র তোমর। দেখি রাজা মুগ্ন হ'য়ে পড়েন ধরণী। অচেতনে রোদন করেন নূপমণি॥ কতক্ষণে চেতন পাইয়া যুবিষ্ঠির। দেখিয়া দবার মুখ হলেন অস্থির॥ পুনর্বার পড়িলেন ধরণী উপর : চেতন পাইয়া পুনঃ উঠেন সত্বর॥ পুনঃ পুনঃ কাঁপিয়া পড়েন ঘনে ঘন। হা কৃষ্ণ হ। কৃষ্ণ বলি করেন রোদন॥

মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

রাজা বৃধিষ্ঠীরের আক্ষেপ। এইরূপে স্থূপতি কান্দেন উচ্চৈঃম্বরে: কোথা কৃষ্ণ রমানাথ রাথহ আমারে 1 **এমন বিপদে কেন ফেলিলে আমা**য়। কোন দোধে দোষী আমি নহি তব প্রেঃ পিতৃগণ আমারে দিলেন অভিশাপ। এজন্য আজন্ম আমি পাই মনস্তাপ অত্যন্ত বালক-কালে হৈল মহাশোক অজ্ঞানেতে পিতার হইল পরলোক 🖟 অনন্তর অস্ত্রশিক্ষা করি যেইকালে । বিহার কারণে যাই জাহ্নবীর জলে ॥ তাহে তুঃখ দিল তুর্য্যোধন তুরাচার। প্রকারে করিতেছিল ভীমেরে সংহার দ উদ্ধার হইল ভীম পূর্ব্বকর্ম্মফলে। নতুবা জীবন পায় কে কোথা মরিলে 🗈 পরে মাতৃ সহিতে ছিলাম পঞ্জন : বিনাশে মন্ত্রণা করে যত শত্রুগণ।। জতুগৃহ নির্মাণ করিয়া ভুরাচার। প্রকারে করিতেছিল সবার সংহার 🗈 তাহে স্থমন্ত্রণা দিল বিত্রর স্থমতি ৷ তাঁহার কুপায় পাই তথা অব্যাহতি । ঘোর বনে প্রবেশিয়া ভ্রমি বহু দেশ : পাইলাম যত তুঃখ নাহি তার শেষ া ভুমিতে ভুমিতে আদি পাঞ্চাল নগৱে: স্বয়ন্বর-বার্তা শুহি যাই সভাপরে 🛭 লক্ষ্য বিষ্ণি ধনপ্রয় জিনে রাজগণে। দ্রোপদী বরণ কৈল আমা পঞ্জনে । বিবাহ করিয়া পুনঃ আদিলাম দেশে। করেছি যতেক কর্মা কুষ্ণের আদেশে 🛚 বিদায় লৈয়৷ কৃষ্ণ গেলেন দারকায় ৷ বিধির নির্বিন্ধ কর্ম্ম লঙ্ঘন না যায় ॥ কপট পাশায় তুষ্ট নিল রাজ্যধন। তোমা সবা সঙ্গে নিয়া আসি ঘোর বন !

কাননে যতেক হুঃথ পাই ভাতৃগণ। _{অনে}ক প্রমাদ হ'তে হইল মোচন॥ কাননে আসিবা মাত্র রাক্ষস কিম্মীর। ্তাম। দবা বিনাশিতে করিলেক স্থির॥ বাক্ষদী-মায়াতে কৈল ঘোর অন্ধকার। মারিয়া রাক্ষদে ভীম করিল-উদ্ধার॥ অনন্তরে জটান্থর আইল কাম্যবনে। তারে মারি **উদ্ধার করিল চারিজনে ॥** ুগদ করি সরোবরে চাহে নুপমি । ্দিখিয়া সবার মুখ পড়েন ধরণী॥ ং কতক্ষণে মূৰ্চ্ছা ত্যজি উঠেন নুপতি। ধনঞ্জয় ভাই বলি কান্দেন স্থমতি॥ ্কবা আর কুরুযুদ্ধে করিবে উদ্ধার। বুৰ হেতু স্বৰ্গে অন্ত্ৰ শিখিলে অপার।। ব্ৰেতে হইয়া তুষ্ট দেব ত্ৰিলোচন। প্রাশুপত অন্ত্র তোমা করেন অর্পণ॥ মার্ভলিরে পাঠা**লেন দেব পুরন্দ**র। আদর করিয়া নিল স্বর্গের উপর॥ শিখিলা যতেক বিস্তা নাহিক অবধি। পর্গেতে আছিল বহু অমরবিবাদী॥ ছাল পাঠাইল ই**ন্দ্র নগর ভ্রমণে**। করিলে দেবের কার্য্য মারি দৈত্যগণে॥ লৈত্যবৰে হৃ**ন্ট হ'য়ে যত দেবগণ।** নিজ নিজ মায়া সবে করিল অর্পণ॥ ^{েবের} অসাধ্য কার্য্য করিলে সাধন। ङ्के হ'য়ে অস্ত্র দিল সহস্রলোচন॥ ^{কিরটে} শোভিত শিরে হাতে ধকুঃ শর। এ সব স্থারিয়া ভাই দ**হে কলেবর।** রহিল প্রচণ্ড শক্ত রাজা তুর্য্যোধন। ^{দ্রায়} যাহার আছে সূতের নন্দন॥ েনে হুঃখ আছে মাত্র অজ্ঞাত বংসর। ^{5ল ভাই বঞ্চি গিয়া পঞ্চ সহোদর॥} এত বলি নরপতি চাহি মায়াজলে। ^{ক্রি}গত **হইয়া পড়েন ধরাতলে**॥ ^{ক্রি} তাজি পুনর্বার উঠেন সম্বর। ^{5 হিড়া} সবার মুখ রোদনে তৎপর॥

ধিক্ ধিক্ ছুর্য্যোধন অতি কুলাঙ্গার। কপটেকে এত ছঃখ দিলে ছুরাচার ॥ বনে করিলাম বাদ ভাই পঞ্জন। অবশেষে সকলেতে হলেম নিধন॥ হুৰ্য্যোধনে কি দূষিব, মম কৰ্ম্মফলে। জন্মাবধি বিধি ছঃখ লিখিল কপালে ॥ ভাবিয়া ভবিষ্য তত্ত্ব বুঝিয়া অসার। নিতান্ত দেখেন রাজা নাহি প্রতিকার॥ মনোহঃথে নরপতি মরিবারে যান। পাছে থাকি বকরূপী ধর্মরাজে কন 🛭 মৃত্যুপতি বলে রাজা তুমি জ্ঞানবান। পৃথিবীতে নাহি দেখি ভোমার সমান॥ বুক্কিনাশ হৈল দেখি তোমা হেন জনৈ। আপনি মরণ ইচ্ছা কর কি কারণে॥ অপর্যাতে প্রাণ নন্ট করে যেই জন। অধোগতি হয় তার বেদের বচন॥ তোশার মহিমাশুনি দেবঋষিমুখে। উপমার যোগ্য তব নাহি তিনলোকে॥ আল্লঘাতী জনে ত্রাণ নাহি কদাচন। সর্গেতে তাহার স্থান নাহিক রাজন॥ ধর্মবাক্যে যুবিষ্ঠির কহে সবিনয়। আমার হুঃখের কথা শুন মহাশয়॥ অল্লকালে পিতৃহীন হৈল বড় শোক। মন্ত্রণা করিয়া ছঃখ দিল ছুক্টলোক ॥ কপট পাশায় শেষে নিয়া রাজ্যধন। বাকল পরায়েু শেষে পাঠাইল বন॥ বহু ছুঃখে বঞ্চিলাম কানন ভিতর। এক আত্মা এই সোরা পঞ্চ সহোদর॥ ছঃথের উপরে বিধি এত ছুঃগ দিল। এবে সে জানিতু কুছ যে। সবে ত্যজিল। আমি তে। শরীর ধরি পঞ্জন প্রাণ। ি সে প্রাণ হরিয়া যদি নিল ভগবান ॥ নিতান্ত যত্যপি কৃষ্ণ ছাড়েন আমারে। । আমিও ত্যজিব প্রাণ মৃত্যু-সরোবরে॥ আমার যতেক ছুঃথ শুনিলে নিশ্চয়। তুমি কেন নিবারণ কর মহাশয়॥

নিষেধ না কর মোরে করহ পয়াণ। -ভ্রাতৃগণ শোকে আমি ত্যব্<u>জি</u>ব পরাণ ॥ এত বলি নরপতি অধৈর্য্য হইয়া। মরিবারে যান রাজা ঐক্রিঞ্চ স্মরিয়া। ধর্মাক্স বলিলেন কর অবধান। ধৈর্য্য ধর নরপতি ত্যজ দুঃখজ্ঞান ॥ অসার সংসার মধ্যে সার মাত্র ধর্ম। তাহা ছাড়ি কেন তুমি করহ অধর্ম॥ পিতা মাতা ভাই বন্ধু কেহ কার' নয়। ভবিষ্য ব্যক্তান্ত এই শুন মহাশয় ॥ কালপ্রাপ্ত হ'য়ে তবে ভাই চারিজন। আসিয়া এ সরোবরে ত্যজিল জীবন ॥ যুধিষ্ঠির বলিলেন জানিসু কারণ। এতদিনে বিধি মোরে করিল বঞ্চন॥ জীবন রাখিতে আর নাহি লয় মতি। এত বলি মরিবারে যায় শীঘ্রগতি॥ বকরূপী ধর্মরাজ ডাকে পুনরায়। না জানিয়া যান রাজা মরণ আশায়॥ অত্যন্ত কাতর দেখি কহে মৃত্যুপতি। শুন শুন যুধিষ্ঠির আমার ভারতী॥ ষ্মতিশয় তৃষ্ণা যদি হ'য়েছে তোমারে। দারি প্রশ্ন জিজ্ঞাদিব কহিবে আমারে॥ া। শুনিয়া অহস্কারে এই চারিজন। পানমাত্র এই জলে হইল মরণ ॥ রাজা বলে কিবা প্রশ্ন কহ মহাশ্য। কহিতে লাগিল ধর্মা চাহিয়া ভাহায়॥ মহাভারতের কথা অমৃত-লহরী। কাশীরাম দাস কহে ভব ভয় তরি॥

ধর্মের চারি প্রশ্ন জিজ্ঞানা এবং রাজা যুধিষ্ঠিরের উত্তর

'কা চ বার্ত্তা কিমান্দর্য্যং কঃ পছাঃ কন্দ মোদতে।
মনৈতাংশচ্ডুরঃ গুলান কণ্ডিছা জলং পিব।''
কিবা বার্ত্তা কি আন্দর্য্য পথ বলি কারে।
কোন্ জন স্থাই হয় এই চরাচরে।
পাণ্ডুপুত্র আমার যে এই প্রশ্ন চারি।
উত্তর করিয়া তুমি পান কর বারি॥

প্রথম প্রশ্নের উত্তর।

মাসর্ভূদব্বী পরিবর্ত্তনেন সূর্য্যায়িনা। রাত্তিদিবেন্ধনেন। অস্মিন্ মহামোহময়ে কটাহে স্থতানি কালঃ পচতীতি বার্তা॥১॥

অক্তাৰ্থ:

ঘটন কারণ হৈল মাস ঋতু হাতা। রাত্রি দিবা কাষ্ঠ তাহে পাবক সবিতা॥ মোহময় সুংসার কটাহে কালে কর্ত্তা। ভূতগণ করে পাক এই শুন বার্তা॥ ১॥

দ্বিতীয় প্রশ্নের উত্তর।

অহন্যহনি ভূতানি গচ্ছন্তি যম-মন্দিরং। শেষাঃ স্থিমত্বমিচ্ছন্তি কিমাশ্চর্য্যমতঃপরং॥ ২॥

ষস্থাৰ্থঃ।

প্রতিদিন জীব জন্ত যায় যমঘরে।
শেষ থাকে যারা তারা ইহা মনে করে॥
আপনারা চিরজীবা না হইব ক্ষয়।
অতঃপর কি আশ্চর্য্য আছে মহাশয়॥২॥
তৃতীয় প্রশ্নের উত্তর।

বেদা বিভিন্না স্মৃতয়োঃ বিভিন্না, নাসো মুনির্যস্থ মতং ন ভিন্নং। ধর্মস্থ তত্ত্বং নিহিতং গুহায়াং। মহাজনো যেন গতঃ স পদ্বাঃ॥

অক্তাৰ্থ:।

বেদ আর শ্বৃতিশাস্ত্র এক মত নয়। স্বেচ্ছামত নানা মুনি নানা মত কয়॥ কে জানে নিগৃঢ়তত্ত্ব ধর্মা নিরূপণ। দেই পথ গ্রাহ্ম যাধ্যে মহাজন॥

চতুর্থ প্রশ্নের উত্তর।

দিব<mark>দাস্থাষ্টমে ভাগে শাকং প</mark>চতি যো নরঃ। অঋণী চাপ্রবাদী চ স বারিচর মোদতে॥ ৪॥

অস্থার্থ: ।

অপ্রবাদে অঋণে যাহার কাল যায়। যদ্যপি পরাহ্ন কালে শাক অন্ন খায়॥ তথাপি সে জন স্থাী সংসার ভিতর। বারিচর শুন চারি প্রশ্নের উত্তর॥ ৪॥

যুধিষ্টিরের প্রতি ধর্মের ছলনা। প্রধ্যের উত্তর শুনি ধর্ম মহাশয়। লামি ধর্মা বলিয়া দিলেন পরিচয়। বর মাগ নরপতি হ'য়ে একমন। ক্রীয়াইয়া লহ তব ভ্রাতা একজন ॥ युधिष्ठित्र अनिया करतन निरंत्रमन । কেবল সভত যেন ধর্মে থাকে মন। আর যদি অনুতাহ কর মহাশয়। প্রাণ দেহ সহদেবে বিমাতৃ-তনয়॥ ধর্ম্ম বলিলেন রাজা তুমি জ্ঞানহীন। মত্যন্ত বালক তুমি না হও প্রবীণ ॥ বিশেষ বৈমাত্র ভ্রাতা অনেক অস্তর। জীয়াইয়া লহ তব ভাই রকোদর॥ নত্বা অৰ্জ্জনে রাজা বাঁচাইয়া লহ। পরপুত্র কি কারণে জীয়াইতে চাহ।। রক্ষীস্বরূপিণী যিনি কুষণ গুণবতী। ্রথবা ইহার **প্রাণ লহ নরপতি ॥** াছয়ে প্রবল রিপু ত্বফ্ট তুর্য্যোধন। ্রিমার্জ্জন বিনা **তারে কে করে নিধন**॥ বুরুযুদ্ধে শক্ত মাত্র পার্থ রুকোদর। কি কাৰ্য্য হইবে তব জীয়াইয়া পর ॥ াছ। বলে পর নহে বিমাতা-নন্দন। ^{স্হদে}ব নকুল আমার প্রাণধন 🏾 ^{র্ন্ত} মার্চ্জন হৈতে স্লেহ করি অতিশয়। ^{বর দেহ} প্রাণ পায় বিমাতৃ-তন্ম ॥ ^{বিশেষ} আমার এক শুন নিবেদন। ^{হামা} হৈতে পিণ্ড পাবে মম পিতৃগণ॥ ^{ন্দ্র} মাতামহগণ তারা পিণ্ড পাবে। ^{মকুলের} মাতামহে কেবা পিণ্ড-দিবে॥ ^{দিহদে}ৰ প্ৰাণ পে**লে ধৰ্ম্ম রক্ষা পা**য়। ্ট্র পরম ধর্ম একেবারে যায়॥ ^{ারম ধর্মে}তে প্রস্কু যদি ক**রি হেলা**। ^{বিশিক্ষু} তরিবারে নাহি আর ভেলা।

হেন ধর্ম লজ্জিতে জাসার মন নয়।
নিতান্ত আমার এই কথা কুপাময়।
মহাভারতের কথা অমৃত লহরী।
কাশীরাম দাস করে ভবভয়ে তরি।

ধর্ম্মের নিকটে যুখিটিরের বরলাভ ও ক্রমণ সহ চারি ভ্রাতার পুনর্জীবন গাভ।

শুনিয়া রাজার বাণী ধর্ম মহাশয়। আমি তব পিতা বলি দেন পরিচয়॥ তব ধর্মা জানিবারে করিয়া মনন। এই সরোবর আমি করেছি স্থজন N এত বলি ধর্মবাজ পুত্র নিয়া কোলে। লক লুক চুম্ব দেন বদরকমলে॥ ধন্য কুস্তী তোমা পুত্রে গর্ভে ধরেছিল। তোমার ধর্মেতে বিশ্ব পবিত্র হইল। আমার বচন শুন পুত্র যুধিষ্ঠির। শেষ তুঃথ সম্বরহ মন কর স্থির॥ ধর্মেতে ধার্ম্মিক তুমি হও মতিমন্ত। অচিরাৎ হইবে তোমার ত্রঃথ অন্ত ॥ নয়াশীল ধর্মবান ক্ষমাবান ধীর। জানিলাম তুমি সর্ব্ব গুণেতে গভীর ॥ অল্লদিনে নন্ট হবে কৌরব তুরন্ত। কহিনু তোমারে আমি ভবিষ্য রুত্তান্ত ॥ ধর্ম্ম না ছাড়িও তুমি ধর্ম কর সার। অনায়াদে তুঃখের দাগরে হবে পার ॥ এত বলি আশ্বাসিয়া মধুর বচনে। কুষ্ণা সহ বাঁচাইল ভাই চারি জনে॥ প্রণাম করিয়া কহিছেন নুপমণি। সহায় সম্পদ তব চরণ তুর্বানি॥ আশীর্বাদ করি ধর্ম োলেন স্বন্ধানে। প্রাণ পেয়ে পঞ্চন ভাবিছেন মনে 🏾 কি জন্ম এ স্থানেতে আমা পঞ্চন। ভাবিয়া না পাই কিছু ইহার কারণ ॥ ছেনকালে দেখি তথা ধর্ম্মের নন্দনে। শীস্ত্রগতি তথা আসি ভেটে পঞ্চরনে ॥

'জিজ্ঞাদিল যুধিষ্ঠিরে কহ বিবরণ। এস্থানে আমরা আইলাম কি কারণ॥ যুধিষ্ঠির বলিলেন শুনছ কারণ। মৃত্যু-সরোবর এই ধর্মের হজন।। তৃষ্ণায় আকুল হ'য়ে তোমরা সকলে। আদিয়া মরিলে তবে এই মুহ্যুজলে॥ আমিও আদিয়া মৃত্যু করিলাম পণ। তবে ধর্ম বকরূপে দিলা দরশন ॥ ছলনা করিয়া পুত্রে অনেক প্রকারে। শেষে দয়। করি বর দিলেন আমারে ॥ সেই বরে বাঁচাইয়া তোমা পঞ্জনে। আশীর্কাদ করি ধর্ম গেলেন স্বস্থানে॥ কহিলাম ভ্রাতৃগণ ইহার বিধান। অতঃপর এই জলে মুবে কর সান॥ এত বলি যুধিষ্ঠির ভ্রাতৃগণ সঙ্গে। স্নান করিলেন সেই জলে নানা রঙ্গে॥ সেই দিন রহিলেন তথা ছয়জন। পরদিন জ্মেজয় শুন বিবরণ॥ মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান॥

ন্যাদদেবের আগমন এবং অজ্ঞাতনাদের পরামন।
পরিদিন প্রভাতে উঠিয়া পঞ্চজন।
কৃষ্ণ কৃষ্ণ বলিয়া ভাকেন ঘন ঘন ॥
হেনকালে আইলেন ব্যাদ তপোধন।
প্রণমিয়া ভূপতি করেন নিবেদন॥
শুন প্রভু গত দিবদের এক ভাষা।
এই সরোবরে আমা সবার কুদিশা ॥
পথশ্রমে পিপাসায় হইয়া কাতর।
নিকটেতে জল নাই দূরে সরোবর॥
জন অন্বেষণে ভীমে দিয়া অনুমতি।
ভাহার বিলম্বে পার্থে দিলাম আরতি॥
ডৌপদী সহিত এই ভাই চারিজন।
এই জল পরশিয়া ত্যজিল জীবন॥
পশ্চাতে আদিয়া আমি দেখি সরোবর।
শবরূপে ভাসে সবে জলের উপর॥

দেখি মূৰ্চ্ছাগৃত হ'য়ে পড়িলাম স্থূমে। চৈতন্য পাইয়া পুনঃ উঠিলাম ক্রমে॥ স্বামিও মরিতে যাই সরোবর-তীরে। বকরূপী ধর্ম ডাকি বলিলেন ধীরে ॥ ওহে ধর্ম্ম হেন কর্ম্ম উচিত না হয়। আত্মহত্যা কি হেতু করিবা মহাশয়॥ যদি বড় তৃষ্ণাযুক্ত হও মতিমান। চারি প্রশ্ন ৰলিয়া করহ বারিপান ॥ প্রণাম কঁরিয়া আমি কহিলাম তারে: কিবা প্রশ্ন আছে তব বলহ আমারে ॥ প্রশ্ন চারি বলিলেন ধর্ম্ম মহাশয়। যথার্থ উত্তর আমি করিলাম তায়॥ প্রশ্নের উত্তর শুনি সন্তুষ্ট হইয়া। কহিলেন এক ভাই লহ বাঁচাইয়া॥ ভাবিয়া চাহিন্ম দেহ সহদেব ভাই। বিমাতার পিতৃবংশে জল পিগু নাই ॥ কপটেতে প্রতারণা অনেক করিয়া। জীয়াইয়া দিলেন পশ্চাতে বর দিয়া 🛚 ইহা শুনি কহিলেন ব্যাস মহামুনি। যথা ধর্ম্ম তথা জয় বেদবাক্য শুনি ॥ বিদায় হইয়া মূনি গেলেন স্বস্থানে। সেই রাত্রি বঞ্চে তথা ভাই পঞ্জনে 🛚 আর দিন প্রভাতে উঠিয়া পঞ্জনে। যুধিষ্ঠির জিজ্ঞাদেন মাদ্রীর নন্দনে॥ কহ সহদেব ভাই বিচারে প্রবীণ। দ্বাদশ বৎসর গত শেব কত দিন॥ আজ্ঞামত্রি সহদেব সাবধান হ'য়ে। গণিতে লাগিল শীঘ্ৰ হাতে খড়ি ল'য়ে ॥ কহিল রাজার অগ্রে করিয়া নির্ণয়। দাদশ বৎসর শেষ আছে দিন ছয়॥ এত শুনি যুধিষ্ঠির ভাবি মনে মনে। অজ্ঞাত বিধান যে কহেন সর্বজনে॥ সবে জান পুর্বেব যাহা হইল নির্ণয়। উপস্থিত হৈল আদি অজ্ঞাত সময়॥ কোন্দেশে কিবা বেশে বঞ্চি বংসরেক ' িনিকটে বেষ্টিত আছে নগর অনেক॥

দ্যব মিলি স্থযুক্তি করহ এইবার। কোনমতে ছঃখের সাগর হৈব পার॥ এত শুনি কহিতে লাগিল চারিজনে। রুযুক্তি ইহার সবে করি মনে মনে॥ লোষ গুণ এর সর্বব করিব নির্ণয়। অকারণে **আপনি চিন্তহ মহাশয়**॥ কি কারণে আমরা চিন্তিব সর্ববন্ধন। অবশ্য হইবে যাহা বিধির লিথন। এই সব চিন্ত। করি ধর্ম অধিকারী। নির্ণয় করিতে আর গেল তিন চারি 🕸 মুনি বলৈ শুন পরীক্ষিতের নক্ষন। এইরূপে দ্বাদশ বৎসর গেল বন ॥ নান। ক্লেশে ভ্রমণ করিল বছ বন। দংক্ষেপে কহিন্তু আমি বনের ভ্রমণ ॥ অখ্যেধ ফল পায় যে শুনে এই কথা। বা'দের বচন কথা না হবে অন্যথা।।

স্থবর্ণ ভূঙ্গার আর ধেনু শত শত। ্**হ্মপণ্ডিতে** দ্বিজে দান দেয় অবিরত।। নিত্য নিত্য শুনে মহাভারতের কথা। নিশ্চয় জানিও সত্য হয় ফলদাতা॥ যেব। কছে যেব। শুনে ক্রে অধ্যয়ন। তুল্য কল হয় তার সেই সাধু জন। স্বর্ষ্টি করুক মেঘ সর্ব্ব দেশে দেশে। পরিপূর্ণ হ'ক পৃথী শস্ত সমাবেশে॥ অজয় হউক লোক ব্রহ্মকীটময়। ভক্তজনে কৃতার্থ করুক ধর্মময়।। ধন্য হৈল কায়স্থকুলেতে কাশীদান। তিন পর্ব্ব ভারত যে করিল প্রকাশ ॥ পাঁচালী প্রবন্ধে কহে কাশীরাম দাস। অবহেলে কৃষ্ণপদে মম অভিলায।। সম্পূর্ণ হইল, হরি বল সর্বজন। এতদূরে বনপর্ব্ব হৈল সমাপন ॥

বনপৰ্বৰ সমাপ্ত ৷

সচিত্ৰ সম্পূৰ্ণ কাশীদাসী

निज्ञाडेशर्व ।

নারায়ণং নমস্কৃত্য নরকৈব নরোত্তমম্। দেবীং সরস্বতীং ব্যাসং ততো জয়মুদীরয়েং॥

বাবি বৰ্ণৰ ও অঞ্জতি বাাসের মন্ত্রণা :

বন্দ মহামুনি ব্যাদ তপন্ধী ভিলক। মহামূনি পরাশর যাঁহার জনক ॥ বেদ শাস্ত্রোপর নিষ্ঠ শুদ্ধবৃদ্ধি ধীর। নীলপদ্ম আভা জিনি কোমল শরীর॥ কনকাভা জটাভার শিরে শোভা করে। প্রচণ্ড শরীর পরিধান বাঘাম্বরে ॥ নয়নযুগল দীপ্ত উচ্ছল মিছির। পদযুগে কত মণি শোভে নথশির॥ ভাগবত ভারত ও যতেক পুরাণ। যাঁহার কমল মুখে সবার নির্মাণ ॥ শ্রীকুষ্ণের লীলা আর বেদ চারিখান। ঋক যজু সাম আর অথর্ব বিধান ॥ মৎস্থান্ধা গর্ভে যাঁর দ্বীপেতে উৎপত্তি। বাল্যকালাবধি যাঁর তপস্থা সম্পত্তি ॥ প্রণতি করিয়া মুনি চরণ-পঙ্কজে। পরম আনক্ষে কাশীদাস সদা ভ**জে** ॥ বেদ রামায়ণে আর পুরাণ ভারতে। লিখিত যতেক তীর্থ আছে ত্রিঙ্গণতে॥ সর্বশাস্ত্র বিচারিয়া বুঝ-পুনঃ পুনঃ। আদি অন্ত অভ্যন্তরে গাঁথা হরিগুণ॥

জন্মেজ্বয় বলে কহ মুনি তপোধন। তুর্য্যোধন-ভয়ে পূর্ব্বে পিতামহগণ॥ বিরাটনগর মধ্যে রহিল অজ্ঞাতে। বৎসরেক নির্ব্বাহ হইল কোনমতে॥ ক্রেন বৈশম্প্রান শুন মহারাজ। দ্বাদশ বৎসর ছিল অরণ্যের মাঝ॥ পঞ্চ ভাই পাগুব পাঞ্চালী সহিত। বহু দ্বিজ্ঞান সঙ্গে ধৌম্য পুরোহিত॥ বলেন সবার প্রতি ধর্ম্মের তনয়। সবে জান হইয়াছে পূর্বের নির্ণয়॥ দাদশ বৎসর অস্তে অজ্ঞাত বছর। অজ্ঞাত রহিতে হবে পঞ্চ সহোদর॥ বৎসরের মধ্যে যদি বিদিত হইবে। পুনরপি দ্বাদশ বৎসর বনে যাব॥ বিচারিয়া কহ সবে ইহার বিধান। বংসরেক অজ্ঞাত থাকিব কোন্ স্থান সেই দিন হবে কালি অজ্ঞাত প্রভাত । বিচারিয়া কর যুক্তি আমার সাক্ষাত **॥** শুনি ভীম কহিলেন রাজারে চাহিয়া। তোম। আর পার্থ বীরে উপেক্ষা করিয়া। মম অত্যে যুঝিবেক পৃথিবীর মাঝ। হেন জন নয়নে না দেখি মহারাজ।

মৃত্যু সম বনে হুঃখ ছাদশ বংসর। বক্তিলাম তোমার নিকটে নরবর॥ প্রাণ্ডবের পতি ভূমি পাণ্ডবের গতি। স্থমি যেই পথে যাবে, সবে সেই পথি॥ কহিলেন ধর্ম্মরাজ দ্বিজগণ প্রতি। দ্বে জান আমাকে যা কৈল কুরুপতি। বংসরেক অজ্ঞাত থাকিব লুকাইয়া। ক্তদিন যথা **স্থানে সবৈ রহ গি**য়া॥ দ্বিজগণে মেলানি করিলা নুপমণি। পড়িলেন মূর্চ্ছাপন হইয়া ধরণী ॥ ভ্রাতৃগণ ধৌম্য আদি যত দ্বিজ আর। রাজারে বুঝান সবে বিবিধ প্রকার ॥ বিপদকালেতে রাজা অধৈর্য্য না হবে। রার হৈলে শক্রেগণে বিজয় করিবে॥ বড় বড় রা**জাগণ বিপদে পড়িয়া।** ্রনরপি রাজ্য সাধে মন্ত্রণা করিয়া॥ সন্নিকটে না থাকিয়া অস্তবে থাকিবে। লাভালাভ না বিচারি **অনুজ্ঞা রাখিবে ॥** ভ্রাতৃবন্ধু পূর্বেবতে রাজার নাহি প্রীত। নুপতি করেন কর্ম্ম অতি মনোনীত॥ অমি কি কহিব তোমা পণ্ডিত **সকলে।** বাল কাটি পুনরপি আইদ কুশলে॥ ^{এত} শুনি উঠিয়া পাণ্ডব পঞ্চজন। প্রদক্ষিণ করি ধৌম্য চলেন তখন॥ ^{কাম্যবন} ছাড়িয়া যমুনা হৈল পার। ^{বান্যে} শাল্য দক্ষিণেতে পাঞ্চাল বিস্তার॥ ^{শ্রসেন} রাজ্যমধ্যে করিয়া প্রবেশ। ^{পরব্রজে} চলি যান বিরাটের দেশ॥ মংস্থাদেশ ছাড়ি গেল ধৌম্য তপোধন। 🖺 मयुक्त कृष्का द्रांगी वनरम वहन ॥ ^{চলিবার} শক্তি আর না হয় নৃপতি। আজি নিশি এই ঠাই করহ বসতি **I** নিকটে না দেখি দূর বিরাট নগর। ানি প্রাতে **ধাইব অজ্ঞাত নরবর 🛚** ^{নূপতি} বলেন কালি হইবে অজ্যুত। বিদিত হইলে লোকে হইবে অনৰ্থ ॥

পার্থে ডাকি আজ্ঞা দেন ধর্ম্মের তনয়। দ্রৌপদীরে স্কন্ধে করি লহ ধনঞ্জয়॥ আজ্ঞামাত্রে ধনঞ্জয় করিলেন স্কন্ধে। ঐরাবত ক্ষন্ধে যেন ইন্দ্রাণী আনন্দে॥ নগর বিরাট যে হইল কতদূর। ভাতৃগণে বলিলেন ধর্ম্মের ঠাকুর। সশস্ত্র নগরে যদি করিব প্রবেশ। দৃষ্টিমাত্রে সর্ববলোক চিনিবে বিশেষ॥ বাল বৃদ্ধ যুবাতে গাণ্ডীব ধনু খ্যাত। হেন স্থানে রাখ যেন লোকে নহে জ্ঞাত॥ অজু ন বলেন এই দেখ শমীক্রম। ভয়ঙ্কর শাখা সব পরশয়ে ব্যোম॥ আরোহিতে না পারিবে অন্য কোন্ জন। ইহাতে রাখি যে অন্ত্র যদি লয় মন॥ অর্জ্জুনের বাক্যে রাজা করেন স্বীকার। হেনমতে রাথ যেন না হয় প্রচার॥ তবে ত গাণ্ডীব ধনু খসাইয়া গুণ। গদা শম্ব আদি যত অস্ত্ৰপূৰ্ণ ভূণ॥ বসন আচ্ছাদি সব একত্রে করিয়া। রাখিলেন উচ্চতর শাখাতে বান্ধিয়া॥ নিকটে তাহার যত ছিল গোপগণ। সবাকারে পুনঃ পুনঃ বলেন বচন॥ পথেতে আদিতে বৃদ্ধা জননী মরিল। অগ্নির সংযোগে রুক্ষে রাখা গেল॥ কুলক্রমে আমার আছয়ে এই পণ। কিবা অগ্নি দহি কিবা এই মম মন ॥ তবে জয় বিজয় জয়ন্ত জয়ংসেন। জয়হল নাম পঞ্চ গুপ্তে রাখেলেন॥ মহাভারতের কথা অমূত-সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান ॥

পঞ্চপাশুবের বিরাট সভার প্রবেশ।
কাঁথেতে দেবন মণি মাণিক্যের সাজ।
সভামধ্যে প্রথমে গেলেন ধর্মরাজ॥
যুধিন্ঠির রূপ দেখি মুগ্ধ মৎস্থাপতি।
সভালোকে চাহিয়া জিল্ঞাসে শীত্রগতি॥

এই যে পুরুষ আসে কন্দর্প আকার। কহ কভু ইহাকে কি দেখিয়াছ আর ॥ ইন্দ্র চন্দ্র সূর্য্য সম প্রভা কলেবর। ঐরাবত সম গতি পরম স্থাদর॥ কাঞ্চন পর্বত যেন ভূমে শোভা পায়। আমার সভায় আদে বুঝি অভিপ্রায়॥ ক্ষজ্রিয় লক্ষণ সব ব্রাক্ষণের নয়। রাজচক্রবত্তী প্রায় দর্ব্ব তেজোময়॥ যে কাম্য করিয়া ইনি আসিছেন হেথা। ক্ষত্র হোক দ্বিজ হোক করিব সর্ব্বথা॥ এত বিচারিতে উপনীত ধর্মরাজ। কল্যাণ করিয়া দাণ্ডাইল সভামাঝ ॥ নমস্কার করিয়া বিরাট মূহভাষে। বিনয় পূর্বক ধর্মরাজেরে জিজ্ঞাসে॥ কে তুমি কোখায় বাস এলে কোখা হৈতে। কোন্ কুল গোত্রে জন্ম কেমন বংশেতে॥ যে কাম্য তোমার মাগি লহ মম স্থান। রাষ্ট্র পুর গৃহ দণ্ড ছত্র আর যান॥ তোমারে দেখিয়া মম ছেন মনে লয়। যাহা মাগ তাহা দিব করেছি নিশ্চয়॥ এত শুনি বলিলেন ধর্ম অধিকারী। বৈরাগ্য আমার গোত্র কঙ্কনামধারী॥ যুধিষ্ঠির রাজার ছিলাম আমি সঞ্চ। কিছু ভেদ নাহি ছিল যেন আত্মা একা॥ শক্র নিল রাজ্য, বনে গেল পঞ্চভাই। তাঁর সম লোক আমি চাহিয়া বেড়াই॥ পাশা খেলাইতে আমি বিশেষ নিপুণ। হেথা আইলাম রাজা শুনি তব গুণ॥ এত শুনি মৎস্যরাজ বলয়ে হরিষে। সদাই আমার বাঞ্ছা এমত পুরুষে॥ দৈবযোগে মম ভাগ্যে তোমারে পাইন্তু। রাজ্যধন তোমারে সকল সমর্পিসু॥ আমার সদৃশ হৈয়া থাকহ সভায়। যত মন্ত্রী দবাই দেবিবে তব পায়॥ এতশুনি বলিলেন ধর্মের নন্দন। কোন দ্রব্য আমার না হয় প্রয়োজন।

হবিষ্য আহারী আমি শয়ন ভূমিতে। কেহ যদি মাগে তবে লব তোমা হৈতে॥ হেনমতে তথায় রহেন যুধিষ্ঠির। কতক্ষণে উপনীত বুকোদর বীর॥ হাতেতে করিয়া চাটু মৃগপতি গতি। হেমন্ত পৰ্বত প্ৰায় কিবা যুথপতি॥ সভাতে প্রবেশে যেন বাল সূর্য্যোদয়। দেখি বিরাটের মনে হইল বিশায়॥ রাজার সভাতে উপনীত ব্রকোদর। জয় হ'ক বলিয়া তুলিল তুই কর॥ চতুৰ্ব্বৰ্ণ শ্ৰেষ্ঠ আমি জাতিতে ব্ৰাহ্মণ। গুরু-উপদেশে পারি করিতে রন্ধন॥ আমা সম রন্ধনে নাহিক সূপকার। মল্লযুদ্ধাভ্যাস কিছু আছয়ে আমার॥ এত শুনি মৎস্থপতি বলেন বচন। সূপকার তোমারে না লাগে মম মন॥ কুবের ভাক্ষর যেন শোভিয়াছে ভূমি। সর্ব্বক্ষিতি পালনের যোগ্য হও তুমি॥ সূপকারযোগ্য তুমি নও কদাচন। এত শুনি রুকোদর বলিল বচন॥ যুধিষ্ঠির রাজার ছিলাম সূপকার। আমাতে বড়ই প্রীতি আছিল রাজার॥ সিংহ ব্যাভ্র রূষ আর মহিষ বারণ। যাহা সহ যুঝাইবা দিব আমি রণ॥ মল্লযুদ্ধে আমা সম নাহিক মানুষে। আমারে পৃষিল রাজা কৌতুক বিশেষে॥ বল্লভ আমার নাম দিল ধর্মরাজ। তাহার অভাবে ভ্রমি পৃথিবীর মাঝ।। বিরাট কহিল এতে না হয় সংশয়। তোমার এ দব কথা চিত্র কিছু নয়॥ সদাগরা পৃথিবী শাদিতে যোগ্য তুমি। যে কামনা তোমার অবশ্য দিব আমি। আমার আলয়ে যত আছে দূপকার। সবাকার উপরে তোমার অধিকার॥ এত বলি ক্ষান-গৃহেতে পাঠাইল। এমতে রহিল ভীম কেহ না জানিল।

ত্ত্বে কতক্ষণে আইলেন ধনঞ্জয়। স্থ্ৰাবেশ কুণ্ডল শন্ধ কৰ্ণেতে শোভয়॥ টার্ঘকেশ বেণী নামিয়াছে পৃষ্ঠোপরে। ভূমিকম্প যে**ন মন্তগজ পদভরে ॥** দূরে থাকি **দবারে জিজ্ঞাদে মৎস্থপতি**। এই যে আইদে যুবা ছন্ম নারীজাতি ॥ পূর্বে কি ইহারে কভু দেখিয়াছ আর। হবুষ্য না হয় এই দেবের কুমার॥ इश् (मधि व्यमञ्जव रुप्सिष्ट मवादक । কেবা এ বুঝহ শীঘ্ৰ আসিছে হেথাকে॥ সর্জ্বন ব**লেন আমি হই যে নর্ত্তক।** ্দেই হেতু বহুকাল আমি নপুংসক॥ নৃত্য গীতে ম**ম সম নাহিক ভূবনে**। শিখাইতে পারি আমি দেবকন্<mark>যাগণে।।</mark> বিরাট বলিল ইহা নাহি লয় মন। এ কর্মের যোগ্য **তুমি নহ কদা**চন॥ এই নারীবেশ **তুমি ধরিয়াছ গা**য়। তোমার অঙ্গেতে ইহা শোভা নাহি পায়॥ ভূতনাথ অঙ্গে যেন ভন্ম আচ্ছাদিল। দিনকর তেজ যেন মে**ঘেতে ঢাকিল**॥ ্রোমার এ ভুজতেজ যে ধনু সহিল। ^{্র ব}মুর তেজে **সব পৃথিবী কাঁপিল॥** পার্গ বলি**লেন রাজা ধর্ম্মের নন্দন।** তার ভার্য্যা দ্রোপদীর ছিলাম গায়ন॥ ^{*কু} রাজ্য নি**ল তারা প্রবেশিল বন।** ^{এই} হেতু তব রাজ্যে আ**ইন্ম রাজন**॥ আমি নপুংসক রাজা নাম র্হন্নলা। ৰুত্ত গীত বাদ্য শিক্ষা দে**ই রাজবালা॥** ^{াজা} বলিলেন তুমি রহ মম পুরে। ার্ক সমর্পণ আমি করি<mark>সু ভোমারে॥</mark> ^{ন জন} পুত্র দারা রাখ এই পুর। ত্রি তুল্য তুমি এই রাজ্যের ঠাকুর॥ ত্রাদি কন্যা য**ত আছে মম পুরে।** ^{ত্য-গাঁত-বিশারদ করহ সবারে॥} ত বলি অন্তঃপুর মধ্যে পাঠাইল। ^{মতে রহেন} পার্থ কেহ না জানিল।

কতক্ষণে নকুল করিল আগমন। দূরে থাকি মৃত্যু তি দেখিল রাজন। মেঘ হৈতে মুক্ত যেন হৈল শুশধর। সূতবেশ তুরঙ্গ প্রবোধ বাড়ি কর॥ তুই ভিতে অশ্বগণ করে নিরীক্ষণ। মনমন্ত গতি যেন প্রমন্ত বারণ **॥** প্রণমিয়া দাণ্ডাইল রাজসভা স্থানে। মধুর কোমল ভাষে নৃপতিরে ভণে।। অশ্ব-চিকিৎক আমি শুন গুণধাম। জীবিকার্থে আইমু এন্থিক মম নাম॥ রাজা বলে এলে তুমি কোন্ দেশ হৈতে। দেবপুত্র প্রায় তোমা লয় মম চিতে॥ नकूल विलल कूतः धटर्मात्र नन्मन । লক্ষ লক্ষ অশ্ব তাঁর না যায় গণন॥ দর্ব্ব অশ্ব পালিতে আমারে নিয়োজিল। আমার পালনে অশ্বগণ বৃদ্ধি পাইল।। কড়িয়ালি দেই আমি যে অশ্বের মুখে। কোন কালে তার হুফ্টভাব নাহি থাকে॥ রাজা বলিলেন মুম যত অখগণ। দকল রক্ষার্থ তোমা করিসু অর্পন॥ নকুল করিল অখ-গৃহেতে গমন। কতক্ষণে সহদেব দিল দরশন॥ বালসূর্য্য যেমন উদয় পূর্ব্বভিতে। অগ্নিশিখা যেন যজ্ঞে দেখি আচন্দিতে॥ গোপজাতি যেন ধরিয়াছে নটবেশ। গোপুচ্ছ পুচ্ছের দড়ি আছয়ে বিশেষ॥ রাজা সহ বিশ্মিত যতেক সভাজন। প্রণাম করিয়া বলে মাদ্রীর নন্দন ॥ জীবিকার্থে আইলাম তোমার নগর। গাভীরকা হেডু মেংরে রাথ নরবর 🛚 আমার রক্ষণে গাভী ঝারি নাহি জানে। ব্যাঘ্রভয় চোরভয় নাহি কদাচনে 🛭 বিরাট বলিল এতে তুমি যোগ্য নহ। কে তুমি কি নাম ধর সত্য করি কহ॥ ইন্দ্র চন্দ্র কামদেব জিনি তব মূর্ত্তি। তব বৃদ্ধি পরাক্রমে রাজচক্রবভী ॥

বুহস্পতি শুক্র সম নীতি তব ভাষ। খড়গধারী হস্ত তব ছন্মধারী পাশ।। मश्राप्त वरल काम পाधूत मन्मम । তাঁহার যতেক গাভী পোকে অগণন॥ করিতাম সেই সব গোধন পালন। মম গুণে প্রীত ছিল পাণ্ডুর নন্দন॥ আর এক মহৎকর্ম জানি নরনাথ। ভবিষ্যৎ ভূত বৰ্ত্তমান মম জ্ঞাত ॥ পুথিবীর মধ্যেতে যতেক কর্ম হয়। গুহেতে বসিয়া তাহা জানি মহাশয়॥ ধর্মরাজ-দভাতে ছিলাম চিরকাল। যুধিষ্ঠির মোরে নাম দেন অন্ত্রিপাল।। রাজা বলিলেন সব সম্ভবে তোমারে। যে কাম্য তোমার থাকে লহ মম পুরে ॥ যত মম আছে গাভী আর রক্ষিগণ। তোমারে দিলাম সর্বব করহ পালন। এমত কহিয়া সহদেবে মহামতি। পঞ্জনে বাঞ্চামত দিলা নরপতি॥ মৎস্তদেশে পাগুবেরা রহিল গোপনে। অন্তগিরি মধ্যে যেন সহত্র কিরণে ॥ অগ্নি যেন আছিল ভস্মের মধ্যে লুকি ৷ কেহ না জানিল সবে অনুক্ষণ দেখি॥' মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুমে পুণ্যবান॥

> বিরাটপুরে ডৌপদীর প্রবেশ ও রাণীর সহিত কণোপকথন।

তবে কতক্ষণে কৃষ্ণা প্রবেশে নগরে।
চতুর্দিকে স্ত্রী পুরুষ ধায় দেখিবারে॥
ক্রেশেতে মলিন মৃথ দীর্ঘ মৃক্তকেশা।
পিন্ধন মলিন জীর্গ দৈরিজ্ঞীর বেশা॥
পুনঃ পুনঃ ক্রিজ্ঞাদেন যত নারীগণ।
কে তুমি একাকী ভ্রম কিদের কারণ॥
তোমার রূপের দীমা বর্ণনা না যায়।
দেবকতা। কিন্ধরী অপ্সরী অভিপ্রায়॥

সবারে প্রবোধি ক্লফা বলে এই বাণী। সৈরিক্সার কর্ম্ম করি নরজাতি আমি ॥ এমতে বেষ্টিত লোকে ভ্ৰমে দেবী কৃষ্ণা। প্রদাদে থাকিয়া তাহা দেখিল হুদেয়া 🛭 কৈকেয় রাজার কন্যা বিরাট মহিষী। কুষ্ণারে আনিল শীত্র পাঠাইয়া দাসী॥ আদর করিয়া তারে যতেক কামিনী। অন্তঃপুরে ল'য়ে গেল যথা রাজরাণী॥ শত শত রাজকন্যা স্থদেষ্ণা বেষ্টিভা 🖟 দ্রোপদীরে দেখি সবে হইল লভ্জিতা। नारक रुख पिया मर्ट करत्र निर्त्रीकन्। স্তব্ধ হ'য়ে অনুমান করে মনে মন॥ কতক্ষণে জিজ্ঞাসিল বিরাটের রাণী। দেবকন্তা হয়ে কেন ভ্ৰমহ অবণী॥ মহাভারতের কথা স্থধা হৈতে স্থা। সাধুজন করে পান নাশিবারে ক্ষধা॥

ञ्चरम्का कर्जुक जोत्रभीत्र ऋष वर्गनः কিবা লক্ষা সরস্বতী, হরপ্রিয়া হৈনবতী, সাবিত্রা কি ব্রহ্মার গৃহিণী। রোহিণী চন্দ্রের রামা, রতিসভী তিলোভ্যা, কিবা হবে ইন্দ্রের ইন্দ্রাণী॥ তোমার অঙ্গের আভা,ম্ল'ন করিলেক গভা, তারা যেন চক্রের উদয়ে। তোমার শরীর দেখি,নিমিষ না ধরে আঁথি, ঘন ঘন কম্পিত হাদয়ে॥ শশী নিন্দি মুখপদ্ম, করিয়াছ কেন ছম, ্র বেশ তোমার নাহি শেভে। পেয়ে তব অঙ্গল্ঞাণ, ত্যজিয়া কুন্থমোতান অলিব্বন্দ ধায় মধুলোভে ॥ মুগনেত্র জিনি অক্ষ্ কামশর হৈল তীক্ষ, वाकिल महित्व कामहिश्र। ওষ্ঠ পৰুবিশ্ব গণি, কণ্ঠ তব কন্মু জিনি, পঞ্চার লিপ্ত তব বপু। রক্ত কোকনদ পদ, রক্ত কর কোকনদ, রক্তযুক্ত অরুণ অধর।

;কচপ্ছ জিনি নাদা, স্থার সদৃশ ভাষা, ভুজযুগ জিনি বিষধর॥ গগননিবাদী ইচ্ছে, লহার নৈত্র কুটে, মুগ্পতি জিনি মধ্যদেশ। রব পূর্ণ কাদম্বিনী, কিবা চারু চকোরিণী মুক্ত দেখি কেন হেন কেশ। _{ইব}্দহ বরাননে, তোমা দেখি তরুগণে ল্খিত হইল শাখা সহ : 🗷 🥕 ব নামিলা তুমি, কি হেতু ভ্ৰমহ ভূমি, ্ল ভাণ্ডিও সত্য মোরে কহ।। ্র মঞ্চাল্য পতি, মানুষে না দেখি সতী, কিবা দেব দিক্পালগণ। া হছ দরশনে, মোহ গেল নারীগণে, পুরুষ না জীয়ে কদাচন॥ ্দেন্ত'র ব্যক্য শুনি, মধুর কমল বাণী. সাবনয়ে বলয়ে পাৰ্যতী। ্দর গ্রন্ধকর্মী আমি,মানুষী নিবাস ভূমি, ্লাহারী দৈরজীর জাতি॥ শ কা করি মোরে, রাখ**হ আপন ঘরে,** ্লব্য করি র**হিব তোমার।** 🔅 া উড়িফট ভাত, না দিব চরণে হাত, এই যাত্র নিয়ম আমার॥ ্চদুত পাঁতি,ভাল জানি নিত্য গাঁথি, ্পানালা জানি যে বিশেষ। ্ল কছন আদি, ্রত্ন আভ্রণ নিধি, বিচিত্ৰ জানি যে কেশ বেশ। ালের প্রিয়ত্সা, মহাদেবী সত্যভাষা, বহুকাল সেবিলাম তাঁকে। ারে নৈপুণ্য দেখি, পাণ্ডবের প্রিয়স্থি, ক্রন্য: মাগ্রি নিলেন আ**মাকে**॥ ^{াকি হানি} একপ্রাণ, ইথে না জানি**হ** আন, চিরকাল বঞ্চিলাম তথা। ি না শ্রুগণে, পাণ্ডুপুত্র গেল বনে, ্ৰই আমি আইলাম হেথা॥ ^{বিরাট} পর্বের কথা, বিচিত্র ভারত-গাঁথা, নৰ্ববহুঃখ শ্ৰেবণে বিনাশ।

ক্ষলাকান্তের স্থত, স্থজনের মনঃপুত, বিরচিল কাশীরাম দাস॥

্দ্রীপদীর সহিত স্থদেফার কথোপকথন রাণী বলে সৈরন্ত্রী তোমার রূপ দেখি। স্ত্রীজাতি হইয়া পালটিতে নারি মাথি॥ নুপতি দেখিয়া লোভ করিবৈ তোমারে। মম শক্তি নহিবে বারণ করিবারে ॥ তোমা দেখি আদর না করিবে আমারে : আমি উলাস্ট্র হ'ব রাখি তোমা ঘরে॥ আপনার হারে কাটা রোপির আপনে। কর্কটীর গর্ভ যেন মুত্যুর লক্ষণে॥ এত শুনি কুষ্ণা তবে বলে ওদেষ্ণারে। অন্য তুন্টা ক্রীর প্রায় না জান আমারে।। বিরাট হউন কিন্তা আরু অভা জন। ত্রুফটিত্তে দেখিলে না জাবে ক্লাচন॥ পঞ্চ গন্ধর্কের আমি করি যে দেবন। অনুক্র রাখে মোরে সেই পঞ্জন॥ ছোঁবার থাকুক্ যে নেখিবে পাপচ**ক্ষে**। মনুষ্য গণি কি দেব হৈলে মৃত্যু ভক্ষে॥ তুঃখানলে দগ্ধ দলা মম স্থানীগণ ন। জীবেক যে আমাকে করিবে চালন॥ দ্য়া করি আমাকে বাগহ ^{স্কি} সতী ৷ পশ্চাতে জানিব। হুমি আমার প্রকৃতি॥ না লব উচ্ছিন্ট আর না ট্রোব চরণ। পুরুষের ঠাই না পাঠাবে কদাচন॥ স্থানকঃ বলিল গদি তোমার এ রীতি: ষ্পাস্তাহে মম পার্শে রহ গুণবত।॥ হুদেঞ্চার বাক্য শুনি কুফা হুন্টুগনে। এমতে রহিল স্থাথে বিশট ভবনে॥ সেবায় হইল বশ বিরাটের রাণী : স্থালৈ করিল বধ গতেক রমণী॥ বিরাটের সভাপতি ধর্মের নন্দ্র। ধর্ম তায়ে বশ করিলেন সভাজন।। সপুত্রেতে আনন্দিত মংস্থ অধিকারী : অকুকণ ধর্ম দহ খেলে পাশাদারি॥

কণাকো বুকুলাঃ। ূ মহাভারত

পাশায় জিনিয়া ধর্মা অনেক রতন। নিভতে বাঁটিয়া লন যত ভ্ৰাতৃগণ ॥ ভীমের রন্ধনে তুষ্ট হইল রাজন। বশ হৈল যত জন করিল ভোজন ॥ মল্লযুদ্ধে বড় তুফ্ট হইয়া রাজন। অর্পণ করিল ভীমে কনক রতন॥ অর্জনের দেখি নৃত্য গীত বাগ্যরস : অন্তঃপুরে-নারীগণ সবে হৈল বশ ॥ বহুকাল অশ্বগণ ত্রুষ্টমতি ছিল। নকুলের করস্পার্শে সবে শান্ত হৈল ॥ গাভিগণ বাড়িল হইল কীরবন্তী। সহদেব-গুণে বশ হৈল মংস্থাপতি ॥ পাওবের-গুণে বশ মৎস্তাপতি হৈল। এইরূপে তথায় চতুর্থ মাদ গেল॥ মহাভারতের কথা অমৃত স্থান। কাশীরাম দাস কহে শুনে পুন্যবান।

শকরধাতা ও ভীজের সল্পুর্

পূর্ব্বাপর কৌলিক আছয়ে মংস্তদেশে। শৈষ্কর নামেতে যাত্রা আরাধে মহেশে। করিল শঙ্কর যাত্রা বিরাট রাজন্। নানা দেশে হইতে আইল বহুজন 🖟 দ্বিজ আদি চারি জাতি ক্রী পুরুষগণ : ৰুত্য গীত মহোৎদৰ করে জনে জন। পণ্ডিতে পণ্ডিতে কথা শাস্ত্রের বিবাদ। হস্তী হস্তী যুদ্ধ হয় ছাড়ি ঘোরনাদ ॥ কৌতুকে দেখেন তথা বিরাট রাজন। পর্বত আকার লক্ষ লক্ষ মলগণ।। মল্লগণ মধ্যে এক মল্ল বলবান। সর্ব্ব মলগণ করে যাহার বাধান ॥ সর্ব্ব মল্লগণ মধ্যে ছাড়ে সিংহনাদ। কে আছে আমার সঙ্গে করহ বিবাদ।। লাবে লাখে বড় বড় যত মল্ল ছিল। **অধো**ন্থ হ'য়ে কেহ উত্তর না দিল॥ ডাকিয়া বলয়ে মল্ল নৃপতির প্রতি। মোর দঙ্গে যুঝে ছেন দেহ নরপতি 🛭

চিন্তিয়া বিরাট তবে করিল স্মরণ। সূপকার বল্লভেরে ডাকিল তখন ॥ বিরাট কহিল তুমি কহিয়াছ পূর্বে। এ মল্ল দহিত রণ কর তুমি এবে॥ এ মল্ল দহিত পার যুদ্ধ করিবারে। তোমারে তুষিব আজি রাজ-ব্যবহারে 🛚 ভীম বলে নরপতি জানহ আপনে: যতেক কহিন্তু পূর্বেব উদর-ভরণে॥ দে দব স্থারিয়া যদি চাহ বধিবারে i এ মল্ল সহিত ভবে যুঝাও আমারে 🖟 মহাবলবান মল্ল পর্বত আকার। পেটাথী ব্ৰাহ্মণ আমি জাতি সূপকার 🛭 এ মল দহিত যদি করাও দংগ্রাম : দিজবধ ভয় না করিও পরিণাম ॥ শুনিয়া নিঃশব্দ হৈল মংশ্রের ঈশ্বর: কতক্ষণে কঞ্চ তবে করেন উত্তর। যার যে আশ্রয়ে থাকে পণ্ডিত স্তর্জ যথাশক্তি তাঁর আজ্ঞা না করে হেলন। পুনঃ পুনঃ মল্লগণ বলিছে রাজারে। রাজার হ'য়েছে ইচ্ছা যুদ্ধ দেখিবারে কর গ্রীতি রাজারে দেখুক সর্বজন। একবার মল্লের সহিত করি রণ॥ যুধিষ্ঠির-বাক্য শুনি বীর রুকোদর। পুনরপি নৃপতিরে করিল উত্তর॥ তোমার প্রদাদে আর কঙ্কের প্রদাদে : না জীবেক মল্ল আজি পড়িল প্রমাদে 🛚 এত বলি রঙ্গদভা মধ্যে দাণ্ডাইল। ডাক দিয়া ব্বকোদর মল্লেরে কহিল। যদি মৃত্যু ইচ্ছা তবে যুদ্ধ কর আদি। প্রাণ ইচ্ছা থাকে যদি পলাও প্রবাদী। ভামের বচন শুনি দে মল্ল কুপিল। মহা পরাক্রম করি ভীমেরে ধরিল। পর্বত নাড়িতে কোথা বায়ুর শকতি। না পারিল চালিবারে ভীম মহামতী॥ ঈষৎ হাসিয়া ভীম ধরি দুই পায়। অন্তরীক্ষে তুলিলেন ঘুরাইয়া তায়॥

কৃদ্র মীনে ধরে যেন আস করে নক্ত। আকাশে ঘুরায় যেন কুমারের চক্র ॥ _{থ্রাতে} যুরাতে মল্ল ত্য**জিল পরা**ণ। কেলাইয়া দিল ভূমে যেন লতাথান॥ _{্দিখিয়া} অদ্ভুত **দবে মানে চমৎকা**র। বিরটে নুপতি হয় আনন্দ অপার॥ অনেক প্রসাদ তারে দিল নরপতি। লতে। নিবভিয়া গেল যে যার বসতি॥ হার্ল পেয়ে রাজ্যে যত ছিল মল্লগণ। ক্রকাদর সহিত করিল আসি রণ। গ্রনক মরিল শুনি কেই না আইল। বর্তের বিক্রমে বিরাট বশ হৈল ॥ বড় বড় সিংহ ব্যান্ত মত্ত হস্তীগণ। ্রাতৃকে ভীমের সঙ্গে করাইল রণ ॥ নিগিয়েতে অনায়াদে মারে রুকোদর। াইক দেখেন রাজা জীবুল ভিতর ॥ টেরপে তথা একাদশ মাদ গেল। ত্যানক পাণ্ডৰ পঞ্চ অজ্ঞাত রহিল ॥ মহাভারতের কথা **অমূত-ল**হর**া।** কভাৱ শক্তি ভাহা বর্ণিবারে পারি॥ শ্রুত্যাত্র কৃতি আমি রচিয়া প্রয়ার। ঘবাংলে **গুনে ভাহা সকল সংসার**।। ভব্যে ভারত **সর্ব্ব পাণের বিনাশ।** াশীরাম লাস কহে কহিলেন ব্যাস॥

ে^{নানী}ৰ সহিত **কাচকের সাক্ষাং ও মিলন বাঞ্চা**ঃ

জিজাসেন জন্মেজয় কহ মুনিবর।
মতঃপর কি করেন পঞ্চ সহোদয়॥
মনি বলে অবধান কর ক্রুনাথ।
একালশ মাস গত হইল অজ্ঞাত॥
এলেকার সেবা কুফা করে অনুক্ষণ।
এনমতে দেখ তথা দৈবের ঘটন॥
বিচিক নামেতে ছিল রাজ সেনাপতি।
একদিন দ্রৌপদীরে দেখিল তুর্মাতি॥
৮প্টিমত্র কামবাণে হইল পীড়িত।
দ্রৌপদীর নিকটে হইল উপনীত॥

বলিতে লাগিল অতি মধুর বচনে। হের অবধান কর পূর্ণ চন্দ্রাননে॥ অনিন্দিত তব অঙ্গ অনঙ্গমোহিনী। নিরূপম রূপ তব প্রথম গৌবনী॥ হেথায় আছহ কভু আমি নাহি জানি। এ রূপ-যৌবন কেন নন্ট কর ধনি॥ তোমার অঙ্গের শোভা স্থরমনোলোভা। এ সব ভূষণ কি তোমার অঙ্গে শোভা। দেখিয়া তোমারে মন মজিল আমার। কামবাণে দহে প্রাণ করহ উদ্ধার ॥ গৃহ দারা পুত্র মম যত ধন জন। সব ত্যজি লইলাম তোমার শরণ॥ সহস্র সহস্র মম আছে নারীগণ। দাসী হ'য়ে সেবিবেক তোমার চরণ॥ রত্ব-শলঙ্কার যত লোকে মনোহর। যথা ইচ্ছা ভূবণ করহ কলেবর॥ রতন মন্দিরে শ্যার রক্তসিংহাসন। রত্ব-আভরণ পর শুনহ বচন। সকলের উপর হইবা ঠাকুরাণী। যদি না করিবা না রাপিবা মম বাণী॥ এথনি ত্যজিব প্রাণ তোমা বিস্তমান। এই দেখ হইয়াছে কণ্ঠাগত প্রাণ॥ কীচকের বাক্য শুনি কম্পে কলেবর। ধর্ম্মেরে স্থারিয়া দেবী করিল উত্তর॥ দৈরিক্রী আমার জাতি বীভংসরূপিণী। আমারে এমত কতু না শোভে কাহিনী॥ এ সকল কহ নিজ কুলভার্যাগণে। বংশবৃদ্ধি হবে যাতে থাকিব কল্যাণে॥ পরদারে মন কৈলে না হয় সঙ্গল। জীয়ন্তে অগ্যাতি ঘোষে পুথিবীমণ্ডল ॥ যতেক স্কৃতি তার দব নষ্ট হয়। পরশ করিতে মাত্র হয় আয়ুংক্ষয়॥ পুত্র দারা শেকে কন্ট দরিদ্রলক্ষণ। অল্লকালে দণ্ড তারে করয়ে শমন ॥ সকল বিনাশ হয় পরদারা প্রীতে। কভু ত্রাণ নাহি তার নরক হইতে ॥

পরদারা আমি তাহা জানহ আপনে। পাপদৃষ্টি আমারে করিলে কি কারণে॥ গন্ধব্ব আমার পতি যন্তপি দেখিবে। কুটুম্ব সহিত তোরে নিমিষে মারিবে॥ পঞ্চ **গন্ধর্বের আমি** করি যে দেবন। অফুক্ষণ রাথে মোরে সেই পঞ্জন 🛭 কালরাত্রি প্রভাত হইল আজি তোরে। তেঁই হেন ছুফ্টভাষা কহিদ আমারে॥ তুমি যে এমন ভাষা আমারে কহিলে। র্**বিহুত** কিঙ্কর ধরিল তোর চুলে॥ স্ত্রুদ্ধি পণ্ডিত যেই জ্ঞানবন্ত জন। পরস্ত্রী দেখিলে হেঁট করয়ে বদন॥ দ্রৌপদার বাক্য শুনি কাঁচক ছুঃখিত। কামবাণাবাতে হ'য়ে অত্যন্ত পাড়িত॥ কাঁচক ভগিনা হন বিরাটের রাণী । তার স্থানে কহে গিয়া সবিনয় বাণী॥ অচেত্রন অঙ্গ প্রায় দ্বনে নিশাদ। কহিতে না পারে, কহে অর্দ্ধ অর্দ্ধ ভাষ॥ ভগিনীরে যে বাক্য কহিতে না যুয়ায়। কামে হততিত্ত হ'য়ে লহ্দা নাহি পায়॥ ভাগনা, দেখহ মম বাহিরার প্রাণ। যদি মোরে চাহ শীর্ত্ত কর পরিত্রাণ।। সৈরিক্ত্রী আছয়ে যেই তোমার সদনে। তাহারে আমায় দেহ তুমি এইকণে॥ না দিলে সোদর-হত্যা হইবে তোমার। এখনি ত্যজিব প্রাণ তোমার গোচর । মধুর বলিয়া তোষে বিরাটের রাণী। কেন হেন কহ ভাই অসুচিত বাণী।। দাসা ছার লাগি কেন ত্যজিবে জাবন। দিবার হইলে আমি দিতাম এখন॥ অভয় দিয়াছি আমি লয়েছে শরণ। হুন্টমতি নহে পেই বুঝিয়াছি মন॥ চক্ষু মেলি নাহি চাহে পুরুষের পানে। তব ভার্য্যা হৈতে তারে বলিব কেমনে॥ আছয়ে গন্ধৰ্ব পঞ্চ তাহার রক্ষণ। শাস্ত হও ত্যজ ভাই দৈরিক্সীতে মন॥

কীচক বলিল শুন গন্ধৰ্বে কি ছার। কাহার শক্তি হয় অগ্রেতে আমার॥ পঞ্চ গন্ধর্বেতে রক্ষা করে বলি কয়। সহস্র গন্ধর্ব্ব হৈলে নাহি করি ভয়॥ নকী স্ত্রী-প্রকৃতি যাহা নাহি জান তুমি। ত্রুন্টা ক্রীলোকের ঠাঁই শুনিয়াছি আমি ॥ ভ্রাতৃ কিম্বা পুত্র হোক্ একান্তে পাইলে। বিহার করিতে ইচ্ছা হয় জানি ভালে॥ মুখেতে সতীত্ব কহে অন্তরেতে আন। সেইমত দৈরিক্সীরে কর অনুমান॥ যদি মোরে চাহ তবে বল শীঘ্রগতি। দাসী তারে কর ভয়, সোদরে **অ**গ্রীতি॥ রাণী বলে যত কহ কামের বশেতে। মম বশ নহে দেই কহিব কিমতে॥ দৈরিক্কা লইতে নিজ মরণ ইচ্ছিলে। তেঁই হেন হ্লফর্মে ভগিনী নিয়োজিলে॥ নিশ্চয় নিকট-য়ৃত্যু দেখি যে তোমার। যাও শীঘ্র পাঠাইব করিয়া প্রকার॥ ভক্ষ্য ভোজ্য দামগ্রী রাখিবে গিয়া যৱে। সৈরিক্রী পাঠাব স্থধা আনিবার ভরে॥ শান্তিকথা দব তারে কহিবে প্রথম। শান্তিতে ভজিলে হয় সুকল উত্তম। এত গুর্নি শীঘ্র গৃহে করিল গমন। যা বলিল ভগী তাহা করিল তথ্ম॥ তবে কতক্ষণে বিরাটের পাটরাণী। সৈরিক্রী ভাকিয়া কহে হুমধুর বাণী॥ ফ্রীড়ার ছিলাম আমি তৃষ্ণার পীড়িত। জাত্যুহ হৈতে স্থা আনহ স্থারিত॥ হুদেষ্ণার বাক্য শুনি যেন বজ্রাঘাত। ভয়েতে কম্পয়ে কৃষ্ণা ধেন রম্ভাপাত॥ কৃষ্ণা বলে স্বতপুত্র নির্লক্ষ দুর্ম্মতি। তাঁর ঠাঁই যেতে মোরে না বলহ দতী॥ প্রথমে তোমার স্থানে কহেছি সময়। রাখিল। আপন গৃহে করিয়া অভয়॥ আপন বচন দেবি করছ পালন। স্থা আনিবারে তথা যাক্ অন্যন্তন ॥

ভার কোন্ কর্মে আজ্ঞা কর রাজস্তা। অকর্ত্রব্য হ'লে তাহা করিব সর্ব্বথা॥ × 'ন্যা স্তদেষ্ণা কহে ক্রোধে আরবার। ্রেষিণী লোকের কেন এত **অহস্কা**র॥ ন্থায় পাঠাব তথা করিবে গমন। বিশ্বস্থা বিশ্বস্ত তুমি বলি দে কারণ ॥ হতে শীঘ্রগতি স্থধা আনহ ত্বরিতে। তে বলি স্থাপাত্র তুলি দিল হাতে॥ 🖅 শুনি দ্রৌপদীর চক্ষে বহে নীর। ্রযোড়ে **প্রণমিল দেবতা মিহির॥** স্থাপানে চাহি দেবী করেন স্তবন। হ সহ সঙ্কটে দেব করহ তারণ॥ প্রাধুপুত্র বিনা মম অন্যে নাহি মতি। ্রচকের চাঁই **মম কর অব্যাহতি।** মুহর্তেকে দূর্য্যে স্তব দ্রোপদী করিল। কুম্ভ রাখিবারে দেব রক্ষিগণ দিল। ব্ৰভাতে সমৰ্থ দেন না হয় কীচক। ফলক্ষিতে থাহ সঙ্গে রাক্ষ**স রক্ষ**ক॥ হাপেতে আরতা যায় ক্রেপদনন্দিনী। বাংগ্র স্নানে যেতে যেন ভরায় হরিণী ॥ ্র হৈতে কীচক দেখিল জৌপদীরে। প্রাদ্দ হইতে ভূমে নামিল সন্তরে॥ ^{প্র}ত্র তরিতে <mark>যেন পাইল তরণী।</mark> ^{কুন্তু}রে চাহিয়া বলে স্থমধুর বাণী॥ ^{হাজি} স্থভাত মম হইল রজনী। ^{্তই} মোরে রূপ। করি আইলে আপনি॥ 🥰 গৃহ ধন জন সকলি তোমার। ^{দিব্যুবস্ত্র} পর তুমি দিব্য অলঙ্কার॥ ^{ীর: ব'লে} ভোমার ভগিনী পিপাদিতা। 🤔 . 🕫 ল'য়ে আমি যাইব ত্বরিতা॥ ^{ঠাতক} বলিল কেন বলহ এমন। ^{ামার} মাজায় স্থা লবে অন্য জন॥ ^{ক্র}্গল **শুভ তব হইল এখন**। ^{সহত্র} সহজ্র দাসী সেবিবে চরণ॥ ^{ছানি} বৈদ তুমি এই রত্নসিংহাদনে। এত বলি ধরিতে চ**লিল সেইক্ষণে 🎚**

কীচকের হুফীচার দেখিয়া পার্বতি। ভূমিতে ফেলিয়া পাত্র ধায় শীত্রপতি ॥ **অন্তঃপুরে গেলে হুস্ট** করিবেক বল। ভাবিয়া চলিল দেবী রাজ-সভাস্থল॥ পিছে গড়াইয়া যায় কীচক হুৰ্ম্মতি। ক্রোধে সভামধ্যে চুলে ধরি মারে লাথি। সূর্য্য-অনুচর সেই অলক্ষিতে ছিল। কীচকে ধরিয়া বলে ভূমিতে ফেলিল। যুল কাটা গেল যেন রুক্ষ পড়ে টলে। অচেতন হইয়া পড়িল ভূমিতলে॥ রাজা সহ পাত্র-মিত্র বদিয়া সভায়। সবে দেখে দ্রৌপদীরে প্রহারিল পায়॥ শভায় বসিয়াছিল বীর রুকোদর। তুই চক্ষু রক্তবর্ণ কম্পিত অধর ॥ জ্বন্ত অনলে যেন স্বত দিল ঢালি। দেখিল যে অপমান পাইল পাঞ্চালি ॥ নয়ন-যুগল অগ্নিকণ। বাহিরায়। ত্ৰপাটী দশন চাপি উঠিল সভায়॥ সম্মুথে আছিল বুক্ষ লইবারে যায়। অনুমতি পাইতে ধর্মের পানে চায়॥ অঙ্গুলি নাড়িয়া ধর্ম চক্ষতে চাপিল। অধোমুখ হ'য়ে ভীম সভাতে বসিল।। স্বামী সৰ বসিয়া দেখেন চারি পাশে। উদ্ভৈম্বরে কান্দে ক্রম্ঞা কহে অর্দ্ধভাষে ৮ ধর্মাসনে বসিয়াছ মৎস্থের ঈশ্বর। বিনা অপরাধে মোরে মারিল বর্বার॥ দাদীরে মারিতে নারে রাজার সভায়। তোম। বিজমানে মোরে প্রকারিল পায়॥ জুক্টলোকে রাজ্য দণ্ড নাহি করে যদি। তবে অন্তৰ্গলৈ তারে দণ্ড দেন বিধি॥ অনাথা দেখিয়া ৃ 🦵 হন্ট প্ররাশয়। চুলে ধরি মারিলেক নাহি পর্যাভয়॥ তায়মত রাজ। বদি পালে প্রজাগণ। বহুকাল বৈদে দেই ইন্দ্রের ভুবন। স্থায় না করিয়া যদি উপরোধ করে। । অধোমুখ হ'য়ে পড়ে নরক ত্রস্তরে॥

জয়দ্রথ-ভয় হৈতে করিলা উদ্ধার। জটাস্থর মারিয়া করিলে প্রতিকার ॥ এখন কীচক-ভগ্নে কর পরিত্রাণ। তোমা বিনা রাথে এতে নাহি কোন জন।। যুধিষ্ঠির-আজ্ঞা হেতু বিচারিছ চিতে। আজা করেছেন তিনি কীচকে দণ্ডিতে॥ তথনি বিদিত হৈত পূর্ন সভাযাবা। ধর্মাভয় করিয়া ক্ষমিল। মহারাজ ॥ এত শুনি চিত্তি ভীম বলিল। বচন। না কর জেন্দন দেবি স্থির কর মন॥ এত বলি ক্রোপে ভীম অরুণ নয়ন। মারিব কীচকে আমি বলিমু বচন।। সময় করিবা এক কিন্তু ভার সনে। উপায়ে মারিব ্যন কেহ নাহি জানে॥ আজিকার মত তুমি যাহ নিজালয়। কালি প্রাতে তার সঙ্গে করিও সময়॥ নৃত্যশালে যথা কন্যাগণ নৃত্য শিথে। রজনীতে শুন্য তথা কেহ নাহি থাকে॥ তথায় নির্বাদ্ধ কর শন্য করিবারে। সেই ঘরে পাপিষ্ঠে পাঠাব যমপুরে॥ ভীমের প্রতিজ্ঞা শুনি সম্বরি ক্রন্দন ! নয়ন মৃছিয়া কুষ্ণা করিল গমন। রজনী প্রভাত হৈল কীচক উঠিল ! যথ: রাজগুড়ে কুম্বং জাতগতি গেল্য দৌপদীর প্রতি তবে দন্ত করি বলে : ধাইয়া যে গেলে ভূমি রাজসভা স্থলে॥ রাজ বিভয়নে তেতের প্রহারিকু লাখি। কি করিল আমারে বিরাট নরপতি ॥ মম বাত্বাল বাজ্য ভুঞ্জে নরপতি। কি করিতে প্রার মার কাহার শক্তি 🛭 ভক্তহ দৈরিক্ত্রী মানে কম লোষ মারে : এই দেখ দত্তে তুল নাস হৈন্য তোর।। কৃষ্ণা বলিলেন বশ হইলাম আমি। কিন্তু মম আছয়ে গন্ধৰ্বে পঞ্চ দ্বামী॥ তাহা দ্বাকারে বড় ভয় হয় মনে। **এমন করহ যেন কেহ নাহি জানে ॥**

নৃত্যশালা রজনীতে থাকে শূন্যাগার। তথা নিশি তব সঙ্গে করিব বিহার॥ এত শুনি কীচক হইল হাউমন। শীঘ্রগতি নিজ গুহে করিল গমন 🛚 নানা গন্ধ চন্দনাদি অঙ্গেতে লেপিল দিব্য রত্ন অলঙ্কার অঙ্গেতে ভূষিল 🕆 সৈরিক্সীর চিন্তা করি বিরহ হুতাশে ক্ষণে ক্ষণে-দিনকর নির্থে আকাশে কতক্ষণে হবে অস্ত দেব দিবাকর: পুনঃ বাহিরায় পুনঃ প্র**বৈ**শয়ে ঘর ॥ ্ছেথ। কৃষ্ণা ভীমেরে কহিল সমাচার নুজাগারে রাত্রিতে আদিবে চুর্চার যথোচিত ফল আজি দিবে তার প্রতি প্রভাত না হয় যেন আজিকার রাতি : এমতে আদিয়া হৈল সন্ধ্যার সময় : বুকোদর অত্যে চলি গেল নৃত্যালয় ॥ অন্ধকার করি বৈদে পালক্ষের মারে মুগ মারিবারে যেন জাগে মুগরাজে 🛚 আনন্দিত চিত্ত হ'য়ে কীচক চলিল: একেলা হইয়া সঙ্গে কারে না লইল : যথায় পুরুষসি°হ আছে রুকোদর: কীচক বদিল গিয়া পালস্ক উপর॥ কামবাণাঘাতে তুক্ত মোহিত হইয়া ৷ অঙ্গে হাত বুলাইয়া বলিছে হাসিয়া ॥ লোহা হৈতে অধিক কঠিন ভীমকা কামানলে দক্ষ বুবে দৈরিক্সীর প্রায় : আমার মহিমা তুমি না জান স্তব্দরি মম রূপ গুণে বশ যত নর-নারী।। পূর্বভাগ্যে দৈরিক্ত্রী পাইলে তুমি মোই সবারে ত্যজিয়া আমি ভজিনু তোমারে[।] ভীম বলে বড় ভাগা আমার আছিল। দে কারণে তোমা স্বামী বিধি মিলাইল দ তোমার মহিম। আমি নাহি জানি প্রাক্ত দে কারণে হেলা কৈন্তু গন্ধর্কের গর্কে কিন্তু এক তাপ মম জাগিতেছে মনে রাজ্যভা মধ্যে মোরে মারিলা চরণে 🖟

্রেকুর সমান তব চরণ প্রহার। বড় ভাগ্যে প্রাণ রক্ষা হ**ইল আ**মার **।** হুমূল অধিক মম কোমল শরীর। _{বেলনায়} প্রাণ মম হতেছে বাহির॥ মনোকুঃখে কিমতে পাইবা রতিহ্বথ। 🚁 শুনি কহে তবে কীচক হুম্মুখ।। জনহ সে সব দোষ ত্যজ হুংখমন। ্রদন্ন হইয়া মোরে করহ বরণ॥ পলাঘাতে হুংখ যুদি আছুয়ে অন্তরে। ্দেইমত পদাঘাত করহ আমারে॥ এন বলি কীচক মস্তক দিল পাতি। হারুরে হাসিয়া উঠে ভীম মহামতি॥ বজাগাত প্রায় গাড়ে প্রহারিল লাথি। ত্রাপিও নাহি জানে কীচক দুর্মতি॥ ্র চরণাঘাতে ভীম গিরি চুর্ণ কৈল। িউদ্ব কিন্দা। ও বক প্রভৃতি মারিল॥ • একে একে তিনবার করিল প্রহার। ংখপিও নাহি জানে কীচক গোঁয়ার॥ ভীম বলে **আ**রে তু**ন্ট গন্ধর্কে** বিবাদ। ্রটেব সৈরিক্সীর রমণের সাধ।। ইমবাক্য **শুনিয়া কীচকে হৈল জ্ঞান**। 🕾 দিয়া উঠি ধরে ব্যান্ডোর সমান ॥ মহাপরাক্রম হয় কীচক দ্রজ্জয়। 🐔 ভীম হৈলে তার সম যুদ্ধে নয়॥ ইকার বরিয়া **কেশ আয়ু হৈল ক**ীণ। িশ্য চরণা**খাতে বল হৈল হীন**॥ গেপিও বিক্রমে ভীমের নহে উন। প্ৰশাতে দৃঢ়গুপ্তি হানে পুনঃ পুনঃ॥ ^{ছ সে}ছ কাষ্ড মুণ্ডে <mark>বাড়াতাড়ি</mark> : ^{ক্রপের} করি **ভূমে যায় গড়াগড়ি॥** ক্রি উপরে ভীম কখন কাঁচকে। ি^{শি}েত ভ**র্জ্জ**র অঙ্গ পদার্ঘাতে নথে।। ^{নিশকে}তে দোহে যুদ্ধ ঘরের ভিতর। ^{এইমত} যুদ্ধ হৈল তৃতীয় প্রহর॥ ^{উনপ্রশাশ}ং বায়ুতেজ বায়ুর তনয়। ^{বহুমত} করিলা কীচক নহে ক্ষয়॥

পুনঃ পুনঃ উঠে দোঁহে করয়ে প্রহার । চরণের ঘাতে ক্ষিতি হইল বিদার॥ বসন্ত সময় যেন হন্তিনী কারণ। পর্বত উপরে হুই হস্তী করে রুণ॥ ক্রোধে অগ্নিৰং জ্বলে বায়ুর নন্দন। কীচকে ফেলিয়া বুকে করিল আসন॥ দ্রৌপদীর অপমান হৃদয়েতে জাগে। সিংহ যেন চাপিয়া ধরিল মত্ত মূগে ॥ আরে হুফ ছুরাচার কীচক ছুর্মতি। এই নুখে ইচ্ছিলি সৈরেক্সী সহ রতি॥ এত বলি^{*}বদনে প্রহারে বজ্রমৃষ্টি। ভাঙ্গিয়। ফেলিল তার দন্ত তুই পাটি॥ এই চক্ষে দৈরিক্সী করিলি নিরাক্ষণ। বজুনথে উপাড়িয়া ফেলিল নয়ন॥ অন্তকোষ ধরিয়া মারিল তাহে লাথি : সেই ঘাতে প্রাণ ছাড়ে কীচক হুর্মতি। হস্ত পদ শির তার সব চুর্ণ কৈল। কচ্ছপের প্রায় করি অঙ্গে পুরাইল॥ মাংদপিওবৎ করি কুন্নাণ্ড আকার। কৃষ্ণারে ডাকিয়া বলে প্রনকুমার॥ অগ্নি জালি দেখ এবে যাজ্ঞদেনী সতী। তোম। হিংসি কাঁচকের এতেক ছুর্গতি॥ অপরাধ মত দণ্ড পাইল দুর্মতি। যে তোমার অপরাধী তার এই গতি।। এত বলি মুকোদর করিল গমন। বুন্ধনশালায় যথা শয়ন আসন ॥ স্নান করি অঙ্গে দিল স্থগন্ধি চন্দন। যুদ্ধশ্রে হ'রে বার করিল শয়ন॥ মহাভারতের কথা অনুত লহরী। কাশীরাম দাস করে ভবভঃ 🗝রি ॥

ক্রিকের শালে এথের উনশত প্রতার মৃত্যু ক্রীচক মরণে কৃষ্ণা আনন্দিত হৈল। সভাপাল প্রতি তবে ডাকিয়া কহিল॥ মোরে হেন তুঃখ দিল ক্রীচক তুর্ম্মতি। ফল দিল উচিত গন্ধর্বে মম পতি॥

নহন্ধার করি তুফ্ট গন্ধর্বে না মানে। ান্ধর্কে মারিবে কোথা মসুষ্য-পরাণে ॥ এত শুনি ধাইলেক যতেক রক্ষক। নাংসপিও প্রায় তথা দেখিল কীচক॥ মপুর্বব দেখিয়া লোক মানিল বিস্ময়। কেহ বলে কীচক এ. কেহ বলে নয়॥ কোথা গেল হস্ত পদ কোথা গেল শির। কুমাণ্ডের প্রায় দেখি কাহার শরীর॥ কেহ বলে গন্ধর্ব্ব মারয়ে এইমত। বার্কা পেয়ে ধাইল দোদর উনশত 🗈 কীচকে বেড়িয়া সবে করয়ে ক্রেন্সৰ । ভাতৃ মিত্র বন্ধু যত ক্রী পুরুষপণ ॥ এইমতে বন্ধুগণ কান্দিয়া অপার। অগ্নিতে সৎকার হেতু করিল বিচার॥ ছেনকালে দ্রৌপদীরে দেখি দেইখানে। দর্প করি দাণ্ডাইল স্বা বিভাষানে ॥ ক্রোধে সূতপুত্রগণ বলয়ে বচন। এই চুফা হৈতে হৈল কীচক-নিধন॥ কেই বলে না চাহিও এ সৃষ্টার পানে। কেহ বলে অসতীরে মারহ পরাণে॥ ষ্মায়তে পোড়াও এরে কাচক সংহতি। পরলোকে কীচকের হইবেক প্রীতি॥ বান্ধিয়া ইহারে শীঘ্র মৃত সহ লহ। একবার নুপতিরে গিয়া জিজ্ঞাসহ 🛭 বিরাট নুপতি শুনি কাচক নিধন। ক্রোধে নরপতি আজ্ঞা দিল সেইক্ষণ॥ ছাহা বীর কীচক দৈন্যের দেনাপতি। ভোমার বিহনে মম হয় কোন্ গতি। সৈরিক্সী হুস্টার হেতু কীচক-নিধন। ক্রোধে নরপতি আজ্ঞা দিল সেইক্ষণ ॥ তার মুখ আর না দেগিব কদাচন। শীন্ত্র করি লছ তারে করিয়া বন্ধন ॥ পোড়াও কাঁচক সহ স্থালিয়া অনল। তবে দে আমার অঙ্গ হইবে শীতল ॥ আহ্না পেয়ে কৃষ্ণারে বান্ধিল সেইক্ষণ। খব সহ লইলেক করিয়া বন্ধন ।

তবেত দ্রোপদী দেবী না দেখি উপায়। আকুল হইয়া অতি কান্দে উভরায়॥ ওহে জয় বিজয় জয়ন্ত জয়ৎদেন। জয়ম্বল নাম লৈয়া উচ্চেতে ডাকেন॥ তুন্দুভির শব্দ যাঁর ধন্মক টঙ্কার। তিনলোকে অসাধ্য নাহিক শক্র যাঁর 🛭 ভাঁর প্রিয়া বড় আমি করিল বন্ধন। শীঘ্রগতি আসি মোরে করহ মোচন॥ এইমত পুনঃ পুনঃ ডাকে যাজ্ঞসেনী। রন্ধন-গ্রহেতে থাকি ভীমদেন শুনি ॥ ক্রন্দনের শব্দ শুনি উঠিয়া বসিল। দ্রোপদীর রব বুঝি হৃদয় কাঁপিল। কেশ বেশ মুক্ত বীর বায়ুবেগে ধায়। পথাপথ নাহি জ্ঞান শব্দ শুনি যায়॥ একলাফে ডিঙ্গাইল গড়ের প্রাচীর। আশ্রাসিয়া দ্রৌপদীরে কহে মহাবীর 🛭 না কান্দ সৈরিন্ধী দেবি আইল গন্ধর্বা এখনি মারিবে হুফ সূতপুত্র সর্বব ॥ এত বলি উপাড়িল দীর্ঘ তরুবর। দণ্ডহন্তে যম যেন ইন্দ্র বক্তকর॥ সবে বলে হের ভাই গন্ধর্ব আইল 🛭 পলাও পলাও বলি সবে রড় দিল ॥ नगरत्रत्र मूथ ধति भाग्न वाग्नुरवर्ग । পাছে ধায় রুকোদর সিংহ যেন মুগে ॥ আরে আরে হুরাচার সূতপুত্রগণ। মসুষ্য হইয়া কর গন্ধর্কে চালন। এত বলি প্রহার করিল তরুবর। এক ঘায়ে মারে উনশত সহোদর॥ অশ্রেপূর্ণ যুখী কৃষ্ণা আছিল বন্ধনে। মুক্ত করি রুকোদর দিল দেইকণে ॥ ভীম বলে ছুঃখ না ভাবিও গুণবতি। তোমারে হিংদিয়া চুফ্ট হৈল হেন গতি। আজ্ঞা কর যাই আমি কেহ পাছে জানে! করহ গমন তুমি আপনার স্থানে ॥ এত বলি চলি গেল ৰীর রুকোদর। অন্তঃপুরে গেল কুফা হুদেফার ঘর ।

বুজনী প্রভাত হৈল আসি সর্ব্বজন। বাজারে করিল জ্ঞাত রাজমন্ত্রিগণ॥ & চিক দহিতে গেল যত ভ্ৰাতৃগণ। গুমুর্কের হাতে সবে হইল নিধন॥ সবে মারি সৈরিক্রীরে মুক্ত করি দিল। পুনঃ আদি দৈরিক্ষী পুরেতে প্রবেশিল। মংস্থাদেশের আর নাহিক প্রতিকার। াদ্ধর্কের হাতে সবে হইবে সংহার॥ মনোরমা নারী হয় পরমা স্থন্দরী। ভারে চালিবে যেবা গন্ধর্বে যাবে মারি॥ শিদ্র কর নৃপতি ইহার প্রতিকার। ্রুগা হ'তে তুষ্টা গেলে সবার নিস্তার ॥ ক্রনিয়া বিরাট রাজা ভয়ে ত্যেন্ত হৈল। ቆ চিকের দহিবারে লোকে আজ্ঞা দিল ॥ অন্তঃপুরে গিয়া রাজা রাণীরে বলিল। দৈরিক্রা রাখিয়া গৃহে বিপত্তি হইল ॥ ্ৰে হেথা হৈতে শীঘ্ৰ যায় যেইমতে। মম নাম না লইবা কহিবা সম্প্রীতে ॥ এত দিন ছিলা তুমি আমার সদন। এখন যথায় ইচ্ছা করহ গমন ॥ োমা হৈতে বড ভয় হুইল সবার। বিলম্ব না কর শীঘ্র কর অঞ্চসার ॥ মহাভারতের কথা অমৃত সমান। ক্ষীরাম দাস ক**হে শুনে পুণ্যবান** ॥

গাহহাবে স্থশারাজার যাতা।
হয়োগন স্থাজ্ঞা পেয়ে স্থশর্মা নৃপতি।
আপন বাহিনী সাজাইল শীত্রগতি॥
আবাঢ়ের সিতপক্ষ পঞ্চমী দিবসে।
ফশর্মা নৃপতি চলি গেল মহস্তদেশে॥
শার ভেরী তুন্দুভি বিবিধ বাদ্য বাজে।
বালের শব্দেতে কম্প হৈল মহস্তরাজে॥
গ্রেবিশিয়া মহস্তদেশে স্থশর্মা নৃপতি।
ধরহ গোধন আজ্ঞা দিল সৈন্য প্রতি॥
হয় হস্তী গাভী আর নানা রক্কধন।
হত্তিতে লাগিল সর্বক্ষন।

গোধন মক্ষণে যত ছিল গোপগণ। ধাইয়া রাজারে বার্ত্তা কহিল তখন॥ সভাতে বসিয়াছিল বিরাট নুপতি। উদ্ধন্মাসে কহে গোপ প্রণমিয়া ক্ষিতি॥ মৎস্তাদেশে সকল মজিল নরবর। সকল হরিয়া নিল ত্রিগর্ভ-ঈশ্বর ॥ রক্ষা করিবারে রাজা যদি আছে মন। বহিরাও বিলম্ব না সহে এক ক্ষণ ॥ দূতমুখে হেন বার্ত্তা পাইয়া নৃপতি। চতুরঙ্গ বাহিনী সাজিল শীঘগতি 🛚 শতানীক মুদিরাক্ষ ছুই সহোদর। খেত শহা তুই ভাই রাজার কোঙর। পাত্রমিত্র যোদ্ধা ত্বরা সাজিল সকল। विविध वाक्रमा वाटक रेमग्र-कामाहल ॥ শতানীকে আজ্ঞা দিল বিরাট স্থূপতি। দিব্য অস্ত্র ধন্ম দেহ চারিজন প্রতি॥ শ্রীকঙ্ক বল্লভ অশ্ব-বৈগ্য যে গোপাল। মহাবীৰ্য্যবস্ত যুদ্ধ করিবে বিশাল ॥ দিব্য ধকুগু । দিল রথ তুরঙ্গম। मुकू हे कू छल फिल क्वर छ छम ॥ সাজিয়া চলিল রথে করি আরোহণ। স্বৰ্গ হৈতে এল যেন দিক্পালগণ। চলিল বিরাট রাজা মানধ্বজ রথে। চারি ভাই চলিলেন রাজার পশ্চাতে॥ রুপ্র চালাইয়া দিল রথের সার্থা। পশ্চাতে মাত্তগণ চালাইল হাতী॥ পদধূলি ঢাকিলেক দেব-দিবাকর। ঘোর অন্ধকার হৈল দিবদ তুপর ॥ শূন্য হৈতে পক্ষীগণ স্থূমেতে পড়িল। হেনমতে উভয় দৈখেতে বেলা হৈল ॥ त्रशीरक धाइन दशो, अञ्ज धात्र गरङ । অখারোহী অখারোহী পাত্ত পত্তি যুঝে। মলে মলে গজে গজে াতুকী ধাতুকী। থড়েগ থড়েগ শূলে শূলে তবকি তবকি ॥ हरेल माऋग यूक महाख्यकतः। পুর্বের যেন দেবাস্থরে হইল সমর 🛚

সিংহনাদ মুত্তমূ তঃ গৰ্ম্জে দৈন্যগণ। ধনুক নির্ঘোদে ঘন শদ্মের নিঃস্বন॥ বিবিধ বাত্যের শক্ষে কর্ণে লাগে তালি। অশ্বকার হৈল সর্ব্ব আচ্ছাদিল ধুলি॥ বাণের আগুন মাত্র ক্ষণে ক্ষণে জ্বলে। অন্ধকার রাত্রে যেন মুকুতা উজলে॥ মুধল মুদ্রার শূল ইস্ত চক্র শেল। পরশু পট্টশ জাঠি মল্ল কুম্ভ ছেল। পড়িল অনেক দৈন্য পৃথিবী আচ্ছাদি। ধূলি অন্ধকার কৈল রক্তে বহে নদী। মুকুট কুণ্ডল মুগু যায় গড়াগড়ি। বুকে শেল বাজি কেহ ভূমিতলে পড়ি॥ সব্যহস্ত খড়গ সহ পড়িল ভূতলে। পদ কাটা গেল কার' গড়াগড়ি বুলে॥ পর্বত আকার গজ ভূমে দন্ত দিয়া। পড়িল ভূমেতে দৈন্য অনেক দলিয়া॥ হেনমতে যুদ্ধ হৈল দিতীয় প্রাহর। কেহ পরাজিত নহে কাণ্ড ঘোরতর ক্রোধে শতানীক বার সময়ে প্রবেশ। এক শত রথী মারে চক্ষুর নিমিষে॥ মুদিরাক্ষ মীরিলেক শত সেনাপতি: শত শত মারিল বিরাট নরপতি **॥** বিরাট নুপতি দেখি স্থশর্মা ধাইল ! তুই মত্ত ব্যাগ্ৰ যেন একত্ৰ মিলিল॥ ক্রোধেতে বিরাট রাজা মারে দশ শর। চারি অশ্বে মারে চারি রথের উপর ॥ রথধ্বজে তুই, তুই স্থশ্ম। উপরে। অস্ত্র কাটি হুশর্মা ফেলিল কত দুরে॥ পঞ্চলত বাণ মারে বিরাট উপর। কার্টিয়া ফেলিল ভাহা মৎস্থের ঈশ্বর॥ দেখিয়া ত্রিগর্ত্তপতি অতি শীঘুগতি। লাফ দিয়া স্থুমিতে নামিল মহামতি॥ হাতে গদা করিয়া ধাইল মহাবেগে। সিংহ যেন ধরিবারে যায় মন্ত মূগে ॥ চারি অথ মারিল মারিয়া গদা বাড়ি। সার্থির কেশে ধরি ভূমিতলে পাড়ি॥

জীবগ্রন্থ ধরিল বিরাট নরপতি। আপনার রথে ল'য়ে তোলে শীঘুগতি॥ রাজা বন্দী হৈল, দৈন্য হৈল ভঙ্গীয়ান চতুৰ্দ্ধিকে পলায় লইয়া নিজ প্ৰাণ॥ বড় বড় যোদ্ধাগণ ত্যক্তি ধকুঃশর। : আপনি চালায়ে রথ পলায় সত্বর॥ উভয়ের মত্ত গজ গজ্জিয়া পলায়। অশারোহী পদাতিক পাছু নাহি চায় ৷ পলাইল সর্ব্ব দৈন্য কেহ নাহি আর । রাখিতে না পারে দৈন্ত বিরাট-কুমার : রণজয় করিয়া ত্রিগর্ত্ত নরপতি। বিরাটে লইয়া সে চলিল হুষ্টমতি ॥ জয়ধ্বনি করিয়া বাজায় বাগুগণ। মৎস্তারাজ-দৈন্য মধ্যে হইল রোদন ॥ ভ্রাতৃপুত্র মন্ত্রিপুত্র হাহাকারে কান্দে ভয়ে পলাইল দৈন্য চুল নাহি বান্ধে ॥ সন্ধ্যাকাল হইল ভাস্কর অস্ত গেল। কাহারে দেখি কেবা কোথায় চলিল ৷ দেখিয়। ধর্ম্মের পুক্র কহেন অনুজে। দাণ্ডাইয়া কি দেখহ ভীম মহাভুজে 🗵 ব**হু উপকা**রী এই বিরাট নুপতি। বৎসরেক অজ্ঞাত গৃহেতে দিল স্থিতি ৷ বার যে কামনা মত পাইলা যে স্থান তাহারে লইয়া যায় আমা বিল্লমান।। দাণ্ডাইয়া দেখ তুমি নহে ক্ষত্ৰধৰ্ম। অনুগত বিশেষ আমার এই কর্ম। শীত্র কর বিরাট নৃপতি বিমোচন। যাবং শক্রুর হাতে না হয় নিধন ॥ এত শুনি ভীম বলে যোড় করি পাণি তব আজ্ঞা চাহিয়া আছি যে নৃপমণি 🗈 এখন আমার কর্ম্ম দেখ দাগুইয়।। বিরাটে আনিয়া দিব স্থশর্মা মারিয়া 🏾 এই যে দেখ**হ শাল সকল বিস্তার** ৷ আমার হাতের যোগ্য গদার আকার: এই বুকাঘাতে আমি মারিব সকল। নিঃশেষ করিব আমি ত্রিগর্ত্তের দল ॥

ত্র বলি বৃক্ষ উপাড়িয়া ধায় বীর। নুরিয়া কহেন পুর্নঃ রাজা যুধিষ্ঠির॥ हर दर्या না করিও ভাই রুকোদর। 🚎 হ জাত হবে উপাড়িলে রক্ষবর॥ ত্তপ্ত হইতে ব্যক্ত যত দিন নয়। নৰ দিন খ্যাত কৰ্মা উচিত না হয়॥ হাতুষী ধলুক অস্ত্র ল'য়ে কর রগ। েক্ষের মত কর রথ অরোহণ॥ চ্ট প্রশে পাকৃ **তব তুই সহোদর**। শতু অন ছাড়াইয়। **মৎস্থের ঈশ্বর**।! অ'মও ভোমার দর্ব্ব দৈন্য যে লইয়া। কিরটি রক্ষার **হেতু যাইব চলিয়া**॥ ইম বলে নরপতি ইহা কেন কহ। ংহার্ত্তরে বিরাট আনিয়া দিব লহ।। ্রণ্ডেই স্থাপনি করিবে এত শ্রম। জেওঁ ধহিত করি সমর বিষম ॥ ४२ . इङ् गारव छूटे भार्कोत नन्मन । ক কাৰণে লাইৰ **অনেক সৈন্মগ**ণ॥ জ নিতে নিধেধিলা **রক্ষ না লইব**। েলগত গিয়া আমি বিরাটে আনিব॥ ং বছ কর্মায়ে ত্রিগ**র্ত্ত সহ র**ণ। াৰে মহিত পাঠা**ইবে সৈত্যগণ**॥ ং বলি ইকোদর ধায় দ্রুতগতি। িটা চরণভরে কম্পে বস্থমতী॥ ি শত্মুখ হৈল ঘোর অধ্বকার। ্রিবেগ প্রয় ভীম বলে মার মার॥ ^{হিডির}ের কথা অমৃত-সমান। ''ব'ন দদে কছে শুনে পুণ্যবান্॥

ি বৃদ্ধ অশ্যার প্রাজ্য ও বিরাতের বন্ধন মৃক্তি।
বিপাই ত্রিগতি রাজা সংগ্রামে জিনিয়া।
বিশান মে নদীতীরে উত্তরিল গিয়া॥
হিছান সর্বদৈত্য ক্ষুধায় ব্যাকুল।
বিশাহান করে নদীর তুকুল॥
বিশাহাত কেহ করিল শয়ন।
ই স্নানে কেহ পানে আসন ভোজন॥

বিরাট করিয়া বন্দী স্থশর্মা হরিষে। বিশিয়া সভার মধ্যে কহে পরিহাসে 🖟 কোথায় শ্রালক তোর বিরাট নুপতি। যার ভুজবলে ভোগ করিলি এ ক্ষিতি॥ বড় ভাগ্যে শ্যালক পাইয়াছিলে তুমি। যার তেজে ছাড়াইয়া নিলি মম ভূমি॥ এক্ষণে তোমার কিবা আছে হে উপায়। নাহি দেখি কেহ আছে তোমার সহায়॥ নিশ্চয় ভোমার মৃত্যু হৈল মম হাতে। শুগাল হইয়া বাদ[্]দংহের সহিতে॥ কেই বলে ইহারে না রাখ একদণ্ড। কেহ বলে খড়েগ কাটি কর খণ্ড খণ্ড॥ কেছ বলে নিগড়েতে করছ বন্ধন। ছুর্য্যোধন অত্রে লৈয়া করিব নিধন ॥ এমত বিচারে আছে তথা সর্বজন। হেনকালে উপনীত প্ৰন-নন্দ্ৰ ॥ তুই ভিতে বৃক্ষ ভাঙ্গে শুনি মড় মড়। নাদায় নিশ্বাদ বহে প্রলম্বের বাড়॥ মার মার শব্দেতে দৈতেতে উপনত। দেখিয়া ত্রিগর্ভ দৈন্ত হৈল মহাভাত॥ কেহ বলে রাক্ষম কি নক্ষ ধিতাধর। হেমন্ত পর্বত শুগু দম কলেবর ॥ পলায় সকল সৈত্য গণিয়া প্রমাদ। হস্তিগণ পলায় করিয়া ঘোরনাদ। ক্রতগতি হন্তীপুষ্ঠে চড়িগা মাহত। রকোদরে বেড়িল স্কুঞ্জর যুথে। যুথ।। র্বাথগণ রথ সাজি আরোশিত হৈয়া। লক লক্ষ চতুৰ্কিকে বেড়িল আনিয়া॥ শেল শূল শক্তি জাঠি ভূবণ্ডি ভোমর। চতুর্দ্দিকে মারে মতে ভীমের উপর॥ মহাবল ভীমপেন ভাঁন প্ৰাক্তম। রণস্থল মধ্যে যেন যুগান্তের বম ॥ 🥣 ধরিয়া কুঞ্জর শুণ্ডে শুণ্ডে ঘুরাইয়া। মারিল কুঞ্জরবুন্দ প্রহার করিয়া।। রথধ্বজ ধরিয়া প্রহারে রপোপরে 🗓 সহস্র সহস্র রথ ভাঙ্গে একবারে 📲 🥫

অশ্বগণ ধরিয়া প্রহারে অশ্বগণে। পদাতি পদাতি মারে ধরিয়া চরণে ॥ তাহারে ধরিয়া মারে যে পড়ে দম্মুখে। রথ অখ কুঞ্জর পড়িল লাখে লাখে॥ পলায় সকল সৈত্য পাছু নাহি চায়। সিংছের গর্জনে যেন শুগাল পলায়॥ পালাও পালাও বলি হৈল মহাধ্বনি। আইল আইল দৈত্য এই মাত্র শুনি॥ উৰ্দ্ধখানে দৃত গিয়া কহে হুশৰ্মারে। বিদয়া কি কর রাজা পলাও সহরে ॥ আচন্মিতে দৈন্য মধ্যে আইল একজন। রাক্ষদ গন্ধর্বর কিবা না জানি কারণ॥ মহাভয়ঙ্কর মূর্ত্তি না জানি কি রঙ্গ। প্রকাণ্ড শরীর যেন হিমাদ্রির শৃঙ্গ॥ মারিল অনেক দৈন্য যে পড়ে সম্মুখে। স্থশর্মা স্থশর্মা বলি ঘন ঘন ডাকে। বুবিায়া করহ কর্ম্ম যে হয় বিচার। তার অগ্রে পড়িলে না দেখি প্রতিকার 🖁 যত দৈশ্য পাড়িল না দেখি তার অন্ত। নাহি জানি এথা আছে এমত চুরন্ত।। পলাও নৃপতি শীঘ্র, প্রাণ বড় ধন। হের দেখ আইল ভাষণ দরশন॥ এত বলি ধায় দূত পাছু নাহি চায়। হেনকালে উপনীত ভীম মহাশয়॥ ভীমের শরীর দেখি অতি ভয়ঙ্কর। ভয়েতে কম্পিত স্বশর্মার কলেবর॥ পলাইল সর্বাজন রাজা মাত্র আছে। ভয়েতে আরুত হৈল ভীমে দেখি কাছে॥ ক্রতগতি **উঠি**য়া স্থ**শর্মা** রড় দিল। কেশে ধরি রুকোদর ভূমিতে পাড়িল॥ দৃতৃমুষ্টি করি কেশ ধরি বাম হাতে। দক্ষিণ করেতে ধরি নিল মৎস্থানাথে॥ ছুই করে ধরি ছুই নুপতির কেশে। বায়ুবেগে ধায় ভীম ভয়ঙ্কর বেশে॥ মুহুর্ত্তেকে উপনীত যথা ধর্মরায়। চরণে ফেলিয়া ভীম অন্তরে দাঁড়ায়॥

কেশের ঘর্ষণে দোঁহে হ'য়ে অচেতন। কতক্ষণে চেতন পাইল তুইজন ॥ মাথা তুলি মংস্থারাজ দেখি সভাদদে। কতক আশ্বস্ত চিত্তে কহে সে বিপদে॥ কহ ভট্ট কক্ষ ভাগ্যে দেখিমু তোমায়। আমা দোঁছে ফেলি গেল গন্ধৰ্ব্ব কোথায় 🛚 ভাগ্যেতে রহিল প্রাণ গন্ধর্কের হাতে : চল যাব শীঘ্ৰগতি পশিব সৈন্মেতে॥ পুনর্ব্বার আদিয়া গন্ধর্ব্ব পাছে ধরে ৷ এবারে না জীব আমি দেখিলে তাহারে 🛭 ধর্ম্ম বলিলেন ভয় না কর নৃপতি। গন্ধর্বে রাজার বড় স্নেহ তোমা প্রতি 🛭 দে কারণে শত্রু তব আনিলেক ধরি। শক্ত হৈতে তোমারে দিলেক মুক্ত করি: **গদ্ধর্বের** ভয় না করিবে কদাচন। কার্য্য করি নিজস্থানে করিল গমন ॥ স্থার্শ্মারে চাহিয়া বলেন ধর্মরায়। হেথায় আসিতে বৃদ্ধি কে দিল তোমায় 🖔 কীচক মরিছে বলি পাইলে ভরদা। না জান গন্ধর্বে হেথা করিতেছে বাদা ৷ ভাগ্যেতে গন্ধৰ্ক তোমা না মারিল প্রাণে পূর্ব্ব পুণ্যফলে জীলা গন্ধর্বের স্থানে ! আজ্ঞা কর মংস্থারাজ স্থশর্মার প্রতি ক্ষমহ সকল দোষ ছাড় শীঘ্ৰগতি॥ দৈন্যগণ পলাইল একা মাত্র আছে। করহ প্রসাদ রাজা যাহা মনে ইচ্ছে॥ বিরাট কহিল যে তোমার অনুমতি। যাহ নিজ রাজ্যেতে স্থশর্মা নরপতি। দিব্য এক রথ দিল করিয়া সাজন। রথে চড়ি স্থশগ্রা যে করিল গমন ॥ ধর্মরাজ বলিলেন বিরাটের প্রতি। নগরেতে দৃত রাজা যাক শী**ভ্রগতি** 🖟 তোমারে শুনিলে বন্দী রাজ্যে হবে ভয়: রাণীগণ তুঃখী হবে ভাল কর্ম্ম নয়। শীঘ্রগতি বার্তা দূত দেহ অন্তঃপুরে। বিজয় ঘোষণা হোক রাজ্যের ভিতরে 🛚

ধর্মের বচনে আজ্ঞা দিল মৎস্থরাজ।
শীঘ্রগতি দৃত পাঠাইল পুরীমাঝ।
মহাভারতের কথা অমৃত-সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবাম।

ইত্র গোগ্রে কুরুদৈজের গমন ও গো-হরণ। সংগ্রামে হারিয়া ত্রিগর্ত্ত নরপতি। ভ্যাদেশ নিরংসাহ অতি ক্ষুধ্যতি ॥ ্রথায় উত্তরভাগে রাজা হুর্য্যোধন। ভাগ দ্রোণ **রূপ কর্ণ গুরুর নন্দন** ॥ ত্মুখ তুঃসহ তুঃশাসন মহাবল। বহু রথী গজবাজী **চতুরঙ্গ দল**॥ বেড়িল আদিয়া যত মৎস্থের গোধন। যুক করি মারি **লইলেক গোপগণ**॥ প্ৰাইল গোপগণ গোধন ছাড়িয়া। ষ্টি লক্ষ গোধন লইল চালাইয়া॥ ^শদ্রগতি গোপগণ রথ **অরোহণে**। জনাইতে গেল মংস্থা রাজার ভবনে॥ উত্তর নামেতে পুত্র বিরাট রাজার। প্রণাম করিয়া দূত কছে সমাচার। থবধান মহাশয় বিরাট নন্দন। ^{গাধন} ভোমার সব নিল কুরুগণ ॥ ্রত্রক রক্ষক গোপগণেরে মারিয়া। ^{গাবন} তোমার সব যাইছে লইয়া॥ ত্রগতি উঠ রথে কর আরো**হণ** । ্রুগণ জিনি নিজ রাথ**হ গোধন**॥ না অস্ত্রবিদ্যা শিক্ষা লোকে তুমি খ্যাত। ান দেশরকা হেতু রাখিলেন তাত॥ ^{ভাষার} সংগ্রামে স্থির হবে কোন্ জনা। উণ হেন মুহূর্ত্তেকে নাশ কুরুদেনা॥ ^{উচ্চ শ্বস্থ} বদিয়া না**হিক কোন** কাৰ্য্য। ^{গোধন} লইয়া তারা যাবে নিজ রাজ্য॥ ৈতা জিনি ইন্দ্র যেন রাখে শ্বরপুর। ^{্ন ইমত} রক্ষা কর মংস্তের ঠাকুর॥ ^{ই বুলে}র মধ্যে গোপ এতেক কহিল। তনিয়া বিরাট-পুক্ত উত্তর করিল ॥

কি কহিব গোপগণ কহনে না যায়। রাজ্যরকা হেতু তাত রাখিলা আমায়॥ একগুটি সঙ্গে নাহি আমার দার্থি। সারথি থাকুক দূরে নাহিক পদাতি॥ মম পরাক্রম মত পাইলে দার্থি। মুহুর্ত্তেকে জিনিবারে পারি কুরুপতি॥ মত্ত গজগণে যেন তাড়ায় কেশরী : দৈত্যগণে দলে যেন একা বজ্লধারী॥ **সেইমত ধরিয়া কৌরব-দৈলুগণ।** এইকণে ফিরাইব আপন গোধন। একজন সার্থি আমার যোগ্য হয়। এক রথে করিব কৌরব পরাজয় ॥ ধনপ্রয় বীর যেন দলি দেবগণ। একেশ্বর করিলেন খাণ্ডব দাহন॥ পার্থবৎ মহৎ কশ্ম আজি যে করিব : একেশ্বর সর্ববৈদ্য নিমিদে মারিব॥ ক্রীগণের মধ্যে যদি এতেক কহিল। পার্থপ্রিয়া যাজ্ঞদেনী তথায় আছিল। রাখিব বিরাট-লক্ষ্মী বিচারিল মনে । ক্রতগতি উঠি গেল অর্জ্জনের স্থানে॥ ৰুত্যশালে পার্থসহ সব কভাগণ। সঙ্কেতে দ্রোপন। তারে বলেন বচন।। বিরাটের রাজ্য ভাঙ্গি যতেক গোধন। বলেতে লইয়া যায় কুরু-সৈতগণ॥ ইহার উপায় ত্বাম চিন্তুছ আপনি। রাথহ বিরাট-গাভা ক্রুগণ চেমি ম অৰ্জ্জন বলেন দেবি কিমতে এ হয়। ষ্ঠদিন অনুমতি ধর্মগ্রজ নয়॥ কুরুদৈন্য মধ্যে গেলে হইবেক খ্যাত। না জানি কি কহিবেন পাওুকুলনাথ। **र्काभनी कहिल शा**र्की दूक्कशन निर्त्त । **অধর্ম হইবে তুমি বসিয়া দেখিলে।**। বিরাট নৃপতি হয় বহু উপকারী। উপকারী জনে আমি হইলাম বৈরী॥ সহায় বলিষ্ঠ তাঁর কীচক মরিল। তোমা সবে দিয়া স্থল বিপাকে মঞ্জিল ॥

ত শুনি অর্জ্জুন করিল অঙ্গীকার। 'খিব বিরাট-ধেন্ম বাক্যেতে তোমার॥ কার করিয়া গিয়া জানাও উত্তরে। ারথি করিয়া আমা যুদ্ধে যেন বরে॥ ত শুনি হুফ হ'য়ে গেল বাজ্ঞদেনী। ব কহি পাঠাইল উত্তর। ভগিনী ॥ গ্ৰন্থানে কহ গিয়া বিরাট-নন্দিনী। ঙ্ম ভাই কহিল দৈরিক্সী স্থবদনী॥ াারথির হেতু তুমি হ'য়েছ চিন্তিত। স কারণে আমায় যে পাঠায় ত্বরিত॥ ার্ত্তক যে বুহন্নলা আছয়ে আমার। সৈরন্ত্রী কহিল সব পরাক্রম তার॥ গাণ্ডব দহিয়া পার্থ তুষিল অনলে। রহমলা আছিল সার্থি সেইকালে॥ পাণ্ডব-আলয়ে আমি ছিলাম যথন। রুহন্নলা পরাক্রম দেখেছি তখন॥ বৃহন্নলা সহায়ে অর্জ্জন মহাবীর। এক রথে শাদিল নৃপতি পৃথিবীর॥ আজা যদি হয় ভাই, লয় তব মন। বুহন্নলা সার্থি করিয়া কর রণ॥ উত্তর বলিল তুমি আনহ তাহারে। সার্থি হইলে যোগ্য যাইব সমরে॥ জ্যেষ্ঠ ভ্ৰাত। বচনে বলিল নূপত্তা। কাঞ্চনের মালা গলে বিচিত্র মুকুতা॥ রূপেতে কমলা স্থা কমল-নয়নী। ভানিন্দিতা সিংহ মধ্যে মরালগামিনী॥ জিজাসিল পার্থ কেন গতি শীঘ্রতর। 😎নিয়া বিরাট-পুত্রী করিল উত্তর॥ মম পিতৃ-গোধন হরিল কুরুগণে। শুনিয়া রক্ষার্থে মম ভাই যাবে রণে॥ সারথির হেতু চিন্ত। হ'য়েছে ভাঁহার। দৈরন্ত্রী কহিল গুণ দকল তোমার॥ অবশ্য ভাহাতে তুমি করিবে গমন। আনহ গোধন মম জিনি কুরুগণ॥ না গেলে তোমার অগ্রে ত্যজিব জীবন। ্রশুনিয়া উঠিয়া পার্থ করিল গমন ॥

উত্তরা সহিতে গেল যথায় উত্তর। দূরে দেখি রুহমলা কহিল সত্বর॥ পূর্বের তুমি অর্জ্জ্বের আছিলে সার্রি। তোমা সহযোগেতে জিনিলা স্থরপতি॥ সারথি যতেক খ্যাত আছে ত্রিভুবনে। ইন্দ্রের সার্থি শ্রেষ্ঠ সর্ব্বলোকে জানে॥ বিষ্ণুর দারুক আর সূর্য্যের অরুণ। দশরথ নৃপতির হুমন্ত্র নিপুণ ॥ সকল সার্থি হৈতে তোমা বাখানিল। তোমা দম কেহ নহে দৈরিক্সা কহিল। অৰ্জ্জুন বলেন আমি এ দব না জানি। নৃত্য গীত জানি আর তাল বাত্যধ্বনি ॥ কত্ন নাহি দেখি আসি সমর কেমন। শুনিয়া বলিল তবে বিরাট-নন্দন॥ নৰ্ত্তন গায়নে তুমি সকলেতে খ্যাত। সৈরক্ষীর মুখে তব গুণ অবগত॥ দৈরক্ত্রীর বাক্য মিথ্যা নহে কদাচন। উঠ দ্রুত মম রথে কর আরোহণ॥ অর্জ্জুন বলেন মানি তোমার বচন। সার্থি নহি যে তবু করিব গমন॥ কেবল আমার এক আছয়ে নিয়ম। যথা ইচছা শক্ৰ যদি হয় যম সম॥ না জিনিয়া বাহুড়িয়া না আসে মম রথ: সর্বকাল প্রতিজ্ঞা আমার এইমত॥ স্ত্রীগণের অত্যে তুমি যে কিছু কহিলে: রথ না বাহুড়ে মম তাহা না করিলে।। যথায় কহিবে রথ তথাকারে লব। রথসজ্জা দেহ, রথ সাজন করিব॥ এত শুনি উত্তরের আনন্দিত মন। মম মনোমত যোগ্য তুমি বিচক্ষণ॥ এত বলি গলা হৈতে দিল রত্নমালা। বড় ভাগ্য তোমারে পাইনু বুহন্নলা।। রাজপুত্র প্রদাদ না নিলে অনুচিত। প্রদাদ লইতে পার্থ হইল লক্ষিত॥ রথের সাজন করিলেন ধনপ্রয়। ় দেখিয়া উত্তর মনে মানিল বিশ্বয়॥

ীরবেশ করিয়া উত্তর রাজহত। রথ আরোহণ করে অন্ত গুণযুত।। कृष्पिक नातीशन कत्रस्य मनन । ্চনকালে উত্তরাদি বালিকা সকল। হেমলা চাহিয়া বলয়ে ততক্ষণ। পুতলা খেলাব মোরা যত কন্যাগণ॥ এই বাক্য তুমি মম করিও সারণ। ্যাদ্ধাগণ অঙ্গের যে বিবিত্ত বসন॥ রাম্ম দ্রোণ প্রভৃতি জিনিয়া বীরগণ। দ্বাকার অঙ্গ হৈতে আনিবে বসন ॥ কংহন ঈষৎ হাসি পার্থ ধ্যুদ্ধর। দংগ্রাম জিনিবে যবে তব সহোদর॥ মানিব বসন রত্ন তোমার বাঞ্চিত। এত বলি রথ মধ্যে বৈদেন ছরিত ॥ হেনকালে অন্তঃপুরে যত নারীগণ। অর্জুন চাহিয়ে বলে করুণ বচন॥ খাঙৰ দা**হনে যেন জিনি পুরক্ষরে।** দহরে হইয়া জয় দিলা পার্থবীরে॥ সেইমত এখন জিনিয়া কুরুগণে। উত্তর কুমারে **ল'য়ে আইদ কল্যাণে ॥** নিংভারতের কথা অমৃত-সমান। কাৰীরাম দাস কছে শুনে পুণ্যবান্॥

🛨র নৈত্যের সহিত মুদ্ধে উত্তরের গমন। স্থিমিগ্রয় কহে তবে ধনঞ্জয় প্রতি। ^{র্থ চালাইয়া **তুমি দেহ দ্রুতগতি ৷**} ^{যথায়} কৌর**ব-দৈশ্য করহ গমন।** ^{দাকা}তে দেখহ আজি তাদের মরণ # েত গৰ্বে হইল হরিল মম গরু। ^{ভার} সম্চিত ফ**ল পাবে আঞ্জি কুরু ॥** ^{পুনঃ} পুনঃ প্রতিজ্ঞা করিয়া বীর কয়। হাদি রথ চালালেন বীর ধনঞ্জয় ॥ আকাশে উঠিল রথ চক্ষুর নিমিষে। 🕵 র্ত:ক উত্তরিল কুরুদৈন্য পাশে॥ ^{দূর থাকি} উত্তর অর্জ্বন প্রতি বলে। ^{কেমনে} চালাও রথ কোথায় আনিলে॥

তথায় লইবে রথ যথায় গোধন। সমূদ্রের মধ্যেতে আনিলে কি কারণ॥ পর্বত সমান উঠে লহরী হিল্লোল। কর্ণেতে না শুনি কিছু পুরিল কল্লোল॥ নৌকারন্দ দেখিয়া ব্যাকুল হৈল চিত। কলরব জলজ্জু করে অপ্রমিত॥ হাসিয়া অৰ্জ্জ্ব তবে বলিলেন তায়। সমুদ্র-প্রমাণ বটে জলনিধি প্রায় ॥ ধবল আকার যত দেখহ কুমার। জল নহে এই সব গোধন তোমার॥ নৌকার্ন্দ নহে দব মাতঙ্গমগুল। না হয় লহরী রথ পতাকা দকল। সৈন্য-কোলাহল শব্দ সিন্ধু গর্জেব্ধ প্রায়। কৌরবের দৈন্য এই জানাই তোমায়॥ উত্তর বলিল মম মনে নাহি লয়। না জানহ বৃহন্নলা সমুদ্র নিশ্চয়॥ সমুদ্র না হয় যদি হয় দৈতাগণ। এ দৈন্য সহিতে তবে কে করিবে রণ॥ দেবের ত্বস্তর এই সৈন্য সিন্ধুবত। মনুষ্য কি শক্তি ধরে তাহার অগ্রত॥ এত দৈত্য পূর্বের মম নাহি ছিল জ্ঞান। জন কত লোক বলি ছিল অনুমান ॥ মহা মহারথিগণ দেখি হৈল ভয়। পৃথিবীর ক্ষত্র যার নামে ধ্বংস হয়॥ দেবতা তেত্রিশ কোটি ল'য়ে পুরন্দর। না পারিল যার সহ করিতে সমর ॥ তথা ভান্ন দ্রোণ কর্ণ অশ্বত্থামা কুস। বিবিংশতি ছঃগাসন ছার্যেনশন নৃপ ॥ কুবুদ্ধি লাগিল মোরে হইন্ম অজ্ঞান। তেঁই কুঞ্জনৈ ই মধ্যে করি আগমন॥ যুদ্ধের থাকুক কাজ দেখি ছন হৈনু। ছাড়িল শরার প্রাণ ্ডানারে কহিনু 🛭 ত্রিগর্ত্তের সহ রণে মম পিতা গেল। একগোটা পদাতিক ঘরে না রাখিল।। একা মোরে রাখি গেল রাজ্যের রক্ষণে। মোর কোন্ শক্তি কুরুরাজ সহ রণে 🛭

কহ রহন্নলা কি তোমার মনে আদে। তবু রথ রাখিয়াছ কেমন সাহসে॥ শীম্র রথ বাহুড়াও পাছে কুরু দেখে। ধেমু হেছু মিধ্যা কেন মরিব বিপাকে॥ উত্তর বচনে হাসি কন ধনঞ্জয়। শক্ত দেখি কি হেছু এতেক তব ভয়॥ कुस्छवर्ग देशल मूथ नीर्ग देशल अञ्च । **জিহ্বাতে উ**ড়িল ধূলি কম্পে করজঙ্ব ॥ না করিয়া যুদ্ধ তব দেখি হৈল ভয়। কোন মুখে বাহুড়িয়া যাবে পুৰরায়॥ কহিলা ফিরাও রথ অতি দ্রুতগতি। চিত্তে না করিও আমি এমন সার্থি॥ না করিয়া কার্য্য সিদ্ধ ফিরাইব কেনে। পূৰ্বেক কহিয়াছি আমি তাহা বুঝ মনে॥ কিসের কারণে আমি রথ বাহুড়িব। আমি দর্ব্ব দৈত্য মাঝে এবৈ রথ লৈব॥ ন্ত্রীগণের মধ্যে থাকি যতেক কহিলে। রথ না বাহুড়ে মম তাহা না করিলে॥ যুদ্ধভয় ত্যজহ ধরহ বীরপণ। ধনু ধরি নিজ বলে জিন কুরুগণ॥ বিনা কুরু না জিনে গোধন ছাড়ি গেলে। মহালজ্জা হৈবে তব পৃথিবীমণ্ডলে ॥ হাসিবেক সর্বলোক যত ক্ষত্রগণ। হাসিবেক স্ত্রীলোক অপরাপর জন। আমার সার্থিগুণ সৈরিন্ধী কহিল। তব দঙ্গে আদি মম দর্বব নষ্ট হৈল। তোমার এ কর্ম্ম যদি পূর্বেতে জানিব। ভবে কেন তব সঙ্গে সংগ্রামে আসিব॥ হাসিবেক অন্তঃপুরে নারী পুনঃ পুনঃ। কহিল সৈরিক্রী মিথ্যা রহমলাগুণ ॥ যে জনার কর্ম্মে লোক করে উপহাস। ধিক তার নিন্দিত জীবনে কিবা আশ ॥ উপহাদ হইতে মরণ শ্রেষ্ঠ কর্ম। বিশেষ ক্ষত্রিয় শ্রেষ্ঠ যুদ্ধে মৃত্যুধন্ম ॥ উহা না করিয়া আমি বাহুড়িব কেনে। ধৈর্য্য ধর যুদ্ধ কর ভয় ত্যজ্ মনে॥

উত্তর বলিল কি বলহ বুহনলা। মহাসিকু পার হ'তে বান্ধ তৃণ ভেলা॥ অগ্নির কি করিবেক পতঙ্গ শক্তি। মত্তগজ অত্যে কোথা শশকের গতি॥ মৃত্যুসহ বিবাদে বাঁচিবে কোন্জন। দেখি ফণিমুখে হস্ত দিব কি কারণ॥ জীবন থাকিলে সর্ব্ব পাব পুনর্ব্বার। গাভী র**ত্ন লউক হাহু**ক সংসার । নারীগণ হাহ্নক হাহ্নক বীরগণ। ঘরে থাব, যুদ্ধে মম নাহি প্রয়োজন॥ নিজে নপুংসক তৃমি, হীন সর্ববস্থা। ভেঁই মৃত্যু শ্ৰেয় বলি, কহ নিজ মুখে। জীবন মরণ তোর একই সমান। তোর বোলে কি কারণে ত্যজিব পরাণ 1 সমানের সহিত করিবে ক্ষত্র রণ। লজ্জা নাহি বলবানে দেখি পলায়ন॥ মম বোলে যদি তুমি না ফিরাও রথ! পদত্রজে চলিয়া যাইব আমি পথ॥ এত বলি ফেলাইয়া দিল শর চাপ। রথ হৈতে ভূমিতে পড়িল দিয়া লাফ। ক্রতগতি চলি যায় নিজ রাজ্যমুখে। রহ রহ বলিপ্ল ডাকয়ে পার্থ তাকে॥ হেন অপকীর্ত্তি ল'য়ে জিয়ে কোন্ ফল। এত বলি আপনি নামেন ভূমিতল।। ভারত-পঙ্কজ রবি মহামুনি ব্যাস। বিরচিল পাঁচালা প্রবন্ধে কাশীদাস।

্কৌরবগণের পরম্পর ত� ।

নানারপে বিচারে কুরু-দৈন্তগণ।
নির্ণয় করিতে না পারিল কোন্ জন।
পলায় উত্তর ধনঞ্জয় যায় পাছে।
শত পথ অন্তর ধরিল গিয়া কাছে।
আর্ত্ত হ'য়ে উত্তর বলিছে গদগদ।
না মারিহ বৃহন্নলা পড়ি তব পদ।
এবার লইয়া যদি যাহ মোরে ঘর।
নানা রত্ব তোমা আমি দিব বহুতর।

দিব্য হেমমণি মুক্তা গজ হয় রথ। ্বক লক্ষ গাভী দিব স্বৰ্গ অলফ্ষত । বতু ধন গাভী দিব দিব্য কন্সাগণ। মার যাহা চাহ, তা দিব সেইকণ। ন মারহ রহন্নলা দেহ মোরে ছাড়ি। এত বলি কান্দয়ে সে ধরাতলে পড়ি 🛭 ব্রচেতন হৈল বীর যেন হীনপ্রাণ। ধূরিল মুখের বাক্য যেন হতজ্ঞান॥ আশ্বাদিয়া পার্থ কহে করি সচেতন। মা করিও ভয় **শুন আমার বচন**া। বৃদ্ধ করিবা**রে যদি ভয় হয় মনে।** দরেথি হইয়া রথে বৈদ মম দনে॥ রপা হ'য়ে দেখ আজি করিব সমর। মত বোদ্ধাগণে পাঠাইব যমঘর॥ মত সৰ গোৰন লইৰ ছাড়াইয়া। ্কবন থাক**হ তুমি সার্থি হইয়া।** কল হয়ে কেন তব রণে সূত্যুভয়। ন করিও রণভয় ত্য**জহ সংশয়**॥ এত বলি ধরি **তুলিলেন** রথোপরে। বেধ নাহি উত্তরের কান্দে উচৈঃম্বরে॥ ^{ব্ৰ} চালাইলেন যে তথন অৰ্জ্বন। শ্মারক বধা আছে অস্ত্র ধনুগুল। উত্তরের রথে ল'য়ে করেন গমন। ^{ক্ৰেন্ত}। সাদিয়া বলে ৰুৰ্ণ জুৰ্য্যোধন॥ ় ওর হে কুপাচার্য্য কোথা ধনপ্রয়। ^{দক্ষেত্র} ভৌমরা দেখ-পা**তু**র ভনয়॥ ^{ওর বলি} সঙ্গোচে না কহি কোন কথা। হয়ের শক্রর গুণ সাও যথ। তথা। ট্রেরিধন-বাক্য গুরু না শুনিয়া কাণে। ^{টায়ে চা}হি বলিতে লাগিলা সেইকণে॥ ^{বিপ্র}িত অকুল ছের দেখ আজি। नकः नार मर्क्त रेमग्र काटन शक्रवाको॥ ^{ংমুরপ্তি} হইতেছে <mark>বহে তপ্ত বাত।</mark> ^{মদকার দশ}দিক স্বনে নির্ঘাত॥ ^{বনা নে}ছে রক্তর্ম্<mark>টি মহা</mark>কলরব। ছি প্রাণীবধের লক্ষণ এই সব ॥

যত দৈন্য সকল থাকুক যুদ্ধদাজে। সবে মেলি রকা কর হুর্য্যোধন রাজে॥ গাভী হেতু সঙ্কটেতে পড়িলাম দৰে। বহুকাল জীব আজি রক্ষা পাই তবে 🛭 এত যদি ভীম্মে চাহি বলেন বচন। চিনিলা কি অঙ্গনায় গঙ্গার নন্দন।। লক্ষার ঈশ্বর বনরিপু যার ধ্বজ। নগ নামে যার নাম নগারি অঙ্গজ 🏻 অঙ্গনার বেশধারী হুন্টনাশকারী। গোধন লইবে আজি কুরুদৈন্য মারি 🏾 সক্ষেতে এতেক গুরু বলিলা বচন। উত্তর করেন তবে শান্তত্মনদন॥ কি কারণে সঙ্কেত বলহ আর গুরু। প্রকাশ করিয়া বল শুকুক দর্ববকুরু 🛭 পূর্বের ধর্ম সভাতে যে করিল নির্ণয়। গেল দিন সম্পূর্ণ ছইল সে সময় 🛚 সে ভয় ত্যজিয়া কহ শুকুক দৰ্বজন। শুনি ছুর্য্যোধনে চাহি বলেন বচন॥ বলিলে কর্ণেতে রাজা না শুন বচন। তথাপি নির্লজ হ'য়ে কহি পুনঃ পুনঃ॥ এই যে দেখিছ ক্লাব ছদ্মবেশেধর। নিশ্চয় অর্জুন বটে হইল গোচর॥ যথা যায় জয় নাহি করিয়া বাহুডে। স্বরাস্তর যাহার নামেতে স্থান ছাড়ে॥ মম শিষ্য বলি ভূমি না করিছ মনে। ইন্দ্র শিব আদি দেব দিলা অস্ত্রগণে। বহু বিস্তা পাইয়াছে অমর স্কুবনে ; বহু ক্রোধে আসিতেছে লয় মম মনে 🛊 এত শুনি বলিতে লাগিল কর্ণবীর। সদা ভূমি প্রসংনা করহ গাওঁবার॥ प्र्राथित क्षेत्र कान व्यस्य (योग्र नग्न। অসুক্ষণ গুণ কই আণে কত স্থা যদি হয় পার্থ এই পাতুর ক্যার। তবেত মানদ পূর্ণ হইন আমার 🖰 प्रर्यग्राधन वरन यनि धनक्षग्र এই। কামনা হইল পূর্ণ আমি যাহা চাই 🛭

যার হেতু চর মোর খুঁজিল সংদার। হেনজনে পাইলে কি চাহি তবে আর। ত্রেদেশ বৎসর অজ্ঞাত বাস আদি। পূর্ণ না হইতে পার্থ দেখা দিল যদি॥ কছ গুরু কেমনে না যাবে তবে বন। সবে জান যুধিষ্ঠির করিল যে পণ॥ অৰ্জ্জুন না হয় যদি অন্য জন হবে। এখনি মারিব তারে যেন ক্ষুদ্র জীবে॥ কর্ণের বচন শুনি দ্রোণ বলে বাণী। যত বড় যেই জন সব আমি জানি॥ অৰ্জ্জুন যেমন তাহা ত্ৰিলোকে বিখ্যাত। খাণ্ডব দাহনে যেই জিনে প্ররনাথ। অপ্রমেয় পরাক্রম যত্নবলে জিনি। হরিয়া আনিল বলরামের ভগিনী॥ বাহুযুদ্ধে পরাজয় কৈল পশুপতি। একরথে বিজয় করিল ক্ত্রমতী॥ নিবাত-কবচগণে করে নিপাতন। দশক্ষর তেজ ধরে এক একজন। বহুকাল কালকেয় ইন্দ্রের বিবাদী। তাহা মারি নিক্ষণ্টক করে জন্তভেদী॥ हिल्रामान किनि कूर्या। धन तका देवन। সহজে কহিতে তোর অঙ্গে না সহিল॥ এখনি দাক্ষাতে আজি দেখিবে নয়নে। কোন্ জন যুঝিবেক অর্জ্জনের সনে॥ মহাভারতের কথা অয়ত-সমান। कानीबाम मांग करह छरन पूर्वावान् ॥

উত্তরের সহিত অর্জ্নের শনীর্ক নিকটে গমন।
এতেক বিচার করে কুরুনৈন্দ্রগণ।
শনীর্ক্তলে যান ইল্রের নন্দন॥
উত্তরে বলেন তুমি যুদ্ধযোগ্য নহ।
এই দীর্ঘ শনীর্ক্ত উপরে আবোহ॥
ধনুম্রের্চ পাণ্ডাব আছয়ে রুক্ষোপরে।
দিব্য যুগ তুণ আছে পরিপূর্ণ শরে॥
বিচিত্র কবচ ছত্র শহ্ম মনোহর।
বৃক্ষ হৈতে নামাইয়া আনহ সহর॥

পঞ্চ ধকুমধ্যে যেই ধকু মনোরম। বল যার এক লক্ষ তালর্ক্ষ সম ॥ 🤏নিয়া বিরাটপুত্র করিল উত্তর। কিমতে চড়িব এই ব্লক্ষের উপর॥ শুনিয়াছি এই বুক্ষে শব বান্ধা আছে। রাঙ্গপুত্র কেমনে চড়িব গিয়া গাছে॥ পার্থ কন শব নহে রক্ষ উপরেতে। পাপকর্ম জানি কেন কহিব করিতে। भव विल (य थूरेल क्र पे प्रमा। শব নহে আছে ইথে ধনু অন্ত্রগণ॥ এত শুনি উত্তর উঠিল সেইক্ষণ। ছাড়াইল যত ছিল বন্ত্ৰ আচ্ছাদন॥ অদ্ধ্যন্দ্রপ্রভা যেন ধনু অস্ত্র যত। সপের মণির প্রায় জ্বলে শত শত॥ ব্যস্ত হ'য়ে উত্তর জিভাসে ধনপ্রয়। 'ধন্ম অন্ত্র কোথা দেখি দব সর্পময়॥ দেখিয়া অদ্তুত কর্মা কম্পায়ে হৃদয়। ছেঁ বার থাকুক কার্য্য দেখি লাগে ভয়। পার্থ বলে দর্প ন⁄ছে ধনু অন্তর্গণ। শুনিয়া উত্তর পুনঃ বলিছে বচন ॥ অদ্ভত বিচিত্র দেখি তরু তাল সম। মণিরত্বে বিভূষিত ধকু মনোরম। মুগচিহ্ন হুলে যার তুরাকর্ষ দেখি। কোনু মহাবীর হেন ধনু গেল রাখি ॥ বিচিত্র দ্বিতীয় ধনু রিপুকুলধ্বংস। কাহার বিচিত্র ধনু অগ্নি হেন জ্বলে। চতুর্থ অদুত ধনু দেখি যে কাহার। চতুর্দ্দণ ব্যাত্র পৃঠে শোভিত যাহার॥ কাহার এ ধনু পৃষ্ঠে হেমনিখী শোভা। মণিরত্ব বিভূষিত শতচন্দ্র আভা ॥ বিচিত্র শকুনিপত্র বিস্থৃষিত শর। পূর্ণ দেখি ছয় গোটা তুণ মনোহর 🏾 দ্বিতীয় ধ**নু**ক হেম বিহ্যুতে শোভয়। ছয় হংদচিত্র ধর্মা নৃপতি ধরায়॥ সন্তরি সহস্র বল ধনুক নির্মাণ। দ্রোণাচার্য্য গুরু পূর্বের মোরে দিল দান।

দৃহস্রেক গোধা যেই ধনু অনুপম। রুকোনর-ধনু তার স্পার্শক নাম॥ _{ব্যাঘ্ৰ}-বিভূষিত ধ**তু নকুল যে ধরে।** প্রেষ্ট্রী সহস্র বল ছিল শল্য করে॥ শ্বিচিহ্ন ধনু সহদেব বীর ধরে। চতঃষ্ঠি বল পূর্বেব দিল চক্রধরে॥ পুনঃ জিজাসিল সভ্য কহ রহমলা। _{ধ্যু} অন্ত্র রাখি দবে তাঁরা কোথা গেলা। চাদিয়া বলেন পার্থ আমি ধনঞ্জয়। উত্তর বলিল মম মনে নাহি লয়॥ কহ দত্য ভূমি যদি পাণ্ডুর তনয়। ন্ধ ন্ম ধরেন অর্জ্জুন মহাশয়॥ অৰ্জ্ন বলেন নাম শুনহ আমার। ্ষ্ট দশ নাম মম বিখ্যাত সংদার ॥ ৰৰ্জ্বন কাল্কনী সব্যসাচী ধনপ্ৰয়। ্ৰৱ টা বীভৎস্ত শ্বেতবাহন বিজয়॥ ক্ষ জিখু বলিয়া আমার নাম জান। হ'পিত করিল যাহা অমর-প্রধান।। উত্তর বলিল কছ করিয়া নির্ণয়। কি হেতু কি নাম পাইলেন ধন**ঞ্**য় ॥ মহাভারতের কথা **অমৃত-সমান।** হাণীরাম দাস **কছে শুনে পুণ্যবান্**॥

> অর্জুনের দশ নামের কার্থ এবং গান্ধারীর স্থিত কুস্তীর শিব-পূজায় বিরোধ :

ইন্ডিনানগরে পূর্বে ছিলাম যথন।
মানার জননী পূজা করে পঞ্চানন॥
সংস্থু পাধাণলিঙ্গ নাম যোগেশরে।
বাজপত্নী বিনা অন্তো পূজিবে না পারে॥
প্রভাতে উঠিয়া মাতা করি স্নানদান।
নানা উপহারে হরে পূজিবারে যান॥
সাইরূপে শিবলিঙ্গ পূজেন জননী।
নিইরূপে সদা পূজে স্থবল-নিন্দানী॥
দোহে শিব পূজে কেহ কারে নাহি জানে।
দৈব্যযোগে দোহার মিলন কতদিনে॥

গান্ধারী বলেন কুন্তী তুমি কেন হেথা। ফল পুষ্প দেখি বুঝি পূজিতে দেবতা॥ মাতা বলে আমি দদা করি যে পূজন। তুমি বল হেথায় আইলে কি কারণ॥ গান্ধারী বলেন রাঁড়ী এত গর্ব্ব তোর। কিমতে পৃজিদ্ লিঙ্গ সংপৃজিত মোর॥ রাজার গৃহিণী আমি রাজার জননী। তুমি কোন্ ভরদায় পূজ শূলপাণি॥ যাতা বলিলেন ভূমি কেন বল এত। তুমি জ্যেষ্ঠা ভগিনী যে তেঁই বল কত॥ -যেইদিন আমি আসিয়াছি কুরুকুদে। সর্ববোক জানে আমি পূজি ফলফুলে॥ গান্ধারী বলিল ছাড় পূর্ব্ব অহক্ষার। এখন তোমার শিবে কোন্ অধিকার॥ এইমত হ্বন্দ হৈল হুই ভগিনীর। লিঙ্গ হৈতে সদাশিব হইল বাহির॥ কহিলেন কেন দ্বন্দ্ব কর তুইজন। দ্বন্দ্র ত্যক্তি শুন দোঁহে আমার বচন॥ ইন্ট আমি দবার, দবাই পূজা করে। কার শক্তি আমারে যে অংশ করি**বারে**॥ অর্দ্ধ অঙ্গ হয় মম পর্ববত-কুমারী। কোন্জন অংশ মোরে করিতে না পারি 🖁 তোমা দোঁহা কুরুবধু সমান স্থমতি । দোঁহার পূজায় মম হয় বড় প্রীতি॥ আপনার বলি বল আমি কারু নই। কিন্তু রাজপত্নীর পূজিত আমি হই॥ দোঁহে রাজপত্না তোমা দোঁহে রাজ্যাতা। উভয়ে আমার পূজা করহ দর্বগা॥ একজন মাত্র যদি চাহ পুজিবারে। তবে মম দুড় বাংক্ত কহি যে তোমারে॥ কনকের দল হবে মাণিক কেশর! সহস্র চম্পক সে জগন্ধি মনোহর॥ তাহাতে প্রভাতে যেই প্রথমে পুদিবে। নিশ্চয় জানিব। শিব তাহার হইবে॥ এমত বিধানে যে করিবে স্মগ্রে পূজা। তার পুত্র জানিহ এ রাজ্যে হবে রাজা 🛭

🗢 নিয়া শিবের বাক্য গান্ধারী উল্লাস। মাতারে চাহিয়া বলে করি উপহাস। নিশ্চয় তোমার এবে হৈল মহেশ্বর। পুত্রস্থানে চাম্পা মাগি আনহ সদ্বর 🛭 এত বলি নিজ গৃহে করিল গমন। **ভাকা**ইয়া আনাইল শত পুত্ৰগণ॥ **কহিল কুন্তীর সহ দ্বন্ধ যেমনেতে।** হেম চাঁপা দেহ শিবে পৃঞ্জিব প্রভাতে॥ माक्ता इरेश कशिलन जिभूताती। যে পৃক্তিবে তার পুত্র রাজ্য-অধিকারী॥ শুনি হুৰ্য্যোধন আজ্ঞা কৈল সেইক্ষণ। আনহিল সহস্ৰ সহস্ৰ কৰ্ম্মিগণ॥ মণিমুক্তা দিল চন্দ্র জিনিয়া কিরণ। ভাণ্ডার হইতে দিল স্বর্ণ শত মন॥ আমার জননী শুনি হরের বচন। ছুঃখচিত্তে চলিলেন না চলে চরণ॥ হেম চাঁপা সহস্র চাহিল ত্রিলোচন। **গান্ধারীর আজ্ঞায় গড়িছে কশ্মিগণ**॥ কি করিবে তোমা সবে কি হবে কহিলে। এই হেডু দহে ততু চুঃখের অনলে॥ ব্মামি কহিলাম মাতা এই কোন্ কথা। যত পুষ্প চাহ আমি তত দিব মাতা॥ মাতা বলে কেন তুমি করহ ভগুন। সুমি কোথা হৈতে দিবে কোথা পাবে ধন॥ আমি কহিলাম মাতা ত্যজ চিন্তা মন। কোন্ বড় কথা হেতু করিব ভণ্ডন।। রন্ধন করহ মাতা অন্ন জ্বল খাও। ষ্মানি দিব পুষ্প আমি তুমি যত চাও॥ শুনিয়া হইল হাউ করিল রন্ধন। **শ্বাকারে অন্ন দি**য়া করিল ভো**জন** # ধ্যুক লইয়া আমি গুণ চড়াইয়া। সন্ধানি যুগল অস্ত্র উত্তর চাহিয়া॥ দ্রোণাচর্য্যে গুরুপদে নমস্কার করি। মনোভেনী বায়ব্য যুগল অন্ত্র মারি 🛭 কাটিয়া কুবের পুরী পুচ্পের কারণ। ৰায় শত্ত্বে উড়াইয়া-করি বরিষণ॥

হুগন্ধি কনক পদ্ম চম্পক মিঞ্জিত। শিবের উপরে রৃষ্টি হৈল ক্ষপ্রমিত। জননীকে বলিলাম যাহ স্নান করি। পুষ্প আনিলাম গিয়া পূজ ত্রিপুরারী ॥ কৌতুকে জননী গিয়া মহেশে পুজিল। कुक्छ ह'रम्र मनानम्न भारत्र वज्र निल् ॥ তব পুত্রগণ হবে কুরুকুলে রাজা। আজি হৈতে একা তুমি কর মম পূজা। আমারে সম্ভক্ত হ'য়ে বলেন বচন। ধনপতি জিনি তুমি করিলে পূজন॥ আজি হৈতে নাম তব হৈল ধনপ্ৰয়। ধনপ্তায় নামের এ জানিহ আশয়॥ উত্তর কহিল কহ বীর চূড়ামণি। কি করিল শুনি তবে স্থবলনন্দিনী॥ অৰ্জ্জুন বলেন প্ৰাতে উঠিয়া গান্ধারী। সহস্র কনক পুষ্প হেমপাত্তে করি॥ নানা পুষ্প চন্দন অনেক উপহার i বহু নারীগণ দহ পূজিতে শঙ্কর॥ শিবের আলয় দেখে পুষ্পেতে পূর্ণিত যাইতে নাহিক পথ কে করে গণিত 🛚 मिथिया शाकाती एनवी विषक्षवम् । কুন্তীরে দেখিয়া বলে কহ বিবরণ। মাতা বলে এই পুষ্পে পৃজ্বিলাম আনি বর দিয়া স্বস্থানে গেলেন উমাস্বামী॥ শুনিয়া গান্ধারী ক্রোধে পুষ্পজন ফেলে 🛚 গৃহে গিয়া নিজ পুত্রগণে মস্দ বলে॥ বিজয় বলিয়া নাম হইল আমারে। বিজয় করি যে আমি যাই যেথাকারে 🛚 শ্বেত চারি তুরঙ্গ আমার রথ বছে। ভেঁই শ্বেতবাহন বলিয়া লোকে কছে। সূর্য্য অগ্নি সমান কিরীট মম মাথে। কিরীট দিলেন নাম তাই হুরানাথে ॥ বীভৎস্থ বলিয়া ডাকিলেন নারায়ণ। র্দিলেন বীভংফ্র নাম করি নিরূপণ॥ নীলোৎপল কৃষ্ণকান্তি দেখি মম কায় ৷ কৃষ্ণ নাম রাখিলেন জনক আমায়॥

মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কহে শুনে পুণাবান্॥

বাক্ষণ-মাহাত্ম।

भन-**म**त्रमिख, প্ৰণমহ বিজ, সূজন পালন নাশা। মহিমা যে পদ, F有图 召到F. বক্ষে অধোক্ষজ ভুষা॥ ক পদ সলিল, সেই সাধু পিল, তরিল ছুঃখ পিপাসা। ভাবনী অবধি, যতেক তীৰ্থাদি. যে পদে সবার বাসা॥ ভকাৰ্ব প্লব, যে পদ পল্লব. লক্ষীবশকারী ধূলি। আয়ুর্যশপ্রদ, অজয় সম্পদ পাইতে যাহারে বলি॥ বৰ্ণিতে কি শক্যু ছুর্নিবার বাক্য, পুগুরীকাক্ষাদি জনে। ধ্জু করে চুরু তীমের অঙ্গুর, তিনপুর ভয় মানে॥ देश मञ्जारक. ভগাঙ্গ যে বাক্যে_ত দকল ভক্ষ্য হুতাশ। া বাক্যে ভার্গবী, ত্যজি স্বৰ্গদেবী, শিশ্বজলে কৈল বাস। ষ্ণ্রমিত তেঙ্গঃ, অজিতবংশজ্ঞ ঈনিতে করিল ধ্বংস। किक हिल कुछ, শুষিল সমুদ্র, নহিল **সগরবংশ**॥ ভগাইন ভগে, ঋষ্যশৃঙ্গ মূগে, দ্ৰৌণীতে হইল দ্ৰোণ। আরু কলানিধি, যে বাক্যে জলধি, পাইল কুটুম্ব লোণ॥

শুৰ্জুনের ক্লীবন্ধের বিবরণ।
পর্বে বুলিলেন শুন বিরাট-কুমার।
বেই হেতু যেই নাম শুনহ আমার॥

তুই হাতে ধন্তু আমি ধরি যে সমান। সমান প্রয়োগ অন্ত সমান সন্ধান॥ তেঁই সব্যসাচী নাম লোকে হৈল খ্যাত। ধনুপ্ত ণ ঘৰ্ষণে কঠিন ছুই হাত ॥ সদাগরা ক্ষিতিতে নিবদে যত জন। রূপেতে আমার সম ন। হয় তুলন ॥ সমান দেখিয়া সবে মম রূপ গুণ। এ কারণে মম নাম গুইল অর্জ্জুন।। ফাল্কনী বলিয়া ভেঁই গোষয়ে সংসার। ফান্ত্রনী নক্ষত্র মধ্যে উৎপত্তি আমার॥ চতুর্দ্দশ ভুবনেতে ইন্দ্র অধিপতি। ইন্দ্র-ভুজাশ্রিত যত ইতিমধ্যে **স্থিতি** ॥ সবারে জিনিয়া ইন্দ্র বিষ্ণু নাম ধরে। এবে ইন্দ্র দবে জয় করিন্তু সবারে॥ সে কারণে মিলিয়া নতেক দেবগণ। জিম্বু নাম আমার করিল নিরূপণ ॥ নীলোৎপল কুষ্ণবর্গ দেখি মম কায়। কুষ্ণ নাম বলি তাত রাখিল আমায়॥ প্রক্রিজা **আমার গুন বিরাট-মন্দন**। যুধিষ্ঠির রক্তপাত করে যেই জন॥ স্বংশে মারিয়া ভারে করিব নিপাত। পুর্ববাপর সভ্য মম সর্বলোকে জ্ঞাত। উত্তর বলিল মম মনে নাহি লয়। তুমি যদি সত্য হও বীর ধনপ্রয়॥ কোথা যুধিষ্ঠির রাজা ধর্ম অধিষ্ঠান। কোথা বুকোদর বীর মহা বলবান ॥ সহদেব নকুল ক্রুপদ রাজন্ততা। সত্য কহ অৰ্জ্জন কহিবে তার কথা।। হাসিয়া বলেন পার্থ শুনহ উত্তর। কঞ্চ নামে সভাদদ পর্যা নরবর॥ বল্লভ নামেতে যেই ত্রু পুশকার। সেই রুকোদর বীর অগ্রন্ধ খাণার॥ দৈরিক্সী রূপদী কুষণ শুন নৃপবাল। গ্রন্থিক নকুল সহদেব ভল্লিপাল॥ এত শুনি উত্তর ক্ষণেক স্তব্ধ হৈয়া। কহিতে লাগিল পুনঃ প্রমাণ করিয়া ॥

ছে বীর কমলচক্ষে চাহ একবার। অজ্ঞানের অপরাধ ক্ষমিবা আমার ॥ যে যে কর্ম তুমি করিয়াছ মহামতি। তোসা বিনা করে হেন কাহার শকতি॥ বড় ভাগ্য আমার পিতার কর্মফলে : শরণ লইকু আমি তব পদতলে : ক্ষের আশ্রৈত যেন তোম। পঞ্জন। তেঁই আমি তব পদে নিলাম শরণ॥ যদি অসুগ্রহ তৃমি করিলে আমায়। দাস হ'য়ে সদা আমি সেবিব তোমায়॥ অৰ্জ্জন বলেন প্ৰীত হলাম তোমারে। ধনু অস্ত্র ল'য়ে তুমি আইস সহরে॥ **কুরুগণ জিনিয়া গোধন তব দিব**। মহা আর্ত্ত আজি কুরু-দৈন্যেরে করিব॥ কুরুদৈন্য দিন্ধুমাবে শক্তগণ ভুজে : সকল দহিব আজি অস্ত্র-অগ্নিতেজে দ পাছে তুমি ভয় কর সংগ্রামের স্থলে : **আমার রক্ষণে তব ভয় নাহি তিলে** ॥ উত্তর বলিল মম আর ভয় কারে : ধনঞ্জয় মহাবীর রাশিবে যাহারে॥ তব পরাক্রম আমি ভালমতে জামি। নাহি মম ভয় যদি আদে শূলপাণি॥ এ বড় অদুত কথা আদে ম্ম মনে। এরপে ভাল কাটাও কিদের কারণ।। নিরন্তর এই কথা মম মনে ছিল। এ হেন শরীরে কেন ক্রীবন্থ পাইল। অৰ্জন বলেন শুন বিরাট-নন্দন। **অরণোতে** যখন ছিলাম পঞ্জন া যুধিষ্ঠির আজ্ঞায় গেলাম হেমগিরি । **করিলাম শিবেরে স**ংস্তাষ তপ করে 🖫 তৃষ্ট হ'য়ে মম বরকাতা ত্রিলোচন। **ভার অনু**গ্রহে হৈল তুফ্ট দেবগণ।। **অহুরেরা স্বর্গে বহু উপদ্রেব** করে। তার ভয়ে ইব্রু স্বর্গে নিলেন আমারে॥ মারিলাম দৈত্যগণ কালকের আদি। নিবাতকবচ যত দেবগণ বালা ॥

মম প্রীতি হেতু পিতা দেব পুরন্দর। নৃত্য গীত করাইল অপ্সরী অপ্সর॥ উৰ্ববৰী নামেতে তাহে ছিল বিচ্ঠাধরী : সে সবার **শ্রেষ্ঠ হ**য় পরম স্থন্দরী ॥ যত যত বিভাধরী কৈল নৃত্য গীত। চক্ষু মেলি নাহি চাহিলাম কদাচিত 🖟 দেখিলাম উর্বেশীর নর্ত্তন নিমিষে : সেই কারণে রাত্রিতে আদে মম পারে অনেক কহিয়া শেষে মাগিল রমণ। প্রত্যাখ্যান করিলে দে কছিল তখন ॥ দকল অপ্সর ত্যজি মোরে নির্খিলে: দে কারণে আইলাম এত নিশাকালে 🛭 না **করিলে** মন তোগ পুরুষের কাজ ক্লীবত্ব পাইয়া থাক রমণীর মাঝ॥ শুনিয়া বিমর্বভাবে কহিলাম তায় : না দেখিকু কামভাবে আমি যে তোমায়: পূর্ব্ব পিতামহ যে পুরুষ পুরাতন ৷ জন্মাইল তোমার গর্ভেতে পুত্রগণ 🛚 পূর্ব্ব হৈতে অনেক পুরুষ হৈয়া গেল তোমার যুবতী দশ। খ্লান না হইল ॥ এই হেতু পুনঃ পুনঃ দেখেছি তোমাংরে কুলের জননা রূপা করিবে আমারে। কুন্তী মাদ্রী আমার যেমন শচীন্দ্রাণী। ততোধিক তোম। আমি গরিষ্ঠিতে গণি। আপনার বংশ বলি জানহ আমারে। লক্জা পেয়ে **উর্বেশী কহিল আ**রবারে । যজ্ঞত্রত-ফলে তব যত পিতৃগণে। ইন্দ্রের ভুবনে আসি থাকে হৃতীমনে॥ পবে মম সহ করে রতি ব্যবহার। কেই নাহি করে হেন তোমার বিচার 🖰 কহিল আমার শাপ নহিবে লগ্রন। বৎসরেক ক্লীব হবে বিরাট–ভবন ॥ বৎসরেক রহিবে করিমু নিরূপণ : শুনহ ক্লীবের হেতু বিরাট-নন্দন ॥ বৎসরেক ক্লীব হুইলাম সেই দায়। সদাকাল ক্লীৰ আমি পরের দারায় 🛊

উত্তর বলিল মোরে হৈলা কুপাবান।
তেই মোরে নিজকর্ম করিলে বাখান।
আজা কর কোন্ কর্ম করিব এখন।
শুনিয়া অর্জ্জন বীর বলিল বচন ॥
সার্থি হইয়া তুমি থাক মম রথে।
কৌতুক দেখহ কুরুদৈন্ডের মধ্যেতে॥
উত্তর বলিল আমি তোমার প্রসাদে।
দকল ভুবন আজি দেখি তৃণপদে॥
বিফুর দারুক আর ইন্দের সার্থি।
তাদৃশ সার্থি-কর্মে আমার শক্তি॥
মহাভারতের কথা স্থ্যার সাগর।
চাশীরাম দাস কহে শুনে সাধুনর॥

পর্জুনের যুক্তে আগমন ৬ গোধন মোচম যুদ্ধক্ষেত্রে উপনীত ইন্দ্রের নন্দন। ্র্জ্যে বানরধ্বজ শ্বেত অশ্বগণ।। ্ঞাশ এক সন্তরে করিয়া নিরীক্ষণ। বৈরাটীর **প্রতি তবে বলেন বচন**॥ ারিভিতে দেখিতেছ বহু রথিগণ। সংখ্যাবনে নাহি দেখি কিসের কারণ॥ শ্চাতে করিব যুদ্ধ রাজারে খুঁজিব। ^{মগ্রে চল} তোমার গোধন ছাড়াইব॥ বাদ ভিতে রাখ রথ যথা গাভীগণ। শুনি রথ চালাইল বিরাট-নন্দন॥ ^{বরে} থাকি ভীষ্ম **ক্লপে করিল প্রণতি**। ^{্রার} বাণ মারিলেন আচার্য্যের প্রতি॥ ^{কৃছ} শর পড়িল গুরুর পদতলে। ^{১ই} অস্ত্র পরশিল তুই কর্ণমূলে ॥ ^{দরে}রিথ কহিল দেব কর অবধান: ^{এহারি জনেরে} কেন এতেক সম্মান॥ গ্রিয়া কহিল গুরু প্রহারি এ নয়। ^{ভশ্বপা}মাধিক মম পুত্র ধনপ্রয়॥ এই া নুগল অস্ত্র চুরণে পড়িল। ^{5র}ণে ধরিয়া মোরে প্রণাম করিল ॥ ^{তই বাণ} পরশিল ছুই কর্ণে আর। ^{এক কৰে} কহিল দকল দমাচার॥

আর কর্ণে কহিল আইলাম আমি। ত্রয়োদশ বংসর সময় অনুক্রমি॥ যথোচিত ভাগ দিতে কহ হুর্য্যোধনে। যুদ্ধ নাহি ভালে ভালে যাও এইক্ষণে ॥ ইহার উত্তর আমি করিব বিধান। এত বলি প্রহারিলা দ্রোণ ছুই বাণ॥ এক বাণ শিরে চুন্ধি ধরণী পড়িল। আর বাণ কর্ণমূলে প্রস্থান্তর দিল॥ উত্তর কহিল কহ পাণ্ডব প্রধান। কে তোমারে প্রহারিল এই চুই বাণ ॥ ভাগ্যে কর্ণমূলে বাণ না কৈল ঘাতন : মম চিত্তে মারিলেক বলহান জন॥ পার্থ বলিলেন দ্রোণ গুরু স্থবিদিত। দদাকাল তাঁহার আমায় বড় গ্রীত। শিরেতে চুম্বন করি পড়িল যে বাণ i বহুদিন সমাগমে করিল কল্যাণ।। আর বাণ কর্ণেতে করিল প্রত্যুত্তর । শক্ষা নাহি যত সাধ্য করহ সমর॥ এত বলি পার্থের ২ইল মনস্তাপ : কোথায় আছয়ে হুন্ট কুরুকুল পাপ॥ আজি ভারে দিব আমি সমূচিত দণ্ড। কেবল রাখিব প্রাণ করি লগুভগু ॥ কাটিয়া মুক্ট স্বৰ্ছত্ৰ নবদণ্ড। রথ গজ কাটিয়া করিব খণ্ড খণ্ড॥ এই যে সমূহ সেনা দেখহ উত্তর। শীঘ্র রথ লহ মম তাহার ভিতর ॥ প্র্যোধন লুকাইয়া আছে রথীমাঝ। সেই দে আমার শত্রু অন্যে নাহি কান্ধ। অন্ত্র মারি আর্কুল করিব দেনাগণ। তবে ছুর্য্যোধনের পাইর দরশন। व्यरकाती मानी मृत्र गानी द्वाहात । আজি আমি গর্বন্তুর্গ করিব ভাহার॥ এতেক বলিয়া বাঁর তাকে প্রবেশিয়া। ছুর্য্যোধনে নাহি পার অনেক খুঁজিয়া॥ সৈন্স মধ্যে না পাইয়া রাজা দুর্য্যোধনে। সিংহ যেন ছঃখচিত্ত নিরামিষ বনে ॥

উন্তরে বলেন এই দেখ বামভাগে। দুকাইয়া কুরুপতি আছে এই দিকে । চালাও সত্তর রথ যথা ভুর্য্যোধন। বাজামাত্র চালাইল বিরাট-নন্দন॥ ইন্দ্রদত্ত কিরীট মস্তকে অতি শোভা। ইস্তদেত্ত কুণ্ডল কর্ণেতে সূর্য্য-আভা ॥ অ্মিদত্ত গাণ্ডীৰ ধনুক বাম হাতে। অক্ষয় যুগল ভুণ শোভে ছুই ভিতে॥ শম্ব সিংহনাদ করে কণ্ঠে মণিহার। কাঁকালে বন্ধন খড়গ ছুরি তীক্ষধার॥ রথের নির্ঘোষে গর্জ্জে বীর হত্তমান । আইল ইন্দ্রের পুত্র ইন্দ্রের সমান॥ দৃষ্টিমাত্র সবে মূর্চ্ছা হইয়া পড়িল। আছুক যুদ্ধের কায় দেখি পলাইল। অর্জনেরে কহিলেন গঙ্গার তনয়। ভাগ্যে আজি দেখিলাম বীর ধনপ্রয়॥ ধশ্মজ্ঞ বান্ধবপ্রিয় বলে মহাবল। পাশাকাল ছুঃখ স্মরি দিতে এল ফল। ষ্ঠ্য হেতৃ নহে এই ছুর্য্যোধনে খুঁজে। मिः**ह** राम यूगी थुँ कि फिरत वनमारा ॥ আমা হৈতে অন্তরে মিলিলে চুর্য্যোধন। এখনি লইয়া যাবে করিয়া বন্ধন ॥ এত চিন্তি তর্য্যোধনে রক্ষার কারণ: শীব্রগতি ধাইয়া আইল রথিগণ॥ স্কুর্য্যোধনে বেড়িয়া রহিল চারিপাশে। দেখিয়া অৰ্জ্জ্ন বীর প্রকাশিয়া হাসে॥ হাসিয়া বলেন শুন বিরাট-নন্দন। প্রাণভয়ে লুকাইয়া আছে হুর্য্যোধন দ চল অগ্রে ভোমার গোধন ছাড়াইব। পাছে কুরুকুল ক্লীবে খুঁজিয়া মারিব ॥ वर्थ हालाइयां फिल विवाध-नन्द्रत । যথায় বেড়িয়া দৈত্য সাছয়ে গোধন ॥ এইস্থানে **উত্তর ক্রণে**ক রাথ রথ। সৈন্য ভাক্তিপাধনে করিয়া দিই পথ ॥ এত বলি করিলেন পার্থ শরকাল। বিচিত্র বরুণ অন্ত্র যেন কালব্যাল।

मूष्या भारत (यन वर्ष क्रमध्र । চক্ষুর নিমিষে আচ্ছাদিল দিনকর॥ नाहि प्रिथ अफेपिक १थिती आकाम। সূষ্যপথ রুদ্ধ হয় না বহে বাতাস ॥ অস্ত্র-অগ্নি স্কুলে যেন খঙ্গোত আকার। সৈন্মেতে অক্ষত জন না রহিল আর ॥ নাহি দেখি কোন দিকে পলাইতে পথ। অপ্রমিত কুরুদৈন্য ভয়েতে আরত॥ চমৎকার হৈয়া ভাকি বলে সর্বব সৈতা : ধন্য মহাবীর তব গর্ভবতী ধন্য॥ এতাদুশ কর্ম্ম নাহি করে ত্রিভুবনে। তোমা বিনা এ কর্ম্ম করিবে কোন্ জনে 🛚 শুনি তবে পার্থ বীর পুরি দেবদত্ত। যাহার শ্রবণে হয় রিপু হীনসত্ব ॥ গাণ্ডীবে টঙ্কার দেন আকর্ণ পুরিয়া 🔻 রথের শেতাশ চারি উঠিল গর্জ্জিয়া॥ ধ্বজে হতুমান করে ভয়স্কর নাদ। চারি শব্দে তিন লোকে গণিল প্রমাদ ! শূন্যেতে বিমান স্থায়ী যত জন ছিল। ঘোর শব্দে মূর্চ্ছা সবে হইয়া পড়িল। অজ্ঞান হইয়া পড়ে যত কুরুদল। সৈত্যেতে বেড়িয়াছিল গোধন দকল। মহাশব্দে ধেনুগণ হইয়া অস্থির। ভাঙ্গি দৈন্যদল বেগে হইল বাহির॥ প্রলয় সমুদ্র কি রাগিতে পারে কুলে বালিবান্ধে কি করিবে নদীস্রোত জলে ! **উদ্ধ পুচছ ক**রিয়া ধাইল গাভী সব। দক্ষিণে বাহির হৈল করি হাম্বারব॥ চরণ শৃঙ্গেতে মর্দ্দি বহু সৈম্মগণ। বাহির হইল সব মংস্তের গোধন॥ গোপগণ প্রতি বলে বীর ধনঞ্জয়। লয়ে যাও গরু পূর্বেব আছিল যথায়॥ ঊত্তরে হাসিয়া তবে বলূেন কিরীটি। গাভী মুক্ত করি তব দিলাম বৈরাটি 🛦 চিত্তে পাছে কর জিনিলাম সব কুরু। গুহেতে লইয়া যাও আপনার গরু॥

ভুবনবিজয়ী এই কৌরবের দেনা। ইন্দ্রহুল্য পরাক্রম এক এক জনা॥ **শ্রানলে দহিতে পারয়ে ভূমওল**। মাহি জিনি গোধন জীয়ন্তে এ সকল।। রুরেতে আছ**য়ে তেঁই অন্ত্র নাহি মারে**। ক্ত রথ লহ মম সৈন্সের ভিতরে॥ আজ্ঞা পেয়ে বেগে রুখ চালায় উত্তর। বছু দৈন্য জিনি গে**ল দৈন্যের ভিতর** ॥ एथाय নুপতি কুরুরাজ ছুর্য্যোধন। ত্থায় লইল রথ বিরাট-নন্দন ॥ ্_লথিয়া ধাইল **সব কুরু-সেনাপতি**। নুপতি রক্ষার **হেতু অতি শীত্রগতি** ॥ সংস্তেক শ্রেষ্ঠ রথী যুদ্ধে দিল মন ধাইয়া আইল **বেগে সূর্য্যের নন্দন**॥ সংক্রেক রথী **ল'য়ে কুরুবংশপতি**। ভ্রেয়াধনে রক্ষা হেতু ভীষা মহামতি॥ কে ভিতে **নৃপতির ভাই ঊনশত**। থাগুলিল পথ আসি সহত্রেক রথ॥ ্দ্রাণ রূপ অশ্বথামা আদি মহার্থী। একভিতে রক্ষার্থ র**হিল কুরুপতি**॥ শংস্র সহস্র মত গজ আগে করি। ধাপান রহিল পাছু নানা অস্ত্র ধরি।। মিংচনান শন্তানাদ ধসুক উষ্কার। প্টুক্তি পুরিল করিয়া মার মার ॥ মহাভারতের কথা স্থধার সাগর। কিশীরাম দাদ ক**হে শুনে সাধু-নর** ॥

উত্তরের নিকট অর্জ্জনের পরিচর।
উত্তর বলিল দেব কহিবে আমারে।
কৌন কোন যোদ্ধা এই আইল সমরে॥
শার্প বলিলেন দেখ বিরাট-কুমার।
ইবর্ণের বেদা শোভে রথধ্বজে যাঁয়॥
ভিবর্ণ চারি অশ্ব বহে রথখান।
দাণগুরু কুরুকুলে আচার্য্য-প্রধান॥
ম সম শারু হৈলে দৃষ্টে করে ভেদ।
নুসুপম সমরে দিতীয় ধুসুর্বেদ ॥

ভর্ম্বাজ মহামুনি প্রতাচী দেখিয়া। গঙ্গাজলে বীর্য্য তাঁর পড়িল খসিয়া।। দ্রোণী মধ্যে যতনে রাখিল তপোধন। দ্রোণীতে জন্মিল তেঁই নাম হৈল দ্রোণ। পরশুরামের যত দিব্য বিন্তা ছিল। অস্ত্র ধনু সহ বিদ্যা ই হারে সে দিল ॥ তাঁহার দক্ষিণে দেখ তাঁহার অমুজ। লিংহের লাঙ্গুল শোভে যাঁর রথধ্বজ । কুপীগর্ভে জন্ম হৈল কুপের ভাগিনা। মৃত্যুপতি ভয় করে অন্য কোন জনা ॥ : কাঞ্চনের দণ্ড ধরে রূপ মহামতি। শরদ্বান ঋষিপুত্র গৌতমের নাতি॥ শরবনে ভ্রাতৃ ভগ্নী দোঁহে লুমেছিল। আমার প্রপিতামহ শান্তমু পুষিল। কুপ কুপী নাম দিল শর্মান তাত। আমার বংশেতে গুরু আচার্য্য বিখ্যাত।। এই যে দেখহ উচ্চতর রথধ্বজ। বিচিত্র কলদধ্বজ শোভে রত্ন গজ॥ সেই রথে বৈকর্ত্তন কর্ণ যার নাম। স্থরাস্থর বিদিত বিক্রমে অসুপম ॥ জামদগ্য রামের এ শিষ্য প্রিয়তর। আমার সহিত সদা বাঞ্চয়ে সমর 🖟 আজি তার আনন্দ করিব আমি পুণ। মম সহ যুদ্ধে আজি গৰ্বব হবে চুৰ্ণ ॥ চতুৰ্দ্দিকে বেষ্টিত ধবল ছত্ৰগণ। হের দেখ মহামানী রাজা ছুর্য্যোধন ॥ বৈদুৰ্য্য মুকুতা মণি ধ্বজ মনোহর। যেই রথধ্বজে চিত্র ধবল কুঞ্জর ॥ তাহার রক্ষার্থে তার নিকটে দেখহ। ভারত-বংশের শ্রেষ্ঠ খম পিতামহ।। পঞ্চগোটা কনকের তাল যার ধ্ব**ভে**। মহাযোদ্ধা জাতে ও উপত্তিকাকে পুত্রে॥ শাস্তসুর পুত্র জম্মে গঙ্গার উদরে। সত্যবতী কন্যা আনি দিলেক বাপেরে # রাজ্য দারা ভ্যাগ কৈল বাপের কারণ। তুষ্ট হ'য়ে ভাত বর দিল সেইকণ ॥

অজ্নের সহিত কর্ণের সংগ্রাম ও কর্ণের প্রায়ন।

হাসি তবে উত্তরেরে কহে মহামতি। কর্ণের সম্মুখে রথ লও শীঘ্রগতি ॥ কর্ণের সম্মুখে ছিল যত রথিগণ। অর্জ্রন উপরে করে বাণ বরিষণ।। দেখিয়া হাসিয়া ীির কুন্তীর নন্দন। দিব্য অস্ত্র গাণ্ডীবে যোড়েন তথন ॥ না হ'তে নিমের পূর্ণ ছাড়িতে নিখাস। **শরজালে অন্ধ**কার করে দিক্পাশ।। একেশ্বর ধনপ্রয় কুরুদৈন্য দলি। মহাবাতাঘাতে যেন পাডিল কদলী॥ মারিয়া সকল সৈত্ত পার্থ ধনুর্দ্ধর। ালাইয়া দেন রথ কর্ণের উপর॥ কর্ণের অনুজ ছিল বিকর্ণ নামেতে। আগুলিল পার্থ আসি ধসুঃশর হাতে॥ হাদেন অৰ্জ্জ্ব বীর দেখিয়া বিকর্ণ। ভূজঙ্গে পাইল যেন বুভূক্ম স্থপর্ণ তুই বাণে ধ্বজ ধন্ম কাটিয়া তাহার। শৰ্ষচন্দ্ৰ বাণে কাটিলেন মুগু তার॥

বিকর্ণ পড়িল দেখি কর্ণে হৈল ক্রোধ।
টক্ষারিয়া ধসুগুলি যায় মহাযোধ ॥
দৌহে দেখি দোঁহাকার হইল হরষ!
কর্ণে চাহি ধনপ্রয় বলেন কর্কশ ॥
রাধান্তত ত্যুজ গর্বে ত্যুজ সিংহনাদ।
আজি তোর ঘুসাইব সংগ্রামের সাধ ॥
হাসিয়া বলেন কর্ণ দৈব বলবান।
যারে খুঁজি সেই জন এল বিভ্যমান ॥
এতবলি কর্ণ বীরু পুরিল সন্ধান।
অতবলি কর্ণ বীরু পুরিল সন্ধান।

দোঁহে দোঁহা অস্ত্র মারে যেবা যত জানে। বরিষা কালেতে যেন বর্ষে মেঘগণে।

কোথে পার্থ দিব্য অন্ত্র করেন দন্ধান কাটিয়া কর্ণের ধ্বজ্ব করে থান থান ॥ চারি অশ্ব কাটে তবে কাটে ধসুগুর্ণ। দারথির মাথা তবে কাটেন অর্জ্জ্বন ॥ শীত্রতর আর রথ যোগায় দারথি। আর ধসুকেতে গুণ দিয়া শীত্রগতি।। লক্জিত হইয়া কর্ণ দর্পবাণ এড়ে। দহস্র দহস্র দর্প পার্থে গিয়া বেড়ে। এড়েন গরুড় বাণ ইন্দ্রের-নন্দন। ধরিয়া দকল ফণী করিল ভক্ষণ॥

এইমত তুই বীরে করিল সংগ্রাম : চক্ষু পালটিতে দোঁহে না করে বিশ্রাম দোঁহে মহাবার্য্যবন্ত কেহ নহে উন। দৈববলে বলাধিক হইল অৰ্জ্জন॥ ইদ্রদত্ত দিব্য 'অস্ত্র পূরিল সন্ধান। একবারে ছাড়িলেন অফ্টগোট। বাণ ॥ তুই তুই ভুজে বক্ষে যুগল ললাটে ! বর্ম ভেনী চর্মা ছেনী অঙ্গে অস্ত্র ফুটে 🗵 ফুটিয়া কর্ণের অঙ্গে বহিল শোণিত। রথেতে পড়িল কর্ণ হইয়া মৃঠ্ছিত।। মুর্চ্ছিত দেখিয়া পার্থ সংবরেণ বাণ। রথ ল'য়ে সারথি যে কৈল পলায়ণ 🛭 কৰ্ণ ভঙ্গ দেখি তবে যত রথী কুরু ! বেড়িল অর্জ্জুনে আসি হ'য়ে শতপুর: অনন্ত ফণীন্দ্র যথা মথে দিক্ষুজল। একাকী অৰ্জ্জুন মথিলেন কুরুবল 🛭 যে ছিল পলায় সবে লইয়া পরাণ 🖟 অৰ্জ্জনে দেখিয়া যেন শমন দগান॥

দেখিয়া বিরাট পুত্র মানিল বিশ্বয়।
ক্বভাঞ্জলি হ'য়ে তবে পার্থ প্রতি কয়।
এ তিন ভুবনে এই অন্তুত কাহিনী।
চক্ষে কি দেখিব কভু কর্নে নাহি শুনি।
পূর্বেবে যে ভোমার কর্ম্ম শুনিসু প্রবণে।
সাক্ষাতে দেখিসু তাহা আপন নয়নে।

ক্ষত্র হ'য়ে **হেনজন নহিবে ভূতলে।** ্ভামার সারথি হৈতু পূর্বব ভাগ্যব**লে॥**

কুপাচার্য্যের সহিত অর্জুনের যুদ্ধ ও পলাগুন। অৰ্জ্জুনে বলিল তবে বিরাট-নন্দনে। বায়ুবেগে লও রথ ক্লপের সদনে॥ ক্রপের সম্মুখে রথ লইল বৈরাটি। ্রবদত্ত শন্তানাদ করিল কিরীটী। গছ যেন রোষে শুনি গজের গর্জ্জন। কুপিল গৌতম শুনি শশ্বের নিঃস্বন॥ বগ্র হ'য়ে আপনার শব্ম বাজইল। চুই শুখ্য নিনাদেতে ত্রিলোক কাঁপিল। দ্য বাণ প্রহরিলা **অর্জ্জুন উপর।** কাটিয়া ফেলিল তাহা পার্থ ধনুর্দ্ধর॥ ন্শবাণ কাটিয়া করেন কুড়িখান। এবে দিব্য অন্ত্র পার্থ করিল সন্ধান ॥ জনদ্মি দম অস্ত্র দেখি লাগে ভয়। বণাঘাতে আচার্য্যের কম্পিত হৃদয়॥ কৈলিত আসন দেখিয়া কুপ ব্যস্ত। ্গারব করিয়া পার্থ না মারেন অস্ত্র॥ কণেকে পাইয়া ধৈ**র্য্য নিল ধনুর্ব্বা**ণ। ত্রন্থ উপরে বাণ করিল সন্ধান॥ না নারিতে অন্ত্র পার্থ এড়িলেন বাণ। ক্রিলেন ক্রুপের ধনুক তুইখান॥ শার মস্ত্রে কাটিঃশন অঙ্গের কবচ। ^{হত্ৰ} হৈতে খদে যেন জাৰ্ল দৰ্প ত্ৰচ 🛚 ্বি শার ধনু কুপ লইলেন হাতে। ^{্নইন}ণে দিলা **গুণ চক্ষু পালটিতে**॥ ^{৪৭} দিয়া বাণ বীর করিল সন্ধান। ^{সই} ধতু কাটিয়া করিল ছুইখান॥ ^{বুনঃ} কৃপ দিব্য **ধন্ম লইলেন হাতে।** ^{্স প্}য় কাটেন পাৰ্থ গুণ নাহি দিতে॥ ^{লিবয়া} গৌতম যেন অগ্নি হেন জ্বলে। ^{্টি। ধন্ম} ফেলাইয়া দিল স্থুমিতলে॥ िक अंक ठूलि निमा डीयन पर्नन । নিরিক্সে ভূষা যেন দীপ্ত ভ্তাশন॥

ছাড়িলেক শক্তি আসে হ'য়ে শব্দবান। অরূপথে অর্জ্বন করেন তুইখান॥ দিব্য অন্ত্র সন্ধান করিয়া ধনঞ্জয়। কাটিলেন ক্ষপের রথের চারি হয়॥ ছয় বাণে কাটিয়া ফেলেন শর তুণ। সার্থির মাথা কাটি ফেলেন অর্জ্বন ॥ চাহিয়া দেখিল কুপ কিছু নাহি পাশে। হাতে গদা লইয়া আইল ক্রোধাবশে। হাসিয়া অৰ্জ্জুন বীর করেন সন্ধান। হাতের গনাতে মারিলেন দশ বাণ॥ খণ্ড খণ্ড করিয়া ফেলেন গদা কাটি। সর্বব গদা কাটিল রহিল বজ্রবৃঠি॥ নিরন্ত্র বিবন্ত্র কুপ সর্ববাঙ্গ 🖣কল। পরিধান ধুতি আর উত্তরি কেবল॥ কর্যোড়ে বলিলেন কুন্তার নন্দন। এ বেশে আচার্য্য কোথা করিছ গমন॥ অন্নরে অমররুন্দ দেখিল কৌতুক। লাজে শরদান-পুত্র হৈল অধােমুখ॥ চতুৰ্দ্দিক হইতে আইল.যোদ্ধাগণ। রথে চড়াইয়া কুপে করিল গমন ॥ কুপাচার্য্য ভঙ্গ যদি হইল দমরে। অর্জ্জুন বলেন তবে বিরাট-কুমারে॥ রক্তবর্ণ চারি ঘোড়া যোড়া যেই রখে। দ্রুত রথ লহ মোর তাহার অগ্রেতে॥ শুনিয়া বিরাটপুত্র বায়ুমত বেগে। চালাইয়া দিল রথ দ্রেণাচার্য্য আগে॥ নিকটে দেখিয়া দ্রোণ অর্জ্বনের রথ। আন্ত বাড়ি-আপনি হটল কত পথ। গুরু দেখি পার্থ অস্ত্র যুড়েন যুগল। তুই অন্ত্ৰ পড়িল যুগ্ন প্ৰতেল 🛭 আচাৰ্য্য খুগৰ সম্ভ্ৰ এড়িল ভগন। ছুই ভূজে ধরি পার্ত্বে কৈন ালি**ঙ্গন॥** কর যুড়ি আচার্য্যে বলেন ধনপ্তয়। যুদ্ধদঙ্জা কি হেতু বলহ মহাশয় 🛚 কাহার সহিত যুদ্ধ করিব। স্থাপনে। আমারে মারিবা অক্স ছেন লয় মনে ॥

অশ্বত্থামাধিক শ্বামি তোমার পালিত। কোন দোষে তব পায় নহি যে দূষিত॥ পাশাকালে কথা তুমি জানহ আপনে। কপটে যতেক ছঃখ দিল ছুফীগণে॥ দ্বাদশ বৎসর বনে বঞ্চিলাম ক্লেশে। বৎসরেক অজ্ঞাত বঞ্চিমু ক্লীববেশে॥ এ কস্টের হেডু যেই বৈরী ছুস্টগণ। প্রতদিনে পাইলাম তার দরশন॥ যথোচিত ফল আজি দিব আমি তারে। দ্রঃখ নিবেদন এই করিমু তোমারে। ইহাতে আপনি প্রভু না করিবা ক্রোধ। তুমি ক্রোধ করিলে না করি উপরোধ।। আজ্ঞা কর এক ভিতে লহ নিজ রথ। ত্বর্য্যোধনে ভেটিব ছাড়িয়া দেহ পথ ॥ হাসিয়া বলিল দ্রোণ এ কোন উচিত। কৌরবের দৈন্যগণ আমার রক্ষিত 🛚 মম অথ্রে কৌরবেরে করিবা ঘাতন। •দাণ্ডাইয়া কিমতে করিব দরশন॥ পার্থ বলে পাছে দোষ না দিও আমায়। তোমার শিক্ষিত বিদ্যা দেখাব তোমায়॥ এত শুনি গুরু ক্রোধে হ'য়ে হুতাশন। আকর্ণ পূরিয়া এড়ে দিব্য অস্ত্রগণ॥ তিনশত হস্ত্র মারে অর্জ্জন উপর। কাটিয়া অৰ্জ্জন বার ফেলিলেন শর॥ অন্ধকার করি সবে গগনমণ্ডলে। শরতের কালে যেন হংসপুংক্তি চলে ॥ **निवा अक्ष्य धनक्ष**य शृतिन मक्षान । কাটিয়া ফেলেন যত আচার্য্যের বাণ। পুনঃ দিব্য অস্ত্র গুরু মন্ত্রে অভিষেকি। সম্বর সম্বর ব'লে অর্জ্জ্নেরে ডাকি॥ আকাশে উঠিল অস্ত্র যেন নিবাকর। মুথ হৈতে হৃষ্টি সম মুষল মুদগর॥ পরশু তোমর জাঠি নাহি লেখা জোখা। ় চতুৰ্দ্বিকে বেড়ি যেন জ্বলন্ত উলক। ॥ ব্দস্ত্র এড়ি দ্রোণাচার্য্য ব্যথিত হৃদয়। ডাকিয়া বলিল সম্বরহ ধনপ্রয় ॥

দেখিয়া অৰ্জ্ব বাণ এড়েন গন্ধৰ। নিমিষেতে নিবারেণ গুরু অন্ত সর্ব।। দোঁহে দিব্য শিক্ষা বাণ না করে বিশ্রাম। গুরু শিষ্য বহুমতে হইল সংগ্রাম ॥ ক্রোধে গুরু পঞ্চাণ মারে কপিধকে ! বাণাঘাতে কপিধ্বজ্ঞ অধিক গরজে ॥ পুনঃ দিব্য সন্ধান পুরিল গুরু দ্রোণ। গগন ছাইয়া কৈল অস্ত্র বরিষণ ॥ না দেখি বানরধ্বজ সারখি অর্জ্জ্ন। মেঘে যেন আচ্ছাদিল না দেখি অরুণ 🛭 দ্রোণের বিক্রমে উল্লাসিত ছর্ষ্যোধন। নিমিষেতে অস্ত্র তার কাটেন অর্জ্জ্ন 🛭 তবে পার্থ দিব্য অস্ত্র করিয়া সন্ধান। আচার্য্যেরে মারিলেক সহত্রেক বাণ 🖟 সহস্র সহস্র বাণ আচার্য্য মারিল। তুই অস্ত্রে গগনেতে মহাশব্দ হইল॥ ঢাকিল সূর্য্যের তেজ ছাইল আকাশ। অন্ধকার হৈল সূর্য্য রুধিল বাতাস॥ অন্ত্র অন্ত্র ঘর্ষণে হইল উল্কার্ম্নি। অমর ভুক্ত নর চাহে একদৃষ্টি॥ আকাশে প্রশংসা করে যত দেবগণ। সাধু দ্রোণাচাষ্য ভরন্বাজের নন্দন ॥ যাহার শিক্ষিত বিদ্যা অদ্ভুত দর্শন। যার শিষ্য ধনঞ্জয় জয়ী ত্রিভুবন ॥ তবে পার্থ ইন্দ্র অস্ত্র যোড়েন গাণ্ডীবে। **সহত্র সহত্র বাণ যাহাতে প্রসবে** 🛚 মন্ত্রে অভিষেকি বাণ মারে দেইকণ। চক্ষুর নিমিষে সব ছাইল গগন।। যেন মহাদাবাগ্লিতে বে ড়ল পর্বত। অস্ত্র অগ্নি আচ্ছাদিল নাহি দেখি পথ 🎚 সাধু ধনঞ্জয় বলি ডাকে দেবগণ। হুগিদ্ধি কুহুম পুষ্প করে বরিষণ ৸ বাপের সঙ্কট দেখি অশ্বত্থামা বেগে। জনকে করিয়া পাছে হৈল পার্থ আগে 🛚 যেই বেগে হৈল আপে দ্রোণের তন্য়। ধ্বজ কাটি ফেলিলেন বীর ধনঞ্জয় ।

অখ্যামা আগে পড়ে কাটা রথ চুড়া। া করিতে সংগ্রাম হইল রথ মুড়া॥ ন্তিল্লত হইয়া শেষে দ্রোণের নন্দন। অর্জ্রন উপরে করে বাণ বরিষণ ॥ প্রলয়ের মেঘ যেন মুষলের ধারে। ্সইমত অস্তর্ম্ন্তি করে পার্থোপরে 🛭 দিবানিশি নাহি জ্ঞান **অক্টো আচ্ছাদিল।** গ্রকুক্ **অন্যের কার্য্য পবন রুধিল॥** ংগ্যামা-**অর্জ্নের যুদ্ধ অমুপম।** ্যন ইন্দ্র বুতাহ্বর রাবণ-শ্রীরাম ॥ ুর্নর থেন সংগ্রাম হইল স্থরাস্থর। টাহার ধ**নুক ঘোষে কম্পে তিনপুর॥** কাকে অন্তর্ম্তি নাহি লেখা জোখা। মন্ত্র বিনা রণমধ্যে অত্যে নাহি দেখা॥ 🥫 ১৯ শব্দে যেন কর্ণে লাগে তালি। ৌছ অস্ত্র দোঁহে কাটে দোঁহে মহাবলী॥ বিচিত্র চালায় রথ উত্তর সার্থি। ^{চত্রবং} ভ্রমে যেন বায়ুদম গতি॥ এজ্বনের ছিদ্র দ্রৌণী ভাবিয়া অন্তরে। ^{গাঞ্জিব ধ}মুক চাহে কাটিবার তরে॥ মচ্ছেন্ত মভেন্ত ধকু দেবের নির্মাণ। ^{ার} করিতে পারে তাহা মনুষ্য-পরাণ॥ ^{২ছা}ক্রোধে অশ্বথামা হইয়া ক্রোধিত। ^{দপ্ত চ}হারিংশ শর মারিল হরিত ॥ ্লাদে ধনপ্রয় করিলেন শররৃষ্টি। ^{এনক্রের} কা**লে যেন সংহারিতে স্ঠি ॥** ^{কি ই দক্ষ}হস্তে বিশ্বে ক**ভু** বিশ্বে বামে। এগাত শরবৃষ্টি করিলেন ক্রমে॥ ^{অক্র} পার্থের ভূণ পূর্ণ অন্তর্ময়। ^{ছত বিশ্বে} তত হয় নাহি তার ক্ষয়॥ শেইমত দ্রোণপুত্র অন্তর্ম্ভি কৈল। শেशकाর শরজালে পৃথিবী ঢাকিল॥ हिन महत्व बन्ध भारत भूनः भूनः। ^{ট এক্}ণ দ্রোণির হইল শৃত্য ভূণ 🛚 িমনে। অশ্বপামা নিরস্ত হইল। ^{দ্বিয়া} সূর্ব্যের পুত্র ক্রোধেতে ধাইল 🛭

বিজয় নামেতে ধনু ভৃগুপতি-দন্ত। আকর্ণ পূরিয়া এড়ে যেন গঙ্কমন্ত ॥ হাদিয়া অৰ্জ্বন বীর ছাড়িল দ্রোণীরে। শমুখে দেখিয়া কর্ণে কহিছেন তারে॥ ক্রোধে কন ধনপ্রয় চক্ষু রক্তবর্ণ। হে রাধেয় মূঢ়মতি সূতপুত্র কর্ণ॥ অমুক্ষণ কহিস্ করিয়া অহঙ্কার। পৃথিবীতে বীর নাহি সমান আমার॥ সে কথার পরীকা হইল পূর্বকণে। শাক্ষাতে দেখিল যত কুরুবীরগণে॥ শভামধ্যে বিদ যত কৈলা অহক্ষার। ক্ষত্ৰ হ'য়ে প্ৰাণে তাহা সহিবে কাহার॥ ধর্মপথে বন্দী যে ছিলাম দেইকালে। সকল সহিন্দু কষ্ট যতেক করিলে ॥ লাজ নাহি কোন মুখে এলি রণন্থল। পুনঃ রণে এলি যদি দিব তার ফল॥ এত শুনি কহিতে লাগিল কর্ণবীর। অবোধ নিলাজ মত নির্ভয়-শরীর॥ দ্রোণস্থানে ইন্দ্রস্থানে যে অন্তর পাইলি। ল'য়ে পুনঃ কর যুদ্ধ এই তোরে বলি ॥ এত শুনি হাসিয়া বলেন ধনঞ্জয়। লক্জা যার থাকে মে কি হেন কথা কয়॥ এইক্ষণে পূর্ণ নাহি হইতে প্রহর। বিন্তমানে কাটিলাম তোর সহোদর 🛚 **७% भिग्नः भनारेनि नरेग्रा कीवन।** কোন্ মুখে কহ পুনঃ এ দর্প বচন ॥ যাহা কহ, নহ শক্ত করিতে দে কাজ। সভামধ্যে কহিতে না বাস তুমি লাজ ॥ এত বলি অৰ্জ্জ্ব ধন্তুকে যুড়ি বাণ। কর্ণোপরি মারিলেন বজ্রের স্মান ॥ অস্ত্রে অস্ত্র নিবারিল কর্ণ মহাবল। কুলেতে নিরুত্ত যেন হয় সিক্ষুজল।। তবে দিব্য পঞ্চবাণ মারিল অর্জ্বন। ফেলিলেন কর্ণের কাটিয়া ধমুগুণ ॥ আর গুণ চড়াইল সংগ্রামে নিপুণ। কাটিয়া সকল তবে ফেলিল অৰ্জ্জ্ন ॥

এড়িলেন শক্তি গোটা সূর্য্য সম স্কলে। মহাশব্দ করি আদে গগনমগুলে॥ অর্দ্ধচন্দ্র দিয়া পার্থ করি খণ্ড খণ্ড। তুই বাণে কাটিলেন সার্থির মুগু॥ কাটিলেন মত হস্তিধ্বন্ধ শোভাকর। দেখিয়া কৌরব-দৈন্য করে হাহাকার 🛚 কর্ণের সহায় ছিল যত রখিগণ। অর্জ্রে বেড়িয়া করে বাণ বরিষণ॥ কাটিয়া সকল বাণ পার্থ মহাবল। মুহুর্ত্তেকে মারিলেন সহায় সকল।। দিব্য বাণ এড়িলেন পার্থ মহাচগু। কর্ণের কবচ করিলেন খণ্ড খণ্ড॥ বাণাঘাতে ব্যথিত হইয়া অঙ্গনাথ। চিন্তিয়া দেখিল আর অস্ত্র নাই সাথ॥ বিশেষ অর্জ্জুন বাণে শরীর পীড়িল। রণ ত্যজি কর্ণবীর পৃষ্ঠভঙ্গ দিল ॥ কর্ণ যদি ভঙ্গ দিল সংগ্রাম ভিতর। ভঙ্গ দিয়া পলাইল যত কুরুবর॥ ধায় হুম্মু থ বিবিংশতি মহাবল। চিত্ৰদেন বেগে ধায় শকুনি দৌবল। শকুনি পলায়ে যায় অর্জ্জুমের আগে। দোখয়া অৰ্জ্জুন রথ চালাইল বেগে॥ শকুনিরে আগুলিয়া চালাইল রথ। কাঁপর পৌৰল পলাইতে নাহি পথ॥ মুখেতে উড়িল ধূলা নাহি আর কথা। অর্জ্জুনেরে দেখিয়া করিল হেঁটমাথা॥ অৰ্জ্বন বলেন কোথা পালাও মাতৃল। ভূমি যে আমার কন্ট করিবার মূল॥ তোমারে মারিলে সব ছঃথ বিমোচন। কপট পাশার যত তুমি সে কারণ ॥ তোমায় আমায় আজি খেলাইব পাশা। নিঃশব্দ হইলে কেন নাহি কহ ভাষা 🛭 ধকুক করিব পাশা অত্রগণ অক্ষ। মস্তক করিব দারি যত তোর পক্ষ ॥ তুমি দে কৌরবকুলে হুফ্ট-বুদ্ধিদাতা। সব হন্দ্র ঘুচিবে কাটিলে তোর মাথা ॥

চিন্তিয়া শকুনি কহে করিয়া উপায়। যতেক কহিলে তাত তোরে না যুয়ায়॥ তোমার শক্তি আমা না পার মারিতে। আমার প্রতিজ্ঞা সহদেবের সহিতে ॥ অবধ্য ভোমার শক্ত জানহ আপনে। অঙ্গে ঘাত করিতে নারিবে কদাচনে॥ আমার প্রতিজ্ঞা তুমি জান ভালমতে। অস্ত্রাঘাতে পারি ক্ষিতি দাহন করিতে॥ আমার দাক্ষাতে যুদ্ধ করে কোন্ জন। প্রাণ ল'য়ে শীদ্রগতি পলাও অৰ্জ্ব ॥ এত বলি আকর্ণ পুরিয়া অন্ত মারে। নানা অস্ত্রহৃষ্টি করে অর্জ্জ্ন উপরে॥ শুনিয়া ত অর্জ্জুনের হইল স্মরণ। প্রতিজ্ঞা করিল পূর্বের মাজীর নন্দন ॥ চিন্তিয়া অর্জ্জুন মস্ত্র মারে বেড়াপাক। রথ ফিরে শকুনির কুমারের চাক॥ ভ্রমাইয়া ল'য়ে গেল রজকের গৃহে। খরপুষ্ঠে চাপাইয়া বান্ধিলেক তাহে ॥ অদ্রত দেখয়ে দূরে কুরুবীরগণ। চক্রাকার ভ্রমি বুলে স্থলনন্দন॥ শকুনির বিপাক দেখিয়া লোক হাসে ! আর যত কুরুদৈন্য পলায় তরাদে॥ উদ্ধিখাস হীনবাস ধায় সব বীর। ভীলের চরণে গিয়া রাথয়ে শরীর ॥ মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান্॥

ভীষের দাহত বর্জনের মুদ্ধ।
উত্তরে চাহিয়া বলিলেন ধনপ্পয়।
এথা হৈতে রথ লহ বিরাট তনয়॥
ভয়েতে আরত হ'য়ে দকলে পলায়।
ভয়ার্ত্ত জনেরে মারিবারে না যুয়ায়॥
যথায় শান্তসুপুত্র ভীষা পিতামহ।
শীঘ্র তাঁর অগ্রেতে আমার রথ লহ॥
ভাঁহার রক্ষিত হয় কৌরবের দেনা।
ভাঁহারে জিনিলে দে জিনিব দর্বজনা।

উত্তর বলিল মোর শক্তি নাহি আর। _{কিমতে} রথের **অখ** চালাব তোমার॥ _{হের দেখ} অঙ্গ মোর হইল বিবর্ণ। ত্রসুক্ষণ শব্দেতে বধির হৈল কর্ণ। কুন্তুকার চক্রপ্রায় জমে মোর মনে। দিবানিশি নাহি জ্ঞান না দেখি' নয়নে ॥ পুনঃ পুনঃ তোমার গর্জন হত্সার। _{বিপ্রা}ত শব্দ তব ধনুক টক্ষার॥ ×রারের রক্ত মোর হৈল জলবত। দিক্গণ ভ্ৰমি**ছে যেন নাহি দেখি পথ ॥** বিশেষ তোমার কর্ম্ম অদ্ভুত কাহিনী। াৰিবারে থাক্ কভু কর্ণে নাহি শুনি॥ তথন আদান কর কথন সন্ধান। সক্তে না পারি তুমি কারে ছাড় বাণ॥ হত্ত্বল দেখি ধনু মণ্ডল আকার। 🔹 হস্ত হয় চিত্তে লাগয়ে আমার॥ াৰ্কার সে রূপ তথ নাহিক এখনে। ভঃরের মুর্ত্তি দেখি ভয় পায় মনে ॥ ^{শ্}ত্র কর মহাবী**র ইহার উপায়**। কহিনু নিশ্চয় মোর প্রাণ বাহিরায়॥ পাৰ্য বলে কি কহিছ বিরাট-কুমার। ষাত্রয় লক্ষণ কিছু না দেখি তোমার॥ বিং শক্রের মাঝে কহিলে এমত। 🦩 উপায় আছে এবে কে চালাবে রথ॥ ির হও ত্যজ ভয় ধর অশ্ব দড়ি। গ্রাপ্রা বৈদহ, ধর প্রবোধের বাড়ি॥ ^{এখনি} কেমনে চাহ ত্যজিবারে রণ। ^{জণেক} থাকিয়া দেখ বিরাটনব্দন ॥ ^{জিতি} মধ্যে বহাইব রক্তের কর্দন । ^{বৃহ ই}ব নদা সব দেখাইব যম॥ ^{জনির ক}রিব নীর কুস্তার কুঞ্জর। ^{কৈছিপ} হইবে অশ্ব মীন হবে নর 🖡 ^{হত্ত পদ} সব হবে তৃণকাষ্ঠবৎ। ^{হ সবং} ভাসিয়া চালবে সব রথ # ^{িক} বুক দেখিয়া তাত **শুক্ষ হৈল কায়।** ^{রাজপু}ত্র ত**ব হেন কর্ম্ম কি যু**দ্ধায় 🛚

কালানল প্রায় এই দেখ ভীত্মবার। কুরুদৈন্য মীন ছেন দাগর গভীর 🛮 শীঘ্ররথ লহু মম তাহার ভিতরে। আমার হস্তের বেগ দেখাব তাঁহারে 🛭 পূর্বেব আমি হুরপুরে এই ধন্থ ধরি। নিকণ্টক স্বৰ্গ করিলাম দৈত্য মারি 🛚 পুলোমাদি নিবাতকবচ কালকেয়। সিন্ধুপুর হেমপুরবাসা অপ্রমেয়। ইন্দ্রতুল্য পরাক্রম দবে মহাবলা। বাণে উড়াইতু যেন শিমুলের তুলা। সেইমত আজি শামি করিব সমর। ক্ষত্র পরাক্রমে বৈদ রথের উপর 🛚 এত বলি তার অঙ্গে হাত বুলাইয়া। উত্তরে করেন শক্ত আশ্বাস করিয়া॥ পুনরপি উত্তর বদিল সিংহবৎ। ধরিয়া ঘোড়ার দড়ি চালাইল রথ ॥ বায়ুবেগে নিল রথ ভীত্মের গোচর। পার্থ দেখি আগু হৈল ভীষ্ম বীরবর॥ পিতামহ-পদ ধৌত বিচারিয়া মনে। বরুণ যুগল অন্ত মারেন চরণে॥ দেখি চুই অন্ত্র ভাষা মারেন তথন। অর্জ্নের শিরে গিয়া করিল চুম্বন ।। ভাষা-রথরক্ষক আছিল চারি**জন**। ছঃসহ ছুম্মু থ বিবিংশত ছঃশাসন ॥ আন্ত হ'য়ে পাৰ্থে আদি আগুলিল পথ। জ্বলন্ত আগুনে যেন পতঙ্গের মত॥ আকর্ণ পুরিয়া বাণ নারে ছঃশাসন। অর্জ্জুন উপরে করে বাণ বরিষণ॥ হাদিয়া মারেন পার্থ তারে পঞ্চার। বাণাঘাতে তুঃশাসন হইল ফাঁপর॥ বেগে পলাইয়া যায় নাহি চায় পাছে। আর তিন বার ফিল বেড়িলেক পি**ছে।** তুই বাণে গুমুখে করেন অচেডন। দেখি ভঙ্গ দিয়া যায় আর ছুইজন 🛚 ভঙ্গ দিল চারি বাঁর দেখিয়া সংগ্রাম। আগু হ'য়ে পার্থ ভীল্নে করেন প্রণাম 🛭

পার্থ বৃলিলেন দেব ভদ্রে আপনার। কি **হেন্তু** এ ম**ংস্তাদেশে** গমন তোমার ॥ বিরাটের গাভী নিতে আদিয়াছ প্রায়। এবন কুকর্ম কি ভোমার শোভা পায়॥ পরগাভী লইলে ষতেক হয় পাপ। আপনি জানহ তুমি অঙ্গে ভুঞ্জে তাপ ॥ তথাপিও লোভ নাহি পার সম্বরিতে। **সদৈত্তেতে আদিয়াছ পরগাভী নিতে।** ভীম বলে নাহি আদি গাভীর কারণ। তুমি আছ হেথায় কহিল দূতগণ॥ বহুদিন নাহি দেখি ব্যাকুলিত চিক্ত। ছুৰ্য্যোধন সহ আইলাম এ নিমিত্ত॥ ক্ষত্রিম্ব নিয়ম আছে বেদের বচন। বাছবলৈ শাসিবেক পর রাজ্যধন॥ সামার এ ধন রাজ্যে কোনু প্রয়োজন। যতেক করি যে তোমা সবার কারণ॥ পার্থ বলে পিতামহ তোমার প্রদাদে। বঞ্চিলাম ত্রেয়োদশ বর্ষ অপ্রমাদে ॥ তোমার প্রদাদে আমা ভাই পঞ্জনে। ষ্ট্ৰ বহু কফে রক্ষা পাইলাম বনে। চুমি যে গুরুর গুরু হও মহাগুরু। ছুরুবংশ-কর্তা তুমি থেন কল্পতরু॥ শাশাকালে হুঃখ তুমি জানহ আপনে। ভাহার উচিত ফল দিব তুষ্টগণে ॥ মাজ্ঞা কর একভিতে লৈতে নিজ রথ। চুর্য্যোধনে ভেটিব ছাড়িয়া দেহ পথ ॥ চীম বলে আমার রক্ষিত তুর্য্যোধন। আমা না জিনিলে কোথা পাবে দরণন। প্ৰস্কুন বলেন তবে বিলম্বে কি কাজ। ীত্র কর উপায় রাখিতে কুরুরাজ। এত শুনি কুপিত হইল কুরুবর। দ্বিষ্ট বাণ প্রহারিক্ত মুক্ত্রন উপর ॥ অফ্রগোটা ভুজঙ্গ সদৃশ অফ্ট, শর। মহাশব্দে চলি যায় অর্জ্জুন উপর॥ দ্বির ভপ্ন দিয়া কাটিলেন ধনপ্রয়। ব্রুঃ দিব্য অন্ত্র মারে গঙ্গার তনয়॥

মহাশব্দে আদে বাণ ভাক্ষর সমান। অর্দ্ধ পথে অর্জন করেন থান খান ॥ তুই জনে যুদ্ধ হৈল অতি ভয়ঙ্কর। নানাবর্ণে এড়িলেন চোখ চোখ শর ॥ দোঁহে দোঁহাকার বাণ করেন বারণ। অনিমিষ দোঁহাকার নয়নে নয়ন॥ অনলে বারুণ মারে বায়ব্যে বারুণি। আকাশে বায়ব্য মারে শীতেতে আগুনি॥ পন্নগে প্ৰগগণ বায়ুতে পৰ্বত। পুনঃ পুনঃ দোঁহে বাণ করে এইমত॥ দোঁহাকার শরজালে ত্রৈলোক্য কম্পিত। চট্ চট্ শব্দ সে হইল অপ্রমিত॥ দোঁহাকার বাণে দোঁহে ব্যথিত হৃদর। দোঁহাকার অঙ্গে ঘন শ্রমজল বয়॥ সাধু পার্থ সাধু ভীম্ম গঙ্গার নন্দন। সাধু সাধু প্রশংসা করিছে দেবগণ॥ ইন্দ্র বাণ দিয়া তবে ইন্দ্রের নব্দন। কাটিলেন ভাত্মের হাতের শরাসন॥ আর ধকু ধরি ভীম্ম বরিষয়ে বাণ। সেই ধন্ম কাটিলেন করিয়া সন্ধান ॥ দিব্য বাণে কাটিলেন কবচ ভাঁহার। তীক্ষ দশ বাণ দিয়া করেন প্রহার 🏾 বাণাঘাতে অচেতন গঙ্গার তনয়। দেখিয়া বিস্ময় মানি কহে কুরুচয়॥ মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবানু॥

> ধ্র্য্যোধনের সহিত অর্জ্ঞ্রের যুদ্ধ ও কুফুসৈন্তের মোহ।

অচেতন দেখি রথ ফিরায় সারথি।
তীম্ম ভঙ্গ দেখি ক্রোধে যায় কুরুপতি ॥
গজেন্দ্র চড়িয়া যেন ইন্দ্র দেবরাক।
চতুর্দ্দিকে বেড়ি যায় ক্ষক্রিয়-সমাক্র ॥
উনশত সংহাদর বেস্তিত চৌপালে।
সবে অন্ত্র শস্ত্র পার্থ উপরে বরিষে ॥

স্যা অৰ্জ্বন বীর করিয়া সন্ধান। গ্যাধনে প্রহার করেন দশ বাণ ॥ _{াক্রা}ধে কাটিয়া <mark>পাড়েন তার ধসু।</mark> ব্য হাটেন ছুই ছয় বাণে তফু ॥ _{চার} করেন ভ**ল গজেন্দ্র মস্তকে।** _{চাঘাতে} যেন গি**রিশৃঙ্গ শত মথে**॥ _{গবীতে} দন্ত দিয়া পড়িল বারণ। _{ফ দিয়া} স্থৃমিতে পড়িল ছুর্য্যোধন ॥ ছ থাকি ভাকেন **অৰ্জ্বন ইন্দ্ৰস্ত**। কর্ম করিস্ **লোকে শুনিতে অস্কৃত।** নোর সহিত তোমা শত সহোদর। গ্রীর উপরে **বলাহ দশুধর॥** ধিন্তির রাজার দা**সত্বকা**রী **আমি**। ারে দেখি পলাই**লি হ'য়ে ক্ষিতিস্বামী**॥ সৈন্মে পলায়ে যা**দ শুগালের প্রায়**। ট মুগে রাজ্যভোগ ইচ্ছ হস্তিনায়॥ তেক সহায় ভোর **গেল কোথাকারে**। রিলে এখন আমি কে রাখিতে পারে॥ ক্র নিজ বশ হ'লে কে ছাড়ে মারিতে। দি মারি কোথা **পথ পাবে পলাইতে**॥ াড়িলাম যাহ ল'য়ে নিল'জ্জ জীবন। র্থ নাম ধর তুমি মানী **হুর্য্যোধন**॥ ^{নাইনা} মম ভয়ে শুগা**লের প্রায়।** ^{ই মুখে} গাভী **লোভে আইলে হেথায়**॥ শায়িত জনে আমি না মারি কথন। ^{মিসেন} হ'লে তোর লইত জীবন 🛚 ৰ্ছ্নির এতেক কর্কশ বাক্য শুনি। ^{দাৰে} নেউটিল ছুৰ্য্যোধন মহামানী॥ স্থান মারিলে যথা নেউটে ভু**জস**। ^{ঙ্গু ঘ্}ষ্য যথা নেউটে মাত**ঙ্গ** ॥ ^{উটিন} ছর্য্যোধন দেখি বীরগণ। ^{কিকে} ধাইয়া আইল সৰ্ব্বজন ॥ মি দ্রোণ কৃপ অশ্বত্থামা শাল্প কর্ণ। শাসন মহাবল ছুঃসহ বিকর্ণ॥ ত্র ^{সহ}স্র রথী বেড়িল **অর্জ্**নে। किएक नाना वान वर्ष करन करन ॥

জাঠি শূল মুষল মুদগর ভিন্দিপাল। আকাশ ছাইয়া সবে করে শরজাল # হাসিয়া অৰ্জ্বন এড়িলেন দিব্যবাণ। স্বাকার রথধ্বজ হৈল খান খান **দ** গজেন্দ্রমণ্ডলে যেন বিহরে কেশরী। দানবগণের মধ্যে যেন বক্তধারী 🖟 সিন্ধুজল মধ্যে যেন পর্বত মন্দর। কুরুকুল মধ্যেতে অর্জ্জুন একেশ্বর॥ ক্খন দক্ষিণ হস্তে কছু বাম করে। ভৈরব যুরতি দেখি সংগ্রাম ভিতরে॥ পড়িল অনেক দৈন্য হয় রথ গব্দ। পৃথিবী অচ্চাদি পড়ে ছত্ত্ৰ রথধ্বজ্ঞ 🛭 তথাপিও কুরুগণ যুদ্ধ না ছাড়িল। লক্ষপুর করি একা অর্ল্জ্নে বেড়িল। **অর্জ্জ্নের মনে এই চিন্তা উপজিল।** জীয়ন্তে কৌরবগণ যুদ্ধ না ছাড়িল ॥ পরকার্য্যে জ্ঞাতিবধ করিমু বহুত। কিজানি কি কহিবেন শুনি ধর্মাহত॥ ছাড়ি গেলে কৌরব কহিবে পলাইল। উপায় কি করি ইহা বিষম হইল। তবে ইন্দ্রদত্ত বাণ হইল স্মরণ। সম্মোহন নাম বাণ মোহে রিপুগণ 🛊 অভিষেক করিয়া মারেন সেই বাণ। মোহ গেল কুরুগণ নাহি কার জ্ঞান 🛚 রথে রথি পড়িল অখেতে আদোয়ার। গজেন্দ্র মাহত পড়ে নিদ্রিত আকার॥ সব সৈত্য মোহপ্রাপ্ত দেখিয়া অৰ্জ্বন। উত্তরার বাক্য মনে হইল স্মরণ 🛭 উত্তরে বলেন আদিবার কালে রণে। তব ভগ্নী মাগিয়াছে পুতলী বসনে॥ আনহ সবার বস্ত্র মস্তক হইতে। যার যার চিত্র বস্ত্র লয় তব চিতে॥ ভীম্ম দ্রোণ দোঁহায় না দিবে অঙ্গে কর। আর সবাকার বস্ত্র আনহ উত্তর ॥ সবে মুগ্ধ হইয়াছে নাহি তৰ ভয়। যথান্থথে আন গিয়া যাহা মনে লয় ॥

পার্থের বচন শুনি উত্তর নামিল। ভাল ভাল বস্ত্র বীর বাছিয়া লইল 🛚 ছুর্য্যোধন কর্ণ ছুঃশাসন আদি করি। মুকুট করিয়া দূরে কেশ মুক্ত করি ॥ র্থিগণে বদাইল গব্জের উপরে। রথের উপরে বসাইল আসোয়ারে। এইমত উত্তর করিয়া বহুজন। পুনরপি উঠে রথে লইয়া বদন 🛭 পার্থের অদ্ভুত কর্ম্ম দেখি দেবগণ। ত্মগন্ধি কুহুমরৃষ্টি করে সেইক্ষণ॥ অপূর্ব্ব হইল শোভা ধরণীমণ্ডলে। কানন বিচিত্র যে বসন্তের কালে॥ পড়িল অনেক সৈন্য লিখন না যায়। জীয়ন্তে আছিল যেই সেই মৃতপ্রায়। ভয়ঙ্কর হৈল ভূমি দেখি লাগে ভয়। রক্তমাংসাহারী ধায় আনন্দ ছদ্য ॥ শৃগাল কুৰু রগণ করে কোলাহল। গৃধিনী শকুনি কাক ছাইল সকল ॥ নাচয়ে কবন্ধগণ ধনুঃশর হাতে। ষ্ঠুত প্রেত যোগিনী পিশাচগণ সাথে। মহাভারতের কথা অমৃত-দমান। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান ॥

হুর্ব্যাধনের মৃক্টছেদন ও কুরুদৈণ্ডের নানা হরবস্থা দৈল্য হতে বাহির হৈলেন পার্থবীর। মেঘ হ'তে মুক্ত যেন হইল মিহির ॥ চতুর্দিকে ভঙ্গিয়ান যত দৈল্যগণ। ভয়েতে কম্পিত দবে শাদ ঘনে ঘন॥ কেশ বাদ মুক্ত দবে কম্পিত হৃদয়। পার্থে দেখি কৃতাঞ্জলি করে দবিনয়॥ আজা কর কি করিব কৃত্তীর কুমার। পিতৃ-পিতামোহ দবে দেবক তোমার॥ দেবক জনেরে বধ না হয় বিচার। রক্ষা কর লইলাম শরণ তোমার॥ অর্জ্বন কহেন তোরা না করিস্ ভয়। যাও নিজ স্থানে দবে নিঃশঙ্ক-হৃদয়॥

যুদ্ধেতে নির্ত্ত আমি বিনয় যে জন। ভাহার নাহিক্ ভয় আমার সদন॥ তবে কত দূরে থাকি দেখেন অৰ্জ্বন। চৈতত্য পাইল কতক্ষণে কুরুগণ॥ একজন মুখ আর জন নাহি চায়। লজ্জায় যতেক বীর **হৈল মৃ**তপ্রায়॥ কার শিরে নাহি পাগ কার নাহি বাদ। লাজে মুখ ভূলি কেহ নাহি কহে ভাষ। দূরে থাকি অর্জ্জুন মারেন দশবাণ। গুরু রুদ্ধ পদত্রজে করিতে প্রণাম॥ অর্দ্ধচন্দ্র বাণ তবে মারেন কিরীটী। ত্র্য্যোধন রাজার মুকুট পাড়ে কাটি॥ ভয়েতে আচ্ছন্ন রাজা চারিদিকে চায়। সবাকার মধ্যে গিয়া আপনি লুকায়। দ্রোণাচার্য্য কছেন না কর আর ভয়। বড় ক্ষমাশীল হয় কুন্তীর তনয়॥ বিশেষ নুপতি ধর্ম্ম দয়া তোরে করে : তাঁর আজ্ঞা বিনা পার্থ মারিতে না পারে দে কারণে ক্ষমিলেক করি অনুমান। ব্বকোদর থাকিলে যাইত সবা প্রাণী। চল চল এথা হৈতে বিলম্ব না সয়। মনে লয় রুকোদর আসিবে ত্বরায়। হেনকালে বলিতেছে শকুনি সার্থি। রথেতে মাতুল তব নাহি নরপতি॥ শুনি কছে ছুর্য্যোধন বিষগ্নবদন। রথেতে মাতুল নাহি দেখি কি কারণ। কেহ বলে তারে ক্রোধ অনেক আছিল। বান্ধিয়া অৰ্জ্জ্ব বুঝি সঙ্গে ল'য়ে গেল ॥ কেহ বলে যুদ্ধে কিবা পড়িল শকুনি। কেহ বলে আগু পলাইল হেন জানি। রাজা বলে খুঁজহ মাতৃল কোথা গেল। আজ্ঞামাত্ৰ চহুদিকে সবাই ধাইল॥ অনেক ভ্রমিয়া বুলে সবে চতুভিত। রজকের ঘরে দেখে শকুনি ব্যথিত 🛭 গৰ্দভের পৃষ্ঠে বান্ধিয়াছে হাতে-পায়। ডাক দিয়া কহে মোর প্রাণ বাহিরায় #

্রক্ত করি শকুনিরে নিল সেইকণ। দুপতিরে কহিলেন সর্ব্ব বিবরণ ॥ শুরুনির ভুরবন্থা সভামধ্যে দেখি। তেই হাসে কেই কান্দে কেই ঠারে আঁখি॥ হেনকালে অশর্মা নুপতি উপনীত। আপনা হইতে দেখে রাজাকে তুঃখিত॥ ক্তিতে লাগিল তাঁরে করিয়া বিনয়। চন শীঘ্র নুপতি বিলম্ব করা নয়॥ বিরাট রাজারে আমি আনিকু বান্ধিয়া। ছনেক করিল যুদ্ধ গন্ধর্বব আদিয়া॥ 🕬 দৈন্য পলাইল গন্ধর্বের ত্রাদে। একেলা পাইয়া মোরে ধরিলেক কে**লে।** সে গদ্ধর্ক যদি রাজা এথানে আদিবে। মুহু:র্ভকে দর্বব দৈন্য নিপাত করিবে॥ কোথা হুৰ্য্যোধন আছে কৰ্ণ ছুঃশাসন। এই মাত্র শুনি রাজা তাহার বচন ॥ ^{গত্র} শুণ্ডে ধরিয়া তুলিয়া গজে মারে। ষুর্ফে তুরঙ্গ, রথ রথেতে প্রহারে॥ ছাল বিপরীত কর্ম্ম দেখি লাগে ভয়। ষ্ঠিতে পারয়ে **হেথা হেন মনে ল**য়॥ বিব্ৰুব বলিশ যত অন্য কিছু নয়। ক জিল মারিয়া কৈল গন্ধর্বে-আশ্রয় ॥ ^{ছার বলে} স্থশর্মা সে কহে সত্য কথা। িল এক রহিতে না হয় যুক্তি হেখা॥ গদ্ধর্ম না হয় সেই বীর রুকোদর। ^{ভাষ} হেথা এলে ভাল নহে নৃপবর॥ ^{টে কথা} করিল রাজা বীর ধন্ঞ্জয়। ^{। द्वा} क्रिन ना मातिल मनय-क्रम्य ॥ ^{ট ম্বে}ন যদি সঙ্গে থাকিত তাহার। ^{দাজিকার} মধ্যে হইত সবার সংহার॥ ^{িৰ্ম নিষ্ঠ}ুর বড় কঠিন-হাদয়। ^{শুলাইয়া} গেলে পাছু গোড়াইয়া যায় ॥ ^{गंद्रः} वंदेल् (महेक्ल आंग स्ट्रा ^{iল চল} শীঘ্ৰ **হেঞ্চা আ**সিতে সে পারে 🛢 ^{63 বলি} যে যাহার চড়িয়া বাহনে। ্^{শিন্তন।} নগরে সবে গেল তুঃখমনে॥ .

আকাশে অমরগণ অন্তুত দেখিয়া।
নিজ নিজ স্থানে গেল পার্থে বাথানিয়া॥
মহাভারতের কথা অমৃত-সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

শমীরক্ষতলে অ**র্জ্ঞানের পূর্ব্য**বেশ ধারণ। তবে শমীরক্ষতলে গেলেন অর্জ্জ্ন। পূর্ব্বমত বান্ধিয়া রাখেন ধ্যুগুণ।। ছুই করে শন্ধ দিয়া শ্রবণে কুগুল। কিরীট রাখিয়া বেণী করেন **কুন্তল**॥ হতুমন্ত ধ্বজ গেল আকাশেতে চলি ! সারথি হইয়া পার্থ নিল কড়িয়ালী ॥ উত্তরের চাহিয়া বলেন ধ্নপ্রয়া ত্তব সভামধ্যে পঞ্চ পাগুৰ আছ্যু॥ লোকে খ্যাত না করিবে এ সব বচন। পিতার অগ্রেতে এই কহিবে কথন 🛭 বাহুবলে জিনিলাম সব কুরুগণ। ভীম দ্রোণ রূপ কর্ণ সহ হুর্য্যোধন 🗈 পিতার সন্মান হবে লোকেতে পৌরষ। রাজ্যে যত লোক তব ঘুযিবেক যশ। উত্তর বলিল ইহা কিমত হইবে। কছিলে কি লোক ইহা প্রত্যয় করিবে॥ যে কর্ম্ম করিলা তুমি আজিকার রূপে। ভোমা বিনা করে ছেন নাহিক ভুবনে। প্রকার করিয়া আমি কহিব পিতারে। প্রকাশ পর্যান্ত কেহ না জ্ঞানে ভোমারে ॥ তবে পার্থ কহিলেন যাব সন্ধ্যাকালে। জয়বার্ত্তা দেহ এক পাঠায়ে গোপালে 🛭 জয়বার্তা কহে গিয়া পুরের ভিতর। তব হেঠু আছে 🚉 চিন্তিত সন্তর 🖡 এত শুনি উত্তর পাঠায় দূতগণ। ক্রতগতি গোপাল চলিল সেইক্ষণ । মহাভারতের কথা কে বর্ণিতে পারে। যেন ভেলা বান্ধি চাহে দিক্কু ভরিবারে 🛭 শ্রুতমাত্র কহি মামি রচিয়া পয়ার। সাধুজন-চরণেতে বিনয় আমার 🕽

সাধুলোক গুণ-কথা সর্বলোকে কয়। গুণ বিনা অপগুণ সাধু নাহি লয়। অতএব ভরুসা আমার সাধুজনে। মুর্থজন জানি কমা দিবে নিজ গুণে ॥ কা**শীরাম দাস কহে সা**ধুজন–পায়। **পাইব পরম পদ যাহার সহা**য়॥

> বিরাট রাজার অগৃহে আগমন ও ঘুষিষ্টিরের দহিত পাশাক্রীড়া।

ছেখায় বিরাট রাজা ত্রিগর্ভে জিনিয়া। বাজ-কোলাছলে দেশে উত্তরিল গিয়া॥ অন্তঃপুরে প্রবেশিল বিরাট নৃপতি। অগ্রসরি নিল আদি যতেক যুবতী॥ একে একে প্রণমিল যত কন্যাগণ। উত্তরে না দেখি রাজা বলিছে বচন।। কি কারণে নাহি দেখি কুমার উত্তর। রাণী বলে বার্ত্ত। নাহি জান নরবর ॥ তুমি গেলে ত্রিগর্ত্তের যুদ্ধেতে যখন। উত্তরে কৌরব আসি বেডিল গোধন॥ গোপেরা আসিয়া কহিলেক সমাচার। শুনি যুদ্ধে চলি গেল উত্তর কুমার॥ দ্বিতীয় না ছিল রথী সার্থি না ছিল : রুহন্নলা সারথি করিয়া পুত্র গেল। এত শুনি নরপতি শিরে হানি হাত। বিস্ময় মানিয়া চিত মুখে দিয়া হাত॥ **কুরুদৈন্য মধ্যে যুদ্ধ করিবে এক**ক 🛚 বুইন্নলা ভাহাতে সার্যাথ নপুংসক 🛚 যত যোদ্ধাগণ সব যাও দ্রুতগতি 🛚 হয় হস্তী রথী মম যতেক সার্থি 🛭 এতক্ষণ জীয়ে কি না জীয়ে নাহি জানি। ক্রত বার্ত্ত। মঙ্গল পাঠাবে যেন শুনি॥ এতেক বচন রাজা বলে বারবার। 🗢 নিয়া উত্তর দিল ধর্ম্মের কুমার 🖟 চিন্তা না করিও রাজা উত্তরের প্রাত। महावृक्ति दृह्मना चाह्र सार्वार्थे॥

ইব্র আদি সথা যদি করিবে কৌরব। ব্বহন্নলা সার্থির শাহি পরাভব ॥ এইরূপে রাজারে প্রবোধে ধর্মাত্ত : **হেনকালে উপ**নীত উত্তরের দুত ॥ প্রপমিয়া রাজারে বলেন যোড়করে , উত্তরকুমার রাজা পাঠাইল মোরে 🖟 কুরুদৈন্য জিনিয়া গোধন ছাড়াইল: রণে ভঙ্গ দিয়া কুরুগণ পলাইল।। আসিছে সার্থি সহ উত্তর কুমার। মোরে পাঠাইয়া দিল জয় সমাচার 🛭 শুনিয়া আনন্দে তবে বিহ্বদ নুপতি: ক**হিলেন ধর্ম্মপুত্র তবে তাঁর প্র**তি 🛭 বড় ভাগ্য নৃপ শুভ বুতান্ত শুনিলা তৰ পুত্ৰ কুৰুদৈশ্য জিনিয়া আহল পূৰ্বেক কহিয়াছি বুহন্নলা আছে যথান কৌরবে জিনিবে এই কোন্ চিত্র কথা তবে রাজা আজ্ঞা দিল মন্ত্রিগণ প্রক্রি দূতগণে প্রদাদ করহ শীব্রগতি 🖟 কুলের দীপক মম কুমার উত্তর : কুরুদৈন্য যুদ্ধেতে জিনিল একেশ্বর। তার আদিবার পথ কর মনোহর উচ্চ নীচ কাটিয়া করহ সমসার॥ দিব্য দিব্য গন্ধরুক্ষ রোপহ ছু-সারি মঙ্গল আচার কর নাচুক অপ্পরী 🗵 যতেক কুমার যাও স্থদভ্জ হইর আগু বাড়ি উত্তরকুমারে আন গিয়া উত্তরাদি কন্সা যত যাও শীঘ্রতর : র্হমলা আন গিয়া করিয়া আদর । এতেক রাজার আজা পেয়ে মন্ত্রিগণ যারে যেই বলিলা করিল সেইকণ क्रिके हे'र्य वर्ल ब्राङ्मा धर्मा अधिकावी খেলিব সৈরিক্সী শীত্র আন পাশাসারি **धर्म्म विलित्नन ज्ञांका नरह ७ मन्**यू । হুন্টকালে পাশাতে যে স্থির চিত ন্য বিশেষ দেবন ভাল নছে অসুক্ষণ। সর্ববকার্য্য নক্ট হয় তাহার কারণ ৷

নক্ষীভ্রফ রাজ্যভ্রফ শক্ত হয় বলী। নানামত কট লোক পায় পাশা খেলি 🛭 শুনিয়াছ পা গবের তুমি বিবরণ। এই পাশা হেতু তারা হারে রাজ্যধন 🛚 বিরাট কহিল কক্ষ কহ না বুঝিয়া। ্কবা শক্তে আছে মুম বিরোধে আসিয়া। রাক্সচক্রবন্তী কুরু রাজা ছর্য্যোধন। ্হন জনে জিনিলেক আমার নন্দন॥ এই শব্দ ভূবনমগুলে প্রচারিল। পৃথিবীর রাজা শুনি ভয়ে স্তব্ধ হৈল ॥ ম্বিষ্ঠির ব**লিলেন উত্তম কহিলা।** কৈ ভয় কৌরবে যার রথী রুহমলা॥ ত্রত শুনি কহিল বিরাট নরপতি। নুই চক্ষু রক্তবর্ণ কহে কঙ্ক প্রতি॥ কুলের দীপক মম কুমার উত্তর। সংগ্রামে **জিনিল যেই একা কুরুবর**॥ একবার তার তুই না কহিস্ গুণ। যাথানিস্ রহন্নলা ক্রীবে পুনঃ পুন ॥ কান্ ছার বুহন্নলা বাখানিস্ তারে। তার মত কত জনা **আছে মম পুরে**॥ ্কবল দহায় ভার হইল সংগ্রামে। ্কান্ গুণে প্রশংসা করিস্ নরাধমে॥ অবণে শুনিতে যোগ্য যেই কথা নছে। পুনঃ পুনঃ কহিস্ শরীরে কত সহে। কহিতে কহিতে রাজা হৈল ক্রোধমতি। ধতেতে আছিল পাশা মারে দ্রুতগতি। মক্ষপাটি প্রহারিল ধর্ম্মের বদনে। ফুটিয়া শোণিত বাহিরায় সেইক্ষণে॥ ^{জ্ঞ}াধী **অজাত শত্রু ধর্মের নন্দন**। টেই হাতে রুধির ধরেন সেইক্ষণ॥ নকটে আছিল। কৃষ্ণা বুঝি অভিপ্রায়। ্রমপাত্র শীত্র লৈয়া যোগায় রা**জা**য় 🛭 সেই পাত্র করি রাজা ধরেন শো**ণিতে**। ^{না} দিলেন তাহা যত্নে স্থুমেতে পড়িতে ॥ ্ষনকালে দারেতে উত্তর উপনীত। ৰারীরে বলিল নূপে জানাও ছরিত॥

উত্তরের আজা পেয়ে বারী ক্রতগতি। করযোড়ে বার্দ্তা কছে মৎস্থারাজ প্রতি n অবধান নৃপত্তি কুশল সমাচার। র্হমলা সহ এল উত্তর কুমার ॥ তব আজ্ঞা হেতু রাজা আছয়ে হুয়ারে। আজ্ঞা হৈলে ভেটিবেন আসিয়া তোমারে। বার্ত্তা পেয়ে বিরাট কহিল হরষিতে। বৃহন্নলা সহ পুত্র আনহ ত্বরিতে ॥ বিরাটের আজ্ঞা পেয়ে চলিল সার্রি। নিকটে ডাকিল তারে ধর্ম নরপতি 🛭 নিঃশব্দে কহেন রাজা সার্থির কাণে। জ্ৰুত গিয়া **আন তুমি রাজার নন্দনে ॥** বুহন্নলা হেথায় না আন কদাচন। সাবধানে কহিবে না হও বিশ্বরণ ॥ এত শুনি সার্থি চলিল সেইক্ণে। কুমারে বলিল, চল রাজ সম্ভাষণে ॥ বুহন্নলা এখন ঘাউক নিজ স্থানে। একেশ্বর চল তুমি রাজ-**সন্তা**যণে ॥ বুহুল্লা যাইবাবে কক্ষের বারণ। শুনিয়া করেন পার্থ ফম্বানে গমন 🕆 উত্তরে লইয়া ধারী গেল সেইক্ষণ। বাপে নমস্কারি চাহে ধর্মের বদন ॥ রক্তধার বহে মুখে দেখিয়া কুমার : সম্রমে বাপেরে বলে হ'য়ে চমৎকার 🖟 কহ তাও কেন দেখি হেন বিপরীত। ভূমিতে বসিয়া কেন কন্ধ বিষাদিত। বহিতেছে মুখে রক্তধারা কি কারণ। কোন্ হেতু কহ তাত হইল এমন॥ মৎস্তরাজ বলে পুত্র শুনহ কারণ। তোমার প্রশংদা আমি করি যেইক্ষণ ॥ তোমার প্রশংসা কন্ধ করে অবহেলা। পুনঃ পুনঃ বাংগনয়ে ক্লীব রহন্নলা।। এই হেছু চিট্টে ক্রোধ হৈল মম তাত। অকপাটী প্রহারিসু হৈন রক্তপাত 🛚 উত্তর বলিল তাত কুকর্ম করিলা। সামান্য ত্রাহ্মণ বলি কঙ্কেরে জ্ঞানিলা ॥

একণে ইহারে যদি মান্য না করিবে। নিশ্চয় জানিবে তাত সর্বনাশ হবে॥ শীঘ্র উঠ তাত, অগ্রে প্রবোধ কঙ্কেরে। যেমত চিত্তেতে ক্রোধ না জম্মে তোমারে॥ পুত্রের বচনে রাজা উঠি শীঘ্রগতি। কহিলেন সবিনয়ে ধর্মরাজ প্রতি ॥ অনেক স্তবন রাজা করিল কঙ্কেরে। অজ্ঞানের অপরাধ ক্ষমহ আমারে॥ ধর্ম বলিলেন ব্যস্ত না হও রাজন। তোমারে আমার ক্রোধ নহে কদাচন ॥ আমার হইলে ক্রোধ পূর্বেতে হইত। এখন তোমাতে ক্রোধ নাহি কদাচিত। পর্বেতে তোমারে ক্ষমা করেছি রাজন্। অক্ষপাটি যেইকালে করিলে ঘাতন॥ আমার ললাটে যেই শোণিত বহিল। যতন পূর্ব্বক রক্ত পাত্তে ধরা গেল। সেইমত রক্ত যদি পড়িত ভূতলে। । তবে রাজ্য সহ নাহি থাকিতে কুশলে॥ আমার শোণিতবিন্দু যেই হুলে পড়ে। সে স্থানের রাজা প্রজা সকলেতে মরে॥ উত্তর বলিল তাত কক্ষ দয়াবান। কঙ্কের দয়াতে হৈল সবার কল্যাণ ॥ ্যথন সার্রাথ মোরে আনিবারে গেল। ্রহল্লা আনিবারে কক্ষ নিষেধিল।। ্রহন্নলা আদি যদি শোণিত দেখিত। এখনি জনক বড় অন্থ হইত 🛚 <mark>মহাভারতের কথা অমূত লহরী।</mark> যাহার প্রসাদেতে সংদার-বারি তরি 🛚

বিরাটরাজ দ্মাঁপে যুদ্ধ দহনো উত্তরের কলিত বর্ণন।
তবে মৎস্থা নারপতি চাহিয়া কুমার।
জিজ্ঞাসিল কহ তাত যুদ্ধ সমাচার ॥
যে কর্মা করিলে তুমি অভূত সংসারে।
হর্জ্জায় যে কুরুসৈন্ম জিনিলে সমরে ॥
তোমার সমান পুত্র না ছিল না হবে।
তামার মহিমা যশ সংসারেতে র'বে ॥

কহ তাত কেমনে জিনিলে কুরুগণ। কর্ণ মহাবীর ঘেই বিখ্যাত ভুবন॥ দেব দৈত্য যার যুদ্ধে নহে কেহ স্থির। কিমতে জিনিলে হেন কুরু মহাবীর॥ ভীষ্ম দ্রোণ কুপাচার্য্য কর্ণ ছুর্য্যোধন। এক এক মহাবীর দ্বিতীয় শমন ॥ এই যে আশ্চর্য্য মম হইতেছে মনে ৷ কিমতে করিলে যুদ্ধ তাহাদের সনে॥ ধন্ম ধন্ম পুত্র তৃমি কুলের দীপক। বড় ভাগ্যবান আমি তোমার জনক ॥ উত্তর বলিল তাত কর অবধান। যথন সমরে আমি করিমু প্রয়াণ। বহু দৈন্য দেখিয়া হইল মম ভয়। হেনকালে আসে এক দেবের তনয়॥ আপনি হইয়া রথী করিলেন রণ। কুরুবল সমরে জিনিল সেইক্ষণ ॥ অদ্ভূত তাঁহার কর্ম নাহি দেখি শুনি। একমুখে কি কহিব তাঁহার কাহিনী। লংভণ্ড করিলেন অপ্রমিত দেনা। যতেক পড়িল তাত না'হক গণনা ॥ দয়া করি তোমারে সঙ্কটে আমা তারি। কুরুদৈন্য হৈতে গাভী দিলেন উদ্ধারি॥ ক্সিন নাহি আমি পিত। কুরুদৈন্যগণ। মুক্ত করি নাহি আমি একটী গোধন॥ শুনিয়া কহিল রাজা কহ পুত্র মোরে। কি হেতু সে দেবপুত্র রাখিল তোমারে॥ কোথায় নিবাস তাঁর গেল সে কোথায়। পুনর্বার দেখা কি পাইব আমি তায়॥ উত্তর বলিল তিনি আছেন এই দেশে। আজি কিন্তা কালি কিন্তা তৃতীয় দিবদে॥ হেথায় আদিবে দেই দেবের নন্দন। গুনিয়া বিরাট রাজা আনন্দিত মম ॥ অন্তঃপুরে যান তবে যথা কন্সাগণ। উত্তরাকে দিল যত আনিল বসন ॥ যার যে নিবাদ স্থানে নিবসিল গিয়া। কাশীদাস কহে কৃষ্ণপদ ধেয়াইয়া 🖠

জনধর কান্তি মুখচন্দ্র অথণ্ডিত।
প্রমান কমল চক্ষু অরুণ নিন্দিত ॥

য় মুখ দর্শনে জন্ম জন্ম পাপ খণ্ডে।
জরা পরাভব খণ্ডে আর যমদণ্ডে॥
হোভারতের কথা অমৃত দমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান্॥

বিরাটের সিংহাদনে যুথিষ্টিরের রাজা হওন, অজ্ঞাতবাদ মোচন ও বিরাট দহ পরিচয়।

বজনীতে পাণ্ডব মিলিল ছয়জন। ভিজ্ঞাদেন অ**র্জ্**নেরে ধর্মের ন**ন্দ**ন ॥ শুনিলাম বহু দৈন্য যুদ্ধেতে মারিলে। পরকার্য্যে এত কেন জ্ঞাতি বধ কৈলে॥ এর্জুন বলেন অবধান নরনাথ। হুৰ্যোধন দোষে দৈন্য হইল নিপাত। যু খিটির কহিলা কি প্রকারে জানিলে। শহি দিবে রাজ্য সেই তোমাকে কহিলে। পার্থ বলে অন্তর্মুখে জিজ্ঞাদিসু দ্রোণে। ন করিবে সন্ধি জানি দ্রোণের বচনে ॥ শুনিয়া ধর্মের পুত্র বিষশ্প বদন। একর্ম করিলে ভাই কিসের কারণ ॥ ^{ন জানি} অজ্ঞাত শেষ কত দিনে হয়। ইতিমধ্যে কিমতে কর্মরলে পরিচয় 🛭 ^{‡ই মংনে}ব ফ্রন্ত গণিয়া পঞ্জিকা। ^{রাদশ} বংশর শেষ অজ্ঞাতের লেখা । ^{মজাত বংশর কিছু যদি থাকে শেষ।} ^{ভবে} পুনঃ আমরা যাইব কোন্দেশ। শহদেব বলিল অজ্ঞাত হয় শেষ। ^{5 টুদিশ} বংশরের বিংশতি প্রবেশ ॥ र्युविष्टित्र व्यान**त्म करस्न मस्टाम्ट** । ^{শুভদিন} উদয় হইৰে ভাই কৰে। मश्नव কহিলেন করিয়া গণন। ^{ছাবাঢ়} পূৰ্ণিমা তিথি দিন শুভক্ষণ ॥ ক্ষত্র উভরাষাত। ইব্রু নামে যোগ। হিম্পতি বাদরে মাদের অর্ক্তোগ ম

সহদেব বাক্যে ধর্ম হইল সম্মত। যথান্থানে যান দবে নিশা অৰ্দ্ধগত ॥ ব্দনস্তরে তাহার তৃতীয় দিনান্তরে। পুণ্যতীর্থে স্নান করি পঞ্চ সংহাদরে॥ দিব্য বস্ত্র অলঙ্কার করেন ভূষণ। মুকুট কুগুল হার অঙ্গদ কঙ্কণ॥ বিরাট রাজার রাজ-সিংহাসনোপরি: শুভলম বুঝিয়া বৈদেন ধর্মকারী॥ ভস্ম হতে দীপ্ত যেন হৈল হুতাশন। মেঘ হৈতে মুক্ত যেন হইল তপন। ইব্দ্রকে বেড়িয়া যেন শোভে দেবগণ। ভ্ৰাতৃদহ যুবিষ্ঠির শোভেন তেমন॥ বামভাগে বদিল ফ্রপদ-রাজহুতা। দিগিণেতে রুকোদর ধরে দণ্ডছাত।॥ করযোড়ে অত্যেতে রংহন ধনঞ্জয়। চামর ঢুলায় হুই মাদ্রার তনয়। সভাতে রাজার যত সভাপাল ছিল। দেথি শীঘ্র গিয়া মংস্থরাজারে কহিল।। শুনিয়া বিরাট রাজা ধায় ক্রোধভরে। ন্তপার্থক মদিরাক্ষ দঙ্গে সংহাদরে ॥ খেত শহা এল তুই রাজার নন্দন। উত্তর কুমার শুনি ধায় দেইক্ষণ 🖟 যত মন্ত্রী সেনাপতি পাত্র ভৃত্যগণ। বাৰ্ত্তা শুনি ধাইয়া আইল সেইক্ষণ ॥ পাণ্ডবেরে দেখিগা বিস্মিত সভাক্ষন। পঞ্চ গোটা হন্দ্ৰ যেন হয়েছে শোভন 🛚 জমদ্মি সমজেজ পাণ্ডবে দেখিয়া। মুহুর্তেকে রহে রাজা গুল্ভিত হইয়া॥ কত দুরে উত্তর পঞ্লি ভূমিতলে। কুতাঞ্চাল প্রণমিখা স্থাতিবাক্য বলে। দেখিয়া বিরাট রাজা কুপিত অন্তর। কঙ্কে চাহি কহিলেন কর্কশ উত্তর। ছে কন্ধ কি হেতু তব এই ব্যবহার। কি হেতু বদিলে তুমি আদনে আমার॥ ধর্মজ্ঞ স্বৃদ্ধি বলি বদাই নিকটে। কোন্ জানে বসিলে আমার রাজপাটে ॥

প্রথমে বলিলে তুমি আমি ব্রহ্মচারী। ভূমিতে শন্ধন করি ফলমূলাহারী॥ কোন' দ্ৰেব্যে আমার নাহিক অভিলাষ। এখন আপন ধর্ম করিলে প্রকাশ ॥ অমুগ্রহ করিয়া করিমু সভাসদ : এবে ইচ্ছা হইল লইতে রাজ্যপদ॥ না বুঝিয়া বদিলে অবিভয়ানে মোর। বিভাষানে আমার সন্ত্রম নাহি তোর॥ আর দেখ আশ্চর্য্য সকল সভাজনে। দৈরিক্সীরে বদাইল আমার আদনে ॥ মোরে নাহি ভয় করে নাহি লোকলাজ। পরস্ত্রী লইয়া বৈদে রাজসভামাঝ॥ কহ বহন্নলা কেন অন্তঃপুর ছাড়ি। ক**ন্ধের সন্মু**থে দাগুাইলে কর যুড়ি॥ হে বল্লভ সূপকার তোমার কি কথা। কার বাক্যে কঙ্কেরে ধরিলে দগুছাতা॥ অশ্বপাল গোপালের কিবা অভিপ্রায়। এ দৌহে কক্ষেরে কেন চামর ঢুলায়॥ ছে দৈরিক্সী জানিলাম তোমার চরিত্র। গন্ধর্বের ভার্য্যা তুমি পরম পবিত্র। বাপের বচনেতে উত্তর ভীতমন। আঁখি চাপি বাপেরে করিল নিবারণ ॥ কুমারের ইঙ্গিত না বুঝিল রাজন্। উত্তরে চাহিয়া বলে সক্রোধ বচন ॥ কহ পুত্র তোমার এ কেমন চরিত। মম পুত্ৰ হ'য়ে কেন এমন স্থনীত 🛭 কক্ষের অগ্রেতে করিয়াছ যোড়হাত। মূখে স্তুতিবাক্য ঘন ঘন প্রণিপাত ॥ সেই দিন হৈতে তব বৃদ্ধি হেল আন। কুরু হৈতে যে দিন গোধন কৈলে ত্রাণ ॥ আমা হৈতে শত গুণে কঙ্কেতে ভক্তি। নহিলে এ কর্ম করে কঙ্কের শক্তি॥ পুনঃ পুন বিরাট করেন কটুত্তর। কোপেতে কম্পিত কায় বার রকোদর ॥ নিষেধ করেন ধর্ম ইঙ্গিতে ভীমেরে। াসিরা অর্জ্জুন বীর কহিছেন ধীরে॥

যে বলিলা বিরাট অন্যথা কিছু নয়। তোমার আসন কি ই হার যোগ্য হয় 🛚 যে স্মাসনে এ তিন স্থুবন নমস্কারে। ইন্দ্র যম বরুণ শরণ লয় ডরে॥ অখিল ঈশ্বর যেই দেব ব্রুগল্লাথ। স্থমি সুঠি যে চরণে করে প্রণিপাত। সে আসনে সতত বৈদেন যেইজন : কিমতে তাঁহার যোগ্য হয় এ আসন 🛭 বুষ্ণি ভোজ অন্ধক কৌরব আদি করি: সপ্রবংশ সহ যাঁর খাটেন 🕮 হরি । পৃথিবীতে যত বৈদে রাজ-রাজ্যের : ভয়েতে শরণ লয় দিয়া রাজকর॥ দানেতে দরিদ্র না রহিল পৃথিবীতে। নির্ভয় ও হুখী প্রকা যাঁর পালনেতে ॥ যত ৰন্ধ অথৰ্ব্ব অকৃতি অভান্ধন। অসুক্ষণ গৃহে ভুঞ্জে নাহিক বারণ 🗈 অফ্টাদশ সহস্ৰ বিজ ভুঞ্জে অসুদিন ৷ যে দ্রব্য যাহার ইচ্ছা খায় ইচ্ছাধীন !! ভীমাৰ্চ্জুন পৃষ্ঠভাগ রক্ষিত বাঁহার ৷ তুই ভিতে রামকৃষ্ণ মাদ্রীর কুমার॥ পাশাতে যে রাজ্য দিয়া ভাই হুর্য্যোধনে **ভ্রমিলেন দ্বাদশ বৎসর তীর্থ বনে** ॥ হেন রাজা যুধিষ্ঠির ধর্ম অবভার। তোমার আদন যোগ্য হয় কি ই হার **শুনিয়া বিরাট রাজা মানি চমৎকার** : অর্জনেরে কহিলেন কহ আরবার ৷ ইনি যদি যুধিষ্ঠির ধর্ম অধিকারী। কোথায় ইহার আর সহোদর চারি 🛭 কোথায় ক্রপদকন্যা কুষ্ণা গুণবতী সত্য কহ বুহন্নলা এ সব ভারতী। অৰ্চ্ছন বলেন ছের দেখ নরপতি। তব সূপকার যেই বল্লভ থেয়াভি বাঁহার প্রহারে যক রাক্ষদ কম্পিত। ব্যাজ্র সিংহ মল আদি তোমার বিদিত। মারিল কীচকে যেই ভোমার স্থালক দেখ এই বুকোদর কলম্ভ পাবক ।

অশ্বপাল গোপালক যেই সুইজন। (मह हूहे छाहे अहे मास्तीत नन्मन ॥ **७३ भग्रभमान्त्री ऋठां ऋ-शंमिनी।** পাঞ্চাল রাজার কন্সা নাম যাজ্ঞসেনী ॥ যার ক্রোধে শক্ত ভাই কীচক সরিল। সৈরিক্সির বেশে তব গৃহেতে বঞ্চিল॥ আমি ধনপ্তর ইহা জানহ রাজন। ক্তনিয়া বিরাট রাজা বিচলিত মন ॥ রাজপুত্র উত্তর বলয়ে সবিনয়। ত্তব ভাগ্য দেখ তাত কহনে না যায়॥ পঞ্চ ভাই আর কুষ্ণা আজ্ঞাবন্তী তাত। বং**দরেক তব গৃহে বঞ্চিল অভ্যাত**॥ महावल कौठक (इलाग्न निभाजिल। স্পর্মারে ধরি আনি তোমা মুক্ত কৈল। পূৰ্কে তৰ পিতৃগণ বন্ত পুণ্য কৈল। েই হেন নিধি তাত গৃহেতে আইল॥ শীঘ্রগতি চরণে শরণ লও তাত। ^{এত} বলি উত্তর করিল প্রণিপাত ॥ শুনিয়া বিরাট রাজা সজল-নয়ন। দৰ্বাঙ্গ লোমাঞ্চ হৈল গদগদ বচন।। উদ্ধবাহু করিয়া পড়িল কভদুর । পুনঃ পুন উঠে পড়ে ধূলায় ধূদর॥ ^{দবিনয়ে} বলে রাজা যোড় করি পাণি। ^{বহু} অপরাধী আমি ক্ষম নৃপমণি।। ^{প্রাক্তা} দারা ধন মুম যত পুত্র আগে। ্রিলাম সমর্পণ তব পদযুগে॥ ^{শুনিয়া} সদয় হ'য়ে ধর্মের নক্ষন। আজ্ঞা করিলেন পার্থে তুলহ রাজন্॥ ^{মর্জ্}ন ধরিয়া **ভাঁরে তোলে সেইক্ল**ে। শস্ত্রাইল নরণতি মধুর বচনে। ^{নক্}বিকা**ল ধর্ম্মরাজ তোমার সহায়**। ^{্ডামার} পুরেতে আদি করিসু আশুয় ॥ विवार किल्ल यान कतिरम श्रमान । ^{জনা} কর আমার হে যত অপরাধ।। ^{যুধি}ষ্ঠির ব**লিলেন কেন হেন কই।** वह छेलकांत्री कृषि व्यलतांशी नह ॥

নিজ গৃহ হ'তে হুখ তব গৃহে পাই। তোমার স্মান বন্ধু নাহি কোন ঠাই 🛚 বিরাট বলিল যদি হৈলে কুপাবান। এক নিবেদন মম আছে তব স্থান॥ উত্তরা নামেতে কন্যা আমার আছুর। তাহাকে বিবাহ কর বীর ধনপ্রয়॥ 🥶নি যুধিষ্ঠির চাহিলেন ধনঞ্জর। অৰ্জ্জন বলেন কন্সা মম যোগ্য নয়॥ ওনিয়া বিরাট রাজা হইল ব্যথিত। সবিনয়ে অর্চ্ছনেরে জিজ্ঞানে ত্বরিত। কহ মহাবীর কি আমার দাধে বাদ। দারা পুত্র দোষী কি কন্যার অপরাধ। অৰ্জ্জুন বলেন রাজা কহ না বৃঝিয়া। বংসরেক পড়াইনু আচার্য্য হইয়। ॥ দীকা শিক্ষা জন্মদাতা একই সমানে ! না করিল লজ্জা মোরে শিক্ষাদাতা জ্ঞানে। কিন্তু চুফীলোকে আমি বড় ভয় করি। বলিবেক ছিল পার্থ নারীবেশ ধরি ॥ বৎপরেক নারী সহ ছিল নারীবেশে। শয়ন গমন কিছু না জানি বিশেষে।। এই হেতু মম বড় ভয় হয় মনে। বিবাহ করিলে নিন্দা চুফ্টের বদনে 🛭 তুমিও পবিত্র, তব কন্যা গুণবতী। তব কন্যাযোগ্য অভিমন্যু মহামতি 🛭 অস্ত্রে শস্ত্রে হুপণ্ডিত বিক্রমে কেশরী। তৰ কৰ্যা তার যোগ্য উত্তরা হৃষ্ণরী।। অভিমন্থ্য যোগ্যপাত্র ইথে নাহি আন। মম পুত্রে নুপতি করহ কন্যাদান **॥** যুধিষ্ঠির বলিলেন বিরাটের তরে। দারকানগরে দৃত আঠাও সহরে॥ মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান 🛚

উৰৱার সহিত অভিমহার বিবাহ।
তবে ধর্ম আজ্ঞায় চলিল দুতগণ।
রাজ্যে রাজ্যে যথা তথা বৈগে বন্ধজন ॥

শাগুবের উদয় শুনিয়া বন্ধুগণ। শ্রুতমাত্র মৎস্থাদেশে করিল গমন॥ ৱারকা হইতে কৃষ্ণ সপ্তবংশ লৈয়া। রাম ক্বফ তুই ভাই গরুড়ে চড়িয়া॥ প্রহ্যন্ন সাত্যকি শান্ব গদ আদি করি। দত্যভামা রুক্মিণী প্রভৃতি যত নারী ॥ হুভদ্রা সৌভদ্র আর যতেক সার্থি। সহ পরিবার আইলেন লক্ষ্মীপতি॥ আইল পাঞ্চাল হৈতে দ্রুপদ রাজন। ধুষ্টগ্রান্থ সহ পঞ্চ কৃষ্ণার নন্দন॥ উগ্রসেন বহুদেব উদ্ধব অক্রুর। দর্বে রাজা উত্তরিল বিরাটের পুর 🛭 নানাধৃতি স্কৃতি কৌতুক নরপতি। বিল্ল উপঝিল তথা এল শীঘগতি ॥ মাতাদহ অভিমন্যু অর্জ্ব-নন্দন। তিত্রদেন সার্থি আইল সেইক্ষণ :: ব্বফি ভোক উলুক প্রধান দেনাপতি। পুরীসহ শ্রীগোবিন্দ আইলেন তথি॥ গত্ন দশ সহস্র তুরঙ্গ তিন লক্ষ। এক লক্ষ রথেতে আইল সর্ববপক্ষ 🛚 ৰশ লক্ষ চর আইসে পদাতিকগণ। স্বয়ং কুষ্ণ আইলেন বিরাট ভবন॥ গোবিন্দেরে দেখি পঞ্চ পাণ্ডব সানন্দ। চকোর পাইল যেন পুর্ণিমার চন্দ্র ॥ আলিঙ্গন দিয়া রাজা কুষ্ণ না ছাড়েন। ত্রই ধারা নয়নেতে অশ্রে বরিষেণ ॥ অশ্রুজনে গোবিন্দের ভাদে পীতবাস। মুখেতে না ক্ষুরে বাক্য গদ গদ ভাষ।। প্রণমিয়া গোবিন্দ বলেন মৃত্রভাষ। একে একে পঞ্চ ভাই করেন **সন্তা**য়॥ সবারে করেন পূজা রাজা মহাশীয়। প্রত্যক্ষ সবাবে দেন উত্তম আলয় ॥

উৎসব করিল তবে বিবাহ কারণ। নট নটী নৃত্য করে বিবিধ বাজন ॥ নানা বস্ত্র ভূষণ কন্যারে পরাইল । রোহিণী চন্দ্রমা যেন উভয়ে মিলিল॥ দর্বগুণে স্থলক্ষণা উত্তরা যে নাম। অভিম**ন্যু সঙ্গে যেন মিলে রতি কাম**॥ অৰ্জ্বন-তনয় অভিমন্যু মহামতি। ক্লফ্ষ ভাগিনেয় বহুদেবের যে নাতি 🛭 ভক্তিভাবে মৎস্থরাজ করে কন্যাদান। রথ অশ্ব গজ দিল প্রধান প্রধান ॥ এক লক্ষ দিল গজ রত্বসিংহাসন। প্রবাল মুকুতা রত্ন দিল নানা ধন 🛚। হেনমতে পবান্ধবে কুতৃহল মনে। ধর্ম নিবদেন স্থথে বিরাট ভবনে 🛭 বিদায় করেন ধর্ম যত রাজাগণ। যে যাঁহার দেশে সব করিল গমন। শ্রীকৃষ্ণ রহেন তথা আর অভিমন্যু। বিদায় করেন কৃষ্ণ আর যত দৈন্য ॥ যত যতুনারী সর্ব্ব গেল দ্বারকারে। বলভদ্র আদি আর যতেক কুমারে॥ মহাভারতের কথা অমৃত-লহরী। শুনিলে অধর্ম থণ্ডে পরলোকে তরি। পাণ্ডবের উদয় শুনয়ে যেই জন। সর্ব্বত্রংথ তরে সেই ব্যাদের বচন।। কোটি ধেনু দান সম শ্রবণেতে ফল। তরয়ে আপদ হৈতে শরীর নিশ্মল ॥ হরিকথা শ্রবণেতে সর্ব্বপাপ যায়। আগু অন্ত হৈতে যেবা হরিগুণ গায় ॥ পাণ্ডব উদয় আর কু:ফের মিলনে। মহা মহাপাপ ধ্বংদ যাহার প্রবৈণে 🛚 কাশীরাম দাদ কছে শুনে পুণ্যবান। এতদুরে বিরাট হইল সমাপন 🛚

সচিত্ৰ সম্পূৰ্ণ কাশীদাসা

ARIBREI SCRIBBEI

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমন্। দেবীং দরস্বতীং ব্যাদং ততো জয়মুদীরয়েং॥

ঃর্য্যাধনের প্রতি ভীষ্মানির হিতোপদেশ। জিজ্ঞাদেন জন্মেজয় কহ তপোধন ম্য হ'তে মুক্ত যদি হৈল পঞ্জন ॥ ^{অপের} বিভাগ রাজ্য লাভের কারণ। ^{৫১} কিবা করিলেন পিতামহগণ ॥ গ্রহরাষ্ট্র আর ছর্য্যোধনে বুঝবারে। ্ৰন্ দূত পাঠালেন হস্তিনানগরে॥ ^{উত্তর} গোগ্রহ যুদ্ধ কৌরবপ্রধান। েলেন অর্জ্জনের স্থানে অপমান ॥ ^{শবিরে} আদিয়া কিবা করিল বিচার। 💠 শুনি যুনিবর করিয়া বিক্তার॥ বনি বলে শুনহ নূপতি জন্মেজয়। ি পরাভূত হ'য়ে কৌরব-তনয়। ^{বিও} উণ্ড হ'য়ে রাজা আইল শিবিরে। ^{ম্ধান্ন}ন্তাপ হেতু চুঃখিত অন্তরে॥ ি হাতে দিংহ যেন পেয়ে অপমান। ''দ্লের হাতে ধেন কুঞ্জরপ্রধান॥ [ে] পার্থ করি**লেন সবাকারে জয়।** িকৈ কৌরব অতি পেয়ে লব্জা ভয়॥ ^{ং ব}লিলেন রাজা তা**জ** চিন্তা মনে। ^{iপায়ে} মারিব পঞ্চ পা**ণ্ডুপুত্রগণে॥**

বাদব উপায়ে রুত্রাস্থরেরে মারিল। উপায় করিয়া শি। ত্রিপুরে বধিল। বিনা উপায়েতে দিল না হয় রাজন। উপায় হুজিয়া মার পাণ্ডুপুত্রগণ॥ বিরাট নগরে দূত দেহ পাঠাইয়া। পাণ্ডবে হেথায় আন কপট করিয়া ॥ মুখ্য মুখ্য সেনাপতি যত বীরগণে। সঙ্গেতে করিয়া তুমি রাগ এইখানে 🛭 বিরাট দ্রুপদ আর ভাই পঞ্চন। ভোজন কারণে রাজা কর নিমন্ত্রণ॥ সূপকারগণে দবে দক্ষেত করহ। অন্নপান সনে বিষ দ্বাকারে দেহ। বিষপানে হানবল হবে সর্বাজন। যতেক প্রহরা বেড়ি করিবে নিধন 🛭 পূর্ব্বাপর আছে হেন শাস্ত্রের বিহিত। বলে ছলে শত্ৰুকে মান্ত্ৰে জ্নিশ্চিত 🛊 ছল করি ফল মধ্যে রহি পুর বর। ন্মুচি দানবে পাঠাইল যম-ঘর। সে কারণে এই যুাক্ত কহিন্যু তোমারে। মারহ পাণ্ডুর পুত্র বুদ্ধি অনুসারে । নতুবা সকল সৈত্যে সাজ নরপতি। বিরাট নগরে চল ঘাইব সম্প্রতি 🛭

রোটের পুর সব চৌদিকে বেড়িয়া॥ গ্নি দিয়া পাশুবেরে মার পোড়াইরা। ইমত বিধান করহ নূরবর। ।লম্ব উচিত নছে করহ সত্বর॥ লিলেন রাজা ইহা নাহি লয় মনে। ার শক্তি মারিবে পাণ্ডব পঞ্জনে ॥ তেক উপায় আমি করিলাম পূর্ব। ঃপট পাশাতে তার হরিলাম সর্বব ॥ ংৱে দিই বনবাস দ্বাদশ বৎসর। ংশরেক অজ্ঞাত বদতি তার পর॥ ভোমাঝে পাণ্ডব করিল যেই পণ। চাহাতে হৈল মুক্ত দৈব-নিবন্ধন॥ মামার উপায় যত হইল বিফল। এখন সহায় তার হৈল মহাবল॥ য়ে ছোক সে হোক যুদ্ধ করিলাম পণ। বিনা যুদ্ধে রাজ্য নাহি দিব কদাচন॥ মামারে জিনিয়া পাণ্ডুপুত্র রাজ্য লয়। মামি বা পাণ্ডবে জিনি মম রাজ্য হয়॥ প্রতিজ্ঞা আমার এই না হইবে আন। ইহার উপায় সথ। করহ বিধান 🛚 না মারিব যে পর্য্যন্ত পাণ্ডু-পুত্রগণ। রাজ্যে রাজ্যে অনুচর করহ প্রেরণ॥ নিবদেন যত রাজ। মম অধিকারে। যুদ্ধ হেতু বরিয়া আনহ সবাকারে॥ সবা মধ্যে প্রধান স্থমন্ত্র নরপতি। কলিঙ্গ কামদ ভোজ বাহ্লিক প্রভৃতি 🛭 হুশর্ম। নৃপত্তি আদি যত রাজগণ। যুদ্ধ হেতু সবাকারে করহ বরণ॥ একাদশ অকোহিণী করহ সাজন। হইবে অবশ্য যুদ্ধ না হয় খণ্ডন॥ অন্ত্রে শস্ত্র বহুবিধ করহ সঞ্চয়। মিত্রামিত্র বলাবল করহ নির্ণয়॥ রাজার বচন শুনি রাধার নন্দন। সাধু সাধু বলিয়া প্রশংসে সেইকণ 🛊 উত্তম বলিয়া যুক্তি নিল মম মনে। তুমি হে ক্ষজিয়শ্ৰেষ্ঠ বৃদ্ধি বলে গুণে ॥

দেবগণ মধ্যে যেন দেব শচীপতি। প্ৰজ্ঞাপতি মধ্যে যেন দক্ষ মহামতি॥ তারাগণ মধ্যে যেন শীতল কিরণ। তাদৃশ ক্ষজিয় মধ্যে তোমারে গণন॥ ক্ষত্রধর্ম-শাস্ত্র যত আছে পূর্ববাপর। ক্ষজ্রিয় হইয়া যুদ্ধে না করিবে ডর॥ সে কারণে ক্ষত্রধর্ম করাহ উদয়। যুদ্ধ হেতু বরহ যতেক রাজচয়॥ হয় বা না হয় যুদ্ধ বিধির লিখন। দৈন্য সমাবেশ কর না ছাড় বিক্রম। এত বলি আজ্ঞা দিল ডাকি অনুচরে। লিখিলেন লিখন সমস্ত নৃপবরে॥ অনস্তারে কহিলেন গঙ্গার তনয়। যে যুক্তি করিলা মম হৃদয়ে না লয়। ভাই ভাই বিচেছদ হইতে না যুগায়। হিত উপদেশ রাজা কহিব তোমায়॥ মান রৃদ্ধি নাই ইথে না হইবে যশ। হারিলে জিনিলে তুল্য না হবে পৌরষ॥ অতএব যুদ্ধে রাজা নাহি প্রয়োজন। পাণ্ডব সহিত সবে করহ মিলন ॥ পাণ্ডবেরা নাহি তব করে অত্যাচার। ব্দাপন ইচ্ছায় ভাগ যে দিবে তাহার॥ তাহা পেয়ে স্থী হবে ভাই পঞ্জন। এক্ষণে এমত বৃদ্ধি না কর রাজন ॥ পাশায় জিনিয়া তুমি নিলে সর্ব্ব ধন। তবু তারা তোমা প্রতি নহে ক্রোধমন ॥ যে সভ্য করিল তারা স্বার সাক্ষাতে। ধর্ম অনুসারে মুক্ত হইল তাহাতে॥ পূর্বে ছিল তাহাদের যেই অধিকার। তাহা ছাড়ি দিতে হয় উচিত তোমার। তাহাতে প্ৰবোধ যদি নহে কদাচন। তবে যেই মনে লয় করিও তখন॥ পূর্বেব অঙ্গীকার ভূমি করিলে আপনে। সত্য হতে মুক্ত যদি হয় কদাচনে॥ পুনঃ আসি রাজ্য তবে-লইবে পাণ্ডব। সেইকালে দাক্ষাতে আছিমু মোরা সব॥ 🕬 বাহাতে ভূষ্ট কুম্ভীপুত্ৰ সব। চাহা দিয়া রাজা তুমি প্রবোধ পাত্তব ॥ হাহা দিয়া প্রবোধহ পাণ্ডু-পুত্রগণে। চাই ভাই বিরোধ না হয় প্রয়োজনে॥ টুন্মের এতেক বাক্য শুনি ছর্য্যোধন। ্ৰেক থাকিয়া তবে বলিলা বচন ॥ ক্রেকে ভজিব মামি মনে নাহি লয়। হ হোক সে হোক যুদ্ধ করিব নিশ্চয়॥ লিলেন ভাষা তবে যাহা ইচ্ছা কর। ু শুনিলে উপদেশ যুদ্ধানলৈ মর॥ ানন্তরে দ্রোণ কুপ বাহলীক রাজন। ইকেই ধৃতরাষ্ট্র গুরুর নন্দন॥ 🗱 র প্রভৃতি আর যত মন্ত্রিগণ। ্রে একে ছুর্য্যোধনে ক**হিল ব**চন॥ ান্ন যে কহিলা তাহা **কর মহারাজ**। াই ভাই বিরোধে না **হয় ভ**দ্র **কাজ**॥ লক্ষয় হইবেক লো**কে অপমান**। হাতে পৌরুষ কিছু না হয় বিধান॥ াপন পৈতৃক ভাগ যে হয় উচিত। হি। দেহ পাওবেরে শাস্ত্রীয় বিহিত ॥ সিত্য করিল তারা সভার গোচর। शिए इंडेन यूक श्रक मरहानत्र॥ বে নেই অধিকার ছিল তা সবার। ই ইন্দ্রপ্রস্থ তুমি দেহ পুনর্বার ॥ ক্রিলে অপমান না ক্রিল মনে। ট কেই হৈলে না সহিত কদাচনে॥ বাত্তর নরমধ্যে খ্যাত পঞ্জন। তিকৈ জিনিবারে পারে তিভুবন ॥ ^{ট্র} গোগ্রহে যুদ্ধ দেখিলে আপনে। ^{কিখুর} ধনপ্রয় সবাকারে জিনে॥ মাটের গাভীগণ মুক্ত করি দিল। ^{प्रिक}्न वीत्र कारत्र ना मातिल ॥ মিয়ে আক্রোশ যদি থাকিত তাহার। ^{র কেন} সংগ্রামে করিল পরিহার॥ उद्ग (मथ व्राका शक्तर्य-श्रधान। শায় ধরিয়া নিম্না করিল প্রয়াণ 🛚

মুখ্য মুখ্য যতেক ছিলেন দেনাপতি। ছাড়াইতে না হইল কাহার শক্তি॥ ভোমারে আক্রোশ যদি পাওবের ছিল। তবে কেন পার্থ তোমা মুক্ত করি দিল॥ যদি বল উত্তর গোগ্রহে ধনপ্পয়। পরকার্য্যে অপমান করিল আমায়॥ দ্রোপদীর বাক্য পার্থ নারে খণ্ডিবারে। এই হেতু গাভী মুক্ত করিল প্রকারে ॥ ভাই ভাই যুদ্ধে কিছুনাহি অপমান। জয় পরাজয় মানি একই সমান॥ কহিলে পরম শত্রু মোর পঞ্জন। তাহারে ভজিলে হয় কুযশ ঘোষণ॥ তুমি শক্রভাব কর তাহারা না করে। জ্ঞাতি মধ্যে যে জন অধিক বল ধরে॥ সে হয় প্রধান রাজা কহিনু নিশ্চয়। পূর্ব্বের কাহিনী শুন কহি যে তোমায়॥ ত্রেভাযুগে ছিল রাজা লঙ্কার ঈথর। বাহুবলে জিনিল সকল চরাচর॥ ক্ষত্রবংশে চুড়ামণি শ্রীরাম লক্ষণ। তাঁহাদের সহ ঘন্দে হইল নিধন॥ মুখ্য মুখ্য যতেক আছিল সেনাগণ। শক্তি না হহল কার' করিতে মোচন ॥ অহিংদা পরমধর্ম শাস্ত্রেতে বাথানে। হিংদা দম পাপ নাহি বলে জ্ঞানিজনে॥ অগ্র হৈতে হিংদাবৃদ্ধি যেই জন করে। পঞ্চ মহাপাপ আদি বেড়য়ে তাহারে॥ ব্দগতে অকাত্তি ঘোষে লোকে নাহি মানে। কহিব পূৰ্বেবর কথা শুন সাবধানে॥ মহাভারতের কথা অমৃত-দনান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান ॥

> ইক্সের জন্ম, ৬ৎকর্ত্ত গুরুপদ্ধী হরণ ও গোতমের অভিশাপ।

অদিতি দক্ষের কন্সা কশ্যপ-গৃহিণী। পুত্রবাঞ্ছা করিয়া ভঞ্জিল শূলপাণি॥ প্রত্যক্ষ হইয়া বর যাচেন শঙ্কর। মাগিল অদিতি বর করি যোড়কর॥ মম গর্ডে হবে যেই সন্তান উৎপত্তি। ত্রিভুবন মধ্যে যেন হয় মহামতি॥ নাগ নর স্থর আদি প্রজাগতিগণ। সবে পূজা করিবেন তাহার চরণ। স্বস্তি বলি বর তারে দেন শূলপাণি। স্বামীরে কহিল তবে দক্ষের নন্দিনী ॥ জামারে দিলেন বর দেব পঞ্চানন। ত্রিভুবনে রাজা হবে তোমার নন্দন॥ কখ্যপ বলিলা শিববাক্য মিথ্যা নয়। মহাবলবন্ত হবে তোমার তনয়॥ ত্রিভুবন মধ্যে দেই হইবেক রাজা। এ তিন ভুবনে লোক করিবেক পূজা। স্বামীর নিকটে কন্যা পাইল সম্মান। কতদিনে অদিতি করিল ঋতুস্নান॥ স্বামী দহ রতি কেলি কুতৃহলে করে। বিষ্ণু অংশে পুত্র আসি জন্মিল উদরে ৷ পরম স্থন্দর পুত্র ভূমিষ্ঠ হইল। ইন্দ্র বলি নাম তার মুনিবর দিল॥ দ্বানশ আদিত্য তবে জন্মিল বিশেষে। যাহার উদয়ে দিন আপনি প্রকাশে॥ কত দিনান্তরে তবে দক্ষের নন্দিনী। ঋতুসান করিয়া স্বামীরে বলে বাণী ॥ রতি করিলেন মুনি দক্ষের কন্সায়। গর্ভেতে পবন আসি জন্মিল তাহায়॥ কহিলেন ভার্য্যারে কশ্যপ তপোধন। ত্রিভুবন ব্যাপিবেক তব এ নন্দন। ছোট বড় জীব জন্ত আছয়ে যুতেক। সৰ্ব্বভূতে হইবেক নন্দন প্ৰত্যেক। ইছা সম বলবস্ত কেহ না হইবে। সকল সংসার এই ব্যাপিত করিবে। শুনি খানন্দিত হৈল দক্ষের নন্দিনী। স্বৰ্গলোকে চলিলা কশ্যপ মহামুনি॥ কত।দনে নারদ আইল হুরপুরে। সঙ্কেতে ভাকিয়া মুনি বলিল ইন্দ্রেরে 🕽

তোমার মায়ের গর্ভে হবে যেই জন। জন্মমাত্রে করিবেক জগৎ ব্যাপন ॥ ইহা বলি যথাস্থানে যান তপোধন। বিস্ময় মানিয়া ইন্দ্র ভাবিল তথন 🏾 এইক্ষণে না করিলে সংহার ইহারে। জন্মিলে অনেক মন্দ করিবে আমারে 🛚 এতেক বিচার চিত্তে বাসব করিল। সূক্ষরপে জননার গর্ভে প্রবেশিল। যেইকালে নিদ্রাগত দক্ষের নন্দিনী। সেই গর্ভ কাটিয়া করিল সাত্রখানি ॥ কাটিলেন পুনঃ একখানি সাতবার। তাহাতে হইল উনপঞাশ প্রকার ॥ চিত্তেতে সামন্দ ইন্দ্র হইল নির্ভয়। কতদিনে প্রসবিল সকল তন্য়॥ ক্রমে উনপঞ্চাশ জন্মিল প্রভঞ্জন। দেখিয়া হইল ইন্দ্র দবিন্ময় মন॥ অহিংসকে হিংসিয়া পাইলা বড় ভাপ জিমাল প্রবদের অতুল প্রতাপ। তবে কতদিনে ইন্দ্র কশ্যপ-নন্দন। গৌতমের স্থানেতে করিল অধ্যয়ন ॥ চারিবেদ ষটশাস্ত্র অধ্যয়ন কৈল। তথাপিও কিছু তার জ্ঞান না জন্মিল 🛭 পরমা হুন্দরী দেখি গুরুর রমণী। তারে হরিবারে ইচ্ছা করে স্থরমণি 🛚 একদিন যান গুনি স্নান করিবারে। দেখে ইন্দ্র গুরুপত্রা এক। আছে ঘরে। মদনে পীত্ত হ'য়ে অদিতি-নন্দন। মায়া কার গুরুরূপী হইল তখন ॥ গুরুরূপে গুরুপত্নী হারল দেবেন্দ্র। ক্ষণকাল পরে ঘরে আইল মুনত্রে 🛭 স্বামীরে কহিল পরে বিনয় বচন। স্নান করিবারে গেলে করিয়া রমণ॥ কিরূপে করিয়া স্নান এলে মুহূর্তেকে। ইহার র্ভান্ত প্রভু বলিবা আমার্কে 🛚 এত শুনি মুনিবর ভাবি মনে মন । করিল অধ্যা বুঝি কশ্যপ-নন্দন ॥

গ্রুকপদ্ধী হরে এত করে অহঙ্কার। অত এব করিব ইহার প্রতিকার॥ নিশ্চল করিলি যত শাস্ত্র অধ্যয়ন ৷ তোর সম অজ্ঞান না দেখি কোনজন॥ কপট করিয়া গুরুপত্নীরে হরিলি। প্রাইবি উচিত ফল যে কর্ম্ম করিলি॥ ১টক সহস্রযোনি শক্তের শরীরে। অলপ্রা গৌতম-বাক্য কে অন্যথা করে॥ হুইল সহস্রযোনি শক্তের শরীরে। হদেহ দর্শনে ইন্দ্র বিষ**ধ অন্তরে** ॥ কোন্ লাজে দেবমাঝে দেখাব বদন। তপস্থা করিয়া আত্মা করিব নিধন॥ সকল শরারে আচ্ছাদিলেক বসন। চিন্তিত হইয়া যান কশ্যপ-নন্দন॥ ক রোদের কুলে গিয়া ক**শ্যপকুমার।** করিল **সহস্র বর্ষ তপ অনাহার** ॥ মুরপুর নন্ট **হেথা হয় ইন্দ্র বিনে**। পাপিঠ রাক্ষ্য নাশ করে রাত্রি দিনে॥ দুরন্ত অম্বর সব দেশেতে ব্যাপিল। ^{দান যুক্ত} তপ জপ সকলি নাশিল॥ জনিয়া কশ্যপ মুনি সচিন্তিত মনে। এ সকল ভত্ত্ব পরে জানিলেন ধ্যানে॥ ^{ব্রশাকে} করেন স্তুতি বিবিধ প্রকারে। তোমার নির্শ্মিত সৃষ্টি অহুরে সংহারে॥ কুকর্ম করিল ইন্দ্র আমার নন্দন। ^{কামব}ণে গুরু**পত্নী করিয়া হরণ**॥ ^{গোত্র দারুণ শাপ দিলেক তাহারে।} ^{ইইল} সহজ্র ভগ তাহার শরীরে॥ ্রাধ করি দেবরাজ ম**জে অপমানে।** ^{ক্রীরোদের} কূলে তপ করে একাসনে॥ ^{ইন্দ্র} বিনা **অ***স্থরেতে জগ***ৎ ব্যাপিল।** ^{ত্রব} বিরচিত স্থ<mark>ষ্টি সব নফ হৈল।।</mark> ^{হৃত্}এব বাসবেরে করহ <mark>উদ্ধার।</mark> ^{নিস্তার} করহ প্রস্থ শাপান্ত তাহার 🛭 এইরূপ কশ্যপ ক**হিল বহুতর**। ত্রনিয়া সদয় হইলেন স্থাষ্ট্রধর ॥

গৌতমেরে আনিয়া কনেহ বহুতর। মম বাক্য রক্ষা ভূমি কর মুনিবর॥ পাইল উচিত শাস্তি ক্ষমা দেহ মনে। রূপায় শাপান্ত কর অদিতি-নন্দনে 🛭 গৌতম বলিল মুনি কর অবধান। कहिलाम (य कथा (म ना इहें द जान ॥ তোমার কারণে বর দিলাম তাহারে। সহস্রেক চক্ষু যেন দেবরাজ ধরে॥ ভনিয়া কশ্যপ যুনি আনন্দিত মন। যথাস্থানে গেলা করি দেব সম্ভাষণ ॥ সত্যলোকে গেলেন গোতম তপোধন। কন্যপ আইল যথা আপন নন্দন॥ অব্যর্থ মুনির বাক্য না হয় খণ্ডন। ভগচিহ্ন অঙ্গে লুপ্ত হইল তথন ॥ সহত্রেক চক্ষু হৈল ইন্দ্রের শরীরে। আপনাকে দেখি ইন্দ্র হরিষ অন্তরে॥ কশ্যপ বলিল পুত্র কর অবধান। অসুচিত কর্মানা করিও, সাবধান ॥ কাম ক্রোধ লোভ মোহ নিতান্ত বৰ্জিই। কদাচিত কোনজনে হিংদা না করিছ ॥ জ্ঞাতি বন্ধু আদি করি যত পরিবার। কদাচিত হিংদা নাহি করিবে কাহার ॥ এত বলি ইন্দ্রকে প্রেরিল বথাস্থান। এই শুন কহিলাম পূর্ব্ব উপাখ্যান ॥ ভীম্ম যাহ। কহিলেন না হয় অভ্যথা। সম্প্রতি পাণ্ডবগণে আন রাজা হেথা॥ সমুচিত রাজ্য দেহ ছাড়িয়া তাহারে। সমভাবে বাস কর সম ব্যবহারে॥ ভাই ভাই বিরোধ নাহিক প্রয়োজন। কুলক্ষয় হবে আর কুগশ ঘোষণ। এইমত জোণ ক্বপ বিদ্রুর সহিত। • বিধিমতে ছুর্য্যোধনে বুঝাইল নীত 🛭 কার' বাক্য না শুনিল কুরুকুলপতি ৷ অদৃষ্ট মানিয়া গেল যে যার বদতি॥ মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান 🛚

কুরুসভাতে ধৌম্যের প্রবেশ ও কুরুদের প্রতি কথন।

মুনি বলিলেন শুন তবে জন্মেজয়। কুরুসভা মধ্যে গেলা ধৌম্য মহাশয়॥ সভায় বসিয়া আছে কৌরবের পতি। স্থহদ অমাত্য বন্ধুগণের সংহতি॥ শত ভাই কুরুবংশ রাধাপুত্র আর। ভীপ্ম দ্রোণ আর গুরুর কুমার॥ ধুতরাষ্ট্র বিহুর অমাত্য যত জন। সভা করি বসিয়াছে কৌরব-নন্দন॥ হেনকালে কং গিয়া ধৌম্য তপোধন। অবধান কর রাজ। অম্বিকানন্দন ॥ পাণ্ডুপুত্র পঞ্চভাই পাঠান আমারে। আপন বিভাগ মত রাজ্য লইবারে ॥ কহিলেন বিনয় করিয়া ধর্মারায়। সে সকল কথা রাজা কহিতে তোমায়। জ্যেষ্ঠতাতে কহিবা আগার নিবেদন। তোমার প্রদাদে জীয়ে ভাই পঞ্জন। তুমি যে করিবা আজ্ঞানা করিব আন। তব অনুবর্তি পঞ্চ পাণ্ডুর সন্তান ॥ যত হুঃথ সহিলাম তোমার কারণ। তব বশ হইয়া হারাই রাজ্যধন যে নির্ণয় পূর্বের হৈল তোমার সাক্ষাতে। তাহাতে হইমু মুক্ত দ্বঃথ সঙ্কটেতে ॥ মহাত্রঃখ পাইলাম অরণ্যে বিশেষ। **জটাবল্ক পরিধান তপশ্বীর বেশ ॥ তৎপরে অজ্ঞাতবাস** করি লুকাইয়া। পরসেব। করি পর-আজ্ঞাততি হৈয়া। রাজপুত্র হইয়া ক্লীবের ব্যবহার। হীনদেবা করিলাম হীন তুরাচার॥ পাইলাম এত হঃখ নাহি করি মনে। সব **ছঃখ পাস্**রিমু ভোমার কারণে 🛚 আপন পৈতৃক ভাগ উচিত যে হয়। দিয়া শ্রীত কর রাজা আমা স্বাকায়। ভাই ভাই বিরোধতে নাহি প্রয়োজন। এই মত কহিলেন ধর্মের নন্দন ॥

ভীম কহিলেন দর্প করিয়া অপার। অন্ধেরে কহিবে অত্যে মম নমস্কার॥ ভীম্ম দ্রোণ কৃপ আর পৃষতকুমারে। আমার বিনয় জানাইবে সবাকারে॥ কিহিবা নিষ্ঠুর থাক্য রাজা হুর্য্যোধনে। যত **তুঃখ** দিল তাহা সর্ব্বলোকে জানে॥ ' ক্ষমিলাম দে দকল চাহিয়া অন্ধেরে। উচিত বিভাগ যেন দেয় পাগুবেরে॥ না দিলে আমার হাতে হবে বংশক্ষয় ! এইরূপ কহিলেন ভীম মহাশয়॥ অৰ্জ্জ্ব কহিলেন করিয়া মিনতি। কহিব। অন্ধের পদে আমার প্রণতি॥ যত হুঃখ দিল হুফ তাহা নাহি মনে। ভোমার কারণে ক্ষমিলাম দুর্য্যোধনে 🛭 যত অপমান কৈল দেখিলে দাক্ষাতে। দ্রোপদার কেশে ধরি আনিল সভাতে 🛭 কপট পাশায় যত দৰ্বস্ব লইল। দ্বাদশ বৎসর বনবানে প্রাঠাইল ॥ শহিলাম দই দেব তোমার কারণে আমার বিভাগ ছাড়ি দেহ এইকণে॥ সম্প্রীতে না দিলে তুঃখ পাহবে অপার। এইরূপে বলিলেন ইন্দ্রের কুমার। সহদেব নকুল কহিল বহুতর। ধুঊহ্যন্ন জ্ঞাদি যত নরবর॥ পাওবের সমূচিত বিভাগ যে হয়। সত্যেষহ তাহা।দয়া পাণ্ডুর ভনয়॥ এত শুনি ধুতরাষ্ট্র করিল উত্তর। य करिला अनुन नरह मूनिवत ॥ পাইল অনেক হুঃখ পাণ্ডু গু ত্রগণে : মম হেছু ক্ষমিলেক পাপ ছবোাবনে ! কর্ণ ছুঃশাদনে নিন্দা করিল অপার। মম হেছু ক্ষমিলেক পাণ্ডুর-কুমার॥ এখন যে কহি তাহা শুন সভাজন। প্রিয়ন্থদ দূত যাক পাগুবের স্থান॥ প্রিয়বাক্য কহিয়া আনিয়া হস্তিনায়। সমূচিত ভাগ দিয়া তোৰ তা সবায়॥

নানা বস্ত্র অলকার ধন বহুতর। পুরক্ষার দিয়া তোষ**' পঞ্চ সহোদর**॥ ্দেই ইন্দ্র প্রস্ত পুনঃ দেহ অধিকার। _{যত র}ত্ন ছিল তার যতেক ভাণ্ডার ॥ ্যই সত্য করিলেক তাহে হৈল পার। শ্রুচিত ভাগ দেহ উচিত তাহার॥ বলেতে অশক্ত নহে ভাই পঞ্জন। ন্যু'র্ত্তকে জিনিবারে পারে ত্রিভূবন॥ হতএব দ্বন্দ্ব কিছু নাহি প্রয়োজন। মর্দ্ধ রাক্য দিয়া তোষ' পাণ্ডু-পুত্তগণ ॥ है श्र विलितन ভাল নিল মম মনে। উপযুক্ত যুক্তি বটে কর এ**ইক্ষণে** ॥ বিরোধ হই**লে** রা**জা হবে কোন্ কাজ**। দ্মুচিত ভাগ তারে দেহ মহারাজ। ন দিলে নিশ্চয় রাজা হবে কুলক্ষয়। গত্এব সাৰ্ধানে শুন মহাশ্য ॥ প্রিয়ম্বদ দূত রাজা দেহ পাঠাইয়া। প্রবেরে হেথা আন বিনয় করিয়া। ল্যে সে তোমার হিত হইবে রাজন। যাগারে এতেক কহ কোনু প্রয়োজন॥ কৌরবের পতি তুমি কৌরবের গতি। ্ৰামা বিনা কুৰুকুলে নাহি অব্যাহতি॥ হুনি যে কহিবে তাহা কে করিবে আন। এই চিত্তে লয় তাহা করহ বিধান॥ ভাষের এতেক বাকা শুনি সভ্যগণ। শাধু শাধু বলি প্রশংসিল জনে জন॥ ভ্ৰাণ কৃপ বিহুৱাদি বাহল:ক নুপতি। পাণ্ডবে আনিতে সবে দিল অনুমতি॥ পুনঃ পুনঃ নানামতে ক'হল অন্ধেরে। শপ্রীতে আনহ রাজা পঞ্চ সহোদরে 🛭 স্মৃচিত ভাগ তারে দেহ রাজধানী। ^{এই} কৰ্ম ৩ব প্ৰিয় 😊ন নৃপ্মণি॥ ^{এইর}পে ক**হিল দকল দভাজন**। মনে মনে ক্রোধে জ্বলে রাজা গুর্ব্যাধন। ^{পাণ্ডবের} প্রশংদা কর্ণেতে লাগে শাল। জোগভরে হেঁটমাথা কুরু মহীপাল।

তবে হুর্য্যোধনে কহে অন্ধ নরপতি।
আমার বচন স্থত কর অবগতি ॥
সবার সম্মান রাথ শুন মম বাণী।
পাগুবেরে সমুচিত দেহ রাজধানী ॥
ভাই ভাই সংশ্রীতে করহ রাজাতথ।
কলহেতে কার্য্য নাহি জন্মে মহাতঃখ ॥
লোকেতে কুয়ল ঘোষে অপকীর্ত্তি হয়।
পূর্বের কাহিনী শুন কহি যে তোমায়॥
মহাভারতের কথা অমৃত-সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

বুক রাজার উপাথ্যান।

সূর্য্যবংশে রুক নামে ছিল নরপতি। মহাধর্মশীল রাজা ছগতে স্থথ্যতি॥ স্থমতি কুমতি তার যুগল বনিতা। কোশলনন্দিনী দোঁছে এতা প্ৰতিব্ৰতা ॥ যুবাকাল গেল তবু পুত্র না হইল। পুত্রবাঞ্ছা করি দোঁছে স্বামারে কহিল॥ কত দিনান্তরে বিভাগু হ তপোধন। অযোধাায় করিলেন শুভ আগমন॥ ভার্য্যা মহ নরপতি ছিল অন্তঃপুরে। তথা গিয়া উত্তরিল কে নিবারিবে তাঁরে 🖟 জিতেন্দ্রিয় তেজোময় দেখি তপোধন। ভাগ্যা সহ নরপ্তি করিল বন্দন ॥ রাণী দহ করবুড়ি মৃনি অগ্রে স্থিত। বিভাগুক জিজানেন কিব, চাহ হিত ॥ মহাধক্মশীল তুমি নৃপতিপ্রধান। তোমা সম সংগ্রেতে নাহে ভাগ্যবান ॥ রূপে কামনেব জিনি শীলতায় ইন্দু। তেন্দে দিনকর ভূমি গুণে গুণসিয়ু॥ কাৰ্ভবাৰ্য্য প্ৰভাপে দামৰ্থ্যে হতুমান। কীত্তিতে গণি যে পুথু রাজার সমান 🏾 দেনাপতি মধ্যে গণি যেন ষড়ানন। সর্বজ্ঞ ভোগীতে যেন জ্ঞাবের নন্দন ॥ কেন দেখি চন্তামম উহিম শোমারে। ইহার রুত্তান্ত রাজা কহিবে আমারে 🛭

রাজা বলিলেন মুনি বলিলা প্রমাণ। যে হেডু চিস্তিত আমি বলি সে বিধান ॥ যুবাকাল গেল মম পুত্র না হইল। এই হেতু মনস্তাপ মনেতে রহিল॥ **সকল হইতে সেই জ**ন অতি দীন। সর্ব্ব হুথ বিহীন যে হয় পুত্রহীন॥ कनशैन नमी (यन नरह ऋम्माङन। পদ্মহীন সর ফলহীন ভরুগণ 🛚 চক্র বিনা রাত্রি যেন সর্বব অন্ধকার। শান্ত্রবিভাহীন যেন ব্রাহ্মণ-কুমার॥ थर्ष्मशैन क्रन (यन धनशैन भृशै। জীবহীন জন্তু যেন দন্তহীন অহি। পুত্রহীন জনের জীবন অকারণ। এই হেতু চিন্তা মম শুন তপোধন॥ এত শুনি হাদয়ে ভাবিল মুনিবর। রাজারে চাহিয়া পুনঃ করিল উত্তর ॥ পুক্তেষ্টি করহ রাজা করিয়া যতন। মহাবলবন্ত হবে তোমার নন্দন ॥ পরাজিবে সকল পৃথিবী বাস্ত্বলে। হইবে তনয় তব যজ্ঞ-পুণ্যফলে॥ এত বলি অন্তৰ্হিত হন তপোধন। করিল পুত্রেষ্টি রাজা করি আয়োজন॥ স্থমতির গর্ভে হয় যুগল নন্দন। পরম স্থন্দর রাইপ নৃপতি-লক্ষণ॥ **কু**মতির গর্ভে হৈল একমাত্র পুত্র। িদিনকর সম তেজ্ঞ তেজপুঞ্জ গাত্র॥ দিনে বাড়ে সবে রাজার নন্দন। পুত্র দেখি নরপতি আনন্দিত মন ॥ স্বমতির গর্ভে হৈল হুই গুণধাম। পাইলেন তালজজ্ম হৈহয় যে নাম 🏾 রূপে গুণে অমুপম কুমতিনন্দন। বাছ নাম রাখিলেন বাছিয়া রাজন ॥ **কত** দিনে বৃদ্ধকালে বুক নরপতি। তিন পুত্রে ডাকিয়া আনিল শীব্রগতি॥ তিন পুত্রে রাজ্যধন ভাগ করি দিল। ভার্য্যা সহ নরপতি অরণ্যে চলিল ॥

তপংযোগ সাধিয়া পাইল দিব্যগতি। রাজ্যতে হইল রাজা বাহু নরপতি॥ রাজার পালনে প্রজা ছঃখ নাহি জানে। একচ্ছত্র নরপতি এ মর্ত্ত্য ভুবনে॥ মহাধর্মশীল রাজা রুকের নন্দন। নিরন্তর যজ্ঞে রত অন্য নাহি মন॥ ব্দযোনিসম্ভবা কন্সা নামে সত্যবতী। বিবাহ করিল শুনি আকাশ ভারতী॥ এক ভার্য্যা বিনা তার অস্তে নাহি মতি। পুরুরবা রাজা যেন বুধের সন্ততি॥ কতদিনে ঋতুযোগে রাণী গর্ভবতী। গণিয়া গণকগণ কহিল ভারতী॥ ইহার গর্ভেতে যেই হইবে নন্দন। ত্রিভুবনে রাজা হবে দেই বিচক্ষণ॥ অন্ত্রে শস্ত্রে বিজ্ঞবর মহাধসুর্দ্ধর। করিবেন শত অশ্বমেধ নরবর॥ শুনি আনন্দিত রাজা হইল অন্তরে। বহু পুরস্কার দিল ব্রাহ্মণগণেরে॥ তবে কত দিনান্তে নারদ তপোধন। হৈহয় রাজার পুরে করিল গমন।। নারদে দেখিয়া রাজা অভ্যর্থনা করি। বদাইল দিব্য রত্ন-সিহাসনোপরি ॥ পান্ত অর্ঘ্য দিয়া রাজা পূজন করিল। মুনিবরে বিনয়পূর্ব্বক জিজ্ঞাদিল ॥ দর্ববশাস্ত্রে বিজ্ঞ তুমি কুলপুরোহিত। বশিষ্ঠ-যুখেতে তব শুনিয়াছি নাত॥ জ্ঞাতি মধ্যে যেই ধনে জনে বলবান। ক্ষত্রিয়েতে সেই শত্রু গণি যে প্রধান ॥ বলে ছলে শক্তকে না ক্ষমি কদাচন। হেন নাত শা'ফ্ৰেতে লেখেন মুনিগণ ॥ কহ মুনি আম। প্রতি ইহার বিধান। নারদ বলেন রাজা কহিলে প্রমাণ 🛭 বলে ছলে শক্রকে না ক্ষমিবে কখন। নিজবশে আনি পরে করিবে নিধন ॥ কহিলা প্রমাণ রাজা না হয় অন্যথা। শক্তকে করিবে নফ্ট পাবে যথা তথা ঃ

গাৰ্ভ যদি জন্মে শক্ত দৈববাণী কয়। গ্রাহারে বধিবে প্রাণে শাস্ত্রের নির্ণয়॥ পর্কে শুনিয়াছি আমি বিরিঞ্চির স্থান। কৃছিব তোমারে নুপ কর অবধান॥ হ'হুর ঔরসে যেই হইবে নন্দন। বহুবলে পরাজিবে সমস্ত ভুবন॥ শত অশ্বমেধ যজ্ঞ করিবে নি**শ্চ**য়। ্রোম। আদি জ্ঞাতিগণে করিবেক ক্ষয় 🛭 উপায়েতে গর্ভ যদি পার নাশিবারে। ত্ত্বে তব শ্রেয়ঃ হয় জানাই তোমারে॥ এত বলি নারদ হইল অন্তর্দ্ধান। গুনিয়া নূপতি হইল সচিন্তিত প্রাণ॥ মনুক্ষণ চিন্তিয়া আকুল নরবর। একদিন বসিলেন সভার ভিতর॥ ম্প্র পাত্তে **ল'য়ে** য্**ক্তি করেন রাজন।** राञ्ज अंतरम (यह **हहेरव नन्मन**॥ ম্ম আদি করিয়া যতেক জ্ঞাতিচয়। ।'ভ্ৰলে করিবেক সবাকারে ক্ষয়॥ াহার উপায় কিছু কর মন্ত্রিগণ। क রূপে রাণীর গর্ভ করিব নিধন।। হিংতে সমৰ্থ না হইব কদাচন। ^{ভিনা} করিব যুদ্ধ **হারাব জীবন**। ন্ত্রিগৰ বলিলেন **শুন নৃপমণি।** ^{ইনন্ত্রিয়া} আন হেথা **ভূপতি-রমণী॥** াৰ খাওবার ছলে উপায় কারণে। ^{ইন্পান} করাইয়া মারহ পরাণে॥ ^{ই ভিন্ন} উপায় না দেখিতেছি **আর**। ^{টিম্}ত করি রাজা শি**শুকে সংহার**॥ পতি বলেন মন্ত্ৰী কহিলে শোভন। ^{র শী}য় ভক্ষ্য **ভোজ্য দ্রব্য আয়োজন**॥ ষ্টন করিতে বল সূপকারগণে। ^{ক্রিতি} করিব। যেন **কেহ নাহি শুনে**॥ ^{রিবারগণ} সহ বরিয়া রাজ্ঞারে। ^{্রিন্}য়া নিমন্ত্রিয়া **আন হেথাকারে ॥** ^{ছার আনেশ} মত যত মন্ত্রিগণ। ছরাজে আনিলেন করি নিমন্ত্রণ ॥

বিষ দিয়া উপহারে ভোজনের কালে। রাজার মহিষীরে খাওয়াইল ছলে॥ তথাপিও গর্ভপাত হইল না তার। চলিলেন বাহুরাজা সহ পরিবার॥ দে দব বৃত্তান্ত রাণী কহিল রাজারে। বিষ খাওয়াল মোরে মারিবার তরে ॥ অহিংসায় হিংসা সৃষ্টি কৈল ছুরাচার। ভনিয়া নৃপতি মনে হইল ধিকার॥ অহিংদকে হিংদয় যে পাপিষ্ঠ ছুৰ্জন। তাহার সংসর্গে নাহি রহিব কখন॥ পাপ দঙ্গে থাকিলে পাপেতে হয় মন। পুণ্যান্থার সঙ্গ হয় মোন্ফের কারণ । অপত্য না ছিল হৈল বিধির ঘটন। তাহে হুফ জ্ঞাতিগণ করিল হিংদন॥ এইরূপে করে রাজা দদা অনুভব। দ্বিতীয় বৎসর গর্ভ না হয় প্রসব ॥ অমুদিন হৈহয় অনুজ তালজঞা। রিপুভাব করিলেন ভূপতির দঙ্গে ॥ কার্ত্তবীর্য্যার্চ্জুনের পহিত মৈত্র করি। সংগ্রামে জিনিয়া তাঁর রাজ্য নিল হরি॥ যুদ্ধে পরাজিত হ'য়ে বাহু নরপতি। প্রবেশিল বনমধ্যে বনিতা সংহতি ॥ দেখিল আশ্রম বন অতি হ্রশোভন। ফল ফুলে হুশোভিত বুক্ষলতাগণ। দিব্য সরোবর আছে বন অভ্যস্তরে। তাহে জলচরগণ দদ। কেলি করে॥ পুণ্য সর্বোবর সেই নাম বিন্দুসর। প্রফুল্ল উৎপদ কত অতি মনোহর 🛭 ভার্য্যাদহ তথা রাজা করিল গমন। সরোবর দেখি ভূপ খার্নদত মন॥ তথায় আশ্রম জন্য রচিদ্ধ কৃটির। চিন্তায় আকুল রাজা চিত্ত নহে স্থির॥ নৃপতির কালপ্রাপ্তে হইল নিধন। ব্যাকুল হইগা রাণী মুদিল নয়ন ॥ অনেক রোদন করে বনে একেশ্বরী। নিব্বতা হইয়া পরে মনে যুক্তি করি 🛭

চিতা করি কার্চ দিয়া জ্বালি বৈশ্বানর। তত্বপরি রাখিল নৃপত্তি-কলেবর॥ চিতা আরোহিতে চিতা প্রদক্ষিণ করে। ছেনকালে ঔর্ব্ব মুনি আইল তথাকারে॥ গর্ভবতা নারী চিতা আরোহণ করে। দেখিয়া বিস্ময় মুনি মানিল সম্ভৱে॥ নিকটেতে গিয়া শীঘ্র করে নিবারণ। রাণীকে চাহিয়া পরে বলে তপোধন ॥ চিতা আরোহণ না করিবে কদাচিত। অবধানে শুন মাতা শাস্ত্রের বিহিত॥ দিব্যচক্ষে আমরা দেখিতে পাই সব। রাজচক্রবন্তী তব গর্ভে অমুভব ॥ বাহুবলে জিনিবেক যত ব্লিপুগণে। একচ্ছত্র রাজা হবে এ মর্ত্ত ভুবনে । ব্রাহ্মণে দিবেক দান সদা অপ্রমিত। না হইল না হইবে তাখার তুলিত॥ গর্ভবতী নারী যদি অনুমৃতা ২য়। পঞ্চ মহাপাপ আসি তাহারে বেড়য় ॥ কদাচিত স্বামী দঙ্গে না হয় মিলন। ঘোর নরকেতে তার হয় ত গমন॥ যত পুণ্যকর্মা তার সব নষ্ট হয়। পুণ্যফল যত কিছু কদাচ না পায় 🖟 রজ্ঞায়লা কিম্বা শিশু পুত্রেরে ছাড়িয়া। পতি দঙ্গে যেই নারী মরয়ে পুড়িয়া॥ পঞ্চ মহাপাতক ভাগিনী দেই হয়। ব্যর্থ তার ধর্মা কর্মা স-ত্ত বিষয়॥ **অগ্রিহোত্তে নৃপতি**রে করিয়া দা**হ**ন। নারীরে লইয়া গেল আপন সদন॥ প্রেতকর্ম করিলেক ভর্তার বিধানে। আর আন্ধ শান্তি দান ত্রয়োদশ দিনে॥ সেবা বশে সম্ভক্ত হইল তপোধন। এইরূপে ছিল রাণী মুনির সদন॥ चनाथा न। इग्र कच्च विधित्र लिथन। মহারাণী প্রদবিল অপূর্বব নন্দন॥ গরল সহিত জন্ম হইল তাহার। এ জন্য সগর নাম হইল প্রচার॥

দিনে দিনে বাড়িল দে অন্দর লক্ষণ। **শুক্লপক চন্দ্রকলা বাড়য়ে যেমন ॥** দরিদ্র পাইল থেন পূর্ব্ব হারাধুন। সেমত পাইল রাণী অপত্য রতন 🗈 মধু ক্ষীর ত্বন্ধ চিনি আনি প্রয়োজন। যত্ন করি দেই শিশু করিল পালন 🛚 করাইল নানা অন্ত্র শান্ত্র অধ্যয়ন। অল্লদিনে হইলেন শাস্ত্রে বিচক্ষণ ॥ নবীন বয়সে শিশু মহাবলধর। একদিন তীর্থস্নানে গেল মুনিবর॥ একান্তে মায়েরে শিশু জিজ্ঞাদিল বাণী: কোন বংশে জন্ম মম কহ গে। জননী। কাহার ভ য় আমি কহিবা নিশ্চয়। এই মুনিবর বুঝি মম পিতা হয়। শিশুকাল পি তৃহীন হয় যেইজন ৷ ক্রঃখী হৈতে ক্রঃখী সেই জন্ম অকারণ। চন্দ্ৰ বিনা রাত্ৰি যেন সব অন্ধ্ৰকার: গায়ত্রী বিহীন যেন ব্রাহ্মণ-কুমার॥ ধনহীন গৃহী যেন ধর্মহীন নর। বেদহান বিপ্র যেন পদ্মহান সর 🛭 পিতৃহীন পুত্র তথা শোভা নাহি পায়। সে কারণে কহ মাতা জিজ্ঞাসি তোমাই: শুনি রাণী কহিলেন করিয়া রোদন। বড় ভাগ্য ছিল তুমি হইলা নন্দন। মহারাজবংশে পুত্র উৎপত্তি তোমার: তুমি সূর্য্যবংশে রাজ। বাহুর কুমার॥ তালজ্জ হৈহয় দে পাপী জ্ঞাতিগণ। কপটে তোমার বাপে করিল নিধন। যেই কালে তোমা আমি ধরিতু উদরে বিষ খাওয়াল মোরে মারিতে তোমারে 🛚 रिनवदाल क्षका रिल ट्यामात कोवन । আমা দহ এই বনে আইল রাজন 🖟 হিংসকের হিংসাতে চিন্তিত নরবর। ব্যাধিযুক্ত নৃপতি ছাড়েন কলেবর ॥ অসুমৃতা হইতে মম চিন্তা উপজিল। ঔর্বব মুনি আসি মোরে বারণ করিল।

মুনির আশ্রমে আমি আছি এ কারণ। ত্রতক বলিয়া রাণী করিলা রোদন ॥ ক্রিয়া সগর তেলধে অরুণ লোচন। ক্লনীর ক্রন্দন করিয়া নিবারণ ॥ নানাবিধ অস্ত্র শস্ত্র সঙ্গে করি লয়। প্রথমিয়া জননীরে হইল বিদায়॥ ম্নিরে প্রণাম করি বিদায় হইয়া। প্রদূদ বান্ধবগণে **সহায় করিয়া ॥** বৰ্তুমান ছিল যত পিতৃ-শক্তপণ। অস্ত্রেত কাটিয়া সবে করিল নিধন॥ একেশ্বর বিনাশিল যত রিপুগণ। প্রাণভয়ে কেহ নিল বশিষ্ঠ-শরণ॥ কাতর দেখিয়া তারে দিল প্রাণদান। ধোন জন মুনিস্থানে রাখিল পরাণ॥ তবে গ্নি বশিষ্ঠ তা**হারে নিবারিল**। অবোধ্যায় ল'য়ে সিংহাসনে বসাইল 🛭 একছত্রা রাজা হৈল ধরণীমণ্ডলে। যত কত্রগণেরে শাসিল বাহুবলে॥ সভান ঘাটী সহস্র তাহার ঔরদে। অসাবধি যার কীর্ত্তি সংসারেতে ঘোষে॥ ^{বলবান} পুত্র য**ত মন্ত প্ররাচার**। ত্রাক্রারে শালে তারা হইল সংহার ॥ ছ হ'নকে হিংসিলেই হয় এই শ্বতি। ^{জগতে} অকীর্ত্তি রহে অশেষ তুর্গতি ॥ 🕜 কারণে শুন পুত্র না হও বিমন। প∵েবের সহ দ্বন্দে নাহি প্রয়োজন॥ ^{দৃষ্ঠিত} ভাগ তার প্রাপ্য যাহা হয়। ^{ভ'হ:} দিয়া প্রীতি কর পা**ণ্ডুর তন**য়॥ ^{ভূত্র} ভাই বিরোধেতে নাহি প্রয়োজন। ^{জন্ম}ি কর আনাইতে পঞ্জন॥ সেই ইন্দ্রপ্রস্থে পুনঃ দেহ অধিকার। ভাষানের **সহ ঘন্দে কি কাজ তোমার॥** इत्रीयन विलालन अ नरह विठात । ^{আমার} পরম শক্ত পাণ্ড্র কুমার॥ ^{বিনা} মুদ্ধে ছাড়িয়া না দিব রাজ্যধন। ক্ত্রধর্ম শাক্তমত আছে নিরূপণ॥

কত হ'য়ে বৈরীকে না করিবে বিশ্বাস ॥
রিপুর মহিমা কেহ না করে প্রকাশ ॥
যে হোক্ সে হোক তাত ক্রোধ কর সুমি।
বিনাযুদ্ধে পাশুবে না দিব রাজ্যভূমি ॥
এত বলি সভা হৈতে চলিল উঠিয়া।
কর্ণ হঃশাসন আর হুই মন্ত্রী নিয়া ॥
মহাভারতের কথা অমৃত-সমান।
ব্যাস বিরচিল দিব্য ভারত-পুরাণ ॥
শুনিলে অধর্ম থণ্ডে না কর সংশয়।
পয়ার প্রবন্ধে কাশীরংস দাস কয় ॥

ধৃতরাষ্ট্রের প্রতি বিছরের হিতোপদেশে 🕹 কহিলা বৈশস্পায়ন শুনহ রাজন। সভা হৈতে উঠি যদি গেল ছুর্য্যোগন ॥ কারো বাক্য না শুনিল কুরু-অধিকারী। অধোগুথ হইয়া রহিল দণ্ড চারি॥ ভীষ্ম দ্রোণ কুপ আদি যত সভাঙ্গন। সভা হৈতে উঠিয়া চলিল সেইক্ষণ॥ অদৃষ্ট থানিয়া সবে গেল নিজ স্থান : বিতুর বলিল ধুতরাষ্ট্র বিভাষান ॥ কুলক্ষয় হেতু ছুর্যোধনের বিধান। স্তুস্পত্তি কথায় তাহা হইল প্রমাণ॥ অর্দ্ধ রাজ্য ছাড়ি দেহ পাণ্ডুর নন্দনে। নতুবা তোমার রাজ্য রহিবে কেমনে॥ আপনার রাজ্য যদি বাঞ্চ নরেশ্বর। পাণ্ডবের সহ কর সম্প্রীত মত্বর॥ পর্কের কাহিনী কিছু কহিব তোসারে। কত কত রাজা হ'য়েছিল এ সংসারে 🖫 আছিল উত্তানপাদ ধর্ম অবতার। সপ্তৰীপা পৃথিকীতে যাঁও অধিকার॥ ইন্দ্রের সম্পদ ভুল্য খাঁহার গণন। জলবিম্ব প্রায় দব দেভিল রাজন।। হিংসা হেন বস্তু তাঁর না জন্মিল মনে। সকল ছড়িয়া রাজা প্রবেশিল বনে॥ তপ যজ্ঞ আরম্ভিয়া পান দিব্যগতি। তাঁহার তনয় ধ্রুব জগতে হৃত্তুতি॥

বাঁহার মহিমা যশে পুরিল সংদার। মহাধর্মশীল ছিল ধর্ম অবতার॥ ব্দনন্তর দূর্য্যবংশে রঘুরাজা ছিল। বাঁর যশস্ত**ন্তে দর্ব্ব ভুব**ন ভরিল ॥ অতুল সম্পদ ভোগ করিলা জগতে। নাম মাত্র হিংসা কভু না ছিল মনেতে॥ এরূপ ছিলেন কত চন্দ্র সূর্য্যকুলে। নানা দান নানা যজ্ঞ করিল বহুলে ॥ তব পুত্র হুর্ষ্যোধন হয়েছে যেমন। পৃথিবীতে জন্মে নাহি হেন কোন জন॥ কপটি হিংসক ক্রুর মহাপ্রফীমতি : ইহার কারণে রাজা হইবে অথ্যাতি 🛭 কুলক্ষয় হইবেক লোকে উপহাস। কুযশ ঘোষণা কুলে কলঙ্ক প্রকাশ ॥ দে কারণে বলি নুপ শুন স্বাধানে। দন্দ না করিহ রাজা পাগুবের দনে ॥ ভাঁমের বিক্রম তুমি শুনিয়াছ কাণে ! ্বুপ্কেতে করিল জয় যক্ষ-রক্ষগণে॥ হিড়িম্ব কিন্দ্রীর আর বক নিশাচর। বাহুবলে সংহার করিল রুকোদর। ভীন ক্রোধ করিলে না আছে রক্ষা কার। মুছুর্ত্তেকে দাবাকারে করিবে সংহার ॥ অর্জ্জনের যে অতুল প্রতাপ ভুবনে। বাহুযুদ্ধেপরাভব করে পঞ্চাননে ॥ স্নেহ করি ইন্দ্র যারে স্বর্গে নিয়া যান। নানা বিভা অন্ত্ৰ শস্ত্ৰ দিলা শিক্ষাদান ॥ কালকেয় নিবাতক্বচ দৈত্যগণ দেবের অবধ্য রিক্ত প্রতাপে তপন ॥ ভাদের মারিয়া শান্তি দিল দেবগণে। কোন্বীর যুঝিবেক অর্জ্নের দনে ॥ উত্তর গোগৃহে ভাই দেখিসু নয়নে। একেশ্বর ধনঞ্জয় সবাকারে জিনে 🛚 পরকার্য্য হেতু কারে না মারিল প্রাণে। তথাপিও জ্ঞান না জন্মিল হুর্য্যোধনে ॥ আপনার মৃত্যু বুঝি বাঞ্চিল আপনে। পাশুবের সনে যুক্ত ইচ্ছা করে মনে ।

এখন যে হিত কহি 😁ন নরবর। দৃত পাঠাইয়া দেহ বিরাটনগর ॥ সম্প্রীতে হেথায় আন পাণ্ডুর কুমার। সেই ইন্দ্রপ্রয়ে পুনঃ দেহ অধিকার॥ এই কৰ্ম্ম তব প্ৰিয় দেখি যে রাজন ! দ্ব**ন্দ্র হৈলে হইবেক সম**স্ত নিধন ॥ ধুতরাষ্ট্র বলিলেন কহিলে প্রমাণ। সম্প্রীতে করিয়া আন পাণ্ডুর সন্তান 🖟 যে সত্য করিয়াছিল পাণ্ডুর কমার। ধর্ম্মবলে তাহাতে হইল তারা পার॥ আপনার ভাগ রাজ্য পাইতে উচিতঃ ত্বৰ্য্যোধনে তুমি ভাই বুঝাও স্থনীত ॥ অ**ন্ধ দেখি হুর্য্যোধন আমারে না মান**্ ধর্ম নীতিশাস্ত্র তুমি বুঝাও আপনে॥ বিছুর বলিল আমি কি বুঝাব নীত। মম বাক্য শুনিলে সে ভাবে বিপরীত : এখন কহিয়া মম কোন প্রয়োজন : যেবা ইচ্ছা করুক তাহার যাহে মন॥ এত বলি বিহুর বিদল অধোমুখে। ধৌম্য পুরোহিত তবে কহিল রাজাকে 🛭 মহামত্ত ছুর্য্যোধন আমি ভাল জানি : সং**শ্রীতে পাণ্ডবে নাহি** দিবে রাজধানী 🖟 পূর্বে যেন বলি বিরোচনের কুমার। বাহুবলে পরাজিল সকল সংগার॥ সম্পদে হইয়া মত্ত লা মানিল কারে। জ্ঞাতি বন্ধুজনে হিংদা কৈল অহঞ্চারে বলিরে ব্যক্ষিয়া হরি পাতালে রাখিয়া। ই**ন্দ্ৰকে** ইন্দ্ৰত্ব পুনঃ দিলেন ডাকিয়া ॥ সেই হরি পাণ্ডবের সহায় আপনি ! যাঁহার প্রদাদে প্রাপ্ত হবে রাজধানী 🖰 এত শুনি জিজ্ঞাসিল অম্বিকানন্দন। **কহ শুনি মুনিবর ইহার কার**ণ ॥ কি কারণে বলি দ্বেষ হৈল হারগণে। इंद्य मह विवाप इंडेन कि कांत्ररंग । ধৌম্য বলিলেন তাহা কহিতে বিস্তার। **मक्क्रि** বিলব কিছু শুন সারোদ্ধরি।

উল্যোগপর্কের কথা অমৃত-সমান। পাণ্ডবের উপাখ্যান অদ্ভূত আখ্যান॥ শুনিলে অধর্ম খণ্ডে হরে ভবভয়। প্যার প্রবন্ধে কাশীরাম দাদ কয়।

বলি বামোনোপাখ্যান। ত্তবে ধৌম্য কহে শুন অম্বিকানন্দন। কহিব অপূর্ব্ব কথা করহ শ্রাবণ।। আদি দৈত্য হিরণ্যকশিপু হিরণ্যক্ষ। মহাবলয়ন্ত হৈল প্রতাপে পাবক॥ 🗝 ির গর্ভের জাত কশ্যপ ঔরদে। _{হগতের} মধ্যে দুফ্ট হইল বিশেষে ॥ লহার নন্দন হৈল বিখ্যাত জগতে। দুৰ্ব্ব শাস্ত্ৰে বিচক্ষণ প্ৰহলাদ নামেতে॥ স্থার পুত্র বিরোচন বিখ্যাত **ভূবনে** । ংরে বিভূষিল আসি অদিতি ন**ন্দনে॥** ত্র'হ্মণরূপেতে আদি দান মাগি নিল। ্দুইক্ষণে বিরোচন নিজ অঙ্গ দিল ॥ রাক্ষণের হেতু ত্য**জে আপনার প্রাণ।** াহার নন্দন হৈল বলি মতিমান ॥ এতাপে **প্রচণ্ড বলি দেবের তুর্জ্ব**য়। াহুবলে স্বৰ্গ মৰ্ত্ত্য করিলেক জয়॥ সনিলেক **শুক্র গুরুম্বানে উপদেশে।** ছল করি দেবরাজ বাপেরে বিনাশে॥ ^{'প}সূবৈরী হয় ইন্দ্র শুনিল **শ্রবণে**। ^{সইক্ষ}ণে ডাকি **আ**জ্ঞা দিল দৈত্যগণে।। ∍রুরঙ্গ দৈশুদহ দাজিল ত্বরিত। 🖅 র নগরে গিয়া হৈল উপনীত ॥ ^{'বিবিধ} বাছ্যে**র শব্দে পুরিল গগন**। ^{দৈ}ত্যদৈন্য ব্যাপিলেক ইন্দ্রে**র ভূ**বন॥ ^{শুনি} দেবরাজ ক্রোধে ল'য়ে সৈম্ম**চ**য়। ^{র্শনির} সহিত রণ করিল প্রলয় ॥ ^{,দাঁহে} বলবন্ত দোঁহে সংগ্রামে প্রচ**ও**। ন্ন। অন্তর্মষ্টি করে যেন যমদণ্ড॥ ^{শেল} শূল শক্তি জাঠি ভূষণ্ডী মূলার । ^{পরশু} পট্টীশ গদা বিশাল তোমর॥

যেন প্রলয়ের কালে মজাইতে সৃষ্টি। দেবতা অহ্বরগণ করে বাণরুষ্টি॥ বলিরে চাহিয়া ইন্দ্র বলে ক্রোধ্মন। মোর হত্তে আজি তোর হইবে নিধন। এই দেখ অস্ত্র মোর ঘোর দরশন। ইহার প্রহারে তোরে করিব নিধন॥ এত বলি ইন্দ্র অস্ত্র যুড়িল ধনুকে। ক্ষণে অন্তর্রন্তি হয় ধনুকের মুখে ॥ শুন্মেতে আইদে অস্ত্র উল্পার সমান। অৰ্দ্ধচন্দ্ৰ বাণে বলি করে তুইখান॥ অস্ত্র বার্থ দেখি ইন্দ্র মনে পেয়ে লাজ : শক্তি অস্ত্র হানে তার হৰবের মাঝ॥ তুই বাণে বলি তাহা করে তুই খণ্ড। বাহুবলে মায়াবলে বিদ্ধিল প্রচণ্ড ॥ দেই অস্ত্রাঘাতে ইন্দ্র ইইল মুর্চ্ছিত। মাতলি বাহুড়ি রথ পলায় ছরিত॥ কতক্ষণে দেবরাজ হন সচেতন। মাতলিরে নিন্দা করি বলিল বচন॥ দম্মুখ সংগ্রাম মধ্যে বাহুড়িলি রথ। পলাইয়া গেলি যেন নাহি দেপি পথ। মাতলি বলিল মোরে নিন্দ অকারণ। অবধানে কহি শুন শাস্ত্র নিরূপণ ॥ রথী মুর্চ্ছা দেখি রথ বাহুড়ে দারথি। যুদ্ধশাস্ত্রে যোদ্ধাগণ কছে হেন নীতি॥ ইন্দ্র বলে শীদ্র তুমি বাহুড়াই রথ। বলিরে দেখাব আমি শমনের পথ ॥ আজ্ঞা মাত্র রথ পুনঃ চালায় মাতলি। হাতাতে পরিঘ নিল ইক্র মহাবলী॥ পরিঘ এড়িল ইন্দ্র উপরে বলির। মুকুট কুওল সহ কাটিলেন শির॥ হাহাকার শব্দ করে যত দৈত্যগণ। প্লাইল স্কলে না গ্ৰহ একজন ॥ তবে দৈত্য সমবেত হ'য়ে কতঙ্গনে। কান্ধে করি বলিরাজে ল'য়ে দেইক্ষণে ক্ষীরসিন্ধু স্থানে গেল সবে শুক্রস্থান। মন্ত্রবলে শুক্র ভারে দিল প্রাণদান ॥

গুরুর প্রসাদে বলি পাইল জীবন। বিধিমতে করে বলি গুরু আরাধন 🛚 গুরু আরাধিয়া বলি পায় দিব্য বর। করিলেক শিক্ষা ব্রহ্মযন্ত্র ষড়ক্ষর॥ মহামন্ত্র পেয়ে তবে বিচারিল মনে। অমর অজেয় আমি হৈব ত্রিভুবনে॥ এতেক ভাবিয়া বলি সম্বরে চলিল। হিমালয় তটে গিয়া তপ আরম্ভিল। করিল কটোর তপ লোকে ভয়ঙ্কর। প্রবন ভক্ষিয়া রূহে সহস্র বৎসর॥ তপে তুষ্ট হইয়া বলিরে দিতে বর। আইলেন চতুন্মু থ মরাল উপর ॥ ডাক দিয়া বলিরে কহেন প্রজ্ঞাপতি। তপদিদ্ধ হৈল তব শুন মহামতি॥ ভোমার তপেতে তুট হইলাম আমি। যেই বর মনে লয় মাগি লহ তুমি॥ শুনিয়া কহিল বলি করিয়া প্রণতি। বর যদি দিবা মোরে স্বষ্টি অধিপতি॥ অজেয় অমর হব ভুবনমগুলে। ত্রিস্থবন হউক আমার করতলে॥ স্বৰ্গ মৰ্ত্ত্য পাতালেতে আছে যত জন। কারো হাতে না হইবে আমার মরণ॥ বর দিয়া স্বস্থানে গেলেন প্রজাপতি। তপোযোগ করি বলি করিল আরতি॥ 😎ভকাল উদয় হইল আসি তার। সদৈত্য সাজিয়া বলি গেল নিজাগার॥ ইন্দ্রের সহিত পুনঃ আরম্ভিল রণ। দোঁহাকার রণকথা না হয় বর্ন॥ প্ররু আরাধিয়া বলি মহাবল ধরে। যুদ্ধে পরাভব করে অদিতি-কুমারে॥ পাৰন শামন ক্ৰন্তে বৰুণ তথান। ইন্দ্রাদি তেত্রিশ কোটি যত দেবগণ 🛭 যুদ্ধে পরাভব বলি করিল সবারে। পলাইয়া দেবগণ গেল স্থানান্তরে॥ দেবের সকল কর্ম্ম লইল অহুরে। নররূপে দেবগণ ভ্রমে মহীপরে॥

শুক্র গুরু আসি তবে উপদেশ দিল।
শত অশ্বমেধ বলি আরম্ভ করিল ॥
মহাযক্ত আরম্ভ করিল দৈত্যখরে।
নররূপে দেবগণ সংসারে বিহরে॥
অদিতি পুত্রের হৃঃথ হৃদয়ে চিন্তিল।
দেবের দেবত্ব বলি দৈত্য হরি নিল ॥
পুনরপি কি প্রকারে নিজ রাজ্য পায়।
চিন্তিল অদিতি মনে না দেখি উপায়॥
মহাভারতের কথা অমৃত-সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

অদিতির তপস্থা ও বিষ্ণুর প্রতি ন্তব। হৃদে বিচারিল তবে দেবের জননী। উপায় না দেখি আর বিনা চক্রপাণি॥ া সংসারের হর্ত। কর্ত্তা দেব নারায়ণ। বিশ্বস্রফী পোষ্টা তিনি সংহার কারণ ॥ তাঁহা বিনা এ বিপদে কে করিবে তাণ : তিনি ভক্তজনে কুপা করেন প্রদান। বিনা তপে তুষ্ট নহিবেন ভগবান। ভাবিয়া ক্ষীরোদকুলে করিল প্রস্থান 🛭 করিল কঠোর তপ দেবের জননী। তিন দিনে খায় তবে তিন লোটা পানি॥ অনন্তরে মাস মধ্যে খায় একবার। তার পার পরিত্যাগ করিল আহার॥ ধ্যান অবলম্ব হেতু করে নিরূপণ। উদ্ধৃদিষ্টে রহিলেন পবন অশন॥ তার তপে সন্তাপিত-এ তিন ভুবন। দেখিয়া চিস্তিত হইলেন পদ্মাসন ॥ দেবগণে ডাকি বলিলেন পিতামই। তপ পরীক্ষিত শীঘ্র সকলেতে যাই॥ ব্রহ্মার আজ্ঞায় ইন্দ্র আদি দেবগণ। মায়ের সাক্ষাতে গেল পরীক্ষা কারণ ॥ ইস্দ্র বলিলেন মাতা শুন নিবেদন। আত্মাকে এতেক ক্লেশ দাও কি কারণ। আমাদের ছুঃখ সব অদুষ্টে লিখন। শুভকাল সমাগতে হইবে খণ্ডন॥

গ্ৰন্থত সময়ে কৰ্ম ফল নাহি ধরে। ্বদের নিয়ম ছেন শাজ্রের বিচারে॥ এফণে অশুভকাল হইল আমার। দে কারণে এত হুঃ**ধ হয় অনিবার ॥** আত্মাকে এতেক ক্লেশ দাও কি কারণ। তপ্ত্যাগ করি মাতা স্থির কর মন॥ মাতৃহীন পুত্রদের নাহি স্থলেশ। দৰ্মদা ছঃখিত সেই পায় নানা ক্লেশ॥ ধর্মাহীন জন যেন ব্যর্থ উপার্চ্জন। ভক্তিহীন জ্ঞানিজন যেন অকারণ ॥ শ্রন্ধাহীন শ্রাদ্ধ যেন বীজহীন মস্ত্র। শাস্ত্রহীন গুরু যেন বাজহীন তন্ত্র॥ ্স কারণে নিবেদন শুনহ জননি। আপনার আত্মা রক্ষা করহ আপনি॥ ভোমার প্রসাদে মাতা **শুভকাল হলে।** স্ট দৈত্যগণেরে জিনিব অবহেলে॥ এতেক ব**লিল যদি দেব স্থরপ**তি। দ্যানভঙ্গ হইয়া চাহেন ক্রোধমতি॥ নয়ন প্রাবণ হৈতে অগ্নি বাহিরায়॥ ভয় পেয়ে দেবগণ পলাইয়া যায়॥ করিলেন ভ্রহ্মার সাক্ষাতে নিবেদন। শুনি ব্ৰহ্মা চলিলেন সহ দেবগণ।। ক্রারোদের কূলে গিয়া করিল স্তবন। रुके राय मन्दर्भन दिला नातायन ॥ নবজলধর জিনি অঙ্গের বরণ। প্রতাদ পরিধান রাজাবলোচন॥ আজানুলন্বিত বনমালা বিস্থৃষিত। নুপুর কঙ্কণ হার মুক্তা বিরাজিত॥ দিব্যযুত্তি সাক্ষাতে দেখিয়া নারায়ণে 🏾 প্রণিপাত স্তুতি করিলেন দেবগণে॥ স্তুতিবশে প্রদন্ন হইয়া ব্রুগৎপতি। কহিলেন দেবগণ সাক্ষাতে ভারতী 🛭 শীঘ্র হবে তোমাদের ছঃখ বিমোচন। বিশ্বানে প্রস্থান কর যত দেবগণ ॥ এত বলি অন্তর্হিত হন নারায়ণ। যথাস্থানে গেল ইন্দ্র আদি দেবগণ 🛚

ব্দিতির তপেতে তাপিত ত্রিভুবন। তুট হ'য়ে প্রত্যক্ষ দিলেন দরশন॥ সজল জলদ যেন অঙ্গ হুশোভন। কোটি শশীমুখ কুল্ল রাজীবলোচন ॥ কোকনদ কর পদ অধর অভুল। খগরাজ জিনিয়া নাসিকা তিল ফুল 🏽 কাঞ্চন বরণ জিনি অস্থর শোভন। আজানুলম্বিত বনমালা বিভূষণ ॥ শ্রবণে কুগুল দোলে অতি শোভা করে। দেখিয়া মানিল দেবী বিস্ময় অন্তরে 🛚 দাক্ষাতে দেখিয়া দেই কমললোচন। দগুবৎ প্রণাম করিল সেইক্ষণ ॥ করযোড়ে স্তুতিপাঠ করিল বিস্তর। জয় জয় নারায়ণ জয় দামোদর॥ শিষ্টের পালক নমে। তুই্ট বিনাশন। নমো হয়গ্রীব মধুকৈটভমৰ্দন ॥ নমঃ আদি অবতার মংস্থ-কলেবর ৷ নমো কূর্মা অবতার নমস্তে ভূধর॥ নমস্তে বরাহরূপ মোহিনী আকৃতি। অবতার শিরোমণি নমে। জগৎপতি॥ তুমি ইন্দ্র তুমি চন্দ্র তুমি বৈশ্বানর। আকাশ পাতাল তুমি দেব গদাধর॥ অন্তরীক্ষ নাভি তব পাতাল চরণ। পৃথিবী তোমার কটি অস্থি গিরিগণ॥ তোমার বিভৃতি এই সকল সংসার। আত্মারূপে সর্বস্থানে করিছ বিহার॥ পুরুষপ্রধান তুমি আদি সুনাতন। বিষম দঙ্কটে দেব করহ তারণ॥ এইরূপে স্তুতি করে দেবের জননী। প্রদন্ন হইয়া কহিলেন চক্রপাণি॥ তোমার স্তবেতে তুন্ট হইলান আমি। মনোনীত বর দিব মাগি লহ হুমি॥ যদি বা অসাধ্য হয় ভুবন ভিতরে। অঙ্গীকার করিলাম দিব তা তোমারে॥ ভক্ত যাহা বাঞ্ছা করে মম সন্নিধান। সেই বর করি ভারে অবশ্য প্রদান ॥

ভকতবৎসল আমি ভক্তের কারণে। আত্মদান করিয়া সম্ভোষি ভক্তজনে॥ দে কারণে বশ আমি হইনু তোমার। বর বাঞ্ছা আছে যদি মাগ সারোদ্ধার॥ এত শুনি কহিলেন অমর-জননী। যদি বর দিবা তবে দেব চক্রপাণি ॥ নিকণ্টক করি দেহ মম পুত্রগণে। ইন্দ্রের ইন্দ্রত্ব নিল অহ্বর দারুণে ॥ নররূপ ধরিয়া আমার পুত্রগণ। সঙ্গোপনে মহীতলে করিছে ভ্রমণ। গুরু আরাধিয়া বলি মহাবল ধরে। আমার তনয়গণে জিনিল সমরে ॥ পুত্রগণ ক্লেশ আমি দেখিতে না পারি। এজন্য তপস্থা করি অভাগিনী নারী॥ মম পুত্রগণে দেহ নিজ অধিকার। শহরের অহঙ্কার করহ সংহার ॥ দৈত্যারি পুগুরীকাক্ষ শ্রীমধুসূদন। প্রই বর আজ্ঞা মোরে কর নারায়ণ ॥ এত শুনি গোবিন্দ করিলা অঙ্গীকার। ভামার গর্ভেতে আমি হ'ব অবভার॥ ারিয়া বামনরূপ ছলিব বলিরে। 5ব পুত্রগণেরে স্থাপিব অধিকারে॥ াথিব অদ্ভুত কীর্ত্তি যাইব ধরণী। াত শুনি কহিলেন কশ্যপ-ঘরণী॥ প্রথাস কর প্রভু হেন লয় মনে। নামার গর্ভেতে তুমি জন্মিবা কেমনে॥ নন্ত ব্ৰহ্মাণ্ড তব এক লোমকূপে। ভাষারে গর্ভেতে আমি ধরিব কিরূপে॥ ার তত্ত্ব যোগিগণ না পায় উদ্দেশে। কল সাসার মুগ্ধ যাঁর মায়াবশে॥ াহারে কিরূপে আমি করিব ধারণ। ূন বুঝি উপহাস কর নারায়ণ॥ িসিয়া কহেন হরি উপহাস কেনে। 🖟 শ্বভাবে নাহি ভাবি আমি ভক্তজনে ॥ **ক্তজন সবে পারে আমায় ধরিতে।** মি সতীপাববা ভক্তি সাধিলে আমাতে॥

এত বলি স্বস্থানে গেলেন নারায়ণ। প্রণমিয়া দেবমাতা করিল গমন ॥ यांगीत कहिल (मरी ७ मर काहिनी। শুনি ভুফ হইল কশ্যপ মহামুনি॥ তবে কত দিন পরে দেব দামোদর। করিলেন স্থপবিত্র অদিতি উদর ।। 'দেবরূপ ধরে তবে দেবের জননী। দেখিয়া বিস্ময়াপন্ন হইলেন মুনি॥ জিমিলেন নারায়ণ জানিয়া নিশ্চয়। নানা স্তুতি করিলা কশ্চপ মহাশয়॥ নমো নমো নারায়ণ অখিলপাবক। নমো যজ্ঞকার হিরণ্যাক্ষ বিনাশক॥ নমস্তে নৃদিংহরূপী দৈত্য-বিনাশন। নমঃ সর্বাময় নমো জগৎপালন ॥ ব্রমাণ্ডনায়ক নমে। নমে। জগৎপতি। নমঃ কূর্ম্ম অবতার মোহিনী আকৃতি॥ নমো জগৎপতি তুমি নমো নারায়ণ। সর্বাস্থতে আত্মারপে তোমার ভ্রমণ **॥** তুমি স্জ তুমি পাল করহ সংহার। তোমার বিভূতি দেব সকল সংসার॥ শিষ্টের পালন কর চুষ্টের সংহার। সে কারণে মম ঘরে হৈল। অবতার ॥ নমস্তে বামনরূপ আদি সনাতন। এইরূপে স্তুতি করিলেন তপোধন।। স্তুতিবেশে প্রদন্ম হইয়া প্রতবাদ। কশ্যপের পুত্ররূপে হইল প্রকাশ। অদিতি গর্ভেতে জন্ম লইলেন হরি। সম্বরি বিরাট বেশ থর্বব মূর্ভি ধরি 🛭 জন্মমাত্র কহিলেন পিতারে কুমার। ঝটিতে আমারে কর ব্রাহ্মণ-সংস্কার॥ শুনিয়া কশ্যপ মুনি শুভক্ষণ করি। আপন পুত্রের গলে দিলেন উত্তরি ॥ কশ্যপেরে কহিলেন প্রভু নারায়ণ। মহাযজ্ঞ করে বিরোচনের নন্দন॥ অসংখ্য অদুত ধন বিজে করে দান। সে কারণে তথা আমি করিব প্রয়াণ॥

গাণিয়া আনিব দান বলি দৈত্যেশ্বরে। এত বলি চলিলেন বলির তুয়ারে। विन त्रांका युष्ठ करत विन युष्ठक्राता। ল্লারে দেখি বামনে কহিল শুক্র ছলে॥ ध्यवधान कत्र विन विनव विरम्ध । এই যে বামন আদে বালকের বেশে॥ অদিতির গর্ভে জন্ম বিষ্ণু অবতার। হইয়াছে তোমারে ছলিতে অগ্রসর 🛊 য়ে কিছু মাগিবে এই না দিবে ভাহারে। েত্র শুনি দৈত্য করে শুক্রে হাসি ভরে ॥ না ববিংয়া গুরু কেন কছ অকারণ। প্রথং নারায়ণ যদি এই সে ত্রাহ্মণ ॥ গাঁগার উদ্দেশে যজ্ঞ করি অনিবার। তিনি যদি ইনি তবে সৌভাগ্য আমার॥ ব্রুলাদি দেবতা **যাঁর পূজ্ঞা চরণ।** উদ্দেশে মাগয়ে বর যত দেবগণ 🛭 ্দেই প্রভু আদে যদি আমার আলয়। ত্যে গুরু অতি গুরু মম ভাগ্যোদয়॥ মাগিবেন যাহা তিনি করিব প্রদান। ইহাতে কি জন্ম কর বিরোধ সন্ধান॥ শ্মিকশ্মে বাধা দেও অতি অনুচিত। এত শুনি শুক্র গুরু হইল চুঃখিত॥ শাপ দিল বলি দৈত্যে মহাক্রোধভরে। ^{মন} বাক্য না শুন ঐশ্বর্য্য অহঙ্কারে॥ এই শাপে হইবে শ্রীভ্রম্ট এইক্ষণে। এত বলি শুক্র গুরু গেল ক্রুদ্ধমনে॥ উপনাত হইলেন তথনি বামন। অপূর্ব বালক রূপ ধরি নারায়ণ ॥ ^{নেখি যজ্জ-}ূহাতাগণ মানিল বিশ্বায়। উঠি করবোড়ে বিরোচনের তনয়। ^{প্রণাম} করিয়া দিল বসিতে আসন। দ্ভান্ধে বিজ**শিশু বৈদেন বামন**॥ ^{ই ট'ঞ্জ}ন করি স্তুতি কহে মতিমান। ^{হটল} সকল মম যাগ যজা দান ॥ ^{মাজি} সে সকল জন্ম হইল আমার। স কারণে কাইলা আমার এ আগার॥

যাহা চাহ দিবঁ তাহা না হবে অন্যথা। ত্রিভুবন চাহ যদি অপিব সর্বব্যা ॥ শুনিয়া কহেন হাসি কপট বাষ্মন। বহুদানে আমার কি আছে প্রয়োজন ॥ ব্রাহ্মণ বালক আমি তপস্তা-তংপর। আম ভূমি আমার কি কাজ দৈত্যেশ্বর॥ •ধ্যানে তপে জপে মম যায় সর্বাক্ষণ। বহুদান ল'য়ে মম নাহি প্রয়োজন॥ অরণ্যনিবাদী আমি ফল-মূলাহারী। সে কারণে কহি শুন দৈত্য-অধিকারী॥ যদি দিবা দান ভূমি করিয়াছ মনে। তিন পদ ভূমি দাও মাপিয়া চরণে॥ তপ করিবারে চাহি বসিয়া তাহাতে। ইহা ভিন্ন অন্য কিছু না চাহি তোমাতে॥ ভূমি দান সম দান নাহি ত্রিভুবনে। ভূমিদান মাহাত্ম্য শুনহ নূপমণে॥ স্তুঘোষ নামেতে এক আছিল বাহ্মণ। সৌভরী নগরবাসী দরিদ্রে লক্ষণ॥ ধনার্থে করিল বহু রাজ্য প্রয়টন। না মিলিল ধন তার খদৃষ্ট কারণ॥ ছয় পত্নী পুত্র পোত্র বহু পরিজন। উপাৰ্জ্বক দেই মাত্ৰ একেলা ব্ৰা**ন্ধা**॥ নিরন্তর ভিক্ষা মাগি আনয়ে ব্রাহ্মণ। ভ্রমণ ব্যতাক নহে উদর-ভরণ॥ একদিন দ্বিজ্বর ভিক্ষায় না গেল। আলস্থ করিয়া নিজ গৃহেতে রহিল॥ অন্ন হেতু কান্দয়ে সকল শিশুগণ। শুনিয়া হৃদয়ে তাপ পাইল ব্ৰাহ্মণ॥ আপনারে নিন্দা করি অনেক কহিল ! নির্থক জন্ম মম জগতে হংল 🛭 ধন্হীন মনুষ্ট্যের জন্ম অকারণ। মনুষ্ট্রের মধ্যে কেহু না করে গণন 🛚 ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শুদ্র ঘত জন। ধনহান হৈলে কেহ না করে গণন॥ ভার্য্যা পুত্র হারি হয় কেহ না ভানরে। ধনহান হৈলে কিছু করিবারে নারে॥

এইমত চিন্তিয়া চিন্তিত তপোধন। নগর ত্যজিয়া গেল ল'য়ে পরিজন 1 অবন্তি নগরে বিপ্র করিল বদতি। রুক্তি দিয়া আক্ষণে স্থাপিল নরপতি॥ সেই পুণ্যফলে অবন্তির নরপতি। দুই কল্প ইন্দ্ৰ সহ করিল বসতি॥ সে কারণে অবধান কর দৈত্যেশ্বর। ত্রিভুবনে নাহি ভূমি দানের উপর॥ তিন পদ ভূমি মাত্র সবে মাগি আমি। ইহা দিয়া আমারে সন্তোব কর তুমি॥ বলি বলে বামন বুঝিয়া বল বাণী। ত্রিপদে ভোমার ভৃপ্তি তাহা নাহি মানি। এই দান দিতে মম চিত্তে না আইদে। সংসারেতে অপযশ ঘুষিবে বিশেষে॥ অপ্যশ হইতে মরণ শ্রেষ্ঠ গণি। সে কারণে অবধান কর দ্বিজনণি॥ নগর চত্তর গ্রাম যেই ইচ্ছা মনে। সকল মাগিয়া দান লহ মম স্থানে॥ এত শুনি হাসি পুনঃ বলেন বামন। ইহাতে আমার কিছু নাহি প্রয়োজন॥ অঙ্গীকার করি বলি কহে অনুচরে। ভূঙ্গারে করিয়া জল আনহ সঙ্গরে॥ হাতে জল করি বলি দান দিতে যায়। দেখি দৈত্যগুরু তবে চিন্তিত উপায়॥ ব্জুকীটরূপে গুরু প্রবেশি ভূঙ্গারে। নলরত্ব করে জল খন না নিংসার । ভূঙ্গার ঢালিল জল নাহি পড়ে খতে। দেখি বলি দৈতোশ্বর পড়িল লড্জাতে ॥ এ সকল তত্ত্ব জানিলেন নারায়ণ। বলি প্রতি কহিলেন শুনহ রাজন। ভূঙ্গারের হার মুক্ত কর কুশাঘাতে i এত শুনি হাতে কুশ লইল সুরিতে॥ বক্স সম হৈল কুশ ঈশ্বর-কুপাতে। ভীষণ বাজিল কুশ ভার্গব চক্ষুতে ॥ দৈবের নির্ববন্ধ কভু না হয় খণ্ডন। এক চকু অন্ধ তার হৈল সেইকণ॥

কাতর ভার্গব মুনি গেল নিজ্ঞ স্থান। বলিদৈত্য বামনে দিলেন স্থুমিদান॥ দান পেয়ে হরি ধরিলেন হঠাৎকার। মহাভয়ঙ্কর মূর্ত্তি পর্বেত আকার॥ দেখিতে দেখিতে অঙ্গ বাড়ে ক্রমে ক্রমে: মুহুর্ত্তেকে তমু গিয়া ঠেকিলেক ব্যোমে॥ পৃথিবী সহিত হরি সকল নগর। এক পায়ে ব্যাপিলেক দেব দামোদর॥ সপ্ত শ্বর্গ ব্যাপিলেন আর এক পায়। আর পা রাখিতে স্থল নাহিক কোথায়। **जाक मिग्रा विलास वर्तन वर्नमानी**। চাহিলাম তব স্থানে তিন পদ স্থলী॥ তুই পদ ভূমিমাক্র পাইলাম আমি। আর পদ রাখি কোথা স্থল দেহ তুমি 🛭 এত শুনি বলে বিরোচনের নন্দন। অঙ্গীকার পূর্ণ মম কর নারায়ণ ॥ আমার মস্তকে পদ দেহ জগৎপতি। নরক হইতে মম কর অব্যাহতি॥ এত শুনি প্রশংদা করি। নারায়ণ। বলির মস্তকোপরি দিলেন চরণ॥ নানাবিধ মতে বলি পূজিল চরণ। গরুড়েরে আজ্ঞা করিলেন নারায়ণ॥ বলিকে পাতালে ল'খে বান্ধ নাগপাশে প্রভুর ইঙ্গিত পেয়ে গরুড় হরিষে। বলিকে পাতালে ল'য়ে বান্ধে দেইকা। সাধু সাধু প্রশংসা করিল দেবগণ॥ ইন্দ্র আদি দেবগণ আসিয়া হরিয়ে। হরিকে করিল স্তুতি অশেষ বিশেষে। ইন্দ্রকে ইন্দ্রত্ব দিয়া দেব ভগবান। অন্তৰ্হিত হুইয়া গেলেন নিজ স্থান॥ যাহা জিজ্ঞাদিলে রাজা কহিনু তোমারে সেইরূপ ছুর্য্যোধন অহঙ্কার করে। অচিরাতে সমরে মরিবে কুরুকুল। কুরুকুল প্রতি দেখি বিধি প্রতিকূল। এত বলি উঠিয়া সে ধৌম্য তপোধন। পাণ্ডব-দভাতে উত্তরিল সেইক্ষণ 🛭

বিষয় দেখি আন্তে ব্যস্তে পঞ্চ সহোদর।
বিসতে দিলেন দিব্য সিংহাসনোপর॥
পাত্য অর্ঘ্য দিয়া পূজি জিজ্ঞাসেন বাণী।
একে একে সকল কহিল ধৌম্য মুনি॥
তামার কারণে রাজা সবে বুঝাইল।
কারো বাক্য প্রর্ঘোধন কর্ণে না শুনিল॥
অংস্কার করিয়া বলিল কুবচন।
কো যুক্তে রাজ্য নাহি দিব কদাচন॥
এত শুনি পঞ্চ ভাই কহেন বচন।
কুলজ্য হেতু বিধি করিল স্ক্তন॥
মহাজ্য ইইবেক কুলের সংহার।
শুনিয়া চিভিত অতি ধর্ম্মের কুমার॥
মহাভারতের কথা অমৃত-সমান।
বিশীরাম দাস কহে শুনে পুণ্যবান্॥

ংগান্ত্র কর্তৃক পাণ্ডবের নিকট সঞ্জয়কে প্রেরণ। জন্মেজয় জিজ্ঞাসিল কহ মুনিরাজ। ছিছে কি করিল পরে অন্ধ মহারাজ॥ ট্রান বলে নরপতি শুন একমনে। কৈলে বাক্য হুৰ্য্যোধন না শুনিল কাণে॥ ত হাতে বিরক্ত হ'য়ে অন্ধ নরবর। জ্ঞেরে ডাকাইয়া **কহিল সত্তর**॥ শিশলে সঞ্জয় ছর্য্যোধনের ধ্বন্টতা। ি গুনিল না মানিল মহতের কথা॥ ि ভারণে যাও তুমি বিরাট নগর। ি শাশীকাদ কহু পাগুব গোচর॥ ে একে পঞ্চনে কহিবে কল্যাণ। ^{হিন্দু} প্রণয় করি **হ'য়ে সা**বধান॥ টাপদীকে আশীব্বাদ কহিবে আমার। ^{ইব্যাতি} দেখ এই সকল সংসার॥ িব যাহা করে তাহা খণ্ডিতে কে পারে। देव इत्व छान रिनर्ट नक्छ करत्र॥ ^{ि दातुर्} क्र्रांक लागिल इर्र्यायत् । ^{পট কার্যা} ভোমা পাঠাইল বনে॥ উপুত্র' হ'য়ে হাম রাজার মহিষী। ^{रेल ब्र}निक क्छे ब्रद्धशा निवित्र ॥

দৈবের ঘটনে এত হৈল বিসন্থাদ। মোরে দেখি কৌরবের ক্ষম অপরাধ।। সতী সাধ্বী গুণবতী তুমি পতিব্ৰতা। লক্ষ্মীরূপ। নারী তুমি ধর্মকার্য্যে রত। ॥ এইরূপে দ্রোপদীকে কহিবে বিনয়। কদাচ আমার প্রতি ক্রোধ নাহি হয়॥ পঞ্জনে কহিবে সময় অনুক্রমি। পাইলে অনেক কন্ট বনে বনে ভ্ৰমি॥ ত্রয়োদশ বৎসর অবধি তোমা বিনে। দহিছে আমার আত্মা সন্তাপ আগুনে॥ অন্ন নাহি রুচে মম নাহি রুচে নার। তোমা দবা বিচ্ছে:দতে দর্ববদা অস্থির 🛊 নয়নে নাহিক নিদ্রা ভোজনে না হুখ। তোমা দবাকার ছঃ:থ বিদরিছে বুক॥ গান্ধারী স্থবলস্থতা ভোষা দ্বা বিনে। করে খেদ বহে নীর সর্বদা নয়নে ॥ বিহুর বাহ্লীক আর সোমদত্ত বার। তোমা সবা অভাবেতে সর্বদা অস্থির ॥ চারি জাতি নগরে যতেক প্রজাগণ। তোমা পৰা না দেখিয়। অরুণ নয়ন॥ হস্তিনার লোক যত প্রঃখী রাত্রি দিন। সদা দীন কীণ যেন জলহ'ন মীন : তোমা রাজা বিনা রাজ্য শোভা নাহি পায়। ফলহীন রুক্ত যেন জন্ম রুখা যায়॥ জলহীন নদা যেন প্রস্থিন সর। চন্দ্রহীন রাতি যেন ধর্মহান নর॥ জ্ঞানহান জ্ঞানা যেন বাজহান মন্ত্র। বেদহান বিপ্র যেন যোগখান তন্ত্র ॥ তোমা সবা অভাবে তেমনি প্রজাগণ। এইরূপে বিনয়েতে কাংবে বচন ॥ নান্বিধ অলঙ্করে দিব্য বস্ত্র দিয়া। শীগ্রগতি যাভ পাণ্ডুপুত্র দেথ পিয়া ॥ ঘোটক সংযুক্ত রথে করি আরোহণ। শুভলগ তিতি আজি করহ গমন 🛭 এত শুনি দঞ্জয় উঠিল দেইকণ। যুড়ি খেচরের রুপে প্রবন গমন 🛚

বিরাট নগর মধ্যে পাণ্ডুর কুমার। সভামধ্যে অবস্থিতি দেব অবতার ॥ হেনকালে সঞ্জয় হইয়া উপনীত। দেখিয়া বিরাট স্পারে জিজ্ঞাসিল হিত ॥ দিব্য রত্ন-সিংহাদন দিলেন বসতি। পাণ্ডবে সম্ভাষি দৃত বদিল সভাতে॥ কহিল সঞ্জয় প্রতি ভাই পঞ্চজন। সমস্ত কুশলবার্তা কহ বিবরণ॥ ধ্বতরাষ্ট্র দ্রোণ ভীম্ম বাহলীক নৃপতি। আমাদের মাতা কুন্তা গান্ধারী প্রভৃতি॥ ত্রয়োদশ বর্ষ গত নাহি দরশন। কেবা জিয়ে কেবা মরে না জানি কারণ।। কোথা হৈতে এখানে তোমার আগমন। জ্যেষ্ঠতাত পাঠাইল এই লয় মন II কি কহিয়া পাঠাইল অম্বিকানন্দন। ভীন্ম দোণ কুপ আর যত সভাজন ॥ কি কহিল কর্ণ বীর রাধার কুমার। ছুর্য্যোধন কি বলে শকুনি ছুরাচার॥ উভয় কুলের হিত সবে কি চিন্তিল। সম্প্রীত করিতে বুঝি তোমা পাচাইল। যেই সত্য করিলাম সবার অত্যেতে। তাহাতে হইনু মুক্ত ধর্মের রূপাতে॥ দর্বধর্ম মূল হরি ব্রহ্ম দনাতন। তাঁহার কুপায় হৈল সঙ্কটে তারণ॥ এত ছঃখ পেয়ে তবু রাখিলাম ধর্ম। সবে হুগে আছেন সবার মূল কর্ম। স্মৃচিত ভাগ থেই হয়ত আমার। তাহা ছাড়ি দিতে করিয়াছে কি বিচার॥ কহ ভান সঞ্জয় সমস্ত বিবরণ। এত শুনি সঞ্জয় করিল নিবেদন॥ ভাষ্ম দ্রোণ রূপ আর বাহলীক নৃপতি। সম্প্রাত করিতে দবে দিল অনুমতি॥ কার' বাক্য না শুনিল কৌরব হুর্মাতি। সাত্ত্র করিলা কত অন্ধ নরপতি ॥ ভীষ্মনুগে শুনি তোমা স্বার উদয়। আ্মলিত সকলের হইল হলয়॥

চারিজাতি নগরে যতেক প্রজাগণ। শুনিয়া সকল বার্ত্তা হুফ্ট সর্ববন্ধন ॥ মৃতদেহে যেন জীবে পাইল জীবন। তোমাদের সংবাদে তেমনি প্রজাগণ 🛭 স্থল্ অমাত্য জ্ঞাতি যত বন্ধুজন। সদা হাহাকার শব্দে করিল রোদন॥ ডাকিত পাণ্ডব বলি সদা উৰ্দ্ধমুখে। তোমাদিগে না দেখিয়া দগ্ধ ছিল চুঃখে। আত্মার বিহনে যেন না রহে জীবন। ভোমাদের বিহনে তেমনি সর্বজন॥ দ্বাদশ বৎসরাবধি যত প্রজাগণ। স্থলেশ নাহি কার জীয়ন্তে মরণ॥ এবে সমাচার শুনি তোমা স্বাকার। দেখিতে উদ্বেগ চিত্ত আনন্দ অপার॥ তোমা পঞ্চাই যবে গেলে বনবাদে। বিনা মেঘে নগরেতে রুধির বরিষে ॥ দিবদে ডাকয়ে শিবা অতি কুলকৰ। উল্কাপাত কি নিৰ্ঘাত শব্দ ঘনে ঘন 🛚 দেইক্ষণে ধৃমকে চু প্রকাশে আকাশে। অশ্ব হস্তা পশুগণ কান্দে চারি পাশে। অলক্ষণ দেখিয়া বলিল জ্ঞাতিগণ। কুলক্ষয় হৈল রাজা তোমার কারণ 🛭 অতি কুলক্ষণ রাজা দেখি শাস্ত্রমতে। এখন উপায় কর যদি লয় চিতে। দিনে দিনে অলক্ষণ দেখ মহাবল। পৃথিবী হরিল শস্ত মেঘে অল্ল জন। দে কারণে নরপতি মম বাক্য ধর। আপন কুলের হিত যদি বাঞ্ছা কর। ফিরাইয়া আন পঞ্চ পাণ্ডুর কুমার। সেই ইব্ৰপ্ৰস্থে পুনঃ দেহ অধিকার॥ পুত্রবশে ধৃতরাষ্ট্র শুনি না শুনিল। সেই কাল আসি উপস্থিত যে হইল 🛚 অনন্তর উত্তর গোগ্রহে কুরুগণে। পরাজয় করিলেন ধনঞ্জয় রণে॥ দগুভগ্ন হইয়া আইল কুরুপতি। ভীষ্ম দ্রোণ ধৃতরাষ্ট্র বুঝাইল নীতি 🛚

ব্যানক দৃটান্ত দিয়া কহিল বচন। কার' বাক্য না শুনিল রাজা হুর্য্যোধন।। পরে ধৌম্য পুরোহিত তোমার আদেশে। রঝাইল বহুমতে শাস্ত্র উপদেশে॥ অনাদর করি তাহা না শুনিল কানে। শুনিয়া থাকিবে তাহা ধৌম্যের সদনে ॥ ° ক্রার' বাক্য ভূর্য্যোধন যবে না শুনিল। অংগারে ডাকিয়া তবে বুড়াটি বলিল। ্রই রত্নধন দিল বস্ত্র অলঞ্চার। প্নঃ পুনঃ অনেক কহিল বারে বার ॥ কহিল যে সব কথা শুনহ রাজন। ংগেদশ বর্ষ মধ্যে না ছিল মিলন॥ প্রাইলে অনেক কফ্ট ভ্রমি বনে বন। ্দ সকল মনে না করিও কদাচন॥ কপটী কুমন্ত্রী কর্ণ আর ছঃশাদন। শুক্রি সৌবল আর রাজা ছুর্য্যোধন॥ তথ্যদের ক**পটে হইল সর্বনাশ।** ্রামর। মরণ্য মধ্যে আমরা নিরাশ ॥ শ্ৰদ্ধ দেখি ছুৰ্য্যোধন আমা নাছি মানে। গৰ কথা বলি আমি নাহি শুনে কানে॥ মাসার বচন সেই চিত্তে নাহি লেখে। কর্ন চংশাদনের বচন মাত্র রাখে॥ ্র্যোধন রাজ্য ছাড়ি নাহি দিতে চায়। ^{নট} চিত্তে আ**দে তাহ। কর ধর্মা**রায়॥ ^{এই} শুনি পুনরপি করে পঞ্চন। ^{তত্} শুনি কি কালল হাজা সূর্যোধন॥ ি বলিল কৰ্ণ বীর রাধার **নন্দন**। বর করি বালবে গুনিব দিয়া মন । ^{দপ্তর কাইছে} শুন পাওুর কুমার। ^{জ হল} নিষ্ঠ_ুর তুর্য্যোধন তুরাচার ॥ ^{বিনা} যুদ্ধে রাজ্য নাহি আমি দিব তারে। ্রান শক্তি তার মোরে বলাৎকার করে॥ ^{কি মহা} বারগণ **আমার সহায়।** ট্রির্ডকে করিব পাগুব পরাজয়॥ ^{ভা সভা} নিশ্চয় আমার যুদ্ধ পণ। ^{ম্ইরূপে} ক**হিল নৃপতি ছ**্য্যাধন ॥

রাধেয় করিয়া দম্ভ করিল বিস্তর। কার শক্তি মম সঙ্গে করিবে সমর 🛭 একমাত্র ধনঞ্জয় সংগ্রামে প্রথর। প্রথম যুদ্ধেতে তারে মারিব সহর ॥ তারে মারি চারি জনে রাখিব বান্ধিয়া। নিষ্ণণ্টকে রাজ্য কর নির্ভয় হইয়া 🛚 এইরূপে কহিলেন রাধেয় ছুশ্মতি। চিত্তে যাহা আদে তাহা কর নরপতি 🛭 निन्छग्न इटेरव ज्ञण ना इरव वाज्ञण। বুঝিয়া করহ কার্য্য ভাই পঞ্চন ॥ পৃথিবীতে বৈদে যত রাজ-রাজ্যেশ্বর। যুদ্ধ হেতু বরিবারে পাঠাইল চর 🛭 নানা অন্ত্র শস্ত্র রথ দামগ্রী বিস্তর। তুর্যোধন আজ্ঞায় করিছে অসুচর॥ শুনিয়া সঞ্জয়-বাক্য ধর্মের নন্দন। কহেন কম্পিত অঙ্গ অরুণলোচন ॥ যাও পুনঃ সঞ্জয় আমার দৃত হ'য়ে। যাহা কহি কৌরবে করিবে বুঝায়ে॥ ধ্বতরাষ্ট্র জ্যেষ্ঠতাত তাঁর উপরোধ। সে[°]কারণে পূর্ব্ব হৈতে না করিমু ক্রেয়ধ ॥ সেই হেতু এতদিন রহিল জীবন। আপনার মৃত্যু বুঝি চাহিছে এখন ॥ মৃত্যু শ্রেয়ঃ এখন বুঝিল অনুমানে। সে কারণে বুদ্ধ ইচ্ছা করিয়াছে মনে॥ অঙ্গ কাৰ্য্য জ্ঞাতিবধে নাহি প্ৰয়োজন। আপনার মান রক্ষা কর ভূর্য্যোধন॥ সমূচিত ভাগ যেই শাস্ত্র নিরূপণে। তাহা দিয়া বৃশু কর আমা প্রভরনে॥ নহিলে প্রলয় বড় হবে কুলক্ষয়। এইরূপে কোর্টেবলৈ কহিও নিশ্চয় 🛚 তবে ভাষ কাহলেন ক্রোধ করি মনে। মম বার্ত্তা কাহার কোর বিজ্ঞানে 🛭 হিমাদ্রি ত্যজ্জরে ধৈর্য্য নূর্য্য না প্রকাশে। অনল শীতল হয় সপ্তাসিকু শোষে ॥ নক্ষত্ৰ সহিত শশী ত্যব্ধয়ে আকাশ। পুর্ণিমার চন্দ্র যদি না হয় প্রকাশ 🛚

্যাগী যোগ ত্যঙ্গে ধর্ম্ম ত্যঙ্গে ধর্মিজন। াায়ত্রীবিহীন হয় ব্রাহ্মণ-নন্দন ॥ তথাপি প্রতিজ্ঞা মম না হবে খণ্ডন। উক্ল ভাঙ্গি তুর্য্যোধনে করিব নিধন্॥ করিয়াছি অঙ্গীকার সভা বিগুমানে। কহিলাম সঞ্জয় এখন তব স্থানে॥ छूर्य्याधन लग्न यक्ति धर्ण्यत भवन । যতেক প্রতিজ্ঞা মম সব অকার।॥ মম হাতে দব ভাই রক্ষা পাবে তবে। এই কথা অমুদারে কহিবে কৌরবে॥ অবশ্য আমার হাতে হইবে নিধন। যত তুঃখ পাইলাম আছে সে স্মরণ॥ এই সব তুঃখে অঙ্গ হতেছে দাহন। এই সব হুঃখেতে সদাই পুড়ে মন॥ সভামধ্যে দ্রোপদীর হুদিশা হইল। দেখিয়া অক্ষের মুখ সকলি দহিল। সেই দব অগ্নিপ্রায় জ্বলিছে অন্তরে। ধর্ম-আজ্ঞা পাইলে যাইবে যমঘরে॥ রাজ্যভাগ ছাড়ি দিতে বলিও আমার। নিবৃত্ত হয়েছে অমি জ্বলে পুনর্বার ॥ এইরূপে কহিবে নুপতি হুর্য্যোধনে। ত্বঃশাসন কৰ্ণ আদি যত কুৰুগণে॥ এত বলি নিবর্ত্তিল মারুত-তনয়। বলিল সঞ্জয় প্রতি তবে ধনঞ্জয়॥ কহিবে অন্ধেরে তুমি মম নমস্কার। তোমা বিভয়ানে হুঃখ হইল অপার॥ কৌরবের পতি তুমি কৌরবের গতি। ভোমা বিনা কুরুকুলে নাহি অব্যাহতি ॥ আমার বিভাগ রাজ্য দেহ অবিকল। অল্ল হেঠু জ্ঞাতিবধে নাহি কোন ফল ॥ তুমি বদি আজ্ঞাকর আমারে রাজন্। আপনার রাজ্য গিয়া লই এইকণ ॥ ভবে যদি বিরোধ করিবে ছুর্য্যোধন। আমি দ্বন্দ্র কদাচ না করিব রাজন ॥ অত্যাচার করিলেও প্রাণে না মারিব। আজা যদি দেহ তারে বান্ধিয়া রাখিব ॥

বলিকে বান্ধিয়া যেন ইন্দ্র রাজ্য করে।
তব হিত হেতু রাজা কহি সে ভোমারে॥
কদাচিত যদি না করিবে এইমত।
স্ববংশ সহিত তবে মজিবে নিশ্চিত॥
এইরূপে মম কথা কহিবে অন্ধেরে।
না শুনিলে পুনরপি কহিবে তাহারে॥
বাতাপি পক্ষীর কথা শুনেছি কথন।
সেইরূপ ধৃতরাষ্ট্র-তব আচরণ॥
এত শুনি ধনঞ্জয়ে জিজ্ঞাসে সঞ্জয়।
বাতাপি পক্ষীর কথা কহ মহাশয়॥

বাভাপি পক্ষীর ইতিবৃত্ত।

অর্জ্জুন কছেন শুন পূর্বের কাহিনী। তপস্ত। করিতে যথা গেল খগমণি ॥ করিয়া ভীষণ তপ বিষ্ণু আরাধিল। মনোনাত বর লভি ফিরিয়া আদিল 🛭 ঋষ্য মুখ পর্বতেতে রহে খগেশ্বর। ঋষ্য-নামে রাজা সেই গিরির **ঈশ্বর**॥ তার ভার্য্যা রূপবতী পরমা হুন্দরী। স্বামী দেবা করে পুত্র বাঞ্ছা করি॥ কতদিনে অপুত্রক মরে নরপতি। শোকাকুলা স্বামাশোকে ভাৰ্য্যা গুণৰতী। একাকিনী বন মধ্যে করেন ক্রন্দন। ক্রন্দনের শব্দ শুনি বিনতানন্দন ॥ ধরিয়া মনুষ্য রূপ গেল তার স্থান। দেখিয়া কামিনারূপ মোহিল তখন ॥ মদন মোহন বাণে হ'য়ে জ্বর জ্বর। কহিল কন্সারে করি বিনয় উত্তর 🛚 একাকী রোদন কর কিদের কারণ। কার কন্যা তুমি তব পতি কোন্জন॥ নিজ পরিচয় মোরে কহ হ্রবদনী। এত শুনি কহে কন্তা যুড়ি ছুই পাণি॥ দক্ষবংশে জন্ম মম বিখ্যাত ভুবনে। ঋষ্য নামে রাজা ছিল এই ত কাননে ॥ পুত্র বাঞ্ছা করি তপ করিল রাজন। পুত্র না জন্মিল তার হইল নিধন 🛭

রাজা হ'য়ে রাজ্য রাথে বংশে কেহ নাই।

দে হেরু ক্রন্দন করি শুন যাহা কই॥

গরুড় কহিল শোক না কর অন্তরে।

আনি জন্মাইব পুত্র তোমার উদরে॥

এত শুনি কহে কন্যা করি যোড়কর।

কুপা যদি কৈলে তবে শুন থগেশ্বর॥

শতপুত্র দান দেহ তোমার ঔরসে।

মহাবলবন্ত যেন হয়ত বিশোষে॥

ক্লার বচনে থগ অঙ্গীকার কৈল। দ্বানশ বছর ক্রীড়া আনন্দে করিল। কতদিনে ঋতুযোগে হৈল গর্ভবতী। এককালে শত **ডিম্ব প্রসবিল সতী**॥ সুশীলা নামেতে তার আছিল সতিনী। দেব। করি পরিভূষ্ট করে খগমণি॥ স্বধন্ম বুঝিয়া তারে করিল রমণ। ঝহুগোগে গর্ভবতী **হৈল সেইক্ষণ॥** হুট ডিম্ব এককালে কন্সা প্রদবিল। কতদিন পরে ভি**ন্ন সকলি ফুটিল 🛚** স্থালার গর্ভে হৈল যুগল নন্দন। **७** क क न व्यक्त रहल, रेमव निर्वयक्तन ॥ অধক বলিয়া নাম রাখিল তাহার। মহাবলবন্ত হৈল দ্বিতীয় কুমার॥ ম্মুরোর প্রায় যেন পক্ষীর আকুতি। জ্টায়ু তাহার নাম রাথে থগপতি **॥** পার দব পুত্র হইল মহাবলধর। ^{তেজঃ} পুঞ্জ হুগঠন পর্ম হুন্দর । প্রধান পুত্রের নাম রাখিল কুবল। তারে রাজা করিল গরুড় মহাবল॥ ^{ছত্র দণ্ড} দিয়া তারে 'স্থাপিল রাজ্যেতে। ^কুদিনে গেল রাজা স্থমেরু পর্বতে ॥ ^{প্র}ের সহ তথা বিবাদ *হইল*। ^{্ঠির}কাল খগেশ্বর তথায় র**হি**ল॥

^{হিন্না} দব নাগগণ পেয়ে অবদর। ^{ব্ৰন্}যুক পর্বতেতে আদিল দহর॥ ^{ব্ৰন্} পক্ষীর রাজা গরুড় কুমার। ভার দঙ্গে যুক্ক কৈল শতেক বছর॥

শত ভাই সহ তারে করিল সংহার। দেখিয়া অন্ধক পক্ষী করিল বিচার॥ ভাতৃসহ নিল নাগগণের শরণ। অভয় তাহারে দিল যত নাগগণ 🕸 অন্ধকেরে রাজা করি স্থাপিয়া রাজ্যেতে। স্বদলে চলিয়া নাগ গেল পাতালেতে **॥** কতদিনে খগেশ্বর আসিল তথায়। পুত্রগণ মৃত্যু শুনি ক্রোধে কম্পকায়॥ সেই দোষে মারে বীর বহু নাগগণে। ব্ৰহ্মা আসি শান্ত কৈল বিনতা-নন্দনে ॥ জটায়ু ধার্দ্মিক হৈয়ে, তপস্বী অপার। তাহার ঔরদে হৈল যুগল কুমার॥ শুক দারী নাম রাথে পক্ষীর প্রধান। পরম হুন্দর হৈল মহাবলবান্॥ অন্ধক-ঔরদে হৈল সহত্র কুমার। মহাবলবন্ত হৈল পক্ষীর আকার ॥ প্রথম পুত্রের নাম বাতাপি রাখিল। শুভক্ষণ দেখি তারে রাজ্যপদ দিল। মহাবলবন্ত হৈল পক্ষীর প্রধান। গরুড় বংশের কথা অদ্তুত আখ্যান॥ কোটি কোটি পক্ষী জন্মে তাহার ঔরসে। मृत छा जिगरन भारत धर्म छे भरतर ॥ চিন্তিয়া বাতাপি পক্ষা বলে মহাবলী। সব নাগগণ দঙ্গে কবিয়া মিতালি ॥ তাহার আশ্বাদে মুগ্ধ নাগরাজ বংশে। নিরস্তর বলে ছলে নাগগণে হিংসে ॥ শুক সারী তুই ভাই ছিল বুদ্ধিমন্ত। জানিল বাতাপি পক্ষী জ্ঞাতিগণ অন্ত॥ এতেক চিন্তিয়া দোঁহে সম্বর চলিল। হিমান্তির তটে গিনা ত**প আরম্ভিল ॥** করিয়া কঠোর তপে পৃক্ষি পঞ্চাননে। মনোনীত বর পেয়ে ভাই তুই জনে ॥ আসিয়া সকল শক্ত করিল বিনাশ। কহিলাম ভোমারে এ পক্ষী ইতিহাস 🛭 দেইরূপ ধৃতরাষ্ট্র করে আচরণ।

बुद्रुर्खित्क मदश्यार्क स्ट्रेंदि निधन ॥

দহিংসকে হিংসে ধেই দৈবে তারে হিংসে। চার দোষে বাতি দিতে না থাকিবে বংশে॥

কুরুক্তে যুদ্ধসজ্জা করিতে বৃধিষ্টিরের অনুমতি ও কুরুক্তের উৎপত্তি কথন।

জন্মেজয় কহিলেন কহ তপোধন। অতঃপর কি করিল ভাই পঞ্জন। হেথা তুর্য্যোধন রাজা করিল সাজন। তবে কিবা করিলেন পাণ্ডুর নন্দন॥ কোন্ কোন্ রাজা হৈল সহায় তাঁহার। বল শুনি মুনিবর করিয়া বিস্তার ॥ মুনি বলিলেন শুন নৃপ জন্মেজয়। হৃদয়ে চিন্তিয়া তবে ধর্ম্মের তনয়॥ নিশ্চয় হইবে যুদ্ধ না হয় খণ্ডন। ভাতাগণে ডাক দিয়া কহিল বচন॥ ্ডনিলে কি ভ্রাতৃগণ কৌরব কাহিনী। সাজিল পাপিষ্ঠ একাদশ অক্ষেহিণী ॥ আমাদের পক্ষে যত স্থহদ স্তক্র। যুদ্ধ হেতু সবাকারে লিখহ লিখন ॥ ভোজবংশ অন্ধবংশ যতেক রাজন। সৌবল স্থমিত্র আদি মাদ্রীর নন্দন॥ যত্নবংশে উগ্রসেন আদি রাজগণ। যথা যোদ্ধা স্বাকারে পাঠাও লিখন 🛚 অকুচরগণে আজ্ঞা কর শান্ত্রতরে। **কুরুক্তে গড়খাই কছ** রচিবারে 🛭 ভক্ষ্য ভোজ্য আদি করি করং সঞ্চার। নানা অন্ত্র শত্র আর বহু উপহার॥ নুপতির আজ্ঞামাত্রে ইন্দের নন্দন। ডাকিয়া সে ধুষ্টত্যুন্নে কহিল তথন॥ আপনিও যাও তথা বিলম্ব না সয়। কুরুক্তেত্রে কর গিয়া বিচিত্র আলয় ॥ কুরুক্তেত্র মহাতীর্থ পুরাণে বাখানি। যাহাতে পড়িলে যুদ্ধে পায় দেবযোনি ॥ পূর্ব্বপিতামহ মম কুরু নৃপমণি। ব্যসমূখে শুনিয়াছি তাঁহার কাহিনী 🛚

একছত্র মহারাজ ছিল ভূমগুলে। করিলেন কুরুকেত্র নিজ পুণ্যফলে। বলিলেন ধৃষ্টপ্তান্স করিয়া বিনয়। ইহার রুত্তান্ত কহ শুনি ধনঞ্জয়॥ অর্জ্জুন বলেন শুন পূর্ব্বের কাহিনী। মহাধর্মশীল ছিল কুরু দৃপমণি ॥ বাহুবলে শাসিল সকল ভূমগুল। একচ্ছত্র রাজা হৈল বলে মহাবল ॥ নানা দান নানা যজ্ঞ করিল নুপতি। কুরুরাজগণ যত জগতে বিখ্যাতি ॥ একদিন পিতৃগণ কহিল তাঁহারে। মাংসঞ্জান্ধে তৃপ্তি কর আমা সবাকারে। পিতৃগণ-আজ্ঞাকারী শুন কুরুপতি। মুগয়া কারণে বনে গেল শীভ্রগতি॥ মারিল অনেক মুগ অরণ্য ভিতর। আগু বাড়ি পাঠাইল নৃপ বহুতর॥ মৃগয়ান্তে আন্ত বড় হইল রাজন। জল অন্বেষিয়া রাজা ভ্রমিলেন বন ॥ জল নাহি পান রাজা হইয়া তুঃখিত। দণ্ডক কাননে রাজা হৈল উপনীত॥ মুনির আশ্রম সেই অপূর্ব্ব কানন। মনুষ্য-অগম্য স্থল অতি স্থশোভন॥ আছে দিব্য সরোবর বনের ভিতরে। দেবকন্যাগণ তাহে নিত্য কেলি করে 🛭 সেই সরোবরে রাজা হন উপনীত। সরোবর দেখিয়া পাইল বড় প্রীত॥ বহুরূপা নামে কন্মা দেবের নর্ত্তনী। রূপেতে কনকলতা খঞ্চননয়নী॥ মুখরুচি শত শশী করিয়াছে শোভা। ওষ্ঠস্থল অতুল বন্ধুক পুষ্পা আভা ॥ 😎 কচঞ্চ জিনি নাদা জিনি তিলফুল। কামের কামান ভুরু কিবা দিব তুল 🎚 দেখিয়া কন্সার রূপ মোহিত রাজন। ক্ষুধা তৃষ্ণা পাদব্বিল কামে অচেতন ॥ নিকটে যাইয়া রাজা কহিল কন্সারে। নিজ পরিচয় তুমি কহিবে আমারে 🖡

তোমার রূপের দীমা না যায় বর্ণনে। তোমা সম রূপ গুণ না দেখি নয়নে॥ ্রিবা লক্ষ্মী সরস্বতী হবে হরপ্রিয়া। সাবিত্রী রুক্মিণী কিবা হবে সর্বজয়া। কিবা নাগকন্যা হবে তিলোভমা প্রায়। নিছ পরিচয় কন্সা কহিবে আমায়॥ রন্যা বলে শুন মম পূর্বের কাহিনী। বত্রপ। নাম মম ইত্রের নর্তনী॥ শ্বজন্ম আছিল আমার পক্ষিযোনি। প্রভাসে বসতি ছিল নাম সারঙ্গিণী 🏽 হবা শ্বিতি করিয়া ছিলাম বহুকাল। কত দিনে বুদ্ধদশা **হইল জঞ্জাল**॥ ভরাতে আমার তকু ব্যাধিতে পীড়িল। ্দই রক্ষ উপরে আমার মৃহ্যু হৈল।। ম্বিয়া শুকায়ে ছিন্ম রক্ষের উপরে। বহুকাল ছিলাম সে বাসার ভিতরে॥ দৈবের নির্ববন্ধ কভু না হয় খণ্ডন। কভদিনে ঘোরতর ব**হিল পবন ॥** বাদার দহিত মম শুক্ষ কলেবরে। উড়াইয়া ফে**লিলেক প্রভাসের নীরে**॥ প্রশ করিতে অঙ্গ প্রভাসের পানী। সর্ব পাপে মুক্ত হইলাম নূপমণি ॥ দিব্যয়তি হইলাম রূপেতে পদ্মিনী। সেই পুণ্যে হইয়াছি ইচ্ছের নর্ত্তনী ॥ ম্ব্রেজ্র সাক্ষাতে নৃত্য করি বরাবর। এক দন পাপবৃদ্ধি হইল আমার॥ স্থাক্ষে মহারাজ খট্টাঙ্গ আছিল। 😘 হেতু ইন্দ্র তাঁরে বরিয়া আনিল॥ করিলেন অহুর সহিত ছোর রণ। ^{দবাকা}রে পরাজিল খট্টাঙ্গ রাজন ॥ ^{হুষ্ট হ'য়ে} সভাতে লইল ইন্দ্র তারে। ূর করাইল নৃত্য আমা সবাকারে॥ ^{ট্টাঙ্গ} নৃপতি রূপে পরম স্থলর। िरंद (पश्चि क्षर्यः विक्रिम कोमनत्र ॥ নিং পুনং চাহিলাম তাঁহার বদন। ^{দিখি ইন্দ্ৰ} জ্বোধে শাপ দিল সেইকণ ॥

দেবলোকে থাকি কর মনুষ্য-আচার। নরলোকে কিছুকাল কর ব্যবহার॥ দে কারণে নরপতি হেথায় বদতি। বিরহিণী আছি নাহি মিলে যোগপেতি ॥ এত শুনি হাসিয়া বলিল নুপমণি। আমারে বরণ তুমি কর বিরহিণী॥ চন্দ্রবংশে মম জন্ম কুরু নাম ধরি। সমস্ত সংসার মধ্যে আমি অধিকারী॥ তোমারে দেখিয়া মন মজিল আমার। কামানলে দহে তন্ত্র করহ নিস্তার ॥ শ্রেষ্ঠ পাটেশ্বরী আমি করিব তোমারে। এত শুনি কন্যা পুনঃ কহিল রাজারে॥ নিশ্চয় নৃপতি আমি করিব বরণ। এক সত্য মম খাগ্রে করহ রাজন। আপন ইচ্ছায় আমি করিব যে কাজ: আমারে নিষেধ না করিবে মহারাজ। কুবচন বল যদি ত্যজিব তোমারে। কন্যার বচনে রাজা অঙ্গীকার করে॥ ক্রমারে লইয়া রাজা গেল নিজ দেশে। নিরবধি কেলি করে অশেষ বিশেষে ॥ একদিন নরপতি কহিল কন্যারে । শীত্রগতি জল দেহ আনিয়া আমারে 🛚 কন্যা বলে এবে মম আছে প্রয়োজন। মুহুর্ত্তেক পরে জল দিতেছি রাজন ॥ কহিলেন ভূপতি ব্যাকুল কলেবর। আমারে আনিয়া জল দেহ শীঘ্রতর ॥ নৃপতির বাক্য কন্যা না করে প্রবণ। ক্ৰেছ হ'য়ে বলিলেন বহু কুবচন ॥ ক্রোধেতে করিল নিন্দা বিবিধ প্রকারে। গণিকার জাতি 🕻 🦮 বলিব ভোরে॥ এত শুনি হাসি কন্যা কৰিল রাজারে। পূর্ব্ব সত্য পাসরিলা ছাড়িমু ভোসারে ॥ এইক্ষণে ত্যাগ করি যাব নিজ স্থান। এতেক বলিয়া কন্যা হৈল অন্তৰ্দ্ধান। কন্যারে না দেখি রাজা আকুল জীবন। কনাৰে ভাৰনা বিনা অন্যে নাই মন 🛭

রাজ্যপদে নাহি মতি অন্তরে বিরাগ। বিবাছ না করে রাজা যৌবনাকরাগ ॥ র্দ্ধ মন্ত্রিগণ সবে বুঝান রাজারে। কি হেতু ভূপাল চিন্তা করিছ অন্তরে॥ বহুরূপা কন্যা সেই ইন্দ্রের নাচনী। ইন্দ্রশাপে হ'য়েছিল তোমার রমণী॥ শাপে মুক্ত হ'য়ে সেই গেল হারপুরে। তার হেতু শোক কেন করহ অন্তরে॥ যদি তুমি সেই কন্যা চাহ নরবর। দেবরাজ হন সেই কামিনী-স্থার ॥ বিনয় করিয়া কর ইন্দ্র-আরাধন। তবে সেই কন্যা প্রাপ্তি হইবে রাজন ॥ হস্তিনার উভ্তরেতে সরস্বতী তীরে। আছে উপবন রম্য তাহার উপরে॥ নিত্য আসি স্তরভি চরয়ে সেই বনে। ইদ্র-আরাধনা কর স্থরভি-পেবনে ॥ তবে পুনৰ্ব্বার তুমি পাইবে কন্যারে। তত্ত্ব উপদেশ রাজা কহিনু তোমারে॥ এত শুনি আনন্দিত হইয়া অন্তরে। বিধিমতে নরপতি ইচ্চে স্তুতি করে॥ করিল কঠোর তপ শাস্ত্রের বিহিত। করিল স্থরভি সেবা রাজা যথোচিত ॥ তৃষ্ট হ'য়ে স্থরভি বলিল নৃপতিরে। অভিমত বর রাজা মাগহ আমারে।। এত শুনি করযোডে করে নুপমণি। যদি বর দিবে তথা শুনগো জননি॥ বহুরপা নামে কন্যা আছে সুরপুরে। সেই কন্যা প্রাপ্তি যেন হয় ত আমারে॥ স্বন্তি বলি বর তবে দিলেন হ্বরভি। পাইবে দে ক্ন্যা তুমি দেবরাজ সেবি॥ ইন্দ্রমন্ত্র পঞ্চাকর দেই রাজা লহ। ইন্দ্রমন্ত্র জপি তুমি ইন্দ্রে আরাধহ। ত্রিরাত্তি জপিলে ইন্দ্র দিবেন দর্শন। যে বাঞ্চা করিবে রাজা পাইবে তথন। এত বলি দিল মন্ত্র প্রসন্ন হইয়া। ছাইচিত নরবর সে মন্ত্র পাইয়া॥

ত্রিরাত্তি জপিল মস্ত্র বসি একাসন। প্রসন্ন হইল তবে সহস্রলোচন ॥ সাক্ষাতে দেখিয়া ইচ্চে কুরু নরপতি। দণ্ডবৎ প্রণাম করিল বহু স্তুতি॥ कुक्के ह'रम्न इस्त विलालन मांग वत्र। এত 😊নি বলে রাজা যুড়ি হুই কর ॥ বহুরূপা নামে দেই তোমার নর্ত্তনী **দেই কন্সা আজ্ঞা মোরে কর স্থর**মণি । কহিলেন ইন্দ্র তাহা দিলাম তোমারে। আর বর মাগ যাহা বাঞ্চিত অন্তরে॥ বলিলেন রাজা আজ্ঞা কর পুরন্দর। এইথানে হয় যেন পুণাক্ষেত্রবর॥ কুরুকেত্র নাম হবে পুণ্যক্ষেত্র দার। ইথে যুদ্ধ করি যেই হইবে সংহার॥ ভুঞ্জিবে অক্ষয় স্বৰ্গ সহিত তোমার : এই বর আজ্ঞা কর দেব গুণাধার॥ বলিলেন ইন্দ্র পূর্ণ তব মনক্ষাম পুণ্যক্ষেত্র হৈল এই কুরুক্ষেত্র নাম। এত বলি ইন্দ্র আক্সা দিল মাতলিরে : বহুরূপা কন্যা তুমি আনহ এথারে 🛚 ইন্দ্রের আজ্ঞায় কন্যা তথায় আনিল **সেইক্ষণে নৃপ তারে বিবাহ ক**রিল। নানামতে যৌতুক দিলেন নরপতি। অন্তৰ্দ্ধান হ'য়ে ইন্দ্ৰ গেলেন বদতি॥ ইন্দ্রবরে পুণ্যক্ষেত্র তথনি হটল । কুরুক্তেত্ত বলি নাম জগতে ব্যাপিল ॥ তবে কন্যা সহ ল'য়ে কুরু নরপতি! হুষ্টচিত্তে গেল তবে আপন বদতি। মদগর্কে স্থরভিরে সম্ভাষা না কৈল সেই হেতু স্থরভি রাজারে শাপ দিল 🛭 এই অহঙ্কারে পুত্র না হইবে ভোর। এত বলি প্রবেশিল পাতাল ভিতর I এ সকল বৃত্তান্ত না শুনিল রাজন। নিত্রস্থিনী ল'য়ে কেলি করে অসুক্ষণ : পুত্র না হইল তার যুবাকাল যায়। ইহা ভাবি চিন্তাকুল মহারাজ তায় 🖡

পুরোহিত আপনি বশিষ্ঠ তপোধন। ভাগ্যা সহ তাঁহাকে করিল নিবেদন॥ দ গুবং প্রণাম করিল বহু স্তুডি। ছফু হ'য়ে দোঁছে আখাদিল মহামতি ॥ হনোনীত বর মাগি লও তুইজনে। য়েই বর ইচ্ছা কর মাগ মম স্থানে॥ রাণী সহ কহিলেন পারে নরপতি। পুত্রবর আজ্ঞা মোরে কর মহামতি॥ তব বর দানে যেন হই পুত্রবান্। ট্টা বিনা আর নাহি চাহি তব স্থান॥ তত শুনি ধ্যান**ন্থ হইয়া মুনিবর।** গুরভির শা**পেতে নির্বাংশ নূপবর**॥ জানিয়া কারণ তার কহিল রাজারে। পুত্রবান **অবশ্য হইবে মম বরে।।** 'কন্তু স্থরভির শাপ আছয়ে তোমায়। মে কারণে রাজা তব না হয় তনয়॥ মভিমানে পাতালেতে গেলেন জননী। 🕮 গৃহে স্থিত রাজা তাঁহার নন্দিনী॥ িয়ম করিয়া **সেবা করহ তাঁহার**। ^হিরাং পুত্র রাজা হইবে তোমার॥ ^{দ্রহ}দর দেবা তাঁর কর নৃপমণি। ভুক্ত দাসীর মত তোমার ঘরণী II ার সে নৃপতি ছুমি হবে পুত্রবান্। ংহিত সে নন্দিনী আইল বিজ্ঞমান॥ নিদনারে কহি মুনি কহিলা রাজারে। ^{হট্}ৰে তোমার কাৰ্য্যসিদ্ধ মম বরে ॥ ^{ফুনর বচ}নে রাজা সেবিল তাঁহারে। ^{িখন} করিয়া রাজা এক **সম্বৎসরে** । ^{র ছার} দেবনে গাভী **সস্তুষ্ট হইল**। 🤃 👯 সাধি তারে শাপান্ত করিল॥ ^{শাস মুক্ত} হ'য়ে রাজা হৈল পুত্রবান্। ^{টে পুত্ৰ জনমিল মহা মতিমান্ ॥} ^{প্রন্} প্রের নাম স্বয়ন্তর থুল। ^{१५} देश्टल क्क़बरम वर्षिक्ष् **रहेन ॥** ^{ম্ব}েশনে পুত্রে রাজ্য দিয়া নরবর। িজর মাজায় গেল মরণ্য ভিতর॥

সাধিয়া পরম যোগ পায় দিব্যগতি। কহিনু তোমারে এই পূর্বের ভারভী॥ শীঘ্রগতি যাও তুমি না কর বিলম্ব। কুরুকেত্রে কর গিয়া গড়ের স্থারম্ভ ॥ रहेरव मोऋग यूक्त ना रुग्न अखन। क्लक्य वामना कत्रिलं इर्र्यााधन ॥ এত 🗢নি ধৃতীত্বান্ন হ'য়ে হুন্টমতি। বহু অমুচরগণ লইল সংহতি॥ তুই অক্ষোহিণী বলে চলিল ত্বরিত। কুরুক্ষেত্র মধ্যে গিয়া হৈল উপনীত। খনকগণেরে আজ্ঞা দিল সেইক্ষণ। রচিল অদ্ভুত গড়খাই বিচক্ষণ॥ স্থানে স্থানে রচিল বিচিত্র দিব্য ঘর ৷ রাজগণ রহিবারে আবাস বিস্তর। অশ্বশালা রচিল বিচিত্র গজাগার। নানা অন্ত্র শক্ত্রে পূর্ণ করিল ভাণ্ডার॥ নির্মাইয়া গড়থাই আদিল দত্তর। নিবেদন করিলেন রাজার গোচর। শুনি হুফীমন হৈল ভাই পঞ্চজন। যুদ্ধ হেতু রাজগণে লিখিল লিখন।। কারস্কর রাজা আর রাজা জয়দেন। শিশুপালপুত্র সহদেব স্থলকণ॥ কাশীরাক্ত স্থমেণ প্রধেণ নরপতি। অঙ্গরাজ কারক্ষক স্থর্ণমা প্রভৃতি॥ বাহনীক নৃপতি আর যতেক রাজন ৷ দূতমুখে পাইয়া পাণ্ডব নিমন্ত্রণ॥ চতুরঙ্গ দলে শাজি কুরুক্ণেত্রে এল'। যুদ্ধের সামগ্রী দ্রব্য অনেক আনিল। সাত অক্যোহণা নেন্দ্র আসিয়া মিলিল। নানা বান্ত কোলাহ:ল পুথিবা পুরিল 🛚 ·সাত অ**ৌহিণীপতি হ'ল পঞ্জন** । একাদশ অক্ষোহিণীপতি ছুৰ্য্যোধন॥ অফ্টাদশ অক্টোহিণী হৈল দেনাগণে। কোলাহলে মহাশব্দ না শুনি ভাবণে ॥-কুরুকেত্তে হুই দল সমানে রহিল নানা অস্ত্র শস্ত্র সবে সঞ্চয় করি**ল** ॥

মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

শ্রীক্বফের নিকটে হুর্য্যোধন কর্তৃক দৃত প্রেরণ। মুনি বলে শুন শুন রাজা জন্মেজয়। তবে হুর্য্যোধন রাজা চিন্তিল হৃদয়॥ দ্বারকা গেলেন কুষ্ণ পেয়ে সমাচার। বরিবারে দূত পাঠাইল আগুসার 🛭 গোবিন্দেরে লিখিল সকল বিবরণ। কৌরব পাণ্ডবে হবে ঘোরতর রণ॥ উভয় কুলের হও কুটুম্ব আপনি। সে কারণে অগ্রে তোমা বরিলাম আমি॥ মহারণে হবে তুমি আমার সার্থি। এত বলি দূত পাঠাইল শীঘ্রগতি॥ সবে মন্ত্রিগণে ল'য়ে কৌরবের পতি। নিভূতে বদিয়া যুক্তি করি মহামতি ॥ ভীশ্ব দ্রোণ কুপ আর প্রতীপনন্দন। ছুঃশাদন কর্ণ আদি যত মন্ত্রিগণ॥ িরাজা বলে একমনে শুন সর্ববজন। ছুই কুল হিত হন দেব নারায়ণ॥ হইবে ভারতযুদ্ধ না হয় খণ্ডন। সম্বন্ধে সমান হন দেব জনাদিন॥ দৃত প্রেরিলাম আমি বুঝিতে রহস্ত। ছুই কুল হিত কৃষ্ণ করিবে অবশ্য॥ সে কারণে বুঝিব ক্লফের বলাবল। পাণ্ডবে সম্ভোষ কিবা জানিব সকল। ্করে কি না করে কুঞ্চ মম হিতাহিত। বুঝিবার জম্ম বৃত পঠান উচিত ॥ .এত 🗢নি কহিলেন গঙ্গার নন্দন। না বুঝিয়া পাঠাইলে দূত অকারণ॥ ্ত্রিভুবন জ্ঞাত কৃষ্ণ পাণ্ডবের হিত। তোমার সাপক না হবেন কদাচিত॥ ৰলিলেন কৰ্ণ মনে নাহি লয় কথা। পাণ্ডবের হিত কুষ্ণ জানিবে সর্ব্বথা। যদি বা সপক্ষ তব অনুবোধে হন। নাসিবেন কপটে তোমার সর্ব্বজন ॥

মুথেতে স্থন্দর ভাষা অন্তরে তা নয় । তোমার পরম শত্রু জানিবা নিশ্চয়॥ ধৃতরাষ্ট্র বলিল দূতের কর্ম্ম নয়। আপনি যাইয়া বর দেবকীতনয় ॥ দদৈন্যে দারকাপুরী যাও ছুর্য্যোধন। সাক্ষাতে বরিলে সেই মানিবে বচন॥ ত্র্যোধন বলে অগ্রে শুনি দূতস্থানে। কি বলয়ে আগে শুনি দেব নারায়ণে॥ হন বা না হন কুফা আমার সার্থি। দূতমুখে জানা যাবে ইহার ভারতী॥ ধৃতরাষ্ট্র বলিল কহিলে যুক্তি সার। আপনি বলহ গিয়া দেকীকুমার॥ যাবৎ না বরে পঞ্চ পাণ্ডুর কুমার। সদৈত্য দারক। তুমি হও আগুদার॥ এত শুনি বিহুর কহেন সেইক্ষণ। বিপদ সময়ে জ্ঞান হারায় হুজন॥ আরে হুর্য্যোধন তোর হেন লয় মন। তোমার সার্থি হইবেন নারায়ণ।। ব্ৰহ্মা শিব ইন্দ্ৰ আদি দেব যত জন! উদ্দেশে করেন যাঁর চরণ-দেবন। বার বার অবতার হ'য়ে জগন্নাথ। করিলেন কোটি অম্বর নিপাত ॥ মৎস্থ-কলেবর ধরি দেব নারায়ণ। দৈত্য মারি করিলেন বেদ উদ্ধারণ॥ কূর্ম অবতার হ'য়ে শ্রীমধুসূদন। क्रिट्लन शृष्ठेटम्टन ध्रुती धारु ॥ অনস্তরে ধরি কৃষ্ণ বরাহ-আকৃতি। হিরণ্যাক্ষে বধ করি উদ্ধারিলা ক্ষিতি !! ধরিয়া নৃসিংহরূপ হইয়া প্রকাশ। করিলেন হিরণ্যকশিপুকে বিনাশ ॥ ধরিয়া বামনরূপ দেব নারায়ণ। পাতালে নিলেন বলি করিয়া ছলন॥ ভৃগুবংশে রামরূপে হ'য়ে অবভার। নিঃক্ষত্রা১করেন ক্ষিতি তিন সপ্তবার ॥ রামরূপে বধিলেন লক্ষার রাবণ। হলধরবেশধারী আছেন এখন ॥

ার্ব্রন্ন অবতার কৃষ্ণ যত্ত্বনি ।
নাগ্রন্থ পুরাণে যাঁর মহিমা বাথানি ॥
১ন কৃষ্ণ সূতর্ত্তি করিবে তোমার ।
১ন বাক্য না বুঝিয়া বল বারে বার ॥
১ক্তর তক্তিবশ হন দেব হুষীকেশ।
১ক্তর বাসনা পূর্ণ করেন অশেষ ॥
১ইরূপে কহিল বিতুর মহামতি ।
১নি কিছু উত্তর না দিল ক্রুপতি ॥
৮। হৈতে উটি রাজা গেল অন্তঃপুরে ।
বিলেন ক্রুগণ যে যাহার ঘরে ॥
১ইলিরাম দাস কহে শুনে পুণ্যবান ॥
১ইলিরাম দাস কহে শুনে পুণ্যবান ॥

हातकाम 🖺 क्रास्थत निक्र উनुस्कत गमन । জ্যোজয় জিজ্ঞাসিল কহ তপোধন। present कि করিল **কুরুর নন্দন**। দে দারকায় দূত **গেল কোন্ জন**। তমুখে শুনি কি কহিলা নারায়ণ॥ বৈরিয়া মূনিবর ক**হিবা আমারে**। **চ**নিয় তোমার মু**খে যুড়াক অন্তরে॥** লিলেন মূনি **শুন নৃপ জন্মেজ**য়। লুকেরে পাঠাই**ল কুরু মহা**শয়॥ ^{র্য্যোধন} আজ্ঞায় **উলুক অনুচর।** ভগতি চলি গে**ল দারকানগর**॥ ^{ব্যের} দাক্ষাতে গিয়া হন **উপ**নীত। ^{ন্তিবং} করি পত্র দি**লেন ত্বরিত।** ্ড়লেন পত্ৰ কৃষ্ণ ঈষৎ হাসিয়া। ায়ন্তরে কহিছেন দূতেরে চাহিয়া॥ ই কুল হিত আমি বিখ্যাত ভুবন। ^{ভয়} কুলের হিত চি**ন্তি অনুক্রণ**॥ য্যোধনে কহ গিয়া বচন আমার। টি ভাই বিরোধিয়া কি কার্য্য ভোমার 🛭 টানতে মপ্রীত নহে পাতুর নন্দন। ^{জ:ক্র}র হাতে তোমা রাখিল অৰ্জ্বন ॥ ^{ভামধ্যে} পূর্ব্বে যেই করিল নির্ণয়। ৰৈতে হইল মুক্ত পাপুর তনয়॥

আপনি কহিলে তুমি সভা বিগ্নমান। সত্য হৈতে মুক্ত হৈলে পাণ্ডুর সন্তান ॥ পুনর্বার আপনার পাবে রাজ্য ধন। তবে কেন কলহ করিতে কর মন॥ স্মুচিত পাণ্ডবের বিভাগ যেই হয়। তাহা দিয়া শ্রীতি কর পাণ্ডুর তনয়॥ এইরূপে হুর্য্যোধনে কহিবে আপনে। পশ্চাতে যাইব আমি দবা বিগ্নমানে॥ সার্থির হেতু যাহ। কহিলে আমারে। করিব সার্থ্য পণ তাঁহার গোচরে॥ কিন্তু অত্যে আমারে কহিল ধনপ্রয়। অঙ্গীকার করিয়াছি শুন মহাশয়॥ তথাপি তোমার বাক্য না পারি খণ্ডিতে। আপনি আসিবে হেথা আমারে বরিতে॥ আসিবে আমারে পার্থ করিতে বরণ। পঞ্চম দিবসে সে করিবে আগমন॥ আমারে আসিয়া অগ্রে যে জন বরিবে। তাহার সারথ্য মম করিতে হইবে ॥ ত্তবে যতুগণ ল'য়ে দেব জগৎপতি। গুপ্তরূপে মন্ত্রণা করেন মহামতি॥ কৌরব পাণ্ডবে হইবেক মহারণ। म कातर्व द्वर्यग्रथम क्लि निमञ्जन ॥ পাগুব আমারে পূর্বেব করিল বরণ। হুই কুল হিত আমি জানে জগজ্জন॥ কাহার সাপক হব করিব কেমন। ইহার স্বযুক্তি যাহ। কহ দৰ্বজ্ঞন ॥ এত শুনি কছিল দকল মহুগণ। কপটি কুবুদ্ধি খল রাজ্য ছুর্য্যোধন॥ তাহার সাপক্ষ হৈতে উচিত না হয়। বিশেষ তোগার প্রিয় পাওুর তনয়॥ তোমারে বরিতে যাদ আদে ছুয্যোধন। ভাহার সহায় দেহ কিছু নৈভাগণ 🛭 কপ্ট করিয়া তার কর উপকার। আমাদের চিত্তে লয় এই স্থবিচার॥ যতুগণ বিচার শুনিয়া নারায়ণ। শিল্পকারগণে আজ্ঞা দিলেন তখন॥

এক সিংহাসন দেহ আমার অত্রেতে।
আজ্ঞামাত্র শিল্পকার লাগিল গঠিতে॥
হইল দিবসত্রয় মধ্যে সিংহাসন।
গোবিন্দের অত্রে আনি দিল সেইক্ষণ॥
অনন্তর পঞ্চম দিবসে নারায়ণ।
করিলেন বাহির মন্দিরেতে শয়ন॥
সঙ্কীর্ণ রহিল স্থান শিতানের পানে।
রত্ন সিংহাসন রাখিলেন সেই স্থানে॥
পাছে রাখিলেন স্থান বুঝিয়া বিস্তার।
অচেতন নিদ্রা যায় দৈবকীকুমার॥
মহাভারতের কথা অমৃত-সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

উলুকের পুনরাগমন ও ছর্গ্যোধনের ছারকায় আগমূন।

দৃত গিয়া ছুর্য্যোধনে কহিল বারতা। আপনি বরিতে কুষ্ণে তুমি যাহ তথা।। আপনি অর্জ্জ্বন আসি বরিবে কৃষ্ণেরে। দে কারণে নারায়ণ কহিল আমারে **॥** প্রথমে আমারে আদি যে জন বরিবে। তার পক্ষ অবশ্য আমাকে হ'তে হবে॥ সম্বন্ধে সমান মম কুরু পাণ্ডুগণ। ছুট কুল হিত আমি চিন্তি অমুক্ষণ ॥ আর যে কহিলা তাহা শুন কুরুপতি। পাগুবের সহ তোমা করিতে পীরিতি ॥ পাশুবের সহিত বিরোধে নিষেধিল। সৰ রাজগণ তাহে অনুমতি দিল॥ এইরপে দূতবাক্য শুনি মহারাজ। মুহুর্ত্তেকে তথা গেল, না করিল ব্যাজ ॥ অল্ল সৈন্য সঙ্গে নিল শীঘ্র যাইবার। হটলেন **ছার্কানগরে অগ্র**সর। ভুগোধন উত্তরিল ছারকানগরে। সৈশ্য সব রাখিলেন পুরীর বাহিরে॥ একেশ্বর পুরে প্রবেশিলা কুরুনাথ। যেই গ্ৰহে শয়নে আছেন জগন্নাথ॥

তথা গিয়া উত্তরিল রাজা হুর্য্যোধন। অচেতনে নিদ্রা যান দেব নারায়ণ॥ দেখে দিব্য সিংহাসন কুষ্ণের শিয়রে। বারিপূর্ণ ভৃঙ্গ তার দেখিল আধারে॥ বিস্ময় মানিয়া রাজা ভাবে মনে মন। আমার মর্য্যান্য বেশ জানে নারায়ণ। না আসিতে হেথা আমি দিব্য সিংহাসনঃ আপন শিয়রে কৃষ্ণ করেছে স্থাপন। পান্ত অর্ঘ্য রাখিয়াছে দিব্য জলাধার। আমার সম্ভ্রম হেতু নানা উপচার॥ নিশ্চয় হবেন কৃষ্ণ আমার সার্থি। এত বলি সিংহাসনে বসিল ভূপতি।। আইলেন ধনপ্রয় পরে ভক্তি করি। প্রবেশিল একাকী যাইয়া অন্তঃপুরী ॥ বস্থদেব উগ্রাসেন আদি যতুগণে। একে একে প্রণাম করিল জনে জনে ॥ মাতৃলগনেরে পার্থ করিয়া সম্ভাষ। তথা হৈতে চলিলেন যথা শ্ৰীনিবাস 🛚 অচেতন শয়নে আছেন নারায়ণ। শিয়রে বসিয়া তাঁর রাজ্রভুর্য্যোধন 🛭 সিংহাসনে বসিয়াছে বাসবের প্রায়**়** দেখি চিত্তে চিস্তিত হইল পাৰ্থ তায়। ভাবিয়া চিন্তিয়া পার্থ যুক্তি করি মনে। বিদিলেন গিয়া শেষে কুষ্ণের আদনে ॥ कुष्ठभनकम् ठारभन धीरत धीरत । দেখি তুর্য্যোধন ক্রুদ্ধ হইল অন্তরে ম মনেতে ভাবিয়া তবে কছে অৰ্জ্নেরে কুরুবংশে জিমা হেন কদাচার করে। বংশের অধম এই কুলের অঙ্গার। কোন বাংৰ্ব্ৰাক এই দৈবকীকুমার আমারে না করে শক্ষা নাহি লাজ মনে। ব্যর্থ নাম পার্থ বলি ধরে অকারণে 🛚 এইরূপে মনে মনে নিন্দিছে রাজন I সব জানিলেন অন্তর্য্যামী নারারণ । তথাপি উত্তর কিছু না দিলেন ছরি। নিদ্রায় অঙ্গদ যেন সিংহাদনোপরি।

🕫 ক্রে নিদ্রোভঙ্গ হইল তাঁহার। ্ঠিতেই দেখিলেন ক্ন্তীর ক্মার॥ ্রালিক্সন দিয়া জিজ্ঞাসিলেন কুশল। ুক একে ধনপ্তায় কছিল সকল।। বেশেষে শ্রীগোবিন্দে কছে ধনপ্রয়। কারব পাগুবে যুদ্ধ হইবে নি**শ্চয়।** ন্ট্রাইলা যুধিষ্ঠির এ**জন্য আমারে।** দর্থি করিয়া যুদ্ধে বরিতে তোমারে ॥ ণের সার্থি তুমি হইবে আমার। ত শুনি গোবিন্দ করেন অঙ্গীকার॥ াকথা শুনিয়া পার্থ আহলাদিত মনে। দ্থিলেন পরে কৃষ্ণ রাজা তুর্য্যোধনে ॥ শে করি সম্ভাষেণ উঠি নারায়ণ। ৈ সানন্দ দেখি আজি কৌরবনন্দন ॥ িবা প্রয়োজনে হেথা কৈলে আগমন। ট কার্য্য তোমার আমি করিব সাধন॥ দিবা তুক্তর কর্ম্ম হয় অভি**শয়**। মামা হৈতে যদি হয় করিব নিশ্চয়॥ र কার্য্যে প্রীত আমি তব আজ্ঞাকারী। ি কার্য্য কহিবা তাহা সাধিবারে পারি॥ ান কুটুম্ব মম কুরু পাণ্ডুগণ। ত্য কুলের হিত বাঞ্ছি অনুক্রণ ॥ 📆 কুলের হিত করি প্রাণপণ। ^{ে মাজ্ঞা} করিবা তা**হা** করিব সাধন ॥ ত শুনি বলিল নুপতি ছুর্য্যোধন। স্থে করিয়াছি প্রথমে বরণ॥ ঙ্গিকার করিয়াছ তাহে নারায়ণ। ^{। জন} আমায় অত্যে করিবে বরণ॥ িহার পক্ষ আমি হুইব নিশ্চয়। ^{দকার}ণে আইলাম তোমার আলয়॥ ^{হুদ্ধ} হৈল আমি আসিয়াছি হেথা। ^২5াং মাইল হেথা পার্থ মহারথা গ ^{।ণা}গুণ দৰ ভৰ বিখ্যাত ভুৰনে। '^{ক্রর} মাত**লি সম** শুনি**সু শ্রেবণে**॥ ^{हানুদ্ধে} হবে তুমি আমার সারথি। ^{ই হে}হু আদিয়াছি হেখা যদ্ৰপতি ॥

ইপে মান অপমান নাহি যতুমণি। অবধানে শুন কহি পূর্বের কাহিনী ॥ ত্রিপুরে জিনিতে যবে যান শূলপাণি। বরিলেক ব্রহ্মাকে সার্থি গুণ জানি॥ ত্রিপুরবিজয়ী শিব সার্থির গুণে। রহস্পতি সারথি যে ইন্দ্র-দৈত্য-রণে॥ দেবের পরম গুরু অঙ্গিরানন্দন। স্বধর্ম জানিয়া তবু করে সূত্রপণ 🛚 রহস্পতি সারথি করিয়া বক্রপাণি। রত্রাহ্মরে মারিলেন বিখনত ধরণী॥ গোবিন্দ বলেন তুমি কহিলা প্রমাণ। অত্যে মোরে বরিল অর্জ্জ্বন মতিমান ॥ সার্থি করিয়া আমা করিল বরণ। ইহার উপায় কি করিব দুর্য্যোধন ॥ ব্যতিক্রম করি যদি ছুই কুল হিভে। আমার কুষশ বহু ঘৃষিবে জগতে॥ मभिन कति यमि পार्थित मात्रथा। করি যদি দশদিন তোমার হৃতত্ব॥ এমত নিয়ম হৈলে উপহাসে লোকে। সে কারণে ছুর্য্যোধন কহি যে ভোমাকে॥ তুমি কুরুপতি রাজা জগতে বিদিত। তোমার মর্য্যাদা গুণ ঘোষে অপ্রমিত॥ কুরুবংশে যতুবংশে চেদি ভোজবংশে। রবিবংশোদ্ভব মত রাজা অবতংসে॥ তব কার্য্যে রত সবে তোমার শাসিতে। তোমার অপ্রিয় কেহ নহে পৃথিবীতে॥ তোমারে করিবে মান্য যত রাজগণ। অত্রেতে করিল পার্থ আমারে বরণ॥ তীর্থগাত্তা হেতু যবে ফান হলপাণি। কুরু পাগুবের ছন্দ্র চরবুথে শুনি॥ যুদ্ধ করিবারে করিলেন নিবারণ। খণ্ডিতে না পারি আমি তাঁহার বচন॥ আমা আদি করিয়া যতেক যতুগণ। যুদ্ধ করিবারে মানা করিল তখন 🛚 উভয় কুলের কোন পক্ষ না হইল। রামের কান কেহ খণ্ডিতে নারিল॥

আমি মাত্র করিব কেবল সূতপণ। সে কারণে শুন কহি রাজ। ছুর্য্যোধন॥ নারায়ণী দেন। মম আছে কোটি দাত। মম সম তেজ বীৰ্য্যে জগতে বিখ্যাত॥ মহাবলবান সবে বিক্রমে অপার। এক এক জন হয় সমান আমার॥ প্রতাপেতে কার্ত্তবীর্য্য সম জনে জন। মহারথি মধ্যে গণি বিপক্ষে শমন॥ এত শুনি ছুর্য্যোধন ভাবিল অন্তরে। নারায়ণী সেনাগণ অতুল সংসারে॥ নারায়ণী সেনা যদি পাই কোটি সাত। করিব অতুল যুদ্ধ পাগুবের সাথ।। একক ইহারে নিলে হবে কোন্ কায। এতেক ভাবিয়া চিত্তে কহে কুরুরাজ ॥ আমার দাহায্যে দেহ দেনা নারায়ণী। এই মম সাহায্য করহ চক্রপাণি॥ গোবিন্দ বলেন রাজা যে আজ্ঞা তোমার। শুনিয়া হইল হৃষ্ট কৌরব-কুমার॥ নারায়ণী দেনা ল'য়ে গেল ছুর্য্যোধন। (मिथिय़। व्यर्ज्यून रहेन विषय्न-वमन ॥ জয় প্রভু জগন্নাথ জয় চক্রধারী। তোমার মহিমা-গুণ কি বলিতে পারি॥ শিক্টজন পাল তুমি তুক্টেরে সংহার। জগন্নাথ নাম এই কারণ তোমার॥ দারুরপে পূর্ণব্রহ্ম নীলাচলে বাস। ব্রুগতের হিত তব অহুল প্রকাশ। অসুক্ষণ তাঁহার চরণে বহু নতি। কাশীরাম দাস কহে মধুর ভারতী ।।

অজ্নের মনোহাথে ঐক্তারে প্রবোধবাকা।
নারায়ণী সেনা কৃষ্ণ দিল দুর্য্যোধনে।
দেখিয়া হইল দুংখ অর্জ্জনের মনে॥
পার্থের অন্তর বুঝি কহিলা ঐপতি॥
কি হেতু হইলে দথা তুমি দুংখমতি॥
নারায়ণী দেনা যত দিলাম উহারে।
দবে হত ইইবেক তোমার প্রহারে॥

পূর্বের কাহিনী কহি শুন দিয়া মন। একদিন আমারে কহিল পিতৃগণ। বংশের তিলক তুমি পূর্ণ ব্রহ্মরূপে। সক**ল সংসার এই তব লোমকূপে**॥ তুমি বিষ্ণু বিশ্বরূপ নর-অবতার। আমাদিগে কর প্রস্থু আপনি উদ্ধার॥ মগধ রাজ্যেতে জাত বরাহ আছ্যু। তার মাংস আনি শ্রাদ্ধ কর মহাশ্য ॥ তবে হ'বে তৃপ্তিযুক্ত আমাদের মন। এই মত কহিলা আমাকে পিতৃগণ॥ পিতৃগণবাক্যে করিলাম অঙ্গীকার। পুনরপি আমারে কহিল আরবার॥ একাকী যাইবে তুমি বরাহ মারিতে। একজন সঙ্গে নাহি লবে কদাচিতে॥ বদি সেই তুফ মাংস হইবে নি**শ্চয়**। না হইবে আমাদের তাহে পাপক্ষ । পিতৃগণ বাক্য শুনি অখে আরোহিয়া। একাকী মগধ রাজ্যে প্রবেশিক গিয়া॥ জরাসন্ধে আসিয়া কহিল সমাচার : সদৈন্যে সাজিয়া সেই আছে তুরাচার॥ একেশ্বর বেড়িলেক করি শতপুর। সৈন্য-কোলাহল শব্দ গেল বছবুর॥ ভাবিলাম উপায় না দেখিয়া তখন। একেশ্বর বলে পরাজিব কত জন। ত্বরন্ত তুর্জ্জয় সেই মগধের সেনা। যত মরে তত জীয়ে না হয় গণনা॥ অনেক ভাবিয়া আমি যুক্তি করি সার। অঙ্গ বৃদ্ধি করিলাম পর্বত আকার॥ অঙ্গ হৈতে সেইকণে হইল স্ঞ্জন। দেখিতে দেখিতে নারায়ণী সেনাগণ **॥** শত সহত্র মহারথী অঙ্গেতে জন্মিল। ব্দরাসন্ধ সঙ্গে তার। যুদ্ধ **আ**রম্ভিল 🛭 যুদ্ধে পরাভূত হৈল মগধ রাজন। ভঙ্গ দিয়৷ পলাইল যত দৈন্যগণ ॥ তবে সেই বরাহেরে চক্রেতে প্রহারি। আসিলাম নারায়ণী সেনা সঙ্গে করি 🛚

के इ'য়ে বলিলাম সেই সেনাগণে। ই বর ইচছা কর মাগ মম স্থানে ॥ ত শুনি বলিলেক সেই সেনাগণ। দি বর দিবা তবে দেহ নারায়ণ॥ ত্রের হাতে মৃত্যু অভিলাষ নয়। াম'র সমান রূপে গুণে যেবা হয়। র হাতে মৃত্যু থেন হয় সবাকার। চ বর আভ্ডা কর দৈবকীকুমার ॥ চ্যুদ্র বাক্যেতে দিলাম বর দান। র চিত্তে করিলাম এই অনুমান 🏽 দ্য রূপে গুণে কে আছে সংসারে। প্তুয় বিনা আর না দেখি কাহারে॥ র্নের হাতে হবে তোমাদের ক্ষয়। বে ভারত-যুদ্ধ না হয় সংশয় ॥ কারণে নারায়ণী সেনা যত জন। রিলাম ছুর্যোধন প্রতি **সমর্পণ ॥** । মন্ত্ৰে নিহত হইবে দৈন্যগণ। বলি মায়া দেখাইল নারায়ণ॥ গ্র মস্তক নাহি কবন্ধের প্রায়। িয়া অৰ্জ্ন চিত্তে মানেন বিসায় ॥ র কৃষ্ণে অর্জ্জুন কহিল যোড়করে। নার বিষম মায়া কে বুঝিতে পারে॥ ের পুত্রলি তুমি কত মায়া জান। নিরঞ্জন তুমি পূর্ণ ভগবান॥ িতে সহায় ভূমি কিবা মম ভয়। ^{রব} কৌরবগণে না ভাবি সংশয় ॥ নিলাম নারায়ণ যুদ্ধে হবে জ্বয়। ^{লাম} এই হেতু তোমার আ<u>খ্</u>রয়॥ মার দাহায্যে ইন্দ্র জয়ী ত্রিভুবনে। ফুপাবলে দণ্ড পাইল শমনে॥ ^{নার} শাহায্যে সৃষ্টি করে প্রজ্ঞাপতি। ^{যার} প্রতাপে শিব সংহার মূরতি ॥ প্রস্থ হৈলে ভূমি আমার সার্থি। মাত্র কুরুকুলে নাহি অব্যাহতি॥ প্রস্থ ইলা যে আমার সহায়। বিন মধ্যে মম আর কারে ভয় 🎚

ভ জ্বির বাক্যে হাসি বলে নারায়ণ। না বুঝিয়া পার্থ আমা করিলে বরণ। কৌরবের সহায় অনেক যোদ্ধাপতি। একেশ্বর কি করিতে আমার শকতি॥ এত শুনি হাসিয়া কহিল ধনপ্রয়। বাক্য না বুঝিয়া হেন কহ মহাশ্বয় ॥ এ তিন ভুবনে ব্যাপ্ত তোমার বিভৃতি। তুমি আদি অন্ত তুমি জগতেরপতি।। তুমি স্ষষ্টি পাল তুমি করহ সংখ্র। তোমার বিভৃতি বুঝে সামর্থ্য কাহার॥ কোন্ ছার অল্লমতি কৌরব-তনয়। সহস্র কৌরবে মম আর নাহি ভয় । এক্ষণে যে কহি তাহা শুন দিয়া মম। যুধিষ্ঠির–আজ্ঞা তথা যাইবে আপন ॥ পাইয়া রাজার আজ্ঞা বিলম্ব না করি। সেইক্ষণে রথে চড়ি চলিলেন হরি॥ বিরাট নগরে যান মর্জ্জুন দহিত। কুষ্ণকে দেখিয়া ধর্মগ্রাজ মহাপ্রীত। যগ্রপি গোবিন্দ বদ্ধ পাণ্ডবের সনে। তথাপি বসিতে দেন রত্ন-সিংহাসনে ॥ মহাভারতের কথ। অমূত-নমান। ব্যাস-বিরচিত দিব্য ভারত-আখ্যান 🕸 যেবা পড়ে যে পড়ায় করয়ে ভাল। তাহারে প্রদর হন দেব নারায়। ॥ এই কথা কহি আমি রচিয়া "যার ৷ **অবহেলে শুনে** ্যন সকল সংসার 🖟 মন্তকে বান্দয়। বিপ্ৰধণ-পদৰজ। কহে কাশীলান গদানর দানা গ্রন্থ।

্রিক ও যুগিষ্টিরের একি।
জিজ্ঞাদিল জন্মেল্য কহ দ্নিবর।
সভামধ্যে কি যুক্তি হইল অতঃপর পাণ্ডবের দৃত হ'য়ে দেব জগংপাত। কি প্রকারে বুঝাইল কোরবের প্রতি ॥ কৃষ্ণের বচন না শুনিল হুর্য্যোধন। কিরূপে ভারত-যুদ্ধ হৈল আরম্ভন ॥ কহিবে দে সব কথা করিয়া বিস্তার। মুনি বলিলেন শুন নৃপতি-কুমার 🛭 পাগুবের সভায় বসিলা নারায়ণ। দেখি আনন্দিত বড় পাণ্ডুর নন্দন॥ গোবিন্দ দেখিয়া রাজা মহাহ্রক্টমনে। নিভূতে করিলা যুক্তি ঐক্তের সনে॥ যুধিষ্ঠির বলিলেন শুন নারায়ণ। হইবে ভারত-যুদ্ধ না হয় খণ্ডন ॥ ছুর্য্যোধন ছুর্মাতি দে করিবে প্রলয়। যুদ্ধ হেতু হইবেক জ্ঞাতিগণ ক্ষয়॥ ক্ষত্ৰগণ অস্ত যাবে পৃথী হতস্বামী। এ কারণে মনে যুক্তি করিয়াছি আমি॥ জ্ঞাতিগণ বধ মম প্রাণে নাহি সহে। কুলক্ষয় নয়নে দেখিতে যোগ্য নছে॥ দৃতমুখে তুর্যোধনে কহি পুনঃ পুনঃ। কদাচিত ছাড়িয়া না দিবে রাজ্যধন॥ করিলাম পূর্বেব যে নিয়ম পঞ্চজনে। হইলাম ধর্ম হৈতে মুক্ত এইক্ষণে ॥ ভ্রমিলাম তপস্থীবেশেতে বনে বনে। ইহাতেও দয়া না জন্মিল তুর্য্যোধনে॥ অজ্ঞাত বৎসর এক রহি পরদেশে। রাজপুত্র হ'য়ে এত ক্লেশ ক্লাববেশে॥ এত তুঃথ দিয়া ক্ষান্ত না করিল মন। সমুচিত রাজ্য নাহি দিবে হুর্য্যোধন॥ বহুকটে পারি যদি করিতে সংহার। রাজ্যধন তবে দে পাইব প্নর্কার॥ হেন রাজ্যধনে মম নাহি প্রয়োজন। কিবা কার্য্য করিব সারিয়া জ্ঞাতিগুণ ॥ এই হেতু চিত্তে ভাবি সব ক্ষমা দিব। তব আজ্ঞা হইলে পুনশ্চ বনে যাব ৷ তীর্থঘাত্রা করিয়া ভ্রমিব বনে বন। লউক সকল রাজ্য পাপী হুর্যোধন॥ পিতৃত্ব্য পিতামহ আচার্য্য মাতৃল। আত্মীয় বান্ধৰ আর যত জ্ঞাতিকুল ॥ এ সকল সংহারিব রাজ্যের নিমিত্তে। হেন রাজ্যপদে হখ নাহি চাহি চিত্তে #

না বুঝিয়া প্রবৃত্ত হইব অহক্ষারে । কি জানি যদি না পারি কুরু জিনিবারে সংসার যুড়িয়া লঙ্জা হবে অতিশয়। এই হেছু মম চিত্তে হইতেছে ভয়। হের ভীম ধনপ্রয় মাদ্রীর নন্দন। **আজন্ম হুঃথেতে** গেল কে করিবে র_{ণ॥} বলহীন শরীর কেবল আত্মামাত্র। কৌরব সম্মুখে নাহি হয় যুদ্ধপাত্ত॥ বিরাট ক্রপদ ধুষ্টত্মান্স শিথগুদি। দ্রৌপদীর পঞ্চপুত্র আর সভ্যবাদী॥ এই সব বীর আছে আমার সহায়। ইহারা কি করিবেক কৌরব হুর্জন্ম। কৌরবের সহায় অনেক বীরগণ। এক এক জন যেন দ্বিতীয় শমন॥ ভীন্ম দ্রোণ অশ্বত্থামা কৃপ মহামতি। সোমদত্ত ভূরিশ্রবা স্থশর্মা নুপতি ॥ মহারথী মহামতি দবে মহাবল। শত ভাই চুর্য্যোধন আর রুহদ্বল ॥ বুদ্ধে কাজ নাহি মম না পারিব জানি। বনবাদে কর আজ্ঞা যাব চক্রপাণি ॥ এত শুনি হাসিয়া কহেন নারায়ণ। সন্ন্যাস ধর্ম্মেতে তব নাহি প্রয়োজন ॥ রাজধর্ম নীতি কিছু কহিব তোমারে। পূর্ব্বেতে নিষ্পন্ন যাহা হইল বিচারে॥ রাজা হ'য়ে ক্ষমাবস্ত নহিবে কখন। অতি উগ্ৰ না হইবে সদা শাস্তমন॥ ক্ষজ্রধর্ম্মে যেই জন হয় বলবান। অহঙ্কারে জ্ঞাতি বন্ধু করে ভূণজ্ঞান॥ ক্ষত্র মধ্যে শক্তেশক গণি যে ভাহারে [|] করিবে তাহাকে নষ্ট যে কোন প্রকারে বলে ছলে যুদ্ধে তারে যেরূপে পাই^{বে।} অবশ্য তাহারে রাজা সংহার করিবে **॥** ইহাতে অধর্ম নাহি 😊ন নরবর। সেই সব হুর্য্যোধন করিল পামর 🛚 তাহারে মারিতে নহে পাপের উদয়। জ্ঞাতিমধ্যে শত্রু সেই মহা প্ররাশয় 🛚

হিলাম হিতবাক্য তোমারে রাজন। ত বলি প্রবোধ দি**লেন নারায়**ণ ॥ চিল ধর্মের ভয় আনন্দিত মন। ত্ব ভাম ধনপ্রয় আরে মন্ত্রিগণ ॥ কে একে রাজাকে কহিল বিবরণ। দ্যোগ করহ রাজা করিবারে রণ ॥ চ্চের বচনে ধর্মানা কর সংশয়। চারবে মারিয়া-রাজ্য কর মহাশয় ॥ না ঘদে রাজ্য নাহি দিবে ছর্য্যোধন। hহারে মারিলে নহে পাপের কারণ ॥ ামরা সহায় তব শক্ষা কারে আর। াজ্ঞামাত্র কৌ**রবেরে করিব সংহার**॥ ছায় সর্বান্ধ তব দেব জ্বগৎপতি। হার প্রদাদে **জয় হবে নরপ**তি॥ হিলেন ধর্ম ইহা কন্তু নহে আন। মিরে সহায় সর্ববস্থ যে নারায়ণ ॥ হার প্রসাদে ভয় নাহি ত্রিজগতে। দাপিও চাহে লোকে ধর্ম্মের তরেতে॥ অ দৃত কর্মা নছে কহি এ কারণ। কি দভামধ্যে ভূমি যাও নারায়ণ॥ ভিগদ কহিয়া বুঝাবে ছুর্য্যোধনে। ^{চরা}ষ্ট্র জ্যেষ্ঠতাত জাহ্নবী-নন্দনে ॥ খ্যে কহিবা অৰ্দ্ধ রাজ্য ছাড়ি দিতে। । জন রত্ন যেই ছিল ইন্দ্রপ্রস্থে।। বাপর অধিকার ছিল মম যত। হি। দিয়া প্রীতি কর পাণ্ডব সহিত॥ ডিজা যে ছিল তাহা হইয়াছি পার। বৈ কেন রাজ্য ছাড়ি না দিবে আমার॥ ^{হি দিলে} ধর্ম্মে বল ভরিবে কেমনে। हि लाहे युक्त रिश्ल कि हय माधरन ॥ ^{াত্তিগণ} পড়িবে পড়িবে বন্ধুগণ। । युक्त रूप मर्क्व कूल-विनाभन ॥ ^{কারণে} যুদ্ধ কার্য্যে নাহি প্রয়োজন। 🖣 রাজ্য দিয়া তোষ পাগুবের মন 🛭 🌇 কৃছিবা ভারে করিয়া বিনয়। কমাশীল রাজা পাণ্ডুর তনয় ॥

রাজ্য দেশ বৃত্তি যত অশ্ব ধন জন। সকল ছাড়িয়া দিল তোমার কারণ ॥ পঞ্চ ভাই পাগুবৈরে পঞ্চ গ্রাম দেহ। সাগর অবধি রাজ্য সকল ভুঞ্জহ। ইন্দ্রপ্রস্থ কুশস্থল বারণানগর। হস্তিনার উত্তরে স্থকান্তি গ্রামবর॥ পাণ্ডব নগর গ্রাম তাহার দক্ষিণে। এই পঞ্চ গ্রাম দিয়া ভোষ পঞ্চজনে॥ এইরূপে বুঝাইবে রাজা দুর্য্যোধনে। তোমার বচন যদি না শুনে প্রবণে॥ আপনার দোষে তুক্ত হইবে নিধন। এতে পাপ কলঙ্ক না হবে নারায়ণ॥ অধর্ম করিলে পাপ হইবে অপার। লোক ধর্ম ভাল মন্দ নহিবে বিচার । তার পাপে হইবেক জ্ঞাতিগণ কয়। শীত্রগতি যাও তুমি কৌরব-আলয়॥ গোবিন্দ বলেন রাজা যে আজ্ঞা তোমার। ইহার উচিত বটে জানা একবার॥ যন্তপি সম্প্রীতে রাজ্য দেয় তুর্য্যোধন। ত্রই কুল রক্ষা হয় জীয়ে জ্ঞাতিগণ॥ ভীমাৰ্জ্জ্ব বলিলেন নাহি লয় মন। সম্প্রীতে যে রাজ্য দিবে হুন্ট ছুর্য্যোধন 🛭 তাহাতে রাধেয় মন্ত্রী বড় ছুরাচার। গান্ধারী নন্দন ছঃশাসন ছুফ্ট আর ॥ এই তিন জনের বৃদ্ধিতে তুর্য্যোধন। আমাদের সঙ্গে নাহি করিবে মিলন॥ তথাপিও যাও তুমি ধর্ম্মের আক্রায়। সাবধান হইয়। যাইবা হস্তিনায়॥ কুবৃদ্ধি কুমন্ত্রী খল র(জ) ভূর্য্যোধন। একাকী পাইয়া পাছে করে কুমন্ত্রণ॥ একারণে লও সঙ্গে মহারথিগণ। এক অকোহিণী সংগ করুক গমন । গোবিন্দ বলেন মম ভয় আছে কারে। শত হুর্ব্যোধন মম কি করিতে পারে ॥ তবে যদি প্রবৃত্ত হইবে অহঙ্কারে। মুহূর্ত্তেকে বিষ্ণুচক্রে মারিব সবারে ॥

বাতি দিতে না রাখিব কুলে একজনে। বংশ সহ সংহার করিব ভুর্য্যোধনে ॥ এত বলি করিলেন গোবিন্দ প্রস্থান। রথী দশ সহত্যেক ল'য়ে ধনুর্ববাণ ॥ বলিল শ্রীকৃষ্ণ প্রতি ভাই পঞ্জন। শুমিলাম বিষম সঙ্কটে কত বন 🖁 তোমার প্রদাদে জ্বেখ হইল মোচন। সাস্তাইবা মায়ে যেন ছঃখিতা না হন। শুনিয়া গোবিন্দ করিলেন অঙ্গীকার। দ্রোপদী কুঞ্চেরে চাহি বলিছে আবার॥ শুনহ তুঃখের কথা কমললোচন। অভন্তে নিষ্ঠুর শত্রু পাপ তুর্য্যোধন ॥ যত তুঃখ দিলেক সে জানহ বিশেষ। সভামধ্যে ধরিয়া আনিল মম কেশ ॥ বিবস্তা করিতে ইচ্ছা কৈল তুষ্টগণ। করিয়াছ তুমি প্রভু লঙ্জা নিবারণ॥ হেন জন মুখ পুনঃ চাহ দেখিবারে। তব বাক্য কদাচ না রাখিবে পামরে॥ তার সঙ্গে প্রীতি করি কিবা আছে হিত। সবংশে মারিতে তারে হয়ত উচিত॥ তোমার আগ্রয়ে দেব কেবা বীর্য্যহত। সবাই যুঝিবে কৃষ্ণ তোমার সম্মত !। মম পিতা যুঝিবেন ক্রপদ স্থীর। ভাই আরো যুঝিবেন ধৃষ্টপ্রান্স বীর॥ শিখণ্ডী করিবে যুদ্ধ মহাবলবান। পঞ্চাই করিবেন রণ সমাধান॥ মম পঞ্চ পুত্র আছে সংগ্রামে স্থার। দ্বিতীয় বাদব তুল্য অভিমন্ম বীর॥ ভোজবংশে মৎস্যবংশে যত বীরগণ। এক এক জন যেন দ্বিতীয় শমন॥ কৌরবেরে পরাজয় করিবে সমরে। কোন প্রয়োজনে প্রভু যাও তথাকারে॥ স্বপ্ন আজি দেখিয়াছি শুন মহাশয়। রথে চড়ি রণ করে পাণ্ডুর তনয়॥ রাক্ষদ আকার ধরি বীর রুকোদর। রণমধ্যে ছু:শাসন চিরিল উদর ॥

রক্তপান করিলেন দেখিকু নয়নে। ধবল কুঞ্জর চড়ি মান্দ্রীর নন্দনে। কৌরবের সহিত হইল মহারণ। ধবল পুল্পের মালা পরি পঞ্চজনে ॥ খেত কৃষ্ণ লোহিভাদি বর্ণ ছত্র বাণ। কৌরবের সেনা করে রক্তজনে স্থান দ স্রোতোধারে মহাবেগে রক্তধারা বয়। দেখিয়াছি এই স্বপ্ন শুন মহাশয় ৪ কৌরবের পরাজয় পাগুবের জয়। গোবিন্দ বলেন দেবী হইবে নিশ্চয়॥ শত্রু মধ্যে যাইবার উচিত না হয়। তথাপি যাইব আমি ধর্মের আজায় 🖟 বুঝাইব নীতিধর্ম তুষ্ট তুর্য্যোধনে। মৃত্যুকালে ঔষধ না খার রোগিছনে॥ কদাচিত মম বাক্য না শুনিবে কাণে: সবংশে যাইবে ছুফ্ট যমরাজ-স্থানে ॥ অচিরাৎ হবে তব ছঃখ বিমোচন। হস্তিনায় রাজধানা হইবে এখন। এত বলি সান্ত্ৰাইয়া দ্ৰুপদ-কত্মায়। 🥶ভযাত্র। করি হরি যান হস্তিনায় 🛭 মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাদ কহে শুনে পুণ্যবান ॥

জ্ঞীক্তক্তের হস্তিনায় আগমন সম্বাদে। কুরুদের প্রা

মুনি বলে শুন কুরুবংশ চূড়ামণি।
বিত্রর আদিয়া সম্বে কহেন তথনি।
হস্তিনায় আদিবেন আপনি শ্রীপতি।
হুর্যোধনে বুঝাইতে ধর্মশান্ত্র নীতি।
সকল মঙ্গল রাজা হইবে তোমার।
এই হেতু গোবিন্দ হইল আগুসার।
তোমার পূর্বের ধর্ম হইল উদয়।
সম্প্রীতি করিল কুষ্ণ হেন মনে লয়।
সাবধানে মহারাজ পূজিবা কুষ্ণেরে।
ত্যজিয়া কাপট্য শাস্ত্য নির্ম্মল অন্তরে।
উভয় কুলের হিত চিন্তি নারায়ণ।
আদিকেন তোমার সভায় এ কারণ।

সুন্নর সমান রত্ন অসংখ্য কাঞ্চন। আঞ্জায় যদি কুষ্ণে করে নিবেদন॥ ভাষাতে না হন প্রীত দেব দামোদর। _{শুর্যে} অত্যল্ল দিলে মানেন বিস্তর ॥ <u>শ্রুতি হইয়া যে কৃষ্ণপূজা করে।</u> _{বিমে দ}স্কটে কুষ্ণ <mark>উদ্ধারেন তাঁরে।।</mark> _{নররপে} পূর্ণব্রহ্ম আদি নারায়ণ। _{বিধান} হ'য়ে তাঁরে পূ**জিব। রাজন ॥** 🕫 শুনি ধৃতরাষ্ট্র সানন্দ হৃদয়। পুলকে পূৰ্ণিত **তন্ম হৈল অতিশয়**॥ বিচরে চাহিয়া পরে বলিলা বচন। মনোবাঞ্জা পূর্ণ মম হইল এখন॥ কুকুকুর হবে বলি জানি জগন্নাথ। দৈ হারণে আ**সিবেন আমার সাক্ষাৎ**॥ ঘ্রার ভাগ্যের সীমা বলিতে না পারি। ৰ্মিতি করিবারে **হে**থা **আসেন শ্রীহরি ॥** ্রিক্ত্রের মতি যেন কুমতি বিনাশিনী। ্যোধনে শান্তি বুঝাইবেন আপনি॥ ^{টির}্দ্রাণ কর্ণ কৃষ্প আর দুর্য্যোধনে। টাক দিয়া আন শী**ন্ত আমার সদনে ॥** গ্রানেখি কিবা বলে করিব বিচার। ইকপে যুক্তি**তে যুক্তি দেয় দে আবার॥** ^{5নিয়া বি}হুর তবে গিয়া সেইক্ষণ। ^{।'ত নিয়া আনাইল য**ত সভাজন॥**} ^{ia} দ্রোণ কুপ কর্ণ প্রতীপনন্দন। গজানাত্র আনাইল যত সভাজন ॥ ভাতে বসিল সবে সিংহ অবতার। হিতে লাগিল তবে অম্বিকাকুমার॥ ম মনকাম পূর্ণ হৈল এতদিনে। ^{ভিন্ন} কুলের হিত চিন্তা করি মনে॥ ^{ছি: ছুর্য্যোধনে ধর্ম্মনীতি বুঝাইতে।} ^{ন্ত্র আ} মাদিতেছেন হস্তিনাপুরীতে ii ^{নে}পে পূজিব কুষ্ণে বলহ আমারে। ^{ার} বিধান তবে করিব বিস্তারে ॥ ত শুনি কহিলেন গঙ্গার ভনয়। ाभाव भूरगाव कन इहेन छेन्य 🛭

যাহে প্রীত হন ক্লফ কহি শুন নীত। বিচিত্র মন্দির কর শীঘ্র বিরচিত। ইন্দ্রের নগর তুল্য নগরপ্রধান। নানা রক্ত মাণিক্যেতে করহ নির্মাণ॥ পথে পথে দেহ রাজা জলছত্র দান। স্থানে স্থানে রক্তবেদী করহ নির্মাণ॥ অগুরু চন্দন ছড়া দেহ ত নগরে। করুক মঙ্গল বাগ্য প্রতি ঘরে ঘরে A গুবাক কদলী আনি রোপ সারি সারি। স্থানে স্থানে নানা যক্ত মহোৎদৰ করি॥ নট নটীগণ আর নর্ত্তক গায়ন। গোবিন্দ-গুণান্তবাদ করুক কীর্ত্তন ॥ দিব্য বস্ত্র অলঙ্কার করিয়া স্থবেশ। চারি জাতি ল'য়ে বদে এই চারি দেশ। আঞ্সারি আন গিয়া দৈবকীনন্দনে। পুজা কর গোবিন্দেরে এইত বিধানে **॥** তবে স্থথ নরপতি হইবে তোমার। মম চিত্তে লয় রাজা এইত বিচার ॥ এতেক বলিল যদি ভীম্ম মহামতি। দ্রোণ রূপ আদি সবে দেন অনুমতি। এইরূপে পূজা কুষ্ণে হয়ত উচিত। ধুতরাষ্ট্র বলে মম এই লয় চিত ॥ ছুর্য্যোধন বলে মম নাহি রুচে মন। এইরপে কৃষ্ণপূজা কোন্ প্রয়োজন॥ ক্ষত্রধর্ম পৃথিবাতে কে করে বাখান। কোনু রাজগণ কুষ্ণে করিল সম্মান॥ শিশুপাল রাজা ছিল বিখ্যাত ভুবনে। কদাটিত মান্স নাহি করে নারায়ণে॥ কপট করিয়া কৃষ্ণ সংহারিল তারে। জরাসন্ধ রাজা নিন্দা করিল তাহারে **॥** গোবিন্দেরে সে বলিল গোয়ালানন্দন। ক্ষজ্রিয় অধম বলি করিত গণন ॥ বড়ই ৰূপট ক্রুর রুক্মিণীর পতি। তারে মাক্ত কদাচ না করি নরপতি॥ মান্য কৈলে উপহাস করিবে সংগারে। ক্ষজ্রবাজগণ কত কুষ্ণে মান্স করে 🛚

পহাস হতে মৃত্যু বরং শ্রেষ্ঠ কর্ম। শ্র না করিল কেহ দেখি তার ধর্ম। তর জনের প্রায় পূজি নারায়ণে। ত বুঝাইবে তাহা না শুনিব কাণে॥ ণার মনে লয় রাজা এইত যুক্তি। াত শুনি কহে তবে ভীম্ম মহামতি ॥ াবে ৰুঝি ছুৰ্য্যোধন হারাইল জ্ঞান। । জানহ নারায়ণ পুরুষপ্রধান ॥ মোন্য করিতে তাঁরে চাহ অহস্কারে। ারায়ণ মুহূর্ত্তেকে মারিবে সবারে॥ াতি দিতে ন। রাখিবে কৌরববংশেতে। াত বলি ভীষা বীর উঠে সভা হৈতে॥ মাপন মন্দিরে গেল হয়ে ক্রন্ধমন। ার যে শিবিরে গেল যত সভাজন॥ চবে ছুর্য্যোধনে অন্ধ বলিল বচন। া বলিল ভীম্ম তাহা না কর হেলন ॥ াশ্য করি পূজ কুষ্ণে না করি রহস্য। 🔁 কুল হিত কৃষ্ণ করিবে অবশ্য ॥ তামারে ভেটিবে আদি দৈনকীকুমার। তামার ভাগ্যের দীম। কিবা হবে আর ॥ ধন্ধান্বিত হ'য়ে বৎস পূজ নারায়ণ। গ্ৰদ্ধায় সকল কাৰ্য্য হইবে সাধন॥ মল্ল বা বিস্তর দেয় শ্রেদ্ধা পুরস্কারে। মকপট হ'য়ে যেবা কৃষ্ণপূজা করে॥ শাপনাকে দিয়া ভার বশ হন হরি। দে কারণে কহি শুন কুরু অধিকারী॥ অকপট হ'য়ে তুমি পূজ নারায়ণ। মম বাক্য কদাচিত না কর হেলন ॥ দুৰ্য্যোধন বলে তাত কহিলে যেমন। তব আজ্ঞা হেতু আমি করিব তেমন॥ শিল্পকারগণে ডাকি বলে তুর্য্যোধন। দিব্য রত্নসিংহাসন করহ রচন॥ রছের মন্দির ঘর বিচিত্র আবাস। বসিবেন তাতে আসি দেব শ্রীনিবাস॥ নগরে নগরে কর পুষ্পের মন্দির। পথে পথে স্থানে স্থানে রচহ শিবির 🛭

উৎসব করুক সদা স্থান্থ সর্বজনে।
নট নটা নৃত্য যেন করে স্থানে স্থানে
রাজ-আজ্ঞা পেরে যত অসুচরগণ।
যে কহিল ততোধিক করিল রচন॥
নগরে নগরে করে রত্ন বাস ঘর।
স্থানে স্থানে যজ্ঞারম্ভ করিল বিস্তর॥
নানা রক্ষণণ রোপিলেক সারি সারি।
বিচিত্র শোভন যেন ইল্রের নগরী॥
চারি জাতি নগরেতে যত প্রজাগণ।
স্বাকারে চরগণ বলিল বচন॥
আসিবেন কৃষ্ণ আজ্ঞি নৃপ ভেটিবারে।
আগ্র হ'য়ে সবে গিয়া আনিবে তাঁহারে॥
শুনিয়া আনন্দে মগ্র নগরের জন।
স্থাক্ত হইল ভেটিবারে নারায়ণ॥

হস্তিনা ষাইতে পথে প্রজা কর্তৃক শ্রীক্লফের স্তবঃ স্থদজ্জ হইয়া হরি, র**থে অ**রোহণ করি হস্তিনায় করেন গমন। নানাবিধ বান্ত বাজে, কেহ অমে কে গড়ে সঙ্গে চতুরঙ্গ সৈত্যগণ॥ তরিলা সে কাঞ্চিপুর্য বিরাটনগর তরি, বাম করি মগধের দেশ। কাঞ্চন নগর দিয়া. কাশীরাজ্য এড়াইই ব্ৰহ্মদেশে আদে হ্ৰষীকেশ। বনমালী উভরিলা অবদান হৈল বেলা, বিশ্রাম করেন কতক্ষণ। ব্ৰহ্মবাদী প্ৰজাগ জানি কৃষ্ণ আগমন. ভেটিতে আসিল সর্বজন ॥ নানা ভক্ষ্য উপহার, দিয়া নানা অল্ফা শকটে পূরিয়া রত্ন ধন। ষড়ঙ্গে পূজিয়া ৰ্য দণ্ডবৎ প্রণতি করি, নানাবিধ করিল স্তবন ॥ নমস্তে করুণাম नरमा नरमा अप्र अप्र, পূর্ণব্রহ্ম আদি গদাধর। নমো বেদ উদ্বার নমো হুয়গ্ৰীৰ কায়, নমো নমো মীন কলেবর ।

নমঃ কুর্মারূপধারী, সমুদ্র মথনকারী, জয় জয় নমস্তে শ্রীধর। ন্মন্তে বামনরূপ, মোহহারী বলি ভূপ, নমে। নমে। দেব দামোদর ॥ হিরণ্যাক্ষ বিনাশয়, নমস্তে বরাহ কায়. নমস্তে মোহিনী কলেবর। দ্বাস্থর মোহ যায়, রুদ্র তত্ত্ব নাহি পায়, নমে। নমঃ অখিল ঈশ্বর ॥ ন্মা নমো নারায়ণ, মহাদৈত্য-বিনাশন, নমস্তে নৃদিংহ-রূপধারী। ক্ষত্ৰবংশ বিনাশয়, ন্মে রাম ভৃগুকায়, জয় জয় নমস্তে মুরারি॥ ন্মো রবিবংশধারী, নমস্তে বামন হরি. তুষ্ট শিশুপাল-বিনাশন। ন্মে: রামক্ষতসু বাহ্নদেব অঙ্গজমু, জয় প্রভু জয় নারায়ণ॥ ত্মি আদি তুমি অন্ত, তুমি দৃক্ম সুলতন্ত্র, আত্মারূপে সর্বত্র বিহার। কট পক্ষী মংস্থ আদি, জীবজন্ত নিরবধি, কেহ ভিন্ন না হয় তোমার॥ ভাষার চরণ দেবি, নারদাদি মহাকবি, মৃত্যুঞ্জয় কৈল মৃত্যু জয়। ্ৰগবিয়া তোমার পায়, ব্ৰহ্মা ব্ৰহ্মপদ পায়, ব্ৰহ্মপদ দেহ মহাশয়॥ নমে৷ বুদ্ধ দেহধর ভবিষ্যতি কলেবর, নমঃ কল্কি শ্লেচ্ছ বিনাশয়। শহি তার কোন ভয়় সদা সে নির্ভয় হয়, তব গুণক্রথা যেই গায়॥ শামরা অত্যল্লমতি, কি জানি তোমার স্তুতি, না জানেন ব্রহ্মা হরি হর। পাণ্ডবেরা ইন্দ্রপ্রস্থে, চিরকাল মনঃস্বাস্থ্যে, নির্ভয়েতে করিল আশ্রয় # গ্ৰ্যোধন কুরুমণি, পাশায় সর্বস্ব জিনি, সবারে পাঠায় বনবাসে। ^{দেখি} ছক্ট ছরাচার, মানি সবে পরিহার, নিবাস করিত্ব এই দেখে ৮

চিরকাল আছি আশে, পাগুব আসিবে দেশে পুনরপি যাইব তথায়। আহা ধর্মা যুধিষ্ঠির, ভীম পার্থ নহে স্থির, না দেখিয়া তোমা সবাকায় ॥ তোমা দবা বিনা কায়, দেখিবারে না যুয়ায় পুত্রবৎ করিতে পালন !! স্মরি পাণ্ডুপুত্রগণ, वकारामी श्रकाशन, মহাশোকে হৈল অচেতন 🏾 তুষ্ট হ'য়ে নারায়ণ, আশ্বাসিয়া প্রজাগণ, কহিতে লাগিলেন তথন। শোক না করিহ আর, যাও সবে নিজাগার,: শীত্র হবে পাণ্ডব দর্শন॥ হইয়া পাণ্ডৰ দূত, বুঝাইতে কুরুহ্বত, যাই আমি হস্তিনা ভুবনে। পাণ্ডবের রাজ্যবাড়ী, যদি নাহি দেয় ছাড়ি ছুর্য্যোধন আমার বচনে 🛭 রুষিবে পাগুবগণ, বলে লবে রাজ্যধন, কুরুবংশ করিয়া বিনাশ। এত বলি নারায়ণ, আশাসিয়া প্রজাগণ, সেই দিন তথা করি বাস॥ ব্যাস বিরচিত গাথা, বিচিত্র ভারত-কথা, শুনিলে অধর্ম হয় নাশ। কমলাকাম্ভের হৃত, হেতু স্বজনের প্রীত, বিরচিল কাশীরাম দাস॥

হস্তিনায় 🚉 ক্লফের উপস্থিত।

মুনি বলে শুন কুরুবংশ চূড়ামাণ। ব্রহ্মদেশে রাত্রি বঞ্চি দেব চক্রপাণি ॥ প্রাতঃকৃত্য নিবর্ত্তিয়া অরোহিয়া রথে। মেলান মাগিয়া চলিলেন হস্তিনাতে ॥ বিচিত্র মন্দির পথে পথে নানা বাস। দেখিয়া বিশ্বিত হৈল দেব জ্রীনিবাস ॥ কোনশানে খুনিগণে বেদ উচ্চারয়। কোনশানে বাত্তকর হ্বাহ্য বাজায়॥ নগরের প্রজাগণ দিব্য বেশ ধরি। চতুরঙ্গ দলে বিদিয়াছে সারি সারির॥

ীদেখিয়া কহেন কৃষ্ণ ডাকি সাত্যকিরে। পূর্ব্বমত হইবেক দেখি হস্তিনারে॥ দ্বিতীয় ইন্দ্রের পুর দেখি স্থগোভন। বড়ই ধর্মাত্রা দেখি ছেথা প্রজাগণ ॥ ্ব্রিবি এবে ধৃতরাষ্ট্র ধর্ম্মে মতি দিল। ্রদে কারণে মহোৎসব গীত আরম্ভিল॥ সাত্যকি বলিল নহে ধর্ম্মের কারণ। তোমার পরীকা করিতেছে হুর্য্যোধন ॥ লোকমুখে শুনি ভক্তাধীন জনাৰ্দ্দন। পাগুবের বশ তেঁই ভক্তির কারণ॥ ' ভক্তিতে পাণ্ডব বশ করিয়াছে তাঁরে। আমি ভক্তি করি দেখি এবে কিবা করে 🛭 ্ এমত মন্ত্রণা করি যত কুরুগণ। য়ত্ত মহোৎসব করিয়াছে আরম্ভণ ॥ ্রত শুনি হাসি হাসি কহে দামোদর। ৈ আমার কপট ভক্তি নহে প্রীতিকর॥ ুবিভৃষিলে মোরে সেই নিজে বিভৃষ্বিবে। ্রিএই দোধে যমঘরে অবিলম্বে যাবে॥ 🥻 এত বলি জগন্নাথ করিয়া প্রস্থান। ্র নগর মধ্যেতে উত্তরিলেন শ্রীমান॥ ্রিক্বষ্ণ আগমন শুনি কৌরবের পতি। ় আগু বাড়াইয়া গিয়া আনে শীখ্রগতি॥ ্রীচতুরঙ্গ দলে গিয়া বীর তুঃশাসন। ় আগু বাড়াইয়া শীঘ্র আনে নারায়ণ॥ া সাত্যকি সহিত কৃষ্ণে আনিল সভাতে। ্বিথাযোগ্য স্থানে সবে দিলেন বসিতে॥ ্রভক্তি করি হুর্য্যোধন রত্নসিংহাসনে। 🦥 সভামধ্যে বসাইল দেব নারায়ণে॥ ূ্যত দ্রব্য আহরণ করে তুর্য্যোধন। ুগোবিন্দের অত্যে ল'য়ে দিল সেইক্ষণ॥ ি**অ**শ্রেষায় যত দ্রব্য করে সমর্পণ। 🍇 কোন দ্রব্য না নিলেন তার নারায়ণ॥ ্রপ্রিপ্রসঙ্গ কহিলেন জনাদিন। ্রিআজি কোন' দ্রব্যে মম নাহি প্রয়োজন॥ ৰ আজি আমি রহি গিয়া বিহুরের বাদে। শিল রাজা মম পূজা করিও বিশেষে॥

এত বলি সভা হ'তে উঠি নারায়ণ। শাত্যকির হাত ধরি করেন গমন॥ তবে ছুর্য্যোধন রাজা উঠি নভা হৈতে। কর্ণ ছঃশাসন মাতুলেরে নিল সাথে॥ অন্দরে আমত্য সহ বসি ছুর্য্যোধন। যুক্তি করে কি উপায় করিব এখন॥ পাণ্ডবের পক্ষে দেখি দেব নারায়ণ পাণ্ডবের গতি কৃষ্ণ পাণ্ডব-জীবন ॥ কুপা করি বান্ধ এবে রাথ শ্রীনিবাস। দন্ত উপাড়িলে যেন ভুক্ত্স নিরাশ॥ কৃষ্ণ বিনা মরিবেক পাণ্ডু-অঙ্গজনু। জলহীন মৎস্থ যেন নাহি ধরে তকু॥ ছঃশাদন বলে যুক্তি নিল মোর মন। গোবিন্দেরে রাখ রাজা করিয়া বন্ধন ॥ বলিকে বান্ধিয়া যথা ইন্দ্র রাজ্য করে। এই কর্ম্মে তব হিত দেখি যে অন্তরে॥ শকুনি বলিল যুক্তি নিল মোর মন। এই কর্মে সব স্থথ দেখি যে রাজন॥ পূর্ব্বাপর শাস্ত্রমত আছে হেন নীত। বলে ছলে শত্ৰুকে না ক্ষমিতে উচিত॥ তৌমার পরম শক্ত পাণ্ডুর নন্দন। তার অনুগত হয় দেব নারায়ণ॥ তারে বন্দি করা দোষ নাহিক ইহাতে। বন্ধন করিয়া কুষ্ণে রাখহ ত্বরিতে॥ কর্ণ বলে ভাল বলে গান্ধারীনন্দন। এই কর্মে তব স্থথ হইবে রাজন॥ পাগুবের পক্ষ হবে যত যতুগণ। (गाविन्म विष्ठाहरम मत्व कब्रिटवक त्रन ॥ যাহা হৌক তারা তব কি করিতে পারে। নিভূতে বান্ধিয়া তুমি রাখ দামোদরে॥ এতেক বলিল যদি রাধার নন্দন। কপট মন্ত্রণা করি আনন্দিত মন ॥ যত দৃঢ়ঘাতিগণ শ্বারেতে আছিল। নিভূতে ডাকিয়া আনি সবারে কহিল॥ কল্য কৃষ্ণ আসিবেন মোর অন্তঃপুরে। দারকা যাবেন তিনি কৃছিয়া আমারে॥

মহাপাশে শীব্র তাঁরে করিয়া বন্ধন।

বতনে রাখিবে তাঁরে করিয়া গোপন॥

শুনি অঙ্গীকার কৈল তৃষ্টমতিগণ।

হইল সানন্দ চিত্ত রাজা তুর্যোধন॥

বিহুরের গৃহে কুস্তীদহ খ্রীরুফের দর্শন। কহে জনমেজয় শুন তপোধন। হতঃপর কিবা করিলেন নারায়ণ॥ হুর্য্যোধন-সভা হতে উঠি হৃষীকেশ। কিবা কর্মা করিলেন কহ সবিশেষ॥ ্যনি বলে শুন পরীক্ষিতের নন্দন। তহিব পুরাণ কথা করহ এবণ। দত্যকি **সহিত কৃষ্ণ চলিলা সত্তরে**। দেখেন বিভুর নাহি **আপনার ঘ**রে॥ বিচুর বিহুর বলি ডাকেন শ্রীহরি। ব'হির হ'লেন কুন্তী শব্দ **অনুসরি**॥ ্রাবিন্দ দেখিয়া কুন্তী **আনন্দে পূরিল।** প্রিমার চন্দ্র যেন হাতেতে পাইল॥ গ'লিঙ্গিয়া শিরে চুন্ধি কান্দে অবিশ্রাম। সূট পায়ে ধরি কৃষ্ণ করেন প্রণাম॥ ্রান্ত অর্গা আনি কুন্তী দিল সেইক্ষণে। বেশ্টল গোবি**লেবে কুশের আসনে।**। গোধিন্দের আগে কুন্তী কান্দে উচ্চৈঃস্বরে। ম্ম ব্য ভাগ্যহীন নাহিক সংসারে॥ স্থাজনা ত্রুথেতে মম দহিল শরীর। এত ক্ষে পাপ আত্মা না হয় বাহির॥ িশ্বপুত্র রাখি স্বামী স্বর্গবাসে গেল। ্ৰ্ত্ৰগণে এত কৰ্ম্ট চক্ষে না দেখিল।। ^{ভূগোব}তী **সঙ্গে গেল মদ্রের নন্দিনী।** মনি সঙ্গে না গেলাম অধম পাপিনী॥ ^{শক্র}ণ পাপিষ্ঠ খল রাজা হুর্য্যোধন। ^{বারে} বারে যত তুঃখ দিলেক তুর্জন ॥ ^{বির} ধাওয়াল ভীমে মারিবার তরে। িৰ্ম হতে রক্ষা পাইলেক ব্ৰকোদরে॥ ^{মনন্তরে} কপটতা করি পাপমতি। ^{ম্বিগৃ}ছ করি দিল করিবারে **স্থিতি**॥

তাহাতে পাইল রক্ষা বিহুর কুপাতে। দ্বাদশ বংশর ছুঃথে ভ্রমিস্থ বনেতে ॥ ভিক্ষাতে যে করিলাম উদর পুরণ। ক্ষত্র হ'য়ে করিলাম বিপ্র-আচরণ ॥ বহু কন্ট পেয়ে তবে গেমু পাঞ্চালেরে। পাঁচটি কুমান্ন গেল ভিক্ষা অনুসারে॥ আমার পুণ্যের ফল উদয় হইল। সভামধ্যে লক্ষ্য বিশ্বি দ্রোপদী পাইল। পুত্রগণ পক্ষ রাজা দ্রুপদ হইল। দিনকত তথা মাত্র স্থথেতে বঞ্চিল॥ অনন্তরে দেশে এলে খল কুরুপতি। হরিবারে ইন্দ্রপ্রস্থে দিলেক বসতি॥ আপন ইচ্ছায় ভাগ দিল যেবা কিছু। তাহাতে সন্তুষ্ট হৈল মোর পঞ্চ শিশু॥ ধর্ম্মবলে বাহুবলে সঞ্চিল রতন। পিতৃ-আজ্ঞা ল'য়ে যজ্ঞ করিল সাধন॥ দেখিয়া বৈভব মোর দুষ্ট দুর্য্যোধন। শকুনির সহ যুক্তি করিয়া দারুণ॥ কপট পাণায় জিনি সর্বান্ধ লইল। নিয়ম করিয়া বনবাদে পাঠাইল। যে নিয়ম করে পুত্র দবার অগ্রেতে। তাহাতে হইল মুক্ত ধৰ্ম্মবল হ'তে॥ তপন্দীর বেশ ধরি মম পুত্রগণ। দ্বাদশ বৎসর বনে করিল ভ্রমণ॥ এক সম্বংসর অজ্ঞাতে কাটাইল। এত কব্ট দিয়া তবু দয়া না জন্মিল॥ সম্প্রীতে ছাড়িয়া রাজ্য পাপিষ্ঠ না দিল। যুদ্ধ করি মারিবেক এই দে হইল॥ যুদ্ধ করিবারে চাহে মোর পুত্র দনে। না জানি কপালে কিবা আছয়ে লিখনে॥ এতেক বলিতে শোক বাড়িল অপার। উচ্চৈঃস্বরে কান্দে কুন্তী করি হাহাকার॥

শ্রীকুঞ্জের নিকটে কুস্তীর রোদন। হাহা পুত্ৰ পাৰ্থবীর, হাহা ভীম যুধিষ্ঠির, সহদেব নকুল তনয়। হাহা বধূ পতিব্ৰতা, রূপ গুণ শীলযুতা, তোমার বিচ্ছেদে প্রাশ রয়॥ দঙ্গে নিজ স্বামীগণে, তুৰ্গম বিষম বনে, ভয়ানকৈ বঞ্চিলে কেমনে। দারুণ পাপিষ্ঠ পশু, ব্যাত্র দর্প যত কিছু, যক্ষ রক্ষ ভয়ানক স্থানে ॥ তপস্বীর বেশধারী, যত জীব হিংসাকারী, ভাগ্যে পুণ্যে না মারিল প্রাণে। পূর্ব্ব পুণ্যফল হ'তে, রক্ষা হৈল রিপুহাতে, ধর্ম্মবলে বাঁচিলে জীবনে॥ প্রাণের দোদর তুমি, নির্ভয় করিলে ভূমি, সংহারিয়া রাক্ষস তুর্জ্বন। হাহা পুত্র রকোদর, মর্ম গোত্রে গোজ্তধর, হাহা পার্থ আমার জীবন ॥ করিয়া খাগুব দাহ, তুফ কৈলে হব্যবাহ, ইন্দ্রের ভাঙ্গিলে মহাভয়। মহা উগ্র তপ করি, তুফ কৈলে ত্রিপুরারি, বান্ত্যুদ্ধে কৈলে পরাজয়॥ মনে করি চতুগুণ, এইরূপে পুত্রগণ, কান্দে দেবী ভোজের নন্দিনী। শোকাকুল অতি দীন, শরীর অত্যন্ত কীণ, মূর্চ্ছা হ'য়ে পড়িল ধরণী ॥ দেখি ব্যস্ত হ'য়ে হরি, তুলিলেন হাতে ধরি, প্রবোধিয়া কহিছেন তাঁরে। শোক ত্যজ পিতৃষদা, গেল তব হুঃথদশা, পুত্রগণ হুঃখ গেল দূরে॥ ধর্ম হবে মহীপাল, প্ৰদন্ন হইল কাল. আদ্ধি কালি হস্তিনানগরে। পাঠাইল ধর্মান্ত্ত, আমারে করিয়া দূত, জানাইতে কৌরব-কুমারে॥ যদি নাহি শুনে বাণী, কুরবুদ্ধি কুরুমণি, যদি নাহি দেয় রাজ্যভার।

তবে তব পুত্ৰে জয়, ক্রুরবৃদ্ধি কুরুচয় সবংশেতে হইবে সংহার॥ শীত্র যাও যতুবীর বলিলেন যুধিষ্ঠির, জননীরে কহিবে এমতি। ধর্ম্ম রাখিবেন মান্ হবে তুঃখ অবদান, অচিরাৎ ঘুচিবে হুর্গতি ॥ এত বলি জগৎপিতা, প্রবোধেন ভোজহতা শুনি কুন্তী হৈল হাউমন। উল্লোগপর্বের কথা, ব্যাদবিরচিত গাথা কাশীরাম দাস বিরচন ॥

> শ্রিক্ষের প্রতি বিহরের স্তব ও তাখার গ্রহে ঐ;ক্ষের ভোজন।

কুন্তী কাছে বদিয়া ছিলেন নারায়ণ। নানা কথা আলাপনে অতি হৃষ্ট্যন॥ সহদা বিহুর উপনীত নিজ্ঞালয়। কান্ধে হ'তে ভিক্ষাঝুলি ভূমিতে নামায়॥ গ্যহে প্রবেশিতে দেখে দেবকীনন্দন। কহে গদগদ স্বরে সজল লোচন ॥ আমার ভাগ্যের কথা কহিতে না পারি। কুপা করি মম গৃহে আসিলে মুরারি॥ কোন্ দ্ৰব্য দিয়া আমি পূজিৰ তোমা^{রে।} আছুক অন্যের কাজ অন্ন নাহি ঘরে 🛚 বড় ভাগ্যহীন আমি অধম বঞ্চিত। ক্ষমিবে আমারে প্রভু দেখিয়া ছঃখিত। এত বলি দণ্ডবৎ হ'য়ে করে স্তুতি। নযোনমঃ পূৰ্ণব্ৰহ্ম জগতের পতি॥ তুমি আগু তুমি অন্ত তুমি মধ্যরূপ। সকল সং**দার প্রভু তোমার স্বরূপ** ॥ নমো নমঃ আদি ত্রক্ষ মৎস্তরূপধর। নমো নমো হয়গ্রীব নমস্তে ভূধর ॥ নমস্তে বরাহ হিরণ্যাক্ষবিদারক নমো ভৃগুপতিরূপ ক্ষত্রকুলান্তক॥ নমঃ কৃশ্ম অবতার মন্দরধারণ। নমতে মোহিনীরূপ অহুরমোহন ॥

।নমস্তে নৃসিংহরূপ দৈত্যবিনাশক। নমন্তে প্ৰহলাদ প্ৰতি রূপা-প্ৰকাশক॥ নুমুন্তে বামনরূপ বলিঘারে ছারী। ব্রপ্রদেব নমো জয় নমস্তে মুরারি ॥ ্বিয়তি অবতার নমে। বৌদ্ধকায়। রুহঃ কল্কি অবতার ফ্লেচ্ছবিনাশয় ॥ কি জানি তোমার স্তুতি আমি হীনজ্ঞান। হদ্যা শিব আদি যাঁরে সদা করে ধ্যান ॥ হ্যি দে প্রকৃতিপর দেব নিরঞ্জন। অল্লোরূপে **দর্ব্বভূতে তোমার গম**ন॥ স্থিতীর পালন **কর ছুট্টের সংহার**। 🗗 হেতু জগৎপতি নাম যে তোমার॥ ্র বলিতে পারে তব গুণ অগোচর। তে মার মহিমা বেদ শাস্ত্রের উপর॥ এরূপে বিহুর করে নানাবিধ স্তুতি। প্রবয় হইয়া তারে কহেন শ্রীপতি। পরম মহৎ তুমি সংসার ভিতরে। তব ভূল্য ধর্ম্মশীল নাহি চরাচরে॥ ভক্তবশ আমি থাকি ভক্তের অধীনে। ^{অপিক} নাহিক প্রীতি ভক্তজন বিনে॥ ^{মরু} হুল্য রত্ন যে অভক্ত জন দেয়। হীগতে আমার ভুষ্টি কিঞিৎ না হয়॥ ^{হর বস্তু} দেয় যদি ভক্তি পুরস্কারে। ^{্গাতে} যতেক **তুষ্টি** কে কহিতে পারে॥ 🚉 হরির স্লেহবাক্য বিপ্লুর শুনিল। প্রতি মঙ্গ পুলকিত কহিতে লাগিল॥ কি দিয়। করিব ভুষ্ট আমি অভাজন। অপনার গুণে কুপা কর নারায়ণ॥ ^{কুপার অধীন তুমি দয়ার সাগর।} ^{কুপা} করি পদছায়া দেহ গদাধর॥ ^{বিহুরের} স্তবে তুক্ট হ'য়ে নারায়ণ। ্ৰীভুক্ত কছেন পুনঃ ৰূপট বচন॥ ^{বিচুর}়ন দব কথা হইবে পশ্চাতে। ^{দপ্রতি} কাতর <mark>আমি অত্যন্ত কুধাতে।।</mark> ^{সূরেতে} কা**হার কবে** পূরিল **উদর**। ^{ভারবন্তু} মান কিছু জুড়াক অন্তর ॥

ञ्जान कति विमशक्ति विना कन्नभारन । যে কিছু আছয়ে শীঘ্ৰ আন এইখানে॥ শুনিয়া বিছর গৃহে করিল প্রবেশ। তপুলের খুদমাত্র আছে অবশেষ॥ তাহা আনি দিল পদ্মাবতি পদাকরে। পদ্মা সহ পদ্মাপতি বান্ধিল অন্তরে 🛭 সস্তুষ্ট হইয়া কুঞ্চ করেন ভক্ষণ। বিছুর লজ্জিত হ'য়ে না মেলে নয়ন॥ পুনশ্চ বিছর কহে দেব দামোদরে। আত্র৷ কর যাই আমি ভিক্ষা অনুসারে ॥ নগরে যে পাই ভিক্ষ: অতিরিক্ত নয়। এত শুনি হাসি কয় দৈবকীতন্য়॥ ভিক্ষার কারণ বহু কৈলে প্রয়টন। পুনঃ যাবে ভিক্ষাতে না রুচে মম মন॥ যে কিছু পাইলে তাই। করহ রন্ধন। সবে মেলি বাঁটিয়া ত। করিব ভক্ষণ 🖟 শুনিয়া বিহুর স্বাক্তা দিলেন কুন্তীরে। রন্ধন করিয়া কুন্তী দিলেন সমূরে॥ সাত্যকি সহিত ক্ষণ্ড বিদ্বরের বাদে। ভোজনাত্তে আচমন কৰিলেন শেষে।। ভাম্বল নাহিক আনি দিল হরিভকা। ভঙ্গণ করিয়া কৃষ্ণ প্রম কোতুকী॥ বিতুর দাত্যকি জার দেব নারায়ণ। ইফ্ট খালাপনে করিলেন জাগরং।। বিছুর বলেন দেব কর অবধান। কি হেতু হস্তিনাপুরে তোমার প্রয়াণ॥ পাওবের দূত হ'য়ে এলে অভিগ্রায়ে। ধর্ম্মনীতি বুঝাইতে গান্ধারী তনয়ে॥ তব ব্যৱসূত্র রাখিবে কড় প্রয্যোধন। সম্প্রীতে ছাড়িয়া হাটা া দিবে সুক্তন ॥ গোবিন্দ বলেন যাহা কহিলে প্রমাণ। না করিবে সংস্থীতে যে পাওব সম্মান ॥ তথাপিও লোকধর্মে তরিবার তরে। ধশ্ম-অ। মুধিষ্টির পাঠাইল মেরে॥ পঞ্চাই জন্মে মাগি লব পঞ্গ্রাম। এই হেতু আদিলাম হুর্ব্যোধন ধাম 🛚

মাকাশ ভাঙ্গিয়া পড়ে পৃধি যদি ভাসে। দিনকর তেজে যদি সপ্তসিদ্ধ শোষে॥ ইন্দ্র আদি দেব যদি তব পক্ষ হয়। জিনিতে নারিবে তবু পাণ্ডুর তনয়॥ অপরাধ যে করিলে পাগুব সদনে। বিনয় করিয়া দোষ খণ্ডাও এক্ষণে॥ গলায় কুঠার বান্ধি দন্তে তৃণ করি। শীত্রগতি যাও যথা ধর্ম অধিকারী॥ যত ধন রাজ্য নিলে জিনিয়া পাশাতে। তাহার বিগুণ করি দেহ ত সাক্ষাতে॥ ইন্দ্রপ্রশ্বে ধর্ম আনি অভিষেক কর। এই কর্ম্মে তব হিত দেখি কুরুবর॥ এতেক নারদ মুনি বলিল বচন। বলিল পরশুরাম জানিয়া কারণ ॥ ব্যাস বুঝাইল কত না শুনিল কাণে। পৌলস্ত্য যে বুঝাইল বেদের বিধানে॥ অনন্তরে বুঝাইল যত সভাজন ॥ কার' বাক্য না শুনিল গান্ধারীনন্দন॥ অদৃষ্ট মানিয়া তবে ধ্বতরাষ্ট্র বলে। কালেতে কুবুদ্ধি ফল ছুর্য্যোধনে ফলে 🛭 সে কারণে কার' বাক্য না শুনে প্রবণে। এত শুনি মৌন হ'য়ে রহে সভাজনে॥ অদৃষ্ট মানিয়া তবে অন্বিকানন্দন ! নিশ্বাস ছাড়িয়া হেঁট করিল বদন ॥ পুনরপি হাস্তমুথে বলে নারায়ণ। জানিলাম তুর্যোধন তোমার যে মন॥ অবশেষে বলিলেন যত্নবংশপতি। কহি অবধানে শুন কুরুবংশপতি॥ অর্দ্ধ রাজ্য ছাড়ি যদি না দিবে রাজন। তোমার অধীন হৈল পাণ্ডুপুত্রগণ ॥ পঞ্চ গ্রাম ছাডি দেহ পঞ্চ পাণ্ডবকে। সকল পৃথিবাঁ ভোগ তুমি কর হুখে॥ ইদ্রপ্রস্থ বারণাবত আর কুশস্থল। পাণ্ডব নগর আর সিদ্ধি গ্রামবল ॥ এই পঞ্জাম ছাড়ি দেহ পাগুবেরে। দ্বন্দ্বে কাৰ্য্য নাহি রাজা কহিন্তু তোমারে॥

পঞ্চ গ্রাম দিয়া শান্ত কর পঞ্চ জন। পৌরুষ বৈভব যদি চিন্তহ রাজন।। উভয় কুলের স্বামি সদা চিন্তি হিত। মম বাক্যে পা**ণুপুত্রে করহ** সংপ্রীত। বনে বনে ভ্রমে পাগুবেরা পঞ্জন। বলহীন কিছুমাত্র ধরয়ে জীবন_া। যুদ্ধে অসমর্থ তারা নারিবে জিনিতে। না হয় উচিত জ্ঞাতি হনন করিতে ॥ জ্ঞাতিবধ মহাপাপ সর্ববশান্ত্রে গণি। সে কারণে উপেক্ষা না কর নৃপমণি ॥ এতেক বলিল যদি দেব জগৎপতি। মহাক্রোধ চিত্তে কহিছেন কুরুপতি॥ মহাক্রোধ নিবারিয়া উঠে সভা হতে : গোবিন্দে চাহিয়া তবে লাগিল কহিতে॥ তাক্ষ সূচি অগ্রদেশে ধরে যত ভূমি। বিনা যুদ্ধে পাগুবেরে নাহি দিব আমি॥ প্রতিজ্ঞা করিমু আমি না হবে খণ্ডন। পশ্চিমে উদয় যদি হয় ত তপন॥ আকাশ পড়য়ে ভূমে পৃথি জলে ভাগে। দিনকর তেজে যদি সপ্তসিন্ধ শোষে॥ যোগী যোগ ত্যজে ধ্যান ত্যজে পঞ্চানন। গায়ত্ৰীবিহীন যদি হয় দ্বিজ্গণ ॥ তথাপি প্রতিজ্ঞা মম না হবে খণ্ডন। পাণ্ডবেরে ছাড়িয়া না দিব রাজ্যধন॥ এত শুনি মৌনী হ'য়ে রহে লক্ষ্মীপতি! বলেন ক্ষণেক পরে ধৃতরাষ্ট্র প্রতি॥ দূত হ'য়ে আসিলাম তুই কুল হিতে। শুনিসু অদ্ভুত কথা বিহুর মুখেতে। কোন্ দোষ করিলাম শুনহ রাজন্। আমারে বান্ধিতে চাহে তোমার নন্দন। কে কারে বান্ধিতে পারে দেখ বিসমানে। ক্ষমা করি **শুধু মা**ত্র চাহি তোমা পা^{নে ॥} কুদ্র মূগে মারে যথা কেশরী প্রচণ্ড। নাগেরে গরুড় যথা করে খণ্ড খণ্ড॥ সেইরূপ দেখি আমি যত কুরুগণে। মৃহুর্ত্তে মারিতে পারি যদি করি মনে॥

চামার অপেকা হেতু ক্ষমিয়াছি আমি। হ কেন পাগুবেরা ভ্রমে বনভূমি॥ ह विन छेरेकः यदा शास्त्र नातायः । _{দিতে} হাসিতে **হৈল আরক্ত লোচন**॥ ্রিক্রোধে কলেবর দেখি লাগে ভয়। ব্যায়া স্থাকিলেন দেব দ্যাময় ॥ ছ অঙ্গে দেখালেন এ তিন ভূবন। वार्रकः भव करन दिनन नातायण ॥ বাচকু পেয়ে তবে একদৃষ্টে চায়। ত্ৰক দেখিল তাহা কহনে না যায় ॥ ৰতা তেত্তিশ কোটি দেখে অঙ্গদেশে। ভিপন্নে দেখে ব্ৰহ্মা আছে সবিশেষে॥ ∎রুদ বক্ষেতে শোভে দেব তপোধন। গুন দেখয়ে একা**দশ রুদ্রগণ॥** _{নপ্রশ}ং কায়ু অ**খিনীকুমার**। নতু বাজুকী **আদি যত নাগ আর** ॥ াবেন্দের পুরোভাগে করে নানা স্তুতি। ^{বে হার} নানাবিধ দেখ**য়ে বিভূতি।**। াবর জঙ্গম দেখে যত দেহিগণ। াবিন্দের অঙ্গে দেখে এ তিন ভূবন॥ ধিরপ নির্বিয়া **সবে মূর্চ্ছা গেল।** েবন্দের অগ্রে সবে কহিতে লাগিল॥ েতর কর্ত্তা তুমি জগতের পতি। ^{ে পালন} তুমি সংহার মূরতি ॥ ^{পার} মহিমা তব বেদে **অগোচর**। ^{হু} রূপ সম্বরহ দেব গদাধর ॥ ^{ইরূপে} স্তুতি কৈল যত মুনিগণ। ি দ্রোণ কুপ আদি যতেক হুজন॥ ^{তিবশে} প্রদন্ন হ**ইলে জগৎপতি**। ^{থরপ} মায়। ছাড়িলেন সে বিভৃতি॥ ^{গ্যোধনে} পুনরপি বুঝাইল সবে। ^{ক্ৰিবা}ক্য ছুৰ্য্যোধন না**শুনিল যবে ॥** ^{ভ হতে} উঠি তবে চলে সর্ববজন। ^{ছ স্থানে} গেল তবে যত মন্ত্রিগণ॥ ^{ত্যকিরে} হাতে ধরি চলেন শ্রীহরি। ি দ্ব্য দিয়াছিল কুরু অধিকারী॥

ট্রগোগপর্ব ।

কিছু দ্রব্য না নিলেন হ'য়ে ক্রোধমন। শীব্রগতি করিলেন রথে আরোহণ। বিস্ময় মানিল ধৃতরাষ্ট্র নরপতি ৷ অনৰ্থ হইল বলে ভীম্ম মহামতি ॥১ মৌনভাবে রহিলেন অম্বিকানন্দন। কুন্তীর নিকটে কুষ্ণ করেন গমন॥ সম্ভাষি সবারে পরে কুন্তীরে নমিয়া। বহু কথা কহিলেন নিকটে বসিয়া॥ যাবৎ ব্রক্তান্ত সব কহিলেন তাঁকে। চলিলেন চক্ৰপাণি সম্ভাষি সবাকে॥ পথে কর্ণ সহ মিলিলেন জনার্দ্দন। কর্ণের সহিত হৈল রহস্ত কথন।। কন্যাকালে কুন্তীগর্ভে তোমার উৎপত্তি। তুমি কর্ণ মহাবীর কুন্তীর সন্ততি 🛭 যুধিষ্ঠির নৃপতির তুমি সহোদর। আপনা না চিন কর্ণ তুমি কি বর্ববর॥ ধর্মশাস্ত্র পড়িয়াছ করিয়াছ দান। ব্রাহ্মণ-সভাতে করে ভোমার ব্যাথান 🛚 তোমার কনিষ্ঠ পাণ্ডবেরা পঞ্চ ভাই। এ হেন **দম্বন্ধ** কৰ্ণ বড় ভাগ্যে পাই॥ দ্রোপদীর পঞ্চ পুত্র অভিমন্যু আদি। পুজিবে ভূত্যের সম তোমা নিরবধি॥ নকুল অর্জ্জুন সহদেব ভীম বীর। তব পদ ধোয়াইবে রাজা যুধিষ্ঠির॥ স্থবৰ্ণ রব্ধত কুন্তে তব অভিষেক। রাজকন্মা সেবিধে যে দেখিবে প্রত্যেক॥ ছয় জনে দ্রোপদীরে করিবে সেবন। ব্দগ্রিহোত্র করিবেক পৌম্য তপোধন ॥ তোমারে সিঞ্চিবে আজি চারবেদী। পাণ্ডবের পুরোগিত কুশলসংবাদী। যুবরাজ হবে তবে রাজ বুবিঠির। ধবল চামর ল'য়ে বিচিত্র শরীর। মস্তকে ধরিবে ছত্র বীর রুকোদর। র্থের সার্থি হবে পার্থ ধ্যুদ্ধর॥ স্থদীর শিখণ্ডী তব হবে আগুদার। এ সব বচন কর্ণ ধরিবে আমার ॥

বুষ্ণিবংশ ল'য়ে তব পিছে যাব আমি। এ সব সম্পদ কর্ণ ভোগ কর তুমি॥ বলিলেন এই মত নিজে দামোদর। ভক্তি কৰি কৰ্ণ তবে দিলেন উত্তর ॥ সূর্য্যের ঔরসে জন্ম কুন্ডীর উদরে। সূর্য্যের বচনে মাতা বিসর্জ্জিল মোরে॥ সূত মোরে পেয়ে পালে আপনার ঘরে। আমারে পুষিল রাধা যত্ন পুরঃসরে॥ স্তন দিয়া পুষিলেন জানে সর্বজন। সর্বলোকে বলে মোরে রাধার নন্দন।। ধর্মেতে পাণ্ডব হৃত কুম্ভীগর্ভজাত । যুধিষ্ঠিরে না কহিবে এ সব রুভান্ত ॥ অন্মরোধ করিবেন ধর্ম নৃপবর। আমি পুনঃ সর্ব্বথা না যাব দামোদর॥ আমি যদি পাই রাজ্য দিব হুর্য্যোধনে। সত্যভঙ্গ তথাপি না করি লয় মনে॥ তুর্য্যোধন কৈল মোরে বিস্তর পোষণ। নানা রক্ন ধন দিল দিব্য নারীগণ॥ তের বংসর ভুঞ্জিলাম রাজ্য আদি স্থথ। তুৰ্য্যোধন প্ৰদাদেতে নাহি কোন ছঃখ॥ করিব নিতান্ত রণ অর্জ্জুন সহিত। প্রতিজ্ঞা করিমু সর্বব কৌরব বিদিত ॥ যন্তপি জানি যে আমি পাণ্ডবের জয়। দবান্ধবে তুর্য্যোধন হইবেক ক্ষয়॥ অর্জ্জনের হাতে হবে আমার নিধন। ভীম্ম দ্রোণে মারিবেক দ্রুপদনন্দন 🛚 ধ্বতরাষ্ট্র পুত্র এই শত সহোদর। পাঠাবে শমন-ঘরে বীর রুকোদর॥ তথাপিও না ত্যজিব রাজা হুর্য্যোধনে। ক্ষত্রিয়ের ধর্ম্ম জান প্রতিজ্ঞা পা**লনে** ॥ আপনি জানহ কুষ্ণ সকল রহস্ত। সকল কৌরব নাশ হইবে অবশ্য ॥ যেখানে ভোমার নাম দেইখানে জয়। ইগে অন্যমত নাহি শুন মহাশয়॥ ্যথা **কৃষ্ণ তথা জয় জানি যে সর্ববথা।** আমার প্রতিজ্ঞানষ্ট না হইবে তথা ॥

কেবল নিমিত্তভাগী এই তিনজন। তুঃশাসন তুর্য্যোধন স্থবলনন্দন॥ কৌরব পাণ্ডব যুদ্ধে রুধিরে কর্দম। মরিবে পাণ্ডব-হাতে কৌরব অধ্ম 🛭 পাগুবের হৈবে জয় কুরু পরাজ্য। অবিলম্বে জনাৰ্দ্দন হুইবে নিশ্চয়॥ মঙ্গল না দেখি কৌরবের কাজে। উৎপাত অদ্ভূত দেখি গ্ৰহণণ মাঝে 🛭 গগনেতে উল্কাপাত নির্ঘাত সহিত। পৃথিবী কম্পিতা হয় দেখি বিপরীত॥ ভয়ানক শব্দ করি কান্দে অশ্ব গজ_। অকস্মাৎ খসি পড়ে যত রথধ্বজ।। **গুপ্র পক্ষী কাক বক মু**ষিক সঞ্চান : কৌরবের পাছে পাছে দেখি বিগ্রমান ! মাং**দ আর রক্তরৃষ্টি উর্দ্ধ বহে বা**ত। কৌরবগপের মৃত্যু দেখি জগদ্বাথ 🛭 তুঃস্বপ্ন দেখিকু আমি শুন নারায়ণ : অমৃত পায়স ভুঞ্জে পাণ্ডুপুত্রগণ ॥ পৃথিবী প্রসবে ধর্ম দেখিয়া এমন। পর্ব্বতে উঠিয়া ভীম করে মহারণ॥ ধবল কবচ গায় দেখি স্থশোভন। পুষ্পমালা গলে শোভে ধবল বসন 🛭 হাতেতে ধবল ছত্র নামি সরোবর : স্বপ্ন আমি দেখিলাম শুন দামোদর 🖟 পাণ্ডৰ হইল জয়ী কুরু পরাজয়। অচিরে হইবে কৃষ্ণ নাহিক সংশ্য ॥ এত বলি কর্ণ বীর করিল গমন। প্রেমরূপে গোবিন্দেরে দিল আলিঙ্গন কর্ণ বীর গেল যদি আপন ভবন 🛚 সৈশ্যগণ সহ চলিলেন জনাদিন॥ নানাবাত কোলাহলে চলেন ত্বরিত। বিরাটনগরে হইলেন উপনীত॥ হরিহরপুর গ্রাম সর্ব্ব গুণধাম। পুরুষোত্তম নন্দন মুখটী অভিরাম ॥ কাশীদাস বিরচিল তাঁর আশীর্কারে সদা চিত্ত রহে যেন দ্বিজ-পাদপদ্মে।

ধৃতরাষ্ট্রের নিকটে সনৎ **স্থ**জাত মুনির আগমন ।

দভা হতে উঠি তবে চলে নারায়ণ। _{তুর} সহিত মাত্র **রহিল রাজন**॥ প্রবর ভয়ে **অন্ধ চিন্তানলে জ্বলে**। পিল সনৎস্কাত মুনি হেনকালে॥ _{হ'ন} বিত্রর ত**বে উঠি সেইক্ষণে**। _{ষ্বং} করি দিল বসিতে আসন # _{ক্ষকে বিহুর} জানাইল সেইক্ষণে। দিল দনংগুজাত তব দরশনে ॥ নি অন্ধ দণ্ডবৎ করিল প্রণতি। ছ অৰ্য্য আনাইয়া দিল শীঘ্ৰগতি॥ ট হ'য়ে আসনেতে ব'সে তপোধন। হিতে লাগিল **তবে অস্থিকানন্দন**॥ প্রান্না কুবুদ্ধি মোর **তুর্য্যোধন স্কত**। দহ বাপ্তধ্যে সদা পাণ্ড**ব সহিত**॥ ঙুপুত্র কভু দেই অ**হিত না করে**। ভিৰু দারুণ কফট দিল বাবের বাবের॥ লৈ ক্ষিল তারা আ্মার কারণ। য়াপিও থারে নাহি দেয় রাজ্যধন ॥ 'গুৰের দূত হ'য়ে বুঝাই**ল হ**রি। ^{র ব্যক্য না শুনিল মহাপাপকারী॥} টিল মুনিগণ না শুনিল কাণে। ্র দ্রোণ আদি মম যত পুরজনে॥ র' বাক্য না শুনিল ছুফ্ট ছুর্য্যোধন। পনি তাহারে কিছু বল তপোধন॥ জান কহি তারে করহ স্থমতি। ^{ওবেরে} ছাড়ি যেন দেয় বস্থমতী॥ ^{নিয়া} সন্ংস্কাত ক**হেন তথন।** মণি উঠে যদি পশ্চিম গগন॥ াপি পাণ্ডব সহ নাহি হবে প্রীতি। ^{বির কাহিনী} শুন কহি শা**ন্ত্রনী**তি॥ न अञ्चात यदि शृथिवी शृतिन। ^{যদ্ধ}ো আ**ন্ধাণ সকল হিংসিল ॥** ^{বাতে} প্রিল ক্ষিতি ধ**র্মা হৈল কয়।** ^{খ্যা} পৃথিবী বড় মনে পেয়ে ভয়॥

ব্রক্ষার সাক্ষাতে গিয়া করিল গোহারী। হিংদকের ভার আর সহিতে না পারি॥ মায়াতে জিমায়া জীব করে অহস্কার। মোর রাজ্য মোর ধন মোর পরিবার॥ মরিলে সম্বন্ধ দেখ নাহি কার সনে। আমারে হিংসয়ে লোক আপনা না জানে॥ কার' বাধ্য নহি আমি কার' আগু নহি। কীট পক্ষী নর রুক্ষ স্বাকারে বহি॥ আমাতে জন্মিয়া স্তথে আমাতে বিহরে। আমাতে জন্মিয়। জীব আমাতেই মরে॥ উৎপত্তি প্রলয় স্থিতি আমি সবাকার। তবে অবিচারে হিংদা করে তুরাচার॥ অহিংসা পরম ধর্ম্ম মনে নাহি জানে। আমার আমার বলি মরে অজ্ঞ জনে।। স্বষ্টির রক্ষণ নাহি করিলে আপনে। প্রলয় অস্তর ব্যাপ্ত হইল এখনে॥ বহিতে না পারি আর অস্তরের ভর। প্রবেশিয়া পাতালেতে যাই সাজ্ঞা কর।। পৃথিবীর স্তবে তৃষ্ট হ'য়ে পদ্মাদন। হরির নিকটে গিয়া করেন স্তবন॥ নমঃ আদি অন্তহীন নিত্য সনাতন। তোমার আজ্ঞায় সৃষ্টি হইল সূজন। হেন স্বষ্টিনাশ করে অস্তর প্রবল। সহিতে না পারে ক্ষিতি যায় রসাতল॥ উপায়ে উদ্ধার কর ব্রহ্ম সনাতন। এইরপে নানা স্ত্রতি কৈল পদ্মাসন॥ স্তুতিবশে হৃপ্রদন্ন হ'য়ে জগন্নাথ। দিব্যরূপ হইলেন ব্রহ্মার সাক্ষাৎ। সাক্ষাতে দেখিল হরি কমল-আসন। দগুবৎ করি পুনঃ করিল স্তবন।। গোবিন্দ কহেন ভয় না করিছ আর। তোমার বচনে আমি হৈব অবতার॥ চারিযুগে চারি অংশে অবতার করি। যতেক অস্থরগণে ফেলিব সংহারি॥ এত বলি নিজ স্থানে যান নারায়ণ। শুনি ব্ৰহ্মা চলিলেন হ'য়ে হুফীমন ॥

माञ्चाइम्रा भृथिवीरत विलल वहन । শ্চিরাৎ তব ছঃখ হইবে মোচন॥ প্রত্যক্ষ হইরা প্রভু কহিল আমারে। জ্বতার **হ'**য়ে দব মারিব অস্থরে॥ অচিরাৎ তব ভার করিব মোচন। যুগে যুগে অবতার হ'য়ে নারায়ণ॥ ভনিয়া পৃথিবী হৈলা আনন্দিতা মনে। প্রণমি ব্রহ্মারে তবে গেল নিজ স্থানে॥ অঙ্গীকার পালিবারে দেব দামোদর। প্রথমে ধরেন প্রভু মৎস্য-কলেবর ॥ বেদ উদ্ধারিয়া হয়গ্রীব বিনাশন। তৎপরে বরাহমূর্ত্তি ধরি নারায়ণ॥ ধরণী উদ্ধারি মারি ছিরণ্যাক্ষ বীরে। নৃদিংহাবতার হইলেন অতঃপরে॥ হিরণ্যকশিপু দৈত্যে করেন নিধন। অনন্তরে কৃশ্মরূপ হন নারায়ণ॥ মন্দর ধরিয়া করি সমুদ্র মন্থন। নারীরূপে করিলেন অস্থর মোহন॥ ধরিয়া বামনরূপ দেব তার পর। বলির মত্ততা নাশিলেন দামোদর॥ নাগপাশে বান্ধি তারে রাখি রসাতলে। নিজ অধিকার দেন যত দিক্পালে॥ সত্যযুগে হইলেন এই অবতার। অস্থ্রের অহস্কার হৈল ছারখার॥ ত্রেতাযুগে ক্ষত্রে সব পৃথিবী পূরিল। ভূগুবংশে তাঁর অংশে অবতার হৈল।। পৃথিবীর ক্ষত্রগণ করিল সংহার। রামরূপে পুনরপি হৈল অবতার॥ দারুণ রাক্ষস মারিলেন দশাননে। কৃষ্ণ অবতার প্রভু ই'লেন এক্ষণে॥ বকান্থর কংদ আর পুতনা রাক্ষদী। জরাদন্ধ রাজা আর শিশুপাল কেশী॥ অবহেলে বধিলেন এ সব অহুরে। অবশেষ যত মারিবেন সবাকারে 🛭 বিখের কারণ সেই পালন স্জন। যেই সজে সেই পালে করে সম্বরণ 🛚

তার বশ দেখ এই এ তিন ভুবন। ভেদবুদ্ধি করাবার তিনিই কারণ॥ ভাঁহার বিষম মায়া কে বুঝিতে পারে। অন্যের বাড়ান ক্রোধ অন্যেরে সংহারে অদুষ্টে যাহার যেই আছয়ে লিখন। বিধাতার শক্তি নাহি করিতে খণ্ডন। পৃথিবীর ক্ষত্র নাশ হইবে অবশ্য। চিত্তে ক্ষমা দেহ রাজা শুনহ রহস্য 🛚 যতুবংশে দেখ যত যত ক্ষত্ৰগণ। অন্যে অন্যে ভেদ করি হইবে নিধন॥ দ্বাপর যুগের রাজা হৈল অবশেষ। ক্ষত্ৰ ক্ষয় হ'তে হবে জানিকু বিশেষ # ভবিষ্যত অবতার হবে কলিশেষে। যতুকুল নিরমূল হবে অবশেষে॥ এ সব জানিয়া সবে ধর্মে দেহ মন। পরলোক হেতু চিন্ত ঈশ্বর-চরণ। নানা যজ্ঞ ধর্ম্ম কর্ম্ম কর অবিরত। এ বিনা উপায় নাহি কহিনু নিশ্চিত। এত বলি সনৎস্কুজাত সে তপোধন। আপন আশ্রম প্রতি করিল গমন॥ চিত্তেতে প্রবোধ পেয়ে অন্ধ নরপতি। ক্ষমা দিয়া মৌনভাবে রহে মহামতি। বিত্রর চলিয়া গেল আপন ভবন। কহিলাম মহারাজ কথা পুরাতন। মহাভারতের কথা অমূত-লংরা। **কাশী কহে শুনিলে তর**য়ে ভববারি। শুনিলে অধর্ম খণ্ডে পরলোকে তরে ! **অবহেলে শুনে** যেন সকল সংসারে 🛚

> পাণ্ডব সভায় শ্রীকৃষ্ণের স্বাগমন ও ^{দরি} পাণ্ডবদের কুরুক্ষেত্রে গমন।

মূনি বলে অবধান শুনহ রাজন।
সভা করি বসিয়াছে ভাই পঞ্জন।
হেনকালে উপনীত হন নারায়ণ।
কুষ্ণে দেখি সন্ত্রমে উঠেন পঞ্জন।

বসিতে আসন দিয়া জিজ্ঞাসেন তাঁয়। কি কার্য্য করিলে কৃষ্ণ কুরুর সভায়। বিবরিয়া দব কথা কহ নারায়ণ। এত শুনি হাসিমুখে কহে জনাৰ্দন॥ বছ নরাধম অরি রাজা ছুর্য্যোধন। কাহার' বচন নাহি শুনিল কখন॥ ুত্রামার বিভাগ দিতে **দবে বুঝাইল**। কার' বাক্য **হুর্য্যোধন কর্ণে না শুনিল ॥** অবশ্বে আমি বহু কহিলাম তায়। ত্রহাপি উচিত ভাগ নাহি দিতে চায়॥ পক্ষানি আম কহিলাম ছাড়ি দিতে। হনি সভা হৈতে উঠি গেল সে ক্রোধেতে॥ ক্ৰ বন হাত <mark>নাড়ি কহিল সভায়।</mark> সাবধানে শুন কৃষ্ণ ক**হি যে তোমায়॥** তক্ত্র মূচি অগ্রে ভূমি আচ্ছাদয়ে যত। বন। যুদ্ধে পাগুবেরে নাহি দিব তত॥ িশ্চয় হইবে যুদ্ধ না হয় খণ্ডন। ^{ট্রার} বিধান **তবে করহ রাজন।**। এতেক শুনিয়া তবে পাণ্ডুর নন্দন। োধেতে অবশ অঙ্গ কাঁপে ঘন ঘন॥ 🦥 জোধ নিবারিয়া কহেন রাজন। দ্বৰূপিথ ছুৰ্যোধন করিল স্থজন॥ শুন বীর ধনপ্রয় **সহদেব বীর।** ^{শুন্হ} নকুল আর সত্যকি স্থধীর॥ প্রকাল নূপতি ধৃষ্টগ্রান্ন মহাশয়। ^{জ্যু}সেন আদি যত ভোজের ভন্য।। ্রির সময় হৈল স্থির করে বুদ্ধি। ^{দাবধানে} কর দবে মম কার্য্যাদদ্ধি॥ ্রনি অঙ্গীকার করিলেন বীরগণ। াণপণে তব আজ্ঞা কারব পালন॥ ^{ক্ষে}তি যাব**ৎ প্রাণ সবার আছয়।** ^{্বিং} করিব যুদ্ধ **শুন মহাশ**য়॥ ^{েরগণ} বাক্য ভবে শুনি নরপতি। ^{বিচাৰ}ে ডাকি আজ্ঞা দিল মহামতি॥ উভযাত্রা দেখ ভাই যাব কুরুক্ষেত্র। সৈন্তগণে সাজিবান্ধে বলহ একত্র॥

সহদেব বলে রাজা আজি শুভক্ষণ। পঞ্চমী দিবার আজি নক্ষত্র উত্তম॥ আজি যাত্রা করিবারে হয় ত উচিত। ি আজ্ঞা কৈলে করি যত সৈশ্য সমাহিত॥ এত শুনি আজ্ঞা দেন ধ্র্মের নন্দন। দৈন্য দেনাপতি শীঘ্ৰ করহ দাজন॥ পাইয়া রাজার আজ্ঞা চারি সহোদর। দৈন্য দেনাপতিগণ দাজিল বিস্তর॥ পঞ্চ কোটি সহস্ৰ শতেক মহাবলী। বহু কোটি শ্রেষ্ঠ শ্রেষ্ঠ সাজে সেনাপতি ॥ কোটি কোটি অশ্ব আর পত্তি অগণন। দাত অক্ষোহিণী দেনা করিল দাজন॥ ঘটোৎকচ বীর আদে প্রেয়ে সমাচার। ছ-কোটি রাক্ষম হয় যার পরিবার॥ চতুরঙ্গ দল বল সাজে অগণন। এইমত পাণ্ডুদৈন্য করিল দাজন॥ শূন্যে দেবগণ করে জয় জয় ধ্বনি। অতি শুভক্ষণে চলে পাণ্ডববাহিনী॥ তিনদিনে আদে পথ শতেক যোজন। কুরুকেত্রে উত্তরিল পাণ্ডুপুত্রগণ। পড় দেখি পঞ্চ ভাই হইলেন ঐতি। যুদ্ধের সামগ্রী দেখিলেন অপ্রমিত। আত্মবর্গ যত আদে রাজরাজ্যেশ্বরে। সাত্যকিরে বলে অভ্যর্থনা করিবারে ॥ সাত্যকি চালন সাজামাত্র বিচক্ষণ। সমাবেশ করে ক্রমে নর দৈন্যগণ ॥ যথাযোগ্য বসিতে সবারে দিল স্থিতি ৷ নানা দ্রব্য উপহার দিল মহামতি॥ মহাভারতের কথা অমূত-সমান। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান॥

.কুন সৈত্যের ব্যক্তকেত্রে **যা**ত্রা।

যুনি বলে শুন রাজা জ্রীজন্মেজয়। কুরুক্তে আসিলেন পাণ্ডুর তনয়। সাত অকোহিণী সেনা করিয়া সাজন। রহেন উত্তর ভাগে সিংহের গর্জন।

চর আসি হুর্য্যোধনে করে নিবেদন। কুরুকেত্তে দাজি আদে পাণ্ডুপুত্রগণ॥ শুনিয়া নুপতি আজ্ঞা দিল ছঃশাসনে। শীত্রগতি ডাকি আন যত সভাজনে ॥ রণসজ্জা কর আসিয়াছে শত্রুপণ। শুভযাত্রা দেখি দৈয় করহ গমন॥ পাইয়া রাজার আজ্ঞা বীর তুঃশাদন। দৈবজ্ঞ আনিয়া দিন করিল গণন॥ রাজারে কহিল তবে বীর ছঃশাসন। তৃতীয় প্রহরে যাত্রা দিন শুভক্ষণ॥ সাজিবারে আজ্ঞা দিল যত সৈত্যগণ। জয় শব্দ করে যত দৈন্য হাউমন॥ অসংখ্য সাজিল রথী লিখিতে না পারি। অৰ্ব্বুদ অৰ্ব্বুদ যত সাজিল চুধারি॥ গজ বাজী পত্তি সাজে রথ অগণন। সমুদ্র সমান সৈতা সাজে কুরুগণ। ধ্বজ ছত্র পতাকায় ঢাকিল আকাশ। বাহ্বকি সৈন্মের ভরে পায় বড় ত্রাস॥ টলমল করে পৃথী যায় রদাতলে। প্রলয় কালেতে যেন সমুদ্র উথলে॥ একাদশ অক্ষোহিণী করিল সাজন। পঞ্চ শত ক্রোশ যুড়ি রহে সৈন্যগণ॥ তবে হুর্য্যোধন রাজা আনি সভাব্ধনে। ভীম্ম দ্রোণ ক্বপ কর্ণ পৃষতনন্দনে॥ জয়দ্রথ সোমদত্ত ভগদত্ত বীর i পঞ্চ ভাই ত্রিগর্ত্ত সহিত নৃপতির ॥ শল্য মদ্রেশ্বর আর স্থশর্মা নুপতি। সবারে বিনয় করি কহে নরপতি॥ ক্ষত্রমধ্যে পরাপর নাহি শাস্ত্রনীত। যুদ্ধেতে উপেক্ষা করা না হয় উচিত॥ পিতা পুত্রে যুদ্ধ হলে না করি উপেক্ষা। দে কারণে না করিবে কাহারো প্রতীকা॥ প্রাণ উপেক্ষিয়া সবে করিবে সমর। নিকটে দাজিয়া এল পাণ্ডব কোঙর ॥ ় ভিনি অঙ্গীকার কৈল যত বারগণ। হইল আনন্দচিত রাজা দুর্য্যোধন ॥

তবে শত ভাই সঙ্গে গান্ধারীনন্দন। যাত্রা করি সজ্জীসূত হৈল সেইক্ষণ। বিদায় হইতে গেল বাপের সদন। নমস্কার করি কহে ভাই শত জন। প্রসন্ন হইয়া তাত কর**হ অ**দেশ_া **শুভ্যাত্রা আজি যাব কুরুক্ষে**ত্র দেশ॥ নিকটে আসিয়া সবে হৈল উপনীত। যুদ্ধ করিবারে তব হর ত উচিত ॥ তোমার প্রদাদে তাত হবে রিপুক্ষয়। যুদ্ধ করিবারে আজ্ঞা দেহ মহাশয়॥ শুনিয়া হইল অন্ধ ক্রোধিত অন্তর। মনে মনে অমুশোচ করিল বিস্তর॥ আশীর্কাদ দিল, হেঁট করিয়া বদন। মায়ের নিৰুটে তবে গেল হুর্য্যোধন॥ শত ভাই কহে কথা করিয়া মিনতি॥ · প্রদন্ধ। হইয়া মাতা দেহ ত আরতি॥ শুনিয়া স্থবলম্বতা সজল-লোচন। আশ্বাসিয়া পুত্রগণে বলিল বচন॥ **ইতর তোমার রিপু নহে পাণ্ডুস্থ**ত। একৈক পাণ্ডব জিনিবে পুরহূত॥ দেবের অজেয় রিপু বিখ্যাত ভুবনে। জীয়**ন্তে পাণ্ডবে কেহ না পা**রিবে রণে। সে কারণে তাহা সহ কলহ না রুচে। মোর বাক্যে প্রীতি কর যদি মনে ইচ্ছে। শুনিয়া কহিল নাস্তি রাজা হুর্য্যোধন। হেন বাক্য মাতা নাহি বলিও কখন। কর্ণ মোর পক্ষ আর দ্রোণ মহাণ্য। পিতামহ ভীত্মবীর সংগ্রামে তুর্জ্জয়। অশ্বত্থামা কৃতবর্মা কুপ মহাবীর। শল্য মদ্রেশ্বর রাজা সংগ্রামে স্থার॥ লক লক বীরগণ আমার সহায়। পাণ্ডুপুত্তে সমরেতে মারিব হেলায় 🏾 পাণ্ডবের পরাজয় মোর হবে জয়। নাহিক সংশয় ইথে কহিছু নিশ্চয়॥ আশীৰ্কাদ কর মাতা বিলম্ব না সয় 🏻 ক্ষণ বহি যায় মাতা করহ বিদার 🛭

এত শুনি হৈল মাতা মলিন বদন। ৰুয়ী হও বলি মুখে বলিল বচন॥ হুরে। এক কথা পুত্র শুন হুর্য্যোধন। _{''যথা} ধর্মা তথা জয়'' বেদের বচন॥ এই বাক্য মুখে বলে মাতা স্থবদনী। আকাশে নির্ঘাত বাণী হৈল ঘোর ধ্বনি॥ বিনা মেঘে রক্তর্ম্নি হয় ত গগনে। হিংকার শব্দ করি ডাকে মেঘগণে॥ বামেতে শকুনিগণ উড়য়ে আকাশে। মনতেজঃ হৈল রবি না করে প্রকাশে॥ নগর নিকটে আসি ডাকে শিবাগণ। এইরূপে যাত্রাকা**লে হৈল কুলক্ষণ।** यहश्चाति कुर्सिग्रंथन गरन ना कतिल। মায়েরে বিদায় মাগি রথে আরোহিল॥ ভাগ দ্রোণ কুতবর্মা কুপ মহামতি। কর্ণ আদি করি সাজে যত মহারথী॥ ছয় শব্দ করি চলে রাজা হুর্য্যোধন। কুরুকেত্রে উত্তরিল যত কুরুগণ॥ শত কোশ যুড়ি রহে কৌরবের দেনা। র্থ র্থা গজ বাজী পত্তি অগণনা॥ প্রলয়ের সিন্ধু সম সৈন্মের গ**র্জ্জনে**। জগং বধির হৈল না শুনি প্রাবণে॥ ত'বৈ হুর্য্যোধন রাজা হ'য়ে হুস্টমন। ^{উনুকে} ভাকিয়া <mark>আজ্ঞা দিল সেইক্ষণ ॥</mark> যাহত উলুক তুমি বিলম্ব না সহে। ^{দেখহ} আমার **দৈন্য কোথা কত রহে 🛚** ^{যে দেখিলে} বিবরিয়া কহিবে পাণ্ডবে। 🦄 কর আসি সবে যুক্তি অনুভবে ॥ ^{কহিবে} ভীমেরে মোর নিষ্ঠুর বচন। ^{মোর সঙ্গে আসি শক্তিমত কর রণ॥} দ্রৌপদীর অপমান আর দাসপণ। 🅫 হঃখ পেলে বনে করহ স্মারণ 🛭 ^{দে দ্ব} শ্মরিয়া সা**হসেতে কর ভর**। ^{হোর সঙ্গে} আসি তুমি করহ সমর্॥ আমারে জিনিয়া হুথে ভুঞ্জ বহুমতী। ন্ত্ৰ আমার হাতে হইবে স্কাতি 🛭

অর্জুনেরে কছিবে দম্ভ করিয়া বিস্তর। পূর্বের যতেক হ্রঃখ শ্মরহ অন্তর॥ যে প্রতিজ্ঞা করেছিলে করহ পালন। আমারে জিনিয়া হুখে ভুঞ্জ ত্রিভুবন॥ নতুবা কর্ণের হাতে দেখিবে শমন। অবিলয়ে কর আদি যাহা লয় মন॥ ক্লফেরে কহিবে দম্ভ করিয়া অপার। পাওবের পক্ষ হ'য়ে হও আগুদার॥ যেই বিভা দেখাইলে মন্ডা বিভ্রমানে। সে মায়া করিয়া এদ অর্জ্জনের দনে॥ সহদেব নকুলেরে কহিবে বচন। পূর্বে ছুংখ ভাবি ছুইজনে কর রণ॥ কহিবে ধর্ম্মেরে মোর বচন বিশেষে। ব্ৰহ্মচারা বলি তোমা জগতেতে খোষে ॥ ধান্মিকের শ্রেষ্ঠ তোমা বলে সর্বজন। তপস্বী বলিয়া তোমা করি যে গণন ॥ এখন সে দব কথা হইল প্রচার। বিড়াল সন্মাসী প্রায় তব ব্যবহার ॥ পূর্বেতে তাহার শুনিয়াছি যে কারণ। সেই অভিপ্রায় তব যজ্ঞ আচরণ॥ মুখে মাত্র বল ধর্মা অন্তরেতে আন। বিড়াল সন্মাদী প্রায় হারাইবে প্রাণ ॥ এত শুনি সবিশ্বয়ে উলুক তথন। নুপতিরে জিজ্ঞাসিল বিনয় বচন ॥ বিড়াল সন্মাসা হ'য়েছিল কি কারণে। আপনার দোষে দেই মরিল কেমনে॥ পশু হ'য়ে কৈল কেন তপ আচারণ। বিব্যাক্ত শুনি ইহার কার্ণ ॥ উত্যোগপর্বের কথা অমৃত-সমান। ব্যাদের রচিত দিব্য ভারত-পুরাণ॥ মস্তকে বন্দিয়া আন্মণের পদরজঃ। কাশীদাস কথে গদাধৰ নাসাগ্ৰজ 🛭

হুয়োধন কর্ত্ব বিড়াল ভাগান উপাধান কথন। রাজা বলে শুদ শুন প্রহে অসুচর। সত্যযুগে ছিল এক তাপসপ্রবর ম সর্ববঞ্জণসমশ্বিত ছিল ত ব্রাহ্মণ। হুঘোষ ভাহার নাম শাক্তে বিচক্ষণ ॥ স্থশীল নামেতে জাঁর ভার্য্যা গুণবতী। পুত্রবাঞ্ছা করি ধনী সেবে পশুপতি॥ পুত্র না জন্মিল তাঁর যুবাকাল গেল। বিপ্রের বৈরাগ্য বড় অন্তরে হইল 🗓 ভার্য্যা সহ বনে গেল তপস্থা করিণ। হিমালয় তটে উত্তরিল তুইজন॥ দেখিয়া বিচিত্র বন প্রীত পায় মনে। রচিয়া কুটীর তথা রহে তুইজনে । একদিন গেল ঋষি ফলের কারণ। ভ্ৰমিতে ভ্ৰমিতে দেখে দৈব নিৰ্ববন্ধন ॥ অনাথ মার্ক্সার শিশু পড়ি আছে বনে। ব্রাহ্মণ দেখিয়া শিশু চাহে চারি পানে॥ পলাইতে শক্তি নাহি শিশু কলেবর। চতুর্দ্দিকে বেড়িয়াছে বায়দ পামর॥ তার ত্রঃখ দেখি বিপ্র হৃদে হৈল দয়া। জিজ্ঞাসিল মার্জ্জারের নিকটেতে গিয়া॥ একাকী এথায় তুমি কিদের কারণ। মাতা পিতা বন্ধু তোর নাহি কোন জন ॥ বিড়াল বলয়ে কেহ নাহিক সংসারে। প্রদবিয়া মাতা মোর গেছে কোথাকারে॥ জননী ছাড়িয়া গেল দৈব নির্বান্ধন। একাকী অনাথ হ'য়ে রহিয়াছি বনে। মুনি বলে আমি তোমা করিব পালন। বঞ্চিবে পরম স্থাে আমার সদন ! অপুত্ৰক আছি আমি পুত্ৰ ৰাহি হয়। পুত্রবৎ করি তোমা পালিব নিশ্চয় ॥ এত শুনি বিভালের হুফ্ট হৈল মন। ্বিপ্রের চরণে আদি করিল বন্দন ॥ বিভালে লইয়া মুনি আদিল কুটীরে। পালন করিতে তারে দিলেন ভার্য্যারে॥ विज़ान नहेग्रा जूसे हहेन ज्लादी। পালন করিল তারে পুত্রবং করি॥ মায়া মোহে বন্ধ হ'য়ে সবে পাশরিল। বিড়ালে লইয়া দোঁহে নগরে আসিল ॥

পুনরপি গৃহধর্ম করে তুইজনে। বলবন্ত হৈল সেই অধিক পালনে॥ স্বভাব পশুর জাতি ছাড়িবারে নারে। বহু উপদ্রব করে গৃহস্থের ঘরে॥ যজ্ঞহবি নফ্ট করে পায়দান্ন খায়। মারিতে আদিলে লোক পলাইয়া যায় 🛔 ক্রোধে নগরের লোক হুঃথী মনে মন। সবে ব্রাহ্মণেরে গালি দেয় অফুক্ষণ॥ কোপায় তপস্থা তব কোথায় ব্ৰহ্মণা। পুত্রহীন হ'য়ে তুমি হলে মতিচ্ছন্ন॥ বিড়ালেরে এত স্নেহ পুত্রবৎ কর। সহজে পশুর জাতি মনে নাহি ডর॥ এইরূপে বলে মন্দ নগরের জন। ব্রাহ্মণ ব্রাহ্মণী ক্রোধে জ্বলিল তখন॥ ধরিয়া সিচিকাবাড়ি প্রহারে বিড়ালে। বান্ধিয়া রাখিল তারে হাতে পায়ে গলে॥ দিন তুই তিন তারে রাখিল বন্ধনে। বড়ই বৈরাগ্য হৈল বিড়ালের মনে॥ কোনমতে পারি যদি ছাড়াতে বন্ধন 🕫 তপস্তা করিয়া পাপ করিব মোচন॥ গৃহবাদে কাৰ্য্য নাই ঘাৰ বনবাস। অনাহারে পাপ আত্মা করিব বিনাশ॥ এরপে বিড়াল মনে মনে যুক্তি করি। দত্তেতে কাটিল তবে বন্ধনের দড়ি। সেইক্ষণে গৃহ হ'তে হইল বাহির। দণ্ডক কাননে গিয়া হইলেক স্থির॥ বিন্দু সরোবরে তথা কার স্নানদান। একে একে সর্ববতীর্থে করিল প্রয়াণ 🖟 ধরা প্রদক্ষিণ ব্রত করি একে একে। বিড়াল সন্মাদী বলি খ্যাত হৈল লোকে ৷ সমূদের মাঝে বীপ অতিরম্য নামে। বহু মুঘাগণ তথা থাকে অমুক্রমে॥ তথা গিয়া উত্তরিল বিড়াল সন্ম্যাসী। দেখিয়া সকল মুখা মনে ভয় বাসি॥ হাহাকার করি দব পলায় তরাসে। আশাসিয়া বিড়াল তবে কৰে সবিশেষে 🗓

আমারে দেখিয়া ভয় কেন কর মনে। প্রম প্রার্শ্বিক আমি সর্ববলোকে জানে॥ ্রপস্থা করিয়া মোর চিরকাল গেল। ছিংসা হেন বস্তু মোর কখন নহিল # প্ৰন আহারী আমি শুন মুধাগণ। আমারে তিলেক ভয় না কর কথন।। অনিন্দ কৌ হুক সবে ভ্ৰমহ নিৰ্ভয়। ত্তপস্থা করিব আমি সবার আশ্রয়॥ এত শুনি মুধাগণ **হৈল হুফ্টমন**। যার যেই স্থানে ক্রমে আসে সর্বজন ॥ মর্য্যাদা করিয়া বহু স্থাপি বিড়ালে। নির্ভয়েতে মুগাগণ ভ্রমে কুতু**হলে ॥** কতদিন গেল তবে জন্মিল বিশ্বাস। বার যেই শিশুগণ রাখি তার পাশ ॥ দূর বনে যায় **সবে আহার কার**ণ। মারিল ছাড়িতে লোভ বিড়ালের মন 🛚 শহজে পশুর জাতি নাহি আতা পর। চারিদিকে চাহি তার ফুলে কলেবর 🏾 উদর পূরিয়া খায় মুষা শিশুগণে। ষ্ট্রথ মুছিয়া ত বসিল ধেয়ানে॥ শইতে খাহতে লোভ অনেক হইল। ^{দিনে} দিনে শিশুগণ অনেক খাইল॥ এ সকল ভত্ত্ব নাহি জ্ঞানে কোনজন। দিনে দিনে অল্ল হয় মুধা শিভগণ॥ এক মূষ। বুদ্ধিমন্ত তাহাতে আছিল। ষর শিশুগণ দেখি হৃদয়ে ভাবিল। এ বেটা তপশ্বী ভণ্ড জ্ঞানিসু লক্ষণে 🕈 র্গি করি খায় যত মুধা-শিশুগণে॥ পিখ্যা প্রবীণ মুষা করে হাহাকার। দব ম্যাগণে গিয়া দিল সমাচার॥ ত্ৰিয়া সকল মুষা হৈল ছঃথমন। উপায় স্থজিল তার নিধন কারণ ॥ ^{এক যুক্তি} করি সবে হয় একমন। ^{াপের} চৌলিকে সবে করয়ে খনন 🛭 ^{।নিন} গভার **গর্ভ** দীর্ঘতে বিস্তর। মহাতে পড়িয়া মরে বিভাল পামর 🎗

সেইমত যুধিষ্ঠির কৈল আচরণ।
মুহূর্ত্তেকে মোর হাতে হরাবে জীবন॥
উলুক এতেক শুনি আনন্দিত মনে।
সাধু সাধু বলি প্রশংদিল হুর্য্যোধনে॥
মহাভারতের কথা অমৃত-সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

উনুকের প্র'ত পাগুবদের কথা। উলুক রাজার আজ্ঞাবশে বহে বাট। শীব্রগতি গেল যথা পাগুবের ঠাট॥ যত কহি পাঠাইল কুরু নৃপমণি। म खव कित्र मव किर्म का हिनौ ॥ শুনিয়া রুষিল পঞ্চ পাণ্ডুর নন্দন। উলুকে চাহিয়া ৰলে ক্রোধ করি মন 🛭 উলুক কহিবে শীভ্ৰ গিয়া হুৰ্য্যোধনে। প্রবাণ পক্ষীর প্রায় তোর আচরণে ॥ প্রবীণ নামেতে পক্ষী ছিল তুরাচার। নিরন্তর জাতিগণে কৈল অপকার ॥ তার ভয়ে জ্ঞাতিগণ স্থানভ্রন্ট হ'য়ে। পুথিবী ভ্ৰমিল দবে নানা হুঃখ পেয়ে ॥ শুভদিন সমুদিত যবে জ্ঞাতিগণে। এক যুক্তি করি সবে মারিল দারুণে॥ দেইমত মোর হাতে মরিবে নি**শ্চ**য়। আজি কালি মধ্যে যাবে যমের আলয়॥ তোমার মরণ ছুন্ট হৈত দেই দিনে। ড্রোপদীর কেশে ধরিয়াছ যেই দিনে ॥ শুনহ উলুক বলি কংহ বুকোদর। গদার প্রহারে উরু ভাঙ্গিব তাহার 🛭 এই লৌহ মহাগদা দেখ বিস্তমান। ইহাতে সকল ভাই হারাইবে প্রাণ 🛚 এত বাল াল ল'থে বীর রুকোদর। চক্রিচক্র ফিরে : * মন্তক্ষ উপর ॥ গাণ্ড ব ধমুক তবে 🙉 🛪 🗪 🖘 🙀 আকর্ণ গুরিয়া টক্কারেন ধকুগুর্ণ 🛊 এককালে হৈল যেন শত বজ্ঞাবাত। প্রমাদ গণিল সবে দেখিয়া নির্ঘাত 🏻

মুর্চহা হ'য়ে পড়িল উলুক অনুচর। সচেতন করিলেন তারে দামোদর॥ চেত্তন পাইয়া চর চাহে চারি পানে। হাসিয়া তাহারে ক্লফ্ষ কহেন তখনে॥ দেখিছ উলুক চর রক্ষা নাহি আর। রুষিল অৰ্জ্জুন বীর কুন্ডীর কুমার ॥ সত্য কথা কুরুগণে মারিবে নিমিষে। ত্রিভুবন নাহি আঁটে পার্থ যদি রোষে॥ ধনপ্তম কহিলেন উলুকে চাহিয়া। মোর দম্ভ দুর্য্যোধনে শীঘ্র কহ গিয়া॥ সৃতপুত্র সঙ্গে এস করিয়া সাজন। মোর হাতে তোমা সহ লইবে শমন॥ ইন্দ্র যদি রক্ষা করে রক্ষা নাহি পাবে। অবশ্য আমার হাতে যমঘরে যাবে 🛭 এইরূপে পার্থ গর্ব্ব করেন বিস্তর। মাদ্রীর তনয় তবে কহিল সহর॥ ধুষ্টব্যন্ন সাত্যকি যতেক বীরগণ। একে একে উলুকেরে করে সর্বজন॥ উলুক পাইয়া স্বাজ্ঞা রথে আরোহিয়া। ছুৰ্য্যোধনে সব কথা নিবেদিল গিয়া॥ যে কহিল পাগুবেরা কহিতে সে ভয়। কহিল নিষ্ঠুর কথা ভীম ধনঞ্জয়॥ রাজা বলে কিবা ভয় কহত কাহিনী। কি কহিল ভীমদেন ধর্ম নুপমণি॥ কি কহিল ধনপ্রয় মাদ্রীর নন্দন। ধুষ্টগ্রান্ন বিরাটাদি যত বীরগণ॥ **छे**नुक विनन त्राङ्गा ना कश्टिन नग्र। শুন যাহা বলিলেন ধর্ম মহাশয়॥ ধুতরাষ্ট্র গান্ধারীর চাহি আমি মুখ। সে কারণে সহিলাম দিল যত ছঃখ। কুষ্ণেরে পাঠাই অগ্রে করিবারে প্রীতি। অহঙ্কারে না শুনিল গোবিন্দের নীতি॥ ইহার উচিত শাস্তি হাতে হাতে পাবে। অচিরাতে সবংশেতে নিপাত হইবে ৷ ক্রোধে ভীম দর্প করি বলিল বচন। মোর সম বলিষ্ঠ না দেখি কোনজন ॥

রাক্ষস দানব মোর অগ্রে নহে ভির। গদার বাড়িতে তার নাশিব শরার ॥ মাদ্রীর নন্দন আদি যত বীরগণ। একে একে প্রতিজ্ঞা করে জনে জন 🛚 যে হয় উচিত রাজা করহ বিহিত। 🗢নি তুর্যোধন করে দৈন্য সমাহিত 🛚 আশ্বাসি কহিল সব যত যোদ্ধাগণে। মোর মনোবাঞ্ছা পূর্ণ কর সর্ববন্ধনে ॥ শুন কর্ণ মহাবীর রাধার নক্ষন। পরম বান্ধব তুমি মোর প্রাণধন॥ পূর্ব্বে অঙ্গীকার কৈলে সবার গোচরে। পাগুবে মারিয়া রাজ্য দিবে হে আমারে। তাহার সমর এই হৈল উপনীত। করহ বিধান সথে ইহার উচিত॥ কর্ণ বলে রাজা মোর সত্য অঙ্গীকার। প্রাণপণে কার্য্য সিদ্ধ করিব তোমার 🛚 যাবং শরীরে প্রাণ আছয়ে আমার। তাবৎ সাধিব কার্য্য শুন সারোদ্ধার॥ এত শুনি ছুর্য্যোধন হৈল হুক্টমন। বহু পুরস্কার কর্ণে দিল সেইক্ষণ ।

কর্ণের জন্ম বিবরণ ।

জন্মেজয় জিজ্ঞাদিল কছ তপোধন।
কুন্তীগর্ভে জন্মে কর্ণ বিখ্যাত ভুবন ॥
কৌরবের পক্ষে কেন দূর্য্যের নন্দন।
দেখিয়া ধরিল কুন্তী কিরূপে জীবন॥
মুনি বলে শুন কুরুবংশ-চূড়ামণি।
কৌরবের রণে গেল কর্ণবীর শুনি॥
বিহুরের মুখে শুনি এ দব বচন।
চিত্তেতে চিন্তিত কুন্তী ভাবে মনে মন॥
আমার নন্দন কর্ণ কেছ না জানিল।
দূর্য্যের ঔরদে জন্ম কর্ণের হইল॥
দৈবের এ দব কথা বিধির ঘটন।
রাধা যে পাইমা পুত্র করিল পালন॥
রাধার নন্দন বলি ঘোষে দর্ককান।
কেছ জাত নহে কর্ণ আমার নন্দন।

এ সময়ে লোকে যদি হয় সে প্রচার। ত্তপহাস করিবেক কৌরবকুমার ॥ ট্রচার কারণে আমি করিব গমন। ক্রণেরে কহিব আমি এ সব বচন॥ আমার বচন কর্ণ খণ্ডিতে নারিবে। অবশ্য সহায় পাণ্ডুপুত্রদের হবে॥ কিরূপে নিভূতে দেখা হবে কর্ণ সনে। একে ভাবিয়া কুস্তী যুক্তি কৈল মনে॥ ্রাতঃস্নান নিত্য কর্ণ যমুনায় করে। ্রেকশ্বর যায় স্নানে নাহি লয় কারে॥ ত্ত্ব জানি কুন্তী তথা করিল গমন। নমুনায় নামি কর্ণ করয়ে তর্পণ॥ ^{্রিতা কর্ম্ম} সমাপিয়া সূর্য্যে করে স্তব। উঠিয়া আইসে কুন্তী মানিল উৎসব 🛭 কর্পের সাক্ষাতে কহে গদগদ বাণী। মবধানে শুন তত্ত্ব পূর্বের কাছিনী॥ দামার নন্দন ভূমি সূর্য্যের ঔরদে। াগন ছিলাম আমি জনকের বাদে॥ ^{শ্বতিথি-}সেবায় তাত রাথিল আমারে। স্থানক দেবন কৈন্তু ছুৰ্ববাদা মুনিরে ॥ চতুর্মাস সেবিলাম বিধির বিধানে। বাজাবর্তী হ'য়ে আমি রহি অনুক্রণে॥ আমার সেবায় মুনি সস্তুষ্ট হইয়া। ক্ষুনান করিলেন আমারে ডাকিয়া॥ এই মন্ত্র দিতেছি যে তব বিগ্রমান। মিন্ত্র পড়ি যেই দেবে করিবে আহ্বান ॥ সেইক্ষণে আসিবেন ভোমার সাক্ষাতে। ^{যে বর} মাগিবে তাহা পাইবে নি**শ্চি**তে॥ ^{এত বলি} মহামূনি গেল যথাস্থানে। ছবে আনি মন্ত্র পরীক্ষিতে একদিনে॥ ^{ছলদে} আনিতে যাই <mark>যমুনার বারি।</mark> কৌ হুকে জপিতু মন্ত্র সূর্য্যে ধ্যান করি॥ ^{টখনি} আসিল সূর্য্য মোর বিভাষানে। ^{দুয়ে দেখি} ভীত আমি **হইলাম মনে ৷** দ্দেক বিনয় করি কহিন্দু বচন। ^{ি বুঝি} তোমারে **ভামি করি আবাহন॥**

অজ্ঞান ন্ত্ৰীজন-দোষ ক্ষমিবে আমার। ভনিয়া হাসিয়া সূর্য্য কছে আরবার ॥ কভু মিথ্যা নাহি হয় মুনির বচন। কভু মিথ্যা নহে কন্যা মম আগমন ॥ আমারে ভঙ্গ ভূমি নাহিক সংশয়। না ভাজিলে মন্ত্র মিধ্যা হইবে নিশ্চয়॥ বিবাহিতা নহ, চিন্তা করিছ অন্তরে। মম বরে মহারাজ বরিবে ভোমারে ॥ এত শুনি বশ আমি হইকু তাঁহার। বর দিয়া গোল সূর্য্য ভুঞ্জিয়া শৃঙ্গার ॥ সূর্য্যের সঙ্গমে হৈল গর্ভের উৎপত্তি। তথনি তোমারে প্রসবিলাম হুমতি॥ প্রসব করিয়া তোমা সচিন্তিত মন। কুমারীর কালে জন্ম হইল নন্দন॥ লোকে খ্যাত হয় পাছে এ সব কাহিনী। যমুনায় ভাসাইসু তাত্রকুগু আনি 🛭 আনিয়া তোমাকে রাধা করিল পালন। কদাচিত নহ তুমি রাধার নন্দন 🏽 যে হইল সে হইল অজ্ঞাত কারণ। ভাইগণ সঙ্গে তুমি করহ মিলন॥ ছয় ভাই মিলি বৎস নাশ মোর হুঃখ। শক্রগণে মারি ভুঞ্জ যত রাক্যন্থখ ॥ এত শুনি কর্ণ কহে করিয়া মিনতি। এ সকল গুপ্ত কথা জানিযে ভারতী ॥ জানিয়া করিলে ত্যাগ আমারে পূর্বেতে। রাধা যে পুষিদ মোরে বিখ্যাত জগতে॥ রাধার নন্দন বলি ঘোষে ত্রিভূবনে। তব পুত্ৰ বলি এবে বালব কেমনে॥ বলিলে কি লোকে হত করিবে প্রভায়। জগতে কুষণ লজ্জা হবে আভন্ত 🕆 বলিচনক ক্ষত্রগণ করি উপহাস। যুদ্ধকাল দেখি কর্ণ পাইল ভরাস॥ ভাই বলি পাগুৱেব এইল শর্প। ব্যর্থ কর্ণ নাম ধরি ঘোষে অকারণ 🖟 এ সব হইতে মৃত্যু ভাল শতগুণে। এ কর্ম্ম করিতে নাহি পারিব কখনে 🛭

তাহে মুর্য্যোধন মোরে শিশুকাল হ'তে। নানা ভোগে পুরস্কারে পালিল বহুতে॥ দেশ ভূমি গ্রাম রত্ন দিল বহুতর। হরিহর আত্মা যেন নহে ভিন্ন পর॥ তিলেক বিভিন্ন মনে নহে কদাচনে। ইহার হিংদন আমি করিব কেমনে # বিশেষ ভাহাতে আমি কৈয়ু অঙ্গীকার। অর্জনের সঙ্গে পণ সমর আমার 🛭 মোর হাতে পরলোকে যাবে ধনপ্রয়। কিন্ধা অর্চ্ছনের হাতে মোর মৃত্যু হয়। এইত প্রতিজ্ঞা কৈমু সভা বিগ্রমানে। সত্যভ্ৰষ্ট হ'তে নাহি পারিব কখনে॥ লে কারণে ক্ষমা কর জননী আমারে। এত শুনি পুনঃ কুম্ভী কহিল কর্ণেরে॥ ভাইগণ সঙ্গে যদি না কর মিলন। মোর বাক্য নাহি যদি করিবে পালন ॥ তবে এক সত্য কর মোর বিভ্যমানে। আর চারি পুত্তে মোর না মারিবে প্রাণে॥ এত শুনি কর্ণ কৈল সত্য অঙ্গীকার। ব্দার চারি ভায়েরে না করিব সংহার॥

পঞ্চপুত্র রবে তব এই পৃথিবীতে। অর্জ্বন সহিত কিম্বা আমার সহিতে॥ ব্যাসের বচন মাতা আছে পূর্ব্বাপর। পৃথিবীতে তব পঞ্চ রহিবে কোঙ্কর 🛭 সংসারের মধ্যে হবে রণে মহাতেজা। একচ্ছত্র পৃথিবীতে হবে মহারাজা। ব্যাদের বচন মিথ্যা নহে কদাচন। জগতে রহিবে মাত্র তোমার নন্দন **#** পাইবে ভোমার পুত্রগণ রাজ্ধানী। নিশ্চয় আমার মৃত্যু হইবে জননী ॥ না ভাবিও হুঃখ মাতা যাহ নিজন্থানে॥ এত বলি দণ্ডবৎ করিল চরণে ॥ বিদায় হইয়া কর্ণ গেল নিজ পুরে। যথাস্থানে গেল কৃন্তী হুঃথিত। অন্তরে। বিহুরের প্রতি কুম্ভী কহিল সকল। শুনি বিহুরের হৃদে হৈল কুভূহল॥ পুণ্যকথা ভারতের শুনে পুণ্যবান্। ব্যাসের রচিত দিব্য ভারত পুরাণ ॥ কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান। উত্যোগপর্বের কথা হৈল সমাপন।

ইতি উত্যোগপর্ব সমাপ্ত।

সচিত্ৰ সম্পূৰ্ণ কাশীদাসী



নারায়ণং নমস্কৃত্য নরকৈ নরোত্তমম্। দেবীং সরস্বতীং ব্যাসং ততো জয়মুদীরয়েং।।

ুক-পাওবের যুদ্ধসজ্জা।

জিজ্ঞাদেন জন্মেজয় কহ তপোধন। উদুকের মুখে বার্দ্তা করিয়া শ্রাবণ ॥ কোন্ কর্মা করিলেক ছুর্য্যোধন বীর। কিবা কর্মা করিলেক রাজা যুধিষ্ঠির॥ বলিলা বৈশস্পায়ন শুন মহাশয়। দূতমুখে বার্ত্তা **শুনি ধর্ম্মের** তনয়॥ রুষ্ণেরে কছেন ছৈল সমর সময়। বিহিত ইহার যাহা কর মহাশয়॥ শ্রীহরি বলেন রাজা করি নিবেদন। থাতা কর মহাশয় দিন শুভক্ষণ ॥ उथिन पिलान बाड्या त्राड्या यूथिछित । ^{চল্লিণ} সহস্র রাজা সাজে মহাবীর॥ পাঁচকোটি রথ সাজে ত্রিশ কোটি হাতী। ^{ষষ্টি} কোটি আসোয়ার অসংখ্য পদাতি ॥ মপ্ত অক্ষোহিণী সেনা পাশুবের দলে। সবে বিষ্ণুপরায়ণ মহাবল বলে ॥ निःहनान मञ्चस्तनि विविध वाकन। ^{নানা অ}ফ্রে বীরগণ করিল সাজন ॥ শ্রীহরি করিয়া অগ্রে পাণ্ডুর তনয়। र्केट्स्केट्ज हिल्लिन कित्र स्वयं स्वयं

তৰ্জ্জন গৰ্জ্জন করে যত যোদ্ধাগণ। পাঞ্জন্য আপনি বাজান নারায়ণ ॥ দেবদত্ত শভা বাজাইয়া ধনপ্রয়। যুদ্ধ করিবারে যান সমরে চুর্জ্জয়॥ গদা হস্তে ব্রুকাদর আনন্দিত মন। সহদেব নকুল সাজিল সেইকণ। ক্রপদ শিখণ্ডা আর বিরাট নুপতি। জরাসন্ধত্বত সহদেব মহামতি॥ ধ্বউত্যুল্ন চেকিতান সাত্যকি হুর্জ্জয়। শ্বেতশন্থা ও উত্তর বিরাট-তনয় 🛭 শুরসেন নুপ আর (কশী মহাবল। দৌপদীর পঞ্চপুত্র সমরে কুশল। অভিমন্ত্র ঘটোৎকচ সমরে বিশাল। ইত্যাদি সাজিল রণে যত মহাপাল।। জগ্ধ জয় শব্দে বাস্তা বাজে কোলাইল। কু**রুকেত্রে উ**ভরিল পাণ্ডবের দল ॥ দাঁড়াইল পূৰ্ব্বমূথে দৰ সেনাগণ। যুধিষ্টির মহারাজা হর্ষিত মন # দ্রঃশাসনে ভািয়া বলিল ছুর্য্যোধন। যুদ্ধ করিবারে, ক'ন বাহিনী সাজন॥ সাজ সাজ বলে রাজা বিলয় না সহে। মাব্রিব পাগুবগণ আনন্দেতে কৰে॥

क्रःभामन वीत्र फिल कंटरक (वायन!। শাজ শাজ বলি ধ্বনি করে সর্ববজনা॥ ভীষ্ম দ্রোণ কুপাচার্য্য অশ্বত্থামা বীর। ভূরিশ্রবা দোমদত্ত প্রফুল্ল শরীর॥ বাহলীক শকুনি কৃতবর্দ্ম। নরপতি। ভগদত্ত শল্যরাজ মদ্র অণিপতি॥ বিন্দ আর অনুবিন্দ কর্ণ মহাবল। শত ভাই কলিঙ্গ বিখ্যাত ভূমগুল ॥ **শ্বেতছ**ত্র পতাকা শোভিত সারি সারি। সাজিলেন শত ভাই কুরু-অধিকারী॥ ছত্র ধরে চলে ষাটি-সহত্র ভূপতি। এনৈক রাজার দঙ্গে দহত্রেক হাতী॥ **এ**रेकक धात्रकी मार्थ मन मन जानी। **চরণে সুপুর শব্দে কর্ণে লাগে তালি ॥ গক্ত বাক্রী** রথধ্বজ পতাকা প্রচুর। কুরু**দৈন্য স**ভ্জা দেখি কম্পে তিনপুর ॥ কৌরবের দৈন্যগণ মহা পরাক্রম। **অস্ত্রে শস্ত্রে** বিশারদ বিপক্ষেতে যম।। মহা আনন্দিত-মন যত কুরুগণ। যুদ্ধ হেতু দৰ্ববজন করিল সাজন ॥ আচন্ধিতে বায়ু বহে মহাশক শুনি ! গিরিতে চাপিয়া যেন আইদে মেদিনী॥ **অকস্মাৎ মেঘ যেন বরিষে রুধির**। বিনঃ ঝড়ে খদি পড়ে দেউল প্রাচীর॥ গদভ প্রদবে গাভী, কুকুরে শৃগাল। ময়ুর প্রদরে কাক, ই ছুরে বিভাল ॥ **নিরুৎসাহ অশ্বর**ণ কাঁপে ঘনে ঘন। **অনঙ্গল কত হয় না যায় বর্ণন**া দেখি যে ত্রিপদ পশু, নাহি চারি পাদ। **দিবদেতে পেচকের। করে ছোরনাদ** ॥ দণ্ড হত্তে শিশু সব যুঝে পরস্পর মহাঘোর রণশব্দ গগ্ন উপর 🗉 এক রক্ষে অন্য ফল অদ্ভুত কথন ! कर्म करन भृथियो कम्लारय घरन चन ॥ বিভুর দেখিয়া ইহা বিস্ময় মানিল। ধুত**রাষ্ট্র স্থানে** গিয়া দব নিবেদিল ॥

ওনিয়া আকুল হৈল অন্ধ নরপতি। নিরুৎসাহ হ'য়ে রাজা বসিলেন ক্ষিতি ॥ কুরুকুল ধ্বংদ হেতু জানিয়া তথন। আইলেন তথা সত্যবতীর নন্দন॥ দেখি সভাজন সবে পাত অৰ্ঘ্য দিল। চরণ বন্দিয়া অন্ধ স্তবন করিল॥ ধৃতরাষ্ট্র কহে শুন মুনি মহাশয়। কারো বাক্য না শুনিল আমার তন্যু 🛭 যুদ্ধ আয়োজন করে তুফ্ট মন্ত্রণায়। অমঙ্গল দেখি ভয় জন্মিল তাহায় ৷ ব্যাদদেব বলেন শুনহ মহাশয়। কুরুকুল হবে ক্ষয় জানিহ নিশ্চয়॥ ক**র্ম্ম অনুসারে জীব ভ্রময়ে সংসা**রে ৷ দৈবে যাহা হয় তাহা কে খণ্ডিতে পারে 🗈 পৃথিবীতে যত ক্ষজ্ৰ একত্ৰ হইল। এই যুদ্ধে সর্বজন নিশ্চয় মজিল।। পুত্র তব শত আর যত নৃপচয়। পর**স্পর যুদ্ধ করি সবে হবে** ক্ষয়॥ যুদ্ধ দেখিবারে যদি বাঞ্ছা থাকে মনে দিব্যচক্ষ্ব দিয়া যাই দেখহ নয়নে 🖟 প্রণমিয়া ধুতরাষ্ট্র সকরুণে কছে। পুত্ৰবধূ জ্ঞাতিবধ প্ৰাণে নাহি দহে॥ তোমার প্রদাদে আমি শুনিব প্রবণে এত বলি ধৃতরাষ্ট্র পড়িল চরণে ॥ **ক্ষণেক চিন্তিয়। ভবে ব্যাস ভপো**ধন : রাজারে বলেন শুন আমার বচন ॥ দিব্যচক্ষে সঞ্জয় দেখিবে ত্রিভুবন। রাত্রিদিন ভোমারে কহিবে বিবরণ॥ ইহাতে শুনিবে যত যুদ্ধ-বিবরণ। গৃহে ৰসি সব বাৰ্ত্তা পাইবা রাজন 🛚 যত অলক্ষণ এই দেখ মহাশ্য হইতেছে দিবসেতে নক্ষত্ৰ উদয়॥ উদয়াস্ত প্রায় সূর্য্য গগনে বেষ্টিত। বিনা মেদে বরিষয়ে সন্থনে শোণিত 🛚 অগ্নিবর্ণ প্রায় দেখি সমস্ত আকাশ। হইতেছে ধুমকেতু দিবসে প্রকাশ ৷

পর্বত-শিখর খদে সাগর উথলে। মহারক ভাঙ্গিয়া পড়িছে স্থলে ।। এই সব অলক্ষণ শুনহ রাজন। বংশনাশ হইবার এই সে কারণ॥ এ সকল বাক্য মুনি অক্ষেরে কহিয়া। চলিলেন স্বস্থানে সঞ্জয়ে আজ্ঞা দিয়া॥ বাাকুল হইয়া **অন্ধ ভাবে মনে মন**। দৈল্যের সাজন করে রাজা প্রর্য্যোধন ॥ দ্রোণাচার্য্য ক্রপাচার্য্য অশ্বত্থামা রথী। চংশাসন কর্ণ আদি যত যোদ্ধাপতি ॥ পিতামহ **স্থানে সবে করিল গমন**। ্সনাপতিরূপে ভী**ত্মে করিল বর**ণ ॥ ভিশ্বে সেনাপতি করি রাজা ছুর্য্যোধন। জিনিব পাণ্ডবগণে আন**ন্দিত** মন॥ ভাব ভাষা কহিলেন চা**হি সর্বাজনে।** ছিন্যায় করিয়া যুদ্ধ না করি কথনে॥ ष्युशैনে কদাচিত না করি প্রহার। ^{দর্ণাগতেরে} নাহি করিব সংহার॥ 🕬 সহ যুদ্ধ করি না মারিব আনে। াসিত জনেরে নাহি মারি কদাচনে॥ 🕏 ভেরী বহে, অস্ত্র যোগায় যে জন। গ্রারেনা মারি, দূতে না করি নিধন॥ र्धे तथी युक्त হবে, পদাতি পদাতি। ছে গজে অশ্বে অশ্বে এই যুদ্ধনীতি॥ েন সমানে যুদ্ধ, না মারিব হীনে। ^{ামার} নিয়ম এই শুন সর্বাজনে॥ [।] নিরপণ করি, করে শ**ভাধ্বনি**। ন বান্ত বাজে, কিছু কর্ণে নাহি শুনি 📭 াকোলাহলে সবে হরষিত মন। ^ভ্কালাহল শুনি কাঁপে দেবগণ॥ ^{চাদুশ} অক্ষোহিণী চ**লিল সমরে।** ^{ন তাহে} সেনাপতি তুর্জ্জন্ন সংসারে॥ ^{ৰিবি মানে} কৃষ্ণ পঞ্চমী যে তিথি। িনামে নক্ষত্রে সাজিল নরপতি॥ ^{ওবের} সেনা সব বিষ্ণুপরায়ণ। মূপে লাগুটিল যুদ্ধের কারণ ॥

পশ্চিমমুখেতে রাজা কোরবপ্রধান। মহাবল পরাক্রম জগতে বাথান II সর্ব্ব সৈন্য অগ্রে ভীম্ম শান্তমুনন্দন। দিব্যরথে আরোহণ হাতে শরাসন॥ যুধিষ্ঠির নৃপতির বিশ্বায় হইল। ভীম্মে সেনাপতি দেখি ভয় উপজিল। লাগিলেন কহিতে কৃষ্ণকে ধর্ম্মরাজ। ভীষ্ম সহ কে যুঝিবে সংসারের মাঝ॥ যার যুদ্ধে ভৃগুরাম পান পরাজয়। ্তার সহ কে যুঝিবে কহ মহাশয় : দ্রোণাচার্য্য মহাবীর বিখ্যাত জগতে। কোন্ বীর যুঝিবেক ভাঁহার সহিতে॥ অর্জ্ব কহেন রাজা কর অবধান। সংসারের ধাতা কর্ত্তা যেই ভগবান॥ হেন জন হইলেন আমার সার্থী। ত্রিভুবনে কারে ভয় কর মহামতি॥ নিরুর্থক চিন্তা রাজা কর কি কারণ। সর্বত্র বিজয়কর্তা সেই নারায়ণ॥ িহেন জন সাহায়েতে ভয় কি কারণ। নিশ্চয় হইবে জয় স্থির কর মন॥ তবে রাজা যুধিষ্ঠির হৃদয়ে ভাবিয়া। পদত্তজে চলিলেন রথ,বিসর্ভিন্না। পদত্রজে যান রাজা কুরুদৈন্য মাঝ। দেখিয়া বিশ্বয় মানে নুপতি-সমাজ ॥ দেখি ভীমার্জ্জনের হইল মহারোষ। ক্ষেরে কহেন দোঁহে মনে অসম্ভোষ। বিপক্ষগণের মধ্যে যান একেশ্বর। কোন্ বৃদ্ধি করিলেন ধর্ম নূপবর 🛭 পূর্বের এই বুদ্ধিতে হারিয়া রাজ্যধন। বনবাদ-ছঃখ ভুগিশাম দৰ্শবজন ॥ (महे तुक्ति जाकि नृत्रि छेनग्र हहेन। নতুবা ইহাতে কেন প্রবৃত্তি জন্মিল। শ্রীহরি কহেন ইথে কিছু নাহি ডর। সত্ত্ত্রী ধর্মপুত্র না ত্যানেন পর ॥ নিজ দল পর দল সকলি সমান। সে কারণে একেশ্বর করেন প্রয়ান #

মহারাজ যুধিষ্ঠির ধর্ম্মের নন্দন। বন্দিলেন ভাষা দ্রোণ ক্রপের চরণ 🛚 তৃষ্ট হ'য়ে তিনজন আশীর্বাদ করে। রণজয়ী হও আর সংহার শত্রুরে॥ তোমার অভীষ্ট দিদ্ধ হউক সত্তর। তুষ্ট হ'য়ে ভিনবীর দিল এই বর॥ ধর্ম্মরাজ বলেন যে আজ্ঞা হৈল মোরে। এ বাক্য অলজ্য সদা জানিব সংসারে॥ নিজ পরাক্রম আমি কিছু নাহি জানি। কিন্ত আশীৰ্কাদে জয়ী হইব আপনি॥ এই মাত্র ভরদা হইল মম চিত্তে। অবশ্য হইবে জয় সন্দেহ না ইথে॥ পুর্ববকথা নিবেদন চরণে ভোমার। করিল কপট পাশা বিখাতে সংসার ॥ কপট করিয়া সব রাজ্য ধন নিল। দ্বাদশ বৎসর বনবাস আমা দিল ॥ রাজ্যের বিভাগ নাহি দিল হুর্য্যোধন। পঞ্জাম না দিল করিল যুদ্ধ-পণ॥ সেই অনুক্রমে যুদ্ধ আয়োজন করে। অদম্ভব দেখি আমি ভাবিত অন্তরে॥ মহাবল পিতামহ বিদিত সংগারে। দেবাম্বর ঘাঁহার নামেতে দদা ডরে॥ গুরু দ্রোণাচার্য্য নামে কাঁপে তিনপুর। সশস্ত্র থাকিলে তাঁরে ডরে দেবাহুর ॥ কৌরব পাণ্ডব সম তোমা সবাকার। পক্ষাপক দেখি ভয় জন্মিল আমার॥ কোন্ বীর যুঝিবেক তোমাদের সনে। মম ভাগ্যে রাজ্য নাহি জানিলাম মনে॥ কিন্তু তোমা সবাকার আশীর্বাদ মূল। অবশ্য পাইব এই যুদ্ধাৰ্ণবে কূল । ষুধিষ্ঠির বচনে হইয়া তৃষ্ট মনে। ধন্যবাদ করিয়া কহিল ডিব্রু জনে ॥ সাধু ধর্মপুত্র তুমি ধর্ম অবতার। তোমার ধর্মেতে ধন্য হইল সংদার॥ ত্থোনেতে ধর্ম তথা কুষ্ণ মহাশয়। 'ধথা কুষ্ণ তথা জয়' নাহিক সংশয়॥

ধর্ম্মবলে রাজ্যভোগ শাস্ত্রে হেন কয়। ধর্ম্মেতে থাকিলে তার সর্বাত্তেতে জয় 🛭 শত দ্রোণ শত ভীম্ম **আ**সে স্থরপতি। ত্বপাপি ধর্ম্মেতে জয় শুন নরপতি 🛚 যাহার সহায় হরি ত্রিলোকের নাথ। কাহার ক্ষমতা তারে করিতে নিপাত 🛭 তথা হৈতে নিবর্ত্তিয়া ধর্ম্মের কুমার। নিজ দলে করেন আনন্দে আগুদার ॥ ডাকিয়া বলেন রাজা শুনহ বচন। এ সৈন্সের মধ্যে যেই ইচ্ছয়ে জীবন ॥ শ্রীকৃষ্ণ-চরেণে গিয়া লউক আশ্রয়। কোন স্থানে কোনকালে নাহি তার ভয়। শুনিয়া যুযুৎস্থ নিজ দৈন্যগণ ল'য়ে। ধর্ম অত্যে কহিলেন কুতাঞ্চলি হ'য়ে 🛚 নিবেদন করি শুন ধর্ম অধিকারী। শরণ লইসু মোরে দেখাও মুরারি॥ তবে যুধিষ্ঠির রাজা যুযুৎস্থকে লয়ে। কহিলেন গোবিন্দেরে বিনয় করিয়ে॥ যেন আমা পঞ্জনে স্নেছ কর হরি। ততোধিক যুযুৎস্থকে রাখ দয়া করি। শ্রীকৃষ্ণ কছেন রাজা স্থির কর মন। সাবধান হও তুমি উপস্থিত রণ॥ यूयू९ इ ठिलल यिन धर्मा तांक माथ । বাৰ্ত্ত। শুনি বিষাদিত হৈল কুরুনাথ 🛭 রথ হৈতে নামি শীদ্র অখে আরোছিল। ভীম্মের নিকটে গিয়া সব নিবেদিল 🛭 কি মন্ত্রণা করিয়া আইল ধর্মরাজ। যুযুহুকে নিয়া গেল নিজ দৈন্যমাঝ 🏾 লক্ষ সেনা ল'য়ে গেল উপস্থিত রণে ইহার বিচার কেন না কর আপনে॥ শুনি ভীষ্ম রাজারে কছেন বিবরণ। আমা বন্দিবারে এল ধর্ম্মের নন্দন ॥ ধর্মডাক ধর্মরাজ দৈন্য মধ্যে দিল। প্রাণেতে কাতর হ'য়ে শরণ লইল 🏻 মম পরাক্রম তুমি জান ভালমতে। স্থরাস্থর আসে যদি সমর করিতে **#**

আপন প্রতিজ্ঞা ভঙ্গ কডু না করিব। ক্ষের প্রতিজ্ঞা নাশি প্রতিজ্ঞা রাখিব 🎚 লনিয়া হইল হাই গান্ধারী-তনয়। পিতামহে জিজ্ঞাসিল করিয়া বিনয়॥ এই বে উভয় দৈশ্য একত্রে মিলিল। মন্তাদশ অক্টোহণী গণিত হইল ॥ ্চন কেহ ধনুর্দ্ধর আছে এ সংসারে। এক রথে এই সৈন্য পারে জিনিবারে 🛚 বলিলেন ভাষা আমি যদি দিই মন। একদিনে শর্বে সৈল্যে করি নিপাতন I দ্রোণাচার্য্য যদ্মপি ধরেন ধকুর্ববাণ। তিন দিনে ছুই দ**লে করে সমাধান**॥ কর্ণ যদি প্রা**ণপণে করয়ে সমর।** পাঁচ দিনে তুই সৈন্য লয় যমঘর II দ্রোণপুত্র যন্তপি **সংগ্রামে দেয় মন**। তিন দণ্ডে ছুই দলে নাশে সর্ব্বজন। যগ্রপি করেন মন ইন্দ্রের কুমার। না লাগে নিমেষ, করে সকল সংহার ॥ তনি প্রুর্য্যাধন রাজা বিস্মন্ন মানিল। পুনব্বার পিতামহে কহিতে লাগিল।। এনত অৰ্জ্ব যদি জান মহাশয়। ^{কি} প্রকারে **হইবে তাহার পরাঞ্চ**য়॥ ^{হোভারতের কথা অমৃত সমান।} ^{চাণীরাম} দাস কহে শুনে পুণ্যবান ॥

ামৰ দশ দিন যুদ্ধ প্রতিজ্ঞা এবং ক্মর্জ্বনের প্রতি শ্রীক্তকের যোগ কথন।

छूटे मत्न याषांशन करत्र निःरनाम । ঢাক ঢোল শঙ্খ বাজে জয় জয় নাদ। পাঞ্জন্য নামে শন্ধ ভয়ানক ধ্বনি। তুই করে ধরি কৃষ্ণ বাজান আপনি॥ বাজাইল দেবদত্ত শহা ধনপ্রয়। পৌণ্ড শন্ধ ৰাজইল ভীম মহাশয় 🏾 স্থপতি বাজান শহা অনস্ত বিজয়। সহদেব মণিপুষ্প নিনাদ কর্য়॥ বাজায় হুঘোষ শন্থা নকুল প্রচণ্ড। শুনিয়া বিশীক পক হয় লগু ভগু 🛭 তুই দলে কোলাহল হইল তুমুল। দশদিক যুড়ি শব্দ উঠিল অতুল 🛭 ধনুর্বাণ ধরিয়া বলেন ধনঞ্জয়। নিবেদন শুনহ গোবিন্দ মহাশ্যু 🛭 কাহার সহিত রণ হইবে প্রথম। কারে কারে যুদ্ধ হবে কেবা কার সম।। তুই দল মধ্যে রথ রাখিলেন হরি। একে একে ধনপ্তায় দেখেন বিচারি॥ সর্ব্ব অগ্রে পিতামহ আচার্য্য মাতৃন। ভাতৃপুত্র পৌক্র দেখিলেন সমতুল 🖟 वक् मदव प्रिया विषध देश यन। অবশ পার্থের অঙ্গ মলিন বদন 🛚 শরীর রোমাঞ্চযুক্ত কম্পে ঘন ঘন। হস্ত হ'তে খদিয়া পড়িল শরাদন॥ সকরুণ কুষ্ণেরে কছেন ধনপ্রয়। নিজ প্রিবার বধ উচিত না **হ**য়॥ দেখিলাম যত বন্ধু অমাত্য দকল। ইছা সবে মারি রণে নাহি কেনি ফল।। বিফল জীবন মম বাঁচি কোন হুখ। , গুরু বন্ধু মারিশ দেখিব কার মুখ ॥ রাজ্যে কার্য্য নাহি মম 🍪 🔭 অদার। কাহার নিমিত্তে ক্রি সংশের সংহার॥ রাজ্যে কার্য্য নাহি মম বনবাদে যাব। জ্ঞাতিনাশ বন্ধুনাশ সহিতে নারিব ॥ এত বলি অৰ্জ্জন ত্যজিল ধ্মুঃশর। বিমুখ হইয়া বসিলেন রণোপর 🛭

हक्ष जात्त्र প্রবোধিয়া বলেন বচন। ক কারণে কল্রধর্ম কর বিসর্জ্জন ॥ মহন্ধার করিয়া আইলে যুদ্ধস্থান। ন্মুখ সংগ্রামে কেন ছাড় ধনুর্বাণ॥ চ্চাতিবধে পাপ যদি ভাব ধনপ্পয়। কোরব কহিবে পার্থ হইল সভয়। কে কারে মারিতে পারে কেবা কার অরি। দবারে দংহারি আমি, সব আমি করি॥ কর্ম্ম অনুসারে লোক করে যাভায়াত। গাহার যেমন কর্ম্ম পায় সেই প্রস্কী। ্ষ্ত্ৰৰ বাল্য যৌবন বাৰ্দ্ধক্য উপস্থান। তেমন জানিহ তুমি সকল সমান। জীর্ণবস্ত্র ত্যজি যথা নব বস্ত্র পরে। ত্তথা এক তন্ম ছাড়ি অন্মেতে সঞ্চারে । শরীর বিনাশ হয়, নহে জীবনাশ। শুন কহি ধনগুয় করিয়া প্রকাশ। ষত সব বস্তু দেখ চতুদিশ লোকে। সকল আমার মৃত্তি জানাই তোমাকে ॥ সকল বুক্ষের মধ্যে আমি যে অশ্বত্থ। নদী মধ্যে শুরধুনী কহিলাম তথ্য। শ্বষ্ঠি মধ্যে আমি যে নারদ মহাশয়। মুনি মধ্যে কপিল আমার মূর্ত্তি হয়। গব্দ মধ্যে ঐরাবত, অখে উচ্চৈঃপ্রবা। বর মধ্যে নরপতি আমারে জানিব। ॥ দেবমধ্যে দেবরাজ, রুদ্রেতে কপালী। গন্ধৰ্বেতে চিত্ৰরথ, দানবেতে বলী 🛭 নাগেতে অনন্ত নাগ আমাকে জানিবা। গ্রহমধ্যে দিনকর আমাকে মানিবা B তেজঃ মধ্যে বৈশ্বানর আমার বিভৃতি। পাণ্ডবের মধ্যে আমি ভূমি মহামতি 🛭 বর্ণ মধ্যে দ্বিজ্ঞ পর্ববৈততে হিমালয়। ইত্যাদি অনস্ত আমি কুন্তীর তনয়। পৃথিবীর মধ্যে লোক যতেক জন্মর। निक निक कर्षाकरल मत्र इस करा। কুম্বাৰ্জনে যোগকথা অনেক ছইল। ৰাহুল্য কারণ সব নাহি লেখা গেল ॥

নানাবিধ যোগ কৃষ্ণ কছেন অৰ্জ্জনে। না হইল প্রবোধ তথাপি তার মনে॥ ভবে কৃষ্ণ কহিলেন শুন ধনপ্লয়। শ্মত সব সৈন্য এই জানিহ নিশ্চয়॥ সব্যসাচী হও হে, নিমিত্ত মাত্র তুমি। সর্বব সৈন্য দেখ, বধ করিয়াছি আমি ॥ অৰ্জ্জুন বলেন প্ৰস্তু তবে সত্য জানি। আপন নয়নে যদি দেখি চক্রপাণি॥ প্রীকৃষ্ণ দিলেন দিব্যচক্ষু **অর্জ্**নেরে। অর্জ্জন দেখেন বিশ্ব কৃষ্ণের শরীরে॥ মেঘ বর্ষ শীর্ষ তাঁর পরশে আকাশ। রবি শশী হুই চক্ষু অতি স্থপ্রকাশ। মুথ তাঁর বৈশ্বানর, তারাগণ দন্ত। আশ্চর্য্য দেখেন পার্থ নাহি পান অন্ত। ইন্দ্র দেবরাজ বাহু, ব্রাহ্মণ হৃদয়। নাভি সিন্ধুসম তাঁর পৃষ্ঠে বহুময়॥ দশদিক জঙ্বা ভাঁর, পাতাল চরণ। শৈলগণ তাঁর অস্থি, রোম তরুগণ॥ মাংসরূপা ধরণীরে দেখে ধনঞ্জয়। দেখিয়া বিরাট রূপ মানেন বিশ্ময়॥ করিলেন নারায়ণ বদন বিস্তার। তাহাতে দেখেন পার্থ অখিল সংদার 🛭 সর্বব সৈন্য মৃত তাহে দেখি ধনঞ্জয়। লঙ্জা ভয়ে বিশ্বয় হইল অতিশয়॥ স্তব করিলেন শেষে বিনয় করিয়া। আপন যুক্তান্ত সব কহ বিবরিয়া॥ ব্রক্ষা আদি দেব যাঁর নাহি পায় সীম। আমি মৃঢ় নরজাতি কি জানি মহিমা। কহেন গোবিন্দ **তাঁ**রে করিয়া সান্ত্^{ন।} প্রকাশিত কর চক্ষু ত্রাস কি কারণ 🛭 চক্ষু মেলি ধনপ্রয় স্থারূপ দেখি। নিলেক ধনুক করে পরম কৌতুকী ॥ প্রবোধ পাইয়া পার্থ রণে দেন মন। ধ্যুব্বাণ লইয়া বদৈন সেইক্ষণ ॥ তবে কৃষ্ণ কর্ণে দেখি বলেন সাদরে। ভীম দেখি সেনাপতি তোমা না আদরে। এমত অবজ্ঞা কি তোমার প্রাণে সহে।
উপেক্ষিল তোমাকে এ ক্ষত্রেধর্ম নহে।
পাণ্ডবের দলে এদ বুঝি নিজ হিত।
অবশ্য পাণ্ডবে তোমা করিবে পূজিত।
কৃষ্ণের বচন শুনি বলে বৈকর্ত্তন।
চুর্য্যোধন কার্য্য আমি করি প্রাণপণ।
গোবিল, যাবৎ কণ্ঠে রহিবে জীবন।
চুর্য্যোধনে না ছাড়িব আমি কদাচন।
চুর্য্যাধনে না ছাড়িব আমি কদাচন।

প্রথম দিনের যুদ্ধারম্ভ।

বলেন বৈশাম্পায়ন শুন জন্মৈজয়। रिम्मु-(कालाइल (यन मगूफ व्यलग्र ॥ দুই দলে শন্থনাদ সিংহনাদ ধ্বনি। ছত্র হইলেন যত রথী নৃপমণি ॥ অর্জ্বনেরে ক**হিলেন দেব না**রায়ণ। ভি'লের সহিত আ**জি তুমি কর** রণ ॥ ছবে ভীন্ন মহাবী**র শান্তসুনন্দন**। ছিল্লুন সম্মুখে এল করিবারে রণ **॥** পিতামহে প্রণাম করিল ধনঞ্জয়। ^{কল্যাণ} করেন ভীস্ম বলি হ'ক জয় ॥ রণসভ্জা বিভূষিত দেখি ভীম্মবীরে। ^{বিজয়} বিনয়ে তাঁরে জিজ্ঞাদেন ধীরে॥ কোন হেচু যুদ্ধসঙ্জা দেখি মহাশয়। ভোষার সমান কুরু পাণ্ডুর তনয় 🏾 ^{ংগাধন} দাহায্য করিতে তব মন। ^{মি যুদ্ধ} করিলে না করি নিবারণ I েন্ন বলিলেন পার্থ কহিলা প্রমাণ। ^{ক্}এণৰ্ম আছে হেন না করিব **আন** 🛭 ^{গাবিনে}দের বলি**লেন শান্তসুনন্দন।** ^{ারবি} হইলে প্রভু ভক্তের কারণ ॥ াধ্পাণ্ সাধ্ কুন্তী পুত্ৰ জন্মাইল। তিদশ ঈশ্বর যাঁর সার্পি হইল 🛙 েতক বলিয়া ভীন্ম নিল ধমুঃশর। ই বাব মারিলেন অর্জনুন উপর 🏾

পাণ্ডীব লইয়া করে বীর ধনঞ্জয়। গাঙ্গেরে বাণ কাটি করিলেন ক্ষু॥ পুনঃ ভীত্ম দশ অস্ত্র করিল সন্ধান। সে অন্ত্রও কাটিলেন ইন্দ্রের সন্থান। ভীমদেন সহ যুঝে রাজা হুর্য্যোধন। দোঁহে মহাব হ্যবন্ত দোঁহে পরাক্রম। সাত্যকি সহিত কুতবর্মা করে রণ। সোমদত্ত সহ যুবে বিরাটনন্দন ॥ দ্রোণ ধৃষ্টহ্যন্নে যুদ্ধ অতি ঘোরতর। কাশীরাজ সহ কুপাচার্য্যের সমর। ভগদত্ত সহ যুঝে পাঞ্চাল রাজন। বিরাটের সহ ভূরিশ্রবা করে রণ॥ শশীবিন্দ সহ যুবে শিখণ্ডী তুর্জ্জয়। অলম্ব্র সহ যুঝে ভীমের তনয়॥ অভিমন্থ্য কর্ণে বাধে অতি মহারণ। দোঁহে মহাধমুর্দ্ধর মহাপরাক্রম n महराद्व क्रुम्बू रथ इहेल वर् त्रव। আকাশ যুড়িয়া করে বাণ বরিষণ ॥ ছুঃশাদন নকুলে হইল ঘোর রণ। বরিষার মেঘ যেন বরিষে স্থন 💵 মদ্ররাজ সাহত যুঝেন যুখিষ্ঠির। দোঁহে বড বাঁৰ্য্যবন্ত রূপে অতি স্থির॥ শকুনি সহিত রণ করে চেকিভান। শূরদেন কলিঙ্গেতে হইল সমান। শল্যরাজ এক বাণ করিল সন্ধান। ধর্ম্মের হাতের ধন্তু করে থান খান॥ ধর্ম্মরাজ অন্য ধন্ম ধরিলেন করে। থাক থাক বলি ব্যাপ্ত করিলেন শরে॥ অন্ত দ্বারা নিবারিল মদ্র অধিকারী। দোঁহে সমশর কেহ জিনিতে না পারি॥ ধৃষ্টত্মান্দ্র সহ যুদ্ধ করে দ্রোণবীর। কাটিয়া ধনুক তাঁর ভেদিল শরার॥ আর ধসু ল'য়ে ধুউছ্যন্ন করে রণ। তুই বাঁরে মহাযুদ্ধ ঘোর দরশন # সোমদত্ত সহ যুদ্ধ ধৃষ্টকৈতৃ করে। অন্ধকারময় সব উভয়ের শরে 🛚

এককালে ধৃষ্টকেতু নয় বাণ মারে। ক্বচ ভেদিয়া তাঁর বিহ্বিল শরীরে ॥ हुই বাঁরে মহাযুদ্ধ বাধিল ভূমুল। অমরে দানবে যুদ্ধ নহে সমতুল 🏾 वर्টा ९ कह जनमुष त्राकरम था हैन। দৈত্যেরে মারিতে যেন দেবেক্ত আইল। নয় বাণ মারি ভারে ঘটোৎকচ হাসে। মহাবীর অলস্থ্য ধায় মহারোধে ॥ অস্ত্রাঘাতে দোঁধা অঙ্গে বহিল রুধির। করয়ে রাক্ষনী মায়া নির্ভয় শরীর। ইলাবন্ত সহ যুদ্ধ অশ্বৰ্থামা করে। তুইজনে অস্তর্ম্তি করে নিরন্তরে ॥ সিন্ধুরাজ সহ যু:ঝ শকুন ছুর্মতি। শঙামুৰ সহ যুঝে বিরাট সন্ততি ॥ হৃদক্ষিণ সহ যুঝে সহদেব-স্বত। দুই বীরে শরর্ম্ভি করেন অডুত। রথে রথে গজে গজে পদাতি পদাতি। সমানে সমানে যুদ্ধ এই ধৰ্মনাতি। আদোয়ারে আদোয়ারে ধাসুকী ধাসুকী। বুঝায়ে দকল দৈশ্য মনেতে কৌ হুকী। পরিঘ পট্টীশ গদা ত্রিশূল তোমর। মুদ্যার মুধল শেল বর্ষে নিরন্তর ॥ মণিমন্ত দৰ্প যেন আকাশেতে ধায়। উভয় সবৈত্র অস্ত্র সেইরূপে যায় ॥ ক্রক রচিত নাগ আকাশ ভরিল। যোদ্ধাগণ অস্ত্র সেইরূপ আড্বাদিল॥ অন্ত্রবৃষ্টি দেখি কম্পবান দেবগণ। পড়িল ঘটেক দৈন্য কে করে গণন॥ ৰুদ্দম হইল রক্তে, নদীন্দ্রোত বয়। সাগর উপলে যেন প্রলয় সময়॥ পরে অভিমস্যুবীর অর্জ্জ্ন-নন্দন। সৈত্যের উপরে করে বাণ বরিষণ # কাটিয়া অনেক দৈন্য পাড়ে চারিভিতে। **६क्षम रहेम गर्प को ब्रय-देगत्नार्ड ॥** দেখিয়া রুষিল ভাত্ম কুরু-সেনাপতি। ক্লপ শল্য বিবিংশতি ছুমুৰ্থ সংহতি 🎚

চোখা শর মারি কাটি পাড়ে বস্থ বীর। বাণেতে পাণ্ডব দৈন্য করিল অস্থির ॥ অর্ছ্তনের পুত্র অভিম্ম্যু মহাবীর। ধকুক ধরিয়া হাতে নির্ভয় শরীর ॥ শল্যরাজ রথধ্বজ কাটে এক বাণে। তিন বাণে ক্লপের কাটিল শরাসনে॥ নয় বাণ বিন্ধিলেক দোঁহার শরীরে। এক বাণে বিশ্ধিলেক কুতবর্মা বীরে 🖟 রথধ্বজ কাটে সব মারি তীক্ষণর। ত্রখ সহ সার্থিরে দিল যম্বর ॥ ক্বভবর্মা কুপ শল্য বরিষয়ে শর। জলধর বর্ষে যেন পর্বত উপর ॥ নিবারয়ে অভিমন্যু নির্ভয় শরীর ! ধনপ্রয় সদৃশ সমরে বড় ধীর॥ ভাষ্মকে মারিতে যত্ন অভিমন্যা করে। নিবারয়ে ভীষ্মবীর হাতে ধকুঃশরে ॥ কাটিয়া ভীপ্নের ধ্বজা ভূমিতে পাড়িন সৈন্য মধ্যে দেবগন তাহে প্রশংসিল। ক্রোধে ভীম্ম দিব্য অন্ত্র সন্ধান পূরিল। অভিমন্যু রথধ্বজ সার্থি কাটিল। দিব্য অস্ত্র নিল ভীম্ম সমরে তুর্জ্জয়। বিশ্বিয়া জর্জ্বর করে অর্জ্জুন তনয় ৷ তবে মহারথা সব লয় অন্ত্রগণ। অভিমন্যু রক্ষা হেতৃ ধায় সর্বজন ॥ করিলেন ভীম্মোপরি বাণ বরিষণ। নিবারয়ে সব অস্ত্র গঙ্গার নন্দন ॥ সব অস্ত্র নিবারিয়া নবারে বিঞ্জিল। পাশুবের দেনাগণে জর্জ্জর করিল # ব্যাকুল পাগুব দৈন্য রণে নছে স্থির। দেখি রুষিলেন ধনপ্রয় মহাবীর ॥ যেন তুই অগ্নি আসি একত্র হইল। ভীষ্ম অৰ্জ্জনৈতে মিশামিশি যুদ্ধ হৈল ॥ ক্রোধে অগ্নিবাণ নিল গঙ্গার নন্দন। বরুণ অস্ত্রেতে পার্থ করেন বারণ॥ হেনমতে গুইজনে মহাযুক্ত হৈল। বাৰ্ণ্য হেতুক ভাহা লেখা নাহি গেল।

ছতি ক্রোধে মহাবীর গঙ্গার নন্দন। দরশুরামের অস্ত্র করিল ক্ষেপণ॥ তনলোক কম্পমান দেখি অস্ত্রবর। শিনিক অন্ধকার কাঁপে চরাচর॥ ্দুখিয়া হইল ব্যস্ত প্রস্থু নারায়ণ। 🅫 জুনেরে বলিলেন কোমল বচন॥ নুবারণ কর অন্ত্র হইল প্রলয়। হে দ্ব দৈন্য আজি মজিল নিশ্চয়॥ 👣 পার্থ ইন্দ্র অস্ত্র পূরিল সন্ধান। ছিপথে কাটিলেন করি থান থান। াাল্রাশেত প্রশংদা করিল দেবগণ। াধু মহাবীর পার্থ ইচ্ছের নন্দন॥ াবে পার্থ দিব্য অস্ত্র করেন সন্ধান। াণে নিবারিল তাহা শান্ত**মু**–নন্দন ॥ ইছন স্থাপিত মহাপরাক্রম। কং কারে জিনিতে না পারে কদাচন ॥ ধাগকার ছিদ্র দোঁহে খুঁজিয়া বেড়ায়। । পায় সন্ধান দোঁহে সমরে তুর্জ্জয়॥ দ্রকালে ভীম মহা বিক্রম করিল। নেক কৌরব সৈত্য রূপে বিনাশিল ॥ াগ দেখি দ্রোণাচার্য ক্রোধাবিষ্ট মন। িলেন ভীমোপরি বাণ বরিষণ ॥ ए वाप निवाबिल वीत बुदकान्त्र। ন্য হইল যুদ্ধ মহাভয়ক্ষর্যা । ছাড়ি গদা ধরি করে সিংহধ্বনি। ^{হিয়া} দেখেন তাহা **অর্জ্জুন আপনি॥** ^{ট অবসর} পেয়ে গঙ্গার কুমার। ী দশ সহস্রেক করিল সংহার॥ माति पर्भ कति खरा भक्त मिल। ^{हब नि}त्नित्र যুদ্ধ সমাপ্ত হইল।। ^{ারব} পাগুব গেল আপনার স্থান। ^{শীরাম} দাস কহে শুনে পুণ্যবান ॥

দিতীয় দিনের যুদ্ধ।

শিবিরে গেলেন যুধিষ্ঠির মহাশয়।
বৈশ ছাড়ি সবে বসিল সভায়॥

ভীম পরাক্রম সব বাখানে বিস্তর। प्रभ महत्य यहात्रथी पिल यमचत् ॥ না হয় নিমিষ পূর্ণ অবসর পায়। রাখিল প্রতিজ্ঞা নিজ গঙ্গার তনয়॥ ধর্ম বলিলেন হরি করি নিবেদন। বড়ই তুক্তর পিতামহ সনে রণ 🛚 হেন বীর সহ আর কে করিবে রণ কিরূপে হইবে জয় কহ নারায়ণ ॥ শ্রীহরি কহেন রাজা চিস্তা নাহি মনে। কালি সেনাপতি কর বিরাট-নদ্দনে॥ व्यर्ज्ज्ञ्न कतिर्व कुरुटेमरग्रं मःशत् । শুনিয়া বিস্মিত অতি ধ.শ্মর কুমার ।। এতেক বলিয়া হরি বুঝাইল তাঁরে। লাগিলেন কহিতে বিরাট নুপতিরে॥ কালি সেনাপতি কর শব্ধ মহাবারে। কৌরবের দেনাগণ মারিবে অচিরে॥ শুনিয়া বিরাট বড় দানন্দ হইল। কুতাঞ্জলি হ'য়ে স্তব করিতে লাগিল # মম পূৰ্ববজন্মভাগ্য না যায় কথন। হেন যুদ্ধে দেনাপতি আমার নন্দন॥ তবে রাজা শস্তো আমি অভিষেক করে। আনন্দিত হইল পাণ্ডব নরেখরে॥ কর্যোডে বলিলেন শহা ধনুর্দ্ধর। এক নিবেদন করি শুন গদাধর॥ অসুগ্রহ করি মোরে ঝৈলে সেনাপতি। ভাষ্ম সহ যুবি হেন নাহিক সার্থি॥ সার্থি অভাবে রণ নহেত শোভন। ইহার উপায় আজ্ঞা কর নারারণ॥ তবে হরি সভ্যক্তিরে বলেন সহর। আপনি সার্থি হও শুন বার্বর 🛭 শুনিয়া সাত্যকি বীর করিল স্বাকার। প্রভাতে সমূরে সবে করে আগুদার॥ তুই দলে বাতা বাজে মহাকোলাংল। প্রলয়কালেতে যেন সমুদ্র-কল্লোল ॥ कुरे मल भिनामिनि रेशन महात्र।। কার শক্তি আছে হেন করিতে বর্ণন ॥

শ্রুতমাত্র কহি আমি রচিয়া পয়ার। অবহেলে শুনে যেন সকল সংসার॥ তবে ভীম্ম মহাবার শান্তমু-নন্দন। সেনাপতি শভো দেখি দবিশ্বয় মন॥ সিংহনাদ করিয়া করিল শভাধবনি। ত্রিভুষন কম্পুমান সেই শব্দ শুনি॥ অগ্র হ'য়ে শঙ্খ বীর সিংহনাদ করে। সন্ধান করিল বাণ ভীম্মের উপরে। আকর্ণ টানিয়া ধসু এড়িলেন বাণ। অর্দ্ধ পথে ভীম্ম তাহা করে খান ধান॥ যত অস্ত্র এড়ে শঙ্কা কাটে ভীত্মবীর। জর্জ্জর করিয়া বিক্ষে শড়োর শরীর በ বাণাঘাতে বিরাটনন্দন মূর্চ্ছা গেল। সাত্যকি লইয়া রথ পশ্চাত করিল N প্রফ্রিড্রান্স জোণেতে হইল ঘোর রণ। চমকিত হইয়া নিরখে সর্বজন॥ । अब्रह्म प्रश्नेत ইন্দের কুমার। সহস্র কৌরব-সৈত্য করিল সংহার॥ রথ গজ পদাতি পড়িল দারি দারি। যত মারিলেন দৈত্য কহিতে না পারি। দেখি ছুর্য্যোধন রাজা বহু দৈন্য নিয়া। অৰ্জ্জন সম্মুখে গেল সাহদ করিয়া॥ বরিষণ করে বাণ অর্জ্জ্ন উপর। বর্ত্মিষাকালেতে যেন বর্ষে জলধর॥ এককালে সহস্র সহস্র বীরগণ। মুষল মুনগর যেন বর্ষে জনে জন॥ দেখি পার্থ দিব্য অস্ত্র যুাড়ল কাম্মুকে। নিমিষে সবার অস্ত্র নিবারেন হৃথে 🛭 কাটিয়া সকল অস্ত্র ইন্দ্রের নন্দন। নিজ অস্ত্রে সবারে করিলেন ঘাতন 🎚 ষ্দ্রস্থাবাতে ছুয্যোধন ব্যথিত হইয়া। পলাইল নীচবৎ সমর ত্যজিয়া॥ ক্রোধে ধনপ্রয় করিলেন মহামার। স্হস্র সহস্র রথী হইল সংহার॥ পলায় সকল দৈন্য, রণে নছে স্থির। হৈদক্তক দেখিয়া ক্লবিল ভীন্মবার।

অর্জ্জন সম্মুখে এল ধনু অন্ত ধরি। কহিতে লাগিল বীর অহঙ্কার করি॥ অসাক্ষাতে আমার মারিলে বহু সেনা: সাক্ষাতে যুঝহ তবে দেখি বীরপণা॥ এত বলি দিব্য অস্ত্র পূরিল সন্ধান। অর্দ্ধ পথে পার্থ করিলেন থান খান। ছাড়িলেন দিব্য অস্ত্র গঙ্গার নন্দন। যেন জলধর করে বারি বরিষণ॥ অস্ত্রে অস্ত্রে নিবারেন অর্জ্জ্ন প্রচণ্ড। বহু দৈন্য মারিয়া করিলেন খণ্ড খণ্ড॥ হেনমতে যুবো রণ নাহি দিশপাশ। না লয় নিমেধ দোঁহে না ছাড়ে নিখাস॥ ভীমদেন মহাবীর অতুল প্রতাপ। কুরুদৈন্য মারিয়া করিল এক চাপ ॥ ভামের প্রতাপে আর কেছ নহে দ্বির। দেখিয়া রুষিল সূর্য্যপুত্র মহাবীর ॥ অতুল প্রতাপী দোঁতে মহাপরাক্রম সংগ্রামে হুর্জন্ম দোঁছে কেছ নহে কম। অভিমন্যু অশ্বত্থাম। দোঁহে হয় রণ। দোঁহে দোঁহাকারে অন্ত্র মারে প্রাণপণ। শল্যরাজে দেখিয়া উত্তর মহাবার। একেবারে মারি ষাটি সহস্র তোমর॥ কুল্লাটিতে আচ্ছাদিত ৰেন হিমাল^{য়}। তাদৃশ প্রহারে অস্ত্র বিরাট-তনয়। বাণে বাণ নিবার্টয় মদ্র-অধিপতি। সব অস্ত্র কাটি তার মারিল শার্থি। রথপ্রজ কাটে আর চারি অশ্ববর। মুষলের খাতে তারে দিল যমঘর॥ পড়িল উত্তর বীর বিরাট-নন্দন। হাহাকার করে সবে যত যোদ্ধাগণ 🛚 পুত্রের নিধন দেখি বিরাট নৃপতি। শল্যরাজ সম্মুখে আইল শীদ্রগতি॥ মুখামুখী তুইজনে সমর হইল। ছুই বৈশ্বানর যেন একত্তে মিলিল H দোঁহাকারে বিন্ধে দোঁহে করি প্রাণ^{পণ i} উভয়ে সমান যোদ্ধা সমান বিক্ৰম।

ব্টোংকচ অলম্ব্য যুদ্ধে নাহি ভর। ক্রেন্সী মায়ায় করে অন্ধকার ঘোর॥ 🔊 পাঞ্চালেতে যুদ্ধ অন্তুত কথন। है। हि (দাঁহা প্রতি করে বাণ বরিষণ।। _{হন্মতে} উভয় স**ল্যৈতে যুদ্ধ হয়**। _{ৰই} লক্ষ সেনাপতি যায় যমালয়॥ _{দুহিলেক} শুখাবীর সবার সাক্ষাৎ। হারবের বহু সেনা করিল নিপাত॥ টিল কৌরব-সৈত্যে মহা কোলাহল। দ্বিয়া ধাইল তবে দ্ৰোণ মহাবল॥ 👨 বার প্রতি গুরু বলেন বচন। তে অহস্কার তোর বিরাট-নস্দন ॥ ইংদ্রায় পেয়ে দৈন্য মারিলে অনেক। াক্ষাতে বুঝিব **তব ক্ষমতা যতেক ॥** ত্তিক বলিয়া গুরু পুরি**ল সন্ধান**। দুক্রারে প্রহারিল দশ গোটা বাণ॥ হ'বেগে আদে শর গগন উপর। শংয়া ত্রাসিত হৈল যতেক অমর॥ া দেখি শভাবীর সন্ধান পূরিল। হ'ণের যতেক শার কাটিয়া ফেলিল li ত্র ব্যর্থ গেল গুরু <mark>ক্রোধে হুতাশন।</mark> ার উপরে করে বার্ণ বরিষণ ॥ ় বাণে নিবারয়ে শহা ধনুর্দ্ধর। িটনেক দ্রোণধ্বজ মারি পঞ্চশর॥ কৈ পুরিয়া বীর করিল সন্ধান। ্রণর ধতুক কাটি করে খান খান ॥ িপালটিতে গুরু আর ধন্ম নিল। ^{্নাহি} দিতে, শ**ঙা কাটি**য়া ফে**লিল**া। ^{ধর সার}ি **জাটে আর চারি হয়**। ^{র রথে} চড়ে তবে দ্রোণ মহাশয়॥ ইর বিক্রম দেখি কৌরব বিষাদ। ^{ওরের} দৈন্যগণ ছাড়ে দিংহনাদ॥ ^{ছা} প্ৰয়ে দ্ৰোণাচাৰ্য্য ক্ৰোধে হুতাশন। ^{ক ধরিয়া} বলে ভ**র্জন বচন ॥** ^{5 হ'য়ে কেন তোর 'এত অহস্কার।} ^{বাণে} তোমারে দেখাব ঘমবার ॥

এক অন্ত্র বিনা যদি অন্ত অন্ত্র মারি। দ্রোণাচার্য্য নাম তবে ব্যর্থ আমি ধরি॥ মন্ত্রে অভিষেক করি ত্রহ্ম অন্ত্র নিল। আকর্ণ পুরিয়া গুরু সন্ধান করিল।। যোদ্ধাগণ দেখি তাহা করে হাহাকার। সাত্যকি বলয়ে শুন বিরাট-কুমার 🏾 এ অস্ত্র কাটিতে তব না হইবে শক্তি। অৰ্জ্জুন নিকটে যাহ এই হয় যুক্তি॥ সাত্যকির প্রতি বলে শঙ্গ ধকুর্দ্ধর। ক্ষত্রধর্ম ত্যজি কেন প্রাণেতে কাতর॥ দম্মুথ দংগ্রামে যদি হইব নিধন। স্থ্রলোক প্রাপ্ত হব না হবে খণ্ডন॥ মহাতেজে আদে বাণ অগ্নি জ্যোতিশ্ময়। দেখিয়া সাত্যকি বড় মনে পায় ভয়॥ রথ ল'য়ে চল যাই অর্জ্জুন সাক্ষাতে। তবে যে পাইবে রক্ষা এ মহা উৎপাতে॥ মহাক্রোধে বলে শম্ম বিরাট-তনয়। কি কারণে পলাইতে কহ মহাশয়॥ সেনাপতি করিলেন প্রভু নারায়ণ। অপ্যশ রাখিব কি, করি পলায়ন॥ এতেক বলিয়া বীর ধনু হাতে নিল। ব্রহ্ম-অস্ত্র কাটিবারে দন্ধান পূরিল॥ ব্রহ্ম অস্ত্র তেজে বাণ ভশ্ম হ'য়ে গেল। দেবগণ হাহাকার আকাশে করিল 🛭 বড় অবিচার রণে করিলেন দ্রোণ। ব্রহ্ম–অন্ত বালকের প্রতি নিক্ষেপণ॥ যেমন প্রলয়কালে শানিত্য প্রকাশে। তাদৃশ অস্ত্রের তেক্ষঃ গঙ্জিয়। আইদে 🛭 দেখিয়া সাত্যকি ভয়ে রথ ফিরাইল। লাফ দিয়া শঙ্খবীর ভূমেতে পড়িল 🛭 বুক পাতি রহে বীর হস্তে ধুমুঃশর। ব্রহ্ম-অন্ত্র-তেজে ভশ্ম হৈর্ল কলেবর॥ শঙা বিনাশিয়া অস্ত্র ফিরিয়া আসিল। দেখি দব যোদ্ধাগণ আশ্চর্য্য মানিল ॥ অৰ্জ্বন ভীম্মেতে যুদ্ধ নাহি পাঠাস্তর। দোঁতে অতি শীত্রহস্ত মহাধমুর্দ্ধর 🛚

অর্চ্ছনের ছিদ্র ভীন্ম খুঁজিয়া বেড়ায়।
তিল আধ অবসর কদাচ না পায়॥
ব্রহ্ম-অন্ত্র-তেজে যবে প্রত্যক্ষ হইল।
কাণেক পার্থের দৃষ্টি তাহাতে পড়িল॥
এই অবসরে বীর শাস্তমু-নন্দন।
দশ সহস্রেক রথী করিল নিধন॥
জয়শন্ম বাজাইল দিন অবসান।
বিতীয় দিনের যুদ্ধ হৈল সমাধান॥
কোরব পাগুবদলে যত যোদ্ধাবীর।
সবে চলিলেন তবে আপন শিবির।
মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

তৃতীর দীনের যুদ্ধারস্ত।

শিবিরেতে গিয়া ধর্মপুত্র মহারাজ। স্নান দান করিয়া বৈদেন সভামাঝ॥ সাল্পন্ম করেন বহু বিরাট-রাজনে। স্বর্গে গেল পুত্র তব, শোক কি কারণে॥ েশাক ত্যজ মহারাজ, স্থির কর মন। জনিলে অবশ্য মৃত্যু না হয় খণ্ডন॥ विदा है विनन सम शूर्व शूगा हिन। ঠেই মম পুত্র ক্ষজ্রধর্ম আচরিল । সম্মুখ সংগ্রামে তুষি যত বীরগণ। ञ्जलां क राम होने, भाक सकाजन ॥ ত্তবে যুধিষ্ঠির রাজা যোড় করি হাত । সবিনয়ে বলিলেন ঐীহরি সাক্ষাৎ॥ তুই দিন যুদ্ধ হৈল পিতামহ সনে। রথী দশ সহত্র মারিল ঘোর রণে॥ প্রাণপণে রাখিবারে নারে ধনঞ্জয়। কি প্রকারে সমরেতে হইবেক জয় ॥ অৰ্জ্বন বলেন রাজা না করিবা ভয়। পূর্বে অরণ্যের কথা স্মর মহাশয়॥ কাম্যবনে ছিলাম আমরা দবে যবে। ত্র্বাসারে পাঠাইল পাপিষ্ঠ কৌরবে॥ তার দঙ্গে শিষ্য যাটি দহত্র আইল। निनात्यात्र चानि यूनि भात्र याशिन ॥

হইলাম ব্যস্ত সবে, না দেখি উপায়। ব্যাকুলা জ্রুপদ-স্থতা স্মরে যতুরায়॥ ব্যস্ত হ'য়ে বনমালী চড়ি গরুড়েতে। কাম্যবনে আইলেন পাণ্ডবে রাখিতে॥ ক্ষুধায় ব্যাকুল যেন মাগেন ভোজন। দ্রৌপদী বলিল কোথা পাব' জনার্দ্দন ॥ দশ দণ্ড রাত্রি পরে করিকু ভোজন। তার পর আইল তুর্বাদা তপোধন॥ আমা সবা ভাগ্যে তুমি ক্ষুধায় আকুল। নিশ্চয় মজিল আজি পাগুবের কুল।। শ্রীহরি বলেন তুমি দেখ পাকস্থলী। ক্ষুধায় অন্তর মম যাইতেছে জ্বলি। তবে কৃষ্ণা পাকস্থলী মধ্যে নিরীক্ষিয়া: কণা মাত্র অন্ন শাক, আসিল লইয়া॥ পদ্মহস্তে অর্পণ করিল যাজ্ঞদেনী। খাইলেন মহানন্দে গোবিন্দ আপনি॥ তুপ্তোস্মি বলিয়া ছাড়িলেন যে উদ্গার। তাহাতে হইল তৃপ্ত সকল সংসার॥ সন্ধ্যা হেতু গিয়াছিল মহা তপোধন। উদর পূরিয়া উঠে উচ্চারে তথন॥ ভয় লঙ্জা উপজিল পলাইল সবে। এইরূপে দদা রক্ষা করেন পাওবে॥ সেই কৃষ্ণ এখনও আমার সার্থ। অবশ্য হইবে জয় শুন নরপতি॥ অৰ্জ্জুন বচনে রাজা প্রবোধ পাইয়া। বিভাবরী বঞ্চিলেন ভ্রাতৃগণ লৈয়া ॥ পরদিন প্রভাতে মিলিল প্রই দল। নানা বান্থ বাজে বহুমতি টলমল ॥ করিল গরুড় ব্যুহ রাজা কুরুবর। অগ্রেতে রহিল ভীম্ম সমরে তৎপর। দ্রোণাচার্য্য কৃতবর্মা চঞ্চু নির্মিল। ত্রঃশাসন শল্য তুই পক্ষতি হইল ॥ অশ্বত্থামা কুপাচার্য্য চুই বীরবর। বক্ষদেশ রকা হেতু হাতে ধকুঃশর ॥ ভূরিশ্রবা নিবসিল বীর ভগদত। शूष्ट्राप्तरण त्रशिलन वीत्र क्रमुख्य म

_{পর্জে} রাজা হুর্য্যোধন সোদর সহিত। বিন্দ অনুবিন্দ বহু বীর সমুদিত ॥ বারপালে তুঃশাসন সমরে তুর্জয়। হলং কলিঙ্গ দৈন্য দক্ষিণেতে রয়॥ 🤊 ্রেশে রহে রহদ্বল ধ্রুদ্ধর। ্রভ সদৃশ ব্যহ কৈল কুরুরুবর ॥ প্রতি ব্যুহ করিলেন পার্থ মহামতি। হক্ষতন্ত্ৰ নামে ব্যুহ তাদুশ আকুতি॥ দ'রূণ ভাগেতে রহে বীর রকোদর। তার পাছে বিরাট ক্রুপদ ধ্যুর্দ্ধর॥ বল নামে মহারাজ ধ্রুটকেছু সনে। পুষ্টব্যদ্ধ শিখণ্ডি রহিল অনুক্ষণে ॥ মধ্যে বাজা যুধিষ্ঠি<mark>র দাত্যকি সহিত।</mark> অভিমন্ত্র ঘটোৎকচ বীর সমন্বিত ॥ ন্দ্ৰুখেতে রহিলেন বীর ধনঞ্জয় । া বিন্দ দার্থি যার সমর ছুর্জ্জয়॥ ^{পরস্পার} ছুই দলে **হৈল হানাহানি**। . শ ত কোলাহলে কর্পে কিছুই না শুনি ॥ রথে গ**জে গজে অশ্বে অশ্ববর**। ^{পদাতি} পদাতি রণ হাতে ধুসুঃশর॥ 👫 অস্ত্র রৃষ্টি করে বিক্রমে বিশাল। ^{যদ্ধচন্দ্র} নারাচ ভূষণ্ডী ভিন্দিপাল॥ ন্দা বাণ বরিষয়ে সমরে দুর্জ্জয়। ্ৰ''ণিতে কৰ্দম ভূমি দেখে লাগে ভয়॥ ^{ুন} দ্রোণ কৃপ শল্য শকুনি বিকর্ণ। ্রলাধে সব সেনাপতি যেমন স্থপর্ণ॥ ^{কুর} হ'য়ে প্রবেশিল সংগ্রামের স্থল। ^{্রাহা} দেখি আ**গু হৈল পাগুবের দল।।** ^{ভাষ্}দেন ঘটোৎক**চ রাক্ষস ত্রৰ্জ্জ**য়। ুক্তিগ্ৰন্থ দাত্যকি জ্ৰুপদ ম**হাশ**য়॥ ^{শ্ব} বর্ষে গগনে হইল অন্ধকার। ^{ার মহারথী} করে অস্ত্রের সঞ্চার ॥ াই মধ্যে প্রবেশ করেন ধনঞ্জয়। ^{হক্তা}ব্যুহ মধ্যে যেন সিং**হ প্রবেশ**য় 🏾 গাণ্ডীৰ কান্মুক হন্তে গোবিন্দ সার্থি। ^{দেবিয়া} বেড়িঙ্গ ভারে কুক্ন যোদ্ধাপতি॥

সহস্র সহস্র বাণ চারিদিকে মারে। যার যত পরাক্রম সেই অনুসারে॥ পরিষ তোমর গদা পরশু মুবল। অর্জ্নেরে বেড়িয়া মারয়ে কুরুদল ॥ গগনেতে রৃষ্টি যেন বর্ষে নিরন্তর। সেই মত অস্ত্রবৃষ্টি অর্জ্জন উপর॥ শীব্রহস্তে ধনঞ্জয় নিবারয়ে বাণ। আকাশে অমরগণ করেন বাখান # সবাকার অস্ত্র কাটি পুরিয়া **সন্ধান**। সবাকারে মারেন শাণিত নিজ বাণ॥ অদ্ভূত বিচিত্র শিক্ষা খ্যাত তিনলোকে। কাহার' না ২য় শক্তি আসিতে সম্মুখে॥ তবে পার্থ মহাবীর ইন্দ্রের নন্দন। মারিলেন কত দৈন্য কে করে গণন্॥ অর্জুন **সম্ম**থে আর কেহ নাহি রয়[্]। সন্মুথে যাহারে পান লন যুমালয়॥ অভিমন্যু ঘটোৎকচ সমরে প্রচণ্ড। কৌরবের যোদ্ধাগণে করে লণ্ডভণ্ড 🛚 রণেতে প্রবেশ করে সাত্যকি তুর্জ্বর। অনেক কৌরব-দৈন্য করিলেক ক্ষয়॥ তবেত দৌবল রাজা কুপিত হইল। তর্জ্জন করিয়া সাত্যকিরে ডাক দিল॥ মারিলে অনেক দৈন্য দমর ভিতর। পড়িলে আমার হাতে যাবে ধমঘর ॥ এতেক বলিয়া রাজা মালে পঞ্চবাণ। শাত্যকির রথ কাটি করে খান খান॥ বিরথ হইয়া বীর লচ্জা পায় রণে। অভিমন্ত্য-রথে গিশ় চড়ে সেইক্ষণে॥ দ্রোণ ভীম্ম ছুই বীর অভি মহাবল। যুধিষ্ঠির রাজার মারিল বহু দল ॥ মাজীপুত্র সহ যুকে হুশর্মা নূপতি। প্রাণপণে দোঁহে যুঝে না হয় বিরতি ॥ দিব্যরথে আরোধিয়া রাজা দূর্য্যোধন। ভীমদেন সহ বীর আরম্ভিল রণ ॥ হাদে রকোদর হস্তে ধরি ধনু শর। আকর্ণ পুরিয়া মারে রাজার উপর॥

দেখি ছর্ষ্যোধন বাণ কাটি পাড়ে রণে। পঞ্গোটা বাণ পুনঃ মারে ভীমদেনে॥ অদ্ধপথে ভীম তাহা অক্লেশে কাটিল। ত্রয্যোধন বধিবারে দিব্য অস্ত্র নিল।। আকর্ণ পুরিয়া বাণ পুরিল সন্ধান। রথে পড়ে তুর্য্যোধন হইরা অজ্ঞান ॥ মুর্চিছত দেখিয়া রথ ফিরায় সারথি। সৈন্যেরে বিনাশ করে ভীম মহারথী 🖟 কৌরবের সেনাগণ পাইলেক ত্রাস। নানাদিকে পলাইল ছাড়ি যুদ্ধ আশ। কতক্ষণে তুর্য্যোধন পাইল চেতন। **সৈন্যগণে আখাসি**য়া বলে সেইক্ষণ ॥ যথায় করিছে রণ ভীম্ম মহারথী। তাঁর প্রতি বলিতে লাগিল কুরুপতি 🛭 তুমি হেন মহাধোদ্ধা ত্রিভুবনে জানে। দ্রোণ বীর মহাবীর জগতে বাখানে॥ ভোমা দোঁহা বিভামানে দৈল ভঙ্গ। পাণ্ডব পৌরুষ করে সবে দেখ রঙ্গ ॥ **পাণ্ডবের অনুরোধে পরিহ**র রণ। **অসুমানে** বুঝি চাছ আমার মরণ া কটুবাক্য শুনি ক্রুন্ধ হ'য়ে মহামতি। তুই চক্ষু রক্তবর্ণ কহে রাজা প্রতি॥ তোমারে দিলাম বহু হিত উপদেশ। না শুনিলা কার বাক্য মন্ত্রণা বিশেষ। বুদ্ধকালে যত শক্তি আমার মন্তব; প্রাণপণে যুদ্ধ করি নিবারি পাগুর রাজা হ'য়ে দৈশুগণ রাখিতে নারিলে : **রদ্ধ জানি মোরে অসু**যোগ কর ছলে , **এতেক বলিয়া ভীম্ম সিংহনাদ** করে : ধুমুকে টক্কার দিয়া অস্ত্র নিল করে ॥ **শঙ্খধ্বনি করি বীর সমরে পশিল।** কালান্তক যম যেন সাক্ষাৎ আইল ব যুধিষ্ঠির বাহিনী করিল হোর রণ। সহিতে না পারে কেহ ভীম্মের বিক্রম॥ বড় বড় ঘোদ্ধাপতি দাহদ করিল। বাগ ক্লুষ্টি করি দবে ভীল্মে আবরিল।

সবাকার অন্ত কাটে গঙ্গার নন্দন। নিজ অন্ত্রে সবাকারে করিল ঘাতন। সহজ সহজ সেনা বড় ৰড় বীর : ভীম্মের বিক্রমে কেহ রণে নহে স্থির॥ বনে সিংহ দেখি যেন গজেন্দ্র পলায়। পাণ্ডবের দৈন্য তেন রণ ছাড়ি ধায় ॥ দৈশ্যভঙ্গ দেখিয়া রুষিল ধনপ্পয়। ভীম্মের সম্মুখে আইলেন সে তুর্জ্বয় 🎚 অর্জ্জুনে দেখিয়া গঙ্গাপুত্র তার পর ! অস্ত্রবৃষ্টি করিলেন অর্জ্জুন উপর॥ অশ্ব রথ না দেখে সার্থি ধনঞ্জয়। দশদিক যুড়িয়া করিল অস্ত্রময়॥ দেখি দব পাণ্ডুদল পলায় তরাদে। কৌরবের ধোদ্ধাগণ আনন্দেতে ভাগে ॥ দিব্য অস্ত্র দিয়া তবে পার্থ মহামতি : পিতামহ **অ**স্ত্ৰ কাটিলেন শীত্ৰগতি।। অস্ত্র নিবারিয়া মারিলেন দশ বাণ। ভীম্মের কাম্মুক করিলেন খান খান 🛭 অন্য ধকু নিল ভীত্ম সমরে তুর্জ্জয়। সেই ধনু কাটিলেন পার্থ মহাশয়॥ ভীম্ম তবে প্রশংসিলা সাধু সাধু বলি : শরবৃষ্টি করিলেন অন্য ধনু ধরি॥ প্রাণপণে যুঝেন অর্জ্জুন ধনুর্দ্ধর। নিবারিতে না পারেন বড়ই ত্রহুর॥ চোথ চৌথ শরে বিন্ধে পার্থের হৃদয়॥ হীনবল হইলেন কুন্তীর তনয়॥ বাস্থদেবে বিদ্ধে বার চোখ চোখ বাণ। হইলেন তাহাতে কাতর ভগবান॥ হাসি ভীম্ম মহাবীর করে উপহাস। আপনি করহ যুদ্ধ দেব 🕮 নিবাস ॥ হইলেন সমরেতে অর্জ্বন কাতর। তাহাকে আখাদ করিলেন গদাধর॥ কুষ্ণের আশ্বাদ-বাক্যে হইয়া দন্বিত। ধনঞ্জয় হইলেন কোপেতে ঘূর্ণিত॥ বিষ্কেন সন্ধান পূরি ভীন্মের শরীর্ দেখি ক্রোধ করিলেন ভীম্ম মহাবীর #

वार्ग वार्ग निवात्रिया करत्र मत्रकाम । হস্কবারময় দেখে দশ দিকপাল। নাহি দেখি কপিধাজ সার্থি অর্জনে। 5মংকৃত হ'য়ে চাহে সব যোদ্ধাগণে॥ ত্ত্বে পার্থ মহাবীর ইন্দ্রের কুমার। ইন্দ্র অস্ত্র এড়ি শর করেন সংহার॥ বাল নিবারিয়া পুনঃ দিব্য অক্ত নিয়া। ব্ৰুত্জ কাটিলেন কবচ ভেদিয়া॥ দর্থির মৃণ্ড করিলেক খণ্ড খণ্ড। দেখি ভীম্ম**দেব হইলেন লণ্ড ভণ্ড**॥ লক্তিত হইয়া বীর নিল ধনুংশর। লক্ষ লক্ষ বাণ মারে অর্জ্জুন উপর॥ নিবানিশি **জ্ঞান নাহি সূর্য্যের প্রকাশ**। দশ্দিক রুদ্ধ **হৈল না চলে বাতাস**॥ দেখি দব যোদ্ধাগণ করে হাহাকার। কাটিলেন সর্বব অন্ত্র ইন্দ্রের কুমার॥ ভারত সমুদ্র **তুল্য ক্তেক লিখিব।** টেটে মহাবীৰ্য্যবস্ত নহে পরাভব॥ হেনরপে **দমস্ত দিবস যুদ্ধ হৈল**। বেনা অবসানে পার্থে ঘর্ম্ম উপজিল ॥ মুছিবারে অবকাশ না পান অর্জ্জন। উন্নেৰ আকৰ্ণ পূরি যবে ধনুগুৰ্ণ।। ত্ত্র সহ গুণ বার টানিবার কালে। ব্ভিয়া ফে**লেন ঘর্ম্ম যাহা ছিল ভালে॥** স্টে অবদরে ভীম্ম গঙ্গার কুমার। রথা দশ সহস্রকে দিল যমঘর॥ ^{দিংহনাদ} ছাড়ি **জয়শ**দ্ম বাজাইল। ^{শুনি} যোদ্ধাগণ সব নির্ভ হইল॥ ^{নিখ্নে} ছাড়িতে কার' নাহি অবসর। েন শুখ বাজাইল কহ দামোদর॥ ^{ङ्के}विति व**रलन कृशि शुनर कोत**्रग । वृक्कदारन **यन्त्रकल गृष्ट्रित यथन**॥ ^{দেই} সবকাশে ভীন্ম মারে রথিগণ। ^{হয়শস} বা**জাইল তাহার কারণ**॥ 🤨 নিয়া অৰ্জ্জুন মনে বিশ্মিত হইল। िङ मनवल्न मरव भिविदत्र ठिनन ॥

মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কছে শুনে পুণাবান্॥

চতুর্থ দিনের যুদ্ধ

শিবেরেতে গিয়া যুধিষ্ঠির নুপবর। বসিলেন সর্ববন্ধন সভার ভিতর॥ নানা কথা আলাপনে রজনী বঞ্চিল। প্রভাতেতে তুই দল সাজন করিল ॥ কুরুক্ষেত্রে গিয়া সবে করে কোলাহল। নানা বান্ত বাজে যেন সমুদ্র কলোল ॥ র্থিকে ধাইল রথি, গব্ধ ধায় গব্জে। আদোয়ারে আদোয়ার পদাতিক যুবে ॥ যে বাহার অন্ত ল'য়ে করে মহারণ। বরিষার কালে যেন বরিষয়ে ঘন ॥ শঙ্খধনে করি রথ চালান শ্রীহরি। ভীম্মের সম্মুখে যান অতি ত্বরা করি॥ তুই বীর দেখা দেখি সংগ্রাম হইল। দোঁহে দোঁকার অন্ত্র সন্ধান পুরিল। দোঁহে দোঁহা অস্ত্র কাটে সমরে নিপুণ। দোঁতে মহাধনুর্দ্ধর কেহ নহে উন। অযুত র্থীর সহ স্থার্মা নুপতি 🛚 পাণ্ডবের দলেতে প্রবেশে শীঘ্রগতি॥ শত শত রথিগণে করিল সংহার শত শত মারে হস্তী অশ্ব কত আরে 🛭 দৈন্মের নিধন দেখি রোমে রুকোনরে। রথ ত্যজি ধায় বীর গদা ল'য়ে করে। দেখিয়া স্থশর্মা রাজা সন্ধান পুরিল। একেবারে দশ বাণ ভীমে প্রহারিল।। দশ সহস্রেক রথী মহাধত্মর। দশ দশ অস্ত্র মারে ভীমের উপর॥ একেবারে লক শব লাগে ভীমদেনে মহাক্রোধ উপজিয়া, ধায় সেইকণে ॥ চুই শত রথী মারে এক গলা যায়। আর হুই শতৃ রথী মারি**লেক** পার ॥ র্থ সহ ধরিয়া অনেক রথিগণ। ফেলিল আকাশমার্গে পবন-নন্দন ॥

রথে রথে প্রহারিয়া মারে বহুজনে। গদাবাতে সংহারিল বহু বীরগণে॥ আথালি পাথালি বীর মারে গদাবাডি। র**থী দশ সহত্রেকে মারিল** থেদাড়ি॥ তবেত হুশর্মা বীর নানা অন্ত মারে। গদা ফিরিইয়া বাণ সকলে সংহারে॥ লাফ দিয়া পলাইল স্থৰ্মা নুপতি। দেখিয়া ধাইল তুর্য্যোধন নরপতি॥ ্নানা অস্ত্র বরিষয়ে ভীমের উপর। রথে চড়ি ধন্ম ধরে বীর রকোদর ॥ তবে হুর্য্যোধন রাজা সমরে তৎপর। মারিলেক ভীম'পরে দশ গোটা শর॥ অর্দ্ধপথে ভীম তাঙ্গ করে খান খান।। পুনঃ তুর্য্যোধনে মারে দশ গোটা বাণ ॥ ্বাণে নিবারিল তাহা কৌরব প্রচণ্ড। ভীমের ধমুক কাটি করে খণ্ড খণ্ড ॥ সার ধনু ধরে বীর চক্ষর নিমিষে। রষ্টিপারাবৎ বাণ নির্ভয়ে বরিষে। ধনু অস্ত্র কাটিল রথের চারি হয়। 🏄 এক বাণে সার্রথিরে নিল যমালয় ॥ অার রথে চ'ড়ে তবে কৌরবপ্রধান : ভীমের উপরে পুনঃ পূরিল সন্ধান॥ **িবাণে বাণে নিবারয়ে পবন নন্দন**। প্রর্যোধন রাজার কটেন শরাসন। ধনু কাটা গেল বীর পায় বড় লাজ পুনঃ আর লয় ধনু কুরু মহারাজ 🛭 পুনঃ পুনঃ ছুর্য্যোধন যত ধন্ম লয়: বাণে কাটি পাড়ে তাহা প্ৰন-তন্য । রাজার সঙ্কট দেখি ভীম্ম মহাবীর। রণে অবকাশ নাহি হইল অন্থির 🛭 রাজগণে ডাকি বলে, ওহে মহাশয় ৷ শীত্র যাহ বুঝি আজি হইল প্রলয়। ভীম ছুর্য্যোধনের বাধিল ঘোর রণ মহাবল পরাক্রম প্রন-নন্দন॥ শুনিয়া ধাইল তবে বহু যোদ্ধাগণ ৷ জয়দ্রথ ভুরিশ্রবা হুশর্ম। রাজন।

রূপ শল্য হুঃশাসন হুমুখ প্রভৃতি। ধর্ম্মদেন চিত্রদেন আর বিবিংশতি॥ ভগদত্ত মহারাজ বিলম্ব না করে। মহাগজে অরোহিয়া বেড়ে রুকোদরে 🛭 চারিদিকে আদিয়া বেড়িল বীরগণে অন্ধকার করিলেক বাণ বরিষণে ॥ মেঘে অচ্ছাদিল যেন দেব দিবাকরে শরজালে আবরিল বীর রুকোদরে ॥ দেখি ভীম মহাবীর শীঘ্রহস্ত হৈল : সবাকার শরর্ষ্টি শরে নিবারিল। দব অস্ত্র ব্যর্থ করি এড়ে অস্ত্রগণ: একে একে সর্বজনে করয়ে ঘাতন। কাহার' কাটিল রথ কার' ধকুগুণ : কা**হার' ধনুক কাটে কার'** কাটে ভূণ কাহার' কাটিয়া পাড়ে দন্ত চুই পাটি: বুকে বাণ বাজি কেহ কামডায় মাটি: কৌরবের সেনাগণ রণে ভঙ্গ দিল। দেখি ভগদত্ত বীর সমরে কুপিল ॥ মহাগজরাজে চড়ি হাতে ধকুঃশর : ভীমের উপরে ধায় অতি ক্রোধভর॥ ভগদত্তে দেখি ভীম পুরিল সন্ধান। বাছিয়া বাছিয়া মারে চোগ চোগ বাণ অস্ত্রে অস্ত্র নিবারিল ভগদত বার চোখ চোখ বাণে বিদ্ধে ভীমের শরীর 🖰 বাণাবাতে ভীমদেন অজ্ঞান হইল ভগদত্ত সিংহনাদ তথনি করিল 🛭 ক্ষণেক চৈত্রত্য পেয়ে উঠে মহাবীর ধকুঃশর নিল হস্তে নির্ভয় শরীর 🛚 বাছিয়া বাছিয়া বাণ করিল সন্ধান : ভগদত্ত রাজার কাটিল ধুরুখান ॥ কবচ কাটিয়া বাণ অঙ্গেতে ভেদিল **নানা অস্ত্র মহাগজরাজে প্রহা**রিল 🗈 : অরুণ কিরণ যেন জলধর মাবো: তেমন রুধির পড়ে ধারে গজরাজে **।** ভগদত্ত এড়িয়া দিলেক গঙ্গরাজ। দেখিয়া হৈল ব্যস্ত পাণ্ডৰ সমাজ॥

ব্রান্তে আইদে গজ মহী কাঁপে ভরে। _{প্রপ্রের} সৈন্য ভাঙ্গে স্থির নহে ডরে॥ ্দ্বথি ভীম মর্ম্মভেদী মারিলেক শর। অভঙ্গ নাহিক ভয়া**নক গছবর ॥** ্রানা অস্ত্র ভীমদেন গজেরে প্রহারে। হত্যবেগে ধায় গজ ভীমে মারিবারে ॥ গ্রহের বিক্রম দেখি ভগদত্ত বীর। সংহনাদ ছাড়িলেক নির্ভয় শরীর॥ পতার সঙ্কট দেখি হিড়িস্বানন্দন। ফ্রাক্রোধে অন্তর্ত্তী**কে ধায় সেইক্ষণ**॥ করিল রাক্ষদী মায়া অতি ভয়ক্ষর। ঘাসিলেক ঐরাবতে সংগ্রাম ভিতর॥ হন্ট গোটা হস্তী আর মহাভয়ঙ্কর। ্রাহে আরোহণ করি অফ্ট নিশাচর॥ ংছহস্তে যেমন শোভিছে দেবরাজ। াইয়া আদিল সঙ্গে দেবের সমাজ॥ ংগণোর শব্দে সবে করিল গর্জ্জন। 乎খিয়া ভ্রাসিত হৈল সব কুরুগ্ণ ॥ এককালে গজগণে টোয়াইয়া দিল। ্কারবের **সৈন্য সব ভয়ে পলাইল**॥ -হাবল হস্তিগণ মদ গলে ধারে। 👍 বড় রথিগণে থেদাড়িয়া খারে॥ ^{্রিজরাজে} এড়ি দিল ঘটোৎকচ বীর ৷ 🤒 দিল কুরুগণ রণে নহে স্থির ॥ ক্রুদৈন্য আর্ত্তনাদ করিতে লাগিল। े इत्र हल मरव हत्रत्व अफिल ॥ ^{ভগদত্ত} গজবর বড়ই প্রথর। ^{ংক্র}েকচ গজ সহ করিল সমর॥ 📆 ও ওওে জড়াজড়ি দত্তে হানাহানি। নিনাত চাৎকার শব্দ কর্ণে নাহি শুনি॥ ^{এরবেত} প্রাক্রম সম গজবর। ^{বর্ধানতে} ভগদত্ত কম্পিত **অন্তর**॥ ^{ভগ্ন}ত গজ রণে কাতর হইল। ^রে ট্রাজি গজরাজ ভ**রে পলাইল**॥ ^{মতুত} রাক্ষদী মায়া না যা**য় কথন।** ^{ুক্র}েপন্য বিনাশিল ভীমের নন্দন॥

সৈন্য বিনাশিতে দেখি অলম্বুধ ধায়। দেখাদেখি ছুই বীরে মহাযুদ্ধ হয়॥ দারুণ রাক্ষদী মায়া করেন প্রকাশ। কভু থাকে রণভূমে ক্থন আকাশ।। হেনমতে দোঁহে মায়া করিয়া সঞ্চার। প্রাণপণে তুইজনে হয় মহামার॥ বহুক্ষণ ছুই দলে করে মহারণ। কার শক্তি কেমনেতে করিবে বর্ণন॥ অৰ্জ্ক্ন ভীম্মেতে যুদ্ধ নাহি পাঠান্তর। শৃন্যমার্গে চমকিত যতেক অমর॥ সাত বাণ সন্ধান করিয়া কুম্ভীহৃত। ত্ই বাণে রথ**ধ্বজ** কার্টেন অভুত॥ শীত্রহন্তে ভীষ্মবর গুণ চড়াইল। নানা বাণরষ্টি পার্থ উপরে করিল। ক্ষের শরীরে বীর মারে দশ বাণ। হতুমানে কুড়ি বাণ করিলা সন্ধান। বাণে নিবারেণ তাহা পার্থ ধনুর্দ্ধর। ভীগ্মের শরীরে বাণ বিন্ধিল বিস্তর 🛭 পঞ্চবাণ মারিলেন কুন্তীর কুমার : সহস্র চরণ রথ পাছে গেল তাঁর। এই অবসরে পার্থ মারিলেন সেন মারেন সহস্র রথী গজ অগণনা॥ পরে ভীম্ম রথ দারি হ'য়ে অগ্রদর। পুণ্ডরাকাক্ষের প্রতি করিছে উত্তর॥ মহাপরাক্রম করে পার্থ ধনুর্দ্ধর। এবে নিজ রথ রক্ষ। কর দামোদর॥ এতেক বলিয়া বার দিব্য অস্ত্র নিল: আকর্ণ পুরিয়া ভীম্ম সন্ধান করিল।। কপিধ্বজ রথ, তাহে গোবিন্দ সার্থ। বাণেতে ত্রিপাদ পাছে করে মহামতি॥ । সাধু সাধু বলি প্রশংশেন নারায়ণ। তাহা শুনি জিজ্ঞাদেন কুন্তীর নন্দন॥ মম বাণে সম্ভ্র চরণ রথ গেল। মন রথ পিতামহ ত্রিপদ টানিল॥ कि कात्ररा माधुवान निरन नात्राया। কুপা করি কুপানাথ কহ বিবরণ॥

হাসি কৃষ্ণ কহিলেন শুনহ ফাল্গন। ভীম্মরর্থ সার্যথি চারি অশ্ব গণি 🛚 ইহাতে সহস্র পদ করিলে চালন। কপিধ্বজ রথের শুনহ বিবরণ 🛭 হ্রমের সদৃশ ধ্বজে বৈসে হতুমান। রথ বেড়ি আছে যত দেবতা প্রধান॥ পর্বত সদৃশ ভারি রথ ভয়ঙ্কর। বিশ্বস্তর মূর্ত্তি আমি তাহার উপর॥ ইহাতে ত্রিপদ পাছু চলিল যথন। সাধু সাধু মহাবীর গঙ্গার নন্দন॥ বিশ্বয় মানেন শুনি নন্দন কুন্তীর। র্থি দশ সহত্র মারিল ভীম্মবীর ॥ জয়শন্থ বাজাইয়া রথ ফিরাইল। আনন্দেতে কুরুগণ শিবিরে চলিল॥ পাণ্ডব নির্ত্তি রণে, দহ যতুবীর। সৈত্য সহ আইলেন, আপন শিবির॥ মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান ॥

যুধিষ্ঠিরের প্রতি জ্ঞাদ রাজার প্রবোধ। বলেন বৈশম্পায়ন শুনহ রাজন। ক্লফ প্রতি কহিলেন ধর্ম্মের নন্দন॥ পিতামহ পরাক্রম অদ্ভত কথন। যুদ্ধেতে নাহিক জয় বুঝিকু কারণ॥ শুনিয়া দ্রুপদ রাজা বুঝায় ধর্ম্মেরে। পূর্ব্ব কথা কেন রাজা না কর অন্তরে॥ **শৈশবে একত্র বাস করিতে** যথন। বিরোধ করিত প্রায় ভীম দুর্য্যোধন ॥ এ কারণে ধৃতরাষ্ট্র মন্ত্রণা করিয়া। সবারে বারণাবতে দিল পাঠাইয়া ॥ হ্রফী মন্ত্রী সহ যুক্তি করি হুর্য্যোধন। তথা এক জতুগৃহ করিল রচন॥ **দৈব**যোগে ব্ৰাহ্মণ ভোজন দেই দিনে। ব্যাধপত্নী এল এক অন্নের কারণে॥ তার সঙ্গে পঞ্চপুত্র দেখি তব মাতা। জিজাসিল কছ সতা কিবা তব কথা॥

কিবা নাম ধরে তব পুত্র পঞ্জন। কি নাম ভোমার **হে**থা গতি কি কারণ _দ ব্যাধপত্নী বলে দেবি নিবেদন করি। পাণ্ডুব্যাধপত্নী আমি কুন্তী নাম ধরি ॥ জ্যেষ্ঠ পুত্র যুধিষ্ঠির ভীম যে দ্বিতীয়। চতুর্থ নকুল আর অর্জ্জুন তৃতীয়। সহদেব পঞ্মের নাম যে কেবল। আমার রুত্তান্ত দেবি শুনহ সকল।। নিত্য নিত্য মুগয়া করেন মোর স্বার্মা উদরার্থে মাংস বিক্রী করিতাম আমি। স্বামী গেল জাল নিয়া মুগয়া কারণ। না পাইয়া মুগ বহু করি অন্বেষণ। অত্যন্ত চিন্তিত ব্যাধ আদে হুঃখমনে। হেনকালে এক মূগী দেখিল নয়নে॥ মৃগীর প্রসবকাল আসি উপস্থিত। হেনকালে ব্যাধ তারে বেড়ি চারিভিত ॥ একদিকে অগ্নি দিল জাল আর দিকে। আর দিকে শ্বান ছাড়ি দিল অতি বেগে। আপনি সে ধন্ম ধরি অস্ত্র নিল হাতে। ব্যাকুল হইয়া মুগী চাহে চতুর্ভিতে॥ চারিদিক নির্থিয়া পথ না পাইল। কাতরা হইয়া মুগী ভাবিতে লাগিল। হে **জ্রীকৃষ্ণ আর্ত্ততাতা** যাদব-নন্দন। এ মহাসঙ্কটে মোরে করহ তারণ। তৃণ জল খাই কারো হিংদা নাহি জানি: তবে কেন ব্যাধ মোরে বধয়ে অমনি 🛭 এইরূপে মুগী প্রাণে কাতরা হইয়া 🗀 রক্ষা কর জগমাথ বলিল ডাকিয়া॥ শুনি নারায়ণ হ'য়ে সদয়-হৃদয় ৷ মেঘে আজ্ঞা দিল মেঘ জল বরিষয়। অগ্নি নিবাইল **জাল উ**ড়িল বাতাদে। অকস্মাৎ আসি ব্যাদ্র শ্বানেরে বিনা^{শে ৷} ব্যাধ শিরে তথনি হইল বজ্রাঘাত। চারিদিকে মুক্ত তারে করেন শ্রীনাথ I ব্যাধের ম্রণে সবে অনাথ হইনু। অন্ন হেতু দেবি তব সদনে আইন্ন 📙

শুনিয়া **সকল বাক্য ভোজের নন্দিনী।** ক্র উপজিয়া ভা**রে দিল অন্ন আনি॥** ক্রুর পুরিয়া অন্ন খায়-ছয় জন।

ोन्त প्रतिया **अभ थाय छ्य अन**। _{সেই} ঘরে রহে সবে করিয়া শয়ন 🛚 ভ্রোধন আজ্ঞা, তোমা দবা পোড়াবারে। বাত্রিযোগে পুরোচন অগ্নি দিল ভারে॥ প্রলয় হইল অগ্নি আকাশ পরশে। স্কুদেবে তুমি জিজ্ঞাসিলা রাজা রোষে॥ দকল জানেন বীর **মান্ট্রীর নক্ষন**। বিত্রর রক্ষিত পথ করে নিবেদন॥ সুম্বের নীচেতে প**থ হুড়ঙ্গ ভিতর** । স্তম্ভ উপাড়িল তবে বীর রুকোদর ॥ সেই পথে ছয়**জন হইল বাহির** ! সন ছাডি আসিলেন ভীম মহাবীর॥ িরিয়া গে**লেন বীর গদা আনিবারে**। দাকাং হইল অগ্নি ভীমে দহিবারে॥ ছবে ভীম অগ্নি প্রতি বলিল বচন। ম'মার সমান দিব একশত জন॥ ত্ৰে নিবৰ্ত্তিল অগ্নি ক্ষম। দিল মনে। দি ল'য়ে বাহির হইল ভীমসেনে॥ ারকায় ছিলা প্রভু অপূর্ব্ব শয্যায়। ^{নিজাঙ্গে} নিলেন তাপ দয়াল হৃদয়॥ াপতে উত্তাপ দেখি ভীষ্মক ছুহিতা। েঞ জিজ্ঞাদেন কহ ইহার বারতা॥ ্রীকৃষ্ণ কছেন ইহা বলিবার নয়। ^{কথা} প্রেয়দী, নাহি জি**জ্ঞাদ আনা**য়॥ দুই মহা অগ্নি তাপ নিজ **অংশ** নিয়া। ভাষা দবাকারে উদ্ধারিলেন আসিদা॥ হাতে সন্দেহ কেন কর মহাশয় বিশ্য সমরে তব হইবেক জয়॥ is বলি বুঝা**ইল ত্রুপদ ধর্ম্মেরে**। ^{ছত্র} বঞ্চিল সবে আনন্দ অন্তরে॥ ^{ইপর্ম্ম} কথা ব্যা**সদেব বির**চিত। ^{শিরাম} দাস ক**হে রচিয়া সঙ্গী**ত 🛭

१क्य फिल्स्स र्का

আর দিন প্রভাতেতে মিলি ছুই দলে। সমুদ্র সদৃশ বৃাহ করে কুরুকুলে। রচেন শৃঙ্গট নামে ব্যুহ যুধিষ্ঠির ছুই শৃঙ্গ রচিল সাত্যকি ভীমবীর॥ সহস্র সহস্র যোদ্ধা করি রণবেন। कृष्ध मङ्ग जर्ङ्जून त्रस्टन मशुरानम ॥ তার পাছে যুধিষ্ঠির মাদ্রীপুত্র সনে। অভিমন্যু বিরাট রহিল অনুক্রমে॥ দ্রৌপদীর পঞ্চপুত্র রহে তার পাছে। ঘটোৎকচ মহাবীর তাহাদের কাছে।। প্রতিবৃাহ করি সবে উঠানি করিল। বিবিধ বিধানে বাগ্য বাজিতে লাগিল॥ নানা অন্ত্র লইয়া আস্ফালে সব যোধ। পরস্পর ছুইদলে লাগিল বিরোধ॥ যুদ্ধ হয় নানা অস্ত্র ধরি হুই দলে বিত্যুৎ চমকে যেন গগনমগুলে॥ দেখিবার কার্য্য থাক কর্ণে নাহি শুনি। পরস্পার নাছি জ্ঞান বাণে হানাহানি॥ অশ্ব গজ পড়িল পদাতি বহুতর। দেখিয়া করিল ক্রোধ ভীন্স বীরবর॥ বাদব হইতে যুদ্ধে ভীষ্ম নহে উন। হস্তেতে ধনুক ধরি টক্ষারিশা গুণ । যতেক পাগুবদল সমরে প্রচণ্ড। শরেতে কাটিয়া ভীম্ম করে খণ্ড খণ্ড॥ কার' কাটে অখবর কার' কাটে গজ। কাহার' দারথি কাটে কার' কাটে ধ্বজ ॥ काशत मुक्छे कार्छ कात्र कारह मधा **কাহার' ধকুক কাটে**, কার' কাটে মুগু॥ হস্ত পদ কাটে কার' কাটে কার' স্কন্ধ। **ঘোরতর সমরেতে** নাচয়ে কবন্ধ । रेमरच्यत्र विनाम (पथि धाव त्रुरकापत्र। ভীম্মেরে মারিতে যায় সক্রোধ অন্তর 🛭 গদা হাতে ভীমসেন ধাইলেক বেগে। খেলাড়িয়া মারে বীর যারে পায় স্মাগে॥

ভীমের দাক্ষাতে আর কেহ নাহি রয়। ভীল্মের সার্থি মারি দিল যমালয়॥ ধসুক্ ধরিয়া হাতে ভীম্ম মহামতি। ভীমের উপরে বাণ এড়ে শীঘ্রগতি॥ গদা ফিরাইয়া ভীম নিবারিল শর। একঘায়ে রথ অশ্ব দিল যম।র॥ শক্ষ দিয়া ভীন্নবীর চড়ে অন্য রথে। অস্ত্র রুষ্টি করে মহাপণ্ডিত রণেতে॥ নারায়ণ দেখি রথ চালান ঝটিতি। ভীম্মের সম্মুখে রথ রাখেন শ্রীপতি 🗓 অন্তরীকে অর্জ্জুন কাটেন সর্ব্ব বাণ। দেখি ক্রন্ধ হৈল ভীষ্ম অগ্নির সমান॥ দেখাদেখি ছুইজনে বাধে খোর রণ। চমকিত হ'য়ে দেখে যত দেবগণ। ভীম মহাক্রোধে দৈন্য করিল সংহার। যারে পায় তারে মারে না করে বিচার ॥ ইন্দ্র যেন বজ্র হস্তে ভাঙ্গে গিরিবর। গদাঘাতে মারে বড় বড় গব্ধবর ॥ মাদ্রীপুত্র হুইজনে ভাঙ্গে পাটোয়ার। সহজ্র সহজ্র রথ মারে আসোয়ার॥ সহঅ সহঅ গজ পদাতি বিস্তর। পৃথিবী আচ্ছাদি পড়ে দৈন্য বহুতর॥ ধ্বজ ছত্র পভাকায় ঢাকিল মেদিনী। ছুইদলে কোলাহল কিছুই না শুনি॥ হেনকালে রণে আদে ইলাবন্ত নাম। অর্জুনের পুত্র দেই ইন্দ্রের সমান॥ স্থবর্ণ রচিত দিব্য বিমান স্থন্দর। তাহাতে চড়িয়া আদে সংগ্রাম ভিতর ॥ ভীর্থযাত্রা করেন যে কালে পার্থবীর। ভ্রমিলেন বহু তীর্থ নির্ভয় শরীর॥ অন্তা নাগের কন্যা উলুপী আছিল। সর্পরাজ পুগুরীক হৃদয়ে ভাবিল। অর্জ্জুনেরে তথায় লইল ছল করি। প্রদান করিল তারে উলূপী স্থন্দরী 🛭 তার গর্ভজাত বীর ইলাবন্ত নাম। মহাপরাক্রমশালী যুদ্ধে যেন রাম ॥

ঐরাবত পাঠাইয়া দেব পুরন্দর। ইলাবন্ত আনিলেন আপন গোচর॥ অর্জুন গেলেন যবে ইন্দ্রের ভুবন। পিতা পুত্রে তথায় হইল দরশন॥ পিতা পুত্রে পরিচয় মাতলি করিল। সেই বীর ই**লাবন্ত উপনীত হৈল**॥ সমরে আসিয়া ইলাবন্ত করে রণ। স্থব**লে**র পুত্রগণ আইল তথন ॥ পশিয়া তোমর শেল মুধল মুদগর। ইলাবন্ত উপরে বরিষে নিরন্তর ॥ নিবারিয়া ইলাবন্ত বাণ রৃষ্টি করে। একে একে মারিয়া পাঠায় যমঘরে॥ নানা অস্ত্র সৌবলের দৈন্যেরে প্রহারে: জর্জ্জর সকল বীর ইলাবন্ত-শরে॥ অনেক মরিল তবে কুরুদৈশুগণ। সদৈশ্য সাজিয়া এল দেখি ছুর্য্যোধন। তুর্য্যোধন নিজ সৈন্যে করিল আদেশ। ইলাবন্ত বীরেরে মারহ দবিশেষ॥ অলমুষ রাক্ষদেরে আজ্ঞা দিল আর। ইলাবন্ত বীরে শীঘ্র কর প্রতিকার॥ সাবধান হ'য়ে তারে করহ নিধন। তোমা বিনা তারে মারে নাহি কোন জন। অলম্বুষ ইলাবন্তে হয় মহারণ। অলক্ষিতে মায়াযুদ্ধ করে তুইজন॥ দোঁছে মহাবীৰ্য্যবন্ত সংগ্ৰামে নিপুণ। দোঁহে অস্ত্রে বিশারদ কেহ নহে ঊন॥ তবে অলম্বুষ করে মায়ার প্রকাশ। বাণে **অন্ধ**কার করে না চলে বাতাস। দেখিয়া হাসিল ইলাবন্ত মহাবীর। রাক্ষসের বাণ কাটি রণে হৈল স্থির। চোখ চোখ বাণে পুনঃ পূরিয়া সন্ধান। অলম্ব্র রাক্ষদের কাটে ধনুর্ব্বাণ ॥ আর ধনু লইল রাক্ষদ বীরবর। ইলাবন্ত উপরেতে বরিষয়ে শর॥ বাণে নিবারয়ে তাহা অর্জ্জ্ন-তন্য । নিজ অস্ত্রে বিন্ধিলেকু রাক্ষ**স-ছ**দয়।

_{ণাঘাতে} অলম্বুষ **অজ্ঞান হইল**। বুখি ফিরায়ে **রথ ভয়ে পলাইল**॥ ্ব দৈন্য দংহারিল **ইলাবস্ত বীর**। ারবের সেনাগণ সমরে অস্থির।। ন্মের চুর্গতি দেখি রাজা হুর্য্যোধন। গবন্ত সহ গেল করিবারে রণ॥ ই বেগে হৈল আগে রাজা ত্রর্যোধন। _{াবৈন্ত} তাঁহার কা**টিল শরাসন ॥** দ্মজ কাটিলেক রথের চারি হয়। র্থির মাথা কাটি দিল য**মালয় ॥** াথ হইয়া রাজা অতিশয় রোষে। ন্ত রথে আরোহিয়া নানান্ত্র বরিষে॥ ্র বাণ নিবারয় ইলাবন্ত বীর। ণতে জর্জন করে রাজার শরীর॥ জার দঙ্কট দেখি যত যোদ্ধাগণ। ম অস্ত্র লইয়া ধাইল সর্ববজন ॥ থিয়া ধাইল ই**লাবস্ত ধনুর্দ্ধর**। টিয়া স্বার বাণ বিশ্বয়ে সম্ভুর 🛭 হার' কার্টিল ধকু, কার' কার্টে গুণ। ^{হার'} দারথি কাটে, কার' কাটে ভূণ॥ ॥ অস্ত্র বীরগণে করয়ে ঘাতন। াগতে কত বীর **হৈল অচেতন**॥ াঘাতে কত বী**র গেল যমলোক।** ^{ৰ চুৰ্ব্যোধনে বড় উপজিল শোক॥} ারবের সৈন্সগণ করে হাহাকার। ^{গুরের} দৈন্যমধ্যে আনন্দ অপার॥ ংনাদ ছাড়ে ইলাবন্ত মহাবল। বিবের সৈন্মেতে রোদন কোলাহল। ^{াণ কুপ অশ্বত্থামা আদি বীরগণ।} ^{াবস্তু} শরে সবে ব্যথিত জীবন॥ ^{হৈকণে} অলম্বুষ চেতনা পাইয়া। ^{য় রথে চড়ি এল সন্ধান পুরিয়া॥} भागुरी इहेकात शूनः युक्त रय । ^{হাকার} বাণে দোঁতে জ**র্জ্জর হৃদ**য়॥ ^{ব অলমুষ} করে মায়ার স্ভন। ण नेकाडेश करत्र वान विद्रम्न ॥

দেখি ইলাবন্ত ক্ৰুদ্ধ হইল প্ৰচুর। বাণাঘাতে রাক্ষসের মায়। কৈল চুর॥ নায়া দূরে গেল করে অস্ত্রের ঘাতন। দোঁহে দোঁহা বিশ্ধয়ে করিয়া প্রাণপণ। দোঁহে মহাবীৰ্য্যবন্ত সমান সাহস। ধিমু এড়ি খড়গ নিল দারুণ রাক্ষদ॥ তাহা দেখি ইলাবন্ত খড়গ ল'য়ে ধায়। ম**হাবেগে মারে অলম্**ষের মাথায়॥ খড়গাঘাতে কম্পনান হইল রাক্ষস। ইলাবস্তে মারে খড়গ করিয়া সাহস ॥ দোঁহা দোঁহা পুনঃ পুনঃ করয়ে ঘাতন 🕨 অপূর্ব্ব রাক্ষদী মায়। করিল রচন॥ রণস্থমি ছাড়ি শৃল্যে উঠে শীঘ্রতর। ক্ষণে লক্ষ্য দিয়া আদে রণের ভিতর 🖟 ইলাবন্ত মহাবীর দেখা নাহি পায়। বিহ্যতের মত বীর মেঘেতে লুকায়॥ তাহা দেখি রাক্ষদ আইল মহাকোপে। ইলাবন্ত বীর তাকে ধরে এক লাফে॥ সন্ধান করিয়া খড়গ করিল প্রহার। তাহাতেও না হইল রাক্ষদ সংহার॥ লাফ দিয়া উঠে বীর খড়গ ল'য়ে করে ! থড়েগর প্রহার করে ইলাবন্ত-শিরে॥ দারুণ প্রহারে বীর হইল দুর্বল। অলমূষ রাক্ষস হাসিল খলখল॥ খড়গ দিয়া রা**ক্ষদ কাটিল তার শির** : ভূমিতলে পড়িলেক ইলাবন্ত বীর ॥ ইলাবস্ত পড়িল উঠিল কোলাহল। ক্ৰুদ্ধ হ'য়ে বটোৎকচ আসে মহাবল 🛊 সহদেব নকুল ফ্রেপদ মহাশ্য। অভিমন্থ্য ভীমদেন দাত্যকি তুর্জ্জয় 🛚 অস্ত্র বরিষণ করে অতি ক্রোধমনে। ভঙ্গ দিল কুরুদৈশ্য স্থির নহে রণে॥ দ্রোণ কৃপ অশ্বত্থামা ভগদত্ত বীর। পাণ্ডব সন্মুখে আর কেহ নহে স্থির॥ মহাক্রুদ্ধ ভীমদেন কৃতান্ত সমান 🕫 ধৃতরাষ্ট্র পুত্রগণে দেখি বিশ্বমান।

গদা ল'য়ে মহাবেগে ধায় রুকোদর। দও হত্তে যম যেন প্রবৈশে সমর ॥ তাহা দেখি দ্রোণ গুরু সমরে হুর্জ্জয়। ভীমের উপরে অক্ত ঘন বরিষয় ॥ বুক্ষ যেন বুষ্টিজল মাথা পাতি ধরে। তাদৃ**শ সম্বরে** বাণ বীর রুকোদরে॥ পশু মধ্যে ব্যাদ্র ঘেন মহাকুতৃহলে। গদাঘাতে মারে বীর কৌরবের দলে॥ ভীমের সমরে আর কেহ নহে স্থির। ভঙ্গ দিল বড় বড় রথী মহাবীর॥ পুত্রের নিধন শুনি মহাক্রোধ মন। অর্জ্জন করেন ঘোর অস্ত্র বরিষণ ॥ সহস্র সহস্র বাণ করেন প্রহার। ব্দদ্ধপথে কাটে তাহা গঙ্গার কুমার॥ অগ্নি বাণ ছাড়িলেন পার্থ ধনুর্দ্ধর। শূন্যপথ রুদ্ধ করি বর্ষে বৈশ্বানর 🛭 রথ হস্তী অশ্ব পুড়ে হৈল ছারথার। দেখি বরুণাস্ত্র এড়ে গঙ্গার কুমার॥ মুষল ধারাতে জল হয় বরিষণ। অগ্নি দব নিমিষে হইল নিৰ্ব্বাপণ॥ পাণ্ডবের সেনাগণ ভাসি বুলে জলে। রথ গজ আসোয়ার পদাতি বহুলে॥ অর্জ্জুন মারেন বাণ পবন সঞ্চার। জল উড়াইয়া সব করেন সংহার॥ পবন বেগেতে সব ধ্বজ ভাঙ্গি পড়ে। যেমন প্রলয় কালে সৃষ্টি উড়ে ঝড়ে॥ হাসি ভীম্ম বলে শুন পার্থ ধ্যুর্দ্ধর। তোমার যতেক শক্তি করহ সমর॥ নিতান্ত প্রতিজ্ঞা আমি করিব পূরণ। নহিবে তোমার শক্তি করিতে বারণ॥ এত বলি সর্পবাণ এড়ে বীরবর। লক্ষ লক্ষ ফণী উঠে গগন উপর॥ নিমিষেতে ঝড় সব করিল আহার। গর্জন করিয়া ধায় পার্থে গিলিবার ॥ শিথিবাণ এড়িলেন ইচ্ছের কুমার। ধরিয়া সকল ফণী করিল আহার॥

শত শত শিখী উড়ে গগন উপর। দেখি অন্ধকার অন্ত এড়ে বীরবর॥ ঘোর অন্ধকার নাহি জ্ঞান আত্মপর। নিশা জানি শিখীগণ গেল দিগস্তর ॥ মহা অন্ধকারে সৈন্ম দেখিতে না পায়। দেখিয়া ভাক্ষর অন্ত্র এড়ে ধনঞ্জয়। সূর্য্যোদয় হইল যুচিল অন্ধকার। উদিত দ্বিতীয় রবি দেখিল সংসার॥ দেখি গঙ্গাপুত্ৰ মহা কুপিত হইল। ধনুক টক্ষারি অষ্ট বাণ নিক্ষেপিল। এমত সে অফবাণ তীক্ষবেগে এল। অর্চ্ছনের রথ অশ্ব জর্চ্জর হইল।। সাতবাণ মারিলেন ধ্বজের উপরে। আশী বাণ মারিলেন প্রভু গদাধরে ॥ আর কুড়ি বাণ বীর এড়ে শীদ্র হাতে। কপিধ্বজ রথচক্র পোঁতে মৃত্তিকাতে॥ তবে হরি অশ্বগণে করেন প্রহার। বহু কফেঁ করিলেন রথের উদ্ধার॥ দেখিয়া অৰ্জ্জুন ক্ৰোধী হ'য়ে অতিশয়। পঞ্চবাণে বিন্ধিলেন ভীম্মের হৃদয়॥ চারি বাণে চারি অশ্ব করেন সংহার। সার্থির মাথা কাটি দিলা যমছার॥ এক বাণে ধ্বজ তাঁর কাটেন অর্জ্জ্বন। করেন ভীপ্মের প্রতি বাণ বরিষণ॥ কুষ্ণ প্রতি বলে ভীম্ম অতি ক্রোধ করি। নিজ অশ্ব রথ এবে রক্ষা কর হরি॥ এত বলি অস্ত্র বরিষয়ে বীরবর। কুঙ্খটিতে আচ্ছাদয়ে যেন গিরিবর ॥ বাণ কাটি অৰ্চ্ছ্ৰন করেন খান খান। ভীন্মের উপরে পুনঃ পূরেন সন্ধান ॥ এইরূপে তুই জনে বর্ষিছে বাণ। মহাক্রুদ্ধ হইলেন গঙ্গার সস্তান ॥ পর্বত নামেতে অস্ত্র ভীম্ম নিলা করে। লক্ষ লক্ষ গিরিবর যাহাতে সঞ্চারে 🛚 মন্ত্রে অভিষেকি এড়ে গঙ্গার নন্দন। দেখি সব দেবগণ হৈল ভীতমন॥

লক্ষ লক্ষ পর্বতে যে আবরে আকাশ। শ্ন্যপথ রুদ্ধ হৈল না চলে বাতাস॥ ভাত্র মাসে নিশা যেন ঘোর অন্ধকার। দেখি সব **সৈত্যগণ করে হাহাকার ॥** সাগর মন্থনে যেন মহা কোলাহল। মহাশব্দ করি আসে যত কুলাচল।। পাণ্ডবের দৈশ্য দব ভয়ে পলাইল। শ্বাপথে **দেবগণ আসিত হইল**॥ मर्किरमग्र भनाइन मह नृभवत् । তিন মহারথী রহে সংগ্রাম ভিতর ॥ রকোদর ধনঞ্জয় অভিমন্ত্যু বীর। এই তিন মহারথী রণে থাকে স্থির॥ দেবগণ দেখিয়া করেন হাহাকার। গাণ্ডীবে টক্ষার দেন ইন্দ্রের কুমার॥ হুহুঙ্কার ছাড়েন ভীষণ বক্সবাণ। যতেক প**র্বতে ভাঙ্গে বজ্রের সমান**॥ রেণুর প্রমাণ করি সব উড়াইল। দেখি সব দেবগণ সানন্দ হইল। যতেক দেবতা করে পুষ্প বরিষণ। দমরে আসিল পরে সব যোদ্ধাগণ॥ শাধু শাধু বলি ভীম্ম প্রশংসা করিল। শন্ধান পূরিয়া পুনঃ দিব্যান্ত্র মারিল।। বাণে নিবারেণ তাহা পার্থ ধ্যুদ্ধর। পরাজয় কেহ নহে বিক্রমে দোসর ॥ চ্ফু পালটিতে দোঁহে না পান বিশ্রাম। ^{দ্বা}হ্ণর চমকিত দেখিয়া **সংগ্রাম**॥ দেখিলেন পার্থ বীর কুষ্ণের শরীর। ^{দমরে} প্রতিজ্ঞা নিজ রাখে কুরুবীর॥ ^{নংহারি} অযুত রথী শন্ধ বাজাইল। নিখিয়া **অর্জ্জ্ন মনে বিশ্ময় মানিল।** ^{দদ্ধ্যা} জানি **দর্ববজনে নিবর্তিল** রণে। তুই দলে চলি গেল নিজ নিকেতনে॥ মহাভারতের কথা অমৃত-লছরী। কাশী কহে শুনিলে তরিবে ভববারি॥

कर्न, इर्द्याधन এवः जीत्यत मञ्जना । ছুর্য্যোধন মহাবীর দেখিয়ানা হয় স্থির, বিস্তর পড়িল সৈন্মগণ। মনে যুক্তি বিচারিয়া, শকুনিরে পাঠাইয়া, षानावेल मृत्यात्र नन्तन ॥ বসিয়া বিরল স্থানে, যুক্তি করে তিনজনে, রাধেয় শকুনি ছুর্য্যোধন। কহিলেন কুরুবর, শুন কর্ণ ধসুর্দ্ধর, মম ছুঃখ করি নিবেদন ॥ পাণ্ডবে জিনিবে রণে,ছেন আশা করি মনে, যুদ্ধ হেতু করিব উপায়। তিনলোকে দবে জানি, দেবতা অহুর মুনি, বাথানয়ে ভীন্ম মহাশয়॥ সেনাপতি করি তাঁরে, ভাসি স্থ-সরোবরে, ममदत জिनिव देवित्रगता। মনে ছেন করি সাধ, বিধি তাহে দেয় বাদ, शैनवल रुष्टे मित्न मित्न ॥ দ্রোণ ভীম্ম মহাসত্ত্ব, কুপ শল্য সোমদত্ত আর যত মহারাজগণ। পাওবেরে স্নেহ করি, ক্ষত্রধর্ম পরিহরি. সবে মেলি উপেকিল রণ॥ রণে পড়ে দেনাগণ ব্যাকুল আমার মন. আর কেহ না করে উদ্দেশ। দেখিয়া এ সব রীত্ মহাভয় উপস্থিত, কি করিব কহ সবিশেষ॥ তুমি উদাসীন রণে, মম হুঃখ বিমোচনে, আর কেবা সংগ্রাম করিবে। নিবেদিসু বরাবরে, ভাল যুক্তি দেহ মোরে, কি উপায়ে পাণ্ডবে মারিবে॥ বলে কর্ণ ধনুর্দ্ধর, শুন কুরু নরবর স্বযুক্তি বিচারে এই হয়। বুঝিয়া করহ কার্য্য, তবে সে পাইবে রাজ্য, হইবে পাণ্ডক পরাজয়॥ গঙ্গাপুত্র রূপ দ্রোণ, স্থার যত যোদ্ধাগণ, না ছাড়েন পাওবের আগ।

এতেক পাণ্ডব ভক্ত, ভীম্ম তাহে নহে শক্ত, ্রেনাপতি কর্মেতে উদাস॥ । সিয়া দেখুন যুদ্ধ, আমি করি কার্য্যসিদ্ধ. পাণ্ডবেরে করিয়া সংহার। **খুনরপি চলি যাহ. ভীম্মের অগ্রেতে কছ.** এই যে মন্ত্রণা কর সার॥ হিতবাক্য মনে গণি, কর্ণের মন্ত্রণা শুনি, রাজা গেল ভীম্মের শিবির। নবেদিল কুরুরাজ, সাধিতে আপন কাজ, শুন পিতামহ ভীম্মবীর ॥ দীকার করিলা পূর্বের্ক, শত্রুগণ সংহারিবে, এবে উপেকিয়া কর রণ। আমার ভাগ্যের বশে, চতুর্দ্দিকে শক্ত হাসে, আজ্ঞা কর কি করি এখন॥ ্সনাপতি কর্ণে কর্মারুক পাণ্ডববর, উপেক্ষা নাহিক তার স্থানে। করে বড় অহঙ্কার সবান্ধব পরিবার, পাণ্ডবে নাশিবে ঘোর রণে॥ হুৰ্ব্যোধন বাক্যজালে, ভীষ্ম অগ্নি হেন ছলে, চক্ষু পাকলিকা উঠে রোষে। পূৰ্ণেতে বলিমুভোকে,শুনেছেন সবলোকে, হিত না শুনিলে কর্মদোষে॥ আমাকে বলিছ বৃদ্ধ,কর্ণের কি আছে সাধ্য, বল কর্ণ কি করিতে পারে। মুখন পদ্ধবি বারে, বান্ধিয়া লইল তোরে, কর্ণবীর কি করিল তারে॥ উত্তর গোগ্রহ রণে, সাজিলেক সৈন্যগণে, গোধন বেড়িলে গিয়া দবে। গোধন কাড়িয়া লয়, একেশ্বর ধনঞ্জয়, कर्नवीत्र कि कत्रिल তবে॥ মহাবল পরাক্রম. ধৰ্ম্মবন্ত পঞ্জন, দেবগণ প্রশংসেন যারে। এ তিন ভুবন মাঝে, কে তার সহিত যুঝে, কহিতে অনেক জন পারে 1 ইন্ত্রকে জিনিলা রণে. দহিল খাণ্ডব বনে, অগ্নিরে তর্পিল একেমর।

নিবাতকবচে জিনে, কালকেয় আদিগণে অৰ্জ্জনে জিনিতে কেবা পারে॥ এতেক হুর্বার রণে, তাঁহে সথা রাজগণে. সমূহ পাঞ্চালগণ সাথে। পূর্ণব্রহ্ম সনাতন, যাঁর সৃষ্টি ত্রিভুবন সার্থি হলেন তিনি রথে॥ পূৰ্ব্বকথা কহি শুন, মহারাজ তুর্য্যোধন নন্দালয়ে ছিলেন শ্রীহরি। যত শিশুগণ সঙ্গে, গোধন চরান রঙ্গে. মহা আনন্দিত ব্ৰজপুরী॥ যত ব্ৰজবাসিগণ, করে যজ্ঞ শারন্তন স্থরপতি পূজার কারণ। তা দেখিয়া জনাৰ্দ্দন, সেই সব আয়োজন পর্ববতে করেন নিবেদন॥ ভনি ক্রন্ধ স্থরনাথ, সর্বব দেবে ল'য়ে সাথ, হস্তী সহ যত মেঘগণ। অহোরাত্র ঝড় রৃষ্টি, করিয়া মজান সৃষ্টি, ত্রাদিত হইল সর্বজন॥ যত গোপ ব্ৰঙ্গবাদী, কাতর হইয়া আদি, [,] 🔊 কুষ্ণের শরণ লইল। তাহা দেখি নারায়ণ, ধরিলেন গোবর্দ্ধন, বাসবের কোপ উপজিল॥ দিবানিশি নাহি জ্ঞান, ত্রিভূবন কম্পমান, ' বজ্রাঘাত সতত হইল। সাত দিন হেনমতে, করিলেন স্থরনাথে, না পারিয়া মনে ক্ষমা দিল।। স্থরপতি যায় স্বর্গ, রকা পায় গোপবর্গ, গোকুলের ঘুচিল উৎপাত। এবে দেই নারায়ণ, পাণ্ডবেরে অনুক্রণ, রক্ষা করে যেন পুত্রে তাত॥ কাহার যোগ্যতা তারে বিনাশ করিতেপারে, যাহার সহায় নারায়ণ। যদি না রাখেন হরি, নিমিষে বধিতে পারি, সদৈশ্য পাণ্ডব পঞ্চজন । কল্য ঘোর রণ হবে, ছেন অন্ত্র সঞ্চারিবে, যাহা কেহ নিবারিতে নারে।

ভাগের বচন শুনি, হরষিত ক্রুমণি,
চলি গেল আপন শিবিরে॥
ব্যাস বিরচিল গাথা, অপূর্বে ভারত-কথা,
শুভুতমাত্র কলুষ বিনাশ।
ক্যলাকান্তের স্থৃত, স্ক্রনের মনঃপুত,
বিরচিল-কাশীরাম দাস॥

यष्ठं मिट्नैत युक्त ।

পর্নিন প্রভাতে সাজিয়া দুই দল। নানা বাতা সহ সৈতা করে কোলাহল ॥ নানাবর্ণ পতাকা উড়য়ে রথধ্বজে। সিংহনাদ করি সব যোদ্ধারা গরজে॥ মহারথী রথিগণ ধকুঃশর হাতে। সিংহনাদ করিয়া ধাইল চতুর্ভিতে॥ রথীকে ধাইল রথী গজে ধায় গজ। অংসোয়ারে **আসোয়ারে পদা**তিক যুবো॥ মুখল মুদ্রার শেল ভূষণ্ডি তোমর। নানা বাণ মারে যেন বর্ষে জলধর॥ গদা হাতে কর্পবীর অতি বেগে ধায়। গজ **অশ্ব মারয়ে সম্মুখে যারে পায়**॥ সহদেব মহাবীর মাঞ্জীর নন্দন। অসিচর্ম্ম ধরি বীর আরম্ভিল রণ ॥ রণদর্প করি বীর প্রবেশে সমরে। শত শত বীরগণে দিল যমঘরে ॥ শত শত হস্তী মারে পদাতি বহুল। ^{যতেক} মারিল দৈন্য নাহি তার কূল॥ দৈন্মের বিনাশ দেখি শকুনি রুষিল। একেবারে ত্রিশ বাণ সন্ধান পূরিল॥ সন্ধান পূরিয়া বীর শীজ্র এড়ে বাণ। ^{খড়ে}গ কটি সহদেব করে খান থান॥ ^{বাণ} ব্যর্থ দেখি রোষে শকুনি **ভূশ্ম**তি। সন্ধান প্রিয়া বাণ মারে শী**ত্রগতি**।। পুনঃ পুনঃ যত বাণ মারিল শক্নি। ^{শী} ছহন্তে **সহদেব খড়েগ** ফেলে হানি॥ ^{মহাকোপে ধার বীর খড়গ ল'য়ে হাতে।} অশ্ব সহ সার্র্থিরে ফেলিল ভূমিতে 🛭

অশ্ব সহ সারথি সমরে গেল কাট। পলায় শকুনি বীর নাছি চাহে বাট ॥ শকুনি চলিয়া গেল ত্যজিয়া সমর। রথে চড়ি সহদেব নিল ধকুঃশর ॥ জয়দ্রথ নকুলে বাজিল খোর রণ। নানা বাণ করিলেন দোঁতে বরিষণ। দোঁহাকার বাণ দোঁহে নিবারয়ে শরে। পরাজয় কাহার না হইল সমরে॥ ধ্বউদ্থান্ন ভূরিশ্রবা রণ ঘোরতর। সর্বলোকে দেখে তাহা থাকিয়া অন্তর॥ আষাঢ় শ্রাবণে যেন বর্ষে জলধর। ততোধিক তুইজন বরিষয়ে শর॥ সহস্র সহস্র সেনা পড়িল সমরে। দ্রোণাচার্য্য দেখি তবে রুষিল অন্তরে॥ মহাকোপে দ্রোণাচার্য্য বরিষয়ে শর। লক্ষ লক্ষ দৈন্যগণে দিল যমঘর ॥ তাহা দেখি রুষিলেন অর্জ্জুন নন্দন। দ্রোণের উপরে করে বাণ বরিষণ। বাণে নিবারয়ে তাহা দ্রোণ মহাশয়। কুপিত হইল দেখি অৰ্জ্জ্ন-তনয়॥ একেবারে শত শর সন্ধান করিল। দ্রোণাচার্য্য বাণাঘাতে তাহ। নিবারিল॥ ক্রোধে অভিমন্ত্র বীর এড়ে দশ বাণ। দ্রোণের হাতের ধনু করে খান খান।। আর ধনু লয় গুরু চক্ষু পালটিতে। সেই ধন্ম কাটে বীর নাহি গুণ দিতে॥ পুনঃ পুনঃ দ্রোণাচার্য্য যত ধকু লয়। বাণে কাটি পাড়ে তাহা অৰ্জ্জ্বন-তনয়॥ পুনঃ দিব্য অন্ত্র বীর দন্ধান পূরিল। দ্রোণের কবচ ভেদি অঙ্গে প্রবেশিল॥ মূচ্ছিত হইয়া দ্রোণ পড়িশেন রথে। সৈন্মেরে পাঠার অভিমন্যু বমপথে ॥ সহস্র সহস্র রথী গব্ধ অগণন। মারমে যতেক দৈন্য কে করে গণন ॥ কতক্ষণে চৈতন্য পাইল দ্রোণ শুরু। কোপে কম্পমান অঙ্গ কাঁপে বক্ষ উরু 🛚

ধকুর্ববাণ ল'য়ে করে অক্ত বরিষণ। সর্বব শর নিবারিল অর্জ্জ্বন-নন্দন ॥ দোঁহে দোঁহা আন্ত্র বিন্ধে করি প্রাণপণ। দোঁহাকার অস্ত্র দোঁহে করেন বারণ॥ পরস্পর যুদ্ধ করে যত যোদ্ধাগণ। পড়িল যতেক সৈত্য কে করে গণন॥ মুষল মুকার শেল ভূষণ্ডী তোমর। চক্র শূল শক্তি জাঠি বর্ষে নিরস্তর ॥ জ্ঞাবণ ভাদ্রেতে যথা জল বর্ষে ধারে। সেই মত বীরগণ নানা অস্ত্র মারে॥ 🕮 হরি সার্থি রথে পার্থ ধ্যুর্দ্ধর। ভীন্মের উপরে মারিলেন তীক্ষ শর॥ শরে শর নিবারিয়া গঙ্গার নন্দন। অর্জ্জনে চাহিয়া বীর বলেন বচন॥ পাঁচ দিন যুদ্ধ করি সবে গেল ঘর। আজি হইবেক যুদ্ধ মহাভয়ঙ্কর॥ ইহা জানি অর্জ্জুন সমরে দেহ মন। বুঝিব কিমতে আজি রাথ সৈন্যগণ॥ এত বলি ভীম্ম বাণ করিল সন্ধান। অর্চ্জুন উপরে মারে চোথ চোথ বাণ॥ বাণে নিবারেণ তাহা পার্থ ধনুর্দ্ধর। আশ্চর্য্য মানিল দেখি দেব দৈত্য নর ॥ দেখি ভীম্ম পঞ্চ বাণ মারে অতি রোমে। মৃত্তিমান হয়ে বাণ শৃত্যপথে আদে ॥ দেখি পার্থ ছুই বাণ পুরিয়া সন্ধান। অৰ্দ্ধপথে কাটিয়া করেন খান খান॥ দেখি মহা কোপান্বিত গঙ্গার নন্দন। - আকাশ ছাইয়া বাণ করে বরিষণ॥ ত্রীকৃষ্ণ সার্থি আর পার্থ ধ্যুর্দ্ধর। বাণে বাণে দোঁহাকারে করিল জর্জ্বর । মহাকোপে পার্থ এড়িলেন অন্তর্গণ। কাটিলেন সার্থি র্থির শ্রাসন 🛚 আট বাণে মারেন রথের চারি হয়। ে জানী বাণে বিন্ধিলেন গঙ্গার ভনয়॥ লক্ষ বাণ মারিলেন সৈন্মের উপরে। হয় গজ রথীরে পাঠান যমঘরে ॥

তবে ভীম্ম মহাবীর অস্ম ধনু লৈয়া। বাণ রৃষ্টি করিলেন আকাশ ছাইয়া॥ শূন্যমার্গ রুদ্ধ হয় না চলে বাতাস। বাণে অন্ধকার হৈল রবির প্রকাশ। লক্ষ লক্ষ সেনা মারি করিল সংহার। শত শত পজ মারে কত আসোয়ার॥ হেনমতে উভয়ে হইল যত রণ। দকল না লেখা গেল গাঁহুল্য কারণ॥ মহাকোপে পার্থ পুনঃ করিয়া সন্ধান। ধনুখান ভীম্মের করিল খান খান॥ সারথির মাথা কাটিলেন অশ্ব চারি। ধ্বজ রথ কাটিলেন বিক্রমে কেশরী॥ দেখি গঙ্গাপুত্র বড় লাজ পায় মনে। আর রথে চড়ি ধনু লইল তথনে॥ ভীষ্ম বলে শুন বাক্য কৃষ্ণ মহাশয়। করিল অদ্ভূত রণ কুস্তার তনয়॥ এবে মম পরাক্রম দেখ গদাধর। সাবধানে বৈদ কৃষ্ণ রথের উপর॥ অর্জ্জুনেরে রাথ আর রাথ দেনাগণ। বড়ই হুরস্ত অন্ত্র নাশে ত্রিভূবন॥ এতেক বলিয়া ভীম্ম নিল মহা-শর। নারায়ণ নাম তাঁর খ্যাত চরাচর ॥ সেই শর অভিষেক গাঙ্গেয় করিল। মন্ত্রপৃত করিয়া ধনুকে বদাইল ॥ বিষ্ণুতেজ ধরে অস্ত্র বিষ্ণু অবতার। পাওবের অস্ত্রধারী করিতে সংহার॥ সদৈশ্য পাগুবগণে যত ধকুর্দ্ধর। সবারে সংহার করি লহ যমঘর॥ এতেক বলিয়া বীর ধনুক টানিল। আকর্ণ পুরিয়া বাণ সঘনে ছাড়িল॥ বাণ হৈতে বিষ্ণুতেজ হইল প্ৰকাশ। যেন লক্ষ রবি আসি ছাইল আকাশ ॥ দেখি সব দেবগণ ভাবিতে লাগিল। সদৈত্য পাণ্ডব বুঝি সংহার হইল ॥ ভূমিকষ্প হইল নড়িল চলাচল। ৰাহুকি নাগের ফণা করে উলমল 🛭

দেখিয়া পাইল ভয় প্রভু নারায়ণ। অৰ্জ্ৰনে চাহিয়া তবে বলেন বচন॥ _{জগত} নাশিতে শক্তি ধরে এই বাণ। দেবাস্থর গন্ধর্বেতে নাহি ধরে টান॥ অস্ত্র ধনু ত্যগ কর শুন বীববর। বিমূথ হইয়া বৈস রথের উপর॥ অ*ৰ্জ*ন বলেন দেব না হয় উচিত। _{ক্ষত্ৰধ}ৰ্দ্ম ত্য**জি**-কেন প্ৰাণে এত ভীত॥ ্রীহরি বলেন নহে কথার সময়। আমার শপথ অস্ত্র ত্যক্ত ধনঞ্জয়॥ ধুরু অন্ত্র ত্যজি বীর বদেন বিমুখে। নারায়ণ ভাকিয়া বলেন সর্বলোকে॥ পাণ্ডব-দৈখেতে যত জন অন্ত্রধর। বিমুখ হইয়া সবে ত্যজ ধকুঃশর ॥ উক্তিঃম্বরে শ্রীহরি বলেন ঘনে ঘন। শুনিয়া করিল ত্যাগ অস্ত্র সর্ববজন॥ নুপতি **সহিত আর যত** যোদ্ধাগ**ণ**। বিমুখ **হইল দবে বিনা ভীমদেন**॥ তাহা দেখি গোবিন্দ বলেন রুকোদরে। পতঙ্গের প্রায় কেন পুড়ে মর শরে॥ এই ভিক্ষা দেহ মোরে শুন মহাবল। শর ত্যজি পৃষ্ঠ দিয়া থাকহ কেবল ॥ ভীম বলে হেন বাক্য না বল আমারে। প্রাণ দিব তরু পৃষ্ঠ না দিব সমরে॥ ভারতের যুদ্ধে আমি করিলাম পণ। সমরেতে পৃষ্ঠ নাহি দিব কদাচন॥ কি কারণে প্রাণভয়ে রণে ভঙ্গ দিব। নিজ ধর্ম্ম ত্যজি কেন নরকে মজিব ॥ এত বলি গদা ধরি রহে মহাবীর। দেখিয়া তাহাতে চিন্তা হইল হরির॥ ^{মহাতে}জোময় অস্ত্র গগনে ধাইল। পাণ্ডবের সৈন্যে অস্ত্রধারী না পাইল 🛚 ভীমহন্তে গদা দেখি কোপে আসে বাণ। ^{প্রজ্}বলিত অগ্নি যেন পর্ববত সমান ॥ ^{খোরনাদে} গর্জ্জে শর ভীমে বিনাশিতে। শারায়ণ দেখি তাহা চিন্তিলেন চিতে॥

রথ ত্যক্তি ধাইলেন গোবিষ্দ সম্বরে। আচ্ছাদিল ভীমসেনে নিজ কলেবরে॥ মহাতেজোময় অন্ত্র সংসার ব্যাপিল। কুষ্ণের পরশে তেজ সব সম্বরিল॥ আপনার তেজ হরি আপনি ধরিয়া। ভীমে রক্ষা করিলেন অস্ত্র নিবারিয়া 🛚 স্বর্গে দেবগণ সবে করে জয় জয়। দেখিয়া পাগুবগণ সানন্দ হৃদয়॥ গঙ্গাপুত্র হইলেন আনন্দিত মন। ধনু এড়ি করিছেন কুফের স্তবন !! জয় জয় নারায়ণ ভুবনপালন। অথিল ব্রহ্মাণ্ডপতি জগততারণ ॥ নমো নমে। বাহুদেব মুকুন্দ মুরারি। নমস্তে মাধ্ব জয় চুফ্ট-দর্পহারী 🛭 সাধু পাণ্ডু সাধু কুন্তী পুত্ৰ জন্মাইল। ত্রিজগদীখর যার সার্থি হইল ॥ ইত্যাদি অনেক স্তব করে বীরবর। আপনার রথেতে গেলেন গদাধর॥ গাণ্ডীব লইয়া হাতে ইন্দ্রের নন্দন। করেন মুষলধারে অন্ত বরিষণ॥ সহস্র সহস্র রথী গঞ্জ অগণন। বাণে কাটি লইলেন শমন সদন ॥ ধুসুক ধরিয়া ভীষ্ম করেন সন্ধান। নিমিষেতে নিবারিল অর্জ্জনের বাণ ॥ নিবারিয়া অস্ত্র পুনঃ এড়ে আর শর। শরে নিবারিল তাহা পার্থ ধতুর্বর ॥ দোঁতে দোঁহাকার অস্ত্র করেন ছেদন। দোঁহাকার অস্ত্র নোহে করে নিবারণ ॥ হেনমতে বহু যুদ্ধ হয় ছুই জনে। নাহি লিখিলাম দব বাহুল্য কারণে॥ ক্রোণে ভীন্থ পঞ্চ শর সন্ধান পূরিল। কবচ ভেদিয়া অঞ্চে প্রবেশ করিল 🛊 করে ধরি অন্ত্র পার্থ করিতে বাহির। মারিল অযুত রথী ভীম্ম মহাবার ॥ জয়শন্থ দিয়া বীর রথ বাহুড়িল। সন্ধা জানি সর্বজন রণে নিবর্তিল।

কৌরব পাগুব গেল আপনার ঘর। হেনমতে ছয় দিন হইল সমর॥ মহাভারতের কথা অমৃত-লহরী। কাশীরাম দাস কহে শুনি ভব তরি॥

> হনুমানের সহিত বিবাদ ও অর্জুনের শর দারা দাগর-বন্দন কথন।

শিবিরেতে গিয়া যুধিষ্ঠির মহাশয়।
কহেন গোবিন্দে অতি করিয়া বিনয়॥
করিছেন পিতামহ সৈন্ডের নিধন।
কি করি উপায় এবে কহ নারায়ণ॥
নারায়ণ অন্ত্রে ভীল্ম পূরিল সন্ধান।
দেবাস্থরে কেহ,যার নাহি জানে নাম॥
মহাকোপে আদিল দে ভীমে মারিবারে।
আপনি করিলে রক্ষা আবরিয়া তারে॥
মনে লয় যাহা মম শুন হুষীকেশ।
রাজ্যে কার্য্য নাহি বনে করিব প্রবেশ॥

অর্জ্বন বলেন শুন ধর্ম নূপবর।
অমঙ্গল চিন্তা কেন কর নিরন্তর ॥
তীর্থ পর্যাটনে আমি গেলাম যথন।
ভামিতে ভামিতে যাই দ্বারকাভুবন ॥
স্থান্ধি কনকপদা গদ্ধে মনোহর।
স্ত্রাজ্ঞিত নন্দিনীকে দেন দামোদর ॥
দেখিয়া কুকিণি মনে জোধ যে করিল।
শারীর ত্যাজিব মনে হেন বিচারিল ॥
এ সব র্ত্রান্ত জানিলেন নারায়ণ।
পুষ্পাহতু মোরে আজ্ঞা দিলেন তথন ॥

জামি কহিলাম পুষ্প আছে কোন্খানে।
হার কহিলেন আছে কদলীর বনে।
সেইক্ষণে ধনুর্ববাণ লইলাম আমি।
গোলাম কদলীবনে অতি শীজগামী ॥
ভ্রমিতে ভ্রমিতে দেখি পুষ্প মনোহর।
রক্ষক রয়েছে চারি মর্কট বানর॥
পুষ্প তুলিবারে আমি ঘাইনু যথন।
দেখিয়া তাহার; মোরে করিল বারণ॥

না মানিয়া পুষ্পা আমি তুলি নিজ মনে।
দেখিয়া ছুটিয়া তারা গেল চারিজনে॥
পিরা হনুমাণে দব কহে দমাচার।
ক্রেতমাত্র আদে তথা পবন কুমার॥
আমারে দেখিয়া বলে হ'য়ে ক্রোধ মন।
অত্যায়ী কিরাত চোর শুন রে বচন॥
যাইবে শমন পুরী ইচ্ছা হৈল তোর।
দে কারণে পুষ্পা তোল' উত্যানেতে মোর॥
ইন্দ্র চন্দ্র দেবগণ নাহি আদে ডরে।
অধম কিরাত কেন এলে মরিবারে॥
নিত্য নিত্য পূজা আমি করি রঘুবীর।
যাঁহার প্রদাদে মোর অক্ষয় শরীর॥

আমি কহিলাম তুই জাতিতে বানর।
বনফল খেয়ে ভ্রম বনের ভিতর ॥
নাহি জানি কটু কথা বলিস আমারে।
যদি প্রাণে মারি তোরে কে রাখে সংসারে।
বড় বীর বলি মনে কর রঘুনাথ।
সংসারেতে তাঁর বল আছয়ে বিখ্যাত॥
বানর পাথর বহি সাগর বান্ধিল।
তবে সে কটক ল'য়ে পার হ'য়ে গেল॥
শরেতে আপনি যদি বান্ধিত সাগর।
তবে আমি কহিতাম তাঁরে বীরবর॥

হত্ব ক্রোধে বলে শুন কিরাত অধম।
ত্রিভুবনে খ্যাত যত রামের বিক্রম॥
হরধনু ভাঙ্গিলেন যিনি অবহেলে।
পরশুরামেরে যিনি জিনিলেন বলে॥
শরেতে সাগর বাদ্ধা ভাঁর চিত্র নহে।
কটকের মহাভার কি প্রকারে সহে॥
সে কারণে বাদ্ধিলেন পাষাণে সাগর।
রামের করহ নিন্দা অধম পামর॥
ইহার উচিত ফল পাবে মোর ঠাই।
পড়িলে আমার হাতে অব্যাহতি নাই॥
ভূমি যদি মহাবীর বড় ধনুর্দ্ধর।
শরেতে সাগর বাদ্ধি কর মোরে পার॥
আমার ভারেতে যদি তব বাঁধ রয়।
তবে ত হইবে দখা এ কথা নিশ্চয়॥

যগ্রপি আমার ভাবে বাঁধ হয় ভঙ্গ।
সাক্ষাতে তোমারে আজি দেখাইব রঙ্গ॥
আমি কহিলাম যদি বান্ধি হে সাগর।
তোমারে কি গণি পার হয় চরাচর॥
তোমার ভরেতে যদি মম বাঁধ ভাঙ্গে।
তবে পরাজিত আমি হইব তব আগে।

সাগর তীরেতে তবে গেস্থ চুই জন। ধসুকে টক্ষার আমি দিলাম তথন॥ বৃষ্টি ধারাবৎ অন্ত্র হইল বর্ষণ । পদ্য শন্ধ আদি বাণ কে করে গণন। নিমেধেতে বান্ধিলাম শতেক যোজন। দেখি বাঁধ হতুমান সবিস্থায় মন ॥ জ্ঞানি যে কিরাত নহে হবে কোন জন। কোন দেবভার ক্রোধে পড়িসু এখন ॥ এতেক ভাবিয়া বীর বলে মোরে হাসি। ক্লেক বিলম্ব কর শীন্ত আমি আদি॥ এত বলি উত্তরেতে চলে মহাবীর। বাড়াইল উভে **লক্ষ** যো**জন শরীর॥** লোমে লোমে মহাবীর পর্বত বান্ধিল। পৰ্বত স্কন্ধেতে কত শত তুলি নিল॥ মহাবেগে আদে বীর কৃতান্ত আকার। লুকা**ইল রবিতেজ হৈল অন্ধকার**॥ নির্থিয়া **দেখি রূপ অতি ভয়ঙ্কর।** হতুমানে হেরি মন কাঁপিল অন্তর ॥ মহাভয় পেয়ে আমি শ্মরি মনে মন। অন্তর্যামী সব জানিলেন নারায়ণ 🛭 হনুমান অৰ্জ্জনেতে হৈল বিদংবাদ। মহাবীর **হতুমান পাড়িল প্রমাদ**। একে চিন্তিয়া প্রভু আদিয়া ত্বরিতে। রহে কচ্ছপ রূপে বাঁধের নাচেতে 🛭

কোপে হুনুমান ডাকি আমাপ্রতি বলে। এবে বাঁধ কর রক্ষা প্রতিজ্ঞা করিলে॥ বিপশতে আমি পড়ি সাহস করিলাম। নিঃশঙ্কাতে হও পার ডাকি বলিলাম॥

হমুমান ভৱে কম্পমানা বস্থমতী। বান্ধে এক পদ দিল হ'য়ে ক্রুদ্ধ অতি 🖁 আর পদ তুলি দেয় যেমন স্থার।
কচ্ছপের মুখ হইতে বহিল রুধির॥
হইল লোহিত বর্ণ দাগরের জল।
তাহা দেখি সচিস্তিত হৈল মহাবল॥
পৃথিবী সহিতে মোর ভর নাহি পারে।
শর বাঁধ কি প্রকারে রহিল দাগরে॥
কেন বা এ রক্তবর্ণ দাগরের নীর।
এতেক চিন্তিয়া জ্ঞান দৃষ্টি করে বীর॥
জানিল ধ্যানেতে প্রস্তু বাঁধের নীচেতে।
লাফ দিয়া ভটে পড়ে অতি ভীত চিতে॥

বান্ধের নীচেতে প্রভু রঘুকুলমণি।
আমি পশু মৃত্মতি ইহা নাহি জানি॥
অজ্ঞান অধম আমি বড়ই বর্ববর।
না জানিয়া আরোহিনু প্রভুর উপর॥

তবে ত কচ্ছপ রূপ ত্যজিয়া শ্রীহরি।
নবহুর্বাদল শ্যাম হন ধর্ম্মারী ॥
হনুমান প্রতি ভবে বলেন বচন।
আমার পরম ভক্ত তোমরা হুজন ॥
হুইজনে প্রীতি কর ছাড় মনে রোষ।
আমারে করহ ক্ষমা অর্জ্জুনের দোষ॥
কৃতাঞ্জলি বলে হন্ম করিয়া বিনয়।
অপরাধ ক্ষম মোর ওহে দয়াময়॥
শুনি হরি উভয়ের সখ্য করাইয়া।
উভয়েরে শান্ত করি গেলেন চলিয়া॥

আমা চাহি হকুমান বলেন বচন।
তুমি আমি সথা হইলাম তুইজন॥
তোমার সহায় আমি সদাই থাকিব।
সমর-সঙ্কটে তব সাহায্য করিব॥

এতেক বলিয়া বীর গেলেন উত্তর।
পুষ্প ল'য়ে আদিলাম বারকা নগর॥
বড় বড় সঙ্কটেতে রাখিলেন মোরে।
কেন রুথা ধর্ম্ম রাজ চিন্তিছ অন্তরে॥
এত বলি প্রবোধেন গার্গ ধর্মানৃপে।
রজনী বঞ্চেন নানা কথার আলাপে॥

সপ্তম দিনের যুদ্ধারস্ত।

প্রভাতেতে গুই দল সাজিল সকলে। প্রলয়ের কালে যেন সমুদ্র উথলে ॥ সিংহনাদ শভানাদ গজের গব্জন। ধ্যুক টক্ষার ঘোর রথের নিঃম্বন ॥ র্থীকে ধাইল র্থী গজ ধায় গজে। আসোয়ারে আসোয়ার পদাতিক যুঝে॥ মুষল মূদগর শেল পরশু তোমর। ভূষণ্ডী পট্টিশ গদা বর্ষে নিরন্তর ॥ ছুই দলে বাধে যুদ্ধ মহা কোলাহল। যেমন প্রলয়কালে সমুদ্র কল্লোল। ভীষ্ম অৰ্জ্জনৈতে যুদ্ধ নাহিক তুলনা। বাণরৃষ্টি নিরন্তর কে করে বর্ণনা 🛚। মুষল ধারায় যেন বরিষয়ে ঘনে। ভাদৃশ আয়ুধ রৃষ্টি করে তুই জনে । ভীমদেন মহাবীর প্রবেশি সমরে ৷ সহস্র সহস্র রথী দিল যমঘরে॥ গদা হাতে ভীমদেন যেই দিকে ধায়। বড় বড় যোদ্ধাগণ আতক্ষে পলায়॥ দেখিয়া রুষিল বীর দ্রোণের নন্দন। ভীমের উপরে করে বাণ বরিষণ 🏾 অশ্বত্থামা দেখি বীর চড়ে নিজ রথে। গদা এড়ি ধসুঃশর তুলি নিল হাতে 🛭 সন্ধান করিয়া এড়ে চোখ চোখ বাণ। দ্রোণীর যতেক অস্ত্র করে থান থান 🕻 কাটিয়া সকল অস্ত্র রুকোদর বীর। সন্ধান পুরিয়া বিন্ধে তাহার শরীর॥ দেখি অশ্বত্থামা ক্রোধে এড়ে পঞ্বাণ। ভীমের যতেক অস্ত্র করে খান খান॥ দোঁহে দোঁহা অস্ত্ৰ কাটে দোঁহে মহাবল। সমরে রুষিল বীর হইয়া প্রবর 🛚 ধনুকে টক্ষার দিয়া এড়ে পঞ্চ বাণ। দ্রোণীর ধনুক কাটি করে খান খান ॥ আর তুই বাণ এড়ে কি কহিব কথা। রথ অশ্ব কাটে আর সার্থির মাথা 🛭

সার্থি পড়িল, রথ হইল অচল। চোখ চোখ বাণ মারে ভীম মহাবল ॥ বাণাখাতে অচেতন দ্রোণের কুমার। দেখি সব কুরুগণ করে হাহাকার॥ আর রথে করি অশ্বত্থামারে লইল। মহাবল ভীম সৈন্য বিনাশ করিল 🛚 কোটি কোটি রথী মারি দিল যমালয়। ভীমের সম্মুখে আর কেহ নাহি রয়॥ দেখি হুর্য্যোধন রাজা মহাত্রঃখ মতি। রাজগণে আদেশ করিল শীঘ্রগতি 🛭 শুনিয়া কলিঙ্গ শত সহোদর আগে। ভীমেরে মারিতে যায় ধন্ম ধরি বেগে॥ চতুর্দ্দিকে বেড়ি সবে বরিষয়ে শর। বাণে বাণ নিবারয়ে বীর রুকোদর ॥ চোখ চোখ বাণে বিন্ধে স্বার শরীর। রণে ভঙ্গ দিল সবে হইয়া অস্থির ॥ এডিলেন কোপে রাজা এক শত বাণ। অৰ্দ্ধপথে ভীম তাহা করে খান খান॥ পুনঃ সপ্তবাণ বীর মারে রুকোদরে। খণ্ড খণ্ড করি তাহা পাড়ে ভীম শরে॥ শর নিবারিয়া করে অন্ত্রের প্রহার ॥ সার্থি সহিত অশ্ব করিল সংহার॥ বিরথী হইয়া বীর ভাবে মনে মন। আর রথে চড়ি করে অস্ত্র বরিষণ ॥ বাণ নিবারিয়া বীর করে শরজাল। ঢাকিল রবির তেজ তিমির বিশাল ! নিবারিতে না পারিল কলিঙ্গ রাজন। রথের উপরে পড়ে হ'য়ে অচেতন ॥ রাজার সঙ্কট দেখি সহোদরগণ। করিলেন ভীমোপরি অন্ত্র বরিষণ॥ তাহা দেখি বুকোদর গদা হাতে লয়। নিমিষেকে সবাকারে দিল যমালয়॥ সৈন্মগণ বিনাশয়ে পবন-কুমার। লক্ষ লক্ষ্য সেনাগণে দিল যমদ্বার॥ চেতন পাইয়া উঠে কলিঙ্গ রাজন। ভাই সব মৃত্যু দেখি মহাশোক মন 🏾

_{হস্তী ব}াটি সহত্র ধে রাজার ভিড়নে। স্বার আদেশে রাজা প্রবেশিল রণে॥ ভীমেরে ডাকিয়া বলে শুন বীরবর। সমরেতে বিনাশিলে মম সহোদর। গোর সহ স্থির হ'য়ে করহ সমর। হস্তীর চাপনে তোমা দিব যমঘর॥ শুনি ভীমদেন বীর প্রতিজ্ঞা করয়। নিশ্চয় তোমারে আজি দিব যমালয়॥ যে সকল মাতঙ্গের কর অহন্ধার। ম্লার আঘাতে সব লব যমঘর॥ গুদার বাতাস বিনা না করি আঘাত। আমার প্রতিজ্ঞা এই শুনহ **দাকাৎ II** এত বলি গদা ল'য়ে যায় বীরবর। ্কাপেতে ফিরায় গদা মাথার উপর॥ দিলেন আপন তেজ ভীমে হ্ৰষীকেশ। উন্ পঞাশৎ বায়ু গদাতে প্রবেশ ॥ গদা ফিরাইয়া বীর ধায় মহারোষে। উড়াইয়া হস্তিগণ ফেলিল বাতাদে॥ মাকাশেতে ঘূর্ণি বায়ু বহে নিরন্তর। গদার বাতাদে তথা উড়িল কুঞ্জর॥ বুৰ্ণিত **বায়ুতে হস্তী ঘূর্ণিমান হ**য়। অগ্নাবধি **যুরিতেছে পড়িতে** না **পা**য়'॥ একৈক যোজন মধ্যে যত দৈশ্য ছিল। গদার বাতাদে ভীম দবে উড়াইল॥ পৰ্বত কাননে কত পড়ে দেশান্তরে। কতক পডিল গিয়া <mark>দাগর ভিতরে</mark>॥ দেখি সব দেবগণে লাগে চমৎকার। কৌরবের **সৈশ্যগ**ণ করে হাহাকার ॥ তবে রকোদর বীর অতি বেগে ধায়। একঘায়ে কলিঙ্গেরে লয় যমালয়॥ ^{রথ} অখ সহ সব[']গুঁড়া হ'য়ে গেল। দেখিয়া কৌরব দলে আতঙ্ক হইল।। দেখি জোণাচাৰ্য্য বাণ পূরিল সন্ধান। বাছিয়া বাছিয়া মারে চোথ চোথ বাণ।। শহস্র শহস্র বাণ মারে একেবারে। ভীমের শরীর বিদ্ধ করিল প্রহারে 🛭

দেখি বীর রুকোদর চড়ে গিয়া রুখে। গদা এড়ি ধকুঃশর লইলেক হাতে॥ বাণ রৃষ্টি করি বীর নিবারয়ে শর। নিজ অন্ত্রে বিদ্ধে পুনঃ দ্রোণ কলেবর॥ দোঁহে দোঁহাপরে করে অন্ত্র বরিষণ। দৌহাকার অস্ত্র দোঁহে করয়ে বারণ ॥ জয়ক্রথ নকুলেতে হয় ঘোর রণ। দোঁহে দোঁহাকারে বিস্ধে করি প্রাণপণ। শকুনি সহিত যুঝে সহদেব বীর। শরেতে জর্জ্জর হৈল উভয় শরীর॥ জুদ্ধ হৈল সহদেব মাদ্রীর নন্দন। শকুনির কাটিলেক হস্ত শরাসন॥ রথধ্বজ কাটি তার সারথি কাটিল। দিব্য ভল্ল পঞ্চগোটা অঙ্গে প্রহারিল ॥ অস্ত্রাঘাতে শকুনি হইল অচেতন। অন্য রথে উঠাইয়া নিল যোদ্ধাগণ ॥ অভিমন্থ্য দ্রোণপুত্রে বাধিল সমর। দোঁছে মহাপরাক্রম মহাধ্যুর্দ্ধর॥ মহাকোপে অভিমন্ত্য এড়ে ষাটি শর। রথ অশ্ব সার্থি লইল যম্বর ॥ অন্য রথে চড়ি দ্রোণপুত্র বিপ্রবর । মারিলেন আর্জ্জুনিকে সহত্রেক শর॥ অদ্ধপথে কাটিলেন অভিমন্ত্যু বীর। সন্ধান পুরয়ে পুনঃ নির্ভয় শরীর ॥ হেনমতে তুইজনে বরিষয়ে শর। সংগ্রামে নিপুণ তুই মহাধমুর্দ্ধর॥ ভুরিশ্রবা ক্রপদে সংগ্রাম অতিশয়। সমান বিক্রম নাহি কারো পরাজয়॥ শ্রীহরি চালান রথ পার্থ ধন্তর্জর। ভীত্মের উপরে বীর বরিষয়ে শর॥ বাণে বাণ নিবারেন গঙ্গার নন্দন। করিলা অর্জ্জুনোপরি বাণ বরিষণ॥ অক্সে কাটি অৰ্জ্বন করিল নিবারণ ৷ পুনঃ দিব্য দশবাণ করনে ক্ষেপণ ॥ অশ্ব সহ সার্রথিরে করেন সংহার। শরাঘাতে ভীম্ববীর ব্যথিত অপার 🛭

তবে পার্থ লক্ষ শর এড়েন ত্বরিতে। লক্ষ লক্ষ সেনা কাটি পাড়েন ভূমিতে॥ পার্থের বিক্রম দেখি ভীম্ম লয় ধনু। আশী বাণ দিয়া বিদ্ধে অর্জ্জনের তন্তু॥ অঙ্গেতে প্রবেশে শর রক্ত পড়ে ধারে। আর ষাটি বাণ মারে কুষ্ণের শরীরে॥ সহস্রেক বাণ বীর মারিলেন ধ্বজে। বাণাঘাতে কপিধ্বজ অধিক গরজে॥ লক্ষ লক শরাঘাতে মারে সেনাগণ। হয় গজ রথী পড়ে কে করে গণন॥ বহিল শোণিত নদী ঘোরতর স্রোতে। রথ অশ্ব গজপতি ভাসি বুলে তাতে॥ পুনঃ দিব্য মন্ত্র এড়ে গঙ্গার নন্দন। সেই বালে কাটিলেন গাণ্ডীবের গুণ॥ ধন্মকৈতে আর গুণ দিতে ধনঞ্জয়। রথী দশ সহস্র মারিল মহাশয়॥ শঙ্খধ্বনি করি বীর রথ বাহুডিল। সন্ধ্যা জানি সর্ববজন শিবিরে চলিল। কৌরব পাণ্ডব গেল আপনার ঘর। কাশী কহে সপ্তদিন হইল সমর॥

ক্ষার্জনের ছলে ছর্ব্যোধনের মুক্ট আনয়ন।
কোরবের যোদ্ধাগণ চলিল শিবির।
ভীপ্মের নিকটে গেল ছুর্ব্যোধন বীর॥
পিতামহ পদে বীর প্রণাম করিয়া।
সবিনয়ে কহে রাজা কৃতাঞ্জলি হৈয়॥
তোমার সমান বীর নাহিক সংসারে।
দেবতা দানবগণ সবে তোমা ডরে ॥
নিঃক্ষত্র পৃথিবীকারী রাম মহাশয়।
তোমার নিকটে হৈল তাঁর পরাজয়॥
হেন মহাবীর ভুমি ছুর্জ্জয় সংসারে।
য়ুছুর্ত্তেকে তিন লোক পার জিনিবারে॥
সাত দিন পাণ্ডব সহিত কর রণ।
নির্বিমে গৃহেতে যায় ভাই পঞ্জন।
যন্তপি রণেতে কালি না মার পাণ্ডবে।
অপযশ তোমার যে ঘুষিবেক সবে॥

রুষিয়া উঠিল শুনি ভীম্ম মহাবীর। তৃণ হৈতে পঞ্চার করিল বাহির॥ মহাকাল নাম তার জানে সর্বজন। স্থরপতি বজ্র সম নহে নিবারণ॥ বাণ হস্তে করি কহে জাহ্নবী-নন্দন। কোন' চিন্তা নাহি তব শুনদুৰ্য্যোধন॥ কল্য রণে পাগুবে নাশিব এই শব্দে। দেব দামোদর যদি ছল নাহি করে॥ কুষ্ণের কারণ বাঁচে ভাই পঞ্জন। নহিলে কি শক্তি তার সহে মম রণ॥ কালি পাণ্ডপুত্রেরে মারিব এই শরে। তবে সে যাইব আমি আপনার ঘরে॥ তুৰ্য্যোধন শুনি মহা আনন্দ হইল। দিব্য রত্নগৃহ তথা নির্মাইয়া দিল ॥ সেই গৃহে রহিলেন গঙ্গার নন্দন। তুর্য্যোধন মনে ভাবে জিনিলাম রণ॥ যুধিষ্ঠির মহারাজ সহ ভাতৃগণ। যত যোদ্ধাগণ আর দেব নারায়ণ॥ সূভা করি বসিলেন আপন আলয়। সহদেবে জিজ্ঞাসেন দেবকী-তনয়॥ কিমতে হইবে কালি যুদ্ধের করণি। প্রকাশ করিয়া তাহা কহ মন্ত্রিমণি॥ সহদেব বলে শুন সংসারের সার। দকল জানহ তুমি কি বলিব আর॥ তুর্য্যোধন আদেশেতে পিতামহ বীর। ভূণ হৈতে পঞ্চার করিল বাহির॥ পাণ্ডব বধিব বলি প্রতিজ্ঞা করিল। ৰারেতে রহিল অন্তঃপুরে নাহি গেল॥ পাণ্ডবের হর্ত্তা কর্ত্তা তুমি মহাশয়। বুঝিয়া করহ কার্য্য উচিত যে হয়॥ শুনি যুধিষ্ঠির পাইলেন মহাভয়। ভীম্মের প্রতিজ্ঞা কভু লঙ্গন না হয় ॥ সবান্ধবে কালি সবে হইবে নিধন। কি উপায় ইহার হইবে নারায়ণ॥ শ্রীহরি বলেন রাজা চিন্তা না করিহ ধনঞ্জয় বীরেরে আমার সঙ্গে দেহ।।

চল করি ভীষ্মস্থানে আনি পঞ্চবাণ। অবিষ্ট ঘুচিবে হবে সবার কল্যাণ॥ যুধিষ্ঠির বলিলেন হইয়া বিস্ময়। ছল করি কিরূপে আনিবা মহাশয়॥ ক্ষাং কহিলেন শুন ধর্মের নন্দন। ক্রাম্বনে যথন আছিলা পঞ্জন॥ দুরুন্থে তুর্য্যোধন শুনি সমাচার। দুন্ট মন্ত্রিগণ সহ করিল বিচার॥ নেখাইতে ঐশ্বর্য্য করিল আগমন। দুৰ্বন দৈন্য সাজিলেক বিনা ভীম্ম জ্বোণ ॥ ক্রিতে প্রভাসে স্নান দিলেক ঘোষণা। দ্রান্ধবে চলে আর যত পুরজনা॥ ্তামার **অমান্য করি প্রভাদেতে গেল**। চিত্ররথ পুষ্পোপান তথায় ভাঙ্গিল।। ভূমি ক্রোধে আইল গন্ধর্ব্ব বীরবর। ত্র্যোধন সহ তার হইল সমর॥ কর্ণ আদি যত যোদ্ধা রণে ভঙ্গ দিল। কুলণ সহিত ছুর্য্যোধনেরে বান্ধিল। ্রাধণীর মুখে বার্ত্তা করিয়া ভাবণ । অজ্বনেরে পাঠাইয়া করিলা মোচন॥ তুন্ট হ'য়ে পার্থেরে বলিল ছুর্য্যোধন। ম্ম তানে চাহি লহ যাহা তব মন।। পাগ বলিলেন এবে নাহি মম কাজ। ^{দময়} হইলে লব শুন কুরুরাজ ॥ দেই সত্য হেতু আজি তথাকারে ধাব। ছল করি নিজ কার্য্য উদ্ধার করিব॥ এতেক বলিয়া হরি পার্থ তুই জন। শীঘ্ৰগতি চলিলেন যথা ছুৰ্য্যোধন॥ শ্রীহরি বলেন আমি থাকিব বাহিরে। তুমি গিয়া মুকুট আনহ মাগি বীরে॥ মুক্ট মস্তকে দিয়া যাহ ভীষ্ম যথা। শর মাগি **আনহ যুচুক মনোব্যথা।**। উনিয়া চলিল পার্থ অতি শীঘ্রতর। ^{গিয়া} দ্বারী **জানাইল নৃপতি** গোচর॥ উনি রাজা হুর্য্যোধন ত্বরিত ভাকিল। ^{অন্তঃপু}রে দিব্যা**দনে** পার্থে বদাইল ॥

জিজ্ঞাদিল কি ছেতু তোমার আগমন। যে বাঞ্ছা তোমার তাহা করিব পুরুণ॥ অর্জ্জুন ব**লেন রাজা পূর্ব্ব অঙ্গী**কার। মুকুট আমারে দিয়া সত্যে হও পার॥ শুনি হুর্য্যোধন নাহি বিলম্ব করিল। মাথার মৃকুট আনি ধনপ্তয়ে দিল। মুকুট পাইয়া বার হর্ষিত মন। তথা হৈতে চলিলেন ভীন্মের সদন ॥ মুকুট শিরেতে বান্ধি উপনীত পার্থ। দেখি ভীন্ন সমাদর করিল যথাগু॥ ভীম্ম কহে কহ শুনি রাজা হুর্য্যোধন। এত রাত্রে কি জন্ম হেখায় আগমন। পার্গ বলিলেন দেহ মহাকাল শর। স্বহস্তে পাণ্ডবে বুধি জিনিব সমর ॥ হাসি গঙ্গাপুত্র শর দিল সেইক্ষণে। নিলেন অৰ্জ্জুন তাহা হর্ষিত মনে ॥ হেনকালে ঐহিরি দিলেন দরশন। দেখি ভীম্ম জানিলেন সকল কারণ। কৃষ্ণ প্রতি বলিছেন শান্তমু-কুমার। কি হেতু প্রতিজ্ঞা ভঙ্গ করিলে আমার 🎚 শিব সনকাদি তব না জানে মহিমা। দেবগণ মুনিগণ দিতে নারে দীমা॥ অগিল ব্রহ্মাণ্ডেশ্বর জগতের পতি আপনি হইলা তুমি পাণ্ডব-দার্থি 🛚 আমার প্রতিজ্ঞা ভাঙ্গি রাখিলে পাওবে। ভোমার প্রতিজ্ঞা কালি ভাঙ্গিব আহবে॥ সান্ত্রনা করিয়া ভীম্মে দেবকী-নন্দন। অস্ত্র ল'য়ে চুইজন করেন গমন॥ পাণ্ডবগণের তাহে আনন্দ হইল। মুতদেহে যেন আসি প্র'ণ সঞ্চবিল ॥ মহাভারতের কথা সমূত সমান। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান।

অষ্টম দিলের যুদ্ধারত।

ছুর্য্যোধন রাজা শুনি হৈল ছুঃখমন। প্রভাতে ক্রিল বার বাহিনী সাজন॥

হরিষেতে পাওবের দৈন্তগণ সাজে। তুরী ভেরী হুন্দুভি প্রভৃতি বাগ্য বাজে॥ চতুরক্ষ দল সাজি সমরে আইল। দৈন্যগণ–কোলাছলে আকাশ ব্যাপিল॥ तथौरक भाइन तथी शक भाग गरक। আ**দোয়ারে আদোয়ার পদাতিক** যুবে। 🏾 নানা অস্ত্র সৈভাগণ করে বরিষণ। আ্বাচাত আবণে যেন বরিষয়ে ঘন ॥ পার্থ ধনুর্দ্ধর রথে 🗐 হরি সার্থি। ভীন্মের সম্মুখে রথ নিলেন ঝটিতি॥ দেবদত্ত শঙ্খ বাজাইলেন অৰ্জ্জুন। বাজিল ভীম্মের শন্থ তা হ'তে দ্বিগুণ।। তুই শন্থানিনাদে হইল মহাবোল। প্রলয় কালেতে যেন সমুদ্র-কল্লোল ॥ অৰ্জ্জনে দেখিয়া ভীম্ম বলেন বচন ! আজিকার রণে পার্থ বুঝিব বিক্রম। ছুর্য্যোধন রাজার মুকুট নিলে তুমি 🕩 কুষ্ণের ছলনা এত না বুঝিকু আমি॥ ক্রম্ভের মায়ায় বশ এ তিন সংসার। প্রক্ষ হর অগোচর কিবা অন্য আর॥ ছল করি মম স্থানে নিলে পঞ্চ শর। বুঝিব কিমতে আজি করিবে সমর॥ আজি মম প্রতিজ্ঞা শুনহ ধনঞ্জয় : কুমেঃ ধরাইব অস্ত্র জানিহ নিশ্চয় ॥ করিত্ব প্রতিজ্ঞা আমি যদি নাহি করি : শান্তসুনন্দন বুথা ভীশ্ম নাম ধরি॥ ভাষ্মের প্রতিজ্ঞা শুনি মত দেবগণ। কৌতৃক দেখিতে সবে আইল তথন।। প্রথমে প্রতিজ্ঞা এই করিলেন হরি : ভারত সমরে অস্ত্র নাহি করে ধরি !! প্রতিজ্ঞা করিল এবে গঙ্গার নক্ষন দেখিব কাহার পণ করিবে রক্ষণ । অনন্তর ভীত্ম বীর সন্ধান পূরিল : গগন ছাইয়া বাণে অন্ধকার কৈল ॥ সন্ধান পুরিয়া পার্থ এড়িলেন বাণ। অর্দ্ধপথে কাটি ভীত্ম করে থান থান ॥

পুনঃ বাণ এড়িলেন ইচ্ছের নন্দন। শীত্র হস্তে ভীত্ম তাহা কাটে সেইক্ষণ ॥ দোঁহে দোঁহোপরে অস্ত্র করয়ে প্রহার। দোঁহাকার অন্ত্র দোঁহে করয়ে সংহার॥ <u>দ্রোণ ধ্বউদ্থান্দে বাধে ঘোরতর রণ।</u> চমৎকুত হ'য়ে তাহা দেখে সৰ্ব্বজন ॥ ধ্রুষ্টত্যুল্ল দ্রোণেরে মারিল মহা-শর 🔻 **দ্রোণ মারে শ**ত বাণ তাহার উপর 🗵 মহাক্রোধে দ্রোণাচার্য্য পুরিল সন্ধান : ধুষ্টত্যুদ্রে মারিলেন আর দশ বাণ 🗈 হাহাকার করে লোক দেখি মহাবাণ 👍 ধ্রষ্টত্বাক্ষ শর হানি করে খান খান॥ বাণ ব্যর্থ দেখি গুরু পাইলেন লাজ : শক্তি ফেলি মারিলেন হৃদয়ের মাঝ 🗈 মহাবল ধুষ্টত্যুম্ন পূরিল সন্ধান 🛚 দ্রোণের সে মহাশক্তি করিল তুথান ॥ মহাক্রোধে দ্রোণ গুরু বরিষয়ে শর : ধ্রম্ভত্তাম্ব-ধনুক কাটিল বীরবর 🛚 ধন্ম কাটা গেল দেখি গদা নিল হাতে: গদা ফেলি মারিলেন দ্রোণাচার্য্য-মাথে : নি**ন্ন হ'য়ে এড়াইল দ্রোণ মহাবলী**। ছুৰ্য্যোধন দেখিয়া হইল কুভূহলী া তবে দ্রোণ দশ বাণে পুরিয়া সন্ধান : ধুষ্টত্যুম্ম-রথধ্বজ করে তুই খান 🗉 বিরথ হইয়া বীর খড়গ নিয়া যান 🗆 সার্থির মাথা কাটি কৃতান্তে পাঠান ॥ খড়েগর প্রহারে চারি অশ্ব সংহারিল। চোথ চোথ শর দ্রোণ আচার্য্য মারিল। পঞ্জারে খড়গ কাটি আচ্ছন্ন করিল। কবচ ভেদিয়া অস্ত্র অঙ্গে প্রবেশিল ॥ বাণাঘাতে ধুষ্টপ্লান্ন ব্যথিত অন্তর : অভিমন্যু-রথে গিয়া উঠিল সম্বর 🛚 ভীম ছুৰ্য্যোধন যুদ্ধ কি দিব ভুলনা : চমৎকৃত হইয়া দেখেন সৰ্ব্যঞ্জন।॥ গদাযুদ্ধ করে দোঁহে সংগ্রাম ভিতর 🔻 দোঁহার প্রহারে দোঁহে হইল জর্জার 🖟

মহাকোপ উপজিল রুকোদর বীরে। করিল প্রহার গদা রাজার উপরে॥ গুলাঘাতে তুর্ষ্যোধন হইল ব্যথিত। আপনার রথে গিয়া উঠিল হরিত॥ পুনর্কার করিলেন অন্ত্র বরিষণ। দেখি নিজ রথে চড়ে পবন-নন্দন ॥ তুইজনে নানা অন্ত্র করেন প্রহার : দোঁতে দোঁহাকার অস্ত্র করয়ে সংহার॥ মহাক্রোধে ভীমদেন পুরিল সন্ধান। ভূর্য্যোধন কাটিয়া করিল ছুই খান॥ আর ধনু লইলেন রাজা বীরবর। দে ধ**মুক কাটিলেন** বীর রুকোদর ॥ পুনঃ পুনঃ ছুর্য্যোধন যত ধনু লন। কাটিয়া পাড়েন তা**হা পবননন্দন**॥ রাজার সঙ্কট দেখি যত যোদ্ধাগণ ভাম প্রতি করিলেন বাণ বরিষণ॥ বাণে নিবারিয়া তাহা বীর রুকোদর i নিজ শরে সর্বব বীরে করিল জর্জ্জর॥ কাহার' কাটিল ধ্বজ কাহার' সারথি। কার' ৰাথা কাটিলেন ভীম মহামতি ॥ ভামের বিক্রমে **আর কেহ নহে স্থির** : রণ ত্য**জি পলাইল বড় বড় বীর ॥** মহাক্রোধে ভীমদেন বরিষয়ে শর ৷ দহল **সহজ্র সেন** দিল যমঘর।

ভীগ শুরুক শীক্ষের প্রতিজ্ঞা ভঙ্গ।
সেনাভঙ্গ দেখি কুপাচার্য্য মহামতি।
ভামের সম্মুখে বীর আইল ঝটিতি।
দিব্য অন্ত্র এড়িলেন পূরিয়া সন্ধান।
ভামের ধনুক কাটি করে ছই খান।
কাটা ধনু ফেলি বীর অন্ত ধনু লৈয়া।
কুপাচার্য্যে ঢাকিলেন শর্জেণী দিয়া।
বানে নিবারিক্ষা ভাহা কুপ দ্বিজ্ঞবর।
ভীমের উপরে পুনঃ মারিলেন শর॥
দোহে বাণ বিশারদ সমরে প্রচণ্ড।
উভয়ের অন্ত্র দোহে করিল দ্বিখণ্ড।

সাত্যকি সহিতে হয় ভূরিশ্রবা রণ : অভিমন্ত্যু সহ যুঝে স্থশর্মা রাজন ॥ ঘটোৎকচ অলম্বুষ সমরে আইল। উভয়ের পরাক্রম রণে প্রকাশিল 👍 অশ্বর্থামা দহ যুবে ক্রেপদ রাজন। গগন ছাইয়া করে অন্ত্র বরিষণ॥ যুধিষ্ঠির সহ যুখে শল্য মহামতি। ত্বমুখি দহিত যুঝে বিরাট নরপতি।। •নকুল দহিতে হয় তুঃশাদন রণ ! কেহ কারে জিনিতে না পারেন কখন। সহদেব সহ যুবে শকুনি হুর্মতি। সহদেব কাটিলেন ভাহার সার্থি॥ ধমুগু ণ কাটি তার কবচ ভেদিল। মশ্বব্যথা পাইয়া শকুনি পলাইল। শকুনির পলায়নে হরষিত মন। সৈত্যোপরি করিলেন বাণ বরিষণ॥ অর্জ্ব্র ভীঙ্গেতে যুদ্ধ ঘোর দরশন। শৃত্যমার্গে থাকিয়া দেখেন দেবগণ॥ তুই বীর অস্ত্রবৃষ্টি করে নিরন্তর। নিবারণ করে দোঁহে মহাধকুর্দ্ধর ॥ ক্রোধে ভীম্ম শত শরে পূরিল সন্ধান অর্দ্ধ পথে পার্থ করিলেন থান থান। বাণ ব্যর্থ করি পার্থ এডিলেন শর। ভীম্মের দে ধনুপ্ত ণ কটেন দহর॥ অন্য গুণ ধকুকেতে দিল মহাশয় ৷ সহস্রেক বাণ একেবারে বরিষয় ॥ গগন ছাইয়া হৈল বাণের সঞ্চার। রবিতেজ আচ্ছাদিয়া হৈল অন্ধকার # নিবারিতে না পারিয়া পার্থ ধকুর্দ্ধর ৷ শরাঘাতে হইলেন তিনি জর জর॥ তবে ভীন্ম মহাবার শাস্ত্রসুনন্দ*ন*। কুষ্ণের শরীরে বাণ করিল ঘাতন 🖟 তবে পার্থ ধন্তব্ধর মহাকোপ মন। ভীন্মের শরীরে বাণ করেন ঘাতন 🛚 পুনর্বার দিব্য অস্ত্র এড়েন হরিতে। ভীম্মের হাতের ধন্ম কাটেন তাহাতে।

আর ধনু নিল শীত্র ভীম্ম বীরবর। সেই ধন্ম কাটিলেন পার্থ ধন্মন্ধর॥ ভীষ্ম তারে প্রশংসিল সাধু সাধু করি। শরর্ম্টি করে বীর আর ধনু ধরি॥ বাহ্নদেব সার্থি অর্জ্জুন ধ্যুদ্ধর। দোঁহারে বিশ্বিয়া ভীম্ম করেন জর্জ্জর।। লক্ষ শর আরো মারে সৈন্মের উপর। কোটি কোটি সেনাপতি যায় যমঘর॥ কালান্তক যম যেন ভীন্ম মহাবীর। পাণ্ডবের দৈন্য মারি করিল অন্থির॥ মনেতে সন্ত্রম পাইলেন যতুবীর। ভাষ্মের শরেতে বিদ্ধ শ্যামল শরীর॥ তবে পার্থ মাহাবীর গাণ্ডীব ধরিয়া : কাটেন ভীপ্নের বাণ সন্ধান পুরিয়া॥ আর বাণ এড়িলেন অতিশয় রোষে। পড়িল কৌরব-দৈশ্য শমনের গ্রাদে॥ দেখিয়া হইল রুষ্ট গঙ্গার নন্দন। আকাশ ছাইায়া করে অস্ত্র বরিষণ॥ নাহি দিক বিদিক মিহিরের প্রকাশ। শৃশুমার্গ রুদ্ধ করে না চলে বাতাস ॥ দিবানিশি নাহি জ্ঞান হইল আঁাধার। নিবারিতে না পারেন কুন্ডীর কুমার ॥ পাগুবের দৈন্য সব হইল কাতর। সমরে সমর্থহান পার্থ ধকুদ্ধর ॥ অর্জ্ন মুর্বল আর সৈন্মের নিধন। নিবুক্ত•না হয় ভীষ্ম মারে দৈন্যগণ॥ মহাকোপ উপজিল দৈবকী-নন্দনে। আজি আমি বিনাশিব যত কুরুগণে॥ প্রতিজ্ঞা করেছি পূর্বের বাণ না ধরিব। না ধারিলে আজি রণে পাগুবে হারাব॥ এতেক চিন্তেন লক্ষীকান্ত মনে মনে। চোখ চোখ বাণ ভীষ্ম মারে ঘনে ঘনে ॥ অস্থির হুইয়া হরি কমললোচন। লাক দিয়া রথ হৈতে পড়েন তখন ॥ ক্রোধে রথচক্র ধরি সৈন্মের সাক্ষাৎ। ভীষ্মকে মারিতে যান ত্রিলোকের নাথ॥

গজেন্দ্র মারিতে যেন ধায় মুগুপতি। পদভরে কৃষ্ণের কম্পি**ত্র** বঁইমতী॥ চমৎকৃত হ'য়ে চাহি দেখে সর্ববন্ধন। ভীম্মেরে মারিতে থান দেব নারায়ণ॥ শন্ত্রম না করে ভীষ্ম হাতে ধকুঃশর। নির্ভয়ে বসিয়া ভাবে রুপের উপর॥ আইসে ভূবনপতি মারিতে আমাকে। মারুক আমারে যেন দেখে সর্বলোকে॥ শীঘ্র আসি কুষ্ণ কর আমারে সংহার। তোমার প্রদাদে তরি এ ভব–সংদার॥ তোমার বাণেতে ঘদি সংগ্রামে মরিব। দিব্য বিমানেতে চড়ি বৈকুঠে যাইব ॥ এতেক বলিয়া বার ত্যজে ধকুঃশর ! ক্বতাঞ্জলি স্তুতি করে মহাধনুর্দ্ধর। ভক্তের অধীন তুমি বিরিঞ্চিমাহন। নমস্তে স্থলাম বিপ্র দারিদ্র ভঞ্জন ॥ ধ্রুবকে অভয় পদ দিলা চক্রধারী। প্রহলাদে রকিলা হিরণ্যকৃশিপু সংহারি ॥ নমস্তে বামনমূর্ত্তি নমো জনার্দন। নমো রামটন্দ্র দশক্ষম বিনাশন ॥ ভক্তের অধীন তুমি জানে চরাচরে। আমার প্রতিজ্ঞা আজি রাখিলা সমরে। ইত্যাদি অনেক স্তব করে ভীষ্ম বীর। আনন্দে পূর্ণিত মন লোমাঞ্চ শরীর 🛭 দেখিয়া **কুষ্ণের** ক্রোধ ইচ্ছের নন্দন। রথ হৈতে নামি ধাইলেন সেইক্ষণ॥ দশ পদ অন্তরে ধরেন তুই হাত। সম্বর সম্বর ক্রোধ ত্রিভুবন নাথ ॥ প্রতিজ্ঞা করেছি পূর্বের তোমার অগ্রেতে। ভীন্মের বিনাশ আমি করিব যুদ্ধেতে ॥ ভীম্মে মারি কুরুবংশ করিব যে ক্ষয়। তোমার প্রদাদে রণে হইবেক্ জয়। অর্জ্জনের বচন শুনিয়া দামোদুর। ক্ষান্ত হ'য়ে চড়িলেন রথের উপর। অনস্তর ধনঞ্জয় ধরি শরাসন। ইন্দ্রন্ত দিব্য বাণ করেন ক্ষেপণ॥

সহস্রেক রথী তাহে গেল যমনার।
সহস্র সহস্র গজ হইল সংহার।
দেখি ভীত্ম শক্তি এড়িলেন বজ্রসার।
ইন্দ্রবাণে কাটিলেন ইন্দ্রের কুমার।
এড়েন মাহেন্দ্রবাণ মহেন্দ্র সুমান।
লক্ষ লক্ষ রথী করিলেন খান খান।
দেখি ভীত্ম মহাকোপে এড়ে শরগণ।
পাওবের সৈন্সগণে করিল নিধন।
দশ সহস্র রথী মারি শঙা বাজাইল।
সন্ধ্যা জানি খোদ্ধাগণ নির্ভ হইল॥
মহাভারতের কথা অমৃত-সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

নবম দিনের যুদ্ধ।

শিবিরে গেলেন যুধিষ্ঠির মহামতি। সভা করি বসিলেন বিধাদিত অতি॥ পিতামহ পরাক্রম **অতুল** ভুবনে। কিরূপে হবেন ক্ষয় ভাবেন তা মনে॥ কুষ্ণের প্রতিজ্ঞা ভঙ্গ করে বীরবর। রাখিল প্রতিজ্ঞা নিজ সংগ্রাম ভিতর ॥ ংহন বীর সহ যুঝিবেক কোনজন। এত বলি চিত্তাকুল ধর্ম্মের নন্দন॥ শুনিয়া দ্রুপদ রাজা প্রবোধে ধর্ম্মেরে। আমার বচন শুন না চিন্ত অন্তরে ॥ ভক্তের অধীন প্রভু জগতে বিদিত। সর্ব্বদা করেন ভক্ত কল্যাণ বিহিত ॥ ভক্তের প্রতিজ্ঞা সদা করেন রক্ষণ। স্তম্ভেতে নৃসিংহ মূর্ত্তি করেন ধারণ॥ প্রহলাদেরে বহু ছঃখ দিল দৈত্যেশ্বর। সে কারণে ভাঁহারে দিলেন যমঘর॥ বলিরে ছলনা করি দিলেন পাতালে। আধিপত্য স্বর্গের দিলেন স্বর্গপালে॥ বিভীষ্ণ রাজা হয় যাঁহার মহিমা। ষ্টুত প্রভুর লীলা নাহি তার সীমা॥ হেন প্রভু গদাধর তোমার সার্থি। অকারণে শোক কেন কর মহীপতি॥

অবশ্য হইবে জয় নাহিক সংশয়। এত বলি প্রধোধিল ধর্ম্মের তনয়॥ এত শুনি পাগুবের প্রবোধ জন্মিল। নানা কথা আলাপনে রজনী বঞ্চিল।। প্রভাতে উভয় দেনা করিল সাজন। কুরুকেত্রে গিয়া সবে দিল দরশন॥ যে যার লইয়া অস্ত্র যত যোদ্ধাগণ। সিংহনাদ করি রণে ধায় সর্ববজন ॥ ,মহারথিগণ তবে করে অস্ত্রাঘাত। লক্ষ লক্ষ সেনা মারি করিল নিপাত। 🕮 হরি সারথি রথে পার্থ ধ্রুদ্ধর। অস্ত্রবৃষ্টি করিলেন যেন জলধর॥ লক্ষ লক্ষ সেনা মারি দিল যমঘর। বহিল শোণিত নদী অতি ভয়ঙ্কর॥ ভীমদেন বিনাশিল যত হস্তীগণ। আড়ারির প্রায় তাহে হইল শোভন॥ নদীফেন সম ভাসে শ্বেত ছত্ৰগণ। কচ্ছপ হইল চৰ্ম অসি মীন সম॥ শৈবাল সমান কেশ ভাসি যায় স্রোতে। শুশুক সমান গজ ডুবিছে তাহাতে॥ গ্রাহসম মৃত অশ্ব ভাসি যায় বেগে। হস্তপদ তৃণ সম ভাসে চহুৰ্দ্ধিকে ॥ শোণিতের নদী বহে বেগে ভয়ক্ষর। অস্ত্রগণ রৃষ্টিধারা পড়ে নিরন্তর ॥ প্রচণ্ড সমর দেখি আসেন চামুণ্ডা। দিগম্বরী মুক্তকেশী হস্তে শোভে খাণ্ডা,॥ সঙ্গেতে যোগিনীগণ বিস্তারবদনা। নরমুগু গলে দোলে বিলোল রসনা॥ গজমুগু 🗬 থৈয় কর্ণে পরিল কুগুল। করতালি দিয়া নাচে হাসে থল থল ॥ নরমুগুমালা কেহ গাঁখি পরে গলে। গেঁড়ুয়া থেলায় কেহ মহাকুভূহলে॥ হাতেতে খর্পর করি করে রক্তপান্। ক্রীড়ায় যোগিনীগণ আনন্দ বিধান 🛭 শিবাগণ চতুর্দ্দিকে আনক্ষেতে ধায়। শকুনি গৃধিনী কত উড়িয়া বেড়ায় 🛭

ভীন্ম পার্থ গ্রই বীর করেন সমর। চ**মৎকৃত হ'বে চাহে** যতেক অমর॥ মহাকোপে ভীত্মবীর সন্ধান পূরিল। সহত্র নৃপতি রণে সংহার করিল॥ পাওবের দেনা বছ-বিনাশিল রহণ। হয় হস্তী পদাতিক পড়ে অগণনে 🛭 যত যোদ্ধাগণ সবে করে ঘোর রণ। গগন ছাইয়া করে বাণ বরিষণ॥ তোমর ভূষণ্ডী শেল মুবল মুন্সর। বরিষাকালেতে যেন বর্ষে জ্বলধর ॥ মহারোষে বুকোদর সমরে প্রবেশে। शकात প্र**कारत रेमग्र मात्रर**प्र विरम्पर । দেখিরা ধাইল রণে রাজা তুর্য্যোধন। করিলেন ভীমোপরি **অন্ত** বরিষণ ॥ দেখি রুকোদর বীর অস্ত্র নিল হাতে। মারিল নিমেষমাত্রে অন্ত্রের আঘাতে 🖟 কর্ম্মর করিয়া বিদ্ধে রাজার শরীর। শরাঘাতে মর্গ্রব্যথা পাক্সকুরুবীর। ধন্মক ছাড়িয়া বীর গদা ল'য়ে ধায়। মারিলেন ভীমের সারথি এক ঘার॥ মহাক্রোধ উপজিল বীর রকোদরে। চোথ চোথ দশ অন্ত্র রাজারে প্রহারে ॥ ছুই বাণে গদা কাটি করে খান খান। অঙ্গের কবচ কাটিলেন ভসুত্রাণ॥ নিরন্তা বিবস্তা হয়ে রাজা হুর্য্যোধন। আপনার সৈন্যে পশি রাখিল জীবন ॥ দেখি যত যোদ্ধাগণ অভি বেগে ধার। ভীমের উপরে নানা অন্ত বরিষয়॥ নিষারিল সর্বব অন্ত পবন-নন্দন। নিজ অন্তে স্বাকারে করিল ঘাত্তন 🎚 ভাষা দেখি ৰুষিল ৰাচাৰ্য্য মহামতি ৷ জীমের ধন্মক বীর কাটে শীত্রগতি॥ -আর ধন্ত নিল বীর চক্ষ পালটিতে। সেই ধন্ম কাটে গুরু গুণ নাহি দিতে ॥ সহাক্রোধ করিলেন বীর রকোদর। नेना न'रत धाय यीत निर्कत्र मंत्रीत ॥

দেখি জোণাচার্য্ বীর পুরিল সন্ধান। शना काष्टिवादत्र वीत्र अर्फ मण वान : গদা ফিরাইয়া বীর করিল বারণ। ফ্রোণাচার্য্য-রথে গদা করিল ঘাতন » রথ অখ সার্থি হইল স্ব চুর। ভূমিতলে পড়িলেন দ্রোণ মহাশুর। আর রথে চড়ি গুরু বরিষয়ে শর। কুষ্মটিতে মাজ্যদিত যেন গিরিবর ॥ ভীম বায়ুবেগে পদা মস্তকে ফিরায়। জোণের সার্থি বীর মারে এক খায়। চোখ চোখ বাণ গুরু পুরিয়া স্ক্রান। কাটিল ফ্রীমের গদা করি থান খান # গদা কাটা গেল ভীম কুপিত হইল। অশৈকড়িয়া রথ ধরি তুলিয়া ফেলিল 🏾 লাফ দিয়া জোণাচার্ষ্য ভূমিতে পড়িল। **ভূমিতে পড়িয়া রথ চুর্ণ হ'রে গেল** ॥ মহাক্রোধে ভীমসেন ধায় ব্দতি বেগে। মুকটির ঘার মারে যারে পার আগে **॥** পদাঘাতে বহু রথ করিলেক চুর। বড় **বড় গজ** ধরি ফে**লে বহুদু**র॥ রুপে রুপ প্রহারুরে গব্দে গব্দ মারে ৷ চরণে মর্দ্দিয়া পদাভিকেরে সংহারে॥ এইমত মারামারি করে রকোদর। লক লক দেনা মারি নিল যমঘর॥ পুনঃ আর রথে গুরু করি আরোহণ। করিলেন ভীমোপরি বাণ বরিষণ ॥ দেখি ভীম নিজ রখে চড়িয়া বসিল। ধসুগুণ টক্ষারিয়া নিজ অন্ত্র নিল 🖟 মুহুর্ত্তেকে নিবারিল আচার্য্যের শর । নিজ অন্ত্র প্রহারিল আচার্য্য উপর 🛭 वाटन वान निवाद्यस्य (साट्य वीदवद्र। দোঁতে অন্তর্মন্তি করে যেন জলধর ॥ অভিমন্যু মহাবীর অর্জ্যন-নন্দন। क्रीत्ररवत्र रेमग्राशंश कत्रिम निधन ॥ দেখিয়া ক্লযিল কুপাচার্য্য মহামতি। ধসুর্ভণ টকারিয়া ধার শীত্রগতি 🛭





द्वीरक्षत्र भवश्वताः

\$**\$**\$ -- 25

গুগ্ন ছাইয়া করে বাণ বরিষণ। বাণে কাটি পাড়ে তাহা অৰ্জ্বন-নন্দন॥ বাণ ব্যর্থ দেখি কুপাচার্য্য মহাশয়। পুনঃ দিব্য অস্ত্র নিল সক্তোধ হৃদয়॥ ত্মাকর্ণ পরিয়া ধনু এড়ে পঞ্চ বাণ। অভিমন্যু বীরের যে কাটিল ধন্মথান॥ আর ধনু নিল বীর চক্ষুর নিমিষে ॥ বাণ রৃষ্টি করে যেন মেঘেতে বরিষে॥ কুপের সারথি কাটে আর অশ্ব চারি। ধ্বজ্ কাটি পাড়িলেক কুপ বরাবরি 🛭 আর ছুই বাণে তার কবচ ভেদিল। মুর্চ্ছিত হুইয়া কুপ রথেতে পড়িল 🛚 দেখি অশ্বত্থামা রণে অগ্রে উত্তরিল। অভিমন্যু বীর তারে অস্ত্র প্রহারিল **॥** ধ্যুক কাটিয়া তার দ্বিখণ্ড করিল। দ্রোণপুত্র মহাবীর লজ্জিত হইল॥ ক্রোধে আর ধন্ম হাতে নিল মহাবীর। মস্ত্র বৃষ্টি করে বহু রণে *হ'য়ে* স্থির । দ্রোণীর সমস্ত অস্ত্র কাটে মহাবীর। পিতৃ সম পরাক্রম সমরে স্থার॥ নিজ[®]শরে পুনঃ তারে করয়ে প্রহার। বাণে নিবারয়ে তাহা অর্জ্জন কুমার॥ দোঁহার উপরে দোঁহে নানা বাণ মারে। দোঁহাকার বাণ দোঁহে নিবারয়ে শরে॥ এইমত যুঝিল যতেক যোদ্ধাগণ। লক লক সেনা পড়ে কে করে গণন। অৰ্জ্ব্ন ভীম্মের যুদ্ধ কি দিব উপমা। দেবাহুর নরে ভাহা দিতে নারে দীমা 🛚 পূর্বে যেন সংগ্রাম করিল হুরাহ্মর। ^{দোঁহাকার শরাবাতে} কাঁপে তিনপুর 🖡 ক্রোধে ভীষ্ম দিব্য অস্ত্র করিল সন্ধান। অর্ন্নপথে অর্জ্জুন করেন খান থান। শত অন্ত্র এড়িলেন গঙ্গার কুমার। বাণে কাটি **অৰ্জ্বন করেন ছারখার।** ^{যত} বাণ এড়ে ভীষ্ম কাটেন অৰ্জ্জুন। নাহিক সম্ভম কিছু সমরে নিপুণ ॥

তবে পার্থ দল বাণে পুরিল সন্ধান। ধনুপ্ত ণ ভীপ্মের করিল খান খান। ছুই বাণে কাটিয়া পাড়েন রথধ্বজ। তুই বাণে ভেদিলেন অঙ্গের কবচ। হাতের ধনুক কাটি ইন্দ্রের নন্দন। সহত্রেক মহারথি করেন নিধন। দেখি মহাকোপে ভীষ্ম অন্য ধনু লয় : গগন ছাইয়া বীর বাণ বরিষয় 🛭 নাহি দেখি দিবাকরে রজনী প্রকাশ। শূত্যপথ রুদ্ধ হৈল না চলে বাতাদ। দেখি ইন্দ্র-অন্ত নিয়া ইন্দ্রের নন্দন। নিবারণ করিলেন সর্ব্ব অস্ত্রগণ॥ কোপে ভীম্ম দিব্য অক্তে সন্ধান পূরিল। দশবাণ অর্জ্জুনের হৃদয়ে হানিল। বাণাঘাতে ব্যথা পায় বাসব-তন্য় ! ষাটি বাণে বিস্কে বীর ক্লফের হৃদয়॥ আট বাণে চারি অখে বিন্ধিল সত্তর। রথী দশ সহস্র লইল যমঘর 🛭 জয়শন্থ বাজাইল হৈল সন্ধ্যাকাল। রথ ত্যজি শিবিরে চলিলা মহীপাল ॥ কৌরব-পাগুবগণ গেল নিকেতন। নবম দিনের যুদ্ধ হৈল সমাপন ॥

দশন দিনের যুদ্ধে ভীন্মের শরশাদ।
প্রভাতে উভয় দল করিয়া সাজন।
সিংহনাদ ছাড়ি কেহ করয়ে গর্জ্জন ॥
যুধিষ্ঠির ছুই পার্শে মাদ্রীর তনয়।
পুর্ফে অভিমন্যু সঙ্গে শিখণ্ডী নির্ভয় ॥
তার পাছে সাত্যকি সহিত চেকিতান।
বামভাগে ধুইচুলুম্ন বিক্রমে প্রধান ॥
দক্ষিণেতে ভামদেন সমরে হুর্জ্জয়।
ধুইকৈছু বিরাট ক্রপদ মহাশয় ॥
মহা আনন্দেতে সাজে পাগুবের পতি।
সর্ব্ব অত্যে ধনঞ্জয় গোবিন্দ গারথি ॥
কুরুদেন্য সাজে সব সমরে হুর্জ্জয়।
স্বর্ব অত্যে ভামবীর অত্যক্ত নির্ভয় ॥

ার পাছে পুত্র সহ দ্রোণ মহাবীর। মভাগে ভগদত প্রকাণ্ড শরীর॥ ক্ষিণেতে কৃতবর্মা কুপ বীরবর। ার পাছে স্থদক্ষিণ কম্বোজ ঈশ্বর॥ ায়দেন মদ্রপতি আর রুহদ্বল। াত ভাই ছুৰ্য্যোধন ভূপতিমণ্ডল ॥ ারস্পার তুই দলে হৈল মহারণ। ংরাহ্মর যুদ্ধ যেন ঘোর দরশন॥ ধরে ভীষ্ম বলিলেন চাহিয়া সার্থ। মৰ্জ্জুন সম্মুখে রথ লহ মহামতি॥ শুনিয়া সার্থি বলে শুন কুরুবর। মাজি অমঙ্গল বহু দেখি নিরস্তর ॥ মহানাদে ডাকে কাক ভয়ক্ষর বাণী। মহাবায়ু বহে, বিনা মেঘে বর্ষে পানী॥ ধ্রধিনী উড়িছে সব ধ্বজের উপর। ঘোরনাদে শিবাগণ ডাকে নিরন্তর॥ অমঙ্গল দেখি আজি ভয় হয় মনে। ইহার রুত্তান্ত মোরে কহিবা আপনে॥ হাসিয়া বলেন ভীম্ম গঙ্গার নন্দন। অজ্ঞান অবোধ তেঁই জিজ্ঞাদ কারণ॥ অর্জ্জনের সার্থি আপনি নারায়ণ। অমঙ্গল কি করিবে তাঁহা দরশন॥ অশেষ পাপের পাপী যাঁর নামে তরে। বিমানেতে চড়ি যায় বৈকুণ্ঠনগরে॥ নবঘনশ্যাম রূপ দাক্ষাতে দেখিব। এই সব অমঙ্গলে কেন ডরাইৰ। এতেক বলিয়া বীর রথ চালাইল। সিংহনাদে শন্থনাদে মেদিনী কাঁপিল।। মহাক্রোধে ধনুঃশর লইলেক হাতে। বিনয় করিয়া বার কহে জগন্ধাথে॥ সাবধানে আপনি ধরহ অশ্ব ডুরি। অর্জুনেরে রক্ষা আজি করহ মুরারী ॥ এতেক বলিয়া বীর সন্ধান পূরিল। সহত্রেক শর একেবারে প্রহারিল ॥ শ্রীহরি উপরে বীর মারে দশ বাণ। ছাড়িল বিংশতি শর লক্ষ্যে হসুমান॥

আর চারি গোটা বাণ ধনুকে যুড়িল। চারি অখ বিদ্ধে তাহে জর্জ্জর করিল। আর একাদশ বাণ দৈত্যোপরে মারে। হয় গজ রথ দব অনেক সংহারে॥ পার্থ এড়িলেন অস্ত্র সন্ধান পুরিয়া। ভীম্মের যতেক শর ফেলিল কাটিয়! ॥ অৰ্জ্জুন ভীম্মের যুদ্ধ কে করে বর্ণন। রোধিলেন শৃত্যপথ এড়ি অন্ত্রগণ॥ জল স্থল ভারতের পূরিল আকাশ। অস্ত্রেতে আচ্ছন্ন রবি না হয় প্রকাশ ॥ ভীমদেন মারিলেন অনেক যোদ্ধাগণ। বদনে রুধির ছাড়ি ত্যব্জিল জীবন॥ দেখিয়া ধাইল রণে ছঃশাদন বীর। বিংশতি বাণেতে বিদ্ধে ভীমের শরীর ॥ দেখি মহা ক্রোধভরে পবননন্দন। ধনু এড়ি গদা ল'য়ে ধাইল তথন॥ মহাবেগে মারে গদা রথের উপর। রথ অশ্ব সার্থি লইল যমঘর॥ মর্শ্মব্যথা পাইলেক তুঃশাসন বার। অজ্ঞান হইল, অঙ্গে বহিল রুধির॥ আর বহু বীরগণে সংহারিয়া রণে। নিজ রথে চড়ে বীর আনন্দিত মনে॥ দেখি দ্রোণাচার্য্য বাণ পুরিল সন্ধান। ভীম অঙ্গে প্রহারিল এক শত বাণ॥ ব্যাথিত হইল রণে ভীম বীরবর। অশ্ব সহ সার্থারে নিল যমঘর॥ তাহা দেখি আগু হৈল অৰ্জ্জ্ন-নন্দন। দ্রোণের উপরে করে বাণ বরিষণ॥ পার্থ দত্ত পঞ্চ বাণ এড়ে মহাবীর। দ্রোণের কবচ কাটি ভেদিল শরার॥ তুই বাণে চারি অশ্ব দিল যমঘর। সারথির মাথা কাটি পাড়ে ভূমিপর॥ করিল বিরথ দ্রোণে অর্জ্জ্ন-নন্দন। চমৎকৃত হ'য়ে চাহে যত কুরুগণ॥ তবে দ্রোণ অন্ম রথে চড়ি দেইক্ষণ। অভিমৃত্যু সহ গুরু আরম্ভিলা রণ ॥

মহাভয়কর যুদ্ধ হৈল তুইজনে। কার' পরাজয় নাহি হয় সেই রণে ॥ পাঞ্চাল বি**রাট ধুউচ্চ্যন্ন মহাবল**। ঘটোৎকচ মহাবীর সমরে প্রবল ॥ কৌরবের দেনাগণে করিল সংহার। চটল কৌরব দলে মহা হাহাকার॥ দেখি ছুর্য্যোধন রাজা হইল বিমন। রাজগণে আখাসিল করিবারে রণ। ভুরিশ্রবা **কৃতবর্ণ্মা শল্য জয়দ্রথ।** হুমুখি হুঃসহ আর রাজা ভগদত্ত॥ সাহস করিয়া সবে সমরে প্রবেশ। শত শত দেনা মারি দিল যমপাশে ॥ ঘটোংকচ মহাবীর সমরে প্রচণ্ড। যত রাজগণ বিন্ধি করে খণ্ড খণ্ড ॥ কাহার' দারথি কাটে কার' কাটে রথ। ভঙ্গ দিল রাজগণ নাহি চাহে পথ ॥ মহাপরাক্রম করে পাণ্ডবের দল। দেখি হুর্য্যোধন রাজা হৈল বিকল ম রাথিতে না পারে দৈন্য করিয়া শক্তি। ব্যগ্র হ'য়ে রণে ভঙ্গ দিল কুরুপতি॥ সিংহ**শ**াদ ছাড়ু**য়ে পাণ্ডব-দৈন্যগণ**। কৌরবের সৈভাগণে করয়ে নিধন॥ পলায় দকল দৈন্য রণে নহে স্থির। তাহা দেখি ভীপ্নে নিবেদিল কুরুবীর ॥ দেখি ভীষ্ম রাজারে আশ্বাদে বহুতর। স্থির হও ছুর্য্যোধন না হও কাতর॥ যুক্তে নিয়ম নাহি জয় পরাজয়। ^{দম্মুথ} সংগ্রাম ইথে না করিহ ভয়॥ এতেক বলিয়া ভীশ্ম মহা ক্রোধমন। ^{অর্জ্}ন উপরে করে বাণ বরিষণ॥ বিন্ধিল **সহস্র বাণ বীর ধনঞ্জ**য়ে। দশবাণে বিস্কে বীর ক্লুষ্ণের হৃদয়ে॥ ^{নহন্ত্রে}ক বাণ মারে ধ্বজের উপরে। ^{চারি} বাণ প্রহারিল চারি অশ্ববরে॥ আর লক্ষ বাণ বীর দৈত্যেরে প্রহারে। পাণ্ডবের **দৈক্ত সব সমরে সংহারে**॥

কালান্তক যম প্রায় ভাষা মহাবীর। পাগুবের যোদ্ধাগণে করিল অন্থির॥ কাহার' দার্থি কাটে কার' কাটে হয়। মাথা কটি কাহার' লইল যমালয়॥ কখন সন্ধান করি, এড়ে তীক্ষবাণ। কুস্তকার চক্র হেন ফিরে ঘূর্ণমান॥ অদ্ভুত দেখিয়া সব যোদ্ধা ভঙ্গ দিল পাণ্ডব-**দৈন্তেতে মহা বিপত্তি প**ড়িল॥ তাহা দেখি রুষিলেন ইন্দ্রের নন্দন। আকাশ ছাইয়া শর করে বরিষণ॥ নাহি দিকু বিদিকু না হয় স্বপ্রকাশ। দশদিক ৰুদ্ধ হয় না চলে বাতাস ॥ কোটি কোটি সেনা বীর হানিলেন রুণে। भातिरत्न वीत लक्ष लक्ष रुखीशर्ग ॥ ইন্দ্রদত্ত পঞ্চশর করিয়া ক্ষেপণ। ভীম্ম-বক্ষোদেশে করিলেন নিপাতন ॥ ব্যথিত হইল গঙ্গাপুত্র বীরবর। অশ্ব সহ সার্থিরে দিল যমঘর॥ কালন্তক সম বীর পার্থ ধনুর্দ্ধর। কৌরবের সৈন্যগণে নাশিল সত্তর ॥ শ্রাবণ ভাদ্রেতে যেন পাকাতাল পড়ে। সেইমত কুরুসৈন্য পড়ে ঝোড়ে ঝাড়ে॥ অৰ্জ্জ্ন-বিক্ৰম নাহি সহে কুৰুগণ। বড় বড় যোদ্ধা পলাইল ত্যব্জি রণ॥ অশ্বত্থমা দ্রোণ কুপ যুঝে প্রাণপণে। পাণ্ডবগণেরে নাবে নিবারিতে রণে ॥ যুগান্তর সময়ে যেন রবির উদয়। তেমনি ছাড়েন পার্থ বাণ তেজোময়॥ যত অস্ত্র দিল ইন্দ্র আদি দেবগণ। সেই সব অন্ত পার্থ করেন ক্ষেপণ ॥ ভীম্মের শরার বিন্ধি করেন জর্জ্জর। কোটি কোটি সেনারে পাঠায় যমঘর॥ ব্যান্ত্র দেখি যেমন পলায় মুগগণ। ভঙ্গ দিল কুরুগণ পরিহরি রণ ॥ व्यक्त्तित्र भत्रकारम छत्र मव रेमना । জ্বলম্ভ অনলে যেন দাহল অরণ্য ॥

গরুতে দেখিয়া যথা ধায় নাগগণ। অর্ল্জনের ভয়ে দৈন্য পলায় তেমন ॥ ষ্মশ্বথামা প্রতি বলে দ্রোণ মহাশয়। যুদ্ধেতে আমার আজি চিত্ত হির নয়।। পক্ষী সব ঘন ডাকে অতি অলক্ষণ। ধনুক হইতে উথাড়িয়া পড়ে গুণ ॥ সন্ধান পূরিতে হস্ত হৈতে পড়ে শর। প্রভাবন্ত নাহি দেখি দেব দিবাকর ॥ তুর্য্যোধন বাহিনীতে গুগ্র কঙ্ক বুলে। শিবাগণ ঘোর নাদ করে কুতৃহলে। গগনমণ্ডল হৈতে উল্কা পড়ে খদি। স্থানে স্থানে ভশ্ম রৃষ্টি হয় রাশি রাশি॥ সকল পৃথিবী কাঁপে দেখি ভয়ক্কর। রাহুগ্রহ অকারণে গ্রাদে দিবাকর ॥ ভীম্মবধে অর্জ্জুনের যে প্রতিজ্ঞা ছিল। তাহার সময় বুঝি বিধি নিয়োজিল। দে কারণে এতেক উৎপাত ঘনে ঘন। এ দব দেখিয়া মম স্থির নহে মন॥ বুঝিলাম আজি যুদ্ধ হৈল বিপরীত। যথাশক্তি-ভীল্মের সমরে কর হিত॥ হেনকালে কুপ শল্য ভগদত্ত বীশা। কুতবর্মা জয়দ্রথ নির্ভয় শরীর ॥ বিন্দ অনুবিন্দ চিত্রদেন অনুগত। তুম্মু থ তুঃদহ খার মহারথী যত। সমরে ধাইয়া সবে পাগুবে বেড়িল। শিবাগণ যেইমত কেশরী ঘেরিল ॥ বাছিয়া বাছিয়া সবে নানা অন্ত মারে। হয় হস্তী আসোয়ার সঘনে সংহারে॥ দেখিয়া রুষিল তবে বীর রুকোদর। গগন ছাইয়া শীদ্র বরিষয়ে শর ॥ সবাকার অস্ত্র নিবারিয়া রুকোদর। প্রত্যেকে স্বারে বিন্ধে চোথ চোথ শর॥ বাছিয়া বাছিয়া বীর এড়ে অন্ত: সব। কুপের ধ্যুক কাটি করে পরাভব ॥ আর সব মহাবীর অজ্ঞান হইল। একেশ্বর ভীমসেন সবে নিবারিল 🎚

ক্ষণেকে চেতন পেয়ে দশ বীরবর। চারিদিকে বেড়ি মারে ভীম একেশ্বর॥ তাহা দেখি ভীমদেনে ক্রোধ উপজ্জিল। ধনু এড়ি গদা ল'য়ে সমরে ধাইল ॥ গদার বাড়িতে সব রথ করে চুর। ভঙ্গ দিয়া দশ বীর পলাইল দূর॥ মহাক্রোধে রুকোদর সৈন্যেরে সংহারে। যারে পায় তারে মারে কিছু না বিচারে॥ পাণ্ডব-বিক্রমে কেহ রণে নহে স্থির। রণ ত্যব্ধি পলাইল বড় বড় বীর ॥ ভীম্মের সহিত পার্থ প্রবর্ত্তিয়া রণ। व्यक्रम विक्रास्य देशना करत्रन निधन ॥ মত অন্ত্র এড়ে ভীম্ম কাটি ধনঞ্জয়। নিজ অক্সে বিদ্ধিলেন তাঁহার হৃদয়॥ অক্সের ঘাতন আর দৈগ্যভঙ্গ দেখি। মহাক্রোধে অর্জ্জনে বলিল ভীম্ম ডাকি ॥ মহাপরাক্রমে আজি করিলা সমরে। মন সহ যুদ্ধ করি মারিলে দৈন্ডেরে॥ এখন আমার বীর্য্য দেখহ অর্জ্জুন। আপনা রাখিতে পার তবে জানি গুণ। এত বলি এড়ে বীর সহত্রেক শর। অর্দ্ধপথে ধনপ্রয় কাটেন সত্বর॥ দোঁহার উপরে দোঁহে নানা অন্ত্র মারে। দোঁহাকার অন্ত্র দোঁহে সমরে সংহারে॥ কারো পরাজয় নহে সমান বিক্রম। অৰ্চ্ছ্ৰন ভীম্মের ধনু কাটেন বিষম॥ চক্ষু পালটিতে ভীষ্ম আর ধন্ম নিল। গগন আবরি শর বর্ষণ করিল॥ মারিল সহস্র বাণ অর্চ্ছ্ন উপর। চারি বাণে চারি অশ্ব করিল জর্জ্জর॥ আশী বাণে বিদ্ধিলেন কৃষ্ণ-কলেবর। ষাটি শর মারে তবে ভামের উপর। আর লক্ষ শর মারে সেনার উপর॥ কোটি যোদ্ধা মারিয়া দিলেন যমবর ॥ হেনরূপে বাণরৃষ্টি করে নিরন্তর। নিখাদ লইতে মাত্র নাছি অবদর ॥

প্রাণপণে অর্জ্জন এড়েন অন্ত্রগণ। বাণ কাটি দৈত্য বধে গঙ্গার নন্দন॥ ল স্থল শূন্যমার্গ ব্যাপিল আকাশ। _{মস্তে} অন্ধকার হৈল না চলে বাতাস॥ গ্রীছোর বিক্রম যেন কালান্তক যম। াজের সমান অস্ত্র মারিল বিষম ॥ শাগুবের দৈন্য সব শরে আবরিল। দ্বি দ্ব যোদ্ধাগণ রণে ভঙ্গ দিল 🛭 কাহার' কাটয়ে রথ কার' ধকুগুণ। _{কাহার}' সারথি কাটে কার' কাটে ভূণ॥ মধ্যদেশ কাছার' যে ফেলাইল কাটি। বুকে বাজি কোন বীর কামড়ায় মাটী॥ অন্থির পাওবদৈন্য রণে নাহি রয়। ৱাখিতে নারেন দৈন্য ভীম ধনপ্রয়॥ বাণে বাণে কপিধবজ রথ আবরিল। কুদ্মাটীতে গিরিবর যেন আচ্ছাদিল॥ অখেরে চালান ক্রোধ করি নারায়ণ। বাণে পথ রোধ রুদ্ধ অশ্বের গমন॥ তাহা দেখি অৰ্জ্জনে বলেন নারায়ণ। দাবধানে যুঝ, নাহি চলে অশ্বগণ ॥ মহাক্রোধে যত বাণ মারেন অর্জ্জন। বাণ কাটি পাড়ে তাহা গঙ্গার নন্দন॥ নিরন্তর বধে দৈন্য নাহি তার লেখা। রণমধ্যে পড়ে বাণ যেমন উলকা॥ দেখি সবিশ্বায় তাহে অর্জ্জুনের মন। ইন্দ্র্দত্ত দিব্য বাণ করেন ক্ষেপণ॥ ^{গঙ্গার} নন্দন তাহা কাটেন ত্বরিতে। দেখিয়া বিস্ময় পার্থ মানিলেন চিতে॥ কৌরবের যোদ্ধাগণ হর্ষিত হইল। পাণ্ডবের দেনা সব বিষাদ করিল।। ^{অর্জু}ন অস্থির রণে **শ্রীহরি সার**থি। ^{মনে} মনে বিচার করেন যতুপতি॥ ত্রিস্থবন মধ্যে কে**হ হেন নাহি বী**র। ভাষ্মের সংগ্রামে কোন জন হয় স্থির॥ নাহিক মরণ, নিজ ইচ্ছা হৈলে মরে। ^{হেনজনে} কোন বীর জিনিবে সমরে ॥ ः

নিজ মৃত্যু উপায় কহিল মহাশয়। এই কালে শিথগুীকে আনাইতে হয়॥ এত ভাবি শিখণ্ডীকে ডাকেন সত্বর। হেনকালে বহে বায়ু গন্ধ মনোহর ॥ আকাশে অমরগণ আইল সকল। গগনে ছুন্দুভি বাজে মহা কোলাহল॥ শুনি ভীম্ম মহাবীর চিন্তে মনে মন। হেনকালে ডাকিয়া বলেন দেবগণ॥ अधिशंग यूनिशंग रेवरम इस्तरलारक । সপ্তবস্থ সহ সবে আইল কৌতুকে। নিরুত্ত নিরুত্ত ভীষ্ম পরিহর রণ। আকাশেতে ডাকিয়া বলেন সর্বজন। ঋষিগণ মুনিগণে গগন ভরিল। করিয়া কুন্থমরৃষ্টি ভীম্মে আবরিল। এ দব বৃত্তান্ত আর কেহ না জানিল। শান্তকু-তন্য় তাহা সকল শুনিল ॥ ভাই দব বলে আর বলে মুনিগণে।. দেবতার প্রিয়কর্ম চিন্তিলেন মনে ॥ এতেক চিন্তিয়া বীর ক্রোধ সম্বরিল। অৰ্জ্জন সম্মুখে তবে শিখণ্ডী আইল॥ অর্জ্জনের প্রতি হরি বলেন বচন। শিখণ্ডীকে অগ্রে রাখি মার অন্ত্রগণনা অৰ্জ্জন যলেন শুন দৈবকী-তনয়। ঞান কপট যুদ্ধ উচিত না হয়॥ শ্রীহরি বলেন পার্থ শুনহ উত্তর। ভীম্মে মারি পরাজয় কর কুরুবর॥ এত বলি শিখণ্ডীকে বদাইল রথে। দেখি মন্ত্র ত্যাগ কৈল কৌরবের নাথে॥ অস্ত্র ত্যাগ করে ভীম্ম হেঁটযুগু হৈয়া। কহিতে লাগিল বীর কুষ্ণেরে চাহিয়া॥ ওহে প্রভু নারায়ণ যাদর ঈশ্বর। আমারে মারিশ করি কপট সমর॥ এতেক বলিয়া বীর নানা স্তুতি করে। পুলকে সহস্র নাম গায় উচ্চৈঃশ্বরে 🛭 শিথতী ভীমেরে বলে করি অহঙ্কার। ক্ষত্রিয়-অস্তক তুমি বিদিত সংসার ॥

শুনিয়াছি পরশুরামের সহ রণ। দেবের প্রতাপ তব কছে দর্বজন॥ তোমার প্রতাপ দর্ব্ব জগতে বিদিত। সে কারণে তোমা সহ যুঝিব নিশ্চিত॥ পাণ্ডব-সাহায্য হেতু করি মহারণ। সমরে মারিব তোমা দেখুক সর্বজন॥ সত্য বলিলাম মম নাহি নড়ে বোল। আমার সমরে তব মৃত্যু দিল কোল ॥ শিখণ্ডীকে কহে ভীম্ম মনেতে কৌতুকী। যদি মৃত্যু হয় তবু তোমাকে উপেকি ॥ স্ত্রীজাতি শিখণ্ডী তোরে বিধাতা স্থজিল। দৈবের বিপাকে তোরে পাণ্ডব পাইল॥ শরীর কাটিয়া যদি পড়ে ভূমিতলে। তোরে দেখি অস্ত্র না ধরিব কোন'কালে॥ শুনি ক্রোধে শিখণ্ডী লইল ধমুর্ব্বাণ। মারিলেন ভীস্মোপরি পূরিয়া সন্ধান॥ শত শত বাণ মারে বাছিয়া বাছিয়া। অৰ্জ্জুন শিখান তাকে বহু বুঝাইয়া॥ শিখণ্ডী এড়েন বাণ হইয়া নির্ভয়। সহত্রেক বাণে বিদ্ধে ভীম্মের হৃদয়। নাহিক সম্ভ্রম তার না জানে বেদন। মূগীর প্রহারে যেন গজেন্দ্রের মন॥ হাসিয়া অৰ্জ্জুন হাতে লইলেক ধনু। পঞ্চবিংশ বাণে তাঁর বিন্ধিলেন তন্তু॥ শত লক্ষ বাণ মারিলেন একেবারে। ভীম্মের কবচ ভেদি রক্ত পড়ে ধারে 🛭 অর্জ্জনের বাণ দব অগ্নি দম ছুটে। ভীন্মের শরীরে যেন বজ্রদম ফুটে ॥ গঙ্গার নন্দন বিচারিল মনে মন। এই অন্ত্র শিথগুরি না হয় কখন॥ শিখণ্ডী পশ্চাতে থাকি পার্থ ধনুর্দ্ধর। আমারে মারিছে বাণ তীক্ষ তীক্ষ্ণ শর॥ এত চিন্তি হরির চবন ধ্যান করি। উচ্চরব করিলেন শ্রীহরি শ্রীহরি।। বাণাঘাতে শরীর কম্পিত ঘনে ঘন। শিশির কালেতে যেন কম্পায়ে গোধন ॥

ধনঞ্জয় আপনার অন্ত বরিষণে। রোমে রোমে বিশ্বিলেন গঙ্গার নন্দনে ॥ সর্ব্বাঙ্গ ভেদিল অঙ্গে স্থান নাহি আর। সর্বাঙ্গ বহিয়া পড়ে শোণিতের ধার ॥ তবে পার্থ দিব্য অস্ত্র নিলেন তখন। পিতামহ বক্ষঃস্থলে করেন ঘাতন॥ বাণাঘাতে মহাবীর হ'য়ে হীনবল। রথের উপর হৈতে পড়ে ভূমিতল।। শিয়র করিয়া পূর্বের পড়িল দে বীর। আকাশ হইতে যেন খদিল মিহির॥ ভূমি নাহি স্পর্শে অঙ্গ শরের উপর। ছেনমতে শরশয্যা নিল বীরবর॥ দেখিয়া কৌরবগণ হাহাকার ক'রে। সংগ্রাম ত্যজিয়া সবে আসে দেখিবারে॥ তুর্য্যোধন মহারাজ শোকাকুল হ'য়ে। রথ ত্যজি মহাবীর আইল ধাইয়ে॥ দ্রোণ রূপ অশ্বত্থামা আদি বীরগণ। রণ ত্যজি ধায় সবে শোকাকুল মন॥ বিলাপ করিয়া কান্দে রাজা তুর্য্যোধন। উঠ পিতামহ, পার্থ দহ কর রণ॥ স্থয়ন্বরে জিনি ভ্রাতৃগণে বিভা দিলা। পরশুরামেরে তুমি রণে পরাজিলা॥ বাহুবলে ক্ষত্রগণে কৈলে পরাজয়। তোমার নামেতে স্থরাস্থর কম্প হয়॥ বড় সাধ আমার আছিল মনে মন। পাণ্ডবে জিনিয়া পাব সব রাজ্যধন॥ তাহে বিপরীত হেন বিধাতা হইল। স্থমেরু পর্বত যেন শুগালে লজ্ফিল॥ তোমার পৌরষ যত ত্রিভুবনে ঘোষে। সমরে পড়িলে তুমি মম কর্ম্মদোষে॥ হেনমতে বিলাপ করয়ে কুরুরাজ। শোকাকুলে কান্দে যত কৌরব-সমাজ। রথ হৈতে নামি তবে ধর্ম্মের নন্দন। ভীমে দেখিবারে যান সহ জনার্দ্দন ॥ ভীম ধনপ্রয় স্থার মাদ্রীর তনয়। ধৃষ্টত্মন্ন সাত্যকি ক্রপদ মহাশয় 🛚

_{প্রশ্য্যা}য় যেথানে আছে ভীপ্মবীর। প্রণাম করিয়া কহিছেন যুধিষ্ঠির॥ ৪:इ পিতামহ তুমি বলে বীরবর। দত্যবাদী জিতেন্দ্রিয় মর্য্যাদা সাগর॥ ভৃগুরাম অভিশাপ দিলেন ভোমারে i চুর্য্যোধন হেতু তাহা ফলিল সমরে॥ শিশুকালে পিতৃহান হইকু পঞ্জনে। পিতৃ:শাক নাহি জানি তোমার কারণে॥ ধিক ক্ষত্রধর্ম মায়া মোহ নাহি ধরে। ছেন পিতামহ দেবে মারিলাম শরে॥ গুহু মহাশয় এই উপস্থিত কালে। নয়ন ভরিয়া দৃষ্টি করহ গোপালে॥ হাসিভীয়া মহবে র নয়ন মেলিল। দাধু দাধু বলি ধর্মপুত্রে প্রশংসিল। মধুর কোমল স্বর অধিক গভার। কহিতে লাগিল বার চাহি যুধিষ্ঠির॥ এই যে দক্ষিণায়ন আছে যত দিন। তত দিন শরীর না হবে প্রভাহীন॥ বল পরাক্রম যত দব পরিহরি। শরীর ছাড়িয়। মামি প্রাণ মাত্র ধরি॥ র্বির উত্তরায়ণ **হইবে যথন**া জানিও তথন আমি ত্যাজিব জীবন॥ রবির উত্তরায়ণ না হয় যাবং। শরের শয্যাতে আমি রহিব তাবৎ॥ নির্থিয়া কৃষ্ণ মুখ হরিষ অন্তর। চাহি হুর্য্যোধনে রাজা বলেন উত্তর 🛭 শ্যায় আছুয়ে মম **সকল শ**রীর। মাথা লুটা পড়িয়াছে দেখ কুরুবীর॥ কোন বার আছে হেথা ক্ষত্রিয় প্রধান। মাথ। যেন নাহি লুটে দেহ উপাধান ॥ শুনি তুর্য্যোধন রাজা ধাইল আপনে। দিব্য উপাধান আনি দিল সেইকণে॥

হাসিয়া বলেন ভীম্ম শধ্যা মম শর। হেন উপাধান কোন হেতু নরবর॥ ক্ষত্ৰ হ'য়ে আপনি না বুঝহ সময়। এত বলি মাথা তুলি চাহে ধনঞ্জয়॥ তবেত অর্জ্জুন বীর নিয়া ধসুঃশর। তিন বাণ সারি মাথা করেন দোসর॥ মস্তক ভেদিয়া বাণ মৃত্তিকা ভেদিল। হেনমতে ভীষ্ম শরশয্যাতে রহিল॥ আনন্দিত হৈয়া মনে ভাষা মহাবীর। তুর্য্যোধনে ডাকি কহে হইয়া স্থ: ऋর ॥ শুন তুর্য্যোধন রাজা আমার বচন। জল আনি দেহ মোরে তৃষ্ণা অনুক্ষণ॥ শুনি হুর্য্যোধন রাজা অতি ব্যস্ত হৈয়া। আনিল শীতল বারি ভূঙ্গারে পুরিয়া॥ স্থবর্ণ ভূঙ্গার দেখি ভীম্ম মহাবীর। অর্জ্জুনেরে নিরখিল নির্ভয় শরার॥ তবেত অর্জ্জ্ন বীর গাত্রীব ধরিয়া। মারে পৃশ্বিতে বাণ আকর্ণ পূরিয়া॥ পৃথিবা ভোদয়া বাণ অধঃ প্রবেশিল। ভোগবতী গঙ্গাজল তথায় উঠিল॥ হুগ্ধধারা প্রায় পড়ে ভাষ্মের মুখেতে। দেখি জলপান করে মহা আনন্দেতে॥ জল পান করি ভীম্ম হ'য়ে তৃপ্তমন। ছুর্য্যোধন চাছি পুনঃ বলেন বচন॥ ভাই ভাই বিশ্লেধ না কর কদাচিত। যুধিষ্ঠিরে ভাগ দিয়া করহ সম্প্রীত॥ তুর্য্যোধনে বলে মম প্রাতজ্ঞা না নড়ে। বিনা যুদ্ধে সূচ্যগ্র না দিব পাওবেরে॥ শুনি ভাগা ক্যা দিল আপন অন্তরে। দৈবে যাহা করে ত।হা কে শণ্ডতে পারে॥ গঙ্গাপুত্র মহাবার নারব হংল। কোরবেরা মিলি দবে শিবিরে চলিল ॥

দচিত্ৰ সম্পূৰ্ণ কাশীদাসী



নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোভ্মম্। দেবীং সরস্বতীং ব্যাসং ততো জয়মুদীরয়েৎ॥

দ্রোণকে সেনাপতিকরণের মন্ত্রণা। মুনি বলে শুন পরীক্ষিতের তনয়। সমরে পড়িল যদি ভীম্ম মহাশয়॥ দশ দিন যুদ্ধ করি মারি সেনাগণ। আপন ইচ্ছায় তাঁর হইল পতন॥ ভীন্ম যদি পড়িল আকুল হুর্য্যোধন। হাহা ভীম্ম শব্দ করি করয়ে রোদন॥ মহাশোকে রোদন করেন দেনাগণ। কর্ণে চাহি কহিতে লাগিল ছুর্য্যোধন॥ ভীম্মের মরণ কর্ণ মনে পাই তাদ। যুদ্ধ করি প্রাণ দিবে কহিলেন ব্যাস॥ তোমারে জিজ্ঞাদি সথে করহ বিচার। কারে দেনাপতি করি কে করিবে পার॥ তোমা বিনা যোদ্ধাপতি নাহিক আমার। কেবল ভরদা আমি করিছে তোমার॥ উপরোধ করি ভীষ্ম না করিল রণ। তুমি মোরে ধরি দেহ ধর্মের নন্দন॥ যদি মোরে ধরি দেহ কুন্তীর কুমার। সত্য কহি শুন বীর সকলি তোমার॥ এতেক শুনিয়া কহে কর্ণ মহাবীর। সদর্পে কহেন কথা নির্ভয় শরীর॥

মহারাজ কোন চিন্তা না করিহ তুমি। ্ৰকেলা পাগুৰগণে বিনাশিব আমি। এত বলি ছুর্য্যোধন হর্ষিত মন। শীঘ্র অাসি কর্ণেরে দিলেন আলিঙ্গন॥ হেনকালে কহে কুপাচার্য্য মহামতি। সার কথা বলি শুন কুরু মহীপতি **॥** কর্ণ সেনাপতি নহে দ্রোণ বিগ্রমান। পৃথিবীতে বীর নাহি দ্রোণের সমান॥ একা মহারথী দ্রোণ পৃথিবী ভিতরে। অর্দ্ধরথী বলি কছে কর্ণ ধমুর্দ্ধরে॥ অতএব দ্রোণে তুমি কর দেনাপতি। শুনি হন্ট হ'য়ে কহে গান্ধারী সন্ততি॥ আজি দেনাপতি করি দ্রোণ মহারথী। এত বলি তুর্য্যোধন চলে শীঘগতি॥ কুপাচার্য্য অশ্বত্থামা কর্ণ ধন্মূর্দ্ধর । শকুনি হুশাুখ সঙ্গে চলিল সত্তর॥ হরষিতে তুর্য্যোধন সবারে লইয়া। দ্রোণের নিকটে তবে উত্তরিল গিয়া॥ প্রণমিয়া কহিলেন রাজা ছর্য্যোধন। অবধান কর গুরু মম নিবেদন 🏽 মহারথী দেখি ভীম্মে কৈন্তু সেনাপতি। উপরোধে না যুঝিল ভীষ্ম **মহার**ধী ॥

ভর্মা কেবল আমি তব স্কুজাগ্রিত। _{শর্ণ} পালন কর হ'রে রূপান্বিত॥ দেনাপতি বিনা যুদ্ধ নাহি হয় জ্ঞানি। কুপা করি **সেনাপতি হইবা আপনি ॥** যুর্ধিষ্ঠিরে ধরি দেহ এই নিবেদন। ্তামা ভিন্ন তারে ধরে নাহি হেন জন॥ তুর্ব্যোধনে কাতর দেখিয়া গুরু দ্রোণ। আশ্বাদিয়া কহিলেন শুন হুর্য্যোধন॥ দেনাপতি হৈব আমি করিব সমর। কিন্তু এক কথা কহি তোমার গোচর॥ আগি দেনাপতি যদি হইব সমরে। ত্বে বাণ ধরিবে না কর্ণ ধ্যুর্দ্ধরে॥ আমার নিয়ম এই শুন নরবর। কছিলাম সত্য এই তোমার গোচর॥ ব্রুধিষ্ঠিরে তবে আমি ধরিব নিশ্চয়। ্কিন্তু যদি **নাহি থাকে বীর ধনঞ্জয় ॥** ্রত শুনি বলে তবে রাজা হুর্য্যোধন। ্রোমার নিকটে কর্ণ না করিবে রণ॥ দ্রোণ বলে শুন রাজা আমার বচন। চক্রব্যহ করিয়া করিব মহারণ॥ ্ডুর্য্যোধন শুনিয়া হইল হাফীমতি। অভিষেক করি দ্রোণে করে দেনাপতি॥ [া]জয় জয় শব্দ হয় কটকে ঘোষণা। মহাশব্দে নানাবিধ বাজায় বাজনা॥ *ত শত জয়ঢাক বাজে জয়ঢোল। মহাশব্দ হৈল যেন সমুদ্র-কল্লোল॥ *ত শত দামা বাজে, বাজে জগঝস্পা। কোটা কোটা সানি বাজে কোটা কোটাডম্ফ মৃনঙ্গের রোলে কম্প হয় বস্তমতী। ^{খমক টমক বাগু বাজে নানাজাতি॥} মহানাদে গর্জ্জন করয়ে দেনাগণ। শানন্দিত হইল দেখিয়া সুর্য্যোধন॥ দ্রোণপর্ব্ব স্থধারস অপূর্ব্ব আখ্যান। ^{কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।}

ঞীক্তফের সহিত পাণ্ডবনিগের মন্ত্রণা।

হেথায় ধর্মের পুত্র সহ ভাতৃগণ। কুষ্ণ সনে বসি সবে আনন্দিত মন॥ দ্রুপদ বিরাট আর সাত্যকি সংহতি। ধৃষ্টত্যন্ন চেকিতান যুযুৎস্থ নৃপতি॥ অভিমন্যু ঘটোৎকচ পঞ্চপুত্র আর। সভায় বদিয়া সবে করয়ে বিচার ॥ হেনকালে দূত গিয়া কহিল সত্বর। দ্রোণ সেনাপতি হৈল শুন নরবর॥ তোমারে ধরিয়া দিতে কৌরব বলিল। ধরিব বলিয়া দ্রোণ প্রতিজ্ঞা করিল ॥ ইহার বিধান আজ্ঞা কর নূপবর। নিবেদন করি এই তোমার গোচর॥ এত শুনি যুধিষ্ঠির আতঙ্ক পাইয়া। করিলেন জিজ্ঞাসা নারায়ণে চাহিয়া ন প্রতিজ্ঞা করিল দ্রোণ ধরিতে আমারে। কিমতে পাইব রক্ষা কহ কৃষ্ণ মোরে॥ ভুবনে হুর্জ্জয় দ্রোণ বীর মহারথী। প্রতিজ্ঞা খণ্ডায় তাঁর কেবা হেন কুতী॥ হৃদয় কম্পিত মম খণ্ডে নাহি ভয়। কি করি উপায়, কহ কৃষ্ণ মহাশয়॥ অশেষ সঙ্কটে পার করিয়াছ তুমি ৷ কার মনে ছিল যে আদিব দেশে আমি॥ সভায় দ্রোপদী-লঙ্গা কর নিবারণ। তোমা বিনা পাগুবের গতি কোন্ জন॥ হাসিয়া বলেৰ কৃষ্ণ শুনহ বচন। কি শক্তি তোমারে ধরি লইবেক দ্রোণ॥ শত দ্রোণ হ'য়ে যদি আইনে সমরে। তবু কি তাহার শক্তি ধরিবে ভোমারে॥ ব্ৰহ্মা যদি আপনি আগিয়া করে রণ। তবু তৰ পরাজয় না হবে কখন॥ ভীম বলে মহারাজ কি ভয় তোমার। তোমাকে ধরিবে হেন শক্তি আছে কার॥ সহদেব নকুল যতেক যোদ্ধাগণ। তোমারে রাখিবে সবে করিয়া যতন।

कृष्ध विलालन अन धार्त्मत्र नन्तन । ভীমে দেনাপতি করি তুমি কর রণ॥ মহাযোদ্ধা ভীমদেন হবে দেনাপতি। সমরে অজয় শক্তি অকাতর মতি॥ এত শুনি যুধিষ্ঠির আনন্দিত মনে। অভিষেক ভীমেরে করেন সেইক্ষণে॥ ভীমে সেনাপতি করি ধর্ম্মের নন্দন। হর্ষিত হইলেন সব যোদ্ধাগণ॥ বাগ্য-কোলাহলে কর্ণে কিছুই না শুনি। জয় জয় শব্দ করে যতেক বাহিনী॥ বাজিল হুন্দুভি শম্খ অতি স্থললিত। বীণা বাঁশী বাজে আর হুমধুর গীত॥ ভীম বলে মহারাজ শুনহ বচন। কালি ধৃতরাষ্ট্রপুত্তে করিব নিধন॥ এত শুনি হর্ষিত ধর্মের নন্দন। মহানাদে গর্জ্জন করিল দেনাগণ 🛚 সৈন্য-কোলাহলে যেন সিশ্ধু উথলিল। অশ্ব গজ গৰ্জ্জনে শ্ৰেবণ রুদ্ধ হৈল॥ পাঞ্চন্য শন্তা কৃষ্ণ বাজান আপনে। পৃথিবীর যত বাদ্য করে আচ্ছাদনে॥ হৃষ্টচিত্তে সর্ববজন বঞ্চিল রজনী। প্রভাতে উঠিয়া দৈন্যে বলেন ফাল্পনি ॥ রাজারে রখিবে সবে করিয়। যতন। কোনমতে ধরিতে না পারে যেন দ্রোণ॥

ভীম ও হুর্য্যোগনের কথোপকথন।
হথায় প্রভাতকালে রাজা হুর্য্যোধন।
দ্রোণে অত্রে করি রণে আইল তথন॥
রথ ছাড়ি গেল বার ভীল্মের সদন।
ভীল্মেরে প্রণাম করে রাজা হুর্য্যোধন॥
শরশধ্যা শয়নে আছেন মহাবীরে।
হুর্য্যোধন কহিতে লাগিল ধীরে ধীরে॥
আজ্ঞা কর পিতামহ প্রসম্মবদনে।
সমর ক্রিতে ঘাই পাণ্ডুপুত্র সনে॥
সেনাপতি সমরেতে করিলাম গুরুত্তী
কি ভয় আ্রাথ্য যার হেন কল্পতর ॥

শুনি ভুর্য্যোধন বাক্য কুরুবংশপতি। তুর্য্যোধনে বুঝাইল মধুর ভারতী ॥ আমি যাহা কহি তাহা শুন তুৰ্য্যোধন। কদাচিত না লভিমবে আমার বচন॥ সকল মঙ্গল হবে পৌরুষ অপার। পৃথিবীর মধ্যে যশ রহিবে তোমার॥ তোমা সবাকার ভদ্র চিস্তি অমুক্ষণ। এই হেতু তোমারে যে বলি ছুর্য্যোধন॥ আমার বচন তুমি না করিও আন। কি কারণে ক্ষয় কর কৌরব-সন্তান॥ দৈশ্য অপচয় মাত্র হবে ধন শেষ প্রজার পরম পীড়া নফ্ট হবে দেশ। যুধিষ্ঠির রাজা দেখ ধর্ম্ম অবতার। তার দহ প্রীতিতে করহ ব্যবহার॥ রাজ্য ধন কিছু তারে দেহ গিয়া তুমি। যুধিষ্ঠিরে সম্মত করিয়া দিব আমি ॥ আমার বচন কভু না কর অন্যথা । বংশ রক্ষা হেতু তোসা কহি হেন কথা। নিরর্থক জ্ঞাতিগণে করিবে সংহার। আপনি না বুঝ কেন করিয়া বিচার॥ বুদ্ধির সাগর তুমি বলে মহাবল। সদাগরা পৃথিবী তোমার করতল। কহ আমি যুধিষ্ঠিরে আনি এই ক্ষণ। মম বাক্য না লজ্বিবে ধর্মের নন্দন॥ ভীম ধনপ্রয় দেখ মহাধনুর্দ্ধর। তার সহ কোন্ জন করিবে সমর॥ পাণ্ডবের দলে কৃষ্ণ আছেন আপনে। তাঁর সহ বিরোধে জিনিবে কোন্ জনে। অতএব তাঁর সহ কে করিবে রণ। বংশরক্ষা ছেতু কহি শুন হুর্য্যোধন ॥ প্রত্যয় না হয় যদি আমার বচনে। আপনি জিজ্ঞাদা কর দ্রোণাচার্য্য স্থানে ॥ দ্রোণাচার্য্য বলে তুমি যে আজ্ঞা করিলে। এমন করিলে, থাকে সকলে কুশলে॥ বেদ হুল্য জানি আমি তোমার বচন। যতেক কহিলা ভূমি স্বার কারণ ॥

তুর্যোধনে অনুক্ষণ বুঝাই বিস্তর। নাহি শুনে তুর্য্যোধন করি অনাদর॥ ্যুক্তাকালে রোগী যেন ঔষধ না খায়। সুইমত তুর্য্যোধন অজ্ঞানের প্রায়॥ ক হইবে তক্ষরে কহিলে ধর্মবাণী। কড় নাহি হয় সতী, অসতী রমণী॥ এত শুনি হুর্য্যোধন বলিল বচন। অনুক্ণ নিন্দা মোরে কর সর্বজন॥ ্রকান দোব আমার দেখিলে তোমা সবে। সবে মাত্র দেখিয়াছ নির্দোষ পাওবে॥ অবিরত কটু কথা প্রাণে নাহি সহে। গুরুজন গঞ্জনা অনলে তকু দহে॥ বলে পারি ছলে পারি প্রকার বিশেষে। নাশিব আপন শত্রু ভয় মোর কিসে॥ মৃত্যু হৈতে কফ ভাবি পাগুবের বশ। মরি যদি সমরে, রহিবে তবু যশ। কোভ না করিয়া ক্ষিতি করিলাম ভোগ। এখন যে হয় কর্মা দৈবের সংযোগ।। পণ করিয়াছি আমি, আপনি বিচারি। কদাচিত অন্যথা করিতে নাহি পারি॥ এত বলি ছুর্য্যোধন হ'য়ে ছুঃখমতি। কৰ্ণ ছঃশাসনে ল'য়ে চলে শীভ্ৰগতি॥ দেখিয়া গঙ্গার পুত্র হইল তুঃখিত : দ্রোণেরে চাহিয়া তবে বলিল বিহিত॥ কালপ্রাপ্ত হইলেক বুঝিয়া হুর্য্যোধন। অতএব নাহি শুনে কাহার' বচন॥ নি**শ্চর জানিতু হৈল কুরুকুল অস্ত**। দিন ছুই তিন মধ্যে ম**জ্জিবে স**মস্ত ॥ এত বলি ভীপাবীর নিঃশকে রহিল। দৈশ্য ল'য়ে ছুর্য্যোধন রণস্থলে গেল॥

मञ्जूल यूक्त ।

চক্রব্যুহ করিলেন দ্রোণ মহাশয়। ভেদিতে বিষম ব্যুহ দেবে সাধ্য নয়॥ রথে আরোহণ করি আইলেন বীর। স্থানবিজয়ী দ্রোণ নির্ভয় শরীর॥

যুধিষ্ঠির দেখেন আইল হুর্য্যোধন। হইলেন বাহির সহিত নারায়ণ # করিয়া মকর ব্যুহ বীর ধনঞ্জয়। রণে আইলেন সহ কৃষ্ণ মহাশ্য ॥ তুই দৈন্য কোলাহলে হৈল গণ্ডগোল। প্রলয়ের কালে যেন সমূদ্র কল্লোল। বাসশব্দে আর কিছু নাহি শুনি কাণে। পৃথিবী কম্পিত অশ্ব গজের গর্জ্জনে ॥ মুহুমু হুঃ যোদ্ধাগণ ছাড়ে হুহুস্কার। বজের সমান শুনি ধনুক টঙ্কার॥ পদাতি পদাতি অগ্রে হইল সংগ্রাম। গজে গজে যুদ্ধ করে না করে বিশ্রাম ॥ রথী রথী যুদ্ধ হয় বীর জনে জনে। সংগ্রাম হইল যোর না যায় কথনে॥ দ্রোণ ধনঞ্জয় যুদ্ধ হয় অভিরাম। সাত্যকি সহিত কর্ণ করয়ে সংগ্রাম॥ ভীম তুর্য্যোধনে যুদ্ধ অপূর্ব্ব হইল। দেখি যোদ্ধাগণ সবে আশ্চর্য্য মানিল ॥ নকুল দহিত যুদ্ধ করে ছঃশাদন। সহদেব শকুনিতে হৈল মহা রণ । কুপাচার্য্য সহ যুবে পঞ্চাল রাজন। ধ্বষ্টত্যুদ্ধ সহ অশ্বথামা করে রণ॥ মদ্রপতি দহ যুঝে চেকিতান বীর। বিরাটের দহ যুঝে ভূপাল কাশীর॥ এইরূপে জনে জনে বাধিল সমর। মানিল প্রমাদ দেখি স্বর্গের অমর॥ মহা বাতাঘাতে দেখি রুক্ষ যেন পড়ে। পড়িল অনেক সৈন্য রণন্থল যুড়ে 🛭 রুধিরে সাঁতার নদী বংখ পঞ্চধারে। হইল প্রবল যূদ্ধ শেষেতে দাপরে। জন্মেজয় বলে মূনি কহ আর্থার। সংক্ষেপে কহিলে, কহ করিয়া বিস্তার ॥ মহাভারতের কথা অমৃত সমান। কাশীদাদ কছে শুনে পুণ্যবান॥

দোণের সহিত অর্জুনের যুদ।

মুনি বলে শুন পরীক্ষিতের নন্দন। যেইমতে যুদ্ধ করে সব রাজগণ॥ দ্রোণ ধনপ্রয়ে যুদ্ধ কি দিব তুলনা। রাম রাবণের যুদ্ধ নাহি হয় সীমা 1 দ্রোণ গুরু দেখি তবে বীর ধনপ্রয়। করপুটে প্রণমেন করিয়া বিনয়॥ অৰ্জুন বলেন গুরু কহ বিবরণ। যুধিষ্ঠিরে ধরিতে বলেন ছুর্য্যোধন॥ এমত প্রতিজ্ঞা কেন করিলা আপনে। আমি জীতে ধরিতে না পারিবে রাজনে॥ এত শুনি দ্রোণাচার্য্য সহাস্থ্য বদ্দ। অর্জ্বনের প্রতি তবে বলিল বচন॥ যুধিষ্ঠিরে আজি আমি ধরিব সমরে। দেখি তুমি রক্ষা কর কেমন প্রকারে॥ তুর্য্যোধন রাজা হেতু করি মহারণ। প্রতিজ্ঞা পালন আমি করিব দাধন 🛚 এত শুনি অর্জ্জুন বলেন আরবার। যুধিষ্ঠিরে ধরিবেক এত সাধ্য কার॥ এত শুনি হন গুরু ক্রোধে হুতাশন : অর্জ্জ্ব উপরে করে বাণ বরিষণ॥ শিষ্যন্নেহ উপরোধ আজি নাহি মনে। সম্বর, সংশয় আজি ঘুচাইব রণে॥ এত বলি এড়ে বাণ অগ্নি অবতার। হাসিয়া সন্ধরে তাহা ইন্দ্রের কুমার॥ দশ বাণ এড়ে গুরু পূরিয়া সন্ধান। অর্দ্ধপথে অর্জ্জুন করেন খান খান॥ বাণ ব্যর্থ দেখি গুরু ক্রুদ্ধ অতিশয়। গগন ছাইল তবে করি অস্ত্রময়॥ তবে ধনঞ্জয় বীর পূরিয়া সন্ধান। নিমিষেতে নিবারেন আচার্য্যের বাণ ॥ অৰ্জ্জুন এড়েন বাণ যেন যমদণ্ড। ধন্ম কাটি দ্রোণের করেন খণ্ড খণ্ড॥ আর ধনু ল'য়ে দ্রোণ পুরিয়া সন্ধান। অৰ্জ্জন উপরে মারে হুতাশন বাণ॥

হইল সংগ্রাম-স্থলে দব অগ্নিময়। পলায় সকল দৈন্য রণে নাহি রয়॥ এডিয়া বরুণ বাণ ইন্দ্রের নন্দন। নিমিষেকে নিবারেণ ঘোর হুতাশন ॥ জলেতে হইল পূর্ণ সংগ্রামের স্থল। শোষকান্তে নিবারিল দ্রোণ মহাবল॥ বায়ু অন্ত্রে দেনাগণে করিল অন্থির। আকাশাস্ত্রে নিবারেন পার্থ মহাবীর ॥ তবে অতি ক্রোধাবিষ্ট বীর ধনঞ্জয়। চারি বাণে কাটিলেন তাঁর চারি হয়॥ চারি বাণে ধাজ কাটি করিলেন খণ্ড। তুই বাণে কাটিলেন সার্থির মুগু॥ আর দশ বাণ তাঁর তারা হেন ছুটে। আচার্য্যের বুকে অর্জ্জুনের বাণ ফুটে॥ বাণাঘাতে দ্রোণাচার্য্য হইল বিকল। হাহাকার শব্দ করে যত কুরুবল॥ আর রথ আনি তবে দ্রোণেরে লইল। রথ ল'য়ে সার্থি সত্তর পলাইল। দ্রোণ ভঙ্গ দেখি তবে পার্থ মহাবীর। বাণরৃষ্টি করি দৈন্য করেন অস্থির॥ ভীম হুর্য্যোধন দোঁহে হইল সমর। দব যোদ্ধাগণ দেখে হইয়া অন্তর॥ গদাযুদ্ধ করে দোঁহে, দোঁহে গদাধর! ত্ত্সার শব্দ ছাড়ে মহাভয়ক্ষর॥ বায়ুর সমান গদা ফিরায় মস্তকে। মহাক্রোধে তুইজন প্রহারে দোঁহাকে॥ দেশহার প্রহার কারে৷ নাহি লাগে গায়৷ কেবল হইল যুদ্ধ গদায় গদায়॥ রাশি রাশি পড়ে খদি তাহাতে অনল। চমকিয়া উঠে কুরু পাগুবের দল॥ পর্বত পড়িল যেন পর্বত উপর। তুইজনে দেখা যায় তুই মহীধর॥ জর্জ্জর হইল দেশৈহে খাইয়া প্রহার। নিস্তেজ হইল ধৃতরাষ্ট্রের কুমার॥ যুদ্ধ ত্যজি হুৰ্য্যোধন পলাইয়া যায়। রকোদর বীর তার পাছে পাছে ধায়।

_{দেখি} তবে ধাইল যতেক যোদ্ধাগণ। ভীমের উপরে করে বাণ বরিষণ॥ _{গদা} ল'মে রুকোদর বায়ুবেগে ধায়। র্থ গজ চুর্ণ করে সম্মুখে যে পায়॥ ত্তবে ছুর্য্যোধন বীর হইয়া কাতর। যুঝিবারে দিল দশ সহত্র কুঞ্জর ॥ হস্তীগণে লইয়া মাহুত সেনাপতি। ভীমের উপরে দে আইল শীঘ্রগতি॥ কঞ্জর দেখিয়া বীর হরিষ অন্তর। রথ এড়ি গদা ল'মে ধাইল সত্বর॥ ছাগলের পাল দেখি ব্যান্ত্র যেন ধায়। শত শত হস্তী বীর মারে এক ঘায় 🕨 প্রহারে প্রহারে গদা আধা হয় খণ্ড। তাহা ফেলাইয়া বীর ধরে করি শুগু॥ অন্তরীকে ঘুরাইয়া ফেলায় কুঞ্জরে। হির বায়ু মধে রহে গগন উপরে ॥ ভগ্ন গদা ফেলাইল শূন্য হৈল কর। শৃত্য করে যুদ্ধ করে বীর রকোদর॥ হস্তীর উপরে হস্তী মারে ফেলাইয়া। হস্তী হস্তী চাপনে পড়িল চুর্ণ হৈয়া॥ শূন্মহন্তে ভীমবীর যুবে রণমাঝে। হেন বীর **নাহি দেখি, অন্ত্র** ধরি যুবো ॥ মহাক্রোধে ব্রকোদর হৈল ভয়ঙ্কর। অবিলম্বে মারে দশ সহস্র কুঞ্জর া রণমধ্যে রুকোদর নিরস্ত হইল। দেখিয়া সূর্য্যের পুত্র অগ্রেতে ধাইল॥ নানা অস্ত্র প্রহারয়ে ভীমের উপর। কর্ণেরে দেখিয়া ধায় বীর রুকোদর॥ মূফীঘাতে মারিল রথের চারি হয়। এক চড়ে সার্থিরে দিল যমালয়॥ মহাক্রোধে লাথি মারে রথের উপর। ᢊ হ'য়ে রথ পড়ে সংগ্রাম ভিতর॥ ^{র্থ} চূর্ণ দেখি পলাইল কর্ণ বীর। ভীমের সম্মুখে আর কেহ নহে স্থির॥ শৃ্যহন্ত র্কোদর সংগ্রাম ভিতর। ^{রথ} তুলি মারে আর রথের উপর ॥

যেই দিকে ব্কোদর ক্রোধদৃষ্টে ধায়।
হয় হস্তী রথ রথী সকল পলায়॥
ভারত যুদ্ধের কথা কে বর্ণিতে পারে।
অভূত দেখিয়া দেবগণ কাঁপে ডরে॥
হেনকালে অস্ত গেল দেব দিবাকর।
কোরব পাণ্ডব গেল আপনার ঘর॥
মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

অর্জুনের সহিত তুর্য্যোধনাদির ক্রমশঃ যুদ্ধ। পরদিন প্রভাতেতে যত বীরগণ। সদৈশ্য চলিল সবে করিবারে রণ॥ যোদ্ধাগণ চলিল চড়িয়া-দিব্যর্থে। গজবাজী পদাতিক চলে যূথে যূথে ॥ হস্তী হস্তী মল্লে মল্লে মহাযুদ্ধ করে। অশ্বে আসোয়ার যুঝে নানা অস্ত্র ধ'রে॥ হেনকালে ধনঞ্জয় ক্লফে আগে করি। রণস্থলে আইলেন হাতে ধনু ধরি॥ গগন ছাইয়া বীর এড়িলেন বাণ। কোটি কোটি সেনাপতি ত্যজিলেক প্রাণ॥ ক্রোধেতে অৰ্জ্জ্ন যেন দীপ্ত হুতাশন। প্রাণ ল'য়ে পলাইয়া যায় সেনাগণ॥ দৈগ্যভঙ্গ দেখি তবে রাজা হুর্য্যোধন। কোপমনে রথে চড়ি করিল গমন॥ অর্জ্জুন উপরে মারে পূরিয়া সন্ধান। একেবারে প্রহারিল দশ গোট। বাণ । অর্দ্ধপথে ধন% র করে খান খান। ছয় বাণ মারিলেন পুরিয়া সন্ধান॥ ছুই বাণে কাটিলেন ধ্বন্ধ মনোহর। চারি বাণে, অশ্গণ গেল ঘমঘর॥ তুই বাণ এড়িলেন যেন খ্যদণ্ড। সার্থির মাথা কাটি কৈল খণ্ড খণ্ড॥ নিরথিয়া তুর্য্যোধন কম্পিত অস্তর। রথ এড়ি গদা ল'য়ে ধাইল সত্বর॥ গদা ফেলি মারিলেক অর্জ্জুনের রথে। দারুণ প্রহারে রথ লাগিল কাঁগিতে 🛚

কোপেতে অৰ্জ্জ্ব যেন অনল সমান। দ্রর্য্যোধনে প্রহার করিল শত বাণ॥ বাণাঘাতে তুর্য্যোধন মহাকম্পবান। বেগে পলাইয়া যায় লইয়া পরাণ॥ বাণাঘাতে ব্যথিত হইল চুৰ্য্যোধন। রথ ল'য়ে সারথি যোগায় সেইক্ষণ ॥ রুথে চডি পলাইয়া যায় তুর্য্যোধন। দেখি ক্রোধে অগ্রদর দ্রোণের নন্দন॥ ্ধনপ্রয় অখ্যামা হয় মহারণ। বিস্ময় মানিয়া চায় যত যোদ্ধাগণ ॥ সন্ধান পুরিয়া অশ্বত্থামা মারে বাণ। অর্দ্ধপথে পার্থ করিলেন খান খান ॥ ভিবে ধনঞ্জয় বীর ক্রোধে হুতাশন। দ্রোণীর উপরে করে বাণ বরিষণ॥ বুষ্টিধারাবৎ বাণ করেন ক্ষেপণ। নিমিষেকে নিবারিল দ্রোণের নন্দন॥ বাণব্যর্থ দেখি তবে বীর ধনঞ্জয়। মহাকোপে পুনশ্চ করেন অস্ত্রময়॥ বাণাঘাতে অশ্বত্থামা ব্যথিত হইল। মূর্চ্ছিত হইয়া বীর রথেতে পড়িল॥ মূর্চ্ছিত হইলে রথ ফিরায় সার্থি। পলাইলা গেল অশ্বত্থামা যোদ্ধাপতি॥ তবে ছঃশংসন বীর দেখি রুকোদরে। হস্তীর উপরে চড়ি চলিল সত্বরে॥ দ্বঃশাদনে দেখি কোপে বলে ভীমবীর। গদাঘাতে আজি তোর লোটাব শরীর॥ দ্রোপদীর মানস করিব আজি পূর্ণ। এত বলি গদা ল'য়ে ধায় অতি ভূর্ণ॥ হস্তীর উপরে গদা করিল ক্ষেপণ। পৃথিবীতে দ্তু দিয়া পড়িল বারণ॥ হন্তী যদি পড়িল পলায় ছঃশাসন। সৈন্তের মধ্যেতে পশি রাখিল জীবন॥ ভবে বুকোদর বীর ক্রোধে হুভাশন। গদার প্রহারে মারে রথ রথিগণ॥ তবে অশ্বত্থামা বীর ধায় শীব্রগতি। যুদ্ধ করিবারে বাঞ্চা ভীমের সংহতি॥

অশ্বত্থামা দেখি বীর চাপে নিজ রথে। ভয়ঙ্কর ধন্মক তুলিয়া নিল হাতে ॥ বাণ বৃষ্টি করে দোঁহে দোঁহার উপর। দোঁহাকার বাণে দোঁহে হইল জর্জ্জর॥ কোপে অশ্বত্থামা বীর পরিঘ লইয়া। মারিলেন রুকোদরে ক্রোধিত হইয়া॥ অচেতন হৈল বীর পরিঘের ঘায়। রথের উপরে বীর পড়ি গেল ঠায়॥ কভক্ষণে চেতন পাইয়া রুকোনর। মহাকোপে উঠিলেন কম্পিত অধর॥ গদা ফেলি মারিলেন রথের উপর। চুর্ণ হৈল রথখান দেখি লাগে ভর॥ সেইক্ষণে আর রথ যোগায় সার্থি। তাহাতে চড়িয়া অশ্বত্থামা মহামতি॥ ভীমের উপরে বীর এড়ে যত বাণ। কাটি পাড়ে ভীম তাহা করি খান খান॥ অতি ক্রোধে বুকোনর ত্বলন্ত অনল। রথ এড়ি গদা ল'য়ে ধায় মহাবল ॥ রুথের উপরে মারে দোহাতিয়া বাড়ি। চুৰ্ব হৈল রথখান যায় গড়াগড়ি॥ লাফ দিয়া অশ্বথামা পলাইয়া যায়। দেখি রকোদর বীর পাছে পাছে ধায়॥ হেনকালে কর্ণ বার হৈল আগুয়ান। ভীমের উপরে মারে চোক চোক্ বাণ॥ বাণাঘাতে রুকোদর হইল বিবর্ণ। কর্ণেরে এড়েন বাণ পুরিয়া আকর্ণ॥ যত বাণ এড়ে ভীম কর্ণ ফেলে কাটি। রথ এড়ি ধায় বীর মহাক্রোধে ফাটি॥ গদা হাতে করি ক্রোধে ধায় মহাহ্রর। গদা মারি অশ্ব রথ করিলেন চুর॥ লাফ দিয়া কর্ণ বীর যায় পলাইয়া। শীভ্রগতি আর রথে চড়িলেন গিয়া॥ কর্ণ পলাইয়া গেল দেখি রুকোদর। অপনার রথে গিয়া চড়িল সত্বর 🛭 বাণ বৃষ্টি করে বীর দৈন্সের উপর। বাণেতে সকল সৈত্য করিল জব্দর ॥

হেথায় সংগ্রাম করি পার্থ ধকুর্দ্ধর। কোটি কোটি কাটিলেন সৈত্য নিরন্তর॥ অর্জ্রনের বাণে স্থির নছে সেনাগণ দেখিয়া ব্যাকুল ভাহে রাজা হুর্য্যোধন॥ দ্রোণেরে ডাকিয়া তবে বলিল বচন। দেখ গুরু সৈন্য সব হইল নিধন ॥ সেনাপতি তোমা করি করিলাম আশ। যুধিষ্ঠিরে ধরি দিবা করিলে আখাস॥ আজিকার যুদ্ধে গুরু না দেখি নিস্তার। ভীম ধ**নপ্রয় করে সকল সংহার**॥ দেনাপতি করিতাম যন্তপি কর্ণেরে। এত দিনে কর্ণ ধরি দিত যুধিষ্ঠিরে॥ মহারথী দেখি তোমা কৈন্তু সেনাপতি। উপরোধে না যুঝহ বুঝি তব মতি॥ তোমার শিক্ষিত অস্ত্র অর্জ্জুন পাইয়া। তব অস্ত্রে মারে সেনা দেখ দাগুাইয়া॥ এতেক শুনিয়া গুরু ক্রোধে হুতাশন। ডাকিয়া **বলিল তবে শুন হুর্য্যোধন॥** পূর্বেতে ভোমায় আমি কহিনু আপনে। ভিক্ষুক ব্রাহ্মণ আমি কিবা কার্য্য রণে ॥ সেনাপতি যোগ্য আমি না হই কখন। আমার এ সব কার্য্য নহে প্রয়োজন॥ এত বলি ডাকিলেন আপন নন্দন। ফোধ করি যায় দ্রোণ উপেক্ষিয়া রণ॥ তবে ছর্য্যোধন কর্ণ শকুনি লইয়া। আগে হৈতে গুরুপদে পড়িল আসিয়া॥ শকুনি বলিল গুরু কর অবধান। প্রীতিভাবে ছুর্যোধন করে অভিমান ॥ তুমি যদি উপেকিয়া চলিলা ভবনে। আজ্ঞা কর রাজা হুর্য্যোধন যাক বনে ॥ ^{এত} শুনি গুরু হাসি হইল সদয়। ছুৰ্য্যোধন ছুঃখ দেখি ব্যথিত হৃদয়॥ দ্রোণ বলে কহিলাম পূর্ব্বেতে তোমারে। ^{অর্চ}জুন না থাকিলে ধরিব যুধিষ্ঠিরে॥ ^{অর্জ্}ন সম্মুখে যুঝে নাহি হেন বীর। ^{যার} বাণে যোদ্ধাগণ কেহ নহে স্থির॥

এক যুক্তি ভাবিয়াছি শুন হুর্য্যোধন।
তবে সে ধরিতে পারি ধর্মের নন্দন॥
না থাকিবে ধনঞ্জয় সমগ্র পাইয়া।
তবে ধ'রে দিতে পারি রাজাকে বান্ধিয়া॥
এতেক কহিতে হয় সন্ধ্যার সময়।
কৌরব পাণ্ডব গেল আপন আলয়॥

দ্রোণের প্রতি ছর্য্যোধনের পেদোক্তি ও নারায়ণী দেনার যুদ্ধারস্থ ।

শিবিরেতে গেল তবে রাজা ছুর্য্যোধন। অত্যন্ত ছুঃখিত হ'য়ে বিরদ বদন॥ কহিলেন গুরু অগ্রে করিয়া রোদন। কিরূপে আমার গুরু হইবে তারণ॥ কি প্রকারে জিনি উপদেশ বল তুমি। কেবল ভরদা তব করিতেছি আমি॥ দ্রোণ বলে শুন আমি কহি যে বচন। তবে যুধিষ্ঠিরে ধরি শুন ছুর্য্যোধন॥ নারায়ণী দেনা দেখ যুদ্ধে বড় কৃতী। তাহার সহায় আছে স্থশর্মা নৃপতি॥ অর্জ্জনের সহ তারা করুক সমর। তবে সে ধরিতে পারি ধর্ম্মের কোঙর 🛭 এত শুনি আনন্দিত হইল রাজন। সেইক্ষণে ভাকি আনে সংসপ্তকগণ॥ ত্রিগর্ত্ত রাজাকে আনি বলিল বচন। আমার বচন শুন স্থশর্মা রাজন॥ নারায়ণী সেনামধ্যে হও দেনাপতি। অর্জুনের সহ বুধা কর মহামতি ॥ সদৈন্যে উত্তর দিকে তুমি চলি যাহ। অর্জ্জনের দনে গিয়া দমর করহ॥ স্থশর্মা বলেন শুন আমার বচন। আজি অর্জ্জনেরে করিব নিধন॥ নারায়ণী দেনা দেখ যমের সমান। পৃথিবীর মাঝে যার অব্যর্থ সন্ধাণ। এ সব লইয়া আমি করি গিয়া রণ। জানিহ পার্থের তবে নিশ্চয় মরণ॥

এতেক বলিয়া গর্জ্জে যত সেনাগণ। শুনি দুর্য্যোধন হৈল উল্লাসিত মন॥ নারায়ণী দেনা মধ্যে শ্রেষ্ঠ সপ্তর্থী। তার মধ্যে স্থশর্মা হইল দেনাপতি॥ আনন্দিত মনে দবে রক্তনী বঞ্চিল। প্রভাতে উঠিয়া কুরুক্ষেত্রেতে চলিল ম অর্জ্জুনের রথে তবে সাজিলেন হরি। আইল পাণ্ডবগণ কৃষ্ণ অত্যে করি। অর্জ্জনের প্রতি বলে সংসপ্তকগণ। আজি ধনঞ্জয় তুমি মোরে দেহ রণ॥ করিব তোমারে আজি অবশ্য সংহার। এই করিলাম শুন সূত্য অঙ্গীকার॥ এতেক শুনিয়া হাসি ইন্দ্রের নন্দন। সংসপ্তক সহ যান করিবারে রণ ॥ রণেতে প্রচণ্ড বড় সংসপ্তকগণ। অদ্তুত করয়ে রণ নাহি নিবারণ॥ কর্ণ তুর্য্যোধন দেখি আনন্দিত মন। হাসিয়া বলিল তবে মিহির নন্দন ॥ বুঝিতে না পরি কিছু বিধাতার ইচ্ছা। করিলাম যে প্রতিজ্ঞা দে হইল মিছা॥ অর্জ্বনে বধিব আমি আছে অঙ্গীকার। পড়িয়া সংসপ্ত হাতে হইবে সংহার॥ হরষিত হ'য়ে বড় রাজা ওরা করি। কহিতে লাগিল গিয়া গুরু বরাবরি॥ তোমার ভারতী গুরু মস্তক ভূষণ। একান্ত আমার তুমি জানিমু এখন॥ শত ভাই আমার সহায় কর্ণ রথী। দ্রোণাচার্য্য অশ্বত্থামা মাতৃল স্থমতি ॥ বেড়িয়া বধিব ভীমে ভয় তার কিসে। যুধিষ্ঠিরে গিয়া গুরু ধর অ্নায়াদে॥ দ্রোণ বলে কর আজি সকলে সংগ্রাম। আজি রণে ঘুচাইব পাগুবের নাম। অপূর্ব্ব করিব ব্যুহ অদ্ভূত মানদে। ব্যুহ করি সবাকারে মারিব নিঃশেষে 🛚 আজি সে ধরিব আমি ধর্ম নুপবর। আমার প্রক্তিতা এই সবার গোচর 🛭

চক্রব্যুহ করে তবে অদ্ভুত মানসে। মন্ত্রেতে পূর্ণিত করি অস্ত্র চারি পাশে। ব্যুহ্মুথে জয়দ্রথ রহে সার্থানে। মহারথী মধ্যে যারে করিয়া গণনে॥ বহু রথ রথী হস্তী অশ্ব দেনাগণ। বৃঃহযুথে জয়দ্রথ রহে সচেতন॥ তাহার পশ্চাতে রহে মহাশয় দ্রোণ। তুই পার্শ্বে অশ্বত্থামা সূর্য্যের নলন ॥ স্থানে স্থানে রাখে দ্রোণ মহাবীর্গণ। ব্যুহমধ্যে ভাতৃদহ রাজা হুর্য্যোধন ॥ পশ্চাতে রহিল কুপ শল্য ভগদত্ত। সবে রণে পরাক্রমী রণে মহামত। দেবের অজিত ব্যুহ দৈন্য দমাবেশ। সাহদ না হয় কার' করিতে প্রবেশ॥ তুই দলে মহাযুদ্ধ হয় গালাগালি। সৈন্যে দৈন্যে সমর বাজিল রণস্থলী॥ সৈন্যে দৈন্যে মহাযুদ্ধ হৈল আগুয়ান। গজে গজে মহাযুদ্ধ আর পাছু আন ॥ রথে রথে হৈল যুদ্ধ অংখ আদোয়ার। হুড়াহুড়ি রণস্থলে হৈল মহামার॥ চক্রব্যুহ করি দ্রোণ করে মহারণ। নিমিষেকে নিপাতিল যত দৈন্যগণ॥ দ্রোণের বিক্রমে সেনাগণ নহে স্থির। সম্মুখ হইয়া যুঝে নাহি হেন বীর॥ সংসপ্তকে রহিলেন পার্থ মহামতি। হেথা দেনা বিনাশয়ে দ্রোণ যোদ্ধাপতি॥ একেশ্বর বুকোদর করি প্রাণপণ। নিবারণ করে আর যত যোদ্ধাগণ॥ যুধিষ্ঠিরে ধরিবারে যান দ্রোণ বীর। নাহিক সম্ভ্রম কিছু নির্ভয় শরীর॥ যুধিষ্ঠির উপরে করেন শরবৃষ্টি। বাণে অন্ধকার কৈল নাহি চলে দৃষ্টি॥ সহিতে না পারি বড় হইলা ফাঁপর। মুহূর্তেকে যুধিষ্ঠির করিয়া সমর॥ দশ বাণ এড়ে দ্রোণ রথের উপর। তুই বাণে কাটি পাড়ে ধ্বজ মনোহর॥

চারি বাণে কাটি পাড়ে সার্থির মুগু। চারি বাণে চারি অশ্ব করিলেন থগু ম অচল হইল রথ দেখি দ্রোণ বীরে। ধরিবারে যায় তবে রাজা যুধিষ্ঠিরে॥ দেখিয়া কৌরবগণ হরিষ অন্তর। ধন্য ধন্য করি দ্রোণে প্রশংসে বিস্তর॥ আজি ধরা গে**ল ধর্মরা**জ গুরু **হাতে**। আজি মম মনোরথ পূরে ভালমতে॥ রাজার দঙ্কট দেখি দৃষ্টপ্রান্থ বীর। আগুলিল দ্রোণে আসি নির্ভয় শরীর॥ দ্রোণের উপরে এড়িলেন অন্ত্রগণ। গগন ছাইল বাণে না দেখি তপন॥ অস্ত্রাঘাতে যুধিষ্ঠির হইয়া কম্পিত। নকুলের রথে গিয়া চড়েন ছরিত॥ দ্রোণ ধ্রকীহ্যান্সে হয় অতি ঘোর রণ। দূরেতে থাকিয়া তাহা দেখয়ে রাজন॥ ধৃকিত্যুদ্ধ বাণ এড়ে তারা হেন ছুটে। দ্রোণের ধনুক বীর চারি বাণে কাটে॥ আর ছুই বাণ বার এড়ে আচন্বিতে। ধতুক কাটিয়া ফেলে দ্রোণের অগ্রেতে॥ আর ধনু ল'ঝে দ্রোণ গুণ দিয়া টানে। সেই ধনু ধুষ্টপ্ৰান্ন কাটে এক বাণে॥ পুনরপি ধ্বন্টত্ন্যু**ন্ধ এড়ে দশ বাণ।** দ্রোণের কৰচ কাটি, করে খান খান॥ আর দশ বাণ বার ছাড়িল ত্বরিত। বাণাঘাতে দ্রোণাচার্য্য হইল মূর্চ্ছিত॥ দেখিয়া কৌরবগণ বিলাপ করিল। পাণ্ডবের দলে বড় আ**নন্দ হইল**॥ তবে কভক্ষণে দ্রোণ পাইল চেতন। লাজে ভরৱাজপুত্র মলিন বদন॥ ক্রোধে এক ধনু ল'য়ে দিলেন ট্রস্কার। ^{শকে}তে লাগিল তালি কর্ণে স্বাকার॥ শন্ধান পূরিয়া এড়ে দিব্য অস্ত্রগণ। নিবারয়ে বাণে বাণ পাঞ্চাল নন্দন॥ ^{তবে} মহাক্রোধে দ্রোণ হৈল কম্পামান। একেবারে প্রহারিল তীক্ষ্দশ বাণ॥

বাণাঘাতে ধৃষ্টপ্ল্যন্ন হইল মূর্চ্ছিত। কবচ ভেদিয়া অঙ্গে বহিছে শোণিত॥ রথেতে পড়িল বীর হইয়া অজ্ঞান। রথ লইয়া সার্থি হৈল পাছুয়ান। মূর্চ্ছা ত্যজি উঠি বীর দেখে পলায়ন। সার্থিরে নিন্দা করি বলেন বচন ॥ শশ্বথ দমরে মোর ফিরাইলি রথ। দ্ৰোণ কি বলিষ্ঠ আমি নহি কি তেমত॥ এইক্ষণে দ্রোণে আমি বিনাশিব রণে। ঝাট রথ লহ শুন দ্রোণ বিত্যমানে॥ শুনিয়া সার্থা রথ ফিরাইল বেগে। অবিলম্বে নিল রথ দ্রোণাচার্য্য আগে॥ পুনঃ মুখামুখি দোঁহে হইল সমর। দোঁহাকার বাণ গিয়া ঠেকিল অম্বর॥ মহাপরাক্রম দ্রোণ নানা অস্ত্র জানে। ধৃষ্টপ্ৰান্থ হুই ধনু কাটিলেন বাণে॥ ধনু যদি কাটা গেল অন্য ধনু লয়। সেই ধনু কাটি পাড়ে দ্রোণ মহাশয়॥ যত ধন্থ লয় বীর কাটে পুনর্কার। জোধে শেল হাতে নিল ক্রপন-কুমার॥ হাঁকারিয়া শেলপাট এড়ে বা**হুবলে**। যতদূর যায় শেল ততদূর **জ্**লে॥ শেলপাট দেখি দ্রোণ এড়ি দিব্য বাণ। পাঁচ বাণে শেলপাট করে খান খান॥ শেল যদি কাটা গেল ভ্রুপদ-কুমার। চিন্তিয়া ভাবেন মনে সকলি অসার॥ লাক দিয়া ভূমে পড়ে ল'য়ে অসি ঢাল। সম্মুখে পড়িয়া তবে বলে ভাল ভাল॥ ভাঙরি কাটিয়া বার উঠে দ্রোণ রথে। চারি অশ্ব কাটিলেক অতিশীঘ্র হাতে॥ শার্থি কাটিয়া, দ্রোণে কাটিবারে বায়। চমৎকার সর্বলোক একদৃষ্টে চায়॥ অর্দ্ধচন্দ্র বাণ গুরু করিয়া সন্ধান। অসিচর্ম্ম কাটি তার করে খান খান **॥** আর দশ বাণ গুরু মারে বায়ুবেগে। দশবাণ ধুষ্টগ্ৰুত্ম হৃদয়েতে লাগে॥

াণাঘাতে ধ্বউত্থান্ন হইল মুক্ষিত। মেতে পড়িল বীর নাহিক সন্থিত॥ ন্টগ্যুন্থে বিমুখ দেখিয়া দৰ্ববজন। ারিলেন দ্রোণোপরি বাণ বরিষণ ॥ ্বে মহাক্রোধে দ্রোণ এড়ে দিব্যবাণ। য় হস্তী পদাতিক করে থান খান॥ মতেক দেখিয়া তবে রাজা যুধিষ্ঠির। হরিছেন মনে চিন্তা কুপিত শরীর॥ ক্রেব্যুহ করি দ্রোণ করে মহারণ। পার্থ বিনা ব্যুহ বিন্ধে নাহি হেনজন ॥ ুহনকালে মনেতে পড়িল আচন্দিত। অভিমন্যু মহাবারে ডাকেন স্বরিত॥ আইলেন অভিমন্যু রাজার আদেশে। স্থূমিষ্ঠ হইয়া ব র রাজাকে সম্ভাবে॥ ধর্ম বলিলেন পুত্র শুনহ বচন। ব্যুহ ভেদিবার তুমি জান প্রকরণ॥ অভিমন্যু বলে রাজা করি দিবেদন। প্রবেণ্ জানি যে আমি, না জানি নির্গম॥ যেইকালে ছিন্ম আমি, জননী-জঠরে। তাহার বুত্তান্ত কহি তোমার গোচরে॥ পিতা মম জিজ্ঞাদিল গাবিন্দের স্থান। ব্যুহ ভেদিবারে মোরে করহ বিধান ॥ এত শুনি নারায়ণ ভূমিতে আঁকিয়া। প্রত্যক্ষে বৃত্তান্ত সব দিলেন কহিয়া॥ হেনকালে জননী জিজ্ঞাদে দেইক্ষণ। প্রবেশে জানিলে কহ নির্গম কারণ॥ এত যদি মাতা জিজ্ঞাদিলেন পিতারে। নির্গম কারণ নাহি কহিল মায়েরে॥ নির্গম না জানি আমি জানাই তোমারে। তবে করি, যাহা আজ্ঞা করিবে আমারে॥ শ্রীধর্ম বলেন পুত্র শুনহ কারণ। ভোমার পশ্চাতে যাবে যত যোদ্ধাগণ॥ বৃহে ভেদি মার পুত্র দ্রোণ ধনুর্বর। তোমার বিক্রম যত আমাতে গোচর॥ বাপের সমান পুত্র মহাধনুর্দ্ধর। তোমার সহিত যাবে যত বীরবর 🛚

তোমার পশ্চাতে যাবে ভীম আদি করি। সত্তর আইস পুত্র দ্রোণেরে সংহারি["]॥ -**অন্ধের** জীবন তুই নয়নের তারা। না দেখিলে তোমা ধনে ক্ষণে হই হারা॥ প্রাণ পাঠাইয়া র'ব সংশ্বের স্থান। তোমার পশ্চাতে যাবে যত যোদ্ধাগণ॥ এত বলি শিরে রাজা করেন চুম্বন। প্রশংসিয়া ঘন ঘন দেন আলিঙ্গন ॥ কিশোর বয়স ভব নব্য কলেবর। রমণীমোহন রূপ অতি মনোহর ॥ অগুরু চন্দন গায় বায়ু বহে গন্ধ 🛭 ভুবনবিজয়ী বীর নহে নিরানন্দ 🛚। মণি মরকত আদি আভরণ গায়। হেরিলে জুড়ায় আঁথি আপদ পলায়। পীতান্বর পরিধান হাতে শর ধনু। সাহসে সিংহের প্রায় দোষহীন তকু। त्राष्ट्राटक कश्लि वात्र ना कतिह ভয়। করিব সমরে আজি রিপুগণ ক্ষয়॥ আজি যুদ্ধে বিনাশিব ভাগ ধমুর্দ্ধরে। জোণে না মারিয়া আমি না আদিব ঘরে॥ এই সভ্য কথা মম শুন নৃপবর। ইহাতে আপনি কেন এতেক কাতর। এত বলি যুঝিতে চলিল বীরবর। সার্থিরে বলে রথ সাজাও সত্তর । স্বান্ত্র সার্থি বলে করি যোড়কর এক নিবেদন মম শুন ধ্যুদ্ধর। অত্যল্প বয়দ তব নব'ন যৌবন দ্রোণ সহ তোমার উচিত নহে রণ ॥ যমের সমান হেন দেখ জাণ বীর যার বাণে যেংদ্ধাগণ কেহ নহে স্থির । এতেক শুনিয়া বীর ক্রোধে হুতাশন। मात्रियत ठारि वल कात्रश गर्कन ॥ কুফের ভাগিনা আমি অর্জ্জুন তনয়। ত্রিভুবন মধেতে কাহারে মোর ভয় 🕽 দ্রোণের সাহত আব্ধি করিব সমর। এক বাণে তাহারে পাঠাব যমঘর 🛭

আজি যদি দ্রোণে আমি মারিবারে পারি। বড় তুন্ত হইবেন মাতুল জীহরি। যুধিষ্ঠির রাজার করিব কিছু হিত। করিব সমর আজি জানাই নিশ্চিত॥ এইক্ষণে রথ তুমি সাজাও সত্বর। অবশ্য করিব যুদ্ধ কিছু নাহি ভর॥ এতেক শুনিয়া তবে হ্বমন্ত্র দত্তর। তুলিল বহু**ল অ**স্ত্র রথের উপর । জাঠি শেল ঝকড়া যে মুষল মুদগর। শক্তি ভিন্দিপাল তোলে অসংখ্য তোমর 🛚 মহাদর্প করি উঠে রথের উপর। ব্যহ ভেদিবারে যায় পার্থ-বংশধর॥ ভাম আদি করি তবে মহারথীগণ। তাহার পশ্চাতে যান করিবারে রণ॥ ব্যুহে প্রবেশিল বীর চক্ষুর নিমিষে। নানা অস্ত্র দৈন্যগণ উপরে বরষে॥ প্রলয়ের মেঘ যেন সংহারিতে স্ঠিট। ততোধিক **অভিমন্থ্য করে শ**রবৃষ্টি 🛭 বাঁকে বাঁকে বাণ মারে সৈন্মের উপর। মার মার বলি ডাকে অর্জ্জুন-কোঙর॥ এক গোটা বাণ বীর ভূণ হৈতে আনে। দশ গোটা বাণ হয় ধনুকের গুণে গমনে শতেক হয়, সহস্র পতনে। এই মত পুনঃ পুনঃ এড়ে অস্ত্রগণে॥ পড়িল অনেক দৈন্য রক্তে বহে নদী। কুরুদৈন্য-রক্তে স্নান করে বস্থমতী॥ ভীম আদি করিয়া যতেক বীরগণ। ব্যুহমুখে গিয়া সবে করে মহারণ ॥ জয়দ্রথ ব্যুহ রক্ষা করে প্রাণপণে। নী দেয় ছুয়ার ছাড়ি অন্য বীরগণে ॥ জ্যুদ্রথ যুদ্ধ করে অতি ঘোরতর। দ্বি বীরে বিমুখ করিল একেশ্বর ॥ দ্রোণপর্ব স্থবারদ অভিমন্যু-বধে। কাশীরাম দাস কহে গোবিন্দের পদে ॥

অভিমন্থ্যর যুদ্ধারম্ভ।

ব্যুহে প্রবেশিল যবে অভিমন্ত্যু বীর। ভীম আদি যোদ্ধাগণ হইল অস্থিয় ॥ নাহি দিল জয়দ্রথ প্রবেশিতে পথ। চিন্তাকুল হ'ল বড় পড়িল বিপদ। ব্যুহ ভেদি গেল পুত্র নিজ বীরপণে। তাহাতে কহিল শুনি নিৰ্গম না জানে। জানিয়া সমূহ সৈন্যমাঝে গেল রণে 🗵 সঙ্কটে পড়িলে রক্ষা পাইবে কেম্বে॥ হেথা না দেখিয়া বার দৈন্য নিজ পাশ। জানিল নিশ্চয় বিধি করিল নিরাশ। উপায় কি আছে আর অপারের সিন্ধু। পড়িয়াছি পার নাহি বিধি মাত্র বন্ধু॥ এত বলি সাহস করিল মহাবার। বাণরপ্তি করি দৈত্য করিল অস্থের। এক রথে অভিমন্যু করে মারমার। দেখিয়া কৌরবগণ করে হাহাকার। চৌদিকে বেষ্টিত যত কুরুদৈশুগণ। পিঞ্জর মধ্যেতে যেন পোব। পাকা রন॥ না জানে বালক দেই নির্গমের দক্ষি। মীন যেন পাড়ল হইয়া জালে বন্দা॥ তথাপি অভয় ধনু লইলেক হাতে। শাসিত কৰিয়া সৈন্য ভ্ৰমে এক রথে॥ জলদ বরিষে যেন কালে বরিষায়। বাঁকে বাঁকে অস্ত্র পড়ে ক্ষমা নাহি তায়॥ মান্তত হাতঙ্গ পড়ে তুরঙ্গ বহুত। কোটি কোটি দৈশু মারে সংগ্রামে অভুত ॥ অলস না হয় তকু সাহদী বালক। দৈন্যারণ্য দহে ধেন হইয়া পাবক॥ প্রকাশেন পরাক্রয় নাহি তার সীমা। বাখানয়ে বালকের বিবিধ মহিমা॥ একমাত্র ধনুকের গুণে পঞ্চ বাণ। না পারে সম্মুখে কেছ করিতে সন্ধান।॥ কুমারের প্রতাপ দেখেয়া কুরুগণ। চিন্তাকুল ছুৰ্য্যোধন বিষয় বন্ন॥

. हनकारल खेलूक घुः भामत्वत्र नन्मन । মভিমন্ত্যু সহ গেল করিবারে রণ ॥ আইল সমর হেতু অভিমন্যু সঙ্গ। ইচ্ছিল পড়িতে যেন পাবকে পতঙ্গ॥ দেখিয়া আৰ্জ্জ্বি ক্রেছপে অনল সমান। গাল দিয়া বলে তুই বড়ই অজ্ঞান॥ কে দিল কুবুদ্ধি তোরে হৈল প্রক্ষাপ। এই দণ্ডে দেখাইৰ আমার প্রতাপ। ত্যজ আশা, কর বাসা শমনের ঘরে। বিলম্ব না হবে এই পাঠাই তোমারে। এত বলি ইঙ্গিত করিয়া এড়ে বাণ। তাহার বিক্রমে উলুকের উড়ে প্রাণ॥ এক বাণে ধ্বজ কাটি করে খণ্ড খণ্ড। আর তুই বাণে পাড়ে সার্থির মুগু। চারি বাণে কার্টিলেক রথের চারি হয়। ছুই বাণে উলুকেরে দিল যমালয়॥ উলুক পড়িল যদি লাগে চমৎকার। কৌরবের যোদ্ধাগণ করে হাহাকার॥ করি বহু বিলাপ কান্দেন হুঃশাদন। এক যোদ্ধাপতি মম উলুক নন্দন॥ দর্বশূন্য দেখি আমি তোমার বিহনে। গুহে না যাইব আমি যাইব কাননে॥ তবে বুষসেন বীর কর্ণের নন্দন। আৰ্জ্জনি সহিত গেল করিবারে রণ॥ ক্রিয়া অনেক দর্প রুষদেন বীর। এক রথে যায় তবে নির্ভয় শরীর॥ অভিমন্যু সহ তবে করে মহারণ দেখি কোপে জ্বলে বীর কর্ণের নন্দন॥ কাটিল রথের ধ্বজ মারি হুই বাণ। চারি বাণে চারি অশ্ব করে থান থান॥ আর তুই বাণ বার এড়ে আচন্বিতে। দার্রথির মাথা কাটি পাড়িল ভূমিতে॥ অর্দ্ধনতন্ত্র বাণ এড়ে অর্জ্জুন তনয়। এক ঘায়ে রুষদেন হৈল মৃতপ্রায়॥ পুত্র ভঙ্গ দেখি তবে কর্ণ মহাবীর। ক্রোধেতে পূর্ণিত অঙ্গ হইল অন্থির॥

বহু বিলাপয়ে কর্ণ দূর্য্যের নন্দন। মহাকোপে গেল তবে করিবারে রণ ॥ বাছিয়া বাছিয়া কর্ণ এড়ে অস্ত্রগণ। অন্ত্র ব্যর্থ করে বীর অর্জ্জুন-নন্দন ॥ তবে কোপে অভিমন্ত্যু এড়ে দশ বাণ। কর্ণের কবচ কাটি করে খান খান॥ কবচ কাটিয়া বাণ অঙ্গে প্রবেশিল। মূর্চ্চিত হইয়া কর্ণ রথেতে পড়িল॥ মূর্চ্ছিত দেখিয়া রথ কিরায় সারথি। পলাইয়া গেল তবে কর্ণ ঘোদ্ধাপতি॥ তবেত লক্ষ্মণ হুর্য্যোধনের নন্দন। অভিমন্যু দহ গেল করিবারে রণ॥ যেইক্ষণে আগু হৈল ভানুমতী-স্থত। অভিমন্যু বীর তারে বলে ক্রোধযুত ॥ হিতবাক্য বলি তোরে ভাইরে লক্ষ্মণ। এমত কুমতি তোরে দিল কোন্ জন॥ বাপের তুলাল তুই বড় প্রিয়তর। না কর সমর ভাই মম বাক্য ধর॥ অনেক যতনে লোক রক্ষা করে দেই। আপনি মরিলে দঙ্গে না যাইবে কেই॥ এ স্বথ সম্পদ আশা ছাড় কি কারণ। আমার বচন ধর না করিও রণ॥ ইফ্ট বন্ধু জনক জননী খুড়া ভাই। মরিলে দম্বন্ধ আর কার' দঙ্গে নাই। ভালরূপে দেখ ভাই সবার বদন। মম সঙ্গে রণে তোর অবশ্য নিধন 🛚 ক্ষমা চাহে আমারে যে হইয়া কাতর। হইলে পরম শত্রু ডর নাহি তার॥ অভয় দিলাম ভাই বলিলাম তোরে। সম্বরিয়া সমর চলিয়া যাহ ঘরে॥ তোমারে বধিলে দিদ্ধ হবে কোন কায। বরঞ্চ হবেন রুফ্ট শুনি ধর্মারাজ ॥ সাক্ষাতে দেখিলে যত কর্ণের বড়াই। পড়িলে আমার ঠাঁই আজি রক্ষা নাই॥ পলাইয়া গেল নারি সহিতে সমর। বাখানে কৌরবগণ যারে নিরম্ভর 🛚

ৰামি তোরে বলি আজি অখণ্ডিত কথা। ্টি। ফেলিব কর্ণ শকুনির মাথা॥ ্দ্রি^{ড়া} লইয়া যাব ধর্ম্মরাজ আগে। ত বলি রক্তবর্ণ চক্ষু হৈল রাগে॥ ক্ষণ বলিল আর না কর বড়াই। ঝিব কেমনে এড়ইবা মোর ঠাই॥ িন্যা কহিল তবে অৰ্জ্জ্ন-নন্দন। _{তুকের} গুণে বাণ যুড়ি সেইক্ষণ॥ হু বাণে রথধ্বজ হৈল খণ্ড খণ্ড। ্রে চুই বাণে কাটে সার্থির মুগু। ার চুই বাণ এড়ে কি কহিব কথা। কণ্ডল কাটি পাড়ে **লক্ষ্মণের মাথা**॥ দলি চুৰ্য্যোধন শোকে হৈল অচেতন। সুম গড়াগড়ি দিয়া করয়ে রোদন॥ গ্রাণের নন্দন মোর অতি প্রিয়তর। হোকার ক**রে রাজা হইয়া কাতর** ॥ ছাতার মরণ দেখি পদ্মবীর বেগে। ের ধনু করি গেল অভিমন্ত্র আগে॥ ন্ট বেগে আগু **হৈল** পদ্মবীরবর। ই বাণে কা**টিলেক অৰ্জ্জুন-কোঙর**॥ ম্র্যাধন দেখি পুত্র হইল সংহার। ছুনিতে পড়িয়া রাজা করে হাহাকার॥ ্রশাকে ভুর্য্যোধন হইল কাতর। শ্যাশ কৈল মোর অর্জ্জ্ব-কোন্তর॥ 🗟 পুত্র শোকে রাজা শোকাকুল মন। 🎮 ে গদা কব্নি ধায় কব্নিবারে রণ॥ ^{পার্জু}নি বলিল আর কারে নাহি চাই। ার্হংশ–শত্রু হুফ্ট তোরে যদি পাই॥ ^{ছুনি} হুংগ দিলে পিতা আদি পঞ্চনে। ^{হলট} পাশায় জিনি পাঠাইলে বনে॥ 🍕 র বাদী, তব সব অধিকার। 🧐 শবিচার বিধি কত স'বে আর॥ ^{াাছে} নাহি পলাইও প্রাণে পেয়ে ভয়। ^{রহিয়া} কর**হ যুদ্ধ কুরু মহাশয়**॥ না করিছ ক্ষবজ্ঞা বলিয়া শিশু মোরে। ^{ফিরিয়া} যা**ইতে সাধ না কর অন্তরে** 🛚

এত বলি বাণ এড়ে পূরিয়া সন্ধান। গদা লক্ষ্যে মারিলেক তীক্ষ্ণ দশ বাণ দশ বাণে গদা কাটি সত্তর ফেলিল। তীক্ষ ভল্ল দশ গোটা অঙ্গে প্রহারিল॥ বাণাঘাতে ছুর্য্যোধন ব্যথিত অন্তর। বেগে পলাইয়া যায় ত্যজিয়া সমর॥ অভিমন্যু বলে রাজা না চাহি তোশায়। পলাইয়া যাও কেন শুগালের প্রায়॥ ক্ষণেক থাকিয়া যুদ্ধ কর মহাশয়। আজি ভোমা পাঠাইব শমন-আলয়॥ এতেক বলিয়া গর্জে অর্জ্রন-তনয়। পলাইল চুর্যোধন ব্যথিত হৃদ্য়॥ এক রথে ভ্রমে বীর অর্জ্জুন-কোঙর। নাহিক সম্ভ্রম কিছু নির্ভয় অন্তর ॥ গগন ছাইয়া কর করে অন্তর্গন্তী। বাণে অন্ধকার হয় নাহি চলে দৃষ্টি॥ অমর্থ সমর্থ বাণ, বাণ ব্রহ্মজাল। কোশিক কপালী বাণ খার রুদ্রকাল। অর্দ্ধচন্দ্র ক্ষরপা তোমর ভল্ল শর। বারুণ ভূতাপ বাণ সমরে হুকর॥ কোন স্থানে অগ্নিবাণে পুড়ে দেনাগণ। কোন স্থানে মহাবাড় বহিছে প্ৰবন॥ কোন স্থানে মেঘগণে আবরিল ভাতু। সুষলধারায় রৃষ্টি শীতে কাপে তকু। ঢাকিল রবির তেজ হৈল অন্ধকার। চারিদিকে অন্ত্র পড়ে না দেখি নিস্তার 🌬 কুঞ্জর সারথি অন্ম ফেলে কাটি বার'। ধুকু সহ বামহন্ত কাটে আলোৱার॥ কাহার' কাটিল মুগু কুণ্ডল সহিত। নাসা শ্রুতি কাটিল দেখিতে বিপরীত॥ বাণয়ুপ্তি কলিলে। প্রয়িয়া শক্ষাম। কাহার কাটিল পাড়ে পদ ছইখান॥ অস্ত্রাঘাতে কোন বার করে ছটকটি। কাটিয়া পাড়িল কার' দন্ত গ্রই পাটি॥ দেখিয়া কৌরবগণ করে হাহাকার। অভিমন্যু একাকী করিল মহামার ॥

এক শত সংহাদর রাজা হুর্য্যোধন। ুতাহা সবাকার যত আছিল নন্দন ॥ একে একে অভিমন্যু করিল সংহার। দেখি ছুর্য্যোধন রাজা করে হাহাকার॥ মুনি বলে শুন পরীক্ষিতের তন্য। ধুতরাষ্ট্রে দব কথা শুনায় দঞ্জয়॥ শুনহ নৃপতি তুমি অনর্থের কথা হইল দৈবেতে বাম দারুণ বিধাতা " অর্জ্জুন-তনয় যোল বৎদরের শিশু। দৈন্যমধ্যে সিংহ যেন পায় ব্যাপশু ॥ অন্ত করে দামন্ত অর্দ্ধেক একা আদি। দ্রোণ কর্ণ রহিলেন সেই ভয় বাসি !! অবোমুখ ছুর্য্যোধন মানিয়া বিস্মার : চিন্তিয়া আকুল বড় চম্কিয়া রয়॥ ঊনশত ভাই তার। হারাইল বোধ। সমরে অসক্ত বড় যেমন অবেধি॥ নদী হৈল শোনিতে বহিয়া স্রোত যায়। প্রলয়কালেতে সৃষ্টি নাশ হৈল প্রায়। ধুতরাষ্ট্র কহে শুন সঞ্জয় স্থ্যতি। যতেক শুনি যে পড়ে মোর দেনাপতি॥ একা অভিমন্ত্য করে মোর দেনাক্ষয়। বড় বড় দেনাপতি পায় পরাজয়॥ মোড়শ বংসর শিশু পূর্ণ নাহি হয়। কেহ না পারিল তারে করিতে বিজয়। অন্তত শুনিয়া মম কাঁপিছে হাদর। ধন্য ধন্য মহাবীর অর্জ্জুন তনয় !! সঞ্জয় বলিল জাজা গুনহ কাল। অভিমন্ত্যু দহ যুবো নাহি হেন জন॥ পৰ্বত কাটিয়া পাড়ে অভিমন্যু বাণ : মহাধনুর্দ্ধর বীর বাপের সমান ৷ ধ্বতরাষ্ট্র বলে মোর হেন লয় মন। সবারে মারিয়া হাবে অর্জ্জ্ন-লন্দন ! দ্রোণপর্ব্ব পুণ্যকথা অভিমন্য বধে। किनीताम नाम करह ("तिरम्ब भएन ॥

অভিমন্ত্য বধ।

মুনি বলে অপূর্ব্ব শুনীহ জন্মেজয়। করিল অদ্তুত যুদ্ধ অৰ্জ্জুন-তনয়॥ রথে পড়ে তিন কোটি রথীরুন্দবর। ছয়বুন্দ মদমত্ত পড়িল কুঞ্জর॥ দপ্ত পুদ্র অশ্ব পড়ে রণে আদোয়ার। পদাতিক দৈন্য পড়ে সংখ্যা নাহিতার॥ শোণিতে হইল নদী ভাসে কত সেনা। তরঙ্গে আতঙ্ক হয় রাশি রাশি ফেণা॥ কবন্ধ উঠিয়া কেলি করে তার রদে। শোণিত সাগর মাঝে সাঁতারিয়া ভাসে॥ ঝন্বানি রণভূমি অস্ত্র অগ্নিবাণে। প্রাণপণে যুবে কৌরবের সেনাগণে ॥ এড়িল গন্ধর্বে অস্ত্র অর্জ্জ্ন-তনয়। কৌরবের ঠাট কাটি করিলেক ক্ষয়॥ পড়িল অনেক সেনা লেখা জোখা নাই! তরঙ্গে ঢাকিয়া অঙ্গ ভাগিয়া বেড়াই॥ া শোণিত হইল নার নোকা করিবর। রথচয় ভাদে যেন রাজহংদবর । তাশ্ব সব ভাসি বুলে কচ্ছপের প্রায়। মানের সদৃশ নর ভাসিরা বেড়ায়॥ তৃণের সমান ভাসে ধকু অন্ত্রগণ। দেখিয়া শোণিত নদী ভীত দৰ্বজন॥ এতেক দেখিয়া তবে শকুনি–নন্দন। র্থেতে চড়িয়া গেল করিবারে রণ॥ দেখিয়া আৰ্জ্জ্জ্জ্জ্জ্জাধে অনল সমান ! ধনুক কাটিয়া তার করে খান খান॥ চারি বাণে কাটিল রথের হয় চারি। আর ছুই বাণে তার সারথি সংহারি॥ সার্থি পড়িল, রথ হইল অচল। বিশায় মানিয়া চাহে কৌরবের দল॥ পুনরপি অভিমন্যু এড়ে হুই বাণ। কর্ণ নাসা কাটিয়া করেন খান খান॥ ত্রবণ নাসিকা গেল দেখিতে কুৎসিত। কাটিয়া পাড়িল মুগু কুগুল সহিত॥

মঃভারত##



-পুঠ —৬১০০]

অভিমন্যু বধ।

শকুনি দেখিল যুদ্ধে পড়িল নন্দন। গুচাকার করি বহু করিল রোদন ॥ গ্রার্জ্জনিরে দেখি কাল শমন সমান। _{চয়ে} আর কোন বীর নহে আগুয়ান॥ নংগ্রাম করয়ে বীর **অর্চ্ছন** কোঙর। ্কাটি কোটি রথীকে পাঠান যমঘর 🛭 াদ্ধান পরিয়া বীর এড়ে দিব্যবাণ। শাণিতে বহিছে নদী অতি খরশান॥ ্দুখিয়া ব্যকুল বড় রাজা হুর্য্যোধন। ্দ্রাণ চা**হি বলিতে লাগিল সেইক্ষণ ॥** মারেরে তুই তুমি বুঝিসু বিধানে। গ্ৰাই **তুষ্ট যুদ্ধ করে তব বিভাষানে**॥ ালক হইয়া করে এত অপমান। তামা দব মহারথী আছে বিভামান॥ ্বিলাম জয় নাহি আমার সমরে। একেলা মারিয়া আজি যাইবে সবারে॥ গতেক শুনিয়া ছুর্য্যোধনের উত্তর। ক্রাধমুখে ব**লিলেন** ক্রোণ মহাবীর॥ ত্র কর্ম প্রাণপণে করি অফুক্ষণ। ত্র্থাপিও হেন ভাষা কহ ছুর্য্যোধন॥ মভিমন্যু জিনে হেন নাহি কোন জন। গার ভয়ে পলাইলে লইয়া জীবন ॥ গপের সদৃশ বীর যমের সমান। যজ্ঞর সমান যার অব্যর্থ সন্ধান॥ ^{কর্ণ} হেন যোদ্ধা, যারে নারিল সমরে। ^{মার} কে আছয়ে হেন জিনিবে তাহারে॥ ^{রাজা} বলে রুথা গুরু গঞ্জহ আমারে। য় বলিয়া ভোমারে বলিব আর কারে॥ ^{মা} জান জীয়**ন্তে আমি হইয়াছি মরা।** শাক ছঃখ অনুতাপে বািধ কৈল জরা 🛭 ^{বংশয়ে} আশ্রয়ী গিরি সেহ-নহে সার। ^{5বে} কি উপায় এতে হইবেক আর ॥ ^{বিপক্ষে}র এক শিশু বধে নানা দেনা। নিবারিতে ইহারে নাহিক এক জনা॥ এতকাল আশ্বাদে বিশ্বাদ যাই যার। মাজি কেন হৈল হীন ভরদা তাহার॥

নামেতে বিখ্যাত যারা বড় বড় বীর। বিষাদে হইল সব দেখি নভশিব # করুণা বিষাদ বাক্য নৃপতির শুনি। কহিতে লাগিল দ্রোণ শুন কুরুমণি॥ ন্যায়যুদ্ধে অভিমুন্যে ক্সিনিতে যে পারে। কহিলাম হেন জন নাহিক সংসারে॥ ভাগিনেয় শ্রীক্নফের অর্চ্ছনের হত। দেখিলে সাক্ষাতে যার সমর অদ্ভুত ॥ ন্যায়যুদ্ধে ভাহারে নারিবে কদাচন॥ কহিন্তু জানিও মম স্বরূপ বচন ॥ ছর্ব্যোধন বলে শুন আমার বচন। সপ্তরথী এককালে কর গিয়া রণ॥ এতেক শুনিয়া গুরু বিরস বদন। এমত অন্যায় নাহি করে কোন জন ॥ কুপাচাৰ্য্য বলে ইহা অদ্ভুত কথন। কিমত প্রকারে ইহা হয় দুর্যোধন 🛭 এমত অন্যায় যুদ্ধ কভু নাহি করি। এত বলি কুপাচার্য্য স্মরিল শ্রীহরি 🛭 ছুর্য্যোধন বলে যদি ইহা না করিবে। দবারে মারিয়া আজি আর্জ্জনি যাইবে 🛭 প্রধানের সর্ব্বদোষ অন্যায়ে কি ভয়। বধিতে রিপুকে মম এই বিধি হয়॥ ইহাতে করিলে হেলা বড় হবে দোষ। বধিয়া বালকে কর আমারে সম্ভোষ 🛭 মজিল সকল সৃষ্টি ব্যাজ নাহি সয়। সর্ববনাশ কৈল শিশু শমন উদয় 🛭 মম বাক্যে তোমা সবা কর এই মতি। এককালে অভিমুন্যে বেড় সপ্তর্থী ত্রঃশাসন শকুনি রাধেয় মম মাম।। দ্রোণাচার্য্য কুপাচার্য্য আর অত্থথামা॥ আমিও যাইব তথা ভোষার পশ্চাৎ। এইরূপ করি তারে করহ নিপাত॥ এত শুনি কুপাচার্য্য নিশ্বাস ছাড়িল। তুনীতি রাজার হত্তে বি শ্রানয়োজিল ॥ আমা স্বাকার **ইখে** কি করে বিলাপে। মরিবেক তুর্য্যোধন এই মহাপাপে 🛭

অমঙ্গল হৈল তার নাহিক অবধি। ভকাইল সরোবর স্রোত এড়ে নদী॥ আহার এড়িল সব পক্ষী যে প্রমাদে। আকুল হইয়া যত গ্রাম্যসিংহ কাঁদে॥ অনাচার কর্ম বড় অরণ্যে হইল। মুক্র্ক বহুমতা কাপিতে লাগিল। রাজলক্ষী রাজারে ছাড়িল অমুতাপে। অচিরে হইবে নফ্ট এই মহাপাপে ॥ মঙ্গ হৈল বিবৰ্ণ বদন হৈল কালি। নামৰ্থ্য–বিহীন অঙ্গ কৰ্ণে লাগে ভালি॥ দেবমায়া দেখে রাজা হইতে গগন। উদয় হইল যেন দ্বাদশ তপন॥ আচন্দিতে মাথার মুকুট গেল খদি। অন্ধকার দেখি সদ। মনে ভয় বাসি॥ তথাপি বিষয়-মদে না জানি মরণ। আজ্ঞা দিল বধ ঝাট পার্থের নন্দন॥ সপ্তরথী রথে চড়ে ভাবিয়া বিষাদ। ভদ্র নাহি নুপতির হইল প্রমাদ॥ বেড়িল বালকে গিয়া দপ্ত মহারথী। হানাহানি মহাবুদ্ধ হয় অবিরতি ॥ এককালে সপ্তর্থী করে অস্ত্রময়। রবি আচ্ছাদিল বাণে অন্ধকার হয়। ভূষণ্ডী তোমর শক্তি বাণ জাঠাজাঠি। ত্রিশূল পট্টিশ মহা অস্ত্র কোটি কোটি॥ সূচীমুখ শেলমুখ অদ্ধচন্দ্রবাণ। বিকট সঙ্কট শক্তি অনল দমান॥ কপালী কৌশিকী বাণ, বাণ ব্ৰহ্মদাল। রুদ্রহ্যতি রিপুচণ্ড অত্যন্ত বিশাল ॥ শ্রীবণের মেঘ যেন রপ্তি বার বার। তপন ঢাকিল যেন তিমির আকার॥ একযোগে সপ্তর্থী অস্ত্র বর্ষিল। অগর ভুজ্ঞস্থ নর চমকিত হৈল॥ যেন সৃষ্টি মজাইতে ইচ্ছা বিধাতার। বাণরৃষ্টি হয় যেন মুষলের ধার ॥ হইল পাবক তুল্য আৰ্জ্জ্বি কুপিয়া। কৌরবদলের এত অন্যায় দেখিয়া ॥

হাহাকার আকাশে অমরগণ করে। সপ্ত মহারথী বেড়ে এক বালকৈরে॥ বিধি বিভৃষিল হুর্য্যোধন হুরাচারে। এমত অন্তায় যুদ্ধ সে কারণে করে॥ কতু হেন বিপরীত না দেখি না শুনি। মরিবে নিশ্চয় পাপী গরাসিল ফণী॥ মহাবীষ্য তমুজ, তুলনা নাহি মহী। সাধু সাধু শব্দ শুনি ইহা বই নাহি॥ অভিমন্যু মহাবীর অবসাদ নাই। প্রশংদা করিয়া গুণ দেবতারা গাই ॥ বন্ধনে সন্ধান পুরি শিশু এড়ে বাণ। নিমিয়ে সকল অন্ত্র করে খান খান॥ কাটিয়া সবার অস্ত্র অর্জ্জুন তনয়। দশ দশ বাণে বিস্কে সবার হানয়॥ বাণাঘাতে সপ্তর্থী হতজ্ঞান হয়। শিশুর শমন বাণ হেন মনে লয়॥ মূর্চ্ছা দেখি রথীর দারথি লয় রথ। পলাইল রথী ল'য়ে যোজনেক পথ ॥ সপ্তর্থী এইরূপে যুঝে সাতবার। সবাকারে পরাজিল অর্জ্জ্ব-কুমার॥ অবসাদ নাহি, অস্ত্র এড়ে শিশু যত। কোটি কোটি দেনা হয় সমরেতে হত॥ হয় পড়ে নাহি দীমা কুঞ্জরের দল। রথে পথ ঢাকিল চলিতে নাহি স্থল। মড়ায় ধোড়ার ক্ষিতি পদাতিক গদা। রুধিরে হইল হোড় বরিষার কাদা॥ কতক্ষণে সপ্তর্থী পাইল চেতন। লজ্জায় স্বার যেন হইল মরণ॥ কার' মুখ কেহ নাহি চাহে অভিরোধে। র্থ এড়ি মহীতলে মাথ। ধরি বদে॥ কি হৈল কি হইরে কুমার নহে যম। পলাইল অবসাদে বলে হ'য়ে কম॥ চিন্তিয়া আকুল হ'য়ে কূল নাহি দেখি। মজিলাম অবোধ রাজার হাতে ঠেকি 🛚 বালকের ক্লান্তি নাহি আর' বাড়ে বল। পতক্ষের প্রায় দেখে কুরুদৈন্য দল॥

নলবন দলে যেন মদমত হাতী। নিপাতে নিমিধে লক লক সেনাপতি॥ _{তুনী}তি দেখিয়া তবে হুর্য্যোধন স্থূপ। চাডিল জীবন আশা শুকাইল মুখ। অধোমুথ বারগণ বুক নাহি বান্ধে। নুপতির চরণযুগল ধরি কান্দে॥ কেশরী সমান শিশু মুগ যেন পেয়ে। সংহারে সকল সৈন্য দেখ কিবা চেয়ে॥ আকুল হইয়া রাজা রথী সপ্ত জনে। ক্রহিতে লাগিল অতি বিনয় বচনে॥ ুদ্ধ গুরু মহাশয় কর্ণ প্রাণদ্রথা॥ বনাশিল সর্ববৈদন্য অভিমন্ত্যু একা॥ শুন শুন সপ্তর্থী আমার বচন। গুনরপি অভি**মন্যু বেড় সাত জন**॥ দাহদে না হও হীন সতর্ক হইয়া। ্রারে রক্ষা **কর এই বালকে ব**ধিয়া॥ জ্য করি সমরে পুরাও যদি আশ। কিনিয়া করিবে তবে মোরে নিজ দাস।। রজোর বিনয় শুনি বল করে রথী। পুনরপি যা**য় রণে সপ্ত সেনাপতি**॥ ্রেথ ব'দে বিক্রমে বাসব তেজ ধরি। শ্বরথি চা**লায় রথ শিশু বরাবরি ॥** বানকে বেড়িয়া বাণ বরিষয়ে তারা। র্ষ্টি যেন বরিষয়ে মুষলের ধারা॥ গ্রাণপণে করে রণ প্রাণে ছাড়ি আশা। শৃংদে বান্ধিয়া বুক করিল ভরদা॥ নিবারণ করি **অস্ত্র অভিমন্যু** বীর। বাণে বিন্ধি খণ্ড খণ্ড করিল শরীর॥ ধারায় রুধির বহে অবিরত গায়। তথাপি তিলেক শ্রম নাহি করে তায়॥ ^{তবে} কর্ণ মহাবীর মানিয়া বি**র্দ্র**য়। প্রমাদ দেখিয়া ডাকি ছয় জনে কয়॥ ^{অজ্ঞ্}ন হইতে শি**শু মহা পরাক্রম**। অবদাদ নাহিক তিলেক নাহি শ্রম॥ ^{দাব্ধান} হইয়া সবাই কর রণ। ^{এককালে} সন্ধান করহ সপ্তজন॥

কেছ কাট' ধসুখান কেছ কাট' গুণ। কেহ কাট' রথ কেহ কাট' অস্ত্র ভূণ॥ এ উপায় বিনা কিছু নাহি দেখি আর। কাল-অগ্নি সম শিশু দেখ চমৎকার॥ তবে দপ্তর্থা পুনঃ বেড়িল কুমারে। এককালে সন্ধান করিল সাত বীরে॥ তবে কর্ণ মহাবীর কোপে কম্পে তন্তু। অনেক সন্ধানে কাটি ফেলাইল ধনু॥ আর ধন্ম নিল বীর চক্ষু পালটিতে। সে ধন্ম কাটেন কর্ণ গুণ নাহি দিতে॥ যতবার ধরিয়া ধন্তুক হাতে লয়। খণ্ড খণ্ড করি কাটে সূর্য্যের তনয়॥ পুনর্বার আর ধনু ল'য়ে গুণ দিল। দ্রোণের নন্দন তাহা কাটিয়া পাড়িল ॥ কবচ কাটিল দ্রোণ আর কাটে ধনু। ছঃশাসন কাটে রথ সার্থির তকু॥ কুপাচার্য্য বাণেতে কাটিল শরাসন। তুর্য্যোধন কাটে অশ্ব মারি অস্ত্রগণ ॥ অস্ত্র ধনু কাটা গেল রথের সার্থি। শূন্যহস্ত হৈল যেন মদমত্ত হাতী॥ খড়প ল'য়ে চর্মা এড়ি রণ করে বীর। তাহাতে কাটিল দৈন্য কেহ নহে স্থির॥ বড় বড় রখী-মারে পর্বতের চূড়া : খান খান করে রথ হ'য়ে যায় গুঁড়া॥ শত শত হস্তী মারে পর্বতের প্রায়। পদাতি পাইক মারে ধরণী লুটায় ম যোড়া যোড়া ঘোড়া মারে পক্ষীরাজ নাম। বিষম বাগক বড় শমনের সম॥ তবে কর্ণ আকর্ণ সন্ধানে মারে শর। সেই বাণে চর্ম্ম কাটি ফেলায় সত্তর॥ কাটা চৰ্ম্ম আচ্ছালন নাহি তাহা উড়ে। চতুর্দ্ধিক হৈতে বাণ গায়ে আসি পড়ে॥ **শুধু অসি লই**য়া **সমর** করে বীর। আদে পাশে সন্মুখে সৈন্যের কাটে শির॥ বড় বড় বীর মারে বড় বড় রথী। নিবারণে অসক্ত হইল সেনাপতি॥

হস্তী মারে সহত্রেক অতি তড়বড়ি। অসংখ্য পদাতি পড়ে যায় গড়াগড়ি॥ শিশুর সমর দেখি অগ্নি হৈল কোপে। অশ্বত্থামা মহাবীর বাণ যোড়ে চাপে॥ তিন বাণে কাটিয়া ফেলিল খাণ্ডাগান। অন্ত্রশূন্য হইলেক না দেখি বিধান॥ চর্ম কাটা গেল, অন্ত্র অবশেষ খাণ্ডা। তাহা যদি কাটা গেল, ফুরাইল ভাণ্ডা॥ কাহার' বিরাম নাহি বলবান অরি। অসংখ্য রাজার সেনা গণিতে না পারি॥ পঙ্গপাল পাতে জাল চারিদিকে ঢাকা। পলাইতে পথ নাহি কি করিবে একা॥ নৃপতি অধন্মী বড় অন্যায় সমর। ধরিয়া বালক মারে পাপিষ্ঠ পামর॥ তবেত' অৰ্জ্জন স্থতে ভয় হৈল মনে। বিপক্ষের হাতে আর রক্ষা নাহি রণে॥ মুকুটীতে দেনা মারে, কর পদ ঘায়। চড় চাপড়েতে সবে দেয় যমালয়॥ অস্ত্র রথ তুই হান একেলা কুমার। চারিদিক হৈতে হয় অন্ত্র অবতার॥ অবসাদ পেয়ে বীর ছাড়িল নিশ্বাস। আজি রক্ষা নাহি আর অবশ্য বিনাশ॥ আচরিয়া অধর্ম অন্যায় কৈল বুগ্র। কেমনে ইহাতে রক্ষা পাইবে জীবন॥ পিতা রণ করে সেনা নারায়ণী যথা। তিনি মাত্র না জানেন এতৈক বারতা॥ কৃষ্ণ মম মাতৃল অৰ্জ্জ্ন মম বাপ। মৃত্যুকালে না দেখিতু এই মনস্তাপ॥ আমার রুত্তান্ত তাত গোবিন্দ মাতুল। শুনিলে অবশ্য হইতেন অমুকূল॥ এতেক চিন্তিয়া শিশু হইল নিরাশ। উল্কার সমান ঘেন পড়িল নিশ্বাস। হাতে করি লইল রথের চক্রদণ্ড। যমচক্র সম সেই বড়ই প্রচণ্ড ॥ হেন চক্রদণ্ড বীর হাতে করি লৈয়া। সর্বব দৈনগেণে বীর মারিলেন গিয়া।

চুর্ণ করে হয় হস্তী হাজারে হাজার। তুরঙ্গ মারিল কত সংখ্যা নাহি তার॥ সহস্র সহস্র বীর বধিল বালক। নিবারিতে নাহি শক্তি জ্লস্ত পাবক॥ তবে কর্ণ পাঁচ বাণ পৃরিয়া সন্ধান। চক্রদণ্ড কাটিয়া করিল খান খান॥ চক্রদণ্ড গেল যদি চক্র নিল হাতে। দানবের যুদ্ধ যেন সহ জগনাথে ॥ তাহাতে অনেক দৈন্য শোয়াইল ক্ষিতি। লেথা জোথা নাহিক মারিল ঘোড়া হাতী। চক্রহস্ত বিষ্ণু যেন ব্শতি জ্যোতির্মায়। তাহার সমান শোভা অভিমন্যু হয়॥ তবে কর্ণ মহাবীর ধরিয়া ধ্যুক। তিন বাণ প্রহারিল যেন হুতভুক॥ অভিমন্যু করে রণ রথচক্র হাতে। কাটিলেন কর্ণ তাহা তিন বাণাঘাতে ॥ শূন্যহস্ত ব্যস্ত শিশু তাহে রথহীন। ভরসায় তবু যুবে সংগ্রামে প্রবীণ ॥ পদাঘাত করাঘাত প্রহারেণ যারে। সেইক্ষণে তাহারে পাঠান যমঘরে॥ মদমত্ত হস্তী যেন মহাভয়ঙ্কর। মুক্ট্যাঘাতে রথ রথী বিনাশে বিস্তর॥ হয় পড়ে নাহি হয় পরিমাণ যুথে। বড় বড় রথী পড়ে অযুতে অযুতে॥ চারিদিকে বীরগণ বরিষয়ে বাণ॥ বাণে অঙ্গ হৈল যেন সজারু সমান॥ রক্তে তমু তোলবোল বিকল শরীর। পড়িয়া ধরণী ধারা বহিছে রুধির॥ অস্ত্রাঘাতে অভিমন্যু হৈল অচেতন। পুদঃ সপ্তর্থী করে অস্ত্র বরিষণ॥ হেনকালে অস্টেদ ত্রঃশাদনের নন্দন। গদা হাতে করি ধায় মহাক্র্বদ্ধ মন ॥ অরুণ জিনিয়া রক্ত ঘূর্ণিত নয়ন। দৈবে যাহা করে তাহা কে করে খণ্ডন ॥ আর্চ্ছনি উপরে করে গদার প্রহার। দেখিয়া অমরগণ করে হাহাকার ॥

্_{ণ্মত} অন্যায় করে ছফ্ট ছর্য্যোধন। _{এই} পাপে **হইবেক সবংশে** নিধন ॥ _{গদার} প্রহারে বীর পায় বড় মোহ। অভিযানে নয়নযুগলৈ বহে লোহ ॥ হা দেখিল জনকৈ মাতুল কৃষ্ণরূপে। গুত্যকালে সেই নাম মনে মনে জপে॥ স্মাধ সমরে বীর ছাড়িল জীবন। _{চল্লে}লেকে গমন করিল সেইক্ষণ॥ রোদন করুয়ে পাগুবের সেনাগণ। শোকাকু**ল হইলেন ধর্মের নন্দন॥** ভূগ্যোগন **ইইলেন আনন্দিত মন**। বাজাইল র**ণবাত্ত শত জন**॥ দাসামা দগড় বাজে শত শত বাঁশী। বিরঙ্গ মোহরী **বাজে শত শত কাঁসি॥** শত শত জয়ঢাক বাজে জয়ঢোল। পুথিৰী যুড়িয়া **যেন হৈল গণ্ডগোল**॥ বাজে শছা তুন্দুভি যে হুমধুর বীণা। ভেউরি বাঁঝেরি বাজে নাহিক গণনা॥ কুরুদৈন্যে হৈল মহাবান্ত কোলাহল। ক্রিন্দন করয়ে যত পাণ্ডবের দল॥ যুধিষ্ঠির রা**জা হইলেন অচেতন**। রোদন করয়ে ভীম আদি যোদ্ধাগণ॥ ্থেনকালে অন্তগত হৈল দিবাকর। kকারব পা**গুব গেল যে যাহার ঘর॥** দ্রোণপর্ব্ব স্থারস অভিমন্যু বধে। ^{কাশীরাম দাস কছে গোবিল্দের পদে॥}

অভিমন্থার জন্মকথা।

র্থনি বলে শুন পরীক্ষিতের নন্দন।
শিবিরে গেলেন রাজা শোকাকুল মন ॥
বিলাপ করেন ধর্ম কুন্তীর নন্দন।
ইনিতে বিদিয়া দবে ত্যজিয়া আদন॥
ইনকালে আসি সত্যবতীর নন্দন।
শিবিন ধর্মের পুত্রে শোকাকুল মন॥
গ্রানে দেখি সর্বজন নমিল উঠিয়া।
শ্রে জিজ্ঞাসেন ব্যাস আশীর্বাদ দিয়া॥

কি কারণে শোক কর ধর্মের নন্দন। ইহার র্ত্তান্ত বল আমারে এখন॥ এত শুনি যুধিষ্ঠির ধর্ম্মের তন্য়। কান্দিয়া বলেন শুন ব্যাস মহাশয় 🛚 মহালোভি ছুফীমতি আমি কুলাধম। পৃথিবীতে পামর নাহিক আমা সম॥ রাজ্যলোভে কার্য্যে বাধা ধর্ম্মপথ রোধ। নহে কি উচিত জ্ঞাতি সহিত বিরোধ॥ রাজ্যলোভে করিলাম বড় অপকর্ম। বুঝিলাম আচার দে বিচারে অধর্ম 🏾 পাঠান্থ বালক, শত্রু সমূহের মাঝে। কহিতে ফাটয়ে বুক হেঁট হই লাজে॥ কহিল আমারে শিশু করিয়া সন্ত্রম। ব্যুহ প্ৰৰেশিতে পারি না জানি নির্গম॥ কহিল এ কথা পুত্র মোরে বারে বারে। তথাপিও যত্ন করি পাঠাইফু তারে॥ সমরে অধিক দৈশ্য বধিয়াছে হুত। করিল প্রদায় যুদ্ধ দেখিতে অদ্ভূত॥ অন্যায় করিয়া কুরু শিশুবধ করে। দ্রোণ আদি সপ্তর্থী বেড়ি তারে মারে॥ অন্যায় সমরে বধে অভিমন্ত্য বীর। নিবারিতে শোক আমি হ'য়েছি অন্থির ॥ এত বলি কান্দিলেন রাজা যুধিষ্ঠির। অভিমন্ত্র মহালোকে হইয়া অস্থির॥ ব্যাদ বলিলেন শোক ত্যুজহ হাজন। খণ্ডাইতে নারে কেহ দৈব নির্বন্ধন ॥ মনস্থির কর, শুন আমার বচন। আর্জুনির পূর্বকথ। করহ ভাবণ। यूनिभार्त हस्त करना स्टब्स-उपरंत । তাহার ব্যক্তান্ত কবি লোমার গোচরে॥ চন্দ্রলোকে গেল গর্গ মহাভাগেরন। সঙ্গেতে আছিল তার বহু শিষ্যগণ ঃ চন্দ্রের নিকটে সবে উত্তিল গিয়া। সেই স্থানে গুনিগণ রহে দাওটেয়া 🛭 রোহিণা সহিত চন্দ্র ক্রীড়ায় আছিল। হেনকালে গর্গমূনি সেই স্থানে গেল 🛚

মদনে মোহিত চন্দ্র অন্য মন ছিল। গর্গমুনি দ্বেখি চন্দ্র পূজা না করিল।। এতেক দেখিয়া মুনি কুপিত হইয়া। চন্দ্ৰ প্ৰতি সেইক্ষণে বলেন ডাকিয়া॥ অহঙ্কারে মত্ত হ'য়ে না দেখ নয়নে। কি কারণে অমান্য করিলে মুনিগণে॥ ব্রাহ্মণ হেলন কর মত্ত তুরাচার। আদ্রি আমি করিব ইহার প্রতিকার॥ মনুষ্যলোকেতে গিয়া জন্মহ সম্বর। ক্রোধে এই শাপ দিল গর্গ মুনিবর॥ 🗢 নিয়া মুনির শাপ রজনীর পতি। **অশেষ বিশেষে করে মুনিবরে স্ত**ি ॥ অজ্ঞানে ছিলাম আমি শুন মুনিবর। ষাইতে মসুষ্যলোকে বড় লাগে ভর। কুপায় শাপান্ত মুনি আজ্ঞা কর মোরে। কতদিনে মুক্ত হ'য়ে আসি হেথাকারে **॥** তৃষ্ট হ'য়ে বলে তারে গর্গ মুনিবর। তোমার শাপান্ত এই শুন শশধর॥ অর্চ্ছনের পুত্র হবে স্থভদ্র। উদরে। করিয়া বীরের কার্য্য পড়িবে সমরে॥ সন্মুখ সংগ্রামে পড়ি ত্যজিবে জীবন। ষোড়শ বংচর অস্তে পুনরাগমন।। এই হেতু চন্দ্র জন্মে স্বভদ্র। উদরে। অভিনন্যু জন্মকথা জানাই তোমারে ॥ পূর্বে হইয়াছে এইরূপেতে নির্ণয়। অতএব শোক না করিহ মহাশয় **॥** পুনশ্চ বলেন রাজা শুন মুনিবর। কেমনে কহিব ইহা পার্থের গোচর॥ কি বলিয়া প্রবোধিব ভাই ধনঞ্জয়। 🖦 নিয়া কি বলিবেন কৃষ্ণ মহাশয়॥ কি বলিয়া প্রবোধিব হৃভদ্রার মন। বিরাটকন্যার দশা হইবে কেমন II রাজ্য আশে হারাই হাতের রত্ননিধি। না পারি ধরিতে বুক বিড়ম্বিল বিধি॥ এতেক বলিয়া রাজা করেন রোদন। ষ্যাদের প্রবোধে স্থির তবু নছে মন॥

অকালে না মরে কেছ জানিই রাজন।
কালপ্রাপ্ত ইইলে না রহে কদাচন ॥
অর্জ্জুনের সহিত্ত আপনি নারায়ণ।
অর্জ্জুনের শোক করিবেন নিবারণ॥
এতেক শুনিয়া রাজা ত্যজেন রোদন।
নিরুৎসাহে বিদল যতেক যোদ্ধাগণ॥
যুধিন্ঠিরে প্রবোধিয়া ব্যাস তপোধন।
করিলেন আপনার স্থানেতে গমন॥
ড্যোণপর্বর পুণ্যকথা রচিলেন ব্যাস।
পাঁচালী প্রবন্ধি কহে কাশীরাম দাস॥

व्यर्कुत्भत्र व्यमक्रल ५न्न ।

মুনি বলে শুন পরীক্ষিতের নলন সমরেতে অভিমন্ত্য হইল নিধন ॥ সংদপ্তকে থাকিয়া করেন পার্থ রণ। উৎপাত অনেক দেখি করেন চিন্তন॥ করুণ ডাকিয়া কাক ধ্বজে আসি পড়ে: শক্তিহীন সমরে, গাণ্ডীব-গুণ ছিঁড়ে॥ বামচক্ষু স্পক্তি, ঘন ঘন বাম কর ! উড়ু উড়ু করে প্রাণ, রণে নাহি ডর॥ কুষ্ণে চাহি ধনঞ্জয় বলেন তথন। অবধানে শুন কৃষ্ণ আমার বচন ॥ আজি কেন মম মন হয় উচাটন। অবশ্য কারণ আছে দেব নারায়ণ ৷৷ নাহি জানি কি করেন রাজা যুধিষ্ঠির : হাহাকার করে শুন দব মহাবীর॥ হায় অভিমন্ত্য বলি কান্দে যোদ্ধাগণ সমরে হইল বুঝি তাহার নিধন 🎚 প্রাণ স্থির নহে মম জানাই তোমারে। না জানি কি হৈল আজি সমর ভিতরে। কুরুসৈন্মে কোলাহল জয়শব্দ শুনি। বাজিছে বিবিধ বান্ত জয় জয় ধ্বনি। রথ চা**লাই**য়া দেহ অতি শীঘ্রতর। রাজারে দেখিলে হুন্থ হইবে অন্তর। শ্রীকৃষ্ণ বলেন সথে না চিন্ত অরিন্ট। যোদ্ধা অভিমন্ত্য দেখ সবাকার শ্রেষ্ঠ ।

वालक विषयां भेळ ना विधित तर्ग। দ্রোণ আদি করিয়া যতেক বীরগণে। ত্তবে যদি অভিমন্ত্য বধে তুর্য্যোধন। তার সম পাপী তবে নহে অব্যঙ্গন॥ অন্তর্যামী নারায়ণ জানেন সকলি। পডিয়াছে অভিমন্যু সমরের স্থলী॥ এতেক বলিয়া কৃষ্ণ প্রবোধে অর্জ্জুনে। র্থ চালাইয়া দেন প্রনগমনে॥ শিবির নিকটে উত্তরিয়া ধনঞ্জয়। বিপরীত দেখিলেন অমঙ্গলময়॥ অন্ধকার করি ব'নে আছেন সভায়। শোকাকুল সর্বজন দেখিল তথায়॥ অৰ্জ্জন বলেন কৃষ্ণ দেখি বিপরীত। মোরে দেখি লোক কেন হয় অতি ভীত ॥ আজি যোদাঁগণ কেন শোকাকুল মন। ভূমিতে ব'দেছে সবে ত্যজিয়া আসন॥ এই সব দেখি মম স্থির নহে প্রাণ। কিসের কারণে কুষ্ণ বলহ বিধান॥ এতেক বলিয়া গেল শিবির ভিতর। দেখিলেন রোদন করিছে নৃপবর॥ অধোমুখ করি বদিয়াছে যোদ্ধাগণ। একে একে পার্থ করিলেন নিরীক্ষণ॥ অভিমন্ত্যু নাহি দেখি উচাটন মন। জিজ্ঞাদেন ডাকিয়া ভীমেরে সেইক্ষণ॥ কোথা গেল অভিমন্যু কহ রুকোদর। ভারে না দেখিয়া মর্ম বিদরে অক্তর॥ এতেক শুনিয়া ভীম উত্তর না দিল। জবোমুথ হ'য়ে ভীম নিঃশব্দে রহিল॥ উত্তর না পেয়ে পার্থ শোকেতে আকুল। ^{ন্য়নে}র জলে ভিজে অঙ্গের তুকুল। নকুল আকুল আর সহদেব শোকে। অশ্রুধারে বহে ধারা বসি অধোমুখে॥ রোদন করিয়া ভীম কহিল তখন। কেমনে কহিব অভিমন্ত্যুর মরণ॥ করিয়া অন্সায় যুদ্ধ ছুফ্ট ছুর্য্যোধন। শপ্তরথী বেড়ি পুত্তে করিল নিধন॥

ব্যুহদার রুদ্ধ কৈল সিদ্ধুর নন্দন।
ব্যুহে প্রবেশিতে না পারিল কোনজন॥
এতেক শুনিয়া ধনঞ্জয় মহাবীর।
হইলেন অভিমন্যু শোকেতে অন্থির॥
মহাভারতের কথা অন্থত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

অভিমন্থ্য-শোকে অর্জুনের বিলাপ। পার্থ মহাবীর. হইলা অস্থির, তনয়-নিধন শুনি। হাহা পুত্রবর, মহা ধকুর্ব্ধর, বীরগণ চূড়ামণি॥ যর *হৈ*ল ঘোর তোমা বিনা মোর. কি করিব রাজ্যধনে। আমারে ছাড়িয়া, গেলে পলাইয়া দাগা দিয়া মশ প্রাণে॥ কন্দর্প শরীর পুত্রে মহাবীর, চন্দ্রমুখ পরকাশ। কটাক্ষ লাবণ্য, সবে বলে ধন্য অমৃত সমান ভাষ॥ স্থির নহে মন, কহ নারায়ণ, করিব কোন উপায়। বিনা অভিমন্ত্যু, না রাখিব তকু, দহিছে সামার কায়॥ বিদরে হৃদয়, বলে ধনঞ্জয়, বিনা পুত্র অভিমন্ত্র। হেন পুত্ৰ বিনে, রহিব **কেমনে**, না রাখিব এই তন্তু ॥ অর্জ্জুনের কাণী, শুনি চক্রপাণি, অনেক ফেন্স কৈলা। কহিয়া অৰ্জনে মধুর বচনে, কৃষ্ণ ধরি সাস্তাইলা ॥ ব্যাস বির্চিত ভারত-চরিত্র প্রবণে কলুষ নাশ।

চারত-সঙ্গীত, **শ্রবণে ললিত,** বিরচিল কাশীদাস॥

অর্জুনের প্রতি ভীক্তম্ম ও ব্যাদের দাখনা ও জন্মত্রথ বধে অর্জুনের প্রতিজ্ঞা।

অর্জ্জুন বলেন কৃষ্ণ করি নিবেদন। অভিমন্ত্য বিনা আর না রহে জীবন॥ অভিমন্যু দম নাহি দেখি ত্রিভুবনে। কন্দর্প সমান বীর পূর্ণ রূপে গুণে ॥ শ্রীকৃষ্ণ বলেন সথে শুনহ বচন। স্বর্গে গেল যেই, তার না কর শোচন॥ সম্মুখ সংগ্রাম করি গেল স্বর্গলোক। বড় কার্য্য কৈল দেই, পরিহর শোক ॥ অনিত্য সংসার দেখ নিত্য কিছু নয়। কহিমু স্বরূপ এই জানির্হ নিশ্চয়॥ যতেক দেখহ সব পুত্র পরিবার। কেহ কার' নয় শুন কুন্তীর কুমার॥ এক কথা কহি তাহা শুন সাবধানে। দেখিয়াছ বুক্ষোপরে থাকে পক্ষিগণে॥ নিশাকালে থাকে সব বুক্ষের উপর। প্রভাতে উঠিয়া যায় দিগ্দিগন্তর ॥ তত্তুল্য সংসার এই দেখ ধনঞ্জয়। কুহকের প্রায় যেন কিছু সত্য নয়॥ এইমত সাস্ত্রনা করেন নারায়ণ। ছেনকালে আইলেন ব্যাস তপোধন॥ বসিবারে আসন দিলেন সেইক্ষণ। উঠিয়া প্রণাম করিলেন সর্ব্বজন॥ পার্থ বলিলেন মুনি কর অবধান। অভিমন্যু পুত্র বিনা হির নহে প্রাণ **॥** ব্যাস বলিলেন ইছা শুন সর্বজন। জীবন অসার, সার কেবল মরণ॥ স্থন্ধন করিলা প্রভু এ তিন ভুবন। পরিপূর্ণ হৈল পাপী না হয় পতন॥ পুথিবী না সহে ভার টলমল করে। এত দেখি নারায়ণ চিন্তিল অন্তরে॥

নিখাদ ছাড়েন প্রভু করি হুহুঙ্কার। মাদাপথে কন্সা এক হৈল অবতার॥ প্রভুর নিকটে কন্সা দাণ্ডাইয়া কয়। কি কার্য্য করিব আজ্ঞা কর মহাশয়॥ প্রভু বলিলেন তুমি মৃত্যুরূপা হও। চতুর্দ্দণ পুরে গিয়া ভ্রমিয়া বেড়াও॥ মৃত্যুরূপে প্রাণীর সংহার কাল পেয়ে। প্রভুর আদেশে কন্যা হর্ষিতা হ'য়ে॥ কালপ্রাপ্ত জনেরে যে মৃহ্যুরূপে হরে। অনিত্য সংসার এই জানাই তোমারে॥ এত বলি ব্যাসদেব করেন গমন। সবে মেলি করে তাঁর চরণ বন্দন॥ তার পরে বাহ্নদেব কমললোচন। যুধিষ্ঠির রাজা চাহি বলেন বচন॥ কহ শুনি অভিমন্ত্য যুদ্ধের কর্বন। কিরূপে কৌরব সহ করিলেক রণ॥ যুধিষ্ঠির বলিলেন শুন বিবরণ। চক্রব্যুহ করি দ্রোণ করে মহারণ॥ ব্যুহ ভেদি যুদ্ধ করে নাহি হেন জন। অভিমন্যু প্রতি কহিলাম দে কারণ॥ এতেক শুনিয়া পুত্র কহিল তথন। ব্যুহে প্রবেশিতে জানি, না জানি নির্গম ॥ তথাপি পাঠামু তারে করিয়া বিচার। ব্যুহে প্রবেশিল শিশু করি মহামার॥ তার পাছে যাই সবে হেন করি মনে। ব্যুহদ্বার রুদ্ধ করে সিন্ধুর নন্দনে॥ জয়দ্রথে জিনিতে নারিল কোন জন। দে কারণে মরিলেন অর্জ্জ্ন-নন্দন ॥ কুরুবল বিনাশিল অভিমন্ত্যু রথী। তবে তারে বেড়িলেন সপ্ত সেনীপতি॥ এমত অত্যায় করে ছুফ্ট ছুর্য্যোধন। সমরেতে বিনাশিল আমার নন্দন॥ এত শুনি নারায়ণ ক্রোধে হুতাশন। এমত অন্যায় যুদ্ধ করে ছুফ্টগণ॥ ব্রুয়দ্রেথ হেতু মরে অভিমন্ত্যু বীর। শুনি ধনপ্রয় ক্রোধে হইল অন্থির॥

ग्रशांकार्य विलितन हेटल नम्मन । আমি যাহা কহি তাহা শুন সর্বজন। _{জয়দ্র}থ হেতু মরে **অভিমন্ত্য** বীর। এক বাণে নিপাতিব তাহার শরীর 🛭 कालि यि जयुर्वा नारि माति तर्ग। পিতা পিতামহ গতি না পায় কথনে॥ বিনা জয়দ্রথ বধে সূর্য্য অস্ত হয়। ক্রবিব শরীর ত্যাগ জানিহ নিশ্চয়॥ জযুদ্রথে না মারিয়া না আসিব ঘর। জায়ার প্রতিজ্ঞা এই সভার ভিতর ॥ এত শুনি যোদ্ধাগণ হরিষ অন্তর। মহানাদে গর্ভিজয়া উঠিল রকোদর॥ পাঞ্জ্য **আপনি বাজান নারায়ণ**। মহানাদে বাজিতে লাগিল বাছাগণ॥ হড বড শ**ন্ধ বাজে নাহি লেখাজোখা।** দামামা দগড বাজে নাহি তার সংখ্যা ॥ কোটি কোটি ডব্ফ বাজে মৃদঙ্গ বিশাল। ভেউরি ঝাঝরি বাজে মুহুরী কাহাল॥ নানাজাতি বাগু বাজে কত ক'ব নাম। সুমধুর বীণা **বাজে অতি অসুপম**॥ মহাকোলাহ**ল শব্দ হইল গৰ্জ্জন।** শুনিয়া হইল ত্যাস্ত কুরুদৈশ্যগণ ॥ দূতমুখে শুনি তবে সিন্ধুর নন্দন। শরীর হইল কম্প নহে নিবারণ ॥ শীঘ্রগতি পিয়া কহে যথা তুর্য্যোধন। প্রতিজ্ঞা করিল পার্থ আমার কারণ॥ কালি রণে মোরে পার্থ করিবেক ক্ষয়। প্রতিজ্ঞা করিল এই শুন মহাশয়॥ ^{যদি} পার্থ কা**লি মোরে বধিবারে নারে।** আপনি মরিবে সেই পুড়ি বৈশ্বানরে॥ এইমত প্রতিজ্ঞা করিল পুনঃ পুনঃ। কালি সত্য যুক্তে মোরে মারিবে অর্জ্জুন॥ ^{ইহার} উপায় কিছু না দেখি যে আমি। ^{নিজদেশে} যাই **আমি আজ্ঞা কর ভুমি॥** ^{এত} শুনি হর্ষিত হৈল ছুর্য্যোধন। ^{জন্ম}দ্রথে বলে শুন আমার বচন॥

কি শক্তি অর্জুন তোমা করিবে সংহার। তোমারে রাখিবে যোদ্ধা যতেক আমার॥ এত বলি ছুর্য্যোধন জয়দ্রথে ল'য়ে। যথা দ্রোণগুরু-গৃহ উত্তরিল গিয়ে॥ প্রণাম করিয়া তবে বলে ছর্য্যোধন। অবধান কর গুরু এক নিবেদন॥ প্রতিজ্ঞা করিল পার্থ কুন্তীর নন্দন। কালি যুদ্ধে জয়দ্রথে করিবে নিধন॥ জয়দ্রথ বধ বিনা সূর্য্য অস্ত হয়। অগ্নিতে শরীর ত্যাগ করিবে নিশ্চয়॥ এত শুনি জয়দ্রথ মহাভয় পেয়ে। আমারে কহিল, আমি ঘাই পলাইয়ে॥ সাক্ষাতে দেখহ ভয়ে কাঁপিছে শরীর। তুমি ভয় ভাঙ্গিলে দে হয়ত স্থন্থির॥ কালি যদি ধনঞ্জয় মারিতে না পারে। অবশ্য মরিবে পার্থ কহি দে তোমারে॥ এত শুনি দ্রোণ জয়দ্রথে আখাদিল। নাহিক তোমার ভয় বলিতে লাগিল॥ কর্ণ আদি করিয়া যতেক যোদ্ধাগণ। তোমারে রাখিবে দবে করিয়া যতন ॥ কালি আমি এক ব্যুহ করিব রচন। যাহা লঙ্ঘিবারে নাহি পারে দেবগণ॥ ব্যুহ মধ্যে তোমাকে রাখিব লুকাইয়া। ত্বৰ্য্যাধন আগু হ'য়ে থাকিবে বেড়িয়া॥ কর্ণ বলে জয়দ্রথ না করিছ ভয়। অবশ্য মরিবে কালি বীর ধনঞ্জয়॥ হেন ব্ঝি অনুকৃল ইইবেক ধাতা। দে কারণে অৰ্জ্জুন কহিল হেন কথা॥ এত ঋনি জয়দ্রথ তাজিলেক ভয়। অবশ্য হইবে কালি অর্জ্নের ক্ষয়॥ হরষিত হুর্য্যোধন জয়দ্রথে নিয়া। আপনার গৃহে গেল আনন্দিত হৈয়া॥ কুপাচার্য্য বলে তবে দ্রোণাচার্য্য প্রতি। এক কথা কহি আমি কর অবগতি॥ নিশ্চয় জানিল এই রাজা তুর্য্যোধন। অবশ্য হইবে কালি পার্থের নিধন ॥

ত্তিদশের নাথ কৃষ্ণ সহায় যাহার।
হেনজন নাহি পায় কদাচ অপার॥
অবশ্য হইবে জয়দ্রথের নিধন।
কহিলাম জান মম স্বরূপ বচন॥
এত শুনি দ্রোণাচার্য্য হরষিত মন।
যতেক কহিলা তুমি বেদের বচন॥
দ্রোণপর্ব স্থধারদ অপূর্ব্ব কথন।
আয়ুর্যশ পুণ্য বাড়ে শুনে যেই জন॥
ব্যাস বিরচিত হয় অপূর্ব্ব ভারত।
কাশীরাম দাস কহে পাঁচালীর মত॥

ব্দমদ্রথবধের বৃত্তান্ত।

মুনি বলে শুন পরীক্ষিতের নন্দন। জয়দ্রথ-বধ কথা অপূর্ব্ব কথন II অর্দ্ধগত নিশা নিদ্রাগত বীরগণ। অতি চিন্তাম্বিত কৃষ্ণ অৰ্জ্জুন কারণ। অৰ্জ্বনে কহেন কৃষ্ণ কমললোচন। না বৃঝিয়া প্রতিজ্ঞা করিলা ক্রোধমন ॥ জয়দ্রথ হেতু সবে করি প্রাণপণ। করিবে দারুণ যুদ্ধ না যায় খণ্ডন॥ জয়দ্রথ বীরে তবে মারিবা কেমনে। এই যে ভাবনা মম হয় অফুক্ণণে ॥ অর্জ্জুন বলেন কৃষ্ণ কর অবগতি। কারে ভয় তুমি যার থাকিবে সার্থি॥ উৎপত্তি প্রলয় যার কটাক্ষেতে হয়। হেন জন সহায়ে তাহার কারে ভয়॥ অৰ্জ্জুন বিনয় শুনি দেব জগন্নাথ। উঠিলেন কুষ্ণ ধরি অজুনের হাত॥ কপিধবজ রথে দোঁহে করি আরোহণ। সঙ্গোপনে যান যথা হরের ভবন॥ পার্ব্বতীর সনে একাসনে ভূতনাথ। দেখি কৃষ্ণাৰ্জ্জ্ন করিলেন প্রণিপাত॥ যোড়হাতে শ্রীনাথ কহেন স্তুতি বাণী। দেবদেব মহাদেব দেব শূলপাণি ॥ সমুদ্রমধনে ঘোর উঠিল গরল। দে স্ক্ৰ সংদার দহে হইয়া অনল॥

স্ষ্টিনাশ দেখি দেবগণ স্তুতি করে। मनग्र श्रेगा (नवरनव नग्ना करत्र ॥ গণ্ডুষে করিয়া পান রাখিলে জগত। ঘূষিতে রহিল যশ জগতে মহত ॥ গোবিন্দের স্তুতি শুনি দেব গদাধর। ঈষৎ হাসিয়া তবে করেন উত্তর॥ আমান্ন বিধাতা তুমি বিশ্বের পালক। যে না জানে সেই বলে নন্দের বালক॥ ভূভার নাশিতে তুমি অবতার হ'য়ে। করিছ বিহার কত ধনপ্রয়ে ল'য়ে॥ যে হয় তোমার আজ্ঞা করিব পালন ৷ করহ বিধান আজ্ঞা দেব নারায়ণ॥ গোবিন্দ বলেন দেব কর অবধান। কৌরব পাগুব যুদ্ধ নহে সমাধান॥ অন্যায় সমর করি অভিমন্ত্যু বীরে। বেড়িয়া কৌরকাণ বধে বালকেরে ॥ প্রতিজ্ঞা করিল পার্থ বিপক্ষ নাশিতে। না পারিলে মিজদেহ ত্যজিবে অগ্নিতে। এই হেতু নিবেদি যে শুন গঙ্গাধর। জয়দ্রথে জিনি পার্থ জিনিবে সমর॥ হর বলিলেন হরি শুন অবধানে। অৰ্জ্জ্বন বিজয়ী হবে জিনি শক্ৰগণে ॥ অর্জ্জুনের সহায় হইব আমি রণে। রণে গিয়া নিধন করিব কুরুগণে॥ অনন্তর প্রণমিয়া দেবীর চরণ। করেন অর্জ্জুন কৃষ্ণ অনেক স্তবন ॥ শঙ্করী বলেন শুন কৃষ্ণ ধনঞ্জয়। মম বরে কর গিয়া সব শক্ত ক্ষয়॥ পাইয়া হরের বর কৃষ্ণ ধনঞ্জয়। ধনলাভে দরিদ্র যেমন তুষ্ট হয় ॥ সেই মত মহানন্দে প্রফুল্ল অন্তরে। প্রণাম করেন দোঁতে শঙ্করী শঙ্করে॥ বিদায় হইয়া, গিয়া আপন শিবিরে। করিলে শয়ন স্বার অগোচরে। প্রভাতে উঠিয়া সবে করি স্নানদান। স্থদজ্জা হইয়া যুদ্ধে করিল প্রয়াণ 🛚

ত্ত্বে দ্রোণ মহাবীর সর্ব্বদৈন্য ল'য়ে। _{র্চিল} অভুত ব্যু**হ রণন্থলে গিয়ে ॥** বার ক্রোশ পর্য্যন্ত রাখিল সেনাগণ। তার মধ্যে জয়দ্রথ রাজা হর্ষ্যোধন॥ এরপ করিয়া **সবে রহিলেক র**ণে। বেড়িয়া রহিল সবে সিন্ধুর নন্দনে॥ ্হথা দৰ্কদৈন্য ল'য়ে রাজা যুধিষ্ঠির। গোবিন্দেরে অগ্রে করি হলেন বাহির ॥ ত্তবে ধনপ্তম ডাকিছেন যোদ্ধাগণে। 🚁 ত্রান্ন সাত্যকীরে আর ভীমসেনে॥ যুদিষ্টিরে সবা প্রতি **করি সমর্পণ।** ক্রেন তোমারা **দবে কর গিয়া** রণ ॥ জয়দ্রথ বধ **হেতু আমি যাই রবে**। যথায় পাইব আজি সিন্ধুর নন্দনে॥ ভীম বলে জুমি যাও জয়দ্রথ যথা। যুধিষ্ঠির হেতু তব নাহি মনোব্যথা ॥ শুনি কৃষ্ণ বলিলেন শুন ধনপ্রয়। এতেক প্রতিজ্ঞা তব উচিত না হয়॥ যদি জয়**দ্রথ আজি নাহি হয় বধ।** ত্তবে কি **করিবে,মোরে কহ তার পথ**।। ^{অর্ড্র}ন বলেন প্রস্তু তোমার প্রসাদে। আজি জয়দ্রথেরে মারিব অপ্রমাদে॥ ^{বহু} দক্ষটেতে তুমি করিলা ভারণ। যত বল বৃদ্ধি মম **তুমি নারায়ণ ॥** শুনিয়া কহেন কৃষ্ণ হরিষ অন্তর। বড় বিচক্ষণ **তুমি মহাধনুর্দ্ধর ॥** ^{অচিরে} হইবে তব প্রতিজ্ঞা পূরণ। শিজি দে হইবে তব শত্রুর নিধন॥ শ্রত বলি জ্রীকৃষ্ণ ছাড়েন সিংহনাদ। শুনিয়া কৌরবগণ গণিল প্রমাদ ॥ ত্ত্বে কৃষ্ণ দারুকেরে কছেন তথন। ^{মস} রথখানি আন করিয়া সাজন॥ ^{শাঙ্গ} ধনুকাদি সব তুলহ রথেতে। ^{জয়দ্রথ} হেতু রণ করিব নিশ্চিতে॥ क्षिणि धनश्चय न्।न यनि हय । ^{একেলা} করিব **আজি কৌরবের ক্ষয়॥**

যেইক্ষণে আমার হইবে শছাধ্বনি। শব্দ শুনি রথ ল'য়ে যাইবে আপনি॥ এতেক বলিয়া কৃষ্ণ কমললোচন। বায়ুবেগে চালাইয়া দেন অশ্বগণ ॥ ব্যুহমুখে দ্রোণাচার্য্য আছেন আপনে। তাহার পশ্চাতে যত কুরুদেনাগণে॥ হেনকালে ক্রোণাচার্য্য ব্যুহের দারেতে। আগুলিল পার্থে আসি ধনুঃশর হাতে॥ দ্রোণে দেখি ধনপ্তয় করি নমস্কার। করযোড়ে কহিছেন কুন্তীর কুমার॥ কি হেতু যুদ্ধের সজ্জা দেখি মহাশয়। অখ্থমাধিক আমি তোমার তনয়॥ জয়দ্রথ বধ হেতু প্রতিজ্ঞা আমার। তোমারে জানাই তাই কারণ তাহার॥ দ্রোণ কহে এই কথা না হয় উচিত। কুরুদৈন্যগণ দেথ আমার রক্ষিত॥ আমার অত্যেতে তারে করিবে ঘাতন। কেমনে দেখিব আমি শুনহ অৰ্জ্জুন ॥ এতেক শুনিয়া কৃষ্ণ কহেন পার্থেরে। উপরোধ কেন তুমি করহ দ্রোণেরে ॥ সপ্তরথী বেড়ি মারে এক ছাওয়ালে। অতি শিশু অভিমন্ত্যু রণে মারে ছলে॥ কোন উপরোধ গুরু করিল ভোমারে। তুমি কেন উপরোধ করহ উহারে॥ সন্ধান পুরিয়া মার দিব্য অস্ত্রগণ। যেইমতে দ্রোণাচার্য্য হয় অচেতন ॥ এতেক শুনিয়া পার্থ অতি ক্রুদ্ধমন। দ্রোণে চাহি লাগিলেন বলিতে তথম। তবে আর বিলম্বে নাহিক প্রয়োজন। শীঘ্র কর উপায় রাখিতে কুরুগণ॥ আজি যুদ্ধে কৌরবেরে করিব সংহার। দেখিব কেমনে রাখ করিয়া প্রকার ॥ এতেক শুনিয়া গুরু খতি ক্রুদ্ধমন। করিল অর্জ্জুনোপরি বাণ বরিষণ॥ দশ বাণ এড়ে বীর পূরিয়া সন্ধান। বাণ ব্যৰ্থ দেখি দ্ৰোণ ক্ৰোধে কম্পবান 🛚 গগন ছাইয়া বীর বরিষয়ে বাণ। শীত্রহন্তে ধনঞ্জয় পুরিয়া সন্ধান॥ কাটিয়া পাড়েন যত আচার্য্যের বাণ। ক্রোধে দ্রোণ করিলেন বরিষণ বাণ ॥ তবে কৃষ্ণ কহিলেন ধনঞ্জয় প্রতি। আমি যাহ। কহি তাহা কর অবগতি॥ জয়দ্রথ বধ হেতু আছে বড় ভার। দ্রোণ সহ যুদ্ধ কর না বুঝি বিচার ॥ এত শুনি ধনঞ্জয় কছেন কুষ্ণেরে। কিমতে যাইব, দ্রোণ পথ রুদ্ধ করে॥ কুষ্ণ বলিলেন শুন আমার বচন। দ্রোণের দক্ষিণ দিকে আছে সেনাগণ॥ সেই সেনাগণ বাণে কাটি পাড় তুমি। দেইখান দিয়া রথ চালাইব আমি॥ এত শুনি ধনঞ্জয় পূরেন সন্ধান। নিমিষে করেন বহু দৈন্য খান খান॥ তবে শ্রীক্বাঞ্চের রথ বেগেতে চলিল। দ্রোণেরে পশ্চাৎ করি দৈন্যে প্রবেশিল। দ্রোণ বলে ধনঞ্জয় এ কোন বিচার। পলাইয়া যাও তুমি অগ্রেতে আমার॥ অর্জ্জুন বলেন গুরু করি নমস্কার। তোমারে জিনিবে হেন শক্তি আছে কার॥ জয়দ্রথ বধ হেতু যাইব এখন। তোমার চরণে করি এই নিবেদন॥ এত শুনি দ্রোণাচার্য্য হাসিতে লাগিল। এক ভিতে রথ রাখি পথ ছাড়ি দিল।। তবে ধনঞ্জয় ৰীর অতিশয় ক্রোধে। যারে পায় তারে মারে নাহি উপরোধে॥ আকর্ণ পুরিয়া বীর বরিষয়ে বাণ। রথ অশ্ব পদাতিক করে খান খান ॥ পলায় দকল দৈন্য রণে নাহি রয়। মহাক্রোধে আগু হৈল দ্রোণের তনয়। ধনপ্রয় অশ্বতামা দোঁহে মহারণ। বিস্ময় মানিয়া চাহে যত সেনাগণ॥ মহাবীর অশ্বত্থামা দ্রোণের নন্দন। অর্জ্জন উপরে করে বাণ বরিষণ #

তবে ক্রোধে মহাবীর ইচ্ছের নন্দন। কাটিলেন দ্রোণীর হাতের শরাদন ॥ আর ধন্ম ল'য়ে বীর দ্রোণের তনয়। বাণ রৃষ্টি করে অতি নির্ভয় হাদয়॥ তবে ধনঞ্জয় বীর অগ্নি ছেন জ্বলে। সারথির মাথা কাটি ফেলিল ভূতলে॥ এড়েন যুগল অস্ত্র ইন্দ্রের নন্দন। বাণাঘাতে অশ্বভামা হৈল অচেতন॥ সেইক্ষণে সারথী আইল এক আর। অচেতন রথে বীর দ্রোণের কুমার॥ কতক্ষণে অশ্বথামা পাইল চেতন। ধসু ধরি পুনরপি করে মহারণ ॥ মহাপরাক্রম দোঁহে সমান সোদর। হইল তুমুল যুদ্ধ নাহি অবদর॥ তবে ধনঞ্জয় ক্রোধে হইল শস্থির। সন্ধান পূরিয়া বিন্ধে ডেগ্রীর শরীর ॥ কবচ কাটিয়া বাণ অঙ্গে প্রবেশিল। অচেতন হ'য়ে বীর রথেতে পড়িল॥ রথেতে পড়িল বীর হ'য়ে অচেতন। হাহাকার করি ধায় যত যোদ্ধাগণ॥ হেনকালে অগ্রে হৈল মিহির নন্দন। ধনুক ধরিয়া আদে করিবারে রগ॥ তর্জন করিয়া বলে অর্জ্জুনেরে অাটি। লেগেছে তোমারে মৃত্যু তেঁই ছটফটি॥ দ্রোণ–সেনাপতি বলে মম বধ্য নহে। সে কারণে ভালে ভালে দিন কত রহে **॥** নিশ্চয় আমার হস্তে তোমার মরণ। কহিলাম সভ্য এই বিধির ঘটন ॥ অৰ্জ্জন বলেন হাসি হতজান তুমি। পশুজ্ঞান করিয়া বধিব তোমা আমি॥ কুপিয়া বলিছে কর্ণ বুঝিব এখন। কেমনে সারিয়া আজি যাহ মোর রণ 🖟 এত বলি সূৰ্য্যস্থত সৰ্পবাণ এড়ে। সংস্ৰ সহস্ৰ নাগ পাৰ্থে গিয়া বেড়ে । এড়েন গরুড় বাণ ইন্দের নন্দন। ধরিয়া সকল সর্প করিল ভক্ষণ 🛚

_{সপেরে} গিলিয়া কর্ণে গিলিবারে **আ**সে। অগ্নিবাণ কর্ণ তবে এড়িল তরাদে॥ অগ্রিতে পক্ষীর পাখা পুড়িল সকল। হুইল প্রলয় অগ্নি সেই রণস্থল॥ ্রড়েন বরুণ বাণ ইন্দের নন্দন। জলেতে নিবৃত্ত **হৈল যত হুতাশন**॥ 5ইল প্রলয় নীর সেই রণস্থলে। হয় হস্তী পদাতিক ভাসি যায় জলে॥ শোষক নামেতে বাণ কর্ণ এড়ে রোধে। শুধিল সকল নীর চক্ষুর নিমিষে॥ হুর্ণ ধনঞ্জয় যুদ্ধ নাহি পাঠান্তর। বিশ্বয় মানিয়া চাহে যতেক অমর॥ তবে পার্থ **মহাবীর পূরিয়। সন্ধান**। একেবারে মারিলেন দশ গোটা বাণ।। ক্বচ কাটিয়া বাণ অঙ্গে প্রবেশিল। ্র্চিছত হইয়া কর্ণ রথেতে পড়িল॥ নুচ্ছিত দেখিয়া রথ ফিরায় সারথি। রণে ভঙ্গ দিয়া গেল কর্ণ যোদ্ধাপতি॥ তবে ধনঞ্জয় বীর ম**হাত্রোধ মনে।** লক্ষ লক্ষ যোদ্ধাগণে বিনাশিল রণে।। হেনমতে ছয় ক্রোশ পথ চলি গেলা। গ্রগনমণ্ডলে হৈল দ্বিপ্রহর বেলা॥ হেনকালে কুষ্ণ কন শুন ধনঞ্জয়। 🗠 মযুক্ত হইল রথের চারি হয়॥ শরে বিদ্ধ হইয়াছে চলিতে না পারে। ^{কিমতে} থাইব তবে সংগ্রাম ভিতরে॥ ^{দিবা} হৈল বহু, তৃণ **জল নাহি পায়।** ংর দেখ ঘন ঘন মম মুখ চায় 🛚 ^{সংগ্রাম} করহ যদি নামি ভূমিতল। ^{তবে} আমি খাওয়াই অথে তৃণ জল॥ ^{এত} শুনি ক্লফ্ষেরে কহেন গুড়াকেশ। কেন অসম্ভব কথা কহ হৃষীকেশ। ^{শংগ্রামের স্থল ইথে না হয় সংশয়।} ছিণশ্ব্য এ**ই স্থল ধুলা উড়ে** যায়॥ ^{গাবিন্দ} বলেন ক্ষণ রহ হেথা তুমি। খি। পাই আনি জল খাওয়াব আমি ॥

অৰ্জ্জুৰ বলেন বড় হইল বিশ্ময়। যে কহিলা নারায়ণ শুনি হয় ভয় 🛚 ছল করি ছাড়িয়া যাইতে চাহ হরি। সিন্ধু মাঝে ডুবাইয়া আমারে সংহারি॥ বুঝিলাম অপরাধ হইয়াছে পায়। তুমি যদি ছাড় তবে নাহিক উপায়॥ তুমি বল, তুমি বুদ্ধি, পাগুবের প্রাণ। যার অনুত্রহে সঙ্কটেতে পাই ত্রাণ॥ অনুক্ষণ হৃদয়ে উদয় তাহে দেখি। হেন অনাথের নাথ মোরে কর ছঃখী॥ আমার প্রতিজ্ঞা যত সে হ্রইল মিছা। তবে আর এ ছার জীবনে কিবা ইচ্ছা ॥ কেমনে সমর-সিন্ধু তরিবারে পারি। তরণী ফেলিয়া হরি চলিলে কাণ্ডারী॥ ক্মল-নয়ন কৃষ্ণ কছেন হাদিয়া। করহ আক্ষেপ মথা কিসের লাগিয়া॥ পঞ্চাই তোমরা পাণ্ডব যাজ্ঞদেনী। রাখিরাছ ভক্তিতে শামাকে দদা কিনি॥ পলাইতে পারি কি যে পলাইতে চাই। হৃদয় নিগড়ে বন্দী এড়াইতে নাই॥ কে জানে কহি যে সত্য তোমা ছয় জনে। নাহি পারি এক দণ্ড পাদরিতে মনে॥ ভূমিতলে নামি যদি করহ সংগ্রাম। তবেত অখেরে আমি করাই বিশ্রাম। এত শুনি ধনঞ্জয় নামিয়া ভূমিতে। সংগ্রাম করেন বীর ধকুঃশর হাতে॥ তবে কৃষ্ণ রথ হৈতে ভূমিতলে উলি : ক্রমে ক্রমে যুচাইল যত কড়িয়ালি॥ ভৃষিত হইল অধ শক্ত গাত্ৰ বাণে। জানি নারায়ণ তবে ব্যেন্স অর্জ্জুনে॥ 🗃 কৃষ্ণ বলেন পার্ব দেখ অশ্বগণে। তৃষ্ণার কারণ চাহে মম মুখ পানে 🛚 বিনা জলপানে অখ না পারে চলিতে। তাহার বিধান আমি করি যে ছরিতে॥ তবেত করহ যুদ্ধ কুরুদৈন্য দনে। হউক কণেক যুদ্ধ মল মলগণে 🛭

এতেক কহিয়া কৃষ্ণ কমললোচন। **এক স**রোবর কৈল অপূর্ব্ব রচন ॥ নানা জাভি পক্ষীগণ ক্রীড়া করে তাহে। নানা পুষ্প ফুটে তার গন্ধে মন মোছে॥ হংসগণ ক্রীডা করে হংসীর সহিত। সারস সারসী ক্রীড়া করে আনন্দিত॥ পদ্মের দৌরভে গন্ধ চতুদ্দিকে যায়। লাখে লাখে মত্ত অলি মধুলোভে ধায়॥ অমৃত সমান হৈল সর্বোবর-নীর। অশ্ব ল'য়ে তাহাতে নামেন যহুবীর॥ জলেতে ধোয়ান কৃষ্ণু অশ্বের শোণিত। অদুত দেখিয়া সবে ইইল বিস্মিত॥ অর্জ্রনেরে ভূমে দেখি যত যোদ্ধাগণ। সন্ধান পূরিয়া করে অস্ত্র বরিষণ॥ দেখিয়া অৰ্জ্জন তবে পূরেন সন্ধান। আকর্ণ পরিয়া বিশ্ধিলেন দিব্য বাণ॥ শূন্যেতে দোঁহার বাণ একত্র হইল। গ্রহের সদৃশ হ'য়ে শূন্সেতে রহিল॥ আনন্দে গোবিন্দ তবে ল'য়ে অশ্বগণে। জলপান করীলেন হর্ষিত মনে॥ জলপানে অখগণ হৈল বলবান। পূর্বের সদৃশ হৈল করি জলপান॥ ভবে কৃষ্ণ অশ্বগণে লইয়া সংহতি। রথেতে উঠেন গিরা অতি শীঘ্রগতি॥ অশ্বগণে রথে যুড়ি বলেন অর্জ্জনে। বলবান হৈল অশ্ব দেখ জলপানে॥ অতঃপর রথে আসি চড় মহামতি। রথ চালাইয়া আমি দিব শীঘগতি॥ এত শুনি ধনঞ্জয় ধনুঃশর হাতে। এক লাফ দিয়া বার চড়িলেন রখে ॥ কুতাঞ্জলি অৰ্জ্জুন কংহন সবিনয়। এক নিবেদন করি শুন মহাশয়॥ ভোমার চরিত্র আমি বুঝিতে না পারি। আপন বৃত্তান্ত মোরে কহ কুপা ক্রি॥ নিরবধি অপরাধ করি তব স্থান। চিনিতে না পারি আমি বড়ই অজ্ঞান 🛚

শ্রীকৃষ্ণ বলেন পার্থ না কর বিশ্বয়।
মন পরিচয় তোমা দিব ধনঞ্জয় ॥
এত বলি দেন কৃষ্ণ চালাইয়া হয়।
ধন্ম ধরি করেন সমর ধনঞ্জয় ॥
ডোণপর্ব্ব স্থধারস জয়দ্রথ বধে।
কাশীরাম দাস কহে গোবিন্দের পদে ॥

ভূরিপ্রবা কর্তৃক সাত্যকির পরাজয়। যুনি বলে শুন পরীক্ষিতের তনয়। যেইমতে সাত্যকির হইল পরাজয়॥ একদিন বাহ্নদেব পিতৃশ্ৰাদ্ধ কালে। নিমন্ত্রণ করি যত কুটুম্ব আনিলে॥ সোমদত্ত বাহলীক যে পাঞ্চাল রাজন। শাল্প শিশুপাল এল' পেয়ে নিমন্ত্রণ॥ আইল অনেক রাজা না হয় বাখান। সবাকারে বাহুদেব করে অভ্যুত্থান। বিচিত্র আসনে বসাইল সর্বজন। তার মধ্যে দোমদত্ত করিল গমন॥ সভার মধ্যেতে যদি সোমদত্ত গেল। সোমদত্ত দেখি শিনি ক্রোধেতে জ্বলিল ॥ বাহ্নদেব খুড়া শিনি সাত্যকির বাপ। সোমদত্তে দেখি শিনি পাইলেক তাপ। ডাকিয়া বলিল শিনি শুন সোমদত্ত। সভামধ্যে বৈদ তুমি এ কোন্ মহত্ত্ব ॥ আমা দবা না মানিদ্ কোন্ অহস্কারে। পৃথিবীর মধ্যে কেবা না জানে তোমারে। মৰ্য্যাদা থাকিতে শীঘ্ৰ যাও পলাইয়া। আপন সদৃশ যোগ্যস্থানে বৈদ গিয়া॥ এত শুনি সেমদত্ত ক্রোধেতে জ্বলিল। অগ্নির উপরে যেন দ্বত ঢালি দিল॥ সোমদত্ত বলে শিনি না করিস্ গর্বা। তোমার মহত্ত্ব ঘাহা আমি জানি দর্বব ॥ এতেক উত্তর মোরে করিস্ বর্ববর। কোন অর্থে ন্যুন আমি পৃথিবী ভিতর॥ তোমা হৈতে ন্যূন কেবা আছয়ে ররণী। মম অগোচর নহে দব আমি জানি॥

্রতেক শুনিয়া শিনি মহাকোপ মন। ্রোধে ডাক দিয়া বলে শুন সর্ববজন॥ 🕫 অহস্কার তোর ওরে কুলাঙ্গার। _{পরে} নিন্দ, ছিদ্র নাহি দেখ আপনার॥ _{ইংরি} উচিত ফল দিব আমি তোরে। েত বলি মহাক্রোধে উঠিল সন্ধরে॥ ্রিনি দেখি সোমদত্ত উঠি সেইকণ। হুড়াহড়ি মহাযুদ্ধ করে হুই জন॥ ত্রে শিনি মহাক্রোধে ধরে তার চুলে। ্ৰেথিয়া হইল **হাস্ত যত সভাস্থলে**॥ কেশে ধরি চড় মারে বজের সমান। এক চড়ে দন্তগুলা করে খান খান॥ _{ভবে} সবে উঠি দোঁহে বারণ করিল। অভিযানে সোমদত্ত দেশে নাহি গেল॥ দভাষধ্যে দোমদত্ত পেয়ে অপমান। ত্রসন্থা করিতে বনে করিল প্রয়াণ॥ হাদশ বংসর তপ করে অনাহারে। একচিত্তে দোমদত্ত দেবিল শঙ্করে॥ ত্রস্থাতে বশ **হইলেন মহেশ্র**া র্যেতে চাপিয়া আদি বনের ভিতর॥ হর বলিলেন বর মাগ**হ রাজন**। ্ত বলি তাহাত্রে ডাকেন পঞ্চানন॥ বান ভাঙ্গি সোমদত্ত দেখিলেক হর। বিভৃতিভূদণ জটাধারী **গঙ্গাধর**॥ মানন্দিত সোমদত্ত দেখিয়া শঙ্করে। ^{বিবিব} প্রকারে রাজা বহু স্তুতি করে॥ ^{সোমদন্ত বলে হদি হৈলে কৃপাবান।} এক নিবেদন আমি **ক**রি তব স্থান।। ^{সভামধ্যে} শিনি মোরে অমান্য করিল। ^{বতেক} নৃপতিগণ ব**সিয়। দে**খি**ল॥** জ্যািবৎ অ**ঙ্গ দহে সেই অপমানে** ৷ ^{এই} নিবেনন আমি করি তব স্থানে॥ ^{যদি} মোরে বর দিবে দেব প**শুপতি।** ^{নহাধনু}র্দ্ধর মম **হউক সন্ততি**॥ তার পুত্তে মম পুত্র **জিনিবে স**মরে। রজেগণ মধ্যে যেন **অপমান করে॥**

ইহা বিনা আর বর নাহি চাহি আমি।
এই বর মহাপ্রভু আজ্ঞা কর তুমি॥
শঙ্কর বলেন বর দিলাম তোমারে।
তব পুত্র জিনিবেক শিনির কুমারে॥
প্রাণে মারিবারে তারে নহিবে শকতি।
এত বলি কৈলাদে গেলেন পশুপতি॥
শিবস্থানে হেন বর পেয়ে নূপবর।
আনন্দিত হ'য়ে গেল আপনার ঘর॥
ভূরিশ্রবা সাত্যকিরে জিনে শিববরে।
তার উপাধ্যান এই জানাই তোমারে॥
দ্রোণপর্বব পুণ্যকথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

ভূরিশ্রবা-বধ।

মুনি বলে আশ্চর্য্য শুনহ জন্মেজয়। শিব বরে সাত্যকি পাহল পরাজয়॥ ভূরিশ্রবা-হস্ত যদি কাটেন অর্জ্জুন। ভূমেতে পড়িয়া হইলেক অচেতন॥ পুনরপি বসিয়া উঠিল রণম্বলে। নিন্দ। করি ভূরিশ্রবা অর্জ্জনেরে বলে। ধিক্ ধনঞ্জয় তোর থাকুক্ বীরত্ব। অন্যায় করিয়া মম কাট তুমি হস্ত॥ সাত্যকি সহিত রণ আছিল আমার। কাটিলে আমার হস্ত তুমি কুলাঙ্গার।। সন্মুথ সংগ্রামে পড়ি স্বর্গে হাই আমি। এই পাপে ধনঞ্জয় হবে অধোগামী॥ এতেক শুনিয়া পার্থ হইল লক্ষিত। শ্ৰীকৃষ্ণ বলেন তুমি কেন হও ভীত॥ কৃষ্ণ ডাকি বলিলেন ভূরিশ্রবা প্রতি। একা অভিমন্থারে বেড়িল সপ্তরণী॥ কোন্ স্থায় যুদ্ধে অভিমন্থারে মারিলা। এবে বুঝি সে নকল কথা পাদরিলা 🛚 মৃত্যুকালে ধর্মাবৃদ্ধি হইল তোমার। অর্জ্যনের নিন্দা কর তুমি কুলাঙ্গার॥ কটুবাক্য শুনি ভূরিশ্রবা নরপতি। নিন্দ। করি কহিতে লাগিল রুষ্ণ প্রতি ॥

পুরিশ্রবা বলে কৃষ্ণ কহিলা প্রমাণ। তোমা হৈতে এত সব হৈল অপমান॥ কি কারণে নিন্দা আমি করি অর্জ্জুনেরে। তোমা সম হুফ নাহি পৃথিবী ভিতরে॥ তোমার কুবুদ্ধে হৈল সকল সংহার। নি**ল** জ্জ তোমারে আমি কি বলিব আর ॥ এত বলি ভূরিশ্রবা হইল বিমন। কি কর্মা করিত্ব আমি নিন্দি নারায়ণ ॥ আপনার কর্মভোগ করি যে আপনে। তবে কেন বড় হ'য়ে নিন্দি নারায়ণে ॥ অন্তকালে যে জন স্মরয়ে নারায়ণ। চতুর্ভু জরূপে যায় বৈকুণ্ঠ-ভুবন ॥ এতেক বলিয়া ভূরিশ্রবা নরপতি। বিধিমতে গোবিন্দেরে করিলেন স্তুতি॥ ডাকিয়া বলিল কৃষ্ণ তোমারে নিন্দিয়া। কি গতি আমার হবে না পাই ভাবিয়া॥ অধম দেখিয়া মোরে হও কুপাবান। নরক হইতে মোরে কর পরিতাণ॥ তোমা বিনা গতি মম নাহি নারায়ণ। কাষ্ম্মনোবাক্যে আমি নিলাম শরণ॥ সর্বকাল ভোমা বিনা নাহি জানি আমি। মৃত্যুকালে তোমা নিন্দি হই অধোগামী॥ আপনার গুণে কর আমারে উদ্ধার। নরক হইতে ত্রাণ করহ আমার॥ এত বলি ভূরিশ্রবা মৌনেতে রহিল। হৃদয়-পঙ্কজে পদ ভাবিতে লাগিল॥ শ্রীকৃষ্ণ বলেন তুমি ত্যুজ তুঃখমন। স্বচ্ছন্দে চলিয়া যাহ বৈকুণ্ঠ-ভুবন ॥ সিদ্ধ ঋষি যোগী সেই স্থান নাহি পায়। তথাকারে যাহ তুমি আমার আজ্ঞায় 🛭 বৈকুণ্ঠেতে আগে তুমি করহ গমন। তথা গিয়া তোমা সঙ্গে করিব মিলন॥ ভূরিশ্রবা শ্রীকৃষ্ণেতে এই কথা হয়। কৃষ্ণধ্যান করি ভূরিশ্রবা মৌনে রয়॥ ছেনকালে সাত্যকি উঠিয়া ভূমি হৈতে। খড়গ ল'য়ে যায় ভুরিশ্রবারে কাটিতে॥

হাতে চুল জড়াইয়া খড়গ ল'য়ে করে।
খণ্ড খণ্ড করি বীর কাটিল তাহারে॥
এতেক দেখিয়া কোরবের দেনাগণ।
সাত্যকি উপরে করে বাণ বরিষণ॥
এক লাফে সাত্যকি উঠিল গিয়া রথে।
ধনুগুণ টক্ষারিয়া অন্ত্র নিল হাতে॥
নিমিষেকে মারে লক্ষ্ণ লক্ষ্ণ দেনাগণ।
বাণর্ম্ভি করে বীর মহাকোপ মন॥
ডোণপর্ব্ব পুণ্যকথা জয়দ্রথ বধে।
কাশীরাম দাদ কহে গোবিন্দের পদে॥

ভীম কর্তৃক ছর্য্যোধনের নবতি দহোদরের মৃত্য। মুনি বলে শুন পরীক্ষিতের নন্দন। অনন্তর ভীমদেন করে ঘোর রণ॥ ভীমের সংগ্রাম দেখি ভীত কুরুদল। হাহাকার মহাশব্দ হয় গগুগোল। পুনরপি ভীম উঠি রথের উপর। রথ চালাইয়া দিল বিশোক সত্তর॥ বিশোক চালায় রথ বায়ুদম গতি। যুঝিতে যুঝিতে যায় ভীম মহামতি॥ কতদুর গিয়া ভীম সাত্যকি দেখিল। আনন্দিত হয়ে তারে বার্তা ব্রিজ্ঞাসিন॥ ভীম বলে কহ অর্জ্জুনের সমাচার। কি কারণে রথধ্বজ নাহি দেখি ভার॥ সাত্যকি কহিল এই দেখ রুকোদর। দ্রোণদহ ধনঞ্জয় করেন দমর॥ পুনরপি বলে ভামে কহ বিবরণ। যুধিষ্ঠিরে ছাড়িয়া আইলা কি কারণ॥ ভাম বলে যুধিষ্ঠির পাঠান আমারে। অর্জ্জ্নের সমাচার জানিবার তরে॥ ধৃঊগ্নাম্ব ভাবে করি সমর্পণ। আসিয়াছি সমাচার জানিতে এখন॥ 🗢 নিয়া সাত্যকি তবে আনন্দিত হৈল 🛭 ভামে দেখি কর্ণবীর পুনশ্চ আইল ॥ কর্ণেরে দেখিয়া ভীম বলে ডাক দিয়া। পুনঃ পুনঃ আদিয়া যাইদ্ পলাইয়া ॥

_{হণেক} থাকিয়া যুঝ তবে জানি কথা। _{গ্রেকবারে} আজি তোর কাটি পাড়ি মাথা॥ এত বলি ব্ধেদের ধরি ধনুখান। _{ফর্পের} উপরে মারে তীক্ষ্ণ দশ বাণ॥ াণেতে ব্যথিত **হইলেন অঙ্গপ**তি। _{শলাইল} যুদ্ধ ছাড়ি কৰ্ণ শীত্ৰগতি॥ ত্তবে ক্রোধে রুকোদর অনল সমান। গ্রাকর্ণ পূরিয়া বীর বরিষয়ে বাণ ॥ 🕫 কক সেনা পড়ে নাহি তার অন্ত। নিবি সম হস্তী পড়ে ঈষা সম দন্ত॥ _{প্রজ}্ত্ত্র পতাকা **পড়য়ে সারি সারি**। ্যতেক পড়িল দৈন্য লিখিতে না পারি॥ গটি অক্লোহিণী দেনা পড়ে দেই দিনে। ্রতেক করিল ক্ষয় বীর তিন জনে॥ গ্রন্থ্য সাত্যকি দোঁহে চারি অক্ষোহিণী। গার অক্ষোহিণী ভীম জিনিল আপনি॥ ব্লুতরাষ্ট্র পুত্র সব এতেক দেখিয়া। আইল নকা**ই জন রথেতে চড়িয়া॥** দৈল্য**দ**জ্জা **কোলাহল হয় হস্তা রথ**। সারিদিকে ঘেরি বেড়ে আবরিল পথ। নেখিয়া ধা**ইল তবে বার রুকোদর**। পুনরপি গনা ল'য়ে সংগ্রাম ভিতর ॥ রথ সব চূর্ণ করি যা**য় রুকোদর**। একে একে মারিল ন'ক্বই সহোদর॥ নবতি সোদর পড়ে দেখি হুর্য্যোধন। ভাতৃগণ শোকে রাজা করয়ে ক্রিন্দন॥ শঞ্জয় বলি**ল শুন অন্ধ নৃপবর**। শংগদর নবতি মারিল রুকোদর॥ কি বল **কি বল বলে অন্ধ নরপতি।** ^{মৃচ্ছিতা} হইয়া তবে পড়ি গেল ক্ষিতি॥ শুনিয়া গান্ধারী দেবী হৈল অচেতন। ^{বংশনাশ} করে মম পাণ্ডুর নন্দন॥ ^{অন্তঃ}পুরে উঠিল ক্রন্দন কোলাহল। ^{হাহাকার} করে সবে, না বান্ধে কুন্তল ॥ টানিয়া ফে**লিল নিজ রত্ন আভরণ**। শত শত বধূগণ করয়ে ক্রন্দন॥

চুল ছিঁড়ে বস্ত্র ছিঁড়ে শিরে মারে ঘাত। আমা সবা এড়ি কোথা গেলে প্রাণনাথ॥ ইন্দ্র বিচ্ঠাধরী জিনি রূপ সবাকার। দিব্য বস্ত্র পরিধান রত্ন অলঙ্কার 🛭 কোমল শরীর সবে পরমাস্করী। ভূমে গড়াগড়ি যায় হাহাকার করি॥ বধূগণ ক্রন্দন শুনিয়া নরবর। বিলাপ করয়ে অন্ধ হইয়া কাতর॥ ক্ষণে ক্ষণে মূর্চ্ছা হয় ক্ষণেক চেতন। কোথাপুত্র বলি রাজা করয়ে রোদন॥ সোণার আগার মম শূন্যময় হৈল। ভীমের সমরে পুত্র সকলি মরিল॥ বড়ই নিষ্ঠুর ভীম নাহি দয়া লেশ। ভীম হৈতে হইল মোর বংশের শেষ॥ সঞ্জয় বলিল শুন অন্ধ নরবর। এখন কি হবে রাজা হইলে কাতর॥ এই হেতু পূৰ্বেৰ কত বলিত্ব তোমারে। কার' বাক্য না শুনিলা তুমি অহঙ্কারে॥ ভীম্ম দ্রোণ কৃপ আর বিহুর স্থমতি। বিবিধ প্রকারে বুঝাইল তোমা প্রতি॥ বিত্রর বলিল কেন কান্দ নরবর। তব হিত হেতু পূর্বেব কহিন্ম বিস্তর॥ ধনলোভে রাজ্যলোভে কৈলা অপকর্ম। আপনি করিলা রাজা আপন অধর্ম॥ তাহার অদাধ্য রাজা ছিল কোন কর্ম্ম। তথাপি না কৈল যুধিষ্ঠির যে অধর্ম॥ মুহূর্ত্তেকে ভূমগুল পারে জিনিবারে। তথাপিও যুধিষ্ঠির ক্ষমিল তোমারে॥ পঞ্জাম মাগিলেন ধর্মের নন্দন। একথানি নাহি দিল ছুন্ট ছুর্য্যোধন॥ এখন সে সব কথা হইল বিদিত। ব্যধর্ম করিলে ভাল নভে কদাচিত ॥ বিদ্বুরে চাহিয়া তবে কহিল রাজন্। পুনঃ পুনঃ কটুবাক্য কহ কি কারণ ॥ পুত্রগণ শোকে মম দগ্ধ হৈল মন। কটুভাষা পুনঃ পুনঃ কহ অনুক্ষণ॥

শ্ৰীকৃষ্ণ বলেন সথে নাহি কিছু ভয়। প্রতিজ্ঞা পূরণ তব হইবে নিশ্চয়॥ এতেক কহিতে তথা কুরুবীরগণে। অস্ত্র ধন্যু ত্যাগ করি আইল দেখানে॥ এখনি মরিবে পার্থ হেন করি মনে। আনন্দিত চুর্য্যোধন সহাস্থ্য বদনে॥ তবে জয়দ্রথ দেখি সন্ধ্যার সময়। শীস্ত্রগতি আসিয়া অর্জ্জুন প্রতি কয়॥ জয়দ্রেথ বলে শুন বীর ধনঞ্জয়। কি দেখু হইল আদি সন্ধ্যার সময় ৷ আপন প্রতিজ্ঞা পূর্ণ করহ এখন। তব যশ ঘুষিবেক এ তিন ভুবন॥ অস্ত্র ধন্ম ত্যাগ করি যাহ ধন্মর্দ্ধর। শীত্রগতি প্রবেশহ অগ্নির ভিতর ॥ মিছা মায়া মিছা কায়া জলবিম্ববত। এ মহীমগুল যাবে পড়িবে পর্বত ॥ যদি রিপু জিনি রাজ্য কর মহাশয়: চিন্তিয়া দেখহ তাহা চিরকাল নয়॥ অধর্ম করিয়া কর্ম যে করে দাধন ব্যতি শীঘ্র হয় তার সবংশে পতন॥ ধার্ম্মিক বলিয়া তোমা বলে সর্বজনে। করিলে প্রতিজ্ঞা তাহা লঙ্গ্রিবে কেমনে।

অর্জুন উত্তর দেন শুন জয়দ্রথ।
তুমি যে কহিলে কথা রাখি ধর্ম্মপথ ॥
ধর্মেতে বিচার করি ধার্মিকের দনে।
অধর্মে জিনিতে দোব নাহি তৃকজনে॥
অভায় সমর করি শিশু কৈলে হত।
কহ দেখি সে কন্ম কেমন ধর্মমত ॥
এখনি বিধিয়া তোমা আমিও মরিব।
পাইয়া পরম শত্রু ছাড়িয়া না দিব॥
ভানিয়া শুকায় মুখ জয়দ্রথ বীরে।
ভয় নাই আশাসি কহেন পার্থ তারে॥
বিশাস্থাতক তব রাজা সম নহি।
কৈ করিব নিজ কর্মা ল'ব ধর্মা বহি॥
শরীর ছাড়িব সত্য করিয়াছি পণ।
এত বলি আনিয়া জালিল হুতাশন॥

कुछ माजारयन कार्छ मिया शक्तमारत । সৌরভ দহিত গন্ধ উঠিল সত্বরে ॥ শ্রীকৃষ্ণ বলেন শুন বীর ধনঞ্জয়। বীল্পকর্ম্ম করিয়া বধিলা ক্ষত্রেচয় 🖫 এখন নিরন্ত্র হ'য়ে মরিবে কেমনে। অন্ত্র সহ প্রবেশহ জ্বনন্ত দহনে॥ কুষ্ণবাক্য অভিপ্রায় বুঝিয়া অর্জ্জুন। নিলেন গাণ্ডীব ধনু করিয়া সগুণ॥ সাতবার প্রদক্ষিণ করি হুতাশন প্রসন্ন কুষ্ণের মুখ চান ঘনে ঘন ॥ তুর্য্যোধন রাজার হৃদয়ে বড় হুখ। মরিল প্রধান রিপু নাহি আর হুঃখ।। হাস্তামুখে কছে আগে চাহিয়া অৰ্জ্জুনে: বিলম্বে ৰাড়িবে মায়া পুড়িতে আগুনে ॥ টান দিয়া ফেলাহ করের শরচাপ : চক্ষু বুজি দেহ শীঘ্ৰ হুতাশনে ঝাঁপ 🕫 অৰ্জ্জুন বলেন এই ঝাঁপ দিয়া পড়ি। জহদ্ৰথ ল'য়ে তুমি স্থথে বাহ বাড়ী॥ জয়দ্রথে দেখি কৃষ্ণ আনন্দিত মন। দেইকণে ছাড়িলেন দূর্য্য আচ্ছাদন। চারিদণ্ড বেলা আছে গগনমণ্ডলে। দেখিয়া হইল ত্রাদ কৌরবের দলে॥ কৌরব জানিল তবে নিতান্ত কপট। বিষম কুষ্ণের মায়: বুঝিতে সঙ্কট । শ্ৰীকৃষ্ণ বলেন সথে শুন সাবধানে ! **জ**য়দ্রথ বধিতে বিলম্ব আর কেনে॥ কাটহ উহার মুগু ভূমে না পাড়িবা ! পশ্চাৎ সে সব কথা জানিতে পারিবা 🛭 উহার জনক তপ কাম্যবনে করে: ফেশাইবা খুগু তার হাতের উপরে॥ বাণে বাণে মুগু ল'য়ে ফেল তার হাতে 🕫 তবে দে হইবে রক্ষা জানিও ইহাতে॥ এত শুনি ধনঞ্জয় পুরিয়া সন্ধান। জয়দ্রথ ললাটে মারেন এক বাণ॥ শীত্রগতি মুগু কাটি স্থার এক বাণে। বাণে বাণে লয় তার জনকের স্থানে ॥

_{দন্ধ্যা} করে সিন্ধুরাজ ছই হাত কোলে। _{ুহনকালে} মুগু ভার **হস্তে ল'য়ে ফেলে**॥ _{ত্রাস} পেয়ে মুগু গোটা স্থুমিতে ফেলি**ল**। _{সেই}ক্ষণে তার মুগু খণ্ড খণ্ড **হৈল**॥ ্গনমতে সিন্ধুরাজ হইল নিধন। ज्युप्त्थ मह (भल यत्यत्र महन्।। গ্ৰন্থ্ৰ বলেন কৃষ্ণ কহিলা বিধান। কুপা করি কহ জয়দ্রথ উপাখ্যান॥ ভূমে মুণ্ড ফে**লিলে সে মরে দেইক্ষণে।** _{্টন} বর কেবা দিল সিন্ধুর নন্দনে॥ 🖺 কৃষ্ণ বলেন শুন বীর ধনঞ্জয়। জয়দ্রথ হয় দিক্ষুরাজের তনয়॥ বহুকাল **জয়দ্রথ সেবিল শঙ্করে।** অনাহারে তপ করে অরণ্য ভিতরে॥ ্না উপহার দিয়া দেবিল মহেশ। কৃষ্ট হ'য়ে বর তারে যাচেন বিশেষ॥ বর মাগ জয়দ্রথ গেই মনোনীত। এত শুনি জয়দ্রথ হৈল আনন্দিত।। জ্যুদ্রথ বলে যদি মোরে দিবা বর। এক নিবেদন করি তোমার গোচর॥ ্ম শির কা**টি যেই ফেলিবে ধরণী।** ার মুণ্ড খণ্ড **খণ্ড হইবে তথনি**॥ শক্ষর বলেন এই বর লহ তুমি। স মরিবে তব মুগু যে ফে**লিবে ভূমি॥** হর প্রণমিয়া **বীর আনন্দিত মন।** খ্যপনার দেশে গেল সিন্ধুর নন্দন॥ ্র কারণে ধনঞ্জয় তোমা কহিলাম। ত্র রক্ষা হেতু এইরূপ করিলাম। সূত্র ফেলি তার জনক মরিল। িশ্চয় জানিহ ইহা যেরূপ হইল॥ এই শুনি ধনঞ্জয়ে লাগে চমৎকার। ঈফের চরণে করিলেন নমস্কার॥ ্ত্রতি করিলেন পার্থ যোড় করি কর। ^{এক} নিবেদন করি শুন গদাধর 🛚 ্রোমা বিনা গতি মম নাহি নারায়ণ। ^{এমত} বিপদে মোরে করিলে তারণ ॥

'তোমার কারণে হয় প্রতিজ্ঞা পূরণ। তোমার প্রদাদে আমি দেখি বন্ধুজন॥ তোমার কুপায় জ্বয় হইল দকল। তোমার ভরদা আমি করি হে কেবল। শুন কুষা ভূমি মম হও বুদ্ধি বল। তোমার কারণে আমি পাইব সকল।। তোমার কারণে কত দিন রব ক্ষিতি। তোমার কুপায় করি ভোগ বস্থমতী॥ তোমার দয়ায় কৃষ্ণ করিব সমর। তোমার কুপায় তরি দঙ্কট দাগর॥ কাণ্ডারী করুণাময় তরাইতে সিন্ধু। অথিলের নাথ কৃষ্ণ অনাথের বন্ধু॥ অগতির গতি তুমি দেব নারায়ণ। তোমার রাজীব পদে লইসু শরণ॥ দীননাথ দ্যাম্য চাহ দীনজনে। সদা মন রহে যেন ভোমার চরণে॥ প্রীকুষ্ণ বলেন সখে তুমি বিচক্ষণ। চিনিলে আমারে তুমি ইন্দের নন্দন।। তোমা হৈতে প্রিয় মম নাহিক সংসারে। নিশ্চয় জানিহ য়ে কহিলাম তোমারে॥ তোমা পঞ্জনে মম গ্রীতি অভিশয়। অতএব তব কার্য্য করি ধনঞ্জয়। কায়মনোবাক্যে ঘেই চিন্তয়ে আমারে। অনুক্ষণ তারে রাখি বিপদ সাগরে॥ অনুক্ষণ নাম মোর লয় যেই জন। তাহার নাহিক ভয় বনের সদন॥ জল ভেদি পদ্ম যেন উঠে ক্রমে ক্রমে। দেই মত মুক্ত আমি করি ভক্তগণে ॥ তুমি প্রিয়বন্ধু মম ইন্দের নন্দন। অতএব তব কার্য্যে করি প্রাণপণ॥ এত শুনি ধনপ্তয় হ'য়ে পূৰ্ণকাম। গোবিদের পদে বীর করেন প্রণাম॥ জয়দ্রথ বধ কথা অমূত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।

কুরুদৈন্তের সহিত ঘটোৎকচের মহাযুদ্ধ দোষণ ও অলমুষ বধ।

মুনি বলে শুন রাজ। অপূর্ব্ব কথন। মহাপরাক্রম বীর হিড়িম্বা-নন্দন ॥ তালতরু সম গদা হাতে মহাবীর। কুরুদেনা মধ্যে ধায় নির্ভয় শরীর ॥ গদা ল'য়ে ঘটোৎকচ বায়ুবেগে ধায়। রথ গজ পদাতিক চুর্ণ করি যায়॥ স্ষষ্টি নাশ করে যেন প্রচণ্ড তপন। সেইমত ঘটোৎকচ ভীমের নন্দন॥ পর্বত আকার কৈল দীর্ঘ কলেবর। অভেন্ন শরীর কৈল বজ্র সম সর॥ কৈল দশ যোজন স্থদীর্ঘ কলেবর। মেঘের আকার বর্ণ মহাভয়ঙ্কর॥ মুথখান যুড়ে পৃথী গগনমগুল। আনন্দিত ঘটোৎকচ হাদে খল খল॥ মুখ দেখি কুরু**দৈন্য হা**রায় চেতন। বিনা যুদ্ধে শত শত ত্যজিল জীবন॥ ঘটোৎকচ মুখ দেখি কুরুদেনাগণ। সহরে পলায় সবে লইয়া জীবন॥ শিমুলের তুলা যেন উড়ায় পবন। হেনমতে পলাইল সব সেনাগণ॥ ঘটোৎকচ আগেতে না রহে কোন বীর। সিংহনাদ করে বীর নির্ভয় শরীর॥ হেনকালে আদে ত্রুশাসনের নন্দন। দোষণ তাহার নাম রূপেতে মদন।। রথে চড়ি ধন্ম ধরি আদে শীত্রগতি। শরজালে আবরিল ঘটোৎকচ রথী॥ আনন্দিত ঘটোৎকচ ভীমের নন্দন। গদা ল'য়ে ধায় যেন কাল হুতাশন॥ ক্ষুধার্ত্ত গরুড় যেন পইল ডুণ্ডুভ। মহাক্রোধে ঘটোৎকচ ধায় সেইরূপ॥ গদার প্রহার কৈল তাহার উপর। িরথ অশ্ব সার্থিরে দিল যমঘর॥

লাফ দিয়া যায় ছুঃশসনের নন্দন। দেখি ধায় ঘটোৎকচ মহাক্রুদ্ধ মন॥ অফলৈর। গদা গোটা নিল বীর হাতে। হাসিতে হাসিতে মারে দোষণের মাথে 🛚 বজ্ঞা**ঘাতে** যেন গিরিশৃঙ্গ চুর্গ **হ**য়। সেইমত পড়ে হুঃশাসনের তনয়॥ দোষণ পড়িল দেখি কান্দে ছুঃশাসন। হাহাকার করি কান্দে যত যোদ্ধাগণ॥ পুত্রশোকে হুঃশাসন মহাক্রুদ্ধ হ'য়ে। হাতে ধনু করি আদে দিব্য শর ল'য়ে॥ সন্ধান পুরিয়া যোড়ে চোথ চোথ শর। দেখি ঘটোৎকচ বার হরিষ অস্তর॥ ত্বঃশাসনে ডাকি বলে ঘটোৎকচ বীর। আজি যুদ্ধ দেহ গোরে হইয়া হৃষ্টির॥ কৌতুক দেখিবে আজি যত যোদ্ধাগণ। অবশ্য পাঠাব তোরে যমের সদন॥ এত বলি দিব্য অস্ত্র নিল ঘটোৎকচ। দশ বাণে বিপক্ষের কাটিল কবচ॥ আর দশ বাণ এড়ে পূরিয়া সন্ধান। ত্রঃশাসন অঙ্গ কাটি করে খান খান॥ মূর্চ্ছিত হইয়া পড়ে তুঃশাদন বীর। রণ ত্যজি পলাইল হইয়া অস্থির॥ ত্রঃশাসন ভঙ্গ দেখি হাসে মহাবীর। সিংহনাদ করি বুলে নির্ভয় শরীর॥ নানা মায়া করি বুলে ভীমের নন্দন। রাক্ষদী মায়ায় বীর বড় বিচক্ষণ॥ কোনখানে অগ্নিরূপে দছে দেনাগণ। দাবানলে দগ্ধ যেন হয় মহাবন॥ সিংহরূপ ধরি কোথা হন্তী করে নাশ। দেখিয়া কৌরবগণ গণিল তরাস॥ ঘটোৎকচ যুদ্ধ দেখি ধর্ম্মের নন্দন। ধন্য ধন্য করিয়া করেন প্রশংসন॥ কৌরবের দলে হৈল রোদন অপার। একা ঘটোৎকচ বীর কৈল মহামার॥ সৈন্যগণ পড়ে দেখি কান্দে হুর্য্যোধন। হেনকালে আদে কর্ণ রবির নন্দন॥

্র্রোধে ধনু ধরি বীর চলে সেইক্ষণ। ঘটোংকচ সহ গেল করিবারে রণ ॥ ্দুখি ঘটোৎকচ বীর ধাইল সত্বর। গুলা তুলি মারে বীর কর্ণের উপর॥ ভাগ সহ সার্থিরে ক্রিলেক চুর। লাফ দিয়া পলাইল কর্ণ মহাশূর॥ হর্পলাইল দেখি ভীমের নন্দন। হুছাকোপে বহু দৈন্য করিল নিধন ॥ 🖅 শত হস্তী মারে গদার প্রহারে। লক লক পদাতিক নিমিষে সংহারে॥ শত শত রথ পড়ে হয়ে খান খান। দেখিয়া কৌরব**দল হৈল কম্পমান্**॥ হাহাকার শব্দ করে যত যোদ্ধাগণ। ্ৰথি প্ৰৰ্য্যোধন ৱাজা শোকাকুল মন॥ গটোংকচ যুদ্ধ দৈখি **ডোণের নন্দন**। সিংহনাদ করি গেল করিবারে রণ॥ সন্ধান পুরিয়া অশ্বর্থমা এড়ে বাণ। জিখি ঘটোৎকচ বীর ক্রোধে কম্পানান ॥ এক লাফে নি**জ রথে চড়ে বারবর**। গদ্য এড়ি ধ**নুঃশর লইল সত্তর**॥ যতে তুলে নিল বীর তুর্দ্ধরিষ ধকু। সন্ধান পুরিয়া বিন্ধে দ্রোণপুত্র তন্তু॥ ্রিত্র অন্ত অশ্বথামা পূরিয়া **সন্ধান**। নিমিয়েতে নিবারিল ঘটোৎকচ বাণ॥ ^{বিশি} ব্যর্থ দেখি বীর সন্ধান পূরিল। িকভন্ন দশ গোটা অঙ্গেতে মারিল॥ মেহ গেল ঘটোৎকচ রথের উপর। শিংহনাদ করি বুলে দ্রোণের কু**মার**॥ ^{কতক}ণে ঘটোৎকচ পাইল চেতন। জোধমূৰ্ত্তি দেখি যেন কাল হুতাশন॥ দুরু এড়ি গদা ল'য়ে ধাইল সম্বর। দোহাতিয়া বাড়ি মারে রথের উপর॥ ^{দিরি} প্রহারে রথ খণ্ড খণ্ড **হৈল।** ^{শক্তি দিয়} অশ্বত্থামা বেগে পলাইল॥ ^{ট্য়ে কম্পমান হৈল দ্রোণের নন্দন।} ^{ফ্রন্তগতি} পলাই**ল ল**ইয়া জীবন॥

তবে ঘটোৎকচ বীর কুপিত অন্তরে। হাতে গদা করি বীর ভ্রময়ে সমরে॥ লেখা জোখা নাহি যত পড়ে সেনাবর। পলাইয়া যা**য় স**বে ত্যজিয়া সমর ॥ বায়ুবেগে ধায় যত অশ্ব আদোয়ার। পলায় পদাতিগণ লেখা নাহি তার॥ হেনমতে ঘটোৎকচ করে মহামার॥ কৌরবের দলে উঠে শব্দ হাহাকার॥ হেনকালে অলমূষ আইল রাক্ষদ। মহাপরাক্রম বীর অদীম দাহদ॥ রাক্ষদের দেনা ল'য়ে ধাইল দত্তর। পর্বত আকার বীর মহাভয়ঙ্কর 🛚 রাক্ষদ দেখিয়া ধায় ঘটোৎকর বীর i মহাগদা হাতে করি নির্ভয় শরীর॥ গদার প্রহার করে রাক্ষদ উপর। অনেক রাক্ষ্য মারে সংগ্রাম ভিতর ॥ অশ্ব হস্তী পদ্তিক সম্মুখে যা পায়। গদার প্রহারে বীর চুর্ণ করি ধায়॥ কোটি কোটি সেনা পড়ে না যায় লিখন। দেখি পলাইয়া যায় যত গোদ্ধাগণ॥ তবে জোধে অলম্বুৰ রাক্ষদ ঈশ্বর। গদা ল'য়ে ধায় বীর সংগ্রাম ভিতর ॥ ত্তবে ক্রোধে ঘটোংকচ ভামের কোঙ্ব। গদা প্রহারিল অলন্বযের উপর॥ গদার প্রহারে বীর হইল জর্জ্জর। ত্রাদ পেয়ে উঠে গিয়া আকাশ উপর 🛭 অন্তরীক্ষে থাকি বার করে ঘোর রণ। দেখিয়া কুপিল বীর হিড়িম্বা নন্দন ॥ অন্তরীকে ঘটোৎকচ উঠিন সহর। মহাযুদ্ধ করে দোঁহে শূন্যের উপর॥ মহাত্রাদে অলমুধ ২েখে লুকাইল। দেখি ঘটোৎকচ খার কুপিত হইল॥ মায়া করি লুকাইল হিড়িয়া নন্দন। দেখি ভয়ে রাক্ষদ পলায় দেইক্ষণ । তথা হৈতে অলম্বুষ নামে রণম্বল। দেখিয়া ধাইল ঘটোৎকচ মহাবল॥

খুনরপি তুইজনে হইল সংগ্রাম। যানা মায়া করে বীর অতি অনুপম॥ দিব্য **রথে অলম্বু**ষ করি অরোহণ। ভীমের নক্ষনে করে বাণ বরিষণ n তবে কটোৎকচ বীর গদা ল'য়ে ধায়। রথ অশ্ব চূর্ণ বীর করে এক ঘায়॥ লাফ দিয়া পলাইল রাক্ষদ ঈশ্বর। পুনরপি গদা ল'য়ে ধাইল সত্বর ॥ মহাযুদ্ধ করে দোঁহে ধরণী উপর। গদার প্রহারে দোঁহে হইল জর্জ্জর॥ পুনরপি রাক্ষস হইল লুকি কায়। কোথায় আছুয়ে কেহ দেখিতে না পায়॥ কতক্ষণে রাক্ষদ আইল আরবার। সৈন্যের উপরে করে গদার প্রহার॥ দেখিতা ধাইল বীর হিড়িম্বানন্দন। পুনরপি তুইজনে করে মহারণ ॥ দিব্য রথে চড়ি দোঁহে করয়ে সমর। বাণাতে দোঁহার অঙ্গ হইল জর্জ্জর॥ তবে কোপে বাণ এড়ে ঘটোৎকচ বীর বাণে বিন্ধে অলমুমে করিল অস্থির॥ সহিতে না পারি ভঙ্গ দিল দ্রুতগতি। পুনরপি লুকাইল রাক্ষদের পতি॥ মাহা করি পর্বত হইল নিশাচর। ×াত শৃঙ্গ ধরে তার মহাভয়ন্তর॥ তার এক শৃঙ্গে রহে রাক্ষদের পতি! রণস্থলে পর্বত হইল শীঘ্রগতি॥ মহাশব্দ করি পড়ে সৈন্যের উপর। রথধ্বজ চুর্ণ করে সংগ্রাম ভিতর ॥ দেখি ঘটোৎকচ বার ধাইল সম্বর। এক লাফে চড়ে গিয়া পর্বত উপর॥ পর্বতের শৃঙ্গে দেখে বদেছে রাক্ষ্য। গদা হাতে করি ধায় অদীম দাহদ॥ এক গদাঘাতে দব মায়া কৈল চুর। অলম্বুধ পলাইয়া গেল অতি দূর॥ পুনরপি রাক্ষদ আইল আচন্থিত। দেখি ধায় ঘটোৎকচ নহে কিছু ভীত 🛚

একলাফে চড়ে তার রথের উপর।
অলম্ব রাক্ষসেরে ধরিল সত্বর॥
চুলে ধরি রাক্ষসেরে ভূমেতে পাড়িল।
মুকুটির ঘায়ে তার মস্তক ভাঙ্গিল॥
অলম্ব পড়িল তরাস কুরুদলে।
মহামার ঘটোৎকচ করে রণস্থলে॥
মহাভারতের কথা অমৃত-সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবাণ॥

ঘটো**ংকচ কর্তৃক অলমু**ষি বধ। পিতার মরণ দেখি অলমুধি বীর। সিংহনাদ করি আসে নির্ভয় শরীর॥ হস্তীর উপরে বীর আরোহণ করি। নানা মায়া করে বীর হাতে ধকু ধরি॥ দেখিয়া ধাইল ঘটোৎকচ মহাবলে। গদার প্রহার করে করিকুম্ভন্থলে॥ পুথিবীতে দন্ত দিয়া পড়িল বারণ। লাফ দিয়া পলাইল রাক্ষদ হুর্জ্জন ॥ পুনরপি অলমুষি চড়ি দিব্য রথে। সংগ্রামের স্থলে আসে ধনুঃশর হাতে **॥** সন্ধান পুরিয়া বিন্ধে ঘটোৎকচ বীরে। সর্বব অঙ্গ রক্তবর্ণ হইল রুধিরে ॥ তবে ঘটোৎকচ বীর ক্রোধে ভয়ঙ্কর। গদা ফৈলি মারে তার রথের উপর॥ গদার প্রহারে রথ চুর্গ হয়ে গেল। লাফ দিয়া অলম্বুযি ভূমিতে পড়িল॥ ধনু অস্ত্র এড়ি তবে গদা নিল করে। গদা যুদ্ধ করে দোঁহে সংগ্রাম ভিতরে॥ মহাকোপে ডাক ছাড়ে করে মার মার দোঁতে দোঁহাকারে করে গদার প্রহার॥ মগুলী করিয়া দোঁহে ফিরে চারিভিত। কোপে হুহুঙ্কার ছাড়ে অতি বিপরীত 🛚 তবে ঘটোৎকচ বীর মহামার কৈল। অলম্বুষির সব্যহন্তে গদা প্রহারিল। দারুণ প্রহারে হস্ত থগু থগু হৈল। মর্ম্মব্যথা পেয়ে বীর ভূমিতে পড়িল।

লাফ দিয়া ধরে ঘটোৎকচ মহাবল।

এক চড়ে জাঙ্গিল তাহার বক্ষঃস্থল।

মহাকায় রাক্ষদ পড়িল ভূমিতলে।

দেখিয়া হইল ভয় কৌরবের দলে॥

অন্ত্রি পড়িল দেখিল বিগ্তমান।

ভয়ে কোন বীর আর নহে আওয়ান॥

গদা হাতে করি ধায় ঘটোৎকচ বীর।

গদার প্রহারে দৈয়া করিল অন্থির ॥

ঘটোৎকচ কর্ত্ত্ব পাণ্ড্য রাজা বধ। মহাকোপে ঘটোৎকচ বায়ুবেগে ধায়। র্থ দৈন্য অশ্বগণে চুর্ণ করি যায়॥ লক্ষ পদাতিক করিল সংহার। ্দথি তুর্য্যোধন রাজা করে হাহাকার॥ জাজি ঘটোৎকচ বীর করিল সংহার। মম দৈন্যে বীর নাহি দমান ইহার॥ অভিমন্যু ঘটোৎকচ সম ছুইজনা। জ্যা বীর নাহি এই দোঁহার তুলনা॥ ভীমের সমান বীর মহাপরাক্রম ! গদা হাতে করি ধায় যেন কাল সম।। হেনকালে পাণ্ড্য রাজা রথে চড়ি এল। ত্র্যোধন প্রতি তবে ডাকিয়া বলিল। কি কারণে মহারাজ চিন্তা কর তুমি। ্লেখ ঘটোৎকচ বীরে বিনাশিব আমি॥ এত বলি ধ**তু ধ**রি যায় **নৃপব**র। দেখি চর্য্যোধন বীর হরিষ অন্তর॥ ^{ঘটোৎ}কচে দেখি বীর ছাড়ে সিংহনাদ! ^{আজি} তোর ঘুচা**ইব সমরের সা**ধ॥ ^{স্থির} হ'য়ে ঘটোৎকচ দে**হ** মোরে রণ। ^{এক বাণে} পাঠাইব যমের সদন॥ এত শুনি ঘটোৎকচ মহাক্ৰুদ্ধ হৈল। ^{হাতে} গদা করি বীর সমরে ধাইল। ^{দন্ধান} পূরিয়া পাণ্ড্য রাজা এড়ে বাণ। ^{গদায় ঠেকিয়া তাহা হৈল খান খান॥} ^{তবে} পাণ্ড্য রাজা কোপে এড়ে পঞ্চবাণ। [।]পঞ্চবাণে গদা কাটি করে খান খান॥

গদা কাটা গেল বার অন্ত নাহি আদা। চড় চাপড়েতে বীর করে মহামার॥ মহাকোপে ঘটোৎকচ ভীমের নন্দন। রথখান সাপটিয়া ধরে সেইক্ষণ॥ এক টানে ফেলে বীর দ্বাদশ যোজন। হেনমতে পাণ্ড্যরাজা ত্যজিল জীবন । এতেক দেখিয়া দবে লাগে চমৎকার। কৌরবের সেনাগণ গণিল অসার॥ তুর্য্যোধন বলে 😘ন সর্ব্ব যোদ্ধাপণ। সবে মেলি ঘটোৎকচে করহ নিধন ॥ সর্ববনাশ কৈল মম ভীমের নন্দন। কিরুপেতে জয় হবে আজিকার রণ॥ ইহার বিধান সবে কহ ত আমারে। ঘটোৎকচ বধ করি কিমত প্রকারে॥ দ্রুর্য্যোধনে কাতর দেখিয়া সর্ববন্ধন। রুথে চড়ি ধায় দবে করিবারে রণ॥ প্রাণ উপেঞ্চিয়া সবে করয়ে সমর। নানা অস্ত্র ফেলে ঘটোৎকচের উপর॥ ভূষণ্ডী তোমর শক্তি শেল জাঠাজাঠি। ত্রিশূল পট্টশ নানা ব্দ্রু কোটি কোটি॥ মুষলের ধারে যেন রৃষ্টি হয় নীর। হেনমতে অস্ত্র ফেলে দব মহাবীর। দেখিয়া কুপিল বার হিড়িম্বানন্দন। কোপেতে লোহিত নেত্ৰ দাক্ষাৎ শমন॥ শীত্রগতি ধনু ধরি করিল সন্ধান। খণ্ড খণ্ড করি কাটে স্বাকার বাণ॥ কাটিয়া সকল অন্ত্র ভীমের তনয়। नभ नभ वार्ग विरक्ष मवात ऋत्य ॥ বাণাখাতে ধোদ্ধাগণ হৈল অচেতন। ভঙ্গ দিয়া পলাইয়া বায় সর্বজন। তবে ক্রোধে ঘটোৎকচ যগের সমান। নিমিষেকে মারিলেক লগ্ড সেনাগণ ট দেখিয়া ব্যাকুল বড় হৈল হুর্য্যোধন। রোদন করিয়া ধায় যত যোদ্ধার্গণ॥ রথ ছাড়ি হয় ছাড়ি পথে সবে ধায়। আতঙ্কেতে ভঙ্গ নিয়া পলাইয়া যায়॥

বিষম সমরে সেনা করিল নিধন। বিমানে বিদয়া দেখে সর্বব দেবগণ॥ শোকাকুল তুর্য্যোধন হইল মুর্চ্ছিত। জ্ঞানহীন হৈল যেন নাহিক সন্থিত॥

কৰ্ণ কৰ্ত্তক ঘটোৎকচ বধ। কি করিব কি হইবে ইহার উপায়। ভাবিতে ভাবিতে তার হৃদয় শুকায়॥ চিন্তাজ্বর উপজিল থর থর কঁ!পি। আগুন ছুটিল গায় হ'য়ে অনুতাপী॥ হেনকালে অশ্বত্থামা দ্রোণের নন্দন! কর্ণেরে কহিল শুন আমার বচন॥ একঘাতী অস্ত্র আছে তোমার দদনে। বক্তের সদৃশ অন্ত নহে নিবারণে॥ সেই অস্ত্র এডি মার ভীমের নন্দন। জবশ্য সংহার হবে না যায় খণ্ডন ॥ িইহা বিনা আর কিছুনা দেখি উপায়। সেই বাণে হবে ক্ষয় কহিনু তোমায়॥ কর্ণ বলে দেই বাণে বধিব অর্জ্জনে। যতনে রাখিত্ব আমি তাহার কারণে॥ কবচ বিতরি পাই সেই মহাবাণ। তাহাতে অৰ্জ্জন বীর না ধরিবে টান॥ এই অস্ত্রাঘাতে যদি ঘটোৎকচে বধি। নিশ্চয় লিখিল মম মৃত্যু তবে বিধি॥ অর্জ্জুনের হাতে মম অবশ্য মরণ। করিল বিধাতা তার এই সংঘটন॥ বধিতাম অৰ্জ্জ্বে অবশ্য এই বাণে। যত্ন করি রাখিয়াছি তাহার কারণে।। অশ্বথামা বলে ভাল বলিলে বিধান। আজি ঘটোৎকচেরে কর সমাধান॥ ইহার হাতেতে যদি রক্ষা পাও রণে। তবে অৰ্জ্জনেরে তুমি বধিবে জীবনে॥ এত শুনি কর্ণ কহে আনন্দিত মন। ভাল যুক্তি কহিলা হে গুরুর নন্দন॥ স্থায়েধন বলে শুন কর্ণ ধনুর্দ্ধর। এই,অন্ত্র এড়িয়া রাক্ষদ বধ কর।।

হেন অস্ত্র আছে যদি তোমার সদনে। তবে চিন্তা কর তুমি কিদের কারণে॥ অর্জ্জনে বধিবে বলি রাখিয়াছে বাণ। যে হয় পশ্চাৎ তার করিব বিধান ॥ আজি রক্ষা কর ঝাট রাক্ষসের হাতে। কেমনে দেখহ সেনা সংহারে সাক্ষাতে ॥ এইকালে শীঘ্র কর রাক্ষদ সংহার। কোটি কোটি দৈন্য দেখ মারিল আমার 🛚 এত শুনি কর্ণবীর চলিল সত্বর। হাতে ধনু করি উঠে রথের উপর॥ মহাদম্ভ করি যায় রবির নন্দন। দেখি তুর্য্যোধন হৈল আনন্দিত মন॥ তবে কর্ণ মহাবীর সন্ধান পুরিয়া। ঘটোৎকচ সন্নিধানে উত্তরিল গিয়া॥ কোপে ঘটোৎকচ বার গদা ল'য়ে করে। তৃষ্কার করিয়া ধায় সংগ্রাম ভিতরে॥ গদার প্রহারে মাবে বড় বড় রথী। নলবন দলে যেন মদমত্ত হাতী॥ গলা ধরি ঘোড়া মারে করি-কুস্তে গদা। গর্জিয়া গজেব্র পড়ে, পাড়ে রণে গদা॥ চরণের বীরদাপে বম্বমতী কাঁপে। সাগর লঙ্ক্মিতে যার শক্তি একলাফে॥ বাণ নাহি বিশ্বে গায় উগড়িয়া পড়ে। ঘন ঘন সংগ্রামেতে সিংহনাদ ছাড়ে॥ বিপরীত বীরবর মহা বক্রগতি। দেখি মহাকোপে ধায় অঙ্গদেশ পতি॥ লইয়া একাদ্মী অস্ত্র রবির তনয়। সন্ধান পুরিয়া মারে রাক্ষস-হৃদয়॥ অনল সমান চলে একঘাতী অস্ত্র। দেখি ঘটোৎকচ ভয়ে হইলা নিরস্তা। পর্বত হইয়া অস্ত্র আইসে ত্ররিতে। পড়িছে অনলকণা দে অস্ত্র হইতে॥ বাণ দেখি রাক্ষদের উড়িল পরাণ। নিতান্ত ইহার হাতে নাহিক এড়ান ॥ নানা অস্ত্র এড়ে বীর বাণ কাটিবারে। মুধল মুদগর মারে অক্সের উপত্রে 🕨

_{সর্বন} অস্ত্র ব্যর্থ করি ধায় বাণপতি। বক্ষঃদেশ বিন্ধিলেক ঘটোৎকচ রথী॥ বাণাঘাতে ব্যথিত হইল বীরবর। দ্যুকিয়া বলিল শুন পিতা রুকোদর ॥ ্হন বুঝি অন্তকাল হইল আমার। মৃত্যুকালে কি করিব তব উপকার॥ এত শুনি রুকোদর শোকেতে আকুল। ভাকিয়া ব**লিল চাপি পড় কুরুকুল ॥** ব্রকর্ম করিয়াছ অতুল সংসারে। দশ্মুথ সংগ্রামে পড়ি যাও স্বর্গপুরে॥ ্রত শুনি ঘটোৎকচ হৈল ভয়ক্ষর। বাদশ যোজন দীর্ঘ করে কলেবর॥ কুরুবল চাপিয়া প**ড়িল মহাশূর।** লক লক রথ অস্থ করিলেক চুর॥ শত শত হস্তী পড়ে দীৰ্ঘ দীৰ্ঘ দন্ত। পদাতিক যত পড়ে নাহি তার অন্ত॥ কুরুবল ক্ষয় করে ভাষের নন্দন। দেখি শোকাকুল তাহে যত বন্ধুজন॥ গুই দলে হইল ক্রন্দন কোলাহল। প্রনয়ের কালে যে**ন সমুদ্র-কল্লোল**॥ নিতীয় প্রহর রাত্রি ঘোর **অন্ধকার।** এই কালে ঘটোৎকচ হইল সংহার॥ রোনন করয়ে যত পাণ্ডবের দেনা। কুকুকুলে জয় জয় বাজিছে বাজনা॥ দ্রোণপর্ব্ব স্থধারস ঘটোৎকচ বধে। কাশীরাম দাস কহে গোবিক্দের পদে॥

কণের নিকটে কপটে ইন্দ্রের কবচ গ্রহণ।
গুনি বলে শুন পরীক্ষিতের নন্দন।
ইনমতে ঘটোৎকচ হইল নিধন॥
পুত্রহত দেখি ভীম করয়ে রোদন।
ইাতে গদা করি ধায় মহারুফী মন॥
পৃষ্টি নাণ হেতু যেন দীপ্তিমান চণ্ড।
দেইমত করে বীর সৈন্য লণ্ড ভণ্ড॥
শত শত হস্তী পড়ে গদার প্রহারে।
নিমিষেকে পদাতিক দিশ যমঘরে॥

ভীমকে দেখিয়া কাল শমন সমান। ভয়েতে পলায় সবে লইয়া পরাণ॥ সমস্ত রজনী যুদ্ধ করি দৈত্যগণ। গদাঘাতে খণ্ড খণ্ড হৈল সৰ্ব্বজন॥ ক্ষুধায় তৃষ্ণায় অবদন্ন কলেবর। রথীগণ দেনাগণ নিদ্রায় কাতর॥ ছুর্ব্যোধন ভয়ে কেহ না পারে যাইতে। হাতে অস্ত্র করি রথী পড়ি যায় রথে॥ এতেক দেখিয়া তবে বীর ধনঞ্জয়। সৈন্মের তুর্গতি দেখি তাপিত হৃদয়॥ ডাকিয়া বলেন পার্থ শুনহ বচন। আজিকার মত যুদ্ধ কর নিবারণ॥ ক্ষুধায় তৃষ্ণায় সবে হইল পীড়িত। এত শুনি সর্বজন হৈল আনন্দিত # ধন্য ধন্য বলি পার্থে বলেন বচন। মহাধর্মশীল তুমি ইন্দ্রের নন্দন॥ দয়াশীল ধর্মাশীল তুমি মহাশীর। অচিরে হইবে পার্থ তোমার বিজয়॥ এত বলি আনন্দিত হৈল দেনাগণ। নিদ্রাযুক্ত হ'য়ে সবে পড়ে সেইক্ষণ ॥ রণস্থলে পড়িলেন হইয়া কাতর। রথিগণ প'ড়ে গেল রথের উপর॥ গজেতে মাহত পড়ে অথে আদোয়ার। ভূমিতলে পড়ে সৈত্য শবের আকার। রাজগণ পথে পড়ে মৃতপ্রায় হৈয়া। রতন মুকুট সব পড়িল খসিয়া 🖟 কন্দর্প সমান রূপ কোমল শরীর। রূপবন্ত বলবন্ত সবে মহাবরে॥ বিনা খাট পালক্ষ ত্রনিত্র। নাহি হয়। রাজচক্রবত্তী সবে স্থাজার তনয়॥ স্তবর্ণ প্রদীপ জ্বলে রত্নগৃহ মাঝে। কুন্থম শ্ব্যায় নিদ্রা বায় মহারাজে॥ মনোহর নারীগণ কর্মে দেবন। এমন করিলে িদ্রা যায় কদাচন॥ হেন দব রাজপুত্র নবীন যৌবন। রণস্থলে নিদ্রা যায় হ'য়ে অচেতন।।

সৈন্মের শোণিত সব হইল কর্দম। হেনমতে রণস্থল দেখি হয় ভ্রম ॥ শিবাগণ চতুর্দ্ধিকে বিপরীত ভাকে। প্রেত ভুত পিশাচ আইল ঝাঁকে ঝাঁকে॥ ছুৰ্গন্ধ কারণে লোক পথ নাহি চলে। দেবগণ ভয় করে সেই রণস্থলৈ॥ নিদ্রা যায় রাজগণ হ'য়ে অচেতন। শবের উপরে সবে করিল শয়ন॥ এতেক দেখিয়া পার্থ কুন্তীর নন্দন। क्टर्यग्रंथरन निन्मः कति विलक्ष वहन ॥ ধিক্ ধিক্ ছুর্যোধন তোমার জীবনে। এতেক তুৰ্গতি তুষ্ট কৈল জ্ঞাতিগণে॥ এতেক বলিয়া তবে ইন্দের নন্দন। শিবিরেতে চলিলেন ল'য়ে নারায়ণ॥ घটा थक दलारक काल्म वीत त्रकामत। বিলাপ করেন পার্থ অতি হুঃখকর॥ অভিমন্থ্য শোকে মম বিকল শরীর। মহাশোক দিয়া গেল ঘটোৎকচ বীর॥ বলেন কুষ্ণেরে চাহি বীর ধনঞ্জয়। কি করিব আজ্ঞা মোরে কহ মহাশয়॥ তুই পুত্রশোকে মম পুড়িছে শরীর। কি কর্ম্ম করিব আজ্ঞ। কর যহবীর॥ এমত শুনিয়া কহিছেন ভগবান। বভ কর্ম কৈল তবে ভীমের সন্তান ॥ তাহার কারণে মৃত্যু নহিল তোমার। শুনহ কহি যে তার পূর্ব্ব দমাচার॥ শ্রীকৃষ্ণ বলেন শুন অর্জ্জুন র্তান্ত। তোমার লাগিয়া দেই আদে শচীকান্ত॥ অক্ষয় কবচ ধরে কর্ণ মহাবীর। শ্রেবণে কুগুল যুগ্ম সমান মিহির। কর্ণের সমান দাতা নাহি ত্রিভুবনে। যে যাহা মাগয়ে তাহা দেয় দেইক্ষণে ॥ তব হিত হেতু আসে সহস্রলোচন। উত্তরিল ইন্দ্র যথা রবির নন্দন ॥ ছিজরূপে যান ইন্দ্র কর্ণের নিকটে। ৰিজ দেখি কৰ্ণ প্ৰণমিল করপুটে ॥

প্রণাম করিয়া কহে রবির তনয়। কোন্দেশে ঘর তব কহ মহাশয়॥ কিসের কারণে হেথা গমন তোমার। বিবরিয়া কছ মোরে সব সমাচার॥ অশীর্কাদ করি কহে সহস্রলোচন। এক দান দেহ মোরে সূর্য্যের নক্ষন॥ এত শুনি কর্ণ বলে কহ বিজবর। কোন দ্ৰব্যে অভিলাষ মাগহ সম্বর॥ ইন্দ্র বলে সত্য আগে কর ধনুর্দ্ধর। তবে সে মাগিব আমি তোমার গোচর॥ এতেক শুনিয়া কর্ণ ভাবে মনে মন। নাহি জানি দ্বিজরূপে আদে কোন্জন॥ যে হোক দে হোক মম সত্য অঙ্গীকার। যেই যাহা মাগে দিব প্রতিজ্ঞা আমার॥ এত চিন্তি কহে কর্ণ শুন ধিজবর। দিব ত সর্ববথা আমি কহিনু সহর॥ জানহ আমার এই সত্য অঙ্গীকার। যদি প্রাণ চাহ দিব না করি বিচার॥ এত শুনি কহিলেন কর্ণের গোচর। ক্বচ কুগুল দান ক্রহ স্থ্র ॥ বিশ্মিত হইয়া কর্ণ ভাবে মনে মন। হেনকালে সূর্য্যবাক্য হইল স্মরণ॥ যোড়প্লতে কর্ণ বলে করি নিবেদন। জানিসু আপনি তুমি সহস্রলোচন॥ অর্জ্জনের হেতু তুমি আদিয়াছ হেথা। কুগুল কৰচ দিব কত বড় কথা ॥ প্রাণ যদি চাহ তবু না করিব আন। এত বলি কর্ণবীর করিল প্রণাম॥ পুনরপি কর্ণ বলৈ শুন মহাশয়। অর্জ্জনের হেঠু তুমি কেন কর ভয়॥ অর্জ্জনের স্থা কৃষ্ণ ক্মললোচন। তাহারে মারিবে হেন আছে কোনজন॥ আসারে মারিবে পার্থ না যায় খণ্ডন। কুরুকেতে যথন হইবে মহারণ॥ এত বলি কর্ণ বার হাতে থড়গ লৈয়া। অঙ্গ কাটিয়া কৰচ দিল সে খুলিয়া॥

কর্ণের সাহস দেখি দেব পুরন্দর। कृति रुख विलितन याणि लह वत ॥ কর্ণ বলে বর যদি দিবে মেঘবান। একঘাতী অস্ত্র দেব মোরে কর দান॥ কর্ণেরে একাদ্রা অক্র দিয়া পুরন্দর। কবচ কুগুল ল'য়ে গেল নিজ ঘর ॥ বজ সম বাণ সেই নহে নিবারণ। যাহারে প্রহারে তার অবশ্য মরণ॥ ্রোমারে মারিতে কর্ণ রাখিল যতনে। বহুদিন গুপ্ত রাখে কেছ নাহি জানে॥ ঘটোৎকচ হত্তে দেখি সকল সংহার। অতএব কর্ণ তারে করিল প্রহার॥ ঘটোৎকচ হেতু মৃত্যু নহিল তোমার। নিশ্চয় জানহ এই কুন্তীর কুমার॥ অতএব শোক না করিছ ধনঞ্জয়। আপনার বী**র্য্য জানি শত্রু কর ক্ষ**য়॥ ক্বঞের বচনে সবে হর্ষিত মন। শিবিরেতে গিয়া **সবে করিল শ**য়ন॥ মহাভারতের কথা <mark>অপূর্ব্ব কাহিনী।</mark> শংসার সাগর ঘোর তরিতে তরণী॥ ^{जावरहरल} राहे **जन छात मन** पिया। অন্তকালে স্বর্গে যায় চতুত্রু জ হৈয়া॥ কাশীরাম দা**দ প্রণামে সাধুজনে**। দূঢ় করি ভজ ভাই গোবিন্দ চরণে॥

যুদ্ধে ক্রপদরাজার মৃত্যু।

মূনি বলে অনন্তর শুনহ রাজন।
প্রভাতে আইল সবে হয়ে একমন॥
শংসপ্রকে চলি যান কৃষ্ণ ধনঞ্জয়।
ছই সৈন্তে কোলাহল হইল প্রলয় ॥
মহাকোপে যোদ্ধাগণ করয়ে সমর।
বাণ রৃষ্টি করে যেন বর্ষে জলধর ॥
ভীম ছর্য্যোধনে যুদ্ধ হয় ঘোরতর।
শাত্যকি সহিত কর্ণ করয়ে সমর॥
দোলের সহিত যুঝে পাঞ্চাল-নন্দন।
বিরাট সহিত সোমদত্ত করে রণ॥

সহদেব শকুনি করয়ে ঘোর রণ। নকুলের সহ যুদ্ধ করে হুঃশাসন। ভগদত্ত সহ যুঝে পাঞ্চাল রাজন। যুধিষ্ঠির সহ মদ্রপতি করে রণ॥ শিখণ্ডী-সহিত যুঝে জোণের নন্দন। সমানে সমানে হয় ছোর মহারণ ॥ প্রলয়কালেতে যেন মেঘের গর্জন। সেই মত যোদ্ধাগণ করয়ে তর্জ্জন।। ক্পাচার্যা সহ জরাসন্ধের তনয়। ক্বতবর্মা চেকিতানে মহাযুদ্ধ হয়॥ কাশীরাজ সহ যুঝে হুমন্ত নুপতি। শতানীক করে যুদ্ধ পোরব সংহতি॥ হেনমতে যুদ্ধ করে দব যোদ্ধাগণ। মহাকোপে করে সবে অন্ত্র বরিষণ॥ ভীম দনে গদা যুদ্ধ করে হুর্য্যোধন। অদ্ভূত দেখিয়া সবে চমকিত মন॥ নকুলেতে তুঃশাসনে হয় মহারণ। কোপে দোঁহাকারে দোঁহে করে প্রহরণ॥ সন্ধান পূরিয়া বীর মদ্র-স্থতান্তত। ত্রংশাদন অঙ্গে বাণ মারিল বহুত। কবচ ভেদিয়া অঙ্গে করিল প্রবেশ। শোণিত পড়য়ে অঙ্গে প্রাণমাত্র শেষ॥ অজ্ঞান হইয়া বীর রথের উপর। খসিয়া পড়িল হাত হৈতে ধকুঃশর॥ তবে কভক্ষণে বীর পাইয়া চেতন। ধনু ধরি হুঃশাসন এড়ে অস্ত্রগণ ॥ তুই জনে বাণ এড়ে দোঁতে ধকুর্দ্ধর। দোঁহাকার বাণে দোঁহে হইল জর্জ্জর॥ তবে কোপে নকুল এড়িল চুই বাণ। রথধ্বজ কাটিয়া করিল খান খান॥ আর হুই বাণ বীর এড়ে আচন্বিতে। সারথির মাথা কাটি পাড়িল ভূমিতে। সার্থি পড়িল র্থ **হইল অচল**। দেখি ভয়ে হুঃশাসন হইল বিকল। রথ ছাড়ি **ছঃশাসন বেগে পলাইল**। দেখি যত যোদ্ধাগণ হাসিতে লাগিল 🛚

ভগদত্ত সহ যুঝে পাঞ্চাল ঈশ্বর। বাণর্ম্ভি পরস্পর দোঁহার উপর॥ পর্বত আকার হস্তী করি আরোহণ॥ দ্রুপদ সহিত যুঝে"নরক-নন্দন॥ প্রাণপণে দিব্য অস্ত্র এড়িল দ্রুপদ। কাটি পাড়ে ভগদত্ত যেন তৃণবৎ॥ বাণ ব্যর্থ দেখি তবে পাঞ্চাল ঈশ্বর। ভগদত্তে প্রহারিল তীক্ষ্ণ পঞ্চ শর॥ কবচ ভেদিয়া বাণ অঙ্গে প্রবেশিল। ভগদত্ত অঙ্গ হ'তে শোণিত বহিল ॥ স্থির হ'য়ে ভগদত্ত পূরিল সন্ধান। দ্রুপদের ধন্ম কাটি করে তুই গান। শীস্ত্রগতি ভগদত্ত এড়ি তুই বাণ। সারথি তুরঙ্গ কাটি পাড়ে ততক্ষণ॥ অর্দ্ধচন্দ্র এডে ভগদত্ত নুপবর। তুই খান করি কাটে পাঞ্চাল ঈশ্বর॥ তারপর ভগদত্ত পঞ্চদশ বাণে। মারিল পাঞ্চালরাজে বিশিষ্ট সন্ধানে॥ ক্রপদ পড়িল দেখি রাজা যুধিষ্ঠির। মহাশোকে হইলেন নিতান্ত অস্থির॥ হাহাকার শব্দ করে যত সেনাগণ। পিতৃশোকে ধ্বউত্ব্যন্ত্ৰ হৈল অন্তেতন ॥ আনন্দিত কুরুদৈন্য ছাড়ে সিংহনান। পাগুবের দলে বড় হইল বিষাদ॥ মহাভারতের কথা অমূত-সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

বৈষ্ণবান্ত্রের উপাখ্যান ও ভগদত বধ।
অর্জ্জুন বলেন কৃষ্ণ কর অবধান।
হের দেখ ভগদত অনল সমান॥
সৈত্যগণ ক্ষয় মম করিল বিস্তর।
অতএব রথ তুমি চালাও সম্বর॥
আজি আমি রণে তারে করিব নিধন।
নিশ্চয় প্রতিজ্ঞা মম শুন নারায়ণ॥
এত শুনি শ্রীগোবিশ্দ হ'য়ে আনন্দিত।
ভগদত বধে রথ চালান ত্রিতঃ॥

বায়ুবেগে চলে রথ পবন সমান। ভগদত্ত সম্মুখে আইল সেইক্ষণ ॥ অৰ্জ্বনে দেখিয়া ধায় ভগদত্তবীর। বাণর্ম্ভি করে যেন মেঘে ফেলে নীর॥ তর্জন করিয়া বলে অর্জ্জনের প্রতি। আজি যুদ্ধ কর পার্থ আমার সংহতি॥ অবশ্য করিব আজি তোমাকে সংহার। নিতান্ত প্রতিজ্ঞা এই জানিবে আমার॥ এত শুনি কোপবন্ত পার্থ ধনুর্দ্ধর। ডাকিয়া বলেন গর্বব ত্যজহ বর্ববর॥ কোন কর্ম করি তোর এত অহঙ্কার। আমার অগ্রেতে হেন প্রতিজ্ঞা তোমার্॥ এইক্ষণে দাক্ষাতে দেখিবে যোদ্ধাগণ। অবশ্য পাঠাব তোরে যমের সদন॥ অর্জ্জনের কটুবাক্য শুনি ভগদত্ত। মহাকোপে চালাইয়া দিল গজমত্ত॥ বায়ুবেগে হস্তী পড়ে রথের উপর। দেখিয়া চিন্তিত হইলেন দামোদর॥ তথা হৈতে রথ রাখিলেন একভিত। রাজা যুধিষ্ঠির হইলেন আনন্দিত॥ পুনরপি তুইজনে হইল সমর। তীক্ষ অস্ত্র এড়ে দোঁহে দোঁহার উপর॥ কোপে ভগদত্ত বীর পূরিল সন্ধান। অর্জুনেরে প্রহারিল চোধ চোথ বাণ ॥ তবে ধনঞ্জধ বীর পূরিয়া সন্ধান। ভগদত্ত বাণ করিলেন খান খান॥ কাটেন সকল অন্ত্ৰ পাৰ্থ কুভূহলে। নারাচ মারিল বীর করি কুম্ভস্থলে॥ দারুণ প্রহারে করী বিকল হইল। বজ্রাঘাতে যেন গিরিশৃঙ্গ বিদারিল। হন্তী যদি পড়িল দেখিল ভগদত্ত। হেনকালে সার্থি যোগায় এক রথ॥ ষাটি ষাটি হস্তী সেই রথখান বহে॥ বিস্ময় মানিয়া সর্ব্ব যোদ্ধাগণ চাহে 🛭 হেন রথে ভগদত্ত চড়ি দেইকণ। অতি কোপে করিলেন বাণ বরিষণ ॥

্র তি বাণ এড়ে বীর পূরিয়া সন্ধান। নিমিষে করেন পার্থ তাহা খান খান॥ াণ ব্যৰ্থ দেখি তবে ভগদত্ত বীর। ছৰ্জ্ন উপরে মারে চৌষট্ট তোমর॥ 📭 করি পড়ে অর্জ্বন উপর। নিবারিতে না পারেন পার্থ ধ্যুর্দ্ধর।। ্রাণাঘাতে হইলেন অর্জ্জুন অস্থির। _{ধরতর} স্রোতে ব**হে অঙ্গের রু**ধির॥ মচেতন হইলেন রথের উপর। _{ক্রাধ} করি তথন ক**হিল দামোদর**॥ ক হেতু অশক্ত তোমা দেখি আজি রণে। মন্য মন কর তুমি কিসের কারণে॥ প্রতিজ্ঞা করিলে ভগদত্ত মারিবারে। ত্রে কেন অচেতন হৈলা একেবারে॥ ভগদতে ক্ষয় কর এড়ি দিব্য বাণ। আকর্ণ পুরিয়া তুমি করহ সন্ধান ॥ আশা পেয়ে হাদে দেখ হুফ্ট হুর্য্যোধন। দিখ কুরুকুল সব প্রাফুল্ল বদন॥ চুঞ্চের বচনে পার্থ লঙ্জিত হইয়া। দিব্য অস্ত্র যুড়িলেন ধ**ন্তু টক্ষারিয়া ॥** গগন ছাইয়া বান এড়েন তখন। মুধল ধারাতে যেন বর্ষে নবঘন॥ মন্ত্র বিনা দৈন্যমধ্যে নাহি দেখি আর। দিবদে **হইল যেন ঘোর অন্ধকার॥** শীঘ্রগতি ভগদত্ত পূরিয়া সন্ধান। নিমিষেকে নি<u>বারিল অর্জ্জনের বাণ॥</u> ^{তবে} কোপে ভগদত্ত কহে অর্জ্জুনেরে। ^{এই অন্তে} ধনপ্তয় বিনাশিব তোরে॥ দেখিব কেমনে অস্ত্র কর নিবারণ। এত বলি ভগদত্ত করয়ে তর্জন ॥ ^{বৈষ্যু}ব নামেতে বাণ বদাইল চাপে। ^{জন্ত্ৰ} দেখি দেবগণ ইন্দ্ৰ আদি কাঁপে॥ শন্ধান পুরিয়া বীর এড়িলেক বান। চলিল বৈষ্ণৰ অস্ত্ৰ অনল সমান॥ ^{দেখিয়া} বৈষ্ণব বাণ দেব নারায়ণ। চিন্তান্বিত হইলেন অর্জ্বন কারণ চ

অর্জ্জনের পশ্চাৎ করি দেব নারায়ণ।-বুক পাতি আপনি দিলেন সেইক্ষণ॥ কৃষ্ণের শরীরে আসি লিপ্ত হৈল বাণ। দেখি যত যোদ্ধাগণ হৈল কম্পনান। এতেক দেখিয়া পার্থ লক্ষিত বদন। ক্বতাঞ্জলি করিয়া করেন নিবেদন॥ অর্জ্জুন বলেন দেব কর অবধান। কি কারণে হৃদয়ে ধরিলা ভূমি বাণ॥ কোন্ কাজে ন্যুন তুমি দেখিলা কখন। এবে অস্ত্র ধর তুমি কিদের কারণ॥ শ্ৰীকৃষ্ণ বলেন সথে কছিলা প্ৰমাণ । তোমা হৈতে নিবারণ নহে এই বাণ ॥ বৈষ্ণব অস্ত্রের তুমি না জান মহিমা। মহাতেজোময় অস্ত্র নাহি তার সীমা॥ অৰ্জ্জুন বলেন কৃষ্ণ কহিবা আমারে। হেনমত অস্ত্র কেবা দিলেক উহারে॥ নিকারণ নহে অস্ত্র কিসের কারণ। ইহার বুত্তান্ত মোরে কহ নারায়ণ॥ শ্ৰীকৃষ্ণ বলেন পাৰ্থ কহি তব স্থান। চারি মুর্ত্তি মম তুমি জ্ঞানহ প্রমাণ ॥ এক মৃত্তি তপস্থা করেন অনুক্ষণ। আর মৃত্তি ত্রিভুবন করয়ে পালন॥ আর মূর্ত্তি ধরি সৃষ্টি করি যে স্থজন। অন্তরূপে এক মূর্ত্তি সংদার কারণ॥ নরক পাইল অন্ত আমার সদনে। তাহা হ'তে পায় পৃথী, সে দিল নন্দনে॥ পৃথিবীর পুত্র ভগদত্ত মহারাজা। অন্ত্রে শত্রে বিচক্ষণ বলে মহাতেজা । এই অস্ত্ৰ প্ৰতাপে জিনিৰ ভূমগুল। ভগদত্ত সহ সথ্য কৈল আথওল ॥ কদাচিৎ ব্যর্থ যদি সম চক্র হয়। অব্যৰ্থ বৈষ্ণৰ বাণ কছু ব্যৰ্থ নয়॥ এতেক শুনিয়া পার্থ লিজ্জিত অন্তর। পুনরপি পার্থকে কহিল গদাধর 🛭 এড়িল বৈষ্ণব অন্ত ভগদন্ত বীর। এইকালে ঝটিতি কাটৰ তার শির 🗓

তব ভাগ্যে রাজা বাণ করিল ক্ষেপণ। বিনা ক্লেশে বধ তারে করহ এখন ॥ আছিল বাণের তেজে বিষ্ণুর সমান। সমরে হইড, কার শক্তি আগুয়ান ॥ এবে কিন্তু চিন্তা নাহি কর ধনঞ্জয়। একণে হইবে জয় জানিহ নিশ্চয় ॥ এত শুনি ধনপ্রায় হরষিত মন। সন্ধান পুরিয়া এড়িলেন অস্ত্রগণ। কোপে ধনপ্তয় বীর এড়ি পঞ্চবাণ। ভগদত্ত ধমুক করেন থান খান॥ আর ধনু ধরি ভগদত করে রণ। সেই ধন্ম ধনঞ্জয় কাটেন তখন॥ পুনঃ পুনঃ ভগদত্ত যত ধনু লয়। ক্রমে সব কাটিলেন বীর ধনঞ্জয়॥ কোপে ভগদত্ত বীর শক্তি নিল হাতে। ফেলিয়া মারিল শক্তি অর্জ্জ্নের মাথে॥ ধনু টক্ষারিয়া পার্থ মারিলেন বাণ। কাটিলেন তার শক্তি হেন শক্তিমান। অর্দ্ধচন্দ্র এড়ি বীর পূরিয়া সন্ধান। ভগদতে মারিলেন কুলিশ সমান॥ তুইখান হ'য়ে পড়ে রথের উপর। এক ঘায় ভগদত্ত গেল যমঘর॥ রণেতে পড়িল ভগদত্ত মহাবীর। দেখি দুর্য্যোধন রাজা হইল অস্থির॥ ভগদত্ত রথ ল'য়ে সারথি সত্বর.। ভ্রমণ করিয়া বুলে সংগ্রাম ভিতর ॥ শত শত সেনা পড়ে রথের চাপনে। **८**हन वीत्र नाहि निवातरः त्रथथात्न ॥ দেখি কোপে ধায় বীর প্রননন্দন। সাবধানে সাপুটিয়া ধরে রথখান ॥ বায়ুবেগে রুকোদর ফেলে রথখান। দেখিয়া কৌরব দল হৈল কম্পান # দ্ৰোণপৰ্ব্ব পুণ্যকথা ভগদন্ত বধে। কাশীরাম দাস কৰে গোবিন্দের পদে॥

ফোপাচার্য্যের মৃত্যু।

মুনি বলৈ মহাশয়, শুন ওছে জন্মেন্ত ছেন মতে পড়ে ভপদত্ত। দেখি রাজা ছুর্য্যোধন, শোকেতে আকুন্ম আরোহণ কৈল গত্তমন্ত॥ অখ্থামা নামে হস্তী, তার তুল্য অন্যনাং এমন উত্তম গজবর। বর্ণে যিনি জলধর. ঈষাদন্ত সম শ দেখিতে বড়ই ভয়ক্কর॥ তাহে আরোহণ করি, আদে কুরু অধিকার্ন यथा व्याटक वीत त्र दकामत । ভূৰ্য্যোধন নূপক হাতে গদা ঘোরতর ভীমদেন করিতে সমর ॥ দেখি রায় রকোদর, হাতে গদা ভয়স্ক শ্মন সমান মহাবীর। মহাকোপে অঙ্গ কাঁপে, দশনে অধর চাণে বজ্ঞ সম কঠিন শরীর॥ গদা যেন কাল দণ্ড. সৈন্য করে লণ্ড ভং এক ঘারে মারে শত শত। হস্তা অশ্ব পড়ে যত, লিখিতে না পারি ত শত শত চুর্ণ করে রথ॥ যুদ্ধ করে ঘোরত আনন্দিত ব্লোদর বায়ুবেগে ধায় মহাবীর। মূর্ত্তি যেন রুহন্তা কোপে ভয়ঙ্কর তন্তু, দেখি আনন্দিত যুধিষ্ঠির॥ করিবরে আরো হেনকালে তুর্য্যোধন, গদ। ল'য়ে ধায় মহাবীর। সবে সশস্কিত ফ দেখি ধত যোদ্ধাগণ, সংগ্রাম হইল ঘোরতর॥ হ'লে যেন যমগূ তবে কোপে বায়ুস্থত, গদাতে ভাঙ্গিল তার মুগু। ব**দ্রাবাতে যেন গিরি, সেই**মত পড়ে ^ক মস্তক হইল ৭৩ ৭৩। ভয়েতে কম্পিত মন, একলাকে হুর্য্যো হস্তী এড়ি পড়িল ধর্

नि न'रा प्रहे करत, श्रशक्ति व्रकामरत, বক্সাঘাত যেন শব্দ শুনি ॥ দাঘাতে রকোদর, ক্রোধে কম্পে থর থর, धित्रलम शना मृष्युष्टि । ্যুগান্তরে সমবতী, গুৰুবৰ্ণ জিনি মূৰ্ভি, সংহার করিতে যেন স্থাষ্টি॥ _{মতি} কোপে ব্কোদর, মারে গদা খরতর, তুর্য্যোধন রাজার উপর। অঙ্গ কাঁপে ঘনে ঘন, াদাঘাতে ছুর্য্যোধন, পলাইল ত্যজিয়া সমর ॥ ্র্য্যোধন ভঙ্গ দেখি, ভীমদেন হ'য়ে হুখী, সংহারিল বহু দৈন্যগণ। দেয় কেং নহে স্থির,দেখি কাঁপে ডোণবার, দ্রুতগতি এলেন তখন ॥ এড়ি যত অস্ত্রগণ, দাকর্ণ পুরিয়া দ্রোণ, বিন্ধিলেন ভীমের হৃদয়। অঙ্গে বহিছে রুধির, 🌃 ভূত হইল বার, পলাইল প্ৰন তন্য়॥ গুলাইল ভামদেন, দেখি আনন্দিত-দ্রোণ, বাণর্ম্ভি করে মহাবীর। শত শত দৈত্য পড়ে কদলা যেমন ঝড়ে. যোদ্ধাগণ হইল অন্থির॥ দেখি দৈন্য অপচয়, হবে কোপে ধনঞ্জয়, জত আসে জোণের সম্মুখে। জোধে করে বাণরুষ্টি, যেন সংহারিতে স্বষ্টি, দিব্য অস্ত্র ফেলে লাখে লাখে ॥ দ্রোণচার্য্য বলবান, মর্জুনের দশ বাণ মরিলেক সমর ভিতরে। পার্থবীর হতজ্ঞান, শাইয়া দ্রোণের বাণ, পড়িলেক রথের উপরে ॥ বিজ্ঞুনে বিমুখ করি, দ্রোণাচার্য্য গেল ফিরি, দেনাগণে করিতে বিনাশ। শিরুণ দ্রোণের বাণ, স্থির নছে কোন জন, যুধিষ্ঠির গণেন হতাশ 🖁 বেই বীর রণবেশে, ডোণের সম্মুখে আসে, তারে দ্রোণ করয়ে সংহার।

দেখি দ্রোণ নিরুপম, যেন যুগান্তের যম, পাণ্ডবের নাহিক নিস্তার॥ দেখি কৃষ্ণ সেনা নাশ, কছেন মধুর ভাষ, শুন দ্রোণ আমার বচন। অক্সথামা পুত্র তব, আজি হ'য়ে পরাভব, ভীম হস্তে হইল নিধন॥ ভনি দ্রোণাচার্য্য বীর, হইলেন যে অন্থির, মনেতে হইল বড় ত্রাস। অশ্বথামা জন্ম যবে. শূন্যবাণী হৈল তবে. চিরজীবী কহিলেন ব্যাদ॥ স্থমেক ভাঙ্গিয়া পড়ে, চন্দ্রসূর্যা স্থান ছাড়ে, তবু মিথ্যা নাহি কহে মুনি। কহিলেন নারায়ণ, অসম্ভৱ কথা হেন, এ কথা বিশ্বয় বড় মানি॥ এত ভাবি কহে দ্রোণ. শুন প্রভু নারায়ণ, তব মায়া বুঝিতে না পারি। পূর্বের ব্যাদ দিল বর, চারিযুগে দে অমর, এবে কেন হেন কহ হরি। পুনঃ কন দামোদর. বিনাশিল রুকোদর, হয় নয় বুঝ ভীমস্থানে। মিথ্যা নাহি কহি আমি, নিশ্চয়জা**নিহ তুমি**, অশ্বত্থামা পড়িয়াছে রণে॥ এতশুনি দ্রোণাচার্য্য, পুত্রশোকে হীনধৈর্য্য, পুনরপি কহিল তখন। তবে আমি দত্য মানি, যদি কহে নৃপমণি, যুধিষ্ঠির ধর্মের নন্দন ॥ তবে প্রভু নারায়ণ, কলিলেন সেইক্ষণ, যুধিষ্ঠিরে ডাকি নিজ পাশ। অশ্বথামা হত বাণী, দ্রোণে কহ নূপমণি, দ্ৰোণ যেন জানে সত্যভাষ॥ শুনিয়া কুষ্ণের বাণী, কহিলেন পাণ্ডব মণি. কিরূপে কহিব মিখ্যাবাণী। আমাতে বিখাস করি,দোণ জিজাসিবে হরি, মম বাক্য সত্য হেন জানি॥ কেমনে কহিব মিখ্যা, যুক্তি নহে এই কথা, यि सम इस मर्खनाम ।

বিশাপখাতিতা কন্মি, কিমতে কহিব হরি মহাপাপ নাশিলে বিশ্বাস ॥ করিছেন বিজ্ঞাপন, পুনরপি নারায়ণ, প্রকার করিয়া কহ দ্রৈাণে। অখখামা হতবাণী, আমি তাহা সত্য জানি, ইতি গব্দ পড়িয়াছে রণে॥ পুনঃ কন যুধিষ্ঠীর, তল শুন খুন যতুবীর, তথাপিও অধর্ম বিস্তর। মিপ্যা যদি কহি আমি, হইব নরকগামী, উদ্ধারের বলহ উত্তর॥ এত শুনি রুকোদর জোধে কম্পে কলেবর. কহিতে লাগিল সেইক্ষণ। হইয়া পাণ্ডৰ স্বামী, সকল নাশিলে তুমি, ত্ব সত্য না জানি কেমন॥ অধর্ম করিলে যদি, হয় লোক অধোগতি, কি করিল রাজা তুর্য্যোধন। অভিমন্যু গেল রণে, বেড়ি সপ্ত যোদ্ধাগণে একা শিশু করিল নিধন॥ সত্যৰাদী সদা ধৰ্মা, তুমি কি করিলা কৰ্মা, ৰাশিলা সকল রাজ্যধন। কহ তুমি নৃপমণি, আমার বচন শুনি. এই কথা স্বরূপ বচন ॥ মোরে যদি পুছে দ্রোণ,কহি আমি পুনঃপুনঃ, কহি পুনঃ এক শত বার। ইছা বলি ক্লকোদর. কহিলেন দৃঢ়তর, , অখ্যামা হত মারোদ্ধার॥ 🦦ৰ দ্ৰোণ কহি সার, সমরেতে আজিকার, মম হস্তে অশ্বত্থামা হত। জানাই স্বরূপ আমি, নিশ্চয় জানহ ভূমি, এই কথা নহে অন্য মত ॥ এত শুনি কহে দ্রোণ, প্রত্যয় না হয় মন. েতামার বচনে রকোদর। ্কহে ধর্ম স্কচরিত, হত যদি মম হতে, निक्रमूर्थ धर्म नृপবর॥ কুপিত হইল মৰ, . শুনিয়া ত নারায়ণ, কহিলেন রাজ। যুধিন্তিরে।

এই কথা সত্যবানী কহ তুমি নৃপমণি, তবে यमि विश्वत त्यार्गत्त्र । তাহা শুনি ধর্মাত্ত, হইয়া বিষাদযুত, কহিলেন দ্রোণের গোচর। ইতি গব্দ সত্যভাষ, অশ্বত্থামা হৈল নাশু, জানহ স্বরূপ এ উত্তর। পুনরপি কহে দ্রোণ, সত্য কহ হে রাজন্ অশ্বথামা হইল বিনাশ। কছেন ধর্মের হৃত, অশ্বত্থামা হৈল হত ইতি গব্দ সত্য এই ভাষ॥ ক**হিছেন** ততবার, দ্রোণ পুছে যতবার, বুধিন্ঠির দে মত উত্তর। লঘুষরে নৃপমণি, কহে ইতি গজবাণী পুনঃ পুনঃ জোণের গোচর॥ বুধিষ্ঠির মুখে শুনি, সত্য হেন দ্রোণ জানি, পুত্রশোকে হইল আকুল। ধসু ধরি বামকরে,কান্দে দ্রোণ উচ্চৈঃম্বরে, লোহে ভিজে অঙ্গের তুকুল। পুত্রের শোকেতে দ্রোণ, হইলেন অচেতন, ্চেত্ৰ হারান ব্লিজবর। কণ্ঠতলে ধ**ন্ম রাখি,কান্দে** দ্রোণ হ'য়ে তুঃখী অশ্রু পড়ে গুণের উপর॥ হেনকালে রমাপতি, বলিলেন পার্থ প্রতি, **(**पर्थ (पर्थ वीत्र धनक्षय । কালসর্পদংশে জ্রোণে, ঝাটকাটি পাড় বাণে, এইকালে কুন্তীর তনয়॥ তবে পার্থ বীরবর অন্তর মারি দৃঢ়তর, সৰ্প বলি কাটে ধ্যুগুণ। অস্থির হইল তমু, কণ্ঠতলে বিশ্ধি ধনু, রথেতে পড়িয়া গেল দ্রোণ। হেনকালে ধ্রুউদ্ধান্ধ, রথে পড়ে দেখি জ্রোণ, খড়গ ল'য়ে ধাইল সত্বর। যেৰ ধায় মুগপতি, তেন ধায় ক্ৰতগতি, উঠে গিয়া রথের ঔপর॥ কার্টিল দ্রোণের শির; দেখে যত কুরুবীর, ্ হাহাকার করে সর্ব্বজন।

ধৃষ্টগুল্ল মহাবীর, লইয়া দোণের শির নিজ রথে আইল তথন ॥ দ্রোণের নিধন দেখি, ছর্য্যোধন হ'য়ে ছঃখী. বিলাপ করয়ে বহুতর ! চাচাকার শব্দ করি, কান্দে কুরু অধিকারী, পড়িলেন ধর্ণী উপর 🛚 বাাদ বিরচিত গাঞ্চা, অপূর্বব ভারত কথা. ভাবণেতে কৃলুধনাশন। যজ্ঞ ব্ৰত হোম দান. নহে ইহার সমান, মুক্ত হয় শুনে যেই জন ॥ গোবিন্দের গুণকর্ম. অবণে বাড়য়ে ধর্ম. ইহা বিনা হুখ নাহি আর। ভক্তজন সিদ্ধপদ্ রক্তপদ কোকনদ. অথিলের আপদ সংহার ॥ দৈত্যগণে ক্ষয় করি, নানারূপে অবভরি পাতকির পরিত্রাণ হেতু। এ ঘোর দাগরমাঝে, উদ্ধারিতে দেবরাজে, নিজ নামে বান্ধি দিলা সেতু ॥ অভয় চরণে মম. ভক্তি রহে ত্রিবিক্রম, এই মাত্র করি নিবেদন। শংশারশাগর ঘোরে, উদ্ধার করিবে মোরে. কাশীরাম দাস বিরচন ॥

গৃইতার ববে অখখানার প্রতিজ্ঞা।

ম্নি বলে শুন জন্মেজয় নৃপবর।

দ্রোণাচার্য্য পড়ি গেল সংগ্রাম ভিতর ॥

হর্ষ্যোধন রাজা কান্দে করি হাহাকার।

সভ্যাধন কান্দি বলে শুন যোদ্ধাগণ।

কানজন কোনরূপে করিবে তারণ ॥

গ্রমন গুরুকে শক্ত সংহারিল রণে।

ক তাড়িবে কে মারিবে পাণুপুত্রগণে॥

পতামহ বীর ছিল স্কুবনে হুর্জয়।

গহারে পাগুবগণ করিল সংশয় ॥

হির বিক্রমে ভ্রুরাম নহে ব্রের।

নি পিতামহে মারে ধনঞ্জয় বীর॥

বহু শোকাকুল হ'য়ে কান্দে ভুর্য্যোধন ৷ হেনুকালে তথা আদে সূর্য্যের নন্দন 🛙 কর্বে দেখি ছুর্য্যোধন বলে অভিমানে। ভীষ্ম দ্রোণ সেনাপতি পড়ি গেল রুণে 🛭 এখন কি বল সখে আছে কি উপায়। কর্ণ বলে শুন রাজা বলি হে তোমায়॥ বড়ই ছুর্বল পুরাতন রদ্ধ ছিল। বাণ শিক্ষা ছিল তেঁই সমর করিল॥ দোঁহা হেতু শোক না করিহ হুর্য্যোধন। আমিই বান্ধিয়া দিব পাগুবের গণ॥ ধর্মকে ধরিয়া দিব সমর ভিতর। রণস্থলে শোক না করিহ নুপবর ॥ হেনকালে তথা আইলেন অশ্বত্থামা। ক্তবর্মা সঙ্গে আর কুপাচার্য্য মামা॥ পিতার বিনাশ শুনি হইল অন্থির। শোকে অচেতন হৈল অশ্বত্থামা বীর॥ ধুষ্টগ্রান্ন হস্তে শুনি পিতার নিধন। মহাকোপে কাঁপে বীর দ্রোণের নক্ষন ॥ ছুর্য্যোধনে চাহি বলে জোণের তনয়। আমি যাহা কহি তাহা শুন মহাশয়॥ বিনা ধুষ্টপ্ৰান্ন বধে ধন্ম যদি এড়ি। সর্ব্ব ধর্ম্ম নফ্ট হবে নরকেতে পড়ি॥ ধুষ্টপ্রান্থ না মারিয়া না আসিব ঘর। করিত্ব প্রতিজ্ঞা আমি সবার গোচর ম গোবধে ব্ৰাহ্মণ বধে যত পাপ হয়। সেই পাপ মোরে যদি না মারি নি**শ্চ**য় ॥ এত শুনি আনন্দিত কৌরবকুমার। যুদ্ধ নিবারিয়া গেল স্থানে আপনার॥ পাগুবের দলে হৈল আনন্দ অপার। সবে বলে কুরু আজি হইল সংহার॥ বাল্ডের নিনাদ হৈল না যায় লিখন। মহানাদে নৃত্য করে নটনটীগণ॥ ব্ৰত্ন সিংহাসনেতে বৈসেন যুধিষ্ঠির। ভ্রাভূগণ সহিত সানন্দ যত বীর॥ বলেন বৈশম্পায়ন জন্মেজয় শুনে। কাশীরাম দাস কছে শুনে সর্বাজনে 🛚

শ্রীকুষ্ণের মহিমা বর্ণন।

গোবিন্দ চরণে মন নিবেদিয়া অসুক্ষণ রচিলাম দ্রোণপর্বব পুঁথি। স্ষ্টি কৈল ব্যাদ মুনি, অমৃত দমান জানি, শ্রবণে নাশয়ে অধোগতি॥ গোবিন্দের লীলারস, যাহাতে সংসার বশ, ত্রিভুবনে এই মাত্র সার। ভজ সাধু অনুক্ষণ, নিবিষ্ট করিয়া মন, নাহি ভয় হয় যমদার ॥ পূর্ণ হিমকর সম, মুখচন্দ্র নিরূপম, পদ নথ যেন দশ বিধু। রক্তোৎপল জিনি পদ, ভুবনে অতুল্য পদ, প্রেমরদে রাষ্ট্র করে মধু॥ চতুতু জ পিতাম্বর, বনমালা মনোহর, কৌস্তভ-শোভিত বক্ষঃদেশ। মুকুট কুণ্ডল শোভা, দীপ্ত দানকর আভা, বিচিত্ৰ আসন নাগ শেষ॥

ক্ষীরোদসাগর জলে, নিজা কৃষ্ণ যান ছলে নাভিপদ্মে সৃষ্টি করে ধাতা। ত্রিভূবন করি স্তি, করেন পীযুষ রুষ্টি ব্রহ্মারে করিয়া স্বষ্টি কর্তা । মুখচনদ্র যার দীপু, ত্রিভূবন হৈল ড়পু চন্দ্ররূপে ভুবন প্রকাশ। ক্ষিতি যাঁর অন্তরীকে, শূন্যভরে হুই পকে নিজ গুণে তমঃ হয় নাশ। নানারূপ মূর্ভি ধরি, বিষ্ণুমায়া সৃষ্টি করি, মোহিত করেন দর্বজন। মায়াতে আছেন্ন হয়, নানারূপ রেশ পায় যায় লোক যমের সদনে॥ গোবিন্দ সেবক যেই, সর্বত্ত বিজয়ী সেই নাহি তার শমনের ভয়। নিজ রথ আরোহণে, পাঠাইয়া ভক্তজনে ল'য়ে যান আপন আলয় ॥ অনুকণ ধ্যান করি, এক'**মনে** ভাবি ধরি, রচিলেন ভারত আখ্যান। **টোণপর্বব জ্থারস, ভানিলে** কলুষ মাণ্ কাশীরাম কৈল সমাপন॥

দ্রোণপর্ব্ব সমাপ্ত।

সচিত্ৰ সম্পূৰ্ণ কাশীদাসী



নারায়ণং নমস্কৃত্য নরক্ষৈব নরোত্তমম্। দেবীং সরস্বতীং ব্যাসং ততো জয়মুদীরয়েৎ॥

কর্ণকে সঙ্গে করিয়া কৌরবগণের যুদ্ধ যাত্রা। পুরাতন যোদ্ধা সব পড়িল সমরে। দৈবের বিপাকে যেন বিধাতা সংহারে 🗓 শুকুনি কহিল কর্ণ আছে মহামতি। দেনাপত্যে অভিষেক কর শীব্রগতি॥ কর্ণ যুদ্ধ করুকে বলিল বীরগণ। ^{বর্ণ} সহ যুঝিবেক পাগুবের কোমজন॥ ^{কৰ্ম} যুদ্ধ জিনিবে চি**স্তিল** ছুৰ্য্যোধন। ^{নৈন্যাপত্যে} অভিষেক করে সেইক্ষণ 🛊 ^{পরদিন} প্রভাতে কর্ণের আজ্ঞা ধরি। মন্ত্র ল'য়ে বীর সব গেল অগ্রসরি॥ ^{গত্নবাজী} ধ্বজছত্ত শত শত যায়। শাজিল কৌরবগণ সমুদ্রের প্রায়॥ ^{নান} অস্ত্রে সাজি কর্ণ চড়ে গিয়া রথে। ^{চলিল} সংগ্রাম-**ভূমি ধনুঃশর হাতে ॥** क्रिक हिम्म वर्ह, त्रथी ट्रेन कर्न। ^{ৰাত্ৰ}কী জিনিতে যেন চলিল স্থপৰ্ণ॥ ^{ট্রোণপু}ত্র চলিল সে মহাধমুর্দ্ধর। बद्ध ধরি অশ্বত্থামা সংগ্রামে প্রথর॥ ^{অবশিষ্ট} রাজার যতেক অসুচর। চলিল সংগ্রাম-ভূমি মৃত্তি ভয়ক্ষর॥

মধ্যে রাজা তুর্য্যোধন সংগ্রামে প্রচণ্ড। কুতবর্মা রহিলেন বামপাশে দণ্ড॥ নারায়ণী দেনা আর রূপ মহাশয়। রহিল দক্ষিণদিকে সংগ্রামে নির্ভয়॥ ত্রিপর্ত্ত সৌবল আদি যত মহাবীর। বামভাগে রহিলেন নির্ভয় শরীর ॥ সাজিল কৌরবদল দেখি যুধিষ্ঠির। অৰ্জ্জনে কহেন তবে ধৰ্মমতি ধীর॥ দেবাহুরে নাহি দহে যাহার প্রতাপ। সেই কর্ণ আইল করিয়া বীরদাপ ॥ এই যে আইদে কর্ণ করিতে দংগ্রাম। দেবাস্থর ভয় করে শুনি যার নাম॥ কৰের জিনিয়া ভাই ঝাটি যশ লও। ত্রিভুবন মধ্যে যদি মহাবীর হও॥ যুধিষ্ঠির-বাক্য শুনি ধনঞ্জয় বীর। অদ্ধচন্দ্র নামে ব্যুহ করিলেন স্থির। বামশৃঙ্গে ভীমদেন সমরে হুর্জ্জয়। দক্ষিণ শৃঙ্গেতে ধৃউচ্যুন্ন মহাশয়॥ মধ্যবতী ধনপ্রয় বার ধকুর্দ্ধর। পুষ্ঠে রাজা যুধিন্তির তুই দহোদর। যুদ্ধদাকে রহিলেন তুই মহাবীর। অর্জ্জনের কাছে রহে নির্ভয় শরীর॥

ৰ্যুহ্মধ্যে বীর সব্ করে সিংহনাদ। তুই দলে বাগু বাজে নাহি অবদাদ ॥ কর্ণের বিক্রম দেখি কুরু করে পর্বব। দ্রোণের বীরত্ব যত করিলেক খর্বা। তুই দলে যুদ্ধ হয় অতি অসম্ভব। তুই দলে হানাহানি উঠে কলরব॥ রথে রথে গজে গজে পদাতি পদাতি। আসোয়ারে আসোয়ারে অব্যাহত গতি॥ অর্দ্ধচন্দ্র বাণ আর ক্ষুর তীক্ষ্ণ শ্র। অক্ষয় সন্ধান করি এড়িছে তোমর॥ বাঁকে বাঁকে অস্ত্র পড়ে ঘেরিয়া গগন। পুথিবী যুড়িয়া পড়ে যত যোদ্ধাগণ ॥ যেন পূর্ণ মহীতলে অবতার ভাসু। যেমন পোড়ায় বন জ্বলন্ত কুশানু॥ ঝাঁকে ঝাঁকে অস্ত্রবৃষ্টি পূরিল ধরণী। ধূলায় ধূদর, নাহি দেখি দিনমণি 🛭 ক্রোধ করি ভীমসেন ধরে ধসুঃশর। লম্ফ দিয়া উঠিলেন মাতঙ্গ উপর॥ ধ্বউত্যুম্ন সাত্যকি শিখণ্ডী চেকিতান। দ্রোপদীর পঞ্চপুত্র বিক্রমে প্রধান॥ ভীমদেনে বেডি ডাকে সিংহনাদ করি। রোষে বার যায় যেন হস্তাকে কেশরী॥ বাহিনী মথিয়া আদে বীর রকোদর। দেখিয়া রুষিল ক্ষেমমূর্ত্তি নৃপবর॥ কুলুত দেশের রাজা ক্ষেমমূর্ত্তি নাম। বিক্রমে সিংহের প্রায় রণে অবিরাম॥ মহাগজে আরোহিয়া আদে ক্রোধমনে। প্রথমে তোমর বাণ মারে ভীমদেনে ॥ শর মারি তোমর করিল খণ্ড খণ্ড। ছয় বাণে বিদ্ধে বীর সমরে প্রচণ্ড ॥ ক্রোধ করি ভীমসেন বরিষয়ে শর। বাণ মারে ক্ষেম্যুর্তি হস্তীর উপর 🏽 শরাঘাতে ভঙ্গ দিল গজেন্দ্র বিশাল। রাখিতে নারিল ক্ষেমমূর্ত্তি মহীপাল॥ কতক্ষণে ক্ষেমমূর্ভি স্থযোগ পাইল। ভীমেরে বিন্ধিতে বীর সমরে ধাইল 🛭

থরবাণে ভীমের কাটিল শরাসন। আর ধনু নিল হাতে ভীম বিচক্ষণ ॥ নারাচ মারিয়া কৈল হস্তীর নিধন। লাফ দিয়া এড়াইল বীর বিচক্ষণ॥ ধন্য ধন্য করি সবে বাখানে তখন। ধন্য বীর ক্ষেম্যুক্তি বলে কুরুগণ 🛭 গদা হাতে ভীমসেন পেয়ে বড় লাজ। ক্ষেম্যুত্তি রাজায়-মারিল গজরাজ ॥ লাফ দিয়া ক্ষেমমূর্ত্তি হস্তী এড়াইল। গদা মারি ভীমদেন স্কৃতলে পাড়িল। সিংহের প্রতাপে যেন পড়িল মাতঙ্গ। ক্ষেম্যূতি পড়িল বাহিণী দিল ভঙ্গ ॥ তবে কর্ণ মহাবীর পাগুবে ধাইল। অতি ক্রোধে পাণ্ডব-দৈন্যেতে প্রবেশিল। বাছিয়া বাছিয়া বাণ বরিষয়ে কর্ণ। সর্পের সভায় যেন পরিল স্থপর্ণ॥ ভঙ্গ দিল বাহিনী পড়িল সব গজ। ছয়বাণে কাটি পাড়ে যত রথধ্বজ ॥ নিরস্তর কর্ণবীর বরিষয়ে বাণ। লক্ষ লক্ষ বীর পড়ে ভীম বিভাষান ॥ অশ্বত্থামা বীর সনে যুঝে রুকোদর। শ্রুতকর্মা সনে চিত্রসেন ধনুর্দ্ধর॥ বিন্দ অনুবিন্দ সহ সাত্যকির রণ। প্রতিবিষ্ণ্য সহ যুঝে চিত্র ঘশোধন॥ তুর্য্যোধন সহিত যুব্ধেন যুধিষ্ঠির। নারায়ণী দেনার সহিত পার্থ বীর॥ কুপ আর ধুউছ্যুদ্মে সমর ছুর্জ্জয়। কুতবৰ্মা সহিত শিথণ্ডী মহাশর 🏾 মদ্রপতি প্রতি শ্রুতকীর্ভির বিক্রম। তুঃশাসন সহ সহদেব যম সম॥ বিন্দ অনুবিন্দ সহ হইল সংগ্ৰাম। মহাবীর সাত্যকি রণেতে অনুপম॥ তুই বীর হানাহানি ছাড়ে ভ্রুক্কার। বীরে বীরে মহাযুদ্ধ বলে মার মার॥ বিক্দ অনুবিক্দ বীর বাণ বরিষয়। শত শত ৰাণ পড়ে নাহি করে ভয় 🛚

কাটিলেন সাত্যকির দিব্য শরাশন। আর ধনু হাতে নিল বীর বিচক্ষণ॥ _{কুরপা} বাণেতে তবে সাত্যকি প্রবীর। _{তৃণবং} করি কাটি পাড়ে তার শির॥ অনুবিন্দ পড়িল দেখিল সহোদর। মহাকোপে বিন্দ বীর বরিষয়ে শর॥ সাত্যকির শরীরে রুধির পড়ে ধারে। চুইজনে মহাযুদ্ধ সংগ্রাম ভিতরে॥ পরস্পর সার্থি কাটিল অশ্বর্থ। দোঁহে মহা বীৰ্য্যবান বিখ্যাত জগত॥ দোহে হৈল বিবর্ণ করিয়া মহারণ। পরস্পর মহাযুদ্ধ করে তুইজন॥ বাণে হানাহানি দোঁহে করে মহাবীর। বলহীন হৈল দোঁতে নিস্তে**জ** শরীর ॥ দুইজনে মিশামিশি দৃঢ় বাজে রণ। বাণেতে জর্জ্জর ত**ন্ম হৈল অচেতন ॥** শ্রুতবর্ণ্যা চিত্রদেনে হৈল মহারণ। হুই জনে মহাবীর যুদ্ধে বিচক্ষণ ॥ ধ্বজ কাটা গে**ল তবে পরস্প**র শরে। তুই বীরে মিশামিশি সংগ্রাম ভিতরে॥ তবে শ্রুতবর্মা বীর মহা ধকুর্দ্ধর। মাথ। কাটি বিচিত্রের পাড়ে স্থমিপর ॥ পড়িল বিচিত্রদেন কৌরবের ত্রাস। প্রতিবিদ্ধ্য **মহাবীর পাইল প্রকাশ**॥ ^{পড়িল} বিচিত্র**দেন চিত্রদেন রোধে**। ^{তাহার} বিক্রম দেখি প্রতিবিন্ধ্য হাসে॥ রথের কাটিল **ধবজ বিশ্বিল সারথি।** ^{রণেতে} ফাঁপর হৈল চিত্রদেন রথী। ^{ত্রে শ}ক্তি ফেলিয়া মারিল তার মাথে। প্রতিবিদ্ধ্য মহাবীর কটে **অর্দ্ধপ**থে॥ ^{মহাগদা} ল'য়ে বীর মারে আরবার। ^{রগের} সার্থি **তবে করিল সংহার**॥ পুনরপি রথে চড়ি মহাধনুর্দ্ধর। ^{বিংশতি} তোমর মারি ভেদি**ল অন্ত**র॥ ^{ছিই বা}ছ প্রসারিয়া পড়িল মহাবীর। ^{প্রতিবিদ্ধ্য} মহাবীর সমরে স্থধীর 🛭

শরে শরে নিবারিয়া মারে কুরুবল। ক্রোধেতে আইদে অশ্বত্থামা মহাবল॥ সেইক্ষণে ভীমদেন হাতে নিল ধনু। শররৃষ্টি করি বিন্ধে দ্রোণপুত্র তন্তু॥ বলি দঙ্গে ইন্দ্র যেন করিল দংগ্রাম। তুই বীর মহামত্ত যুঝে অবিশ্রাম। দিব্য অন্ত্র সন্ধান করয়ে তুই বীর। নানা অস্ত্র বিষ্ণে দোঁহে নির্ভয় শরীর ॥ সর্ব্বদিকে বিজ্ঞলি চমকে হেন দেখি। তারা যেন গগনেতে ছুটয়ে নির্থি॥ বাণে বাণে আবরিল নাহিক সঞ্চার। তুই বীরে মহাযুদ্ধ হয় অন্ধকার॥ মহারণ ছুই বীর করে মহাবলে। প্রলয়কালেতে যেন সমুদ্র উথলে॥ সাধু সাধু প্রশংসা কর্মে মহাজন। আকাশ বিমানে দেখে যত দেবগণ॥ তুই বীর বিকল হইল অচেতন। কেহ কারে নাহি পারে সম চুই জন॥ বাস্তদেব সারথি অর্জ্জুন হাতে ধনু। নবজলধর যেন ধরিলেক তকু। বরিষাকালেতে যেন বরিষে নিঝর। শররষ্ঠি করেন অর্জ্জুন ধনুর্দ্ধর॥ নারায়ণী দেনারে মারেন পার্থ রোদে। দিবাকর যেমন খডোৎগণে নাশে॥ লক্ষ লক্ষ বীরের ক্রিটিল পার্থ মাথা। কাটা গেল ধুকুঃশর কত দণ্ড ছাতা॥ বাণেতে কাটিয়া বাণ করিলেন রাশি। সারি সারি মাথা পড়ে গগন পরশি। গজবাজী পড়ে দব রথী দারি দারি। পডিল যতেক সৈন্য নিশিতে না পারি॥ ক্রন্দ্র হ'য়ে এল অশ্রথামা মহাবীর। দিব্য অন্ত্র অরোপিয়া দৈত্ত কৈল স্থির॥ তবে তুই সহাবীর কৈল মহারণ। শরে অন্ধকারাচ্ছন্ন নর-নারায়ণ॥ অতি ক্রোধে অর্চ্ছন করেতে ল'য়ে শর। করিলেন দ্রোণী ততু বাণেতে জর্জন ॥

সগধাধিপতি তার দণ্ডধর নাম। হন্তী অশ্ব লইয়া আইল অনুপম ॥ মহাবলি দশুধর করিলেন রণ। সেইকণ অৰ্জ্জন কাটিল হস্তীগণ.॥ বজ্রাঘাত পড়ে যেন পর্ববত উপর। ব্দর্জ্জনের বাণে গজ পড়িঙ্গ বিস্তর ॥ **অদ্ধ**চন্দ্র বাণে তারে করেন সংহার। ৰস্তী হৈতে ভূমিতে পড়িল দণ্ডধর।। অনিবার মহাযুদ্ধ করয়ে অর্জ্জুন। ষুগান্ত প্রলয় যেন সংগ্রামে নিপুণ॥ পাণ্ডবের সেনাপতি আর বীরবর। ষুঝিতে লাগিল সবে নির্ভয় অন্তর ॥ অশ্বত্থামা বীর করে দৈন্তের সংহার। ক্রোধ করি আইলেন অর্জ্বন তুর্ববার ॥ তুই দলে মহাযুদ্ধ বাণ বরিষণ। কৰ্ণ সহ কুৰুবল আইল তখন॥ মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান ॥

কর্ণের সহিত যুদ্ধে যুধিষ্ঠিরের পরাভব। কর্ণের বচন শুনি শল্য বলে দাপে। বিস্তর কহিলে তুমি অতুল প্রতাপে॥ এই দেখ রথে আইল সর্ব্ব সৈন্যগণ। কাছার সামর্থ্য করে পার্থে নিবারণ ॥ ছের দেখ ভীমদেন প্রনকুমার। সহদেব বীর দেখ ভুবনের নার॥ মহারাজা যুধিষ্ঠির দেখ বিভাগান। ধুষ্টগ্রুল্ল দেনাপতি অগ্নির সমান ॥ দ্রোপদীর পঞ্চপুত্র কি দিব তুলনা। ইহাদের অগ্রসর হবে কোন জনা॥ শিখণ্ডী সাত্যকি দেখ রাজা আগুয়ান। চলহ সমরে আজি হ'য়ে সাবধান ॥ সিদ্ধ হৈল মনোরথ দেখ ধনপ্রয়। সংগ্রামে করহ আজি অর্জ্জনের ক্ষয়॥ এই কথা কহিতে মিশিল তুই দল্ম। महायुक्त वाधिन हरेन (कानाहन ॥

ক্রোধ করি কর্ণ বীর প্রবেশিল রূপে। সিংহ যেন চ'লে যায় কুতৃহল মনে **।** প্রবেশিয়া কর্ণ বীর করে মহারণ। বাছিয়া বাছিয়া মারে বড় বীরগণ ॥ সংগ্রামেতে প্রবেশিল কর্ণের কুমার। দশ বাণে ভীম তারে করিল সংহার॥ সাক্ষাতে দেখিয়া কর্ণ আপনা পাসরে। পুত্রের কাটিল মাথা বীর রুকোদরে॥ কর্ণপুত্রে নাশিয়া ক্লপের কাটে ধসু। ত্তিন বাণে বিন্ধিলেন হুঃশাসন-তমু 🛚 ছয় বাণে শকুনিরে করিল বিকল। রথ কাটি বিন্ধেন উলুক মহাবল॥ থাক থাক হুষেণ কাটিব তব শির। এত বলি বাণ মারে ভীম মহাবীর॥ তিন বাণে বিন্ধিলেন ভীমবীর তাকে। হ্রষেণ স্থতীক্ষ্ণ অন্ত্র মারে ঝাঁকে ঝাঁকে 🛭 **নকুল সহিত যুক্ষ** বাড়িল বহুল। ত্বঃশাসন সাত্যকিতে সংগ্রাম তুমুল ॥ অতি ক্রোধে কর্ণবীর রণে প্রবেশিল। ইদ্র দেবরাজ যেন সমরে আইল। একে কর্ণ মহাবীর পেয়ে অপমান। নিজ পুত্র পড়িল আপনি বিভাষান ॥ যুধিষ্ঠির বধে যুক্তি কৈল কর্ণবার। ক্রোধে পরিপূর্ণ কর্ণ কাঁপয়ে শরীর ॥ একেবারে যুড়ি মারে শত শত বাণ। বিদ্ধি পাগুবের দৈন্য কৈল খান খান॥ মহাধকুর্দ্ধর বীর বরিষয়ে শর। বিচিত্র বিক্রম দেখি কর্ণ ধন্তুর্দ্ধর ॥ মহারথিগণে বিচ্চে নিবারিতে নারে। একেশ্বর কর্ণ যুঝে পাগুব সমরে॥ গজ বাজী ধ্বজ ছত্র রূপ সারি সারি। অযুত অযুত পাড়ে লিখিতে না পারি॥ মুগু কাটি পাড়ে কার' কুগুল সহিত। অশ্ব রথ কণ্টিয়া যে পাড়িল ছরিত। যুধিষ্ঠিরে রাখিতে খাইল বহু দল। দৃষ্টিমাত্র কাটি পাড়ে কর্ণ মহাবল।

_{যুধিষ্ঠির} ব**লিলেন কর্ণে উচ্চৈংস্বরে**। শুন কর্ণ এক কথা বলি যে তোগারে ॥ চুর্য্যোধন বাক্যে কর মম সহ রণ। দ্ধ অভিলাষ **ভোর খণ্ডাব এখন**॥ এত বলি ধর্ম মারিলেন দশ শর। তার শরাশন কাটে কর্ণ ধ্যুর্দ্ধর ॥ ক্রোধভরে যুধিষ্ঠির যেন হুতাশন। ট্লারিয়া লইলেন অন্য শরাসন।। বম দণ্ড সম ধনু অতি ভয়ঙ্কর। মহেশের শূল যেন জ্বলে বৈশ্বানর ॥ বজের সমান সেই বাবে যুধিষ্ঠির। কর্ণের দক্ষিণ ভাগে বিক্ষিলেন বীর॥ বেদনা পাইল তাহে কর্ণ ধসুর্দ্ধর। মূর্চ্চিত হইয়া পড়ে রথের উপর॥ হাহাকার কুরুদলে প্রচার হইল। পাণ্ডবের সৈন্যে জয়ধ্বনি প্রকাশিল ॥ মহা সিংহনাদ করে পাগুবের দল। চেত্ৰা পাইয়া উঠে কৰ্ণ মহাবল। যুধিষ্ঠির নিধন চিন্তিল মনে মন। টস্কারিয়া হাতে নিল দিব্য শরাসন॥ বিজয় নামেতে ধকু নিল আরবার। যাহাতে আছয়ে চন্দ্র সূর্য্যের আকার॥ সত্যমেণ স্বয়েণ কর্ণের তুই স্বত। তিন বাণে ধর্ম্মে বিস্কে বিক্রমে **অদ্ভত**॥ বিশ্বিল নৃপতি সত্যধেণের শরীরে। তিন বাণে বিশ্বিলেক কর্ণ মহাবীরে ॥ শর্ক অন্ত নিবারিল কর্ণ একেশ্বর। সপ্তবাণে বিশ্ধিলেক ধর্ম্ম নৃপক্ষ। রাজারে রাখিতে এল যত যোদ্ধাগণ । ^{ধৃষ্ট}প্তান্ন ভীম সেন ক্রপদ-সন্দন॥ ^{স্হদে}ব স্থাৰ্যেণ নকুল কাশীপতি। ^{শিশু}পাল তন্ম আইল শীঘ্ৰগতি॥ ^{একেবারে} অস্ত্র এড়ে কর্ণের উপর। শৰ্ক অন্ত্ৰ নিবারিল কর্ণ ধসুর্দ্ধর ॥ ^{পাণ্ডবের দৈন্য সর্বব করে পরা**জ**য়।} কলিন্তিক যম যেন কর্ণ মহাশয়॥

বৃষিষ্ঠির রাজার হাতের কাটে ধসু। সন্ধান পূরিয়া বীর বিশ্ধিলেক ভসু॥ কবচ কাটিয়া পাড়ে ধরণী উপরে। রুধির পড়িছে ধারে ধর্ম-কলে**ন্**রে॥ শক্তি অস্ত্র মারিলেন্ রাজা যুধিষ্ঠির। শক্তি নাইি ভেদিল সে কর্ণের শরীর॥ ব্দতি ক্রোধে কর্ণবীর মারে তীক্ষণর। সেই শরে বিন্ধিলেক ধর্ম–কলেবর **॥** হৃদয়ে বিশ্বিল আর বিশ্বিল কপাল। ধ্বজছত্র কাটিলেন বিক্রমে বিশাল 🛭 গজ অৰ কাটা গেল ছইল প্ৰমাদ। ছিন্ন ভিন্ন দৈন্য দব করে আর্দ্রনাদ ॥ ষ্পন্য রথে চড়িলেন ধর্ম নৃপবর। রথ চালাইয়া দেন কর্ণের গোচর॥ জিনিলেন কর্ণ বীর পাণ্ডবের নাথ। উপহাস করে কর্ণ ধর্ম্মের সাক্ষাৎ॥ ক্ষজ্রকুলে জিমিয়াছ তুমি মহাজন। বাণেতে কাতর হ'য়ে পরিহর রণ॥ ক্ষত্রধর্ম্মে তোমারে স্থদক্ষ নাহি গণি। ব্ৰহ্মচৰ্য্য ধৰ্মেতে তোমাকে বাথানি **॥** আর যুদ্ধ না করছ কর্ণবীর সনে। যদি প্রাণে রক্ষা পাও যাও নিজস্থানে॥ এত বলি কর্ণবীর ছাড়িল নূপতি। ক্ষমিল সকল বীরে কর্ণ সেনাপতি॥ কোপেতে ধাইল ভীম মহাবলধর। রাজারে করিল পাছু তুই সহোদর॥ কর্ণ ভীম সুমাগমে হৈল মহারণ। বিমানে চড়িয়া দেখে দেবঋষিগণ ॥ কালদণ্ড সম যেন বিজলী ঝঙ্কার। কর্ণেরে মারিল ভীম অন্ত্র খরধার॥ শরে কর্ণ বীরবরে করে ছারধার। মহাশকে ভীমদেন করে মার মার॥ হাতে ধমু ল'য়ে বার সমরে প্রচণ্ড। হানিয়া রাজার পুত্রে করে খণ্ড খণ্ড॥ তুই বীরে শরবৃষ্টি করিল প্রকাশ। অন্ধকারময় খৃন্য না চলে বাভাস ॥

আকর্ণ.পুরিয়া কর্ণ করিল সন্ধান। ভীমের হাতের ধন্ম করে খান খান ॥ গদাঘাত কর্ণে করিল রুকোদর। মূর্চ্ছিত হইল কর্ণ রথের উপর ॥ রথ বাহুড়িল তবে সার্থি সম্বর। ক্ষণেকে চেতন পায় কর্ণ ধ্যুর্দ্ধর॥ বাহুযুদ্ধ করে দোঁহে নির্ভয় শরীর। দোঁতে মহাবীর্ঘবেস্ত দোঁতে মহাবীর ॥ অশ্বত্থামা বীর তবে প্রতিজ্ঞা করিল। রাজার গোচরে গিয়া এমত কহিল॥ ধ্বষ্টদ্ব্যন্ন বীর বটে মম পিতৃবৈরী। তোমারে তুষিব আজি তাহারে সংহারি॥ বিনা ধৃষ্টপ্তান্ন বধে যুদ্ধ যদি করি । আজিকার যুদ্ধে আমি হ'ব পিতৃবৈরী 🏽 প্রতিজ্ঞা করিয়া বীর আসিলেক রণে। ধুউহ্যুন্ন দেনাপতি আদিল তখনে॥ হুহুঙ্কার করি যুঝে দ্রোণপুত্র সনে। অখথামা মহাবীর মিলিল সমানে॥ মহাবীর অশ্বত্থামা সংগ্রামে নিপুণ। ধ্রুফ্টত্রান্ন বীরের কার্টিল ধকুগুণ।। অখনহ সার্থিরে করিল সংহার। নাহিক সন্ত্রম কিছু দ্রোণের কুমার॥ ক্রোধভরে আদে অশ্বথামা মহাবীর। মনে ভাবি কাটিবেন ধৃষ্টপ্রাহ্ম শির॥ ভীমদেন করিল তাঁহার পরিত্রাণ। **আকাশে অমরগণ করুয়ে বাখান** ॥ মহাবীর কর্ণে তবে বরিষয়ে শর। বরিষার মেঘ যেন বরিষে নিঝর 🛚 ভাঙ্গিল পাণ্ডব-দৈন্য কর্ণ বীর শরে। রাখিতে নারেন সৈত্য ধর্ম নূপবরে ॥ পুনঃ যুধিষ্ঠিরে ধায় কর্ণ মহাবীর। নারাচ বাণেতে বিন্ধে রাজার শরীর॥ ষুধিষ্ঠির হৃদয়ে বিদ্ধিল সাত বাণ। ধর্মের শরীর বিক্ষি কৈল খান খান।। রাখিবারে রাজারে এল যোদ্ধাগণ। কর্ণবীর বাণেতে করিল নিবারণ ॥

সহদেব নকুল ধর্ম্মের পালে থাকে। তুই ভাই বিপক্ষে মারিল লাখে লাখে॥ ত্রিভুবনে বীর নাই কর্ণের সোসর। কাটিল রাজার ধন্ম কর্ণ ধন্মর্দ্ধর॥ এক বাণে কাটিয়া পাড়িল শরাসনে। শর ধনু কাটিয়া পাড়িল সেইকণে॥ অবিলম্বে অশ্ব রথ কাটেন কর্ণবীর। অস্ত্রবৃষ্ঠি করিলেন ধর্ম্মের উপর ॥ তুই ভাই চুড়িলেন সহদেব-রথে। পুনরপি কর্ণবীর ধন্ম নিল হাতে॥ পাগুবের মাতৃল মদ্রের অধিপতি। কর্ণের সার্থী সেই বীর মহামতি॥ ভাগিনার ত্রঃখ দেখি হৃদয়ে আকুল। বিস্তর বলিল পাগুবের অমুকূল। শুন কর্ণ মহাশয় আমার বচন। আপনি প্রতিজ্ঞা কৈলা বিশ্মর এখন॥ অর্জ্জনের দঙ্গে রণ প্রতিজ্ঞা করিলে। ধর্ম্মপুত্র যুধিষ্ঠির দঙ্গে আরম্ভিলে॥ হীন অস্ত্র যুধিষ্ঠির কবচ রহিত। তাহাকে বিন্ধিতে কর্ণ না হয় উচিত॥ পার্থে এড়ি যুধিষ্ঠিরে মারিবার আশ। কৃষ্ণদনে অৰ্জ্জুন করিবে উপহাস॥ শল্যের বচন শুনি ফিরে কর্ণবীর। লজ্জা পেয়ে শিবিরে গেলেন যুধিষ্ঠির।। রথ হৈতে নামিলেন ধর্ম্ম নরপতি। সরক্ত শরীর রাজা সবিকল মতি॥ সহদেব নকুলেরে পাঠান সম্বর। যথা যুদ্ধ কুরে মহাবীর রুকোদর॥ ষুধিষ্ঠিরে এড়ি কর্ণ অন্মেকে ধাইল। মুগযুথ মধ্যে যেন গজেন্দ্র পশিল 🛚 যত অক্ত ভূগুরাম দিল মহাবীরে। মারিলেন কর্ণবীর নির্ভর অন্তরে । পাণ্ডবের দৈন্যেতে করিল হাহাকার। যুগান্তের যম যেন করিল সংহার॥ অৰ্জ্জুন বলি মহাশব্দ করে। ধনঞ্জয় ধনুর্দ্ধর গেল কোথাকারে।

দংসপ্তকগণ সঙ্গে সংগ্রাম তুষ্ণর। আসিতে অর্জ্জুন নাহি পান অবসর॥ গ্রীকৃষ্ণ বলেন শুন ধনপ্রয় বীর। দৈন্য দব সংহার করিল কর্ মহাবীর ॥ পরশুরামের অস্ত্র করিল সন্ধান। লক্ষ কোটী বাণ মারে দেখ বিভাষান॥ যুগান্তের যম যেন কর্ণবীর ধায়। ছের দেখ সৈতা সব সম্ভ্রমে পলায়।। কৌরবের দৈন্য সব করে সিংহনাদ। পাণ্ডবের দৈন্য করে বহুল বিযাদ ॥ প্রাণ উপেক্ষিয়া যুদ্ধ করে রকোদর। যুধিষ্ঠিরে নাহি দেখি সংগ্রাম ভিতর ॥ শুনিয়া কছেন ধনঞ্জয় গদাধরে। সত্ত্বে চালাও রথ দেখি যুধিষ্ঠিরে॥ সংসপ্তকগণ মম আছে অবশিষ্ট । শীঘ্রগতি চল প্রভু দেখি মোর জ্যেষ্ঠ॥ অৰ্জ্জুন বচনে কৃষ্ণ দেন অনুমতি। বুধিষ্ঠির স্থানে ত্বরা যান শীত্রগতি॥ শঙানাদ করিয়া চলেন ধনঞ্জয়। অৰ্জ্বনে রোধিল অশ্বত্থামা মহাশয়॥ দিব্য **অন্ত্র তুই বীর করিল সন্ধান।** দেবাস্থর যুদ্ধ যেন নাহি অবসান॥ দ্রোণপুত্রে জিনিয়া অর্জ্জুন মহাবীর। ^{ভাষের} পশ্চাতে আইলেন অতি ধীর॥ জিজাদেন ভীমদেনে রাজার র্ত্তান্ত। ^{দুৰ্}যুদ্ধ-কথা ভীম ক**হিল আ**গুন্ত ॥ ^{দর্গ}ের বিহ্বল হইল কলেবর। ^{গলেন} বিধাদে রাজা শিবির ভিতর ॥ ^{দবে} বাঁচিলেন ভাই ধর্ম্ম নরপতি। ^{এত বলি} নিশ্বাস ছাড়িল মহামতি ॥ ্নিয়া বিকল কৃষ্ণ অৰ্জ্জুন তুৰ্জ্জয়। িমেরে বলেন তবে বীর ধনঞ্জয়॥ প কর্ণ দ্রোণপুত্র রাজা হুর্য্যোধন। হাদের দঙ্গে যুদ্ধ করিব এখন॥ ামি হেথা যুদ্ধ করি তুমি যাও তথা ^{ভাক} বিশ্বা এস নূপবর যথা॥

ভীমদেন বলিলেন আমি আছি রণে।

যুদ্ধ হইভেছে মম কুরুদৈন্য দনে ॥

হেনকালে এড়ি যাই যদি আমি রণ।

নিন্দিবে পলাল বলি যত কুরুগণ॥

যুদ্ধ ছাড়িবার এই নহেত সময়।

দেখিয়া আইস যুধিষ্ঠির মহাশয়॥

ভীমেরে রাখিয়া তবে সংগ্রাম ভিতরে।

কৃষ্ণ পার্থ আইলেন দেখিতে রাজারে॥

মহাভারতের কথা অমৃত সমান।

কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান্॥

যুধিষ্টিরের নিকট অর্জুনের কর্ণবধে প্রতিজ্ঞা। গৃহমধ্যে শুইয়া আছেন যুধিষ্ঠির। চরণ বন্দেন গিয়া ধনঞ্জয় বীর 🛭 উল্লাসেতে উঠি বসিলেন যুধিষ্ঠির। প্রত্যয় জন্মিল পড়িয়াছে কর্ণবীর ॥ মহারাজ যুধিষ্ঠির চিন্তিলেন মনে। কর্ণ মোরে মহাত্রঃখ দিল মহারণে॥ হরষিতে হেথায় আইল ছুইজন। বিনা কর্ণে মারি সথে হেথা আগমন॥ এত চিন্তি যুধিষ্ঠির নিবারিল হুঃখ। হরিষে দেখেন কৃষ্ণ অর্জ্জুনের মুখ। যুধিষ্ঠির জিজ্ঞাসা করেন বার বার। কহ ভাই অর্জ্জুন যুদ্ধের সমাচার u দেবাত্বরজয়ী বীর সূর্য্যের নন্দন। সভামধ্যে যারে পূজে মানি হুর্য্যোধন॥ যাহারে পরশুরান দিল, দিব্য ধনু। অভেন্ত কৰচ হাৰ আৰবিল তকু॥ যার ভুজবীর্য্যে দক্ষ হই রাজদিনে। ত্রয়োদশ বৎসর আছিকুদ্ধব বনে॥ মন স্থির নহে মম না ঘচে তরাস। নিরন্তর দেখি কর্ণ আদে মুম পাশ n সেই কর্ণে আজি বুঝি মারিলে সমরে : আনন্দ পূরিল আজি আমার অন্তরে॥ মহাবীর কর্ণে তুমি কেমনে মারিলা। মহাসিকু হৈতে তুমি কেমনে তরিলা ॥

বুধিষ্ঠির বাক্য শুনি অতি ভয়ঙ্কর। সশক্ষিত ধনঞ্জয় দিলেন উত্তর ॥ আমার অরিষ্ট ছিল সংসপ্তকগণ। তার সনে আমার আছিল মহারণ॥ তবে অশ্বত্থামা সনে আছিল বিরোধ। শরবৃষ্টি করি করে তাহার নিরোধ॥ কর্ণে মারিবারে যাই করিয়া সন্ধান। ভীম-মূখে শুনিলাম তব অপমান ॥ তোমার কুশল জানি যাই আরবার। অবশ্য করিব আমি কর্ণেরে সংহার ॥ অক্ষয় আছয়ে কর্ণ শুনিয়া বচন। মহাক্রন্ধ হইলেন ধর্মের নন্দন ॥ কর্ণশরে ত্রাসিত যে পাগুবের পতি। অৰ্জ্যুন ভৎ সিয়া বলেন মহামতি॥ **একেশর যুদ্ধ করে বীর রকো**দর। আইলে তাহারে যুদ্ধে রাখিয়া সম্বর॥ কর্ণেরে মারিব বলি করিয়াছ পণ। তারে দেখি এখন পলাও কি কারণ॥ তোর জন্ম দিনেতে যে হৈল দৈববাণী। পুথিবী জিনিয়া মোরে দিবা রাজ্ধানী॥ দৈবের বচন মিথ্যা হৈল হেন দেখি। তোমা পুত্রে পুত্রবঙী কুস্তী কেন লিখি॥ গর্ভ হৈতে কেন না পড়িলি পঞ্চমাদে। বিফল ধরিল কুম্ভী তোরে গর্ভবাদে॥ यक्रत्राक ध्यू फिल इस्त फिल भंत्र । ভুবন সংহার অন্ত দিল মহেশ্বর॥ মান্বারথ দিল তোরে গন্ধর্বের পতি। অস্ত্র সব আছে তোর পবনের গতি॥ রথধ্বজে হতুমান মহাবলন্ত। আপনি সার্থি কুফ প্রতাপে অনন্ত॥ হাতে ভোর গাওীব ব্দক্ষর ধসুঃশর। পলাইলে কর্ণভয়ে প্রাণেতে কাতর॥ গাণ্ডীবের যোগ্য তুমি মহা ধমুর্দ্ধর। কুফেরে গাণ্ডীব দেহ শুনহ বর্বর 🛭 অত্যে ব্লক্ষে দিতে যদি গাণ্ডীব ভোষার। এত দিনে কুক্লগণ হইত সংহার ॥

কুষ্ণেরে গাণ্ডীব দেহ কুষ্ণ হৌন রুখী। রথের উপরে তুমি হওত সারথি॥ এতেক ছুর্বাণী শুনি পার্থ বারে বারে। খড়া ল'য়ে উঠিলেন ভূপে কাটিবারে।। নিবারিয়া কৃষ্ণ তারে করেন ভর্ৎ সন। জ্যেষ্ঠ ভাই কাটিবারে চাহ কি কারণ u ব্দৰ্জ্ব বলেন মম প্ৰতিজ্ঞা নিশ্চয়। হেন বাক্য বলে যেই তারে করি ক্ষয়। গাণ্ডীব ছাড়িতে মোরে যে জন বলিবে। ব্দবশ্য কাটিব তারে গুরু যদি হবে॥ প্রতিজ্ঞা লড়িবলে হয় নরক অনন্ত। গুরু বধ করি হয় নরক তুরন্ত ॥ তুই কর্মে নরকেতে হইবে প্রয়াণ। তুমি দেব জান বেদশান্ত্রের বিধান॥ হাসিয়া বলেন কৃষ্ণ শুন ধনপ্রয়। গুরুজনে না বধিও আছুয়ে উপায়॥ ক্ষান্ত হও ধনঞ্জয় স্থির কর মন। শুনিয়া কছেন পার্থ বিনয় বচন॥ দোষ না জানিয়া যেবা করে অপমান। শাস্ত্রেতে কহিল তার মরণ বিধান॥ গোদাঞি রাখিল ভেঁই রহিল পরাণ। নিজে ভয় পাইয়া করেন অপমান । আপনি ভয়ার্ত্ত হও কর্ণযুদ্ধ দেখি। হারিয়া পলাও তুমি সংগ্রাম উপেকি॥ ভীম নাহি দেয় কার' মনে অনুতাপ। ত্রনিবার রণে যার অতুল প্রতাপ ॥ শত শত হন্তী মারে গদার প্রহারে। যুথে যূথে অশ্ব বীর রুকোদর মার্রে॥ করয়ে তুক্ষর কর্ম্ম ভাই রুকোদর। দে নাহি নিন্দয়ে মোরে বলিয়া বর্ববর ॥ তুমি কর অপকর্ম্ম সভার ভিতর। পাশাতে হারিলা যত ধন রত্ন ঘর॥ তোমার কারণে মোরা চারি সহোদর। নানা জঃথ ভুঞ্জিলাম অরণ্য ভিতর 🛚 আপনা কাটিতে চান বীর ধনঞ্জর। হাত হৈতে খড়গ লন কুষ মহাপর।

অৰ্জ্বন বলেন করিলাম কোন কর্ম। _{প্রক্রিন্দা} করিলাম যা**হাতে অবর্ণ্ম** ॥ আপনাকে বধ করি প্রায়শ্চিত বিধি। আজা কর নিষেধ না কর গুণনিধি॥ গ্রাসিয়া বলেন কৃষ্ণ শাস্ত্রের প্রমাণ। আপনা প্রদংসা কর মরণ সমান ॥ আপনার প্রশংসা করিলে বার বার। তবে তব প্রতিজ্ঞার হইবে উদ্ধার॥ আপনা প্রশংসা তবে করেন অর্জ্বন। আমার সমান কেবা ধরে এত গুণ।। ম্ম দম ধ্রুদ্ধর নাহিক সংসারে। वाङ्यल ठातिनिदक किरनिष्ट नगरत ॥ সংশপ্তকগণে আমি ক'রেছি সংহার। কর্ণবীর **সনে যুদ্ধ করি বার বার** ॥ এত বলি ধনঞ্জয় যুড়ি ছুই কর। অপরাধ ক্ষমা চান ধর্ম্মের গোচর ॥ লঙ্জায় কহেন পার্থ পড়িয়া চরণে। নিন্দা করিয়াছি **আমি ধর্ম্মের কারণে**॥ বিস্তর বলেন ভবে ক্লফ্ষ মহামতি। অর্জুনে প্রদন্ন **হইলেন নরপতি**॥ করিলেন প্রতিজ্ঞা **অর্জ্জন ধসুর্জর।** ^{আজ} কর্ণে সংহারিব সংগ্রাম ভিতর # ত্ব পদ স্পর্শ করি কহিলাম সার। সভ্যত্রন্ত হই যদি কর্ণে রাখি **আর**॥ ^{ধনঞ্জয়} গোবি**ন্দে রাখিয়া মনোর**থে। গোবিন্দ সার্রথি সহ উঠিলেন রথে॥ শ্রীকৃষ্ণেরে ব**লিলেন বার ধনঞ্জ**য়। ভোমার প্রসাদে আমি করিব বিজয়॥ ^{রাজা} ধৃতরাষ্ট্র হবে পুত্র-পোক্রহীন। ^{মাজি} বস্থমতী **হবে ধর্ম্মের অধীন I** ^{আজি} ছৰ্য্যোধন রা**জা হ**ইবে নিধন। ^{পাশা} নাহি খে**লিবে শকুনি হুৰ্য্যো**ধন॥ বাজি, হথে নিদ্রা যাইবেক যুধিষ্ঠির। ^{মাজি যুদ্ধে} পড়িবেক কর্ণ মহাবীর i ^{হোভারতের} কথা অমৃত সমান। শ্বীরাম দাস কংহ শুনে পুণ্যবান ॥

নানাৰুছের পর ভীম কর্তৃক ছঃশাদনের রক্তপান।

হেনমতে চলিলেন সংগ্রাম ভিতর। বাহ্নদেব সহিত অৰ্জ্জ্ন ধমুর্দ্ধর॥ সহদেব নকুল সন্ধিত ব্ৰুকোদর। नित्रथिया क्करन्त वित्रध्य भन्न॥ সার্থি বিশোক নামে তারে ভীম পুছে। আমার রথেতে দেখ কত অস্ত্র আছে॥ আজি রণে পড়িবে সকল কুরুগণ। নতুবা আমারে মারিবেক ছুর্য্যোধন॥ ভীমের বচনে তবে বিশোক দেখিল। ষাটি সহত্রেক বাণ গণিয়া বলিল। দশ সহত্রেক বাণ বক্তের সমান। আর যত বাণ আছে কে করে গণন।। অবশিষ্ট কত বাণ রথোপরি রহে। বিশোক সার্থি তবে ভাম প্রতি কছে॥ তবে ভীমদেন বীর প্রতিজ্ঞ। করিল। আজিকার রণেতে কৌরব হত হৈল 🛭 যতক্ষণ না আইদে কুষ্ণ ধনপ্ৰয়। স্থ সভা করহ রথ করিতে বিজয়॥ হেনকালে উত্তরে হইল কোলাহল। ছাইল অৰ্জ্জুন বাণ গগনমণ্ডল 🛚 চতুরঙ্গ সেনা পড়ে অর্চ্ছনের বাণে। হাহাকার শব্দ যত করে কুরুগণে॥ সৌবল বলিল শুন রাজা ভুর্য্যোধন। হের দেখ দৈশ্য কয় করিল অর্জ্জন॥" আমি অগ্রদরি করি ভীমেরে সংহার। মজিল কোরব দৈন্য নাহিক নিস্তার ॥ মহাবল দৌবল ভীমের প্রতি ধায়। মহাযুদ্ধ ঘোরতর হইল তথায়। মারিলেক শক্তি ভীম দৌবলের মাথে। সেই শক্তি সৌবল ধরিল শমহাতে॥ সেই শক্তি ফেলি মারে ভীমের উপরে। বাছবিন্ধি রখোপরে পাড়িল ভীমেরে 🛚 পুন: উঠি ভীমদেন বিদ্ধিল সৌবলে। মুর্চিত সৌবল রাজা পড়িল ভূতলে 🛚

রথ ফিরাইয়া নিল রথের সার্থি। ভঙ্গ দিল কুরুবল যত সেনাপতি 🏾 ভঙ্গ দিল **আপনি নৃপতি ছু**র্য্যোধন। ইসন্থগণ লন গিয়া কৃষ্ণের শরণ॥ যুঝিতে আইল কর্ণ দেখি দৈয়ভঙ্গ। জ্বলন্ত অনল যেন দেখিতে তুরঙ্গ 🛭 পাগুবের্**দৈন্য সব ব**রিষয়ে শর। বেড়িয়া মারয়ে সব কর্ণ ধ্যুদ্ধর ॥ সাত্যকিরে বিশ্বিল বিংশতি মহাশরে। শিখণ্ডীরে দশ বাণ পঞ্চ রুকোদরে 🏾 ধৃষ্টগ্রান্ন শত বাণ মারে বব্দ্র শরে। সপ্তদশ বাণ মারে দ্রুপদকুমারে॥ সংশপ্তকে মারে সহদেব দশ শর। সাত বাণ মারিল নকুল ধনুর্দ্ধর ॥ ক্রমেতে বিন্ধিল ভীম ত্রিশ মহাশর। সব শর নিবারিল কর্ণ ধন্তর্দ্ধর ॥ হাসিয়া বিজয় ধনু লইলেক হাতে। বাণাঘাতে দৰ্ব্ব দৈশ্য যায় চতুৰ্ভিতে॥ সাত্যকির ধ্বজ কাটি কাটে শরাসন। আর বাণ হৃদয়ে বিশ্বিল সেইক্ষণ॥ রথ শৃন্য হইলেন সাত্যকি তথন। তিন বাণে সার্থিরে করিল নিধন॥ নিমিষে বিমুখ কৈল সব ধ্যুর্দ্ধর। ভীত হ'য়ে দৈন্য সব পলায় সত্বর ॥ দুরে থাকি দেখেন অর্জ্জুন মহাবীর। দেবাহুর যুদ্ধে যার নির্ভয় শরীর॥ কুফেরে বলেন মহাবীর ধনঞ্জয়। হের দেখ কর্ণবীর যুঝয়ে নির্ভয়॥ ভাঙ্গিল পাণ্ডব-দল দৈশ্য দিল ভঙ্গ। পলাইয়া যায় যেন আকুল তরঙ্গ॥ ঝাট রথ চালাও গোবিন্দ মহাবল। সংগ্রামে মারিব আজি কৌরব সকল। হাসিয়া চালান রথ গোবিন্দ সার্থি। দূরে থাকি রণ দেখে কুরু নরপতি॥ কর্থেরে বলিল তবে রাজা ভুর্য্যোধন। হের দেখ আদ্রিতেছে নর নারায়ণ॥

জোধভরে আইল অর্জ্জ্ন ধসুর্দ্ধর। ইহা সম বীর নাহি সংগ্রাম ভিতর॥ দৰ্ব্ব দৈন্যে আদেশিল কৰ্ণ মহামতি। সবে মেলি মার আজি পার্থ মহামতি॥ অশ্বত্থামা তুঃশাসন বীর আদি করি। অর্জ্জনেরে বেড়িল যে কর্ণ আগুসরি॥ অর্জ্যনের বাণে সব বিমুখ হইল। হাতে অস্ত্র কর্ণবীর রণে প্রবেশিল। সাত্যকি বিশ্ধিল বাণ কর্ণ বিগ্নমান। কাটিয়া সকল সৈত্য করে খান খান॥ গদা ল'য়ে ভীমদেন করে মহারণ। সহস্র সহস্র পড়ে গজ অগণন ॥ তবে ছঃশাসন বীর বাছি মারে শর। তিন বাণে বিদ্ধিল ভীমের কলেবর ॥ কাটিয়া হাতের ধনু রথের সার্হি। শরেতে জর্জ্জর হৈল ভীম মহামতি॥ মত্তগঙ্গ সম বীর গদা ল'য়ে হাতে। যম সম আইলেন সংগ্রাম করিতে॥ পদা ফেলি মারিলেন ছঃশাসন শিরে। ত্বঃশাসন পড়ে শত ধনুক অন্তরে ॥ সারথি কবচ অশ্ব আর শরাসন। গদার প্রহারে চূর্ণ কৈল সেইক্ষণ॥ রথেতে পড়িল যদি বীর তুঃশাসন। পূর্বের প্রতিজ্ঞা ভীম করিল স্মরণ॥ শীব্র গেল যথায় পড়িল হুঃশাদন। রথ হৈতে লাফ দিয়া পড়ে দেইক্ষণ॥ দাগুাইয়া দেখে যত কৌরব কুমার। বাহু আস্ফালিয়া ভীম বলে বার বার 🎚 আমি তুঃশাসনের করিব রক্তপান। কার শক্তি ইহারে করিবে পরিত্রাণ। ক্রোধমনে ভীমদেন কছে উচ্চৈঃম্বরে। হইয়া রাক্ষস মূর্ত্তি সংগ্রাম ভিতরে॥ অতি ক্রোধে ভীমদেন সংগ্রামে অপার খড়গ **ল'**য়ে বিদারিল হৃদয় তাহার । করিয়া শোণিত পান কহে রুকোদর। অমৃতে পুরিল আজি মম কলেবর॥

চ্ব্যাধন কর্ণবীর দেখে বিশুমান।

ভীমদেন করে তঃশাসন রক্ত পান ॥

রক্ত পিয়ে ভীমদেন সংগ্রাম ভিতরে।

রাক্ষ্য বলিয়া লোক পলাইল ডরে ॥

রক্ষ্যি ধাইল বীর কর্ণ মহামতি।

ভীবের উপরে বাণ মারে শীত্রগতি ॥

র্ধামন্যু মহাবার যুড়ি শর মারে।

চিত্রদেন মহাবার পড়িল সমরে॥

চুংখী হয়ে ত্র্যোধন ভাতার মরণে।

পাণ্ডব-সৈন্যেতে তবে আইল আপনে ॥

মহাভারতের কথা অমৃত সমান।

কাশী কহে কর্ণ পর্বের মরে তুংশাসন ॥

वर्ष्क्र्त्वत्र रुख कर्व भूज वृत्तरम्बात मुक्रु । জিজ্ঞাদেন জন্মেজয় যুদ্ধ বিবরণ। ব্যক্ত করি যুদ্ধকথা কহ তপোধন 🛚 কর্ণেরে বলিল হুর্য্যোধন মহাশয়। গ্ৰান্তীৰ লইয়া আদে বীর ধনঞ্জয় 🛭 রক্তপান করি তবে বীর রুকোদর। ত্বংশাসন রক্তেতে লেপিল কলেবর 🛭 চুৰ্য্যোধন যথা আছে ভ্ৰাতৃগণ সঙ্গে। অন্ত্র ল'য়ে তথা ভাষ যান মনোরঙ্গে 🛭 দশবাণ মারিয়া কাটিল পঞ্চন। সেই শোকে ভয়েতে পলায় হুর্য্যোধন 🛚 দেখি কর্ণ আইলেক করিবারে রগ। কর্ণে দেখি পলায় সকল সৈন্যগণ ॥ দৰ্ম্ম দৈন্য ভঙ্গ দিল নাহি চায় পাছে। স্রাত্শোকে তুর্য্যোধন প্রাণমাত্র আছে ॥ দর্বন মুখ্য কর্ণবার খ্যাত ধ্যুর্দ্ধর। 🌃 বীর র্ষদেন হাতে নিল শর 🕻 ক্পুতে নকুলে হইল মহারণ। ন্কুলের রথ কাটি ফেলে সেইক্ষণ 🛙 ভীম রথে চড়িলেন নকুল ছর্চ্ছর। मशंबनवस्र वात्र त्रांगटङ निर्छप्र 🛭 महरम्ब नक्न ७ धृक्य हास बोद्र। দৌপনীর পঞ্চ পুত্র নির্ভন্ন শরার **।**

ভীমে খেদাড়িয়া চলে বীর রুষদেন। কিঞ্চিৎ নাহিক ভয় কর্ণের নন্দন॥ অশ্বত্থামা কুপ ছুর্য্যোধন নরপতি। র্ষসেনে রাখিতে আইল শীঘগতি 🛚 ছুই দলে মহাযুদ্ধ অস্ত্রের নির্ঘাত। চতুরঙ্গ দলে হৈল বহুত নিপাত। তবে বুষদেন বীর কর্ণের নক্ষন। তিন বাণে অৰ্জ্জুনে বিন্ধিল দেইকণ 🛊 মারিল দ্বাদশ শর কৃষ্ণ-কলেবরে। মহাবীর রুকোদরে বিশ্বিলেক শরে 🛚 সাত বাণে নকুলের নাশে অহকার। মহাবীর রুষদেন সংগ্রামে তুর্বার ॥ রুষিয়া অর্জ্ব বীর হাতে নিল শর। তাহাতে বিশ্বেন বুনদেন-কলেবর 🛊 ক্ষুর বাণে ধনপ্তম কাটি ধনুকাণ। মাথা কাটি প ড়'লন কর্ণ বিস্তমান ॥ পুত্রশোকে কর্ণের লোচনে জল ঝরে। শোকানলৈ জ্বলি কর্ণ ধাইল সহরে । অৰ্জ্জুনে বলেন কৃষ্ণ শুন মহামতি। পুত্রশোকে ধায় দেখ কর্ণ দেনাপতি 🛚 দেবাহুরজয়ী জান কর্ণ মহাবার। সাবধানে যুদ্ধ কর না হও অস্থির। হের দেখ শরজাল করে কর্ণ বীর। বরিষার মেঘ যেন বরিষয়ে নার॥ ইন্দ্রের ধনুক ছেন দেখ বিগ্নমান। কৰ্ণ হাতে শোভিত বিজয় ধ্যুৰ্বাণ 🏽 ভূর্য্যোধন মহাবার করে সিংহনাদ। ধ্বুক টঙ্কার শুনি জয় জয় নাদ॥ রণ করি কর্ণ বারে করছ নিধন। তোমার সমান বার নহে কোন জন ॥ বর দিল তোমারে প্রদন্ন শূনপাণি। কর্ণে সংহারিবে তুমি ইগ আমি জানি 🛭 व्यर्क्क्न वालन कृष्ठ ना कंत्र विश्वाय । কর্ণেরে মারিব আজি জানিহ নিশ্চর 🛭 হেনকালে কর্ণ আদে সংগ্রাম ভিতরে। পুত্ৰণোকে ভাষার নয়নে ব্লল করে 🛭

ছুই বীরে দেখা দেখি হুইল সময়। রণেতে শোভিল বেন তুই দিবাকর 🛭 চুই রখে দীপ্তমান উভয়ের ধ্বজ। এক রখে কপি শোভে আর ধ্বলে প্রজ-॥ কর্ণ বেড়ি কৌরব করয়ে সিংহনাদ। **শব্দ ডেরি বাজে আর জয় জয় নাদ 🛚** ব্যক্তনেরে বেড়িয়া বিচিত্র বাস্থ বাবে। সিংহনাদ শব্দ করে পাওবের মাবে 🏾 ৰানা অন্ত্ৰ মারি সৈন্য করয়ে নিধন। ৰহাবভাষাতে যেন পড়ে তরুগণ **৷** ছুই দলে মিশাইয়া চাহে কুতৃহলে। দেবতা পদ্ধব এল গগনসগুলে 🛚 যতেক দানব যক্ষ পিশাচ ব্লাক্ষস। সকলৈ চাহয়ে সদা রাখেরের যপ 🛚 চাহেন অর্জন যশ সকল অমর। - অন্তরীকে পুত্রয়শ চাহে দিবাকর 🛚 অর্জনের যশ চান ত্রিদশ ঈশর। ছুই বীরে যুদ্ধ করে অতি ছোরতর 🛭 **मन्य मुल्य किकारमन कर्ग श्रेष्ट्रद्र ।** আমারে বরুপ কহ শল্য বীরবর 🛚 অর্জনের যুদ্ধে যদি আমি পড়ি রণে। ভবে কোন কোন কর্ম করিবা ভাগনে 🛭 হাসিয়া বলিল শল্য আমি একেশ্বর। ক্লফ সহ সংহারিব পার্থ ধসুর্দ্ধর ॥ भावित्नदब्र किटडारमन वीत्र थनश्चन्न । যত্তপি আমারে কর্ণ করে পরাজয় 🛭 কোন কর্ম করিবে আপনি নারায়ণ। ক্ষেমনে হইবে তবে কর্ণের নিধন 🛭 হাসিয়া বলেন তবে ক্লফ মহাশয়। শুন বীর ধনঞ্জর কবিব নিশ্চর 🛭 সূৰ্য্য ৰদি পূন্য হৈতে জক্ত ক্ষিভিতলে। पक पक स्त्र विर श्वितीमकरण কহিলাৰ এত বদি হয় বিপরীত। ভোষাত্তে ভিনিতে কর্ণ নারে কদাটিৎ 🏾 चुर्चान बराम छर्द कति परकात । जनक करिय जानि कर्परत गरवात ।

শুঙ্গ ভেরী ছুন্দুভি যে খন খন বাছে। **छ्टे नटन महायूक स्त्र द्रश्माद्य 🛭** অৰ্জনে বিদ্ধিল দশ বাণে কৰ্ণবীর। হাসেন অর্জ্ব বীর অক্ষয় শরীর । আকর্ণ পুরিয়া তবে বীর ধনপ্রয়। দশ বাণ মারিলেন কর্ণের হৃদ্ধু 🛊 এইমত বাণ যুদ্ধ হইগ বিস্তর। অক্ষর শরীর দোঁতে মহাধকুর্দ্ধর 🛭 নারাচ বরিষে কত অতি ধর্মান। ব্দর্কতন্ত্র কুরপাদি আর নানা বাণ 🛭 অন্ত্ৰগণ পড়ে ধেন পক্ষী বাঁকে বাঁকে। ভ্ৰুকুটি কটাকে যেন বিজ্ঞাী বলকে। কর্ণকে পরশুরাম ত্রহ্ম অন্ত্র দিল। হেন অন্ত্ৰ কৰ্ণবীর সন্ধান পুরিল 🛭 যুগান্তের যম যেন উড়ি যার শর। নিবারিতে নারিলেন পার্থ ধ্যুর্দ্ধর 🛭 মহাবেগে পড়ে বাণ অর্জ্যুন উপরে। হেনকালে কুষ্ণ তাহা ধরে গ্রই করে ॥ কর্ণের প্রতাপে স্থির নহে সৈম্মণণ। ভীম কৃষ্ণ অৰ্চ্ছনেকে বলিল তখন 🛭 উপরোধ ছাড় ভাই না করিহ হেলা। কৰ্ণ বধ কর অন্ত্র যুড়ি এই বেলা ৷ সাৰধানে মার অন্ত না হও বিমন। তব বিশ্বমানে পড়ে সৰ সৈন্যগণ ॥ অবৃত অবৃত অন্ত ছাড়ে ধনপ্পন। মহাসম্ব কর্ণ বীর নাহি করে ভর 🎗 বাণে অন্ধকার করিলেক কর্ণবীর। পাওবের সৈন্যগণ হইল অন্থির 🛭 নিরস্তর বিশ্বিল অর্জ্যুন-কলেবর। সর্ব্ব বাণ কাটিলেন পার্ঘ ধন্মুর্ছর 🛭 বাহুদেবে বিদ্ধিল মারীচ বাণ মারি। আর যত বাণ পড়ে সিখিতে না পারি সর্বলোক চিম্বিড চাহিয়া ছুইজনে। কুঞাৰ্জনে নিবারিল কর্ণ মহাবাবে চ স্বাদ হইল কত পার্থ বসুর্বর। नरक अर्थम वान करने हे जिनह है

মহাভারত **



কর্ণবধ।

ि शृही--- एक

कर्न भना क्रूक्रवन वार्ग आवित्र অন্ধকার করি সবে বাণ বরষিল।। খলাকে বিক্ষেন পার্থ ভীক্ষ দশ শরে। বিন্ধেন দ্বাদশ বাণ কর্ণের শরীরে !! ক্ষির পড়িছে ধারে কর্ণের শরীরে। পুনঃ সপ্ত বাণ বিক্ষে কর্ণ মহাবীরে ॥ সহস্ৰ সহস্ৰ বাণ নিমিষে চলিল। ব্দ্ধকার করি অস্ত্র গগন ভরিল ॥ অর্জনের বাণ যেন বিজ্ঞলী তরঙ্গ। नके दिल कू ऋ वल ब्राट्स किल ज्ञ ॥ **७**त्र निल कुरूवल कर्न **अरक्य**त । মহারথি সারথি তর্জ্জয় ধকুর্দ্ধর ॥ জয়নাদ করে অন্তর ধরি করে বীর। দেবাহুর যুদ্ধে যার অক্ষত শরীর 🛭 কর্ণবীর অর্জ্জনেরে বধে মনে করি। অর্জনে মারিতে অন্ত এড়ে সারি সারি 🛭 শরজালে কর্ণবীর পুরিল গগন। কম্পমান হইল পাণ্ডব- দৈৱাগণ ॥ হেনকালে এক দর্প রাক্ষদ দমান। পাতাল হইতে দে হইল আগুয়ান। য়ুহ্ন কর্ন বীর পার্থের সহিত। দাণ্ডাইয়া ক**হে সর্প কর্ণের সাক্ষাৎ 🛭** ম্ম ভ্রাত্বধ কৈল কুন্তীর কুমার। ^{এইকালে} করি আমি পার্থেরে সংহার ॥ কানরূপে করি আজ অর্জ্জনে সংহার। ণতি ক্রোধে দর্প তবে বলে বার বার । হাভারতের কথা অমৃত সমান। শিরাম দাস করে শুনে পুণ্যবান।

वर्ष क्य ।

হিতে খাণ্ডৰ বন, मम मारव विनालन. করিলেন পাপুর নন্দন। गिल देवती छेषातिय, व्यर्क्ट्रात्त मरशक्रिय, কর্ণ সনে করিব মিলন 🛭 তেক ভাবিয়া নাগ, মনেতে করিয়া রাগ, পাকাশে উঠিল সেইক্ষণ।

জননীর বৈরি শোধি, কিরূপে অর্চজুন বধি, এই যুক্তি ভাবে মনে মন । আপনি স্বৃদ্ধি বীর, সঙ্গুচিয়া স্থারীর, রণ মধ্যে করিল প্রবেশ। মুখেতে অনল জ্বলে, উল্কা যেন ভূমিতলে, याभवाम देशन वान-(वन ॥ হেনকালে দিব্যবাণ কর্ণ পূরিল সন্ধান व्यर्क्ट्रान्त्र वध मरन कति। স্বিখ্যাত কর্ণবীর, কোপভরে নহে স্থির, क्रफ वाग निल करत्र धति॥ ক্ষড় বাণ ল'য়ে হাতে মহাবীর অঙ্গনাথে অধিষ্ঠাত। তাহে হৈল সর্প। সন্ধান করিল বীর, বিনাশিতে পার্থ বীর, পরশুরামের ফত দর্প॥ दुबिया विरमध काय, निरंधिल भनाताङ, ভাগিনীরে করিবারে ত্রাণ। 🕶ন কর্ণ বীরবর, পুনশ্চ সন্ধান কর শরাসন নহে পরিমাণ॥ ক্রোধমুখে বীর কর্ণ নয়ন অরুণ বর্ণ. না করিব সেই শরবৃষ্টি। মারে আর দুই শর্ বিশ্বি করে জর জর উপদেশ না করে অনিষ্টি 🛭 মারিব অর্চ্ছন ভোকে,দেখিবে সকললোকে. এত বলি এড়ে কর্ণ শর। আকালে আইনে বাণ, অগ্নি যেন দীপ্তমান, বক্তে হইলেন দামোদর॥ পায়ে চাপি রথবর. ক্সায়েন স্থুমিপর, **गॅर्ड् गा**ड़ि चूक्क शिल । স্থশিকিত জনাৰ্দন, প্রশংসয়ে দেবগণ, এক হত্তে পৃথিবী ধরিল ॥ নাশিতে নারেন শর্ পার্থ মহাবীরবর মাথার কিরীট কাটা গেল। বিশ্বকর্মা নির্মাইল, নানারত্র শোভা ছিল, य कित्रीहे देख वित्राधिन ॥ যেন অন্ত গিরিবর, এক। রহে দিনকর. গিরি হৈতে চুড়া পড়ে খদি।

সে হেন কিরীট পড়ি, স্থমে যায় গড়াগড়ি, প্রভা উঠে গগন পরশি 🛚 পুনঃ গেল শৰ্প বাণ, কৰ্বীৰ বিভাষান, विनास करिन वर्छात । না পাই সন্ধান যোগ, বিফল হইল ভোগ, এড় পুনঃ উল্কা সম শর । পুছে কর্ণ মহাশয়, সর্প দিল পরিচয়, পুনঃ রণে কর্ণ মহাশয়। পূর্বের সংগ্রাম যত, সকলি হইল হড় এবে করি অর্জ্জনের ক্ষয় 🛊 জানিয়া কর্ণের দর্প. পুনঃ গেল কালসর্গ, व्यक्तित्व कतिराज मश्चात । মুখেতে অনল রৃষ্টি, ধাইলেন উর্দ্ধৃষ্টি, দর্বলোকে দেখে ভঃকর॥ জানিয়া সর্পের ভন্ত, শ্ৰীকৃষ্ণ কৰেন সত্য, সন্ধান করহ ধনঞ্জয়। অ্যাি সম মহাদৰ্প, সত্বরে আইলে সর্প. শীত্র তারে কর পরাব্দয় 🕯 ্ছয় বাণ যুড়ি বীর, কাটিল সর্পের শির, থণ্ড থণ্ড হইয়া পড়িল। দর্পে পরাজয় করি. কৃষ্ণ চুই হাতে ধরি, ভূমি হ'তে রথ উদ্ধারিল 🛭 পুনঃ কর্ণ ধরি ধসু, বিদ্ধিল অর্চ্ছন তুসু, বাছিয়া বাছিয়া এড়ে বাণ। ধনঞ্জয় ধসুৰ্ববাণ, বাণে নিবারিয়া বাণ, নিজ বাণ করেন সন্ধান ॥ কর্পের শরীর ভেদি, রাক্তে যেন বহে নদী, मर्क शास्त्र विराह स्मित्र। কর্ণবীর অন্ত মারি. সর্বব অন্ত নাশ করি, পুনঃ অন্ত এড়ে মহাবীর ॥ खितिम चातम मद्र দামোদর কলেবরে, আর বাণ মারে শীজগতি। সন্ধান করিয়া পরে, বিশ্বিলেক পার্থবীরে, হাসিলেন কর্ণ যোদ্ধাপতি ॥ অৰ্জন বে অসম্বানে, কৰচ কাটেন বাণে, निवाबिएक नाटन कर्नीन।

বাছিয়া মারেন শর, धनक्षत्र धनुष्त्र পুনঃ পুনঃ মারিছেন তীর ॥ रिक रान विकाषां , करण्य रान मीननां কর্ণবীর সহিতে না পারে। বাছিয়া মারিলা শর্ ধনপ্তয় ধসুদ্ধর সম্বরে বিন্ধেন কর্ণবীরে ॥ चिन स्टाउद स्यू অবশ হইল তমু, मुक्टिं रहेन कर्गोत्र। কর্ণকে মুর্চ্ছিত দেখি, প্রীকৃষ্ণ কহেন ডাকি শুন ধনপ্রয় মহাবীর II আজি কর নিপাতন সাৰধানে কর রণ, শীত্র বিদ্ধ কর্ণের শরীর। প্রকাশিয়া নিজ শৌর্য্য, কর কর্ণ বধকার্য্য, যাহা কহিলেন যুধিষ্ঠির॥ শুনয়া কুষ্ণের বাক্য, নাশিতে বিপক্ষ প্রু পার্থ মারিলেন বহু বাণ। মহা অস্ত্র যত ছিল, সে সকল পাসরিল গুরুশাপে হইয়া অজ্ঞান॥ মহাসত্ব কর্ণবীর, ৈতৈশ্য পাইয়া ধীয় नाना व्यक्त करत्र वित्रश्न। তিন বাণে জনাৰ্দ্দনে, বিন্ধিলেন দেইকণ্ ধনঞ্জয় মারে সাত বাণ ॥ কাটা গেল ধসুগুণ, লজ্জিত হইল পুন चात्र श्वन निया युष्टि भटत । কাটে কর্ণ ধর্ম্ব অর্জ্ন-মারেন শর, ছাসি পুনঃ বাণ নিল করে। ধরিয়া বিজয় ধনু, বিদ্ধিল অজুন ড শরে কর্ণ করে অন্ধকার। অর্জ্জনে ফাঁপর দেখি, প্রীকৃষ্ণ কংগে ডা শীত্র কর কর্ণেরে সংহার। কুষ্ণবাক্যে ক্লন্তে বাণ, পার্থ করি হুদ্ বক্ত যেন হাতে লৈল শক্ত। কর্ণ পায় অমুত ব্যর্থ হয় ব্রহ্মণাপ शृथियी आशिम त्रथठक । क्षम् क ब्रह्म थीत्र, बम्राट्स वर्ष है वार्कात क दिना केटिक: बद्र ।

মৃহুর্তেক ক্ষমা কর, ওহে পার্ক ধসুর্বর, রুপচক্র উদ্ধারিব করে । প্রহারে বিকল বেশ, যেই জন মুক্তকেশ, শরণ খাপয়ে যদি রণে। নাহি ধরে অন্তগণে, ক্রবচ রহিত জনে, তারে মারে কাপুরুষ জনে । ছুমি লোকে নরোক্তম, তব কীর্ত্তি অনুপুম, ধর্মজ্ঞানে তোমারে বাধানি। রুখের উপরে তুমি, অভাগ্যেতে আমি স্থমি, মুহুর্ত্তেক ক্ষা কর জানি। কুষ্ণ হৈতে নাহি ভয়, তোমাতে সংশয় হয়, দে কারণে সাধি হে তোমাকে। বিধি মোরে হৈল বক্র, পৃথিবী গিলিল চক্র, ক্ষম করি উদ্ধার আমাকে॥ শুনিয়া কর্ণের বাণী, ক্রোধে কন চক্রপাণি, বিপদ কালেতে স্থার ধর্ম। দ্রুপদনন্দিনী বালা, একবন্ত্ৰা রক্তঃস্বলা, সভামধ্যে কৈলা কোন কৰ্ম॥ শকুনি সৌবল সনে, ভূর্যোধন নরাধমে, কপটে রচিল পাশা সারি। ক্তবর্ণ্ম ছাড়ি কার্য্য, কপটে লইল রাজ্য, কোন শাস্ত্রে পাইলা বিচারি॥ দদেশ মিশ্রিত বিষে,ভীমে খাওয়ালে শেষে, বান্ধিয়া সকল কলেবর। क्लाइया मिला कला, त्रका भाग्र धर्म्मवला, দেই কথা কহিতে বিস্তর ॥ জৌগৃহ নির্মাণ করি, তাহাতে পাগুব ভরি, व्यशिं मिल कि विठात कति। কোন শাস্ত্রে ছেন ধর্মা, বিচারিয়া কর কর্মা, দৈবে তাহা আনিল উদ্ধারি॥ विकरमन शक्करन, বাদশ বৎসর বনে, বৎসরেক রছে অজ্ঞাতেতে। শভাতে মাগিল ঘৰে,রাজ্য নাহি দিলে তবে, হেন ধর্ম বুঝাও কিমতে। পভিষয়্য পেল রণে, বেড়ি মারো সপ্তজনে, মুখবেশাক্ত শিশুত কুমার।

কোনধর্মে মার তারে, স্বরূপ কহিবা মোরে, কোপা ছিল ধর্মের বিচার ম শুনিয়া কৃষ্ণের কথা, অর্চ্ছনের বাড়ে ব্যথা, পূर्व পূर्व कथा मत्न रहा। বাড়িল পার্থের ক্রোধ, না মানেন উপরোধ, व्यक्त**क्र्** अर्थ कम्ल **र**म् ॥ তবে কর্ণ মহাক্রোধে, নিতান্ত মরিব বোধে, ব্রহ্ম অন্ত্র এড়ে সেইকণ। অৰ্জ্জন ব্ৰহ্মান্ত মারি, কর্ণ বাণ ব্যর্থ করি, দিব্যান্ত্র যুড়িল শরাসন 🛭 যেন অ্মি দীপ্তিমান, পার্থ যুড়ি অগ্নিবাণ, কর্ণ পানে চান একদৃষ্টি। জলে করি পরিপূর্ণ, বৰুণ বাণেতে কৰ্ণ, অনল নিভায় করি রৃষ্টি॥ মেঘ করে থান থান, অৰ্জ্নের বায়ু বাণ, পুনঃ কর্ণ যোড়ে মহাশর। হাহাকার দেবগণে, ভূমিকম্প ক্ষণে ক্ষণে, বাণ এড়ে কর্ণ ধসুর্বর । রক্ত পড়ে নিরন্তর, क्रमर्य विकिल भंद्र. আপনা বিস্মৃত ধনঞ্জয়। ন্তৰ হৈল দৰ্বব তন্ত্ৰ, খদিল হাডের ধনু, অতি ব্যগ্র কৃষ্ণ মহাশয়॥ কৰ্ মহা ধ্যুৰ্দ্ধৰ, এই পেয়ে অবসর. রথ উদ্ধারিতে বীর চলে 🗝 না পারিল ছুই হাতে, শ্রম হৈল অঙ্গনাথে, পুনঃ রথ পশিল ভূতলে॥ দেখি কৃষ্ণ মহাশ্ম, সচেতন ধনপ্রয়, वर्ष्यान करहन क्षृह्रल । ধনপ্রয় ধসুর্বর, আমার বচন ধর, কাটি পাড় কর্ণ মহাবলে॥ वर्ण्य कारत गिन, কুষেঃর বচন ভনি, পাতীবে যুড়েন ক্রবাণ। কাটিয়া পড়িল দও, ক্ষুর প্রবেশিল চণ্ড, শক্ষা পায় কৰ্ণ ৰধবান 🛊 ৰাঁকে বাঁকে সূৰ্য্যবাণ,পাৰ্থ ছাড়িছেন বাণ, বন্ধ যেন ছাড়ে পুরন্দর।

দেখি দিব্য **মহাশর**, সর্ব্বভূতে ভয়ঙ্কর বেগে ধার শব্দ ঘোরতর ॥ নিকেপিয়া মহাশর, ভাবিলেন ধনুর্দ্ধর, পূর্ব্ব কথা আছয়ে স্মরণে। কাটি পাড়ি কর্ণশির, यि इंडे পार्थ वीत्र নাশিব কর্ণেরে আজি রণে ॥ ছেদিব কর্ণের শির, এত বলি পার্থ বার, মহাশর মারেন কর্ণেরে। সর্বলোকে ভয়ঙ্কর দেখি যেন রুদ্র শর, বেগে পড়ে কর্ণের শরীরে॥ সন্ধ্যাকালে পড়ে কর্ণ. গগন লোহিত বর্ণ. সর্ববলোকে চাহিয়া বিশ্বয়। প্রবেশিল দিনকরে, উঠিয়া গগনোপরে কর্ণের যতেক তেজচয়॥ কৰ্ণ হৈল অপচয়, পৃথিবী কম্পিত হয়, রথ ল'য়ে গেল মদ্রপতি। কুরুদলে হাহাকার, সব হৈল অন্ধকার কর্ণ বিনা কি হইবে গতি॥ হাহ। কর্ণ মহাবীর, মোর প্রাণের দোসর, হারাইলা ভুবন চুর্জ্জয়ে। এত বলি তুর্য্যোধন, স্বাস ছাড়ে খনে খন, कुरुवन ७३ मिन ७८३॥ ভীষ করে সিংহনাদ, শুনি জয় জয় বাদ, বিজ্ব হুন্দুভি বাজে দলে। সর্ব্ব দেনাপতিগণ, আশ্বাসিয়া ঘনে ঘন, নাচে গায় দৰে কুভূহলে॥ কোপে রাজা ছুর্য্যোধন, আদেশিল সৈভাগণ, কর গিয়া পাগুব-সংহার। যুদ্ধ করি সর্বজন, কুঞার্চ্ছ্রন তুইজন, বিনাশিতে করহ বিচার॥ রাজার আদেশ পেয়ে, দৈন্তগণ গেল ধেয়ে, সাগর কলোল শব্দ ক'রে। গদাখাতে ব্ৰকোদন, ক্ৰোধে অতি ভয়ন্বর, क्रमाद्य वह रिम्ल भारत । আপনি নুপতি সাজে, নিষেধিল শল্যরাজে, वाकि क्या कर नत्रद ।

পড়ে মহাবীর কর্ণ, সৈন্ত হৈল ছিন্ন ভিন্ন, নাহি হয় যুদ্ধ অবসর ॥ আকুলিত কর্ণশোকে, সাস্তাইল রাজনোকে শিবিরে চলিল ছুর্য্যোধন। দেব ঋষি গেল ঘর, হরষিত পাণ্ডুবরু শিবিরে গেলেন সর্বজন ॥ অর্জ্জুনেরে দিয়া কোল,গোবিন্দ বলেন বোল তোমারে সদয় পুরন্দর। কাটিয়া কর্ণের শির, ত্রিভূবন মধ্যে বীর ংগ্য তুমি ভুবন ভিতর ॥ কৰ্ হৈল পরাভব শিবিরেতে গেল সব मवारे करिल यूथिछित्त । আনন্দিত নুপম্বি কর্ণের মরণ শুনি, প্রশংসা করিল অর্জুনেরে॥ দেখিলেন কর্ণবীর রথে চড়ি যুধিষ্ঠির, পুত্র দনে পড়িয়াছে রণে। চন্দ্ৰদনে যেন ভান্তু, তেজে যেন রুহন্তানু বার বার দেখেন নয়নে ॥ কৃষ্ণেরে করেন স্তুতি, যুধিষ্ঠির নরপতি, षाकि यम दशी रहल यन। তুমি যার স্থপারখি, ভাগ্যবান সেই র্থী, জিনিতে পারয়ে ত্রিভুবন 🛭 আজি আমি রাজ্য পাব,আজি নরপতি হব, আজি সে সফল পরিশ্রম। পড়িল অবনীতন, কৰ্বীর মহাবল, সংগ্রামে সাক্ষাৎ ছিল যম। রাজা যুধিষ্ঠির সঙ্গে, হেনমতে মনোরঙ্গে, সর্ববলোক শিবিরে আইল। আনন্দিত পাণ্ডুদলে, নৃত্যুগীত কুতুহলে, य यात्र निविद्ध श्रदनिन ॥ ইহকালে শুভযোগ, পরকালে স্বর্গভোষ ভরতের পুণ্যকথা শুনি। সংগ্ৰামে বিজয় হয়, ভাবণেতে পাপক্ষ, कानीबाम विब्रिटिन श्रि ॥ কর্ণপর্ব্ব সমাপ্ত।

সচিত্ৰ সম্পূৰ্ণ কাশীদাসী



नातायगः नमञ्ज्ञ क्नत्ररेक्षेत्र नरताख्यम्।

(मतीः नतस्रजीः बानः ज्ञानः ज्ञा अवस्मित्रराष्ट्र ॥

শল্যের সেনাগতির।

ষুনি বলে শুন পরীক্ষিতের তনয়। দমরে পড়িল যদি কর্ণ মহোদয় ॥ ছুই দিন যুদ্ধ করি মারি সেনাগণ। অর্জনের হত্তে হৈল কর্ণের নিধন ॥ হাহাকার শব্দে তবে করয়ে রোদন॥ বহানাদে রোদন করত্যে সেনাগণ। শল্যে চাহি বলিতে লাগিল তুৰ্য্যোধন॥ কি করিব কর শল্য ইহার বিচার। কারে সেনাপতি করি কে করিবে পার॥ শেনাপতি হ'য়ে আজি তুমি কর রণ। সুদি মোরে ধরি দেহ কুন্তীর নন্দন ॥ পাওবে করিয়া ক্ষয় ভূমি লহ জয়। ইয় শুনি কহিলেন শল্য মহাশয়। কোৰ কর্মা হেতু চিন্তা কর মহাশয়। শঙ্গি সৰ বিনাশিব ভানিহ নিশ্চয়॥ ^{এতেক} শুনিরা তবে রাজা ছর্য্যোধন। ^{म्ला}ब्रांट्क मिन यह मान जांब धन 🛭 বিৰয়ী মুন্দুভি বাৰে মুদল কাহাল। ৰীৰবি মৃত্রি বাবে কাংস্ত করতাল।

শন্থনাদ সিংহনাদ গজের গর্জন। ধ্বজ্ঞ পতাকায় সব ঢাকিল গগন 🛭 বাছের নিনাদে যেন কম্পে বস্তমতী। সর্ব্ব সৈন্য সমাবেশ করিল নুপতি 🛭 কর্ণের মরণে তুঃখ দব গেল দুর। সাজিল কৌরব সেনা সমরে অহুর ॥ এতেক জানিয়া তবে শ্রীকুষ্ণ.কহেন। সাজিল কৌরব-সেনা সমুদ্র যেমন ॥ দেখ রাজা যুধিষ্ঠির কুরুদৈন্য এল। সৈন্য দমাবেশ করি কুরুক্ষেত্তে পেল 🛭 খল্য শীত্র সাজিল না করহ বিলম। কুরুকেত্তে কর গিয়া সমর আরম্ভ ॥ নিধন করছ সৈত্য নাহি কালাকাল। সাহায্য করুক আসি বিরাট পাঞ্চাল 🎚 ভীন্ম দ্রোণ কর্ণ আদি বিনাশিলে রণে। কি করিতে পারে শল্য যুঝ তার সনে 🛚 শক্তবশে আত্মপর না করিছ মনে। বিনাশ করহ শল্য আজিকার রণে 🛭 এত শুনি যুধিষ্ঠির আনন্দিত মন। • অর্জনেরে ভাক দিয়া কহিশ রাজন 🛭 প্রভাতে উঠিয়া কালি কর যুদ্ধক্রন। ত্তবৈত জানিব আমি তোমার বিক্রম ।

কেনমতে যুধিন্তির বলেন বচন।
ভানিয়া অর্চ্ছন বীর কহিছে তথন ॥
কি কারণে চিন্তা তুমি কর মহাশয়।
কেবল ভরদা কৃষ্ণ সংগ্রামের জয় ॥
এই মত দর্ববজন রজনী বঞ্চিয়া।
দৈশু দমাবেশ করে প্রভাতে উঠিয়া॥
বুধিন্তির আজা করিলেন যোদ্ধাগলৈ।
বাজায় বিবিধ বাল্য না যায় লিখনে ॥
ছুই দলে মিশামিশি হৈল মহারোল।
প্রলম্বালেতে যেন সমুদ্র-কল্লোল॥
করিল বিচিত্র বৃহি শল্য মহারাজ।
ভূজক্ষম ব্যুহ কৈল পাণ্ডব-সমাজ॥

শল্যের সহিত পাগুবদের মুদ্ধ। ধুতরাষ্ট্র বলে কহ সঞ্জয় বিশেষ। উভয় দলেতে দৈশ্য কিবা আছে শেষ 🛭 শল্য ছুর্য্যোধন তবে কি কর্ম্ম করিল। শাপন বৃদ্ধিতে পুত্ৰ সব বিনাশিল।। ভীম্ম দ্রোণ কর্ণ আদি যে নাশিল রূপে। হেন জন দঙ্গে যুদ্ধ করে কি কারণে 🛭 সঞ্জয় বলেন রাজা ইথে দেহ মন। আজ্বশেষ দৈন্য ল'য়ে যুঝে ছুর্য্যোধন ॥ একাদশ সহস্র অযুত আছে রথ। তিন কোটি মক্ত হস্তী সমান পর্ববত 🛭 ছুই পদ্ম অশ্ব আছে রণে অনিবার। প্ৰৰ গমন জিনি গমন যাহার ॥ তিনকোটী পদাতিক আছে মম সম। সৈন্মের সহিত যুবে করিয়া বিক্রম 🛭 পাওবের শেষ সেনা অ:ছে মহামতি। **সাছয়ে গণনে রাজা সহস্রেক হাতী** ॥ আৰু আছে এক লক্ষ্ লক্ষ্ পদাতিক। শ্যুন নহে ইহা হৈতে বরঞ্চ অধিক ॥ ৰুষিষ্ঠির যোদ্ধাপতি পাণ্ডৰ বাহিনী। ছুই দলে মহাযুদ্ধ শুন নৃপুমণি 🛭 ৰুধিষ্ঠির পরাক্রমে দৈন্য ভঙ্গিয়ান। দেখিয়া শন্য ভূপতি হৈল আগুয়ান 🛚

দিব্যরথে সাজিয়া আইল সেইক্ষ্যে। শল্য বলে সেনাগণ যুঝ একম্নে ॥ নকুলের যুদ্ধ কর্ণপুত্র চিত্রদেনে। কাটিল নকুল ধনু চিত্রদেন বাণে 🛚 সার্রথি কাটিয়া রথ করিল বির্থী। বাণে বিদ্ধ হ'য়ে চিন্তে নকুল সমতি 🛚 তবে থড়গ চর্ম্ম হন্তে তার রথে চডি। চিত্রসেন কবচ ধরি মুগু কাটি পা'ড 🛚 নকুলের পরাক্রমে ধন্য ধন্য ধ্বনি। সভ্যমেণ হ্রমেণ আইল বীরমণি 🛭 নকুল সহিত যুদ্ধ করে বীরগণ। ত্বই বীরে মহাযুদ্ধ সংগ্র'ম শোভন 🛚 সত্যদেন শক্তি মারে সহিল নকুল। নি**জ শক্তি** মারি তারে করিল আকুল। সত্যদেন পড়িল হুষেণ যুঝে বেগে। নকুলের অশ্বরথ কাটি পাড়ে আগে 🛊 বির্থী হইয়া তবে মাদ্রীর নক্ষন। শীত্রগতি আর রথে কৈল আরোহণ॥ সন্ধানেতে কাটিলেন হুচেণের শির। সিংহনাদ করি উঠে নকুল প্রবীর॥ শুন মহারাজ তব বাহিনী সকল। দলিয়া চলিল সবে পাগুবের দল 🛚 দেখি শল্য আগু হৈল ধরিয়া ধনুক। পরাক্রম দেখি কেহ না রহে সম্মুখ 🏾 যুধিন্তির রাজা সহ হইল মিলন। দোঁতে দোঁহা প্রতি করে বাণ বরিষণ। যুঝিল নকুল ভীম রাজার পশ্চাতে। যোদ্ধাগণ আগে যুঝে রথীর সনেতে 🛭 রূপাচার্য্য কুতবর্মা আদি মহাবীর। শল্যের নিকটে যুখে হইয়া অন্থির 🎚 গদাহাতে ভীমদেন হন আগুদার। মহাকোপে যায় যেন অগ্নি অবতার॥ নিবারিতে নারে শল্য ভীম গদাঘাতে 🖠 রণেতে সারথি ভীম মারে এক ঘাতে 🖡 লাফ দিয়া শল্যবীর চড়ে আর রবে। ষ্টল পৰ্বত প্ৰায় আছে গদা হাতে 🛚

শ্ল্য বলে ভীম তোর বড়ই সাহস। ৰক্ষাৎ গদ। হানি চাহ নিজ যশ। সহিতে আমার অস্ত্র দেখি পরাক্রম। এত দিনে আজি তোরে লইলেক যম 🛭 এত বলি শক্তি ছাড়ি দিল শল্যরাকে। প্রভিন্ন নির্ভয়ে আসি ভীম বক্ষ মাঝে । ৰুক হৈতে ভীম শক্তি নিলেক কাড়িয়া। খন্য প্রতি মারে বেগে ত্ত্কার দিয়া 🛭 আঘাতে মুৰ্ক্তিত হয় মদ্ৰ অধিপতি। बरुत হইয়া রপ রাখিল সারথি॥ কোপে শল্যরাজ গলা নিল তার পর। মাতৃল আইস বলি ডাকে রুকোদর 🛚 ছাত্মপক্ষ ত্যাগ করি পরপক্ষে গিয়া। এই অপরাধে মৃত্যু হইল আসিয়া॥ গদায় জানি যে তুমি বিক্রমে বিশাল। তোমার দহিত যুদ্ধ বাঞ্ছি চিরকাল 🛭 এত বলি গুই বীরে হৈল বোলচাল। গদায় গদায় যুদ্ধ বিক্রমে বিশাল 🛚 প্লাযুদ্ধ বিশারদ দোঁতে মহাবীর। বদন ভ্রুকটি নাবে বাহিনী অস্থির 🛭 গদাঘাতে কম্পামান দোহাকার অঙ্গ। ইন্দ্র বক্তাঘাতে যেন ভাঙ্গে গিরিশুঙ্গ 🛭 থথমে বিহবল দোঁছে সম দেখি বল। স্বর্গেতে প্রশংসা করে অমর সকল 🛭 ^{িগদা} এড়ি ধ**সু** নিল মদ্রপতি রা**জা।** ্মহাযুদ্ধ করে বীর ভীম মহাতেজা 🛢 তবে রুকোদর বীর রুপে চড়ে গিয়া। দেখি কুপাচাৰ্য্য বীর আইল ধাইয়া 🛭 ररेन पूपून युद्ध नाहि পরিমাণ। ইথ্যোধন শল্য এল আর চেকিতান 🛭 মহাঘোর যুদ্ধ হৈল না যায় বর্ণন। শ্ব গজ রক্তে ভাসি বুলে সর্ববজন । শল্য সৃহ যুবে পুনঃ প্রধান পাশুব। महायुद्ध देशन (यन छेथान व्यर्गत ॥ व्यापन म**जरमन देश्य व्या**श्यान । ^{ম্পিন্তির} স**ৰ মুবে হ'মে সা**বধান ॥

যুদ্ধ করি গেল তারা শমন সদন। ধনু ধরি শল্য আসি পুনঃ করে রণ 🎚 ভীমসেন সাত্যকি সহিত পাণ্ডুনাথ। শল্যোপরি করিলেন ঘন বাণাঘাত 🛚 নিজ অন্তে কাটি পাড়ে শন্য মহাবীর। পুনঃ আদি উপস্থিত যথা যু িষ্টির 🛭 উভয়েতে মহাযুক্ত হয় অপ্রমিত। রুষ্টিধার। যেন পড়ে দেখি চহুর্ভিত 🛚 কাটেন শল্যের ধ্বন্ধ ধর্ম নরপতি। ধর্ম্মের ধন্তুক শল্য কাটে শীখ্রগতি 🛭 অার ধনু লইয়া যুঝেন যুধিষ্ঠির। নিবারিয়া করে যুদ্ধ শল্য মহাবীর 🛚 ক্রোধে ধায় চতুর্ভিতে বাহিনী বিনাশে। দেখি যুধিষ্ঠির রাজা ভাবেন বিশেষে॥ আপন ভাগিনা বধ কৈল মদ্রপতি। ভীষ্ম দ্রোণ কর্ণ যাহে না হইল কুতী 🛚 ভীম সংহারিল হুর্য্যোধন স:হালর। মদ্রপতি বিনাশিতে হইল হুন্ধর 🛭 <u>শ্রীকু ফার আজ্ঞা আছে শলোর নিধনে।</u> প্রলয় দেখি যে শল্য আজিকার রণে ॥ হারিলে কি গতি হবে পাব মহালাজ। এইমত ভাবিয়া কহেন ধর্মরাজ 🛭 চক্রবৃহ করি মোরে দোঁহে বল রাখ। সহদেব নকুল আমার বামে থাক॥ দক্ষিণেতে ধুন্টহ্যন্ন আর যে দাত্যকি। ভীমদেন ধনপ্পয় প্রধান ধাসুকী 🏾 বিনাশিব শল্য আজি মাচুল প্রবল। শুনি চারিদিকে রছে হ'য়ে অসুবল ॥ হইল প্রলয় যুদ্ধ ধর্মারাজ ভাগে। শল্যের সহায়ে জৌণি যাইলেন আঙ্গে॥ সহিতে না পারি ভঙ্গ দিল সর্বাঞ্জনে। দক্ষিণে নিবারে ভীম কৌরব প্রধানে 🛭 কুপাচার্য্যে নিবারেণ বীর ধনগুয়। এইরূপে মহাযুদ্ধ হইল প্রলয় 1 যুধিষ্ঠিরে শল্য যুদ্ধ সমান সন্ধান। . স্কাঙ্গে রুধির ধারা পড়ে দোঁহার সমান ॥ ষুষিষ্ঠিরে কম্পমান দেখি শল্যরাজে। **जितिक्टिक मावधाटन ब्रट्ण मटक यूट्य ॥** পোবিন্দ সহায় পাছে বলেন ডাকিয়া। ৰাশহ মাতৃলে উপরোধ কি লাগিয়া॥ কুষ্ণের বচনে যুধিষ্ঠির সাবধান। ব্দকর্ণ পুরিয়া বাণ করেন সন্ধান ॥ ধর্ম্মরাজ ধর্মমতি যুদ্ধে ধর্ম্ম রাথে। শ্বন্যায় নাহিক চুই রথীর স**ন্মু**খে॥ অসুক্রমে মহাশর ছাড়ে মহীপতি। সেইমত কাটে শল্য ধর্মা ক্রন্ধমতি॥ কাঠেন শল্যের অস্ত্র মারি সাতবাণ। রুগধ্বজ্ঞ সহ ছত্রে হয় থান থান।। রথ লণ্ড ভণ্ড দেখি ক্রোধে মন্ত্রপতি। স্কুসঙ্জ। করিয়া রথ আনে শীব্রগতি 🎚 শল্য বলে ভাগিনেয় যুদ্ধে মহাবীর। ৰুদ্ধেতে এমত কেন দেখি যুধিষ্ঠির 🗈 আত্মমত বলে দেখি বৃদ্ধি যত যার। এতক্ষণে যুঝ তুমি অগ্রেতে আমার। ধর্মরাজ বলে যুদ্ধ করি উপরোধ। স্ব জানি মাতৃল অতৃল মহাযোধ 🏾 বিধিমত যুঝি আজি তোমার সংহতি। তোমারে জিনিলে জয় হইবে সম্প্রতি 🛭 ক্ষত্রকুলে ধর্মযুদ্ধ বিজয় ঘোষণা। ষম সম শক্ত আর না করি গণনা॥ ষম ভাগ্য হেতু তুমি হৈলে রিপুগত। ক্ষত্রধর্ম রাখিবারে সব হৈল হত 🤉 এক্ষণে মাতৃল তব হইবে বিনাশ। শ্ৰম ভবনে যাহ হইয়া নিরাশ ॥ ব্দপরাধ না লইবে ব্যস্তের ঘাতনে। আশীর্বাদ কর মামা যাবৎ জীবনে । শঙ্খ্য বলে ধর্মচারে তুমি সে প্রধান। তোমার বিজয় সত্য নাহিক এড়ান 🎗 পূৰ্বেৰ তব দরশনে ইচ্ছা মম ছিল। পৰে পেয়ে ছুর্য্যোধন আমারে বরিল 🛭 দে সৰ বৃত্তান্ত দৃত কৈল তৰ আগে। অভএৰ ইইলাস ছুৰ্য্যোধন দিখে 🛭

কত্রধর্ম রাখিলে উভয়ে নাহি দোষ। সম্বন্ধের উপরোধে দূর কর রোষ 🛭 কহিতে কহিতে দোঁহে করে বাণ রৃষ্টি। প্রলয়ের মেঘ যেন মজাইতে স্থন্তি 🛚 অসংখ্য বরিষে বাণ যেন জ্বলধারা। খসিয়া পড়য়ে যেন আকাশের তারা॥ ধর্মরাজে ভাকিয়া বলেন যোদ্ধাগণ। শল্যেরে মারহ বাণ পুরিয়া সন্ধান 🛭 চুই বীরে মহাযুদ্ধ হয় বহুতর। দৌহে দৌহে বিন্ধিয়া করিল জর জর॥ মহাবাণ বন্ধ এড়িলেন ধর্মাহত। ধনু কাটি শল্যের কাটেন ব্যথ 🛚 আর ধনু ল'য়ে শল্য হৈল আগুদার। হইল প্রলয় যুদ্ধ বাণে ব্রদ্ধকার ॥ ধসু কাটাকাটি পুনঃ হৈল পরস্পর। পুনঃ ধন্ম নিল দোঁহে করিতে সমর 🛚 সন্ধানে সন্ধানে দোঁছে পরম সন্ধানী। দোঁতে দোঁতা বিনাশিব এই মনে জানি। অসিমুখ বাণ শল্য এড়িলেক কোপে। বুকে বাজি ধর্ম রহিলেন মৃতরূপে 🛭 ক্ষণে মূচ্ছ। ভঙ্গ হ'য়ে উঠে ধর্মকারী। বাণগুটি ফেলেন কাটিয়া করে ধরি 🏾 ভীমদেন ধনঞ্জয় সাত্যকি প্রভৃতি। বিনাশে কৌরব-সেনা করিয়া ছুর্গভি 🛭 যুধিষ্ঠিরে অবদন্ন দেখি ভীম বীর। শল্যের সন্মুখে যুঝে হইয়া হৃষ্টির ∦ ভীমের কবচ কাটি পাড়ে শল্য বাবে। শুলা-অ্থ কাটে ভীম করিয়া সন্ধানে **ট** তাহা দেখি শল্য বীর মহাক্রোধ মনে। পঞ্চ বাণ ভীমদেন পুরিল সন্ধানে 🛚 শল্য বাবে ভীমদেনে করিল জর্জার। নিবারিতে নাহি পারে প্রব-কো**ঙ**র । তাহা দেখি পুনঃ যুখিষ্টির মহারাজ। সন্ধান পুরিয়া আদে সমরের মার 🖁 বাণেতে পীড়িত শল্য দেখি যহপতি। ধর্মরাকে ভাকিয়া বলেন শীভ্রগতি 🛭

বিনাশ করহ শল্যে কেন কর ব্যাজ।

মূদ্ধকালে উপরোধ নতে ধর্মরাজ ॥

মহাভারতের কথা অমৃত লহর।

কাশীরাম কতে শুনিলে তরয়ে ভববারি ॥

व्यक्ता स्था

যুধিষ্ঠির বলিলেন মাতুল পীড়িত। প্রহারের কাল কৃষ্ণ নহেন উচিত । গোবিন্দ বলেন রিপু পাই যবে পাশ। কালাকাল নাহি চাহি করি যে বিনাশ ॥ যাহার মরণে ভদ্র দেখি মহারাজ। তাহে বিনাশিতে দোষ নাহি যুদ্ধমাঝ ॥ গোবিন্দ বচনে শক্তি ল'য়ে যুধিষ্ঠির। ঢাকিয়া বলেন রে সামাল মদ্রবীর ॥ শুনি শল্য ধসুকৈতে বাণ যোড়ে বেগে। ভীম আদি বাণু কাটে রহি চারিদিকে 🏾 হয়ারে ছাড়েন শক্তি ধর্মের নন্দন। লক্ষণেরে শক্তি যেন এড়িল রাবণ।। গোবিন্দ রহেন তবে শক্তিশেল মুখে। গগনে আগুন উঠে ঝলকে ঝলকে ॥ দেখি তাহা শল্য বীর বাণেতে তৎপর। শক্তি নিবারিতে বাণ এড়িল সত্বর 🛭 শক্তিতে ঠেকিয়া বাণ খণ্ড খণ্ড হয়। ^{দল্য} বলে মোর আজি জীবন সংশয়॥ শড়িলেক শক্তি আসি শল্যরাজ বুকে। ^{শক্তি} ঘায়ে শল্য পড়ে সংগ্রাম সম্মুখে 🛭 ^{ছীবন} ছাড়িল শল্য পাইয়া বেদনা। সমরে পড়িল শল্য কটকে ঘোষণা।। ^{দল্যরা}জামুজ আসি শোকেতে মিলিল। শ রাজ সহিত সংগ্রামে প্রবেশিল। বাণ রৃষ্টি করি ধর্মারাজে আচহাদিল। চ্ছদিকে শরবৃষ্টি অন্ধকার হৈল। শিহাকার বাণ কাটে দোঁহে বলবান। অবাণ এড়ে দেশকে পুরিয়া সন্ধান 🛭 াণ দেখি মনে মনে চিন্তিত হইয়া। ্ৰিক্টির বাণ এড়িলেন বিশেষিয়া **এ**

নির্ভয়ে পড়িল গিয়া তাহার শরীরে।
শল্যের অনুজ্ব বীর পড়ে ভূমিপরে ॥
মদ্রেরাজে ধর্ম্মরাজ রণেতে পাড়িল।
সংগ্রামের স্থলে বহু কোলাহল হৈল ॥
সমরে পড়িল শল্য হৈল কলরব।
কৌরববাহিনী ভঙ্গ সানন্দ পাশুব ॥
পাশুব দলেতে সবে করে সিংহনাদ।
শুনি কুরুদলে হৈল বড়ই বিষাদ ॥
মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

শকুনি বধের উপজ্বে নানা বৃদ্ধ। সেনাগণে আখাসিয়া কৰে প্ৰয্যোধন। **অ**গ্র হ'য়ে যুঝ শক্তে করিব নিধন 🖟 জয় পরাজয় মৃত্যু দৈবের ঘটন : যথা ধর্ম তথা জয় বেদের বচন॥ এত বলি কুরুপতি রথ আরোহণে। পথেতে ভেটিল আসি ভীমসেন সনে 🛭 মহামত হস্তী যেন করিছে গর্জ্জন। ত্রই সিংছে মিলি যেন করে মহারণ॥ ভীষ ডাকি বলে এস কুরু কুলাধম। করিলে দকল নাশ করি পরাক্রম 🕏 এবে বুদ্ধি বল কর্ণ গেল সব কোপা। ত্ব:শাসন তুর্মতি মরিল তুফী ভাতা ॥ দেখিয়া না দেখ চকে ভূমি অন্ধমতি। কুলান্তক তোমাকে স্বজিল প্ৰজাপতি 🛭 রণে ক্ষমা দিয়া এবে ভক্ত ধর্মরাকে। জীবনের আশা যদি মনে কর কাবে। নতুবা চলহ যথা ভীম্ম দ্রোণ কর্ণ। তুই পথ কহিলাম ধাহাতে প্রসন্ন 🛭 তুর্ব্যোধন বলে ভীম সহ পরিবারে। শ্মন-সদনে আজি পাঠাব তোমারে 🛭 বারে বারে অপমান কৈল নানামতে। এখন পুরিল কাল চল যমপথে 🛭 দ্রোপদীর অপমান পাদরিলা কেৰে। কিরাত সমান হ'য়ে ফিরিলা কাননে ।

৬ নি ভীম বলে তব জেনেছি বিক্রম। গন্ধৰ্বে বান্ধিয়া তোৱে লইল যখন॥ নিজ বল পরাক্রম কি জানাব তোমা। ভজ ধর্ম্মরাজে তিনি করিবেন ক্ষমা 🛭 🗢নি হুর্য্যোধন রাজা ক্রোধে কটু কয়। যুদ্ধ করি পাশুবে করিব পরাজয় 🛭 মহাযুদ্ধ বাধিল তুগুল হেনকালে। প্রলয় কালেতে যেন সমৃদ্র উপলে 🛭 ভীমের নারাচ বাজে ছুর্য্যোধন বুকে। ব্যাকুল সার্থি রথ ফিরায় বিমুখে 🏽 গদা হাতে ভীম সেন যায় শীঘুগতি। ক্ষণমাত্রে সংহারিল যত যোদ্ধাপতি ॥ चाथानि भाषानि वीत्र भारत गरा वाछि। সহস্র সহস্র রথ ফেলে চুর্ণ করি ম সম্মুখ বিমুখ নাই মারে খেদাড়িয়া। প্লায় সকল সৈত্য রণে ব্যস্ত হৈয়া ॥ দুরে থাকি যায় সবে পাইয়া তরাস। পাছু পাছু ধায় বীর করিয়া বিনাশ 🎚 একা ভীম নিবারিল সহস্র পদাভি। ভূরক সহস্র পঞ্চ সহস্রেক হাতী ॥ সন্মিত পাইয়া তবে রাজা হুর্য্যোধন। আখাসিয়া বলে ভাই নাহি যোদ্ধাপণ ॥ ব্দৰ্ভনুন সহিত যুদ্ধে ধায় সৈন্যগণ। কুঞ্চর সহিত আসে রাজ। তুর্গ্রোধন ॥ উভয়েতে মহাযুদ্ধ বাণ বরিষণ আকাশে প্রশংদ। করে যত দেবগণ ॥ কৌরবের যোদ্ধাপতি শাব্ব নূপবর। হস্তীতে চড়িয়া এল সংগ্রাম ভিতর 🛭 হস্তীর বিনাশে বাণ পাঞ্চাল এড়িল। বিষম প্রহারে হস্তী আপনি পড়িল 🏾 কোপে বীর লাফ দিয়া স্থুমিতে নামিল। দেখিয়া সাত্যকি তবে তার আগু হৈল 🎚 কাটিল খাল্বের ধনু করি খণ্ড থণ্ড। তাহা দেখি কুতবর্মা হইল প্রচণ্ড॥ ছুই জনে বাণরুষ্টি ঘোর অন্ধকার। মহা প্রলয়েতে যেন স্মন্তির সংহার ॥

সাত্যকি এড়িল বাণ কুতবৰ্মা বীরে। সেই বাুণ বাজে তার বক্ষের উপরে 🛭 বাণে বাণে আচ্ছাদিল কুতবৰ্মা বীর 🏾 রথ ফিরাইল তবে সাগণি স্থার ॥ পুনঃ শাল্প সাত্যকিতে বাবিল সমর। দোঁতে দোঁহা বিশ্বিয়া করিল জর জর। সাত্যকির বাণে শাল্প ত্যজিল জীবন। তাহা দেখি ক্লতবৰ্মা আইল তখন 🗈 শাল্প বীর পড়িল দেখিয়া মহাবীর। ক্লতবর্মা আসি রণে হইল হৃদ্ধির 🛚 পুনঃরপি কুতবর্মা সাত্যকিতে রণ। দোঁহাকার সংগ্রামের কি দিব তুলন। উভয়ে হইল রণ নাহি পাঠান্তর। রথে চড়ি এল দোঁছে মহাধনুর্দ্ধর ॥ ধ্বক্স ছত্র কাটা গেল দেখি বিপরীত। অখ কাট। গেল রথ গমন রহিত 🛭 স্থুমে নামে কুতবর্মা হইয়া বির্থী । দেখি কুপ নিজ রথে তোলে শীঘ্রগতি ম পুনরপি ছুর্য্যোধন যুঝে কোপমনে। শরাদনে করে রণ পাগুরের দনে 🏾 চতুর্দ্ধিকে ভঙ্গ দিল পাণ্ডব বাহিনী। ধর্মারাজ সহ রণে মিলিল শকুনি 🛚 মৃহুর্ত্তেকে সমর হইল ঘোরতর। দোহাকার বাণে দোঁহে হইল জব্দর । ধর্ম্মের সারথি রথ কাটিল তথনি। পেয়ে लाज धर्मताज नामिल धर्मी ह হেনকালে সহদেব ত্বরিতে আসিয়া। আপনার রথে ধর্মে লইল তুলিয়া **I** পুনঃ দিব্যরথ আনি যোগায় সার্থি। ধসু ধরি ধর্মরাজ উঠিলেন তথি। স্থাসজ হইয়া রাজা রহিয়া তথায়। শকুনি বধিতে আজ্ঞা দিলেন ত্বরায় 🎚 চতুর্দ্দিকে দেনাগণ রহ সাবধান। শকুনি মারিয়া কর যশের বাথান 🛚 পদাদি সহস্ৰ ত্ৰিশ চলিল প্ৰধান ! এ স্বার স্থদের কর্ত্তা আগুরান 🎚

क्रांनिया সমরে ধায় গান্ধার নন্দন। অমুবল পাছে থাকি দেয় ছর্য্যোধন ॥ ষ্ষ্ট্রিশত রথ অশ্ব আছেত বিভাগ। প্ৰাদি পঞ্চাশ কোটি সহস্ৰেক নাগ॥ দকল যোদ্ধার মাঝে শকুনি প্রধান। তুই দলে মিশামিশি বাধিল সংআম ■ প্রতিজ্ঞা আছয়ে পূর্বে শকুনি বিনাশে। मिरे (रुष्ट्र महामय अधिक आ त्वरण ॥ লহদেব শকুনি হইল মিশামিশি। বাণে অন্ধকার, নাহি জানি দিবানিশি 🛭 ্রথে রথে গভে গভে তুরঙ্গে তুরঙ্গ। বাধিল তুমূল যুদ্ধ দেখি যোদ্ধাভঙ্গ । কেশাকেশী মুখামুখী ভুক্তে যায় তাড়ি। চরণে চরণ ছ"দি ধায় গড়াগড়ি॥ হৈনমতে যোদ্ধাগণ করে মহারণ। মার মার শব্দ করি করয়ে গর্জন।। বাণে অশ্বকার হৈল সংগ্রামের স্থলী। র্থী রথী মহাযুদ্ধ দবে মহাবলী॥ বহিল শোণত নদী অভি ভংকর। ্বরী গোড়া ভা[্]দ চলে সংগ্রাম ভি**তর।** বিষম সমরে বহু পড়িল বাহিনী। দিও শত **অখ শেষ র'হল শকুনি ॥** াজ অনুমতি ম;ত পরম দাহদে। াাও্ব-বা হুনা ভঙ্গ দিল চারি পাশে ▮ হিদে শকুনি যুবে ধরিয়া ধনুক। াণাঘাতে পাণ্ডু:দন। না'হ বান্ধে বুক 🛭 उभा वक काब्र' कार्टि थश थशा। ণেল স'হত কার' কাটি পাড়ে মুগু ▮ ৰ করি পকুনি বাহিনী বিনাশিল। হা দাখ সহদেব সত্তর ধাইল॥ ^{হিনা} হুৰ্গতি দেখি কৃষ্ণ মহাশয়। িক্য়া বলেন কেন দেনাভঙ্গ হয় 🛭 খ ডে'ণ কর্ণ মাদি সমুদ্র তরিয়া। ^{দ্নির} যুদ্ধ কেন মজিলে আদিয়া॥ ইনিরে মার মাজি মনর্থের মূল। র দোষে কত্তকুল হইল নির্মান 🛭

শুনিরা অর্জ্জ্ন কোপে গাণ্ডীব ধরিরা।
ক্ষুদ্র মূগে ধায় যেন সিংহ খেদাড়িরা
মহাভারতের কথা অমৃত দমান।
কাশীরাম দাদ কহে শুনে পুণাবান।

সহদেবের হস্তে শকুনি বধ। গাণ্ডীৰ ধরিয়া পার্থ যুক্তেন তখন। ছিন্ন ভিন্ন করিলেন কুরুদেনাগণ 🛚 কেহ ডাকে মাতাপিতা কেহ চাহে খল। সাহদে শকুনি যুঝে বাহিনী দকল॥ ধুষ্টত্বান্ধ সহ যুঝে রাজা হুর্য্যোধন। মহাঘোর যুদ্ধ হয় ঘোর দরশন 🛚 বাণে কাটি পাড়ে তাহা রাজা হর্য্যোধন। করিলেন দৈল্যোপরি বাণ বরিষণ॥ সন্ধান পুরিয়া আইল ধৃষ্টগুল্ল বীর। অদ্ধচন্দ্র দিয়া কাটে সার্থির শির॥ পঞ্চ বাণে ধনু কাটে ধ্বজ ছত্র আরে। বাণে খণ্ড খণ্ড রথ করিল রাজার॥ সহিতে না পারি ভঙ্গ দিল চুর্য্যোধন। লাফ দিয়া দৈন্তমধ্যে পড়িল তথন ॥ অপমান পেয়ে রাজা ধায় ছুর্যোধন। শকুনির কাছে আসি দিল দরশন ॥ তবে রাজা কৃতবর্মা মহাবলবান। ভামদেন দহ যুবে হ'য়ে দাবধান 🖁 ক্ষণেক রহিয়া তবে ভীম মহাবীর। বাণেতে বিশ্বিল যোদ্ধাগণের শরীর 🎚 বা.ণ বাণে কাটে কুতবর্গা ক্রেধেমন। মহাকোপে এল বীর প্রন্ন দন 🛭 যুদ্ধ করে কৃতবর্মা কার্যা বিক্রম। মহাযুদ্ধ করে দোঁহে নাহি পরিশ্রম 🛭 তু হজনে মহাযুদ্ধ করে বার বার। তাহা দেখি যোকাগণ হৈল মগ্রদর 🛙 ভীমদেন করে রণ অনেক বিশেষ। নিৰ্মুল হইল সেনা অল্ল মবশেষ 🛚 একা ভীম দবৰ দৈন্য করিল বিনাশ। দেখিয়া কৌরবগণ পাইল তরাস 🛭

সঞ্জ বলেন রাজা শুন নিবেদন। অশ্ব আরোহণে আছে রাজা হুর্য্যোধন 🎚 যোদ্বাগণ কতগুলি আছুয়ে সংহতি। দেখিয়া কছেন পার্থ গোবিন্দের প্রতি। হের দেখ নিল জ্জ পামর তুর্য্যোধন। তবু ক্ষমা নাহি রণে বিনাশ কারণ 🛭 গোবিন্দ বলেন শুন পার্থ ধনুর্ব্ধর। আগু হ'রে খার পাপিন্ঠ কুরুবর ॥ অৰ্জন দেখহ সেনা প্ৰায় ভঙ্গিয়ান। ক্ষণেক করহ রণ হ'রে সাবধান॥ সঞ্জয় বলিল রাজা কি কব বিশেষ। সকল হইল নউ কিছু মাত্ৰ শেষ ॥ ব্দবশেষ আছে তব চুই শত রথ। ত্রিশ সহস্র পদাতি অশ্ব পঞ্চশত ॥ কৌরব-বাহিনী রাজা এই মাত্র শেষ। জানিয়া অৰ্জ্ব প্ৰতি কন হুষীকেশ 🏾 মহাধকুর্দ্ধর পার্থ রণে অনিবার। তোমা হ'তে শক্ত দব হইল সংহার । , ভাজি ভুজবলে যুধিষ্ঠির ভবিকারী। রহিল তোমার যশ ত্রিভূবন ভরি 🛭 আজি যুধিষ্ঠিরের উপরে রাজ্যভার। আজি হৈল ক্রুর ক্রুবংশের সংহার 🏾 অৰ্চ্ছন বলিল প্ৰভূ তব প্ৰসাদাৎ। সমরে বিজ্ঞয়ী **আমি জগতে** বিখ্যাত ॥ কহিতে কহিতে যুদ্ধস্থলে ধনপ্লয়। বাণে বাণে করিলেন অন্ধকারময়॥ মহাপরাক্রম পার্থ যেন ধমুর্বেরদ। পঞ্চবাণে করে স্থার্পার শিরভেচ্ন॥ ভাহার ভনয় কোপে রণে প্রবেশিল। পার্থের নারাচ বাবে সেও কাটা গেল 🏾 তবে কোপে বীরবর ছাড়ে সিংহনাদ। যুবহ সমরে বীর নাহিক বিধাদ 🛭 ৰক্ষসেন বীর পেল সমরের মূখে। ভাহারে বধিল ভীষ পরম কৌতুকে 🛭 ভাহার অসুক্র ছিল সমরে তুর্জন্ম। ভাষারে মারিল বীর প্রন তন্ম।

শকুনি সহিত যুঝে সহদেব বীর। দোঁহাকার বাণে দোঁহে জর্চ্ছর শরীর n **अक्रिक्टि अल महरू** वीत्र । বাণেতে জর্জন কৈল শকুনি শরীর 🖁 সন্মিত পাইয়া উঠে হইয়া চেতনা। সিংহনাদ করে বীর পড়য়ে ঝন্ঝনা॥ ভয়ে ভীত ভঙ্গিয়ান দেখি কুরুবল। তুর্য্যোধন আত্মাসিয়া রাথে সে সকল 🛭 দেব অবতার বীর সহদেব রোষে। ব্দবিশ্রান্ত ক্ষান্ত নহে বিশিপ বরিষে 🛭 শকুনির ধন্ম কাটি ফেলে অবহেলে। অন্য ধনু ল'য়ে যুদ্ধ কঁরে দেই বলে। শকুনির নন্দন উলুক নাম ধরে। পিতার দাহায্য হেতু আইল দমরে 🛭 ভীমের সহিত রণ করে অনিবার। ক্ষুরবাণে ভীম তারে করিল সংহার । পুত্রশোকে যুঝে বীর মরণ ভাবিয়া। নির্ভয়েতে ধমুগুণ সন্ধান পুরিয়া 🛭 বাণে আচ্ছাদন কৈল মান্ত্রীর নন্দনে। পলিত রুধির অঙ্গ ভয় নাহি মনে 🏾 মাদ্রীপুত্র মহাবীর মহাকোপভরে। বাণে শকুনির তন্তু থান থান করে 🏾 কোপে শক্তি লয় তুলি গান্ধার কুমার নিক্ষেপ করিল ভারে করিতে সংহার। দৃষ্টিমাত্রে শক্তি কাটে সহদেব বীর। শক্তি ব্যর্থ গেল দেখি শকুনি অন্থির I ভিন্দিপাল শক্তি ভল্ল পরশু তোমর ৷ শেল শূল জাঠি জাঠা যতেক অপার ! সন্ধান পুরিয়া বাণ শকুনি মারিল। মাদ্রীহ্রত সহদেব সকল কাটিল। কাটিল সার্থি রথ করি লগু ভণ্ড i তীক্ষবাণে কাটি পাড়ে ভুরঙ্গের মুও 🛭 वित्रवी रुटेश वीत त्राह मार्थारेश। পরাক্রম গেল সব আতঙ্ক পাইরা। রথ হৈতে লক্ষ দিয়া পড়ে ভূমিতলে। विमूच मःआद्य बोज भिक्व विका हरन

हक्ष्म চরণগতি নাহি বৃদ্ধিবল। কর্তালি দিয়া পাছু খেদাড়ে সকল।। ধিক ধিক কতা হ'য়ে পলাইস্ কেনে। ইহার অধিক ভাল সংগ্রামে মরণে ॥ অবলার প্রায় যাস ছাড়ি বীরপণা। মরণ এড়িল হেন না কর ভাবনা 🛭 অপমান বাক্য শুনি পুনঃ নেউটিল। মরণ ভাবিয়া রণে আসিয়া পশিল 🛭 রণভূমে পড়েছিল যত শস্ত্র তাই। প্রাণপণে করে যুদ্ধ লইয়া সবাই 🛭 যত অন্ত্র ফেলি মারে কাটে মহাবীর। অবসন্ন হ'বে পড়ে গান্ধার স্থীর ॥ আগু হ'বে মাদ্রীপুত্র চুলে ধরি আনে। শকুনি হুংখের মূল সর্বালোকে জানে 🏾 পশুর সদৃশ করি শকুনিরে আনে। কম্পান কলেবর হৈল হতজ্ঞানে। সহদেব বলে তুমি ছুফের প্রধান। এই হেতু তোমা প্রতি নাহি ক্ষমাবান 🛚 পাশায় যতেক তুঃধ দিলা তুঊমতি। উপহাস করিলেক রাজার সংহতি 🛭 ভূঞাব তাহার হুথ আজিকার রূপে। যে হাতে ধরিলে পাশা কপট বিধানে 🛭 দেই হাত অগ্রে কাটি অন্য তার পরে। মাজি রণ শিখাইব নরাধম তোরে 🛭 ^শকুনি ব**লিল মোরে** মার দিব্যবাপ। ^{ব্ধ} কর কিন্তু না করিও অপমান 🎚 বিধির নির্বান্ধ কড়ু খণ্ডন না যায়। কাটি পাড় মুপ্ত যদি ক্ষমা নাহি হয় 🏻 ⁴⁵ छनि पर्श कदि महरत्व वीत्र। পূর্ব হংব মনে করি হইণ অন্থির। শ্ব্লি পৰ্যান্ত কাটি পাড়ে বাহুমূল। প্রিল প্রতিজ্ঞা আজি শুন রে মাতৃল 🏾 কাতর শকুনি বীর করে ছটফটি। কোধে সহদেৰ ৰীয় তার মুগু কাটি 🛭 কৰ্ম অনুদ্ৰপ কল বলে সৰ্বলোকে। িৰ্বিৰ বিধাৰ কল পাইল প্ৰত্যেকে 🛭

সময় পাইলে কর্ম অবশ্য সে ফলে।
ধর্মাধর্ম ফল সব ভুঞ্জ এতকালে ॥
শকুনি পড়িল রণে হৈল সিংহনাদ।
কুরুসৈত্য ভঙ্গ দিল গণিয়া প্রমাদ ॥
পলাইতে নারে সবে যে পড়ে সম্মুখে।
প্রাণের সহিত মারে যারে আগে দেখে॥
সেনাগণ ভঙ্গ দিল যেবা ছিল শেষ।
একা দুর্য্যোধন মাত্র আছে অবশেষ ॥
একাদশ অকৌহিণী সেনাগণ নাশি।
শোক অভিমানে দুর্য্যোধন ভয় বাসি॥
হইল পৃথিবীশৃত্য জানি মহামতি।
অশ্ব ছাড়ি ভূমিতলে করিলেন গতি ॥
মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

अट्याध्यात रेवशावन इक्ष् अटब्स् । সঞ্জয় বলেন রাজা কর ব্যবগতি। আপন নমর শেষ দেখি মহামতি 🛭 কুকুকুলে সিংহ যেন ছিল মহারাজ। দাবানল দাহে যেন ওক বনমাবা 🏾 অগাধ শুষিল যেন মহোদধি জল। পাণ্ডবে শুবিল তেন কৌরবের বল 🛊 অমাত্য বান্ধব যত সব হৈল হত। সমর সমাজে অনুকুল ছিল যত 🛭 লোকলাঞ্জে অভিমানে না দেখি উপায়। শৃত্য হৈল বহুমতী জানিদা নিশ্চয় 🛭 জয় পরাজয় কর্মা বিশ্রিব ঘটন। আপনার শাক্য নহে কর্ম নিবন্ধন 🛭 এত ভাবি ছুর্য্যোধন চলিল সম্বর। হুন্তে গদা ধায় যেন নত করিবর 🛭 मर्द्य भूना व्यवस्था (मिताः विभवः। ৰিতীয় বান্ধৰ নাহি সঙ্গে একজন 🛊 চিন্তাযুক্ত ছর্য্যোধন করিল গমন। क्ट ना (निधन कांचा (गन **प्रदीयन** ! দৈবাৎ সঞ্জয় রণে আসিরা মিলিল। দেখি ধৃউত্মন্ধ সাত্যকিরে আদেশিল 🛭

দেখহ কৌরবপক্ষে আইল সঞ্জয়। রাখিয়া কি কার্য্য এরে শীস্ত্র কর ক্ষয় 🛭 তাহা শুনি সাত্যকি লইল খড়গ করে। বিনাশিতে সঞ্চয়ে ধাইল ক্রোধভরে 🛭 অকস্মাৎ আসি সত্যবতীর নন্দন। দাত্যকির প্রতি করিলেন নিবারণ ॥ তথা হ'তে অ'দিতেছে ফিরিয়া নগরে। দেখিলেন পথে অতি দীন কুরুবরে 🛭 গদ। হাতে ছুৰ্য্যোধন অতি দানবেশ। নেত্র-নীর ঝরে মুখে নাহি বাক্যলেশ । দেখিয়া সঞ্জয়ে জিজাসিল কুরুরায়। কে আছে জীবিত কহ আমার সহায় 🛭 সঞ্জয় কহিল আছে এইমাত্র দার। কুপাচার্য্য কুতবর্ম। দ্রোণের কুমার 🛚 এতেক শুনিয়া রাজা ছাড়িল নিশাস। ষচেতন হৈন পুনঃ মুখে নাহি ভাষ 🛭 গদপদ ভাষে রাজা কহে সকরুণে। এমন করিবে বিধি নাহি ছিল মনে 🛭 জন্মিলে মরণ আ ছ ন। হয় অন্যথা। অপমান যত কিছু দেই কাটা মাথা 🛭 দপ্তয় সকলি জান কি কাহব আর। বিধি বিভূম্বিল মোরে মজিল সংসার। দর্বনাশ করিলেন দারুণ বিধাতা। জনকের স্থানে সব কহিবা বারতা 🛭 কিছু না রহিল সেনা আমার সমাজ। ত্বরিত গমনে যাহ যথা অন্ধরাজ ॥ আমার দৈবের কথা কহিব। বিশেষ। নিক্ল হইল যত হইল আবেশ। ব্ৰদ্ধকালে শোকে অন্ধ হইলেন তাত। এখন আমার ভাগ্যে যে থাকে পশ্চাৎ 🛚 কালপ্রাপ্ত হৈলে লেকে না শুনে বচন। কালেতে সংহার করে দৈবের কারণ 🛭 হুখ তুঃখ কর্মভোগ বিধাতার বশ। অনিত্য সংগার এই ধর্ম কীর্ত্তি যশ 🛊 আমার বাসনা তাত ছড়েহ এখন। পাত্র মিত্র জ্ঞাতি আর ইফীবস্কুগণ 🏽

সুকল মরিল আমি জাঁবিত কেবল। বংশনাশ হৈল মম জীবন বিফল । বিফল জীবনে আর নাহিক বাদনা। দৈবের নির্বান্ধ এই না করি ভাবনা। যাহ তুমি দঞ্জয় কহিও দমাচার। ইহ পরলোকে দেখা নাহি হবে আর 🛭 এত বলি হ্রদক্তলে করিল গমন। প্রবেশ করিল হঃখে রাজা হুর্যোধন 🛊 তথা হৈতে আসিছে সঞ্জয় বিষাদত। হইল সাক্ষাৎ এই ভিনের সহিত ॥ কুপাচার্য কুত্রবর্ম, অবত্থাম। সার। জিজ্ঞাসিল সঞ্জায় কি কহ স্থাচার ॥ মহারাজ তুর্য্যাধন আছেন কোথায়। কি করিব মন দহে ন। দেখি উপায়। শুক্ষ বন দহে যেন জ্বান্ত মাগুনে। কহত সঞ্জয় কোখা পাব তু.ৰ্যাধনে 🛊 শুনিয়া সঞ্জয় কংহ বচন বিলেষ। ছুর্য্যোধন রাজা হ্রাদ করিন প্রবেশ। এত শুনি ভিন বার করিল প্রয়াণ। উপনাত হৈল আ'দ হ্রন দলিধনে। উদ্দেশে চলিল তার। শুনিয়া বার্গা। ধর্মরাজ না জানেন হু.র্য্য ধন কোথা 🏾 নানামতে ভাই দব করে অনুমান। কোথা গেল তুৰ্যোধন না জ্ঞান সন্ধাৰ 🖡 দুত পাঠাইয়া দিল কৌরবের পুর। আদি জিজ্ঞাদিল যথা আছুয়ে বিছুর 🛭 ক্ষতা বলে নাহি জানি রণ হৈল শেষ। কোখা গেল কুরুরাজ না জানি বিশেষ 🛭 দুত বলে রণ শেষ হই:বক ঘবে। গদা হাতে পূৰ্বব্যুখে রাজা গেল তবে । ইহার অংধক আমি না জানি বারতা। বিশ্মিত বিহুর শুনি এই দব কথা 🛚 সমর জিনিয়া যবে চলিল শিবির। তুর্য্যোধন হেতু চিন্তান্ত্রিত যু'ধ্রির । আপন শিবিরে যান ধর্ম বহামতি। ধুতরাষ্ট্র প্রতি করে সঞ্চয় স্থ্যতি 🛚

নিয়া সঞ্জয়-বাক্য অন্ধ নরপতি। াকেতে ব্যাকুল হ'য়ে ছন্ন হৈল মতি॥ _{হা} পুত্র কোথা গে**ল রাজা হু**র্য্যোধন। ন্ন প্রাণ আছে মম না জানি কারণ॥ না জনাে যত পাপ করিয়াছি আমি। কারণে হইলাম শোক-দিক্সগামী॥ য্যোধন বলি ডাকে কোথা তুঃশাসন। ত্ত কৰ্ণ বলি ভাকে কত্ত্ব ভাকে দ্ৰোণ॥ ত্র পৌল্র বন্ধু আর অমাত্য দকল। ডিল সকল বীর রণে মহাবল ॥ তেক ডাকিব আর কত পড়ে মনে। দিনদ্রের ঢেউ যেন বহে সমীরণে॥ একাদশ অক্ষোহিণী পতি তুর্য্যোধন। চাহার এ গতি হৈল দৈবের কারণ।। াতরাষ্ট্র শোকাকুল পড়িয়া ধরণী। এমত করিকে বিধি মনে নাহি গণি॥ ক্লে শ্বন্ধ পিতা মাতা না করিল মনে। নিষ্ঠ_ুর হইয়া গেল রাজা ছুর্য্যোধনে॥ পুত্রহীন ব্লকালে জীবনে মরণ। দহায় **সম্পত্তি নাহি কি করি এখন॥** ^{অনাথ} করিয়া গেল যত **অবলারে।** ^{জমাত্য} বান্ধব পুত্র গেল স্থরপুরে॥ পক্ষীন পক্ষী যেন রহিল পড়িয়া। জলহীন মীন যেন মরুয়ে ঘুরিয়া। भ्गारीन (नरु (यन कलरीन दुक्त। বিষহীন সৰ্প যেন ধনহান লোক॥ ^{হস্ত হৈতে} র**ত্ন** যেন গেল ছড়াইয়া। প্রাণহীন দেহ যেন রহিল পড়িয়া॥ রাজভোগ তৃণ বেন ছাড়ি গেলা তুমি। কি গতি হইবে সদ। এই চিন্তি আমি 🏽 কেন না লইলে মোরে সঙ্গেতে করিয়া। ^{রন্ধ} পিতা মাতা কেন গেলে বিদর্জ্জিয়া ॥ ^{বধ্গণ} অনাথিনী হারাইয়া কুল। কেমনে ধরিবে প্রাণ হইয়া আকুল 🛭 एताएत्रक्त्री (यह भन्नात नम्मन। শিখণ্ডীর হাজে হৈল তাহার নিধন 🛚

ভগদত্ত বীর আদি যত যোদ্ধাগণ।
কর্ণ মহাবীর যেই সংগ্রামে নিপুণ়॥
তাহারে মারিল পার্থ সংগ্রামে তুর্জ্জয়।
শত পুত্র মারে মোর পবন-তনয়॥
যার যত পরাক্রম করিল সকল।
ভাগ্যহীন হেতু তাহা হইল বিফল॥
কতেক কহিব হঃখ কহনে না যায়।
ভাবিতে চিন্তিতে মম হৃদয় শুকায়॥
ভীমের বচন আর সহিতে না পারি।
শোকেতে জর্জ্জর হৈল গান্ধারী-কুমারী॥
শুনহ সঞ্জয় মম এই দৃঢ় আশ।
অনলে পড়িব নহে যাব বনবাদ॥
সঞ্জয় বলেন রাজা শুনহ বচন।
জয় পরাজয় দেখ বিধির ঘটন॥

ধৃতরাষ্ট্র সঞ্চয় সংবাদ।

সঞ্জয় বলেন শুন অন্ধ নরপতি। কালবশে হুৰ্য্যোধন পাইল হুৰ্গতি॥ ভীম্ম দ্রোণ কর্ণ আদি সমরে চুর্জ্জয়। একে একে বিনাশিল বার ধনপ্রয়॥ তাহার সহায় ক্বফ্ষ কমললোচন। যাহার সর্ববদা বশ এ তিন ভুবন ॥ কতেক মন্ত্রণা কৈল পাণ্ডব কারণ। জতুগৃহ করিলেক বধিতে জাবন ॥ তথা হৈতে নিশ্ব দেশে খাদি পুনর্বার। রাজসূয় যজ্ঞ কৈল পাথবার সার ॥ সম্পদ দেখিয়া তার ছঃখ হৈল মনে। পাশা খেলাইল পুনঃ হিংসার কারণে 🛭 পাশায় হারিয়া শুন্ত গেল বনবাদ। ধন ছিল রাজ্য ছিল সকাল নিয়াণ 🛊 কাম্যবনে বদাত করিল কত দিন। ত্বঃথের নাহিক সাম: হ'য়ে ধনহীন । কতদিনে হুর্য্যোধন গেল দেহ বনে। ঘোষযাত্র। কার গেল প্রভাদের স্নানে ॥ গন্ধবের দনে তথা হহল সমর। পদ্ধর্কে বান্ধিয়া নিল স্বর্গের উপর 🛭

যুধিষ্ঠির নিকটে আইল যত রাণী। সবিনয় বচনে তৃষিল ধর্মমণি ॥ সম্ভূষ্ট হইয়া ধর্ম কহিল পার্থেরে। গন্ধৰ্বে জিনিয়া আন ছুৰ্য্যোধন বীরে॥ আজ্ঞা মাত্র ধনপ্রয় আনে সেইকণে। গন্ধৰ্ব সহিত আনে রাজা ছুর্য্যোধনে॥ বুধিষ্ঠির রাজা দেখি বলিল বিস্তর। হেন কর্ম্ম কদাচিৎ না করিছ আর॥ দোঁছারে বিদায় করি দিল যুধিষ্ঠির। অভিমানে গেল সবে আপন মন্দির॥ তবে কত দিনাস্তরে রাজা হুর্য্যোধন। জয়দ্রথে পাঠাইল দ্রোপদী কারণ॥ শূন্যপথে জয়দ্রথ সদা ফিরি বনে। রথ আরোহণ করি দদা চিন্তি মনে॥ দৈবের নির্ববন্ধ কভু না যায় খণ্ডন। শূন্যঘর দেখি তুফ হরিল তখন ॥ দ্রোপদী হরিয়া ল'য়ে যায় ছুফীমতি। রথেতে ক্রন্দন করে ক্রম্বা গুণবতী॥ হেনকালে আইলেম তথা ভীমদেন। তথা হৈতে দ্রোপদীর স্বর শুনিশেন 🛚 দ্রোপদী লইয়া যায় জয়দ্রথ বীর। দেখি তবে তুই ভাই হইল অন্থির ॥

কপিধ্বজ রথে চড়ি ধরিল তাহারে। **অনেক ভৎস**িনা কৈল বিবিধ প্রকারে ॥ যথা ধর্মা তথা জয় বেদের বচন। যথা ধর্মা তথা কৃষ্ণ আছে নিরূপণ। এইরূপে কহিল দঞ্জয় মহামতি। শুনিয়া নিস্তব্ধ হন অন্ধ নরপতি॥ এইরূপে শোকাকুল অন্তঃপুরে যত। বিহুর প্রভৃতি কান্দে করি মৌনুব্রত_॥ তথা যুধিষ্ঠির রাজা করেন ভাবনা। তুর্য্যোধন কোথা গেল কহ সর্বজন।।। হেথা তুর্য্যোধন রাজা দ্বৈপায়ন হ্রদে। সকল নাশিয়া হেথা রহিল বিষাদে॥ একাদশ অক্ষোহিণী দৈন্য মম ছিল। একে একে ভীম সব সংহার করিল। যুনি বলে অবধান কর নরপতি। পরিণামে লাভ বিনা হয় হেন গীতি॥ যথা ধর্ম্ম তথা জয় জানিহ রাজন। যথা কৃষ্ণ তথা ধর্ম বেদের বচন ॥ মহাভারতের কথা অমূত লহরী। কাহার শক্তি ইহা বর্ণিবারে পারি॥ কাশীরাম বিরচিল পাঁচালীর মত। এত দূরে শল্যপর্ব্ব হইল সমাপ্ত॥

भनाअर्थ मगाथ।

সচিত্ৰ সম্পূৰ্ণ কাশীদাসী



নারায়ণং নমস্কৃত্য নরক্ষৈব নরোভ্রমস্। দেবীং সরস্বতীং ব্যাসং ততো জয়মুদীরয়েং॥

দ্রদৈক্তে যুধিষ্ঠিরের ছব নিকটে গমন।

মুনি বলে শুন পরীক্ষিতের নন্দন। হৈপায়ন হ্রদে **লুকাইল ভূর্য্যোধন ॥** পাণ্ডবের সৈন্যগণ খুঁজিয়া বেড়ায়। হুর্য্যোধন রাজারে দেখিতে নাহি পায়॥ আপন শিবিরে যান ধর্ম্ম নরবর। হুর্য্যোধনে খুঁ**জিতে পাঠান নিজ চর**॥ এত শুনি জিজ্ঞাদিল শ্রীজনমেজয়। কহিলা অপূৰ্ব্ব কথা মুনি মহাশয়॥ কুরুকুলপতি মহারাজ ছুর্য্যোধন। ব্রদ মধ্যে কি প্রকারে রহিল তথন॥ কি উপায় করিলেন পিতামহগ্রণ। উনিবারে বাঞ্ছা বড় কহ তপোধন॥ মুনি বলে অবধান কর নরপতি। ^{যেইমতে হত হুর্য্যোধন হুস্টমতি}॥ ^{গদাপৰ্ব্য} কথা কহি শুন নৃপৰর। ^{(য্ই}মতে পুনরপি হইল সমর 🛭 ^{শক্ৰজন্ম} লোক অপমানে কোপ মন। ^{দ্বিপায়ন} হ্রদে প্রবেশিল ছুর্য্যোধন॥ ^{গদার} প্রহারে বীর সলিল বিদারি। ^{তাহাতে} প**শিল রাজা হাতে** গদা করি॥ ভাতৃ বন্ধু সহিত নৃপতি যুধিষ্ঠির। ছুর্য্যোধন অন্বেষিতে যান বহু বার॥ বন উপৰন খুঁজিলেন নানা দেশ। না পাইয়া ছুর্য্যোধনে ভাবেন বিশেষ॥ মারিয়া বিপক্ষ করিলাম কোন কার্য্য। পুনর্বার তুর্য্যোধন লইবেক রাজ্য॥ পুনর্কার আসিয়া করিবে মহারণ। পলাইয়া আছে কোথা রাজ্ঞ ছুর্য্যোধন ॥ এত কহি বদিয়া আছেন ধর্মরায়॥ হেথা তিন বার ছুর্য্যোধন কাছে যায়॥ অশ্বত্থামা কুতবর্মা কুপ স্থণভিত। হ্রদের নিকটে গিয়া হৈল উপনাত॥ জলন্তন্তে তুর্য্যোধন আছেন নির্জ্জনে। হদের উপত্নে ^শকি ডাকে তিনজনে ॥ উঠ উঠ রাজা যুদ্ধে 🛶 🕾 বিমুখ। যুধিষ্ঠিরে জিনিয়া ভুঞ্জহ রাজ্যহুথ। পলাইয়া কেন তুমি পাও অধোগতি। রণেতে কাতর নহে ক্ষত্রিয় এ মতি ॥ পাণ্ডবের দৈন্য দব করিব সংহার। রাখিতে নারিবে কৃষ্ণ সহায় ভাহার॥ তা সবার বাক্য শুনি বলে ছুর্য্যোধন। বড় ভাগ্যে সংগ্রামে ভরিলা তিনজন 🛭

যে বলিলে সে সম্ভবে তোমা সবাকায়। যুদ্ধে জয়ী হব তোমা সবার রূপায়॥ পড়িল আমার দৈশ্য নাহি একজন। পাণ্ডবের সৈন্য সব করে মহারণ॥ একেশ্বর সমর না হয় সমূচিত। বলবন্ত সহিত সংগ্রাম নহে হিত॥ তবে অশ্বত্থামা বহু দর্পের আগার। প্রতিজ্ঞা করিল করি মহা অহঙ্কার॥ এই আমি মারিব সকল পরদল। উঠ হুৰ্য্যোধন না হইও হীনবল ॥ পাঞ্চালক সোমবংশ করিব সংহার। আমার প্রতিজ্ঞা এই শুন সারোদ্ধার 🛭 পঞ্চালে ন। মারি যদি কবচ এড়িব। ধিক্ অকারণ ব্যর্থ শরীর ধরিব॥ এ নহে ক্ষত্রিয়ধর্ম শুন মহারাজ। প্রাণপণ চেফীয় সাধিব নিজকাজ। 😎ন মহারাজ তুমি নাহি কর ভয়। চারি বীরে মারিব বিপক্ষ তুরাশয়॥ এই তিন থাকিতে তোমার কেন ডর। পুনরপি চারি বীর করিব সমর॥ হয় ধনঞ্জয়ে জিনি পুনঃ রাজ্য পাব। নহে বা সমরে পড়ি সতা স্বর্গে যাব॥ হেন জানি ছুর্য্যোধন রণে দেহ মন। চারি মহাবীরেতে করিব মহারণ 🛭 হেন কথা শুনি বলে রাজা তুর্য্যোধন। শুন মহার্থী সব আমার বচন ॥ প্রাণেতে পীড়িত আমি শুন চারি বীর। অস্ত্রাঘাতে ভগ্ন মম সকল শরীর॥ রণ জিনিবারে যদি করিয়াছ মন। আজি নিশি বঞ্চিয়া করিব কালি রণ 🛚 এই কথা আলাপে আছেন চারিজন। পক্ষী মারিবারে ব্যাধ গেল সেই বন 🛚 ভীমের ভোষণ লাগি মুগয়া করিয়া। সেই হ্রদে জলপানে গেল মুগ লৈয়া॥ সেই ব্যাধ শুনিল সকল সমাচার। ব্যাধ বলে বড় কর্ম্ম হইল আমার।

যাহারে খেঁাজেন সদা রাজা যুধিষ্ঠির। হ্রদে পলাইয়া আছে সেই কুরুবীর॥ যুধিষ্ঠিরে কহিলে এ সব বিবরণ। আনন্দিত হইবেন পাণ্ডুর নন্দন॥ এত ভাবি ব্যাধগণ হর্ষিত মনে। ক্রতগতি নিবেদিল ভীমের চরণে ॥ ভীমদেন শুনি হ'ল হর্ষিত মন ৷ ধর্ম্মরাজ যুধিষ্ঠিরে কহিল তথন॥ জলমধ্যে আশ্রয় করিল হুর্য্যোধন। কুলের কলঙ্ক পাপ বড়ই হুর্জ্জন॥ ভীমের বচন শুনি রাজা যুধিষ্ঠির। ভ্রাতৃবন্ধু সহ রাজা আনন্দে অস্থির॥ যথা আছে জলমধ্যে রাজা তুর্য্যোধন। তথাকারে সর্ব্ব বীর করিল গমন। কুষ্ণে আগু করি দবে তথা গেল চলি। পাণ্ডুর নন্দন সব বলে মহাবলী॥ সৈন্য সহ চলিলেন রাজা যুধিষ্ঠির। যথা জলমধ্যে আছে তুর্য্যোধন বীর॥ কটকের নিনাদ হইল বিপরীত। শব্দ শুনি চারি বীর হৈল বড় ভীত 🛭 কুপ্ল কুতবৰ্মা বলে হইল অকাজ। সৈন্য সহ আইলেন যুধিষ্ঠির রাজ॥ কি করিব মহারাজ বলহ উপায়। কোন আজ্ঞা হয় হুর্য্যোধন কুরুরায়॥ ছুর্য্যোধন বলে হও তোমরা অন্তর। আমি মায়। করি থাকি জলের ভিতর॥ রাত্রি অনুসারে দবে হ'বে এক স্থানে। যুধিষ্ঠিরে মারি পুনঃ সাধিব সম্মানে ॥ রাজার বচনে চলি গেল তিনবীর 🛚 নরপতি ডুবাইল সলিলে শরীর॥ তিন জ্ঞন বনমধ্যে করিল নিবাস। রাজারে স্মরিয়া ঘন ছাড়িল নিশাস॥ নানা শোকে সম্ভাপ করয়ে তিন বীর। হেনকালে তথা আইলেন যুবিষ্ঠির॥ হ্রদতীরে যুধিষ্ঠির কৃষ্ণে জিজ্ঞাদেন। জল মধ্যে ছুৰ্য্যোধন কিমতে আছেন 🛚

ধর্মরাজ-বাক্য শুনি বলেন শ্রীহরি।
মায়াবন্ত ছর্য্যোধন আছে মায়া করি॥
মন্ত্রের প্রভাবে আছে সেই হুরাচার।
উপায়েতে রাজা দেখা পাইবে তাহার॥
মায়া করি ইন্দ্র সব দানবে দলিল।
বামন হইয়া হরি বলিরে ছলিল॥
উপায়েতে কার্য্য সিদ্ধ করে বিজ্ঞজনে।
চিন্তহ উপায় রাজা আমার বচনে॥
তোমা হৈতে অভিমানী বড় ছর্য্যোধন।
মহিতে না পারে কন্তু নিন্দার বচন॥
মহাভারতের কথা সমান পীয়্ষ।
যাহায় প্রবণে নর হয় নিক্ষলুয়॥

বলদেবের তীর্থযাতা বিষরণ।

জন্মেজয় বলিলেন কহ মুনিবর। তীর্থযাত্রা করি**লেন কেন হলধর**॥ ক্রে বৈশম্পায়ন শুনহ রাজন। তীৰ্থযাত্ৰা কথা কহি ইথে দেহ মন॥ নৈমিষকাননে শৌনকাদি মুনিগণ। বিদয়া করেন মহাভারত প্রবণ॥ শ্রীসূত গোস্বামী গ্রন্থ করেন পঠন। মুনি ষাটি সহজ্বেক করেন প্রবণ ॥ ব্যাদাদনে বদিয়া কথক দূত মুনি। ক্ষেন ভারত-কথা বিজ্ঞ চূড়ামণি॥ এই কালে সেখানে গেলেন বলরাম। মুনিগণ সাদরেতে করেন প্রণাম॥ মূনিগণ দিল ভারে দিব্য কুশাসন। পরস্পর হইল কুশল জিজ্ঞাসন॥ সূত মুনি বদিয়াছে আদন উপর। রামে অভ্যর্থনা না করিল মুনিবর ॥ মনে করে সর্বব মুনি নিভ্য মোরে সেবে। স্বায় প্রণাম করে আসি বলদেবে॥ বিশেষ আছি যে ব্যাস আসন উপর। ম্ম সমাদর যোগ্য নতে হলধর॥ **भ**रे विद्युष्टन। कति त्रशिल व्यामदन। সমাদর না করিল রেবতীরমণে।।

বলরাম জানিয়া সূতের অহঙ্কার। মনে মনে করিলেন এমত বিচার॥ কোন্ ছার সূত না করিল সম্বর্জনা। মারিব উহারে দেখি রাখে কোনজনা ॥ ওরে সৃত নরাধম অতি নীচ জাতি। এবে জানিলাম আমি তোমার প্রকৃতি॥ সমাদর আমারে না কর অহঙ্কারে। মনে কর বসিয়াছ আসন উপরে॥ এখনি মারিব তোরে সবার সাক্ষাতে। নিজ কৰ্ম্ম দোষেতে ঠেকিলি মম হাতে 🛚 সূত বলে শুন প্রভু বচন আমার। অপরাধ করিত্ব কি অগ্রেতে তোমার॥ ব্যাদের আসনে আমি আছি যে বসিয়া। কিমতে উঠিব আমি তোমারে দেখিয়া॥ ব্যাসাসনে থাকিয়া উঠিলে হয় দোষ। এই হেতু মোরে নাথ না কর আক্রোপ। সূত যদি এতেক কহিলা হলধরে। কম্পুমান হইয়া উঠেন ক্রোধভরে॥ কাদম্বরী পানেতে পূর্ণিত তুলোচন। প্রভাতের ভান্ম যেন লোহিত বরণ॥ যুগল অধর কোপে কাঁপে থর থর। কদম্ব-কুন্তম যেন হৈল কলেবর 🛭 বসিয়া ছিলেন রাম দেন এক লম্ফ। দেখিয়া রামের কার্যা স্বাকার কম্প । প্রলয়ের মেঘ জিনি দারুণ গর্জন। ক্ষিতি টলমল করে কাপে নাগগণ ॥ দিগ্গজ কাতর হৈল সমুদ্র উপলে। সকল পর্বত নড়ে রাম কোপানলৈ॥ হলে আক্ষিয়া সূতে আনিয়া নিকটে। খড়ুগ দিয়া কাটেন মস্তক এক চোটে ॥ দেখি হাহাকার করে যক্ত দেবগণ। কি হ'ল বলিয়া সবে করয়ে রোদন॥ হায় হায় করিলেন তপর্ফা সমাজ। সবে বলে রাম না করিলে ভাল কাজ। ব্রহ্মবধ তোমারে হইল মহাশয়। করিলে দারুণ কর্মা পাপে নাহি ভর ॥

পরম পণ্ডিত সূত ধর্ম্মেতে তৎপর। সকল পুরাণ পাঠে ব্যাদের দোদর॥ ব্রাহ্মণ্য দিলেন ব্যাস দেখি জ্ঞানবান। হেনজনে বধ কর অদ্ভুত বিধান॥ তোমারে না শোভে হেন কর্ম্ম তুরাচার। ব্র**ক্ষাব**ধ কর রাম কি বলিব আর ॥ সুতের কারণে মুনিগণ মনে ছুঃখ। লজ্জাতে মলিন রাম হন অধ্যেয়খ **॥** অন্তর্য্যামী ব্যাস পরাশরের নন্দন। অক্সাৎ আইলেন নৈমিষ কানন॥ তাঁরে দেখি শোনকাদি মুনির সমাজ। পান্ত অর্ঘ্য আসনে পৃজিল মুনিরাজ ॥ রাম আদি প্রণমেন মুনির চরণে। আশীর্কাদ করিলেন মুনি শান্তমনে। দেখিয়া রামের কার্য্য ব্যাস তপোধন। লাগিলেন কহিবারে করুণ বচন॥ সূত বধ করি রাম কি কার্য্য করিলা। সূতের নিধনে রাম ব্রহ্মবধী হৈলা। অফ্টাদশ পুরাণ করিয়া আমি সার। দিলাম দে সকলের পাঠে অধিকার ॥ চৌদ্দ শাস্ত্র চারি বেদ আর যত শাখা। ব্রাহ্মণ দূতেরে আমি করিলাম দীক্ষা 🖟 আগম প্রভৃতি আর আছে তন্ত্র যত। আমার বরেতে সূত ছিল অবগত 🛭 অকারণে বধ রাম করিলা ভাছারে: ব্ৰহ্মহত্যা মহাপাপ হইল তোমারে॥ রাম কন না জানিয়া হৈল তুন্তাচার : এ পাপ হইতে মোরে করহ উদ্ধার॥ ব্যাস কহিলেন যত তীর্থ পৃথিবীতে। অসুক্রমে পার ধদি ভ্রমণ করিতে॥ যতি হ'য়ে ব্রহ্মচর্য্য আরম্ভ করিয়া। চান্দ্রায়ণ করি তীর্থ আইস ভ্রমিয়া # কর যজ্ঞ হোম আর ব্রাহ্মণ-ভোজন। নানা দান দিবে ছিজে অতিথি-সেবন॥ ইত্যাদি কহিয়া ব্যাস গেলেন স্বস্থান। তীর্থাত্রা হেছু রাম করেন বিধান 🛭

সূতের তনয় ছিল নাম তার সৌতি। ভাকিয়া আনেন তারে রেবতীর পতি॥ ়কহিলেন কর পিতৃশ্রাদ্ধাদি তর্পণ। আদ্ধ করি করাইল ব্রাহ্মণ-ভোজন॥ পুনঃ তারে বলদেব করিয়া আহ্বান। পুরাণ পাঠের হেতু করেন বরণ। ব্যাসাসনে সৌতিরে বসান হলধর। দেখি মুনিগণ হন সহর্ষ অস্তর ॥ মুনিগণে বিদায় হইয়া হলপাণি। চলিলেন তীর্থযাত্রা করিতে আপনি ॥ বলেন বৈশাম্পায়ন শুনহ রাজন। কহিব অপূর্ব্ব কথা অতি পুরাতন॥ কৌরব পাগুবে পাশা খেলাইল যবে: বলরাম তীর্থ হেতু চলিলেন তবে॥ জন্মেজয় কহিলেন কহ বিবরিয়া। কোন কোন তীর্থে রাম গেলেন ভ্রমিয়া মনেতে ভাবিয়া ব্যাসদেবের চরণ। কাশীরাম দাদের পয়ার বিরচন॥

বশিষ্ঠ ভীর্থের বিবরণ কথন , বলেন বৈশম্পায়ন শুন নরপতি। যেই যেই তীর্থে রাম করিলেন গতি॥ একমন হইয়া শুনহ নরবর। ইহার শ্রবণেতে নিষ্পাপ হয় নর॥ গেলেন বশিষ্ঠ তীর্থে সরস্বতী তীরে। স্নান করি দান করিলেন ধনার্থীরে॥ ব্রাহ্মণ-ভোজন করাইয়া বলরাম। অতিথি দেবিয়া পূর্ণ করিলেন কাম॥ রাজা বলে সেই তীর্থ হৈল কি কারণ! বশিষ্ঠ তীর্থের কথা কহ তপোধন। মুনি বলে অবগতি কর মহারাজ। যে হেতু বশিষ্ঠ তীর্থ শুন তার কায়॥ বিশ্বামিত্র বশিষ্ঠে বিবাদ অনুক্রণ। পূৰ্বেক কহিয়াছি আমি এ সৰ বচন॥ বড়ই তেজম্বী ক্রোধী মুনি বিশ্বামিতা } যুক্তিতে মারিল বশিষ্ঠের শত পুত্ৰ ৷

_{সাদাস} রাজারে ব্রহ্মরাক্ষস করিয়া। িষ্ঠের পুত্র মুনি দেখাইল নিরা। ক্তিরে ধরিয়া রাজা করিল ভক্ষণ। 🕏 মধ্যে আছিলেন শক্তির নন্দন॥ ারাশর হইলেন বংশেব রক্ষণ। ার পুত্র হইলেন ব্যাস তপোধন।। ্রই বিদ্যাদে গোহে রাত্রি দিবা আছে। নিষ্ঠ করেন স্থিতি সরস্বতী কাছে॥ र्खिकृत्न दिनार्छित व्याध्यम इन्नत । 🕬 রহি তপস্থা করেন মুনিবর॥ িচ্চের দঙ্গে দ্বন্দ্ব সতত করিতে। বিখামিত্র র**হিলেন পশ্চিম কুলেতে**॥ কিছুকাল উভয়ে থাকেন ছুই পারে। ৰশিষ্ঠের ইচ্ছা নাহি দ্বন্দ করিবারে॥ কলহে আসক্ত বড় বিশ্বামিত্র মুনি। র্মিরন্তর বশিষ্ঠের ছিদ্র **অনু**মানি ॥ অগাধ দলিল বহে নাহি পারাপার। চুছনে দেখিতে পান আশ্রম দোঁহার॥ কশিষ্ঠের মনে নাহি কলহ বিবাদ। বিশামিত্র চাহে ব**লিষ্ঠের অপরাধ**॥ একদিন বিশ্বামিত্র আশ্রেমে বসিয়া। সর্বতী নদীরে ডাকিল আশ্বাসিয়া॥ বিশ্বামিত্র-ভয়ে ভীতা সদা সরস্বতী। ^{সাকা}ং করিল গিয়া ধরিয়া **আকৃ**তি॥ বিশামিত্র কছে শুন নদী সরস্বতী। ^{এক} কথা কহি আমি কর অবগতি॥ ^{বশিষ্ঠে} আমাতে দ্বন্ধ আছে পূর্ব্বাপর। ^{বিশেষ} জানহ তুমি সব কথান্তর ॥ ^{বশিষ্ঠ} আছেন যোগে বসিয়া আসনে। ^{অন্তর্}বাহ্ন জ্ঞান তার নাহিক কথনে॥ ^{জলে} একাকার করি ভাসায়ে মুনিরে। ^{জ্বিলম্বে} বশিষ্ঠেরে আনহ এ পারে 🎚 ^{শুনি} সরস্বতী ভ'য়ে করিল স্বীকার। ^{কি জানি শাপিতে} পারে মুনি ছরাচার ॥ ^{আপনার স্থানে যান নদী সরস্বতী।} নিশা মধ্যে জলপূর্ণা হ**ইলেন অ**তি॥

বশিষ্ঠের আশ্রম ভাঙ্গিয়া স্রোতজলে। ভাসাইয়া বশিষ্ঠে আনিল পরকূলে 🛭 বশিষ্ঠ আছেন ধ্যানে কিছু নাহি জ্ঞান। উপনীত করিলেন বিশ্বামিত্র স্থান॥ দেখি বিশ্বামিত্র বড় আনন্দ হৈয়। সরস্বতী প্রতি কহে আশ্বাস করিয়া॥ বশিষ্ঠেরে আপনি রাথহ এই থানে। খড়গ আনি গিয়া আমি ইহার নিধনে ॥ ভয়ে দরস্বতী বড় হইল ফাঁপর। অঙ্গীকার করিল করিয়া যোডকর॥ বিশ্বামিত্র খড়গ আনিবারে গেল যদি। ভয়েতে ভাবিতে লাগিলেন পুণ্যনদী॥ বড়ই হুর্বার বিশ্বামিত্র মুনিরাজ। বশিষ্ঠেরে আনিয়া নহিল ভাল কাজ। আপন আশ্রমে মুনি আছিল বদিয়া । এ পারে আনিসু আমি জলে ভাদাইয়া॥ আমা হৈতে মুনিবর ত্যজিলেন প্রাণ। ব্রহ্মবধি হৈব আমি জানিমু বিধান॥ ব্ৰহ্মবধ পাপ নাহি খণ্ডে কদাচন। এ অসৎ কর্ম্ম করিলাম কি কারণ 🖟 বিশ্বামিত্র শাপভয়ে হইয়া জাকুল। আপন কর্ম্মের দোষে হারাত্র ছুকুল। বিশ্বামিত্র যেবা করে শাপিয়া আমার। কুপাবশে কোন দেব করিবে উদ্ধার॥ ব্রহ্মহত্যা পাপভয়ে কম্পিত অস্তর। মুনিরে বাঁচাই আমি যা করে ঈশ্বর ॥ এত ভাবি বশিষ্ঠেরে পুনঃ ভাসাইয়া। নিজাশ্রমে পুনর্বার স্থাপিল লইয়া॥ মুনিরে রাখিয়া সরস্বতী লুকাইলা। খড়গ ল'য়ে বিশ্বামিত্র সে স্থানে আইলা॥ দেখিল বলিষ্ঠ গেল আপন আশ্রমে। সরস্বতী নদী আর নাহি সেইখানে॥ ক্লোধমন হ'য়ে বলে বিখামিত্র মুনি। আমারে ছেলন হুই করিলি পাপিনি ৪ ইহার উচিত ফল দিব তোর তরে। তোরে শাপ দিব কেহ খণ্ডাইতে নারে ৪

রজঃস্বলা হও তুমি দিলাম এ শাপ। শোণিত হউক সদা তব সব অপ ॥ প্রেত ভূত পিশাচ আনন্দ সবাকার। অনায়াসে রক্তপান করে অনিবার॥ রক্ত-মাংসহারী সব পৃথিবী ভ্রমিয়া। থাকিত শোণিত বিনা উপোষ করিয়া। বিশ্বামিত্র-প্রসাদে আহলাদ সবাকার। শোণিত করয়ে পান নাহিক নিবার 🛚 বিশ্বামিত্তে প্রশংসা করয়ে সর্ববন্ধন। ধন্য ধন্য বিশ্বামিত্র মহা তপোধন ॥ যাহার প্রসাদে মোরা করি রক্তপান। সকল মুনির মধ্যে তুমি ভাগ্যবান 🛚 রাক্ষস আদির বড় হইল আনন্দ। রাজঋষি দেবঋষি সদা নিরানক্ষ 🏻 সরস্বতী স্নান নাহি করে মুনিগণ। হাহাকার করিয়া কহেন সর্বজন॥ ধর্মপথ বিনাশিল বিশ্বামিত্র মুনি। সংসারে হইল হৈন কুয়শ কাহিনী 🖁 নারদাদি মুনি গিয়া ব্রহ্মারে কহিল। সরস্বতী নদী বিখামিত্র বিনাশিল 🛚 রঙ্কঃস্বলা হও বলি অভিশাপ দিল। আত্যোপান্ত পৰ্য্যন্ত শোণিত জন হৈল।। স্নান তর্পণাদি নাহি হৈল স্বাকার। শোণিত হইল জল রাক্ষ-আহার 🛊 ইহার উপায় প্রভু করহ আপনি। নারদের বাক্যেতে কহিল পদ্মযোনি॥ মহেশের সেবা সব কর মুনিগণ। উপায় না দেখি কিছু বিনা ত্রিলোচন 🛚 ত্রিলোচন তুষ্ট হৈলে সকল মঙ্গল। রক্তকল দূর হ'য়ে হবে পূর্ববজন ॥ এতেক শুনিয়া মুনি ভ্রহ্মার বচন। সরস্বতী তীরে গেল যথা মুনিগণ 🛭 ব্রক্ষার বচন সবে কহিল সাগরে। ষ্ণাজ্ঞা করিলেন ত্রক্ষা শিব সেবিবারে 🛭 मर्क्स मन्त्र रिक्टन स्ट्रेटिक खन । আরাধনা কর সবে সেবক বৎসল 🛚

ইহা কহি দেবঋষি করেন গমন। ব্রাহ্মণেরা করিলেন শিব আঁরাধন। নিরাহারে একমনে হরের চরণ। করিয়া মুখ্যয় লিঙ্গ করয়ে পূজন॥ শর্করা তণ্ডুল হাত মধু পুষ্প দিয়া। শিব শিব বলি কেহ বেড়ায় নাচিয়া॥ হর মহেশ্বর শিব অনাথের গতি। শূলপাণি শঙ্কর পিনাকী পশুপতি॥ নীলকণ্ঠ উমাকাস্ত ত্রিপুরনাশন। পার্ব্বতীর প্রাণনাথ মদনমোহন॥ **ज्यना** जिस्स कान्यार जे जे जे जे जिस्स । ধুস্তুর কুশুম প্রিয় দেব জটাধর॥ প্রথম ঈশ্বর হর প্রেত ভূত সঙ্গ। হরিহর একতফু গৌরী অর্দ্ধ অঙ্গ ॥ রুষভ-বাহন ত্রিনয়ন স্থতনাথ। সন্ত্রক্তমোগুণে তুমি অবিদিত। ইত্যাদি অনেক স্তব করে মূনিগণ। হইল প্রসন্ন তবে দেব পঞ্চানন॥ বলদবাহন হাতে ত্রিশূল ডমরু। বিশ্বপত্র ত্রিপত্র শিরেতে শোভে চারু 🎚 রক্ষত পর্ববত জিনি শুভ্র কলেবর। জটা বিভূষণ শোভে চারু শশধর॥ শুভ্র পদ্ম জিনি আভা বেষ্টিত অমর। ব্যাস্তচর্ম্ম পরিধান ভন্ম অঙ্গোপর॥ এইরূপে শাক্ষাৎ হৈলেন কৃত্তিবাস। দেখি মুনিগণে বড় হইল উল্লাস ॥ মহেশ কছেন বর মাগ মুনিগণ। ধর্ম অর্থ কাম মোক্ষ যেবা লয় খন ॥ **यूनिशंग वर्रा अक्टू यनि कद्र मन्ना** । ইফীবর মাগি দেহ ছাড়ি নিক মাগা॥ রক্তব্রল হইয়াছে সরস্বতী নদী। পূর্বব্যত জল হোক আজা কর যদি॥ ভূথান্ত বলিয়া হর কহিলেন কথা। তেমন হইল জল পূৰ্বে ছিল বথা 🛚 আত্যোপান্ত হইল সলিল মনোহর। কহিলেন তীর্থের মহিমা মহেশ্র 🛚

হইল বশিষ্ঠ তীর্থ ইহার আখ্যান। এই পুণ্যজ্ঞলে যেই করে স্নানদান 🛭 ব্রহ্মহত্যা স্থরাপান করে যেই জন। মিত্রদ্রোহ করে যেই স্থাপিত হরণ ॥ গুরুদারা হরে যেই পাপিষ্ঠ দুর্ম্মতি। কোনকালে নাহি তার পরলোকে গতি॥ ইত্যাদি পাতকী যদি এতে করে স্নান। সর্ববপাপ নষ্ট হয় ইথে নাহি আন ॥ কোটি কোটি জন্মপাপ খণ্ডয়ে প্রসঙ্গে। ইহা কহি গেলেন স্বস্থানে হর রঙ্গে॥ . শুনিয়া নিরক্ত হৈল সরস্বতী জল। হাহাকার করি এল রাক্ষ্য সকল। যুনিগণে আসিয়া কৈল ক্রোধবাণী। আমাদের ভক্ষ্য কেন করিয়াছ হানি 🛭 তুঃথ পাব মোরা সব আহার লাগিয়া। তপোবনে তোমা সবে খাইব ধরিয়া # নতুবা আমার ভক্ষ্য করি দেহ মুনি। অকাৰ্য্য হইবে পাছে বলি হিতবাণী 🏽 বাক্ষ্য সকল শুন কহে মুনিগণ। আজি হৈতে ভক্ষ্য তব হৈল নিরূপণ 🛭 যজ্ঞশেষ দ্ৰব্য যত উদ্ভ হইবে। দে সকল দ্রব্য সব তোমরা খাইবে॥ পর্্যিত অন্ন, হাঁড়ি মধ্যে যাহা রাখে। সেই সব ভক্ষ্য হৈল খাও গিয়া হুখে। এত বলি মুনিগণ হৈল অন্তৰ্দ্ধান। রাক্স স্কল গেল নিজ নিজ স্থান।। তথা উত্তরিয়া রাম করিলেক স্নান। विषयात पुक्षाह्या निम वद्य मान ॥ নানারূপে **বিজেরে করেন পরিতো**ষ্। ত্তনিয়া ত **জন্মেজয় পাইল সন্তো**ষ॥ ভারতের পুণ্যকথা সমান পীযুষ। কশীরাম কছে নর হয় নিকসুষ।

নোষতীর্থ প্রস্তাবে কার্ডিকের জন্মকণা। ক্ৰেন বৈশস্পান্তন শুন একমনে। নোষতীর্থে রাম চলিলেন পর্য্যটনে ॥

তথা গিয়া স্নানদান করে বহুতর। বসন কাঞ্চন গাভী দিলেন বিস্তর 🛭 জিজ্ঞাদেন জন্মেজয় কহ তপোধন। সোমতীর্থ নাম হৈল কিদের কারণ॥ মুনি বলে কহিব পুরাণ ইতিহাস। একমনে শুন রাজা করিয়া বিশ্বাদ॥ পূৰ্ব্বকালে শিব ছুৰ্গা কৈলাস শিখরে। অত্যন্ত আকুল-চিত্ত শয়ন-মন্দিরে॥ বহুকাল ছুইজনে হয় রতিরঙ্গ। বিপরীত প্রেম বাড়ে নাহি হয় ভঙ্গ॥ মহেশের বীর্য্য যে পড়িল হেনকালে। অসহ্য দেখিয়া গৌরী ফেলে গঙ্গাজলে ॥ সহিতে নারিল গঙ্গা শিববীর্য্য তাপ। অকস্মাৎ ভাহার হৃদয়ে হৈল কাঁপ 🛭 গঙ্গা ভাষ্ট্রা ল'য়ে শরমূলে ফেলে। ষড়্মুখ কুমার তাহে জন্মিল স্কালে॥ রোহিণী প্রভৃতি যে চচ্চের ছয় নারী। উত্তম কুমার দেখি নিল কোলে করি॥ সমান ধারাতে স্তন দিল ছয় মুখে। কাৰ্ত্তিক বলিয়া নাম রাখিলেন হুখে 🛭 কৃত্তিকা তাহারে অগ্রে কোলে করেছিল। এই হেতু কার্ত্তিক তাহার নাম হৈল॥ মহাবলবান শিশু শিবের কুমার। দেবগণ আসিলেন তাঁরে দেখিবার॥ দেখিয়া দক্তিফ হৈল যত দেবগণ। হেনকালে শিবে কহে সহস্রলোচন॥ দেবসেনা কন্সা আছে পরমা সন্দরী। কার্ভিকে বিবাহ দিব কহ ত্রিপুরারি ॥ দেবসেনাপতি নাম হইবে ইহার। তারকাদি অ<u>ফ্</u>রেরে করিনে সংহার ॥ অসুমতি দেন হর হ'য়ে হাউমনা। কার্ভিকের অধীন হইল দেবসনা # দেবসেনাপতি করি করিল বরণ। নানা অন্ত্ৰ আনি তারে দিল দেবগণ ৷৷ কাত্তিক হইল যদি দেব সেনাপতি। হইলেন দেবগণ আনন্দিত মতি 🛊

্রতারকের যুদ্ধে ইন্দ্র হারিয়া আপনি। কার্ত্তিকের শরণাগত হৈল বজ্রপাণি॥ কার্ভিকে বিনয়ে কছে দেব সহস্রাক্ষ। আপনি নিধন কর দৈত্য তারকাথ্য॥ 🎙 ইন্দ্রবাক্যে কার্ত্তিক করেন অঙ্গীকার। সমরে তারকা আমি করিব সংহার॥ এতেক কহিল যদি দেব ষ্ডানন। তার পরাক্রম সব জানি দেবগণ॥ ৈসবে মেলি অস্ত্র আনি দিল কার্ভিকেরে। াসহস্রলোচন বজ্র দিল তার করে॥ শঙ্কর দিলেন শূল বিষ্ণু চক্রবাণ। যাহার প্রতাপে দৈত্য নাহি ধরে টান। উৎক্রান্তি শক্তি দান করিল শমন। বরুণ দিলেন পাশ লোকে অমুপম।। সর্ব্ব বলে যুক্ত হৈয়া যত দেবগণ 👞 কাভিকের সঙ্গে রণে করেন গমন।। নানাবান্ত বাজাইছে যত দেবগণ। শুনিয়া তারকান্তর কোপাবিষ্ট মন।। আপনার দেনাগণে দাজন করিয়া। ় যুদ্ধ করিবার হেতু আইল ধাইয়া॥ মহা কোলাহল হৈল নাহিক অবধি। দেবতাগণের হৈল অহার বিবাদী॥ যুঝেন কার্ত্তিক একা মনে নাহি ভয়। চারিদিকে দৈত্যগণ নিঃশঙ্কহদয়॥ আগে বাক্যুদ্ধ শেষে করে অন্ত্রাঘতি। সংগ্রামে তারকান্তর যুঝে দৈত্যনাথ ॥ অন্ত্রে অন্ত্রে নিবারয়ে যার যত শিকা। গুরুস্থানে যত অস্ত্র পাইলেন দীক্ষা॥ কার্ভিকের বাণে কার' নাহিক নিস্তার। দৈত্যের সকল স্বৈন্য করিল সংহার॥ মন্ত্রপত করি শক্তি লইলেন হাতে। কাত্তিক মারেন তাহা তারকের মাথে॥ শক্তির আঘাতে দৈত্য চূর্ণ হৈল কায়। শেষ সেনাপতি যত সকলে পলায়॥ বাণ নামে সেনাপতি তারকার ছিল। ভয়ে পলাইয়া ক্রেপি পর্ববতে রহিল ॥

বাণ না মরিল দেবতাগণের হুতাশ। অঞ্জলি করিয়া কহে কার্ভিকের পাশ। বাণ যদি না মরিল নহে ভাল কার্য। কোন দিনে দেবে মারি লবে দেবরাজ্য॥ এতেক কহিল যদি সব দেবগণ। বাণেরে মারিতে চলিলেন ষড়ানন ॥ বাণ ছিল ক্রৌঞ্চ সিরিগহ্বরে পশিয়।। শরে শক্তিধর গিরি ফেলেন ভেদিয়া॥ ব্রহ্মার বচনে সেই স্থান তীর্থ হয়। সানদানে দেখানে অসংখ্য পাপক্ষয়॥ মুনি বলে শুনিয়া কার্ত্তিক জন্মকথা। হলধর হইলেন উপনীত তথা।। স্থান যজ্ঞ করিলেন দান বহুতর ৷ ব্রাহ্মণ ভোজন করাইলেন বিস্তর॥ দধীচির তীর্থে তবে গেলেন লাঙ্গলী। স্নানদান করিলেন হ'য়ে কুভূহলী॥ শুনিয়া জন্মেজয় বলে তপোধন। দধীচি তীর্থের কথা কহ বিবরণ॥ ভারতের পুণ্যকথা সমান পীযুষ। যাহার শ্রাবণে হয় নর নিক্ষলুষ॥

দধীচি তীর্থের বিবরণ।

বলেন বৈশম্পয়ান শুন কুরুরায়।
দবীচি তীর্থের কথা জানাই তোমায়॥
ছক্টা নামে মুনি এক বিরিঞ্চি-নন্দন।
মহাতেজাময় ছিল মহাতপোধন॥
অহুরের কন্যা এক বিবাহ করিল।
ত্রিশিরা নামেতে পুত্র তাহাতে জন্মিল॥
তিন মুগু হৈল তার দেখিতে স্কুন্দর।
একমুখে বেদপাঠ করে নিরন্তর॥
আার মুখে রামনাম করে অ্ব্রুনিশি।
অন্য মুখে রামনাম করে অ্ব্রুনিশি।
অন্য মুখে মত্যপান করে মহাঋষি॥
মুনিপুত্র যজ্ঞ করে যখন যেখানে।
লুকাইয়া যজ্ঞভাগ দেয় দৈত্যগণে॥
মাতামহকুলে তার বড়ই আদর।
দেবগণ জানিল সকল সমাচার॥

इন্দ্রকে কহিল শুন দেবতার পতি। দেখ ত্বন্টামূনি পুত্র করিছে অনীতি॥ লুকাইয়া য**জ্ঞাগ দেয় মাতামহে।** এতেক বচন ইন্দ্রে দেবগণ কছে॥ ক্রিয়া কুপিল ইস্ত অগ্রির সমান। দেবগণে দাম্যবাক্যে কৈল দমাধান।। গভগ দিয়া ত্রিশিরার কাটিলেন মাথা। শুনিয়া সন্তুষ্ট হৈল সকল দেবতা।। ভুষ্টা মুনি পাইল সকল সমাচর। ৰাচীপতি প্ৰতি রোষ করিল অপার ॥ যজ করে হুক্টা মুনি ইন্দ্রে কোপ করি। দ্বনে অমরগণ কম্পে থরহরি॥ যক্তে পূর্ণাহুতি দিতে জন্মিল নন্দন। রত্রাস্থর নাম তার অতি স্থলকণ ॥ পরম তেজম্বী সেই বৃত্ত মহাশয়। ত্রিভুবনে কোন জনে নাহি করে ভয় 🖟 বিষ্ণুপরায়ণ **হৈল পরম বৈষ্ণব**। তার কর্মা দেখি ভয়ে কাঁপয়ে বাদব ॥ মিলিল অনেক সৈন্য র্ত্রের সংহতি ৷ ইন্দ্র লইল খেদাড়িয়া স্থরপতি॥ দকল অমরগণে লগুভগু কৈল। মর্গের দেবতাগণ ভয়ে লুকাইল ॥ ^{পলাইয়া} গেল সব ব্রহ্মার সদন। ব্রনারে কহিল গিয়া সব বিবরণ ॥ রত্রান্তর লইল সকল অধিকার। ^{অপেনি} ইহার প্রভু কর প্রতিকার। প্রজাপতি ব**লিলেন শুন দেবগণ।** (म. तत्र व्यवस्य व्यक्ते। मूनित नन्मन ॥ ^{নারায়ণ} স্থানে সবে করহ গমন। ^{নিজ} নিজ ছঃখ কথা কর নিবেদন ॥ এত বলি দেবগণে লইয়া সংহতি। ^{নারায়ণ} সমীপে গেলেন প্রজাপতি॥ ^{গোলোকধামেতে} যথা দেব নারায়ণ। উপনীত **হইলেন সহ দেবগণ**॥ প্রণাম করিল গিয়া অমর নিকর। ^{বিসিতে} আদেশ করিলেন বিশ্বস্তর ॥

আদেশ পাইয়া সবে বসে সন্নিধানে।
কহেন চতুরানন বিনয় বচনে॥
শুন প্রভু নারায়ণ আমার বচন।
ভোমার চরণে কিছু করি নিবেদন॥
মহাভারতের কথা সমান পীযূষ।
যাহার প্রবণে হয় নর নিক্ষলুষ॥
গদাপর্ব্ব ভারতের অপূর্ব্ব কথন।
কাশীরাম দাসের পয়ার বিরচন॥

দেবগণ কভুক বিষ্ণুর স্তব। ব্রন্থা আদি স্থরগণ, একান্ত একাগ্ৰমন স্তুতি করি হরির চরণে। শুন প্রভু নারায়ণ, যতেক দেবতাগণ, নিবেদন করে এক মনে॥ হে মধুকৈটভ অরি, আমরা ভয়েতে মরি, বৃত্রাহ্বর নিল অধিকার। বৈদে ইন্দ্র সিংহাসনে, খেদাড়িল দেবগণে, অমরের নাহিক নিস্তার॥ ইন্দ্রের ইন্দ্রত্ব নিল, ভয়ে ইন্দ্র পলাইল, অমরের নিল রাজদণ্ড। দেবতা ছাড়িল ধর্মা, লইল অগ্নির কর্মা বরুণে করিল লণ্ডভণ্ড॥ পবনের অধিকার লইলেক তুরাচার, চন্দ্রার্কের কি কব তুর্গতি। इंखां कि (क्वं मव, বৃত্ত করে পরীভব মনুষ্য সমান ভ্ৰমে কিতি॥ দারুণ দৈত্যের ভয়় প্রাণ নাহি স্থির হয়. দেবতার নাহিক নিস্তার। তুমি ত্রিলোকের পতি, সকল দেবের গতি, চিন্তহ ইহার প্রতিকারে॥ রজোগুণে দিয়া দৃষ্টি, আপনি করিলা স্থাটি, সত্ত্রণে কর্ছ পালন। স্জন পালন নাশ. ত্ৰ কৰ্ম হপ্ৰকাশ, তমোগুণে কর সংহরণ ॥ করিল দেবতা সবু ইত্যাদি অনেক স্তব্ শুনিয়া ছঃখিত ভগবান।

সম্বোধিয়া দেবগণে, কহিল সরল মনে, দেবগণ কর অবধান ॥ ভারত মঙ্গল কথা, শুনিতে খণ্ডয়ে ব্যথা, সকলের কল্ম বিনাশ। ' গদাপর্বব স্থাধার, ব্যাসের বচন সার, পাঁচালী রচিল কাশীদাস ॥

দধীচির অন্তিতে বক্স নির্মাণ। গোবিন্দ কছেন শুন সকল দেবতা। খণ্ডিরে সকল ছুঃথ দূর হবে ব্যথা ॥ আমার অবধ্য রুত্র শুন দেবগণ। আমার পরম ভক্ত শুনহ বচন 🛚 দ্ধীচি মুনির অন্থি আন সর্বজন। তাহাতে করহ অন্ত বজ্ঞ হুগঠন ৷ শেই অস্ত্রে রত্রাম্বর হইবে নিধন। এই তার বধোপায় আছে নিরূপণ॥ শুনি ইচ্ছ কহিতে লাগিল যুড়ি কর। দধীচি ছাড়িবে কেন নিজ কলেবর॥ ব্দনেক পুণ্যেতে হয় মনুষ্যের কায়। নিজ কার কেমনে ছাড়িবে মুনিরায় 🛙 ভাহাতে ত্রাহ্মণ অঙ্গু শ্রেষ্ঠতম গণি : ব্রাহ্মণ-শরীর হৈলে মুক্ত হয় প্রাণী॥ চৌরাশী সহত্র গোনি ভ্রমণ করিয়া। পশ্চাৎ ব্রাহ্মণ জন্ম লভয়ে আসিয়া 🛚 কৰ্মজ্ঞমে পারে যদি সাবধান হ'তে। তুই জন্মে মুক্ত হয় কহি বেদমতে। .কহ প্রস্থু ইহার বিধান অনুসারে। ্ কোনমতে নিধন করিল বুত্তাহুরে 🛭 গোবিন্দ কহেন শুন সকল দেবতা। मधी **ठित्र शृद्धिकात्र कहि এक कथा।।** পরম দয়ালু মুনি উপকারে রত। পর উপকারে প্রাণ ত্যকে অতি ক্রত ॥ স্বৰ্গ বৈশ্ব অশ্বিনীকুমার ছুই জন। উপাসনা হেতু গেল দধীচি সদন ॥ স্পনেক বিনয়ে তথ কৈল মুনিবরে। সদয় হইয়া মুনি জিজাসে দোঁহারে ॥

কি হেতু আইলে দোঁহে আমার সদন। কি কাৰ্য্য সাধিব শীভ্ৰ কহ ছুই জন॥ আপনার প্রাণ দিলে যদি কার্য্য হয়। অবশ্য কর্দ্তব্য এই কহিন্<u>যু</u> নিশ্চয় 🛭 অখিনীকুমার বলে শুন মুনিবর তোমার হইব শিষ্য তুই সহোদর॥ শুনিয়া কৰেন মুনি করিব অবশ্য। উপদেশ দিরা দোঁতে করি লব শিষা॥ অঙ্গীকার করি আমি নাহিক সংশয়। আজি দিন ভাল নহে যাহ নিজ গৃহ॥ এই বাক্য শুনি দোঁহে প্রণাম করিয়া। আপন ভবনে গেল বিদায় হইয়া॥ এ কথা শুনিয়া ইন্দ্র নারদের স্থানে। তথনি গেলেন দধীচির সন্নিধানে॥ ইন্দ্রেরে দেখিয়া মূনি করিল আদর। পান্ত অর্ঘ্য আদনেতে পূজিল বিস্তর॥ সস্তুষ্ট হইয়া ইন্দ্র বদেন আদনে। দধীচি জিজ্ঞাদে তারে মধুর বচনে। কিবা হেতু আগমন হৈল হুরেখর। কি কার্য্য সাধিব আজ্ঞা করহ সত্বর 🛭 পুরন্দর কহে শুন মূনি মহাশয়। হেথায় আসিয়াছিল অশ্বিনীতনয়॥ শুনিলাম আপনি করাবে উপাসনা। এই হেতু আইলাম করিতে যে মানা। তবে যদি ভাহারে করিবে তুমি শিধ্য। তোমার মস্তক আমি কাটিব প্রবশ্য॥ ইচ্ছের শুনিয়া কথা কছে মুনিবর। শিক্ষা নাহি দিব বিভা জেনো পুরন্দর 🎚 এত শুনি বিদায় হইল শ্বরপতি। জিজ্ঞাদেন জদ্মেজয় মুনিবর প্রতি **॥** ইহার কারণ মূনি বলহ আমারে। ইন্দ্র কেন নিষেধ করিল দধীচিরে॥ কোন শান্তে বড় ইন্দ্র অখিনীকুমারে। বিশেষ করিয়া মুনি কহিবা আমারে # যুনি বলে শুন পরাক্ষিতের নন্দন। যে হেডু নিষেধ করে সহস্রলোচন ।

इन्द-উপাসিতা যেই বিছা সারাৎসার। মনিরে মাগিল তাহা অশ্বিনীকুমার 🛭 যেই বিষ্যা প্রভাবে বাসব স্বর্গপতি। গ্রহণ করিবে মম বিষ্ঠা মূঢ়মতি ॥ দে বিভা গ্রহণে হবে সমান আমার। মন্ত্রবলে নিতে পারে মম অধিকার 🖟 এতেক ভাবিয়া ইন্দ্র করিল নিষেধ। শুন রাজা পূর্ববকার র্ত্তান্ত বিভেদ 🛭 শুনিয়া সে জন্মেজয় হৈল হাউমন। হরি পুনঃ কি কছেন কছ তপোধন # বিদায় হইয়া যদি আখণ্ডল গেল। দোঁহে মুনি সন্নিধানে প্রভাতে আইল। মুনিবরে প্রণমিয়া তুই সহোদর। নিকটে বসিল দোঁহে হরিষ অন্তর 🏾 কথোপকথন বহু হৈল মুনি সনে। ইন্দ্রের সংবাদ মুনি ক**হে চুইজনে** ॥ উপদেশ তোমায় করাই যদি আমি। মম শিরশ্ছেদন করিবে হুরস্বামী॥ তোমা দোঁহে মন্ত্র দিয়া হারাইব প্রাণ। বুঝি ছুইজনে ইহা কর সমাধান 🎚 অখিনীকুমার বলে শুন মহাশয়। এই বাক্যে কদাচিত না করিহ ভয়॥ অনেক ঔষধ মোরা জানি মুনিবর। ক্ষণে জিয়াইতে পারি মৃত কলেবর 🖡 মর্গ বৈচ্চ অখিনীকুমার ছুই ভাই। ^{ষতেক ঔষধি কিছু অগোচর নাই 🏾} প্রতিজ্ঞা করিল ইন্দ্র কাটিবে তোমায়। মম এক নিবেলন শুন মহাশয়॥ ^{কাটিয়া} ভোমার মু**গু**রাখি গুপ্ত**ন্থানে।** গুপ্ত মুগু কথা যেন ইস্তর নাহি জানে। অখ্যুগু তব স্কন্ধে করিয়া যোজন। সেই মুপ্তে মন্ত্ৰ মোরা লব তুইজন 🛭 মন্ত্ৰ দিলে দেবৱাক কুপিত হইয়া এ তোমার অস্থের মৃশু যাবেক কাটিয়া 🛭 তোমার স্বকীয় মুগু মোরা ছুইজন। ানরপি তব স্বন্ধে করিব যোজন 🛭

अनिया परीिं यूनि कत्रिल खीकात । মুনি শির কাটিলেন অশ্বিনীকুমার॥ ব্দশ্বমুগু যোড়া দিল মুনিবর স্কন্ধে। পরাণ পাইল মুনি নাঁহি কোন সন্ধে॥ বিদায় লইয়া দোঁহে গেল নিকেতন। নারদ জানিয়া গেল সব বিবরণ ॥ मकल मःवाम कहित्सन शूत्रन्मतः। খড়গ হাতে করি ইন্দ্র যায় ক্রোধভরে ॥ যোগে যথা আছে বসি সে দ্ঘীচি মুনি। তথা গিয়া উপনীত হৈল বক্তপাণি ॥ দেখিল ধেয়ানে মুনি আছুয়ে বসিয়া। মুনির অশ্বের মুগু ফেলিল কাটিয়া॥ অশ্বমুগু লইয়া ইন্দ্র করিল গমন। দধীচি মুনির ক্ষম্ম আছয়ে তেমন॥ অশ্বিনীকুমার চর ছিল দেইখানে। দ্রুতগতি বার্ত্ত। দিল ভাই তুইজনে ॥ অশ্বিনীকুমার তথা গেল শীঘ্রতর। মুনিমুগু যুড়িলেক ক্ষক্ষের উপর। ঔষধ পরশে মুনি পাইল পরাণ। অখিনীকুমারে বহু করিল বাখান। শুন সবে দুখাচি মুনির আগুন্তর। পরকার্য্যে দিল মূনি নিজ কলেবর ॥ সকলে চলিয়া যাহ দধীচির স্থান। দেবের কারণে মুনি ছাড়িবে পরাণ 🛭 এতেক কহেন যদি দেব নারায়ণ। বিদায় হইল তবে যত দেবগণ ॥ প্রণাম করিয়া সবে চলিল সহুরে। সঙ্গেতে করিয়া নিল অংখনীকুমারে 🛚 উপনীত হৈল যথা মুনি মহাশয়। প্রণাম করিল গিয়া দেবতা-নিচয় 🛚 পাত অর্ঘ্য দিয়া যুনি পুব্ধিল স্বারে। বসিল সকল দেব আসন উপরে 🖁 জিজ্ঞাসিল মুনিবর গমন কারণ। কৃহিতে লাগিল তবে সহস্রলোচন 🛭 অবধান কর মূনি তপের গোঁসাই। নিজ নিবেদন কথা কহিতে ভরাই 🛚

বৃত্তাহ্বর হইল ত্রিদিব অধিকারী। নারায়ণ স্থানে সবে করিতু গোহারী॥ কহিলেন কুষ্ণ বৃত্ত-বধের কারণ। সকল দেবতা যাহ দধীচি সদন॥ দেব উপকার হেঠু মুনির কুমার। দয়া করি ছাড়িবেন প্রাণ আপনার॥ ভাঁর অন্থি ল'য়ে অন্ত্র কর আথগুল। বক্তাঘাতে মারহ দানব মহাবল ॥ শুন মুনি রক্ষা হয় না হয় অভাগা। আপনার প্রাণ যদি ছাড়হ সর্ব্বথা॥ মুনি বলে হেন বাক্য নাহি শুনি কাণে। পরের লাগিয়া কেহ ছাড়ে নিজ প্রাণে॥ অনেক পুণ্যেতে প্রাণী নরযোনি পায়। কেমনে ছাড়িতে তাহা বল দেবরায়॥ ত্বল্ল ভ জনম এই মনুষ্য উত্তম। আর যত দেহ দেখ সকলি অধম॥ শূকর জনম হৈয়া বিষ্ঠা মূত্র খায়। শরীর ছাড়িতে তার মনে ব্যথা পায়॥ মারিতে উন্থত যদি কেছ করে তায়। শরীর মমতা হেতু সঘনে পলায়॥ কাক গুধ্র শিবা শ্বান খেচর গৰ্দ্দভ। পিশীলিক। দর্প ভেক দেখ যত দব । অধম যোনীর মধ্যে ধেই প্রাণ ধরে। ইচ্ছাবশে কোন জন ছাড়ে কলেবরে॥ বিশেষ ব্রাহ্মণদেহ হ'য়েছে আমার। বহু পুণ্যে শ্বিজতমু পাইমু এবার 🛭 সকল প্রাণীতে জ্ঞান স্মাছয়ে নিশ্চয়। আহার মৈথুন নিদ্রা আর আছে ভয়॥ মসুষ্য সমান জানী নাহি কোন জন। এ দেহে অনেক কর্ম ভক্তন-সাধন ॥ হেন দেহ ছাড়িবারে কহ দেবরাজ। ব্দামি যদি মরি ভবে সিদ্ধ হবে কাহা॥ না হইল তব কাৰ্য্য সম কিবা দায়। না বুঝি আদেশ কেন কর দেবরায়॥ না ছাড়িব প্রাণ আমি শুনহ বিচার। শুনিয়া স্বায় মনে লাগে চম্ৎকার 🖁

ইন্দ্ৰ আদি দেবগণ অধোমুখ **হৈ**য়া। ক্ষিতি পরে সর্বজন মৌনেতে বিষয়। ত্রাদে কারে। মুখে নাহি বচন নিঃদরে। भनग्र इनग्र गुनि कानिन अखरत ॥ কহিতে লাগিল মুনি করুণা বচন। ভয় ত্যজ্ঞ কহি শুন সর্ব্ব দেবগণ। আমি ম'লে রক্ষা পায় দেবতা সমাজ। এ ছার শরীরে তবে কিবা আর কাজ। অবশ্য মরিব আমি দেবের কারণ। মম অস্টি ল'য়ে ইন্দ্র সাধ প্রয়োজন॥ পুথিবীতে যত যত করিলাম পুণ্য। আমার সার্থক জন্ম হ'ল ধন্ম ধন্ম ॥ আশ্বাদ পাইয়া ইন্দ্র কহে যুড়ি কর। কত কল্প অমর হইলে মুনিবর॥ তোমার অন্থিতে হবে অন্ত্র বলবান। এ তোমার মৃত্যু নহে জীবন সমান 🛭 এতেক শুনিয়া মুনি করিল স্বীকার। যোগাসনে বসি প্রাণ ত্যক্তে আপনার॥ ইন্দ্রাদি দেবতাগণ হন হর্ষত। পুষ্পরৃষ্টি যুনি পরে করে অপ্রমিত 🛭 নাচিতে লাগিল দেবগণ **উদ্ধ**বাহু। কার্য্যসিদ্ধি করিয়া আনন্দ করে বহু॥ শন্থ ভেরি আদি বাজ্ঞয়ে বিশাল। বীণা ডক্ষ ঘন বাব্ধে ফুকারে কহাল। মধুর স্থনাদ বাঁশী বাজে শত শত। উৎসব করয়ে আসি অপ্সরাদি যত॥ মেনকা উৰ্ব্বশী আর রম্ভা তিলোত্ত^{মা।} জানপদী সহজ্ঞা রূপে অসুপমা ॥ নানারকে নৃত্য করে যত বারাঙ্গনা। গন্ধর্ব্ব কিন্নর গায় হরষিত মনা॥ মহা মহোৎসব হৈল না পারি বণিতে। ডাক দিয়া **দেবরাজ লাগিল কহি**তে॥ হরিষ বিধানে কছে দেব আখণ্ডল। আব্দি হৈতে পুণ্য তীর্থ হইল এ ৰল। দ্ধীচির তীর্থ নাম করি নিরূপণ। আমার ভারতী এই ভন দেবগৰ।

অনন্ত জম্মের পাপ খণ্ডিবে ইহাতে। স্নানদান করে যেই দধীচি তীর্থেতে॥ তথাস্ত ব**লি**য়া চ**লিলেন দেবগণ**। দধীচির **অস্থি ল'য়ে সহস্রলোচন**॥ ভাকি বিশ্বকর্মারে কহেন শী**ন্ত্রগতি।** বজু নির্মাইয়া মোরে দেহ মহামতি॥ আজা মাত্র বিশ্মকশ্মা বজ্র নিরমিল। দকল অ**স্ত্রের তেজ তাহে সমর্পিল** ॥ ব্রহ্মার নিকটে ল'য়ে গেলেন মঘবা। প্রণাম করি**ল ইন্দ্র হ'য়ে নত**গ্রীবা ॥ ব<u>জ্র</u> দেখি হরষিত হ'য়ে পদ্মযোনি। ব্ৰহ্মম**ন্ত্ৰে অভিষেক করেন** তথনি॥ জীবন্যাদ দিয়া ইন্দ্রে বলেন বচন। এই অন্ত্র ল'য়ে কর দানব মর্দ্দন॥ ^{ইন্দ্ৰ} বজ্ৰ পাইয়া হইয়া **আনন্দি**ত। ব্রক্ষারে প্রণাম করি চলেন ত্বরিত॥ (मवरेमस ममस कत्रिया ममार्यम । নিজরাজ্য প্রাপ্তি **হেতু উদ্যোগী** স্থরেশ। 'যুঝিতে চলিল র্ত্তাহ্মরের সংহতি। ^{ইন্দ্রের} নিনাদ পাইলেক দৈত্যপতি॥ নিজ সৈত্যে সাজিয়া চলিল দৈত্যেশ্বর। ছইদলে মহাযুদ্ধ হয় ঘোরতর॥ वशी वशी **भहायुक्त टेहन वाटन वाटन**। ^{পদাতি} পদাতি যুদ্ধ হইল সঘনে॥ ^{গোড়ায়} <mark>ঘোড়ায় যুদ্ধ হৈল মহামার।</mark> ^{বাণে} বাণে গগনে হইল অক্ষকার॥ অনল ৰায়ব্য বাণ দোঁতে এড়ে রণে। ছইবাণ নফ **হয় দোঁহাকার বাণে ॥** মুখ মেলি দৈত্য ইচ্ছে গিলিবারে যায়। ^{দেখিয়া} রত্তের বল বাসব পলায় 🛭 ইন্দ্র পলাইল দূরে ল'য়ে সব দেবে। ^{বিফুর} শরণ **সইলেন গিয়া সবে ॥** ্ত্রি সমাচার **কতে দেব নারায়ণে**। वेक् विशासन हैका अने मावधारन्॥ ব্ফুতেজ নাহি কিছু তোমার শরীরে। ^{।ই} মূৰ ভেজ ধর বিলাস ভোমারে ॥

বিষ্ণুতেজ পাইয়া হইয়া বলবান। পুনঃ যুদ্ধ করিবারে গেল মরুত্বান॥ মহাযুদ্ধ স্থরাস্তরে হয় ঘোরতর। পড়িল অনেক দৈশ্য সংগ্রাম ভিতর॥ যুদ্ধকালে র্ত্তাহ্বর ইন্দ্রে বলে বাণী। আমারে করহ বধ বাদক আপনি॥ ধর্মপরায়ণ রত্ত্র পরম বৈষ্ণব। নানারূপে র্ত্তাস্থর শক্তে করে স্তব॥ স্থরপতি বলে রত্র তুমি বলবান। তোমাকে ক্ষমিয়া আমি সম্বরিন্ম বাণ॥ য়ত্ৰ বলে কাৰ্য্যসিদ্ধি নহিল আমার। ইন্দ্র মোরে ক্ষমিয়া করিলা পরিহার॥ শুন মূর্থ রণে পড়ি যাব স্বর্গলোক। এ কর্ম না করি আমি র্থা করি শোক॥ এত বলি রুত্রাহ্মর ইন্দ্রে দেয় গালি। শুন রে পামর ইচ্দ্র তোর প্রতি বলি 🛭 গুরুদার। হরিলি করিলি মহাপাপ। তোরে মারি গোতমের খণ্ডাইব তাপ॥ এতেক কুবাক্য রত্র বাদবেরে রলে। শুনি হুরপতি ক্রোধে অগ্নি হেন স্কলে॥ কুলিশ ধরিয়া ইন্দ্র মারিলেন তারে। চূর্ণ হৈল র্ত্তাহ্মর কুলিশ প্রহারে: অপর সকল দৈত্য পলাইল রণে। ইন্দ্র পুনীঃ রাজা হৈল অমর ভুবনে॥ যার যেই কার্য্য সেই লভিল সত্তর। সকল অমর হৈল হুন্থির অন্তর॥ শুনহ ভূপতি কুরুবংশ চূড়ামণি। কহিলাম দধীচির তীর্থের কাহিনী ৮ সেই তাঁর্থে বলরাম হৈয়া উপনীত। স্নানদান যজ্ঞ করিলেন নিয়মিত॥ মহাভারতের কথা দ্রমান শীযুষ। যাহার অবৈশে নর হয় নিক্সুষ ॥

শাভিদ্যাশ্রমে নারদ-বদরাবের সংবাদ। কিজাদেন কল্মেজয় শুন মুনিবর। পুনঃ কোনু তীর্থে চলিলেন হলধর । বলেন বৈশম্পায়ন শুন্হ রাজন। হইয়া একাগ্র মন করহ শ্রবণ॥ পৃথিবীর যত তীর্থ জ্বমণ করিয়া। শাণ্ডিল্য আশ্রেমে রাম উত্তরিল গিয়া 🏻 শাণ্ডিল্য আশ্রমে দেই যমুনার তীরে। তথায় দেখেন রাম নারদ মুনিরে॥ তথা স্নানদান করি মনের হরিষে। ব্যক্ষণ-ভোজন আদি করান বিশেষে 🎚 নারদ সহিত তথা হইল দর্শন। বলদেব মুনিবর কহেন বচন॥ তীর্থযাত্রা হেতু তুমি গেলে দেশান্তর। কৌরব পাগুব যুদ্ধ হৈল ঘোরতর॥ একাদশ অক্ষোহিণী হুর্য্যোধন সেনা। মরিল নৃপতি বহু কে করে গণনা॥ সপ্ত অক্ষোহিণী পতি রাজা যুধিষ্ঠির। তাহার সহায় হৈল মহা মহা বীর॥ আপনি হইলা কৃষ্ণ অৰ্জ্জুন সার্থি। সেই যুদ্ধে নষ্ট হয় সকল নূপতি॥ ভীন্ম দ্রোণ কর্ণ আদি পড়িল সমরে। আর তব ভাগিনেয় অভিমন্যু মরে। তুর্য্যোধন একামাত্র কুপ অখ্থামা। অবশেষে এই মাত্র কহিলাম দীমা। পঞ্চভাই পাণ্ডব দ্রোপদী পঞ্চয়ত। অবশেষে আর কিছু নাহিক প্রস্তুত 🖡 হত দৈশ্য দেখি পলাইল ছুৰ্য্যোধন। দ্বৈপায়ন হ্রদ মধ্যে পশিল রাজন 🛭 তথাপি কৃষ্ণের মনে দয়া না হইল। হ্রদ হৈতে রাজা হুর্য্যোধনে উঠাইল 🏽 ভীম তুর্য্যোধনে হবে গদার সমর। দেখিতে বাসনা যদি থাকে হলধর 🛚 এইক্ণে সেই স্থানে করহ গমন। বাঁচাইতে পার যদি রাজা হুর্য্যোধন 🛚 শিল্প নারদ-বাক্য দেব বলরাম। তৃথায় গেলেন ক্রত না করি বিশ্রাম 🎚 হইলেন ৰৈপায়ন হ্ৰদে উপনীত। দেখিয়া গোৰিন্দ উঠিলেন ত্বরান্বিত 🛚

যুধিষ্ঠির আদি পঞ্চ পাণ্ডুর নন্দন। সম্ভ্রমে করিল সবে চরণ বন্দন ॥ গোবিন্দেরে আলিঙ্গন বলরাম দেন। কৃষ্ণ বলরাম শোভা দেখি অসুপম ॥ প্রেম-অশ্রুজনে দোঁতে করিলেন স্নান। প্রীতি বাক্যে জিজ্ঞাদেন স্বার কল্যাণ॥ যুধিষ্ঠির পঞ্জনে করি আশীর্কাদ। শুভ জিজ্ঞাদেন রাম হরিষ বিষাদ ॥ গোবিন্দ কছেন রাম শুন জগমাথ। পৃথিবীর রাজগণে করিল নিপাত॥ যতেক নৃপতিগণ হইল সংহার। উদ্ধারিতে ক্ষিতি ভার তব অবতার॥ উত্তম করিলে ভাই ইথে নাহি দোষ। এই কর্ম্মে সবাকার হইল সন্তোষ॥ রামের বচন শুনি কৃষ্ণ মহাশয়। নিবেদিতে সব কথা করে অভিপ্রায়॥ হেনকালে ছুৰ্য্যোধন কাঁন্দিতে কাঁন্দিতে। প্রণাম করিল রামে ব্যাকুল চিত্তেতে ॥ कुर्रितास्त कार्ल निग्ना वरह निज्जल। বলরাম জিজ্ঞাসেন তাহার কুশল ॥ কহিলেন দৰ্ব্ব কথা কুৰু নৃপমণি। শুনিয়া ভৎ দৈন কুষ্ণে দেব হলপাণি ॥ তুমি বিঅমানে উহা শোভা নাহি পায়। সামঞ্জুস্ত কেন নাহি করিলে দোঁহার 🛚 জগন্নাথ কহিলা করিয়া যোড়হাত। নিবেদন করি শুন রেবতীর নাথ। শিশুকালে পাওব যে কৈল ছুরাচার। সকল আছয়ে দেব গোচর তোমার **॥** ত্রয়োদশ বৎসর তুমি নাহি ছিলে দেশে। যতেক করিল ছুফ্ট গুন সবিশেষে॥ কপটে খেলিয়া পাশা নিল রাজ্যধন। কপট পাশাতে কৈল দ্রোপদীকে পণ ॥ শকুনির বশেতে আছিল পাশাসারি। शक्रिलन यूधिछिंद्र ताका निक नाती ॥ ছুংশাসন দ্রোপদীকে আনে সভামাঝ। তাহাকে আদেশ কৈল হুৰ্য্যোধন রাজ I

দ্রোপদী হইল দাসী নাহিক বিচার। নীস্ত্রগতি আনহ বসন অলকার॥ ভাষাঝে জৌপদীর বস্ত্র কাড়ি লয়। হলবধ্ জনে কি এমন উচিত হয়॥ ত্রে অন্ধ বর দিয়া কৈল পরিত্রাণ। নুনঃ পাশা খেলিবারে করিল বিধান॥ য হারিবে ভাদশ বংসর যাবে বন। হুজাত বংসর এক কৈল নিরূপণ॥ আজ্ঞাকারী পাশা যেই ছিল শকুনির। _{দই} পণে হারি**লেন রাজা যু**ধিষ্ঠির । নাদশ বংসর বনে ভ্রমিয়া পাণ্ডব। 🕫 তুঃখ পায় বনে কি বলিব সব॥ হঞ্জিলেন অজ্ঞাত বংসর মংস্থাদেশে। অজ্ঞাতে উদ্ধার হৈল উপায় বিশেষে। যুধিন্তির চা**হিলেন স্বীয় রাজ্য**ভার। কলচিত রাজ্য নাহি দিল ছুরাচার॥ দৃত হ'য়ে যাইলাম যথা তুর্য্যোধন। আসারে রাখিতে চাহে করিয়া বন্ধন ॥ কটুবাক্য আমারে কহিল হুর্য্যোধন। বিনা যুদ্ধে রা**জ্য নাহি দিব কদাচন**॥ তবে সে হইল নাথ যুদ্ধ সমাবেশ। যুক্তে রাজগণ সব হইল নিঃশেষ॥ ম্ম অপরাধ এতে কি হৈল গোঁদাই। ছৰ্য্যোধন তুল্য হুফ পৃথিবীতে নাই॥ উহাকে করহ শান্ত রেবতীরমণ। ত্ব প্রিয় শিষ্য বটে রাজা হুর্য্যোধন ॥ ^{যুধি}ষ্ঠির এক্ষণে চাছেন পঞ্জাম। শামঞ্জস্ত করিয়া আপনি দেহ রাম ॥ ত্ব আজ্ঞা যুধিষ্ঠির না করে লড়্বন। ^{উহাকে} করিয়া **ছল্ফ কর নিবারণ**॥ ^{সকল} গিয়াছে একা **আছে হু**র্য্যোধন। ত্র পঞ্জাম মাগে ধর্মের নন্দন॥ শুনিয়া কু**ষ্ণের বাণী রোহিণী নন্দন**। ইৰ্ম্যোধন প্ৰতি কিছু বলিল বচন ॥ ^{শুন} ভাই ছুৰ্য্যোধন মম হিত কথা। ^{যুদ্ধ} না করিবা তুমি শুনহ সর্ববিধা ॥

দৰ্ব্ব স্ষ্টিনাশ হৈল আর নাহি কেহ। যুদ্ধে কিছু কাৰ্য্য নাহি চিত্তে ক্ষমা দেহ। হুপ্ততা করাই তোমা পাণ্ডৰ সহিতে। অর্দ্ধ রাজ্য দেহ তুমি পাণ্ডব সম্প্রীতে॥ **এতেক কহিল যদি দেব হল**ধর। কতক্ষণে তুর্য্যোধন করিল উত্তর॥ মোরে আর হিতবাণী না বল গোঁদাই। পাণ্ডবের সহ আর মম প্রীতি নাই॥ যত ছঃখ দিলাম পাগুব পুত্রগণে। ভগ্ন স্নেহে প্রীতি আর হইবে কেমনে॥ সর্ব্বত্রঃথ পাণ্ডব পারিবে পাসরিতে। অভিমন্যু শোক না ভুলিবে কদাচিতে॥ সপ্তর্থী একত্র হইয়া আসি রণে। মারিকু অন্যায় যুদ্ধে শুভদ্র।-নন্দনে ॥ এবে মম রাজ্যভার নাহি কিছু মনে। সৌহ্নত্ত করিতে কেন বল অকারণে॥ পূর্বের পণ করিয়াছি সভার ভিতরে। বিনা যুদ্ধে রাজ্য নাহি দিব পাগুবেরে॥ সূচী অত্যে যতথানি উঠিবেক ভূমি। বিনা যুৱে ততথানি নাহি দিব আমি 🛭 সমরে আমারে ভীম করিবে সংহার। যুধিষ্ঠির পাইবেন সব রাজ্যভার॥ দবার ঈশ্বর হ'য়ে ভুঞ্জিলাম ক্ষিতি। যুদ্ধে মরি স্বর্গে গিয়া করিব বদতি॥ রাজত্ব আমাকে আর নাহি শোভা পায়। যুদ্ধে মম প্রাণ পণ করেছি নিশ্চয়॥ এত যদি ছুর্য্যোধন কহিলা ভারতা। তাহারে কহিন্স তবে রেবতীর পতি॥ যাহা ইচ্ছা ননে হয় তাহা কর তুমি। যুদ্ধ কর দোঁতে দারাবক্তী যাই আমি ॥ গোবিন্দ বলিলা দেব শুনিলা আপনি। পাগুবের অপরাধ শুনিলে এখনি ॥ এইক্ষণে দ্বারকা গমন যুক্তি নয়। দোঁহাকার গদায়ুত্ত দেখ মহাশয়॥ वनताम कहित्नन अन नात्मानत। দেখিতে হইল তবে গদার সমর ॥

যুবিন্তির চাহি বলিলেন বলরাম।

এ ভূমিতে না করাও দোঁহার সংগ্রাম ॥

সমস্তপক্ষক নাম কুরুক্ষেত্র জানি।
ভনিয়াছি মুনিগণ বদনে কাহিনী ॥

সেই স্থানে হয় যার সমরে বিনাণ।

চিরকাল হয় তার স্থর্গেতে নিবাম ॥

য়দতীর নহে শুন সংগ্রামের স্থান।

এই মত ধর্মেরে কহিলা ভগবান ॥

সাধুবাদ করিলা দকলে হলধরে।

তথনি গেলেন কুরুক্ষেত্র তীর্থবরে ॥

সমর আরম্ভ হৈল ভীম তুর্য্যোধনে।

বিদিল দকল লোক যথাযোগ্য স্থানে॥

মহাভারতের কথা সমান পীযুষ।

যাহার প্রবণে নর হয় নিজ্পুষ॥

क्करकरबद विवत्र।

জিজ্ঞাসিল মুনিবরে রাজা জন্মেজয়। কুরুকেত্র মহিমা বলহ মহাশয়॥ পুণ্যক্ষেত্ৰ কেমনে হইল সেই স্থান। আমাকে বলহ যুনি করিয়া ব্যাখ্যান ॥ যুনি বলে শুন পরীক্ষিতের নন্দন। ভোমাকে জানাব কুরুক্তেত্র বিবরণ ॥ তব পূর্ববপুরুষ ছিলেন কুরুরাজা। পুত্রবৎ করিয়া পালিত সব প্রজা॥ প্রতাপে ছিলেন রাজা মহাধমুর্দ্ধর। সদাগরা পৃথিবীর হইল ঈশ্বর 🛭 বিপক্ষ দলন মহারাজ চক্রবন্তী। পুথিবী পুরিয়া যাঁর যশ আর কীর্ভি 🛭 ধনুক অভ্যাস ভৃগুরামের সমান। পরম যোগেন্দ্র শুকদেব সম জ্ঞান॥ প্রভাতে উঠিয়া নিত্য করে স্নানপূঞা। ব্ৰহৎ লাঙ্গল এক ক্ষন্ধে নিয়া রাজা। कुरे नीन त्रुष भिष्क यूष्ट्रिया लान्नरन। প্রহর পর্যান্ত চবে মহা কুতুহলে 🛚 প্রহর পর্যান্ত রুষ ঘতদূর যায়। সেইক্ষণে চাষে ক্ষমা দেন কুক্লরায় 🛚

তারপর রাজকার্য্যে রত নরবর। দরিদ্রে ছঃখীরে দান করে নিরন্তর ॥ প্রতিদিন এইমতে চষেণ স্থপতি। সহত্র বৎসরকাল চ্যিলেন ক্ষিত্তি। একদিন চষে রাজা আপনার মনে। ছন্মবেশে সহস্রাক্ষ গেলেন সে স্থানে॥ জিজ্ঞাসা করিল ইন্দ্র চাতুরী করিয়া। নুপবর এই ক্ষেত্র চষ কি লাগিয়া॥ রাজা হ'য়ে কেন কর কুষকের কর্ম। ইহার কি মর্ম্ম রাজা কিবা আছে ধর্ম। রাজা বলিলেন স্বর্গে ইন্দ্রের শাসন। ধর্মাধর্ম করয়ে যতেক রাজগণ॥ श्रुतन्त्रत पृष्ठे रिश्ल मर्क्य धर्म इय्र। চারিবেদে এই কথা বিদিত নিশ্চয়। **স্বর্গেতে অ**ধীপ হৈল কশ্যপের হত। তাঁর অংশে রাজগণ ভূমি পুরুহূত। যত কর্ম্ম করিবেন ক্ষিতির রাজন। তার ধর্মাধর্ম পান সহস্রলোচন॥ আপনি করিব যজ্ঞ এই ক্ষেত্রমাঝে : ব্দগ্র যজ্ঞভাগেতে তৃষিব দেবরাকে॥ রাজার এতেক শুনি ধার্মিক বচন। তুষ্ট হ'য়ে কহিলেন সহস্রলোচন ॥ আমি ইন্দ্র শুন রাজা বলি পরিচয়। ইফীবর মাগ রাজা যেবা মনে লয় 🛚 লাঙ্গল ছাড়িয়া রাজা গলে বস্ত্র দিয়া। ইচ্ছের চরণযুগে পড়িলেন গিয়া। ভূমি ছত্মরূপধারী দেব হুরপতি। চর্ম্মচক্ষে চিনিতে না পারি মৃত্মতি। ইন্দ্ৰ বলিলেন রাজা কিছু নাহি পাপ। স্তুতিবাদ করি কেন বাড়াও সন্তাপ **#** বর মাগ রাজা তব যেবা লয় মন। মনোনীত বর দিব শুনহ রাজন 🛚 রাজা বলে স্থরপতি কর অবধান। মোরে বর দিয়া প্রভু করছ বিধান। সহস্র বংসর আমি চ্যিয়াছি ভূমে। কুরুকেত্র বলেয়। হউক মম নামে।

এ ক্ষেত্রের ধূলি উড়ে লাগে যার গায়। অসংখ্য জন্মের পাপ দে জনের যায় ॥ অনিচ্ছায় বা ইচ্ছায় মরে যে এ স্থানে। পায় যেন সে নির্বাণ মৃক্তি সেইক্ষণে। এই বর দেহ মোরে দেব দৈত্যভেদী। এই তীর্থ রহিবেক চক্র সূর্যাবিধি 🛭 তথাস্ত বলিয়া ইন্দ্ৰ হৈলা অন্তৰ্দ্ধান। কুরুরাজ নিজ গৃহে করিল পয়াণ 🛙 এই হেতু কুরুকেত্র শুন নৃপমণি। তোমাকে জানামু কুরুকেত্রের কাহিনী **॥** জ্ঞাজয় বলেন শুনহ তপোধন। তার পর কি হইল ভীম ছুর্য্যোধন 🛚 যুনি বলে গুন গুন অপূৰ্বৰ কথন। এইজনে যুদ্ধ হয় শুনহ রাজন ॥ হেথায় সঞ্জয় ক**হে অন্ধ** নূপভিরে। তুর্য্যোধন গদাযুদ্ধে পড়িল সমরে ॥ শুনি হাহাকার করি করয়ে ক্রেন্দন। মহাশোকাকুল রাজা হয় অচেতন 🛭 শঞ্জয় বলেন রাজা কেন কান্দ আর। দৰ্বনাশ হৈল রাজা কপটে ভোমার। কং রাজা কি ২ইবে এখন কান্দিলে। কিংজিতং কিংজিতং বলি যবে জিজ্ঞাসিলে ॥ পাণ্ডবেরে যত তুমি কর ভিন্ন ভাব। ে সব কর্ম্মেতে এবে হৈল এই লাভ ॥ গ্রহান্ত্র বলে 😎ন পর্মের নন্দন। কিমতে করিল যুদ্ধ ভীম হুর্য্যোধন ॥ ^{সপ্তায়} বলেন রাজা শুন মন দিয়া। ভীম-ছর্যোখন যুদ্ধ কহি বিস্তারিয়া 🛭 মহাভারতের কথা সমান পীযুষ। ^{যাহার} শ্রবণে নর হয় নিক্ষ**লু**। ^{ব্যাসের বচন শিরে করিয়া ব**ন্দন।**} কাশীরাম দাস কতে শুন সাধুজন ।

ছর্যোধনের উক্তর।
ভীম ছর্য্যোধন, করে মহারণ,
দেখে সবে কুতুহল।

দেখিতে সমর্ লইয়া অমর আসিলেন আখণ্ডল 🛚 চড়িয়া বাহন, করে আগমন তেত্রিশ কোটি ব্দমর। যার যেই বেশ, করিয়া বিশেষ, বসিলা যুড়ি অম্বর 🛚 অপারী অপার, কিমরী কিম্বর, গন্ধৰ্ব পিশাচ রক্ষ। প্রেত ভূতগণ, না যাত্র গণন, আসিলেক লক লক। হংদে পদ্মাদন, রুষে পঞ্চানন. পার্ব্বতী কেশরী-যানে। দেব জলেখর. আসিল সম্বর চড়িয়া নিজ বাহনে ॥ হরিণে প্রন্ नदत्र देवख्यवन् मुक्तिक विष्वविनागन। হইয়া কৌতুকী, চাপি মন্ত শিখী, আসিলেন ষড়ানন ॥ শমন মহিষে, পরম হরিষে. আদেন দেখিতে রণ। অন্তলোকপাল, সজ্জা করি ভাল, করিলেন আগমন 🛭 রমণী সংহতি, দিবা নিশাপতি, করি রথ আরোহণে। যত সিদ্ধগণ, না যায় গণন. আদেন যুদ্ধ সদনে 🛚 দেব ঋষি আদি, নাহিক অব্ধি, नाबतानि यूनि चात्र। হ'রে উল্লাসিভ, উৰ্দ্ধরেতা যত. করিলেন আগুসার 🛭 বসিলেন যামে, দবে স্থানে স্থানে, দেখিতে সমর রঙ্গ। ভীম ছুৰ্য্যে:ধন, দোঁতে করে রণ্ উঠিল রণ তরঙ্গ 🛭 গদা স্বহন্ধ তুলি, তুই মহাবলা, ফিরায় মণ্ডলী করি।

করে ছুই জন, সঘনে গৰ্জন. যেমন ছুই কেশরী॥ ধায় দ্রুতগতি, যেন তুই হাতী, পদভরে কাঁপে কিতি। করয়ে গর্জন, চুই বুষে যেন, কম্পিত শেষাহিপতি 🎚 ফিরে মহাদত্তে. ভীম বামাবর্ত্তে, দক্ষিণে কৌরবপতি। পৰ্বত সমান, তুই বলবান, ফিরিছে পবন গতি॥ ৰাক্যুদ্ধ আগে, করে দোঁছে রাগে, কেহ আর নহে ঊন। ফিরাইছে গদা, ভীম মহাযোদ্ধা, ছুর্য্যোধন পুনঃ পুনঃ ॥ সাঞি সাঞি ডাকে, গদা ঘন পাকে, তুজনে ভ্রময়ে কোপে। টলমল করে. চুই পদভরে, স্ঘনে অবনী কাঁপে॥ যেন বজ্ৰপাত, তুই গদাঘাত, ঠনঠনি শব্দ শুনি। ভীম মহারঙ্গে, তুৰ্য্যোধন অঙ্গে. করে গদার ঘাতনি॥ খেয়ে কুরুনাথ, মহা গদাঘাত, পড়িল ধরণীতলৈ। ধৃতরাষ্ট্র পুত্র, পড়ি ক্ষণমাত্ৰ, সেইক্ষণে উঠে বলে ॥ গদা নিয়ে করে, পুনঃ তুই বীরে, मछनी করিয়া ফিরে। করে মহামার, গদার প্রহার, তুজনে হানে দোঁহারে॥ হ'য়ে কোপ মন, রাজা হুর্যোধন, গদা প্রহারিল ভীমে। কাঁপি থর থর, বীর ব্বকোদর, সঘনে পড়িল ভূমে॥ হ'য়ে অচেতন, পবন-নন্দন, ক্তনে পড়িল ঠায়।

বিনয় বচনে. দেখি নারায়ণে, জিজ্ঞাদেন ধর্মরায় ॥ কোরব ঈশ্বর, কহ দামোদর, ভীমে গদা প্রহারিল। হইয়া বিকল, ভীম মহাবল, যুদ্ধে অচেতন হৈল॥ মহাবলবস্ত. কৌরব ছুরন্ত, ভীম হৈতে বলবান। করে অবিরাম. প্রলয় সংগ্রাম, কহ হেতু ভগবান ॥ করহ শ্রেবণ, গোবিন্দ কহেন, ছুর্য্যোধন রণে কৃতী। ভীমদেন হৈতে, জানাই তোমাতে, বলাধিক কুরূপতি॥ হইয়া অস্থির, শুনি যুখিষ্ঠির, জিজ্ঞাসেন হরি স্থানে। তুৰ্য্যোধন কৃতী, বলিলা জ্ৰীপতি, বুঝি জয় নাহি রণে॥ রাজা হও শান্ত; কহেন শ্ৰীকান্ত, ভয় নাহি কর মনে। আছে সারোদ্ধার, উপায় ইহার, কহিব দেব এক্ষণে॥ স্থির হ'য়ে মনে, গোবিন্দ বচনে, রহিলেন ধর্মান্তত। পাইয়া চেতন, প্ৰন-নন্দ্ৰ, উঠিলেন অতি দ্ৰুত ॥ করিয়া মণ্ডলী, পুনঃ গদা তুলি, ল্ৰমে ভীম ছুৰ্য্যোধন। করাঘাত ছলে, নিজ উরুতলে. मात्रित्सन नात्राय्र ॥, ছিল বিস্মরণ, প্ৰননন্দ্ৰ, আপন প্রতিজ্ঞা কথা। কৃষ্ণের সঙ্গেতে, পড়িল মনেতে, হইলেন সব জাতা ॥ যুদ্ধান্তলে আছে, বলরাম কাছে, নাহিক অভান্ন রণ।

গদা প্রহারিতে, নাভির নীচেতে, শান্ত্ৰে নাহি কদাচন॥ প্ৰন-নন্দনে, এই ভয় মনে. অন্যায় করিতে মন। ় ভাবিল হৃদয় হলধর ভয়, রাম যদি ক্রুদ্ধ হন। দাত পাঁচ মনে, ভাবে ক্ষণে ক্ষণে, যে করুন হলধর। করিব আপন, প্রতিজ্ঞা পালন, প্রহারিব উরুপর ॥ গদা ল'য়ে তাহে. এইরূপে দোঁহে, মণ্ডলী করিয়া ভ্রমে। মারিতে সর্ববদা, তুর্য্যোধন গদা, উন্তম করিল ভীমে॥ উরূর উপর. ঝীর বৃকোদর, মারিতে না করে মন। মস্তক উপর. মারিতে সত্বর, ভাবিলেক হুর্য্যোধন ॥ শূন্যেতে উঠিয়া. এক লাফ দিয়া বারিব ভীমের গদা। কুরু নৃপমণি, এই অমুমানি, লাফ দিয়া উঠে তথা।। না যায় খণ্ডন. দৈবের কারণ, ছুৰ্য্যোধন লাফ দিতে। যেন বজ্ৰপাত. ভীম গদাঘাত, বাজে তাহার উরুতে॥ তুই উরু ভঙ্গে. লোক দেখে রঙ্গে, স্থূমে পড়ে ছুর্য্যোধন। চমকিত মন, দেখি দেবগণ, ভীম করে আস্ফালন॥ ভাবি অসুক্ষণ, ব্যাদের বচন. পাঁচালী কৈল রচন। অপূৰ্বৰ কাহিনী, গদাপৰ্ব্ব বাণী কাশীদাদের কথন ॥

হুর্যোধনের মস্তকে ভীমের পদাঘাত।

ইন্দ্র যেন গিরিভেদ করে বজ্রাঘাতে। উরুভঙ্গে কুরুবীর পড়িল তেমতে॥ কুরুপতি উরুষুগ দেখিয়া নয়নে। কামের অধীন হ'য়ে ভজে নারীগণে॥ হেন ঊরুভঙ্গ হ'য়ে পড়ে কুরুপতি। ছুরু ছুরু শব্দেতে কাঁপয়ে বস্থমতি॥ অন্সায় সমরেতে পড়িল কুরুহত। উৎপাত হইল তবে দেখিতে অদ্ভূত॥ বিপরীত বাত বহে নির্ঘাত সদৃশ। শিবাগণ কান্দে রক্তরৃষ্টি অসদৃশ। তুৰ্য্যোধনে চাহি ভীম বলিল বচন। 😊ন ওহে কুরুপতি মৃঢ় হুর্য্যোধন ॥ যাজ্ঞদেনী দ্রোপদীর কৈলে অপমান। তার ফল ভুঞ্জ এবে শুন রে অজ্ঞান॥ হেঁটমাথা করি আছে কুরু মহামতি। ভীম বামপদে শিরে মারিলেক লাথি॥ কুপার দাগর যুধিষ্ঠির দাধুজন। অশেষ বিলাপ করি ভীমদেনে কন॥ ওরে ভীম কি করিলি কর্ম্ম বিগর্হিত। এত অপমান করা অতি **অসু**চিত ॥ সমস্ত পৃথিবীপতি রাজা তুর্য্যোধন। ক্রেষ্ঠতাত ধৃতরাষ্ট্র রাজার ন'দন ॥ কেন তারে চরণ হানিলে কুলাধাম। কুরুনাথে মারিলে করিয়া অনিয়ম॥ সদাগরা পৃথিবীর রাজচক্রবত্তী। তাহার এমন কেন করিলে ছুর্গতি॥ মুগমদ চন্দন স্থগন্ধ স্থবাসিত। পদ্মশালা শিরে শেভি কাঞ্চন রচিত।। ভাক্ষর মুকুট মণি দিনকর প্রায়। ছুৰ্য্যোধন শিরোমণি ধরণী লোটায়॥ ওরে তুই ভীমসেন বড় গুরাচার। কেমনে করিলি বাম চরণে প্রহার॥ কুপাশীল যুধিষ্ঠির করিল ক্রন্দন। দেখিয়া বিশ্মিত হয় যত সভাজন॥

আপনি মরিলে ভাই, বান্ধবে মারিলে 🛚 নিজ কর্মদোষে ভাই রাজ্য হারাইলে ॥ সদাগরা পৃথিবীর ছিলা অধিকারী। ভূমিতলে পড়িয়াছ রথ পরিহরি ইন্দ্রের সমান তব প্রচণ্ড প্রতাপ। সিংহাদন ছাড়ি ভূমে এই বড় তাপ 🛭 মহারাজগণ নাহি পান দরশন। রাজ্যেশ্বর হ'য়ে এবে ভূতলে শয়ন 🏾 সহস্রেক বিভাধরী তব সেবা করে। মোহন পুরুষ তুমি সংসার ভিতরে॥ এবে তুমি লোটাহ পড়িয়া ভূমিতলে। পৃথিবী শাসিলে ভাই নিজ বাহুবলে 🛭 মাগিলাম পঞ্জাম কুষ্ণে পাঠাইয়া। পাপিষ্ঠ শকুনি বাক্যে না দিলে ছাড়িয়া। ভাই হ'য়ে চণ্ডাল হইলে মহারাজ। এতেক করিয়া ভাই কি করিলে কারু ॥ রাজার ক্রন্দন দেখি সকল সমাজ। পঞ্চালক সোম আর যত মহারাজ 🛚 কান্দয়ে দকল লোক যুধিষ্ঠির সনে। **ভূমে প**ড়াগড়ি যান রাজা হুর্য্যোধনে **ঃ** কান্দিলেন যুধিষ্ঠির শোকে মনোছঃখে। ব্দাসুপরে শির দিয়া কাঁদে অধোমুখে 🛭 ভাতৃবধ তাপে ধৈর্য্য ধরা নাহি যায়। ভাই ভাই বলি ক্লজা কাঁদে উভরায়॥ রাজপাট সিংহাসন সকল ত্যঞ্জিয়া। **সুমেতে লোটাও ভাই জ্ঞান হারাইয়া।** কুবুদ্ধি শুনিয়া ভাই না শুনিলে বোল। শুকুৰাক্য না শুনিয়া যমে দিলে কোল॥ রাজার লক্ষণ ভাই আছিল তোমাতে। তোষা হেন সভাবাদী নাহি অবনীতে 🏻 সমর সাগর ঘোর দেখি লাগে ভয়। একাকী করিলে রণ তুমি মহাশয় 🛭 তৰ ৰশ ঘূষিবেক এ তিন ভূবনে। পুত্রশোক ধৃতরাষ্ট্র সহিবে কেমনে 🛚 কি বলিয়া প্রবোধিব গান্ধার জননী। িক ৰলিয়া অখাসিব যতেক রুমণী।

এতেক বিলাপ করে ধর্ম নরপতি।
যুথিচিরে প্রবোধন আপনি শ্রীপতি॥
কি কারণে ক্রন্দন করহ গুণনিধি।
এই হুর্যোধন রাজা হুন্টের জলধি॥
সে কালে এ হুন্ট না ধরিল কার' বোল।
এখন সে মহাতাপে মৃহ্যু দিল কোল॥
একবন্ত্র রজঃম্বলা ক্রেপদকুমারী।
সভামধ্যে আনে তারে উপহাস করি॥
জতুগৃহে পোড়াইল তোমা পঞ্চজনে।
ভীমে বিষ দিল হুন্ট নিধন কারণে॥
অনেক পাপেতে রিপু গেল রসাতল।
হেন ছারে বল ধর্ম্ম ভাই মহাবল॥

শ্রীক্বফের প্রতি ছর্য্যোধনের কোপ। এতেক বলের যদি দেব নারায়ণ। ৬নি দুর্য্যোধন হ'ল অতি ক্রন্ধমন 🛭 বাহুযুগ পৃথিবীতে জাঁকি দিয়া ভর। হাঁটু অরোপিয়া ভূমি বলে নূপবর 🛚 कहिएक माशिम ठाहि कृरक्षत्र यस्त । বুঝিলাম নিজে মন্ত্রী তুমি নারায়ণ 🛚 কহিলে অৰ্জ্জনে তুমি উপদেশ বাণী। ভীমে জানাইল পার্থ চক্ষুকোণ হানি ॥ তোমার আদেশ মতে পাপী পাণ্ডুস্ত। অন্যায় সমরে বীর মারিল বস্তুত 🛭 কর্ণ ভুরিশ্রবা সোমদত্ত গুরু দ্রোণ। ষ্ণক্রায় সমরেতে মারিলা নারায়ণ 🛭 তোমার চরিত্র আমি ভালমতে জানি। পাণ্ডবের পক্ষ তুমি চিন্ত মম হানি 🛚 ধিকৃ ধিকৃ তোমার জীবন অকারণ। যেন আমি তেন তব পাণ্ডুর নন্দন ॥ তুমি সে মারিলা মম সকল সমাজ। ব্দামারে মারিয়া তুমি সাধিলা কি কাজ ॥ এত শুনি কেশব বলেন অতিশন্ন। **শুন চুফ্ট চুরাশ**র গান্ধারী তনর 🛚 আপনি মরিলে তুমি অধর্ম্মের ফলে। দ্রৌপদী সভীরে চাহ করিবারে কোলে ॥

তোর যত অধর্মে মরিল রাজ্ঞাণ। ভুরিশ্রবা দ্রোণ ভীম্ম কর্ণ মহাজন ॥ করিলে অধর্ম্ম যত তাহা পড়ে মনে। অভিমন্ত্য সপ্তর্থী মারিলে যথনে ॥ আপনি তোমার ঠাই গেলাম যথন। যুধিষ্ঠির লাগি পঞ্চ আমের কারণ। অঙ্গুলি প্রমাণ নাহি দিলে বস্তুমতি। এখন বান্ধব হৈল ধর্ম নরপতি॥ কুষ্ণের বচন শুনি বলে ছুর্য্যোধন। মা জানি মাধ্ব তব বীরত্ব কেমন ॥ জানিত্র পুরাণ বেদশান্ত্র ধর্ম্মাধর্ম। জগতে না দেখি কেহ করে হেন কর্ম। ক্ত হ'য়ে ক্জধর্ম করিত্ব পালন। এবে চলিলাম সঙ্গে ল'য়ে রাজগণ॥ বিধবা লইয়া রাজ্য কর যুধিষ্ঠির। স্বর্গেতে লইয়া যাই যত সব বীর॥ ছুর্য্যোধন নৃপতির শুনিয়া উত্তর। মহাকোপে বলিলেন দেব হলধর॥ অন্যায় সমর আজি করি আকর্ষণ। ছর্য্যোধন মহারাজে করিল নিধন ॥ এত বলি ক্রোধে কম্পে নাহি পরিমাণ। লাঙ্গল ধরেন হাতে স্থমেরু সমান॥ ়দারুণ প্রহারে মারি ভীম ছুরাচার। ্ব্যনিয়ম যুদ্ধ করে অগ্রেতে আমার॥ এত বলি লাঙ্গল যুড়িল হলধর। দেখিয়া পাইল ভয় যত চরাচর ॥ শশক্ষ হইয়া কছিলেন নারায়ণ। কোপ দূর কর প্রভু করি নিবেদন॥ একবক্সা রজম্বলা দ্রোপদী স্থন্দরী। শভামধ্যে তাহারে আনিল কেশে ধরি ॥ শানিয়া বদাবে বলি নিজ উরু'পর। সেই দিন প্রতিজ্ঞা করিল রকোদর॥ ্তেন কর্ম্ম করে ফুক্ট গোচরে আমার। সেই হেতু ভীম ঊক্ত ভাঙ্গিল উহার॥

পাতকের প্রায়শ্চিত হইল উচিত। আপনি এ সব কথা না আছ বিদিত ॥ আর কিছু পূর্ববকথা শুন হলধর। মৈত্রেয় নামেতে ছিল এক ঋষিবর 🛚 তার স্থানে অপরাধী ছিল দুর্য্যোধন। মৈত্র ঋষি অভ্যস্তরে ছিল কোপমন॥ তেজম্বী মৈত্রেয় ঋষি দিল তারে শাপ। ভীম তোর উরু ভাঙ্গি যুচাইবে তাপ 🛭 সত্য অঙ্গীকার ভীম কৈল সে কারণ। কুরুপতি উরু ভাঙ্গি করিল নিধন ॥ কত্র হ'য়ে কত্রধর্ম রাখে আপনার। ইহাতে করিতে ক্রোধ না হয় তোমার ॥ এতেক শুনিয়া ক্রোধ সম্বরেণ রাম। তুর্য্যোধনে প্রশংদা করেন অবিশ্রাম ॥ নিন্দা করি ভীমেরে বলেন বার বার। ধিকৃ ধিকৃ ভীমদেন জীবনে ভোমার ॥ আপনার বীরত্ব দেখালে ভালমতে॥ অন্যায় সমরে খ্যাতি রাখিলে জগতে ॥ আছিলেন ছুর্য্যোধন রণ পরিহরি। তুমি তারে মারিলে অত্যায় যুদ্ধ করি 🛚 হেন ছার সভাতে বদিতে না যুয়ায়। এত বলি রথে চড়ি যান যত্নরায় H তুর্য্যোধন রণ দেখি দেবগণ তুষ্টি হরিষে বর্ষণ করিলেন পুষ্পারৃষ্টি ॥ নুপগণে লইয়া গেলেন ধর্মরাজ। विषक्षवाद्य यांच शिविदत्रत्र मार्च ॥ যার যেই শিবিরে গেলেন সর্বজন। বেলা অবদান, অস্ত হইল ভপন ॥ বিজয় পাণ্ডব কথা অমুত সমান। অবহেলে শুনিলে বড়িয়ে দিব্যজ্ঞান ॥ যতেক আছয়ে তীর্থ পুথিবীমণ্ডলে। তার ফল লভে মহাভারত শুনিলে॥ মহাভারতের কথা হুধাসিষ্কৃবত। কাশীরাম দাস করে পাঁচালীর মত #

গদাপৰ্ব্ব সমাপ্ত।

দচিত্ৰ সম্পূৰ্ণ কাশীদাসী



নারায়ণং নমস্কৃত্য নরকৈ ব নরোত্তমম্। দেবীং সরস্বতীং ব্যাসং ততো জয়মূদীরয়েং॥

অখ্যামার পাণ্ডবনাশার্থ প্রতিজ্ঞা

- **জন্মেজ্য বলিলেন কহ** মুনিবর। কোন জন কি কর্ম করিল অতঃপর॥ মুনি বলে দ্রোণপুত্র রীজার সাক্ষাতে। মহা অহকার করি লাগিল বলিতে॥ অবধান মহারাজ কৌরব-ঈশ্বর এক কথা কহি আমি তোমার গোচর॥ ভীন্ন দ্রোণ কর্ণ আর শল্য আদি বীরে। সেনাপতি করিয়া পূজিলা সমাদরে । কোন কর্ম তোমার করিল কোন জন। সবে পাগুবের পক্ষ জানিহ রাজন।। দে কারণে তোমার না হৈল কিছু হিত। মম ইচ্ছা হয়, কিছু করিব বিহিত॥ ত্তব অপমান আমি সহিতে না পারি। সেনাপতি কর মোরে কুঁরু-অধিকারী॥ আমার বীরত্ব তুমি জ্ঞান ভালমতে। কোন্জন যুঝিৰেক আমার অগ্রেতে॥ ইন্দ্র যম বরুণ কুবের হুতাশন। মম সনে বিবাদে তরিবে কোন জন 🛚 একদিন যুক্তি না করিলে মম সনে। আপন বৈভব তুমি নাশিলা আপনে 🕸

জনম অবধি আমি তোমার পালিত। দে কারণে করিবারে চাহি তব হিত॥ আমার প্রতিজ্ঞ। এই 😎ন নরনাথ। পাঞ্চাল পাণ্ডবে আজি করিব নিপাত ॥ দ্রোণির বচন শুনি রাজা তুর্য্যোধন। সাধু সাধু বলিয়া করেন নিবেদন ॥ যে সব কহিলা মোরে গুরুর নন্দন। পাগুবের প্রিয় দবে বুঝিকু এখন॥ আর কেহ নাহি মুম শুন মহাশয়। আপনি যতাপি মম ঘুচাও সংশয়॥ **দেনাপতি তোমারে করিব আজি আমি** । যদবধি আছি, কিছু হিত কর তুমি॥ রাজার বিনয় শুনি জোণের নন্দন। গৰ্বৰ করি বলিল নাশিব সৰ্ববজন : কৌরবের পতি শুনি এতেক বচন। ক্সপেরে চাহিয়া তবে বলিছে তখন॥ শীত্রগতি জল আনি দেহ মহামতি। **আজি গুরুপুত্তেরে** করিব সেনাপতি ॥ এতেক বলিল যদি রাজা স্কুর্য্যোধন। তুই বীর চলিলেক কলের কারণ॥ কুপাচার্য্য কুতবর্ন্মা চলিল তথনি। কল অন্থেষণ করে **অ**শিধার রজনী।

স্থানে স্থানে ভ্রমে, জল খুঁজিয়া না পায়।
একত্র হইয়া দোঁহে ভাবেন উপায়॥
রাজার বচনে আদি জল অস্থেষণে।
জল নাহি পাই কি করিব হুই জনে॥
বলিলেন কুপ, শুন আমার বচন।
যুদ্ধকালে এনেছিল জল দৈন্তগণ॥
দেই জল বিনা আর না দেখি উপায়।
এত বলি হুইজন চলিল তথায়॥
মহাভারতের কথা স্থাদিফুবত।
কাশীরাম দাস কহে পাঁচালীর মত॥

অশ্বামাকে সেনাপতির অভিবেক। হেম কলসেতে বারি ল'য়ে তুইজন রাজার নিকটে যায় আনন্দিত মন॥ যথায় আছুয়ে রাজা তথায় চলিল। চুর্য্যোধন নিকটেতে জল আনি দিল ॥ দেখি আনন্দিত অতি কৌরবের পতি। অভিষেক করিতে উঠেন শী**প্র**গতি ৷ উরু ভাঙ্গি পড়িয়াছে উঠিতে না পারে। স্পর্শ করি দিল বারি <u>অখপামা</u> করে ॥ আপনি লইয়া বারি ঢালিলেক শিরে। এইরূপে দেনাপতি করিল দ্রৌণীরে॥ বিদায় হইয়া তবে বীর তিনজন। পাগুব শিবিরে যান সত্বর গমন ॥ যোর অন্ধকার নিশি পথ নাহি চিনি। খীরে ধীরে চলি যায়, শব্দ নাহি 🗢নি 🛚 হেনমতে কতদূর যায় তিনজন বুক্ষতলে বসি করে কথোপকথন॥ হেনকালে রাজা সেই রক্ষের উপরে। দারুণ সঞ্চান পক্ষী পান দেখিবারে॥ জাগি রহিয়াছে সেই ভক্ষণের তরে। নিদ্রিত সকল পক্ষী সকল সংসারে॥ দেখিয়া উপায় পেয়ে বলে অশ্বতামা। এক বৃদ্ধি পাইলাম কুপাচার্য্য মামা॥ কহিতে লাগিল পরে দ্রোপের কুমার। পাঞ্চাল পাগুবে আজি করিব সংহার।

এইমত অখখামা কহি তুই বীরে। হরষিত হ'য়ে যায় পাগুব-শিবিরে॥ রণজয় করিয়া হরিষ বড় মনে। হ্বখে নিদ্রো যায় সব পাগুব-নন্দনে ॥ এইকালে তিনজন উত্তরিল তথা। বীরদর্প করি দ্রোণি কহিলেন কথা। সবংশে পাগুবে আজি মারিব সমূলে। একজন না রাখিব পাগুবের কুলে॥ বলিলেন কুপ ইহা না হয় উচিত। নিদ্রিত জনেরে নাহি মারি কদাচিত। ভয়ার্দ্ধ শরণাগত নিচ্চিত যে জন। কখন না হেন জনে করি প্রহরণ॥ নিষেধ না মানি ইহা যেই জন করে। পঞ্চম পাতকী মধ্যে গণি যে তাহারে॥ আমার বচন তুমি শুন সাবধানে। ছেন কর্ম্ম বাসনা না কর কলাচনে॥ আপন কুকর্মে মজিলেক হুর্য্যোধন। ধার্ম্মিক পাণ্ডবে হিংদা করে অমুক্ষণ॥ পাগুবের সহায় সম্পদ নারায়ণ। তাহার অহিত করি জীবে কোন জন। তুর্য্যোধন হিতাহিত বিচারিয়া মনে। যত শক্তি আছিল যুঝিল প্রাণপণে ॥ তখন নারিলে যুদ্ধ করিক্তে এখন। তুর্বন্ধি ছাড়িয়া তাত স্থির কর মন॥ পিতৃবৈরী যদি চাহ করিতে নিধন। রণ মধ্যে ধরি বাপু কর নিপাতন 🛭 সংকর্মা করিবে তাত মনে বিচারিলে। অসৎপথে পদার্পণ কিছেতু করিলে ॥ সৎকর্ম সাধন তাত করহ যতনে। অসৎকর্ম্ম করিবারে ইচ্ছা কেন মনে 🛭 এখন যে কহি আমি শুন সাবধানে। তিনজন চল যাই ধৃতরাষ্ট্র স্থানে॥ সবাকার অধিকারী হন অন্ধরাজ। সে যেমত কঁহিবে করিব সেই কাজ। সৌপ্তিকপর্বের কথা অমতের ধার। कानी करह स्थितिल अ वर्ष हरव शांत्र ॥

শিবিরের হারে অখথামার শিবদর্শন। ক্রপের বচন শুনি ফ্রোণের নক্ষন। ই চক্ষু রক্তবর্ণ কহিছে বচন॥ রিয়াছি প্রতিজ্ঞা রাজার বিগ্রমানে। কল করিব নফী তোমার বচনে 🛭 ক্সধর্ম আছে হেন কহে জানিজন। ত্র হ'রে করিবেক প্রতিজ্ঞা পালন । দ্বীণি বলে যাব আমি শিবির ভিতর। ात्र कांकि त्मर यमि **श्राटन थाटक** छत्र ॥ ীনিয়া কছেন শিব ছদ্মবেশধারী। রী রকা করি আমি হইয়া তুয়ারী 🛭 কৈশ্বর আছি আমি ঘারের রক্ষণে। ামা না জিনিয়া প্রবে যাইবে কেমনে ॥ 🖟 নিয়া কুপিত দ্রোণি মারে নানা বাণ। 🗿 মেলি সে দব গিলেন ভগবান 🛭 ্ছ বাণ এড়ে দ্রৌণি খানু ত্রিলোচন। িখিয়া বিশ্বয় মানে ডোণের নন্দন 🛭 🔊 তুণ হৈল আর অন্ত্র নাহি তাতে। িশ্বর মানিরা ডৌণি লাগিল ভাবিতে॥ মান্ত মকুষ্য নাহি হবে এইজন। ্রীপ গিলে নর হ'য়ে, না দেখি এমন॥ ক্লুক্ষাসা কুরিল ত<u>রে</u> দ্রোণের নন্দন। ক নিবেলীন মম শুন মহাজন ॥ ক্লণ অশ্বীর অন্ত আপনি গিলিলা। ত বাণ থেয়ে কিছু ব্যথিত নহিলা॥ 😕 হৈল ভূণ মন, বাণ নাহি আর। ভাষার চরিত্র দেখি লাগে চমৎকার 🛚 ানু দেব তুমি হও কহ মহাশয়। ক্ষুগ্রহ করি নাশ করহ সংশয়॥ হৈতক বলিল যদি ডোণের নকন। ীবোধিয়া ভাগুৱে কৰেন ত্ৰিলোচন॥ ্ৰীহি জান জোপপুত্ৰ আমি কোনজন। ৰনাথ নাম মম জানে বিশ্বজন ॥ ত শুনি কৰে দ্রৌণি যোড়' করি হাত। লা করি মোরে ঘার ছাড় বিখনাও 🏾

ধূর্জনটি বলেন ইহা কেমনে পারিব। পাণ্ডবের আজা বিনা ছাড়িতে নারিব 🛚 চিন্দ্রিত হইল দ্রোণি শুনিয়া বচন। ভাবে মনে উপায় কি করিব এখন 🛚। কি করিব কি হইবে ভাবে দ্রৌণি বীর। শিব পূজা করিব অন্তরে করে স্থির 🛚 এত বলি গড়ে লিঙ্গ মৃত্তিক। লইয়া। বিশ্বনাথে অর্কিলেন বিল্পত্র দিয়া ॥ শক্রবে করিয়ে ক্ষয় অপেষ প্রকারে। বলে ছলে কৌশলে নাশিব অকাতরে ॥ কত্রধর্ম্ম লইয়াছি ত্রাহ্মণ হইয়া। वाशिव कि जियभ विश्व मः शिवा ॥ আমারে মন্ত্রণা দিলা নিজশক্তিমত। কেবা এত অজ্ঞান করিবে সেইমত॥ তুরাচার রিপু মম ত্রুপদ-নন্দন। অক্যায় সমরে তাতে করিল নিধন 🛭 সেই কোপে আজিও আমার তকু স্থলে। নিতান্ত বধিব আজি নিজ বাছবলৈ ॥ তাহে গেইজন তার হইবে সহায়। তার সহ মারিয়া পাঠাব যমালয় 🛭 যেই দিন ধুউদ্বান্ধ নাশিলেক তাতে। অঙ্গীকার করিয়াছি সবার সাক্ষাতে ॥ ব্রহ্মবধী পাতকী অধম গুরাচার। ভাহাকে মারিতে হেন উন্তম আমার॥ পাঞ্চাল পাগুবে আমি করিব নিধন। পরিতৃষ্ট হইবে ভূপতি হুর্য্যোধন॥ হঠা কঠা অন্নণাতা জনম অবধি। প্রাণপণ করিয়া তাহার কার্য্য সাধি # গৃহমধ্যে শ্রেষ্ঠ যেইজন অন্নদাতা। ভাহারে তুষিতে পাপ নাহিক সর্বাথা ॥ ছুর্ব্যোধনে তুষিব মারিব পিছুবৈরি। সস্তুন্ট হইবে মোরে কুরু অধিকারী। এত বলি গর্মের বীর ফ্রোণের নন্দন। নিঃশব্দে রহেন কুপ না কছে বচন ॥ মহাবেগে যান দ্রোণি অভি ক্রোধমনে। পাছ পাছ তুইকনে চলে ভার সনে ।

মহাভারত **



শিবের সহিত অশ্বত্থামার যুদ্ধ।

শিবির নিকটে উভরিল তিন জন।
পশিতে বিরোধী হৈল নর এক জন ॥
বিস্তৃতি স্থাণ তার অঙ্গে ফণিহার।
চতুসুজ ত্রিলোচন শিরে জটাভার ॥
ব্যাপ্রচর্ম্ম পরিধান করেতে ডম্মুর।
দিব্যরূপ ছারে বিদ আছে মহাশূর ॥
এইরূপে ছার রক্ষা করেন শঙ্কর।
নিষেধ করেন তারে যাইতে ভিতর ॥
গঙ্গালজলে পুষ্প দিয়া করিল অর্চন।
পূজা সারি স্তব করে জোণের নন্দন ॥
কাশীরাম দাস কহে শুন সর্বজন।
যেইরূপ স্তব করে জোণের নন্দন॥

অখখামা কর্ত্তক শিবের স্তবা শুন প্রভু দিগন্বর, বাঞ্চা পূর্ণ কর হর, সামি দীন হীন অভাজন। **আ**মি তব **অমুগ**ত. ক্ষমা কর দোষ যত্ নাহি জানি ভজন পূজন। আকাশ পাতাল ভূমি, স্থাবর জঙ্গম ভূমি, मन मिक अन्ते कुलाइल। কিতি অপ তেজঃ ব্যোম্পবন ভাস্কর সোম্ তব মৃত্তি বিশেষ সকল 🏽 কি কব তোমার তত্ত্ব, ভূমি রজঃ ভূমি সত্ত্ব, তমোগুণে করহ সংহার। পড়িয়াছি এই দায়, উদ্ধার করহ তায়, তোমা বিনা কেবা আছে আর ॥ च्छनिवहीन छन् হের প্রস্তু ত্রিলোচন, লক্ষা রক্ষা কর এইবার। কাতর এ দীন জানি, কুপা কর শূলপাণি, তোমা বিনা গতি কি আমার ॥ হ্মতি কুমতি দাতা, তুমি স্বাকার ধাতা, পাষও কি জানিবে মহিমা। ভম্কজনে জানে তম্ব. **७ ठवरन मना मख**् গুণাতীত গুণে নাই দীমা॥ ত্ব ভক্ত যেই জন্তার নহে ছংখী মন, সদা হথে ৰক্ষে চিব্নকাল।

অভক্ত তোমার যেই, দদা ফু:খে মরে সেই. বন্ধ থাকে নাহি কাটে কাল ! छात्नामय नाहि हय. नमा व्यक्तकात्रमय. রুপা সেই ভ্রমে অবিরত। না বুঝে ধর্ম্মের মর্ম্ম, যেমতে আপন কর্ম, ফল পায় দেই দেইমত। যদি জ্ঞান হয় তার, 🔻 তবে ঘুচে ব্দদ্ধকার, তব পদ আশ্রেঘ করিলে। দিনে দিনে বাড়ে মান. পুনঃ হয় পুণ্যবান. ভক্তিতে কেবল ইহা মিলে 🏽 এমন নামের গুণ িনিগু ণৈর ক্ষমে 🐯ণ. গুণিগণে অধিক বাহুল্য। যেই জন নাম লয়, অনায়াদে মুক্ত হয়, পৃথিবীতে নাহি তার তুল্য 🛭 এত বলি দ্রোণপুত্র, ন্তব করি শুদ্ধচিন্ত, মহেশের ভুলাইল মন। সদয় হইয়া হর, তারে কন নিতে বর, কি বাসনা বলহ এখন ॥ (खोिंग वरन ७३ वत्र, प्रह प्रव पिशचत्र, বাঞ্ছা পূর্ণ যেন সম হয়। করি গিয়া শক্রনাশ, ধার ছাড়ি কৃতিবাস, এই বর দেহ মহাশয়॥

সম্পামার শিবিরে প্রবেশ ও গৃইছারাদি বধ।
গিরিশ বলিল ইহা করিতে না পারি।
পুরী রক্ষা করি আমি হইয়া যে দারী।
এ বর ছাড়িয়া মাগ যাহা লয় মন।
টোণি বলে অন্ত বরে নাহি প্রয়োজন।
যদি কদাচিৎ এই বর নাহি দিবে।
বলিদান গ্রহণ করহ দেব তবে।
দিব্য সন্ত্র যুড়ি অগ্রে দ্বালিল অনল।
পুড়িয়া মরিতে যায় দ্রোণি মহাবল।
বহু স্তব করিতে দে না করিল জেটি।
নিবারিয়া বর মাগ বলিলা ধূর্জ্জটি।
কোণি বলে যদি বর দিবে জিলোচন।
কুপায় করহ মম প্রতিজ্ঞা পূরণ।

স্তবে বশ শঙ্কর দিলেন সেই বর। পুনরপি বলে জৌণি যুড়ি হুই কর॥ আর এক অসুগ্রহ কর শূলপাণি। কুপা করি দেহ মোরে তব খড়গখানি॥ খড়গ দিয় অন্তরে গেলেন পশুপতি। কুপেরে চাহিয়া বলে দ্রৌণি মহামতি॥ দার আগুলিয়া দোঁতে রহ এইথানে। কাটিও তাহার মাথা আসিবে যে জনে॥ খড়গ হস্তে শিবিরে পশিল বীরবর। নিদ্রাগত ধৃষ্টপ্কান্ন খট্টার উপর॥ পিতৃবৈরী পেয়ে বীর মহাকোপমনে। হাসিয়া ধরিল তবে পাঞ্চাল-নন্দনে॥ দ্রৌণিরে দেখিয়া বীর বিষণ্ণ বদন। গদগদস্বরে বলে পাঞ্চাল-নন্দন॥ খড়েগ মুগু কাটি মোরে না কর নিধন। যুদ্ধ করি কর বীর স্বকার্য্য সাধন॥ দ্রোণি কলে ত্রহ্মবধী ছুফ্ট ছুরাচার। পশুবৎ করি তোরে করিব সংহার॥ এত শুনি ধুষ্টপ্রান্ধ কছে আরবার। বিনা যুদ্ধে না মারিছ দ্রোণের কুমার॥ যুদ্ধেতে হইলে মৃত্যু স্বর্গেতে গমন। এই কার্য্য কর বীর দ্রোণের নন্দন॥ ধুষ্টত্মস্ত্র-বচন শুনিয়া নাহি শুনে। বক্তমুষ্টি কীল তায় মারে জ্যোধমনে॥ হস্ত পদ উদরেতে করিল প্রবেশ। পশুবৎ করিয়া ভাঙ্গিল মধ্যদেশ ॥ ভীম যেন কীচকেরে করিল সংহার। সেইমত করিলেন কুত্মাণ্ড আকার॥ একেশ্বর দ্রোণপুত্র বারে স্বাকারে। নিশাযোগে ঘোর রণ শিবির ভিতরে॥ হাহাকার মহাশব্দ হয় আচন্দ্রিতে। প্রাণভয়ে পলাইতে চাহে দারপথে॥ অসি হন্তে তুইজন রক্ষা করে দ্বার। বাহির হইতে তারা করয়ে সংহার॥ বিপাকে পড়িয়া তারা না দেখে নিষ্কৃতি। ঘোর রণ করে সবে দ্রোণির সংহতি॥

দ্রোণপুত্র অশ্বত্থামা রণেতে প্রচণ্ড। কাটিল সকল সেনা করি খণ্ড খণ্ড॥ দাবানল বন যেন করয়ে দাহন। সেইমত কাটে সেনা দ্রোণের নন্দন 🛭 দ্রৌপদীর পঞ্চপুত্র ছিল এক ঘরে। এক ঠাঁই শুয়েছিল পঞ্চ সহোদরে॥ হাত বুলাইয়া দেখে দ্রোণের নদন। ভাবিল পাণ্ডব এই ভাই পঞ্চজন ॥ মুখে বন্ত্র বান্ধিয়া কাটিয়া পাড়ে শির। একে একে পঞ্চমুগু কাটে দ্রৌণি বীর। পঞ্চমুগু বসনে বান্ধিয়া দ্রোণহৃত। পাণ্ডবে জিনিয়া মনে বড় হর্ষযুত ॥ জাগিয়া শিখণ্ডী ধন্মুৰ্ব্বাণ নিল হাতে। করয়ে দারুণ যুদ্ধ দ্রোণির সহিতে॥ বাণে বাণ নিবারয়ে দ্রোণের কুমার ৷ এইরূপে মহাযুদ্ধ করে মহামার॥ তীক্ষ অসি ল'য়ে বীর দ্রোণের কুমার 🛭 মণ্ডলী করিয়া যুঝে বীর অবতার॥ ধরাধরি করি দোঁহে করে মহারণ। মুণ্ডে মুণ্ডে বুকে বুকে চরণে চরণ॥ মল্লযুদ্ধ করি দোঁহে ক্ষিতিতলে পড়ি। করিয়া **অতুল** যুদ্ধ যায় গড়াগড়ি॥ কখন উপরে দ্রোণি শিখণ্ডী কখন। দোঁহার প্রহারে দোঁহে অতি ক্রোধমন ॥ প্রাণপণে শিখণ্ডী মারয়ে দ্রোণস্থতে। নাহি ফুটে অঙ্গে তার দৈববল হৈতে॥ বজ্রমুষ্ট্যাঘাত মারে শিখণ্ডীর মাথে। ভাঙ্গিল মস্তকখান বজ্রমুষ্ট্যাঘাতে॥ এইমত শিখণ্ডীকে করিয়া সংহার। একজন অবশেষে না রাখিল আর॥ পঞ্চমুগু ল'য়ে জৌণি চলে হরষিতে। দোঁহাকার সঙ্গে আসি মিলিল ঘারেতে॥ **টোণি বলিলেন মম প্রতিজ্ঞা** পূরণ। পাণ্ডব প্রভৃতি আর নাহি একজন। পঞ্চ পাশুবের মুগু দেখহ দাক্ষাতে। দুর্য্যোধনে দিব, ল'য়ে চলহ ত্ররিতে ॥

রাজার নিকটে আদি বীর তিনজন।
দর্প করি কহে কথা দ্রোণের নন্দন॥
অবধানে কথা শুন রাজা দুর্য্যোধন।
মারিলাম তব শক্রু পাণ্ডুর নন্দন॥
পাঞ্চাল বিরাট আদি যত বীর ছিল।
দকলে আর্মার হাতে আজি মারা গেল॥
যে প্রতিজ্ঞা করিলাম সাক্ষাতে তোমার।
আজি আমি করিলাম পালন তাহার॥
পঞ্চ পাণ্ডবের মুগু দেখহ সাক্ষাতে।
এক জন না রাখিমু পাণ্ডব-দৈন্যেতে॥
এত শুনি হর্ষিত হৈল দুর্য্যোধন।
সাধু সাধু বলি রাজা বলিল বচন॥
মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

इर्व विवादि इत्याधित्वत्र मुक्रा। পড়িয়া আছিল রাজা ভূমির উপর : বাহুযুগে ভর দিয়া উঠিল সম্বর ॥ রিপু নাশ শুনি রাজা তৃষ্ট হৈল চিত্তে। পাগুবের মুগু রাজা চাহিল দেখিতে॥ ধন্য মহাবীর তুমি গুরুর নক্ষন। আমার পরম কার্য্য করিলে সাধন॥ পঞ্চমুণ্ড দেহ আমি দেখিব নয়নে। ভীমের মস্তক আমি ভাঙ্গিব চরণে॥ শুনি পঞ্চমুগু দ্রোণি দিল সেইক্ষণে। হাত বুলাইয়া দেখে রাজা তুর্য্যোধনে ॥ কৃষ্ণার দ্বিতীয় পুত্র ভীমের আকৃতি। ভীম বলি সেই মুগু নিল কুরুপতি॥ হুই করে সেই মুগু ভাঙ্গিয়া ফেলিল। তিলবৎ মুগু গোটা গুঁড়া হ'য়ে গেল॥ দেখিয়া কৌরবপতি মানিল বিশ্ময়। পাণ্ডবের মুগু নহে জানিল নিশ্চয়॥ একে একে পঞ্চমুপ্ত ভাঙ্গে ছুর্য্যোধন। জানিল পাণ্ডৰ নহে এই পঞ্জন 🛙

পর্বত সদৃশ মম গদা গুরুতর। কত প্রহারিমু তার মস্তক উপর॥, পর্ববত ভাঙ্গিতে পারে করিয়া আঘাত। তুরস্ত রাক্ষসগণে করিল নিপাত॥ মারে বক হিড়িম্ব কিম্মীর নিশাচর। জটাস্থর কীচক শতেক সহোদর॥ হেন ভীমে কাটিতে কি দ্রৌণির শকতি। এত বলি নিশাস ছাড়িল কুরুপতি॥ বিষাদ ভাবিয়া কহে দ্রোণের নন্দনে। দ্রোপদীর পঞ্চপুত্র ভাই পঞ্চতনে॥ শিশুগণে সংহারিয়া কি কার্য্য সাধিলা। কুরুকুলে জলপিগু দিতে না রাখিলা॥ পাণ্ডবে মারিতে পারে কাহার শকতি। যাহার সহায় হরি কমলার পতি॥ নির্ববংশ করিলে তুমি ভাই পঞ্চজনে। কুরুকুল বংশহীন হৈল এত দিনে॥ এত বলি বিষাদ করিল বহুতর। হরিষ বিষাদে রাজা ত্যক্তে কলেবর ॥ কাহার শরণ লব কে করিবে তাণ। তব কর্মদোষে আজি হারাইব প্রাণ ॥ এইরূপে খেদ করি করয়ে বিচার। দম্ভ করি বলে তবে দ্রোণের কুমার॥ রণ করি পাণ্ডৰে পাঠাব যমালয়। মারিব পাণ্ডবে আমি কহিনু নিশ্চয়॥ ব্রহ্ম অস্ত্র আছে যেই আমার সদনে। কার শক্তি হইবেক তাহার বারণে॥ এইমত তিনজনে করিয়া বিচার। ভাবে রণসিন্ধু মধ্যে কিসে হব পার॥ এইরূপে তিনজন ভাবিতে লাগিল। ইতিমধ্যে বিভাবরী প্রভাত হইল। প্রাণভয়ে তিনজন তথা নাহি রয়। চলিল নগর মুখে সশক্ষ হৃদয়॥ ভারত সৌপ্তিকপর্ব্ব অপূর্ব্ব কথন। পয়ার প্রবন্ধে কাশীদাস বিরচন ॥

সৌপ্তিকপর্ব্ব সমাপ্ত।

সচিত্ৰ, সম্পূৰ্ণ কাশীদাসী

মহাভারত।

ঐষিকপর্র।

-0+>+0

নারায়ণং নমস্কৃত্য নরকৈব নরোত্তমম্।° দেবী সরস্বতীং ব্যাসং ততে। ক্রয়মূদীরয়েৎ ॥

भक्तभूत्वत्र मृञ् अवत् यूधिष्ठैतानित त्थन । জ্ঞদ্মেজয় বলিলেন কহ তপোধন। ধুষ্টত্যুদ্ধে বধি গেল দ্রোণের নন্দন 🛭 শুনিয়া কি করিলেন ধর্মের নন্দন। বিস্তারিয়া সেই কথা কহ তপোধন 🛭 মুনি বলে শুন পরীক্ষিতের তনয়। সর্বব দৈন্য বধি গেল রজনী সময়। শোকাবেশে রজনী হইল স্বপ্রভাত। ডাকে কাক কোকিল উদয় দাননাথ ! ধ্বউত্মন্ত্র সারথি আছিল নিশাকালে। জীবন রাখিয়াছিল মড়ার মিলালে। ্প্রলয় মানিয়া মনে পাইল তরাস। দেখিল নিভূতে রহি সকল বিনাশ 🛭 রবির প্রকাশে নিশা প্রদন্ধ দেখিয়া। ৰুধিষ্ঠিরে বার্ত্তা দিতে চলিন্স ধাইয়া । ব্দাছে বা না আছে ধর্ম মনের ভাবনা। উরুতে চাপড় মারে রোদন বিমনা ॥ কান্দিতে কান্দিতে গেল যথা ধর্মবাজ। উপনীত হইয়া কহিছে সভামাঝ॥ অবধান কর রাজ। ধর্মের নন্দন। নিশাকালে বধি পেল সব সেনাগণ।

ধুষ্টগ্রহ্ম আদি করি যত বীর ছিল। দ্রোপনীর পঞ্চপুত্র সহিত মারিল। নিশাতে আদিয়া তুষ্ট দ্রোণের নন্দন। অকস্মাৎ শিবিরেতে করিল গমন 🛚 নিদ্রায় কাতর ছিল যত সেনাগণ। একে একে মারিলেক নাহি একজন॥ মৃত সঙ্গে ছিমু আমি করিয়া প্রকার। বার্ত্তা দিতে আদিয়াছি অগ্রেতে তোমার 🛭 শুনিয়া করেন খেদ ধর্ম্মের নন্দন। সকলি করিল নফ্ট দ্রোণি চুফ্টজন। কিরূপে এমন যুদ্ধ হৈল কহ শুনি। সূতপুত্র বলে অবধান নৃপমণি 🛚 ইহার র্ত্তান্ত রাজা কি বলিব আর। কালি নিশাকালে দৈন্ত করিল সংহার 🛭 কোন দেবে সহায় করিয়া কি আইল। কোন দেবভায় সাধি এ বর পাইল 🛚 ধৃফীত্ম্য শিখণ্ডী প্ৰভৃতি ৰীরবর। সংগ্রামের পরিশ্রমে শ্রান্ত কলেবর 🛭 শিবিরে নিশায় সবে আছিল শয়নে। আসিয়া দ্রোণের পুত্র বধিল জীবনে 🛭 যার যত সেনা ছিল হুজৰ বান্ধব। একাকী বধিয়া পেল দেখি অসম্ভব ॥

त्क्षोभनीत्र भक्षभूव मवात्र कीवन । নিদ্রোয় কাটিল শির দ্রোণের নন্দন॥ সংহতি বাহিনী যত ছিল সম্বোধিতে। সকল মারিল শেষ জান নরপতে।**।** রমণী আছিল যত যাহার সংহতি। অঙ্গ ভঙ্গ করিয়া রাখিল মারি লাখি॥ অশ্বত্থামা তুর্ন্মতির দয়া নাহি প্রাণে। কাতরে চরণে পড়ে তবু শিরে হানে॥ অন্ত্র শস্ত্র বিবর্জিজত ছিল যত সেনা। কেহ বা শয়নে ছিল হ'য়ে অচেতনা 🛭 কেশে ধরি আনি ভার শির ফেলে কাটি। নিদ্রায় কাতর **অ**তি করে ছটফটি 🛭 তোমাকে কহিতে বিধি রাখিল আমায়। ্য ছিল মরিল সবে শুন ধর্মরায়॥ শুনি রাজা ভূমিতে পড়েন অচেতনে। যেমন পড়ায়ে রক্ষ মূলের ছেদনে ॥ দস্বিত পাইয়া রাজা করেন বিলাপ। কি করিতে কি হইল কত ছিল পাপ ॥ এখন কি করি আর লইয়া ভূবন। সর্বব শৃন্য দেখি এবে সব অকারণ ॥ যুনিগণ সহ ভাল ছিলাম কাননে। পাপভোগ হয় মম রাজ্যের কারণে॥ জ্ঞাতি বন্ধুগণ যত শশুর মাতৃল। মায়া হেতু আদি দবে হয় অনুকূল 🛚 ধৃষ্টপ্রাপ্ত আদি হেন সহায় আমার। কোথায় শিখণ্ডী স্থা না দেখিব আর 🛭 কুটুম্ব প্রধান মম হিতকারী জন। বলিষ্ঠের শ্রেষ্ঠ ছিল হুফের দমন।। পুত্র পৌত্র দঙ্গে করি পরম উল্লাস। আসিয়া আমার কার্য্যে ইইল বিনাশ ॥ বুদ্ধিমস্ত মহারাজ অতুল পৌরুষে। কিতিতে প্রধান ইন্দ্র গণি যে বিশেষে 🛭 সাধিয়া আপন কার্য্য স্বচ্ছন্দ শয়নে। গুরুপুত্র আসি নাশে ধর্ম নাহি মানে 🛚 ৰাম ধার কত রাজা করেন বিলাপ। বকার্য্য সাধনে মম হৈল মনস্তাপ ॥

অভিমন্থ্য মরে রণে মহাযুদ্ধ করি। সেই মহাশোক আমি পাসরিতে নারি॥ দ্রৌপদীর পঞ্চপুত্র নিদ্রায় আছিল। মৃত্মতি অখখামা সবারে মারিল ॥ আমার হিতের হেতু ছিল যত জন। গৃহেতে না গেল সবে হইল নিধন 🛭 জননী রমণী যারা আছয়ে আলয়। কান্দিয়া কতেক নিন্দা করিবে আখায় 🛭 এ সব ভাবিয়া মম স্থির নহে মন। এমন হইল দশা দৈবের ঘটন 🛭 বীরশৃন্ত হইলাম নাহি কিছু সেনা। রুথা রাজ্যে কার্য্য নাহি সংদার বাসনা ॥ বাঞ্ছা করি পুনঃ গিয়া বনবাদ করি। তপ আচরণ করি হৈয়া ব্রহ্মাচারী।। ভীম্ম দ্রোণ কুপ কর্ণ মন্ত্রপতি আদি। এক এক বীর জিনে পৃথিবী অবধি॥ সবারে করিত্র জয় কৃষ্ণ সহকারে। (क कात्न क्रुक्तन। त्निरंघ चिरित व्यामादत्र ॥ রাজার বিলাপ শুনি কান্দে সর্বজন। (फ्रोभनी काम्मिश वटन कक्रन वहन **॥** পিতৃ ভ্রাতৃ আদি করি যত বন্ধুগণ। এককালে অকুস্মাৎ হইল নিধন # 😊নিয়া নিষ্ঠুর বাক্য হরিল চেতনা। মস্তক উপরে যেন পড়িল ঝন্ঝনা ॥ উচ্চৈঃম্বরে কান্দে দেবী পড়ে অঞ্জল। ভাই ভাই বলি কান্দে হইয়া বিকল ॥ জয় হেন মানি চিত্তে আনন্দ বিশাল। তার বিপরীত আজি ঘটাইল কাল # যেমন আনন্দ হৈল তেন নিরানন্দ। ভাবেয়। কি হবে এবে বিধি কৈল মন্দ ॥ এমত কৰিবে বিধি জানিব কেমনে। কৌরব সাহত ছব্দ শ্রহল যথনে ॥ সকল করিয়া নাশ আপনি বিনাশ। পাপ রাজ্যে কার্য্য নাহি যাব বনবাস ॥ উজ্লে হইয়া দাঁপ্তে হইল নিকাণ। আমার বৈভব লাভ তাহার সমান #

সেইরূপ দৈশ্য ছিল যামিনী শোভনে। সকল বিনাশ হৈল নাহি দেখি দিনে॥ এককালে নানা শোক উপজিল আদি। ্শোক-দিন্ধু মধ্যে আমি তৃণ হেন ভাগি॥ কফ্টভাগ্যে কফ্ট হয় নাহি হয় দূর। সমুদ্ধরে পাই তুঃখ দ্রুপদের পুর॥ লক্ষ রাজ। স্বরন্ধরে করিল গমন। লক্ষ্য বিন্ধি প্রাপ্ত হইল ইন্দের নন্দন॥ তাহাতে অনেক কফ্ট পাইমু অপার। কৃষ্টের কুপায় তাহা হইল নিস্তার॥ ইন্দ্রপ্রস্থে রাজা হইলেন ধর্মরাজ। ভূবনে বিখ্যাত হৈল রাজসূয় কাজ॥ ত্রিভুবনে নিমন্ত্রণ হইল সবারে। কত শত রাজা আসি রহিল হুয়ারে॥ কুবের সম্পদ জিনি হইল বৈভব। পৃথিবীতে একচ্ছত্র হইল পাণ্ডব॥ জনে জনে বিষয় দিলেন যুধিষ্ঠির। সম্পদের সংখ্যা নাহি পূর্ণিত মন্দির॥ দেখি তুর্য্যোধন রাজা করিল মন্ত্রণা। শকুনি পাপিষ্ঠে আনি দিলেক যন্ত্রণা ॥ পাশা খেলি রাজ্যধন হরিয়া লইল। সভামধ্যে আমার যে চুলেতে ধরিল॥ বস্ত্রহরণের কফ দিল ছঃশাসন। কতেক কহিব তাহা না যায় কথন॥ আৰুৰ্ষণ করি কেশ টানে পুনঃ পুনঃ। কেহ কিছু নাহি বলে সকলি বিগুণ 🛭 তুর্য্যোধন পাপমতি দেখাইল উরু। এ কারণে ভাঙ্গে ভীম মারি গদা গুরু॥ কর্ণ তুষ্ট আমারে বলিল কুবচন। মরণ অধিক হৈল না যায় কথন॥ যে কফ্ট হইল তাহা নারি কহিবারে। অসঙ্গল দেখি ব্দন্ধ চিন্ধিল বিচারে ॥ আমারে ডাকিয়া অন্ধ দিল বরদান। ধন রাজ্য দিয়া পুনঃ করিল সন্মান ॥ বর পেয়ে নিজ রাজ্যে করিত্ব গমন। পুনঃ পাশা খেলি ছুক্ট পাঠায় কানন 🛚

বনবাদে নানা কষ্ট হইল ভুগিতে। কত দিনে ছুর্য্যোধন বিচারিল চিতে॥ তুৰ্বাদা মুনিৰে পাঠাইল দেই বন। শিষ্য ষাটি সহজ্ৰ লইয়া তপোধন ॥ তবে কত দিনে জয়দ্রথে পাঠাইল। আসিয়া আমার বাসে অতিথি হইল॥ শূতাঘর দেখি তুফী হরিল আমায়। ধর্ম রক্ষা করিলেন আমারে সে দায়॥ অনস্তরে গিয়া আমি বিরাট আলয়। সৌরিক্সী হইয়া তুঃখ ভুগিলাম তায় ॥ তবে কত দিনে হুন্ট কীচক হুৰ্ম্মতি। আমাকে দিলেক হুঃখ অতি পাপমতি॥ প্রকারে মারিল ভীম রজনী সময়। তবে পাইলাম রক্ষা কুঞ্চের কুপায় ॥ না জানি কি আছে আর বিধাতার মনে। জটাহুর দিল হুঃখ কাম্যক কাননে ॥° বলে ল'য়ে যায় তুষ্ট পুষ্ঠেতে করিয়া। তাহাকে মারিল ভীম গনা আক্ষালিয়া॥ তাহাতে পাইনু রক্ষা কুষ্ণের কুপায়। কত ছুঃখ কব আর কহা নাহি যায়॥ এই সব হুঃখ শ্মরি জ্বলে বহ্নিজ্বালা। কত আর নিভাইব হইয়া অবলা ॥ এবে শক্র বিনাশিয়া মনে হৈল আল। গত-নিশি আমার ঘটিল সর্বনাশ॥ এখন' জীবন ধরে এই পাপ তন্ত্ব। আমার উচিত হয় পশিতে কুশাসু 🛭 পিতৃ ভাতৃ পুত্রশোকে স্থলে কলেবর। যেমন গরল জ্বালা জ্বলিছে অন্তর॥ কান্দিয়া শক্তর নারী মনে পায় ব্যথা। তাহার অধিক মোর করিল বিধাতা॥ দ্রোপদী ক্রন্দন শুনি ভীম ধনপ্রয়। অবদন্ন বিষণ্ণ দেখেন শৃন্যময় ॥ বিহ্বল হইয়া পড়ে মাদ্রীর নন্দন। দ্রোপদী হইতে করে অধিক ক্রন্দন ॥ কোপেতে আকুল হ'য়ে ধর্ম্মের নন্দন। শিবির দেখিতে রাজা করেন গমন 🛚

চাক চিল উড়ে পড়ে শিবা কক্ক আদি.। থরস্রোতে বহিতেছে শোণিতের নদী॥ মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

অশ্বত্থামার মুগুচ্ছেদনার্থ ভীমের যাতা। শিবির দেখিয়া রাজা তুঃখ অসম্ভব। অশ্রে বহে নেত্রে কান্দে যতেক পাণ্ডব॥ ধ্রমট্বান্থ আদি হত দেখি যুধিষ্ঠির। বিলাপ করেন কত নেত্রে বহে নীর॥ দকল মরিল রাজ্যে কিবা প্রয়োজন। রুথা করিলাম এত অসাধ্য সাধন ॥ ভীম বলে রাজা শোক কর অনুচিত। আপনার **কর্মভোগ কে করে খণ্ডিভ**॥ আপনি থাকিলে সর্ব্ব পাবে মহাশয়। অকারণে কর শোক ইতরের প্রায়॥ কর্মবশে জন্ম মৃত্যু হয় পুনঃ পুনঃ। কোথা ছিলে কোথা যাবে তাহা নাহি গণ ॥ কর্ম্মবশে আসি মিলে কেহ নহে কার। জন্মিলেই মৃত্যু আছে নহে খণ্ডিবার॥ যে মরিল দে চলিল যথা কর্মভোগ। কেবল শরীর ছাড়ে দৈবের সংযোগ। কালপূর্ণ হৈলে পরে কে রাখিতে পারে। কত শত মহারাজ পুনঃ পুনঃ মরে॥ অফ্টাদশ দিন যুদ্ধ করিয়া সকলে। সকলে জিনিয়া মৃত্যু হৈল নিশাকালে॥ কালপূর্ণ হৈলে নরে বিধির নির্ববন্ধ। কালেতে সংহার করে শান্ত্রীয় প্রবন্ধ ॥ ইথে শোক অনুচিত ভাবিয়া কি কাৰ্য্য। শাস্ত্রবিজ্ঞ হয়ে হও শোকেতে অধৈৰ্য্য II অতঃপর দ্রোপদী কহেন শোকাবেশে। অখথামা মুগু আনি দেহ মম পাশে॥ দ্রোণির মস্তকে বদ্ধ আছে এক মণি। মুগু কাটি দেই মণি যদি দেহ আনি॥ তবে শোক নিবারণ হয়তো আমার। নহে ভ্রাত পুত্রশোকে না বাঁচিব আর ॥

শুন ভীম মহাবীর তোমা সম নাই। বিক্রমে বিশাল তোমা করিল গোঁসাই ॥ স্থগন্ধি কুহুমোছানে জিনি যক্ষরাজে। হিড়িন্থে মারিলে তুমি অরণ্যের মাঝে॥ ব্রাহ্মণ রক্ষণে বকে করিলে বিনাশ। কিশ্মীরে বধিয়া কৈলে কাননে নিবাস ॥ জয়দ্রথ ভয় হৈতে করিলে উদ্ধার। কীচকে বধিয়া মান রাখিলে আমার॥ এখন এ শোকসিন্ধ মধ্যে ভূবে মরি। রক্ষা কর আমারে প্রতিজ্ঞা পূর্ণ করি॥ ছঃশাসন রক্তপান কৈলে রণমাঝে। উরুভাঙ্গি ভূমেতে পাড়িলে কুরুরা**জে**॥ প্রতিজ্ঞা পুরণে গদাঘাত কৈলে শিরে। সমুদ্র তরিয়া মরি গোক্ষুরের নীরে॥ আমার বচন ধর বধ অশ্বর্থামা। দকল নিক্ষণ হৈল তোমার মহিমা H এখন উচিত হয় এই সব কথা। শীত্র মোরে আনি দেহ দ্রোণপুত্র-মাথা ॥ ব্রাহ্মণ হইয়া রাক্ষণের কর্ম্ম করে। নিদ্রাগত পেয়ে হুফ সকলে সংহারে॥ তাহার বিনাশে নাহি ব্রহ্মবধ ভয়। অধর্ম করিল সেই হুফ চুরাশয়॥ কান্দিতে কান্দিতে এত দ্রোপদী কহিল। অনুমতি হেতু ভীম ধর্মে জানাইল॥ যুধিষ্ঠির বলিলেন এই দে উচিত। কর্ম্ম অনুসারে শাস্তি শাস্ত্রের বিহিত॥ এত শুনি ভীমবীর রথ আরোহিয়া। নকুলে সারথি করি চলিল ধাইয়া॥ ভীমের এতেক সজ্জা আরম্ভ দেখিয়া। গোবিন্দ বলেন ধর্মহাজে সম্বোধিয়া॥ অশ্বতামা বিনাশে পাঠাও রুকোদরে। বিচার না করি রাজা যুক্তি দিলে তাঁরে। অসাধ্য সাধন তেই সিদ্ধি অসম্ভব। সংসার বিজয়ী সে, ঞে করে পরাভব ॥ পরাক্রম তাহার কি না আছ-বিদিত। না বুঝিয়া হেন কর্ম্ম কর বিপরাত।।

ত্রিলোকেতে সেই একা মহাধমুর্দ্ধর। পরাক্রম করি জিনে সব চরাচর॥ কি করিবে ভীম তার করি মহারণ। ভীম হৈতে না হইবে তাহার দমন॥ পূর্বের র্ত্তান্ত কহি, যবে ছিলা বনে। **অখ**ণ্ডামা নিরবধি ভ্রমিত কাননে 🎚 দৈবে একদিন গেল দ্বারক। ভুবনে। দেখিয়া বান্ধবগণ হরষিত মনে॥ বিক্রম করিয়া বলে আমার সাক্ষাতে। ব্রহ্মশির অস্ত্র আমি জানি ভালমতে ॥ তাহা লৈয়া চক্র মোরে দেহ চক্রপাণি। ত্রৈলোক্য জিনিতে পারি হেন অন্ত জানি॥ অব্যর্থ আমার অন্ত্র জানে ত্রিভূবন। ইহা লৈয়া চক্র মোরে দেহ নারায়ণ॥ উপরোধ হেতু আর দেরী না করিয়া। দ্রোণিকে দিলাম চক্র উথনি আনিয়া॥ তুলিতে নহিল শক্ত রাখি চক্রধর। কহিল না লব চক্র রাথ চক্রধর॥ ইহার অধিক নম আছে ব্রহ্মশির। বজ্রদণ্ডে জিনি আমি শুন যতুবীর॥ পৃথিবী সংহার দেব কর এই বাণে। কাহারে না দিয়া অন্ত্র দিল মম স্থানে॥ করিলাম জিভ্তাসা সে দ্রোণের নন্দনে। ত্তবে চক্রে চাহ কেন আমার সদনে॥ অশ্বত্থামা বলে তোমা জিনিবার মনে। অস্ত্র হৈতে শ্রেষ্ঠ চক্র জানিনু একণে ॥ কাৰ্য্য নাহি তোমা সহ বিবাদে আমার। এত বলি তথা হৈতে কৈল আগুদার॥ পূর্বের রুত্তান্ত এই শুন মহাশয়। বুঝিয়া করিবা কার্য্য ষেবা মনে লয় ॥ দ্রোণপুত্র তুরাত্মা সে ক্রোধন চঞ্চল। ত্রক্ষশির অন্ত তার দদা করতল। আমার বচনে তুমি রাখ ভীম বীরে। ন্ডনিয়া চিন্তিত বড় রাজা যুধিষ্ঠিরে ॥ স্কল মঞ্জিল রাজ্য কি কার্য্য বিশেষ। নিশ্চর মরিব আমি শুন হবীকেশ।

অত্যে ভীম চলি গেল না শুনি বারণ। এখন উচিত যাহা কর নারায়ণ॥ জোমা বিনা গতি আর নাখি ত্রিস্থবনে। বল বুদ্ধি পরাক্রম নাহি তোমা বিনে ॥ যে হয় উপায় এবে করহ উচিত। তোমা বিনা পাণ্ডবের অন্য নাহি স্থিত॥ গোবিন্দ বলেন চল ভীমের পশ্চাং। বিলম্ব না কর আর শুন নরনাথ। অর্জ্জুন সহিত হরি করিলা গমন। তাহার পশ্চাতে যান ধর্মের নন্দন ॥ রথ রথী পদাতিক চলিল অপার। নানা বান্ত কোলাহল হৈল আগুদার ॥ অশ্বত্থামা সর্ব্বদৈত্য করিয়া বিনাশ। ভয়ে পলাইয়া রহে যথা মুনি ব্যাদ॥ তথা উপনীত হৈল ভীম মহাবাহু। অশ্বত্থামা দেখি যেন চচ্চের গিলি রাহু॥ বাত্য শব্দে অশ্বত্থামা কম্পিত হইল। ভীমের গর্জ্জন শুনি বিম্ময় মানিল॥ ভীমে দেখি অশ্বত্থামা করিল সাহস। মরণ চিন্ডিল মনে রাখিবারে যশ॥ অশ্বত্থামা অস্ত্র ধনু নাহি ধরে করে। মৃষ্টি করি লইল ঈষিকা সব্যকারে॥ মন্ত্র পড়ি ছাড়িলেক দিয়া হুহুস্কার। নিষ্পাণ্ডবা ক্ষিতি করে প্রতিজ্ঞা তাহার॥ ক্রোধ করি অস্ত্র ছাড়ি করিল গর্জ্জন। বাণের মুখেতে অগ্নি হয় বরিষণ। হেনকালে তথা পার্থ গোবিন্দ আদিয়া। প্রলয় অনল উঠে সম্মুখে দেখিয়া ॥ পার্থেরে কছেন কুষ্ণ কি দেখহ আর। ক্ষণেক থাকিলে সর্ব্ব করিবে সংহার॥ সহরণ অস্ত্র জান দ্রোণ-উপদেশে। সত্ত্বে সন্ধান পূর অন্ত্রের বিনাশে॥ ক্ষণেক থাকিলে হবে অসাধ্য হে স্থা। প্রলয় অনল উঠে নাহি যাবে রাখা॥ অর্জ্রন শুনিয়া আইলেন ক্রোধভরে। করতলে ধরি অন্ত সাহদী অন্তরে 🛭

আগু হৈয়া রথ হৈত নামি ধনঞ্জয়। দাগুইয়া রহিলেন কারে নাহি ভয় ॥ যোডহত্তে গুরুপদে করি নমস্কার। ধনুক টঙ্কার দেন লোকে চমৎকার॥ এড়িলেন একবাণ উঠিল আকাশে। গৰ্জন করিয়া ঘায় দ্রোণপুত্র নাশে 🖪 তন্ত্রে মন্ত্রে বাণ এড়িলেক ধনঞ্জয়। হইল প্রলয় যুদ্ধ দোঁহেতে হুর্জ্জয়। তিনলোক শব্দে কাঁপে, কাঁপে চরাচর। যেন কালদণ্ড বাণ জ্বলে বৈশ্বানর॥ উল্কাপাত নিৰ্ঘাত দে বাণ হৈতে খদে। रहेन अनय वर शृथिवी विनात्म ॥ বাঁকে বাঁকে অগ্নিরুপ্তি হয় ঘনে ঘন। প্রলয় দেখিয়া স্থান ছাড়ে দেবগণ॥ স্বৰ্গ মৰ্ত্ত্য পাতাল কাঁপিল সৰ্বলোক। মহাশব্দে বন যেন পোড়ায় পাবক॥ তুই অন্ত্র সম দেখি কেহ নহে উন। মহাবীর তুইজন কেহ নহে ন্যুন ॥ গিরি রুক্ষ পোড়ে তাহে প্রাণী কিনে গণি। অকালে প্রলয় হয় মানে সর্ব্ব প্রাণী॥ মহাশব্দে পুড়ি যায়-দব অগ্নিময়। সমুদ্র মন্থনে যেন বিষের উদয়॥ দাদশ সূর্য্যের দীপ্তি প্রলয়ের কালে। সেইমত দোঁহে শত শত অস্ত্র ফেলে॥ জল হল পুড়ি যায় যেমত ঝঞ্জনা। মহা অন্ত্র দোঁহে নাহি সম্বরে আপনা॥ সর্বব সৃষ্টিনাশ যায় দেখি লাগে তাস। হেনকালে আইলা নারদ আর ব্যাস॥ তুই বাণ মধ্যে রহিলেন তুই মুনি। জগতের নিতান্ত বিনাশ **অ**মুমানি ॥ দোঁহারে বলেন ডাকি ছুই তপোধন। স্ষ্টিনাশ কর কেন কর সম্বরণ 🏾 উভয়ে বিবাদে কেন সৃষ্টি কর নাশ। কিবা মনে করিয়াছ কহ এক ভাষ # শুনিয়া দোঁহার বাক্য অৰ্জ্বন তথন। করিলেক আপনার অন্ত্র স্থরণ #

দ্রোণি ডাকে কছে শক্য নহে নিবারণ। ক্রোধে অন্ত ছাড়িলাম কি করি এখন ॥ উপরোধ রাখি যদি তোমা দোঁছাকার। পাশুবে মারিয়া অন্ত্র আত্মক আমার 🛚 তবে যদি ক্ষমা করি দোঁহা উপরোধি। উত্তরার গর্ভপাত করিব বিবাদে ॥ যেই পুত্র আছে উত্তরার গর্ভবাদে। চলিল আমার অস্ত্র তাহার বিনাশে॥ অৰ্জ্জুন বলেন কাটি দ্রোণপুত্র শির। নহিলে না হবে ক্ষমা শুন যতুবীর॥ ব্যাস বলিলেন শুন বীর অশ্বত্থামা। শিরোমণি দিয়া পার্থে চাহ তুমি ক্ষমা 🖁 তৰ বাণে মরে যদি শিশু গর্ভবাদে। তারে জীয়াইব আমি চকুর নিমিষে॥ মণি দিলে শির ক্ষত হইবে তোমার। বৎসর সহস্র তৈলে নহে প্রতীকার 🛭 শিরের পীড়ায় তুমি করিবা ভ্রমণ। যেমন তোমার কর্মা হইল তেমন॥ এত শুনি অশ্বখামা করিয়া ছেদন। শিরোমণি ধনঞ্জয়ে করে সমর্পণ ॥ হেখা দ্রৌণি-বাণ বেগে উটীল আকাশেএ বায়ুবেগে উত্তরার গর্ভেতে প্রবেশে 🛭 গর্ভে প্রবেশিয়া গর্ভ করিল নিধন। প্রবেশ করেন গর্ভে কৃষ্ণ সেইক্ষণ ॥ গর্ভ বিনাশিয়া বাণ হইল বাহির। পুনঃ গর্ভ জীবিত করেন যহবীর॥ এই মতে শান্ত হৈল অন্ত বরিষণ। জলেতে নিবৃত্ত যেন হয় হুতাশন॥ মহাভারতের কথা অমূতের ধার। কাশী কহে শুনিলে হইবে ভবপার।

শবথানার শিরোনশি পাইরা জৌপদীর সন্তোব।
মস্তক-জ্বলনে তুঃখ অশ্বথানা পার।
দেখি মুনি ব্যদদেব কহিলেন তার ॥
যাবৎ তোমার দেহে থাকিবে জীবন।
শিরোনশি তোমার না হবে কদাচন ॥

পৃথিবীতে নর তৈল মাখিবার কালে। ত্তব নামে তিনবার ব্দাগে দিবে ফেলে॥ সেই তৈল পড়িবেক পৃথিবী উপরে। তোমার মন্তকেতে পড়িবে মম বরে ॥ তাহাতে মিরত্ত হবে তোমার স্থলনি। নিজন্মানে যাহ, ভয় না করিহ দ্রৌণি # তব নামে অগ্রে তৈল যে জন না দিবে। ব্রহ্মবধ পাতক তাহাকে পরশিবে॥ এইরূপে অখ্যথামা দিয়া মণিবর। বিমনা হইয়া গেল আপনার ঘর 🏾 ব্যাস নারদেরে ল'য়ে পাণ্ডুপুত্রগণ। কৃষ্ণ দহ করিলেন শিবিরে গমন॥ পুনর্জন্ম হৈল মনে করে ভীমবীর। গোবিন্দের সাহাযে হৃষ্টির মুধিষ্ঠির ॥ জানিলেন কৃষ্ণ হৈতে তরিকু সঙ্কটে। ুসতত রাখেন ক্লফ্ষ বিদ্ন যদি ঘটে॥ দ্রোণির মস্তক মণি লইয়া সত্তর। দ্রৌপদীর নিকটে গেলেন রকোদর॥ ষ্মগ্রে শিরোমণি রাখি কহেন রুক্তান্ত। ভাগ্যে রক্ষা পাইলাম এবার নিতান্ত ॥ দ্রৌপদী বলেন মম গেল পরিতাপ। তুঃখের কারণ মম ছিল পূর্ব্ব পাপ ॥ মণি আনি দিয়া ভূষ্ট করিলে আমারে। :ভামা প্রতি মন আছে কহিন্দু তোমারে॥ :এই মণি মহারাজ করুক ধারণ। :তবে ভীম আরো মম তুষ্ট হয় মন॥ দ্রোপদীর অভীফ জানিয়া ধর্মরায়। করিলেন স্বমস্তক ভূষিত তাহায়॥ যুধিষ্ঠির জিজ্ঞাদা করেন নারায়ণে। অন্তৰ্য্যামী ভগবান জানহ আপনে ॥ না হইল না হইবে এমন মন্ত্রণা। তোমার রক্ষিত আমি জানে সর্ববজনা ॥ কার বরে দ্রোণপুত্র রাত্রিতে আসিয়া। একাকী সকল সৈত্য গেল বিনাশিয়া॥ পূৰ্বে যদি জনাৰ্দন হইত এমন। সংহার করিত দ্রোণি সব সৈত্যগণ॥

কহ শুনি জগন্নাথ ইহার কারণ। কি কারণে অশ্বত্থামা করিল এমন॥ শ্রীকুষ্ণ বলেন রাজ। জানিলে কি হয়। কালে করে কালে হরে কাল সর্ব্বময় ॥ পরাক্রমে দ্রোণপুত্র পারে কি তোমায়। সাধিল তুক্ষর কার্য্য শিবের কুপায়॥ ভক্তি হেতু মহাদেব অৰ্জ্জ্নের বশ। সব রক্ষা করিলেন দিন অফীদশ॥ ক্ষয়কালে উপনীত দ্রোণের নন্দন। পাইল শিবির ছারে শিব দরশন॥ - ভক্তিভাবে স্তব করে দেব মহেশ্বরে। বর পাইলেক দ্রোণি যা ছিল অন্তরে॥ দয়ার সাগর হর না ভাবি বিষাদ। দ্রোণিরে আপন খড়গ দিলেন প্রদাদ॥ বর দিয়া শঙ্কর গেলেন নিজালয়। বধিল সকল সেনা জোণের তন্য়॥ পরম দয়ালু হর দেবের দেবতা। সংহার কারণে রুদ্র প্রশয় বিধাত। ॥ পূর্বেব দক্ষযজ্ঞ নফ্ট করেন মহেশ। পুনঃ বর দেন তুষ্ট হ'য়ে ব্যোমকেশ। ইন্দ্র চন্দ্র বায়ু অগ্নি আদি দেবগণ। শিব সেবি সব কার্য্য করিল সাধন 🛭 যাহার আজ্ঞায় জয় হয় ত্রিভুবনে। ভক্ষণ করিল বিষ সমুদ্র-মন্থনে ॥ শিব-বরে দ্রোণি সব করিল বিনাশ। নহিলে কাহার শক্তি হেন করে আপ॥ স্ষ্টির সংহার কর্ত্তা সেই দেবরাজ। তাঁর আজ্ঞা বিনা কেহ নাহি করে কাজ জন্মাইয়া ত্রিজগৎ করেন পালন। কাল পরিপূর্ণ হ'লে আপনি নিধন ॥ আতদেব মহাগুরু সর্বদেব গুরু। ভক্তের অধীন সদা বাঞ্ছাকল্পতরু 🛭 এতেক মহত্ত্ব তব শিব-প্রসাদাৎ। ব্দর্জনে তোষেন দেব হইয়া কিরাত॥ যত বীর মরিলেন ভারত সমরে। কুরুকেত্রে পড়িয়া চলিল স্বর্গপুরে ॥

ভূমি শামি যথাকালে যাব অনায়াসে। পূর্ব্বাপর আছে হেন শাস্ত্রেতে বিশেষে॥ এত শুনি ধর্মরাজ বলেন বচন। বুঝিলে না বুঝে মন মায়ার কারণ॥ তোমা বিনা নাই গতি 🐯ন পরমেশ। দৰ্বব শৃন্ত দেখি আমি না পাই উদ্দেশ । দৈব হেতু সব হয় কে খণ্ডিতে পারে। কর্ম্মবশে গতায়ত প্রাণী দদা করে॥ ত্রথাপি তোমারে কহি মনের মানদে। জয় পরাজয় হয় স্ব স্ব কর্মাবশে॥ দেখহ গোবিন্দ মম অতি অমঙ্গল। গেল বন্ধু বান্ধবাদি তনয় সকল॥ বংশে বাতি দিতে আর না রহিল কেহ। কি হুখে রহিব বল, চাহি নাক গেহ॥ বিলাপ করুণা যত কি করি এখন। উৎপত্তি প্রলম্ স্থিতি বিধির লিখন॥

তোমার চরণে মতি রহে অনিবার। জীবন যৌবন ধন মিথ্যা পরিবার॥ গোবিন্দ বলেন রাজা ত্যজ্ঞ শোক মন। রাজধর্মা সদাচার কর অকুক্ষণ॥ যুদ্ধে মৃত্যু কত্ৰকুলে প্ৰধান এ কায। প্রজার পালন কর পৃথিবীর মাঝ॥ জয় পরাজয় হয় নাহিক এড়ান। পূর্ব্বাপর সংসারেতে আছে এ বিধান ॥ কুষ্ণের বচনে রাজা স্থির কর মন। দ্রৌপদী স্থান্থর। হ'য়ে চিন্তে নারায়াণ ॥ গোবিন্দ-মায়াতে তবে স্বস্থির হইল। অবুক্ষণ কৃষ্ণ নাম জপিতে লাগিল ॥ সকল আপদ খণ্ডে জন্মে দিবজ্ঞান। ব্যাদের রচিত দিব্য ভারত পুরাণ॥ মহাভারতের কথা কাশী বিরচিল। এইত ঐষিকপর্ব্ব সমাপ্ত হইল।

ঐষিকপর্ব্ব দমাপ্ত।

সচিত্ৰ সম্পূৰ্ণ কাশীদাসী



নারায়ণং নমস্কৃত্য নরকৈব নরোত্তমম্। দেবীং সরস্বতীং ব্যাসং ততো জয়মুদীরয়েৎ।॥

বৈশস্পায়নের প্রতি জন্মেজয়ের প্রর।

জন্মেজয় বলিলেন শুন-মহাশয়। কুরুকেত্ত যুদ্ধ শুনি যুচিল সংশয়॥ একাদশ অক্ষোহিণী সমরে পড়িল। তিন জন মাত্র তাহে রক্ষা যে পাইল। পরে কি হইল মুনি বলহ আমারে। আত্যোপান্ত যত কথা জিজ্ঞাসি তোমারে॥ কি করিল শুনি ধৃতরাষ্ট্র পুত্রশোকে। শান্ত্রনা করিল কহ কোন্ কোন্ লোকে॥ প্রুর্য্যোধন হেন পুত্র মরিল যাহার। কেমনে শোকেতে প্রাণ রহিল তাহার॥ গান্ধারী কিমতে বাঁচিলেন পুত্রশোকে। বিবরিয়া সেই সব বলহ আমাকে॥ মৃত তন্ত্র কোনমতে হইল সৎকার। কুরুকেতে হৈল যত ক্ষত্রিয় সংহার॥ মুনি বলে শুন রাজা সে দব কথন। যে কর্ম্ম করিল শোকে কৌরবনন্দন ॥· সঞ্জয় কহিল ধৃতরাষ্ট্র নৃপবরে। সেই সব বিবরণ কহিব তোমারে॥

ধৃতরাষ্ট্র শুনিল প্রভাতে। যেন হৈল বজ্ঞাঘাত, আকাশের চব্দ্রপাত. কর্ণ যেন রুদ্ধ হৈল বাতে॥ সকল পৃথিবীপতি, তুর্য্যোধন মহামতি, বলে ইন্দ্র না হয় দোসর। হেন পুত্র যার মরে, দে কেমনে প্রাণ ধরে, শোকেতে হইল জর জর॥ পুত্রশোকে নরপতি, বিহ্বল পড়িল ক্ষিতি, নয়নে ঝরুয়ে জলুধার। বায়ুভগ্ন যেন তরু, শোক হৈল অতি গুরু, পড়িয়া করয়ে হাহাকার॥ মরিলেক পরিবার, একশত পুত্র আর, मक्षय कश्नि नृপবরে। হা পুত্র হা পুত্র, করি, পড়ে কুরু অধিকারী, বজ্রাঘাত পড়ে যেন শিরে॥ বিধি কৈল হেন দশা, মনে ছিল যত আশা, मृत्र रेश्न रिम्टवत्र घटेन। শতপুত্ৰ বিনাশিল. একজন না রহিল, শ্রাদ্ধ শান্তি করিতে উর্পণ ॥

শতপুত্র নাশে ধৃতরাষ্ট্রের থেদ ও তাঁহার সান্তনা।

ছুর্য্যোধন-মৃত্যুকথা, সঞ্জয় কহিল তথা,

হাহা পুত্র হুর্য্যোধন, কোথা গেল হুঃশাসন, শোকে মম না রহে শরীর। আমারে সঞ্জয় কহ, কোথা তার পিতামহ, কোথা গেল দ্রোণ মহাবীর ॥ রিপু দর্শ করি দূর. কোথা কর্ণ মহীশূর. কোথা গেল শকুনি ছুর্মতি। কুমন্ত্রণা দিল মোরে, দে কারণে পুত্র মরে, না শুনিল স্থছদ ভারতী॥ আর্ত্তনাদ করি বীর, ভূমেতে লোটায় শির, হাহা পুত্র ভুর্য্যোধন করি। পড়ি আছে রাজ্যপাট, মানিক মন্দির খাট, কি হইল কুরু অধিকারী॥ বৃদ্ধকালে পুত্রশোক, পড়িল অমাত্যলোক, মরিল হৃহদ বন্ধুজন। করপুটে ভিক্ষা করি, হইল যে দেশান্তরী, পৃথিবী করিব পর্য্যটন॥ এ লিখন ছিল বটে, আগার ললাট-তটে, কুরুকুল হইবে অাধার। সকল পৃথিবী শাসি, ভুঞ্জিয়া বিভবরাশি, পরিচর্য্যা করিব কা**হা**র ॥ হইলাম অতি দীন, যেন পক্ষী **পক্ষহীন**, জরাতে হারাই রাজ্যস্থ। নয়নবিহীন তন্তু, যেন তেজোহী**ন ভা**ন্থ, কেমনে দহিব এত ছুংখ। আমারে সে হিত কাম,প্রবোধ দিলেন রাম, তাহা আমি না ধরিত্র মনে। ভূপতি-সভাতে আসি, কহিল নারদ ঋষি, তাঁর বাক্য না শুনিসু কাণে॥ মহামন্ত্রী কল্পতরু, ভীম্মদেব কুরুগুরু, হিতকথা কহিল বিস্তর। না শুনি তাহার বোল, বিপদেদিলাম কোল, হাতে হাতে ফল পাই তার॥ কুঃশাসন মৃত্যুবাণী, ছুৰ্য্যোধন বধ ধ্বনি, কৰ্ণ বধ কৰ্ণে নাহি সয়। रेहल एकांग विनामन, মোর বাক্য শুনহ সঞ্জয় ॥

পূর্বেক করিয়াছি পাপ,দে কারণে পাইতাপ, বিচারিয়া বল তুমি মোরে। আপনার কর্মভোগ, স্তুত বন্ধু এ বিয়োগ, কর্ম্মবন্ধে-ভোগ দবে করে। শুনহ সঞ্জয় তুমি, ইহা নাহি জানি আমি, কখন ভীপ্সের পরাভয়। সেজনে অর্জ্বন মারে, একথা কহিব কারে, মনে বড় জন্মিল বিসায় ॥ করি রণ অবিশ্রাম, যাঁর সঙ্গে ভৃগুরাম. প্রশংস। করিয়া গেল ঘরে। তাঁহার হইল নাশ, শুনি মনে পাই আস, সঞ্জয় কহিল আনি মোরে॥ পৃথিবী না ধরে টান, দ্ৰোণ মহাবলবান, তাঁহারে মারিল ধনঞ্জয়। এ বড় আশ্চর্য্য কথা, কাটিল কর্ণের মাথা, অৰ্জুন করিল কুরুক্ষয়॥ আমা হেন তুঃখী জন, নাহি দেখি ত্রিভুবন, আমার মরণ সমূচিত। শীঘ্র মোরে লহ রণে, দেখাও পাওবগণে, আমি সবে মারিব নিশ্চিত। ভীমের বধিব প্রাণ, যুড়িয়া ধকুকে বাণ, পুত্রশোক সহিতে না পারি। অর্জ্জুনের কাটি সাথা, ঘুচাইব মনোব্যথা, ধর্ম্মে দিব হস্তিনানগরী॥ সঞ্জয় মনেতে গণি. রাজার বচন শুনি যোড়হাতে করে নিবেদন। নকলি বিধির কাজ, শুন শুন মহারাজ, বুঝিয়া না বুঝ কি কারণ। তোমার সমান গুণী, পৃথিবীতে নাহি শুনি, সংসারেতে তোমার আখ্যান। বুদ্ধ হৈতে বুদ্ধোন্তম, নাহি কেহ তোমা সম, শোকে কেন হও হতজান। **দঞ্**য় তাহার নাম. নরপতি পুণ্যবান, পুত্রশাকে ছিল দে প্রীড়িত। দগ্ধ হয় মম মন, নারদের উপদেশ, পাইলেন দবিশেষ, ভাহে তাঁর হৈল স্বস্থ চিত।।

আপনি দে সব কথা, অবশ্য আছেন জ্ঞাতা, তবে কেন শোকে দেহ মতি। জীবন মরণ যোগ, স্থুখ হুঃখে ভোগাভোগ, কর্মফলে হয় দে সঙ্গতি॥ সহজে তুর্মতি জন বাজা হ'য়ে তুর্য্যোধন, . माथुक्रन-वहन नां श्वरन। শকুনি পাপেতে ধীর, ছুঃশাসন মহাকীর, বুদ্ধি দিল কৌরব-নন্দনে॥ কর্ণ বলিলেন যত, তাহে মাত্র অভিরত, কার বোল না শুনিল কাণে। ভীম্বদেব বুঝাইল. কৰ্ণে তাহা না শুনিল, গান্ধারীর বাক্য নাহি শুনে॥ উপহাস করে তত্ গুরুজন বলে যত. এ জনের কেমনে কল্যাণ। দ্রোণ কৃপ বিধিমতে, বুঝাইল বিহুরেতে, প্রবোধ দিলেন ভৃগুরাম॥ পাণ্ডবে মাগিল গ্রাম, আদিলেন বনশ্যাম, নীতি বুঝাইল নারায়ণ। অসম্মত স্তর্যোধন, কেবল মাগেন রণ, কেন নাহি ত্যজিবে জীবন॥ না শুনে ব্যাদের বাণী, অহস্কার মনে গণি, ধর্ম্মপথ পরিহরি দূরে। আপনি মধ্যস্থ হৈলা, কত তাঁরে বুঝাইলা, দৈবে যাবে শমনের পুরে॥ পাশা খেলাইল যবে, শকুনি কহিল তবে, সর্বব ধন হারিল পাণ্ডব। কিংজিতং কিজিতং বলি,হইলা যে কুতুহলী, কেন তাহা না ভাব কৌরব॥ ক্ষিতির করিয়া ক্ষয় শত্রুর বাড়ালে জয়, পুত্রগণ মরিল অকালে ! তুমি কেন শোক কর্ আমার বচন ধর, কি কারণ লোটাও স্থৃতলে। জানিয়া করিলা পাপ, শেষে পাও মনস্তাপ, অনুশোচ না কর তাহাতে। আপনার কর্মা ঘত, ফল হয় অনুগত, বিজ্ঞজন মুশ্ধ হন তাতে ॥

জ্বসন্ত অনল কেন বদনে বাঁধিয়া আনু দে অগিতে দহিবে শরীর। এ দব আপন দোষে,কহি রাজা তব পাশে তাহে দোষ নাহিক বিধির॥ পুত্র তব মহাবলী, স্থছদ বচন ঠেলি, রাজ্যলোভ করিল হুর্জ্জয়॥ পূর্ববাপর না ভাবিল, অগ্নিতে পতঙ্গ হৈল, তাহাতে হইল বংশক্ষয়॥ সঞ্জয়ের বাক্য শুনি, ত্তক হৈয়া নৃপমণি, অতি দীর্ঘ ছাড়িল নিশাস। উপদেশে কল্পতরু, ্ বিহুর পণ্ডিত গুরু, নৃপতিরে করিল আশ্বাস॥ উঠ উঠ মহারাজ, দকলি বিধির কাজ, সবার মরণ মাত্র গতি। যত দিন নিয়ত যার, সেই দিন মৃত্যু তার, তাহা নাহি ঘুচে মহামতি॥ মহা মহা বীর মরে, নিত্য যায় যমঘরে, মৃত্যু বশ সব চরাচর। দকল সংহারে কাল, নাহি তার কালাকাল, অমুশোচ করহ অন্তর ॥ পূর্ব্ব কথা মনে কর, শুন ওছে নুপ্রর, শকুনি খেলিল যবে পাশা। সেই অনর্থের মূল, বিনাশিল কুরুকুল, হাসৈ তুমি করিল। জিজ্ঞাস।॥ পাসরিলা সেই বাণী, শুন অন্ধ নৃপমণি, সে কথা নাহিক তব মনে। এখনি ভাবহ শোক, নিন্দিবেক দর্বলোক, এই দশা হইল এক্ষণে ॥ ক্ষজিয় নিধন করি, সম্মুখ সমরে মরি, সবে গেল বৈকুণ্ঠ ভবনে। এখন ত্যুজহ শোক, আমার বচন রাখ, ছুঃখ ভাব কিদের কারণে ॥ জীর্ণ বন্ত্র পরিছরি, যেন নব বন্ত্র পরি, তেমতি শরীর পরিবর্ত্ত। কেহ মরে গর্ভবাদে, কেহ মরে দশমাদে, ক্ষিতিস্পর্শে হইয়া নিবর্ত্ত ॥

কেহ মরে বাল্যকালে, সকলি কুর্মের ফলে, কেহ কারে মারিতে না পারে। আমার বচন শুনি, শান্ত হও নুপমণি, শোক আর না কর অন্তরে । বিছরের বাক্য শুনি, স্তব্ধ হইল নৃপমণি, কিন্তু শোকে দহয়ে শরীর। না শুনে বচন হিত, ধরিতে না পারে চিত্ত ধৈর্য্যকে ধরিতে নারে বীর॥ তবে আসি ব্যাস মূনি, বিছুর সঞ্জয় গুণী, আর যত হুহুদ দকলে। শীতল সলিল সেচি, তালের বিউনী বিচি. চেতন করান মহীপালে॥ দন্ধিত পাইয়া পুনঃ, শোক করি চতুগুণ, কহে ধিক্ মনুষ্য-জন্মে। পাই এত হুঃখ সব, পুত্রশোকে পরাভব, ছার তন্ত্র নাহি যায় কেনে॥ শত পুত্ৰ বিনাশিল, একজন না রহিল, শ্রাদ্ধ শান্তি করিতে তর্পন। অনিত্য এ সব দেহ, তিরজীবী নহে কেহ প্রাণ রাখি কিদের কারণ॥ ধ্রুরাষ্ট্র নরপতি, বিলাপ করয়ে অতি, পুত্রশোক সহিতে না পারে। ভাবয়ে বান্ধব-শোক, ক্লণে ভাবে পরলোক, নির্ণয় করিতে কিছু নারে॥ হাহাপুত্র ছুর্য্যোধনু, কোথা গেল ছুঃশাসন, হুৰা ্থি প্ৰভৃতি শত পুত্ৰ। ধরিতে না পারি হিয়া, লহ মোরে উদ্ধারিয়া, শোকেতে দহিছে মোর গাত্র॥ শুনিলে ঘূচয়ে ব্যথা, ভারতের পুণ্যকথা, কলির কলুষ হয় নাশ। গোবিন্দ-চরণে মন, সমর্পিগ্র অনুক্ষণ, বিরচিল কাশীরাম দাস ॥

র্তরাষ্ট্রের প্রতিবাসের হিতোপদেশ। বিষাদ করয়ে নরপতি পুত্রশোকে। রাজারে বেড়িয়া কান্দে যত পুরলোকে॥

তবে ব্যাস কহিলেন শুন নৃপবর। গত জীব হেতৃ তুমি শোক কেন কর। আর শোক না করিছ শুনহ রাজন। মন দিয়া শুন ছুর্য্যোধনের কথন॥ একদা গেলাম আমি ব্রহ্মার সভায়। নারদাদি মুনিগণ আছিল তথায়॥ ছেনকালে পৃথিবী করিল নিবেদন। পরিত্রাণ **আমা**রে করহ পদ্মাদন॥ হরি করিলেন যত দানব-দংহার। ক্ষজ্রকুলে তাহারা জন্মিল পুনর্বার॥ পৃথিবীর বাক্য শুনি দেব প্রজাপতি। আশ্বাদ করিয়া তাঁরে কহিল ভারতী॥ ধ্বতরাষ্ট্র তনয় নৃপতি ছুর্য্যোধন। কুরুবংশে জন্মিবে সে বড়ই হুর্জ্জন॥ **সে তোমার খণ্ডাইবে ভার গুরুতর**। শুন বস্থুমতী তুমি আমার উত্তর ॥ শুনিয়া কাশ্যপী স্তুতি অনেক করিলা। যোড়হাত করি পুনঃ কহিতে লাগিলা॥ কেমন প্রকারে মোর ঘুচিবেক ভার। কহ পিতামহ তার করিয়া বিস্তার ॥ ব্রহ্মা কন কুরু পাণ্ডু ভাই হুইজন। চন্দ্রবংশে উৎপন্ন হইবে বিচক্ষণ ॥ পাণ্ডুর তনয় পঞ্জন ভূল্য দেব। ধর্ম ভীম অর্জ্জ্ন নকুল সহদেব॥ ধৃতরাষ্ট্র নৃপতির হইতে লন্দন। তুর্য্যোধন তুঃশাসনু আদি শত জন॥ রাজ্য হেতু বিবাদ হইবে গুইজনে। পাণ্ডুর নন্দন যুধিষ্ঠির রাজা সনে॥ আপনি সহায় কৃষ্ণ হবেন তাঁহার। কুরুকেত্রে হহবেক ঘোর মহামার॥ কুরুকেতে ক্ষত্র যত সংহার হইবে। শুন বস্থমতী তব ভার না থাকিবে॥ যাহ যাহ বহুমতা আপনার স্থান। ত্রয্যোধন হেতু তব হবে পরিত্রাণ॥ এত বলি পৃথিবীরে করিল বিদায়। এই সব কারণ যে জানিস্থ তথায় #

দেই ছুর্য্যোধন হৈল ভোমার তনয়। কলি প্রবেশের অত্যে শুন মহাশয়। महामहौ भान रहन महा उक्तां भानी। গান্ধারী উদরে জন্মে দাক্ষাৎ যে কলি॥ সবে হৈল তুর্নিবার শত সংহাদর। কর্ণ হৈল সখা তার শকুনি বর্বার॥ ক্ষজিয় বিনাশ হেতু অনর্থ অঙ্কুর। শুন মহারাজ সব শোক কর দূর॥ কৌরব পাণ্ডবে হৈল ঘোরতর রণ। কুরুকেত্রে সর্ববজন হইল নিধন॥ এই পূর্ব্ব কথা আমি জানাই তোমারে। এত বলি ব্যাসদেব বুঝান তাঁহারে॥ হেনকালে সঞ্জয় করিয়া যোড্হাত। করি এক নিবেদন শুন নরনাথ॥ নানাদেশ হইতে অনেক নরপতি। অভ্যর্থিয়া আনিলেক তোমার সন্ততি॥ সবান্ধদে কুরুকেত্রে হইল নিধন। তা সবার প্রেতকর্ম্ম করহ রাজন॥ সঞ্জয়ের বাক্যে রাজা নিশ্বাদ ছাডিল। মৃতবৎ হ'মে রাজা ধরণী পড়িল। বিস্তর প্রবোধ তারে দেয় বার বার। রথ**স**জ্জ। করে কুরু**ক্ষেত্রে** যাইবার ॥ ধৃতরাষ্ট্র আপনি কহিন্স বিদ্রুরেরে। ক্রীগণে আনহ শীদ্র গিয়া অন্তঃপুরে॥ এত বলি গ্রতরাষ্ট্র রথেতে চাপিল। স্ত্রীগণে আনিতে তবে বিদ্রুর চলিল॥ বিছুর বলিল শুন গান্ধার নন্দিনী। কুরুক্ষেত্রে যাত্রা করিলেন নৃপমণি॥ ভীম্ম দ্রোণাচার্য্য আর কর্ণ মহাজন। শঁত ভাই তুৰ্য্যোধন ত্যজিল জীবন॥ একাদশ অক্ষোহিণী ত্যজিল পরাণ। প্রেতকর্ম হেতু রাজা করিল প্রস্থান॥ পুত্রশোক শুনি দেবী হইল বিমনা। ব্দস্তঃপুরে কান্দি উঠে ছিল যত জনা॥ অন্দরে উঠিল ক্রন্দনের কোলাহল। হার ছিঁড়ে বস্ত্র ছিঁড়ে লোটায় ভুতল॥

কপালে ক্ষণাঘাত শুনি গণ্ডগোল। প্রলয়কালেতে যেন জলের কল্লোল। বিত্রর বলেন ইহা উচিত না হয়। কুরুকেত্রে চল সবে রাজার আজায়॥ বিছুরের বাক্য শুনি গান্ধারী তখন। বধুগণ সঙ্গে করে রথ আরে!হণ ॥ ঘরে ঘরে মহাশব্দ উঠিল ক্রন্দন। বাল ব্লদ্ধ তরুণ কান্দয়ে সর্ববজন ॥ দেবগণ নাহি দেখে যে দব স্থব্দরী। রণ**ন্থলে** যায় তারা একবস্ত পরি॥ সাধারণ জন সব দেখয়ে সবাকে। এড়াইতে নারে কেহ দৈবের বিপাকে॥ সমান সকল দিন নাহি যায় কার। দেখিয়া শুনিয়া লোক না করে বিচার॥ হ্রাদ বৃদ্ধি কৌতুকাদি স্থজে নারায়ণ। দেখিয়া না মানে তাহা অতি মূঢ়জন॥ একবন্ত্র পরিল রাজার পাটেশ্বরী। পুত্রগণ-শোকে মুক্ত হইল কবরী॥ শত শত দাসীগণ যার সেবা করে। দে জন পড়িয়া কান্দে ভূমির উপরে॥ গলাগলি করি কান্দে যতেক সতিনী। আহা মরি কোথা গেল কুরু নুপমণি ॥ কেহ হ্লপ্রপোষ্য শিশু ফেলাইয়া দূরে। হা নাথ হা নাথ বলি কাঁদে উচ্চৈঃস্বরে 🖟 মুক্তকেশে কান্দে কেছ শ্বশুরের আগে। যোড়হাত করি কেহ স্বামীদান মাগে। কেহ বলে রাজ্য দেহ পাগুব-নন্দনে। কেহ বলে কুষ্ণ আদে তোমা বিগুমানে॥ কেহ বলে মিথ্যা কথা নাহিক সংগ্ৰাম। কৌরব পাগুবে প্রীতি হ'ল পরিণাম॥ মিথ্যা কথা কেহ কহিল রাজার গোচরে। কুশলে আছয়ে কুরু সংগ্রাম ভিতরে॥ এত বলি নারীগণে করয়ে করুণা। তা শুনি রাজার মনে লাগিল বেদনা॥ চারিভিতে বেড়িয়া কাঁদে যত নারী। নগরে বাহির হৈল কুরু অধিকারী॥

গান্ধারী চাপিল রথে যত বধু সঙ্গে। শোকাকুল সকলেতে বস্ত্ৰ নাহি অঙ্গে॥ বিচার নাহিক আর শোকে অচেতনা। হতপতি নারীগণ হইল উন্মনা॥ পরিল বসন কেহ করিয়া যতন। অঙ্গেতে তুলিয়া দিল নানা আভরণ॥ চরণে নৃপুর পরে দোসারী মুকুতা। সিন্দুর পরিল কেছ করি পূর্ণ সিঁখা॥ চন্দনের বিন্দু তার চারিদিকে দিল। ন্তব্দর অলকা তাহে বেষ্টিত করিল ॥ তামুল ভক্ষণ করি নানা গীত গায়। চরণে নূপুর কেহ নাচিয়া বেড়ায়॥ কেহ অসিচর্ম্ম করে বীরবেশ ধরি। ধেয়ে যায় কুরুক্তে পতি অনুসরি॥ মৃক্তকেশা আত্রশাখা ল'য়ে কত জনা। কেহ পথে পড়ে, কেহ শোকে অচেতনা॥ অনেক চলিল ন্যুগ্নী পতি-পুত্ৰ শোকে। প্রবোধ করিতে তারে নারে কোন লোকে॥ হস্তিনা হইল শৃশ্য কেহ না রহিল। রাজার সঙ্গেতে রাজবধুগণ চলিল॥ প্রথম বয়দে কেহ দেখিতে উত্তমা। যুক্তকেশে ধায় যেন সোণার প্রতিমা। হেনমতে কুরুকেত্রে যায় নরপতি। সঙ্গেতে নাহিক রথ দৈন্য ঘোড়া হাতী॥ যুবতী সমূহ সঙ্গে চলিল রাজন শৃন্য হৈতে কৌতুক দেখয়ে দেবগণ॥ শোকাকুল হ'য়ে পথে যায় নরপতি। হেনকালে অশ্বত্থামা কুপ মহামতি॥ কৃতবর্ম্মা সহ পথে হৈল দরশন। নিরখিয়া রাজাকে আইল তিনজন ॥ পরিচয় নৃপতিকে দিল আপনার। ধৃতরাষ্ট্র বলে তবে কহ সমাচার॥ কৃতাঞ্চলি হ'য়ে বলে সেই তিনজন। অবধানে শুন রাজা সব বিবরণ ॥ মূখে না আইদে বাক্য কহিতে ভরাই। কহিবার যোগ্য নহে মনে ছঃখ পাই॥

শুন কহি মহারজ সব সমাচার। কুরুকেতে হৈল যত ক্ষত্রিয় সংহার h একাদশ অক্ষোহিণী সকলি মরিল। অশ্বত্থামা কৃতবৰ্মা কুপ এড়াইল॥ দৈবে না হইল তিন জনার মরণ। শত ভাই সহিত পড়িল হুৰ্য্যোধন। করিল তুষ্ণর কর্ম্ম ভীম তুরাচার। একেলা মারিল তব শতেক কুমার।। শুনহ গান্ধারী দেবী করি নিবেদন। ভীম করিলেক কুরুবংশের নিধন॥ যত কর্ম্ম করিলেক হুর্য্যোধন বীর। যত কর্ম্ম করিলেক ছঃশাসন ধীর॥ শতপুত্র তোমার করিল যত কর্ম। যেমত আছিল মাতা ক্ষত্রিয়ের ধর্ম। পরাক্রম করিয়া পড়িল ঘোর রণে। স্থরপুরী গেল সবে চাপিয়া বিমানে॥ শোক পরিহর দেবি না কর বিলাপ। তুর্য্যোধন প্রাণপণে করিল প্রতাপ॥ অন্যায় করিয়া ভীম ভাঙ্গিলেক উরু। সেই ক্রোধে করিলাম সোরা কর্ম গুরু॥ সবান্ধবে পাঞ্চালেরে করিন্তু সংহার। বধিলাম দ্রৌপদীর পঞ্চী কুমার॥ পাণ্ডবের রণে অবশেষ সপ্তজন। শ্রীকৃষ্ণ সাত্যকি পঞ্চ পাণ্ডুর নন্দন॥ শুনহ সকল কথা না করিছ ভয়। অবিলম্বে কুরুকেত্ত্রে চল মহাশয়॥ আক্তা দেহ আমরা আপন স্থানে যাই। কুরুক্ষেত্রে আছয়ে পাণ্ডব পঞ্চভাই॥ এত বলি রাজার লইল অনুমতি। প্রদক্ষিণ করিয়া চলিল শীঅগতি॥ হস্তিনাপুরেতে গেল কুপ মহাশয়। কুতবৰ্ম্মা চলি গেল আপন শালয়॥ ব্যাদের আশ্রমে গেল দ্রোণের নন্দন। কুরুকেত্রে গেল হেথা অন্ধক রাজন ॥ ধৃতরাষ্ট্র আইল শুনিয়া পঞ্চভাই। 🔊 কুষ্ণের সঙ্গে যুক্তি করেন স্বাই ॥

যুধিষ্ঠির বলিলেন শুন যত্নাথ। কুৰুক্তে আইলেন দেখ জ্যেষ্ঠতাত 🛭 কিমতে ভাঁহারে আমি মুখ দেখাইব। জিজ্ঞাসিলে সমাচার কি কথা কহিব॥ গান্ধারীর ক্রোধে আর নাহিক নিস্তার। কি উপায় করি কৃষ্ণ বল এইবার॥ সতীর অব্যর্থ বাক্য শুন নারায়ণ। আজি প্রাণ হারাইব ভাই পঞ্জন ॥ র্থা যুদ্ধ করিলাম র্থা পরাক্রম। রথা গুরুহত্যা আর জ্ঞাতির নিধন ॥ রুথা বধিলাম পুত্র হৃছদ বান্ধব। র্থা যুদ্ধ করিলাম শুন 🗐 মাধব ॥ আজি গান্ধারীর ক্রোধে নাহিক নিস্তার। অপাণ্ডৰ হইবেক সকল সংসার॥ শুন কৃষ্ণ তোমারে করি নিবেদন। প্রাণ ল'য়ে পলাউক ভাই চারিজন। ভীমার্জ্ব সহদেব নকুল কুমার। পলাইয়া প্রাণ রক্ষা করুক এবার॥ আমি যাব ধূতরাষ্ট্র গান্ধারী গোচরে। শাপ দিয়া ভস্মরাশি করুন আমারে॥ আমার জীবনে আর নাহি প্রয়োজন। লোকের দার্কাতে নাহি দেখাব বদন॥ যুধিষ্ঠির বচন শুনিয়া চক্রপাণি। বলিলেন তাঁরে তবে হুমধুর বাণী॥ শুন রাজা ভয় তুমি কর কি কারণে। রাখিতে মারিতে কেহ নাহি আমা বিনে॥ দবাকার আত্মা আমি পুরুষ প্রধান। আমা বিনা রাখিতে মারিতে নারে আন ॥ সবে মেলি চলি যাব নুপতির স্থানে। দূর কর ভয় তুমি আমার বচনে ॥ গান্ধারী না দিবে শাপ আমি ইহা জানি। হরষিত চিত্তে তুমি চল নৃপমণি ॥ কৃষ্ণের বচন শুনি রাজা যুধিষ্ঠির। হাসিয়া বলেন তবে শুন যতুবীর॥ তোমার আজ্ঞাতে তবে দবে চলি যাব। শীগ্রগতি চলহ বিলম্ব না করিব ॥

অনুমতি দিল কৃষ্ণ রাজার বচনে।
হরষিত চলে সবে রাজ সম্ভাষণে॥
পঞ্চ ভাই কৃষ্ণ সহ যান ক্রেডগতি।
রাজার চরণে সবে করিল প্রণতি॥
আমি যুধিষ্ঠির বলি পরিচয় দিতে।
রথ হৈতে ধৃতরাষ্ট্র নামিল ভূমিতে॥
মহাভারতের কথা অমৃত সমান।
কালীরাম দাদ কহে শুনে পুণ্যবান॥

ধৃতরাষ্ট্র কর্তৃক লোহ-ভীম চূর্ণ করণ। সঞ্জয় রাজারে ধরি বদায় আদনে। বসিলেন পঞ্চাই রাজ বিস্তমানে॥ শাত্যকি দহিত কৃষ্ণ বদেন আপনি। হেনকালে বলে ধৃতরাষ্ট্র নৃপমণি॥ কোথা ভীম আইসহ দিব আলিঙ্গন। তুমি মম যুগাইলে পিণ্ড প্রয়োজন॥ ঊরু ভাঙ্গি মারিলেক নৃপতি হুর্য্যোধনে। একে একে সংহারিলে শর্ভেক নন্দনে॥ শুনিয়া আমার হৈল হরিষ বিষাদ। এদ আলিঙ্গন দিয়া করিব প্রদাদ ॥ এতেক বলিয়া রাজা বাড়াইল হাত। নুপতির অভিপ্রায় জানি রমানাথ॥ আছিল লোহার ভীম দিলেন গোচরে। ধৃতরাষ্ট্র নৃপতির আনন্দ অন্তরে॥ ধরিয়া লোহার ভীম চাপিল কোলেতে। অযুত হস্তীর বল রাজার দেহেতে॥ ভাঙ্গিল লোহার ভীম মহাশব্দ শুনি। চুৰ্ণ হ'য়ে পৃথিবীতে পড়িল তখনি॥ কপটে কান্দয়ে রাজা হৃদয়ে উল্লাস। মনেতে জানিল ভীম হইল বিনাশ ॥ পুত্রশোকে নরপতি না শুনয়ে কাণে। ভীম মরিলেক বলি হরষিত মনে॥ নুপতির দশা তবে দেখি নারায়ণ। হাসিয়া বলেন স্থা মধুর বচন ॥ শুন বৃদ্ধ নরপতি না কান্দহ আর। কুশলে আছেন ভীম পাণ্ডুর কুমার॥

তোমার জন্মিবে ক্রোধ ইহা অনুমাণি। গঠিত লোহার ভীম দিসু নূপমণি॥ বিষাদ না কর তুমি শাস্ত কর মন। ভীমেরে মারিলে নাহি পাবে দুর্য্যোধন॥ আর কেন অপ্যশ রাখিবা ঘূষিতে। শুদ্ধচিত হও রাজা জানাই তোমাতে॥ আপনি কহিলা পূর্ব্বে শুনহ রাজন। আপন তনয় যেন পাণ্ডুর তেমন॥ ত্তবে কেন হেন কর্মা করিলা রাজন। বুঝিলাম থল কভু নহে শুদ্ধ মন॥ কোন অংশে পাগুবের নাহি অপরাধ। আপনি করিলা তুমি নিজ কর্ম বাদ।। ভীমে বিষ খাওয়াল রাজা হুর্য্যোধন। জতুগৃহে রাখিলেন পাণ্ডুর নক্ষন॥ তবে শুকুনিরে আজ্ঞা দিল নরপতি। পাশা থেলাইল যুধিষ্ঠিরে সংহতি॥ প্রতিজ্ঞা করিয়া ধর্ম্ম **সর্ববন্ধ হা**রিল। হুঃশাসন দ্রোপদীর চুলেতে ধরিল॥ আপনি অনীতি করিলেক ছুর্য্যোধন। জয়দ্রথে দিয়া করে দ্রোপদী হরণ॥ তথাপিও পাণ্ডবের ক্রোধ না জিম্মিল। তবে হুর্য্যোধন হুর্ব্বাসারে পাঠাইল ॥ আপনি সকল জান তুমি মহাশয়। কিছু দোষ নাহি <mark>করে পাণ্ডু</mark>র তনয়॥ ^{হান্}যায় করিল যুদ্ধ তোমার *নন্দ*ন। অভিমন্ত্যু বেড়িয়া মারিল সপ্তজন॥ পশ্চাতে পাণ্ডব পরাক্রম প্রকাশিল। ত্রতিজ্ঞ। কারণে সর্ব্ব কৌরবে মারিল ॥ বেদশাস্ত্র জান তুমি আগম পুরাণ। শজ্ঞান নাহিক কেহ তোমার সমান॥ ^{আপনি জানহ পাণ্ডবের যত দোষ।} তবে কি লাগিয়া কর এ সব আক্রোশ॥ ^{ভীপ্ন} দ্রোণ বিহুর যতেক বুঝাইল। ছন্টমতি ছর্ষ্যোধন বাক্য না শুনিল ॥ অধিক সকল গুণে হয় পঞ্চাই। ^{আপনি সকল জান কি হেতু বুঝাই।।}

জানিয়া না জান তুমি সকল উহার। কি কারণে নাহি বুঝ উচিত বিচার॥ কেবল পুত্তেরে চাহি কর অপকর্ম। ভীমেরে মারিয়া কেন বিনাশিবে ধর্মা 🛚 কি দোষ করিল ভীম বলহ রাজন। না বুঝিয়া কেন কর ছেন আচরণ ॥ কদাচিত পাগুবেরে ক্রোধ না করিহ। অধৰ্ম হইবে মম বচন পালহ॥ কুষ্ণের বচন শুনি অন্ধ নরপতি। পাণ্ডবে আলিঙ্গিল হইয়া হুস্টমতি॥ গান্ধারীর মন আছে শাপিব পাণ্ডবে। হেনকালে বলিলেন বাস্থদেব তবে॥ শুন দেবী পাদরিলে তুমি পূর্ববকথা। সতীর বচন কভু না হয় অন্যথা।। যাত্রাকালে তোমা জিজ্ঞাসিল হুর্য্যোধন। কুরুক্ষেত্রে যুদ্ধেতে জিনিবে কোনজন॥ পাণ্ডবের **দঙ্গে** যাই যুদ্ধ করিবারে। জয় পরাজয় কার বলহ আমারে॥ তবে সত্য কথা তুমি কহিলে তথন। যথা ধর্ম্ম তথা জয় শুন তুর্য্যোধন॥ তোমার বচন যদি অন্যথা হইবে। তবে কেন চন্দ্র সূর্য্য আকাশে রহিবে॥ দে সব বচন সত্য মম মনে লয়। অতএব যুদ্ধ জিনে পাণ্ডুর তনয়॥ ত্যজহ সকল ক্রোধ আমার বচনে। পুত্র ভাব কর পঞ্চ পাণ্ডুর নন্দনে॥ এত যদি বাস্থদেব কহিলেন বাণী। যোড়হাতে বলিলেন অন্ধ রাজরাণী॥ যত কিছু মহাশয় বলিলে বচন। বেদের সমান তাহ। করিতু গ্রহণ। কিন্তু হৃদয়ের তাপ দহিতে না পারি। একশত পুত্র মোর গেল যমপুরী॥ ত্যজিলাম দব ক্রোধ তোমার বচনে। পুত্র সম স্লেহ হৈল পাণ্ডুর নন্দনে 🛚

গান্ধারী প্রভৃতি স্ত্রীগণের যুদ্ধস্থলে গমন ও স্থ স্থ পতি পুত্রের মৃতদেহ দর্শনে থেদ। মহাভয় উপজিল দেখি রণস্থল। শকুনি গৃধিনী শিবা করে কোলাইল।। হাতে মুগু করিয়া নাচয়ে ভূতগণ। কুৰুর করিছে মাংস শোণিত ভক্ষণ॥ রক্তের কর্দমে শীঘ্র চলিতে না পারে। **শোকাকুলা** नांत्रीगंग यांग्र शीरत शीरत ॥ কেছ কেছ না পাইয়া পতি দর্শন। ভূমিতে পড়িয়া তারা করয়ে ক্রন্দন ॥ ভ্রময়ে দমরস্থলে যত কুরুনারী। শিবা শ্বান পক্ষিগণে ভয় নাহি করি॥ অনেক যতনে কেহ নিজ পতি পায়। স্বন্ধে মুগু যোড়া দিতে মহাব্যগ্র হয়॥ দুই হস্তে ধরে কেহ পতির চরণ। विनाभरम् मूर्थ मूथ कित्रमा भिनन ॥ পাদরিলে পূর্ব্বকার প্রেমরদ যত। হাস্থ্য পরিহাস তাহা স্মরাইব কত॥ দমর করিতে গেলে কেমন কুক্ষণে। পুনঃ না হইল দেখা অভাগিনী সনে॥ হেনমতে পতি ল'য়ে অনেক স্থন্দরী। বিলাপ করয়ে সবে নানামত করি॥ তা দেখি গান্ধারী প্রাণ ধরিতে না পারে। পতিশোকে বধূগণ কান্দে উচ্চৈঃস্বরে॥ রণভূমি দেখি দেবী অতি ভয়ঞ্কর। কপালে কঙ্কণ মারি কান্দিল বিস্তর ॥ ছেন কেহ নাহি তথা প্রবোধ করিতে। সবে শোকে অচেতন পড়িয়া ভূমিতে ॥ কেবা কোথা পড়িয়াছে নাহিক উদ্দেশ। রণস্থমি দেখি দেবী লাগে ভরাবেশ॥ মড়ার উপরে মড়া লেখা নাহি তার। গান্ধারী দেখিয়া চিত্তে লাগে চমৎকার। গজবাজী পড়িয়াছে রথ বহুতর। নানা অলঙ্কার বস্ত্র শস্ত্র মনোহর॥ মাথার মুকুট পড়িয়াছে রণভূমে। মকর কুণ্ডল পড়িয়াছে নানাক্রমে॥

ধ্বজছত্র চামর প'ড়েছে রণস্থলী। ডাকিনী যোগিনীগণ করে নানা কেলী॥ স্থামী পুত্র পৌত্র আর বন্ধু সহোদর। পড়িয়া আছমে যত মৃত কলেবর॥ क्रुर्यग्राधन व्यव्यवर्ग तूलरा गांकाती। কতদূরে দেখে হত কুরু অধিকারী॥ ধূলায় পড়িয়া আছে রাজা হুর্য্যোধন। গান্ধারী দেখিল দঙ্গে লৈয়া বধূগণ॥ श्रुनः प्रत्रभरन (प्रवी खडान इहेन। গান্ধারী মরিল বলি দকলে ভাবিল। পঞ্চ পাগুবেতে তাঁরে তুলিয়া ধরিল। শ্ৰীকৃষ্ণ সাত্যকি আদি বহু প্ৰবোধিল। দন্বিত পাইয়া তবে গান্ধার তনয়া। চাহিয়া কুষ্ণেরে বলে শোকাকুল হৈয়া॥ দেখ কৃষ্ণ পড়িয়াছে রাজা হুর্য্যোধন। সঙ্গেতে নাহিক কেন কর্ণ হঃশাসন॥ শকুনি সঙ্গেতে কেন না দেখি রাজার 🗓 কোথা ভীম্ম মহাশয় শান্তসুকুমার॥ কোথা দ্রোণাচার্য্য কোথ। কুপ মহাশয়। একেলা পড়িয়া কেন আমার তনয়॥ কোথা সে কুগুল কোথা মণি মুক্তাস্ৰজ। কোথা গেল হস্তী ঘোড়া কোথা বথধ্বজ। একাদশ অক্ষোহিণী যার সঙ্গে যায়। হেন রাজা হুর্ষ্যোধন ধূলাতে লুটায়॥ স্থবর্ণের খাটে যার সতত শয়ন। হেন তকু ধূলার উপরে নারায়ণ॥ জাতি যুঁতী পুষ্প আর চাঁপা নাগেশ্বর। বকুল মালতী আর মল্লিকা স্থন্দর॥ এ সকল পুষ্পে পুত্র থাকিতে শুইয়া। হেন তকু লোটে ভূমে দেখহ চাহিয়া॥ অগুরু চন্দন গন্ধ কুন্ধুম কস্তুরী। লেপন করিতে দদা অঙ্গের উপরি॥ শোণিতে সে তমু আজি হইল শোভন। আহা মরি কোথা গেল রাজা তুর্য্যোধন ॥ ত্যজহ আলস্থা কেন না দেহ উত্তর। যুদ্ধ হেতু তোমারে ভাকিছে র্কোদর ॥

ৰ্ডিঠ পুত্ৰ ত্যজ নিদ্ৰা অন্ত্ৰ লহ হাতে। গদাযুদ্ধ কর গিয়া ভীমের সহিতে॥ কুষ্ণাৰ্চ্জুন ভাকিছেন যুদ্ধের কারণ। 🚓 চুত্তর নাহি কেন দেহ ছুর্য্যোধন ॥ এত বলি গাশ্ধারী হইল অচেতন। প্রিয়ভাষে কৃষ্ণচন্দ্র করেন সাত্ত্ব ॥ শোক না করিও দেবি শুন হিতবাণী। সকল দৈবের খেলা জানহ আপনি॥ দেব বিজ গুরু নিন্দা এ সব কুকর্ম। বেদে বুঝাইল ইহা না করিলে ধর্ম। ত্বৰুৰ্ম তুঃদহ ত্যজি থাকি ল স্থপথে। ইহা স্থতোগী অন্তে যায় যে স্বর্গেতে॥ না জানিয়া কুকর্মা করয়ে যেই জন। পরিণামে ছঃখ পায় বেদের বচন॥ অহঙ্কারে অধর্ম করয়ে নিরন্তর। অবশেষে কর্ম্ম তার হয়ত হুক্ষর ॥ না শুনে স্ক্রন বাক্য মত্ত অহস্কারে। অবশেষে সেইজন যায় ছারেখারে॥ কিন্তু এ সকল ঘটে নিজ কর্মগুণে। শোক দূর কর দেবি কান্দ কি কারণে ॥ শুভাশুভ কর্ম্ম যত বিধির ঘটন। ভোগ বিনা ক্ষয় নহে শাস্ত্রের লিখন॥ কালে আদি জন্মে পাপী কালেতেই মরে। কালবশ এই সব জানাই তোমারে॥ না কর বেদনা তুমি শুন নৃপজায়া। বৃঝিতে না পারে কেহ বিধাতার মায়া॥ বিজয় পাণ্ডব কথা অমৃত লহরী। শুনিলে অধর্ম্ম খণ্ডে পরলোকে তরি॥ কিছুমাত্র বলি আমি রচিয়া পয়ার'। অবহেলে শুনে দেই তরয়ে সংসার ॥ কাশীরাম দাসের সদাই এই মন। ্নিরবধি রচে মহাভারত কথন॥

মৃত পতি পুঞাদি দর্শনে গান্ধারী প্রভৃতি ন্ত্রীগণের বিলাপ ও শ্রীক্ষেত্র প্রতি গান্ধারীর অনুযোগ।

জন্মেজয় কহিলেন শুন মহামূনি। গান্ধারী কি কহিলেন কহ তাহা শুনি॥ কেমনে ধরিল প্রাণ শত পুত্রশোকে। ক্রোধ করি কোন কথা কহিল কুঞ্কে॥ পূর্ণব্রহ্ম অবতার দেব নারায়ণ। জানিয়া শাপিল দেবী কিসের কারণ॥ এই ত আশ্চর্য্য অতি মম মনে লয়। বিস্তারিয়া দেই কথা কহু মহাশয়॥ কহেন বৈশপ্পায়ন;শুনহ রাজন। একচিত্ত হ'য়ে শুন ভারত কথন॥ কুষ্ণের প্রবোধ বাক্য মনেতে বুঝিয়া। উঠিয়া বদিল দেবী চেতন পাইয়া :৷ কহে কিছু কৃষ্ণকে গান্ধারী পতিব্রত।। বিচিত্র বীর্য্যের বধূ রাজার বনিতা॥ দেখ কৃষ্ণ একশত পুত্র মহাবল। ভীমের গদার ঘাতে মরিল সকল॥ দেখ কৃষ্ণ বধ্গণ উচ্চৈঃম্বরে কান্দে। দেখিতে না পায় যারে কভু সূর্য্যে চান্দে॥ শিরীষ কুস্থম জিনি হ্রকোমল তন্ত্র। দেখিয়া যাহার রূপ রথ রাখে ভাকু॥ হেম বধৃগণ দেখ আদে কুরুক্তেতে। ছিন্নকেশ মন্তবেশ দেখ তুমি নেত্রে॥ এই দেখ নৃত্য করে পতিহীনা বধু। মুথ অতি হ্রশোভন অকলঙ্ক বিধু॥ এই দেখ গান করে নারী পতিহীনা। কণ্ঠশব্দ শুনি যেন নারদের বীণা॥ পতিহীনা কত নারী বীরবেশ ধরি। ওই দেথ নৃত্য করে হাতে অন্ত্র ধরি॥ হে কৃষ্ণ দেখহ মম পুত্রের তুর্গতি। যাহার মস্তকে ছিল স্থবর্ণের ছাতি॥ নানা আভরণে যার তকু স্থগোভন। দে তকু ধূলায় ওই দেথ নারায়ণ॥ সহজে কাতর বড় মায়ের পরাণ। স্থুত্র কুপুত্র ছুই মায়ের সমান।

এককালে এত শোক সহিতে না পারি। বুঝাইবা আমারে কিরুপে হে মুরারী। পুত্ৰপোক-পেল সম বাজিছে হৃদয়। দেখাবার হৈলে দেখাতাম মহাশর।। সংসারের মধ্যে শোক আছয়ে যতেক 🛊 পুত্রশোক ভূল্য শোক নাহি তার এক। পর্ভধারী হ'য়ে যেই করেছে পালন। সেই সে বুঝিতে পারে পুত্রের মরণ॥ এ শোক সহিতে কেবা আছম্মে সংগারে। বিবরিয়া বাহুদেব কহ দেখি সোরে ॥ সহিতে না পারি আমি ছদয়ের তাপ। ভাবিতে উঠয়ে মনে মহা মনস্তাপ ॥ মহাবলবস্ত মম শতেক নক্ষন। কি দিয়া আমারে বুঝাইবা নারায়ণ ॥ মহারাজ তুর্য্যোধন লোটায় ভূতলে। চরণ পৃঞ্জিত যার নৃপতিমগুলে 🛭 ময়ুরের পাথে যার চামর ব্যঞ্জন। কুরুর শৃগাল তারে করয়ে ভক্ষণ ॥ দেখিতে না পারি আমি এ সব যন্ত্রণা। শকুনি দিলেক যুক্তি খাইয়া আপনা। যাত্রাকালে পুত্র মোরে জিজাসিল জয়। যে কথা কহিছ তাহা শুন মহাশয়॥ যথা ধর্ম তথা কৃষ্ণ জয় সেইখানে। এই কথা আমি কহিলাম হুর্য্যোধনে ॥ না শুনিল মম বাক্য করি অনাদর। রাখিল ক্ষত্রিয় ধর্ম করিয়া সমর॥ কাতর না হৈল রণে আমার নন্দন। সমর করিয়া সবে ত্যঞ্জিল জীবন ॥ হৃদয়ে রহিল কিন্তা বড় এক ব্যধা। সংগ্রামে আইল দুর্য্যোধনের বনিতা॥ এই হুঃখ নারায়ণ না পারি সহিতে। ওই দেধ বধুগণ আত্রশাধা হাতে॥ অতএব ব্যগ্র বড় হইয়াছি আমি। শার এক নিবেদন শুন শন্তর্যামী। তুর্ব্যোধন না মানিল হিত উপদেশ। ভাছার উচিত ফল পাইল বিশেষ 🛊

শকুনি আমার ভাই বড় গুরাচার। তাহার বৃদ্ধিতে হৈল বংশের সংহার। মরিলেক শত পুত্র বংশের সংহতি। বুদ্ধকালে বাজার হইবে কিবা গতি॥ পাণ্ডুর নন্দন রাজ্য লবে আপনার। পুত্র নাহি কেবা আর যোগাবে আহার॥ ব্দলাঞ্জলি দিতে কেহ নাহি পিতৃগণে। এই হেতু ক্রন্সন করি যে রাত্র দিনে॥ এত বলি গান্ধারী হইল মচেতন। করুণা সাগর কুষ্ণ করেন সান্ত্রন ॥ কৌরব-বনিত। কান্দে পতি-পুত্রশোকে। তা দেখিয়া পাগুৰ আছয়ে অধোমুখে ॥ মৃতপুত্র কোলে করি করয়ে বিলাপ। যুধিষ্ঠির রাজার বাড়িল মনস্তাপ ॥ এমন সময়ে আসি ট্রোপদী স্থন্দরী। পুত্রশোকে কান্দে শিরে করাঘাত করি॥ বিরাটনন্দিনী কান্দে শোকে অচেতনা। তাহা দেখি পাইলেন অৰ্জ্জ্ব বেদনা॥ উত্তরা ধরিয়া অভিমন্ত্রার চরণ। লাজ ভয় ত্যাগ করি যুড়িল ক্রন্সন ॥ উত্তরা বলিল মোরে বিধি প্রতিকূল। হেনজন মরে যার গোবিন্দ মাতৃল। ধনপ্রয় পিতা যায় হেন জন মরে। এ বড় দারুণ শোক রহিল অন্তরে॥ মোহেতে আকুল বড় রাজা যুধিষ্ঠির। বিলাপিয়া ভূমেতে পড়িদ ভীমবীর॥ শোকেতে অর্জ্জন বীর করেন রোদন। বিলপিয়া কান্দে তুই মাদ্রীর নন্দন ॥ কুন্তী যাজ্ঞসেনী দোঁছে শোকে অচেতনা। মহা শোক-সিন্ধু মাঝে পড়ে সর্ববন্ধনা ॥ ফুকারিয়া কুন্তীদেবী না পারে কান্দিতে। হইল অন্তরে দগ্ধ কর্ণের শোকেতে। বিলপিয়া উত্তরা যে যায় গড়াগড়ি। প্রাণনাথ কোথা ওছে গেলে মোরে ছাড়ি॥ গোবিন্দ ভোমার মাসা পিতা ধনপ্রয়। णाश महि काश्रा (भएन जर्ज्यन कर्ना ।

অস্থির পাওবগণে দেখি নারায়ণ। সান্ত্রনা করেন কহি যধুর বচন॥ কুরুক্ষেত্রে উঠিল ক্রন্সন কোলাহল। অভাতে প্লাবিত হৈল সংগ্রামের স্থল। না হয় শোকের অন্ত পুনঃ পুনঃ বাড়ে। হা নাথ বলিয়া পতিহীনা ডাক ছাড়ে ॥ পড়িয়া গান্ধারী আছে অচেতনা শোকে। তুৰ্য্যোধন বিনা অন্য শব্দ নাহি মুখে॥ কি বলিব ওছে কৃষ্ণ মুকুন্দ মুরারী। আজি হৈতে শৃন্য হৈল হস্তিনানগরী। না ধরিল আমার বচন হুর্য্যোধন 1 তাহার কারণে শত পুত্রের নিধন ॥ শান্তমু তনয় কত বুঝাইল নীত। দ্রোণ কত বুঝাইল শাস্ত্রের বিহিত॥ বিচুর কহিল কন্ত বিবিধ প্রকারে। না শুনিল কদাচিত গুরু অহঙ্কারে॥ না শুনিল কার' কথা যুদ্ধ কৈল পণ। সকল জীবের গতি তুমি নারায়ণ। শুনিয়াছি আমি দব দঞ্জয়ের মুখে। আর কত অনুযোগ কহিব তোমাকে॥ কহিতে কহিতে ক্রোধ হৈল অভিশয়। পুনরপি শোক ত্যজি গোবিন্দেরে কয়॥ ওহে কৃষ্ণ জনাৰ্দ্দন দৈবকীকুমার। তোমা হৈতে হৈল মম বংশের সংহার॥ অনর্থের মূল তুমি দেব নারায়ণ। কর্ম্ম দেখাইয়া কর দোষ প্রকালন॥ তোমাতে সংহার হয় মিলয় তোমাতে। জীবের কারণ আর নাহি তোমা হৈতে॥ সকল তোমার মায়া তুমি সে প্রধান। গুণ দোষ ধৰ্মাধৰ্ম তুমি ভগবান॥ থাকিয়া প্রাণীর ঘটে যে বলাও যারে। প্রাণী করে সেই কর্ম দোষ' কেন তারে॥ অসাধুর মত কোথা ধর্ম্মের বাসনা। সাধুব্যক্তি তব পদ করয়ে ভাবনা॥ সাধুযত প্রশংসা করয়ে চক্রপাণি। শংসারে যতেক দেখি ভার মূল তুমি 🛭

অভএব কহি নাথ কর অবধান। করাইলে কৌরব পাণ্ডবেতে সংগ্রাম। ভেদ জন্মাইলে তুমি ওছে নরপতি। না পারি কহিতে দেব তোমার প্রকৃত্তি॥ কৌরব পাগুব তব উভয় সমান। তাহে ভেদ যুক্তি নহে শুন ভগবান॥ ধর্ম আত্ম। যুধিষ্ঠির কিছু নাহি জানে। সংগ্রামে প্রবৃত্ত ধর্ম্ম তোমার সন্ধানে ॥ হিংসার নাহিক লেশ ধর্ম্মের শরীরে। ভেদ জন্মাইলৈ তুমি কহিয়া তাহারে ॥ যদি বিদন্বাদ হৈল ভাই তুইজ্কনে। তোমার উচিত নহে উপস্থিতি রণে॥ তারে বন্ধু বলি সব করায় সমতা। তুমি শিখাইয়া দিলে বিবাদের কথা। কহিতে ভোমার কথা ছঃখ উঠে মনে। সমান সম্বন্ধ তব কুরু পাণ্ডুসনে ॥ বরণ করিতে তোমা গেল ছুর্য্যোধন। পালক্ষে মাছিলা তুমি করিয়া শর্ম ॥ জাগিয়া আছিলা তুমি দেখি হুর্য্যোধনে। কপটে মুদিয়া আঁথি নিজা গেলে কেনে 🎚 পশ্চাতে অৰ্জ্জ্ব আসে সে কথা শুনিয়া। উঠিয়া বসিলে মায়া নিদ্রা উপেক্ষিয়া। নারায়ণী সেনা দিলা আমার নন্দনে। ছলিতে অৰ্জ্জুন থাক্য শুনিলা প্ৰথমে॥ সার্থি হইলে তুমি অর্জ্ঞ্নের রথে। সমান সম্বন্ধ আর রহিল কিমতে **॥** তবে সে হইত ব্যক্ত সমান সম্বন্ধ। তোমাতে উচিত নহে শুন কৃষ্ণ>দ্র ॥ ভারপর এক কথা শুনহ অচ্যুত। করিলে দারুণ কর্ম শুনিতে অমুঠ॥ মধ্যস্থ হইয়া যবে গিয়াছিলে ভুমি। চাহিলে সে পঞ্জাম শ্রুত আছি আমি ॥ না দিলেক মম পুত্র কি ভাবিয়া মনে। আসিয়া কহিলে তুমি পাগুৰ-নন্দনে 🛭 স্দাচারী পাণ্ডুপুত্র রাজ্য নাহি মনে ৷ তাহে তুমি ভেদ করি কহিলা বচনে 🛚

আপনি দিলেন ভেদ কৌরব পাণ্ডবে। নহে তুমি প্রবৃত্ত হইলে কেন তবে॥ সে কালে আপন ঘরে যেতে যদি তুমি। সম স্নেহ্বলি তবে জানিতাম আমি॥ যুদ্ধ যুঁক্তি দিলা তুমি পাণ্ডুর কুমারে। প্রবঞ্চনা করি কুষ্ণ ভাণ্ডিলা আমারে॥ সব জানিলাম তুমি অনর্থের মূল । করিলা বিনাশ তুমি যত কুরুকুল।। কহিতে তোমার মর্ম্ম বিদরয়ে প্রাণ। তবে কেন বল তুমি উভয় সমান॥ আমি দব শুনিয়াছি দঞ্জয়ের মুখে। না কহিলে স্বাস্থ্য নাহি জানাই তোমাকে॥ কি কহিতে পারি আমি তোমার দম্মুখ। উচিত কহিতে পাছে মনে ভাব হুঃখ। **হুখ** তুঃখ কহিবেক সবাকার স্থান। আর কিছু কহি তাহা শুন ভগবান॥ অনাদি পুরুষ তুমি দেব ভগবান। বিশ্বেশ্বর হও তুমি পুরুষ প্রধান॥ সবাকার মূল তুমি দেব জগন্নাথ। সহজে অবলা আমি কি কব সাক্ষাৎ। কর্ণের আছিলা শক্তি অর্জ্জন নিধনে। তাহা দিয়া বিনাশিলে ভীমের নন্দনে॥ ষুধিষ্ঠির দহ যুক্তি করি যহুপতি। যুদ্ধেতে প্রব্রুত্ত করাইলা তুমি রাতি॥ ভামস্থত ঘটোৎকচ মায়াযুদ্ধ কৈল। কোধে কর্ণ সেই অস্ত্র ভৈমীরে মারিল ॥ ওহে কৃষ্ণ এ দকল তোমার মন্ত্রণা। কৰ্ম্ম সব মূল বলি প্ৰবোধিলা আমা॥ তোমার যতেক কর্ম্ম না পারি কহিতে। কুরু পণ্ডু সম মিল বলহ সভাতে॥ চক্রব্যুহ দ্রোণাচার্য্য করিল রচন। চক্ৰব্যুহ যুদ্ধ মাত্ৰ জানয়ে অৰ্জ্জ্ন॥ আর কেহ নাহি জানে পাণ্ডব সভাতে। অভিমন্ত্যু শুনেছিল থাকিয়া গর্ভেতে॥ অভিমন্যু বধ কথা শুনিয়া অৰ্জুন। জয়দ্রথে নাশ হেতু করিল দে পণ॥

সঞ্জয়ের মুখে আমি শুনিয়াছি সব। তিপকার যত তুমি করেছ মাধব।
মহাভারতের কথা অমৃত অর্থবে।
পাঁচালী প্রবন্ধে কহে কাশীরাম দেবে।

শ্রীক্বফের প্রতি গান্ধারীর শাপ। কুরুকুল বিনাশিলা বহুদেব হুত। কহিতে অনল উঠে কি কব অচ্যুত॥ পুত্রশোকে কলেবর জ্বলিছে আমার । বল দেখি হেন শোক হয়েছে কাহার। শুন কৃষ্ণ আজি শাপ দিব হে তোমারে। তবে পুত্রশোক মোর ঘূচিবে অন্তরে॥ অলঙ্ঘ্য আমার বাক্য না হবে লঙ্ঘন। জ্ঞাতিগণ হৈতে কৃষ্ণ হইসু নিধন। পুত্রগণ শোকে আমি যত পাই তাপ। তুমি এ যন্ত্রণা পাবে দিলাম এ শাপ॥ মম বধুগণ যেন করিছে ক্রন্দন : এইমত কান্দিবেক তব বধূগণ॥ তুমি যেন ভেদ কৈলা কুরু পাণ্ডবেতে। যত্রবংশ তেন হবে আমার শাপেতে॥ কৌরবের বংশ যেন হইল সংহার ৷ শুন কৃষ্ণ এই মত হইবে তোমার॥ গোবিন্দেরে শাপ দিল কুপিয়া গান্ধারী। শুনি কম্পমান হৈল ধর্ম অধিকারী ॥ অন্তর্য্যামী হরি জানিলেন এ কারণ। পতার অলজ্য্য বাক্য ন। হবে লজ্ফ্যন ॥ আমি জন্মিলাম ভূমি ভার নিবারণে। পৃথিরীর ভার যে ঘুচিল এত দিনে॥ ঈषৎ शंभिया कृष्ध वर्त्वन वहन। মম জ্ঞাতি মারিতে পারয়ে কোনজন॥ উঠহ গান্ধারী, নাহি করহ ক্রণান। শাপ দিলা তথাপি না কর সম্বরণ ॥ कूर्य्याधन (मार्य रेशन वः र नेत्र निधन। না জানিয়া আমারে শাপিলা অকারণ॥ আমি যদি দোষে থাকি ফলিবেক শাপ। আপনার দোষে আমি পাব নমস্তাপ ॥

এতেক বলিয়া মায়া করি নারায়ণ।
পুত্রশোকে গান্ধারীকে করেন মোচন ॥
মহাভারতের কথা অমৃত সমান ॥
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান ॥

্বিষ্টিরাদি কর্তৃক মৃত.স্বজনগণের শরীর সংকার।

কুফের বচনে ধৃতরাষ্ট্র নরপতি। যুধিষ্ঠিরে ডাকিয়া বলিছে মহামতি॥ মন দিয়া শুন পুত্র আমার বচন। ক্রুক্ষেত্র যুদ্ধেতে মরিল যত জন॥ রাজ-রাজ্যে**শর রাজা কুমার রাজার।** গণনা করিতে নারি কতেক হাজার॥ স্থহদ বান্ধব কার' নাহি সহোদর। দবাকার প্রেতকর্ম করহ সত্বর॥ অগ্নি কার্য্য দ্বাকার করহ এখন॥ নিমন্ত্রিয়া যতেক আনিল তুর্য্যোধন। ত্র **আমন্ত্র**ো এ'ল যত যত রাজ। না করিলে প্রেতকার্য্য হইবেক লাজ। শ্রীধৌম্য সঞ্জয় আর বিত্বর স্থমতি। ইন্দ্র**দেন ধর্মদেন যুযুৎস্থ প্রভৃতি** ॥ ইহারা সকলে যা'ক তোমার সহিত। করুক অন্ত্যেষ্টি কর্ম যে যার উচিত॥ কুরুকেত্রে যুদ্ধে যত এসেছিল প্রাণী। দবার দৎকার কর ধর্ম নৃপমণি॥ ধৃতরাষ্ট্র আজ্ঞা পেয়ে ধর্ম্মের নন্দন। চিতাধুমে অন্ধকার করিল গগন॥ যুযু**ংস্থ দিলেন অগ্নি রাজার আজ্ঞায়**। ভীমাৰ্জ্বন যুধিষ্ঠির আছেন সহায়॥ জ্ঞাতিগণে অগ্নি দিল ধর্ম্মের নন্দন॥ চিতাধূমে অন্ধকার হইল গগন। অপর যতেক রাজা মৃত কুরুক্ষেত্রে। যুযুৎস্থ দিলেন অগ্নি রাজ আজ্ঞ মাত্রে॥ অষ্টাদশ অক্ষোহিণী হইল দাহন। অসুমৃতা হইল যতেক নারীগণ।। বিষাদ পাইয়া ধর্ম করেন রোদন। প্রবোধ করেন ভাঁরে শ্রীমধুসূদন॥

অপূর্ব্ব ক্ষয়ের লীলা কে বুঝিতে পারে। এ তিন ভুবন আছে যাঁহার শরীরে॥ বিশ্বাদ করয়ে লোক এ দব বচনে। বিশ্বরূপ যশোদা দেখিল বিগ্রমানে ॥ চারি ভাই দঙ্গে ল'য়ে পাণ্ডুর কুমান্র। গেলেন তর্পণ স্নান হেতু যত আর॥ গঙ্গায় চলিল সব গোবিন্দ সংহতি। পঞ্চ পাণ্ডবাদি ধৃতরাষ্ট্র নরপতি 🛚 গান্ধারী প্রভৃতি কুন্তী ক্রুপদনন্দিনী। উত্তরা প্রভৃতি আর যতেক রমণী॥ স্নান আদি কৈল দবে জাহুবীর জলে। ধৌম্য পুরোহিত মন্ত্র পড়ায় সকলে 🛚 তুর্য্যোধন আদি করি শত সহোদর। সবার তর্পণ করিলেন নৃপবর॥ আৰু যত রাজগণ সংগ্রামে মরিল। একে একে স্বাকার তর্পণ করিল। ক্ষত্র মত নিত্যকর্ম ছিল পূর্ববাপর। সেইমত করিল পাণ্ডুর সহোদর॥ স্ত্রীপুরুষ কৈল যত পারত্রিক কর্ম। যেমন বিধান ছিল শাস্ত্রমত ধর্ম। হেনকালে কুন্তীদেবী গিয়া দেইখানে। যুধিষ্ঠিরে কহিলেন মধুর বচনে। কর্ণ মহাবীর হয় আমার নন্দন। স্তপুত্র বলি যারে বলিলা বচন॥ কত্যাকালে জন্ম হ'য় আমার উদরে। সূর্য্যের ঔরদ্ধে জন্ম জানাই তোমারে॥ অসময় ৰলি তায়ে করি বিদর্জন। মঞ্জুষা করিয়া ভাদাইলাম তথন॥ তবে গুত পেয়ে তারে করিল পালন। প্রসিদ্ধ হইল সেই রাধার নন্দন॥ বলবান দেখি হুর্যোগন নিল তারে। পূর্বের রুত্তান্ত এই জান্সই তোমারে॥ মায়ের বচন শুনি রাজা যুধিন্তির। বরিষয়ে তুই ধারে নয়নের নীর॥ বিষাদ কার্যা ধর্ম করেন রোদন। প্রবোধ করেন ভারে 🖺 মধুসূদন ॥

যুধিষ্ঠির জিজ্ঞাদেন কুন্ডীরে তখন। পুনশ্চ কহিল কর্ণ জন্ম বিবর্ণ ॥ ত্র্বাসার মন্ত্র পায় যেমত প্রকারে। কহিল সকল কথা রাজা যুধিষ্ঠিরে॥ এতেক শুনিয়া ধর্ম মায়ের বচন। মিলন বদনে পুনঃ করেন রোদন॥ এতদিনে হেন কথা কহিলে জননী। কর্ণ মম সহোদর এতদিনে শুনি॥ ভাতৃবধ করি আমি পাপিষ্ঠ চণ্ডাল। কর্ণ মম সহোদর বিক্রমে বিশাল। হাহাকার করিয়া কান্দয়ে পঞ্চজীন। পুনশ্চ প্রবোধ দেন দৈবকীনন্দন ॥ তবে যুধিষ্ঠির রাজা শোকেতে জর্জ্জর। যোড়হাতে কহিলেন জননী গোচর॥ শুনগো জননা আমি করি নিবেদন। জানিলে না হ'ত কভু কর্ণের নিধন॥ গুপ্ত করি রাখিলে না কহিলে আমারে। রুখা বধ করিলাম জ্যেষ্ঠ সহোদরে॥ এ সকল কথা যদি কহিতে জননী। তবে কেন বিনাশিব কর্ণ মহাজ্ঞানী॥ তবে কেন বিনাশিব রাজা দুর্য্যোধন। তুঃশাসন তুম্মু থাদি ভাই শত জন ॥ তবে কেন ভীম্ম বীর ঈদৃশ হইবে। অভিমন্যু পুত্র কেন রণেতে পড়িবে॥ তবে কেন হইবেক দ্রোণের নিধন। পূৰ্ব্বেতে এ সব যদি কহিতে ক্ষন।। দৈবে কর্ণ রাজা ছিল হস্তীনানগরে। প্র্য্যোধন তার বাক্য অন্তথা না করে॥ কর্ণ-আজ্ঞাকারী ছিল যত কুরুগণ। যুদ্ধ না হইত মাতা জানিলে এমন॥ জ্যেষ্ঠ ভাই পিতৃ তুল্য দৰ্ববশান্ত্ৰে বলে। এ কলক রাখিলাম আপনার কুলে॥ এ বড় দারুণ খোক রহিল অন্তরে। এতদিনে হেন কথা কহিলে আমারে॥ মা হইয়া পুত্র প্রতি এমত তোমার। খেন গো জ্নুনী তাপ বা<u>ড</u>িল অপার ॥

শাপ দিব আমি বড় হুঃখ পাই মনে। গুপ্তকথা না থাকিবে নারীর বদনে॥ নারীর উদরে কভু কথা না রহিবে। অতি গুপ্ত কথা হৈলে প্রকাশ হইবে ॥ এত বলি যুধিষ্ঠির অতি শোকাকুল। পুনঃ প্রবোধেন কৃষ্ণ হ'য়ে অসু কূল ॥ কৃষ্ণবাক্যে প্রীত পেয়ে পাণ্ডুর নন্দন। শাক্রমত করিলেন কর্ণের তর্পণ॥ ঘটোৎকচ রাক্ষদের করেন তর্পণ। পুনঃ স্নান করি কৃলে উঠেন তথন॥ কুলে রহিলেন ধর্ম হইয়া অস্থনী। ভীমাৰ্জ্জ্ন সহদেব কেহ নহে স্থথী ॥ গান্ধারী পুত্রের শোকে বিস্তর কান্দিল। পতিহীনা নারীগণ যত সঙ্গে ছিল ॥ শাস্ত করি যুধিষ্ঠির আনেন শিবিরে। ধৃতরাষ্ট্র প্রভৃতি রহিল অনাহারে ॥ শিবিরে রহিল সবে বিষাদিত মনে। গান্ধারী পুত্রের শোকে কান্দে রাত্রিদিনে।॥ অনাহারে তিন রাত্রি করিল বঞ্চন। নিশিযোগে ফলাহার কৈল দর্বজন॥ আজি তিন দিন হৈল পুত্ৰ নাহি দেখি। কোথা ছুৰ্য্যোধন কোথা ছুম্মু থ ধানুকী॥ গান্ধারী কুষ্ণেরে কন করিয়া রোদন। আজি শৃন্য হৈল মম সকল ভুবন॥ কোথা গেল ছুর্য্যোধন কহ যত্ন্মণি। অকারণে প্রাণ ধরি আমি অভাগিনী॥ দকল সংসার শৃত্য পুত্রের বিহনে। **শুন কৃষ্ণ কত ছুঃখ উঠে মম মনে**॥ শতপুত্র আমার যেমন শশধর। কি হইল কোথা গেল কহ যতুব্র॥ সে হেন হৃদ্দর মুখ অনলে পুড়িল। নানা আভরণ অঙ্গে কেবা কাড়ি নিল। অগুরু চন্দনে লিপ্ত ছিল নিরস্তরে। কেমনে অনল দিলা এমন শরীরে॥ স্বপ্নবৎ দেখি এই সকল সংসার। কহ কোপা গেল মম শতেক কুমার 🛭

প্লবৰ্ণ রচিত পুরী নিল কোন্ জন। কহ কৃষ্ণ কোথা গেল আমার নন্দন ॥ সকুগুল কনক শরীর স্থকুমার। তুঃশাসন আদি পুত্র কোথা সে আমার ॥ শোক ছঃখ ভয়ে আমি হৈলাম উন্মন।। কোথা শত বধু মোর থঞ্জননয়না॥ স্মরণ করিতে মম বিদরে পরাণ। হস্তিনা হইল শৃত্য শুন ভগবান॥ এ বড় অন্তরে তুঃখ নহিল আমার। বুদ্ধকালে কোন গতি হইবে আমার 🛭 মরিলে পুত্রের হাতে না পাব' আগুন। ইহা ভাবি আরো ছঃখ বাড়ে চতুর্গুণ ॥ কি বুঝিয়া এত তাপ দিলেন আমারে। শুন হে করুণাময় নিবেদি তোমারে॥ ্রত **জালা আগেতে না জানি গদাধর**। পুত্রশোকে আমার দহিছে কলেবর॥ ওহে ভীমদেন শুন আমার বচন। আর বিষ ভোমারে না দিবে ছুর্য্যোধন॥ আর কেবা জতুগৃহ করিবে নির্মাণ। যুচাইল দব ভয় প্রভু ভগবান॥ শকুনি আমার ভাই গেল কোথাকারে। আর কে মন্ত্রণা দিবে আমার পুত্রেরে॥ ওহে যুধিষ্ঠির তব হৈল শুভ দশা। আর কে তোমার সঙ্গে খেলাইবে পাশা॥ গান্ধারের নাথ কোথা তুরাত্মা শকুনি। তোমা সবাকার ভয় ঘুচিল এখনি॥ এত বলি গান্ধারী পড়িল ভূমিতলে। যুধিষ্ঠির ধরি তুলিলেন সেইকালে॥ শান্ত্রনা করেন কৃষ্ণ বিবিধ প্রকারে। নানাবিধ শাস্ত্র কথা বুঝাইল তাঁরে॥ শুৰ গো গান্ধারী শুন পূর্ব্ব বিবরণ। স্থমিষ্ঠ হইল যবে রাজা তুর্য্যোধন ॥ এ শোকে সে সব কথা নহেত বিধান। বিছুর কহিল ধত সকলি প্রমাণ॥ হর্যোধন শোকেতে ক্রন্সন কর র্থা। অনিত্য সংসার এই আমি আছি কোথা॥

অগ্ন বা পক্ষান্তে হয় অবশ্য মরণ।
ত্তন গো গান্ধারী শোক কর অকারণ॥
বিশ্মর পাণ্ডব–কথা অমৃত লহরী।
ত্তনিলে অধর্ম খণ্ডে পরলোকে তরি॥
ত্তন ত্তন ওহে ভাই হ'য়ে একমন।
কাশীরাম দাস কহে ভারত কথন॥

শ্রীকৃষ্ণ, ব্যাস ও নারদের নানা উপদেশে যুধিষ্টিরাদির হস্তিনায় গমন।

বলেন বৈশম্পায়ন শুনহ রাজন। যুধিষ্ঠিরে তথন কছেন নারায়ণ॥ অঙ্গীকার তথাপি না করেন রাজন। পুনশ্চ কহেন কৃষ্ণ মধুর বচন॥ শুন শুহে ধর্মরাজ ক্ষমা দেহ মনে। হস্তিনানগরে চল আমার বচনে॥ পৃথিবী পালহ রাজা সিংহাসনে বিস। ধর্ম্মের নন্দন তুমি হবে রাজ্যবাসী॥ যে ত্ৰঃখ পাইলে তুমি বেড়াইয়া বনে। সে সকল কথা কেন নাহি কর মনে॥ রজঃস্বলা দ্রৌপদীর কেশেতে ধরিল। সভামধ্যে হ্লঃশাসন খটিতি আনিল॥ দ্রৌপদীরে উরু দেখাইল ছুর্য্যোবন। তাহা সব পাসরিলে ধর্ম্মের নন্দন ॥ তথাপি এতেক ভয় বৃনিতে না পারি। বিলম্ব না কর, চল হস্তিনানগরী॥ এত যদি কহিলেন দৈবকী-নন্দন। দিলেন পাণ্ডব জ্যেষ্ঠ উত্তর বচন ॥ ছুৰ্য্যোধন পাইল আপন কৰ্ম্মফল। আমাকে উচিত নহে ভঞ্জবংশল॥ রাজ্যভোগ কখন নাহিক মম মনে। নিরবধি পড়ে মনে ভাই ছুর্য্যোধনে ॥ যুক্তি নহে সে দকল বচন শুনিতে। ভীমাৰ্জ্জুন ল'য়ে তৃমি যাহ হস্তিনাতে॥ গোবিন্দ বলেন শুন পাণ্ডুর নন্দন। পুনঃ পুনঃ মম বাক্য না কর লজ্বন।

ভোমাকে না শোভে হেন দিতে অমুমতি। ভূমি রাজা হৈলে আমি পাইব পীরিতি 🛭 এমত কুষ্ণের লীলা কেহ নাহি জানে। **অন্থ**মতি দেন ধর্মা কুষ্ণের বচনে 🖁 হস্তিনা যাইব চল দেব গদাধর। শুনি আনন্দিত হ'ল বাঁর রুকোদর॥ যুধিষ্ঠির রাজা হইবেন হস্তিনার। **শুনি আনন্দিত হয় মাদ্রির কুমার** ॥ ব্দর্জন প্রফুল হন ধর্ম্মের বচনে। ত্বরা করিলেন সবে হস্তিনা গমনে॥ হেনকালে ধৃতরাষ্ট্র করেন ক্রম্পন। কোথায় ছাড়িয়া যাই পুত্ৰ দুৰ্য্যোধন 🛚 ত্রঃশাসন চুম্মু থ প্রভৃতি যত জন। স্মারিয়া আমাকে লহ শুন বাছাধন 🛭 দেশেতে দেখিব গিয়া আমি কার মুখ 👂 পাণ্ডব নিলেক রাজ্য ধন জন স্বধ॥ সকরুণে হেন কথা কহিল রাজন। শুনি যুধিষ্ঠির হুইলেন অচেতন ॥ পড়িল ভূমিতে ধর্ম হইয়া মুক্তিত। কৃষ্ণাৰ্চ্জুন সহদেব দেখি হৈল ভীত॥ তুলিয়া রাক্ষাকে বদাইলেন শ্রীহরি। বসিয়া কহেন রাজা কুতাঞ্জলি করি ॥ কি আর প্রবোধ দেহ ওহে দেব হরি। জ্যেষ্ঠতাত-শোক আর সহিতে না পারি॥ কেমনে এ সব কথা শুনিব প্রাবনে। শুন ক্লুফ কার্য্য নাহি মম রাজ্যখনে ॥ **জ্যোপদী মরিবে পঞ্চপুত্র বিবর্ডিক্কতা।** অভিমন্ত্র শোকে কান্দে বিরাট ছুহিতা॥ করি প্রাণত্যাগ প্রায়শ্চিত যে ইহার। আর কিছু নাহি বল দৈবকী-কুমার॥ প্রতরাষ্ট্র বিরাটাদি ক্রুপদ রাজন। রাজ্য হেতু নাশিলাম শুন নারায়ণ 🛚 পুথিবীতে আছিল যতেক নরপতি। মম হেতু স্বাক্ষার হইল চুর্গতি॥ কেন পাপ আশা আমি বাড়াইসু মনে। নাশ হৈল কুরুকুল আমার কারণে 🛊

রাজ্যপুর হ'য়ে আমি হইসু গুরস্ত। ভীম্ম হেন পিতামহ করিলাম অন্ত ॥ অর্চ্ছনের বাণে পিতামহ ড্রিয়মান। শিখণ্ডী সম্মুখে গিয়া কৈল অপমান ॥ রথ হৈতে যথন পড়িল ভীষাবীর। আকাশ হইতে যেন খসিল মিহির॥ পুষিয়া পালিয়া মোরে শিখাইল নীত। হেন পিতামহে মারি না হয় উচিত। কহিতে অধিক ফুঃখ উঠে নারায়ণ। রাজ্যে কার্য্য নাহি মম পুনঃ যাব বন 🛚 তবে ব্যাস প্রবোধ দিলেন নরবরে। শুন ধর্মা, শোক কেন ভাবহ অন্তরে॥ আমি যাহা কহি ভাহা শুন মন করি। গতজীবে শোক কৈলে বাড়ে যত বৈরী॥ যথায় সংযোগ, তথা বিয়োগ অবশ্য। সলিলের বিশ্ব যেন সংসার রহস্ত । জন্মিলে মরণ যেন অবশ্যই লোক। জন্ম মৃত্যু দেহ ধরি না করিহ শোক। এ সব ঈশ্বর-লীলা শুন নরপতি। সেই সে বুঝিতে পারে কৃষ্ণে যার মতি॥ ইহাতে বিবাদ কেন শুনহ রাজন। পুনঃ পুনঃ আপনি কছেন নারায়ণ 🛭 এত বলি কহিলেন বহু ইতিহাস। যুধিষ্ঠিরে প্রবোধ দিলেন মুনি ব্যাস ॥ সংসার প্রদক্ষে সেই কথা মৃনিগণে। সনকেরে সিজ্ঞাসা করিল তপোবনে॥ শুনিল মুনিরা যাহা সনকের স্থানে। সে কথা কছেন ব্যাস ধর্মের নন্দনে ॥ অনিত্য শরীর ভাই শুন সর্ববন্ধন। নানামত ব্যাধি হেতু প্রাণীর নিধন।। বিধাতা লিখিল যারে যেমন প্রকারে। খণ্ডন না হয় সেই জনমিলে মরে। আপনার কর্ম হেতু মরয়ে আপনি। চিরজীবী কেহ নহে শুন নূপমণি 🛚 व्यथन वन्नरम (कर, (कर मध्यकारम। শেষকালে মন্নে কেছ বাৰ্ছক্য হইলে ॥

বড ছোট নাহি জানি মরে সর্ববজন। কর্ম অমুরূপ জান' পাণুর নন্দন॥ অস্ত্রাঘাতে মরে কেহ জ্ঞাতে ভূবিয়া। আন্ত্রাঘাতী হয় কেহ গরল খাইয়া। সর্পাঘাতে মরে কেছ মরে সামিপাতে 🕨 শাৰ্দ্দল ভক্ষণে কেহ মাতঙ্গ হইতে॥ যাহার যেমত কর্ম্ম তার সেই গতি। হেতু মাত্র মৃত্যু হয় শুন নরপতি॥ মহাধনবান রাজা নানা ভোগ করে। শুন যুধিষ্ঠির সেই কাল পেলে মরে। ভিক্ষা মাগি যেই জন খায় নিতি নিতি। কাল প্রাপ্তে দে ও মরে শুন নরপতি॥ নানা শাস্ত্র বিচারিয়া করয়ে বিচার। ভোগ হৈলে অন্তে মৃত্যু হয় যে তাহার 🛭 অতি তুঃখী মরে চিরজীবী কেহ নয়। শুন যুধিষ্ঠির এই সর্বব শান্তে কয়॥ এ সব ঈশ্বর-আজ্ঞা কালে মরে প্রাণী। তুমি জ্ঞানবান কত বুঝাইব আমি॥ নিত্য শত স্বৰ্গ কেহ বিজে দেয় দান। কালে তার মৃত্যু হয় না হয় এড়ান॥ কোন কোন জন নিত্য নিত্য পাপ করে। শুন নরপতি সে ও কাল পেলে মরে॥ কিন্তু ধর্ম্ম পথে প্রাণী করিবে যতন। কদাচিত পাপ পথে নাহি দিবে মন॥ ধর্ম্ম কর্ম্ম আচরিতে বেদের বিধান। এ সব ঈশ্বর লীলা শুন সাবধান। আশার কৌতুক দেখ সকল সংসার। কালেতে হরিবে সব ধর্ম্মের কুমার 🛚 শীত গ্রীষ্ম বর্ষা যথা হয় পরিবর্ত্ত। সেইমত ছুঃথ হুখ কান্দের বিবর্ত্ত॥ শুন যুধিষ্ঠির কেহ কারে নাহি মানে। অগাধ সলিলে মৎস্ত থাকয়ে বন্ধনে । বনে চরে মৃগ, কারে না করে হিংসন। দেখহ ঈশ্বর-দীলী তাহার মরণ॥ ঔষধে না করে ত্রোণ জানাই তোমারে। কর্মকর হৈলে প্রাণী **অ**কস্মাৎ মরে i

ছাওয়াল অকর্মা থাকে বাক্য না সরে। ভোগ না সমাপ্তি হৈতে কেন সেই মরে ॥ ইথে কি ভোমার, শোক কেন কর রুথা। মনে বিচারিয়া দেখ তব পিতা কোথা।। কোথা সে মান্ধাতা পৃথী দিলেক দিজেরে। যযাতি নহুষ কোথা শিবি নরবরে ॥ হরিশ্চন্দ্র ফল্বাঙ্গদ ধর্মশীল দাতা : কালেতে মরিল তাহা বল আছে কোথা। তুইখানি কাষ্ঠ স্রোতে একত্র মিলিন। পুন'ন্চ বিচেছদ হয় কে কোথায় রয়॥ সেই মত জানিবা বান্ধৰ সমাগম। জ্ঞানবান লোকে তাহা না করয়ে ভ্রম ॥ নারীগণ গীতরাত্য করে অফুক্ষণ। লজ্জাহীন হ'য়ে শেষে করয়ে ক্রন্দন ॥ পিত মাড় দেখহ যতেক পরিবার। মনে বিচারিয়া দেখ কেছ নছে কার ॥ কত জন্ম মরণ, নির্ণয় নাহি জানি। জননী त्रैभगी इय, त्रभगी जननी ॥ পুত্র হ'য়ে পিতা হয়, পিতা হয় পুত্র। অদ্ভুত ঈশ্বর-লীলা কর্ম মাত্র সূত্র। পথিক সহিত যেন পরিচয় পথে। সেইমত দিন কত থাকে এক সাথে ॥ তাহাতে বিচ্ছেদ হয় নিজকৰ্ম গুণে। শোক ত্যজ যুধিষ্ঠির কিবা ভাব মনে ॥ কালে আদে কালে যায় কেহ নাহি দেখে। কোথা হ'তে আর্সে প্রাণী কোথা গিয়া থাকে। ক্ষণেক সংযোগ হয় সদা বিভিন্নতা। শুন যুধিষ্ঠির তুমি শোক কর র্থা॥ কোথা আছিলাম পূৰ্কে কোথা চলি যাব। কে বুঝে ঈশ্বর-লীলা কাছাকে কহিব॥ কুম্ভকার চক্রে যেন দিবানিশি ভ্রমে। সেইমত জানিহ বান্ধব সমাগমে। ভাক্ষরের গভায়াতে দিন হয় ক্ষয়। সংসার-কর্ম্মেতে থেকে ৈডফ হারায়॥ জন্ম জরা মরণ দেখিতে দদা হয়। তথাপি লোকের মনে নাহি হয় ভয় ॥

যখন জন্ময়ে লোক এইত সংসারে। তথন আইসে প্রাণী যম অধিকারে॥ রসিক জনাতে যেন সেবে মহারস। ব্দরা জীর্ণ স্থরে থাকে নহে মৃত্যুবশ ॥ ধ্যানে নিরবধি থাকে তপস্থীর সনে : 😎ন যুধিষ্ঠির তারে হ'রে লয় যমে॥ আপনার শরীর রাখিতে নাহি পারি। কি লাগিয়া পর লাগি শোক ক'রে মরি॥ . এতে সৰ ভব্ব কথা সনক কহিল। ় ব্যব্দ নামে ব্রাক্ষণের সন্দেহ ভাঙ্গিল॥ শোক ত্যজ যুধিষ্ঠির শুন নরপতি। মহাস্থপে ভুঞ্জ সদাগর। বস্থমতী ॥ 'ব্যাদের বচন শুনি ধর্ম্ম নুপবর। মৌনেতে রহেন কিছু না দেন উত্তর ॥ **ক্লুফোরে কছেন তবে বীর ধনঞ্জয়।** কত ক্লেশ পান রাজা কহিতে সংশয়॥ জ্ঞাতিবধ পাপে মগ্ন রাজা যুধিষ্ঠির। বিশেষ আঁকুল বড় ভীম মহাবীর॥ কেমনে পাইবে রাজ্য কহ ভগবান। রুথা করিলাম তবে এতেক সংগ্রাম। ব্দাপনি নিশ্চয় কহ রাজা যুধিষ্ঠিরে। তবে রাজ্য পাই প্রভু জানাই তোমারে॥ **দেশান্তরী হ'**য়েছি**তু** রাজ্যের কারণে। স্মরিয়া সে সব কথা হুঃখ উঠে মনে ॥ বিরাট নগরে বঞ্চিলাম বৎসরেক। হীনকর্ম্ম করিলাম কহিব কতেক॥ হেন রাজ্য ত্যজিতে চাহেন যুধিষ্ঠির। আপনি বুঝাও পুনঃ শুন যতুবীর ॥ রাজ্য হেতু জ্ঞাতিগণ হইল বিনাশ। ষুধিষ্ঠিরে আপনি বুঝাও জ্রীনিবাস॥ বিক্রম করেছি যত শুনহ ঞ্রীহরি। বুঝাও ধর্মেরে ভূমি মায়া দূর করি 🛭 স্কল ভোষার সাধ্য শুন নারায়ণ। ব্লাজ্য লাগি করিলাম যত পরাক্রম ॥ बाका कतिबादि श्रञ्जू वर्फ हेम्हा हरा। আপনি বিশেষ তাহা জান মহাশয়॥

রাজ্য ধন নাহি চান ধর্ম নৃপমণি। আমাকে চাহিয়া, নূপে বুঝাও আপনি॥ অর্চ্ছনের বাক্য শুনি উঠেন গোবিন্দ। নয়ন প্রদন্ম যেন বিকচারবিন্দ ॥ ভক্তি করি কাছে গিয়া বদেন আপনি। যুধিষ্ঠির হাতে ধরি কহেন তথনি॥ শোক ত্যজ মহারাজ শাস্ত কর মন। কেন নাহি শুন রাজা ব্যাদের বচন॥ যে সব মরিল রণে জ্ঞাতি বন্ধুজন। শোক কৈলে পাবে হেন না হয় রাজন ॥ সেব্যমান উদ্বেগে কলহ কণ্ডু বাড়ে। শোকে মন দিলে রাজ। শক্ষা তারে ছাড়ে॥ আপনি নারদ পুনঃ সঞ্জয়ে কহিল। তবেত সঞ্জয় রাজা শোক পাসরিল 🛭 হিতক্থা কহিলেন ব্যাস মুনিবর। ্রাহাতে আপনি কেন না দেহ উত্তর 🛭 এতেক কহেন যদি কমললোচন। কিছু না কহেন তবে ধর্ম্মের নন্দন॥ পুনঃ ব্যাদ মূনি তাঁরে বুঝান বিস্তর। মৌনভাবে রাজা তাঁরে না দেন উত্তর ॥ ক**হিল নার**দ মুনি নানা উপদেশ। না করিবা শোক রাজা কহিন্তু বিশেষ ॥ জ্ঞাতিবধ বলি নাহি ভয় কর চিতে ! শোক নিবারিয়া রাজা চল হস্তিনাতে ॥ শ্রাদ্ধ শান্তি কর হুর্য্যোধন আদি করি। দূর কর মৃত্যুশোক হও দ্ওধারী ॥ ধর্ম্মকথা নিরবধি করহ শ্রেবণ। তবে শোকহীন হবে শাস্ত কন্ন মন। গঙ্গা হৈতে জাত ভীম্ম শান্তনু তনয় ৷ **তাঁর দরশনে পাপ হইবেক ক্ষ**য়॥ মহাবল্বান ভীম্ম শান্তমু-নন্দন। ভার দরশনে পাপ হবে বিযোচন ॥ **শ্রুবণ করিতে বেদ অভ্যাস করিল**। ব্রক্ষার তনয় হৈতে স্থানিকা পাইল ॥ यार्का श्वा यूनि रेटा अर्ध्यत्र नन्तन । পর্শুরাম হৈতে পাইল অ্ব্রগণ॥

ত্রিভুবনে প্রতিষ্ঠিত তাঁহার সম্পদ। সাক্ষাৎ ব্রহ্মার যিনি ছিল সভাসদ ॥ মহাধৰ্মশীল ভীম্ম মহাতেজোময়। তিনি সব ঘূচাবেন তোমার সংশয় ॥ তার দরশনে দুর হবে অমঙ্গল। শুনিলে জ্ঞানের কথা হইবে নির্ম্মল ॥ শোক ত্যজ মহারাজ শান্ত কর মন। হস্তিনাতে কর গিয়া প্রজার পালন ॥ অনাথ ব্ৰাহ্মণ দব চাহেন হ্ৰোমাকে। তোমার কারণে নিত্য কাঁদে প্রকালোকে॥ অবশেষ যত আছে পৃথিবীর পতি। উপাদনা হেতু আছে শুন নরপতি॥ এত 🗢 নি যুধিষ্ঠির করেন সম্মতি। হস্তিনায় যাইতে দিলেন অনুমতি॥ ধৃতরাষ্ট্র অত্যে করি পাণ্ডুর নন্দন। হস্তিনাপুরীতে শীভ্র করেন গমন॥ দিব্যরথে চড়িলেন পাগুবের পতি। তাহাতে সার্থি হৈল ভীম মহাুমতি॥ কৃষ্ণাৰ্জ্জন রথেতে চলেন তুইজন। সহদেব নকুল রথেতে আরোহণ ॥ ধৃতরাষ্ট্র নরপতি চাপিল বিমানে। সঞ্জয় যুযুৎস্থ আদি চলে দব জনে॥ কুন্তী ও গান্ধারী আদি নারীগণ যত। হস্তিনা গমনে দবে চাপিলেক রথ॥ শোকেতে গান্ধারী দেবী নেউটিয়া চায়। তুর্য্যোধন বলি দেখী কান্দে উভরায়॥ থাক্ কুরুকেত্রে মম শতেক নন্দন। আমি অভাগিনী যাই আপন ভবন ॥

দারুণ বিধাতা এত করিল আমাকে। কোথায় ত্যক্তিয়া আমি যাই সে সবাকে। সাত্যকি চাপিল রথে হরষিত চিতে। কোলাহল করিয়া চলেন হস্তিনাতে॥ ভীম করে সিংহনাদ পেয়ে মনে প্রীত। তাহা দেখি গান্ধারীর হৃদয় ছুঃখিত ॥ শীত্রগতি দারী গেল হস্তিনানগরে। ধর্ম আগমন জানাইল সবাকারে॥ দূতমুখে সম্বাদ পাইল পাত্ৰগণ। সবে মেলি করে তবে নগর সাজন॥ চান্দোয়া চামর আনি টাঙ্গাইল পথে। প্রবাল মুকুতাদাম শোভে চারিভিতে 🛊 বান্ধিল তোরণ সব বড় উচ্চ করি। । কদলী রোপণ করিলেক সারি সারি 🛭 পুষ্পমালা বনমালা নগরে নগরে। স্থবর্ণের ঘট শোভে তুয়ারে তুয়ারে॥ রাজমার্গ হুদংস্কার করিল যতনে। ন্থবাসিত কৈল পথ **অগুরু চন্দ**নে॥ হস্তিনানগরে যত আছমে ত্রাহ্মণ। ধর্মা আগমন শুনি আনন্দিত মন॥ আনন্দেতে নানা বাতা সবে বাজাইল। শুভক্ষণে ধর্ম্মরাজ পুরে প্রবেশিল। বিজয় পাণ্ডব-কথা অমৃত লহরী। কাহার শক্তি ইহা বর্ণিবারে পারি॥ অবহেলে শুনে যেন সকল সংসার। কাশীরাম দাস কছে রচিয়া পয়ার 🛭 অপূর্ব্ব ভারত-কথা পুরাণ প্রধান। এতদূরে নারীপর্বে হৈল সমাধান 🛭

নারীপর্ব্ব সমাপ্ত।

রাহুত মাহুত নানা, সঙ্গে ল'য়ে নানা দেনা, মহা হন্তী সব যূথে যূথে॥ দাত্যকি প্রহ্যন্ন আর, দঙ্গে ল'থে পরিবার, বান্ত কোলাহলে যতুপতি। গেলেন ভীম্মের স্থান, দেখি ভীম্ম মতিমান, আদর করেন সবা প্রতি॥ যাঁর যেই যোগ্যাসন্ বসিলেন ক্ষত্ৰগণ, প্রণমিয়া ভীম্মের চরণে। একভিতে বিপ্রগণ, পাতি দিব্য কুশাসন' আনন্দে বিদল সেই স্থানে॥ যুধিষ্ঠির নরপতি, চিত্তে হুঃখ হ'য়ে অতি, ভাতৃগণ সহ শোকমনে। লোটায় ধরণীপরে, মুখে নাহি বাক্য সরে, বসিলেন বিষধবদনে ॥ করে ভাষা মহাজন, যথাযোগ্য সম্ভাষণ, দ্বিজ ক্ষত্র বৈশ্য সর্ববজনে। নেথিয়া অমরগণ, প্রশংসিল সর্বজন, সাধুবাদে গঙ্গার নন্দনে॥ ভারতের পুণ্যকথা, শ্রুবণে বিনাশে ব্যথা, পুণ্য রুদ্ধি পাপের বিনাশ। হেতু স্থজনের প্রীত_ে কমলাকান্তের স্থত, বিরচিল কাশীরাম দাস॥

যুধিছিরের প্রতি ভাঁয়ের যোগ কথন।
ভাঁয়েরে কহিল পরে রাজা যুধিষ্ঠির।
তোমার বিয়োগে চিত্ত নাহিক স্থন্থির।
আমা সম পাপ আত্মা নাহিক সংসারে।
রাজ্য হেতু প্রহার করেছি আপনারে॥
পাপী আমি নরাধম অতি ত্বরাচার।
ভ্যাতিবধ করিয়া পাতক কৈন্তু সার॥
রাজ্য হেতু জ্ঞাতি বন্ধু দকল বধিয়া।
করিলাম বেদশাস্ত্র বহিতৃতি ক্রিয়া॥
করিলাম বধিয়া ধনের অভিলায়॥
ডেনাণাচার্য্য গুরু আদি স্থহদ স্কলন।
ভ্যাতি বন্ধু পরিবার বহু রাজগণ॥

কর্ণ সোমদত্ত আদি বাহ্লিক নৃপতি। দ্রুপদ স্থশর্মা আর বিরাট প্রভৃতি॥ কর্ণ হেন ভাই মম দ্রোণ হেন গুরু। অভিমন্যু ঘটোৎকচ আদি পুত্র চারু ॥ আমার কারণে দবে পড়িল দমরে। আমা হেন পাপী নাহি এ ঘোর সংসারে॥ রাজ্যপদ ছাড়ি আমি যাব দেশান্তর। অনশন করিয়া নাশিব কলেবর॥ রাজ্যপদে কার্য্য মম নাহি প্রয়োজন : ভীমে রাজ্য দিয়া আমি প্রবেশিব বন ॥ তপদ্যা করিয়া কায় করিব শোধন। যোগবলে আত্মা আমি করিব নিধন। এত বলি অধোমুখে কান্দেন রাজন। ক্রন্দন নিব্বত্ত ভীষ্ম বলেন বচন॥ শোক দুর কর রাজা, স্থির কর মন : ইতিহাস কহি এক করহ শ্রেবণ॥ সহস্রেক ফল শান্তিপর্বের কথন। শান্তিকথা কহি শান্ত হইবে রাজন।। জ্ঞাতিবধ পাপ আদি সব হ'বে ক্ষয়। মহাযোগ ফল পাবে নাহিক সংশয়॥ সর্বত মঙ্গল হবে সর্বত বিজয়। হৃদয় স্থান্থর করি শুন মহাশয়॥ সংসারের হর্তা কর্তা দেব নিরঞ্জন। স্ক্রন পালন তিনি করেন নিধন। কে কারে মারিতে পারে, কার কি শকতি কর্মবন্ধে ভোগ যত করে কর্মগতি॥ কর্ম্মবন্ধে গতায়াত করে সংসারেতে। পুনঃ মরে পুনঃ জন্মে পাপ পুণ্য হ'তে॥ পাপেতে পাপীর পাপ বৃদ্ধি হয় নীতি। যেন পাপ অর্জ্জে তেন ভুঞ্জয়ে চুগতি॥ মিথ্য। বলি চুরি করি কলুষ অর্জ্জয়। কালদণ্ডে যমরাজা তাহারে পীড়য়॥ সহস্র শতেক আছে যমের যাতনা। তাহাতে মরয়ে লোক না জানে আপনা॥ অনিত্য শরীর রাজা অনিত্য ভাবনা। নিত্য বস্তু না জানিয়া পাদরে আপনা॥

ধনমদে মত হ'য়ে বস্তু নাহি মানে। নিকটে অন্তকপুর তুর্জনে না জানে॥ পাপ করি ধন অর্জ্জে চুরি হিংসাবাদ। না জানে হুৰ্জ্জন জন আপনা প্ৰমাদ॥ সৰ্বত্ৰ সমান মৃত্যু না জানে হুৰ্ম্মতি। ধর্মান্ত্র মানে, যার আছে, ধর্মে মতি॥ অন্তকালে পাপভোগ না হয় এড়ান। যাহা করে তাহা ভুঞ্জে পাপিষ্ঠ অজ্ঞান ॥ অসার সংসার এই শুনহ রাজন। অনিত্য শরীর নিত্য নহে ধন জন॥ নিত্য বস্তু নারায়ণ এক সনাতন। তাঁহারে ভক্তি কৈলে পাপ বিমোচন॥ জন্মি**লে মরণ সে অবশ্য পায় লোক।** মহাজন তাহাতে না করে কোন শোক॥ অসার সংসার দেখ রাজা যুধিষ্ঠির। শোক পরিহরি রাজা মন কর স্থির ॥ এত শুনি সবিশ্ময় ধর্ম্মের তনয়। করাযা**ড়ে জিজ্ঞাসিল কহ মহাশ**য়॥ মৃত্যু হেন বস্তু কেবা করিল স্জন। পূর্ক্বাপর আছে কিবা ব্যাপিত ভুবন॥ শ্বহ্যু বলি কোন্ জন এ তিন ভুবন। ছোট বড় সর্বব জীবে করয়ে নিধন॥ কে স্বষ্টি করিল মৃত্যু, হৈল কি কারণে। মৃত্যুতে সংসারে হরে বড় বড় জনে॥ যম বলে কাছারে সে ধরে কোন বেশ। কোন্ ব্যবসায় করে, থাকে কোন্ দেশ।। ভীশ্ব বলিলেন, বলি শুনহ রাজন। মৃহ্যুর ব্র**ান্ত কথা অদ্তুত কথন**॥ ^{যবে} করিলেন ব্রহ্মা স্প্রতীর পত্তন। মিট্রা হেন বস্তু নাহি হইল স্ঞ্জন॥ শংশার ব্যাপিল জীবে কেহ না মরয়। পৃথিবী না সহে ভার রসাতলে যায়॥ শুনিয়া সকল তত্ত্ব চিন্তি প্ৰজাপতি। ^{স্বায়্}ন্তুব নামে এক করিল উৎপত্তি॥ ^{স্বায়্}স্থুব **পুত্র হৈল রুচি মহাশয়।** ভরতাদি সপ্ত হৈল তাহার তনয় 🏾

সপ্ত পুত্রে সপ্ত দ্বীপে দিল অধিকার। জমুদ্বীপ মাগিলেন, ভরত-কুমার॥ জ্যেষ্ঠপুত্রে জম্মুদ্বীপ দিল অধিকার। নাহি দিল ভরন্তেরে করি স্থবিচার॥ প্রক্ষদ্বীপে অধিকার দিলেন ভরতে। না লইল অধিকার ভরত কোপেতে॥ সন্মাদী হইয়া ক্রোধে হইল বাহির। তপদ্যা করিতে গেল পর্ববত মিহির॥ মহাতপ আরম্ভিল রুচির নন্দন। অনাহারে বাতাহারে মুদিত লোচন॥ এইরূপে রহে ষাটি সহস্র বৎসর। তুষ্ট হ'য়ে ব্রহ্মা দিতে আসিলেন বর॥ না লইল বর সেই রহিল মৌনেতে। পুনঃ পুনঃ ব্রহ্মা কহিলেন বহুমতে॥ দেখি মহাক্রুদ্ধ হইলেন স্বষ্টিধর। নেত্রানলে জন্মিল অম্বর ভয়ক্ষর॥ সেইত' অহার জন্মন্বীপেতে ব্যাপিল। সহিতে না পারি ভার পৃথিবী কাঁপিল॥ ব্রহ্মারে দদনে পৃথী গুহারি করিল। পৃথী সন্থাইয়া তাঁর ভাবনা হইল॥ চিন্তিয়া গেলেন ব্ৰহ্মা যথা ভগৰতী। ললাট হইতে ঘৰ্ম উপজ্বিল তথি॥ সেই ঘর্মা মৃত্যু নামে লভিল জনম। মহাভয়ঙ্কর মূর্ত্তি বড়ই বিষম॥ ব্রহ্মারে চাহিয়া মৃত্যু বলিল বচন। আজি দর্বব জীবে আমি করিব নিধন॥ একজন না রাখিব পৃথিবীতে আর। ছোট বড় সর্ব্ব জীবে করিব সংহার॥ এতেক বলিয়া মৃত্যু কাঁপে থর থর। হাসিয়া মৃত্যুকে কহিলেন স্ষ্টিধর॥ ক্রোধ সম্বরহ মৃত্যু শুনহ বচন। জমুদ্বীপে শীত্রগতি করহ গমন। ধর্ম্মাধর্ম বুঝি দণ্ড কর জীবগণে। ব্যাধিরূপ হ'য়ে কর জীবের নিধনে॥ সর্বত্র ব্যাপক হও বরেতে আমার। চতুর্দ্দশ ভুবনেতে কর অধিকার॥

চতুঃষম্ভি ব্যাধি ক্জি দেন তার সনে। প্রেতপুরে যমরাকা চলিল তখনে। পুরী চতুর্দ্ধিকে ভার ব্দপূর্ব্ব রচন। তার কথা কহি শুন ধর্ম্মের নন্দন॥ (एवश्वि मन्त्रामी य यदा नुभवत्र। উত্তর ঘারেতে যায় যমের নগর।। পশ্চিম ছুয়ার হয় অতি রম্যন্থল। নানা দ্রব্য ভোগ্য আছে অমৃত সকল ॥ সম্মুখ যুদ্ধেতে পড়ে যেই যোদ্ধাগণ। পশ্চিম छुग्नादत्र यात्र यदमद्र मन्न ॥ পূর্ববারখানি দেখি পরম স্থন্দর। দধি ছুগ্ধ ভক্ষ্যদ্রব্য পরম হক্ষর ॥ স্বামীর সহিত মরে যত নারীগণ। স্বামী ল'য়ে পূৰ্ববাবে করয়ে গমন ॥ দক্ষিণ বারের কথা কহনে না যায়। শুনিলে লোমাঞ্চ হয় সকলের গায়॥ দক্ষিণ ছুয়ারে বহে বৈতরণী নদী। পাপীর শরীর দহে পরশয়ে যদি॥ মন্তকে মারায়ে দৃত অফ্রের প্রহার। সাঁতারিয়া পাপী সব হয় তাহে পার॥ পার হ'তে আছে ভয়, শুনহ কাহিনী। কুমিতে মাথার খুলি খায় ইহা জানি ॥ ঠাঁই ঠাঁই একেশ্বর হৈতে হয় পার। শৃগাল কুকুরে খায় ঘোর অন্ধকার॥ চৌরাশী নরককুণ্ড তাহার দক্ষিণে। তাহার সকল কথা শুন সাবধানে॥ বক্সকীট পোকা আছে তাহার ভিতর। আদে আদে পাপী বেড়ি খায় নিরন্তর ॥ স্বামীবাক্য নাহি মানে, স্থাপিত হরণ। দেবতারে নিশে আর নিন্দয়ে ব্রাহ্মণ I তাহারে ফেলায় খোর নরক ভিতরে। ধর্মাধর্ম বিবেচনা চিত্রগুপ্ত করে ॥ মহাকুণ্ড নাম ধরে পুরিত শোণিত। শতেক যোজন তাথা কণ্টকে পূরিত॥ म नद्राक भावध खोवधकाती यात्र। সর্বাঙ্গে পোড়য় ভাহে নরক পীড়য়॥

তাহে ভাজা হয় পাপী আপনার তৈলে। ব্রহ্মবধ করে কিন্তা হুবর্ণ হরিলে॥ মিথ্যা কথা কছে যেবা হরয়ে শাসন। কুন্তীপাক নরকেতে তাহার গমন॥ যে মহারৌরব নাম নরক বিশেষ। শুনহ তাহার কথা বলিব অশেষ॥ তনয়া বিক্রয় যেবা কন্দ্রে মূড়জন। দে মহারৌরবে হয় তাহার গমন॥ ব্দার যেবা মহাপাপ করে মহীতলে। একে একে নরক ভুগ্ধয়ে বহুকালে ॥ সংক্ষেপে জানহ যমপুরীর কথন। কহিব ধর্ম্মের ফল শুনহ রাজন ॥ যার যেবা ধর্মাধর্ম করিয়া বিচার। ছোট বড় স্বাকার কহিব বিস্তার 🛭 মহাভারতের কথা অমৃত লহরী। শুনিলে অধর্ম খণ্ডে পরলোক তরি 🛚 শান্তিপর্ব্ব ভারতের অপূর্ব্ব কথন। একচিত্তে একমনে শুনে যেই জন॥ সর্ববংশ্ম ফল লভে নাহিক সংশয়। সর্বত্ত অভাষ্ট্র লাভ সর্বত্ত বিজয়॥ অন্তকালে শতি হয় বৈকুণ্ঠ উপর। নাহিক সংশয় ইথে ব্যাসের উত্তর॥ কাশীরাম দেব চিত্ত গোবিন্দ-চরণে। একচিত্তে একমনে শুনে সূর্বান্ধনে ॥

ধর্মাধর্ম প্রভাবে হরিনামের মহাস্থা কথন।
জিজ্ঞানেন যুধিন্তির করিয়া বিনয়।
ধর্মাধর্ম কথা কহ শুনি মহাশয়॥
কিরূপে অধর্ম ভোগ করে পাপিগণ।
ধর্মিলোক ধর্মভোগ করুমে কেমন ॥
শুনিয়া কহেন হাসি গঙ্গার তনয়।
কহিব সকল কথা শুনহ নিশ্চয়॥
যমরাজপুরী নাম বিখ্যাত ভুবনে।
অন্তুত তাঁহার পুরী না যায় বর্ণনে॥
যোলশত যোজন তাহার পরিমাণ।
যমের অন্তুত পুরী বিচিত্র নির্মাণ॥

দান যত্ত করে যেই ভক্তে নরায়ণে। পুণ্যবান জন করে গমন সেঞ্চনে ॥ ব্রাক্ষণেরে গাভী দান করে যেইজন। বিষ্ণু তুল্য জানি বিপ্রে করয়ে সেবন ॥ मर्क्वात्र नित्रा यात्र यत्मत्र मनन । যমের বিচিত্র পুরী করে নিরীক্ষণ ॥ নব্বনশ্যাম অঙ্গ মোহন মুরারী। দেখিতে অপূৰ্ব্ব শোভা যেন চক্ৰধারী ম সম্ভাষ করিয়া যম চিত্রগুপ্তে বলে। পাপ পুণ্য বিচার করয়ে সেই কালে॥ যোগ ধর্ম সাধিয়া ভক্তয়ে নারায়ণ। বিধিমত ভক্তিভাবে করম্নে পূজন ॥ সেইক্ষণে ধর্ম্মরাজ বিবিধ প্রকারে। বিষ্ণুতুল্য করি পূজা করয়ে তাহারে ॥ বৈকুণ্ঠ হইতে তবে দেব নারায়ণ। দিব্য রথ পাঠাইয়া দেন সেইক্ষণ ॥ যমেরে প্রণমি, প্রথে করি আরোহণ। দেব তুল্য হ'য়ে, করে বৈকুঠে গমন ॥ জলদান অমদান করে যেই জন। আগ্ন তুল্য অতিথিরে করয়ে সেবন॥ রথে চড়ি যায় সেই বৈকুণ্ঠ ভুবন। কোনকালে তাহার না হইবে পতন 👢 তাম্বল গুবাক দান করে যেইজন। দিব্যরথে যায় সেই যমের ভবন ॥ য়ত দান করে দিব্দে করে অন্নত্রত। যমের নগরে যায় অব্লোহিয়া রথ॥ ধান্য দান ব্রাক্ষণেরে দেয় যেইজন। রতিদান দিয়া যেই তোষেন ত্রাহ্মণ ॥ বিচিত্র বিমানে যায় যমের নগরে। নানা উপভোগ সেই ভুঞ্জয়ে সম্বরে॥ ভূমিদান দিয়া যেই তোষয়ে ব্ৰাহ্মণে। পিতৃ-অঙ্গ দেব–অঙ্গ করে নিরীক্ষণ ॥ ব্রাহ্মণের দেবা থেই করে মনুত্রতে। ইন্দ্র আদি দেব পূজা করে শুদ্ধচিত্তে। পথে পথে ক্ষীর দান করিতে করিতে। দিব্য**রথে চড়ি** যার যমের পুরেতে ॥

ধর্মাধর্ম ফলাফল কহিতে বিস্তার। সংক্রেপে কহি যে কিছু শুন সারোদ্ধার:॥ ধর্মাধর্ম ভূঞ্জয়ে আপনি যমরাজে। ধর্মাধর্ম বিবেচনা তাঁহার সমাজে ॥ যে যেমন ধর্ম করে সে তেমন পায়। সর্ববহুপে পূর্ণ হ'য়ে যমপুরে যার॥ ধর্মাধর্ম বিচারিতে কর্ত্তা ধর্মরাজ। অন্তকালে যায় জীব যমের সমারু॥ সংসারের হর্তা কর্তা দেব দামোদরে। যাঁর নাম শ্রেবণে অপেষ পাপ হরে॥ বিবিধ বিষ্ণুর ভক্তি বেদের বচন। কি কারণে তাহা নর না করে সাধন 🛚 শুনহ গোবিন্দ-ভত্ত্ব কঠিন না হয়। কি কারণে তাহে লোক মানে পরাজয়॥ পরদ্রব্য হরে, করে হিংদা পরদার। চুরি হিংদা করিয়া পোষয়ে পরিবার ॥ বিপ্রে দান দেয় কিন্তু মনে অহঙ্কারে। অতিথির পূজা মাহি করে পুরস্কারে॥ ব্রাহ্মণী হরণ করে কামে মত্ত হ'য়ে। প্রকার প্রবঞ্চ করে মন্দ মিখ্যা ক'য়ে 🛭 এইমতে যত পাপ করয়ে অৰ্জ্বন। বিষ্ঠাকুণ্ডে পড়ি, বিষ্ঠা করয়ে ভক্ষণ 🛭 কান্দয়ে যভেক পাপী, করি হাহাকার। মস্তক উপরে করে মুদগর প্রহার। এইরূপে পাপ ভোগ করে পাপিগণ। ইতিহাস কথা এক শুনহ রাজন ॥ জগতের হর্তা কর্ত্তা দেখ নিরঞ্জন। তাঁর রূপ তাঁর গুণ বেদের বচন ॥ এতেক ভাবিয়া চিত্তে ব্রহ্মার নন্দন। শীন্ত্ৰগতি গেলেন যেখানে পদ্মাসন 🛚 করযোড়ে স্তুতি নতি খনেক করেন। তৃষ্ট হ'য়ে ত্রন্ধা নারদেরে ব্রিজ্ঞাসেন 🛭 কি হেতু এ সভ্যলোকে তব আগমন। অদন্তোষ চিক্ত তব দেখি কি কারণ ! হুরলোকে কিবা প্রমাদ হইয়াছে। ইন্দ্রের ইন্দ্রহ কিবা অহর হ'রেছে #

ব্দম্বরের পীড়া কি হ'য়েছে দেবলোকে। কি(হেতু তোমার চিত্ত মগ্ন দেখি তুঃখে॥ এত শুনি কহিল নারদ তপোধন। আমার চিত্তের তুঃখ না হয় খণ্ডন॥ যত ভাবিলাম চিত্তে দিতে নাহি দীমা। জানিতে না পারি হরিনামের মহিমা 🛚 বেদশাস্ত্র বহিন্তু ত মন অগোচর। এই হেতু ভাবিয়া হ'য়েছি চিন্তান্তর ॥ জগতের হর্ত্তা কর্ত্তা তুমি সনাতন। তোমাতে উৎপত্তি হয় তোমাতে নিধন॥ সংসারের পতি তৃষি সবার ঈশ্বর। সংসারের আদি অন্ত তোমাতে গোঁচর **॥** দে কারণে আদিলাম ছরিত হেথায়। নামের মহিমা তুমি কহিবা আমায়॥ তোমা বিনা অন্যজন কহিতে না পারে। এত শুনি হাসিয়া কহেন ব্রহ্মা তারে॥ ব্দগতের এক আত্মা দেই নিরঞ্জন। কে ক্রিতে পারে তাঁর নাম নিরূপণ॥ পূর্ববাপর আছে হেন বেদের উত্তর। নামের মহিমা কিছু জানেন শক্ষর॥ শিবের দদনে তুমি করহ গমন। নামের মহিমা কহিবেন ত্রিলোচন॥ এত শুনি আনন্দিত হ'য়ে তপোধন। প্রণমিয়া চলিলেন হরের সদন॥ দণ্ডবৎ করি হরে করিছেন স্ত্রতি। জয় জয় বিরূপাক্ষ কাত্যায়নী-পতি॥ সনাতন পূৰ্ণব্ৰহ্ম সিদ্ধ অবভার। তোমার মহিমা আমি কি বলিব আর॥ সে কারণে আদিলাম তোমার সদন। ে কহিবে আমাকে তুমি নাম নিরূপণ॥ এত শুনি হাসিয়া বলেন ত্রিলোচন। কে কহিতে পারে হরিনামের কথন। সমুদ্রেল্হরী যেবা গণিবারে পারে। পৃথিবীর রেণু যেবা গণে এ সংসারে॥ আকাশের তারা গণি করে নিরূপণ। শীশুগতি তার স্থানে করহ গমন॥

এত শুনি হর্ষচিত্তে করিয়া প্রণতি। ত্বরিতে গেলেশ যথা ত্রিদশের পতি॥ দেবঋষি নারদ বিখ্যাত তপোধন। বৈকুণ্ঠের দ্বারে কেহ না করে বারণ॥ গেলেন সত্তর যথা লক্ষী নারায়ণ। কর্যোডে প্রণমিয়া করেন স্তবন ॥ জয় জয় জগন্নাথ ত্রিদশ ঈশ্বর। জগতনিবাসী জয় জগতের পর॥ অপার মহিমা তব দিতে নারি দীমা। শিষ্টের পালন তুষ্ট ভঞ্জন গরিমা॥ স্থজন পালন অংশ যাহার প্রকৃতি। অখিল কারণ অজ অখিলের পতি॥ নমো নমো দিব্য মৎস্ত পূর্ণ অবতার। সপ্তবিংশ জ্ঞানদাতা বেদের উদ্ধার॥ নমো নমো অবতার দিব্য অসিমুখ। হিরণ্যাক্ষ বিদার পৃথিবী উদ্ধারক ॥ নমস্তে মুকুন্দ নমো নমো মধুছারী। নমস্তে বামনরূপ নমস্তে মুরারী॥ নমো রঘুকুলোনাথ রাবণ অন্তক। নমন্তে মাধ্ব নমঃ সংসার-পালক ॥ এরূপে নারদ করিলেন বহু স্তুতি। তুষ্ট হ'য়ে তাঁহারে কহেন লক্ষ্মীপতি॥ ধন্য ধন্য মহামুনি ব্রহ্মার কুমার। কোন হেতু হেথায় করিলা অগ্রসর॥ ভক্তের অধীন আমি ভকত জীবন। ভকতের ধন আমি ভক্তের মন 🛙 মনোহর রূপ আমি মন-অগোচর। কাহাতে নির্লিপ্ত আমি কাহে ভিন্ন পর॥ আত্মারূপে সর্ব্বভূতে আমার প্রকাশ। সে কারণে বিখ্যাত প্রকাশ শ্রীনিবাস॥ আত্মারূপে আমার প্রতিমূর্ত্তি দর্বভূতে। অগ্যজন চিত্তে মোরে না পারে রাখিতে॥ ভক্তের অধীন থাকি ভকত সহিতে। ভক্তিতে কেবল ভক্ত পারয়ে রাখিতে॥ ভক্তবাঞ্ছা পূর্ণ আমি করি অমুক্ষণে। কহ মূনি আসিয়াছ কোন প্রয়োজনে॥

নারদ বলেন তুমি আমার আধার। দে কারণে গোবিন্দ মাগি যে পরিহার॥ यि वर मिवा धार एक नातायन। ত্ৰ গুণ গাই আমি যেন অফুক্ষণ॥ এক নিবেদন দেব শুনহ আমার। তোমার চুল্ল ভ নাম জগত নিস্তার ॥ ইহার মহিমা দেব কহিবা আমারে। শুনিয়া মনের ভ্রান্তি সব যাবে দূরে 🛚 এত শুনি হাসিয়া কৰেন নারায়ণ। সঞ্জীবনীপুরে তুমি করহ গমন।। মম মৃত্তি তথা আছে যম ধর্মরাজ। ত্ববিতগমনে যাহ তাঁহার সমাজ ॥ নামের মহিমা তিনি করেন আমার। তাহা শ্রুতমাত্র ভ্রম খণ্ডিবে তোমার॥ এত শুনি আনন্দিত হ'য়ে তপোধন। প্রণমিরা চলিলেন কুতান্ত ভবন ॥ যমের বিচিত্রে সভা না হয় বর্ণন। নিবসয়ে তথায় যতেক পুণ্যজন ৷ চহুভু জ দিব্য মূর্ভি শ্যাম কলেবর। খঞ্জন গঞ্জন নেত্র হুরঙ্গ অধর ॥ পীতবাস পরিধান রাজীবলোচন 🛦 শন্থ-চক্র-গদা-পদ্ম শ্রীবৎসলাঞ্ছন ॥ দেখিয়া বিশ্বায় মানিলেন মুনিবর। প্রণাম করিয়া স্ত্রতি করেন বিস্তর ॥ স্তুতিবশে প্রদন্ধ হইয়া মৃহ্যুপতি। জিজ্ঞাদেন কি হেতু আইলা মহামতি॥ নারদ বলেন শুন হেথা যে কারণ। কহিবা আমাকে কৃষ্ণনাম নিরূপণ॥ এত শুনি হাসিয়া বলেন মৃত্যুপতি। পুরীর পশ্চিমে মম যাহ মহামতি॥ হরিনান মহিমা পাইবা সেইখানে। ্তবে সে তোমার ভ্রান্তি না থাকিবে মনে॥ এত শুনি হাসিয়া গেলেন তপোধন। পুরীর পশ্চিমদিকে করিলা গমন॥ দেখেন যমের পুরে পাপীর তাড়ন। ক্মিত্রদ সারি সারি অন্তত গঠন ॥

সেখানে নারদ দেখিলেন ভয়ন্কর। উষণ্ডল রৃষ্টি কোপা হয় নিরস্তর 🛚 কণ্টকের বন কোথা বিপুল বিস্তার। তাহাতে পড়িয়া পাপী কান্দে অনিবার॥ কোনখানে করে পাশে পাপীরে বন্ধন। লক্ষ লক্ষ কোটি কোটি আছে পাপিগণ॥ কোনখানে বিষ্ঠাকুণ্ডে ফেলে পাপিগণে। মন্তকে মুদগারাঘাত করে দূতগণে॥ কোনখানে অস্ত্রবৃষ্টি হয় ঘনে ঘনে। অক্রাঘাতে ব্যাকুল কান্দয়ে পাপিগণে ॥ এইরূপ প্রহারে ব্যাকুল পাপিজন। দেখিয়া বিশ্বয় মানিলেন তপোধন॥ গোবিন্দ মাধব হরে রাম দামোদর। এত বলি কর্ণে হাত দিল মুনিবর॥ সেই শব্দ যত যত পাতকী শুনিল। শ্রুতমাত্র সবাকার পাপমুক্ত হৈল॥ প্রেতমূর্ত্তি ত্যজিয়া হইল দিব্যকায়। দিব্য বিমানেতে চড়ি স্বর্গধামে যায়॥ অশেষ বিশেষ স্তুতি করে মুনিবরে। অসংখ্য অৰ্ব্যুদ পাপী চলিল সম্বরে॥ দেখিয়া বিশ্বায় মানিলেন তপোধন। অপার মহিমা হরিনামের কথন॥ জয় জয় নামরূপ জয় জগদীশ। অপার মহিমা জয় জয় অজ ঈশ 🛭 এইরূপে বহু স্তুতি করে তপোঁধন। আনন্দেতে যথান্থানে করেন গমন ॥ ভীন্ম বলিলেন পুনঃ শুনহ রাজন। উত্তর দ্বারের কথা কহিব এখন ॥ পঞ্চদশ যোজন সহস্র পরিদর॥ উত্তরে যমের দার পরম হৃন্দর। স্থানে স্থানে উত্থান বিচিত্র মনোহর। নানাবিধ পদর। শোভিত থরে থর ॥ ঘুত দধি ছুগ্ধ ক্ষীর নানা উপহার। স্থান্ধি শীতল জল স্থাদিত আর॥ পথে পথে স্থানে স্থানে দেব দ্বিজগণ। সন্মুখ সমর করি মরে যত জন 🛚

বোগাসনে নিজ দেহ করিয়া দাহন।
উত্তর চুয়ারে যায় সেই সব জন ॥
দিব্য ভোগবান হয় পরম আনন্দে।
যম ধর্মরাজে গিরা ভূমি লুটি রুদ্দে ॥
সেইক্ষণে যম আজ্ঞা দেন দূতগণে।
পত্নী সঙ্গে করি সদা থাকিয়া বিমানে॥
ভিন কোটি বৎসর দেবের পরিমাণে।
অমৃতাদি নানা ভোগ করে দিনে-দিনে॥
অনন্তর মহীতলে লভয়ে জনম।
সেই নারী পভি মাত্র কররে সজ্রম॥
মহাভারতের কথা অমৃত লহরী।
শুনিলে অধর্ম্ম থণ্ডে পরলোক তরি॥
কাশীরাম দাস কহে রচিয়া পয়ার।
অবহেলে শুনে যেন সকল সংসার॥

ভ**দ্রশীল ও ধহুংবজে**র উপাখ্যান। ভীষ্মদেব বলিলেন শুন কুন্তীহ্বত। ষমের দক্ষিণ বার বড়ই অম্ভূত ॥ পূর্বে যাহা শুনিলাম দেবলের মুখে। সবাহিত হ'য়ে আমি বলিব তোমাকে॥ ভদ্রশীল নামে ঋষি অযোধ্যায় স্থিতি। সর্ববশাস্ত্রে বিশারদ গুণে মহামতি ॥ যক্তন যাজন বেদ করি অধায়ন। নানামতে অভিভল নানারূপ ধন 🎚 ধসুধ্বজ নামে এক খপচকুমারে। গোধন রক্ষণ হেতু রাখিল তাহারে॥ পূৰ্ব্বেতে অবস্তী নামে ব্ৰাহ্মণ সে ছিল। ভ্রাতৃশাপে চণ্ডালের কুলেতে জন্মিল। এত শুনি জিজ্ঞাসেন ধর্ম্মের নন্দন। দ্বিজ্ঞ হ'য়ে চণ্ডাল হইল কি কারণ ম ভীন্ম বলিলেন শুন ধর্ম্মের নন্দন। ইক্ষুক্ বংশের গুরু শান্তি তপোধন॥ ত্ববন্তী অবন্তী তাঁর চুইটি নন্দন। স্বধর্ম অধর্ম তারা করে তুইজন ॥ महाध्रम्भीन रेहन ऋवंखी कृमात्र। তুকান্ধা অৰম্ভী হৈল মহা পাপাচার॥

নিজ ধর্ম ছাড়িয়া করিল কদাচার। চুরি হিংসা পাপ করে, হরে পরদার ॥ বহুমতে হুবন্ডী করিল নিবারণ। না শুনিল আড়বাক্য পাপিষ্ঠ চুর্জন ॥ ক্ৰুদ্ধ হ'য়ে স্থবন্তী শাপিল দেইকণ। না শুনিলে মম বাক্য করিলে হেলন। এই পাপে জন্মস্তিরে চণ্ডাল হইবে। ব্দনন্তরে যমদূত হইয়া জন্মিবে॥ ব্রাহ্মণ হইতে পুনঃ হইবে মোচন। এত শুনি শবস্তী হইল জুদ্ধমন॥ দণ্ডক কাননে প্রবেশিল সেইক্ষণ। তপস্তা করিল তবে শান্তির নন্দন 🛚 অনাহারে আপনি ত্যক্তিল কলেবর। সেইত অবস্তী হৈল খপচকুমার 🛚 ভদ্রশীল ব্রাক্ষণের হইল রাখাল। যতন পূর্ব্বক রাখে গোধনের পাল। তাহার পালনে গাভী ব্যাধি নাহি জানে 🖟 ভদ্ৰশীল ব্ৰাহ্মণে তুষিল নিজগুণে ॥ কতদিনে সর্পের দংশনে দে মরিল। শুনি ভদ্রশীল দ্বিজ শোকার্ত্ত হইল॥ পুত্রশোকে পিতা যেন করয়ে রোদন। সেইরূপ দ্বিজ বহু করিল শোচন॥ খণ্ডন না যায় কভু মুনির উত্তর। সেই ধ**নুধাক হৈল** যমের কিঙ্কর। একদিন ধনুধ্বক যমের আক্তায়। স্থশীল নামেতে বৈশ্য আনিবারে যায়। পথে ভদ্রেশীল সহ হৈল দরশন। দেখিয়া বিশ্বায় চিক্ত হৈল তপোধন॥ জিজাসিল কহ তুমি আছিলা কোথায়। মরিয়া কিরূপে পুনঃ আইলা ধরায়॥ মরিলে না জীয়ে লোক ব্রহ্মার স্ঞ্জন। মরিয়া কিরূপে পুনঃ পাইলে জীবন ॥ সেই হস্ত সেই পদ সেই কলেবর। আকৃতি প্রকৃতি সেই পরম স্থন্দর 🛚 এত শুনি প্রণমিয়া বলেন বচন। সেই ধকুধবজ আমি খপচনন্দন #

निक कर्षकरण एरे यस्त्र किक्रत । পূর্বে তুমি আমারে পালিলে বহুতর 🛭 নমো জগৎগুরু জন্ম প্রণতপালন। নমন্তে ভ্রাক্ষণমূর্ত্তি পক্তিত-তারণ ৷ রুপা করি দিলা মম গোধন রক্তণে। পুনৰ্জন্ম খণ্ডন না হল সে কারণে ॥ ্রত শুনি বিশ্বয় মানিল তপোধন। জিজাসিল কছ শুনি যমের কথন ॥ কিরপেতে জন্মে জীব মায়ের উদরে। কিরূপেতে তমু ত্যাগ করে আরবারে॥ জন্মতে যতেক ধর্ম অধর্ম আচার। কিরপেতে কর্মভোগ করায় তাহার॥ দুত বলে সেই কথা কহিতে বিস্তার। সংক্রেপে কহিব কিছু শুন সারোদ্ধার ॥ মায়ের উদরে জীব শৃঙ্গার পরশে। খতুর সংযোগে জন্ম জনক ঔরদে ॥ পঞ্চ রাত্রি গতে হয় বৰুদ প্রমাণ। পক্ষান্তরে হয় জীব বদরী সমান !! মানেক অন্তরে হয় অঙ্গুন্ত প্রমাণ। হন্ত পদ নাহি মাংসপিত্তের সমান॥ দিতীয় **মালেতে হয় মস্তক উৎপত্তি।** তৃতীয় **মাদেতে হয় হস্ত পদাকৃ**তি ॥ চতুর্থ মাসেতে কেশ লোমের জনম। পঞ্চম মাসেতে তন্ত্র বাড়ে ক্রমে ক্রম॥ ষষ্ঠ মাদে ভ্রমে জীব মায়ের উদরে। **Бञ्जित्क (चात्र अधि मट्ट कटनवटत्र ॥** সপ্তম মাসেতে জীব নানা ক্লেশে রয়। ক্ষণেক চৈতন্য পেয়ে উদরে ভ্রময়॥ **गारत्रत्र एक्टाक्टन-त्ररम वार्ष्य् मिरन मिरन।** অন্টমানে দিব্যজ্ঞান আপনারে জানে॥ জন্ম-জন্মান্তরে যত করেছিল পাপ। তাহার স্মরণে হয় জ্ঞানের প্রতাপ 🛚 শ্বরিয়া সে সব পাপ কররে ক্রেন্সন I আপনারে নিন্দা করি বলয়ে বচন 🛚 অধম পাপিষ্ঠ আমি বড় ছুরাচার। (कन ना छिन्द्र कुक मःमारत्र मात्र।

এইবার জন্মি প্রভু ভজিব ভোমারে। জ্ঞানদাতা জ্ঞান নাহি হরিও আমারে 🛚 **এইরূপ দশমাস অবধি নির্ণয়।** জন্মনাত্রে নহামান্না জ্ঞান হরি লয় 🛚 জ্ঞানহত হবা মাত্রে করয়ে রোদন। জননীর স্তনপানে বাড়ে জফুকণ 🛊 যুগধর্মে যথা আয়ু বিধির নির্ণর। তাহাতে অধর্ম হৈল আয়ু যায় ক্ষয় 🖟 অধর্মের ফলে লোক মরে বাল্যকালে। যৌবনে মরয়ে কেহ অধর্মের ফলে॥ ধর্মাধর্ম ফলে মরে অর্দ্ধেক, বয়সে। রন্ধকালে মরে লোক অদুষ্টের বশে॥ সর্বকালে আছে মৃত্যু নাহিক এড়ান। ছোট বড় দৰ্বব জীব একই দমান॥ চুরি হিংসা মিখ্যা কহি পোষে হৃত দার। মৃহ্যুকালে বেড়িয়া কান্দয়ে পরিবার ॥ ধর্মাধর্ম জানিয়া তাহার আচরণ। বিচারিয়া ধর্মারাজ করয়ে তাড়ন॥ যাহা করে তাহা ভোগ নাহিক এড়ান। সংক্ষেপে কহিন্তু জীব কর্ম্মের বাখান 🛚 এত শুনি হাসিয়া বলয়ে দ্বিজ্ঞবর। এক সত্য কর তুমি আমার গোচর॥ কেমন যমের পুরী দেখাবে আমারে। এত শুনি ভাবি দৃত কহিছে তাহারে 🛊 যমের বিষম পুরী বিপুল বিস্তার। দেখিবারে ইচ্ছা যদি হইল তোমার ॥ যত পিতৃ-পিতামহ-ঋণে বদ্ধ মাছ। আপনি যতেক ঋণ লোকেরে দিয়াছ 🛭 ক্রমে ক্রমে সব ঋণ করহ শোধন। তবে দে লইতে পারি যমের সদন 🛭 ঋণগ্রস্ত জনের না হয় তথা গতি। যদি বা তথায় যায় ভুগ্লয়ে হুৰ্গতি 🛭 এত শুনি ভাবি দিজ বলবে বচন। আজি আমি সর্ব্বঋণ করিব শোধন 🛭 অধাণী হইব-আমি তোমার বচনে। পুনরপি তোমাকে পাইব কোন্ স্থানে 🛭

দূত বলে ৰিজ তুমি হইলে অঋণী। খট্যাতে গৃহের মধ্যে শুইবে আপনি 🛭 ত্রমারেতে খিল দিয়া করিয়া শয়ন। হুত দার। সবাকে করিবে নিবারণ ॥ পুনঃ পুনঃ সবাকে কহিবে এই বাণী। তিন দিন গত হলে ঘূচাবে খিলনি ॥ ইতিমধ্যে যদি কেহ ঘূচায় দুয়ার। নিশ্চর হইবে তবে আমার সংহার॥ এইরূপে সবাকারে কহিবে বচন। ্সত্য কহি দেখাইব যমের সদন 🎚 এত বলি অন্তৰ্জান হৈল সেইক্ষণ। আনন্দেতে বিজ গৃহে করিল গমন॥ পিতা-পিতামহ হৈতে যত ঋণ ছিল। ক্রমে ক্রমে ভদ্রশীল সকল শুধিল। আপনিও যত ঋণ দিয়াছিল লোকে। সর্বলোকে বলিলেক পরম কৌভূকে॥ যার ধারি লহ ঋণ যেবা ধার' দেহ। এই ভিকা মাগি আমি কর অমুগ্রহ ॥ এইরূপ সর্ববলোকে কহিয়া বচন। ুক্রমে ক্রমে যত ঋণ করিল শোধন॥ অথাণী হইল ছিজ আনন্দিত মন। দারাহৃত স্বাকারে কহিল বচন॥ তিন দিবসের মত শুইব গৃহেতে। কদাচিত কেহ মোরে না যাবে তুলিতে॥ যন্তপি আমার বাক্য করহ অন্তথা। তবেত আমার মৃত্যু না হয় সর্ববিধা॥ এতেক বচন ৰিজ কহি হুত দারে। আনক্ষেতে নিদ্রা গেল ঘরের ভিতরে॥ ৰিকে সত্য করি দৃত হুন্থ নাহি মনে। বৈখ্যেরে লইয়া গেল যমের সদনে 🛚 এন্ড বলি জিজ্ঞাদেন ধর্ম্মের নন্দন। কিরূপেতে যম তারে করিল তাড়ন॥ আচন্বিতে মৃত্যু ভার হৈল কিরূপেতে। ইহার বিধানে দেব কহিবে আমাতে॥ প্তনিয়া কহেন হাসি ভীম্ম মহাশন্ধ। কীতিমন্ত নামে এক বৈশ্যের তনয়॥

<mark>ত্বশীল তাহার পুত্র বিখ্যাত জগতে</mark>। তার সম ধনে বৈশ্য নাহি পৃথিবীতে 🛭 ভড়াগ পুকুর বিল দিল শত শত। লিখনে না যায় বিজ দান দিল যত॥ ক্রোধের সমান রিপু নাহি সংসারেতে। দানকালে এক বিজে চাহিল ক্রোধেতে॥ জগতের গুরু দ্বিজ চিনিয়া না চিনে । ধনে মত্ত হ'য়ে চাহে সক্রোধ নয়নে॥ ক্রোধে বিজ তার দান কিছু না লইল। ক্রোধে দ্বিজ্ঞ তারে শাপ সেইক্ষণে দিল॥ দান দিয়া ক্রোধ মোরে কর পুনর্বার॥ এই পাপে অপমূহ্য হইবে ভোমার 🛭 এত বলি নিজ স্থানে গেল তপোধন। वित्रम वत्रन देश्ल देवत्थात्र नन्तन ॥ একদিন নিত্যক্বত্য হেতু সন্ধ্যাকালে। গোষ্ঠ দিয়া যায় বৈশ্য রেবা নদীকুলে॥ দৈবযোগে ষশু এক বিক্রম করিয়া। বৈশ্যের হরিল প্রাণ শৃঙ্গেতে চিরিয়া॥ যমের আজ্ঞায় তবে যমের কিঙ্কর। বৈশ্যেরে লইয়া গেল যমের গোচর॥ কপট করিয়া যম জিজ্ঞাসিল তারে। তোমা হেন পুণ্য কেহ না করে সংসারে। তুমি পুণ্যবান, দান করিলে বিস্তর। ভড়াগ পুন্ধণি কৃপ দিলে বহুতর ॥ দেবঋণে পিতৃঋণে হইলে মোচন। নানা যজ্ঞ করি আরাধিলে পদ্মাসন॥ কিছুমাত্র তব পাপ আছে হৃদিমাঝে। ক্রোধদুষ্টে তুমি চাহি ছিলা এক দ্বিজে॥ যাহা অর্ডিজ তাহা ভুঞ্জি বেদের বচন। পাপ পুণ্য হুই ভোগ নাহিক মোচন॥ এত শুনি বৈশ্য বলে বিনয় বচন। অল্ল আছে যদি পাপ করিব ভুঞ্জন ॥ যম বলিলেন পড় হ্রদের ভিতরে। চিরকাল থাক তথা কুন্তীর শরীরে। দেবল ঋষির সঙ্গে হৈলে দর্শন। তবে পাপভোগ তব হইবে খণ্ডন 🛭

এত শুনি ব্রুপমধ্যে পড়ে সেইক্ষণে। গ্রাহরূপী হইয়া রহিল কভদিনে ॥ রামন্ত্রদ নামে সেই পুণ্য তীর্থবর। কুন্তীর **শরীর তাহে হৈল** ভয়ঙ্কর ॥ নর নারী পশু পক্ষী আদি যত জন সলিল স্পর্শন মাত্রে করয়ে ভক্ষণ।। তার ভয়ে কেহ নাহি হ্রদ পরশয়। কত দিনে আইল দেবল মহাশয়। ন্নান করি হ্রদে তপ করে তপোধন। ছেনকালে গ্রাহ আসি ধরিল চরণ॥ মুনির পরশ মাত্র দিব্যমূর্ত্তি হৈল। দেব পূজ্যমান হ'য়ে স্বর্গেতে চলিল। এত শুনি আনন্দিত হৈল নূপমণি। পুনরপি জিজ্ঞাদেন করি যোড়পাণি॥ অতঃপর কহ দেব দ্বিজের কথন। কিরূপে যমের সভা করিল দর্শন # ভীম্ম কন শুন কহি ধর্ম্মের নন্দন। যতেক দেখিল তাহা না হয় বর্ণন॥ দক্ষিণ দ্বয়ারে ল'য়ে গেল দ্বিজ্বরে। দেখিয়া যমের পুরী বিস্ময় অন্তরে 🛚 পুরীষের হ্রদ কোথা দেখে শত শত। লিখনে না যায় পাণী তাহে আছে যত॥ কোন স্থানে উষ্ণজল বহে জলধর। তপ্ত তৈল বৃষ্টি কোথা হয় নিরন্তর ॥ কোন স্থানে স্নিগ্ধজল আছে থরে থর। তাহাতে পডিয়া পাপী কান্দয়ে বিস্তর ॥ কৃমি হ্রদ কোন স্থানে দেখি ভয়ঙ্কর। কারজল রৃষ্টি কোথা হয় নিরস্তর॥ কোন স্থানে বৃষ্টি শীতে কাঁপে কলেবর। কোন স্থানে অগ্রিবৃষ্টি হয় ভয়ক্ষর॥ কোন স্থানে দূতগণ ভয়ন্কর কায়। যতেক তুর্গতি করে লিখন না যায়॥ হাতে পায়ে বান্ধিয়া আনয়ে কোনজনে। প্রহারে পীডিত তকু কাতর রোদনে॥ এইরূপে খত খত অসংখ্য যাতনা। ভূঞায়েন ধর্মরাজ না হয় বর্ণনা ॥

দেখি সবিশ্বায় হইলেন তপোধন। পুরীর হুয়ারে ভবে করিল গমন ॥ ষার পার হ'য়ে চলিলেন তপোধন। মনে করে যমেরে করিব দরশন ॥ কোন মৃর্ভি ধরে যম কেমন বরণ। হেনকালে ডোমনীর সঙ্গে দরশন।। কেশিনী তাহার নাম জন্মান্তরে ছিল। যমের কিঙ্করী আদি মরিয়া হইল। দশ গণ্ডা কড়িতে বিক্রীত কুলাখানি। হাটে তার ঠাই ল'য়েছিল বিজমণি॥ পাঁচ গণ্ডা কড়ি দিয়া কুলা ল'য়েছিল। বাকী পাঁচ গণ্ডা ধার শুধিতে নারিল গ তুইবার তিনবার দ্বিজম্বানে গেল। ধারিয়া না দিল তারে মনে পাদরিল। দৈবযোগে দেখা তার ডোমনী পাইল। ধাইয়া সত্তরে আসি বসনে ধরিল 🖠 ক্রোধেতে ব্রাহ্মণে চাহি বলয়ে বচন। সেই ভদ্ৰশীল তুই পাপীষ্ঠ হূৰ্ব্জন ॥ পাঁচ গণ্ডা কড়ি মম ধারিয়া না দিলে। তাহার উচিত ফল পাবে এই কালে॥ ভাল চাহ যদি তবে যাহ কড়ি দিয়া। নতুবা তোমার আত্মা লইব কাড়িয়া॥ দ্বিজ বলে হেথা আমি কড়ি কোথা পাব। ছাড়ি দেহ, কড়ি ঘর হৈতে আনি দিব॥ ভাবিয়া ভোমনী বলে নাহিক এড়ান। কড়ি দেহ, নহে তোমা লইব পরাণ॥ এতেক শুনিয়া দিজ হইল ফাঁপর। ক্রোধে ধনুধবন্ধ দৃত করিল উত্তর॥ সেইকালে দ্বিজ্বর কহিছু তোমারে। যে কালে আদিতে তুমি ইচ্ছিল। এথারে॥ পাঁচ গণ্ডা ধার যদি ধারহ কাহার। তবে সে প্রমাদ.বিজ হইবে তোমার ॥ অঙ্গীকার করি তুমি বলিলে তখন। যত ধার আছে তাহা করিব শোধন 🛭 ব্রাহ্মণ জগৎগুরু পুরাণে বাথানে। এমত তোমার আছে জানিব কেমনে ৷

নাহিক এড়ান তব হইল প্রলয়। ব্রহ্মহত্যা পাপ মোরে ফলিল নিশ্চয় ৷ এতেক শুনিয়া দ্বিঙ্গ বলয়ে করুণে। পাসরিয়া ছিমু এত জানিব কেমনে 🛭 তবে ধনুধ্বজ দৃত ভাবে মনে মন। ভোমনীরে চাহি বলে বিনয় বচন॥ না করিহ বধ, ছাড়ি দেহ গো আক্রণে। দ্বিক্রবধ মহাপাপ সর্ববশান্ত্রে ভণে॥ দুতের বচনে হাসি বলয়ে ডোমনী। তবে সে ছাড়িয়া আমি দিব বিজমণি॥ কুলার প্রমাণ বক্ষচর্ম্ম কাটি ক্ষুরে। এইক্ষণে বিজবর দিউক আমারে॥ নহে আপনার অক করিয়া ছেদন। দেহ মোরে কুলার প্রমাণ এইকণ॥ নহে বা দ্বিজের ধার ধারে যেই জন। তাহারে আনিতে পার আমার দদন ॥ তবে এই ধার আমি লই তার স্থান। ইহা ভিন্ন বিঙ্গ আর নাহিক এড়ান ॥ এতেক শুনিয়া দ্বিজ হইল সত্বর। দুতের সহিত তথা ভ্রমিল বিস্তর ॥ আপনার ধারগ্রস্ত না দেখি কাহারে। চিন্তেতে আকুল হ'য়ে চিন্তিল অন্তরে॥ **त्वज यूपि पिराष्ट्रांन कत्रित्मक शान।** জনাৰ্জন বিনা ইথে নাছি পরিত্রাণ। বিধিমতে নানা স্তুতি করিল বিস্তারে। ত্রাণ কর জগন্নাথ রাখহ আমারে॥ নমস্তে বামনরূপ নমস্তে মুরারী। নমঃ হয়গ্রীব রূপ নমঃ মধুহারী॥ নমঃ কুন্ম অবভার পৃথিবী ধারণ। নমক্তে মোহিনীরূপ অহুরমোহন ॥ নমো রঘুকুলবর রাম অবতার। এক অংশে চারি রূপ দেব নরাকার॥ কত্ৰ কুলাস্তক নমো নমো ভৃগুপতি। নযো রামকুষ্ণ নমো নমো জগৎপুতি॥ দৰ্বত্ত ব্যাপিত রূপ দৰ্ব্ব দেহে স্থিতি। অভ্যক্তর শান্তিদাতা ভক্তকুলগতি॥

তুমি ব্রহ্ম। তব মূখে ব্রাহ্মণ উৎপত্তি। বান্ত্যুগে কজ উরে হৈল বৈশ্যজাতি॥ পদযুগে ভোমার উৎপন্ন শৃদ্রগণ। তোমার স্ক্রন যত চরাচর জন॥ না জানিয়া পাপ করিলাম অকারণ। এ মহা বিপদে প্রভু করহ তারণ॥ এইরূপে স্তুতি কৈল করি যোড়হাত। বৈকুঠে অস্থির তথা বৈকুঠের নাথ॥ ভক্তের অধীন সদা দেব নারায়ণ। প্রত্যক্ষ হইয়া-ধিজে দিলেন দর্শন ॥ শহা চক্র গদা পদ্ম ক্রিরীট ভূষণ। পীতবাদ পরিধান শ্রীবৎদলাঞ্ছন॥ ত্রিভঙ্গ ললিত রূপ দেব সনাতন। দেখি ভদ্ৰেশীল হৈল সবিদ্যায় মন ॥ আনন্দে অশ্রুর জলে ভাসে কলেবর। দগুবৎ প্রণমি পড়িল পদপর॥ করে ধরি বিপ্রেরে তুলিল নারায়ণ। আলিক্সন দিয়া হাসি বলিল বচন॥ ব্ৰাহ্মণ আমাতে কিছু নাহি ভেদ লেশ। দে কারণ নাম আমি ধরি হুষীকেশ। ভক্তের অধীন আমি শুনহ বচন। ভক্তের মানস পূর্ণ করি সর্বাক্ষণ॥ বর মাগ দ্বিজ্বর যেই প্রয়োজন। এত শুনি প্রণমিয়া বলয়ে বচন 🛭 বরেতে আমার কিছু নাহি প্রয়োজন। বর দিয়া ভাগু তুমি ভকতের মন 🛚 যদি বর দিবা প্রস্কু দেহত আমায়। **জন্মে জন্মে** ভক্তি যেন থাকয়ে তোমায়॥ কীট পত্ৰসাদি যত যোনিতে জনম। ইতিমধ্যে প্রভু যেন না হয় সম্ভ্রম ॥ কর্মদোষে যথা তথা জন্ম পুনর্বার। অচলা তোমাতে ভক্তি রহুক আমার॥ আর এক বর মোরে দেহ নারায়ণ। এই ধসুধ্বজ দুতে করহ তারণ 🛭 কেশিনী ভোষনী দেব বড়ই পাপিনী। তার ঠাই রক্ষা মোরে কর চক্রপাণি 🛚

এত শুনি হাসি প্রভু করেন উত্তর। ভক্তের অধীন বিজ মম কলেবর 🖁 ভক্তে যাহা মাগে নারি অন্ত করিবারে। আপনার অঙ্গ কাটি দিবত তাহারে 🛚 তবে রক্ষা পাবে ছিজ তোমার প্রাণী। এত বলি দ্বিজ্ঞরূপ ধরে চক্রপাণি ॥ ভদ্রণীল যেইরূপ সে রূপ ধরেন। ধনুধ্বজ দুতে চাহি তবে কহিলেন॥ যাও শীত্র ল'য়ে দ্বিজে রাথ নিজ স্থানে। ডোমনীর বোধ আমি করিব একণে । এত শুনি ধ্যুধ্বজ চলিল সন্থরে। শীঘ্রগতি লইয়া আইল বিজ্ঞবরে॥ ধনুধ্বজ সহ তবে দেব নারায়ণ। ডোমনীর স্থানেতে করিলেন গমন॥ দৈবের নির্বন্ধ কেবা খণ্ডাইতে পারে। আপনার অঙ্গ কাটি দিব ত তোমারে ॥ এত বলি বক্ষচর্ম্ম কাটিয়া সম্বরে। কুলার প্রমাণ প্রস্থ দিলেন ভাষারে॥ নিজ মূর্ত্তি ধরি প্রভু চলেন সত্তর। দেখিয়া কেশিনী হৈল বিশ্বায় অন্তর ॥ ी স্তুতি করে ডোমনী করিয়া যোড়কর। কি হেতু করিলে হেন কর্ম্ম গদাধর॥ বাহ্মণ কারণ প্রভু নিজ চর্ম্ম দিলে। ইহার র্তান্ত মোরে কিছু না ক্**হিলে**॥ কেশিনীর প্রতি প্রভু বলেন বচন। ইহার রক্তান্ত কহি শুন দিয়া মন॥ ব্রাহ্মণ অশ্বত্থবুক্ষ করিয়া রোপণ। বিধিমতে প্রতিষ্ঠা করিল সেইকণ ॥ রক্ষেতে অশ্বত্থ আমি জান সারোদ্ধার। সে কারণে আপদে করিলাম উদ্ধার॥ ইহা শুনি বহু স্তুতি ভোমিনী করিল। হেনকালে শৃশু হৈতে বিমান আইল।। দোঁহাকারে রথে তুলি নিল সেইকণ। ব্ৰাহ্মণ প্ৰদাদে হৈল বৈকুণ্ঠে গমন # তিন দিন বাদে তথা বিক্ক ভদ্ৰেশীল। নিজাভঙ্গ হ'য়ে বারে ঘুচাইল থিল।

ভূঙ্গার হাতেতে করি বহির্দেশে যায়। হেনকালে অখথ ব্ৰহ্ণেতে দৃষ্টি হয় ॥ কুলার প্রমাণ ছাল ছেদিত দেখিয়া। নাকে হাত দিয়া রহে নিঃশব্দ হইয়া॥ জানিল অশ্বত্থবুক্ষ দেব নারায়ণ। শীত্রগতি পক্ষে তাহা করিল পূরণ ॥ মহাভারতের কথা অমৃত লহরী। শুনিলে অধর্ম খণ্ডে পরলোকে তরি॥ শান্তিপর্ব্ব ভারতের অপূর্ব্ব কথন। একচিত্তে একমনে শুনে যেই জন ॥ তাহারে পাপের বাধা নাহি কোনকালে। যতেক সোভাগ্য ভার হয় কর্ম্মফলে ॥ পুত্রার্থী লভুয়ে পুত্র ধনাধীকে ধন। নাহিক সংশয় ইথে ব্যাদের বচন ॥ मल्डरक कतिया हट्यकुड़-अमध्नि। কাশীরাম দাস কহে রচিয়া পাঁচালী ॥

পাপ বিশেষে নরক বিশেষ। যুধিষ্ঠির বলিলেন কর অবধান। সংক্ষেপে যমের পুর করিলা বাখান 🛭 কি পাপ করিলে জীব পায় কিবা ফল। বিস্তার করিয়া কহ শুনি সে দকল। ভীম্ম বলিলেন তাহা শুনহ রাজন। ব্রাক্ষণেরে রুন্ডি দিয়া হরে যেই জন। অন্তে তারে ল'য়ে যায় যমের কিঙ্কর। উর্দ্ধবান্ত করি বান্ধে শুক্তের উপর ॥ তলেতে তুষের ধূম দেয় ভয়ঙ্কর। ধুমপান করে এক শতেক বৎসর॥ তারপর জন্মে পুনঃ দেই নরাধম। কীট পতঙ্গাদি হয় চৌরাশী জনম। অনস্তরে ন্রজন্ম পায় ছুরাচার। পুনঃ পুনঃ তাহা ভোগ করয়ে অপার 🛚 কোপদৃষ্টে আহ্মণেরে চাছে যেই জন। তাহার পাপের কথা শুন দিয়া মন ॥ সহস্র সহস্র সূচি করিয়া দাহন। তুই চকু তারায় বিদ্ধয়ে দূতগণ ।

মহতের নিন্দা শুনি হাসে যেইজন। তপ্ত তৈল তার কর্ণে করয়ে দেচন॥ মন্ত্ৰ বেচি খায় যেবা ভোগে বন্ধ হৈয়া। তার পাপ কহি রাজা শুন মন দিয়া॥ সহত্র সহত্র কল্প কোটি শত শত। লিখিতে না পারি বিষ্ঠা ভোগ করে যত॥ দশ সহজ্র পুরুষ সহ সম্বলিত। কুম্ভীপাকে ভুঞ্জে পাপ জন্ম শত শত॥ অনন্তরে পায় গিয়া স্থাবর জনম। কুমি জন্ম হয় তার না গুচে সম্ভ্রম। তবে যুগ সহস্ৰ জন্ময়ে শ্লেচ্ছজাতি। অনন্তরে পশু হৈয়া সুঞ্জয়ে তুর্গতি ॥ অনন্তরে বিপ্রজন্ম পায় আকিঞ্চন। প্রতিগ্রহ হেতু হয় দরিদ্র লক্ষণ॥ শতবংশ সহ সেই নরকে পড়য়। তদন্তরে গিয়া পুনঃ রৌরবে <u>ভ্রম</u>য় ॥ তদন্তরে সপ্ত জন্ম হয়ত গৰ্দভ। তদন্তরে সপ্ত জন্ম কুকুর সম্ভব ॥ তদন্তরে শত শত শূকর জনম। বিষ্ঠা মধ্যে কৃমি হয় না ঘুচে সম্ভ্রম ॥ তদন্তরে লক্ষ লক্ষ মুধা জন্ম হয়। তদন্তরে সপ্ত জন্ম চণ্ডান্মত্ব পায়॥ তদন্তরে সপ্ত জন্ম হয় হীনজাতি। এইরূপে ভ্রমে সেই শুনহ নৃপতি॥ এইরূপে পুনঃ পুনঃ জন্ময়ে ভূতলে। অশেষ যাতনা ভোগ করে কালে কালে ॥ বল করি অনাথের ধন যেবা হরে। অন্তকালে পড়ে সেই নরক ভিতরে॥ পরেতে সহস্র জন্ম হয় পশুক্রাতি। অশেষ যাতন: ভোগ করে নীতি নীতি॥ দেবতা উদ্দেশে দেব্য আনি যেই জন। কিছুমাত্র নিবেদিয়া করয়ে ভক্ষণ॥ **অসিপত্র বনে** তার হয়ত গমন। অনন্তর হয় তার রাক্ষদ-জনম ৷ বিপ্রে দান দিতে বিদ্ন কল্প যেইজন। তার পাপভোগ কহি শুন দিয়া মন 🏾

অন্তকালে যমদূত লৈয়া দেই জনে। অধোমুখ করি ফেলে নরক দক্ষিণে॥ অনস্তরে কালানল মহাভয়ঙ্কর। হাতে পায়ে বান্ধি ফেলে তাহার ভিতর ॥ **অনন্তর অগ্নি হৈতে তুলি**য়া যতনে। শপ্ত ক্ষার তার অঙ্গে করয়ে সেচনে॥ তদন্তরে ফেলে কুমি হ্রদের ভিতর। মাথার উপর মারে লোহার মুকার ॥ পরনারী হরে যেবা বল ছল করি। তার পাপ কহি শুন ধর্ম অধিকারী॥ লৌহময় দিব্য নারী করিয়া রচন। ঠপ্ত করি তার সঙ্গে করায় রমণ॥ স্বামী ছাড়ি যেই নারী ভঙ্গে অন্য পতি 🥫 যতেক তাহার শাস্তি শুন মহামতি॥ লৌহের পুরুষ এক করিয়া রচন। তপ্ত করি তার **শঙ্গে** করায় রমণ ॥ কটাক্ষ মাত্রেতে তারে রতি করাইয়া। কুম্ভীপাকে ফেলে তারে বন্ধন করিয়া॥ দেবতা প্রমাণে শত সহস্র বৎসর। তাবৎ থাকয়ে কুম্ভপাকের ভিতর 🛚 তদন্তরে মর্ত্তালোকে হয় পশুযোনি। পুনঃ পুনঃ পাপভোগ করয়ে পাপিনী ॥ পিতৃপ্ৰাদ্ধ দিনে যে ব্ৰাহ্মণে কটু ভাষে : তাহার পাপের কথা শুনহ বিশেষে॥ মৃত্যুকালে ধরি তারে যমের কিঙ্কর : বন্ধন করিয়া ভোলে পর্বত উপর॥ অধোমুখে আছাড়িয়া ফেলে ভূমিতলে: হস্ত পদ চুৰ্ণ হ'য়ে কান্দে সৰ্ব্বকাল ॥ অনন্তর দ্বতে অঙ্গ করিয়া মর্দন। অগ্নি দিয়া সর্বব অঙ্গ করয়ে দাহন॥ পরাণে না মারি তারে বহু কফী দিয়া। অসিপত্র বনে তারে ফেলায় বান্ধিয়া॥ তদন্তরে মর্ত্তাপুরে **হ**য় পশুযোনি। শৃগাল কুৰুর আদি নকুল শকুনি॥ তদন্তরে জন্ম হয় চণ্ডালের কুলে। পুনঃ পুনঃ পাপভোগ করয়ে বহুলে॥

পুল্পোন্ঠানে পুষ্প যেই করয়ে হরণ। ত্রাহার পাপের কথা শুন দিয়া মন॥ ্রে কুল কণ্টক বন অতি ভয়ঙ্কর। উদ্ধায়ুখ করি ফেলে তাহার উপর॥ এইরূপে শত শত অশেষ যাতনা। যেন তাপ তেন ভোগ না হয় বৰ্ণনা॥ স্বছন্তে ত্রাহ্মণ বধ করে যেই জন। অসংখ্য যাতনা তারে ভুঞ্জায় শমন॥ যাহার যেমন পাপ ভোগে দে তেমন। দংক্ষেপে জানাই পাপ ভোগের কথন। বিস্তারিয়া কহি যদি শতেক বৎসর। তবু শেষ নাহি হয় ধর্ম নৃপবর ॥ অতঃপর শুন ধর্মফলের লক্ষণ। যাহা হৈতে পাপ ভোগ হয়ত খণ্ডন।। মহাভারতের কথা অমৃত লহরী। শুনিলে অধর্ম খণ্ডে পরলোকে তরি॥ চন্দ্রচূড় চরণে করিয়া নমস্কার। কাশীদাস কহে শান্তিপর্ব্ব কথা সার॥

ধ্যাফল কথন

বৃত্তিদান দিয়া যেই স্থাপয়ে ব্রাক্ষণে। তার পুণ্যফল কত কহিব বদনে ॥ বরঞ্চ ভূমির রেণু গণিবারে পারি। সমুদ্রের জল ববং কলসিতে ভরি॥ তথাপি তাহার পুণ্য না হয় বর্ণন। ইতিহাস বলি এক শুন দিয়া মন॥ স্তবোধ নামেতে এক বিপ্রের নন্দন। কুণ্ডীন নগরবাদী মহাতপোধন। অফ্টভাৰ্য্যা শতপুত্ৰ কন্মা শত জন। সম্পদ্বিহীন দ্বিজ্ঞ অদৃষ্ট কারণ॥ নানা হুঃখ ক্লেশ দ্বিজ করে অনিবার। তথাপি ভরণ নাহি হয় হতে দার ॥ অন্ন বিনা শিশু পুত্র শিশু কন্যাগণ। ছারে ছারে বুঙ্গে তারা করিয়া ক্রন্দন॥ ছঃথিত সন্তান জানি যত পুরজন। ঘুণা বাসি ক্রোধে সবে করয়ে তাড়ন ॥

যার স্থানে যে বাঞ্ছা করয়ে দ্বিজবর। নাহি দেয় ছুঃথী হেতু বলে কটুত্তর ॥ এইমত তুঃখে কাল কাটে তপোধন। একদিন গৃহে বসি ভাবে মনে মন॥ পৃথিবীতে রুখা জন্ম ধনহীন জনে। সর্ববস্থাপে হীন নর সম্পদ্বিহনে ॥ ' কুলীন পণ্ডিত কিবা জন্ম মহাকুলে। নৃপতি হউন কিবা বলে মহাবলে॥ ধনহীন পুরুষে না মানে কোনজন। ধন যার থাকে, হয় সর্বত্র পূজন॥ যে জনের ধন নাহি বিফল জীবন। ফলহীন বৃক্ষ যেন ছাড়ে পক্ষিগণ॥ জ্ঞাতি বন্ধু ভ্রাতৃ মিত্র আদি পরিবার। অন্যের থাকুক দায়, ছাড়ে হুত দার। জলহীন সরোবর না হয় শোভন। ধনহীন পৃথিবীর মনুষ্য তেমন॥ চন্দ্রহীন রাতি যেন সব অন্ধকার: ধনহীন তেমন না শোভে পরিবার॥ ৰিজ ক্ষত্ৰ বৈশ্য কিম্বা জন্ম শৃদ্ৰকুলে। চণ্ডালাদি জন্ম কিম্বা হউক ভূতলে॥ ধনবান হৈলে হয় সর্ববত্র পূজিত। ধনেতে সর্ববত্র মান বিধি নিয়োজিত॥ পাপী কিন্ধা চোর যদি হয় হুন্টজন। ধন যদি থাকে হয় সর্বত্ত সম্মান॥ ত্বথ তুঃথ ফল **তুই অদৃষ্ট** কারণ। বিধির লিখন যাহা না হয় খণ্ডন ॥ কেহ কেহ বলে তুঃথ স্থান হৈতে পায়। স্বন্থান ছাড়িয়া যদি অন্য স্থানে যায়॥ স্থানদোষে ছঃগ পায় স্থানে শোক হয়। অদৃষ্ট হইতে দেই শাস্ত্ৰমত কয়॥ এইরূপে দ্বিজবর অনেক চিন্তিল। দে স্থান ছাড়িয়া শীঘ্ৰ গমন করিল D কৌশল নামেতে রাজা কোশল দেশেতে। পরিবার সহ দ্বিজ চলিল তথাতে॥ বৃত্তিদান মাগিলেন নৃপতির স্থান। নুপতি করেন যথাযোগ্য বৃত্তিদান :

আনন্দে রহিল দ্বিজ কোশল নগরে। পরিবার সহ থাকি স্তথভোগ করে॥ বুত্তি দিয়া ব্রাহ্মণে স্থাপিল নরবর। নেই পুণ্যে হৈল স্থিতি স্বর্গের উপর ॥ শতেক বৎসর স্থিতি আনন্দ কৌতুকে। তুই কোটি যুগ রাজা স্বর্গে ভুঞ্জে হুখে ॥ অনন্তর ব্রহ্মলোকে হইল গমন। এক লক্ষ যুগ তথা করিল বঞ্চন॥ অনস্তর হৈল তার বৈকুপেতে স্থিতি। তুই কোটি কল্প তথা করিল বসতি॥ ব্রাহ্মণের মহিমা বেদেতে অগোচর। ব্রাহ্মণ হইতে তরে পতিত পামর॥ . বিষ্ণুর শরীর দ্বিজ বিষ্ণু অবভার। যাহারে গোবিন্দ করিলেন পরিহার॥ পদাঘাত থেয়ে স্তুতি করেন সে কালে। অন্তাপিও পদচিহ্ন আছে বক্ষঃস্থলে॥ এত শুনি জিজ্ঞাসেন ধর্ম্মের নন্দন। স্বয়ং বিষ্ণু সর্বব কর্ত্তা আদি সনাতন ॥ তাঁরে পদাঘাত কেন করিল ব্রাহ্মণ। কহ পিতামহ শুনি সব বিবরণ॥ শুনিয়া কহেন হাসি গঙ্গার নন্দন। সাবহিতে শুন রাজা হৈয়া একমন॥ পূর্বের ভৃগু মহামুনি ত্রহ্মার নন্দন। ব্রহ্মসত্র কৈল ব্রহ্মজ্ঞানের কারণ॥ পৌলস্ত্য পুলহ ক্রতু আদি তপোধন। বশিষ্ঠ নারদ বিষ্ণু যত মুনিগণ॥ একত্র হইয়া সবে যজ্ঞ আরম্ভিল। হেনকালে ভৃগুচিত্তে বিতর্ক উঠিল॥ দেখি দব মুনিগণে বিশ্বায় জন্মিল। কেবা সে ঈশ্বর বলি জানিতে নারিল। তাতি শীঘ্র মহামুনি ব্রহ্মার নন্দন। জানিবার তরে গেল হরের সদন॥ মহাদেবে কপটে না করিল প্রণতি। দেখি মহাক্রোধ করিলেন পশুপতি॥ ক্রোধ সম্বব্লিয়া হর কহেন বচন। কিহেতু আইলা হেথা ভৃগু তপোধন।

শুনিয়া উত্তর কিছু না দিল তাহারে। মহাক্রোধে শঙ্কর বলেন আরবারে॥ অহঙ্কার কর তুমি না মান আমারে। অবহেলা কর কেন জিজ্ঞাসি তোমারে॥ অহঙ্কারে উত্তর না দেও তুরাচার। এই হেডু তোরে আজি করিব সংহার॥ এত বলি ত্রিশূল তুলিয়া নিয়া হাতে। ভূগুরে মারিতে ক্রোধে যান ভূতনাথে॥ হাতে ধরি শিবেরে রাথেন ত্রিলোচনা। তথা হৈতে গেল ভৃগু হইয়া বিমনা 🏾 শীদ্রগতি ব্রহ্মলোকে উত্তরিল গিয়া। ব্রক্ষারে না বলে কিছু চিত্তে তুঃখী হৈয়া॥ কপটে সম্ভাষা না করিল জনকেরে। দেখি ক্রোধ করিলেন বিরিঞ্চি **অন্তরে**॥ পুত্র বলি করিলেন ক্রোধ সম্বরণ। তথা হৈতে বৈকুঠে চলিল তপোধন॥ তথায় দেখিল হরি খট্যার উপরে। শয়নে আছেন লক্ষ্মী পদদেবা করে॥ দেখি ভৃগু মুনিবর না ভাবি অন্তরে। দ্রুত তাঁর বক্ষঃস্থলে পদাঘাত করে॥ ক্রদ্ধা হইলেন দেখি লক্ষ্মী ঠাকুরাণী। নিদ্রা**ভঙ্গে উঠিলে**ন দেব চক্রপাণি ॥ ভৃগুমুনি দেখি প্রভু উঠিয়া সহরে। তাঁর পদ সেবন করেন পদ্মকরে॥ আমার কঠিন দেহ বজ্রের তুলনা। চরণ কমলে তব হইল বেদনা। শুনি মহামুনি ভৃঞ লঙ্জিত বদন। নানাবিধ প্রকারেতে করিল স্তবন 🏾 নমঃ প্রভু ভগবান অথিলের পতি। নমস্তে ব্রহ্মণ্য দেব নমে। জগৎপতি ॥ তুমি হে জানহ প্রভু ব্রাহ্মণ-মর্য্যাদা। সবার ঈশ্বর প্রভু ভক্ত ভয়ত্রাতা॥ করিলাম এই দোষ হইয়া অজ্ঞান। মম অপরাধ ক্ষমা কর ভগবান॥ যোড়হাত করিয়া কহেন দামোদর। কদাচিত চিস্তান্তর নহ দ্বিজবর॥

পদাঘাত নহে মম হইল ভূষণ।
এত শুনি সানন্দ হইল তপোধন।
নানামত স্তুতি করে প্রভু নারায়ণে।
মূনি পুনঃ গমন করিল যজ্ঞস্থানে॥
মহাভারতের কথা অমৃত লহরী।
শুনিলে অধর্ম খণ্ডে পরলোকে তরি॥
চন্দ্রচূড় পদম্বয় করিয়া ভাবনা।
কাশীরাম দেব করে পয়ার রচনা॥

একদেশীর মাধ্যা।

ভীম্ম বলিলেন রাজা করহ প্রাবণ। পৃথিবীতে জন্মি পুণ্য করে যেই জন॥ সূর্ব্ব পাপে মুক্ত সেই নিষ্পাপ শরীর। অন্তে মোক্ষগতি লভে শুন যুধিষ্ঠির॥ অন্টমীর উপবাস করে যেই জন। শুদ্ধচিত্তে শিবহুর্গা করে আরাধন॥ ভূমিদান রত্নদান করিয়া ব্রাহ্মণে। অতিথি অথর্বব পূজা করে অন্নদানে॥ দিব্য অন্ন উপহার করিয়া রন্ধন। কুটুন্বেরে দিয়া পরে করয়ে পারণ॥ এমত মাদে মাদে অফ্টমীর ক্ষণে। শুদ্ধচিত্তে এই ব্রত করে সাবাধনে 🖁 দৰ্বব পাপে মুক্ত হৈয়া শিবলোকে যায়। কদাচিত যমের তাড়না নাহি পায়॥ নারায়ণ নামে ব্রত বিখ্যাত জগতে। নারায়ণ ব্রত যেই করে শুদ্ধচিত্তে॥ তাহার পুণ্যের কথা না যায় বাথান। সংক্ষেপে কহিব কিছু কর অবধান॥ গৃহ ধর্ম্মে থাকিয়া করিবে যেই জন। সর্ব্বভূতে দয়া করি করিবে পূজন ॥ যেমন বৈভব তথা করিবেক ব্যয়। ব্রাহ্মণেরে দিবে ধন হৈয়া শুদ্ধাশয়॥ মূলমন্ত্র ভিনবার করিবে চিন্তন। উপহার বৈভব করিবে নিবেদন॥ অবশেষে প্রণমিয়া পড়িবে ধরণী। ভক্তিভাবে ৰলিবে বিবিধ স্তুতিবাণী ॥

লক্ষ্মী নারায়ণ জয় জগত-জীবন। নমত্তে গোবিন্দ জয় জয় নারায়ণ॥ এইরপে ভক্তি করি লক্ষী নারায়ণ। অবশেষে করি আবাহন বিসৰ্জ্জন॥ ভূমিদান দিবে আর অন্নদান আদি। অতিথি ব্রা**হ্মণেরে পূজি**বে যথাবিধি॥ **ৰিজ গুরু আজা তবে মস্তকে** ধরিয়া। পশ্চাতে ভুঞ্জিবে হুখে নিয়ম করিয়া 🛭 এইমত নারয়ণ ব্রত যে আচরে। কুটুন্থের সহ যায় বৈকুণ্ঠ নগরে॥ একাদশী মহাত্রত বাথানে পুরাণে। তার কথা কহি রাজা শুন একমনে॥ গালব নামেতে গুনি মহাতপোধন॥ ভদ্রশীল নাম ধরে তাহার নন্দন॥ সর্ব্ব ধর্মা ত্যজিয়া আরাধে নারায়ণ। তাহার পুণ্যের কিছু কহিব কথন॥ खग्रस्टू नन्दन ८१न क्ष्वं मशागग्र। শিশুকাল অবধি আরাধে জন্মেজয়॥ সেইরপ ধর্মশীল গালবনন্দন। দর্ব্ব ধর্ম্ম ত্যজিয়া আরাধে নারায়ণ॥ দেব পাঠ তপ জপ শাস্ত্র অধ্যয়ণ। সব ত্যজি করে হরিমন্দির মার্জ্জন॥ মাদে মাদে কৃষ্ণ শুক্লা তুই একাদণী। শুদ্ধচিতে আরাধয়ে পরম তপস্বী 🏾 দেখিয়া পুত্রের কর্ম্ম সবিশ্বায় মন। জিজ্ঞাসিল কহ তাত ইহার কংরণ॥ নানামত বিষ্ণুভক্তি আছে শাস্ত্রমতে। তপ জ্বপ পূজা ধর্মা বিখ্যাত জগতে॥ ব্রাহ্মণের তপ জপ ধর্ম আচরণ। ইহার কি ফল কহ শুনি হে নন্দন॥ এত শুনি ভদ্রশীল বলয়ে বচন। এই যে ব্রভের ফল না যায় কথন॥ আকাশের তারা যদি গণিবারে পারি। সমুদ্রের জল যদি কলসীতে ভরি॥ পুথিবীর রেণু যদি পারি যে গণিতে। তথাপি এ ব্রতপুণ্য না পারি কহিতে॥

সংক্ষেপে কহিব কিছু শুন সারোদ্ধার। সোমবংশে পূর্বজন্ম আছিল আমার । ধর্মকীর্ত্তি নাম ছিল বিখ্যাত জগতে। ত্বউমার্গে রত বড় ছিলাম মর্ত্ত্যেতে ॥ একচ্ছত্ৰ ভূপতি ছিলাম জম্বুৰীপে। অধর্ম্মে ছিলাম রত ধর্ম্মেতে বিরূপে॥ প্রজাগণে পীড়িমু হিংসিমু শান্তজন। এইরূপে পাপ করিলাম আচরণ॥ একদিন দৈবযোগে সৈন্সের সহিতে। মুগয়া করিতে গেন্ম চড়ি অশ্ব রথে॥ বিপিনে যাইয়া এক খেরিত্ব হরিণে। ডাক দিয়া কহিন্তু সকল সৈন্তগণে॥ যার দিক দিয়া এই হরিণ যাইবে। কদাচিত তারে যদি মারিতে নারিবে॥ বংশের সহিত তারে করিব সংহার। এই বাক্য সবারে বলিন্ম বার বার ॥ শুনিয়া সজাগ হৈল লব্ব সৈভাগণ। সশক্ষিত হৈয়া মুগ ভাবে মনে মন॥ যন্তপি পলাই এই সৈন্য দিক দিয়া। সবংশে তাহারে রাজা ফেলিবে কাটিয়া । এক প্রাণী রক্ষা হেতু মরিবে অনেক। শুভদিন আজি একাদশী অতিরেক॥ ইতিমধ্যে যতাপি আমার মৃত্যু হয়। পশুত্ব খণ্ডিবে মোক্ষ লভিব নিশ্চয়। যে হৌক সে হৌক মম যাউক পরাণ। নুপতির দিক দিয়া করিব প্রস্থান ॥ যদি বা আমাকে রাজা করিবে নিধন। মোক্ষগতি হবে পাপ পশুত্ব মোচন॥ যদি কদাচিত প্রাণ রহেত' আমার। নৃপতি পাইবে লজ্জা দৈন্তের নিস্তার ॥ এতেক ভাবিয়া মুগ সেইরূপ করে। মম দিক দিয়া মুগ চলিল সহুরে॥ আকর্ণ পূরিয়া বাণ মারি শীঘ্রগতি। ন। বাজিল মুগে বাণ এমতি নিয়তি ॥ লক্ষা ভাবি তবে ক্রোধে চড়িয়া অখেতে। বোর বনে গেল মুগ না পাই দেখিতে॥

দশুক অরণ্যে বহু করিয়া ভ্রমণ। নাহি পাইলাম মূগ দৈব নিৰ্ববন্ধন ॥ অশ্ব হত হৈল, শ্রেম হইল বহুল। ক্ষুধায় ভৃষণায় চিত্ত হইল আকুল ॥ ক্ষুধা তৃষ্ণাযুত আমি হইয়া বিশেষে। বুক্ষতলে রহিলাম দিবা অবশেষে॥ রাত্রিশেষে হৈল মম দৈবে লোকাস্তর। তুই যমদূত আদে অতি ভয়ঙ্কর ॥ মহাশাপ দিয়া মোরে করিল বন্ধন। সত্তরে লইয়া গেল যমের সদন ॥ দেখি ধর্মরাজ বড় গর্জ্জিল দূতেরে। ব্দকারণে কেন হেথা আনিলে ইহারে॥ সর্ববপাপে মৃক্ত আছে এই নরবর। একাদশী উপবাসে হৈল লোকান্তর॥ 😎ন কহি দূতগণ আমার বচন। একাদশী ত্রত আচরিবে যেই জন॥ দাস্যভাবে করে হরি মন্দির মার্চ্জন। তারে হেথা ভোরা না আনিবি কদাচন॥ গোবিন্দের নাম যেই করুয়ে স্মরণ। দৰ্ব্বভূতে দমভাবে ভজে নারায়ণ ॥ কদাচ তাহারে তোরা হেথা না আনিবি। সাবধান বিশ্বারণ কভু নাহি হবি॥ দেবতুল্য পিতৃ মাতৃ যে করে দেবন। অতিথি সেবয়ে করে তীর্থ পর্য্যটন॥ ভূমিদান গো-দানাদি করে বিজগণে। তুঃথী দরিদ্রেক তৃপ্ত করে অন্ন ধনে ॥ সভামধ্যে মুখে যার মিথ্যা নাহি খদে। দৈবয়জ্ঞ করে যেই ব্রাহ্মণ উদ্দেশে। গোধন পালন করে দর্ব্ব জীবে দয়া। সন্ন্যাদ গ্রহণ করে ত্যজি গৃহমায়া **॥** যোগ সাধি মৃত্যুঞ্জয়ে ভজে যেই জন। শুদ্ধভাবে যেই আরাধয়ে নারায়ণ॥ সাবহিত হ'য়ে করে পুরাণ শ্রবণ। পুরাণ পড়য়ে যেই শুদ্ধচিত্ত মন॥ ধর্মকথা কছিয়া লওয়ায় অধর্মিরে। কদাচিত তাহারে না আন হেথাকারে॥

ব্রাহ্মণের নিন্দা যেই করে অফুক্ষণ। পিতৃ মাতৃ নিন্দে যেই বেশ্যাপরায়ণ॥ বিষ্ণুভক্তি আশ্রয় করিয়া যেইজন। পরনারী সঙ্গে সদা করয়ে রমণ॥ তাহারে আনিবি তোরা প্রহার করিয়া। নাসিকা ছেদন করি পাশেতে বান্ধিয়া॥ পরনারী হরে যেবা হইয়া অজ্ঞান। সভামধ্যে **গুরুজনে করে অপ**মান॥ তাহারে আনিবি তোরা আমার সদন। হাতে গলে মহাপাশে করিয়া বন্ধন ॥ দেবতা উদ্দেশে দ্রব্য আনি যেই জন। দেবতারে নাহি দিয়া করয়ে ভক্ষণ॥ লোহপাশে বান্ধি তারে আনিবে হেথারে। করিয়া প্রহার মাথে লোহের মুদ্গারে॥ ধর্ম বিদ্নকর আর বিদ্বেষী যেই জন। উপহাস করে দিজে হৈয়া তুষ্টমন ॥ হেথকারে বান্ধি তোরা আনিবি তাহারে। পরবৃত্তি হরে যেবা জ্বন্মিয়া সংসারে ॥ পরভার্য্যা হরে যেবা বলাৎকার করি। অজ্ঞান হইয়া যেবা হরয়ে কুমারী 🛭 তাহারে আনিবি তোরা করিয়া বন্ধন। এইরূপ পাপ আচরয় যেই জন। এত শুনি বিশ্বায় মানিল দূতগণ। করযোড়ে ধ**র্ম্মরাজে** করয়ে স্তবন ॥ এ সকল কথা পিতা করিয়া শ্রেবণ। অবশেষে পাপ মম হইল খণ্ডন॥ বিধিমতে যম মোরে করিল পূজন। স্বৰ্গ হ'তে দিব্য রথ আইল তখন ॥ অজ্ঞানে হইল একাদশী আচরণ॥ সেই পুণ্যে হ'ল মম স্বৰ্গে আরোহণ॥ কোটি কোটি বৰ্ষ তাত স্বৰ্গে হৈল স্থিতি। তদন্তরে ব্রহ্মলোকে করিমু বসতি॥ কোটি যুগ ব্রহ্মলোকে করিয়া-ভ্রমণ। তোমার ঔরদে আসি হইল জনম॥ দিব্যজ্ঞানে পাপ মোর না হয় বাধক। সে কারণে একাদশী করিতু সাধক॥

ইহার রতান্ত এই কহিলাম পিতঃ।
শুনিয়া গালব মুনি হইল বিশ্বিত ॥
শানদিত হৈয়া পুত্রে করিল চুম্বন।
সেই হৈতে হৈল মুনি হরি পরায়ণ॥
মহাভারতের কথা অমৃত লহরী।
একচিত্তে শুনিলে তরয়ে ভববারি॥
শান্তিপর্ব্ব ভারতের অপূর্ব্ব কথন।
সাবহিত হইয়া শুনয়ে ঘেই জন॥
মনোবাঞ্চা ফল লভে নাহিক সংশয়।
ব্যাদের বচন ইথে কভু মিথ্যা নয়॥
মস্তকে বন্দিয়া ব্রাহ্মণের পদরজ।
কহে কাশীদাস গদাধরের অগ্রজ॥

হরিমন্দির মার্জ্জনের ফল।

ভীষ্ম বলিলেন শুন রাজা ধর্ম্মরায়। আর কিছু ধর্মকথা কহিব তোমায় ॥ গোবিন্দেরে করয়ে যে স্তুতি আচরণ। নানা উপহার দিয়া করয়ে পুজন ॥ সোমবার দাদশী দিবস 🐯ভক্ষণে। ক্ষীর জলে স্নান যে করায় নারায়ণে॥ বংশের সহিত যায় বৈকুণ্ঠ ভুবন। কদাচ না পায় সেই যমের তাড়ন॥ ভাদ্রমাদে কুষ্ণান্টমী রোহিণী লক্ষণে। ক্ষীরজলে স্নান যে করায় নারায়ণে॥ উপবাদ করি হরি করয়ে চিন্তন। ত্রিভঙ্গ ললিত দিব্য মূর্ত্তি নারায়ণ॥ দর্বপাপে মুক্ত হয় দেই মহাশয়। বংশের সহিত হয় বৈকুপ্তে বিজয়॥ গোবিন্দ-মন্দির যেই করয়ে মার্চ্জন। তাহার পুণ্যের কথা না যায় কথন॥ অজ্ঞানে সজ্ঞানে করে নাহিক বিচার। সর্ব্ব ধর্ম লভে সেই মহাপাপে পার॥ পূর্বেব শুনিলাম মামি দেবলের মুখে। দেই হেতু মহারাজ কহিব তোমাকে ॥ সাবধান হ'য়ে রাজা শুন একচিত্তে। যজ্ঞধ্বজ নাম ছিল ইক্ষাকু বংশেতে॥

মহাধর্মশীল রাজা বিখ্যাত সংসার। একছত্ত্র জমুদীপ বাঁর অধিকার। রাজ্ঞধর্ম যত সব ত্য**জি**রা রাজন। স্বহন্তে করেন হরিমন্দির মার্চ্ছন 🛚। বীতিহোত্র নামে তার কুল পুরোহিত। এ সব দেখিয়া যত্তধেকের চরিত **॥** সচিন্তিত হৃদয় হইয়া তপোধন। একদিন নৃপতিরে জিজ্ঞাদে কারণ ॥ কহ শুনি রাজা তুমি সর্ব্ব ধর্মান্বিত। সর্বশান্ত্রে বিচ্চ তুমি বিচারে পণ্ডিত ॥ কি কৰ্ম অসাধ্য তব আছে পৃথিবীতে। যাহা ইচ্ছা করিবারে পারহ করিতে॥ এত শুনি হাসিয়া বলয়ে নরপতি। ইতিহাস কথা কহি কর অবগতি ॥ ছিলাম পূর্ব্বেতে তুষ্টমতি পাপাচার। পরদ্রব্য চুরি হিংদা করেছি অপার 🛚 বুধলী-আসক্ত আমি হ'য়ে একেবারে। গুহের যতেক ধন দিলাম তাহারে 🛚 মম কৰ্ম্ম দেখি পিতৃ-মাতৃ ভাতৃগণ। ক্রেদ্ধ হৈয়া সবে মোরে করিল তাড়ন ॥ স্বাকার বাক্য আমি করি অবহেলা। রান্ত যেন নিঃশঙ্কে গ্রাসয়ে চন্দ্রকলা ॥ মহাজুদ্ধ হৈল তবে যত ভ্ৰাতৃগণ। ' প্রহার করিয়া মোরে করিল বন্ধন॥ নিবারিতে না পারিল অশেষ বিশেষে। গৃহ হৈতে দুর করি দিল অবশেষে॥ ক্রোধে গৃহ হৈতে আমি হইয়া বারিত। মহাঘোর বনে গিয়া পশিসু ছরিত 🛭 অনাহারে অবদন্ন হইল শরীর। ছোর বনে পাই এক বিষ্ণুর মন্দির । বুষ্টিজলে কৰ্দম আছিল মন্দিরেতে। পরিকার করি শেষে শুইসু তাহাতে॥ দৈবধোগে এক দর্প তাহাতে আছিল। নিদ্রার আবেশে মোর চরণে দংশিল ম সেইক্ষণে কালপূর্ণ হইল আমার। ছুই যমদূত এল বিকৃতি আকার 🛭

মহাপাশে শীত্র মোরে করিল বন্ধন। হেনকালে বিষ্ণুদৃত আসে ছুই জন ॥ 🌁 ক্রোধে যমপুতে চাহি বড়ই গর্ভিচল। পাশ হৈতে মুক্ত মোরে ছরিত করিল॥ দেখি সবিশ্বার হৈল যমদূতগণ। क्रब्राएं विकृपूर्ण करत्र निर्वान ॥ মোরা দোঁতে হই ধর্মরাজ অফুচর। তাঁর আজ্ঞা ধরি মোরা মস্তক উপর ॥ সংসারের মধ্যে যত মরে জীবগণ। পশু পক্ষী মনুষ্যাদি জন্তু অগণন ॥ नवादत्र महेश्रा याहे यदमत्र नमन । পাপ পুণ্য বুঝি যম করেন তাড়ন ॥ এই যজ্ঞমালী পাপী বিখ্যাত জগতে। ইহার পাপের কথা না পারি কহিতে॥ কি কারণে পাপমূক্ত করিলে ইহারে। কেবা দোঁহে পরিচয় দেহত আমারে॥ এত শুনি হাসি দোঁহে করিল উত্তর। মোরা তুইজনে হই বিষ্ণুর কিন্ধর॥ ব্দগতের হর্তা কর্তা দেব নারায়ণ। তাঁর আজ্ঞা মাথে ধরি করি যে ভ্রমণ ॥ ছরিনাম স্মরণ করয়ে যেই জন। হরি পূজা করে হরিমন্দির মার্ল্জন ॥ শ্রবণ কীর্ত্তন নাম করয়ে বন্দন। দাস্যভাব স্থ্যভাব আত্ম নিবেদন ॥ তারে অধিকার তব নাহি কদাচন। সর্বপাপে মুক্ত আছে সেই মহাজন 🖟 গোবিন্দ মন্দির এই করিল মার্জ্জন। ইথে অধিকার তব নাহি কদাচন 🛚 এতেক বলিয়া তুই হরির কিঙ্কর। ল'য়ে গেল শীভ্র মোরে বৈকুণ্ঠনগর **॥** সহব্ৰ শতেক যুগ তথা হৈল স্থিতি। ভদস্তর ভ্রহ্মলোকে করিসু বদতি॥ শতকল্প ব্রহ্মলোকে করিসু বিহার। তদস্তর ইমেলোকে হই আগুসার॥ চতুর্দ্দশ মন্বস্তর কাল পরিমাণ। যত ভোগ করি স্বর্গে না হয় বাবান 🖫

তদন্তর এই মহা ইক্বাকুবংশেতে। দেই পুণ্যে আসিয়া জন্মিনু পৃথিবীতে ॥ অজ্ঞানে করি**ত্র হ**রিমন্দির মা**র্জ্জন**। তাহাতে এ গতি হৈল শুন তপোধন ॥ জ্ঞানে যেবা করে হরিমন্দির মার্জন। শুদ্ধভাব হইয়া পূক্জয়ে নারায়ণ॥ পৃথিবীর রেণু যদি পারি যে গণিতে। তাহার পুণোর কথা না পারি কহিতে ॥ ভীশ্ম বলিলেন রাজা করহ শ্রেবণ। এত শুনি বীতিহোত্র হন ভূষ্ট মন ॥ কথযোড়ে নৃপতিরে করিল বন্দন। দৰ্বব ধর্ম ত্যজি নিল গোবিন্দ শরণ ॥ শান্তিপর্ব্ব ভারতের অপূর্ব্ব কথন। একচিত্তে একমনে শুনে যেই জন ॥ দর্ব্ব ত্রুংখে তরে দেই নাহিক সংশয়। পয়ার প্রবন্ধে কাশীদাস দেব কয়॥

मानधर्य ।

ভীম্ম বলিলেন শুন অপূর্ব্ব কথন। অপার মহিমা রাজা গোবিন্দ-দেবন ॥ লিঙ্গরূপী জনার্দ্দন শিলা অবতার। শ্রনা করি পূজা যেই করয়ে তাঁহার **॥** শুভলগ্ন শুভতিথি শুভক্ষণ দিনে। মধুপর্কে স্নান যে করায় নারায়ণে ॥ সর্বি পাপে মুক্ত হয় সেই মহাশয়। শতবংশ দহ যায় বিষ্ণুর আলয়॥ নারিকেল জলেতে স্নাপয়ে পশুপতি। শ্রদ্ধা ভক্তি করিয়া বিবিধ করে স্তুতি ॥ শতবংশ সহ সেই নিচ্গাপ হইয়া। শিবের সদনে যায় বিমানে চড়িয়া॥ দেবতা উদ্দেশে যেই পুষ্পোম্বান করি। ভক্তি করি পূজা করে হর কিন্দা হরি ॥ অন্তঃকালে স্বর্গপুরে হয় তার গতি। ইহলোকে পরলোকে না হয় ছুর্গন্তি 🏾 তুলদী-আরাম যেই করিয়া রোপণ। ত্ৰিসন্ধ্যা স্তৰন কল্পে ত্ৰিসন্ধ্যা ৰন্দন ॥

তারে তৃষ্ট হন প্রভু দেব জগৎপতি। দৰ্বপাপে মুক্ত হয় দেই মহামতি ॥ বৈভব বিস্তর আসি করয়ে সংসারে। যার যে বৈভব হয় তেমন প্রকারে ॥ অল্প বা বিস্তর পুণ্য গণি যে সমান। তার কথা কহি রাজা শুন সাবধান॥ তড়াগ পুক্ষণি দের ধনাত্য পুরুষে। প্রাক্ষণে করয়ে দান অশেষ বিশেষে॥ চতুষ্পাদ পুণ্য পূর্ণ কোথায় গণন। দ্বিপাদেতে পুণ্য কোথা শুন হে রাজন্। ৰিপাদেতে পূৰ্ণ পুণ্য মধ্যমেতে গণে। নিকৃষ্টে পাদৈক পূর্ণ বেদেতে বাখানে ॥ ইতিমধ্যে করে পুণ্য যত শক্তি যার। সমান গণি যে পুণ্য শ্রহ্মা অনুসার ॥ ধেকু রত্ব তণ্ডুলাদি বস্ত্র আভরণ। অশ্রদ্ধায় করে যেই দ্রব্য নিবেদন ॥ অঙ্গহীন হয় পুণ্য, না হয় উহাতে। নিশ্চয় ধর্ম্মের পুত্র কহিন্<u>যু</u> তোমাতে ॥ দরিদ্র কিঞ্চিৎ যদি দেয় শ্রদ্ধান্থিতে। চতুষ্পাদ পুণ্য তার হয় যে নিশ্চিতে 🛭 যেমন বৈভব তেন বিপ্ৰে দেয় দান। শ্রদ্ধা ভক্তি করিয়া পূজয়ে ভগবান ॥ নাহিক সংশয় ইথে বেদের বাখান। ভড়াগ কৃপেতে পুণ্য গণি যে সমান॥ এক বীজ রোপণ করয়ে তুঃখীজন। সমান ইহার পুণ্য করি যে গণন ॥ কোটি কোটি ব্ৰাহ্মণে ভুঞ্জান ধনীগণ। দরিদ্র করায় এক বিপ্রকে ভোজন 🛚 লক্ষ ধেতু বিপ্রে দান করে ধনীজন। দ্রিদ্রের এক গাভী হয় তার সম॥ কোটি কোটি মনুষ্যে পালয়ে ধনীজন। ব্রাহ্মণ কজিয় আদি আর শূদ্রগণ । দরিদ্র পুরুষ এক মসুষ্য পালয়। সমান লভয়ে কল বেদেতে বলয় 🛚 ধনীতে পূক্ষয়ে কুষ্ণে দিয়া উপহার। মুত তুথ রক্ষ বস্তা তণুল অপার 🛚

मंत्रिक शृक्षस्य कम मिया नात्रायन। শ্রদ্ধা ভক্তি স্ততিবশে হয় তার সম। ধনাচ্য পুরুষ দের দিব্য দেবালয়। ইফক পাষাণ হেমমণি রোপ্যময় 🛭 মুকুতার ঝারা স্তম্ভ প্রবাল পাণর। नानाविथ पिया त्रक्र श्राक्त यदनावत्र॥ শুভতিথি শুভক্ষণ করি নিরূপণ। শ্রদ্ধান্থিত গোবিন্দেরে করে সমর্পণ।। অন্নদান ভূমিদান ধেমুদান আদি। ব্ৰাহ্মণে ভূঞ্জায় কত না হয় অবধি॥ মৃত্তিকার গৃহ এক করিয়া রচন। তাহাতে স্থাপয়ে হরি ধনহীন জন॥ চুই এক ব্রাহ্মণে করয়ে অন্নদান। সমান লভয়ে পুণ্য বেদেতে বাখান।। সংক্রেপে কহিন্তু দান ধর্ম্মের কথন। শোক দুর কর রাজা হির কর মন॥ विधित्र मिथन यम पूक्षरत्र मःमारत । যেন ধর্মা তেন ফল বেদেতে বিচারে॥ অধর্মোতে কেহ ধর্ম লভে কর্মফলে। ধর্ম হৈতে পাপ কেহ লভয়ে ভূতলে ॥ এত শুনি যুখিন্তির দবিশ্ময় মন। জিজ্ঞাদেন ক**হ দেব ইহার কারণ**॥ অধর্ম্মেতে কেবা ধর্ম্ম পাইল সংসারে। শুনিবারে ইচ্ছা বড় কহিবে আমারে॥ মহাভারতের কথা অমৃত লহরী। আমার কি শক্তি ইহা বর্ণিবারে পারি 🛭 মস্তকে বন্দিয়া মাত্র বিপ্র-পদরজ। কহে কাশীদাস গদাধর দাসাগ্রজ ॥

প্রয়ান মাহান্ম্যে ব্যাধ ও স্থমতির উপাখ্যান। ভীন্ম বলিলেন শুন পাণ্ডুর নন্দন। পূৰ্ব্ব ইতিহাস কথা শুন দিয়া মন॥ धनेशिक नात्म देवन्य व्यवसाधाय धाम । সর্ব্বধনে পূর্ণ বৈশ্য গুণে অসুপম ॥ স্থমতি নামেতে তার ভার্য্যা গুণবতী। পরমা হন্দরী সেই যেন কাম-রতি॥

সৰ্বহুথে পূৰ্ণ বৈশ্য মহাধনবান। পুত্ৰহীন কেবল ছঃখিত মতিমান॥ নানামতে নানাযত্ত করয়ে বিস্তর। ভাষ্যা সহ ব্রভ আচরিল বৈশ্যবর ॥ অদুষ্টের বশে তার না হৈল নন্দন। এই হেতু সদা বৈশ্য রহে ছঃখী মন।। পুত্রহীন রুথা জন্ম সংসার ভিতরে। পুত্র বিনা নাহি পার নরক ছস্তরে॥ এইরূপে বৈশ্য বহু করিল চিন্তন। দূরদেশে গেল চলি বাণিজ্য কারণ॥ একদিন বৈশ্যপত্নী দাসীগণ সঙ্গে। সরোবরে স্নান হেতু চলিলেন রঙ্গে॥ উপবন মধ্যে আছে রাম সরোবর। সানে পুণ্যফল তাহে লভয়ে বিস্তর ॥ সেই সরোবরে গেল স্থান করিবারে। হেনকালে এক ব্যাধ আসে তথাকারে। পুৰুক তাহার নাম বিখ্যাত ভুবন ॥ দেখিয়া কন্সার রূপ হয় অচেতন॥ পীত্রবর্ণ অতি রঙ্গ জিনিয়া কাঞ্চন। রক্তমাংস রবিত্রাস দেখিয়া পিন্ধন ॥ কুচযুগ জিনি পূগ কিবা রদায়ন। করিকর ভুক্তবর মধ্য পঞ্চানন ॥ মুখজ্যোতি দেখি শশী নিন্দে আপনারে। দেখিয়া মূর্চিছত ব্যাধ হইল অস্তব্নে ॥ ক্ষণেকে চৈতন্য পেয়ে বলয়ে বচন। শুন আজ স্থবদনী মম নিবেদন ॥ তোমা সম রূপবতী নাহি ত্রিভুবনে। এ রূপ যৌবন ব্যর্থ কর কি কারণে ॥ দূরদেশে গেল পতি বাণিজ্য কারণে। রতিহ্বখহীনা হ'য়ে বঞ্চ কেমনে॥ তোমাতে মজিয়া মন কম্পিত আমার। স্মরশরে মম অঙ্গ হৈল ছারখার 🛭 দয়া করি রামা মোরে করাও রমণ। নহে এইকণে আমি ত্যজিব জীবন ॥ নরহত্য মহাপাপ জানহ আপনি। এত শুনি ক্রোধচিত্তে বলে নিতম্বিনী ॥

মধ্যমী পাপিষ্ঠ ছুই অতি হীন জাতি। ্কান লাজে হেন বোল বলিলে দুর্ম্মতি ॥ পর্শ করি তোরে হয় স্থান করিবারে। ৰজ্জা নাই ভেঁই হেন বলহ আমারে॥ ভ্ত্যের সমান মোর নহ ছুরাচার। এইমত অনেক করিল তিরস্কার ॥ শুনিয়া হইল ব্যাধ ছুঃখিত অন্তর। স্থান করি বৈশ্যপত্নী গেল নিজ ঘর॥ মনে মনে ব্যাধ তবে অনেক ভাবিয়া। ক্লিকে দাসীগণে বিনয় করিয়া॥ কিরূপে এ কম্মা লাভ হইবে আমার। বিচার করিয়া ভোরা কহ সারোদ্ধার॥ এত শুনি উপহাস করি দাসীগণ। কোন লাজে হেন কথা কহরে তুর্জন। বামন হইয়া চাহ চন্দ্রমা ধরিতে। পতঙ্গ হইয়া চাহ অগ্নি নিবারিতে 🛭 চণ্ডাল হইয়া চাহ ধরিতে ব্রাহ্মণী। লঙ্জা নাই ভেঁই বল হেন তুষ্টবাণী॥ পুনরপি বলে ব্যাধ বিনয় করিয়া। কহ সত্য কিরুপে পাইব এই জায়া 🛭 ইংজন্মে পাই কিম্বা পাই জন্মান্তরে। নির্ণয় করিয়া সত্য কহিবা আমারে॥ মালিনী নামেতে দাসী কহে হাসি হাসি॥ প্রয়াগে করহ তপ হইয়া তপস্বী॥ ত্রিসন্ধ্যা করহ স্নান প্রয়াগের নীরে। এক ক্রমে তিনদিন রহ গঙ্গাভীরে ॥ তথা বাস করিয়া স্মরিয়া নারায়ণ। তিন দিন তিন রাত্র করিলে লঙ্গন ॥ তবে দে এ কন্স। তুমি পাইবে নিশ্চয়। এত বলি দাসীগণ গেল নিজালয়॥ শুনিয়া আনন্দে ব্যাধ চলিল ছরিত। প্রয়াগের তীরে গিয়া হৈল উপনীত॥ একাসন করিয়া তিন দিবস র**জ**নী। একচিত্তে স্মরণ করয়ে চক্রপাণি॥ ভকতক্ৰৎসম হরি বৈকুঠে থাকিয়া। ু ব্যাধে ডাকি বলিলেন শৃশুরূপ হৈয়া 🛚

মনোবাঞ্ছ। পূর্ণ ব্যাধ হইবে তোমার। এইত প্রয়াগে স্নান কর পুনর্কার 🕯 এতেক শুনিয়া ব্যাধ আনন্দিত মন। প্রয়াগে করিয়া স্নান করিয়া ভর্পণ 🛊 পাপতমু খণ্ডিল হইল দিব্যগতি। রূপে গুণে হৈল সেই বৈখ্যের আরুতি॥ শীভ্রগতি অযোধ্যায় করিল গমন। উপনীত হন গিয়া বৈখ্যের ভবন ॥ নিজপতি প্রায় ব্যাধে বৈশ্যপত্নী দেখি। নির্থিয়া প্রণমিল আসি শশীমুখী 🛭 পাত অ্ব্য দিয়া বদাইল সিংহাদনে। ঈষং হাসিয়া কহে মধুর বচনে ॥ যত দিন প্রাণনাথ নাহি ছিলা ঘরে। তত দিন অসন্তোষ আমার অন্তরে 🏽 স্থলেশ নাহি চিত্তে আমি বিরহিণী। চন্দ্রের অভাবে যেন মান কুনুদিনী॥ ব্যাধ বলে বড় ভাগ্য তোমার আছিল। তেঁই সে সঙ্কটে মম প্রাণরকা হৈল 🛭 • বহুদূর গিয়াছিত্র বাণিজ্য কারণ। धन कन मव विधि कत्रिल इत्रेश ॥ রাক্ষদের হাতে আমি পড়িয়াছিলাম। সকল মজিল দৈবে প্রাণ পাইলাম॥ শুনি কহে বৈশ্যপত্নী সজল নয়ন। ধন যাকৃ প্রাণনাথ আইলে ভবন॥ এইরূপে আছে দোঁহে কথোপক্থনে। হেনকালে আদে বৈশ্য আপন ভবনে ॥ শত শত বলদে শকটে পুরি ধন। নিজ গৃহে আসি উত্তরিল সেইক্ষণ॥ দেখিয়া বিশ্বয়চিত্ত হইল স্থমতি। এইরূপ তুইঁজন একই আকুতি॥ তুল্য ভাষা তুল্য গুণ তুল্য দুই জন। क्रूरेक्टन (मृं। हारत क्रिन नित्रीक्टन ॥ দেখিয়া বিশ্বায় মন বৈশ্যের নন্দন। কার সঙ্গে ভার্যা মম করিছে কথন । পতিত্ৰতা ভাৰ্য্যা মম অন্ত নাহি জানে। কোন দেব আদিয়াছে হল আচরণে 1

এতেক ভাবিয়া বৈশ্য জিজ্ঞানে পত্নীরে। **হইলাম বিন্মিত তোমার ব্যবহারে** ॥ পতিব্ৰতা বলি তোমা জানে জগভ্জন। পর-পুরুষের সঙ্গে কর আলাপন **॥** শুনিয়া সে বৈশ্যপত্নী কহিতে লাগিল। তব রূপে এইরূপ বিধি নির্মিল॥ আকৃতি প্রকৃতি রূপ তুল্য দোঁহাকার। কেমনে জানিব চিত্তে কে স্বামী আমার॥ এক গর্ভে জন্ম ছেন হয়েছে দোঁহার : ভেদজ্ঞান নাহি যেন অশ্বিনীকুমার ॥ দেখিয়া স্থমতি তবে ভাবে মনে মনে। ত্মই স্বামী এক রূপ দেখি কি কারণে। পাপ বস্তু বলি হেন মনে নাহি জানি। বুঝি করিলেন মোরে মায়া চক্রপাণি॥ এতেক ভাবিয়া দেবী বিশ্বয় অন্তরে। কুতাঞ্চলি করি স্তুতি করে দামোদরে॥ ব্বয় জয় জগৎপতি জয় নারায়ণ। নমক্তে মাধব নমো নমো জনাৰ্দ্দন ॥ নমন্তে বরাহরূপ নমন্তে বামন। বলির মত্ততা হেতু পৃথিবী ধারণ ॥ নমস্তে মোহিনীরূপ অস্তর্মোহন। নমো নারায়ণ মধুকৈটভমর্দন ॥ নমে। ধন্বস্তরীক্রপ দেবতার হিতে। **জগৎ উদ্ধার নাথ জগতৈ**র প্রীতে ॥ সত্ব বৃক্তঃ তমোরূপ জন্ম জগৎপতি। নমো নরসিংহরূপ ভক্তজন গতি 🛚 নমঃ ক্ষত্ৰকুলাস্তক নমো ভৃগুপতি। নমো রামকৃষ্ণরূপ নমো জগৎপতি॥ অথিলধারণ রূপ অথিলকারণ। অন্তরীক্ষ নাভি তব, পাতাল চরণ॥ আকাশ মস্তক তব্ তপন নয়ন। বিরাট রূপেতে ব্যাপিয়াছ ত্রিভূবন ॥ চরাচর দেব নাগ ভোমার বিভূতি। কি বর্ণিতে পারি দেব আমি নারীজাতি ॥ অবলা স্ত্রীজাতি হেন বলে জ্ঞানীজন। ্জোমার মহিমা কিবা করিব বর্ণন ॥

তব মায়াবশে সমাচছন জগজ্জন। কুপা করি দেব যোর ঘূচাও বন্ধন ॥ তব পাদপদ্ম বিনা না জানি মুরারী। যদি আমি হই সতী পতিব্ৰতা নারী ॥ দাসী বলি কপা যদি কর নারায়ণ। এ **মহা ল**ক্তাতে মোরে করহ তারণ। ভীষ্ম বলিলেন শুন এীধর্ম রাজনু। এইমত বৈশ্বপত্নী করিল স্তবন ॥ বৈকুণ্ঠের পতি তবে বৈকুণ্ঠ হইতে। ৰৈশ্যপত্নী নিকটে আইলেন ত্বরিতে ॥ ত্রিভঙ্গ ললিত রূপ খ্যাম কলেবর। কনক কিরীট দিব্য মস্তক উপর॥ প্রীতবাস পরিধান রাজীবলোচন শন্থ চক্র গদা পদ্ম জীবৎসলাঞ্চন॥ তুলদী কোমলদল বিচিত্র ভূষণ। মকর কুণ্ডল আদি বলয় কঙ্কণ ॥ চারু চতুতু জরূপ যোহন মুরতি। ধন্য ধন্য মহাপ্রভু ধন্য জ্বগৎপতি ॥ অঙ্গের চুকুল ভাদে আনন্দ অঞ্চতে। দবগুৎ হইয়া কম্মা পড়িল ভূমেতে ॥ হাতে ধরি শীশুগতি তুলিলেন তারে। দাযোদর দিব্যজ্ঞান দিলেন দোঁহারে॥। **मिराब्बात्म मिरा यूर्कि देश्ल जिनक्रम ।** বৈশ্যপত্নী বৈশ্য আর ব্যাধের নন্দন ॥ তিনজন নানা স্তুতি করে নারায়ণে : করযোড়ে স্বমতি রহিল সেইক্ষণে ॥ অবধান কর দেব মম নিবেদন। তুই স্বামী একরূপ দেখি কি কারণ ॥ মায়ার নিদান তুমি বিখ্যাত ভুবনে। মায়া করি ভাগু তুমি নিক্স ভক্তগণে ॥ কার শক্তি তব মায়া করিবে বর্ণন। কিবা মায়াচ্ছন্ন মোরে করিলে এখন 🕸 তুই স্বামী একরূপ চিন্তা বড় মনে। আজ্ঞা কর মহাপ্রভু চিনিব কেমনে ॥ কুপা করি শ্রীচরণে পড়ি ব্লগৎপতি। যেই স্বামী সেই হোক এই সে মিনতি # ন্ত্রিচারিণী বলিবেক যত সর্ববন্ধন। এই কর প্রস্কু মোর হউক মরণ। না করিবা যদি শুন আমার বচন। তোমার উপরে হত্যা দিব এইক্ষণ॥ এত শুনি হাদিয়া বলেন নারায়ণ। দৈবের নির্ববন্ধ কন্যা না হয় খণ্ডন 🛚 চুই স্বামী এই তব অদৃষ্টে লিখিত। আমার শক্তি ইহা না হয় খণ্ডিত 🛭 এত শুনি বৈশ্যপত্নী করে নিবেদন। যদি মোরে আজা প্রভু হইল এমন ॥ কুপা যদি কৈল। প্রভু আমা তিন জনে। সশরীরে লছ প্রস্থু বৈকৃষ্ঠ ভূবনে ॥ মৰ্জেতে থাকিলে হবে লোকে উপহান। চাসিয়া গোবিন্দ তারে করেন আশাস ॥ ভকতবংশল হরি ঠেকিলেন দায়। বৈকুণ্ঠ হইতে রথ আনেন স্বরায়॥ এক রথে আরোহি চলেন চারিজন। শুখ্যে ভর করি রথ চলে সেইক্ষণ ॥ হেনকালে তুইজন হরির কিন্ধর। চতুর্ভু জ রূপ দোঁহে শ্যাম কলেবর ॥ মোহন মুরতি রূপ রাজীবলোচন। চলি যায় বিমান আরুঢ় ছুই জন ॥ দেই রথে আর চুই জ্রীপুরুষ জন। চারিজন এক রথে হর্ষিত মন ॥ দেখিয়া স্থমতি অতি কৌতৃহল মনে। कत्रत्यार्ष्ड् निरंबमन करत्र क्रनार्मतन ॥ কহ দেব কেবা হয় এই চুই জন। তোমার সদৃশ রূপ দেখি কি কারণ॥ আর দুই জন দোহাকার বাম পাশে। এক রথে চারিঙ্গন কৌতুক বিশেষে॥ कृष्ध कन क्रिड्डामर डेर। मवाकादत । আপনার পরিচয় কহিবে তোমারে॥ এত শুনি স্থমতি জিজ্ঞাদে দেইক্ষণ। কহ শুনি তোমরা কে হও ছুই জন॥ বামপাশে কেবা আর দেখি গুই জন। বিবরিয়া কহ শুনি ইহার কারণ ॥

এত শুনি হাসি দোঁহে বলয়ে বচন। হরির কিঙ্কর মোরা হই তুই জন ॥ এই তুই জন কেবা জিজ্ঞাসহ মোরে। দোঁহাকার কথা যে কহিব ভোমারে 🖡 এইত পুরুষ নামে কলিক আছিল। কত্রকুলে জন্মি বড় কুক্রিয়া করিল। এই সে রমণী বড় আছিল পাপিনী। নামেতে কলিঙ্গ বেশ্যা বড় বিচারিণী 🛭 কিন্তু অজ্ঞানেতে এক করিল সাধন। শুকপক্ষী এক এই করিল পালন **॥** শুক্মথে হরিনাম করিল প্রাবণ। অসংখ্য পুরুষ সহ করিল রমণ ॥ হুমালী গন্ধর্ব্ব ছিল অতি ভয়ঙ্কর। তার সনে রমণ করিল বহুতর 🏾 একদিন বেশ হেতৃ পুষ্প তুলিবারে। একাকিনী গেল এক কানন ভিতরে॥ মৃগয়া কারণেতে কলিক হুফউতর। রথে চড়ি গিয়াছিল বনের ভিতর॥ বেশ্যার রূপেতে বগ্ন হইল তুর্ম্মতি। হরিয়া রথেতে লৈয়া চলিল ঝটিতি॥ শীত্র রথ চালাইয়া দিল তুরাচার। গন্ধৰ্বে আদিয়া তথা নামিল সন্ধ্র ॥ ক্রোধেতে কলিক তবে কৈল মহামার। প্রাণপণে বাণ বিন্ধে দোঁছে দোঁছাকার ॥ ৰ্নোহে দোঁহা বাণ বিন্ধে কেহ নহে উন। ক্রোধেতে গন্ধর্ব বাণ মারিল দ্বিগুণ ॥ বায়ু অন্ত্র গন্ধর্বব এড়িল ক্রোধভরে। ফ্রাপর কলিক নিবারিতে নাহি পারে॥ মহা বায়ুবেগে রথ উড়ায় সহরে। প্রয়াগের জলে ফেলাইল তুরাচারে ॥ • প্রয়াগে ডুবিয়া মরে এই হুই জন। 👉 জন্ম জন্মান্তর পাপ হইল মোচন ॥ दिक्रिके लहेशा यांहे अहे (न कांत्र)। এত শুনি হৈল কন্সা সবিস্ময় মন 🛚 मानीशन (य विनन रहेन निष्क्य । জানিলাম আমি এই ব্যাধের তনয় !

প্রবাগে কামনা করি ডুবিয়া মরিল।
মম পতি সম রূপ সে জন হইল।
ছই পতি হৈল মুম দৈব নির্বন্ধন।
প্রেরাগ মহিমা কিছু না যায় কথন।
এইরূপে মনে মনে করিল চিন্তন।
বৈকুপ্তের বারী হ'য়ে রহে তিন জন।
মহাভারতের কথা অমৃত লহরী।
শুনিলে অধর্ম থণ্ডে পরলোকে তরি।
মন্তকে বন্দিয়া চন্দ্রচ্ছ পদরজ।
কহে কাশীদাস গদাধর দাসাগ্রক।

পরশুরামের ভীর্থপর্য্যটন।

ভীন্ম বলিলেন শুন ধর্ম্মের নন্দন। আর কিছু ইতিহাস শুন দিয়া মন ॥ কৌণ্ডিন্স নামেতে মুনি বিখ্যাত ভুবন। তীর্থবাত্রা করি তিনি করেন ভ্রমণ ॥ ভাগীরথী বারাণদী প্রভাদ পুকর। विन्द्रक्ता विन्द्रुप वित्रका क्रुकत ॥ ইন্দ্রত্যুদ্ধ সরোবর সরয় কেদার। মান-সরোবর আদি তীর্থ ছরিদ্রোর # একে একে সব তীর্থ করিয়া ভ্রমণ। ব্রক্ষব্রদক্ষেক্তে তবে করিল গমন॥ বিপুল বিস্তার হ্রদ দেখিতে হৃন্দর। বৃহৎ কুন্তীর থাকে তাহার ভিতর॥ পূর্বেতে পরশুরাম ভৃগুবংশপতি। টাঙ্গিতে হ্রদের দার কাটেন ঝটিভি 🛭 খণ্ডিত হইয়া জল হইল বাহির। হরিদার দিয়া বহে মহাস্রোত নীর ॥ দার মৃক্ত করি স্নান করে তপোধন। মাতৃবধপাপে রাম হইল মোচন॥ এত শুনি জিজ্ঞাদেন ধর্ম্মের নন্দন। কছ শুনি পিতামহ সবিস্ময় মন ॥ মহাধর্মশীল রাজা ভূগুবংশমণি। কি কারণে মাড়বধ করিলেন শুনি 🛭 नर्वर अक्र रेश्टल (अर्छ गि ए कननी। হেন কর্ম কি কারণে করিলেন মুনি 🛭 ভীম্ম বলিলেন তাহা শুনহ রাজন। ভূবনে বিখ্যাত জমদমি তপোধন। রেণুকা নামেতে ভার ভার্য্যা গুণবতী। পুত্র বাঞ্ছা করি স্বামী সেবা করে অতি 🛭 ক্রমে ক্রমে পঞ্চ তার জন্মিল নন্দন। কনিষ্ঠ তাহার রাম প্রতাপে তপন 🕽 थकुटर्व्यम भिषित्मन विभिष्टित चारन । রামের সমান বীর নাহি ত্রিভুবনে 🛭 একদিন জমদগ্নি ছলিতে কুমারে। गृहिनीरक विलिएन क्रम चानिवारत । শীত্রগতি ৰূল আনি দেহত আমারে। তর্পণ করিব আমি জানাই তোমারে॥ এত শুনি কলসী আনিয়া শীদ্রতর। জল আনিবারে যায় সিন্ধু সরোবর ॥ হেনকালে চলি ধায় ঘূতাচী অপ্পরী। তার রূপে মুখ্র হয় গাধির কুমারী। ্মুহুর্ত্তেকে ভার রূপ করে নিরীক্ষণ। যতক্ষণ তার প্রতি চলিল নয়ন 🛭 সে কারণে বিলম্ব হইল কভক্ষণ। জল ল'য়ে দ্রুতগতি করিল গমন॥ বিলম্ব দেখিয়া মুনি ক্রোধিত হইল। জ্যেষ্ঠ পুত্রে চাহি ক্রত ডাকিয়া কহিল॥ জ্মনীর মাথা কাটি আনহ ছরিত। এত শ্রনি জ্যেষ্ঠপুত্র হইল ভাবিত॥ মাতৃবধ-পাপ চিস্তি না শুনিল বাণী। আর তিন পুত্তেরে বলিল মহামুনি 🛭 কেহ না শুনিল বাক্য ক্রোধে মুনিবর। क्रिके नक्तन द्वारम विलल मञ्जत ॥ জননী সহিত কাটি চারি সহোদর। আমার আজ্ঞায় তাত ফেলাও সম্বর ॥ এতেক শুনিয়া রাম বিলম্ব না করি। মাত সহ কাটিলেন সহোদর চারি॥ দেখিয়া পুত্রের কর্ম্ম সবিস্ময় মন। कुके रेट्या क्रमनिय रामन वहन ॥ চিরজীবী তাত তুমি হও মম বরে। তোমা সম বীর কেহ নহিবে সংসারে #

আর যেই বর ইচ্ছা মাগ মম স্থানে। শুনিয়া কছেন রাম পিতার চরণে 🛚 যত্যপি আমার পিতা তুমি দিবা বর। জীউক আমার মাতা চারি সম্হাদর ॥ এত শুনি সৌম্যদুষ্টে চাহি তপোধন। ভার্যা সহ জীয়াইল চারিটি নন্দন 🛭 মাতৃবধ সঞ্চারিল রামের শরীরে। না থদে হাতের টাঙ্গি পড়িল ফাঁপরে॥ ়কহ তাত কি হইবে ইহার প্রকার। হাত হৈতে টাঙ্গি কেন না খদে আমার॥ এত শুনি ধ্যান করি মহা তপোধন। ক্ষণেক চিন্তিয়া বলে শুনহ নন্দন॥ মাতৃবধ-পাপ তাত তুক্ষর সংসারে। দৈব্যোগে সঞ্চারিল ভোমার শরীরে 🛊 নিরাহারী ত্রতী হ'য়ে এক সম্বৎসর। মান অহঙ্কার ত্যঞ্জি শিরে জটাভার ॥ সংসারের যত তীর্থ করহ ভ্রমণ। তবেত তোমার পাপ হইবে মোচন॥ পুথিবীর যত তীর্থ করিয়া ভ্রমণ। তবেত যাইবে তাত কৌশল ভুবন 🛭 বিষ্ণুযশা নামে বিজ জগতে বিদিত। তাহার বাটীতে গিয়া হবে উপনীত। জিজ্ঞাসা করিবে তারে ইহার প্রকার। তবেত **হস্তের টাঙ্গি খনিবে তোমার॥** শুনিয়া বিলম্ব আর কিছু না করিল। তীর্থ পর্য্যটন হেতু সত্ত্বরে চলিল।। গয়া গঙ্গা বারাণদী করিয়া ভ্রমণ। তদন্তরে প্রভাসেতে করিল গমন॥ তদন্তরে মানসরে করিল গমন। বিন্দুক্ষেত্রে বিন্দুসর করিল ভ্রমণ॥ উভয় পথেতে যত যত তীর্থ ছিল। একে একে ভৃগুরাম সকল ভ্রমিল। পশ্চিম দ্বারকা আদি যত তীর্থগণ। প্রদক্ষিণ করি সব করেন ভ্রমণ 🛚 দক্ষিণ দিকেতে মাসি হৈল উপনীত। যত তীৰ্থ দক্ষিণেতে না হয় বৰ্ণিত॥

ইন্দ্রহান্দ্র সরোবর সরয় কেদার। গোদাবরী বৈতরণী রেবা নদী আর 🛭 একে একে সর্বব তীর্থ করিল ভ্রমণ। জনকের বাক্য তবে হইল স্মরণ 🛭 मद्भारत हिंग्री शिव (को निम नशरत । উপনীত হৈল গিয়া বিষ্ণুয়শা ঘরে 🛭 ভয়ক্ষর মৃত্তি রামে দেখি বিজ্ঞবর। জিজাসা করেন আসি রামের গোচর 🛚 ়বিশীর্ণ শরীর কেন মলিন বদন। মেঘেতে আচ্ছন্ন যেন রবির কিরণ ॥ এত শুনি রাম করিলেন নিবেদন। যেই মত জননীরে করিল নিধন 🖁 থেই মতে শ্বহন্তে কাটিল ভ্রাভূগণ। পুনশ্চ পাইল তারা যেমতে জীবন ॥ **একে একে সকল করিল নিবেদন**। শুনিয়া হইল দিজ সবিম্ময় মন 🛭 হৃদয়ে ভাবিয়া তবে বলিল বচন। খ**সিবে হস্তের টাঙ্গি শুন দি**য়া মন 🛚 ব্রহ্মহ্রদে গিয়া স্নান করহ হরিত। তবেত' হন্তের টাঙ্গি হুইবে শ্বলিত॥ সেই সে ব্রুদের কথা শুন দিয়া মন। ব্রহ্মার স্ঞ্জন সেই অম্ভুত গঠন ॥ চক্রাকারে ঘুরে জল ঘূর্ণমান-বায়। সেই হ্রদে যেই স্নান করিবারে যায়॥• দৃষ্টিমাত্র জল ভার উঠে উপলিয়া। ডুবায়ে মারিতে বারি যায় খেদাড়িয়া ॥ পুণ্য আত্মা হয় যদি পায় দে জীবন। দে কারণে তথায় না যায় কোন জন ॥ পূর্বের র্তাস্ত আছে ত্রহ্মার নিয়ম। নারদের মুখে শুনি বাড়িল সম্ভ্রম। ব্ৰহ্মধি হতপা নামেতে তপোধন। ব্ৰহ্মলোকে গিয়া ঋষি দিল দর্মন ॥ বসিয়াছে প্রজাপতি সভার ভিতর। মেনকা অপ্সরী যায় শুস্তে করি ভর 🛚 পরমা হৃষ্ণরী কন্সা মোহে ত্রিছুবন। দেখি হেঁটমুখ কৈল প্ৰকাপতিগণ #

সেইকালে হতপা কাষেতে মত্ত হৈয়া। কন্সার বদন কুচ চাহে নেহারিয়া॥ দেখিয়া সত্তোধ চিত্ত হৈয়া পদ্মাসন। স্থতপারে কছিলেন সক্রোধ বচন ॥ মম লোকে আসিয়া করহ অনাচার। এই পাপে কুম্ভীরত্ব হইবে তোমার ॥ এইক্ষণে মম ব্রুদে হইবে পতন। কভদিন পরে তব হইবে মোচন॥ ভূগুপতি যাবে মাতৃবধ খণ্ডিবারে। তাবৎ থাকিয়া সেই হ্রদের ভিতরে॥ টাঙ্গির প্রহারে হ্রদ্বার করি চির। তথা স্নান যথন করিবে ভ্গুবীর॥ সেইক্ষণে গ্রাহরূপ ত্যজি শীত্রগতি। তদন্তরে জীব অংশে হইবে উৎপত্তি। যুগল নয়ন অন্ধ হ'বে কর্মদোষে। শুক্লারেতে রত হবে পশুর সদৃশে॥ এতেক বলিতে শীঘ্ৰ হইল পতন। আহরূপে সেই তীর্থে আছে তপোধন॥ শীদ্রগতি তথাকারে করহ গমন। তবে সে তোমার পাপ হইবে মোচন # এত শুনি ভৃগুরাম চলিল ছরিত। ব্ৰহ্মহ্ৰদ-কূলেতে হইলা উপনীত। मिथि ভृश्वयदत्र जन उथिन हिनन । পর্বত প্রমাণ নীর খেদিয়া আদিল। শোষক মন্ত্রেতে নিবারিল ঘোর পানী। হ্রদদার মৃক্ত কৈল টাঙ্গিঘাত হানি ॥ দ্রদে স্থান করি তবে করিল তর্পণ। খদিল হাতের টাঙ্গি আনন্দিত মন হেনকালে কুম্ভীর তুরস্ত ভয়স্কর। রামের চরণে আসি ধরিল সহর॥ ধরিয়া কুম্ভীর কৃলে তোলে ভৃগুমণি। শাপে মুক্ত হ'য়ে আহ ছাড়িল পরাণী। মুভদেহ দেখি রাম সবিস্ময় মন। নিক গৃহে গেল-তীর্থ করিয়া ভ্রমণ ॥ মহাভারতের কথা অয়ত লহরী। শুনিলে অধুর্মা খণ্ডে পরলোকে ভরি।

মন্তকে বন্দিয়া ত্রাহ্মণের পদরজ। কতে কাশীদাস গদাধর দাসাগ্রস

গরাকেতের উপাধ্যান :

রাজা বলে কহ শুনি গঙ্গার নন্দন। কি করিল সরেতে কৌণ্ডিন্স তপোধন॥ ভীন্ম বলিলেন গয়া গেল মূনিবর। মহাপুণ্যক্ষেত্র দেই বাথানে **অ**মর ॥ গয়াহ্বর নামে ছিল তুরস্ত অহ্বর। তাহার স্বন্ধিত ক্ষেত্র খ্যাত তিনপুর॥ এত শুনি জিজ্ঞাসেন ধর্ম্মের নন্দন। কহ শুনি পিতামহ ইহার কারণ॥ পশ্চাৎ শুনিব কৌগুলের উপাখ্যান। আগে কহ শুনি দেব ইহার আখ্যান॥ অস্থর স্থজিত ক্ষেত্র পূজ্য কি কারণ। ভীষ্ম বলিলেন শুন ধর্ম্মের নন্দন॥ তমোগুণে জন্ম হৈল অহ্নর-কুমার। ত্রিপুর নামেতে দৈত্য বিখ্যাত সংসার ॥ দেব ছিব্রে হিংদা ছুফ্ট করে নিরস্তর। তার ভয়ে পলাইল যতেক স্মার। শিবের নিকটে গিয়া করিলেন স্তুতি। প্রকারেতে ত্রিপুরে মারেন পশুপতি॥ ত্রিপুরে মারিয়া নাম হৈল ত্রিপুরারী। ত্রিপুরের ভার্য্যা শুকদৈত্যের কুমারী॥ দতী গুণবতী কন্সা রূপে অমুপম। ত্রিপুরের প্রিয় ভার্য্যা প্রভাবতী নাম ॥ গর্ভবতী সেইকালে আছিল হস্পরী। নারদ কহিল আসি দৈত্য বরাবরি॥ এই তব ভাষ্যা গর্ডে আছে তব স্থত 🛚 তার কর্ম্ম ভবিষ্যতে হইবে মহুত। শীন্ত্রগতি রাথ ল'য়ে জনকের ঘরে। তবে শিব সহ তুমি প্রবেশ সমরে॥ এত বলি অন্তর্দ্ধান হন তপোধন। পিতৃগৃহে কন্সারে রাখিল সেইকণ 🛚 তবেত শিবের সঙ্গে যুদ্ধ আরম্ভিল। শিবের বাণেতে দৈত্য পরাণ ত্যঞ্জিল !

পিতৃগুহেতে কন্সা প্রদবিল যে নন্দন। গ্রান্তর নাম হ'ল বিখ্যাত ভুবন 🛊 সর্ব্রশান্তবিশারদ হয় মহাবীর। তাহার সমরে দেবগণ নহে স্থির॥ এক দিন গয়াহ্মর কোন কর্ম কৈল। বিরলে বসিয়া জমনীরে জিজ্ঞাসিল ! 🚧 নগো জননী মোর এক নিবেদন। বিবরিয়া কছ মোরে ইহার কথন॥ যখন পড়িতে আমি ঘাই শুক্রন্থানে। পিতৃহীন বলি মোরে বলে সর্ববজনে ॥ কহত জননী শুনি পূর্ব্বের কথন। কোন বংশে জন্ম মম কাহার নন্দন ॥ পিতৃহীন স্থতের অস্থ্রখী সদা মন। জলহীন নদী যেন নহে স্বশোভন 🛚 চন্দ্রহীন রাত্তি যেন পদ্মহীন সর। পিতৃহীন সন্তানের তেমতি অন্তর ॥ এত শুনি কহে মাতা রোদন করিয়া। পিতৃহীন বাপু তুমি বড় অভাগিয়া॥ ধন্দ অন্তরের বংশ ত্রিপুর নামেতে। তোমার জনক সেই বিখ্যাত জগতে 🎚 আমার গর্ভেতে তুমি আছিল। যথন। নারদ আসিয়া ছৈত্যে কহিল তথন ॥ শিব সহ তোমার হইবে মহারণ। অতএব আইলাম তোমার সদন॥ এই গর্ভবতী যেই তোমার রমণী। ইহাতে জ্ঞানিবে এক মহাবীর মণি॥ জনকের ঘরে ল'য়ে রাখ এইক্ষণে। তবে সে করিবে রণ ধূর্ব্জটির সনে॥ এত শুনি তব পিতা মানিয়া হেথাতে। রাখিয়া করিল যুদ্ধ শিবের সঙ্গেতে॥ কপট প্রবন্ধে কছে সর্ব্ব দেবগণ। শিব হাতে তব পিতা হইল নিধন॥ আতৃবন্ধ আদি যত ছিল দৈত্যগণ। मकल्लात्त्र (प्रचंशन कत्रिम निधन ॥ ত্রিপুরের বংশে ভূমি এক বংশধর। এত বলি তার মাতা কান্দিল বিস্তর॥ এত শুনি গয়াহুর সক্রোধ অন্তর। মায়ে প্রবোধিয়া গেল শুক্রের গোচর ॥ কর্যোড়ে প্রণমিল শুক্রের চরণে। নিজ পরিচয় দৈত্য দিল সেইক্ষণে ॥ শুনি শুক্র দৈত্যগুরু আশ্বাদ করিল। অন্ত শক্ত নান। বিচ্চা সব পড়াইল॥ ত্রিস্থবনে যত বিভা কিছু নাহি শেষ। গুরু প্রণমিয়া দৈত্য আসে নিজ দেশ ॥ আসিয়া মায়ের পায়ে দণ্ডবৎ কৈল। জননী বিস্তর ভারে আশীর্বাদ দিল ॥ ব্দবশেষে যত দৈত্য ত্রিভুবনে ছিল। গয়ান্তরে আসি সবে সত্বরে মিলিল॥ তবে গয়াম্বর বীর মহাকোপ ভরে। বহু সৈন্যে সাজি গেল হুমের-শিখরে 🛚 ইন্দ্র আদি দেব যত অদিতি-তনয়। বাহুবলে স্বারে করিল পরাজয়॥ তদন্তরে শিবসহ কৈল মহারণ। একে একে জিনিল সকল দেবগণ॥ একচ্ছত্র দৈত্য রাজা হৈল ত্রিস্থবনে। উদাসীন হ'য়ে ফিরে যত দেবগণে ॥ ইন্দ্র সহ যুক্তি করি যত দেবগণ। ক্ষীরোদ উত্তর দিকে করিল গমন॥ জগৎ ঈশ্বর বিষ্ণু আদি সনাতন। কর্যোড করি সূবে করিল স্তবন ॥ জয় জয় জনাৰ্দন জয় জগৎপতি। ত্রিভুবন চরাচর তোমার বিস্তৃতি॥ ভূমি হজ ভূমি পাল করহ সংহার। এ মহাবিপদে দেব করহ নিস্তার ॥ ভোমার স্থাপিত দেব যত দেবগণ। আপনি স্থার্পিট্রা কর আপনি নিধন ॥ এইরূপ স্তুতিবাদ করে দেবগণ। সেইক্ষণে প্রত্যক্ষ হৈলেন নারায়ণ ॥ চারু চতুতু জ শীতবাদ পরিধান। ভাকিয়া বলেন দেবগণে ভগবান॥ দৈত্যের ভয়েতে ভীত আছ দেবগণ। নিৰ্ভন্ন হইয়া যাহ আপন ভৰন ॥

আজি আমি গয়ান্তরে করিব সংহার। রহিবে অন্তত কীর্তি জগৎ মাঝার 🛭 এত শুনি আনন্দিত যত দেবগণ। প্রণমিয়া গেল সবে ষে যার ভবন 🛭 সম্বর সেলেন প্রভু যথা গরান্তর। সাজিল মহেশ যেন মারিতে ত্রিপুর॥ नानाविध मिना षाञ्च नहेत्र। क्षेत्र । সংগ্রাম চাহিল গিয়া যথা গয়াস্থর II 😎নি গয়াহ্মর জেনাধে হইল বাহির 🖡 গোবিক্সেরে ডাকিয়া বলিল মহাবীর # ব্দগতের নাথ তুমি বোষে স্থরাস্থর। দেবতার বিবাদেতে মজিল ত্রিপুর॥ ত্রিপুরের পুত্র আমি বিখ্যাত জগতে। সহচ্চে বাপের বৈরী দেবতা বধিতে। সমভায় মম সহ যুঝিবা আপনি। মম কীর্ত্তি রহে যেন যাবৎ ধরণী॥ এত বলি দিব্য অন্ত্র করিল বাছনি। হাসিয়া নিলেন অন্ত্র দেব চক্রপাণি॥ শেল শূল শক্তি জাঠি মুখল মূলার। পরশু ভূষণ্ডি গদা আদি অন্তবর॥ নিরস্তর ফেলে দোঁতে দোঁহার উপর। এইরূপে হৈল যুদ্ধ শতেক বৎসর॥ কেহ পরাজয় নহে সম তুই জনে। ভাবিয়া ডাকিয়া দৈত্য বলে নারায়ণে ॥ তোমার সংগ্রামে তৃষ্ট হইলাম আমি। বর ইচ্ছা আছে যদি মাগি লহ ভূমি ॥ হাসিয়া বলেন হরি শুন দৈত্যপতি। মোরে বর দিতে তুমি ইচ্ছা কৈলা যদি॥ এই বর দেহ মোরে দৈতোর ঈশ্বর। কভু হিংসা না করিবে দেব অগর নর ॥ পাষাণ শরীর হ'য়ে থাকহ শুইয়া। ষ্প্রীকার কৈল দৈত্য প্রাক্তন স্মরিয়া 🛭 🖷নি আনন্দিত হইলেন নারায়ণ। মোরে বর দিলা ভূমি-দৈত্যের নন্দন ॥ মোক বর মাগিয়া লইবা মম স্থানে। তৰ কীৰ্ভি রছে ৰ্যেন এ জিন ভুবনে 🛭

এত শুনি হৃদয়ে ভাবিরা দৈত্যবর। প্রণমিয়া গোবিন্দেরে করিল উত্তর ॥ যদি কুপা আমারে করিলা চক্রপাণি। ভক্তজন বাক্য তুমি পালিবা আপনি 🏾 পূর্ব্বেতে নারাদ যে দিলেন উপদেশ। সেই আছ্ঞা মোরে করিবেন হৃষীকেশ # এই ক্ষেত্র মধ্যে মম যাউক পরাণী। শিলারপ হ'য়ে থাকি তব আজা মানি 🛭 আমার মন্তকে পদ দেহ নারায়ণ মম নামে ক্ষেত্র এই হউক স্ক্রন। গয়াক্ষেত্র বলি নাম হউক ইহার। স্থপে ত্রিভূবন লোক করুক বিহার॥ ব্রাহ্মণ ক্ষত্রিয় আদি জগতের জন। আমার উপরে যেবা করিবে তর্পণ্র পিতৃলোকে পিগুদান করিবে যে জন | সর্ববপাপে মুক্ত হ'য়ে তারে পিতৃগণ॥ চিরকাল বৈদে যেন অমর নগর। এই বর আজ্ঞা মোরে দেহ দামোদর ॥ পিগুদানে মুক্ত যেই দিন না হইব। সেই দিন উঠি আমি সংসার নাশিব ॥ ভাবিয়া চিন্তিয়া বর দিয়া নারায়ণ। দৈত্যের মস্তকে পদ করেন স্থাপন # অন্তর শরীর হত হৈল সেইক্ষণ। আনন্দেতে নিজ স্থানে যান নারায়ণ॥ শিলারপ হ'য়ে দৈত্য আছে চিরকাল : অতঃপর যে কহি সে শুন মহীপাল ॥ মহাভারতের কথা অমৃত লহরী। কাশী কছে অবহেলে ভবসিন্ধ তরি॥

পঞ্চ প্রেতোপাখ্যান।

তীম্ম বলিলেন শুন ধর্মের নন্দন।
গরাক্ষেত্র ভ্রমিল কোণ্ডিগু তপোধন ॥
আর যত ক্ষেত্র তীর্থ পৃথিবীতে ছিল।
একে একে তাহা মুনি সকলি ভ্রমিল ॥
কুরুক্ষেত্র উত্তরে আইল তপোধন।
লক্ষ লক্ষ শব তথা হতেছে দাহন॥

শ্রাশানের নিকটে আইল তপোধন। দেখিলা বসিয়া আছে প্রেত পঞ্চজন ॥ বিকৃতি আকার সব বিকৃতি বদন। লম্ব ওষ্ঠ লম্ব কেশ লম্বিত দশন 🛭 স্থুল নাশা কৃপবর সদৃশ নয়ন। বিষ্ঠা যুত্ৰে আদি যত অঙ্গেতে ভূষণ 🛚 দেখিয়া বিশার-চিত্ত হৈল তপোধন ৷ জিজাসিল কে তোমরা হও পঞ্চন ॥ এতেক শুনিয়া তবে মুনির বচন। কহিতে লাগিল তারা হ'য়ে হুফীমন॥ প্রেতকুলে জন্ম মোর অদৃষ্ট কারণ। তার কথা কহি মুনি শুন দিয়া মন ॥ নিজ কর্ম্মদোষে মোরা হইমু এরূপ। তুমি কেবা মহাশয় কহিবে স্বরূপ ॥ রবি চন্দ্র জিনি কাস্তি দেহের বরণ। শিরেতে পিঙ্গল জটা মহা স্থলক্ষণ॥ মোহন মূরতি তত্ম জ্রিনি নবঘন। মুখরুচি পূর্ণশশী জিনিয়া শোভন॥ করিকর ভুজবর পঙ্কজ নয়ন। মধ্যদেশ মুগ किনি অতি স্থগঠন ॥ কণ্ঠ কন্মু জিনি শস্তু রক্ত পঞ্চ ছল। রক্ত কোকনদ পদ অতি স্থশীতল।। দ্বি**জ বলে হই আমি** ব্ৰাহ্মণ-নন্দন। কৌণ্ডিশ্য আমার নাম বিখ্যাত ভুবন 🛭 তীর্থাত্তা করি আমি ভ্রমি এ সংসার। গ্য়া গঙ্গা আদি তীর্থ ভ্রমিকু অপার 🛚 ব্দপতের হিত চিন্তি ব্দগত নিস্তার। কহ মত্য পঞ্জন কাহার কুমার॥ কোথায় নিবাস কিবা নাম স্বাকার। কি হেতু দেখি যে মূর্ভি বিকৃতি আকার॥ এত শুনি পঞ্চ প্রেত বলয়ে বচন। অরণে নিবাস করি শুন তপোধন॥ সূচীমুথ নাম মোর কর অবগতি। শীঘ্ৰক ইহার নাম শুন মহামতি॥ প্যু ষিত খ্যাত নাম ধরে এইজন। লেথক পাঠক নাম ধরে তুই জন #

এই পঞ্চজন মোরা অরণ্যেতে বসি। এত শুনি পুনরপি জিজাদিল ঋষি॥ এমত কুৎিসত নাম হৈল কি কারণ। কোপার আছিলা কিবা করহ ভক্ষণ 🛚 সত্য করি কই ভাষা না ভাণ্ডিহ মোরে। এত শুনি একে একে কহিল ভাঁহারে। সূচীমুধ বলে মুনি কর অবধান। আমার পাপের কথা না হয় বাখান॥ পূর্বেতে ছিলাম আমি বৈশ্যের নন্দন। মহাধনবান ছিমু শাস্ত্রে বিচক্ষণ 🛭 একদিন অতিথি আইল মম ঘরে। সম্ভাষ ভাহারে না করিন্য অহঙ্কারে ॥ দিব্য অন্ন উপহারে ভার্য্যা, পুত্র লৈয়া। করিলাম ভক্ষণ অতিথিরে না দিয়া ॥ . কুধায় তৃঞায় সেই আকুল হইল। মম অদুষ্টের বশে উঠিয়া দে গেল 🛭 এই হেতু সূচীমুখ নাম রেয় আমার। প্রেত্যোনি হইলাম বিখ্যাত সংসার # তদন্তবে শীত্রক করিল নিবেদন। আমার পাপের কথা শুন তপোধন ॥ পূর্বাজন্মে ব্যাধকুলে উৎপত্তি আমার। হীন শুদ্রজাতি ছিমু বড় ছুরাচার ॥ পরদ্রেব্য পরধন করি অপহার। চুরি হিংসা করিয়া পুষিত্র হৃতদার ॥ এইরূপে কত দিন কৈমু নির্বাহন। অতিথি আইল **বৈদেবে আমার** সদন ॥ কুধাতুর হ'য়ে অন্ন মাগিল আমারে ৷ ক্রোধে বহু তিরক্ষার করিলাম তারে॥ পাপিফ অধম তুই বড় ছুরাচার। ভিকা মাগি থাও তুমি এ কোন্ সাচার 🛚 নিজ পরাক্রমে ধন করিয়া অর্চ্জন। উদর পূরিতে নার' জীয় অকারণ॥ এত বলি জ্যেষ্ঠপুত্রে কহিন্দু ক্রোধেতে। শোকা মারি দেহ ছুফৌ মোর বাড়ী হ'তে 🛊 এত 🗢 নি অতিথি হইল ক্রুদ্ধমন। নাহি দিয়া চুফ্ট মোরে করহ তাড়ন 🏾

মোরে অপমান যেন কৈলি তুরাচার। প্রেতযোনি জন্ম হুন্ট হইবে তোমার। ক্ষুধার্ত্ত অতিথি জনে করিলি বঞ্চন। বিষ্ঠা মূত্রে হইবেক ভোমার মরণ ॥ এত বলি ত্বঃখচিত্তে করিল গমন। শীঘ্রক আমার নাম হৈল সে কারণ॥ তদন্তরে আর প্রেত কহিল বচন। পূর্ববজন্মে ছিন্মু আমি দ্বিজের নন্দন ॥ অথাজ্য যাজক ছিন্ম লুব্ধ অতিশয়। ধর্ম্মাধর্ম করিয়া অর্ডিজমু ধনচয়। স্থত দারা পরিবার করিয়া পোষণ। ক্রুরমতি ছিমু অতি আশয় রূপণ॥ একদিন বসি শাস্ত্র করিতে লিখন। হেনকালে আদে এক অতিথি ব্ৰাহ্মণ॥ ক্ষুধাতুর আদি অন্ন মাগিল আমারে। কোধে বহু তিরস্কার করিসু তাহারে॥ সেই পাপে লেখক হইল মম নাম। শয়ন আসন মম অমঙ্গল ধাম ॥ ভদন্তরে অন্য প্রেত বলয়ে বচন। কহিব আমার কথা শুন তপোধন ॥ পূর্ববজন্মে ছিন্তু আমি বৈশ্যের নন্দন। মম ঘরে অতিথি আইল একজন ॥ ক্ষুধার্ত্ত হইয়া অন্ন মাগিলা আমারে। কপট করিয়া আমি পুছিন্ম তাহারে॥ তিরস্কার করি অন্ন করি পযুর্زিষিত। অল্প অন্ন দিতু নহে উদর পুরিত ॥ সেই পাপে পযু্র্যিত নাম যে থুইল। অদুষ্টের ফলে মম প্রেতত্ব হইল॥ অন্য প্রেত বলে দ্বিজ শুনহ ব্যন ৷ অল্প দোষে হৈল মম তুর্গতি লক্ষণ।। সঙ্গদেধে অল্প পাপ বাড়ে নীতি। মোদবার বিবরণ শুন মহামতি॥ বিষ্ঠা মূত্র শ্লেচ্ছোদক করি যে ভক্ষণ। শ্মশানে মশানে নিত্য করি যে শয়ন ॥ বিশেষে নিবাস মম শুন তপোধন। সদ্ধ্য বীজ্ঞমন্ত্রহীন যেইত ব্রাহ্মণ 🛚

তাহার শরীরে করি নিয়ত বিহার। আর যাহা করি তাহা শুন সারোদ্ধার॥ সন্ধ্যাহীন যেই গৃহে তৈলের বিহনে। বিহীন যাহার বাড়ী তুলদা কাননে ॥ যে যুবতী নিজপতি করি পরিহার। অন্য পুরুষের সঙ্গে করে অনাচার॥ বাসি বস্ত্র প্রকালন আলম্ভে না করে। বাদি ঘরে শোয় আর থাকে অনাচারে॥ তাহার শরীরে মোরা থাকি অসুক্ষণ। পূৰ্ববজন্ম কথা কহি শুন দিয়া মন ॥ শূদ্রের কুলেতে জন্ম আছিল আমার। একদিন কর্ম আমি কৈন্তু তুরাচার॥ আলস্থ করিয়া গৃহে করিত্ব শয়ন। হেনকালে অতিথি আইল একজন ॥ ক্ষুধায় আকুল হৈয়া ডাকিল আমারে। জাগিয়া উত্তর আমি না দিসু তাহারে । উত্তর না পেয়ে শাপ দিল অতিশয়। জন্মান্তরে প্রেত দেহ হইবি নিশ্চয়॥ এত বলি অন্য স্থানে করিল গমন। পাঠক আমার নাম হৈল সে কারণ॥ এত শুনি হৈল মুনি সবিম্ময় মন। পুনরপি জিজ্ঞাদিল কহ প্রেতগণ॥ কোন্ কর্মে খণ্ডে ছেন তুর্গতি লক্ষণ। প্ৰেতগণ বলে শুন কহি তপোধন॥ নরযোনি পৃথিবীতে জন্মিয়া যে জন। জাতি মত কর্ম্ম যে করয়ে আচরণ॥ জাতি জ্ঞাতি বন্ধুগণে করি আবাহন ॥ মিষ্ট অন্ন পান দিয়া করায় ভোজন ॥• দরিদ্রে ভিক্ষকে যেই করে অন্ন দান। তাহার পুণ্যের কথা না হয় বাথান। ত্রত উপবাস করে গোবিন্দ-উদ্দেশে। অমন্ত গোবিন্দ ত্রত আচরে বিশেষে॥ আলস্থ্য শয়ন নিদ্রো করিয়া বর্জন। স্বহত্তে করয়ে হরি মন্দির মার্জন ॥ গোবিন্দের উদ্দেশে করয়ে পুষ্পোতান। গোবিন্দের নাম যেই করে মতিমান॥

গৃহ-ধর্ম্মচর্য্যা যেই জন পরিহরি। একেশ্বর ভ্রমে তীর্থ পর্য্যটন করি॥ দৰ্ব্বভূতে সমভাব করে যেই জন। শক্রতে মিত্রেতে যার সম আচর**ণ**॥ মৃত্তিকাদি দিয়া গৃহ করিয়া নির্মাণ। লিঙ্গরূপে যে জন স্থাপয়ে ভগবান ॥ এই দব নর প্রেত্যোনি নাহি পায়। সংসারেতে জন্মি যে ত্রফর্ম আচরয় ii পিতৃ মাতৃ নিন্দে যেবা নিন্দয়ে ব্ৰাহ্মণ। অতিথিরে যেই জন না করে তোষণ॥ পিতৃযভে দেবযভে বিমুখ যে জন। এই সব লোক মুনি হয় প্রেতগণ॥ বহু ছল করি যেই পরবৃত্তি হরে। ব্রাক্ষণেরে প্রণাম না করে অহস্কারে॥ ব্রত যজ্ঞে উপহাস করে যেই জন। বলে **ছলে পরধ**ন যে করে হরণ॥ দেবতা উদ্দেশে দ্রব্য আনিয়া যে জন। লোভার্ত্ত হইয়া করে আপনি ভক্ষণ ॥ হেলায় না করে যেই ভীর্থ পর্য্যটন। এ দব পাতকী হয় প্রেতত্ব কারণ॥ গুরুনিন্দ। করে যেই বেশ্যাপরায়ণ। প্রেত্যোনি জন্ম হয় সেই সব জন ঃ

ভীম্ম বলিলেন শুন ধর্মের নন্দন।
ধন্ম কর্ম প্রদক্ষেতে প্রেত পঞ্চজন ॥
পূর্বার্জিত পাপ যত ভন্ম ধরে গেল।
থ্রেতমূর্ত্তি ত্যজি পরে দিব্যমূর্ত্তি হৈল ॥
মর্গ হৈতে পঞ্চ রথ আইল সেক্ষণ।
মনিরে প্রণমি কৈল রথ আরোহণ ॥
ইল্রের নগরে শীদ্র করিল গমন।
দেখিয়া বিস্ময় চিত্ত হৈল তপোধন ॥
পৃথিবীর যত তীর্থ করিল ভ্রমণ :
ক্রিভূবনে বিখ্যাত কোণ্ডিন্য তপোধন ॥
মহাভারতের কথা অমৃত লহরী।
আমার কি শক্তি ইহা বর্ণিবারে পারি ।
শিরেতে বন্দিয়া ব্রাক্ষণের পদরক্ষ।
কহে কাশীদাস গদাধর দাসাগ্রক্ষ॥

শিব চহুদ্দীর মাহাত্ম।

যুধিষ্ঠির বলিলেন কর অবধান। ব্রতের মাহাত্ম কিছু করহ বাখান। ভীম্ম বলিলেন তাহা কহিতে কে পারে। সংক্ষেপেতে কিছু রাজা কহিব তোমারে॥ ইক্ষ্যাকু বংশেতে রাজা চিত্রভান্ম নাম। সর্ববিশাস্ত্রে বিচক্ষণ রণে অসুপাম ॥ ষ্ণযুদ্বীপে একচ্ছত্র হৈল নরপতি। কুবের সদৃশ তার ঐখর্য্য বিভূতি॥ শীলতায় চন্দ্র যেন তেক্তে দিনকর। প্রজার পালনে যেন রাম রযুবর॥ দ্বিজসেবা বিনা রাজা অন্য নাহি জানে। যেই যাহা মাগে দেয় ভোষয়ে ব্রাহ্মণে॥ শিবত্রতে রত সদা শিবপরায়ণ। শিবচতুর্দশী ব্রত করে আচরণ ॥ ভার্য্যার সহিত রাজা উপবাদ করি। দান ধ্যান করি বসিয়াছে অন্তঃপুরী ॥• হেনকালে অক্টাবক্র দঙ্গে শিষ্যগণ। সন্থরে চলিয়া গেল রাজার সদন॥ দেখি আন্তে ব্যস্তেতে উঠিয়া নরপতি। দওবং প্রণাম করিল শীত্রগতি॥ বসিবারে আনি দিল দিব্য কুশাসন। একে একে বসিল সকল মুনিগণ॥ সূপকারগণে আজ্ঞা দিল নরবর। দিব্য উপহার দ্রব্য আসিল বিস্তর ॥ যথাযোগ্য সবাকারে করার ভোজন। ভোজনান্তে দ্বিজ্ঞগণ কৈল আচমন॥ তাম্বল কণুরি আদি করিল ভক্ষণ। নুপে চাহি অফীবক্র-ইলিল বচন॥ ভ্রাতৃ মিত্র আদি সবে করিল ভোজন। ভার্য্যা সহ উপবাস কর কি কারণ॥ দ্বিতীয় প্রহর বেলা হ্রদৃশ্য ভাক্ষর। কোন হেতু উপবাসে আছ নরবর ॥ কিবা চিত্তে হুঃখ তব না জানি কারণ। আত্মাকে দিতেছ হুঃখ কোন্ প্রয়োজন ॥

এক আত্মা জগতের হন নারারণ। সাত্মা তৃষ্ট হৈলে তৃষ্ট ব্ৰহ্ম সনাতন ॥ ষ্টচক্র কথা রাজা শুন দিয়া মন। সর্বভূতে আত্মারূপে স্থিত নারায়ণ ॥ চতুর্থ অদ্ভুত দল প্রথমে গণিবে। षिতীয়েতে অফদল উপরে বর্ণিবে॥ ভূতীয়েতে শতদল তাহার উপরে। সৃক্ষরপে বৈদে জীব তাহার ভিতরে ॥ শাবেতে কেশর চতুর্দ্দিকে কণিকার। জীব আত্মা স্থিত তথা পদ্মের আকার॥ ভদন্তে অদ্ভুত চক্র চতুর্থ উপর। অফৌত্তর শতদল তাহার ভিতর॥ পঞ্চত দল জীব মধ্যে কণিকার। কহিব তাহার কথা করিয়া বিস্তার 🛚 তদন্তরে শতচক্র দলের নির্মাণ। দেব মুনিগণ করে যাহার বাখান ॥ চভুদ্দিকে সূক্ষারূপে দলের গাঁথনি। স্বহন্তে বিধাতা তাহা নির্ম্মাণ আপনি 🛚 চতুর্দ্দিকে কর্ণিকার মধ্যেতে কেশর। সূক্ষরপে তাহে উপবিষ্ট দামোদর॥ তার তিন ভাগ মধ্যে বৈদে নারায়ণ। হুসিদ্ধ সজ্ঞান ভক্তি লভে যেই জন 🛭 শরীরেতে আত্মারূপে বৈসে নারায়ণ। ভপ ত্রত ফলে তার কোন্ প্রয়োজন ॥ রাজা বলে মুনিবর কৃছিলে প্রমাণ। মম পূর্ববজন্ম কথা কর অবধান॥ চতুর্দ্দশী মহাত্রত বিখ্যাত সংসারে। ইহার পুণ্যের কথা কে কহিতে পারে॥ অজ্ঞানে সজ্ঞানে নর উপবাস করি। সমাহিত হ'য়ে পূজা করে ত্রিপুরারী । বিশ্বপত্র ধৃন্ত_মর কুন্থম রাশি রাশি। রক্তচন্দনাদি নানা গন্ধে বস্ত্র ভূষি 🛭 পূব্দা ভক্তি করি স্তব করে পঞ্চাননে। তাহার পুণ্যের কথা কি কব বদনে 🛭 পৃথিবীর রেণু যেবা গণিবারে পারে। সরোবর জন যদি ক্লসীতে ভরে 🛊

বৃষ্টিবিন্দু জল যদি পারুদ্রে গণিতে। ভথাপি তাহার পুণ্য না পারি বলিতে॥ পূর্বে ব্যাধকুলে জন্ম আছিল আমার। হুস্তর আছিল নাম মহা প্ররাচার ॥ পরক্রব্য পরবৃত্তি করি অপহার। অধর্ম্মেতে রত ছিন্মু বিখ্যাত সংসার ॥ মুগ ব্যাত্র আদি পশু নানা পক্ষীগণ। যতেক করিন্থ বধ না যায় লিখন 🏾 সেইরূপে নির্বাহিমু কতেক দিবস। **এक मिन व्यवराग्य (श्रमांग देमववाग ॥** কুজাটিতে জন্ধকার দেখিতে না পাই। একেশ্বর লোর বনে ভ্রমিয়া বেড়াই ॥ ভ্ৰমিতে ভ্ৰমিতে হৈল দিবা অবসান। আদিতে না পারি গৃহে হইসু অজ্ঞান॥ ঘোর অন্ধকার নিশি চতুর্দ্দশী দিনে । কুধা তৃষ্ণাযুক্ত আমি ভ্রমি একা বনে ৷ ভ্রমিতে ভ্রমিতে তথা হৈল গোর নিশি। বিশ্বরুক্ষে আরোহিমু মনে ভয় বাসি॥ নিত্য নিত্য মুগয়া করিয়া যাই ঘরে। নগরে বেচিয়া আনি দিই পরিবারে ॥ তবেত ভক্ষণ করে ভার্য্যা পুত্রগণ। উপবাসী রহি আজি দৈবের কারণ।। মম মুখ চাহি আছে ভাৰ্য্যা পুত্ৰগণ। ধনহীন নরজন্ম হয় অকারণ ॥ ভাতৃ বন্ধু অনেক আছয়ে জ্ঞাতিগণ। সবে ধন্বান অমি দরিদ্রে তুর্জন ॥ উপবাসী গৃহে আছে ভার্য্যা পুত্রগণ। क्टि ना **ठाहि**रव धनहौरनत कात्रण ॥ · এইরূপে হৃদয়েতে করিয়া চিস্তন। আকুল হইয়া বহু করিসু ক্রন্সন ॥ অঞ্চেল পড়ি মম ভাসে কলেবর। প্ৰুপত্ৰ ছিল এক বৃক্ষের উপর॥ পত্র পড়ে মম অঞ্চঙ্গলের সহিত। আচন্মিতে একপত্র পড়িল ছরিত॥ তাহাতে সম্ভস্ট হন দেব পঞ্চান। নিরাহারে সেই রাত্রি করিসু বঞ্চন

প্রাতঃকালে মুগ মারি লইয়া ছরিত। নিজ গৃহে গিয়া আমি হৈন্যু উপনীত # আমার বিহনে সবে হুঃখিত আছিল। মোরে দেখি সবে কুধা ভৃষণ পাসরিল। নগরেতে মুগমাংস শীব্রগতি লৈয়া। বেচিয়া ভক্ষণ দ্রব্য আনিসু কিনিয়া॥ শীঘ্রগতি ভার্য্যা গিয়া করিল রন্ধন। হৈনকালে অতিথি আইল এক জন ॥ ুদেই অভিথিরে আমি করাই ভোজন। পারণের মহাফল পাই সে কারণ ॥ এইরূপে কত দিন **তুঃখে মোর গেল**। আয়ুংশেষে মৃত্যু আসি উপনীত হৈল॥ মহাভয়ক্ষর চুই যমের কিঙ্কর। আসি মহাপাশে মোরে বান্ধিল সত্তর 🛭 যমের এ সব কর্ম জানি পঞ্চানন। ফ্রতগতি পাঠাইল দৃত হুইজন ॥ শিবের **অক্রতি দোঁছে পরম হান্দর**। অকপটে মোর পাশ খুলিল সম্বর॥ দেখিয়া বিশ্মিত যমদূত তুইজন। জিজ্ঞাদিল কে তোমরা কহ বিবরণ ॥ এতেক শুনিয়া তারা করিল উত্তর। শিবের নিকটে থাকি শিবের কিন্ধর ॥ শিবের আজ্ঞায় পাশ করিন্ম মোচন। ক্হ শুনি কে তোমরা হও চুই জন 🛭 বিকৃত আকার মৃত্তি লোহিত নয়ন। কোথায় নিবাস কর কাহার নব্দন ॥ কি হেতু এ ব্যাধপুত্তে করিলে বন্ধন। এত শুনি যমদুত বলয়ে বচন ॥ শিরা তুই জন ধর্মরাজ অমুচর। তাঁর আজ্ঞা বহি ফিরি যত চরাচর ॥ ^{মৃক্ষ} র**ক্ষ গদ্ধর্বব চারণ নরগণ**। ^{দিং}শারের মধ্যেতে মরয়ে যত **জ**ন॥ াহারে লইয়া বায় যমের সদন। শাপ পুণ্য বুঝি দণ্ড করেন শমন। ^{এই} ব্যাধ ম**হাপাশী অধম চুর্জন**। হার পাপের কথা না বার ক্থন।

যমপুরে গেলে পাপ হইবে খণ্ডন। কি কারণে এই চুন্টে করিলে মোচন ॥ এত শুনি পুনঃ কছে শিবের কিঙ্কর। তোমার ঈশবে গিয়া কহরে বর্বর 🛚 শিবের অমুজ্ঞা মোরা লজ্জিতে না পারি। এই ব্যাধপুত্রে ল'য়ে যবে শিবপুরী ॥ দর্ববপাপে এই ব্যাধ হইবে মোচন। শিব চতুর্দ্দশী ত্রত কৈল আচরণ॥ তোর কিছু অধিকার নাহিক ইহাতে। এত বলি মোরে নিল শিবের সভাতে॥ তিন লক্ষ বৰ্ষ মম তথা হৈল স্থিতি। দেবতুল্য নানা ভোগ ভুঞ্জি নিতি নিতি 🏽 অনন্তর ইন্দ্রলোকে হইল গমন। তিন কল্ল তথা হুথে করিমু বঞ্চন ॥ অনন্তর হৈল মোর ব্রহ্মলোকে স্থিতি। চৌদ্দ মন্বস্তুর তথা হইল বসতি ॥ অনস্তর বৈকুঠেতে করিমু প্রয়াণ। লক্ষী সহ বিরাজিত যথা ভগবান॥ তিনকোটি বৰ্ষ তথা স্বথেতে বঞ্চিমু। তারপর এই রাজবংশেতে জন্মিসু॥ অজ্ঞানেতে শিবচতুর্দশী মহাব্রত। আচরিকু হীনজাতি হ'য়ে ব্যাধহৃত ॥ সেই পুণ্যে হেন গতি হইল আমার। ইক্ষুকুবংশেতে জন্ম বৈভব বিস্তর॥ শুদ্ধচিত্তে এই ব্ৰত করি আচরণ। সে কারণে উপবাসী আছি তপোধন॥ এত শুনি সবিশ্বায় মহা তপোধন। পুনরপি নৃপতিরে জিজ্ঞাসে কারণ 🛭 অপমান পেয়ে চুই যমের কিঙ্কর। ধর্ম্মরাজে গিয়া কিবা করিল উত্তর ॥ রাজা বলে মুনিবর কর অবধান। বিস্মন্ন হইয়া দূত হ'য়ে অপ্যান॥ জোধে থর থর অঙ্গ সহনে ক্স্পিত। যমের দাক্ষাতে গিয়া হৈল উপনীত॥ ভীতমন তুতগণে দেখিয়। শমন। जिळानिम कह मूछ (कन कुःशो यन #

আমার কিঙ্কর ভোরা নির্ভয় অন্তরে। কার শক্তি ভোলবারে হিংদা করিবারে 🛚 দুতগণ বলে আর কি কৃহিব কথা। म**ख**ण्या चाकि देश्य हरेन मर्वाय। আব্দি হৈতে ব্দগতের হইল নিস্তার। পাপপুণ্য বিচার ঘূচিল তা সবার 🛭 হ্বস্থর নামেতে ব্যাধ মহা গুরাচার। আজি দৈবে পরলোক হইল তাহার॥ তাহারে আনিতে মোরা করিমু গমন। পাশে বান্ধি ল'য়ে আদি করিয়া তাড়ন ॥ হেনকালে আসি ছুই শিবের কিন্ধর। পাশ হৈতে মৃক্ত ভারে করিল সম্বর 🛚 নানা কটুত্তর বলি আমা ছুই জনৈ। রথে তুলি ভারে ল'য়ে গেল দূভগণে ॥ এই হেছু চিত্তে ছুঃথ হইল স্বার। 'আজি হৈতে তোমার ঘুচিল অধিকার॥ এত শুনি হাসি যম বলয়ে বচন। হেন কর্ম আর না করিহ কদাচন ॥ শিব নামে রত যেই বিষ্ণুপরায়ণ। বিষ্ণু শিব স্মরূপে ভাবে যেই জন।। ত্রত আচারিয়া যেবা পূজে পঞ্চানন। চতুর্দ্দণী মহাব্রত যে করে সাধন॥ ভূমিদান অন্নদান করয়ে যে জন। বিষ্ণুভক্তি করি কিবা পূজরে ত্রাহ্মণ । একাদশী চান্দ্রারণ পূর্ণিমার ব্রত। সংসারের মধ্যে নর ইহাতে যে রত 🛭 ভীর্থ পর্য্যটন করি পুজে দেবুরাজে 🗠 বারাণদীক্ষেত্রে গিয়া যেবা প্রাণ ত্যঙ্গে ॥ তার'পরে অধিকার নাহিক আমার। কদাচ না যাবি তোরা তারে অনিবার 🛭 এত শুনি হৈল দুত সবিশ্বায় মন। 'কহিন্দু ভোমারে আমি কথা পুরাতন 🛊 এত শুনি স্বফীবক্ত হন হুষ্টমন। আশীষ করিয়া নৃপে গেল তপোধন 🛚 সেই হৈতে হৈল ঋষি শিবপরায়ণ। শিবত্রতে রত হৈল অচ্যত-নন্দন 🛭

বসস্ত প্রথম ঋতু চতুর্দশী দিনে।
এই উপবাস যেবা করে একমনে॥
সর্বকালে ফল লভে নাহিক সংশয়।
শিব চতুর্দশী ব্রতে মহাফল পার॥
শান্তিপর্বব ভারতের অপূর্বব কথনে।
কাশীদাস দেব কহে গোবিন্দ চরণে॥

ব্দৰ ব্ৰতোপাখ্যান।

ভীম্ম বলিলেন শুন রাজা যুধিষ্ঠির। শোক দূর কর রাজা চিত্ত কর স্থির॥ আর কিছু ইতিহাস শুন দিয়া মন। অনন্ত নামেতে ব্ৰত অপূৰ্ব্ব কথন ॥ নারদের মুখে পূর্বেক করিছু ভাবণ। সেই ইভিহাস কহি শুন দিয়া মন ॥ চিত্রাঙ্গদ নামে রাজা কৌশলেতে স্থিতি সোমবংশ চুড়ামণি মহাধৰ্ম্মে মতি॥ শীলতায় চন্দ্ৰ যেন তেকে বৈপ্ৰবণ। কীর্ত্তি ভাগীরথ সম মহাবিচক্ষণ ॥ মন্ত্রণাতে ব্রহস্পতি গুণে গুণধাম। প্রজার পালনে যেন ছিলেন শ্রীরাম 🛚 অনন্ত নামেতে ব্ৰত গোবিন্দ উদ্দেশে। ভাষ্যা সহ নরবর আচরে বিশেষে॥ বিচিত্র মশ্দির এক করিয়া রচন। লিঙ্গরূপে ভাহাতে স্থাপিয়। নারায়ণ <u>।</u> রাজধর্ম নিত্যকর্ম ত্যজিয়া রাজন। আপনি হস্তেতে করে মন্দির মার্চ্ছন ॥ অনস্তরে স্থানদান করি নরবর। নানা উপহারে পূজে দেব দামোদর # পূজা শেষে করাইল ব্রাহ্মণ ভোজন। অবশেষে লইয়া কুটুম্ব পরিজ্ঞন॥ আনন্দিত হ'য়ে সবে করয়ে ভোজন। এইরূপে নিত্য নিত্য পুজে নারায়ণ 🛭 বান্ত বাজাইয়া এই জানায় সগরে। অনস্ত নামেতে ত্রত বিখ্যাত সংসারে॥ विक कळ रेत्रण मृत ठठूर्विवध कर । এই ব্রত যেবা না করিবে আচরণ #

সবংশে লইব ভারে শমনের ঘরে। নগরে বাজারে এইরূপ বাস্ত করে # রাজভয়ে সর্ববেশাক প্রাণপণ করে। নিয়ম করিয়া শুভ ব্রত যে আচরে। ত্ৰত পুণ্যফলে দবে নিষ্পাপ হইল। যতদুর ভূপতির অধিকার ছিল 🛭 য়ত লোক ছিল ভূপতির অধিকারে। ব্রতপুণ্যফলে যায় বৈকুণ্ঠ নগরে॥ সত্যকালে যেন লোক পুণ্যবান ছিল ! রাজার প্রতাপে তেন **ঘা**পর হইল ম জানিয়া দ্বাপরযুগ এ সব কারণ। চিন্তাকুল হইয়া ভাবিল মনে মন॥ পূর্বেব প্রজাপতি ছেন করিল বিচার। সংসার উপরে দিল মম অধিকার **৷** কোটি লোক মধ্যে কেহ মম অধিকারে ৷ নিয়**ম করিয়া ভজিবেক দামোদরে**॥ সহত্রেক মধ্যে কেহ হবে মহাজন। মহাত্রত আচরি ভজিবে নারায়ণ॥ যতেক সংসারে প্রকা হবে পাপাচারী। অল্ল আয়ু হ'য়ে যাবে যুমের নগরী॥ এইরূপ নিয়ম করিয়া স্প্রিধর 1 অধিকার দিল মোরে সংসার উপর 🛭 মহাধৰ্মশীল দেখি এই নৃপমণি। ত্রক্ষার নিয়ম ভঙ্গ করে হেন জানি॥ কোনমতে ব্রত ভঙ্গ হইলে রাজার। তবে দে নিয়ম রক্ষা হয়ত ব্রহ্মার। এইরূপে দ্বাপর ভাবিয়া মনে মন। বিশ্বকর্মা শিল্পিবরে করিল স্মরণ 🛚 সেইখানে বিশ্বকর্মা আইল তথন। কর্যোড়ে দ্বাপরে করিল নিবেদন ॥ কি হেতু আমারে দেব ডাকিলে আপনে। কোন কৰ্ম সাধি দিব কহ নিজগুণে॥ দাপর বলিল মোর কর এই কার্য্য। ^{অমু}গ্রহ করি এক করহ-সাহাণ্য 🖪 ^{দিব্য} এক কন্<mark>যা দেহ করিয়া গঠন।</mark> পৃথিবীর মধ্যে ধেন হয় হলকণ ॥

তার রূপে গুণে যেন মোহে সর্ববন্ধন। এত শুনি বিশ্বকর্মা করিল রচন ॥ পৃথিবীর যত রূপ করিয়া মোহন। মোহিত নামেতে কন্সা করিল স্ক্রন। ৰাপরেরে কন্সা দিয়া হৈল অন্তর্দ্ধান। দেখিয়া ছাপর হৈল অতি হর্ষবান॥ দাপরের অগ্রে কন্সা কর যুড়ি কয়। কি কর্ম করিব আজ্ঞা কর মহাশয় 🖡 শুনিয়া দ্বাপর হৈল অনন্দিত মন। ক্তে মর্ত্ত্যলোকে ভূমি করহ গমন॥ চিত্রাঙ্গদ নামে রাজা বিখ্যাত ভুবনে। আমার আজ্ঞায় তারে ভঙ্গিবে আপনে॥ দিব্য পর্বতেতে ক্রত করহ গমন। এই সে নিয়ম চিত্তে রাখিবে স্মরণ॥ অনন্ত নামেতে ত্রত খাচরে যে জন। প্রকারেতে ব্রত তার করিবে ভঞ্জন 🛚। বিধির নির্বন্ধ কভুনা যায় খণ্ডন। আজ্ঞামাত্রে মোহিনী চলিল সেইক্ষণ॥ মুগয়া কারণ রাজা গেল সেই গিরি। দেখিল অনূঢ়া কন্যা পর্বত উপরি॥ রাজা করে একদৃষ্টে কন্সা নিরীক্ষণ। ভুবনমোহন রূপ না যায় বর্ণন ॥ মুথরুচি কত শশী করয়ে গঞ্জন। কামধসু জিনি ভুরু অলক অঞ্চন। তিলফুল জিনি নাস। ভূজ করিকর। স্বতপ্ত কাঞ্চন জিনি গৌর কলেবর॥ कृष्ट्यूगः मग পृग गक्षि द्रमायन । কণ্ঠকম্বু জিনি শম্ভু মতি হুলকণ॥ বক্তবন্ত্র পরিধানা অরুণ উদিত। দেখি স্মরণরে রাজ। হইল মোহিত॥ ক্ষণেকে চৈতন্য ভবে পাইয়া নুপতি ৷ নিকটেতে গিয়া। জজ্ঞাদিল কন্যা প্রতি॥ কি নাম ধরহ তুমি কোথায় বদতি। সত্য করি কহ মোরে না ভাওহ সতা॥ নিজ পরিচয় মম শুন গুণবতী। সোমবংশে জন্ম চিত্রাক্ত নরপতি ।।

তোমারে দেখিয়া মন মঞ্জিল আমার। মম ভার্য্যা হও তুমি কর অঙ্গীকার॥ কন্ম। বলে হই আমি অযোনি উৎপত্তি। এইত পর্বাত মধ্যে আমার বসতি॥ ব্দনুঢ়া যে আছি আমি বিবাহ না হয়। মোহিনী আমার নাম বিধির নির্ণয়॥ এক সত্য কর রাজা আমার গোচরে। তবে আমি পরিণ্য় করিব তোমারে। ইচ্ছামত তোমারে কহিব যেই কথা। আমার সে কথা কভু না হবে অন্যধা।। যদি বা হুক্ষর হয় এ তিন ভুবনে। মম বাক্য কড় নাহি করিবা খণ্ডনে ॥ রাজা বলে আমি সভ্য করি অঙ্গীকার। কভু না খণ্ডিব কন্যা বচন তোমার॥ এত শুনি কন্যা করিলেন অমুমতি। পুরোহিত বিপ্রেরে স্মরিল নরপতি॥ কশ্বায়ন নামে মুনি বিখ্যাত জগতে। পূর্ব্বাপর পুরোহিত দোমক বংশেতে॥ রাজার স্মরণে বিজ আইল তথন। প্রণমিয়া নুপতি কহিল বিবরণ ॥ পুরোহিত উভয়ে বিবাহ করাইল। সেই রাত্রি নরপতি তথা নির্ব্বাহিল ॥ মোহিনীরে কৈল রাজা মুখ্য পাটেশ্বরী। ইচ্ছের শোভয়ে যেন পুলোমা কুমারী॥ এইরূপে কতদিন রাজা বিহরয়। অনন্ত ব্রতের আদি হইল সময়॥ চিত্ররেখা সহ রাজা ব্রত আচরিল। উপবাস করি ব্রত নিয়মে রহিল ॥ ভূমিদান গোদান করিল ঘিজগণে। অন্নদানে তুষিল যতেক হুঃখীজনে॥ দৈবের লিখন কভু না হয় থগুন। যুগবাক্য মোহিনীর হইল স্মরণ ॥ নৃপতিরে চাহি কন্সা বলয়ে বচন। উপবাদে কি কারণে আছহ রাজন ॥ এতেক হক্ষর ব্রতে কোন প্রয়োজন। অুমার বচনে রাজা করহ ভোজন ॥

আমার বচন রাজা কহ সবাকারে। হেন পাপ ব্ৰত যেন কেছ না আচরে ॥ কন্যার বচন রাজা শুনি বজ্রাঘাত। ক্রোধানলে নয়নে হইল অঞ্চপতি॥ ক্ষণে ক্রোধ সম্ববিয়া বলয়ে বচন। ব্দবলা স্ত্রীজাতি তুমি না বুঝ কারণ॥ এই ভ অনস্ত ব্রত বিখ্যাত সংসারে। হেন ব্রত বল মোরে ভঙ্গ করিবারে॥ ব্দবলা স্ত্রীজ্ঞাতি কিবা বলিব তোমারে। এই ব্রত আচরিলে সর্বব ত্বঃখে তরে॥ স্বৰ্গভোগ মহাফল অবহেলে পায়। কদাচিত যমের নগর নাহি যায়॥ পূর্বৰ কথা মম এই করহ শ্রবণ। যেই হেতু এই ব্রত করি আচরণ॥ সত্যযুগে ছিন্তু আমি শ্বপচের বংশে। স্থাবেণ আছিল নাম শৃদ্ৰ অবতংদে॥ বেশ্যাতে ছিলাম মন্ত মন্তপানে রত। পশু পক্ষী মুগ বধ কৈতু শত শত॥ মম চুষ্টাচার দেখি ভাতৃ বন্ধুগণ। দূর করি দিল মোরে₋করিয়া তাড়ন ॥ ক্রোধচিত্তে ঘোর বনে করিয়া প্রবেশ। ক্ষুধায় ভৃষ্ণায় হ'য়ে আকুল বিশেষ॥ ভ্রমিতে ভ্রমিতে পাই কেশব মন্দির। তাহাতে আশ্রয় করি হইয়া অস্থির॥ অনন্ত ব্রতের সেই দিন শুভক্ষণ। উপবাদী রহিলাম করিয়া শয়ন ॥ দৈবযোগে নিশাশেষে সর্প ভয়ক্ষর। চরণে আমার আসি দংশিল সত্বর॥ বিষের **স্থলনে মৃত্যু হইল আমার**। তুই যমদূত আদিল বিকৃতি আকার ॥ মহাপাশে শীঘ্র মোরে করিল বন্ধন। হেনকালে এল বিষ্ণুদূত তুইজন॥ যমদূতে অনেক করিল তিরস্কার। শীঘ্রগতি মুক্তি তারা করিল আমার॥ রথে করি নিল মোরে বৈকুণ্ঠ ভূবন। অপমান পেয়ে গেল যমদূতগণ 🗓

তুই লক বৰ্ষ বিষ্ণুলোকে হৈল স্থিতি। অনস্তর ব্রহ্মলোকে করিমু বসতি॥ কত দিন ব্ৰহ্মলোকে স্থথেতে বঞ্চিমু। তারপরে পুনরপি মর্ত্তালোকে একু॥ তুই মশ্বন্তর তথা করিমু বিহার। দেই পুণ্যে রাজবংশে জনম আমার॥ ্রন ব্রত করিবারে নিষেধ্ করহ। এমত কুৎসিত বাক্য কছু না বলহ॥ কন্যা বলে রাজা তুমি করিলা স্বীকার। না খণ্ডিবে কোন কালে বচন আমার॥ এবে ভূমি মিখ্যাবাদী জানিসু কারণ। মিথ্যা সম পাপ নাহি বেদের বচন ॥ আপনার সত্য রাজা করহ পালন। মম বাক্যে এই ব্রত করহ ভঞ্জন ॥ এতেক শুনিয়া রাজা হৈল ভীত মন। কন্যারে চাহিয়া রাজা বলিল বচন ॥ ্য বলিলে কন্যা সত্য কভু নহে আন। ত্যজিবারে পারি আমি আপনার প্রাণ 🛚 তথাপি এ ব্রত আমি না পারি ত্যজিতে। ্স কারণে কহি আমি তোমার সাক্ষাতে॥ এইক্ষণে নিজ আত্মা করিব নিধন। এত বলি জ্যেষ্ঠপুত্রে স্থানি সেইক্ষণ॥ ছত্রদণ্ড দিয়া তারে করিল নৃপতি। ধর্মজ্ঞান শিখাইল যত রাজনীতি॥ যোগাসন করি তবে বসিল রাজন। দেহ ছাড়ি বৈকুপেতে করিল গমন ॥ রাজার মরণে সবে করয়ে ক্রন্দন। অনেক কান্দিল পুরে পাত্র মন্ত্রীগণ॥ রাজার শরীর ল'য়ে করিল দাহন। নৃপতি বিচেদে সবে নিরানন্দ মন॥ শ্রাদ্ধশাস্তি করিলেন শাস্ত্রের বিধানে। ভূমিদান গোদান করিল **হিজগণে** ॥ ইহা দেখি কন্যা তবে স্বন্ধানে চলিল। বাত বাজাইয়া সবে নগরে ব**লিল**॥ স্ত্রীর সহ সত্য না করিবে কদাচন। ত্রীর বাক্য কলাচ না করিবে এহণ 🗓

মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

চাব্রারণ এতোপলকে চক্রকেতু রাজার উপাধ্যান। ্ভীদ্ম বলিলেন রাজা করহ আবণ। আর কিছু ব্রত কথা কহিব এখন॥ চান্দ্রায়ণ মহাব্রত বিখ্যান্ত সংসারে। শ্রদ্ধাভক্তি করি ব্রত যে জন আচরে ∦ সর্বাকাম ফল লভে নাহিক সংখয়। পূৰ্বেক কহিয়াছি আমি এ সৰ নিৰ্ণয় 🖠 এক ইতিহাদ কহি শুন দিয়া মন। পূর্বে চন্দ্রকৈতু রাজা ইক্ষুকুনন্দন॥ চন্তের নন্দিনী সেই পতিব্রতা সতী। চন্দ্রাবতী নামে কন্সা তাহার যুবতী 🖁 শাপ হেতু জন্ম निल नीलक्षक-घरत । চন্দ্রাবতী নাম হৈল বিখ্যাত সংসারে ॥ এত শুনি জিজাদেন ধর্মের নন্দন। কহ শুনি পিতামহ ইহার কারণ ॥ চন্ত্রের সে নন্দিনীকে শাপে কোন্ জন। মর্দ্ত্যলোকে তাহার জনম কি কারণ ॥ ভীম্ম বলিলেন রাজ্য কর অবধান। পড়িবারে যান চন্দ্র রহস্পতি স্থান॥ সর্ববশাস্ত্রে সিদ্ধ দ্বিজ অঙ্গিরা তনয়। নানা শাস্ত্র চক্তকে পড়ান অভিশয়॥ জীবের রমণী যেই তারকা নামেতে। মোহিত হইল চন্দ্র তাহার রূপেতে॥ কামে বশ হ'য়ে গুরুপত্না না মানিল। প্রবন্ধ মাগ্নায় তারে হরিয়া লইল॥ তারারে লইয়া গেল আপন ভবন। চিরকাল তারা সহ করিল রমণ॥ মর্ত্তালোকে গিয়াছিল গুরু রহস্পতি। যজ্ঞ সাঙ্গ করিয়া আইল মহামতি॥ পুরলোক স্থানে শুনি এ সব কথন। গুরুপত্নী স্থাকর করিল হরণ ॥ ক্রুদ্ধ হ'য়ে গেল গুরু চক্রের সদন। বলিল পাপিন্ত তুই বড়ই হুর্ন্মন ॥

ৰুষা শান্ত মন স্থামে করিলা পঠন। গুরুপদ্দী হন্দি পাপ করিলা অর্জন ॥ গুরুগর্বে নাহি দেখ আপন অপায়। আজি হৈতে হইবে কলঙ্ক তব গায়॥ ভবে আর মম বাক্য শুনরে অধম। ষম শাপে মৰ্জলোকে হইবে জনন॥ কুরুবংশে ধনঞ্জর পাণ্ডুর কুমার। তাহার ঔরসে জন্ম হইবে তোমার 🖁 কৃষ্ণের ভাগিনা হ'য়ে হুভন্তা গর্ভেতে। ক্ষ্ম দিনে শাপ মুক্ত-হইবে তাহাতে॥ এত শুনি চব্ৰ তবে হৈল ক্ৰেদ্ধমন। রুহস্পতি গুরুরে শাপিল সেইক্ষণ ॥ নিজ বশ নয় আত্মা পরবশ হয়। জানিয়া আমারে শাপ দিলা মহাশয় 🛚 তোমারে ত শাপ আমি দিব সে কারণ। হীন পক্ষীযোনি মধ্যে পাইয়া জনম॥ গৃধিনী নামেতে পক্ষী অবশ্য হইবা। চির্মদন ভোগ ভূঞ্জি শাপে মৃক্ত হবা ॥ এত শুনি জিজাসেন ধর্ম্ম নরপতি : কিরূপেতে পক্ষীযোনি পায় রুহস্পতি॥ কতদিনে গত হৈল শাপ বিমোচন। কহ শুনি পিতামহ ইছার কারণ ॥ গাঙ্গেয় বলেন ভুপ করহ শ্রবণ। চল্ডেরে কচন কভু না ৰায় খণ্ডন। গুঞ্জ পতশেতে জন্ম হৈল বুহস্পতি। রু**ন্দার**ক পিরিডটে করিল বসতি # পরম কৌতুকে রহে ভার্য্যার সংহতি। কত দিনে পকিণী হইল গর্ভবতী ॥ চারি**শুটি** ডিম্ব কত দিনে প্রদবিল। ডিম্ম **স্কুটি** চারি শিণ্ড ভাহাতে জন্মিল ॥ তুই গুটি ডিমে হৈল তুই গুটি হুতা। স্বামী দহ পক্ষিণী ইইল আনন্দিতা 🛚 সর্ব্বাঙ্গ স্থন্দর শিশু দেখি চারিজন। ৰাৎসল্য ভাবেতে দোঁহে করিল পালন ॥ **ক্ষণেক না ছাড়ে দোঁহে শিশুর সংহ**তি। নানা উপহার ভোগে পালে নীতি নীতি॥

এইরূপে কত দিন আনন্দ কৌতুকে। ভাষ্যা পত্নী সহ পক্ষী বঙ্গে নারাহ্বথে ॥ **अक्रिन देववरण छारान-कांत्र**। একেশ্বর সে পক্ষী চলিল খোর বন 🛚 ভাষ্যারে রাখিয়া ঘরে শিশুর রক্ষণে। আহার কারণে গেল দণ্ডক কাননে 🛭 হেনকালে এক ব্যাধ আইল সেধান। পক্ষীরে দেখিয়া অন্ত করিল সন্ধান B অল্লমাত্র অন্তব্ধত হইল শরীরে। উড়িয়া পড়িল পক্ষী রেবানদী তীরে ॥ শৃশ্য এক দেবালয় ছিল সেই স্থলে। তাহার ভিতরে পেল কতে অঙ্গ জ্লে॥ পশ্চাতে দেখিয়া ব্যাধ আইল সত্বর। ত্বরাত্বরি প্রবেশিল মন্দির ভিতর 🛭 বাপেতে পীড়িত পক্ষী উড়িবারে নারে। ফিরি ফিরি **চলে পক্ষী** ধরিতে না পারে 🛭 সাতবার প্রদক্ষিণ কৈল দেবালয়। তবে মহাক্রুদ্ধ ব্যাধ হৈল অতিশয়॥ পুনরপি দিব্য অন্ত্র করিল প্রহার। বাণাঘাতে তমুত্যাগ হইল তাহার 🛭 পক্ষী ল'য়ে গৃহে ব্যাধ গেল হুইটিতে। বিষ্ণু প্রদক্ষিণ ফল লভিল ভাহাতে॥ সেই পুণ্যে শাপে মুক্ত হৈল সেইক্ষণ। দিব্যমূর্ত্তি হইয়া চলিল নিকেতন ॥ যাহা জিজ্ঞাসিলে রাজা কহিন্দু তোমারে। গুরু শিষ্য দোঁহে শাপ দিলেন দোঁহারে॥ ` গর্ভবতী ভাষ্যা তবে দেখি বুহস্পতি। ক্ৰুদ্ধচিত্তে ভাছারে বলয়ে মহামতি ॥ অবলা ন্ত্ৰীজাভি তুমি কি বলিব আর। মম বাক্যে এই গর্ভ করহ সংহার 🛭 তবে সে শইৰ তোমা আপন ভবনে। শীত্রগতি পর্ড জ্যাগ কর এইক্ষণে 🛚 ভয়েতে আকুল প্রসবিল সেইকণ। এক গুটি হুভা হৈল একটি নন্দন 🛭 দেখি হর্ষিত জীব করেন তথন। মম কন্ধা পুত্র এই বিধির ক্ষন ॥

हिल वरन यन भूष क्छा ७ स्ट्रेन। আমার ঔরসে জন্ম জানয়ে সকল 🛭 কথায় কথার দেছ হর ছই জন। । ক্রানিয়া সকল তন্ত্র দেব পদ্মাসন । শীব্রগতি সেই ছলে করিল গমন। ্দ্ধক নিবারণ হেডু কবেন বচন 🎚 আমার বচনে বন্দ কর নিবারণ। এই কন্সা পুত্রেরে জিড্ঞাস বিবরণ ॥ ग्राहात खेत्ररम समा कहिरव काहिनी। এত শুনি জিজাসা করিল নিশামণি ॥ নিদানী কহিল দেব কর অবধান। যা**র ক্ষেত্র ভার পুত্র শান্ত্রের বিধান ॥** এত শুনি ক্রোধেতে বলিল শশধর। মম শাপে নরলোকে হও লোকান্তর ॥ নরলোকে গিয়া समा লভহ পাপিনী। নীলধ্বজ ঔরসেতে জন্মিবে নন্দিনী 🛭 দেইকণে লোকান্তর হইল তাহার। তবে চন্দ্র জিজ্ঞাসিল চাহিয়া কুমার॥ কহ সত্য জন্ম তব কাহার ঔরসে। মিখ্যা না কহিবা সভ্য কহিবা বিশেষে ॥ এত শুনি করযোড়ে বলম্বে বচন। তোমার ঔরদে জন্ম তোমার নন্দন ॥ এত শুনি পুত্রে চন্দ্র করিল চুম্বন। কোলে করি নিজ গৃহে লইল নন্দন ॥ বুধ **ব'লে নাম তার ঘোষয়ে জগতে**। তারারে লইয়া শুরু গেল ধৈর্য্য চিতে ॥ সত্যলোকে প্রজ্ঞাপতি করিল গমন। খণ্ডন না যায় কড়ু চক্রের বচন ॥ মহাভারতের কথা অমৃত লহরী। কাশী কছে শুনিলে তরম্বে ভববারি॥

চন্ত্ৰকেতৃ রাজার বৃত্য।
ভীম্মদেব বলিলেন শুন নরপতি।
কতদিনে যুবতী হইল চন্ত্রাবতী॥
ভুবনে বিখ্যাত নালধ্বজ্ঞ নরবর।
কন্তার যোবন দেখি দিল স্বর্থর॥

পৃথিবীর রাজগণে ধরিয়া আনিল। ইন্দ্রের সমান সভা শোভিত হইল 🛚 একে একে কন্সা নির্থিল রাজ্গণে। চন্দ্ৰকেছু ভূপে দেখি শীজিত মদনে 🛭 গলে মাল্য দিয়া তারে করিল বর্ণ। ক্যা ল'য়ে গেল রাজা আপন ভবন 🛚 গুণে মহাগুণী রাজা প্রতাপে তপন। শীলভায় চন্দ্ৰ যেন তেকে বৈপ্ৰেৰণ 🛚 এক ভাষ্যা বিনে রাজা ব্যয় নাহি জানে। উর্বিশী সহিত ধেন বুধের নন্দনে 🛚 চান্দ্রায়ণ মহাত্রত আচরে নৃপতি। নিরাহারে একমাস ভার্য্যার সংহতি 🛭 যেই দিন হৈতে ত্ৰত সাঙ্গ সমাধান। সেই দিনে চম্দাবতী করে ঋঠুস্পান 🛚 চন্দ্রবিতী রূপে দীপ্তি মোহে ত্রিষ্ণুবন। দেখিয়া নুপতি মন পীড়িল মদন 🛊 ত্রত ভঙ্গ করি রাজা করিল রমণ। বহুমতে চন্দ্রাবতী করিল বারণ॥ কামে বশ হ'য়ে রাজা না শুনিল বাণী। সেই পাপে পঞ্চ পাইল নূপমণি 🛚 স্বামীর মরণে কন্সা কান্দিল অপার। ধর্মকেতু নামে তার হইল কুমার 🛭 পাত্র মিত্রগণ কভ করিয়া যুক্তি। রাজ্ঞণণ্ড দিয়া তারে করিল নুপতি 🛭 ভীন্ম বলিলেন শুন ধর্ম্মের নন্দন। চন্দ্রকেতু রাজা যদি ত্যাজন জীবন ॥ তুই যমদৃত আদি করিল বন্ধন। **চ**ट्यक्क् नृत्थ निम यत्यद्र खवन ∦ কপট করিয়া যম জিজ্ঞাসিল ভারে। তোমা সম নাহি কেছ ধাৰ্ম্মিক সংসারে 🛚 কিছুমাত্র অল্প পাপ আছদ্তে তোমার। ত্রতসাঙ্গ দিনে ভূমি করিলে শুঙ্গার ॥ এত শুনি বলে রাজা ভাবি নিজ চিত্তে। অল্ল পাপ থাকে যদি ভূঞ্জিৰ অগ্ৰেডে 🛭 ধর্মরাজ বলে জন্ম গুঞ্জের যোনিতে। হাঁনপকা হ'য়ে থাক কোণ্ডিছ পুরেতে 🛊

गृक्ष भक्ती ह'रत बना महेन त्राक्त । চক্রাবতী শুনিলেক এ সব কথন॥ পিতার বাড়ীতে কম্বা পেল তঃখী মন। कनक्दा करिन अ भव विवद्र ॥ শুনি নীলক্ষক রাজা হৈল সচিন্তিত। যুক্তি কৈল রাজ-পুরোহিতের সহিত॥ যুক্তি করি চাহি ভবে বলিল কন্সারে। স্বর্হার করি পুনঃ বর অন্য বরে 🛭 কন্সা বলে হেন বাক্য না বলিহ আর। আপনার দেহ আমি করিব সংহার॥ কৌণ্ডিশু নগরে যদি না পাঠাও মোরে। নারীহত্যা দিব তবে তোমার উপরে॥ শুনি রাজা ভূত্যগণ দিলেন সংহতি। কৌশুস্ত নগরে পুনঃ গেল চন্দ্রাবতী । শকুনির রূপ কন্য। দেখিয়া স্বামীরে। বিলাপ করিয়া কাঁদে অনেক প্রকারে॥ ক্রন্সন নিবর্ত্তি তবে বলয়ে বচন। কি কারণে ব্রত ভঙ্গ করিলে রাজন ॥ তার ফল ভুঞ্জ তুমি না হয় এড়ান। কেমনে ভোমারে আমি পাব মতিবান 🛭 ধর্মরাজ করিলেন ছেন তব গতি। আজি আমি শাপ দিব ধর্মরাঞ্চ প্রতি॥ এতেক বলিয়া জল লইলেক হাতে। শাপভয়ে ধর্ম তথা আসিল সাক্ষাতে॥ করযোড়ে কন্সা প্রতি বলয়ে বচন। আমারে শাপিতে মাতা চাহ কি কারণ ॥ তৰ স্বামী চন্দ্ৰকেতৃ হেন হৈল মন। ব্রত সাঙ্গ দিনে তোমা করিল রমণ ॥ দে কারণে হইল কলুষ অতিশয়। যাহা করি তাহা ভুঞ্জি নাহিক সংশয় 🛚 আমার বচনে কোপ কর নিবারণ। পাপে মুক্ত তৰ স্বামী হইবে এখন ॥ গুঙ্রমূর্ত্তি ত্যঞ্চি পুনঃ দিব্যমূর্ত্তি হবে। নাহিক সংশয় আজি স্বামীকে পাইবে ॥ এতেক বলিতে স্বৰ্গে চুন্দুভি বাজিল। নকুনির রূপ ত্যব্দি দিব্যস্তি হৈল ॥

দেবাক্তি হৈল সেই কন্সা চন্দ্রাৰতী।
দেবরথ পাঠাইরা দিল হুরপত্তি ॥
এত বলি দোঁহে কৈল স্বর্গে আরোহণ।
শুনহ পুরাণ কথা ধর্মের নন্দন ॥
মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান ॥

ব্দটমীর ত্রত মাহাচ্ছ্যে প্রবাহ রাজার উপাধ্যান। ভীত্ম বলিলেন শুন পাণ্ডুর নন্দন। আর কিছু ব্রতকথা শুন দিয়া মন ॥ অফ্টমী নামেতে ব্ৰভ পাৰ্ব্বতী দেবনে। জন্ময়ে অকয় পুণ্য বেদেতে বাথানে॥ আখিনের শুক্লপক্ষে অফ্টমীর দিনে। শিবত্বর্গা আরাধনা করে যেই জনে॥ সর্ববহৃঃখে তরে সেই নাহিক সংশয়। ইতিহাস কথা কহি শুন ধর্মরায় ॥ কহিলেন পূর্বেব যাহা ব্যাস মুনিবর। শুনিয়া বিশ্মিত মম হইল অন্তর ॥ সেই কথা কহি রাজা কর অকাতি। স্থবান্থ নামেতে এক ছিল নরপতি। মহাধর্মশীল রাজা ধর্মা কর্ম্মে রত। ব্রাহ্মণেরে নানা দান দেন অবিরত ॥ বিচিত্র আরাম এক করিয়া রচন। বিপ্রে পৃচ্চে দিয়া মাল্য অগুরু চন্দ্র ॥ এইমত বহুদিন পূজিল ব্রাহ্মণে। দৈববশে কতকালে পিতৃগ্ৰাদ্ধ দিনে॥ কোটি কোটি ব্রাহ্মণ করিল নিমন্ত্রণ। দিব্য ভোগে স্বাকারে করিল ভোষণ ॥ যথোচিত দক্ষিণা দিলেন দ্বিজ্ঞগণে। আশীর্কাদ করি সবে গেল নিজ স্থানে 🛭 অন্তঃপুরে যায় রাজা ভোজন কারণ। হেনকালে দেখ এক দৈবের ঘটন॥ সেইকালে এক দ্বিজ হুদেব নামেতে। যাচ্ঞা করিল আসি রাজার সাকাতে॥ যথোচিত দান মোরে দেহ নরবর। কালবশে হৈল ব্লাকা ক্লোধিত ব্যৱস্থা

কালে যাহা করে ভাহা কে খণ্ডিভে পারে। অন্ন বস্ত্র আদি নানা দিল ব্রাহ্মণেরে॥ তাহা পেয়ে সম্বরে চলিল নিক খরে। ক্রোধচিত্তে নৃপতি চলিল অন্তঃপুরে॥ এই **(रुष्ट्र महाभाभ क्लिल त्रास्त्र**। কতদিনে **নৃপতি দেখিল পুষ্পাবনে ॥** প্রতিদিন **আসি পুষ্প গন্ধর্বে হ**রুয়। ক্রোধচিত্ত নরবর পুষ্প নাহি পায়॥ ভাবিয়া ভূপতি ভবে রক্ষক রাখিল। কোন্জন তুলে পুজা লক্ষিতে নারিল 🛚 মনুষ্যের শক্তি নহে জানিল কারণে। আপনি র**হিল রাজা কুত্ম রক্ষণে ॥** পুষ্প তুলিবারে এল গন্ধর্বের পতি। পুষ্পাবনে অন্নরুষ্টি বরিষয়ে অতি॥ অন্নরৃষ্টি দেখি হ'ল সচিন্ডিত মন। সেই রাত্রি র**হিলেক জা**নিতে কারণ ॥ প্রাতঃকালে নৃপতি দেখিল গন্ধর্বেরে। নিকটে আসিয়া রাজা জিজ্ঞাসিল তারে॥ কি নাম ধরহ ভূমি কোথায় বসতি। কোন্ হেছু আসি পুষ্প তোল নিতি নিতি॥ আমারে **সম্ভ্রম কিছু নাহি তোর মনে**। আজি সে উচিত শান্তি পাবে মম স্থানে ॥ গন্ধৰ্ব ৰলিল মম স্বৰ্গেতে বৃদ্তি। পুষ্পধর নাম মম বিভাধর জাতি ॥ স্তবেশ করিবে যত বিপ্তাধরীগণ। এই **হেতু পুষ্প আমি করি যে হর**ণ॥ আ**জি হৈতে মিত্র তুমি হইলে আমার।** কোন কাৰ্য্য সাধি দিব কহত তোমার॥ কিন্তু এক সবিশ্বায় ছৈল মম মনে। নিত্য নিত্য **পুষ্প হরি আসিয়া কাননে ৷** এক অপদ্ধপ বড় দেখি হে রাজন। কালি হৈতে অন্ন কেন হয় বরিষণ॥ এখনও অন্নবৃত্তি হয় এই বনে। রাত্রি বঞ্চিলাম আমি জানিতে কারণে॥ एक युनि कान बाका कहिरव **सामारत**। এত শুনি নুরপতি কহিছে তাহারে 🛚

কোথা অন্নরন্তি হয় না পাই দেখিতে। মিথ্যা কথা বলি কেন ভাণ্ডও আমাতে 🛭 বিভাধর বলে মিধ্যা হইবে কেমনে। দিব্যচক্ষু দিব ভূমি দেখহ নয়নে 🛭 এত শুনি দিব্যচক্ষে চায় নর্নাথ। ব্দম বরিষণ দেখে করি দৃষ্টিপাত॥ পূর্বের কারণ তার হইল স্মরণ। পন্ধৰ্বে চাহিয়া বলে শুন বিবরণ॥ এককালে দৈবে আমি পিভূঞাদ্ধ দিনে। অন্ন বস্ত্ৰ আদি দান দিলাম ব্ৰাহ্মণে॥ সেই হৈতে অন্নর্ম্নি হয়ত কাননে। যাহা দিই পাই তাহা এ নহে এড়ানে ॥ তারপর বিত্যাধর শুনহ এক্ষণে। যে কালেতে অন্নদান দিলাম ব্রাহ্মণে॥ ক্রোধরূপে ব্রাহ্মণেরে দিফু অম্নদান। এ পাপে নরক হৈতে নাহিক এড়ান॥ এক নিবেদন করি শুনহ আমার। এ পাপে যেমতে তরি কহিবা প্রকার॥ এত শুনি বিজ্ঞাধর গেল হ্বরপুরে। কহিল রাজার কথা ইন্দ্রের গোচরে॥ শুনিয়া হাসিয়া ইন্দ্র বলিল বচন। যত পুণ্য করিল দে না হয় কথন। পুণ্যফলে স্বৰ্গেতে আসিবে মতিমান। তার তরে আগে হৈতে করেছি উন্সান ॥ স্থবর্ণ প্রাচীর দেখ স্থবর্ণের ঘর। হ্বৰ্ণ পালক শয্যা দেখ মনোহর ॥ পুরীর সম্মুখে গিরি দেখ বিভ্যমান ॥ ভক্ষণ সামগ্রা দেখ ঋতুত বিধান 🛭 এত শুনি বিছ্যাধর হেতু জিজ্ঞাসিল। রাজভোগে হেন এয়ে কি হেতু হইল॥ ইন্দ্র বলে কহি 😊 পূর্ব্বের কাহিনী। মহাপাপ অভিজ্ঞল হ্বান্ত্ নৃপমণি ॥ ' পিতৃত্ৰাদ্ধ দিনে এক ক্ষুধাৰ্ত্ত ব্ৰাক্ষণে। অন্নদান করিলেন অত্যম্ভ যতনে 🛭 এক গুণ দিলে হেথা হয় সপ্তগুণ। অন্নদান হেতু এই শুনহ নিপুৰ ৷

যাহা দেয় ভাহা ভুঞে নাহিক এড়ান। তার ভক্ষ্য হেডু যে রাখিত্র মতিমান । কিন্তু আর এক কথা শুন বিভাধর। যথন ব্রাক্ষণে দান দিল নরবর। ক্রোধ করি অল্লদান দিলেন প্রাক্ষণে। সে পাপ ভুঞ্জিতে হবে যমের সদনে। এত ৰূমি বিশ্মিত হইল বিভাধর। করযোড়ে কহে পুন: ইন্দ্রের পোচর 🛚 ত্বাহ্র দলে মম মিত্রতা হইল। বিনয় করিয়া রাজা আমারে কহিল ॥ এই পাপ ভোগ তুমি খণ্ডাবে আমার। তাহার **অ**গ্রেডে আমি কৈমু অঙ্গীকার ম হেন পাপ ভোগ সধা ভুঞ্জিবে আপনে। সাক্ষাতে কেমনে আমি দেখিব নয়নে ॥ ইহার প্রকার মোরে বল সহাশয়। ইথে মুক্ত নরপতি কোন মতে হয়। ইন্দ্ৰ বলিলেন তার আছয়ে উপায়। শীভ্রগতি গিয়া ভূমি কহিবে রাভায় । 'অক্টমীর উপবাস পার্ববতী সেবন। ব্রাজার নগরে করি থাকে যেই জন । তার অঙ্গ সেই দিন পরশ করিবে। স্নান করি ব্রতী হ'বে তপ আরম্ভিবে ॥ কাটিয়া অঙ্গের মাংস রাখিবে রুধিরে। শিব তুর্গা আরাধিবে এক সম্বৎসরে। বংসর হইলে পূর্ণ ব্রত সাঙ্গ করি। (वनविक **दिक्श**(१ णानित्व णानित्॥ অন্নদান ভূমিদান দিবে মিজগণে। আন্ত। ল'রে পশ্চাতে সে করিবে পারণে ॥ তবে তার এই পাপ হইবে খণ্ডন। এত শুনি পদ্ধর্ব হইল হাউমন । ক্রজিল এ সব গিয়া রাজার গোচরে। ভনি নরপতি তবে ভ্রমিল নগরে ॥ অক্টমীর উপবাসী কারে না দেখিল। অনেক ভ্রমিয়া রাজা চিস্তিভ হইল। নগরের নারী এক ছিল বেশ্যাঘরে। ন্ত্রী পুরুষে কোন্দল করিছে বছতরে 🛚

নিরাহারে আছে তারা অন্টমী দিবদ।
তার অঙ্গ গিয়া রাজা করিল পরণ ॥
ব্রতী হ'য়ে সম্বংসর পার্ববতী পূজিল।
মহাপাপ ভোগ হৈতে ভূপতি তরিল ॥
দান ধ্যান বহুতর করিল রাজন।
অন্তে তমু ত্যজি গেল বৈকুণ্ঠ ভূবন ॥
শোক দূর করি রাজা স্থির কর মন।
স্থার্শ্মেতে রাজধর্ম করহ পালন ॥
অন্টমীর ব্রতক্থা শুনে যেই জন।
সর্ব্ব ত্থুখে তরে সেই ব্যাসের বছন॥
মহাভারতের কথা অমৃত লহরী।
কাশী কহে শুনিলে তররে ভববারি ॥

একাদশীর ব্রতোপ**লকে যঞ্জমালীর উ**পাধ্যান । কহেন গঙ্গার পুত্র কৃস্তীর পুত্রেরে। আর কিছু ত্রতকথ। কহিব তোমারে । একাদশী ব্রতকথা সর্ব্যব্রত সার। অবধান কর শুন ধর্ম্মের কুমার 🛭 পূৰ্বে কহিয়াছি একাদশী অসুষ্ঠানে। পারণাদি অভঃপর শুন একমনে ॥ শুদ্ধচিত্তে এই ব্রত কর আচরণ। সর্বক্রংখে তরে সেই পাপ বিমোচন ॥ প্রাতঃকালে স্নান করি একাদশী দিনে। ধোত বস্ত্র পরি তৈল গ্রহণ বর্জনে॥ সেইক্রপে জনার্দ্দন করিয়া স্থাপন ৷ ত্রিকোণ করিয়া করি আসন রচন ॥ পূৰ্ব্বমুখ হ'য়ে ব্ৰতী বদিবে আসনে। **শুদ্ধচিত্তে আরাধিবে দেব নারায়ণে ॥** ন্যাসমন্ত্র পড়ি স্নান জপ নমস্কার। মূলমন্ত্র জপি ধ্যান করি আরবার ॥ ভদস্তরে নানা পুল্পে পৃক্তিবে বিধানে। হৃদয় কমলোপরি শ্মরি নারায়ণে । ভদন্তরে নৈবেন্সাদি নানা উপহারে। তাহা দিয়ে পুনরপি পৃঞ্জিবে আচারে । निरंत्र कुनमी निशा कत्रि निरंत्रन । পূজা অনুসারে তবে করি বিসর্জন #

অবশেষে বাঁটিয়া দিবেক ভক্তগণে। লিরে কর ধরি করি পূজা সমাধানে ॥ পর্যদিন প্রাতঃকালে স্নান দান করি। নানাবিধ উপহারে পূজিবে ঐহির 🛚 পূজা সমাপন করি দিয়া বিস্তুত্তন। তদন্তরে দিজগণে করাবে ভোজন 🛭 নিজ বন্ধ বান্ধব যতেক জ্ঞাতিগণ। সবাকারে আনিবে করিয়া নিমন্ত্রণ 🛚 পারণ করিবে তবে বন্ধুগণ ল'য়ে। ব্রত সমপিবে পরে সাবধান হ'য়ে॥ এইরূপে পূজা করি যে সেবে ঐহিরি। সর্বব পাপে মুক্ত হ'য়ে যায় বিষ্ণুপুরী॥ পূৰ্ব্ব ইতিহাস কথা কহিছু তোমাতে। একাদশী দিনে উপবাস হৈল যাতে॥ গালব মুনির পিতা পুত্রের সংবাদ। একাদশী করি তার ঘূচিল প্রমাদ ॥ কহিন্ত তোমারে রাজা ধর্মের নন্দন। পুরাণ-দম্মত কথা ব্যাদের বচন ॥ মুনি বলে অবধানে শুন জন্মেজয়। এতেক শুনিয়া কথা ধর্ম্পের তনয়॥ চিন্তগত ভ্ৰান্তি গেল শাস্ত হৈল তত্ন। পুনরপি জিজাদেন কুস্তা-অঙ্গজমু ॥ কোন প্রকারেতে ভক্তি সাধি দামোদরে। কিবা ভক্তি সাধিলে কি ফল পায় নরে ॥ বিষ্ণুর মন্দির যেবা করয়ে মার্জ্জন। দাক্তভাব করিয়া যে ভক্তে নারায়ণ ॥ তাহার কি ফল হয় কহ মহাশয় ! নিতান্ত উদ্বেগ চিক্ত থণ্ডাহ সংশয়॥ ভীন্ম কন ভাল জিজ্ঞাসিলা নৃপমণি। অবধান কর কহি পূর্বের কাহিনী। দেৰমালী নামে বিপ্ৰ ছিল শান্তিপুরে। সর্ববশাস্ত্রে বিশারদ বিদিত সংসারে॥ যজন যাজন কৃষি বাণিজ্য ব্যাপারে। করিল সঞ্চয় ধন বিবিধ প্রকারে॥ এইরূপে নানাহ্রথে বঞ্চে তপোধন। অপত্যবিহীন দ্বিজ সদা ছঃখীমন ॥

একদিন ভার্য্যা সহ বসি তপাধন। পুত্রাভাবে নানারূপ করয়ে শোচন॥ পুত্রহীন রূপা জন্ম বেদের বচন। ইহকালে হুঃখ অন্তে নরকে গমন ॥ হুগ্বহীন গাভী যেন পুত্ৰহীন তেন। এইরূপে দ্বিজ বহু করিল শোচন ॥ পুত্ৰহীন চিন্তায় আকুল তপোধন। নারদ জানিয়া দেখা দিলেন তথন ॥ नातरण राष्ट्रिया यूनि देकल व्याताधन। পান্ত অর্ঘ্যে করিলেন চরণ বন্দন॥ দেবমালী দ্বিজেরে জিজ্ঞাসে তপোধন। ক্ছ মুনিবর কেন বিরূপ বদন 🛭 করযোড় করিয়া করিল নিবেদন। সৰ্ব্ব তত্ত্ব জ্ঞাত তুমি মহা তপোধন ॥ চরাচরে হইয়াছে যেবা হইবেক। স্থৃত ভাবী বৰ্ত্তমান জানহ প্ৰত্যেক ॥ নারদ কহেন মন্ বুঝিয়া ভাহার। সন্দেহ না কর দ্বিজ হইবে কুমার ॥ অচিরে হইবে তব যুগল নন্দন। এত বলি স্বস্থানে গেলেন তপোধন 🛚 দেবমালী মহাযজ্ঞ কৈল আরম্ভন। यक्रांचित्र हैं विकास के विकास में পরম স্থন্দর শিশু অতি স্থলকণ। দেখি আনন্দিত মন ব্রাহ্মণী ব্রাহ্মণ ॥ যজেতে জন্মিল নাম যজ্ঞমালী হৈল। স্থমালী বলিয়া নাম কনিষ্ঠে রাখিল ॥ যজ্ঞমালী জ্যেষ্ঠপুত্র ধর্ম্মশীল হৈল। হুমালী কনিষ্ঠপুত্ৰ পাপীষ্ঠ জ্বন্মিল॥ কতদিনে যোগ্য তুই হইল নন্দন। তদস্তরে দেবমালী দৃঢ় করি মন॥ সংসার বাসনা মন ছাড়িতে ইচ্ছিল। আপনার সঞ্চিত যতেক ধন ছিল ॥ সমান করিয়া ভাগ দিল ছুই স্থতে। অরণ্যে প্রবেশ কৈল ভার্য্যার সহিতে ॥ ক্লানন্তি নামেতে তথা মহা তপোধন। সর্বাশাস্ত্রে বিজ্ঞ ত্রিকালজ্ঞ বিচক্ষণ ॥

বিষ্ণুভক্তিপরায়ণ হরিনামে রত। চতুৰ্দিকে শিক্ট যত শিষ্য অগণিত ॥ ভার কাছে গিয়া উত্তরিল তপোধন। দেখিয়া জানন্ডি মুনি কৈল অভ্যৰ্থন ॥ অতিথি বিধানে পূজা করিয়া সাদরে। কানস্তি জিজ্ঞাদে সেই অভ্যাগত নরে ॥ কোথা হতে আইলেন কোথায় নিবাস। কোন প্রয়োজনেতে আইলা মম পাশ। এত শুনি বলে ঋষি করিয়া প্রণাম। ভগুৰংশে জন্ম মম দেবমালী নাম ॥ যোগ দাধিবারে আইলাম তব স্থান। রূপা করি মোরে দেব দেহ তত্ত্তান ॥ কিরূপে তরিব আমি এ ভব-সংসার। কাহা হ'তে সংসার-বন্ধনে হব পার॥ কছ মুনিবর মোরে যদি কর দয়।। তোমার প্রদাদে যেন তরি ভব-মায়া।। এত শুনি কহিতে লাগিল তপোধন। ত্রিদশের নাথ বিষ্ণু এক সনাতন॥ ভাঁহার আশ্রয় কৈলে সর্ব্ব পাপ খণ্ডে। সংসার হইতে তরে ঘোর যমদণ্ডে॥ ভাঁহার আঞ্রয় বিনা গতি নাহি আর ৷ সেই ব্রহ্ম সনাতন জগতের সার॥ তাঁহারে ভজহ পুজ তাঁরে কর স্তুতি : ভাঁর সেবা কর ভাঁরে করছ ভকতি॥ নাম গুণ শ্রবণ করিহ অনুক্ষণ। সংসার তরিতে এই কহিমু লক্ষণ॥ এত শুনি আনন্দিত হৈল দেবমালী। প্রদক্ষিণ করি বিপ্র তথা হৈতে চলি ॥ ভার্য্যা সহ উত্তরিল যমুনার তাঁরে। স্তুতি ভক্তি করিয়া পূজিল দামোদরে॥ একান্ত ভকতি করি ক্লফে আরাধিল। যোগে ততু ছাড়ি বিষ্ণুপুরে প্রবেশিল ॥ চিতা করি তার ভার্মা ম্বালিল আগুণি। পতি সঙ্গে বিষ্ণুপুরে গেল স্থবদনী ॥ ষজ্ঞমালী স্থমালী যুগল পুত্র তার। মহামতি যজ্ঞমালী ধর্ম অবজ্ঞার u

পিতার যতেক ধন সঞ্চিত আছিল। নানাবিধ দান দিয়া পুণ্যকর্ম কৈল ॥ তড়াগাদি জলাশয় দিল স্থানে স্থানে। বিচিত্র মন্দির ঘর দিল নারায়ণে॥ नानाविध धानत्यारग एएटव व्यात्राधिल। দাস্তভাব করি কুফচরণ সেবিল। দেখিয়া সকল জীব আজার সমান। নিজ হতে কৈল হরি মন্দির মার্জ্জন ॥ এইরূপে यक्त्रभानी পুণ্য উপাঞ্জিল। পুত্র পৌত্র বৃদ্ধি হ'য়ে আনন্দে রহিল 🖟 🕒 স্থমালী পাপিষ্ঠ বড় কৈল অনাচার। পিতার সঞ্চিত ধন যত ছিল তার ॥ অসৎপাত্তে মজাইল সতে নাহি দিল। রুষলীর বশ হ'য়ে সব মজাইল।। অবশেষে চুরি হিংসা পরিবাদ কৈল। যত ধন ছিল এইরূপে মজাইল।। তার তুষ্টকর্ম্ম দেখি যত বন্ধাগণ। জ্যেষ্ঠ যজ্ঞমালী সহ মিলে জ্ঞাতিগণ ৷ এক দিন যজ্ঞমালী নিভতে বসিয়া। বিধিমতে বুঝাইল অনেক কহিয়া॥ শুনিয়া তাহার কথা জ্বদ্ধ হৈল মনে 🕫 চুলে ধরি সহোদরে কৈল প্রহারণে ॥ হাহাকার শব্দ উঠে পুরীর ভিতরে। যতেক নগরবাসী আইল সত্বরে॥ তার চুফ্টকর্ম্ম দেখি দবে ক্রুদ্ধ হৈল। মহাপাশে স্থমালীরে বান্ধিয়া ফেলিল 🛭 তর্জন গর্জন বহু করিল তাড়ন। অনেক প্রকার কৈল নগরের জন ॥ मग्रानील यख्डमाली मग्रा छेशिक । ভ্রাতৃমেহ হেতু তারে মুক্ত করি দিল 🛭 ত্বঃখিত দেখিয়া তারে ক্ষমা দিল চিত্তে। কুলের বাহির তারে করিল ছুরু ভে ॥ এইরূপে কতকাল করিল বঞ্চন। হেনকালে দোঁহাকার হইল নিধন ॥ ধর্ম্ম আত্মা যত্তমালী ধর্মপরায়ণ। পাঠাইয়া বিমান দিলেন নারায়ণ ॥

দুই দৃত আইলেন শরীর স্থন্দর। বিমান লইয়া তারা আইল সত্তর ॥ রথে তুলি যজ্ঞমালী নিল সেইক্ষণ। গন্ধৰ্বেতে গীত গায় নৰ্ত্তকে নাচন ॥ এইরূপে বৈকুণ্ঠেতে করিল গমন। পথে অমালীর সঙ্গে হৈল দরশন # ভয়ঙ্কর যমদূত বিকৃতি আকার। পালে বান্ধি ল'য়ে যায় করিয়া প্রভার ॥ দেখি সবিশায় চিত্ত যজ্ঞমালী হ'য়ে। দূতগণে নিবেদিল বিনয় করিয়ে॥ এই তুষ্ট দূত হৈল কাহার কিন্ধর। কাহারে প্রহার করে কেবা এই নর॥ কোথাকারে ল'য়ে যায় কিসের কারণে। বান্ধিয়া লইয়া যায় কোন্ প্রয়োজনে॥ যদি দৃত জান তবে কহিবা আমারে। এত শুনি বিষ্ণুদূত কহিল তাহারে॥ এই তুই জন হয় যমের কিঙ্কর। এই যে দেখিছ পাপী তব সহোদর ॥ যতেক অভিজ্ঞল পাপ না হয় এড়ান। বান্ধিয়া লইয়া যায় যম বিভামান ॥ এত শুনি যজ্জমালী মানিল বিস্ময়। পুনরপি জিজ্ঞাসিল করিয়া বিনয়॥ ^{ষদি} জান দূতগণ কহ বিবরণ। কোন প্রকারেতে এই হয়ত মোচন ॥ দূতগণ বলে এই পাপী তুরাচার। আছয়ে উপায় এক মুক্তি করিবার॥ তোমার সদনে আছে যদি কর দান } পূর্বের কাহিনী কহি কর অবধান॥ কৌশল নগরে পূর্বেক কামিলা নামেতে। বেশ্যাকুলে জন্ম এক ছিল হুফটিতে॥ গো ত্রাহ্মণ বিনাশিয়া হয় হুফ চোর। তাহার পাপের কথা কি কহিব ঘোর II চুরি হিংসা করে আর বেশ্যাপরায়ণ। নানা**রূপ কুকর্দ্ম অধর্দ্মি চুফ্টজন**। তার চুষ্টকর্মা দেখি বত বন্ধুজন। নগর বাছির করি দিল সেইকণ ॥

বন্ধুগণ ভাড়নেতে ভয় পেয়ে মনে। ক্ষুধা ভৃষণাযুক্ত হ'য়ে প্ৰবেশিল বনে ॥ ভ্রমিতে ভ্রমিতে শ্রম হইল শরীর। দৈবেতে পাইল এক কেশব মন্দির॥ মন্দির সমীপে এক সরোবর ছিল। স্নান দান নিভ্যকর্ম তাহাতে করিল ॥ শ্রম দূরে গেল শাস্ত হৈল কলেবর। আশ্রেয় লইল সেই মন্দির ভিতর 🛚 যত ভন্ম অঙ্গার আছিল ভাঙ্গা ঘরে। পরিষ্কার দে সব করিল নিজ করে 🛭 শ্রমযুক্ত হ'য়ে তাহে শয়ন করিল। আয়ুশেষে আসি কাল উপনীত হৈল। গৃহের ভিতর মহাকাল দর্প ছিল। দংশিয়া বৈশ্যেরে সেই বনান্তরে গেল। দৈবের নির্ববন্ধ খণ্ডে যোগ্যতা কাছার। সর্পের দংশনে মৃত্যু হইল তাহার॥ তুই দৃত দেখানে আইল সেইক্ষণ। মহাপাশে বৈশ্যপুত্রে করিল বন্ধন ॥ জানিয়া যমের তুষ্ট কর্ম্ম গদাধর। আমা দোঁতে পাঠাইয়া দিলেন সত্বর॥ সেইক্ষণে করিলাম মোচন তাহার। যমদূতে করিলাম বহু ভিরস্কার 🛚 সেই পুণ্যে বিষ্ণুর সাহায্যে মুক্তি পায়। পূর্বের কাহিনী এই জানাই তোমায়॥ গোচর্ম্ম প্রমাণ বিষ্ণু মন্দির মা**র্চ্জ**নে। উদ্ধারহ নিজ ভাতা দিয়া পুণ্যদানে ॥ এত শুনি যজ্ঞমালী আনন্দিত মনে। স্বমালীরে পুণ্যদান দিল দেইক্ষণে॥ পুণ্যের প্রভাবে দব পাপ হৈল কয়। যমদৃত প্রতি তবে বিষ্ণুদৃত কয়॥ ভ্রাভূ পুণাফলে এই পাইল নিস্তার। ছাড়হ ইহারে তোরা আরে ছরাচার॥ ইহার উপরে তোর নাহিক শাসন। এত বলি মুক্তি করি দিল সেইক্ষণ॥ যজ্ঞমালী শুনি তবে স্তব্ধচিত্ত হৈয়া। উভয়ে বৈকুঠে গেল বিমানে চাপিয়া॥ হ্মালীর কথা যমদৃত নিবেদিল। শুনিয়া সকল দুতে যম প্রবোধিল । সেইক্ষণে যজমালী নির্বাণ পাইল। বিষ্ণুর সাহায্যে মুক্তি স্থমালী পভিল ম সেই পুণ্যফলে সেই গেল স্বৰ্গবাস। ধর্ম সনে গঙ্গাপুত্র কন ইভিহাস 🛭 শ্রদাভক্তি হ'য়ে যেই দাস্তভাব করি। বন্দির মার্জন করি ভক্তরে <u>শী</u>ছরি 🛭 তাহার পুণ্যের কথা কে কহিতে পারে। অবহেলে এ ভব-সংসার হুখে তরে। কহিলাম ভোমারে এ ধর্ম্মের নন্দন। পূর্বের কাহিনী এই ব্যাসের বচন ॥ একচিতে একমনে শুনে যেই জন। তাহার পুণ্যের কথা না হয় কথন ॥ এ ভব-সংসরি হুথে তরে অবহেলে। তাহার পাপের পীড়া নাহি কোন কালে॥ নাহিক সংশব ইথে ব্যাদের বচন। কাশীরাম কৰে ভাবি গোবিন্দ-চরণ ॥

বিষ্ণুর প্রদক্ষিণ প্রস্তাবে বুহম্পতি ও ইন্দ্রের সংবাদ। এতেক শুনিয়া কথা ধর্ম্ম নূপবর। পুনরপি জিজ্ঞাসেন করি যোড়কর ম প্রদক্ষিণ করে যেই দেব নারায়ণে। প্রণিপাত আর স্তব করে দুঢ়মনে 🛊 তাহার কি পুণ্যফল কহ মহাশয়। চিত্তের সন্দেহ মম ঘুচাও নিশ্চয়॥ ভীন্ম বলিলেন ভাল জিজ্ঞাগা ভোমার। গোবিন্দেরে প্রণাম হে। করে অনিবার ॥ ভাহার পুণ্যের কথা কে কহিতে পারে। পূর্বের কাহিনী রাজা কহিব তোমারে 🛭 ব্রহ্মার প্রপৌক্ত জীব অঙ্গিরাকুমার। দেবের পরম গুরু বিখ্যাত সংসার ॥ শক্তের নগরে তার আলয় নির্মাণ। কাঞ্চনে পূণিত পুর নানা ভোগবান ॥ লীলারূপে তাহাতে প্রকাশে দামোদর। ্তার সধ্যে দিব্য এক মন্দির স্থন্দর ॥

প্ৰাতঃসন্ধাকালে তবে গুরু বৃহস্পতি। প্রদক্ষিণ করিয়া কুক্তেরে করে স্তৃতি॥ এইরূপে নিত্য নিত্য করয়ে বন্দন। একদিন খেল ইন্দ্র গুরুর ভবন । প্রদক্ষিণ করি গুরুদেব জনার্দ্ধনে। দশুবৎ প্রণিপাত করে হুফুমনে॥ চত্রণবর্ষ্টে সপ্তবার মন্দির ফিরিয়া। প্রণাম করেন কুষ্ণ প্রদক্ষিণ হৈয়া 🛭 হেনকালে আসি ইন্দ্র গুরুর সাক্ষাৎ। বিশ্বয়ে জিজ্ঞাদা করে করি প্রণিপাত ॥ নামাবিধ ভক্তি ক্লুঞ্চে কৰে মুনিগণ। স্তুতিপূ**জা** ধ্যান আদি অৰ্চন বন্দন ॥ এ সৰ ছাড়িয়া তুমি প্রদক্ষিণ করি। দণ্ডবৎ প্রণাম করিয়া পূজ হরি 🛭 ইহার কি ফল হয় কহিবা আমারে। এত শুনি রুহস্পতি কহিল তাহারে। সম্যক প্রকারে ফল কহিতে না জানি। অবধান কহি শুন পূর্বের কাহিনী 🛭 ধ্যান অবশেষে তবে প্রদক্ষিণ হৈয়া। প্রণিপাত করিলেন শিরে হাত দিয়া॥ দেখিয়া বিশ্বায় মম হইল অন্তরে। ইহার রভান্ত জিজ্ঞাসিলাম তাঁহারে 🛭 কুপা করি ব্রহ্মা কহিলেন যে আমারে। সেই কথা শুন ইন্দ্ৰ কহি যে তোমারে॥ পূৰ্বে সভ্যযুগে বিজ হুদেব নামেতে। ফুক্টাচার পাপবৃদ্ধি আছিল জগতে । বেশ্যাপরায়ণ লুক পাপী ছুরাচার। নিরস্তর পরদ্রব্য করে অপহার 🛚 তার কর্ম্ম দেখি সবে ধিকার জন্মিল। 🕳 নগর হইতে তারে বাহির ক্রিল ॥ মহাবনে প্রবেশিল সেইত ব্রাহ্মণ। নর্ম্মদার তীরে আসি দিল দরশন॥ তথায় দেখিল তপ করে এক মুনি। তারে বিভূষনা কৈল তম্ব নাহি জানি ॥ শকুনি পতগ পাখা করেতে আছিল। সেই পাথা মুনির জটায় নিয়োজিল 🛚

গ্রান্ত পরিহাস করি অনেক কহিল। ময়ুরের পুচ্ছ ভার শিরে আরোপিল। অতি স্থশোভন দেখি অটার **উপ**র। দেখি তবে হৈল মুনি সকোধ অস্তর 🛭 না জানি আমারে হুফ কর বিভূষন। রুহার **উ**চিত পাপ দিব এইকণ ॥ শকুনি পত্রগ পাথা মম শিরে দিলে। হইয়া গৃধিনী পক্ষী জন্মহ ভূতলে 🛊 ত্ৰত শুনি ভবে দিক বলিল বচন। শ্বতি ভঙ্গ মোর যেন না হয় কুখন 🛚 এত শুনি কুঃখচিত্ত হৈল তপোঁধন। সেইকণে পঞ্চৰ পাইল সে ব্ৰাহ্মণ II শরীর ত্যক্তিয়া বিজ গৃগুরূপ হৈল। নিবাদ করিয়া সেই বনেতে রহিল ॥ এইরান্স কত দিনে আছুয়ে বনেতে। এক দিন ব্যাধ তারে দেখে আচন্মিতে। আকর্ণ পুরিয়া বাণ পক্ষীরে মারিল। অত্যন্ন বাজিল বাণ কিছু না হইল 🛚 উঠিয়া সঘনে পক্ষী যায় পলাইয়া। পাছে পাছে ব্যাধপুত্র চলিল ধাইয়া ॥ কত দুরে গিয়া পক্ষী নির্জীব হইয়ে। উড়িয়া পড়িল পক্ষী দেবালয়ে গিয়ে ॥ ধেয়ে গিয়া ব্যাধ সেই পক্ষীরে ধরিল। প্রদক্ষিণ করি শীদ্র শরীর ত্যজিল। সাতবার প্রদক্ষিণ দেবালয় করি। পঞ্জ পাইল পক্ষী দিব্যমূর্ভি ধরি ॥ विकृशूद्र श्रदिणिम विमादन हिंद्र । নিক গৃহে গেল ব্যাধ মত্তা পক্ষী ল'য়ে ॥ भा**रे**न निर्मान मुर्कि (एवं नात्राम्रात)। প্রদক্ষিণ মহিমা কে কহিবারে জানে 🛭 ব্রক্ষার বচনে আমি মানিসু সংশয়। সেই হ'তে প্রদক্ষিণ করি দেবালয় **!** দণ্ডবৎ প্রণাম করিল বহু স্ততি। কানাই ভোমারে ইন্দ্র পূর্বের ভারতী॥ ভীন্ম কন অবধান করহ রাজন। এত শুনি স্বিশ্বয় সহস্রলোচন ॥

সেই হৈতে হৈল ইন্দ্র প্রদক্ষিণে রত। কহিছু তোমারে রাজা পুরাণের মত । মহাভারতের কথা অমৃতের ধার। শুনিলে পবিত্রে হয় জন্ম নাহি আর॥

সাধুসত্ব প্রসঙ্গোপলকে উত্তরোপাখ্যান। বলেন বৈশম্পায়ন শুন জন্মেজয় ৷ এতেক শুনিয়া ভবে ধর্ম্মের তনয়। মায়া মোহ তেয়াগিয়া হ'লেন হৃষ্টির। পুনরপি ভীলে জিজাদেন স্থিতির 🏾 কিরূপে এ যোর মায়া ত্যকে জানিজন। কিরূপে জনম সেই করয়ে খণ্ডন ॥ কিরূপে সাধুসঙ্গ করয়ে জীবগণ। সংসারের মায়াকাল করয়ে থওন ॥ সাধুসঙ্গ করি কিবা ভক্তি পায় নর। ইহার বুতান্ত কহ ওহে কুরুবর R ভীন্ম বলিলেন ভাল জিজ্ঞাস রাজন। ঈশবের মারা থণ্ডে আছে কোন জন # সকলের আত্মা হন এক ভগবান। কারো শত্রু মিত্র নহে কারে ভিন্ন জ্ঞান ॥ মায়ার প্রভাবে সব অধিল মোহয়। জ্ঞানিজন মায়াজাল জানেতে ছেদর ॥ জ্ঞানরূপ ভগবান মায়ার নিদান। কহিব তাঁহার কথা শুন মতিমান্॥ ঈশ্বর মায়ায় বিমোহিত চরাচর। মারা অবদাধি অবস্থিত দামোদর 🗈 মান্নাতে হইয়া বন্দী রহে মুড়জন। মম খর মম বাড়ী মম পরিকন ॥ এ সব সম্পত্তি মম, মম আতৃগণ। এ সব চিন্তিত হয় সায়ার কারণ ম মায়ার প্রভাবে কাম বাড়ে অতিশয়। চুরি হিংসা পরিবাদ ক্রোধ সভ্জা ভয় 🛭 কখন মরিব বলি চিত্তে নাহি করে। মাধাকালে বন্ধ হ'য়ে ভ্রময়ে সংসারে 🛚 ঈশ্বর লিখিত সব না জানে ব্যক্তানে। আমার আমার করি মরে অকাদ্রণে ॥

পুত্ৰ মিত্ৰ ভাৰ্য্যা কেহ সঙ্গে সাধী নয় । ः মরিলে সম্বন্ধ নাহি কারে। সাথে রয় 🖫 হরিনাম হরিগুণ প্রবণ কীর্ত্তন। মায়াতে হইয়া বন্ধ না করে স্মরণ ॥ এইরূপে ঈশ্বরের মায়ার বিধান। তরিবে ইহাতে যেই হয় মতিমান॥ গৃহধর্ম করিয়া করিবে সাধুসঙ্গ। হরিনাম হরিগুণ কীর্ত্তন প্রসঙ্গ 🛚 সাধুমুখে কুষ্ণজ্ঞান অন্ত্র করে ধরি। মায়ার বন্ধন কাইহ ত্বা করি॥ জ্ঞানে বা অজ্ঞানে করে সাধু দরশন। ঈশ্বরের মায়া তরে সেই মহাজন ॥ অজ্ঞানে বা জ্ঞানে করে অমৃত ভোজন। তথাপি অমর হবে বেদের বচন ॥ পূৰ্ব্ব ইতিহাস কথা কহিব ইহাতে। সাবধান হ'য়ে রাজা শুন একচিতে॥ কলিক নামেতে ব্যাধ ছিল শান্তিপুরে। বহু পাপ তুরাচার করিল সংসারে ॥ চুরি হিংদা পরদ্রোহী বেশ্যাপরায়ণ। পরদ্রেব্য লোভ লুক্ক করে অনুক্রণ।। গো ত্রাহ্মণ মিত্র হিংসা করে সর্ববক্ষণ। তাহার পাপের কথা না হয় কথন॥ অসুক্ষণ পরদ্রব্যে অপহার করে। একদিন গেল ব্যাধ সৌরভ নগরে॥ নগর ভিতর গিয়া পশিল সত্বর। বিচিত্র কাননে আছে দিব্য সরোবর # তথা গিয়া কলিক হইল উপনীত। দেবালয় সেই স্থানে দেখে আচন্দিত॥ নানাধাত বিরচিত বিচিত্র গঠন। উপরেতে হুশোভন কপদ কাঞ্চন ॥ দেখিয়া হইল ব্যাধ আনন্দিত মন। মিলির নিকটে তবে করিল গমন॥ দেখিল ত্রাহ্মণ এক আছমে বসিয়া। জিজাবিল কহ দিল আছ কি লাগিয়া ॥ উতক্ক নামেতে দিজ সর্ব্ব ওণাহিত। বেদশান্তে বিজ্ঞ সাধু সর্বত্ত বিদিত ॥

নানাবিধ অলঙ্কার স্বর্ণ পাত্রাসন। শীলারূপী মৃতি তথা দেব জনাদিন ॥ পূজার দামগ্রী নানা স্থবর্ণ রচিত। দেখি আনন্দিত ব্যাধ হৃদয়ে চিস্তিত। ভাবিলেন নিশাযোগে এই ব্রাহ্মণেরে। মারিয়া লইয়া যাব দ্রব্য নিজ ঘরে॥ এতেক ভাবিয়া মনে নিশ্চয় করিল। মন্দির দমীপে বনে গোপনে রহিল। দিন অবসান নিশা হইল তথাতে। হাতে খড়গ এল ব্যাধ খুনিরে মারিতে ॥ বুকে জাসু দিয়া তবে ধরে সেইক্ষণ। খড়গ উদ্ধি করি হানিবারে কৈল মন॥ খড়া হন্তে দেখি মুনি বলয়ে ব্যাধেরে। কি হেতু আমারে তুমি চাহ মারিবারে॥ একাকী দেখি যে তোমা নিষ্পাপ 🖝 শ । তবে কোন হেতু বুদ্ধি দেখি কুলক্ষণ ॥ অহিংসা পরম ধর্ম বেদেতে বাখানে। সাধু নাহি হিংসা করে অহিংসক জনে ॥ কালেতে কুবুদ্ধি যদি ঘটে কদাচিত। তথাপিও হিত করে না করে অহিত॥ কালরূপী ভগবান এক সনাতন। স্বৃদ্ধি কুবৃদ্ধি তিনি করেন স্ঞ্জন ॥ সেই হেছু ভোমারে দেখি যে কুলক্ষণ। প্রায় বুঝি কুবুদ্ধি দিলেন নারায়ণ॥ অখিলপতির মায়া অখিলে মোহময়। ঈশ্বরের মায়াজাল কেহ না বুঝ্য ॥ মায়াতে করিয়া বন্ধ যত জীবগণে। কালীরূপী জনার্দন ভ্রমেণ ভুবনে ॥ পুত্র মিত্র সকল বান্ধব পরিজন। ভূত্য আদি ধন জন এ সব কারণ॥ ব্যস্ত হ'য়ে করে লোক নানা পর্য্যটন। নানা ছুঃখ পেয়ে করে নিত্য উপার্জন ॥ নানা ভোগ ছঃখ পেয়ে পোষে পরিবারে। মোর ঘর বার বলি অকারণে মরে। মরিলে সম্বন্ধ নাহি, না বুবে পামর। **এका ह'रय करना कीय गांव अरक पंत्र ॥**

পুত্র মিত্র পরিবার না ষায় সঙ্গেতে। আপনা না ভাবে জীব ঈশ্বর-মায়াতে 🛭 সাধু সঙ্গ বিবৰ্জিজত লুক্কক হইয়া। না জানে ঈশ্বর-মায়া তত্ত্ব না বুঝিয়া॥ যাঁর নাম **গুণের প্রভাব অবণি**ত। কো সে বুৰিবে ত**ত্ত্ব জগতে** বিদিত॥ শক্ষর যাঁহার মায়া-তত্ত্ব নাহি জানে। মনুষ্য হইয়া কেবা জানিবে কেমনে॥ জানরূপী ভগবান ব্রহ্মাও ঈশর। জ্ঞানে মাত্র জানে জ্ঞানী জ্ঞানের অপর ॥ চরণারবি**ন্দ তার যে, করয়ে সার**। আপনাকে দিয়া প্রভু বশ হন তার॥ যে জন পদারবিন্দ চিস্তে নিরন্তর। তুঃসহ সঙ্কটে ভারে রাখেন শ্রীধর 🛚 যাঁর **নাম স্মরণে অশেষ পাপ হরে**। পাপী হ'য়ে তত পাপ করিতে না পারে॥ বহু ক্লেশে লোক ধন করে উপ**র্ব্জ**ন। ধন দিয়া পোষয়ে বান্ধব পরিজন ॥ ঈশবের কর্ম্মে কিছু নাহি করে ব্যয়। অধর্মের সঙ্গে অসৎ পাত্রেতে মজয়॥ পরলোকে কি হইবে চিত্তে নাহি ধরে। ^{দিখনের নাম গুণ স্মরণ না করে॥} শুন্তঃকালে হয় তার নরকে বসতি। অপিনাকে না জ্বানে দারুণ মোহ মতি॥ মোহমদে মাতিয়া করয়ে অহক্ষার। ^{দা}ধুজন নিন্দা করে তুফী ব্যবহার ॥ গে ব্রাহ্মণ হিংদা করে হিংদে দাধুজন। ^{মধোগতি হয় তার নরকে গমন॥} ^{এই}রূপে শাস্ত্রকথা অনেক কহিল। ^{শুনিয়া} কলিক মনে বিস্মন্ন মানিল ॥ াধি পরশন মাত্তে পাপ দুরে গেল। ^{দর্}যোড় **করি তরে উতঙ্কে কহিল**॥ ^{ম্পরাধ} কৈন্তু মূনি ক্ষম মহাশয়। ভোমার পর**েশ মম পাপ হৈল ক্র**য়॥ ^{নমে}। নমঃ ভোমার চরণে নমকার। ^{দাহার} প্রসাদে ভরি এ ভব-সংসার 🛚

পূ**ৰ্ব্বক্তমে** যত কৈমু পুণ্য উপাৰ্চ্জন। এই জ্বোতত পাপ না হয় গণন॥ পাপ দূরে গেল মম তোমার পরশে। জিমাল গে নিত্যানন্দ ভক্তি হুষীকেশে 🛭 তুমি হে পরম গুরু হইলা আমার। তোমার প্রসাদে হইলাম ভবপার। नत्यां नत्या नात्रायुग व्यवापि विषान । জয় জগন্নাথ নাম পতিত-পাবন ॥ সাধু সমাগম মাত্রে তুর্ব্বুদ্ধি খণ্ডিল। তোমার চরণে দেব ভক্তি উপজ্ঞিল। এইরূপে বহু স্তুতি কৈল নারায়ণে। হৃদয়ে ভাবিয়া যুক্তি করিলেক মনে ॥ এ দেহ রাখিয়। আর নাহি প্রয়োজন। পুনরপি পাপে পাছে ধায় মম মন॥ ত্রিগুণে জন্মিল দেহ ক্ষণেক চঞ্চল। সে কারণে এ দেহ রাখিয়া নাহি ফল॥ এতেক ভাবিয়া ব্যাধ নিন্দে আপনাকে। ছে বিধি আমাকে রাখিলেন কোন্ পাকে। আমার সমান নাহি পাপী ছুরাচার। কেমনে পৃথিবী ভার সহয়ে আমার॥ আমার যতেক পাপ আছে বল কার। এইক্ষণে আয়ুক্ষয় হউক আমার ॥ অন্তরে ভাবিতে অগ্নি উঠিল নয়নে। অতি শীদ্ৰ পঞ্ছ হইল সেইক্ষণে॥ ব্যস্ত হ'য়ে উতঙ্ক উঠিল সেইক্ষণ বিষ্ণুপাদোদক অঙ্গে করেন দেচন ॥ বিষ্ণুপালোদক স্পর্শে সাঁধু সমাগমে সর্ব্ব পাপ খণ্ডিল জানিল অমুক্রমে ॥ প্রদক্ষিণ করিয়া **উতঙ্কে করে** স্তুতি। দিব্য রথ পাঠাইয়া দেন জগৎপতি॥ চকুভু জ दिवा पृर्खि रेशन मिरेक्स्ता। প্রভু অনুক্রমে গেল বৈকৃষ্ঠ ভূবনে ॥ দেখিয়া উভঙ্ক হৈল সবিশ্ময় মতি। নানাবিধ প্রকারে অনেক কৈল স্তুতি॥ कृष्ठे रु'स्त्र नात्रायण स्त्रन पत्रभन। वद्र निया यान कृष्य जाशन जूवन ।

কৈছিত্ব ভোষারে রাজা ধর্মের কুষার। ঈশ্বরের মায়া বুঝে শক্তি আছে কার । বহাভারতের কথা অমৃতের সার। কাশীদাস দেব করে রচিয়া পয়ার ।

> ব্যাধের প্রতি উতত্ব মুনির উপবেশ ও শ্রীকুঞ্চের স্তব।

এতেক শুনিয়া কথা ধর্ম লরমণি। পুনরপি জিজাসিল করি যোড়পাণি ॥ উভস্ক কিরূপে কুষ্ণে করিল স্তবন। কোন্ মূর্ত্তি ধরি কৃষ্ণ দেন দরশন ॥ কি বর দিলেন কৃষ্ণ তুই হ'য়ে ভায়। कहिर्द मक्न कथा विरम्रास सामाय । ভীন্ম কন অবধান করহ রাজন। মহামুনি উতঙ্ক বিখ্যাত তপোধন ॥ শিশুকাল হৈতে কৃষ্ণ পরিচর্য্যা করে। বেদশান্ত্র নিষ্ঠাশীল সর্ববগুণ ধরে । পাইল পরম গতি শ্রীকৃষ্ণে দেখিয়া। করিল গোবিন্দে স্তুতি প্রণত হইয়া॥ ক্রয় জন্ম নারায়ণ ক্রগৎ কারণ। জয় জগন্নাথ প্রভু ত্রন্ম সনাতন ॥ নমো কূর্ম অবভার মন্দারধারক। নমো ভূগুপতি রাম ক্ষত্র-কুলান্তক # নমো রাম অবতার রাবণনাশন। বলিমদহর নমে৷ নমুত্তে বামন ৷ নমে। ধন্বস্তরীকায় অমৃতধারক। নমো যজ্ঞকায় ছিরণ্যাক্ষ-বিদারক ॥ নমস্তে মোহিনীক্ষপ অহ্বরমোহন। নমস্তে নৃসিংহ মহাদৈত্যবিনাশন 🕽 নমো রামকৃষ্ণরূপ গোকুল-বিহার। নমো নমো কর কর বুদ্ধ অবতার। ভবিষ্যৎ অবতার নমঃ কল্কিরূপ। নমো হরি অবভার নমো বিশ্বরূপ ॥ न्या अनिकितानम विश्वभनावन। নমে নমে জগৎপতি ব্ৰহ্ম সমাতন ঃ

তুমি ইক্ত তুমি বম তুমি পশুপর্তি। ত্রিজগৎ নাথ ভূমি ত্রিজগৎপতি।। ভূমি সূর্য্য বরুণ স্বরূপ কলেবর। কুবের শমন তুমি জগৎ ঈশ্বর 🛚 ভোমার মায়ার বন্ধ সব চরাচর। ত্রিগুণ ঈশ্বর তুমি প্রকৃতির পর । অনস্ত তোমার রূপ গুণ জাতিহীন। গুণেতে বজ্জিত তুমি গুণেতে প্রবীণ॥ জ্ঞানের শ্বরূপ তুমি তুমি মায়াধর। নিৰ্মায়ী নিৰ্মোহ তুমি মায়ার ঈশ্বর।। ভোমা বিনা আর কিছু নাহিক সংসার। আত্মারূপে দর্ব্বভূতে করহ বিহার॥ অন্তরীক নাভি তব, পাতাল চরণ। মস্তক আকাশ তব অরুণ লোচন 🛚 দশদিক স্তোত্ত তব্ শশী বামেকণ। তোমার শরীরে বাপ্ত চরাচরগণ # भद्य 5क श्रम भग्न भाक वानि धाती। নানা অলক্ষারে তত্ত্ব ভূষিত মুরারী ॥ পীতবাদ পরিধান রাজীবলোচন। বনমালা বিভূষিত গরুড়বাহন 🎚 ত্রিভঙ্গ ললিতরূপ বেশ মনোহর। নব দল বিকসিত শ্যাম কলেবর ॥ দেখিয়া উতক্ষ মুনি হইল ব্যাকুল। আনন্দ অশ্রেত ভাসে অঙ্গের হুকুল ॥ দগুৰৎ হইয়া পড়িল স্থৃমিতলে। দেখিয়া উতক্ষে কৃষ্ণ করিলেন কোলে আলিঙ্গন দিয়া মিষ্ট কহেন বচন। তব মনোবাঞ্চা পূর্ণ হৌক তপোধন। একান্ত ভক্তি করি আমারে যে ভঙ্গে অনুক্রণ থাকি তার হৃদরের মাঝে॥ মনোমত ধেই মাগে দেই আমি তারে সে কারণে শুন বিজ কহি যে ভোমান যেই বর তব ইচ্ছা মাগ মম স্থানে। चामग्र इंटेल छव् मिव अङ्कल ॥ এত শুনি কহে দ্বিজ করি যোড়পাণি অবধান নিবেদন শুন চক্রপাণি 🛚

নকাম ভকত সাৰি বরে নাহি কাজ। ापि वह मिटव **उट्ट (मरु (मर्वद्रांक** ॥ কৰ্মদোষে জন্ম মম যথা তথা হয়। একান্ত ভক্তি ধেন তব পদে রয় ॥ ক্রীট জন্ম হব কিন্তা মন্ত্রুষ্য কিন্নরে। গন্ধব্য চারণ আদি যত চরাচরে 🖠 পর্বত স্থাবর স্থাদি ভূত প্রেতগণ। াথা তথা 💇 🗷 হয় অদৃষ্ট কারণ ॥ মকারণে কর মোরে মায়াতে মোহিত। নিৰ্মায়৷ হইৰ আমি মায়া বিবৰ্জ্জিত ৷ ভোমার মায়াতে বন্ধ যত চরাচর। ্কবল বজ্জিত মায়া তোমার কিঙ্কর 🛭 দশবের মায়াতত্ত্ব কি বুকিতে পারি। মায়। বিবর্জিজত বর দেহ শ্রীমুরারী 🛭 এত ব**লি করে দণ্ডবৎ প্রণিপাত**। দলেন তাহারে জ্ঞান উক্তি জগন্নাথ ॥ পুনরপি উতক্ষে বলেন শ্রীনিবাস। দৰ্বত মঙ্গল হবে পুরিবেক আগ। মর-নারায়ণ স্থানে করছ গমন। তপ যোগ সাধি কর মম আরাধন 🛚 নর নারায়**ণ স্থানে লহ উপদেশ**। একান্ত আমারে ভক্তি করিলে বিশেষ 🛭 অন্তেতে আমারে তুমি পাইবে নিশ্চয়। এত বলি স্বস্থানে গেলেন কুপাময়॥ তত্ত্ব উপদেশ ল'য়ে ভজিল শ্রীহরি। ^{অন্ত}কালে ত**সু** ত্যঙ্গি গেল বিষ্ণুপুরী ॥ ক্হিলাম তোমারে যে পুরাণ-কথন। দিখর বির্ণয় ভত্ত জানে কোন্ জন॥ ্থিবীর রেণু যদি গণিবারে পারি। ক্লসীতে ভরি যদি সমুদ্রের বারি ॥ ^আকাশের তারা যদি পারি যে গণিতে। ^{দিশ্রের} **তত্ত্ব** তবু না পারি কহিতে । ^{করেন} করান ভিনি আপনি ঈশ্বর। ^{অন্য} দিয়া **অস্য ব্রত্তি হ**রেন শ্রীধর 🛭 ^{অন্য} দিয়া **অন্য জনে সংহারেন হরি**। ^{জাহার} প্রদস সান্না বুকিতে না পারি:#

পিতা মাতা পুত্র বন্ধু কেছ কার' নয়।
মরিলে সম্বন্ধ নাছি বুঝ মহাশয় ॥
একা হ'য়ে আসে জীব একা হ'য়ে চলে।
আমার আমার বলি মন্নয়ে বিফলে ॥
সে কারণে কছি শুন ধর্ম্মের নন্দন।
চিত্তে কুফা রাখি শোক কর নিবারণ ॥
এত বলি গলাপুত্র নিংশক হইল।
ধ্যানযোগে কুফা মনে ধরিয়া রহিল ॥
মহাভারতের কথা অমৃত সমান।
কাশীদাদ কহে দদা শুনে পুণ্যবান ॥

ভীম কর্তৃক শ্রীক্লফের স্তব। সূত বলে অবধান কর মুনিগণ। এতেক শুনিয়া পরীক্ষিতের নন্দন ॥ যোগমার্গ কথা শুনি সানন্দ হানয়। পুনরপি জিজ্ঞাসিল করিয়া বিনয়॥ সে যোগমার্গের কথা ভীত্মমূথে শুনি। কোন্ কর্ম করিলেন ধর্ম নুপম্ণি॥ কিরূপে করেন ভীম্ম স্বর্গে আরোহণ। শুনিবারে ইচ্ছা হয় ইহার কথন ॥ মুনি বলে অবধান কর নরপতি। অনন্তর গঙ্গাপুত্র ভীষ্ম মহামতি॥ যোগমার্গ ইতিহাস পুরাণের সার। কহিলেন ধর্ম্মেরে করিয়া স্থবিস্তার॥ পুনশ্চ বলেন শুন ধর্ম্মের নন্দন। রাজা হ'য়ে রাজ্য কর হস্তিনা ভুবন ॥ মহায়জ্ঞ ক্রিয়া ভক্তহ দয়াময়। জ্ঞাতিবধ পাপ আদি দব হবে ক্ষয়॥ মাঘমাস সীতাফমী আব্দি ওভদিনে। শরীর ছাড়িব আমি ভজি নারায়ণে। শুন কৃষ্ণ তব হন্তে কণ্ণি সমর্পণ। পঞ্চ ভাই দ্রোপদীরে করিবা পালন । ইন্দ্রের ভবনে আমি করিব প্রস্থান। এত বলি নিঃশব্দ হইল মতিমান ॥ নিগুড় করিয়া ধ্যান যোগ চিত্তে ধরি। করেন কৃঞ্চের স্তোত্ত ভীম ভক্তি করি।

নমো নমো নারায়ণ ব্রহ্ম সনাতন। সংসারের হেতু রূপ দেব নারায়ণ ॥ তুমি আদি তুমি মধ্য তুমি অন্তরূপ। সকল জগত এই তব লোমকুপ ॥ নমোনমঃ আদি অবতার মৎস্তকায় । নমো নরসিংহ হিরণ্যাক বিদারয়॥ নমে। কুর্ম্ম অবতার নমস্তে বামন। নমো ভৃগুপতি ক্ষত্ৰকুলবিনাশন ॥ নমে রাম অবতার রাবণনাশক। নমো রাম অবভার রেবতী নায়ক॥ নমো কৃষ্ণ অবতার গোকুলবিহার। নমো নমঃ সক্ষর্যণ দিব্য অবতার॥ নমো কল্কি অবতার শ্লেচ্ছবিনাশন। নমো নমো জয় জয় আদি নারায়ণ॥ তুমি ইন্দ্র তুমি চন্দ্র তুমি দিবাকর। আকাশ পাতাল তুমি দীর্ঘ কলেবর॥ আত্মারূপে চরাচর জীবে তব স্থিতি। তব তত্ত্ব জানিবারে কাহার শক্তি॥ এ ভব-সংসারে পার কর নারায়ণ। এত স্তুতি করি ভীম্ম ধ্যানে দেন মন॥ মহারতের কথা অমৃতের ধার। কালীদাস দেব কহে রচিয়া পয়ার ॥

ভাষ্মদেবের স্বর্গারোছণ।

ধ্যানযোগে দাক্ষাতে দেখেন নারায়ণ।
নবজলধর তত্ত্ব অরুণ লোচন॥
শীতবাদ পরিধান বনমালাধারী।
নানা অলঙ্কারে রূপ ভূষিত মুরারী॥
চারু চতুত্ব জ রূপ মোহন মুরতি।
দেখি ভীম্ম মনে মনে করিলেন স্ততি॥
দাক্ষাতে পদারবিন্দ দেখিয়া নমনে।
শারীর ত্যজেন ভীম্ম দেখে দেবগণে॥
জয় জয় শব্দ হৈল ইস্কের নগরে।
পুষ্পার্স্তি কৈল দেব ভীম্মের উপরে॥
দিব্য রথ পাঠাইয়া দিল স্থরপতি।
পবনের গতি রথ মাতলি দারথি॥

রথেতে তুলিয়া স্বর্গে করিল গমন। বন্ধুগণ সহ গিয়া হইল মিলন॥ চিরদিনের বন্ধুদনে হইল দর্শন। দন্ত্রম খণ্ডিল পূর্বব জন্মের কথন॥ মুনি বলে অবধান কর জন্মেজয়। স্বর্গেতে চলিল ভীম্ম গঙ্গার তনয়॥ মাঘমাদে শুক্লাফ্টমী তিথি শুভদিনে। ত্যজিলেন তীম্ম তমু চিন্তি নারায়ণে॥ শরীর ত্যজেন ভীম্ম দেখি যুধিষ্ঠির। রোদন করেন ভূমে লোটায়ে শরীর। ভীমাৰ্জ্ব সহ কান্দে মাদ্ৰীর নন্দন। অনিরুদ্ধ প্রাপ্তামাদি যত বন্ধুগণ ॥ দ্বিজ ক্ষত্র আদি কত নগরের প্রজা। রণ অবশেষে আর যত ছিল রাজা 🛭 ভীম্মের মরণে সবে অনেক কান্দিন। প্রলয়ের কালে যেন দিন্ধু উথলিল ॥ যুধিষ্ঠির আদি পঞ্চ পাণ্ডুর কুমার। হাহা ভীষ্ম বলি কান্দে করি হাহাকার॥ কোথা গেল পিতামহ ছাডিয়া আমারে। তোমার বিচ্ছেদে আত্মা ধরি কি প্রকারে হুর্যোধন পাতক করিল অকারণ। তাহার কারণে হৈল তোমার নিধন॥ আপনি মরিল তুষ্ট জ্ঞাতি বিনাশিল। **শোক-সিন্ধু মধ্যেতে আমাকে** ডুবাইল ॥ এত বলি কান্দে পঞ্চ পাণ্ডুর কুমার। তথা আদিলেন ব্যাস জানি সমাচার॥ কুরুক্ষেত্র মধ্যে যথা ভীন্মের পতন। তথাকারে করিলেন ত্বরিত গমন ॥ ব্যাসে দেখি সন্ত্রমে উঠিয়া পঞ্চজন। সম্রমে করেন তার চরণ বন্দন॥ ধূলাতে ধূদর তম্ব নেত্রে ঝরে বারি। সান্ত্রনা করেন ব্যাস সবারে নিবারি॥ নিস্ফল ভোমরা সব করহ ক্রন্দন।, কত না বুঝান ভীত্ম গঙ্গার নন্দন ॥ যোগমার্গ ইতিহাস পুরাণের সার। তবু না ঘুচিল ভ্রম তোমা সবাকার ॥

ভ্রম দূর কর রাজা তত্ত্বে দেহ মন। অকারণে কর শোক ভীম্মের কারণ 🛭 পূণ্য আত্মা ভীষ্মবীর বহু অবভার। শাপ ভ্রম্ট হ'য়ে কুরুবংশে জন্ম তাঁর। শাপে মুক্ত হ'য়ে ভীম্ম গেলেন স্বস্থান। তাঁর হেতু শোক রাজা কর অকারণ॥ চুর্য্যোধন আদি-যত কৌরব আছিল। ব্রহ্মার আজ্ঞায় কুরুবংশে জনমিজ il ব্রহ্মার মানস পূর্ণ পৃথিবীর হিতে 🖟 হত হৈল যত ক্ষত্র ভারত-যুদ্ধেতে॥ ব্রহ্মার আজ্ঞায় কৃষ্ণ হ'য়ে অবতার। পৃথিবীর ভার সব করেন সংহার॥ কিছুমাত্র অবশেষ আছে বিষ্ণু অংশ। অল্পদিনে কৃষ্ণ তাহা করিবেন ধ্বংস।। ততদিন রা**জ্যভোগ** কর নৃপমণি। শোক ত্যাগ কর রাজা শুন মম বাণী॥ ^{অগনি} সংস্কার কর গঙ্গার নন্দনে। অদাহন পৃথিবী দেখহ যেইখানে ॥ আপোড়া পৃথিবী যদি তুমি কোথা পাও। অংশার বচন তুমি নিশ্চয় জানিও॥ কত কত রাজা জনমিল এ সংদারে। কেহ নাহি, সবে গেল শমনের ভারে॥ চহুৰ্দ্দশ ভুবনের মধ্যে পৃথিবীতে। আপোড়া কোথাও নাহি কহিনু তোমাতে॥। এত বলি **স্বস্থানে গেলেন** ব্যাস মুনি। বিশ্বয় মানেন রাজা ব্যাসবাক্য শুনি॥ অর্জ্নেরে আদেশ করিলেন রাজন। শীত্র কপিধ্বজে তুমি কর আরোহণ॥ পৃথিবী খুঁজিতে চাহি ব্যাদের বচনে। ভ্ৰমিয়া দেখহ সব এ চৌদ্দ ভুবনে॥ স্থাহ পৃথিবী যদি থাকে কোনখানে। তথা ল'য়ে দাহ কর গঙ্গার নন্দনে॥ জানিয়া আইস ভাই চল শীঘ্রতর। এত শুনি ধন্ঞ্জয় চলেন সত্বর ॥

কপিধ্বজ রথ আরোহিয়া সেই ক্ষণে। অগ্রে উপনীত গিয়া ইন্দ্রের ভুবনে ॥ কোনখানে স্বৰ্গেতে নাহিক অদাহন। একে একে বিচরেন ইচ্ছের নন্দন। সপ্তস্বর্গ পুনরপি করেন বিচার। পাতালে গেলেন তবে ইন্দ্রের কুমার॥ সপ্ত পাতালেতে দব দেখেন বিচারি। অদাহন পাতালেতে কোথাও না হেরি॥ অনন্তরে মর্ত্ত্যে আদিলেন ধনঞ্জয়। সপ্ত দ্বীপ বিচারিয়। করেন নির্ণয় অদাহন পৃথিব। না দেখি কোনখানে। স্বিশ্ময় হ'য়ে আসি কহেন রাজনে 🛭 শুনিয়া ধর্ম্মের পুত্র মানেন বিশ্বয়। ব্যাদের বচনে পূর্ব্ব ভ্রম দূর হয়॥ শোক ত্যাগ করি রাজা কার্য্যে দেন মন। ভাগার্জ্জনে আজ্ঞা তবে করেন রাজন ॥ নানা কাষ্ঠ চন্দনাদি আনহ সত্তরে। এক লক্ষ দ্বত কুম্ভ সভার ভিতরে॥ কুরুক্ষেত্র মধ্যে শীঘ্র করহ সঞ্চয়। চতুর্দোলে করি আন গঙ্গার তনয়॥ আজামাত্রে ধনঞ্জয় মাদ্রার কুদারে। অগনি সংস্কার দ্রব্য আনেন সহরে॥ শত শত য়ত কুম্ভ কাষ্ঠ রাশি রাশি। আনিল ক্জিয়গণ পৃথিবী নিবাদ্য। চহুদোলে তুলি নিল ভীম্মের শরার। বিধিমতে অগ্নি তেন রাজা যুধিষ্ঠির॥ ভীন্মের শরীর দহি ভাই পঞ্জন। গঙ্গাতে যাইয়া তাবে করেন তর্পণ॥ শ্রাদ্ধ শ্রান্তি করিলেক ক্ষজিয় বিধানে। নানারত্ব অলঙ্কার দিলেন প্রাক্ষণে॥ ভীম্মের ভাবনা বিনা অহ্য নাহি মনে। অন্ন জল নাহি রুচে তুঃখিত রা**জনে** ॥ মুনি বলে জন্মেজয় কর অবধান। এতদূরে শান্তিপর্বে হৈল সমাধান॥

শান্তিপর্ব্ব সমাপ্ত।

সচিত্ৰ সম্পূৰ্ণ কাশীদাসা



व्यथ्दत्रभभई।

নারায়ণং নমস্কৃত্য নরকৈব নরোত্তমম্। দেবীং দরস্বতীং ব্যাসং ততো জ্বয়ুদীরয়েৎ॥

ষ্থিষ্টিরের উধেগ ও ব্যাদের উপদেশ।

জিতুত্তাসেন জন্মেজয় কহ তপোধন। কি কি কৰ্ম করিলেন পিতামহগণ॥ মূনি বলে 😎ন তবে শ্রীজনমেজয়। রাজ্যে রাজা হইলেন ধর্ম্মের তনয়॥ কিন্তু উপরোধে রাজ্য নিয়। যুধিষ্ঠির। প্রজাগণ পালন করেন ধর্মবীর॥ রামের পালনে যেন অযোধ্যার প্রজা। সেইমত প্রজার পালক মহাতেজা॥ রাজ্যভোগ যুধিষ্ঠির না চাহেন মনে। ্সদাই থাকেন ধর্ম্ম বিরুস বদনে॥ ভীমার্চ্ছন সহদেব নকুল স্থমতি। লইয়া করেন যুক্তি ধর্মা নরপতি॥ শুনহ অর্জ্জুন তুমি আমার বচন। স্থির নহে চিত্ত মম কিদের কারণ **॥** রাজ্য ধন দেখিয়া আমার নহে প্রীত। সতত চৰুল চিত্ত সদা হয় ভীত ॥ কি বৃদ্ধি করিব আমি জিজ্ঞাসিব কায়। সর্বদা ব্যাকুল চিত্ত না দেখি উপায়॥ না হেরি নয়নে শোর কৃষ্ণ কালাচাঁদে। **५ केन इंटर्कान किन्छ थान महा कैट्ह** 🕸

দারকানগরে তিনি গেলেন সম্প্রতি। কে আর করিবে দয়া পাগুবের প্রতি॥ অভএব উঠে চিত্তে খনেক জ্ঞাল। দর্বব শৃন্ত দেখি দখে না হেরি গোপাল 🛭 **অর্জ্ঞ্ন বলেন চিন্তা না কর রাজ**ন i আদিবেন কুষ্ণ তুমি করিলে স্মরণ ॥ যুধিষ্ঠির স্থির হইলেন সেই বোলে। ব্যাসদেব তথা আইলেন ছেনকালে ॥ ভাঁরে দেখি উঠিলেন ধর্ম্মের নন্দন। ভূমিষ্ঠ হইয়া ভাঁর বন্দেন চরণ ॥ আশীর্কাদ করিলেন রাজা যুধিষ্ঠিরে। জানিয়া সকল তত্ত্ব জিজ্ঞাদেন তাঁরে। কহ রাজা কি কারণে বিরস বদন। তোমায় দেখিয়া মম বিচলিত মন ॥ অকৌরবা পৃথিবী করিলে বাহুবলে । তোমা সম রাজা নাহি এ মহামণ্ডলে ॥ অসুজ অৰ্জ্বন তব ভীম মহাবলী। আর তাহে সহায় আপনি বনমালী ॥ ভোমা বিষাদিত আমি দেখি কি কারণ। কহ দেখি মনস্তাপ কিসের কারণ॥ এত যদি ক্হিলেন ব্যাস তপোধন। বিনয়ে কহেন **ভবে ধর্ম্মের** নক্ষন ॥

ভন মুনি আমারে না করিও প্রেশংসা। । इंडे निम्मिल वागि यम गग मना॥ লাভের কারণে ধর্মপথ পরিহরি। করিলাম অন্যায় যে কহিতে না পারি ॥ পিতামহ ভীম্মেরে করিলাম সংহার। আমার সমান কোন পাপী আছে আর ॥ প্ৰৰু দ্ৰোণাচাৰ্য্য তিনি হয়েন ব্ৰাহ্মণ। নাশ করিলাম তাঁরে শুন তপোধন ॥ সহোদর কর্ণবারে অর্পিতু শমনে। ৰবিলাম শত ভাতৃ সহ হুৰ্য্যোধনে॥ । আর যত হুহৃদ বান্ধবগণ ছিল। রাজ্যলোভে আমা হৈতে যমবারে গেল। অভিমন্যু দ্রোপদীর পঞ্চপুত্রগণ। রাজ্য হেতু নাশিলাম শুন তপোধন॥ এমন নিশ্দিত কর্ম কেহ নাহি করে। না বুঝিয়া মহামুনি প্রশংদ আমারে॥ বাস বলিলেন শুন ধর্মের নন্দন। শুনিলাম আমি যত ভোমার কথন॥ জাতি গুরু ভাতৃ বন্ধু মারিয়াছ তুমি। কিন্তু ক্ষজ্রিয়ের ধর্ম শুন নৃপমণি॥ ব্রাহ্মণ ক্ষাত্রয় বৈশ্য আর শূদ্র জাতি। এ সব ব্রহ্মার দেহে হৈল উৎপত্তি॥ যথাযোগ্য ধংশ্ম নিয়োজিল চারিজনে। সংগ্রাম ক্ষত্রিয় ধর্ম লিখিত পুরাণে ॥ তৃমি বল নিন্দা কর্মা করিলাম আমি। কিন্তু ইহা স্মরণে:ত মুক্ত হয় প্রাণী॥ যুধিষ্ঠির পুনশ্ছ কছেন মতিমান্ শুন প্রভু ক্ষজ্রধর্মা কহিলা প্রমাণ॥ জ্ঞাতিবধ পাপে মম কাঁদিতেছে প্রাণ। কি করিব কহ মুনি ইহার বিধান॥ কি কর্মা করিলে পাপ যাইবেক দূরে। অনুকূল হ'য়ে মুনে কহিবে আমারে। কোন্ মন্ত্র ৰুপিব করিব কোন্ ধ্যান। কোন্ যজ্ঞ করি কছ মুনি মতিমান্ দ্রোণ জিজানিল করি আমাতে বিশ্বাস। শুন যুনি ভাঁরে আমি কহি মিখ্যা ভাষ ॥ কিমতে এ সব পাপে পাব পরিত্রাণ। এ নহে ক্ষত্রিয় ধর্ম শুন মতিমান্ 🛚 ব্যাস বলিলেন রাজা ছঃখ ভাব কেনে। ক্ষজিয় প্রধান ধর্ম বিদিত পুরাণে 🛚 যুধিষ্ঠির বলিলেন শুন মহাশ্য। পুণ্যকর্মা ব্যভিরেকে পাপ নহে ক্ষয় ॥ জ্ঞাতিবধে পাপভয় **হ**য় নির**ন্তর**। কি উপায় করিব বলহ মুনিবর ॥ তবে ব্যাস কহিলেন শুনহ রাজন্। অশ্বমেধ যত্ত কর ধর্মের নন্দন।। অশ্বমেধ যজ্ঞে হয় পাপের বিনাশ। মন দিয়া শুন রাজা কহি ইতিহাস॥ মহাবার ছিল জমদ্যির কুমার। নিঃক্ষত্রা করিল ক্ষিতি তিন সপ্তবার 🛚 পিতার আজ্ঞায় (উই বধিল জননী। বনপর্কে সেই কথা শুনিয়াছ তুমি 🛭 অশ্বমেধ যজ্ঞে তাঁর পাপ গেল দূরে 🏳 এ সব শান্তের কথা কহি যে **ভোমারে ॥** ত্রেভাযুগে প্রভু হইলেন অবভার। আপনি শ্রীবাম দশরথের কুমার॥ পালিতে পিতার সত্য চলিলেন বনে। বনে ভ্রমিলেন সভা লক্ষ্মণের সনে ॥ আতোপান্ত রামায়ণ শুনিয়াছ তৃমি। অশ্বমেধ করিলেন শ্রীরাম আপনি।। আর অশ্বমেধ করিলেন পুরন্দর। ব্রহ্মবধ পাপে মুক্ত তঁরে কলেবর॥ ভুমিও করহ র'জা অশ্ব**মধ ক্রভু'।** জ্ঞাতিবধ মহাপাপ এড়াবার হেতু 🛭 এত খনি কহিলেন ব্যাস তপোধন। ষোড়হস্তে বলৈলেন ধর্মের নন্দ্ন ॥ অশ্বমেধে পাপ দুর ক হলা আপনি। যুক্ত কৈল যুক্ত জুন শুনিলাম **আমি ॥** তা সবার সম নহে আমার ক্ষমতা। ভন মহামু'ন ইহ⊩ন। হং সক্ৰথা ॥ নিৰ্দ্ধন নূপতি আমি নাহি এত ধন। কিমতে হইবে মুনি ষজ্ঞ সমাপন 🛭

ছুৰ্য্যোধন ৰিবাদেতে অৰ্থ হৈল ক্ষয়। কিমতে হইবে যজ্ঞ মুনি মহাশয় ॥ অ**শ্বমেধ হবে হেন না** দেখি উপায়। বিবরিয়া মহাসুনি কহিবা আমায় 🗓 ফলহীন বৃক্ষ যেন ত্যক্তে পক্ষিগণ অর্থহীন পুরুষেরে ছাড়ে সর্বাজন ॥ ধনহীন পুরুষের ধর্ম নাহি হয়। ধন হৈতে ধর্মা হয় মুনিগণ কয়॥ ছেন ধন নাহি মম কিসে হবে যজ্ঞ। কিমতে তরিব পাপে কহ মহাবিজ্ঞ॥ ব্যাস বলিলেন শুন ধর্ম্মের নন্দন। কার্য্যে কর্ম্মে বদ্ধ হৈলে ধনে প্রয়োজন ॥ তবে ধনে ধর্ম হয় ইথে নাহি আন। শুন রাজা কহি তোসা ধনের সন্ধান॥ মক্রত নামেতে এক ছিল নরবর। তার যজ্ঞ কথা কহি তোমার গোচর॥ অশ্বমেধ করিল মরুত নরপতি। অত্যাপি তাঁহার যশ ঘোষে বস্থমতী ॥ বিংশতি সহস্র বিপ্রে যজেতে বরিল। স্তবৰ্ণ আগন সব দ্বিজগণে দিল ॥ স্বর্ণ বাটি স্বর্ণ থালা স্বর্ণময় আরি। কাঞ্চন নিৰ্মাণ পাত্তে অন্নজল পূরি॥ হেনমতে মরুত ব্রাহ্মণ সেবা করে। প্রত্যহ নূতন পাত্র দিল দ্বিজবরে॥ হেনমতে যজ্ঞ কৈল শতেক বৎসর। মরুত সমান ধনী নাহি নৃপবর ॥ বহু ধন নিতে না পারিয়া দ্বিজগণ। হিমালয় পার্শ্বেতে রাখিল সর্ববধন॥ তথা হৈতে সেই ধন আনহ সত্বর। অখ্যমেধ হইবেক শুন নূপবর ॥ ব্যাদের বচন শুনি ধর্ম্মের নন্দন। যোড়হস্ত করিয়া করিল নিবেদন ॥ শুন মহাশয় আমি যক্ত না করিব। সে ধন ব্ৰহ্মস্ব, আমি কেমুনে আনিব॥ পাপ বিনাশিতে চাহি যজ্ঞ করিবারে। আনিতে বিপ্রের ধন বল কি প্রকারে #

😎ন মহামতি মম যজ্ঞে নাহি কায। শুনিলে হাসিবে সব নৃপত্তি-সমাজ ॥ ব্রহ্মস্বতে বংশ রক্ষা হইবে কেমনে। কিমতে সে দ্রব্য আমি করিব গ্রহণে॥ হাসিয়া বলেন ব্যাস শুনহ রাজন। দোধ নাহি নৃপতি আনিতে সেই ধন॥ সে ধন ব্রাহ্মণগণ করিলেন ত্যাপ। ইথে দোষ না পরশে শুন মহাভাগ॥ ভয় না করিহ তুমি ধর্ম্মের তনয়। অগ্নি জল পৃথিবী, এ ধন কার' নয়॥ শত শত রাজা পূর্বের পৃথিবীতে ছিল। অনন্তরে কত কত আরো রাজা হৈল। বাহুবলে পৃথিবীর করিল পালন। নানা যত্ত্ত করিলেক পেয়ে নানা ধন॥ সেই ধন জল অগ্নি হ্রাস নাহি হয়। ইথে কেন কর ভয় ধর্ম্মের তনয়॥ পূর্ব্বেতে দেবতাত্বর ছিল হুই ভাই। এ ধন ধরণী যত অস্তরেতে পাই॥ তবে দেব, অহুরে মারিল বাহুবলে। এই ধন নিতে আজ্ঞা কৈল কুভূহলে॥ সাবর্ণি নামেতে হৈল সূর্য্যের নন্দন। পৃথিবী পাইল রাজা তপের কারণ ॥ বশ করি বহুমতী পালিলেক প্রজা। হেনমতে সূর্য্যবংশে হৈল কত রাজা॥ তা সবার দান যজ্ঞ বিদিত সংসারে। এ সব তপের তেজ জানাই তোমারে॥ হরিশ্চন্দ্র মহারাজ খ্যাত ত্রিভুবনে। সকল পৃথিবী দান দিলেন ব্ৰাহ্মণে॥ **ব্রহ্মস্ব হইল তবে যেই বস্থম**তী। তবে কেন লইবেক ক্ষত্র নরপতি॥ ব্রহ্মস্ব বলিয়া তার ভয় নাহি ছিল। প্রজার পালনে ধর্ম্ম কর্ম্ম যে করিল ॥ তবে বিরোচন হুত বলি হৈল রাজা। ব্রাহ্মণেরে সপ্তদ্বীপ দিয়া করে পূজা। আপনি পাতালে গেল না পাইয়া স্থান। তুষ্ট দেখি তারে বিভূমিল ভগবান।

নুবে ঘমদগ্রিহুত ভৃগু-বংশপতি। ষ্ট্রেছ তাঁহার কথা ধর্ম নরপতি ॥ পৃথিবী জিনিয়া তিনি আনন্দিত মনে। পৃথিবী দিলেন দান মরীচি-নন্দনে 🏾 ক্রখ্যপ পাইল তবে দব বস্থমতী। আপন নন্দনে দিল করিয়া পীরিতি॥ পন ধরা অগ্নি জল ইহা কারো নয়। শুন যুধিষ্ঠির রাজা শাস্ত্রে হেন কয়॥ পৃথিবী পালিয়া তার হয় নানা ধন। ভয় না করি**হ তুমি ধর্ম্মের নন্দন ॥** ্দ ধন আনিয়া রাজা যজ্ঞ কর হুখে। চুথে দোষ নাহি আমি কহিন্তু তোমাকে॥ আনন্দ পাইয়া রাজা ব্যাদের বচনে। পুনরপি জিজ্ঞাদেন আনন্দিত মনে॥ ঙ্গ্র ধনের তত্ত্ব শুন মহামুনি। যজ্ঞ হেতু অখবর কোথা পাব শুনি ॥ ্নি বলে অশ্ব আছে যুবনাশপুরে। মানিতে করহ যতু সেই অশ্বরে॥ গজ হেতু অশ্ব পালিতেছে নরপতি। শত কোটি দেনা আছে তাহার সংহতি॥ দত্তনে পালয়ে অশ্ব যজ্ঞ নাহি করে। ্ষই ঘোড়া আন রাজা জানাই তোমারে। পরাজিয়া যুবনাখে হয় আন তুমি ত্যে যজ্ঞ সিদ্ধি হবে কহিলাম আমি ॥ যুধিষ্ঠির বলিলেন শুন দিয়া মন। হয় হেতু হবে সে রাজার সঙ্গে রণ॥ কে আর করিবে যুদ্ধ নৃপতির সাথে। মহারাজ যুবনাশ খ্যাত পৃথিবীতে ॥ গ্যাস বলিলেন রাজা চিন্তা কর কেনে। হয় আনিবারে আজ্ঞা কর ভীমসেনে ॥ থক হিডিম্বক আর কিম্মীর ছর্ববার। ेक्लाम मिन्सा देकल यरकत मःशत ॥ কীচকে মারিল বীর বিরাটনরে। শত ভাই দুৰ্য্যোধনে বধিল সমরে ॥ ভীম হৈতে হবে তোমা সিদ্ধ প্ৰয়োজন। ভীম **আনিবেক ঘোড়া করিয়া যতন** 🛭

আমি জানি ভীমের অসাধ্য নহে কর্ম। হয় হেতু চিন্তা না করিহ তুমি ধর্ম। যুধিষ্ঠির বলেন করহ অবধান। বড় ছঃখী আছে ভীম করিয়া সংগ্রাম 🛭 জর্জ্জর ভীমের দেহ কৌরবের বাণে। তুরঙ্গ আনিতে তারে কহিব কেমনে॥ বুষকেতু মেঘবর্ণ ছুই ত বালক। বিশেষ বাপের শোকে দহিছে পাবক ॥ কিমতে বলিব তারে তুরঙ্গ আনিতে। শুন মহামুনি বড় ভয় পাই চিতে॥ এত যদি বলিলেন ধর্ম্ম নুপবর। তাহা শুনি আনন্দিত ব'র রুকোদর॥ ভীম বলে মহারাজ করহ শ্রেবণ। তুরগ আনিতে কহিলেন তপোধন॥ আনিব তুরগ আমি এ নছে আশ্চর্য্য। পরাজিব যুবনাখে কত বড় কার্য্য॥ ধন আনিবারে তুনি পাঠাও অর্চ্জুনে। আমি আনি গিয়া অশ্ব জিনিয়া রাজনে॥ একেশ্বর যাব আমি ভদ্রাবতীপুরে। আনিব যজের অশ্ব জিনিয়া রাজারে। দবান্ধবে রাজারে পাঠাব যমগরে। অবশ্য আনিব ঘোড়া কারে ভীম ভরে 🛚 ইহা ভিন্ন আর নাহি আমার বিশ্রাম। শতেক বৎদর পারি করিতে সংগ্রাম ॥ কহিলেন যুধিষ্ঠির ভীমের বচনে। একাকী তুৰ্গমে তুমি যাইবে কেমনে ॥ বুষকেতু বদন চাহেন যুবিষ্ঠির। রাজার ইঙ্গিতে তার পুলক শরীর॥ যোড়হাতে কহিলেক ধর্মের গোচরে। ভীম দঙ্গে যাই আমি আজ্ঞা দেহ মোরে 🛚 যুধিষ্ঠির বলেন শুনহ প্রিয়তর। আছিল তোমার পিতা মহা ধসুর্ব্ধর 🛭 প্রাৰ্জ্জুন বধিল ভারে করিয়া বিক্রম। তার বধে আমি পাইয়াছি মনোভ্রম 🛚 পরিচয় নাহি ছিল কর্ণের সংহতি। দবাই বলিল তারে রাধার সন্ততি॥

সৃতপুত্র বলি ভারে বলে সর্বজনে। না চিনিয়া সহোদর বধিলাম রণে 🛭 বিনাশিল কর্ণবীরে অর্জন হুর্জর। চাহিতে ভোমার মুখ মনে পাই ভর 🖁 র্ষক্তেতু বলে শুন পাণ্ডুর ঈশ্বর। ক্ষত্রিয়প্রধান ধর্ম করিতে সমর ॥ বিপক্ষ হইল পিতা তাজি সভোদর। কৌরব সহিত কৈল মন্ত্রণ। বিস্তর ॥ দ্রোপদীরে উপহাসি হিংসিল তোমারে। সেই পাপে মম পিতা গেল যমন্বরে॥ ভাজা দেহ যাব ভামি খুড়ার সংহতি। আনিব যজের ঘোড়া শুন নরপতি ॥ ব্লষকেত্ব কথা শুনি ভীম হরষিত। আলিঙ্গন দিল তবে মনের বাঞ্চিত ॥ ভবে ঘটোৎকচ হুত মেঘবর্ণ নাম। যুধিষ্ঠির অগ্রে কহে করিয়া প্রণাম 🛭 যদি আজা কর তুমি ধর্ম নরপতি। পিতামহ দক্ষে যাব পুরী ভদ্রাবতী 🛚 আনিব তুরঙ্গ আমি শুনহ রাজন। অন্তরীকে গতি মম ধর্মের নন্দন 🛚 বুকিতে আমার মায়া অমর না পারে। আনিব তুরঙ্গ আমি হস্তিনানগরে॥ ৰুষকেতৃ পিতামহে করিবে সমর। ঘোড়াকে আনিব আমি শুন নরবর ॥ এত যদি মেঘবর্ণ বলিল বচন। অকুষতি করিলেন ধর্মের নন্দন ॥ যাও পুত্র ঘোড়ারে আনহ বাছবলে। ৰৰ আশীৰ্কাদে ছোড়া আনিবে কুশলে॥ তিনজন মিলিয়া করিবে মহারণ। ভবে সে জিনিবে তারে গুনহ নন্দন ॥ সাজিলেন তিন বীর তুরঙ্গ আনিতে। ব্যাস কহিলেন কথা রাজার সাক্ষাতে ॥ বর্জনে পাঠাও রাজা আনিবারে ধন। তবে সে কহিব আমি বজ বিবরণ॥ মূনি বাক্যে অর্জনে কৰেন নরপতি। আৰু পেয়ে পাৰ্থ রথে যান শীঞ্চপতি !

হিমালয় পার্বে যান পাণ্ডুর নন্দন। • রপেতে তুলিয়া আনিলেন সব ধন 🛊 ধন দেখি যুধিষ্ঠির সানন্দ বিস্তর। জিজ্ঞাসা করেন পুনঃ মুনির গোচর ॥ আতোপান্ত যক্ত কথা জানাও আমারে। **স্থির নহে চিন্ত মম, কহিন্দু তোমারে ॥** যভ্ড বিবরণ রাজা কহি যে তোমারে। আত্যোপাস্ত অন্ন জল দিবে স্বাকারে॥ বিংশতি সহস্র বিপ্রে যজ্ঞেতে বরিবে। নানা আভরণ দিয়া সবারে ভূষিবে 🛭 লক কুম্ভ মৃত নিত্য ঢালিবে আগুনে। করিবে দেবতা পূজা কুহুম চন্দনে॥ পাঁচ কুম্ভ দ্বত এক ব্ৰাহ্মণে ঢালিবে। হেনমতে লক্ষ কৃম্ভ প্রতি দন দিবে ॥ ঘোড়ার শক্ষণ শুন ধর্ম্ম নরপতি। চক্রিমা জিনিয়া ঘোড়া দেহের মুরতি॥ পীতপুচ্ছ শ্যামবর্ণ অশ্ব মনোহর। नर्द्य ञ्लाकन इय अन नत्रवत्र ॥ স্থৃষিত করিবে ঘোড়া দিয়া আভরণ। আপনার নাম তাহে করিবে লিখন ॥ জয়পত্র অখভালে করিয়া বন্ধন। ষ্মাপনার নাম তাহে করিবে লিখন ॥ তাহাতে লিখিবে পত্র যেই ঘোড়া ধরে। নিজ বাহুবলৈ আমি জিনিব তাহারে॥ তুরক ছাড়িয়া মধু পূর্ণিমা দিবদে। পৃথিবী ভ্রমিবে ছোড়া মনের হরিষে ॥ আপনি থাকিবে যজ্ঞে তুমি হ'বে ব্রতী। অসিপত্র ভ্রত আচরিবে মহামতি n যুধিষ্ঠির বলেন যে করি নিবেদন। অসিপত্র ব্রভের বলহ বিবরণ ॥ **অসিপত্র ত্রত সেই কেমন প্রকারে** । কি নিয়মে থাকে তাহা বলহ আমারে॥ ব্যাস বলিলেন ব্লাকা কর অবপতি। অসিপত্র ব্রভ কথা শুন নরপতি 🛚 যাবৎ না আসে ছোড়া নির্ত্ত হইয়া। থাকিবে সে একাসনে জৌপদী লইয়া #

তার মাবে খড়গ এক খোবে নরপতি। ক্রদাচিত অস্থ মত না করিবে তথি ! _{মদন} আবেশে যদি মকে তার মন। সেই খড়েগ কাটিয়া ফেলিবে সেইকণ **!** সেই ত্রত কর রাক্ষা আমার বচনে। তোমা বিনা করিতে নারিবে অক্তজনে ॥ 🖚 নিয়া কছেন রাজা ধর্মের নন্দন। আচরিতে না পারিল সহস্রলোচন ॥ ছেন ব্রত আচরিব আমি কোনু মতে। শুন মহামূনি বড় ভয় পাই চিতে। বল্প কন তোমার সহায় নারায়ণ। তোমার অসাধ্য ইহা নহেত রাজন্॥ এত বলি ব্যাস চলিলেন নিকেতনে। ক্রঞেরে করেন স্তব রাজা দৃঢ়মনে ॥ মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান ॥

অৰ মানিতে ভীম, বৃষকেতু ও মেঘবর্ণের ধাতা। জম্মেজয় কহিলেন কহ মহামুনি। অপূর্ব্ব প্রস্তাব আমি তোমা হৈতে শুনি ॥ কেমনে আনিল অখ বীর রুকোদর। বিব্রিয়া সেই কথা বল মুনবির ॥ বলেন বৈশস্পায়ন শুন জ**ন্মেজ**য়। ভীম আনিবারে গেল পাগুবের হয়। র্ষকেতু মেদবর্ণ করিয়া সংহতি। পোৰ্শ্বন গিরিবরে গেল শীভ্রগতি॥ পর্বতে বসিয়া বীর হর্মীত হৈয়া। দেখিল রাজার পুরী দূরেতে থাকিয়া 🎚 স্থবর্ণরচিত পুরী মণি মৃক্তাময়। পুরী দরশনে ভীম মানিল বিশ্বয়॥ রক্ষক সকলে দেখি নানা জন্ত হাতে। মগম্য রাজার পুরী ঘাইব কিমতে॥ ভীমের বচন শুনি কর্ণের নন্দন। যোড়হাতে ভীমেরে করেন নিবেদন । রাজাবাড়ী মনোহর অতি অনুপম। অমর নগর জিনি পুরীর হঠাম।

প্রবেশিতে না পারিব যুবনাশ্বপুরে। আসিবে যজের খোড়া এই সরোবরে 🛚 আসিবৈ অনেক সৈন্য ঘোড়ার সংহতি। ধরিয়া লইব খোড়া করিয়া শক্তি ॥ রুষকেতু বলে আমি করিব সমর। আমা নিবারিতে নাহি হেন আছে নর 🛚 ভবে মেঘবর্ণ বলে শুন পিতামহ। ধরিয়া আনিব খোড়া যদি আজ্ঞা দেহ ॥ অশ্ব ল'য়ে থাকিব যে পর্বতে উপরে। তোমরা প্রবৃত্ত দোঁতে হইবে সমরে॥ মেঘবর্ণ বাক্য শুনি ভীষ হৈন্ধ শ্রীত। পর্ববতে রহিল দে হইয়া হরষিত 🛭 রাজার গমনে যেন বাজে বাগ্যচয়। শুন খুড়া জলপানে আদে সেই হয়। অশ্ব দেখি ভীমবীর আনন্দিত মনে। ঘটোৎকচ হুতে আজ্ঞা দিল সেইক্ষণে 🛚 মেঘবর্ণ বলে তুমি দেখ না বসিয়া। দৈন্যের মাঝারে ঘোড়া আনিব ধরিয়া 🛭 মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান॥

যুবনাথ রাজার অশহরণ। হ'য়ে মহা কুতৃহলী, মেঘবৰ্ণ মহাবলী. প্রণমিল ভীমের চরণে। ভীম বড় কুতুহলে, তাহারে করিল কোলে, আশীর্কাদে হরষিত মনে ॥ প্রণমিয়া কর্ণ-হতে, ্মখবর্ণ আনক্ষেতে, অন্তর্রাকে করিল গমন। প্রকাশি রাক্ষ্য-মায়া, দূর কৈল রবিছায়া, অন্ধকারে না চলে নয়ন ॥ করে মহাকলরব, আকালে খেচর সব. वित्रिष मृष्मधादा जन। ঘোর শীলার্ম্ভি হর, প্রচণ্ড মারুত বয়, পূর্ণিত হইল ধরাতল 🛭 বাত হৈল অতি গুরু, ভালিল যভেক জরু, পত্ৰ পু**ল্প পড়িল ভূতলে**।

তাহা দেখি নুপদেনা, হইলেক অন্তমনা, অশ্ব নিতে না পারিল শালে ॥ মারুতি রুধিল বাট, ত্রাসিত রাজার ঠাট, পরস্পর কহে নানা কথা। किया रेशन छुत्रमुखे. অক্সাৎ জলবৃষ্ট, মায়া কৈল কেমন দেবতা॥ মনে উপজিল ভয় এ কর্ম অন্সের নয় ঘোড়া নিতে আদে পুরন্দর। শ্যামবর্ণ পীতপুচ্ছে, হেন অশ্ব কোথা আছে, শিলাঘাতে শরীর জর্জ্বর ॥ নুপদেনা হেনমতে, বিষাদ করিয়া চিতে. जककारत ना (मुखि नयूरन। চান্দোয়া চামর কোথা, খণ্ডখণ্ড হৈল ছাতা, করি দন্ত খদি পড়ে ভূমে॥ মেঘবর্ণ হেনকালে, ঘোটক লইয়া কোলে, ল'য়ে গেল পর্বত উপরে। আনন্দিত বহুতর. র্ষকেতু রুকোদর, আলিঙ্গন করিল তাহারে॥ ভারতের পুণ্যকথা, শুনিলে ঘুচয়ে ব্যথা, কলির কলুষ বিনাশন। (मिव कृष्ध-भाष्युङ, करह कृष्ध नामायु**ङ**, কুষ্ণপদে থাকে ঘেন মন ॥

যুবনার রাজাব ছবিনা গ্রান ও নিক্ষ দর্শন।
জন্মেজয় বলিলেন শুন তপোধন।
এবে কহ যুবনার রাজার কথন।
বলেন বৈশপ্পায়ন শুন জন্মেজয়:
সিংহাসনে বসিলেন তীম মহাশয় ॥
নানা উপহারে রাজা তীমেরে তুষিল।
মহাস্থের রকোলর ভোজন করিল॥
তবে যুবনার রাজা সম্প্রীতি পাইয়া।
তীমের সম্মুখে রহে যোড়হাত হৈয়া।
তোমার প্রসাদে দেখি গোবিন্দ-চরণ
যুথিন্তির দরশনে পাপ বিমোচন॥
গঙ্গামান করিয়া দেখিব নারায়ণ।
শুন তীমদেন মম এই নিবেদন॥

প্রভাত সময়ে রাজা দিলেন ছোম্বা। কৃষ্ণ দরশনে সব যাইব হস্তিন। ॥ তবে যুবনাশ্ব রাজা আনম্দিত হৈয়া। মায়ের নিকটে বলে প্রণাম করিয়া ॥ চল গো জননি যাব হস্তিনানগরী। গঙ্গাস্মান করি দবে দেখিব শ্রীহরি 🖁 🕆 ঘুচিবে সকল পাপ কৃষ্ণ-দর্শনে। বিলম্ব না কর মাতা চল ভীমদনে 🖟 এত যদি কহিলেন যুবনাশ্ব রাজ। কহিতে লাগিল মাতা বুঝিয়া অকাজ ॥ রাজার নন্দিনী হই আমি রাজ্বাণী। দেশান্তরে যাব আমি কভু নাহি শুনি॥ ঘরে বাহির আমি না হই কখন ট কি বুঝিয়া বল বাপু কুৎদিত বচন॥ কহিলেন যুবনাশ শুন গো জননি। থাকিলে অনেক ভাগ্য দেখে চক্রপাণি 🛚 কত জন্ম ফলেতে করয়ে গঙ্গাসান। মরিলে গঙ্গার জলে পাইবে নির্বাণ ॥ বধুগণ সঙ্গে ল'য়ে চলছ সত্তর। দেখিবে পরমানদে ইস্তিনানগর॥ শুভক্ষণে অখেরে পালন কৈযু আমি নেখিব তুরগ হৈতে অথিলের স্বামী॥ পুত্রের শুনিয়া কথা বলিল আবার। এতধর্ম না করিল জনক তোমার॥ একছত্তে ভুঞ্জিলেক ভদ্রাবতীপুরী। নানা যজ্ঞ দান কৈল বলিতে না পারি॥ আমা সবা ল'য়ে কভু-না গেল বিদেশে। কৃষ্ণ নাম না শুনিসু থাকি গৃহবাসে ॥ অধোমুথ হৈল রাজা মায়ের বচনে। পাত্রেরে বলিল লছ করিয়া যভনে ॥ **তুপাদেশে পাত্র তারে বন্ধন করিল** : দিব্য চতুর্দোল করি তাহাকে লই**ল ॥** চতুর্দোল করি তারে করিলেক ক্ষত্মে। মহাপাপে রাজমাতা উচ্চৈঃম্বরে কান্দে 🖡 দেখিয়া রাজার ভক্তি বীর রুকোদর। ধন্য ধন্য প্রেশংসা করিল বছভের 🎚

সেই অশ্ব ল'য়ে রাজা চলিল আপনি। অত্যে গেল রকোদর বড় অভিমানী ॥ রুষকেতু মেববর্ণ নৃপতির দাথে। প্রবেশ করিল গিয়া পুর হস্তিনাতে॥ এক। ভীমে দেখিয়া কছেন নরপতি। র্ষকেঁতু কোথা ভীম কহ শীদ্রগতি ॥ মঘবর্ণ বীর কোথা কহ সমাচার। ্কাথায় যজ্ঞের অশ্ব না দেখি আমার॥ শ্বশ্ব ল'য়ে যুবনাশ্ব আইদে আপনি। কৃষ্ণ দরশন আসে শুন নৃপমণি॥ পরিবার সহিত আইসে নরপতি। র্ষকে**তু মেঘবর্ণ লই**য়া সংহতি ॥ ভীমের বচনে আনন্দিত যুধিষ্ঠির। কোল দিয়া ভীমদেনে চিত্ত করে স্থির।। তবে যুধিষ্ঠির কহিলেন ভীমদেনে। কহ গিয়া এই কথা দ্রৌপদীর স্থানে ॥ যুবনাশ্বে পূজা করি আনহ মন্দিরে। শুন ভীম এই ভার দিলাম তোমারে॥ মাজ্ঞা প্রাপ্তে সত্বরে চলিল রুকোদর। কহিল সকল কথা দ্রৌপদী গোচর॥ ক্স্তী যাজ্ঞসেনী আদি যত নারীগণ। অৰ্থালে করিল মঙ্গল আয়োজন n ধুপ দীপ শঙ্খবন্টা আদি ঘত দ্ৰব্য। কুহ্ন চন্দন আর নিল হব্য গব্য ॥ শুপতির অভিলাষ বুঝি নারায়ণ ৷ দিব্যাসনে **বসিলেন প্রস**ন্নবদন ॥ শ্ৰামত বাগ্য বাজে হস্তিনানগরে : খীমদেন গেল যুবনাখে আনিবারে॥ ্হনকালে যুবনাশ্ব আইল নগরে। ভীম তাঁরে আনিলেন মহা সমাদরে ॥ ষ্প্রভাগে দ্রোপদী করিতে নির্মপ্তন। কুস্থম চন্দন নিল নানা আয়োজন।। পরিবার সহিত গেলেন নরপতি। ষ্ধিষ্ঠির চরণেতে করিল প্রণতি ॥ নিনাদান যত্ত করে যাঁর দরশনে। দেখিলাম নারায়ণ তোষার মিলনে॥

ধন্য ধন্য যুধিষ্ঠির পাণ্ডুর নন্দন। তোম। হৈতে দেখিলাম গোবিন্দ-চরণ॥ এত বলি যুবনাশ্ব গলে বস্ত্র দিয়া। ধরিল গোবিন্দ-পদ স্থুমে লোটাইয়া॥ लक मध्य रेकल (शाविक-हत्रा)। আনন্দেতে অঞ্চ বহে রাজার লোচনে ॥ প্রবেগ রাজার পুত্র ভূমিষ্ঠ হইয়া। কৃষ্ণপদ পরশৈল তুই হস্ত দিয়া। পরে রাজনারী আদি করিল প্রণাম। আশীর্কাদ সবারে দিলেন ঘনশ্যাম॥ তবে যুবনাশ রাজ। মাতারে ধরিয়া। কৃষ্ণস্থানে কৃছিলেন বিনয় করিয়া। আমার মায়ের দোষ ক্ষম চক্রপাণি। আপনার গুণে কুপা করহ আপনি 🛭 জীবের জীবন তুমি সংসারের সার। তুমি না করিলে কুপা কে করিবে আর॥ পরম কারণ তুমি পতিত-পাবন। তোমার দর্শনে মম পাপ বিমোচন ॥ হিংদা করি পুতনাও পাইল তোমারে। স্নেহগুণে তোমায় পাইল যুধিষ্টিরে॥ কামভাবে ব্ৰজবধূ পাইল তোমাকে। এ দকল কথা শুনিয়াছি মুনি-মুখে॥ মহাপাপকারিশী হে আমার জননী : আপনার গুণে কুপা কর চক্রপাণি 🛊 তবে কূপাদৃষ্টিতে চাহিয়া নারায়ণ। তাহার যতেক পাপ করেন মোচন॥ তবে যুবনাশ রাজা সম্প্রীতি পাইয়া। क्रकारक करत्रन खर र्वाष्ट्र हरेग्रा ॥ ভূমি ব্ৰহ্ম। ভূমি বিষ্ণু ভূমি ত্ৰিলোচন। তুমি ইন্দ্র তুমি যম কুবের পবন।। তুমি স্বৰ্গ তুমি মৰ্ত্ত্য তুমি দে পা**াল**। তুমি জল তুমি স্থল দশদিক্পাল 🖟 ভূমি দিবা ভূমি রাত্রি পর্বতি সাগর। তুমি যোগ তুমি ভোগ তুমি চরাচর 🛭 মাস তুমি বার তুমি, তিথি পঞ্দশ। গন্ধৰ্ব কিম্নর তুমি, তুমি দে তাপদ 🛭

তোমার মহিমা প্রভু কে বলিতে পারে। এই ভদ্ধ জানি আমি: বিদিত সংসারে ॥ এক স্থবর্ণেতে হয় নানা অলঙ্কার। একেলা ধরিলে কত শত অবতার। তোমার সকল সৃষ্টি সর্বামূল তুমি। ব্ৰহ্মাদি না পায় ভত্ত্ব কি বলিব আমি ॥ ধন্য যুধিষ্ঠির রাজা পাণ্ডুর নন্দন। দেখিলাম তোমা হৈতে অভয় চরণ 🛚 খন্য বুষকেতৃ বীর কর্ণের নন্দন। যাহা হৈতে দেখিলাম গোবিন্দ-চরণ ॥ আমার যতেক ভাগ্য বলিতে না পারি। তোমার অভয় পদ দেখিকু মুরারি 🖁 এত বলি বাজী বাগ ধরি নৃপবর। ব্দানিল যজের ঘোড়া কুষ্ণের গোচর॥ হরিষে আছেন যুধিষ্ঠির নরবর। ষারকায় চলিলেন দেব দামোদর। অপার মহিমা তাঁর কে কহিতে পারে। ছারকায় গেলেন না কহি পাশুবেরে॥ মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

> শ্রীকৃষ্ণের আদর্শনে যুধিষ্টিরের উবেগ ও শ্রীকৃষ্ণের আগমন।

হেপা যুথিন্তির রাজা রজনী প্রভাতে।
ভাক দিয়া অর্জ্জনেরে আনেন সাক্ষাতে।
একেলা অর্জ্জনে দেখি কহেন রাজন।
বলহ কিরীটি কোথা বিপদ-ভঞ্জন।
অর্জ্জন বলেন হরি ছিলেন সভায়।
তত্ত্ব নাহি জানি, তিনি আছেন কোথায়।
ধর্ম বলিলেন কৃষ্ণ তোমার গোচরে।
সতত থাকেন ইহা বিদিত সংসারে।
না বলিয়া গোবিন্দ গেলেন নিজালয়ে।
কি পাপ জন্মিল ভাই আমার হদয়ে।
কি পাপ জন্মিল ভাই আমার হদয়ে।
কি বলি অধামুথে আছেন নৃপতি।
ভীম সহদেব তথা আইল মটিতি।

ধৃতরাষ্ট্র বিহুর আইল হুইজন। হেনকালে আসিলেন ব্যাস তপোধন। ব্যাদে দেখি যুধিষ্ঠির করেন প্রণতি। আশীর্কাদ করিলেন ব্যাস মহামতি ॥ অবধান কর 🐯ন মুনি মহামতি। খোড়া আনিলেক ভীম করিয়া শক্তি 🕯 বুষকেত্ব মেঘবর্ণ বিক্রম করিল। সহ পরিবার রাজা আমারে ভজিল 🛭 আপনি আইল রাজা তুরঙ্গ লইয়া। সম্প্রীতি পাইল রাজা আমারে দেখিয়া **৷** মুনি কন যুধিষ্ঠির শুনহ বচন। আর ভয় নাই যত্ত কর আরম্ভন ॥ নিমন্ত্রিয়া আন যত ঋষি মুনিগণে। যক্ত আরম্ভন কর আজি শুভক্ষণে । উত্তম মধ্যমাধম এ তিন প্রকার। मवारे भानित धर्म यथाभक्ति यात्र॥ উত্তম যে লোক তার শুন ব্যবহার। অহিংদা পরম ধর্ম ধর্মের কুমার ॥ লোভ মোহ ক্রোধ ত্যজি কুষ্ণে কর মতি উত্তম সে ভাগবত শুনে নরপতি। শক্ত মিত্ৰ বলি তত্ত্ব কিছুই না জানে। মধ্যম সে ভাগবত জানে দৰ্বজনে 🛚 পরনারী পরদ্রব্য হরিবারে মন। অধম বলিয়া ভারে জানিবে রাজন্॥ চণ্ডাল করয়ে যদি বৈষ্ণবের কাজ। মহাজন বলিয়া জানিবে মহারাজ ॥ ব্রাহ্মণ করয়ে যদি চণ্ডালের কর্ম। চণ্ডাল বলিয়া তারে জানিহ হে ধর্ম । যার যেই নিজ বুতি করে যেই জন। ধর্ম্মবস্ত বলি ভারে জানিবে রাজন ॥ নিজরতি ছাড়ি যেবা পররতি করে। সেই সে অধর্ম বলি জানাই তোমারে # পিতৃকার্য্য দেবকার্য্য অতিথি সেবন। বে জন করয়ে সেই হয় মহাজন। 坡চি আর সত্যবাদী পালে নিজ ধর্ম। ইহার সমান ভার নাহি কোন কর্ম 🛭

কহিলাম সংক্ষেপে শুনহ নরপতি। কুষ্ণে আনি যজ্ঞ কর রাজা মহামতি # এ বড বিশায় মম উপজিল মনে। তোমার সংহতি কৃষ্ণ নাহি দেখি কেনে ! যুধিষ্ঠির বলিলেন ছিলা চক্রপাণি। দারকা গেলেন হরি তত্ত্ব নাহি জানি॥ ক্রফ না দেখিয়া মঘ উচাটন মন। না কহিয়া আমারে গেলেন নারায়ণ ॥ সেই হেতু আমি বড় ভয় করি মনে। না বলিয়া জ্রীকুষ্ণ গেলেন কি কারণে 🛚 वराम वलिटलन त्रांका अन्ह वहन। দারকা গেলেন হরি আছে প্রয়োজন ॥ ভীমে পাঠাইয়া তুমি আনহ কুঞ্চেরে। আমি তপোবনে যাই তপ করিবারে ॥ এত বলি ব্যাস চলিলেন তপোবন। ভীমেরে ডাকেন তবে ধর্ম্মের নন্দন 🛚। কুষ্ণকে না দেখে মম মন উচাটন। ক্ষে বিনা নাহি রহে আমার জীবন। **डौ**भ विलालक यां हे कुछ **जा**निवाद्य । কি কারণে গ্রঃখ তুমি ভাবহ অন্তরে ॥ রথ আরোছিয়া গেল দারকা নগরে ! দুত জানাইল গিয়া গোবিদ্দ গোচরে ॥ ভীম আগমন শুনি দেব নারায়ণ। আনন্দে কছেন আন করিয়া যতন 🏾 ভোক্তন করিতে স্থথে ছিলেন ঐহির। ভীমে আনিলেন দূত সমাদর করি।। ভোজন করেন হুখে বসি নারায়ণ। হেনকালে উপনীত প্রবন নন্দন ॥ এদ এদ বলি কৃষ্ণ ডাকেন ভীমেরে। দাসীগণ পাস্ত অর্ঘ্য যোগাইল তারে॥ গোবিন্দ বলেন ভাই করহ ভোজন। ক্ষিণী আনিয়া দিল দিব্যান্ন ব্যঞ্জন ॥ ভোজন করেন ভীম মনের হরিষে। যত দেন তত খান আঁখির নিমিষে ॥ ভীমের ভোক্তন দেখি হাসে সভ্যভাষা। ধশ্য তব উদর না দিতে পারি সীমা।

লচ্ছিত হইয়া ভীম গোবিন্দ মায়ায়। না শুনিয়া দেই কথা আঁচান স্বরায় 🛭 কপুরি তামুল শেষে করিয়া ভক্ষণ। বিচিত্র প্যলক্ষোপরে করিল শয়ন ॥ ভীম বলে কুষ্ণচন্দ্র নিবেদি ভোমারে। ষারকা আইলে তুমি না কহি রাজারে॥ তোমা না দেখিয়া রাজা ফুঃখ পায় মনে। ব্যাস বলিলেলেন তাঁরে যজ্ঞ আরম্ভনে ॥ আপনি তথায় চল যজ্ঞ দেখিবারে। আমাকে পাঠান রাজা লইতে তোমারে॥ গোবিন্দ বলেন ভাই বঞ্চ এ রজনী। প্রভাতে ভেটিব গিয়া ধর্ম্ম নুপমণি 🛭 এত বলি নারায়ণ করেন শয়ন। নানা কথা কুতৃহলে রজনী যাপন ॥ রজনী প্রভাতে হরি বিচারি অন্তরে। ডাক দিয়া আনিলেন দেব হলধরে। অক্রুর উদ্ধব আর বিজ্ঞ সর্ববঙ্গনে। গদ শাষ প্রহ্যুম্বাদি যত যহুগণে 🖁 কুষ্ণে প্রণমিয়া সবে বসিল আসনে। গোবিষ্দ বলেন কথা সবা বিষ্মমানে ॥ অশ্বমেধ যজ্ঞ করিবেন যুধিষ্ঠির। আসিলেক আমারে লইতে ভীম বীর॥ যজ্ঞ দেখিবারে আমি করিব গমন। করিবে সকলে মেলি দ্বারকা রক্ষণ 🛭 রাখিয়া দারকাপুরী সযত্র হইয়া। আমি যাব কুতবর্মা উদ্ধবে লইয়া 🛭 দারুক আনিল রথ সাজায়ে সহরে। ⇔ক্তকে চাপিলেন হরি ভত্নপরে 🛭 অগ্র হ'য়ে ভীমসেন আইল সম্বরে। কৃষ্ণ আগমন কথা কহিল রাজারে॥ **শু**নিয়া আনন্দ বড় ধর্মা নরপতি। চলিলেন কুষ্ণেরে আনিতে শীদ্রগতি ॥ সহদেব নকুল অৰ্জ্জুন মহামতি। বিষ্ঠুরাদি সর্ব্বজন চলিল সংহতি ॥ যুবনাখ নরপ্ততি যায় তার সঙ্গে : কুঞ্চ-আনিবারে চলে অতি বভ রক্তে ম

হেনমতে আনন্দিত নগরের জনা। কৃষ্ণ দরশনে যান সকল হস্তিনা॥ অগ্রগামী যুধিষ্ঠির কুষ্ণ আনিবারে। হেনকালে একান্ত আদিলেন নগরে॥ পদব্রজে আসিলেন ধর্ম্ম নরপতি। দেখিয়া ত্যজেন রথ কৃষ্ণ মহামতি 🛚 কি কব তুলনা যাঁর দিতে নারে বেদে। সেই হরি প্রণমিল যুধিষ্ঠির পদে॥ ব্দালিক্সন কুষ্ণেরে দিলেন নরপতি। হরিষে চলেন কৃষ্ণ পাণ্ডব সংহতি ॥ যুধিষ্ঠির-পুরে প্রবেশিলেন জ্রীজানি। রাজ্যতা হুস্জা করেন নৃপমণি 🛭 সভাদদৃগণ সব বসিল সভাতে। হেনকালে ব্যাস আসিলেন ইচ্ছামতে # কুষ্ণে দেখি মহামুনি আনন্দ অপার। প্রেশংসা করেন ধন্ত পাণ্ডুর কুমার ম ষজ্ঞ হোম দানে যাঁরে না পাধ দেখিতে। হেন কৃষ্ণ দেখিলাম তোমার দাক্ষাতে ॥ এত বলি সভাতে বিসন্ন মহামুনি। হেনকালে প্রসঙ্গ করেন চক্রপাণি 🛭 😊ন রাজা যুধিষ্ঠির আমার বচন। উপস্থিত কর যত আছে অয়োজন 🛚 দেশে দেশে পাঠাইয়া আন হব্য গব্য। যক্ত করিবারে চাহি ভাল ভাল দ্রব্য 🛭 বিলম্ব না হয় আন দৃত পাঠাইয়া। যতনে রাখিবে দ্রব্য ভাণ্ডারে পুরিয়া 🛚 ব্যজাকে কহেন তবে ব্যাদ তপোধন। বি**লম্ব না কর রাজা কর অয়োজন**।॥ আমার বচন তুমি শুন নরনাথ। অশ্বমেধ যজে বহু হইবে উৎপাত 🛚 শাধু কর্মে আছয়ে বাধক বহুতর। কিন্তু তব দখা এই দেব দামোদর ॥ ষ্মতএব উদ্বেগ না হবে নরপতি। তোমারে জিনিতে কার' নাহিক শক্তি 🛭 দুত পাঠাইয়া শীত্র কর অয়োজন। আমন্ত্রণ করি আন দেব যুনিগণ 🛚

ব্যাসের বচনে রাজা অর্জ্জুনে ডাকেন। यक चाराकिन (रुष्ट्र यज्यान करहन ॥ অৰ্জ্জ্ন নিযুক্ত করিলেন যতুগণে। নানা দ্রব্য আনে তারা পরম যতনে 🛭 পুরী পরিস্কার করে কত শত জ্ব। যজ্জের মগুপ কেহ করয়ে গঠন 🛭 দ্ধিকুল্য স্বত্তকুল্য ছগ্ধ সরোবর। ত্রিবিধ করিল কত দেখিত স্থন্দর॥ দধি সরোবর করে অতি মনোহর। আয়োজনে পূর্ণ কৈল সকল ভাগুার॥ কৃষ্ণ যাহে তুই তাহা হইল আপনি। আইল কতেক দ্ৰব্য সংখ্যা নাহি জানি॥ কুষ্ণ সঙ্গে যুধিষ্ঠির আছেন সভাতে। হেনকালে উৎপাত হইল আচন্বিতে॥ মহাভারতের কথা অমৃত-সমান্। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান ॥

অখনেধ যক্ত আরম্ভ।

জশ্মেজয় কহিলেন কহ মহামুনি।
যজের আরম্ভ কথা অপূর্ব্ব কাহিনী ॥
অর্চ্ছন গেলেন যদি অশ্ব রাখিবারে।
ভ্রমণ করিল ঘোড়া পৃথিবী ভিতরে॥
ধরিয়া রাখিল ঘোড়া কোন্ বলবান।
কার সহ কি প্রকার সংগ্রাম বিধান॥
আমাকে সে সব কথা কহ তপোধন।
তোমার প্রসাদে শুনি পূর্ব্ব বিবরণ॥

বলেন বৈশম্পায়ণ শুন জন্মেজয়।

অশ্বনেধ প্রবংগতে পাপ নফ হয় ।
বলিলেন ব্যাস তবে ধর্ম্মরাজ প্রতি।
মূনি ঋষি আমন্ত্রিয়া আন শীত্রপতি ॥
আরম্ভ করহ যজ্ঞ মধু পূর্ণিমাতে।
যজ্ঞের সামগ্রী তুমি আনহ ছরিতে ॥
ব্যাসের বচনে রাজা ভীমে পাঠাইয়া।
ঋষি মূনি ভালাপেরে অনেন ধরিয়া॥
পাগুবের আমন্ত্রণ প্রাপ্তে মুনিগণ।
হক্তিনানগরে আসি দিল দরশন ॥

পান্ত অর্ঘ্যে যুথিষ্ঠির করিয়া পূজন। প্রণাম করিয়া সবে দিলেন আসন ॥ বসিলেন যুধিষ্ঠির কৃষ্ণকে স্মরিয়া। ভীমাৰ্চ্ছন সহদেব নকুল লইয়া॥ অনুচরে আয়োজন সব যোগাইল। যজ্জের মণ্ডপে সব যতনে পুইল। বেদের বিধানে মঞ্চ করিল নির্মাণ। আশী হাত গর্ত্ত সেই স্থব্দর গঠন ॥ শাস্ত্রমত কুণ্ড শত হাত পরিদর। নির্মাইল যজ্জবেদী পরম স্থন্দর॥ স্থবর্ণ রচিত ঘট অরোপিল তাতে। পুষ্পঝারা বান্ধিল চান্দোয়া চারিভিতে॥ দ্রোপদীর দহিত ধর্মরাজ করি স্নান। করিলেন দোঁহে শুক্লবন্ত্র পরিধান॥ বেদধ্বনি করিলেন সর্বব মুনিগণ ধৌম্য পুরোহিত করে বেদ উচ্চারণ॥ সঙ্গল্প করেন শুভক্ষণে নরপতি। তবে ব্যাদদেব নৃপে দেন অনুমতি॥ ব্রাহ্মণ বরণ কর বদন ভূষণে। ত্বরায় আনহ অশ্ব যত্ত্ত দলিধানে ॥ ব্যাদের বচনে রাজা সানন্দ হইয়া। আনাইল তুরঙ্গকে যজে সাজাইয়া॥ আসন বদন দব কনকে রচিত। স্বর্ণের থালি ঝারি মণিতে খচিত॥ বিংশতি সহস্র বিপ্রে করিছে বরণ। প্রত্যক্ষ সবারে দেন আসন ভূষণ ॥ বরণ পাইয়া চিত্তে আনন্দিত মনে। বিদিল সকল দ্বিজ যত্ত আরম্ভনে ॥ দ্রৌপদী সহিত ব্রতী হইল রাজন। মধুপূর্ণিমাতে হৈল যজ্ঞ আরম্ভন ॥ সর্ব *হলক*ণ ঘোড়া আনিয়া **সত্তর**। প্রকালেন চুই পদ ধর্ম্ম নরবর 🛭 কুহ্ম চন্দনে ছোড়া করিল ভূষণ। বান্ধিলেন অশ্বভালে হ্বর্ণ দর্পণ 🛭 যুধিষ্ঠির নিজ নাম লিখেন দর্পণে। পৃথিবী জ্বনিবে ছোড়া ভাপনার মনে।

যদি কেহ বীর থাকে পৃথিবী ভিতরে। ধরিলে যজ্ঞের ঘোড়া জিনিব তাহারে॥ নিজ বলে ছাড়াইয়া তুরগ আনিব। তবে অশ্বমেধ যজ্ঞে সঙ্কল্প করিব॥ অশ্বভালে দৰ্পণেতে এ সব লিখিল। ঘোটক অঙ্গেতে নানা অলঙ্কার দিল॥ কুন্তী আর গান্ধারী প্রভৃতি যত নারী। ত্তলাত্তলি মঙ্গল করিল আগুসরি। সত্যভাষা আদি যত কুষ্ণের রমণী। মঙ্গল বিধানে অশ্ব পূজিল তথনি॥ ধনপ্রয়ে ডাকিয়া বলিল নরবর। অশ্ব রকা হেতু ভাই সাজহ সত্বর॥ আমি ব্রতী হইয়া রহিব যজ্ঞস্থানে। দিবানিশি দ্রৌপদী সহিত একাসনে॥ অসিপত্র ব্রত আচরণে দিব মন ৷ যতনে করিও ভাই ঘোটক রক্ষণ॥ অশ্ব চুরি হৈলে যজ্ঞ সাঙ্গ নাহি হবে। ত্রত নন্ট হবে আর কশঙ্ক রটিবে॥ শুনিয়াছি মুনি-মুখে এ সব কথন। অশ্বহারা হ'য়ে চুঃখ পায় কত জন॥ যতনে রাখিবে অশ্ব বীর ধনঞ্জয়। পৃথিবী ভ্রমিলে ঘোড়া কার্য্য সিদ্ধি হয়। নকুল থাকিবে মাত্র আমার সংহতি॥ সঙ্গেতে লইয়া যাও যত সেনাপতি॥ খাণ্ডব দহিয়া তুমি তুষিলে অনলে। নিবাত কবচ বিনাশিলে বাহুবলে। চিত্ররথ গন্ধর্বের করিলে অপমান। ভীষ্ম দ্রোণ কর্ণ সহ করিলে সংগ্রাম ॥ অৰ্জ্জন বলেন রাজা চিন্ত অকারণে। আমারে জিনিতে বীর নাহি ত্রিভুবনে ॥ পুথিবী ভ্রমিয়া আমি তুরঙ্গ আনিব। যদি কেহু ঘোড়া ধরে তারে বিনাশিব ॥ কুষ্ণের প্রসাদে ভয় না করি কাহারে। কহিলাম সভ্য আমি সবার গোচরে 🖟 এত বলি ধঁনঞ্জয় হইল বিদায়। থাষি যুনিগণ দিল জয়ধ্বনি তায়।

ব্দম্ব পিছে ধনঞ্জয় করেন প্রয়োগ। বাজার দামামা তেরি খমক নিশান 🎚 তবে কৃষ্ণ কহিলেন ভীম মহাবীরে। व्यक्तित मान यां वा वा वा विवादत । প্রহ্যন্ত্রকে ডাকিয়া বলিল নারায়ণ। অশ্ব রাখিবারে পুত্র করহ গমন॥ কুতবর্মা সাত্যকি যতেক ধনুর্দ্ধর। গদা শান্ত সঙ্গে ল'য়ে চলহ সত্তর। রাখিও তুরগ সবে মন্ত্রণা করিয়া। ষুঝিও সমর মধ্যে সাবধান হৈযা। এত বলি প্রত্যেকেরে করিলা বিদায়। প্রেপমিয়া নারায়ণে সব সৈন্য যায় ॥ যুবনাম্ব অনুপাল্ব হুবেগ কুমার। অর্জনের সঙ্গে যান অথ রাখিবার ॥ রুষকেতু বীর আদি কর্ণের নন্দন। অনেকে অখের সঙ্গে করিল গমন॥ रेप्तरपार्य जुड़क हिनम अञ्चल । প্রথমে যজের ঘোড়া চলিল দকিণে ॥ বিজয় পাণ্ডব কথ। অমৃত লহরী। কাশী কহে শুনিলে তরয়ে ভববারি ॥

নীলধ্বক রাজার সহিত যুদ্ধ।

বৈশপায়ন কহেন শুন জন্মেজয়।
দক্ষিণ দিকেতে গেল পাগুবের হয়॥
পশ্চাতে চলিল দৈল্য নানা অন্ত্র ধরি।
করিল প্রবেশ গিয়া মাহেশ্বরা পুরি॥
মাহেশ্বরী পুরে রাজা নীলধ্বজ নাম।
আন্ত্র শন্ত্র বিশারদ বীর গুণধাম॥
ধর্মেতে পৃথিবী পালে নালধ্বজ রায়।
নানা হথে আছে প্রজা ক্রেশ নাহি পায়॥
প্রবীর নামেতে তার প্রধান তনয়।
যৌবনে হইয়া মন্ত নাহি ধর্ম্ম ভয়॥
য়ুব্তী লইয়া দদা কেলি করে জলে।
নানা রঙ্গে নানা ভঙ্গে থেলে কৃতৃহলে॥
হনকালে দেই মন্ত্র যায় দেই পথে।
প্রবীর বনিতা ভাছা পাইল দেখিতে॥

মদন মঞ্জরী নামে প্রবীর বনিতা।
স্বামী আগে যোড়হাতে কহে ধারে কথা॥
হের দেখ অথ আদে দর্বহলকণ।
ঘোড়ার অক্সতে কত মুকুতা রতন॥
সোধার নূপুর বাজে অখের চরণে।
ভূলিল আমার মন অথ দরশনে॥
অথ ধরি দেহ মোরে প্রাণের ঈশর।
নহিলে মরিব আমি তোমার গোচর॥

বনিতার বাক্য শুনি রাজার নন্দন। ছুটিয়া ধরিল খোড়া, সর্ব্ব স্থলকণ ॥ অশ্ব ভালে লিখন পড়িল নুপহত। পড়ি লেখা অংকার বাড়িল বন্তুত 🛚 অশ্ব ধরি কুমার কহিল নারীগণে। ঘোড়া ল'য়ে তোমরা চলহ নিকেতনে ॥ অশ্বমেধ যজ্ঞ করে রাজা যুধিষ্ঠির। অখেরে রকিতে এল ধনপ্রয় বার॥ অহঙ্কারে অখভালে ক'রেছে লিখন। ধরিতে আমার ঘোড়া, আছে কোন্জন॥ যদি কেহ অশ্ব ধরে বিনাশিব তারে। আনিব যজের ঘোড়া, হস্তিনানগরে 🛚 কদাচিত আমি অশ্ব না দিব পাণ্ডবে। ঘোড়া না পাইলে আদি দংগ্রাম করিবে ॥ অত এব তোমা সবা যাও অন্তপুরে। বাহ্মিয়া রাখহ ঘোড়া ল'য়ে পাক ঘরে 🏾

হৈথা অশ্ব না দেখিয়া পাশুবেরগণ।
নানা অন্ত্র ল'য়ে যায় করিবারে রণ ॥
আগে আসে পার্থ বীর ধকুঃশর হাতে।
দেখা হল' তবে তাঁর প্রবীরের সাথে ॥
জিজ্ঞাসা করেন তাঁরে বার ধনপ্রয়।
ধরিলে যজের ঘোড়া মনে নাহি ভয়॥
অশ্বমেধ যুক্ত করিছেন যু্ধিষ্ঠির।
ঘোড়া ধরে পৃথিবীতে আছে কোন বীর॥

প্রবীর বলিল নাহি কর অহকার।
বোড়া ধরি আমি নীলধ্বজের কুমার ।
বুঝিব ভোমার শক্তি পাগুব-নন্দন।
লইবে কেমনে খোড়া করি তুমি রণ ।

হাসিরা অর্জ্বন বলে যুদ্ধ তোর সনে।
একথা জানিলে হাসিবেক ক্ষত্রেগণে ॥
বিবাদ করিব আমি বাসক সংহতি।
যুঝিবে তোমার সঙ্গে মম সেনাপতি॥

অর্জ্বনের বাক্য রোধে রাজার কুমার,। আকর্ণ পুরিয়া দিল ধকুকে টক্কার॥ এত শুনি অগ্নিদেব,প্রবেশিল রণে। অর্জ্বন কটক সব দহিল আগুনে॥

দেখিয়া অর্জ্বন কহিছেন বৈশ্বানরে।
ক্রমা করি অগ্নি হও সদয় আমারে॥
খাণ্ডব দহিয়া আমি তৃষিসু তোমারে।
অক্ষয় কবচ তৃমি দিয়াছ আমারে॥
এখন শক্তবা কর কিসের লাগিয়া।
মিনতি করিয়া বলি যাহ নিবর্তিয়া॥
অশ্বমেধ করিবেন পাণ্ডুর নন্দন।
তাহাতে করিবে তৃমি আহুতি ভক্ষণ॥
অর্জ্জ্বন বচনে অগ্নি সম্প্রীতি পাইল।
তেজ নিবারণ করি অর্জ্জ্বন তৃষিল॥

অর্মির পাইয়া আজ্ঞা বীর ধনঞ্জয়।
এড়িলেন বরুণাস্ত্র হইয়া নির্ভয়॥
নির্বাণ হইল অমি সলিল পরশো।
মন্দানল হ'য়ে গেল নৃপতির পাশো॥
ভয়ে ভঙ্গ দিল ষত নৃপ সেনাগণ।
আপনি পলায় রাজা পরিহরি রণ॥

প্রবীর রাজার পুত্র আছিল পশ্চাতে।
দেখিয়া অর্জ্জুনে সেই আইল ছরিতে।
স্ক্তিক্রবাণে তার মুগু কাটা গেল।
প্রবীর রাজার পুত্র ভূমিতে পড়িল।
পুত্রশোকে নীলধ্বজ বিরস বদন।
ভঙ্গ দিল মনোতঃখ পাইয়া রাজন।

নীলধ্বজে কহে অমি মধুর ভারতী।

অর্জ্জ্বনে জিনিতে নাছি তোমার শকতি ॥
আমার বচনে তুমি পরিহর রণ।

মমুষ্য না হয় পার্থ নর-নারায়ণ॥
আমি অমি শুন রাজা পাশুবের পক্ষ।
পাশুবের সধ্যকরি না করি অস্থ্য।

তুরগ অর্পিয়া তুমি ক্রত কর প্রীতি। রাজ্য প্রজা রক্ষা পাবে শুন নরপতি॥ নহেত' অসাধ্য বড় হইবে হুক্ষর। রাখিতে নারিব আমি শুন নুপবর॥

জামাতার বাক্য শুনি নীলধ্বজ রায়। অশ্ব আনিবার তরে অস্তঃপুরে যায় 🛭 পুত্রশোকে নৃপতির অন্তর জর্জ্জর। নয়নে সলিল-ধারা বহে নিরস্তর॥ বিরদ বদনে রাজা গেল অন্তঃপুরে। কহিল দকল কথা প্রিয়ার গোচরে ॥ সংগ্রামে পড়িন পুত্র সমাচার পেয়ে। ক্রন্সন করেন রাণী অচেতন হ'য়ে। কোথা দে প্রবীর বলি কাঁদে নরপতি। পুত্রশোকে অচেতনা জনা গুণবতী॥ নৃপতি বলেন তুমি না কাঁদিও আর। অশ্ব দিয়া রাজ্য আমি রাখি আপনার 🛚 ছিলাম পুরুষ আমি, হইলাম নারী। এ সৰ ঈশ্বরলীলা বুঝিতে না পারি॥ সপ্রীতি করিব আমি অর্জ্জুনের সনে। সংগ্রামে মরিল পুত্র কার্য্য নাহি র**ে**। 🛭

জনা বলে কি কথা কহিলে নরপতি।
শক্ত সঙ্গে কেমনেতে করিবে পিরীতি॥
প্রবীরে মারিয়া দে হইল মোর অরি।
তার সঙ্গে প্রীতি কর কহিতে না পারি॥
সাহস করিয়া তুমি কর গিয়া রণ।
অর্জ্জ্নে নাশিয়া কর শোক নিবারণ॥

নালধ্বজ রাজ। বলে শুন রূপবতী।
জামাতা হারেল রণে অর্জ্জ্ন সংহতি ॥
যার বাহুবলে আমি জিনি স্বাকারে।
ছির হ'তে নারে দেই অর্জ্জ্নের শরে॥
তুমি কি বুঝাবে নীতি স্ব আমি জানি।
পাশুবের সহায় আপনি চক্রপাণি ॥
প্রীতি কার ভার সন্মে অশ্ব স্মর্পিয়া।
অশ্বরকা হেতু প্রয়েণাব গোড়াইয়া॥

ত্রনি ভাষা কনা বলে ধিক্ বীরপণা। বুহিল ঘুষতে অপ্যশের ঘোষণা॥ ক্ষত্রকুলে জনমিয়া ত্যজিলে সংগ্রাম।
শক্তর আশ্রয় ল'য়ে রুথা ধর নাম॥
তোমার সম্মুখে মৈল কোলের কুমার।
পুত্র শোকে মরি এই তোমার গোচর ॥
এত বলি রাজরাণী কাঁদে উচ্চৈঃ মরে।
অর্থ ল'য়ে নরপতি আইল বাহিরে॥
অর্জ্রনেরে অর্থ দিল নীলধ্বজ রায়।
যোড়হাতে বলে ক্ষমা করহ আমায়॥
না জানিয়া মোর পুত্র তুরঙ্গ ধরিল।
বিধাতা তাহার ফল হাতে হাতে দিল॥
এত বলি নীলধ্বজ অর্জ্রনের সঙ্গে।
তুরঙ্গ রাখিতে রাজা গেল অতি রঙ্গে॥
তাহা শুনি রাণী অতি ক্রেজা হ'য়ে মনে।
অন্তঃপুর ত্যজি গেল ভাতার সদনে॥

পুর্বশেকে জনার ভ্রাতৃগৃহে গমন। তবে জনাবতী নারী, অন্তরেতে ক্রোধ করি, ত্যজিয়া আলয় ধন জন। পুত্রশোকে অধোমুখ, মনেতে ভাবিছে হুঃখ, স্বামী নিল বিপক্ষ শরণ॥ পথে যেতে যুক্তি করে, বিনাশিব অর্জ্জুনেরে, সহোদর সহায় করিয়া। না পূরিল মনোরথ, দৈবে মোর এই পথ, কি করিব ঘরেতে বদিয়া॥ বিনাশিলে অর্জ্নেরে,তবে মোরআশা পূরে, নহে আমি ত্যব্জিব শরীর। কাতর হইল রাজ তুঃখতে নাহিক লাজ কোথা গেল দে পুত্র প্রবীর 🛚 লাজ অধোমুখ হৈয়া. মনে যুক্তি বিচারিয়া. ভ্রাতার ভবনে গেল চলি। উলুকের বিগ্যমানে, জনা কাঁদে সকরুণে, পুনঃ পুনঃ লোটাইয়৷ ধূলি ॥ ভগিনীর দশা দেখি, উলুক হইল হু:খী, ছাতে ধরি তুলিল তাহারে। না কহিয়া বিবরণ, কাঁদ কেন অকারণ, কেবা বল ছঃখ দিল ভোরে॥

জনা বলে ওগো ভাই,কহিবারে আসি নাই প্রবীর মরিল আজি রণে। অর্জ্জুন আইল পুরে, অশ্ব রাখিবার তরে দে হেতু সংগ্রাম তার দনে॥ যুদ্ধ করে ধনঞ্জয়, জামাতা পাইল ভয় পরাজয় হইল নৃপতি। পুত্রশোক না ভাবিয়া, তুরগ দিলেন লৈয়া, পার্থসহ করিলেক প্রীতি॥ ভনিয়া পাইসু তাপ, না ঘুচিল মনস্তাপ, স্বামী নিল শক্তর শরণ। বিনাশিয়া অর্চ্জুনেরে,যদি রাজ্য দেহ মারে, ত্তবে শোক হয় নিবারণ ॥ এ বড় অধিক লাজ, নী**লধ্বজ** মহারাজ, পুত্রশোক না করিল মনে। অশ্ব রাথিবার ছলে, জনমিয়া ক্ষত্রকূলে, ভয়ে (शम वर्ष्क्तत भरतः। ্প্রতিজ্ঞা রাধহ মোর, ধরিন্ম চরণ তোর, অর্জুনের বধিয়া জীবন। আমি দে অবলাজাতি কলক্ষে আছমে ভীতি, নহে আমি করিতাম রণ॥ ধৰ্মাবৃদ্ধি অনুপাম, ভাই যে উলুক নাম, লঙ্জাতে করিল হেঁটমাথা। অবলা প্রবলা হ'য়ে, নিজ পুরী তেয়াগিয়ে, কি কারণে আদিয়াছ হেখা। কহে যত মুনিগণ, পার্থ নর-নারায়ণ, রণে কেহ জিনিতে না পারে। পাণ্ডবের সথা গুরু, কৃষ্ণ বাস্থাকল্লতরু, কেবা তাঁর কি করিতে পারে ॥ निकाल्एय हिन गार, আপনার ভাল চাহ, তবে দে আমার ক্রোধ নাই। কি কর্মকরিলে তুমি,কভু নাহি শুনি ^{জামি}, প্রতিফল পাবে মোর ঠাঁই 🛭 রহিবেক হুফ্ট ভাষা, নহে কাটিতাম না^{দা}, অবলার এত অহঙ্কার। জনা অপমান গণি, ভাতৃমুখে কথা শুনি, নাছি গেল পুরে আপনার॥

মহাভারত **



최<u>[</u>-->••]

প্রবীর ও জনা। প্রবীরের•যুদ্ধ যাত্রা।

মহাভারতের কথা, শুনিলে খণ্ডয়ে ব্যথা, কলির কলুষ বিনাশন। গোবিন্দ চরণে মন, নিয়োজিয়া সর্বক্ষণ, কাশীরাম দাস বিরচন॥

≈নার দেহত্যাগ ও অর্জুনের প্রতি গঙ্গার অভিশাপ।

শ্রীজনমেজয় বলে শুন তপোধন। কি যুক্তি করিল জনা কছ বিবরণ॥ বলেন বৈশম্পায়ন শুন নরপতি। দুৰ্ববাক্য শুনিল বহু জনা গুণবতী॥ ভ্রাতার নিকট বড় পেয়ে অপমান। মনেতে করিল যুক্তি ত্যজিব পরাণ ॥ ভাগীরথী তারে জনা গেল শীঘ্রগতি। ্যাড় হাত হ'য়ে বলে আপন ভারতী॥ শুন গঙ্গাদেবী আমি করি নিবেদন। তোমার সলিলে আমি ত্যজিব জীবন॥ নাশিল অৰ্জ্জন মম পুত্ৰ ধন প্ৰাণ। আপনি করিবে মাতা ইহার বিধান॥ ্সই হেতু চিত্তে বড় হৈল অভিমান। কাতর হইয়া বলি তোমা বিদ্যমান॥ এত বলি গঙ্গাজলে প্রবেশ করিল। পুত্রশোক পেয়ে জনা শরীর ত্যজিল।। জনার মরণে শোক পেয়ে ভাগীরথী। ্রকাধে অভিশাপ দিল অর্জ্জুনের প্রতি॥ সতাকন্যা মরে পার্থ তোমার কারণে। সে সকল ভয় তোর নাহি হয় মনে॥ ভীম্মে নিপাতিলে তুমি কপট করিয়া। ভয় না করিলে পিতামহ যে বলিয়া॥ কৃষ্ণ দখা বলি তোর বাড়ে অহস্কার। না বুঝ দেবের মায়া পাণ্ডুর কুমার। পৌত্র হস্তে ভীষ্ম বীর ত্যক্তিল পরাণ। তুমি ও পুত্রের হস্তে হারাইবে প্রাণ॥ শাপিলেন গঙ্গাদেবী তবে অর্জ্জনেরে। তাহা শুনি নারায়ণ চিস্কিত অন্তরে॥ ঈষং হাসেন কৃষ্ণ পাণ্ডব-সভায়। ব্যাসদেব বুঝিলেন তার অভিপ্রায় ॥

জিজ্ঞাদেন যুধিষ্ঠির দেব নারায়ণে। কহ কুঞ্চন্দ্র তুমি হাস্ত কৈলে কেনে॥ গোবিন্দ বলেন শুন ধর্ম নৃপ্বরে। অভিশাপ হইল যে পার্থ ধনুর্দ্ধরে॥ গঙ্গা অভিশাপ দেন ছুঃখ পেয়ে মনে। তার মৃত্যু হবে বক্রবাহনের রণে । যুধিষ্ঠির বলিলেন হইবে কেমনে। অভিশাপ দেন গঙ্গা কিসের কারণে॥ গোবিন্দ বলেন রাজা কর অবধান। মাহেশরীপুরে রাজা নীলধবজ নাম ॥ ধ্রিল যজের ঘোড়া তাছার নন্দন ! অশ্ব হেতু অর্জ্জনের সঙ্গে হৈল রণ ॥ প্রবীর ভাষার পুত্র হত হৈল রণে। রাজারাণী তকুত্যাগ কৈল অভিমানে। গঙ্গাতে মরিল দেই পুত্রশোক পেয়ে। গঙ্গা অভিশাপ দেন চুঃখিত হইয়ে ॥ নীলধবজ অশ্ব দিল ধনপ্রয় বীরে। আপনি চলিল বীর অশ্ব রাখিবারে॥ অর্জ্বন কারণে ভয় না করিহ তুমি। সঞ্চট হইলে রক্ষা করিব সে আসি॥ এত বলি কৃষ্ণ প্রবোধেন যুধিষ্ঠিরে । এই বিবরণ রাজ। কহিনু তোমারে॥ অমৃত সমান এই ভারত কাহিনী। আর কি কহিব আমি বল নুপর্যাণ ॥

নীলধ্বজের অধিজামাত্র বিবরণ।

শ্রীজনমেজয় বলে শুন তপোধন।
রাজার জামাত। অমি হইল কেমন॥
বলেন বৈশপায়ন শুন নরপতি।
এবে কহি নালধরজ রাজার ভারতী॥
জনা নাম ধরে নালধরজের মহিষী।
প্রসব করিল কন্যা পরম রূপদী॥
লক্ষ্মীশাপে জনা মর্ভে এল বহুমতী।
স্বাহা নাম হৈল তার শুন নরপতি॥
হৈল বিভা যোগ্যা কন্যা রাজা ভাবে মনে।
অনুক্ষণ মুক্তি করে পাত্র মিত্রে সনে॥

কন্যা বলে শুন পিতা আমার বচন। মনুষ্য লোকেতে মম নাহি লয় মন॥ দেবপত্নী হব আমি ইথে নাহি আন। সত্য কহিলাম পিতা তোমা বিশ্বমান॥ স্বাহা বাক্যে পুছে রাজা হরিষ অন্তরে। কাহারে বরিবা তুমি বলহ আমারে॥ স্বাহা বলে শুন পিতা আমার বচন : জীবনে মরণে অগ্নি বলে সর্বাজন । অনল আমার স্বামী কহিন্দু তোমারে। ভাঁহাকে আনিয়া দেহ বিবাহ আমারে॥ রাজা বলে কোথা পাব তাঁর দরশন। কন্যা বলে আসিবেন করিলে সারণ। এত বলি রাজকন্যা পূজে বৈশ্বানরে 🖯 বৈশ্বানর তথা আদি কছেন সত্তরে॥ নিজ অভিলাধ মোরে কহ গুণবতী : কিদের কারণে মোরে পুক্র নিতি নিতি॥ স্বাহা বলে ভূমি মোরে করহ গ্রহণ। তবপত্নী হ'ব আমি এই নিবেদন॥ এবমস্ত্র বলি অগ্নি সেই বর দিল। ৰৰ পেয়ে স্বাহা মনে সম্প্ৰীতি পাইল॥ জানাইল পিতৃদেৱে অগ্নি আগমন: শুনিয়া হৈল রাজ। আনন্দিত মন ॥ শেডহাত হ'থে রাজা বলিল অগ্নিরে। ষাহা নামে কন্তা আমি দিলাম তোমারে॥ আপনি করিবে ভূমি আমার রক্ষণ। পন জন রাজ্য তোষা কৈন্দু সমর্পণ।। তথান্ত্র বলিয়া অগ্রি সেই বর দিল। স্বাহার সহিত তাঁর বিবাহ হইল।।

> পৃথিবীর প্রতি **নন্ধীর শা**প ও পাষাণ **হইতে অখ** উদ্ধার :

শ্রীজনেজয় বলেন শুন মহাযুনি।
পূর্বব বিবরণ কথা তোমা হৈতে শুনি॥
লক্ষ্মী কেন অভিশাপ দিলেন ধরায়।
পূর্ণিবীর কি পাতক কহিবে আমায়॥

বলেন বৈশম্পায়ন শুনহ রাজন। সংক্ষেপে তোমায় কহি সে সব কথন। অপার মহিমা তাঁর কে বুঝিতে পারে। অবিৰত কমলা থাকেন বক্ষোপরে॥ তাহা দেখি বস্তমতী কহেন লক্ষ্মীরে। তোমার সমান তপ কেছ নাছি করে॥ না দেখি এমন তপ না শুনি আবলে। নারায়ণ সঙ্গে তুমি থাক রাত্তি দিনে॥ মহীবাক্য শুনি দেবী ক্রোধ উপজিল। মনোত্রঃথ পেয়ে তাঁরে অভিশাপ দিল ॥ জন্মিবে জনার গর্ভে হবে স্বাহা নাম। অনল তোমার স্বামী ইথে নাহি আন। পৃথিবী বলেন তুমি শাপ দিলা মোরে: নারায়ণ সহ দেখা নহিবে তোমারে। পৃথিবী পালিতে জন্মিবেন নারায়ণ। সতত পাইব আমি তাঁর দরশ্ম ॥ অফুক্ষণ গাকিবেন গোবিন্দ আমাতে . এত বলি বম্বমতী গেলেন ব্রিতে n भारत वत त्यारा ठूके इहेन धत्री। खार। नाम देरल नीलंध्वरक्षत्र निक्ती ॥ যোড়হাতে জিজ্ঞাদেন শ্রীজন্মজয়;

ব্যাঞ্চাতে জিপ্তানেন আজনোজর।
তারপর কোথা গেল পাণ্ডবের হয়॥
মুনি বলে অশ্ব গিয়া প্রবেশিল বনে।
দক্ষিণ নথেতে যায় আনন্দিত মনে॥
দক্ষ্মণ দেখিয়া শিলা বনের ভিতর।
নিজাঙ্গ ঘর্ষিল ক্ষেড়া পায়াণ উপর॥
অপরূপ কথা রাজা শুন জন্মেজয়।
পায়াণে ধরিয়া রাখিলেক সেই হয়॥
বিরদ বদন হৈল ক্ষেয়ের নন্দন।
ভীম দহ বিরদ হইল দর্বজন॥
অর্জ্জন বলেন কিবা আশ্চর্য্য বিধান।
ধরিল যভেত্র ঘোড়া হইয়া পায়াণ॥
কি বৃদ্ধি করিব আমি কার ঠাই যাব।
কহ দেখি কোনরূপে অশ্ব উন্ধারিব॥
প্রত্যন্ম বলেন শুন পাপুর নন্দন।
ঐ দেখ সম্মুধে অপূর্ব্ব তপোধন॥

তপোবনে মুনিস্থানে করহ প্রস্থান। ত্ৰংখ না ভাবিও তুমি শুনহ অৰ্জ্জুৰ ॥ প্রস্থান্ন অর্জ্বন আর কত রথিগণে। য়নি সম্ভাষিতে সবে গেল তপোবনে 🛭 দৌভরি রহিয়াছেন আপন আশ্রমে। শিষ্ট্রাপণ বসিয়াছে তাঁর বিভাষানে ॥ ্বদ শাস্ত্র পাঠ দেন আনন্দিত মনে। ধনঞ্জয় কামদেব গিয়া দেইখানে ॥ প্রণিপাত **করিলেন ভূমিষ্ঠ হই**য়া। নিজ পরিচয় দেন বিনয় করিয়া। প্ৰাণ্ডুৰ তনয় যুধিষ্ঠির নরপতি । গ্রন্থমেধ করি**লেন কুফোর সংহতি**॥ সামরা আইসু অশ্ব করিতে রক্ষণ। ভাৰ্জ্জুন আমার নাম শুন তপোধন॥ ভ্ৰমিতে ভ্ৰমিতে অধ আইল কানন। প্রাষ্ঠাণে ধরিল গোড়া না জানি কারণ। ভয় প্রেয়ে নিবেদন চরণে তোমার। কহ কহ মহামূনি কি হবে আমার। জাতিবধ পাপে রাজা উৎকণ্ঠিত মন। না হইল যজ্ঞ দাঙ্গ শুন তপোধন।। সৰ্জ্ঞা কছেন যদি এতেক উত্তর। শুনিয়া ঈষৎ হাসি কহে মুনিবর॥ শুন শুন পার্থ ভূমি বচন আমার: চিত্তের সন্দেহ কেন না ঘুচে তোমার॥ স্থিল ব্রহ্মাণ্ডনাথ তোমার সার্থি। ্যাথাপিও পাপ বলি মনে ভাব ভীতি॥ ্কাটি ব্রহ্মহত্যা যায় যাঁহার স্মরণে। হেন কৃষ্ণ নাম তুমি নাহি লও কেনে 🛭 না দেখি যে কিছু ভক্তি তোমার অন্তরে। মথা বলি জান তুমি দেব গদাধরে। হিংদাতে পূতনা পায় ক্বফের শরীর। জ্ঞাতিবধ পাপে কেন ভাবে যুধিষ্ঠির ॥ সতত সম্মুপ্ত যেই দেখে নারায়ণ। পাপ নাহি থাকে তার পাণ্ডুর নন্দন॥ তবে যদি অশ্বমেধে করিয়াছ মতি। পাইবে যজ্জের হয় না করহ ভাতি।

ব্ৰহ্মশাপে শিলাতমু হইল ব্ৰাহ্মণী। চণ্ডী নামে উদ্দালক মুনির রমণী। তুমি পরশিলে তার হইবে মুকতি। পাইবে পূর্বের তন্ম শুন মহামতি॥ মুক্ত হইবেক অশ্ব শুন মহাশয়। গোবিন্দ বান্ধব তুমি না করিছ ভয় 🕨 শুনিয়া এদব কথা সোভরি বদনে। অশ্ব পালে আইলেন আনন্দিত মনে॥ মুনির বচনে তবে আনন্দ অন্তরে। শিল। পরশিয়া উদ্ধারেন অশ্ববরে॥ अर्ज्य भिलारक म्प्रिंग्लिन दृहे करत्र। শিলারূপ পরিহরি নারীরূপ ধরে ॥ বহুমতে অর্জ্জুনেরে করিল স্তবন। তোমার পরশে হৈল এ পাপ মোচন॥ ভূমি নারায়ণ ইথে নাহি করি স্থান। শাপ হ'তে আমারে করিলে পরিত্রাণ॥ মুক্ত হ'য়ে নিজালয়ে গেলেন আহ্মণী। পাণ্ডবের দৈন্য দিল জয় জয় ধ্বনি । মহাভারতের কথা অমৃত লহরা। কাশীরাম দাস কহে ভবভয় ভরি॥

ত্রাহ্মণীর পাষাণ ইইবার বৃদাস্ত।

জন্মেজয় রাজা বলে শুন তপোধন।
ব্রাহ্মণী পাষাণ হৈল কিদের কারণ॥
অভিশাপ কেন মুনি দিলেন তাহাকে।
কুপা করি সেই কথা কহিবে আমাকে॥
বলেন বৈশম্পায়ন শুন নরপতি।
মন দিয়া শুন কহি ব্যাদের ভারতী॥
উদ্দালক নামে মুনি ছিল তপোবনে।
চণ্ডা নামে তাঁর ভার্যা। বিখ্যাত ভুবনে॥
বিবাহ কাঁয়য়া মনি ছিল নিকেতনে।
চণ্ডা কে বুঝান মুনি বিবিধ বিধানে॥
আমি তব স্ব মা বটে হই গুরুজন।
যতনে পালিবে তুমি আমার বচন॥
চণ্ডী বলে তব বাকা আমি না শুনিব।
তুমি যাহা বল তাহা আমি না করিব॥

ত্রঃখ পায় উদ্দালক তাহার বচনে। কহিল সকল কথা মুনিপত্নীগণে॥ তারা বলে বাল্যকালে কত বড় জ্ঞান। পালিবে তোমার বাক্য হৈলে বৃদ্ধিমান॥ হেনমতে কতকাল বঞ্চিলেন যুনি। চণ্ডী সে না শুনে কিছু উদ্দালক বাণী॥ তুঃথ পায় উদ্দালক তাহার মিলনে। স্বামীর বচন দে কদাচ নাহি শুনে 🛚 কমগুলু আনিতে বলিল গুনিবর। দেবতা পূজিব আমি শুনহ উত্তর॥ যত্ত করি মনোনীত বর মাগি লন। চণ্ডী বলে আমি কমগুলু না আনিব॥ না আনিব কমগুলু যজে নাহি কাজ। कि इट्रेंटर (मर्विटल (गाविन्म (मर्वत्राख ॥ বরে প্রয়োজন নাহি প্রাক্তন যে মূল। বুথা উপদেশ দেহ নহে সমতুল॥ চণ্ডীর বচনে মুনি যন্ত্রণা পাইল। বাকা নাহি শুনে নানামতে বুঝাইল॥ তীর্থ হেতু এল কৌণ্ডিন্য মুনিবর। উদ্দালক আশ্রমেতে আইল তৎপ? শিষ্যসহ আইল কৌণ্ডিন্য মহামুনি। প্রীতি পান উদ্দালক সেই কথা শুনি 🛚 চণ্ডীকে ডাকিয়া কহিলেন মুনিবর। না আনিব কৌণ্ডিন্য করিয়া সমাদর ॥ কোথায় পাইব ফল নাহি তপোবনে। না করিব সম্প্রীতি কৌণ্ডিন্মের সনে॥ চণ্ডী বলে গুনিরে করিব সমাদর। ফল মূল আনি আমি দিব ত সম্বর 🏾 কমগুলু দেহ নিয়া পদ প্রকালনে। ঈষৎ হাসিয়া মুনি চণ্ডীর বচনে॥ সমাদর করি মুনি কৌগুলে আনিল। পাত্য অর্ঘ্য যথাযোগ্য কুশাসন দিল # কেভিন্য বলেন শুন উদ্দালক মূনি। কহ কহ কুষ্ণ-কথা তোমা হৈতে শুনি 🏾 উদ্দালক বলে মোর ভার্য্যা হুস্টমতি। আশ্রমে রহিতে আমি না পাই পিরীতি। পিতৃপ্রাদ্ধ আদিয়া হইল উপনীত। বাক্য নাহি শুনে চণ্ডী মম হয় ভীত॥ কৌণ্ডিন্স বলেন আদ্ধ করহ প্রভাতে। দেখি চণ্ডী বাক্য নাহি শুনয়ে কিমতে॥ রজনী বঞ্চিয়া মূনি প্রভ্যুষ বিহানে। জিজ্ঞাদেন চণ্ডীকে মুনির বিগ্যমাদে॥ আজি মম পিতৃশ্রাদ্ধ শুনহ বচন। চণ্ডী সে বলিল আদ্ধে নাহি প্রয়োজন ॥ তাহা দেখি কৌগুনেয়র ক্রোধ উপজিল। আরক্ত লোচন করি চণ্ডীরে কহিল। স্বামীবাক্য পাপীয়দি নাহি শুন কাণে। শিলারপ হও গিয়া আমার বচনে ॥ অব্যর্থ মুনির বাক্য হৃদয়ে ভাবিয়া। হোড়হাতে বলে চণ্ডী বিনয় করিয়া॥ অব্যর্থ তোমার বাক্য শুন তপোধন। কতকালে হবে মম শাপ বিমোচন॥ দোষ অমুরূপ দণ্ড তুমি দিলা মোরে। শাপান্ত করহ প্রস্থু নিবেদি তোমারে॥ কৌণ্ডিম্ম বলেন তুমি থাক গিয়া বনে। অভিশাপে মুক্ত হবে অর্জ্জুন মিলনে ॥ ব্দখমেধ যজ্ঞ করিবেন যুধিষ্ঠির। রাখিতে আদিবে ঘোড়া ধনপ্রয় বীর ॥ ধরিয়া রাখিবে ঘোড়া তুমি বাহুবলে। অর্জ্জন পরশে পাপ ঘুচিবে সকলে॥ এত বলি নিজালয়ে গেল তপোধন। চণ্ডীকা পাঘাণরূপা হৈল সেইক্ষণ॥ চিরকাল শিলা হ'য়ে আছিল কাননে। শাপমুক্ত হৈল এবে অৰ্জ্জন মিলনে॥ অখনেধ যত্ত কথা শুন জম্মেজয়। ভদ্রাবতীপুরে গেল পাগুবের হয় ॥ বিজয় পাণ্ডব কথা অমৃত লহরী। কাশী কহে শুনিলে তরয়ে ভববারি॥

হংসধ্যজ রাজার নগরে অখের গমন ও তত্বপশক্ষে নানা সংবাদ।

(महे प्राप्त दश्मध्यक नाम नृभवत । বড়ই ধার্ম্মিক রাজা ধর্মেতে তৎপর॥ স্থরথ স্থধর। তার তুইটি নব্দন। বিষ্ণুভক্ত তুইজন বিষ্ণুপরায়ণ ॥ যোড়া **উপনীত হৈল তাহা**র নগরে। দুত গিয়া **সমাচার কহিল রাজারে**॥ যুধি**ন্তির করিলেন অশ্বমেধ ক্রেতৃ।** অর্জ্জুন আইল অশ্ব রাথিবার হেতু 🛚 নগরে আইল ঘোড়া শুনহ রাজন। সঙ্গে আসিয়াছে তার বহু সৈন্সগণ॥ দূতমুখে কথা শুনি রাজা আনন্দিত। আলিঙ্গন দৃতে দেন মনে হ'য়ে প্রীত ॥ কি কহিলে আরে দূত শুভ সমাচার। আইল **আমার পুরে পাণ্ডুর কুমার** ॥ আজি (স **আমার জন্ম হইল স**ফল। বৰ্জ্বন আগত পুরে বড়ই মঙ্গল।। যেখানে অৰ্জ্জুন তথা দেব নারায়ণ। এই কথা অতি সত্য কহে মুনিগণ।। দেখিব মাধবে আমি পাণ্ডব মিলনে। চরদিন সাধ আছে কৃষ্ণ দরশনে॥ ধরিয়া য**জ্ঞের খোড়া আনহ সত্তরে**। এত বলি **নুপতি ডাকিল অনুচরে॥** পাইয়া রাজার আজ্ঞা অসুচরগণ। পরিল যজের ঘোড়া করিয়া যতন॥ অশ্ব ল'য়ে দি**ল হংসংবজের গো**চরে। মহানন্দে নরপতি আপনা পাদরে॥ ^{স্তন} করিয়া **অশ্ব রাখিল রাজন**। শর্চ্ছনে ধরিতে পুনঃ করিলেক মন॥ হং**শংৰ**জ বলে ওছে শুন বীরগণ। যতন করিয়া সবে ধরিবা অর্জ্জুন ॥ তবে দে পাইব আমি কৃষ্ণ দরশন ! দ্বান্ধবে পরশিব তাঁহার চরণ। এ বড় আমার সাধ আছয়ে অন্তরে। দেথিব সে নারায়ণ আপনার ঘরে॥

আমার তপের ফল হইল উদয়। সে কারণে আইলেন পাণ্ডুর তনয়॥ বান্ধহ যজের ঘোড়া আর নাহি ভর। এখনি অর্জ্জুন সহ হইবে সমর॥ ঘোড়া বান্ধা গেলে পার্থ কোথাও না যাবে। অৰ্জ্জন হইতে সবে গোবিন্দ দেখিবে॥ উত্তপ্ত করহ তৈল তাত্রের কুণ্ডেতে। শীগ্র রণে না আসিলে ফেলিবে তাহাতে॥ এত বলি রাজা দিল দামামা ঘোষণ। পরস্পর দে কথা শুনিল সর্ববজন ॥ রাজার আদেশ পেয়ে রাজ-পুরোহিত। তাত্রের কটাহে কৈল তৈলেতে পূর্ণিত। তৈল তপ্ত যতনে করিল মুনিবর। তাহা শুনি ভয় পায় যত ধ্যুর্দ্ধর ॥ সত্বরে আইল সবে নানা অস্ত্র ধরি। বিমানে চড়িয়া কেহ তুরঙ্গ উপরি॥ নুপতি তনয় যে হুধন্ব। ধহুর্দ্ধর। শীদ্রগতি আইদে দেই করিতে সমর 🖟 হেনই সময়ে তবে স্থধ্বার নারী। যোডহস্ত করি বলে লঙ্জা পরিহরি 🖟 শুন প্রাণনাথ তব কোথায় গমন। নানা অস্ত্র বান্ধিয়াছ কিদের কারণ ॥ স্থধন্ব। বলেন তত্ত্ব নাহি জান তুমি। যুদ্ধ হেতু আদেশ করেন নৃপমণি॥ অর্জ্রন আইল পুরে তুরঙ্গ লইয়া। যোড়া ধরিলেন পিতা দূত পাঠাইয়া। অর্জ্জুন সারথি কৃষ্ণ জানিয়া শ্রেবণে। যুদ্ধ অভিলাষ পিতা কৈল দে কারণে ॥ চিরদিন আছে সাধ কুফা দর্শনে। অৰ্জ্জন ধরিতে জাজ্ঞা দিল দে কারণে॥ সেই হেতু দিল রাজা নগরে ঘোষণা। সাজিয়া চলিল যুদ্ধে যত রাজদেনা।। শুন প্রিয়ে পিতার মনের অভিলাষ। আনিয়া দেখাব আজি দেব শ্রীনিবাদ॥ যাত্র। করি যাই আমি করিবারে রণ। জয়ধৰান দিয়া গৃহে করহ গমন।।

প্রভাবতী বলে নাথ শুন সাবধানে। আজি ঋতৃভোগ তুমি কর মম সনে 🛭 একে পতিব্রতা আমি শুন প্রাণেশ্বর। প্রভাতে যাইবে কান্সি করিতে সমর ৷ **ঋতুস্নান** কবিয়াছি নিবেদি ভোমারে। পুত্রদান দিয়া যাও যুদ্ধ করিবারে॥ অর্জ্বন সহিত যাও করিবারে রণ। এ কথা শুনিয়া মম চমকিত মন ॥ পাশুবের সথা কৃষ্ণ বিদিত সংসারে। কেমন করিয়া ভূমি জ্বিনিবে তাহারে 🛊 🕆 ব্দামি যে অবলা জাতি তাহে কুলনারী। পুত্র না হইলে তবে কি প্রকারে তরি॥ তোমার ঔরদে মম হইবে তনয়। ঋতুর পালন কর শুন মহাশয়॥ শুন প্রাণনাথ মোরে না কর নিরাশ। পিভূলোকে রাথ জল গণ্ডুষের আশ 🛭 সংসার অসার দেখ সার নারায়ণ। পুত্রদান দিয়া যোরে করহ গমন ॥ হ্রথন্থা বলিগ তবে শুনহ হ্রন্দরী। মিণ্যা পুত্ৰে কিবা কাৰ্য্য যদি ভূফী হব্নি **॥** প্রভাবতী বলে নাথ এ নহে বিচার। জনম বিফল অকে পুত্ৰ নাহি যার **।** ়পুনাম নরকে তার নাহিক নিষ্কৃতি। এ দূব শান্ত্রের কথ। শুন প্রাণপতি ॥ ব্যাস বশিষ্ঠাদি যত মহামুনিগণ। পুত্র জন্মাইল সবে শুন নিবেদন ॥ ইথে দোষ নাহি, মোরে দেহ পুত্রদান। তবে গিয়া সংগ্রামে দেখিৰে ভগবান॥ হুধন্বা বলিল শুন আমার বচন। করিল আমার পিতা নিদারুণ পণ ॥ শীত্রগতি যেইজন না **আ**দে সমরে। তাহারে ফেলিবে তপ্ত তৈলের উপরে॥ ভপ্ত তৈলে ফেলাইবে তবে নরপতি। প্রাণভয়ে সর্ববন্ধন গেল শীঘ্রগতি ॥ পশ্চাৎ যাইব আমি নহে ভাল কাল। ক্রোধ করি তৈলেতে ফেলিবে সহারাজ 🛚

ন্ডন প্রভাবতী ভূমি আজ থাক ঘরে। সংগ্রাম জিনিয়া আমি ভূষিব ভোমারে॥ প্রভাৰতী বলে কথা শুন প্রাণেশ্বর। অৰ্জ্জুনে জ্বিনিবা তৃমি অতি সে ছক্ষর। ব্রথা যাঁর নারায়ণ সংদারের সার। এ তিন ভূবনে পরাক্ষয় নাহি তাঁর ॥ ভকতবৎদল হরি রাথেন অর্জ্বনে। পুরিয়া আমার আশ তুমি বাহ রণে 🛭 পঞ্চশরে জর্জর হইল কলেবর। আলিঙ্গন দিয়া মোরে তোষহ সম্বর ॥ ঋতুর রক্ষণে নাহি দিনের বিচার। এ সকল শাস্ত্র কথা তব জ্ঞাত সার॥ ভার্য্যার বচন বীর নারিল লজ্জিতে। হাসিয়া যুদ্ধের সা**জ** এড়িল ভূমেতে। হুধন্ব। শয়ন কৈল খট্টার উপরে। ভূঞ্জিয়া শৃঙ্গার তুফী করিল ভার্য্যারে ॥ প্রভাবতী গর্ভ ধরে বীর কৈল স্নান। যুঝিতে হুধন্ব। যুদ্ধে করিল প্রয়াণ ॥ কুবলয়া নামে তার আইল ভগিনী। হ্বপদ্মা গমনে দেয় জয় জয় ধ্বনি॥ যাহ যাহ সাধু ভাই অর্জুনের রণে। তোমা হৈতে কৃষ্ণ আমি দেখিব নয়নে। স্থ্যার জননী পাইল সমাচার। পুত্তের সন্মুখে আদে আনন্দ অপার। শীভ্র যাহ আরে পুত্র করিতে সমর। তোমা হৈতে আজি সে দেখিব গদাধর॥ যেখানে অৰ্জ্জ্ন তথা দেব নারায়ণ। সত্য বলি এই কথা বলে সর্বাঞ্চন ॥ বিশম্ব না কর পুত্র চলহ সম্বন্ধে। পূর্বব পুণ্যফলে ঘোড়া **আইল** নগরে 🛭 **वित्रमिन चार्छ माथ कुक्क मत्रमदन।** দেখিব পরমানকে অর্জ্জুন মিলনে ॥ জননীর বচন শুনিয়া হরষিত। প্রণাম করিয়া মারে চলিল ছরিত। (रुवा (एव गर्व रेमग्र मानिया चारेन। হংসধ্বন্ধ মহারাজ সবারে দেখি

স্তথস্বারে না দেখিয়া বলে নরপতি। কেন দিল নারায়ণ এমন সম্ভতি 🛚 কোপে হংসধ্বজ কহিলেন পুরোহিতে। আজি স্থধৰাকে তৈলে ফেলহ নিশ্চিতে ॥ পুত্র হ'য়ে না পালিল পিতার বচন। হেন ছার পুত্র মম নাহি প্রয়োজন। পুরোহিত সহ রাজা এ কথা কহিতে। স্থায়। আইল তথা পিতার সাক্ষাতে॥ প্রণাম করিয়া পুরোহিতের চরণে। বাজারে প্র**ণাম করে রাজ সম্ভাষণে ॥** স্তথস্থারে দেখি রাজা বলে কুবচন। এখন বাহির হুফ হলি কি কারণ।। েঘাড়া রাখিবারে পার্থ আদে মম পুরে। সত্র করিলাম তারে ধরিবার তরে॥ অর্জ্জুন ধরিলে পাব কৃষ্ণ দর্শন। বুবিষ্যা করিসু আমি নিদারুণ পণ ॥ ত্বরায় সাজিয়া যেবা না আসে সমরে। ভাহারে ফেলিব তপ্ত তৈলের ভিতরে॥ ভয়েতে সাজিয়া এল যত সেনাগণ। সে ভয় ভোমার মনে নাহিক স্মরণ॥ স্বধন্বা বলেন পিতা কর অবধান। অন্ত্র ল'য়ে আসি আমি কব্লিতে সংগ্রাম ॥ হেনকালে প্রভাবতী সম্মুখে আইল। ঋতুর রক্ষণ হেতু আমারে কহিল ॥ মহাপাপ হয় ঋতু না কৈলে রক্ষণ। অতএব বিলম্ব হইল দে কারণ॥ ইহা শুনি বলে হংসদাজ নরপতি। জিমিলে আমার কুলে তুমি পাপমতি॥ যুদ্ধের সময় ভোর নারীতে যতন। আরে দুফ্ট দেখিব কেমনে নারায়ণ ॥ ভূমি সে আমার কুলে পাপিষ্ঠ হইলে। काष्ट्रिया कि किश्वधन्त्र कार्य यन निर्णि ॥ ক্ষেতে বিমুধ হৈলে যাহ তৈল পালে। উচিত যে শান্তি হয় ভুঞ্জহ বিশেষে॥ না করিলে ঋতু রক্ষা হয় মহাপাপ। কি বুঝিয়া হুধস্বারে দেহ মনস্তাপ।

ুস্থস্থা বৈষ্ণৰ বড় জানহ আপনি। লযুপাপে গুরুদণ্ড নহে নৃপম্নি॥ পাত্রের বচনে রাজা বলে পুরোহিতে। হুধরা আমার পুত্র আসিল পশ্চাতে ॥ ঋতুরকা হেতু যে বিলম্ব হৈল তার। কহ প্রভু কি হইকে ইহার বিচার॥ ওহে রাজা দর্বাগুণে তুমি নরপতি। প্রতিজ্ঞা লক্তিতে চাহ দেখিয়া সম্ভতি 🛚 ক্ষজের প্রতিজ্ঞা ধর্ম্ম খোষে সর্ববন্ধন। পুত্রস্থেহে ধর্মপথ করিছ লজ্জ্বন 🛚। এত বলি সভা হৈতে যায় পুরোহিত। মহাক্রোধভরে চলে অ্ধর কম্পিত॥ না থাকিব তোর দেশে শুন নরপতি। দেখিকু তোমার রাজা এবে পাপেমতি 🛭 এত শুনি হংসধ্বজ কহিল পাত্তেরে। আমি যাই পুরোহিত আনিবার তরে॥ তপ্ত তৈলে হুধন্বাকে ফেলাইবে তুমি। স্থান্থারে পুনঃ যেন নাহি দেখি **আ**মি 🛚 অন্যের বচনে পুরোহিত না আসিবে। যতন করিয়া আমি আনি গিয়া তবে ॥ এত বলি হংসধ্বজ চলিল সম্বরে। স্থ্যতি পাত্রের পুত্র বলে স্থয়ারে॥ আপনি শুনিলে তুমি রাজার বচন। তৈল পাশে ত্ৰুত যাও রাজার নন্দন॥ স্থধন্ব। বলেন তৈলে ভ্যক্তিব জীবন। বড় তুঃখ না দেখিতু কমললোচন 🛭 মহাভারতের কথা অমুত সমান। কাশীরাম দাস কতে শুহে পুণ্যবান 🛚

তথ তৈলে স্থন্ধক নিকেপ।
এত বলি স্থন্ধ আইল তৈলে পাশে।
ভয় পেয়ে লোক সব দেখিতে না আসে ॥
তথ্য তৈল দেখি বার নাহি করে ভর।
গোবিন্দ-চরণ ভাবে রাজার তনয়॥
জয় জয় নারায়ণ পরম কারণ।
ভামি মূঢ় না দেখিকু তোমার চরুণ॥

এ বড় অধিক ছুঃখ রহিল অন্তরে। অৰ্জ্জুন সহিত কৃষ্ণ না দেখি সমরে॥ ওছে কৃষ্ণ রক্ষা কর অকাল মরণ। ভপ্ত তৈলে মোরে রক্ষা কর নারারণ॥ উচ্চৈঃস্বরে স্থধা ডাকিছে নারায়ণে। সঙ্কটে রাখিতে কেহ নাহি তোমা বিনে॥ এত বলি অধৰা জপিছে কৃষ্ণ নাম। ইহা শুনি শোকে লোক হইল অজ্ঞান। হুমতি পাত্রের পুত্র ধরি হুধন্বারে। ফেলাইয়া দিল তপ্ত তৈলের উপরে ॥ ভক্ত বুঝি তাহারে রাখেন নারায়ণ। তপ্ত তৈল হৈতে তার নহিল মরণ॥ স্বধন্বা বসিয়া আছে তৈলের ভিতরে। তৈলে বিদি কুষ্ণনাম ভাকে উচ্চৈঃম্বরে 🛭 ঘন ঘন হরিনাম ডাকিছে স্থধ্যা। নুপতির সভায় হেথা উঠিলেক কান্না॥ শুন রাজা জন্মেজয় কহিন্দ্র তোমারে। পড়িল স্থধন্ব। তপ্ত তৈলের ভিতরে॥ ভক্ত বুঝি তাহারে রাখেন নারায়ণ। ত**প্ত তৈলে হুধশ্বার নহিল** মরণ ॥ শ্রীজন্মেজয় বলে কহ মহামুনি। কি কৰ্মা স্থধৰা কৈল কহ দেখি শুনি॥

তথ্য তৈলে স্থধনার পতনে রাণীর শোক।
না দেখিয়া স্থখনের,কান্দিতেছেউচ্চঃম্বরে,
স্থানিতে লোটায়ে সর্বজন।
কেহ মনে ফুঃখ পেয়ে, রাজার সম্মুখে গিয়ে,
কহিলেন স্থধনা নিধন।
তাহা শুনি পুরোহিতে,রাজাকহে ফুঃখচিতে,
স্থধনা মরিল তৈল পালে।
রক্ষা পায় ধর্মপথ, বহিল শাস্তের মত,
দেখিবারে চলছ হরিষে।
তবে হংখাজ রায়, ধরি পুরোহিত পায়,
তৈল পাশে আনিল সম্বরে।
ভাহাতে বেড়িয়া লোক,করে নানাবিধশোক,
না দেখি বৈশ্বেষ স্থধনারে।

হংসধ্বন্ধ নরপতি, বিহ্বলে পড়িয়া কিভি পুত্রশোকে হরিল চেতন। কেহ জল দেয় মুখে, কর্ণমূলে কেহ ভাকে পুত্রশোকে যুর্চিত রাজন ॥ নগরে বনিতা ধেয়ে. সমাচার দিল গিয়ে স্বধন্বার জননি যেখানে। শুন শুন ঠাকুরাণী, স্থম্মা ত্যজিল প্রাণী অগ্নি সহ তৈলের মিলনে ॥ শুনি অমঙ্গল কথা, চলে হুংমার মাতা, ত্যজিয়া চলেন অন্তঃপুরী। বধুগণ চলে সাথে, শোকাকুল হ'য়ে চিতে, প্রভাবতী হুধস্বার নারী॥ লঙ্জা ভয় নাহিকরে কান্দেরামা উচ্চৈঃম্বরে কোথা প্রভু বৈষ্ণব স্থধন্বা। त्र**श्रह्म প্রবেশি**য়ে ক ধরিবে ধনঞ্জয়ে কুষ্ণকে দেখাবে কোন জনা॥ ধরিয়া ঝ্লার পায়, কান্দে রাণী উভরায়, কেন কৈলা নিদারুণ পণ। त्र**ाष्ट्रता প্রতি**শিবে, **অর্জ্জনে**রে পরাজিবে, মিছে তুমি করিলে ভাবনা॥ রাজা বলে উঠ পুত্র লহ তুমি নানা অন্ত্র, পরাভব, করহ অর্জ্জুনে। আছিল সে অভিলাষ, দেখিবারে শ্রীনিবাদ, আনিয়া দেখাও নারায়ণে॥ এত বলি সে রাজন, পুত্রশোকে অচেতন, প্রবোধ করয়ে রাজরাণী। শোকসিন্ধু তেয়াগিয়া, অর্চ্জুনেরে পরাজি^{য়া}, আনিয়া দেখাও চক্রপাণি॥ পুলকে পূর্ণিত হ'য়ে নুপ অত্যে পাত্র ধেয়ে, কহিছেন শুন মহারাজ। স্থশ্বা না মরে তৈলে, বসিয়াছে কুভূহলে, যেন দেখি প্রফুল পরজ। শ্ৰেৰণে সুচয়ে ব্যথা, মহাভারতের কথা. · कलित कलूश इत नाम । হৃত্তনের মনঃপুত, কর্মলাকান্তের হৃত, বিরচিল কাশীরাম দাস !!

তপ্ত তৈল হইতে স্থংবার উত্থান ও
. পাওব-দৈক্তের সহি যুদ্ধ

স্থমতি পাত্তের মুখে শুনিয়া বচন। হুধৰা দেখিতে রাজা করিল গমন॥ বিসয়া হুধয়। আছে তৈলের ভিতরে। কাঞ্চন প্রতিষা যেন দেখে মহাবীরে॥ নাহি মরে হৃধস্বা দেখিল নৃপমণি। হরিষে করয়ে লোক জন্ম জন্ম ধ্বনি॥ শশু পুরোহিত বলে শুন নরপতি। ৈল নাহি তাতে তেঁই হয়ষিতে স্থিতি ॥ পুত্রস্নেহ হেতু তুমি ভাগুও আমারে। তপ্ত নাহি হয় তৈল কহিন্তু তোমারে॥ পরীক্ষা করিয়া তৈল জানিব সকল। আমারে আনিয়া দেহ নারিকেল ফল। নারিকেল অমুচরে আনয়ে সত্বরে। পুরোহিত ফেলে তাহা তৈলের উপরে॥ তৈল পরশিতে ফল শতথান হৈল। শঙ্খ পুরোহিত ভালে আসিয়া বাজিল। অচেতন হ'য়ে দোঁহে পড়িল ধরণী। ভয় প্রাপ্তে দোঁহারে তুলিল নূপমণি ॥ কত**ক্ষণে তুইজন পাইলা** চেতন। সুমতি পাত্রেরে রাজা জিজ্ঞাদে কারণ ॥ তৈল পরশিতে শিশু কি বাক্য বলি। অপূৰ্বৰ ঔষধ মুখে কিবা দিয়াছিল ॥ পাত্র বলে অবধান কর দ্বিজ্বর। নারায়ণে স্থধন্বা ডাকিল বহুতর॥ কৃষ্ণ কৃষ্ণ বলি মুখে, তৈলেতে পড়িল। সকল লোকেতে ইহা নয়নে দেখিল।। রকা করিলেন হরি এই স্বধ্বারে। ঔষধ না জানে কিছু, কহিন্ত তোমারে ॥ পাত্র বোলে তুইজন হৈল হরষিত। ঝাঁপ দিতে তৈলকুণ্ডে চলিল ছরিত॥ আমরা পাষ্ঠ বড় হিংসিমু বৈষ্ণবে। রাধিলে এ পাপ তকু এরকে ডুবিবে 🛭 এত বলি তৈলেতে পড়িল <u>হুই</u>জন। অধ্যার অঙ্গ ক্পার্শে এড়ার মরণ ॥

শব্ম পুরোহিত ল'য়ে রাজার কুমার। তৈল হৈতে উঠিলেন আনন্দ অপার 🛭 হরষিত হংসধবজ্ঞ পুত্র দরশনে । হৃৎস্ব। প্রণাম কৈল পিতার চরণে॥ তবে ছই পুরোহিত কহিল রাজারে। স্থৰ। সমান ভক্ত নাহিক সংসারে । বৈষ্ণৰ হিংসিয়া মোরা পাইন্যু যন্ত্রণা। শুন হংসধ্বজ বড় বৈষ্ণব স্বধ্যা॥ স্বধস্বা জিনিবে রণ ইথে নাহি আন। আনিয়া তোমারে দেখাইবে ভগবান ॥ পুরোহিত মুখে রাজা শুনিয়া বচন। স্বধ্যাকে তুষিলেন দিয়া আলিঙ্গন ॥ হেনকালে রাজরাণী কহে স্বধন্বারে। শুভক্ষণে তোমা আমি ধরিকু উদরে॥ শুন পুত্র শীব্র যাও করিবারে রগ। আনিয়া দেখাও মোরে কমললোচন॥ এত বলি রাজরাণী গেল নিজ্বরে। হরিষে হুধুখা যায় যুদ্ধ করিবারে॥ স্বধন্ব। সংগ্রাম করে হাতে ধন্মর্ববাণ। চঞ্চল পাগুব-দৈন্য নাহি ধরে টান ॥ তবে বৃষকেত্ব বীর কর্ণের তনয়। রথ আরোহিয়া আদে সমরে নির্ভয়॥ ধনুকে টক্ষার দিয়া প্রবেশিল রণে। যুদ্ধ আরম্ভিল তবে হুধম্বার সনে॥ বুষকেতৃ শত বাণ পুরিল সন্ধান। স্তথন্থা কাটিয়া তাহা কৈল খান খান॥ পঞ্চলত বাণ এড়ে রাজার নন্দন। বাণাঘাতে ব্রহকেড় হৈল অচেডন ॥ স্থধন্বা বিশ্ধয়ে তবে কর্পের নন্দনে। 🐇 আগু হৈল কামদেব ক্রোধ করি মনে॥ চেতন পাইয়া উঠে কর্ণের কুমার। ধকুক পাতিল বীর আদি পুনর্বার॥ স্থপ্রাকে ডাকিয়া বলিল ক্রোধমনে। আমার সহিত যুদ্ধ বিশ্ব অস্তঙ্গনে ॥ अ नरह क किंव्र धर्म अनह क्ष्मचा । আজি ভোমা বধি আমি রাখিব খোষুণা 🛭

এত বলি বুষকেত্ বাণবুষ্টি করে। নিবারে স্থান্থ। ভাষা চোঝ চোঝ দারে ॥ বুষকেতু রূ**থধন্জ**ুত্বধন্ব। কাটিল সারথির মা**থা কাটি ভূমেতে পাড়িল**॥ বাণ গুণ **ধকু ভার কাটিলেক শরে**। মারিল **সহত্র বাণ রুষকেতু বীরে ॥** ভঙ্গ দিয়া গেল তবে কর্পের নন্দন। প্রচাল আইল তবে করিবারে রণ॥ মহাক্রোধভরে বীর আইল সমরে। বাণাঘাতে পড়িল যতেক বীরবরে॥ তাহা দেখি হৃধস্বার ক্রোধ উপজিল। একবারে শতবাণ সন্ধান পুরিল ॥ প্রস্তামে বিদ্ধিল বীর করিয়া যতন। শোণিত ভূষিত তমু ক্লব্নিণী নন্দন # পুনঃ পুনঃ বিদ্ধে বাণ পুরিল আকর্ণ। বাণাঘাতে স্থখৰা যে হইল বিবৰ্ণ 🖫 🕝 স্থধন্ব। সহিত রণ কৈল বহুতর। কেহ পরাত্র নহে দোঁহাতে সোসর ॥ হেনমতে চুইজনে হইল সমর। কৃতবর্মা আইলেন ল'য়ে ধসুঃশর 🛭 স্থন্ধা সহিত রণ কৈল বহুতর। সহিতে না পারি যুদ্ধ হইল ফাঁপর॥ বাণাখাতে কৃতৰ্শ্মা পড়ে গিয়া দুরে। অমুশাব দৈত্য আর্সে যুদ্ধ করিবারে 🛭 ধশুক পাতিল হুধন্বার সন্নিধানে। আবরে আকাশ দোঁতে বাণ বরিষণে ॥ ডাক দিয়া অসুশাল্প বলে ক্রোধ বাণী। আজি শরাঘাতে তোর বধিব পরাণী ॥ ভয় পেয়ে দৈত্যেশ্বর হুধবার রণে। সহিতে না পারে বীর বাণের দক্ষানে ॥ পরশু পট্টিশ গদা এড়ে দৈত্যপতি। হ্মধন্ব। নিবারে ভাহা করিয়া শক্তি ॥ भिनीम्थ मृहीम्थ व्यक्तस्य वान । হুধর। উপরে দৈত্য-পূরিল সন্ধান ॥ নিবাররে রাজহুত বাপের ভাঘাতে। তাহা দেখি অমুশাহ ভীত হৈল চিতে।

স্থান্থ। করিল তবে বাণের সন্ধান। শরজালে দৈত্যের কাটিল ধসুর্ববাণ ॥ কাটিল রথের ঘোড়া সারথির মুগু। বাণ গুণ ধনু কাটি কৈল খণ্ড খণ্ড ॥ মারিল সহজ্র বাণ দৈত্যের উপরে। মূর্জ্য হৈয়া অসুশাল্ব পড়ে গিয়া দূরে॥ আগে হৈয়া যুবনাশ্ব পুত্রের সংহতি। বাণরৃষ্টি করে দৌহে যতেক শক্তি॥ স্থধন্বা নিবারে বাণ হাতে ধরি চাপ। বাণরৃষ্টি করিলেন হুর্জ্বয় প্রভাপ॥ হুধৰার বাণ যেন অগ্রির সমান। সহিতে না পারে রাজা কাতর পরাণ॥ স্থবেগ সাহস করি প্রবেশিল রণে। পিতা পুত্ৰে অচেতন স্থধনার বাণে 🛊 রথ হৈতে দূরেতে পড়িল চুইজন। সাত্যকি আইল তবে করিবারে রণ 🛚 সাত্যকি সহিত পরে যুঝয়ে স্থায়। ভয়েতে কাতর হয় পাণ্ডবের দেনা। যুকিতে নারিল কেহ হুধম্বার সাথে। পলায় পাশুব-দেনা ভয় পেয়ে চিতে 🛊 বিমুধ হইল ভবে যভ সেনাপতি। তাহা দেখি আইলেন পার্থ মহামতি॥ ধনপ্রয় ভাকিয়া বলে হুধন্বারে। ভঙ্গ দিল দৈশু মম তোমার সমরে ॥ পরাক্রম যত তব দেখিলাম আমি। সাহস করিয়া মম সঙ্গে যুঝ তুমি 🎚 रुथचा वर्णन अन वीत धनक्षत्र। ষুঝিব ভোষার সনে মম নাহি ভয় ॥ কিন্তু এক কথা আমি জিজ্ঞাসি ভোমারে। কুষ্ণেরে না দেখি কেন তব রথোপরে 🛚 সার্থি ভোষার রথে নাহি নারায়ণ। কেমনে করিবে ভূমি বম সহ রণ ॥ কুক্লকেত্ৰ যুদ্ধে ভূমি জিনিলে সৰায়। তব রথে সার্থি ছিলেন বছরার। এবে কুফ্টীন ভূমি কিলের লাগিয়া। নারিবে জিনিতে যুক্ত, বাওভ ফিরিয়া।

ভোমার প্রতিজ্ঞা আমি শুনি লোকমূথে। খাওব দাহন ভূমি করিলা কৌভুকে॥ কিরাত শক্ষর সঙ্গে করিলা সমর। ত্রিভূবনে বীর নাহি ভোমার সোসর 🛭 শুনহ অর্জ্বন ভোমায় করি নিবেদন কোন স্থানে কুষ্ণ বিনা জিলিয়াছ রণ দ সংগ্রাম জিনিয়া তব প্রকাশিল যশ। হারিলে আমার যুদ্ধে হবে অপ্যল ॥ যদি যুদ্ধ করিতে তোমার থাকে মন। আপনি সার্থি লহ দেব নারায়ণ॥ প্রধন্বার বচনে অর্জ্বন ক্রোধবান। গাণ্ডীব লইয়া হাতে পূরেন সন্ধান॥ আকর্ণ পুরিয়া মারিলেন স্থখারে। হংসধৰজ্ঞ হুত তাহা নিবারিল শরে॥ ক্রোধে বাণ মারিলেন রাজার নন্দন। বাণের উপর বাণ করে বরিষণ ॥ অৰ্জ্জনের বাণ রুপ্তি আকাশ ছাইল। বোরতর অন্ধকার করি আচ্ছাদিল ॥ ভয়েতে পলায় যত নৃপ-সেনাগণ। অর্জুনের বাণে কেহ নহে স্থির মন 🛚 গজবাজী রথ পড়ে গণিতে না পারি। क़िंधरत कर्मम कृमि एमरथ खग्न कति॥ অৰ্জ্জনের যুদ্ধ দেখি কম্পাবান দেনা। সাহস করিয়া যুদ্ধ করিছে হুধৰ।॥ কাটিল সকল অন্ত্র চক্ষুর নিমিষে। उधवा विक्रम (मधि व्यक्त क्षान्राम ॥ অধনা সাহস করি করিছে সংগ্রাম। অর্ক্সন উপরে অন্ত্র পড়ে অবিশ্রাম॥ অর্জনের রথ বীর করে নিরীকণ। শার্থি চালায় রথ নাহি নারায়ণ চ নুপত্তি-ভন্ম ভবে বিচারিল মনে। অর্জুনের সার্রথি কাটিলে এক বাণে ॥ তবে আসিবেন কুষ্ণ অর্জ্যুনের রথে। এত বলি দশ বাণ বুড়িল ছরিতে। হুধৰা এড়িল বাণ পুরিরা সন্ধান। गात्रचित्र याचा काछि देकन दूरेचान ॥

কর্জন অর্জন-তমু ভগরার বাণে। রথ নাহি চলে বীর যুঝেন কেমনে 🛭 হইলেন কাতর তথন ধনঞ্জয়। স্মরণ করিবামাত্র কুষ্ণের উদয় ॥ হৃধদ্বা দেখিল কুষ্ণ রথের উপর। ষোড়হস্ত হ'য়ে বীর নানা স্তুতি করে। আজি যে সফল হৈল আমার জীবন। একত্র দৈখিতু আজি নর নারায়ণ ॥ ব্রহ্মাদি দেবতা বাঁরে মা পায় দেখিতে। হেন কৃষ্ণ দেখিলাম **অর্জ্**নের রথে ॥ ধন্য হে অৰ্জ্ব ভূমি পাণ্ডুর নন্দন। স্মরণে আনিলে তুমি দেব নারায়ণ॥ চিরদিন যোগাসনে ভাবে যোগীগণ। বছ তপ করিয়া না পায় দরশন ॥ ্হন কুষ্ণ আইলেন স্মরণ করিতে। হস্তেতে পাঁচনী ধরি রথ চালাইতে॥ ধন্য হে অর্জ্জন তুমি পাণ্ডর কুমার। এ তিন ভুবনে নাহি তুলনা তোমার॥ এখন যুবিব আমি তোমার সংহতি। প্রতিজ্ঞা করহ তুমি পার্থ মহামতি । অর্জ্জুন বলেন তোমা পরাজিব রণে। প্রতিজ্ঞা করিমু আমি কুষ্ণ বিশ্বমানে ॥ স্থান্থা বলেন শুন বীর ধনপ্রয়। আমি তব তিন বাণ কাটিব নিশ্চর ॥ কাটিয়া ভোমার বাণ ফেলিব ভূমিতে। সত্য করি কহিলাম ক্লফের সাক্ষাতে । ত্বধন্বার বচন শুনিয়া নারায়ণ। প্ৰবোধ করিয়া পার্ষে কছেন তখন। এমত প্রতিজ্ঞা ভূমি কর কি কারণ। এমত প্রতিজ্ঞা কন্দু না হয় শোভদ ॥ क्षमा रेक्कव वर्ष्ट्र स्थल धनक्षम् । কাটিবে ভোষার অস্ত্র কহিন্দু নিশ্চর 🖁 তিনবাণে অধ্বাকে কাটিবে কেমনে। তৃণ তুল্য নহ তুমি হুধৰার রূপে ॥ মহাবলবন্ত হংসধ্বজের নন্দন ৷ শুন স্থা প্রতিক্তা করিলে কি কারণ ॥

অৰ্জ্যন বলেন ক্লুফা জুমি যায় সাথ। কখন' কি হয় তার প্রতিজ্ঞা ব্যাহাত। কখন প্ৰতিজ্ঞা সম ৰাৰ্থ নাহি হয় ৷ তোষার প্রদাদে রম সর্বতেতে জয় 🛊 ঈধৎ হাদেন হব্নি অৰ্জ্বনের বোলে। অধন্ব। ধসুক হাতে নিল সেইকালে ॥ অৰ্জ্বন গাণ্ডীব ধরিলেন হুন্টমনে। সাহস করিয়া যুদ্ধ করে তুইজনে # স্থায়। যতেক বাণ পুরিল সন্ধান। বাণেতে অৰ্জ্ন করিলেন খান খান # অৰ্জ্বন এড়েন বাণ স্থধৰ। উপরে। নুপতি-তনম তাহ' নিবারিল শরে॥ হেনমতে দোঁহে যুদ্ধ করিলেন নানা। দেবাস্তরে দিতে নাহি তাহার তুলনা অগ্নিবাণ হুধন্ব। করিল অবতার। वात्रनाट्य निवात्रिम हैटलंत क्यांत्र ॥ যুড়িল বায়ব্য অন্ত্র পাণ্ডুর কুমার। পর্বতান্ত্রে ছখ্যা করিলেন সংহার 🛚 দোঁতে মহাবলবস্ত বিক্রমে বিশাল। তুইজনে যুবে থেন প্রলয়ের কাল। কোপেতে ছখৰ। দিব্য অন্ত্ৰ নিল হাতে। আকর্ণ পুরিয়া মারে অর্জ্জনের মাথে ম বাণাঘাতে হইলেন অর্জন ফাঁপর। পড়িলেন কুষ্ণ কোলে হইয়া কাতর 🛭 ্হাত বুলায়েন হরি পার্থের শরীরে। প্রায় দুর করিয়া নিলেন ধকু করে ॥ অৰ্জ্ন মারেন বাণ দিয়া ভ্তকার। प्रभारवाजन शांकू देश्य वाकाव क्रुमांत ॥ কতকণে অধৰা আইল পুনৰ্বার। মহাক্রোধে বাণ মারে অর্জন উপর ॥ সেই বাণে রথ গেল উভয় থোজন। ८५थिया करून कुरक পश्चित्र नलन ॥ হে কৃষ্ণ দেখিয়া কি করিলা নিরূপ**ণ**। ছোঁহ। মধ্যে বলবান হয় কোন্ জন। হাসিয়া অৰ্জুন বাক্যে কছেন জীহরি। তোমা হৈতে স্বধ্যারে সামি ব্যাঞ্চা করি

আৰি রখে বিশক্তর ধাকে হসুমান। আমা দোঁতে ঠেলি গেল উভয় বোজন ॥ আমি নামি রথ হৈতে দেখ বীরবর। কিমতে রাধহ রথ আমার গোচর 🛭 এত বলি নামিলেন হরি বিশস্কর। মারিলেম জেলাখে বাণ রাজার কুমার ॥ সেই বাণে রথ গেল চল্লিশ যোজন r দেখিয়া বিশ্বয় মানে শর্কানের মন ॥ কতক্ষণে আইলেন ইন্দের নন্দন। কহিলেন বন্দি প্রভু কমললোচন ॥ তোমার মায়ায় মুগ্ধ আছে সর্বজন। ভোমার মহিমা প্রস্থ জানে কোন্ জন है অনেক সঙ্কটে প্রভু ক'রেছ তারণ। এবার করহ রক্ষা শ্রীমধুসুদন 🕸 মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কৰে শুনে পুণ্যবান।

অধ্বার মুওছেন এ মুও প্ররাগে নিকেপ ! জন্মেজয় জিজ্ঞাসিল মুনিবর স্থানে। কহিল বৈশম্পান্তন ন্নাজা বিভাগানে ॥ শেলপাট হাতে নিয়া পাণ্ডুর কুমার। স্থখারে মারিলেন দিয়া **ভ্**ভকার ॥ छथ्या काष्टिम (भग निया मण जेत । অর্চ্ছন চিন্তিত তবে দেখিয়া সমর ॥ স্থধবারে জিনিতে নারিল ধনঞ্জয়। তিন বাণ লইলেন হইরা নির্ভন্ন ॥ সন্ধান করেন পার্থ ধকুকের গুণে। স্থম্বা দেখিয়া তাহা ভীত হৈল মনে॥ অৰ্জ্যুন বলেন ভূমি ভাত অকারণ। মরিবে আমার বাণে নাহি পরিজ্ঞাণ। ত্বধন্ব। বলেন মুম যদি ভাগ্য থাকে। শিরীর ত্যক্তিব আমি ক্লফের সন্মুখে। **हित्रमिन गांध प्लाहक कुक मन्नभरन**। দেখিত সে নারায়ণ আপন নমনে গ কতিয় প্রধান কর্ম সমূপ সংগ্রাম। মরিলে গাইৰ আরি জনমা নির্কাশ

কাটিৰ তোমাৰ্ক ৰাণ শুন ধনপ্ৰয়। রাথিতে না পালিকেন হরি দ্যাময় **॥** এত যদি অধনা করিল অহন্বার। কোপে বাৰ অভিলেন পাণুর কুমার ॥ व्यनस्थित छत्र देश हक्ष्मा ध्रुषी। বাণ দেখি স্থখ্যা জপিছে চক্রপাণি ! ত্তকার দিয়া বাণ এতেন অর্জন। তথৰা সে ভিন বাণ কাটে সেইকণ 🛚 তাহা দেখি পার্থে পাইলেন অপমান। হেঁটমাথা করিলেন বার্থ দেখি বাণ 🛭 মনোহর রুঞ্জীলা কে বুঝিতে পারে। ভূমিতে পড়িয়া বাণ **উঠিল সহ**রে ॥ মহাবেগে অর্দ্ধশর শীঘ্রগতি যার। ভগ্ৰবাণ স্থম্বাকে কাটিয়া ফেলায় 🛭 মহাশব্দে হাহাকার করে সেনাগণে। পড়িল হুখন্থা বীর অর্জুনের বাণে 🛭 অর্জন কাটিল বদি অধ্যার মাথা। কাটামুগু ডাকি মলে প্রাণক্ষ কোথা।। বিষ্ণু অনুগত সেই হুধৰা বৈষ্ণব। হাসিয়া ভাছার ভেজ নিলেন মাধব ম স্থধৰা হইল লিপ্ত কৃষ্ণ কলেবরে। তাহা দেখি পার্থ বীর বিশ্ময় অন্তরে ৷ হরি পদতলে তার পড়িলেক শির। সেই শির হত্তে লইলেন যত্রবীর ॥ ভক্তের মন্তক দেখি দয়া হৈল মনে। গক্ততেরে নারায়ণ ডাকেন তথনে # বিনতা-নন্দন রহে ধোড়হাত হৈয়া। কহিলেন ভাঁৱে হরি ঈষৎ হাসিয়া॥ অধ্যার মুগু ল'য়ে চলহ সম্বরে। ফেলাইয়া এদ মুগু প্রয়াগের নারে॥ প্রয়াগ পৰিত্র হবে মস্তক পরশে। শুনহ গরুভ সাহ আমার আলেশে পাইয়া হরির আজা কশ্যপনন্দন অধ্যার শির ল'রে করিল পদন। হিমালয়ে থাকিছা দেখেন পশুপৰি

ওনহ ব্ৰভ তৃষি আমার বচন। গরুড়ের স্থানে তুমি করহ গমন 🛭 হুধছার মুগু ভূমি আনহ সহরে। ফেলিতে না পারে যেন প্রয়াগের নীরে 🛭 তাহা শুনি শক্ষরে বলেন ভগবতী। আনিতে নারিবে মুগু রুষ অক্সমতি ॥ গরুড়ের স্থানে মুগু কে আনিতে পারে। অপমান পাবে প্রভু কহিন্দু ভোমারে॥ প্রয়াগে ফেলিতে আজ্ঞা দিলেন জীহরি। রুষভ অশক্ত হবে আনিতে না পারি ॥ শিবের হইল জোধ শিবার মচনে। ছরায় রুষভ গেল গরুড়ের স্থানে॥ বিনতানন্দন জিজ্ঞাগিল রুষভেরে। শিবের বাহন তুমি যাবে কোথাকারে 🛚 ব্রষভ বলিল শুন বিনতানন্দন। স্থ্যার মুণ্ডেতে শিবের প্রয়ো**জ**ন ॥ পাঠাইল মহাদেব মস্তক লইভে। এই হেতু **আইলাম তোমার সাক্ষাতে**॥ গরুড় বলিল মুগু দিতে নাহি পারি। প্রয়াগে ফেলিতে মুগু কহিলেন হরি 🛭 ভার বাক্য লজ্বিবারে আমি নাহি পারি। প্রয়াগে ফেলিব যুগু শুন সত্য করি॥ ব্রষভ বলিল মুগু নারিবা ফেলিডে। মুধবার মুগু আমি লৈব বলেতে **॥** হাসিয়া গরুড় বলে নাহি তোর লাজ। শুন নাহি শিবমুখে আমি পক্ষীরাজ 🛭 গরুড়ের বাক্যে ব্রয়ন্ডের ক্রোধ হৈল। মস্তক কারণ দোঁহে যুদ্ধ উপজিলু। পক্লড়ের সনে ব্রঘ বুবিতে নারিয়া।" ভাবিতে লাগিল রুষ পরাভব পাইয়া। পাৰসাটে বৈনতেয় কেলাইল ভাৱে। রুষভ পড়িল পিয়া শিবের সোচরে। **অচেতন ব্রুঘন্ডেরে দেখিরা ভবানী**। মুখে জল দিয়া তার সাখিল পরাশী শহরে কংকে জোগে গেনী গুলবন্ধী

বিষ্ণুর বাহন পক্ষী কহাবল থারে। র্ষভ পাঠাও ভূমি মুও আনিবারে। (भोतीत कार्म खुन्द रोज भनायत। নন্দীকে বলেন ভূমি যাহত সত্তর 🛭 পক্লড়ে জিনিয়া মুগু আনিবে সন্থরে। হিমালয় নৃশিনী আমাকে ভুচ্ছ করে 🖁 এত বলি খুল দেন দেব পঞ্চানন। নন্দী মহাবীর তবে করিল গমন ॥ গরুম্ভ দেখিয়া ভবে শিবের কিঙ্কর। মহাবলবান নন্দী শিবের সোদর 🛭 ইহা দেখি পক্ষীরাজ আকাশে উঠিল। র্দেখিয়া শিবের দূতে ভয় উপজিল। গরুড় ফেলিল মুগু প্রয়াগের জলে। হাত পাতি নন্দী মুগু ধরিল দে কালে। আনিয়া মন্তক দিল শঙ্করের হাতে। তাৰা দেখি পাৰ্ববৰ্তী বহিল হেঁটমাথে 🛭 স্থৰার মন্তক পাইয়া শুলপাণি। মালাতে হৃমের করিলেন মহাজ্ঞানী॥ শুন রাজা জন্মেজয় কহিন্দু তোমারে। স্থয়া নিপত হৈল অর্জ্বনের শরে॥ **इरम्भतक क्शिन अ मद दिवद्र**ण। কোথার প্রথম্ব। বলি করুরে রোদন 🛊 পিতার ক্রেন্সন দেখি হুরণ সম্বরে। যোড়হাতে বলিলেন পিতার গোচরে॥ ভন পিতা আঁর তুমি না কর জ্বন্দন। আমি তোমা আনিয়া দেখাক নারায়ণ। সেনাগণ ল'য়ে বীর প্রবেশিল রূপে। কামদেব আইল করিয়া বীরপণে।। যুবনাক অকুলাক নীলধাক রায়। ব্যক্তে মেঘবর্ণ শীজগতি ধার 🛚 च्यत्र छेल्ट्र मध्य वित्रक्ष वान । নিবারত্তে ভূপতি তলৰ সাৰধান এ হুরথ সংগ্রাম করে ভর নাহি মনে। শরীর **প্রায়ে**র হৈন্দ বাণ বরিষণে । যোধ প্ৰেক্ত কামদেব বাদের কামাতে। 🐃 मात्रपि सारेका प्रश्नामा पश्चिम है। के 5 ज

রুষকেতু বীদ্ধে আৰু পাত বাণ। ভঙ্গ দিল বুৰকেতু লইয়া পারাণ 🖫 মহাতারতের কথা অয়ত সমা**ন**। কাশীরাস দাশ করে ওনে পুণ্যবান ॥

ত্মধের মুদ্ধ এবং হংসধ্যক রাজার:ক্রক বর্ণন। क्राच्यम विशासन अन मूनिशन। অপূর্ব্ব ভারত-কথা শুনিতে হুন্দর। তুই বাণে যুবনাশ হৈল হতজান। র্থ ল'য়ে সার্থি হইল পাছ্য়ান॥ স্তবেগে বিশ্বিল বীর ষষ্টি গোটা বাণে। **छक्र मिन रेमग्रग्श छत्र रशरत मर्न ॥** সৈয়া ভঙ্গ দেখিয়া কুপিত ধনপ্পয়। किञ्जारमन नाजाग्ररण कित्रमा विनम् ॥ সংগ্রাম করিতে আদে কোন্ মহার্থী ৷ দৈন্য ভঙ্গ দিল মম যত দেনাপতি । স্থরও উহার নাম বড় বলবান। সংগ্রামে না হয় কেছ উহার সমান **৷** অৰ্জুন বলেন রথ চালাও প্রীহরি। আজি হুরপেরে পাঠাইব ধমপুরী ॥ পার্থে দেখি হুরথ করয়ে অংকার। পড়িলে আমার হাতে নাহিক নিন্তার ॥ ञ्तरथत्र वहरन व्यवस्त तुम्ब रेश्म । এক শত বাণ বীর ধনুকে যুড়িল 🖁 মারেন আকর্ণ পূরি স্তরণ উপরে। ভূপতি ভনম তাগ নিবারিল শরে ৷ তবেত সুরুপ হংসধব*্*কর কোঙর। ভ্রমারে এড়িল মন্ত্র অ**র্জ্**ন উপর ॥ লুপ্ত হৈল রবিকর সব পদ্ধকার! দিব্য অস্ত্রে সংগ্রাম করন্তে বার বার গ কিনিতে না পালে যুদ্ধ হয়ত চিন্তিত। চঞ্চল নয়ন বীর দৃষ্টি চারিভিত । কপিথাক রখগান দেখিয়া সম্পূর্বে । প্তই হাতে সাগটিয়া ধরিক ভাষাকে । **जाशिक कुलिक क्षक जिल्ल वाङ्वरण**। (क्यारेशा विका कारक मस्टार

তাহা দেখি ঈষৎ হানিয়া পদাধর। বিশ্বস্তর মৃতি ক্ইলেন রথোপর # তুলিতে নারিল রথ ভূমিতে পাড়িল। जाननाम न्राप्य निमा ज्यादबार्य टेकन ॥ স্থ্রথের বিজ্ঞা দেখিয়া ধনঞ্জর। গাণ্ডীৰ নিলেন বীর অত্যন্ত নির্ভয় ॥ অৰ্জ্বন এড়েন-বাণ পুরিষা সন্ধান। স্বথের মাগ্রা কাটি করে গ্রহ খান। পড়ি**ল হুরথ হংশধ্যকের নন্দন**। যুগু ল'য়ে শিবদূত করিল গমন ॥ বৈষ্ণবের মৃগু বলি নিলেন শঙ্কর॥ স্থরও পড়িল বার্তা পায় নৃপবর 🛭 পুত্রশোকে হংসধ্বন্ধ করয়ে রোদন। প্রবোধ করেন পাত্র মিত্র সর্বজন॥ কেমনে দেখিব হরি বল না আমারে। পাত্র **বলে মহারাজ চলহ সত্তর** । রথ পদাতিক ল'য়ে করহ গমন। অর্জ্জুনের সার্থি দেখিব নারায়ণ # আপনি যভের খোড়া লহ নরপতি। হরির সম্মুখে রাখি করহ প্রণতি । নানা উপহার ল'য়ে চলে নরপতি। দূত গিয়া শ্রীহরিরে করেন ভারতী 🛚 অশ্ব ল'য়ে আদে হংসংহজ নরবর। শরণ লইবে তব শুন গদাধর॥ নুপতির অভিপ্রায় বুঝি যতুবর। বারণ করেন পার্থে করিতে সমর 🛭 ংহনমতে **হংস্থবঙ্গ আইল ছ**রিতে। দেখিলেন নারায়ণে অর্জ্জনের রথে ॥ শব্দ চক্রে পদাপদ্ম চতুত্ব কলীলা। মকর কুণ্ডল কর্পে গলে বনমালা 🛚 নবজলধর জিনি 🕮 শঙ্গের পাত। । দক্ষিণ বামেতে লক্ষা সরস্বতী লোভা পারিষদগণ ভারে সক্ষেত্তে দেখিক 🗀 🚈 রথ হৈতে হংসাধান কুমেতে নামিল 🛊 🖰 🦠 यसे एक श्रेमा कति श्रीकृत कृत्मका भारिकाहास्य हात्रा जानिक हार्यस्य केन क

যোড়হন্ত হ'রে রাজা করিল ভবন। ভূমি ব্ৰহ্মা ভূমি বিষ্ণু ভূমি ত্ৰিলোচন ॥ কুবের বরুণ ভূমি দেব পুরুষর। ভূমি চক্ত ভূমি সূর্য্য ভূমি বৈখানর ॥ তুমি স্বৰ্গ তুমি মৰ্ত্তা তুমি দিবারাতি। সলিল সাগর ভূমি সর্ব্ব অব্যাহতি 🛭 তা সবার **মূল ভূ**মি দেব নারায়ণ। তোমাতেই সর্ব্ব সৃষ্টি লভিল জনম 🕫 অপার মহিমা তব কেহ নাহি জানে। বলিতে না পারে ব্রহ্মা সহস্র বদনে ॥ আমার মনেতে প্রস্থু এই ছিল সাধ। অৰ্জ্জুন সহিত তোমা দেখি কালাচাঁদ 🖡 . সে সাধ সম্পূর্ণ আজি হইল আমার । দ্যাম্য দ্যা করি করহ নিস্তার॥ ধন্য ধনপ্রশ্ন বীর পাপুর নন্দন। যার রথে আছ তুমি ব্রহ্ম সনাতন ॥ नक्न सनम मम रेहन अउपितन। দেখিকু ভোষার রূপ আপন নয়নে॥ এত বলি হংসদান্ত ন্তবন করিলে। ভক্তপ্রিয় হরি তারে করিলেন কোলে ॥ হরির প্রদাদ পেয়ে হখী নরপতি। অর্জ্ব-চরণে রাজা করিল প্রণতি 🛊 আলিঙ্গনে রাজারে তোষেন ধনঞ্জয়। হেনকালে অমুচরে আনিলেক হয়। হংসধ্বক বলিলেন পাণ্ডুর নন্দন ॥ ছোড়া ধরিলাম দে:খবারে নারায়ণ । পূর্ণ হৈল অভিনাধ হরিকে দেখিয়া। শুন অৰ্জ্ব কৃমি যাহ অশ্ব লৈয়া দ কিন্তু এক ভিকা আমি মাগিছে ভোমারে। আজি তুমি বিজ্ঞান করছ সম পুরে 📭 অনুমতি দেন পার্থ রাজার বচনে 🔻 कुक म'रम (भग बाक। निक निर्क छरत # স্বাহ্মৰে নুপতি দোৰণ নামায়ৰে 🗐 😁 याजक सामना देशन ना यांच निश्रास यथारबाभा भागारत कुमिन नवास्त्राहरू again a gain an a shift as a

বিজয় পাওৰ কথা জয়ত সহরী। কাশীরাম দাস কৰে তরি ভববারি।

ৰজ্ঞানের ব্যান্তর্গ হ'লনের বিবরণ। জন্মেক্স বলিলেন শুন তপোধন শুনিলাম হংসধ্যক রাজার কথন। বিবরিয়া কহ শুনি মুনি মহাশয় ৷ বোডা সঙ্গে কোথার গেলেন ধনপ্রয়। ্মুনি বলৈ অখ গিয়া প্রবেশিল বনে। হরষিতে যান হরি অর্জনের সনে॥ বনের ভিতরে পাছে দিব্য সরোবর। চারিদিকে পুল্পোম্থান দেখিতে ফুলর । রামরম্ভা আছে কত সরোবর তটে। দৈবযোগে অশ্ববর গেল সেই খাটে 🛭 কল পরশিয়া অশ্ব ঘোটকী হইল। তাহা দেখি অর্জনের ভয় উপজিল। খোড়ীরূপী হ'য়ে অশ্ব চলিল সহরে। যতনে পাণ্ডৰ দৈশ্য রাখিতে না পারে॥ আপনার মনে যোডী চলে যেইখানে। খোড়ী বেডি সৈত্যগণ যার হুক্টমনে । ঘোড়ী রূপ হয়ে অশ্ব সম্বয়ে চলিল। দৈবযোগে এক হ্রদ সম্মুখে দেখিল। ব্যাজ্ররূপ হৈল তার জ্বল পরশিয়া। তাহা দেখি বহে পার্থ অধােমুখ হৈয়া। গোবিক্ষ বলেন স্থা চিন্তা কর কেন। এখনি পাইবে তত্ত সুনি বিজ্ঞান #. পাইবে ইহার তত্ত্ব মনিবর স্থানে। ব্যন্তব্ৰপ হ'ল ইহা কিলের কারণে 🛭 কৌভিন্ত নামেতে যুনি আছে সেই স্থানে। भवनावासन यान सूनि विक्रमारन ॥ সুত্রির চরণে লোঁছে করেন প্রাণাম। আশ্বর্ধান করিলেন বুলি শুণধাম ঃ তবে হরি কহিলেন শুন তপোধন। আসিলাম তব স্থানে আঙে প্রবেশন। অধ্যেক ব্যক্ত করিলেন যাধ্যির ব STATE OF THE STATE

रिलटन अरे नरेन रचाका आरम कतिन। জল পরশিরা অশ্ব ভরগী হইল ঃ কার অভিশাপ ছিল এই সরোবরে। পূৰ্বকথা মহামূনি জিজ্ঞাসি ভোষারে ॥ জিজাসিল নারায়ণ কৌভিল্য মুনিরে। যুনি বলে পূৰ্ব্ব কথা কহিব ভোষারে॥ কৌণ্ডিন্স বলেন শুন দেবনারায়ণ। তুমি শ্রোভা আমি বক্তা এ নহে শোভন ॥ তবে যদি জানিয়া জিজ্ঞাসা কর তুমি। সরোবর বিবরণ শুন কহি আমি 🛭 বড় রম্য এই স্থান দেখিয়া পার্ববতী। তপক্তা করিল আরাধিতে পশুপতি॥ তপক্তা করেন গৌরী সরোবর তীরে ৷ সমাধি করিয়া মনে ভাবেন শঙ্করে॥ হেনকালে এক দৈত্য তথায় আইল। দেখিয়া গৌরীর রূপ মুর্জিত হইল ॥ কামে মন্ত হৈল পাপী অভয়া দেখিয়া: যায় ধরিবারে দৈত্য বাহু প্রদারিয়া। বুঝিয়া ভাহার মন নপেজ্র-নন্দিনী। তপ ভঙ্গ হেডু দেন অভিশাপ বাণী॥ পুরুষ হইয়া যে আসিবে সরোবরে। নারীরূপ সেই হবে শাপিলেন তারে নারীরূপ হৈল ভবে পার্বজীর শাপে। ঘরে নাহি গেল দৈত্য সেই মনস্তাপে। সরোবরে অভিশাপ দিলেন ভবানী। পুরুষ হইবে নারী পরশিলে পানি॥ শাপান্ত না জানি শুন হরি মহাশয়। প্রতিকার ইহার করিবে দ্যাময়। তবে কৃষ্ণ কহিলেন শুন-মহাধুনি। **খার এক কথা তোসা কিন্তাসি** যে আমি । [‡] খোড়ীরূপ হ'রে খোড়া চলিল সন্ধরে। জলপান হেছু প্রবেশিল সরোবরে॥ ব্যাত্ররূপ হৈল তার জল পরসিয়া। কারণ বিজ্ঞাসি আমি কঃ বিবরিয়া I क्लेकिक बाह्मन बन्नि वाटका एक मन करिन द्रमान्यात् अस्ति स्थार्ग महन्।

बिक्रामन नार्ष मूर्नि दिन कर बदन । তার কথা কহি সামি তব বিভয়ানে ॥ তীর্থ করি দে মুনি পাইল বড় ক্লেণ। চির্দিন পরে আইলেন নিজ দেশ॥ স্নানের কারণে মুনি হ্রদে প্রবেশিল। স্নানাদি তর্পন দেই জলেতে করিল। হেনকালে এক দৈত্য তথাতে আদিল। ভয়ক্ষর বেশ ধরি মুনিকে ধরিল ॥ দৈত্যের দেখিয়া মুর্ভি মুনি বলে তারে। ব্যান্তরূপ দৈত্য হও শাপিত্ব ভোমারে ॥ মুনিশাপে দেই দৈত্য ব্যন্তরূপ হয়। শুনহ ঐহিরি এই হ্রদের বিষয়॥ অভিশাপ হ্রদকে দিলেন মহামুনি। ব্যাঘ্ররূপ হবে তোর পরশিলে পানি ॥ শাপান্ত নাহিক জানি শুন চক্রপাণি। তুমি পরশিলে ঘোড়া হইবে এখনি ॥ শুন মহাশয় তুমি জগৎ ঈথর। যাহা জানি কহিলাম তোমার গোচর ॥ ব্যান্ত্রপরণি যে আমি তোমার কনে। ব্রাহ্মণের অভিশাপ ঘুচায় ব্রাহ্মণে ॥ এত বলি ৰ্যান্ত্রে পরশিল গদাধর। বাাঘ্ৰরূপ ত্যজি অশ্ব হইল সম্বর ॥ প্রণমিয়া মুনিকে চলেন ছুইজন। व्यक्त्रात्र कहिलान (पर नात्राग्रन ॥ অশ্ব রাখিবার হেতু ভ্রম চরাচর। আমি শীঘগতি ঘাই হস্তিনানগর॥ সঙ্কট হুইলৈ আমা করিও স্মরণ। এত বলি বিদায় হলেন নারায়ণ ॥ ভ্রমণ করয়ে **ঘোড়া আপনার হুথে।** শৰ্ব দৈয় সঙ্গে পাৰ্থ চলিল কৌতুকে #

প্রমানার দেশে অর্জুনের পমন ও প্রমানার কথা। বলেন বৈশম্পায়ন শুন জন্মেজয়। প্রমানার দেশে পেল পাশুবের হয়। মহাবনে আছারে প্রমানা নামে নারী। প্রমিটি ছাইছে সক্ষে সাফ্টে সক্ষ্মারি।

শার কত রমণী বিরাজে তার পাশে। পুরুষ নাহিক তাহে কহিন্দু বিশেষে 🛭 অমিতে জমিতে খোড়া গেল তার পুরে। ধরি**ল রমণী স**ব পাইয়া খোড়ারে ॥ ৰহা বলবতী তারা শুন নরপতি। ধরিল যজের ঘোড়া করিয়া শক্তি ॥ প্রমীলার বাক্যে খোড়া রাখিল বান্ধিয়া। প্রবেশ করেন পুরে পার্থ পাছু গিয়া 🖰 বনিতা ধরিল ঘোড়া শুনিয়া প্রবণে। পাণ্ডুর নন্দন ভীত হইলেন মনে ॥ পুরে প্রবেশিয়া দেখে বহু কন্যাগণ। বিমান দেখেন কত তুরগ বারণ॥ অৰ্জ্বৰ প্ৰস্থৃতি মনে ভাবেন বিষাদ : এমন না দেখি কতু হইল প্রমাদ 🛦 रपाड़। नारि सिथि পথে চৌদিকে द्रमगै পুরুষ না দেখি পথে অমঙ্গল গণি॥ অবলা প্রবলা হ'য়ে ধরে ধসুঃশর। কি বুঝি ইহার সঙ্গে করিব সমর॥ প্রহ্যন্ন বলেন ঘোড়া আইল সন্ধটে। যুদ্ধে কাৰ্য্য নাহি চল প্ৰমীলা নিকটে। অবলা সহিত রণ এ বড় নিশ্দিত। লইব যজের ঘোড়া করিয়া সম্প্রীত ॥ প্রত্যন্ত্রের বচন শুনিয়া ধনপ্রয়। প্রবেশ করেন পুরে মনে পেয়ে ভয় 🛚 বুষকেতু বীর দিল ধুসুকে টক্ষার। তা শুনি বনিতাগণে মানন্দ অপার॥ অর্জ্জুনের ভর উপজিল তা শুনিয়া। যুদ্ধ না করিব বলি বলেন ডাকিয়া। প্রয়োজন স্থাছে যম প্রমীলার সনে। তাহা শুনি নিব্নত হইল নারীগণে ॥ যুবতীপণের চিত্তে ব্যক্তিল মদন। সম্মুধে আছেন কাম 🕮 রেরনন্দন ॥ লাবণ্য ৰটাক হাস্ত করে কোন স্থন ধাইয়া প্ৰমীলা অত্যে কৰিছে ৰচন 🛚 অৰ্জন আইল হেখা অবের কারণে। क्षापि ठाकुमाने हम प्रस्ति हैं।

अभीना जन्मल देशन मानीत कार्ज । শীপনি সাজিয়া চলে অৰ্জুনের স্থানে। স্থানে পাত্র অর্থ্য নইয়া হক্ষরী। অর্জুন সম্মুখে ভাসে নানা বেশ করি। শ্রমীলা প্রণাম করে কর্জুন চরণে। পান্ত অৰ্ঘ্য লইমা দাণ্ডায় বিভাষানে ॥ প্রত্মিনী সমান রূপ দেখি ধনঞ্জয়। ব**লিতে বলেন তারে পেয়ে মনে ভ**য়॥ প্রামীলা বসিল সঙ্গে লইয়া পদ্মিনী। ক্তিভাসেন ধনগুর অভিপ্রায় বাণী॥ 📆 নহ প্রমীলা আমি জিজ্ঞাসি তোমারে। পুরুষ না দেখি কেন ভোমার নগরে ॥ স্ত্রকল হুন্দরী দেখি ভয় পাই মনে। তোমারে ক্রিজ্ঞাসি আমি এই সে কারণে॥ প্রমীলা বলিল শুন পাণ্ডর নন্দন। ছাগ্যে আমি পাইলাম তব দরশন 🛭 প্রসন্ম আমার চিন্ত তব দরশনে। ্দুর হবে মনন্তাপ তোমার মিলনে॥ শুর্বকথা কহি আমি তোমার গোচরে। রুমণী হইন্ম মোরা ধেমন প্রকারে **॥** দিলীপ নামেতে রাজা সর্ব্ব ভূমিপতি। স্ভন হে কিরীটি আমি তাহার সম্ভতি ॥ দৈবেতে আইসু আমি মুগয়া করিতে। এই বনে উপস্থিত জনকের সাথে॥ শাৰ্মৰতী সহিত শিব ছিলেন এ বনে। **ৰিহায় করেন দোঁতে আনন্দিত মনে 🛚** क्ष्मकाटन क्रमटकटत्र (मिथ्रटनन शोती। জোপেতে দিলেন শাপ লজ্জা মনে করি। क्ष व्यक्त रुख यामात्र वहरन । ৰিছে। হইটা মবে থাক এই বনে 🛭 প্ৰাৰ্থ দেবীৰ বাক্য না হয় লডবন। ক্ষিত্ৰ বনিভারপ হইসু তথন। বিশ্বিতীয় বরে কারে ভয় নাহি করি। ত্তি অন্ত কেহ না আইলে সম পুরী। ক্রি ভোমার বোড়া সামার নগরে। स्वाद दिनि पत्रिम जाकारकः।

गायिता अधिन (पाफ्रा कविशायिकन) ना चाक् अस्तरम चात्र शासूत्र नमन ॥ পদ্মিনী সহিত আমি ভজিব তোষারে। সংহতি করিয়া পার্থ ল'য়ে চল মোরে॥ কুষ্ণদুখা হেডু সে স্বার প্রিয় ভূমি। বিবাহ করহ আমা বলিলাম আমি 🛭 ক্রিরীটি বলেন শুন প্রমীলা ফলরী। এখন বিবাহ ভোমা করিতে না পারি ॥ যজ্ঞ হেতু যুধিষ্ঠির হইয়াছে ত্রতী। অশ্ব সঙ্গে আমি বেড়াইব বস্থমতী 🛭 হস্তিনানগরে যাহ সকল স্থন্দরী। পুরাব তোমার আশা যজ্ঞ সাঙ্গ করি॥ কিরীটির কনে প্রমীশা প্রীতি পায়। সকল হুন্দরী মিলি গেল হস্তিনায় 🛭 মুক্ত হ'রে যজ্ঞ ঘোড়া যায় বনে বনে। সৈন্য সহ কিরীটি চলেন অশ্ব সনে ॥ জন্মেজয় বলিলেন শুন তপোধন। অমুত সমান এই ভারত কথন ॥ তোমার হৃন্দর মুখ পদ্মের সমান। তাহে কত মধু ঝরে নাহি পরিমাণ॥ পান করি ভৃষণ দূর না হয় আমার। কহ কহ মহামুনি করিয়া বিস্তার ॥ বলেন বৈশম্পায়ন শুন জন্মেজয়। বুক্ষদেশে প্রবেশিল পাগুবের হয়॥ বুক্ষ নামে সেই দেশ মহাভয়ক্ষর। ভীষণ নামেতে তথা আছে নিশাচর। ত্রিকোটি রাক্ষদ আছে তাহার সংহতি। দেবতা প্রদ্ধর্বে লোকে নাহি করে ভীতি॥ হরগোরী বরে সেই মহাবলবান। অমর অহ্বরগণে করে তৃণজ্ঞান।। অক্লণ উদয়কালে যত বৃক্ষগণে। স্থাসিত পুষ্প তাহে হয় দিনে দিনে ॥ মধ্যাক্ত সময় নররূপ ফল ধরে। আনন্দে রাক্সগণ ভাষা ভোগ করে 🛭 তাহা দেখি বিশ্বয় সানেল ধনপ্লয় क्षांत्रीका एक स्थापना प्रकार के

कामरमव इयटक कु चानि बोबनरन। চমকিত হন সবে সাক্ষ্য দৰ্শনে ॥ যোড়হত্তে ভীষণ জিজাসে সমাচার। কি কারণে আগমন হইল ভোমার॥ পুরোহিত বলে শুন রাক্ষসের পতি। আজি বড় হৈল মম আনন্দিত মতি॥ শ্মরণ হইল এক অপূর্বব কথন। অখ্যমেধ যত্ত কৈল রাজা দশানন 🛊 তাহাতে মনুষ্য মাংদ খাইনু বিস্তর। ন্ত্রী পুত্রাদি সবাকার পুরিল উদর॥ তুমিহ করহ আজি যজ্ঞ নরমেধ। তোমার প্রসাদে যুচে নরমাংস খেদ॥ लस्यानती निभावती मन्यूर्य रन्थिन। ভীষণ রাক্ষ্য তারে পাঠাইয়া দিল ॥ নরবেশে যাহ তুমি সৈন্সের ভিতরে। জেনে এদ কেবা প্রবেশিল মম পুরে ॥ ভীষণের আঁক্তা পেয়ে হইল মাসুষী। দৈন্যেতে প্রবেশ গিয়া করিল রাক্ষ্সী 🖁 একে একে স্বাকারে কৈল নিরীক্ষণ। সম্মুখে দেখিল হুমু প্রননন্দন ॥ হমু দেখি ভয় তার জন্মিল সম্ভরে। তত্ত্ব ল'য়ে শীঘ্র গেল ভীষণ গোচরে॥ লম্বোদরী বলে শুন রাক্ষদের পতি। কটক চৰ্চিয়া একু যেমত শকতি॥ অৰ্চ্ছন প্ৰধান তাহে পাণ্ডুর নন্দন। আইল যজের ঘোড়া করিতে রক্ষণ॥ মহা মহা বীরগণ দেখিলাম তাতে। হতুমান দেখিলাম অব্দ্রনের রথে।। ঘটোৎকচ হুত মেঘবর্ণ মহাবলী। পাণ্ডব মিলনে অতি হ'য়ে কুতৃহলী ॥ কিন্তু হতুমান দেখি: উপজিল ভয়। সংগ্ৰামেতে কাৰ্য্য নাহি জানাই তোমায় হতুমান দেখি মনে বড় হয় শঙ্কা। হতুমান হৈতে প্রভু নাল হৈল লক।।

(मरवत अभया कृति नाम तुक्रामंग। মরিতে অর্জ্ন কৈল ইহাতে প্রবেশ 🏾 ভাল হৈল পিভূবিরী আইল আপনি। निभ्ह्य विधेव जांकि छीत्मत्र शतानी ॥ বক নামে ষম পিতা বিদিত সংগারে। ভীমাৰ্জ্বন মম শত্ৰু বিনাশিশ তারে 🛭 রাক্ষদের বৈরী বটে বীর হতুমান। নিশ্চয় বধিব আ**ক্তি ভীমের পরাণ** 🛚 সাজ সাজ বলি ভাকে ভীষণ ব্লাক্স। যুদ্ধ হেডু নিশাচর করিল সাহস 🕯 র্ধকেতু কামদেব বরিষয়ে শর। বিষিয়া রাক্ষসগণে করিল জর্জর ॥ যুবনাশ্ব অসুশাল্প বরিষয়ে বাণ। নীলধ্বক হংসধ্বক করম্বে সংগ্রাম 🛭 মেঘবর্ণ সহদেব হুবেশ সহিত। যুঝয়ে রাক্ষসগণ মনে নাহি ভীত॥ অৰ্জ্ন যুড়েন বাণ পূৰিয়া সন্ধান। নানা মায়া ধরে সেই রাক্ষ্য প্রধান ॥ মেদরপ হ'য়ে করে বাণ বরিষণ। বাণেতে অর্জ্জন তাহা করে নিবারণ 🛭 বুক্ষ শিলা পর্বত বরিষে নিশাচর। ব্বমকেতৃ বাণ এড়ি কাটয়ে সম্বর॥ ক্রন্ধ হৈল ভীমসেন রাক্ষ্যের বাণে। গদা হাতে ধায় বীর শক্ষা নাহি মনে॥ কালদগুসম গদা হাতেতে করিয়া। ভীষণেরে মারিলেন দাহদ করিয়া 🛚 ভীমের গদার বেগ কে সহিতে পারে। মুর্চ্ছাগত নিশাচর দারুণ প্রহারে 🛊 ভাষণ রাক্ষস*উবে সাহস করিয়া। অর্জ্জুনের শিরে মারে মুবল কেলিয়া 🚛 মোহ যায় ধনঞ্জয় মুধলের খার্ভে তাহা দেখি ভীমদেন ধার পদা হাটে হানিল গদার ৰাঙি ভীষণ রাক্ষণে। रेनरव लाग ल्लास सम्बे भगात समाहम वृत्त त्यां के स्थापाद जातना व्यक्ति

হকুমানে দেখিয়া-পলায় নিশাচর। শরীর ত্যব্জিয়া কেহ গেল যমঘর॥ নয় লক্ষ রাক্ষস যে ছিল খেষ রণে। প্রাণভয়ে পলাইল দবে ঘোর বনে॥ কত সৈন্য দঙ্গে ল'য়ে ভীষণ চুৰ্মতি। মায়াতে হইল সেই মুনির মূরতি॥ মায়া পাতি করিল মধুর ফুল ফল। মায়াতে নির্মাণ কৈল সরোবর জল ॥ সঙ্গে নিশাচরগণ শিষ্যরূপ হৈল। অধ্যয়ন হেতু তারা চৌদিকে বসিল।। হেনমতে মায়া-করি আছে নিশাচর। রাক্ষদ জিনিয়া যান পার্থ ধনুর্দ্ধর॥ কতদূর বনেতে দেখেন তপোধন। মুনিরূপে বদে আছে দঙ্গে পুণ্যজন ॥ অর্জ্জনে দেখিয়া ভয়ে আদর করিল। অতিথি বলিয়া পাগ্য অর্ঘ্য যোগাইল। দীর্ঘ নথ জটাভার দেখি ধনঞ্জয়। মুনিজ্ঞানে তাহারে কহেন সবিনয়॥ শুন প্রস্তু তব স্থানে চাহি আশীর্বাদ। অশ্বমেধ সাঙ্গ হৈলে পুরে মনোসাধ॥ মুনি বলে শুন তুমি পাণ্ডুর নন্দন। যজ্ঞ দাঙ্গ তোমার করিবে নারায়ণ॥ কিন্তু আজি বিশ্রাম করহ এই স্থানে। আমার অতিথি হও দিন অবদানে॥ ্ বিবেচনা মনে করিলেন ধনঞ্জয়। রাক্ষদ বলিয়া তারে জানেন কথায়॥ অৰ্জ্জুন বলেন মায়া না করিছ তুমি। মুনিবেশ ধরিয়াছ জানিয়াছি আমি॥ কিন্তু মম স্থানে আজি নাহিক নিস্তার। এখনি পাঠাব তোমা যমের হুয়ার॥ প্রাণ-ভয়ে তপস্বী হইল নিশাচর। বিদিত হইল মায়া দবার গোচর॥ এত বলি অৰ্জ্জুন নিলেন ধসুৰ্বাণ। ভয়েতে রাক্ষ্স হয় নিজ মৃত্তিমান॥ ভয়ঙ্কর মূর্ত্তি দেখি বীর ধনঞ্জয়। গাণ্ডীবে টক্ষার দেন হইয়া নির্ভয় ॥

গাণ্ডীবে টক্ষার শুনি এল সর্বজন।

যুবনাশ্ব অনুশাল্প কর্ণের নন্দন ॥
ভীম হংসধবজ আদি যত বীরগণ।

ত্বরায় আইল সবে করিবারে রণ॥
গাছ শিলা অর্জ্জুনে মারয়ে নিশাচর।
বাণে নিবারেণ তাহা পার্থ ধনুর্দ্ধর॥
বহু যুদ্ধ করিলেন ভীষণ সংহতি।
গলাঘাতে মারিলেন ভীম মহামতি॥
বিজয় পাণ্ডব কথা অমৃত লহরী।
কাশী কহে শুনিলে তরয়ে ভববারি॥

মণিপুরে বক্রবাহনের দহিত অর্জুনের পরিচয়: মুনি বলে শুন পরীক্ষিতের তনয়। মণিপুরে প্রবেশিল পাগুবের হয়। মণিপুরে বক্রবাহ নামে নরপতি। তিন রন্দ সেনা তার নব **লক্ষ হা**তী॥ এক লক্ষ নৃপতি রাজায় দেবা করে। নানা রত্ন আনে তারা ভূপতি গোচরে॥ চিত্রাহ্বদান্তত সেই অর্জ্জুন নন্দন। নব লক্ষ রথ যার আছে হুশোভন ॥ ষাটি কোটি রণেতে অশ্ব আছে যাহার। মহাবল বক্রবাহ বীর অবতার॥ তীর্থযাত্রা যেই কালে করে ধনঞ্জয়। দে কালে গন্ধর্ব্য কন্য। করে পরিণয় ॥ তার গর্ভে জনমিল দে বভ্রুবাহন। অৰ্জ্জন সমান তারে বলে সর্ববন্ধন ॥ নাগকন্যা উলুপী আছেন তার ঘরে! ইলাবন্ত তার পুত্র পড়িল সমরে॥ कुत्ररक्षे द्वार हेना वस्त्र रहेन क्ष्र । শুনিয়াছ দেই কথা শ্রীঙ্গনমেঙ্গয়॥ অর্জ্জুন আইল অশ্ব রাখিবার তরে। দৈবে আদি অশ্ব প্রবেশিল মণিপুরে। ধরিল যজের ঘোড়া বভ্রুবাহ বীর। জননীর কাছে কহে করি চিত্ত স্থি**র** ॥ ভূমি বল মম পিতা পাণ্ডুর নন্দন। मिनिशूद्र चार्टलन देनामुद्र चरेन ॥

না জানিয়া যতঃ অশ্ব ধরিলাম আমি। কি করি উপায় এবে কহ গো জননী॥ চিত্রাঙ্গদ। বলে শুন স্থবৃদ্ধি কুমার। যভেতে পালন কর বচন আমার॥ অশ্ব ল'য়ে যাহ তুমি জনকের স্থানে। অপরাধ মাগি লহ তাঁহার চরণে॥ নানারত্ব অত্যে থুয়ে করিবেক নতি। পশ্চাতে কহিবে পুত্র আপন ভারতী॥ চিত্রাঙ্গদা গর্ভে জন্ম কহিবে ভাঁহারে। তনয় বলিয়া তেঁই তুষিবেন তোরে 🛚 বক্রবাহ বলে মাতা করি মিবেদন। শুনিলাম যত আমি তোমার বচন॥ এ রীতি ক্ষত্রের নহে শুনগো জননী। যুদ্ধ করি পরিচয় তারে দিব আমি॥ পদানত হৈলে মুণা করিবে আমারে। ক্ষনগো জননী অগ্রে না জানাব তাঁরে 🛚 চিত্রাঙ্গদা বলে পুত্র না হয় যুক্তি। কেমনে যুঝিবা তুমি পিতার সংহতি॥ নাহি শুন লোকমুথে ইতিহাদ কথা। পুজা কৈলে পিতৃলোকে প্রদন্ন দেবতা। তারে পুত্র বলি যে পিতার দেবা করে। সেই পুত্র বলি যে পিতার বাক্য ধরে। তুমি যাহ পিতা দঙ্গে করিবারে রণ। কিমতে এ সব লাজে ধরিবে জীবন॥ অশ্ব ল'য়ে যাহ তুমি পাগুব গোচরে। লোকধর্ম কথা আমি কহিনু তোমারে॥ আপন স্বধর্ম্ম রক্ষা করে যেইজন। সর্বত্র কল্যাণ তার বলে ম্নিগণ॥ জননীর বাক্যে বক্রবাহ নরপতি। ু নানা রত্ন নিল সঙ্গে স্রশোভন অতি॥ অঞ্জুক চন্দন গন্ধ লইল কস্তুরী। পুষ্পমালা স্বর্ণথালে নিল যত্ন করি ॥ অখ নিয়া চলিলেক পার্থের নন্দন। অৰ্জ্জ্বে ভেটিতে যান আনন্দিত মন॥ দূত গিয়া কহিলেন পার্থের গোচরে। বক্রবাহ আইলেন তোমা ভেটিবারে॥

পদাতিক সঙ্গে আদে পাত্র বিত্রগণ। অভিপ্রায় বুঝি তব লইবে শরণ॥ তাহা শুনি সম্মতি দিলেন ধনঞ্জয়। দিব্যাসনে বসিলেন সানন্দ হৃদয়॥ কামদেব বৃষকেতু যুবনাশ রায়। হংস্থ্বজ নীলধ্বজ বসিল সভায়॥ অনুশাল্পরকোদর স্থবেগ সহিত। অৰ্জ্জুন সমাজ কৈল পেয়ে মহাপ্ৰীত॥ পুষ্পক চন্দ্র অর্জ্জনের পদে দিয়া। প্রণাস করিল রাজা ভূমিষ্ঠ হইয়া ॥ পঞ্চরত্ন সম্মুখে রাখিয়া নরপতি। অর্জ্জুন-চরণে রাজা করিল প্রণতি॥ সম্মুগে রাথিয়া অশ্ব কছে নরপতি। অবধান করি শুন পাণ্ডুর সন্ততি॥ অর্জ্জুন চরণ প্রান্তে বদিয়া রাজন। আপনার কথা যত করে নিবেদন। তোমার তনয় আমি শুন মহাশয়। চিত্রাঙ্গদা গর্ভেতে আমার জন্ম হয়॥ যথন করিলা তুমি তীর্থ পর্য্যটন। করিলা গন্ধর্বস্থতা বিবাহ তথন ॥ তোমার ঔরদে চিত্রাঙ্গদার উদরে। হইল আমার জন্ম কহিন্তু তোমারে॥ না জানি ধরিকু ঘোড়া ক্ষমা দেহ মোরে। বক্রবাহ বলি নাম জানহ আমারে॥ এত বলি পুনরপি ধরিল চরণে। শুনিয়া জন্মিল ক্রোধ সর্জ্জুনের মনে। কাছারে বলিদ পিতা নটির তনয়। অভিপ্রায় বুঝি তোর নাহি লড্জা ভয় ॥ নটি চিত্রাঙ্গদা সেই গন্ধর্নন তুহিতা ॥ তুই যার পুত্র তার শুনিয়াছি কথা 🛭 এত বলি করিলেন চরণ প্রহার। ভূমেতে পাঁতৃল চিত্রাঙ্গদার কুমার॥ না করিহ তিরস্কার পাণ্ডুর তনয়। আমিত ভোষার পুত্র কহিন্দু নিশ্চয়॥ ত্তবে হংসধ্বজ আর নীলধ্ব জ রায়। অৰ্জ্জনে কহিল যুক্তি না হয় তোমায় 🛚

কুমুখ চন্দন দিয়া পুঞ্জিল তোনারে। ক্রণ প্রহার করা নহেত উচিত। ভোমার তনম হয় এ কথা নিশ্চিত জাপনি আসিয়া বলে তোমার তনয়। শক্তে পিতা কহিতে অন্যের লক্ষা হয়। ভাষা ভানি ধনপ্রয় করেন বচন। ক্ষভিমত্য বীর ছিল আমার নন্দন। क्षा जनव वीत विनिष्ठ पूर्वत । কিক্ব্যুহে যুকিলেক দ্রোণ গুরু সনে॥ ক্রোণ দ্রোণি রূপ কর্ণে সংগ্রামে ভূষিয়া। কর্স গেল মহাবীর শরীর ত্যক্তিয়া ॥ নাই পুত্র হয় মম কুলের ভূষণ। ক্ষিৰাৰ হয় দেখ নটার নক্ষ**ন**॥ ত্র গর্ক করিয়া ধরিল মম হয়। েপেয়ে বলে শেষে ভোমার তনয়। 🚛 যথি হইত মম ঔরস নন্দন। বিনা খোড়া না করিত সমর্পণ 🛭 শ্রক্তর হইল, নহে আমার নন্দন। ক্রির জিনয়ে বীজে বলে সর্বজন। কৈ। হৈতে পুত্র শ্রেষ্ঠ সর্বলোকে জানে। ব্রিতে এ সব কথা কহে মুনিগণে॥ ত্ৰিক ৰলেন বদি বীর ধনপ্রয়। ক্রবাহ রাজা ভবে অধোমুখে রয় ॥ ত্তকোপ উপঞ্জিল বভ্ৰুবাহ চিতে। বিশ্ব দাওায়ে বীর রহে যোভহাতে ॥ ন্ত্রহাশয় ভূমি কহিলা বিস্তর। মিবারে মন্স কিন্তু ধর্মেতে গোচর। প্রান জন্মের কিছু জান সমাচার। ক্রমা কহিতে হৈল দাব্দাতে ভোষার। ৰালয়। ভূমি গালি দিলা মোরে। জন আরক ভাহা বিদিত সংসালে। আছি পাই সামি ভোমাকে দেখিয়া। ৰাজ্যে আৰ্সিয়াছি ভূরণ লইয়া। ক্ষার্থ অপমান করিলে আযারে। প্ৰকাজন স্থানি দেখাৰ তোমারে।

বাহিনা রাখ্য অত করিনা পক্তি ব अछ दनि जय तिन जमूठद्रशैर्ग । **অখ ল'রে** গেল তারা পরম যভনে 🛚 व बाका विनया वीत्र श्रादिनन चरत्। স্নোগণে আভ্ডা দিল যুদ্ধ করিবারে **॥** নৃপাদেশে সৈম্মগণ করিল সাহস। আনন্দেতে দেয় সবে দামামা নিৰ্যোষ 🛭 সাজ সাজ বলি পুরে উঠিল ঘোষণা। নানা অন্ত্ৰ লইয়া চলিল সৰ্ব্বদেনা 🛊 হয় গজ বিমানে করিয়া আরোহণ ন ধসুর্ব্বাণ হাতে নিল করিবারে রণ॥ ভোমর পট্টিশ গদা মুবল মুদগর। শেল টাঙ্গি হাতে নিল করিতে সমর । চিত্রাঙ্গদা পাইলেক যুদ্ধ সমাচার। পুত্রের সন্মুখে গেল করি হাহাকার॥ কি কহিল প্রাণনাথ পাণ্ডুর নন্দন। কেন পুত্ৰ যুদ্ধ হেতু করহ সাজন 🛭 🗢 নিয়া মাতার কথা বভ্রুবাহ কর। বিলক্ষণ পাইমু পিতার পরিচয় 🛭 মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান 🛚

বক্রবাহনের বৃদ্ধে অর্জনের মৃত্যু।
ক্রীজন্মেজয় বলে শুন তপোধন।
বক্রবাহ কিরীটা কেখনে হৈল রণ॥
বিস্তারিয়া দেই কথা কহ মহামুনি।
তোমার প্রসাদে আমি পূর্ব্যকথা শুনি॥
বলিলা বৈশস্পায়ন শুন নরপতি।
যুদ্ধকথা কহি আমি কর অবগতি॥
অমুমতি দিয়া চিত্রাঙ্গদা গেল খরে।
বক্রবাহ রাজা গেল যুদ্ধ করিবারে॥
দৈবের নির্বন্ধ সেই হইবারে চায়।
এই হেতু ধনপ্রয় নিশ্লিলেন তায়॥
শাপ দিয়াছেন গঙ্গা কিরাটা নিধনে।
এ সব ঈশয় শীলা ক্রেছ নাই জানে।
১০ বন্ধর শীলা ক্রিছ নাই জানে।
১০ বন্ধর শীলা ক্রেছ নাই জানে।
১০ বন্ধর শীলা ক্রেছ নাই জানে।
১০ বন্ধর শীলা ক্রেছ নাই জানে।

११ वर्ष विवादमञ्ज मालन करिया। वस्पवीर त्रीका त्राम धारविनन विद्या সিংহনাদ বাছারব শুনিয়া শ্রেবৰে। পাণ্ডবের সেনা সব প্রবেশিল রূপে 🛭 ধনুর্বাণ হাতে করি বীর রুষকেতু। অত্যে রথ চালাইল ব্র্ঝিবার হেছু। ব্যকেতু বাণ তবে পূরিল সন্ধান। কিরীটী তনয় তাহা করে থান খান॥ হেনমতে তুইজন অনেক যুঝিল। গগনমগুল দোঁহে বাণে আচ্ছাদিল ॥ व्यक्तकांत्र टेश्न नव ना एति नग्नरन । পরিচয় না**হি যুদ্ধ করি কার সনে** ॥ তবে বক্রবাহ কৈল বাণ অবভার। पिनकत्र वाञ्चापिन देश व्यक्षकात् ॥ ছুই বাণে বি**ন্ধে বক্রবাহ নরপ**তি। বৃষকেতু রূপধবজ কাটে শীস্ত্রগতি ॥ পঞ্চাণ দিয়া কাটে সার্থির মুগু। বাণ গুণ ধনু কাটি করে থণ্ড খণ্ড ॥ ফ"পের হইল তাবে কর্ণের নন্দন। বক্রবা**হনের রণে হৈল অচেত**ন 🛭 তাহা দেখি শাষ বীর প্রবেশিল রণে। অনেক সংগ্রাম করে বভ্রুবাহ সনে॥ ক্রমে ক্রমে ভাহা আমি কভেক কহিব। ভারত সমুদ্র কথা হুধার অর্ণব 🛚 বজ্রবাহ বালে কার' নাহিক নিস্তার। হইল অন্থির রণে শান্ত বীরবর 🛊 জৰ্জন হইল তকু বক্ত বহে ভোতে। কিংশুক কুন্থম যেন শোভিছে বসস্তে 🛚 প্রাণভম্মে পদাতিক নাহি রহে রণে। অচেতন হৈল বক্রবাহনের বাণে # ভীম আর সাত্যকি যে সাহস করিল। বক্তবাহনের সনে অনেক যুবিল 1 क्रिंदित कर्मम कृषि एम्श्रिता नगरन । ভীমদেন মহাবীর ভর-পায় মনে 🛭 তবে বভাৰাহ কৰে বাণের সকান।

परका थाकूक कथा छीम छन्न मिन। যুবনাথ অনুশাল্ব সবে পলাইল । নীল**ধ্বক হংস্থ্যক** পরাভ্য পেয়ে। অৰ্জ্জন সম্মুখে সৰে উত্তরিল গিয়ে॥ অপমান পেয়ে সবে বভ্রুবাহ রগে। তা দেখি কিরীটা বীর কুপিলেন মনে 🛊 গাণ্ডীৰ লইয়া পরে বীর ধনঞ্চ। যুঝিতে গেলেন বীর হইরা নির্ভয় 🛭 হেনকালে রুষকেতু ধসুর্ব্বাণ ল'ছে i রণে প্রবেশিল পুনঃ দাহদ করিয়ে। র্ষকেতু করিলেন বাণ বরিষণ। বাণে বাণ নিবারয়ে কিরীটা নন্দন॥ ধ্বজছত্ৰ কাটে বাণ হাতে ল'য়ে ধনু। এক বাণে বক্তবাহ কাটিলেন তকু॥ বভ্ৰুবাহ দৈক্ত তবে বিন্ধিলেক বছ। কুপিল কিরীটী বীর যেন গ্রহ রাস্ত ॥ ইন্দ্র চন্দ্র বরুণ কুবের দত্ত বাণ। কোপান্বিতে ধনঞ্জয় করেন সন্ধান 🗈 বভ্রুবাহ রাজা তাহা নিবারিল শরে। দেখিয়া কিরাটা বীর সক্রোধ অন্তরে ম পিতা পুত্রে উভয়ে যে সংগ্রাম হইন বাকুল্য কারণ দব লেখা নাহি গেল। অকর গাণ্ডীব ভুণ রণে হৈল কয়। তা দেখি চিস্তিত হইলেন ধনঞ্জয় 🛊 বভ্ৰুবাহ **বলে শুন ইন্দের নন্দন**। পাণ্ডুর তনয় তোমা বলে সর্বজন ধর্মহত যুধিষ্ঠির বড় ভাগ্যবান। প্ৰবন্দন ভীম প্ৰন স্মান ॥ **महराहत नकूल छूटे अभिनोकूमात्र** । ভাল চন্দ্রবংশে জন্ম হইল তোমার 🖟 আপন জন্মের কথা মনে না করিলাা তুমি মোরে জারজ বশিয়া গালি বিলা্টি সম্মুখ সমরে আমি পাইন্যু ভোষাকে 🕆 শ্বরণ করহ ভূমি দেব পদাধরে 🛭 আজি কৃষ্ণ শঙ্গে ভোষা পরাজয় করিব श्रद बारि क्षात्र कतिय निकारो ।

প্ৰনেতি প্ৰতিজ্ঞা তৰ জননীৰ স্থানে। ভোষার ব্যান বীর নাহি ত্রিভুবনে। কিন্তু আজি বশোলোপ হইবে ভোমার। ফিরিয়া না ধাবে ভূমি বাপেতে আমার।। বজ্ঞবৃত্তি বচনে কছেন ধনঞ্জয়। **ক্ষরির না করিও বেশ্চার** তন্য় 🖁 জীহা শুনি বক্তবাহ জুদ্ধ হৈল মনে। কাণেতে কর্জর তমু করিল কর্জনে॥ ব্যতিব্যস্ত হইলেন বীর ধনঞ্জয়। মন্ত্র নারায়ণ মনে পাইলেন ভয়॥ সকল না দৈখিলেন সংগ্রাম ভিতরে। উচ্চযুথ হ'য়ে শিবা ডাকে উচ্চৈঃশ্বরে। 🌉 শ্রহীন ছায়া বীর দৈখি আপনার। ্টিক্তান্বিত হইলেন পাণ্ডুর কুমার॥. জৈকুশল দেখিলেন ধ্বক্তে পড়ে কাক। ছুইলেন ব্যাকুলিত মুখে নাহি বাক্॥ ক্লীয়কৈতু সম্বোধি বলেন ধনঞ্জয়। ছস্টিনানগরে যাহ কর্ণের তন্ম ॥ ইহার সমরে মম নাহি পরিত্রাণ। ছব্যিনানগরে যাহ লইয়া পরাণ॥ ্রেডামা বিনা বংশে আর না আছে সন্তান। ক্সুমি জিলে পিতৃলোকে জল পিও দান॥ বুৰুমাশ হুবেগ প্ৰভৃতি সৈন্তগণ। ৰ্জ্যবাহনের রণে না পায় রক্ষণ 🛭 ক্ষিরীটার কথা শুনি কর্ণের কুমার। 🗰 হিতে লাগিল বীর করি অহকার 🛭 🗮 সদ কথা তুমি কহ কি কারণে। ৰ্জ্যবাহনেরে আমি পরাজিব রণে॥ ঞ্জে বলি ধসুৰ্ব্বাণ লইয়া সম্বরে। ৰিঙিল পঞ্চাশ বাগ বভাবাহনেরে॥ ক্ষেত্ৰাৰ বলে শুন কৰ্ণের নন্দন। পুনঃ পুনঃ এস ভূমি করিবারে রণ॥ কুকে ভুতি কর ভূমি মরণ সময়। প্রকালে দিবাগতি দিবেন তোমায়। আৰু বলি বজুৰাহ হাতে নিল বাণ। ৰাক্ত পৰিয়া তাহা কৰিল সমান গ্

वर्षित्स वान जरूर समृद्ध अपना র্ষকেতু মাথা কাটি ভূমিতে পাড়িল। তাহা দেখি প্ৰহ্মদাদি যত বীরগণ। সাহসে আইল সবে করিবারে রণ ॥ পার্থের তনম পরাজিল স্বাকারে। পড়িয়া রহিল সবে ভূমির উপরে ॥ তাহা দেখি ধনপ্লয় বিষণ্ণ বদন। বুষকেতু শোকে কান্দি কহিল বচন॥ মহাবীর রুষকেতু কর্ণের নন্দন। অহঙ্কার করি পুত্র হারালে জীবন॥ নিষেধ করিমু যত না শুনিলে কাণে। শরীর তাজিলে বভ্রুবাহনের বাণে॥ কি বলি যাইব আমি হস্তিনানগরে। কি বেল বলিব গিয়া রাজা যুধিষ্ঠিরে ॥ कि विनिश्ना প্রবোধিব কুস্তীর হৃদয়। এই শোকে কি বলিবে কৃষ্ণ মহাশয় ৷ রুষকেতু মুগু তবে হৃদয়েতে ধরি। বিলাপ করেন পার্থ উচ্চৈঃম্বর করি॥ কান্দেন বিযাদ মনে ইন্ডের <u>ন</u>ুন্দন। তাহা দেখি হাসি কহে সে বভ্ৰুবাহন। ক্ষত্তিয় এ ধর্মা নয় শুন মহাশয়। এখনি দেখিবা তুমি আপন সংশয়। হাসিবে ভূপতিগণ দেখিয়া ভোমারে। ক্রন্দ্র উচিত নয় সমর ভিতরে॥ যুদ্ধ করি রুষকেতৃ গেল স্বর্গলোকে। গতজীবে শোকযুক্ত না শোভে তোমাকে **।** আপনি ত্বরিতে তুমি ক্রহ উপার। সমরে বিষাদ করিবারে না যুয়ায়। কি কারণে বিলাপ করহ ভূমি শোকে। স্মরণ করিয়া শীস্তা আনহ রুফাকে॥ কুষ্ণগত তব প্রাণ আমি ভাল জানি। ক্লুফ্রহীন হ'য়ে কেন হারাবে পরাণী। যদি বাঞ্ছা করহ কুশল আপনার। স্মরণ করহ শী<u>জ দৈ</u>বকী-কুমার । চিন্তৰ গোবিশাপদ ওচে ধনপ্ৰয়। निक्रित व्यक्ति शहर स्थानस्

७७ वर्ष रक्षण स्थान स्थान स्थान কিরীটা চিত্তেন কুফে সহটে পড়িয়া। হা কৃষ্ণ করুণাসিন্ধু ওচে ভগবান। বিষম সমরে মোরে কর প্রভু তাণ ॥ আইদ কমলাপ্রিয় শীত্র মণিপুরে। বক্রবাহনের যুদ্ধে রকা কর মোরে॥ গজেনে করুণা করি উদ্ধারিল। হরি। অপার মহিমা তব কি কহিতে পারি॥ দ্রোপদীর শঙ্কা তুমি কৈলে নিবারণ। জ্ঞপুৰ্যুহে রক্ষা কৈলে আমা পঞ্জন।। তুর্বাদার অভিশাপে রাখিলা আমারে। আপনি করিলা ত্রাণ বিরাট নগরে॥ কুরুক্তেত্র যুদ্ধে মুক্ত করিয়াছ তুমি। সংসারে বিদিত তাহা কি বলিও আমি । স্থুরথ স্থাপ্ত যুদ্ধে রাখিলে আমারে। এবার আসিয়া রক্ষা কর মণিপুরে॥ গঙ্গার বচন সভ্য করিতে যুরারি। পার্থেরে রাখিতে না গেলেন ছরা করি॥ চাহেন আপন রথপানে ধনঞ্জয়। কুষ্ণে না দেখিয়া পার্থ মনে পান ভয়॥ বক্রবাহ বলে তুমি কি ভাবিছ মনে। না পাবে নিস্তার তুমি আমার এ রণে। এত বলি করে বীর বাণ বরিষণ। নিবারিতে না পারেন নর নারায়ণ। জর্জর হুইল বীর বাণের প্রহারে। कृषिन कार्क्न वीरत त्रक वरह धारत । ব্ৰহ্মবন্ত্ৰ পাশুপত আদি যত বাণ। ভয়েতে কিব্লীটা সব করেন সন্ধান ৷ বভ্ৰুবাহ রাজা ভাহা শরে নিবারেণ প্রাণপণে কিরীটা জিনিতে না পারেন # বাণবেশে গঙ্গাদেবী আসিয়া সেথানে। ক্ৰেন্ন সকল কথা বক্ৰবাহ কাণে 🛚 তাহা শুনি আনন্দিত হন নরপতি। রাখিলেন গঙ্গা অন্ত্র করিয়া শক্তি। তৰে সেই অন্ত রাজা যুক্তিলন চাপে। गान क्षत्रि केन पालि त्यतुमन नेवाल ।

ৰহানেৰে প্ৰাধাণ আকাশে উঠিল : কিরীটার মাথা কাটি ভূমিতে পাড়িল 🛊 পাওবের দলে যত শেষ সৈশ্য ছিল। অৰ্জ্যুন নিধন হেতু আতঙ্ক পাইল । সংগ্রাম জিনিয়া বক্রবাহ কুড়হলে। পরে প্রবৈশিল থীর জন্ম জন্ম বোলে 🏾 নানাবাত্য নৃত্য গীত হরিষ ঘোষণ। মায়ের সম্মুখে গেল সে বক্রবাহন ॥ ভূমিষ্ঠ হইয়া মায়ে করিল প্রণাম। হাসিয়া বলেন আমি জিনিমু সকল ॥ নাশিলাম ধনপ্রয়ে সংগ্রামের স্থলে। যতেক পাশুব-দৈশ্য জিনিলাম হেলে 🛚 🥳 পুত্রের মূখেতে কথা শুনিয়া এমন। ভয় পেয়ে চিত্রাঙ্গদা করয়ে রোদন 🛚 তরে পুত্র কি কহিলি অমঙ্গল কথা। কেমনে কাটিলি তুই জনকের মাথা ॥ পিছহত্যা কৈলি তুই মহাপাপকারী। এত বলি অচেতন হইল স্থন্দরী। ভুমিতে পড়িরা চিত্রাঙ্গদা মহাশোকে। কোথা গেল প্রাণনাথ ঘন ঘন ডাকে 🕊 অনেক বিলাপ করি কান্দয়ে বিস্তর। শুনিয়া উলুপী ধেয়ে আইল সত্তর। মুখে জল দিয়া তারে তুলে হাত ধরি। না জানি বিষাদ কেন কর**হ হুন্দ**রী **॥** কুষ্ণ দখা কিরিটির না হবে মরণ। বক্রবাহনের বাবে হৈল অচেতন 🛚 পূর্ব্ব কথা কহি আমি তৌমার গোচরে আপন মরণ ভেঁই কহিব আমারে ॥ রোপিল দাড়িম্ব রুক্ষ করিয়া যতন। 🗻 আমারে কহিল কথা পাণ্ডর নন্দন 🛚 प्राष्ट्रिय निश्रास माम **का**निस मद्रेग । এত বলি নিজ দেশে করিল গমন # ক্রেন্সন ভ্যক্তহ তুমি সামার বচনে। দাড়িখের বৃক্ষ পিয়া দেখি ছুইক্তৰে 🛊 উলুপীর বোলে-চিত্রাঙ্গদা হরমিত राष्ट्रिया उपाद्धाल लालम् अधिक इ

মুত তরু দেখি দোঁতে হৈল অচেতন। হাঁহা প্রাণনাথ বলি করয়ে রোদন 🛚 পতি দর্শনে দোঁছে করিল গমন। ষত্রে পিছে কান্দিয়া চলিল দাদীগণ॥ হেপা বভ্রুবাহ রাজা পেয়ে অপমান। বিনাশিয়া জনকেরে ভাবয়ে নিদান ॥ শাত্রমিত্র পাঠাইল জনকের স্থানে। প্রবোধিতে তারা যায় পরম যতনে॥ উন্দুপী বলেন হেদে 🖰ন চিত্রাঙ্গদা। শাচন্দিতে স্মরণ হইল এক কথা ॥ শ্ৰনন্ত ত্ৰহিতা আমি শুন গো হান্দরী। স্থামা বিবাহিয়া পার্থ গেল যমপুরী। শর্চ্ছনেরে ভক্তি করি অনন্ত পূজিল। नाना धन निया भारत व्यक्तानरत निम ॥ শৈষ্দ্রনে দিলেন আমা হইয়া কৌভূকে। ব্দিমুক্ত নামেতে মণি দিলেম যৌতুকে॥ পুর্ভরীক নাগ দিল আসার সেবনে। জীহাকে আনিব আমি করিয়া যতনে 🛚 ৰণির কারণ তারে পাতালে পাঠাৰ। সানিয়া অমৃত মণি অর্জ্জুন জীয়াব ॥ 🕮 যদি চিত্রাঙ্গদা শুনিল বচন। উনুপীরে বলে মণি আনহ এখন ॥ বিৰ্ক্তনের শোকে ততু না পারি ধরিতে। 😘 পে। ভগিনী মণি আনহ ত্বরিতে॥ **উলুপী বলেন ভূমি স্থির** কর মতি। জ্বর্ধনি পাইবে প্রাণ পাণ্ডবের পতি॥ মহাভারতের কথা অয়ত সমান। ক্রানীরাম দাস কছে শুনে পুণ্যবান ॥

শক্ষের জাবনার্থ মণি স্থানারন।

ক্রীজনমেজয় বলে শুন মহামুনি।

ক্রীজনমেজয় বলে শুন মহামুনি।

ক্রীজন নিপাত কথা কহিব কাহিনী।

ক্রীজন আনিল মণি পাতাল হইতে।

ক্রীজন নেশন প্রাণ পাইল কিমতে।

ক্রীজন বৈশন্পারন শুন নরপতি।

ক্রিজক কহিব কথা সে সব শ্রেরতী।

উলুদী শ্বরণ কৈল নাগ পুভরীকে ত্বায় আইল নাগ উলুপী সম্পূথে। ज्ञीवृद्धि क्षनग्रह्मत्री विठातिन गत्न । আইলেন বভ্রুবাহ জননীর স্থানে॥ অধোমুখে আইলেন মায়ের সকলে। চিত্রাঙ্গদা বলে তারে করুণ বচনে ॥ পিতৃ-হত্যা কৈলি তুই পাপিষ্ঠ চণ্ডাল। মারিলি আমার বুকে এই বড় শাল। কি বলে উলুপী এবে শুনহ প্রবর্ণে। পার্থে জীয়াইতে চাহে মণির মিলনে ॥ পাতালে আছুয়ে মণি অনন্ত সমীপে। সমূরে আনিয়া মণি রাখ মনস্তাপে ॥ বন্দ্ৰবাহ বলিলেন শুন গো জননী। পুগুরীক নাগ যাক আনিবারে মণি 🛭 পরিচয় নাহি মম মাতামহ সনে। মণি নাহি দিবে নাগ আমার বচনে ॥ পুগুরীক গেলে যদি নাহি দের মণি। সংগ্রাম করিব শেষে শুনগো জননী ॥ উলুপী বলিল পুত্র কহিলে প্রমাণ। সম্প্রীতে না দিলে মণি উচিত সংগ্রাম॥ পুগুরীক নাগে তবে কহিল স্থন্দরী। মণি হেতু নাগ গেল রসাতল পুরী॥ ष्पनत्छत्र ऋारन शिया कशिम मकेन। তাহা শুনি নাগরাজ হইল বিকল ॥ সর্পগণ আগে কছে নাগ অধিপতি। উলুপী মাগিল মণি অর্জ্জ্বনের প্রতি॥ বক্রকাহ সমরে মরিল ধনপ্রয়। মণি নিয়া গেলে জীয়ে পাণ্ডুর তনয় 🛭 পাশুবের স্থা কৃষ্ণ সংসারে বিদিত। বিলম্ব না কর মণি পাঠাও ছরিত # অনস্তের কর্থা শুনি ধ্রতরাষ্ট্র করে। এ সব অগ্রাহ্য কথা আমারে না সহে ! আপন মঙ্গল রাজা নাহি চিন্ত তুমি। গরুড়ের ভয়ে সর্প রক্ষা করে মণি ॥ হেন মণি পাঠাইতে চাহ নরলোকে। শুন দৰ্শবাল আমি বলিব তোমাকে । लान दिन वस्त्रवीर मोदिन जामात्र जानम वर्ष छेशिक्त गत्न ॥ মিত্র মোর ধৃতরাষ্ট্র কৌরবের পতি। অর্জ্যন মারিল তার শতেক সন্ততি॥ একথা শুনিয়া চত্তে ফুঃখ উপজিল। অৰ্জ্ব নিধনে মম আনন্দ হইল। না দিব অয়ত মণি কহিন্দু তোমারে। বক্রবাহনের শক্তি কি করিতে পারে ॥ মারিল বান্ধব বন্ধু গুরু ধনপ্রয়। সেই পাপে নষ্ট হৈল পাণ্ডুর তুনয়॥ নরলোকে কদাচিত মণি না রাখিব। কত জীব জীবে বলি এ মণি রাখিব॥ গরুড়ের ভয়ে মোরা না পাব নিস্তার। মণি নাহি দিব শুন বচন আমার॥ আমার সম্মতি নহে শুন নাগরায়। তবে দে তোমার চিত্তে যেমত যুয়ায়॥ আমরা যতেক নাগ না দিব সম্মতি। সত্য কহিলাম কথা শুন নাগপতি॥ অনন্ত বলেন কথা শুন নাগগণ। ধর্মপথ আচরিব শুনহ কথন। অর্জ্বন পাইলে প্রাণ মণির মিলনে। স্থী হবে নারায়ণ একথা তাবণে॥ কৃষ্ণশ্রীতে স্থুখ মোক্ষ চতুর্বর্গ পায়। মণি দিয়া রক্ষা কর পাণ্ডুর তনয়। শুন ধৃতরাষ্ট্র ভূমি আমার বচন। মণি নাহি দিলে পার্থ পাইবে জীবন। স্থা যার নারায়ণ মৃত্যু নাহি তার। ্মণি দিয়া যশ তুমি রাথ আপনার ॥ নিং বক্ৰবাহ হাতে পাবে অপমান। শিত্য' কহিলাম আমি তোমা বিশ্বমান ॥ নাগমন্ত্রী ধ্বভরাষ্ট্র নাহি দিল মণি। মুণ্ডরীক মুখে তাহা বক্রবাহ শুনি॥ উলুপী বলিল পুত্ৰ`কি হবে উপায়। ^{মণি} আনিবারে তুমি চলহ তথায়॥ ^{ম্}জুবাহ বলিলেন সম্প্রীতে না পাব। বিক্রম করিয়া খণি শেষেতে স্থানিব।

এত বলি বজুৰাহ সাজনু করিল। রথ অবিরাহিয়া বীর পাভালে চলিল 🛊 বাহকী না দিল মণি জানিয়া রাজন। মণি না পাইরা রাজা অতি ক্রেদ্ধমন ॥ প্রবেশিল পাতালেতে যুদ্ধের কারণে। তাহা দেখি দৃত কৰে রাজা-বিভাষানে ॥ দৃতমুখে অনস্ত পাইল সমাচার। যুদ্ধ হেছু আসে চিত্রঙ্গদার কুমার 🛚 व्यर्क्क्न-नन्तन वीत्र कारन नाना भिका। অপার বিক্রম ভার নাহি কার' রকা 🛚 ধুতরাষ্ট্রে ডাকিয়া বলিল নাগপতি। বক্রবাহ হেথা এল কি করি যুক্তি 🛭 মণি নাহি দিলে তুমি আমার কনে। পাতালে আইল সেই যুদ্ধের কারণে ॥ ধুতরাষ্ট্র ৰলে মম কি ভয় মানুষে। বিনাশিব নৃপতিকে চক্ষুর নিমিষে॥ তাহার কারণ তুমি না চিন্তুহ মনে। আমি যুদ্ধ করি রাজা বভ্রুবাহ সনে॥ এত বলি বাহ্নকীরে দিল সমাচার। যুদ্ধ করিবারে আজ্ঞা হইল তাহার॥ স্মরণে আনিল যত ছিল নাগগণ। বক্রবাহনের সনে আরম্ভিল রণ 🎚 সে সব সংগ্রাম কথা কহিতে বিস্তর। সংক্ষেপে কহিব আমি শুন নরবর 🏾 গজ বাজী পদাতিক করিয়া সংহতি। রণে প্রবেশিল বভ্রুবাহ নরপতি **॥** অনল সমান বাণ বরিষে রাজন। আগু হৈতে নাহি পারে ছিল যভজন। বিষদক্তে নাগগণ দংশিবে যাহারে। চক্ষুর নিমিষে সেই যায় যম**খরে** ॥ ধসুক ধরিয়া করে বাণ বরিষণ। অগ্নিবাণে পুড়িয়া মরিল নাগগণ ॥ দর্প মসুয়োতে রূপ অপূর্বে কথন। বড় বড় নাগপণ হারার জীবন 🛭 বাহুকী সংগ্রামে এল ক্রোধ করি চিতে। অনেক যুবিল বজ্ৰবাহন সহিতে।

निरातिएउ नारि गानि मान्य अनी গুতরাষ্ট্র গর্ভিলেন ফু:খ পেরে মনে 🛊 চুই পুত্ৰ ল'য়ে খুজরাষ্ট্র করে রণ। বিংশতি সহত্র দৈয় বধিল জীবন। মহাক্রোধ উপজিল অর্জন নন্দনে। ষুড়িল গরুড় বাণ ধর্মুকের গুণে ॥ হইল গরুড় মূর্জি দেখি ভয়ঙ্কর। প্রাণভয়ে নাগ সব পলায় সম্বর । প্রমাদ পড়িল আর না দেখি নয়নে। ভয়েতে গেলেন নাগ অনন্ত সদনে 🕫 প্ৰবস্ত বলেন কেন পলাও এখন। 😊ন খুতরাষ্ট্র তুমি কর গিয়া রণ ॥ ষ্ণি নাহি দিলে তুমি আমার বচনে। ্রাখন করহ যুদ্ধ বভ্রুবাহ সনে।। বিনাশ হইবে নাগ তোমার বিচারে। **অর্জনুন নন্দনে কেবা ক্রিনিবারে পারে।**। অনন্তের বাক্য শুনি বলে নাগগণ। সে কোপে করিবে তুমি নাগের নিধন॥ আপনি বিদায় কর বক্রবাহনেরে। যাইবে পাইলে মণি আপনার পুরে॥ ত্তবে প্রতরাষ্ট্র দিল অনন্তেরে মণি। মণি ল'য়ে নাগরাজ চলিল আপনি॥ শ্ৰমন্ত বলেন শুন হে বভ্ৰুবাইন। মণি লহ যুদ্ধে রাজা নাহি প্রয়োজন ॥ এত বলি বভ্রুবাহনেরে মণি দিল। ক্ষাৰ্যন নন্দন তবে বাণ সম্বরিল ॥ ৰণি পেয়ে চিত্ৰদদাহত তুফ হৈল। ম্পির প্রভাবে মৃতদেনা বাঁচাইল। ভবে শ্বতরাষ্ট্র নাগ মনে বিচারিল। শাপনার ছই পুত্রে ডাকিয়া কহিল। ভোষরা করহ যদি কলক ভঞ্জন। ভূবে সে রাখিব আমি আপন জীবন 🛭 बुस्टक्ष्र व्यक्ट्रित्व श्रान शिवा नाथा। **छट्ड त्याद्र पृत्र इद्र यछ मत्नावाांश ॥** বালের বচনে দ্রবী ভাই কুছুবলে। मिश्राद (शत करन गः वारमन जल

THE RESERVE OF THE PERSON OF T প্রবেশিল পাতাপেতে হরষিত হৈয়া। শুন রাজা জন্মেরর পূর্বের ভারতী। ৰুদাটিত খল জন নহে শুদ্ধমতি।। মণি ল'য়ে বক্তবাহ গেল নিজপুরে। উপনীত হৈল গিয়া মায়ের গোচরে॥ উলুপী কহিল পুত্র কহ বিবরণ। অনিলা কি রত্ন মণি অর্জ্রন-নন্দন ॥ বক্রবাহ রাজা বলে আনিলাম মণি। किन्त व्यक्तित्र माथा ना (प्रथि कननी ॥ বুষকেতু মুগু নাহি কেবা ল'য়ে গেল। তাহা শুনি চিত্রাঙ্গদা কান্দিতে লাগিল। কুণ্ডলে মণ্ডিত মুগু মিল কোমজন। বিলাপিয়া ভূমে পড়ে অৰ্জ্জুন নন্দন॥ চিত্রাঙ্গদা উলুপী কান্দেন গ্রইজনে। তা দেখিয়া পাত্রমিত্র ছঃথ পায় মনে। অস্বেষণ করি মুগু কোথা না পাইল। ভূমে পড়ি সর্বজন কান্দিতে লাগিল। পাত্রমিত্র প্রবোধয়ে দে বক্রবাহনে। চিত্রাঙ্গদা উলুপী শাস্তাইল হুইজনে॥ অধোমুধে বিলাপ করেন নরপতি। পিতৃহত্যা করিলাম হইয়া সম্ভাত ॥ এ পাপ শরীর আর না রাখিব আমি। আত্মহত্যা করি আমি শুন গো জননী। শরীর ত্যজিব আমি এই পিতৃশোকে। কুমি হ'য়ে ছঃখ ভোগ করিব নরকে। বুঝিসু আমার সম পাপী নাহি আর। বিনা দোষে বিনাশিসু পিতা আপনার। नागगर किनि यात्रि यानिमात्र मिन। কেবা ল'য়ে গেল মুগু কি হবে জননী। উলুপী বলিল ভূমি না কর ক্রন্দন। প্রতিকার ইহার করিবে নারায়ণ ॥ এ কর্ম অন্তের সাধ্য নহে কদাচন। কৃষ্ণ বিনা আনিতে নারিবে কোনজন ॥ ভকতবংসন প্রতু লাসিবে ছরিত। इक्स्पर्धा अर्थात्वर माहि विद् कीछ।

এত राम श्रादाधिम (म राक्याहरन । চৌদিকে বেড়িয়া সবে রাহিল অর্জনে ॥ অধোমুথে চিত্রাঙ্গদা উলুপী হুন্দরী। বিষাদে রহিল সর্বব হৃথ পরিহরি ॥ শ্বন রাজা জন্মেজয় কহি যে তোমারে। कुछीरमवी रमस्थ यथ रखिनानगरत ॥ त्रव्यक्ष व्यक्त रहेन करा तर्। স্বপেতে দেখিল বজ্ৰবাহনের বাণে॥ ভয়ে কুন্তীদেবী শীঘ্র গোবিন্দে ভাকিল। শুনহ গোবিন্দ মম অমঙ্গল হৈল।। উচাটন চিত্ত মম শুন নারায়ণ। বুষকেতু অৰ্জ্জনের হইল নিধন॥ মণিপুরে বজ্রবাহ নামে নরপতি। মহাবলবান সেই অৰ্চ্ছন সন্ততি॥ ঘোড়া রাখিবারে পার্থ গেল তার পুরে। বভ্ৰুবাহ সে অশ্ব ধরিল অহঙ্কারে 🖟 অশ্বভালে লিখন পডিয়া নরপতি। অর্জ্বনে ভেটিতে সে আইল শীন্তগতি॥ নানা রত্ব অগ্রে করি প্রণাম করিল। ক্রোধ করি পার্থ তার পূজা না হইল। চরণ প্রহার কৈল মস্তক উপরে। জারজ বলিয়া গালি দিলেক তাহারে॥ বক্রবাহ রাজা তবে পেয়ে অপমান। করি**ল অর্জ্জন সঙ্গে অনেক সং**গ্রাম ॥ ভীম আদি যুবনাশ যত সেনাগণ। বক্রবাহনের হাতে হৈল খচেতন॥ র্ষকেত্র অর্জনের কাটিলেক মাথা। তোমারে জানাই কৃষ্ণ বিপদের কথা ॥ স্বপ্লেতে দেখিতু আমি শুন নারায়ণ। তুমি গেলে দুর হবে চিত্ত উচাটন ॥ এতেক শুনিরা কৃষ্ণ কুন্তীর বচন। **ष्रस्त देश्यन क्रुः थी कमनला** हन ॥ অমঙ্গল কথা পিনি কহ কি কারণে। कित्रीमि सिनित्व (क्रम माहि विक्रूनरम् ।

কৃষ্ণের স্মরণে আদে বিনতানন্দন।
আজা কর কোন কর্মা করিব এখন ॥
তবে কৃষ্ণ গরুড়ে করিয়া আরোহণ।
অতি শীত্র যান শ্রন্থ কিরীটা কারণ ॥
উপনীত হইলেন হরি মণিপুরে।
যেইখানে চিত্রাঙ্গদা কান্দে উচ্চৈঃস্বরে ॥
কৃষ্ণ দরশনে সবে চেতন পাইদ।
বক্রবাহ রাজা তবে উঠি দাণ্ডাইদা ॥
বিজয় পাণ্ডব কথা অমৃত লহরী।
কাশী কহে শুনিলে তররে ভববারি ॥

শ্রীক্লফের প্রতি বক্রবাহনের বিনয়। বজ্ৰবাহ নরনাপ, যোড় করি হুই হাড় निरवनस्य कुरस्कत्र हत्रश् । আমি অতি ছুরাশয়. শুন কৃষ্ণ মহাশ্যু: कानिया श्रवुक अरे तर्ग ॥ অশ্ব এল মণিপুরে, কহিলেন অসুচরে অহঙ্কারে ধরিলাম আমি। অশ্বভালে লেখা যত্ত পড়িয়া হইন্মু জ্ঞাত শুন শুন দেব চক্ৰপাণি॥ পরিচয় পিতাসনে ইচ্ছা করিলাম মনে, বিশেষ কহিল চিত্রাঙ্গদা। ' কুন্থম চন্দন পুরি, অশ্ব নিয়া আগে ধরি, দুর করি আপন মর্য্যাদা 🛚 নানারত্ব স্বর্গথালে, দিয়া পার্থ পদতলে যথাযোগ্য করিত্ব প্রণাম। জারজ বলিয়া মোরে,লাথি মারিলেন শিরে সভাতে পাইকু অপমান॥ তবু হুঃখ নাহি ধরি, আমি কুতাঞ্চলি করি क्रिनाम प्रांतिक विनम् । নটার তনম পারি শুন শুন চক্রপাণি. কহিলেন পার্থ শহাপর ॥ এ পঞ্জোতিক দেহ,কাৰকোৰ লোভনো সম্মতে না পারিত্ব সামি।

অহস্কারে হ'য়ে মত্ত, না বুঝিকু ধর্মাতন্ত্র, বিনাশ করিত্ব জন্মদাতা। নাগে জিনিলাম বলে, প্রবেশিয়া রসাতলে, মনি আনি না দেখিতু মাথা॥ করিলাম নিবেদন. আদি অন্ত বিবরণ, কে লইল হরি পার্থশির। আমি আপনার প্রাণ. না রাখিব ভগবান. ভাল হৈল এলে যতুবীর ॥ এত বলি বক্রবাহ, ত্যাজিয়া সকল মোহ, দিব্য অস্ত্র লইল তথন। বারণ করেন হরি, নুপতির হাতে ধরি, না মরিও অর্জ্জুন নন্দন॥ শুনিলে ঘুচয়ে ব্যথা, মহাভারতের কথা. কলির কলুষ হয় নাশ। হেতু স্থজনের প্রীত, কমলাকান্তের স্থত, বিরচিল কাশীরাম দাস ॥

> মণিস্পর্ণে অর্জুনাদির জীবন প্রাপ্ত ও তামধ্বজের সঙ্গে যুদ্ধ।

শ্ৰীজনমেজয় বলে শুন তপোধন.। কি প্রকারে পাইলেম অর্জ্বন জীবন॥ সে সকল কথা এবে কছ মহাশয়। তোমার প্রদাদে শুনি খণ্ডুক সংশর॥ বলেন বৈশম্পাথন শুন নরপাত। কহি যে ভোমারে আমি সে সব তারতী॥ নিজ পার্চ্য দিল এীবভ্রুবাহন। করিলেন গ্রাপ্থাস তাহারে নারায়ণ॥ গোবিক বলেন মুগু হরিল যে জন। তাহার মন্তক থসি পড়ুক এখন 🛭 অর্জ্জনের মুগু আসি স্কন্ধেতে লাগুক। ইহা কহিলেন কৃষ্ণ হ'য়ে সকৌতুক॥ তবে দে চুজনার মস্তক খদিল। বক্রবাহ রাজা ভাহা নয়নে দেখিল 🛚 র্ষকেতু অর্জ্জুনের মস্তক লইয়া। অনুস্ত আপনি আদে দানন হইয়া॥

দোঁহাকার ক্ষন্ধে মুগু করিল যোজন। অমৃত আপনি ছড়াইলা নারায়ণ॥ প্রাণদান পায় সবে মণির পরশে। রাখিলেন ক্লফচন্দ্র আপনার পাশে। হস্তী ঘোড়া আদি যত ছিল মৃতলোক। মিণি হৈতে প্রাণ পায় দূর হৈল শোক ॥ উঠিয়া বলি যত নৃপতিকুমার। মহাশব্দে দৈত্য সব বলে মার মার॥ যতুমণি মণি দেন অনন্তের স্থানে। মণি ল'য়ে গেল নাগ আপন ভবনে॥ গোবিন্দ বলেন শুন অৰ্জ্জুন তনয়। ক্ষজ্রধর্ম আচরিলা নাহি ধর্মভয়। অপরাধ বলি তুমি না ভাবিহ মনে ৷ ক্ষজ্ঞিয় প্রধান কর্ম্ম সম্মুখ সংগ্রামে ॥ অর্জ্রনেরে বৃঝাইয়া কহিলেন হরি। বক্রবাহনেরে তোষ আলিঙ্গন করি॥ কৃষ্ণবাক্যে ধনঞ্জয় সম্প্রীতি পাইয়া। বক্রবাহে তুষিলেন আলিঙ্গন দিয়া॥ আমার নন্দন তুমি বড় বলবান। ত্রিভুবনে বীর নাহি তোমার সমান ॥ সম্প্রীতি পাইয়া সবে দিল আলিঙ্গন। সবে বলে যোদ্ধা বড় শ্রীবভ্রুবাহন ॥ প্রণমিয়া বক্রবাহ কছে যোড়হাতে : একদুষ্টে নিরীক্ষয়ে পাগুবের নাথে। অনুশাল্প দৈত্য সঙ্গে কৈল আলিঙ্গন। मर्व वर्त क्या क्या व्यक्ति नम्पन ॥ চিত্রাঙ্গদা উলুপী গেলেন অন্তঃপুরে। কৃষ্ণ হেপা কহিলেন বক্রবাহনেরে॥ তুরঙ্গ রাখিতে যাহ অর্জ্জুন সংহতি। দৈত্যগণ দঙ্গে লহ ঘোড়া আর হাতী॥ বক্রবাহ রাজা তবে হরষিত চিতে। তুরঙ্গ রাখিতে গেল অর্জ্জুনের সাথে। লক্ষ ধেনু সেখানে ব্রাক্ষণে দিল দান। তুরঙ্গ লইয়া বীর করিল প্রয়াণ॥ এই বিবরণ রাজা কহিন্স তোমারে। जात कि विनव ताका वनह जागादत ।

শ্রীজনমেজয় বলে শুন তপোধন। অশ্ব ল'য়ে কোথা গেল পাণ্ডুর নন্দন॥ বলেন বৈশস্পায়ন শুন জন্মেজয়। রত্নাবতী পুরে গেল পাণ্ডবের হয়॥ রত্নাবতীপুরে রাজা ময়ূরধ্বজ নাম। বড়ই ধান্মিক রাজা সর্বব গুণধাম ॥ সংগ্রামে নাহিক কেছ তাহার সমান। তার নামে বীরগণ হয় কম্পমান॥ অখ্যেধ যজ্ঞ করিলেন নরপতি। অশ্বক্ষা করে তাত্রধ্বজ মহামতি ॥ অশ্ব ল'য়ে আছে সেই নর্মদার তীরে। দৈবে অর্জ্জনের অশ্ব গেল'দেই পুরে॥ অশ্ব দেখি তাত্রধ্বজ আনন্দিত মন। অশ্বকে ধরিল বীর করিয়া যতম ॥ লিখন পড়িয়া তার হৈল অহস্কার। পাণ্ডব সমান বীর কেহ নাহি আর॥ বারবেশ অহঙ্কারে কাঁপে কলেবরে। ছাক দিয়া ব**লিল যতেক অনুচরে ॥** গন্ধিয়া রাথহ ঘোড়া করিয়া যতন। দিখি কি করিতে পারে পাণ্ডুর নন্দন ॥ শ্হস্কারে অশ্বভালে করেছে লিখন। ারিতে আমার ঘোড়া পারে কোনজন ॥ ীয় লহ সেনাগণ ধন্বৰ্কাণ হাতে। াকলে স্থসভ্জ হও সংগ্রাম করিতে॥ পিদেশে অনুচর অশ্ব ল'য়ে গেল। গঅধ্বজ যুদ্ধ হেতু স্থসজ্জ হইল॥ ' ণথিধ্বজ স্থত অশ্ব ধরিলেক বলে। করীটি শুনিয়া আজ্ঞা করেন সকলে॥ াগে হৈল রুষকেতু ল'য়ে ধুকুর্বাণ। াএধ্বজ সহ তার বাজিল সংগ্রাম॥ াক দিয়া রুষকেতু বলে উচ্চৈঃম্বরে। 🅫 ধরিল যজ্ঞ হোড়া মরিবার তরে॥ ^{ধি}ষ্ঠির **সহায় আপনি নারা**য়ণ। াণ্ডবে জিনিতে নারে এ তিন ভুবন 🛚 ্রিধ্বজ বলে ক্বফ্ত সবাকার পতি। ুব্ৰিয়। কহ কেন কুৎসিত ভারতী॥

ভক্তের অধীন কৃষ্ণ ভদ্ধনৈতে পাই। এ তিন ভুবনে তাঁর শত্রু কেহ নাই॥ পাণ্ডবের কৃষ্ণ বলি কর অহঙ্কার। শুন র্যকেতু জ্ঞান নাহিক তোমার॥ দেখিব কেমনে আজি জিনিবে সংগ্রাম। অশ্ব নিয়া নিজদেশে করহ প্রয়াণ॥ মম পিতা অশ্বমেধ যক্ত আরম্ভিল। অশ্ব রাখিবার তরে মোরে পাঠাইল॥ ভাল হৈল এই অশ্ব দৈবে দিল আনি। লইতে যজ্ঞের ঘোড়া না পারিবা তুমি॥ র্ষকেতু বলে শুন নুপতি নন্দন। জিনিয়া আনিল দঙ্গে যত রাজগণ ॥ युवनाय नौलक्षक रःमध्वक वािन । পরাভব পেয়ে সবে আইল সংহতি॥ র্থা অহঙ্কার কর মরিবে এখন। নহে অশ্ব কিরীটিরে করহ অর্পণ॥ র্ষকেতু বাক্যে বীর জুদ্ধ হৈল মনে । যুড়িল পঞ্চাশ বাণ ধনুকের গুণে ॥ কর্ণের নন্দন নিবারিতে না পারিল। তামধ্বদ্র বাণে বীর জর্জ্জর হইল ॥ তবে তাত্রধ্বজ বীর পাঁচ বাণ দিয়া। রুষকেতু রথধ্বজ ফেলিল কাটিয়া॥ তুণ গুণ কাটিলেন রথের দার্থি। বিরথ হইল রুষকেতু মহামতি॥ দশ বাণে তাত্রধ্বজ তাহাকে বিশ্ধিল। কর্ণের নন্দন রণে মূর্চ্ছিত হইল।। তবে বুবনাশ্ব রাজা স্থবেগ সহিত। করে বহু যুদ্ধ তাম্রধ্বজের সহিত॥ পিতা পুত্রে মুচ্ছিত হইল চুইজনে। তবে অমুশাল্ব আদি প্রবেশিল রণে॥ তাত্রধ্বজ সহ কৈল অনেক সংগ্রাম। স্থমিতে পড়িল দৈত্য হইয়া অজ্ঞান। তবে হংগধ্বজ আর গে বক্রবাহন। প্রাণপণে হুই জনে কৈল মহারণ॥ মহাবীর তাত্রধ্বজ ভয় নাহি করে। জিনিতে নারিল কেহ তাত্রধ্বজ বাবে ॥

প্রাণপণে যুঝে সবে অনেক প্রকার। অচেতনে পড়ি গেল রথের উপর॥ কেহ ভূমি পড়ি গেল হ'য়ে অচেতন। তবে রণে প্রবেশিল কৃষ্ণের নন্দন॥ তাত্রধ্বজ সনে সেও অনেক যুঝিল। বাহুন্য কারণ তাহা লেখা নাহি গেল। তাত্রধ্বজ বাণে তার শেষ হৈল তন্ত্র। অচেতন হ'য়ে রণে পড়ে ফুলধনু॥ আইল সাত্যকি ভীম করিতে সমর। ছাইল গগন তবে এড়ি নানা শর॥ মহাবার তামধ্বজ ভয় নাহি করে। কাটিল ভীমের গদা দিব্য পাঁচ শরে॥ ্ ধনুর্ব্বাণ হাতে ল'য়ে বীর ব্বাকাদর। তাত্রধ্বজ সহ কৈল অনেক সমর॥ সাত্যকি সাহদ করি এড়ে নানা বাণ। নুপতি তনয় তাহা করে খান খান॥ তবে তাত্রধ্বজ্ব বীর আশী বাণ দিয়া। বিন্ধিলেক ভীমদেনে জর্চ্ছর করিয়া। সাত্যকি সহিত তবে বাধে মহারণ। তারে পরাজিল শিথিধ্বজের নন্দন॥ এ সব ঈশ্বরলীলা কেহ নাহি জানে। যতেক পাওবদৈন্য পরাজিল রণে॥ তাহা দেখি কিরীটির ক্রোধ হৈল মনে। গাণ্ডীব লইয়া বীর প্রবেশেন রণে। কিরীটী দেখিয়া তবে তাত্রধ্বজ বীর। তীক্ষবাণ দিয়া তার বিদ্ধিল শরীর॥ কিব্নীটী যতেক বাণ যুড়েন ধনুকে। ভাত্রধ্বজ নিবারিল বাণ দিয়া তাকে॥ নিবারিতে না পারিয়া তাত্রধ্বজ শরে। পার্থের জর্জ্জর অঙ্গ রক্ত বহে ধারে॥ মহাকোপে উপজিল পাণ্ডর নন্দনে। ভয় পেয়ে জিজ্ঞাদেন তবে নারায়ণে॥ ওহে কৃষ্ণচক্র আমি না পারি বুঝিতে। সংগ্রামে সমর্থ নাহি তাত্রধ্বজ সাথে॥ ভীম্ম দ্রোণ কর্ণবীরে পরাজিমু আমি। নিবাভকবচে বিনাশিসু চক্রপাণি #

খাগুব দহিত্ব আমি তৃষিত্ব অনলে। কালকেতু নিপাত করিতু বাহুবলে॥ সংগ্রাম করিয়া আমি ভূকিত্র শঙ্করে। জিনিকু কৌরবগণে বিরাট নগরে॥ চিত্ররথ গন্ধর্বের কৈন্থ অপমান। আপনি জানহ তুমি আমার সংগ্রাম॥ স্তর্থ স্থধশ্ব। আমি নিপাতিসু রণে। যুঝিতে না পারি আমি তাত্রধ্বজ সনে॥ বীর নাহি দেখি তাত্রধ্বজের সমান। শুন কৃষ্ণ পাইলাম বড় অপমান ॥ গোবিন্দ বলেন সথা ত্যজহ সমর। মহাবলবান শিথিধ্বজের কোঙর॥ জিনিতে নারিবে তুমি তাত্রধ্বজ বীরে। বৈষ্ণব উহার পিতা বিদিত সংসারে॥ গোবিন্দ বলেন সথা কর অবধান। তুমি কিন্তা আমি হারি একই সমান॥ তোমাতে আমাতে সথা কিছু ভেদ নাই। ভক্তের মর্য্যাদা আমি রাখিবারে চাই॥ রাজার সাহস আজি দেখাব তোমারে। চল হুইজন যাই পুরীর ভিতরে॥ শিথিধ্বজ সম দাতা নাহি ত্রিভুবনে। সংগ্রাম ত্যজহ তুমি আমার বচনে॥ দ্বিজবেশ ধরিয়া রাজার ঠাই যাব। নুপত্তি সাহস আমি তোমারে দেখাব। পাইবে যজ্ঞের ঘোড়া ভয় নাহি মনে। সংগ্রাম ত্রিজিয়া ভূমি এদ মোর দনে। এত শুনি ধনপ্রয় কুষ্ণের উত্তর। ঈষৎ হাসিয়া বীর ত্যজেন সমর॥ পাণ্ডবের কৃষ্ণ বলি জানে সর্ববজন। তব পদে ভক্তি মোর নাহি নারা^{য়ণ ॥} দৰ্পহারী তব নাম বিদিত সংসারে। দাক্ষাৎ দে দৰ্প তুমি দেখাও আমারে॥ এত শুনি কৃষ্ণচন্দ্ৰ হাস্মমুখে কন। তোমা বিনা স্থা মম আছে কোন্জন॥ রণ জিনি তাঅধ্বজ ছাড়ে। শংহনাদ। চলিল বাপের পালে লইতে প্রসাদ।

অশ্বমেধ পুণ্যকথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

> ব্রাহ্মণবেশে ময়ূরধ্বজ রা্জার দভায় রুক্যার্জ্জনের গমন।

পুত্রের বচন শুনি আনন্দ পাইল। আলিঙ্গন দিয়া রাজা পুত্রকে ভূষিল।। শুভ সমাচর পুত্র কহিলে আমারে। আইলেন নারায়ণ রত্নাবতীপুরে॥ দার্থক তপস্থা মম হৈল এত দিনে। দেখিব প্রমানন্দে কিরীটী মিলনে॥ বান্ধিয়া রাখহ ঘোড়া মিলাইল বিধি। সবান্ধবে পরশিব কৃষ্ণ গুণনিধি॥ যাঁর পাদপদ্ম হৈতে গঙ্গার জনম। আইলেন মম পুরে সেই নারায়ণ॥ গাঁর পদ পরশে সামন্দ বস্থমতী। মুনিগণ যাঁর পদ ভাবে দিবারাতি॥ হেন যানবেক্ত আইলেন মম পুরে। পূৰ্ব্ব তপফলে আমি দেখিব তাঁহারে 🛚 তুমি পুত্র খামার জন্মিলে শুভক্ষণে। কুল্ফ দর্শন পাব কিরীটী মিলনে॥ শুনিলাম তব মূথে যুদ্ধ বিবরণ। বাহুবলে পরাজিলে ঐীবক্রবাহন॥ এক লক্ষ রাজা যাঁর খাটে ছত্রতলে। তাহাকে জিনিলা তুমি নিজ বাহুবলে॥ যুবনাশ্ব অনুশাল্প বড় বীরবর। তাহারে জিনিয়া তুমি করিলা সমর॥ সাত্যকি ও বুষকেত্ব বড় বলবান। তাহাকে জিনিলা তুমি বিক্রমে প্রধান॥ পরাজিলা রতিনাথে আশ্চর্য্য কথন। কিরীটী তোমার বাণে হল অচেতন॥ এ সব আশ্চর্য্য কথা শুনে লাগে ভয়। একেলা করিলা তুমি সবাকারে জয়॥ পাণ্ডৰ বান্ধৰ করিবেন আগমন। অশ্ব হেতু গোবিন্দের দেখিব চরণ ॥

এত বলি আনন্দ পুলকে নরপতি। সমান্ধ করিল পাত্র-মিত্রের সংহতি॥ পুনঃ আলিঙ্গনে পুত্রে তোষে নৃপক্র। সিংহাসনে বদিলেন সভার ভিতর ॥ (इथा জनार्मन युक्ति विठातिल भरन। দ্বিজরূপ হইলেন অর্জ্জুনের সনে॥ বৃদ্ধ বিপ্ররূপ হইলেন নারায়ণ। রাজারে করিতে কুপা করেন গমন॥ খুঙ্গি পুঁথি কাঁথে শিষ্যরূপে ধনপ্তয়। নুপতির স্থানে যান হইয়া নির্ভ্য ॥ সমাজ করিয়া রাজা আছেন যেখানে। তথা উপনীত কৃষ্ণ অর্জ্জুনের দনে॥ ব্রাহ্মণ দেখিয়া রাজা উঠিল সহরে। প্রণমিয়া পাত্য অর্ঘ্য দিল বিজ্বরে। যোড়হাত হ'য়ে রাজা বলেন বচন। কি হেতু আইলে তুমি কহ বিবরণ॥ রাজার বচন শুনি দেব নারায়ণ। কপ্ট ক্রিয়া কুফ্ট ক্ছেন বচন॥ শুনহ ভূপতি মম ত্রুথের কাহিনী। কহিতে বলনে মম নাহি সরে বাণী॥ কুফ্রণক্মা ন্যুমে শ্বিজ তোমার নগরে। পুত্রের সম্বন্ধ আমি কৈতু তার ঘরে॥ বিবাহ দিবস দৈবে নিকট হইল। নিমন্ত্রণ ইফীবন্ধ কুটুম্ব আইল। বর ল'য়ে আদিতে ছিলাম হরষিতে। নৈবে এক সিংহ আসি আগুলিৰ পথে॥ মম পুত্র খাইবারে চাহিল কেশরা। ভয়ে আমি কহিলাম বোড়হাত করি॥ আমারে ভক্ষণ কর ছাড়িয়া পুত্রেরে। এক পুত্র বিনা আর নাহিক সংসারে॥ পুত্রশোক সহিতে না পারিব যে আমি। শুন সিংহ আমারে ভক্ষণ কর তুমি 🛚 দিংহ বলে তব মংাদে প্রীতি নাহি পাব। নবীন কোমল মাংস ুপট পুরে থাব॥ তপস্থায় শুক্ষ মাংদ তোমার শরীরে। থাইতে নারিব আমি কহিন্তু তোমারে॥

পুত্রের নিমিত্ত মোর বড় হৈল মায়া। পুনঃ সিংছে কহিলাম যোড়হাত হৈয়া ॥ কি বস্তু পাইলে ছাড় আমার কুমারে। আজ্ঞা কর দেই দ্রব্য দিব সে তোমারে॥ তবে সিংহ কহিলেন নিদারুণ বাণী। সে কথা কহিতে নাহি পারি নৃপমণি॥ রাজা বলিলেন কহ দেই ত কথন। কি কহিল সে কেশরী শুনি বিবরণ॥ বিপ্র বলে সেই কথা কহিতে না পারি। যে নিষ্ঠুর বাক্য মোরে কহিল কেশরী॥ ্ 😎ন বিপ্র পুত্তের বাঞ্ছ যদি প্রাণ। ময়ুরধ্বজের অঙ্গ কাটি শীদ্র আন॥ নানা ভোগযুক্ত সেই রাজ-কলেরর। থাইতে আমার বাঞ্ছা আছয়ে বিস্তর॥ তবে দে ছাড়িব আমি তোমার নন্দনে ৷ এত বলি আজ্ঞা দিকু পরম যতনে॥ নির্বান্ধ করিয়া আইলাম তব স্থান। তুমি অঙ্গ দিলে রহে তনয়ের প্রাণ॥ এতেক বচন বিপ্র বলে বারে বারে। নিজ তন্ম দিয়া তুমি রাখহ আমারে॥ দিজের শুনিয়া কথা হরিষ রাজন। দিব বলি অঙ্গাকার করিল তখন॥ তাহা দেখি পাত্রমিত্র করে হাহাকার। যোড়হাত করি বলে রাজার;কুমার॥ তাভ্রধ্বজ বলিলেন শুন মিবেদন। তুমি গেলে শুন্ত হবে রাজ-সিংহাদন॥ আমি যাই দ্বিজ সঙ্গে সিংহের সম্মুখে। পরম হরিষে সিংহ খাইবে আমাকে॥ রাজা বলে তোমা যদি লয়ত ব্রাহ্মণ। তবে সত্য হয় পুত্র আমার বচন। ভবে তাত্ৰধ্বজ বড় দন্বিত পাইয়া। বিজ কাছে কহে কথা হর্ষিত হৈয়া॥ শুন দ্বিজ তোমারে যে করি নিবেদন। যেই পিতা দেই পুত্র শান্ত্রের কথন॥ সিংহাসন শৃশ্য হবে ভূপতি বিহনে। আমি শিশুমতি প্রজা পালিব কেমনে ॥

অনুমতি দেহ আমি যাই সিংহপাশে: নিজ পুত্র ল'য়ে ভূমি যাহ গৃহবাদে ॥ এত যদি কহিলেন ভূপতি-নন্দন। তাহা শুনি হাসি বলে কপট ব্ৰাহ্মণ॥ যেই পুত্র দেই পিতা করিলা প্রমাণ। সমান শরীর তুমি ইথে নাহি আন ॥ কিন্তু সে সিংহের কথা কহি যে তোমাকে। স্থূপতির অর্দ্ধ অঙ্গ মাগিল আমাকে॥ ভূপতির অর্দ্ধ অঙ্গ যদি পাই ভিক্ষা। তবে সে আমার পুত্র পাইবেক রক্ষা॥ শুনহ ময়ুরধ্বজ আমার বচন। সমস্ত শরীরে মম নাহি প্রয়োজন॥ অর্দ্ধাঙ্গ দিবেক তুমি বলহ আমারে। পুত্র হেতৃ এই ভিক্ষা মাগিহে তোমারে॥ রাজা বলিলেন অঙ্গ দিব আপনার। ইহাতে তিলেক তুঃথ নাহিক আমার॥ অর্দ্ধ অঙ্গ ব্রাহ্মণে দিলেন নরপতি। সমাচার পায় পুরে নারী কুমুন্বতী ॥ তই চারি দাসী সঙ্গে আইল দেখানে। যোড়হাত করি বলে দ্বিজ বিভামানে॥ নৃপতির অর্দ্ধ অঙ্গ গণি যে আমাকে। মোরে সিংহে দিয়া রাথ আপন বালকে। কেন সিংহাসনশৃত্য কর দ্বিজবর। আজ্ঞাদেহ আমি যাই সিংহের গোচর॥ আমা দরশনে তুষ্ট হবেন কেশরী। পুত্র ল'য়ে যাহ তুনি আপনার পুরী॥ এত যদি রাজরাণী করিল সাহস। গোবিন্দে নিন্দেন পার্থ হইয়া বিরুস। তবে কৃষ্ণ কহিলেন শুনহ রাজন। নারী বাম অঙ্গ মোর নাহি প্রয়োজন। দক্ষিণাঙ্গ দেহ রাজা কহিল আমারে। যাচিঙ্গা করিত্ব আমি তোমার গোচরে॥ দক্ষিণাঙ্গ দেহ মোরে শুন নরপতি। মন দিয়া শুন তুমি সিংহের ভারতী॥ ক্রা পুত্রে করাত ধরি তোমারে চিরিবে। তবে তব অৰ্দ্ধ অঙ্গ কেশরী লইবে॥

क्रिमती कश्लि अहे निष्ठे त वहन। তবে দে পাইব আমি আমার নন্দন ॥ পরকাল তরিবারে এত যত্ন করি। পুত্র বিনা নিদানে নরকে ঘুরে মরি॥ অতএব মাগিলাম এ ভিক্ষা তোমারে। কাতর না হ'লে অন্ধি অঙ্গ দেহ মোরে॥ দক্ষিণাঙ্গ দিয়া হে পুরাও অভিলাষ। পরিণামে তোমার হইবে স্বর্গবাস ॥ শিথিধ্বজ বলে অর্দ্ধ অঙ্গ দিব আমি। ক্ষণেক বিলম্ব কর দ্বিজবর তুমি : রাজা বলে তাত্রধ্বজ আর রহ কেনে। করাতে চিরহ আমা সবা বিগ্রমানে॥ বসিল ময়ুরধনজ পূর্বব মুখ হৈয়া। নবীন তুলদীমালা গলায় পরিয়া॥ স্থান করি তাম্রধ্বজ জননীর দনে। হাতেতে করাত নিল আনন্দিত মনে॥ ব্রাহ্মণের আজ্ঞা পুনঃ ল'য়ে যোড়হাতে। করাত দিলেন তবে জনকের মাথে॥ অর্দ্ধ অঙ্গ রাজা দেয় উঠিল ঘোষণা। দেখিতে আইল যত নগরের জনা। শিশু বৃদ্ধ যুবা কেহু না রহিল ঘরে। ব্রী পুরুষ উপনীত নৃপতির পুরে । পথে যেতে পরস্পর কহে কোনজনে। আপনারে নাশে রাজা ধর্মের কারণে। কেহ বলে ধন্য ধন্য শিথিধ্বজ রায়। রাজতন্তু দিয়া রাজা স্বর্গপুরে যায়॥ কেহ বলে ক্লেণ বিনা নাহি হয় ধর্ম। কেহ বলে নৃপতি করিল বড় কর্মা। অনিত্য শরীর এই বিচারিয়া মনে। আপনার অঙ্গ রাজা দিলেন আ**স্ম**ণে ॥ চল চল দেখি গিয়া ভূপতি সাহস। ভুবন ভরিয়া রাজা রাখিলেন যশ। দূর হবে যত পাপ রাজ দরশনে। দেখিলে দাহদ হয় সত্য জানি মনে ॥ এত বলি সকলেতে তথায় চলিল। ভূপতির পত্নী পুত্র করাত ধরিল।

শিখিধ্বজ বলিলেন শুন কুমুদ্বতী। আমাকে চিরিতে নাহি হবে হুঃখমতি ॥ করাত ধরহ আমি ভয় নাহি করি। চিরহ মস্তক মম শুদ্ধচিত্ত করি॥ মাতাপুত্রে আনন্দিত নৃপতি ক্চনে। চিরিছে মস্তক তার কৃষ্ণ বিভাষানে॥ অন্তৰ্য্যামী ভগবান জানেন সকল। বলেন ঈষৎ হাসি ভকতবংসল॥ আর অর্দ্ধ অঙ্গ মম নাহি প্রয়োজন। অশ্রদায় দান আমি না করি গ্রহণ॥ কান্দিয়া অর্দ্ধেক অঙ্গ তুমি দিলা মোরে। এ দান লইয়া আমি নারি তরিবারে ॥ না চিরিহ ভূপতিরে শুন রাজরাণী। কাতর হইলে দান নাহি লই আমি॥ এত বলি নারায়ণ ধনঞ্জয় দাথে। সভা ত্যজি উঠিলেন আপনি ত্বরিতে॥ কুমুন্বতী বলে ভূপে যোড়হাত হৈয়া। না নিলেন দান বিপ্র কিদের লাগিয়া 🛊 শুনিয়া কহিল রাজা প্রিয়ার বচন। কাতর দেখিয়া দান না নিল ব্রাহ্মণ॥ এত বলি রাজা বামনেত্রে জল বারে। যোড়হাত হ'য়ে বলে কপট দ্বিজেরে। বাম নয়নেতে মম দেখি জলধার। হৈলাম কাতর, মনে ইইল তোমার॥ তোমার দাক্ষাতে সত্য কথা কহি আমি। করাতের ব্যথা নয় শুন দ্বিজ্ঞামী ॥ যে কারণে অশ্রুপাত বাম নয়নেতে। তাহার কারণ আমি কহি যে তোমাতে ॥ দক্ষিণাঙ্গ তুমি মম করিলে গ্রহণ। অভিমানে বামচক্ষু করয়ে ক্রন্দন।। এই দে আমার দোষ কহি যে তোমারে। দক্ষিণাঙ্গ ল'য়ে তুমি যাহ ত সত্তরে॥ হাসিয়া বলেন কৃষ্ণ শুন নরপতি। আমি তোমা পরাক্ষিন্ম কিরীটী সংহতি 🛭 তাত্রধাজ যুদ্ধে কত সন্বিত পাইয়া। আইলাম পার্থ সঙ্গে কপট করিয়া 🛦

अपनित जारन केंछ द्वितिनान आहि পুৰিতে রাখিলে যশ মত রাজা ভূমি 🛊 এত বলি বিপ্ররূপ ভ্যক্তিয়া মুরারী। সেইক্ষণে হইকেন শহাচক্রধারী। সদাপদ্ম চতুত্ব ক বনমাল। গলে। মুকুর কুণ্ডল কর্ণে করে বলমলে 🛭 উক্তবৎসল হরি জানে নানা মায়া। মুদ্ধ করিলেন নিজ মূর্ত্তি প্রকাশিয়া 🛊 তবেত ময়ুরধ্বক হরষিত হৈয়।। क्षंत्रीम कुक्श्नित शांत्र वर्षा विशे । পরশিল নৃপশির দেব জগৎপতি। ছুইল ময়ুরধ্বজ ক্ষমর মূরতি। তা দেখি উঠিল পুরে জয় জয়কার। স্থাপমিল কৃষ্ণপদে রাজার কুমার॥ কুষ্ণপদ পরশিল রাজার রম্ণী। শাৰীৰ্বাদ সবারে দিলেন চক্রপাণি॥ ইয়াড়হাতে শিথিধ্বক করেন শুবন। প্রিম কারণ তুমি দেব নিরঞ্জন **।** জ্রন্ধা বিষ্ণু মহেশ্বর তিন রূপ তুমি। ভোমার মহিমা প্রভু কি বলিব আমি 🛭 করে পরশিলা তুমি আমারে মুরারী। স্মাশার ভাগ্যের কথা দীমা দিতে নারী ॥ রিক্ক হৈল অশ্বমেধ শুন নারায়ণ। সংখলহ, যজ্ঞে মম নাহি প্রয়োজন॥ লৈও বলি তুই অখ দেখানে আনিল। কুজের সমূপে অশ কিরীটীরে দিল। কিরীটার হাতে ধরি করিল প্রবোধ। 🖚 মুম অপরাধ তুমি মহাবোধ। ক্লাম্রধ্বৰ যুদ্ধ কৈল তোমার সংহতি। ক্ষাৰ সকল দোষ পাওবের পতি 🛚 बिही विकास बाका बरह व्यविहात । ক্রির ক্তথর্ম তন্ম তোমার। ब क्रिक करिस्तान अन नत्रवत्र। ৰ্বাটন যজে যাবে হতিনান্পর। ৰ বিষয় বলে আৰি বিরীটা সাথে। নাজা নেছ বাই আমি ভূরণ রাখিতে

ভারধার পুরে ছারি সকলি করিল।
পুরী রাখিবারে সেই অলীকার কৈল।
কিরীটির সঙ্গে রাজা চলিল আপনি।
সঙ্গেতে চলিল সেনা লেখা নাহি জানি।
মুর্ছাগত সৈন্য বত আছিল সমরে।
কৃষ্ণ আজ্ঞা পেয়ে সবে উঠিল স্করে।
বিজয় পাশুব কথা অমৃত লহরী।
কাশী কহে শুনিলে তরয়ে ভববারি॥

সরস্বতীপুরে পাশুবের প্রবেশ ও ধ্যের দহিত যুদ্ধ। প্রজনমেজয় বলে কহ মহামুনি। কোন্ দেশে গেল অশ্ব কহ দেখি শুনি॥ বলেন বৈশম্পায়ন শুন জন্মেজ্যু। সরস্বতীপুরে গেল পাগুবের হয়॥ বীরব্রহ্মা নামে রাজা তার অধিকারী। সেই দেশে যান পার্থ সহিত মুরারী॥ বীরব্রহ্মা নৃপতীর পুত্র পঞ্চন। মহাবলবান তারা গুণে বিচক্ষণ ॥ ধমুর্ববাণ হাতে তারা আছিল নগরে। দৈবে হুই অশ্ব তারা দেখিল গোচরে 🖟 বীরবেশে অহঙ্কারে তুরগ ধরিল। অসুচরে নিয়োজিয়া পুরে পাঠাইল ॥ ধুমুর্বাণ হাতে নিল পঞ্চ সহোদর। সৈন্মেতে বেষ্টিত রহে করিতে সমর ॥ ভূরগ ধরিল বীর ত্রকার নন্দন। তাহা শুনি কিরীটীর মলিন বদন 🛭 আগে হৈল র্যকেতু ধনুর্ববাণ করে। ব্ৰক্তেতু ভাক দিয়া বলয়ে ভাহারে। क धतिल यख रुत्र (नह शतिहत्र। व्याञ्जूटणय टेबल कान, यादन यमानग्र॥ র্যকেতু বচনে কহিল পঞ্জন। মোরা অখ ধরি-বীরত্রকার নক্ষন ॥ যভ্য হেতু জনকের আছে অভিনায। व्ययस्य यस्य कति याद्य चर्तवाम । रेमरन जानि छुटै जन गिनिन नगरत।

व्यक्क वर्ष जामि कर्णन नन्त । পরিচয় তব সঙ্গে কোন্ প্রয়োজন ॥ বাক্যজালে দোঁছাকার ক্রোধ উপঞ্জিল। রুষকেতু দশবাণ ধনুকে জুড়িল 🛊 বীর**ভ্রহ্মা পুত্র ভাহা নিবারিল বাণে।** গারিল বিংশতি বাপ কর্ণের নন্দনে **॥** বাণাঘাতে ব্যক্তে মানে পরাজয়। হাতে বাণ স্বগ্রে হৈল কিরীটা তনয়॥ চিত্রাঙ্গদা হৃত বীর বরিষয়ে বাণ। পঞ্জনে বিশ্বিষ্টা করিল খান খান 🛭 গজবাকী পদার্ভিক ক্ষয় হৈল রণে। নিবেদয়ে পঞ্জাই জনকের স্থানে যুদ্ধ বিবরণ ষত বাপেরে ক*হিল*। তাহা শুনি বীরব্রক্ষে ক্রোধ উপজ্জিল ॥ দামাজার প্রতি তবে কহিল ভূপতি। রাখহ আমার দেশ করিয়া শক্তি 🛚 পরাভব পায় মম পুত্র পঞ্জন। লাপনি সাজিয়া যাহ করিবারে রণ॥ তোমার সাহসে কারে ভয় নাহি করি। গাহুবলে ভূমি রক্ষা কর মম পুরী॥ গশুরের বাক্য শুনি সূর্য্যের নন্দন। শুও ধরি মহিষে করয়ে আরোহণ॥ শংগ্রামে শমন এল দণ্ড ল'য়ে হাতে। বেশনে সৈম্মগণ ভয় পায় ভাতে 🛚 ।ক্রবাহ আদি করি যত বীরগণ। প্রাণপ্রতে করিলেন শর বরিষণ। শেল টাঙ্গী নানা অন্ত মুষল মুদগর। উন্দিপাল ক্ষুরপাদি বাণ প্রাণহর ॥ ণাহসে যুঝিছে যত পাগুবেরগণ। ণ্মনের দতে হয় সব নিবারণ । ^{মুবনাশ} অনুশাল হুবেগ কুমার। াসুর্ববাণ ধরিকা করিল মহামার 🛭 श्मध्यक नीमध्यक यत्रियस्य वान । ণাত্যকি ধনুক ধরি করবে সন্ধান। गेमा होट्य अभिग्रहाम श्रायमिन प्रश्

श्रश्चामि बीजवज चात्रक युरवन। যমের সংগ্রামে সবে বিষয় বদন 🛚 ভরে ভক্ক দিল সবে রণ পরিহরি। যুবিতে অৰ্জ্বন আইলেন ধনু ধরি ॥ সাহস করিয়া করিলেন বস্তু রণ। म् के ने देश विम्न निवास कि निवास कि में যুদ্ধ ত্যক্তি পার্থ জিজ্ঞাসেন নারায়ণে। সংগ্রামে আইল যুম কিলের কারণে **১** रित कहित्मन चामि चरखत कथन। শুনিয়া প্রবোধ পান কুন্তীর নন্দন ॥ সেই কথা কহি আমি শুন নরপতি। শুনি ভারতের কথা কুষ্ণে হয় মতি॥ বীরব্রহ্মা কন্মা নাম হয় যে মালিনী। শুন রাজা জমেজয় অপূর্ব্ব কাহিনী॥ পরমা হস্পরী কন্যা জিনি রভিরূপ। ত্ত্বিতা দেখিয়া বড় আনন্দিত ভূপ ॥ দিনে দিনে সেই কন্মা বাড়িতে লাগিল। পূর্ণিমার চন্দ্র যেন কলাতে পুরিল। বিবাহের যোগ্য কন্সা দেখিয়া তথনে। বীরব্রকা মহারাজ বিচারিল মনে। বিবাহের যোগ্য হৈল নহে ভাল কায। কালাতীত হৈলে কন্যা হবে লোক লাক্ত স্বয়ম্বর হেতু কম্চা বিচারিল মনে। ডাকিয়া বলেন যত পাত্র মিত্রগণে। স্বয়ন্ত্রর উদ্যোগ শুনিয়া রূপবতী। যোড়হাতে জনকেরে বলিল ভারতী 🛭 কিসের লাগিয়া তুর্মি কর স্বয়ম্বর। যমে আমি বরিয়াচি মনের ভিতর 🛭 যমে আনি বিবাহ করাও নরপতি। ত্রিভুবনে যোগ্য দেখি দেই মুম পতি । মরিলে সকলে যায় যমের নগরী (আর কারে বরিষ তাহাকে পরিহরি॥ ত্বহিতার বাক্য শুনি বীর্ত্তকা বয়ে। মহামুনি নারদেরে আনিল সভার। मुभारमण भारेचा भामिन छट्यांबन्।

কহিল আপন কথা করিয়া বিনয়। মহামূনি নারদ গেলেন যমালয় ॥ নারদে দেখিয়া যম করিল আদর। যোগাইল পাত অর্ঘ আসন সত্তর॥ যম বলে কি হেতু আইলে তপোধন। মম ভাগ্যে তোমার হইল আগমন॥ নারদ বলেন যম শুন মন দিয়া। ় বীরব্রহ্মা রাজা মোরে দিল পাঠাইয়া॥ মালিনী নামেতে তার আছম্মে তন্যা। তুমি স্বামী হবে তার আছয়ে মনয়া॥ এই হেতু আগমন তোমার গোচরে। আমার বচনে চল সরস্বতীপুরে॥ অলঙ্গ্য মুনির বাক্য লঙ্গ্রিতে নারিয়া। রবিহুত যাত্রা কৈল ব্যাধিগণ লৈয়া॥ যম আগমনে ব্যাধি লোকেরে পীড়িল। ব্যাধিভয়ে লোক সব তুঃখিত হইল॥ তবে নারদেরে জিজ্ঞাসিল নরপতি। ব্যাধি হেতু প্রজানাশ কি হবে যুক্তি॥ মুনি বলে রাজা ধর্মপথে দাও মন। ব্যাধি বল না করিবে শুনহ বচন॥ ধর্ম আচরণে দবে পাবে মহান্তথ। পরম পুলকে রবে, ভুলি যত হুঃখ। নারদের বাক্যে বীর ক্রন্সা নরপতি। পাত্রমিত্র প্রজা সবে ধর্ম্মে দিল মতি॥ মুনি বলে আসিবেন সূর্য্যের নন্দন। নিশ্চয় ভোমার কন্সা করিবে গ্রহণ **৷** মালিনীর অভিপ্রায় বুঝিয়া অন্তরে। যম আইলেন বীরব্রহ্মার গোচরে। পরিচয় আপনার কহিল রাজনে। হর্ষিত বারব্রহ্মা যম আগমনে॥ শুভক্ষণ করি কন্যা দিল নরপতি। মালিনীর দঙ্গে হৈল পরম পীরিতি॥ মহাভারতের কথা অয়ত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

কৌভিন্তপুরে পাওবের প্রবেশ ও চক্রহংস রাজার কথা।

বলেন বৈশস্পায়ন শুন জম্মেজয়। কৌণ্ডিন্যনগরে গেল পাণ্ডবের হয়॥ ধ্বস্টবুদ্ধি নামেতে রাজার পাত্র ছিল ! কালকৃট মিশাইয়া রাজারে মারিল॥ আপনি করয়ে রাজ্য বসি সিংহাসনে। জিমিয়াছে চন্দ্ৰহংস ইহা নাহি জানে ॥ তবে ধুষ্টবুদ্ধি মন্ত্রী বিরলে বসিয়া। মদনে লিখিল পত্র যতন করিয়া॥ 🐯ন জম্মেজয় রাজা পত্তের লিখন। খলের নির্মাল মতি নহে কদাচন ॥ স্বস্তি আগে লিখিয়া লিখিল আশীর্বাদ। শুনহ মদন তুমি আমার সম্বাদ ॥ চন্দ্রহংদে পাঠাইন্থ তব বিগুমানে। যাবামাত্র বিষ দান করিবে যতনে 🛭 তোমার মঙ্গল হবে এ কর্ম্ম করিলে। নহে পুত্র ছুঃখ পাবে অবশেষকালে ॥ কদাচিত না লজ্মিবে আমার বচন। আমি ত পশ্চাতে যাব নিজ নিকেতন॥ আমার অপেক্ষা কলাচিত না করিবে। যাবামাত্র চক্তহংদে বিষদান দিবে ॥ পত্ৰ লিখি পৱে তাতে এক টিহ্ন দিল। চন্দ্ৰহংস হাতে দিয়া বিশেষ কহিল ॥ শুন চন্দ্ৰহংস তুমি বিষ্ণুভক্তজন। মদনে লিখিকু আমি বিশেষ কথন ॥ না পড়িবে এই পত্র নিষেধিকু আমি । মদনেরে পত্র দিয়া তত্ত্ব আন তুরি। শিব বিষ্ণু ভেদ কৈলে যত পাপ হয়। এ পত্র পড়িলে হবে কহিমু নিশ্চয় এত বলি পত্র দিল চন্দ্রহংস হাতে। কলিঙ্গ নন্দন তাহা রাখিলেন মাথে। চক্রহংস ঘাত্রা করিলেন শুভক্ষণে। মন্ত্রীর নগরে গেল আনন্দিত মনে॥ নিদাঘ সময়ে সেই প্রথম জ্যৈষ্ঠমানে। দেখিলেন উপবন নগর প্রবেশে #

চারিদিকে পুজ্পোন্তান মধ্যে সরোবর। বকুলের রুক্ষ শোভে পাড়ের উপর॥ রুম্যস্থান দেখি চন্দ্রহংস হরষিত। বদিল বকুল মূলে পাইয়া পীরিতি॥ পথতামে চন্দ্রহংস বসিল সেথানে। নিদ্রা আকর্ষিল আদি তাহার নয়নে॥ শুন শুন জন্মেজয় অপূর্বব কথন। দৈবমায়। বুঝিতে না পারে কোনজন ॥ ধুষ্টবৃদ্ধি রাজার চুহিতা রূপবতী। সগ্যাদঙ্গে উপবনে আইল ঝটিতি॥ পুষ্প তুলি সেই কন্যা শিবপূজা করে। স্নান হেতু উপনীত হৈল সরোবরে॥ কতদুরে পুষ্প ল'য়ে আসে স্থীগণ। একাকিনী আদে কন্সা স্নানের কারণ॥ বৃক্ষ তলে নিদ্রা যায় পুরুষ হৃন্দর। কন্দর্প জিনিয়া রূপ অভি **বনোহ**র ॥ কামে বশ হৈল কন্যা তাহারে দেখিয়া। মস্তক উপরে পত্র দেখিতে পাইয়া॥ পাত্র ল'য়ে পড়িল বদিয়া রূপবতী। বাপের লিখন দেখি মদনের প্রতি॥ গতিমাত্র চক্রহংদে বিষদান দিবে। কদাচ বিলম্ব এতে তুমি না করিবে॥ লিখন পড়িয়া কন্যা করে মনস্তাপ। বিষয়া বলিল বড় নিদারুণ বাপ। দেখিয়া এমন রূপ দয়া না জন্মিল। বিষদান দিয়া এরে মারিতে বলিল ॥ বিষয়া বলিল মোরে মিলাইল ধাতা। নিশ্চয় হইব আমি ইহার বনিতা 🎚 প্রজ্ঞিলাম শিব পদ ইহার কারণে। চন্দ্রহংস হবে পতি বিচারিয়া মনে॥ নয়ন-কজ্জল নিল নথেতে করিয়া॥ 'য়া' লিখিয়া পত্র দিল হরষিত হৈয়া॥ মুদিত করিয়া পত্র রাখিল সেখানে। বিষয়া গেলেন ঘরে আনন্দিত মনে 🛭 স্নান করি কন্যাগণ শিবপূজা কৈল। হেথা চন্দ্রহংদ পরে নিজাভঙ্গ হৈল ॥

দিবাশেষে উত্তরিল মদনের স্থানে। দিলেন মন্ত্রীর পত্র পর্ম যতনে॥ মদ্ন পড়িয়া পত্র দকল জানিল। বিষয়াকে দান দিতে লিপি পাঠাইল। চন্দ্রহংদে সমর্পিব বিষয়া স্থন্দরী। বাপের বচন আমি লঞ্জিতে না পারি। নানাবাত হরিষে বাঙ্গায় রাজপুরে। বিষয়াকে সমর্পিল চন্দ্রহংস বরে ॥ নানা ধন কৌতুকে তুষিল তার মন। ক্ষীরভোগ অবশেষে কৈল ছুইছৰ । কুস্থম শায়াতে দোঁহে করিল শায়ন। ছেথা ধুন্টবৃদ্ধি মন্ত্রী বিচারিয়া মন॥ কলিঙ্গে করিল বন্দী নিল সর্বাধন। প্রজাগণে মহাপাপী করিল ভর্জন ॥ রঙ্গনী প্রভাতে হেথা মদন উঠিয়া। বাত্যোত্তম করিলেন আনন্দিত হৈয়া। আইল ভিক্ষক যত ভিক্ষার কারণে। তা স্বারে মদন তুবিল নানা ধনে 🛊 পথেতে যতেক যায় হর্ষিত হৈয়া। মদন প্রতিষ্ঠা যত কহিয়া কহিয়া॥ হেনকালে মন্ত্রী আদে কৌণ্ডিন্স হইতে। নানা রত্ন গজবাজী লইয়া সহিতে॥ মন্ত্রী দেখি আশীব্বাদ কৈল দিজগণ। শুভক্ষণে তব পুত্র জন্মিল মদন॥ বিষয়াকে দিল দান চক্রহংস বরে। তা সম স্থন্দর নাহি সংদার ভিতরে॥ চক্ষু আছে মদনের বুঝি অভিপ্রায়। ভূষিলেন নান। ধনে আমা সবাকায়॥ তাহা শুনি ধৃষ্টবৃদ্ধি অতি কোপে দ্বলে। আরক্ত করিয়া জাখি কটুবাক্য বলে॥ আরে মম কুলে তুই কুপুত্র জন্মিলি। কার বাক্যে চক্রহংদে মম কন্সা দিলি॥ মদন বলিল তব পাইয়া লিখন। চন্দ্রহংদে বিষয়া করিত্ব সমর্পণ ॥ মন্ত্ৰী বলে কোথা লিখিলাম আন দেখি। মদন যোগায় পত্ৰ হইয়া কৌতুকী #

ধ্বন্টবৃদ্ধি সেই পত্র করে নিরীক্ষণ। চন্দ্রহংসে বিশ্বাস না জন্মিল এখন ॥ মদনের দোষ নাহি বিচারিলা মনে। চন্দ্রহংসে আনিতে কহিল সেইক্ষণে ॥ ্দ্রেহংদে আনিতে দিলেন পাঠাইয়া ৷ ধুক্টবৃদ্ধি অসুচরে আনিল ডাকিয়া॥ শুন অসুচরগণ আমার ভারতী। চণ্ডিকা আলয়ে তোরা যাহ শীঘ্রগতি ∦ নিশীথে দেখিবি যারে চণ্ডিকার ঘরে। যদি মম পুত্র হয় কাটিবে তাহারে॥ ছাড়িয়া না দিবে তারে কহিলাম আমি। এত বলি অসুচরে দিলেন মেলানি॥ তীক্ষ অন্তর ল'য়ে তারা চলিল সত্তরে। চন্দ্রহংস আসে হেথা মন্ত্রীর গোচরে 🛚 বিষয়া দহিত চক্রহংদ মহামতি ৷ ষন্ত্রীর চরণে আসি করিল প্রণতি॥ আশীর্কাদ না করিল মনে তুঃখ পেয়ে! চন্দ্রহংগে মন্ত্রী কছে অধোমুথ হ'য়ে॥ যুদ্যপি করিলা মম ছুহিতা গ্রহণ : শুনিলাম না পূজিলে কালিকা-চরণ। কুলের দেবতা মম হন ভগবতী : তাঁহাকে পুজিতে তুমি যাহ শীত্ৰগতি 🛚 নানা উপহার গন্ধ চন্দন লইয়া ॥ চণ্ডীকা পজিতে যাও একাকী হইয়া॥ চন্দ্রহংস বলিলেন যথা আজা হয় : পুজিব বৈষ্ণবী পদ জানিয়া নিশ্চয়॥ তাহা শুনি মন্ত্রী দাসীগণে আজ্ঞা দিল। নৈবেন্ত লইয়া চন্দ্রহংদে ঘোগাইল 🛭 চক্রহংস সম্মুখে আনিল দাসীগণ। চণ্ডিকা পূজিতে তবে করিল গমন॥ ভূঙ্গারে পুরিয়া বারি সব্য করে নিল : স্বর্ণপাত্র বাম হাতে গমন করিল। 😎ন রাজা জন্মেজয় অপূর্বব কথন। চন্দ্রহংদে যেমতে রাখেন নারায়ণ॥ অপূর্নব কুষ্ণের লীলা কে পারে বুঝিতে। প্রথে দেখা হৈল তার মদন সহিতে 🛭

মদন ব**লিল তু**মি যাহ কোথাকারে। **ठळहःम वला** याव प्रिवि शृक्षिवादत ॥ কুলদেবী নাহি পূজি মন্ত্রী দোষ দিল। আয়োজন দিয়া মোরে হেথা পাঠাইল 🛚 মদন বলিল তুমি যাহ নিকেতন আমি গিয়া চণ্ডিকারে করিব পূজন 🛭 এত বলি চন্দ্রহংদে পাঠাইল ঘরে ৷ মদন চলিল হেথা দেবী পূজিবারে 🛚 দেবী পুজে মদন হইয়া কুভূহলী : গদ্ধ পুষ্প ধৃপ দেন হ'য়ে কৃতাঞ্জলি 🕆 শঙ্খ ঘণ্টা মদন বাজায় কুভূহলে। শব্দ পেয়ে রাজদূত আদে হেনকালে 🤉 মন্ত্রীর আদেশে তারা বিচার না কৈল*্* তীক্ষ অস্ত্র দিয়া দুত মদনে কাটিল 🛭 রাজপুত্র দেখি শেষে মনে পায় ভয় ৷ অকস্মাৎ সেই স্থানে হৈল জয় জয় 🗓 চন্দ্রহংদে দেখি মন্ত্রা কোপে জ্বলি বলে চণ্ডীকা পূজিতে তু^{ণ্}ম কেন নাহি গেলে। চন্দ্রহংস বলে শুন মোর নিবেদন। আমারে যাইতে তথা না দিল মদন 🛭 আপনি গেলেন তথা দেবী পূজিবারে তাহার বচনে আমি আইলাম পুরে 🖟 চন্দ্রহংস মুখে শুনি এতেক ভারতা। হা পুত্ৰ বলিয়া তবে যায় খলমতি 🛭 **চণ্ডীকা–মণ্ডপে গিয়া চারিদিকে চা**য়: কাটাস্কন্ধ মদন ভূতলে প'ড়ে রয়। মুগু হাতে করি মন্ত্রী করয়ে রোদন ! আহা মরি কোথা গেল পুত্ররে মদন 🖁 এত বলি ধ্রম্টবুদ্ধি আত্মঘাতী হৈল : পুত্রশোকে আপনার মস্তক কাটিল 🛚 প্রমাদ দেখিয়া তবে অসুচরগণ। চন্দ্রহংসে আসিয়া করিল নিবেদন ॥ মদন দহিত রাজা লোটায় ধরায়। তত্ত্ব নাহি জানি কেবা কাটিল দোঁহায় 🖟 শুনিয়া প্রমাদ কথা দূতের বচনে। চক্রহংস গেল শীব্র চণ্ডীকা ভবনে 🖟

বিচ্ছিন্ন মস্তক দোঁহে আছয়ে পড়িয়া। ভয় পান চক্রহংস দোঁহারে দেখিয়া॥ যোড়হাতে চণ্ডীকারে করেন স্তবন। বিষ্ণুরূপ। স্বর্ণময়ী শুন নিবেদন॥ বিষ্ণুজায়া বৈষ্ণবী যে ব্ৰাহ্মণী কমলা। হরপ্রিয়া **হৈমব**তী হও অনুকূলা॥ তোমার মহিমা মাতা কেহ নাহি জানে। নিদ্রারূপা হও তুমি বিষ্ণুর নয়নে॥ এত বলি চন্দ্ৰহংশ নানা স্তুতি কৈল। তথাপিও অভয়ার কুপা না হইল 🛚 ভক্ত চন্দ্রংস তবে বিচারিয়া মনে। আপনা কাটিতে খড়গ লইল তথনে॥ বৈষ্ণব বিনাশ দেখি নগেন্দ্র-নন্দিনী। আসি চন্দ্রহংস হস্ত ধরিল তথনি॥ চন্দ্রহংস বলিলেন চরণে ধরিয়া। পিতা পুত্রে তুইজনে দেহ বাঁচাইয়া॥ চক্ৰহংস ৰাক্যে দেবী দোঁহে বাঁচাইল। মদন সহিত মন্ত্ৰী উঠিয়া বসিল।। চন্দ্রহংদ সোভাগ্য যে দেখিয়া নয়নে : মন্ত্রীবর তুষিলেন আনন্দিত মনে। ধ্রষ্টবুদ্ধি বলে মম রাজ্যে নাহি কায। আজি হৈতে চন্দ্রহংস হৈল মহারাজ॥ মন্ত্রী বলে যাই আমি যোগ সাধিবারে। হিংসিয়া বৈষ্ণবগণে কি কাজ শরীরে॥ এত বলি বিবেকী হইল ধ্রুষ্টবুদ্ধি। মন্ত্রী গেল কাননে করিতে যোগ দিন্ধি॥ তথা চন্দ্রহংস তবে কহিল মদনে। রাজত্ব করহ তুমি বদি সিংহাদনে॥ মদন বলিল রাজ্যে নাহি প্রয়োজন। শুন চন্দ্ৰইংস তুমি লহ সিংহাসন॥ মন্ত্রী হ'য়ে থাকি আমি তোমার গোচরে। রাজ্য ধন হস্তী ঘোড়া দিলাম তোমারে॥ মদন হইল মন্ত্রী চন্দ্রহংস রাজা। তাহা দেখি আনন্দিত যত সব প্রজা॥ কলিঙ্গে আনিল চন্দ্রহংস নরগতি। নানা হুখ ভোগে তার জন্মিল পীরিতি।

বিষয়ার গর্ভে হল উভর নকন। মকরাক্ষ পদ্মাক্ষ যে দোঁহে বিচক্ষণ॥ পুনশ্চ কলিঙ্গ গেল আপন নগরে! চন্দ্রহংস রাজ্য ধন সব দিল তারে 🛚 এই কহিলাম চন্দ্রহংদের কথন। হেনকালে তথায় নারদ আগমন॥ মুনি দেখি সম্ভ্রমে উঠিল সর্ববজনে। আশীর্কাদ করিলেন হর্ষিত মনে 🖟 অর্জ্জুন পাইয়া বার্ত্তা মুনির গোচর কৃষ্ণ দরশন করি যান মুনিবর॥ অর্জ্জন শুনিয়া কথা নারদের মুখে: প্রবেশ করেন পুরে পরম কৌতুকে 🖫 ্ত্সানন্দিত চন্দ্ৰহংস পাণ্ডব গমনে। কৃষ্ণ দরশন পান অর্জ্জ্ন মিলনে॥ চন্দ্রংস বলে শুন পুত্র গুইজন। রাথহ যজের বোড়া করিয়া যতন। অশ্ব ল'য়ে এল ভূপ হর্ষিত মতি। রাখিলেন পুই অশ্ব যথা জগৎপতি 🛭 প্রথমিল চক্রহংস লোটাইয়া ক্ষিতি। পুলকে আকুল ভকু অধিক ভক্তি 🛭 অভয় চরণে শত দণ্ডবং হৈয়া। যোড়হাতে চন্দ্রংস রহে দাগুইয়া ৷ চন্দ্রহংসে আশাস করিলা নারায়ণ। অৰ্জ্জ্ন তোষেন তাঁরে দিয়া আলিঙ্গন 🗉 সবান্ধবে কৈল রাজা কৃষ্ণ দরশন। নিজালয়ে ল'য়ে পেল করিয়া যতন। নানা আয়োজন সব সমর্পণ কৈল। কৌণ্ডিন্যকপুরে চুই দিবস বঞ্চিল 🕆 কহিলাম তোমা চন্দ্রহংদের ভারতী। যেই জন শুনে ইহা কুফে হয় মতি॥ বিজয় পাণ্ডৰ কথা অমৃত লহরী ৷ কাশীরাম দাস কহে শুনি ভবে তরি॥

মণিভত্র রাজার দেশে পাওবদের আপমন। বলেন বৈশম্পায়ন শুন জন্মেজয়। উত্তর মুখেতে গেল পাওবের হয়॥

দুই গোটা অশ্ব গেল উত্তর সাগরে। প্রবেশিল চুই অশ্ব সলিল ভিতরে ম তাহা দেখি ভয় পায় যত সৈন্যগণ। অৰ্জ্জন বলেন কি হইবে নারায়ণ। সলিলেতে দুই অশ্ব করিল প্রবেশ। কেমনে পাইব অশ্ব বল হৃষীকেশ। গোবিন্দ বলেন তুমি চিন্তা কর কেনে। আপনি যাইব জলে অশ্ব অন্বেধণে॥ এত বলি অৰ্জ্জনে লইয়া জগৎপতি। বক্রবাহ রাজা গেল দোঁহার সংহতি॥ ভীম আদি দৈন্য সব রহিলেন কলে। বক্রবাহ কৃষ্ণার্জ্জ্বন প্রবেশিল জলে॥ বাগদালভ্য মুনি নিকটে গেল চলি। জানেন সকল তত্ত্ব দেব বনমালী॥ দ্বীপেতে আছেন মূনি বটপত্র শিরে। উপনীত তিনজন তাঁহার গোচরে॥ প্রণমিয়া মুনিরে বলিল তিনজন। নারায়ণ দেখি মুনি আনন্দিত মন। ঈষৎ হাসিয়া তবে জিজ্ঞাসেন হরি। দ্বীপ মধ্যে আছু বটপত্র শিরে ধরি। আজ্রম না কর তুমি কিসের কারণে। কতদিন মুনিবর আছ এইখানে॥ বাগদালভ্য মুনি তবে বলয়ে বাসিয়া। কি কারণে তুঃখ পাব আশ্রম করিয়া॥ 'অল্লকাল পরমায়ু দিল নারায়ণ। আজি কালি মরি, গৃহে কোন্ প্রয়োজন॥ মুনির বচনে জিজ্ঞাসেন ধনঞ্জয়। কতদিন এখানে আছেন মহাশয়॥ মুনি বলে এক কল্ল আমার জীবন। শত মশ্বস্তর বটপত্র আচ্ছাদন॥ পার্থ বলে মনন্তর কত দিনে হয়। এক কল্প কারে বলে কহ মহাশয়॥ বাগদালভ্য বলে শুন ইন্দ্র নন্দন। একাত্তর যুগে মন্বন্তরের গণন॥ চতুর্দিশ মশ্বন্তরে যত কল্ল হয়। এই পরমায়ু মম পাণ্ডুর তনয়॥

এত অল্পদিনে কিবা কার্য্য আশ্রমেতে। অতএব আছি আমি বটপত্ৰ মাথে॥ কোথা যাও তিনজন বলহ আমারে। কি কারণে আসিয়াছ আমার গোচরে॥ অর্জ্জুন বলেন যজ্ঞ করে যুধিষ্ঠির। অশ্বাথি আমি যে সঙ্গেত্যতুবীর॥ না জানি যজের ঘোড়া গেল কোনস্থানে ৷ অশ্ব তত্ত্বে আইলাম তোমা বিপ্তমানে॥ অর্জ্জনের বচন শুনিয়া মুনিবর। ঈষৎ হাসিয়া তারে দিলেন উত্তর॥ মিথ্যা অশ্বমেধ কর ভক্তি নাহি মনে। অনুক্ষণ কৃষণচন্দ্র দেখিছ নয়নে ॥ তথাপি করহ যজ্ঞ কি বলিব আর। সত্য বলি অর্জ্জুন জানহ চক্রধর॥ क वृत्रिरव कुक्षनीला পाछवनन्त्र । শিব ব্রহ্মা নারিল করিতে নিরূপণ॥ এত বলি মুনিবর যোড়হস্ত হৈয়া। কুষ্ণেরে করিল স্তুতি বিনয় করিয়। ॥ তোমার মায়ায় স্থির নহে স্তরগণ। কিদের গণনা করি পাণ্ডুর নন্দন॥ পূর্ব্ব তপফলে দেখিলাম তব পদ। হইল পবিত্র আজি আমার আস্পদ। এত বলি তুষিলেন দেব নারায়ণে। সে দ্বীপ ভূমিয়া অশ্ব এল সেইখানে॥ দলিল ত্যজিয়া অশ্ব কুলেতে উঠিন। তাহা দেখি অর্জ্জুনের আনন্দ হইল।। মুনি প্রণমিয়া চলিলেন তিন জন। অখের গমনে হুখী যত রাজগণ ॥ বলেন বৈশম্পায়ন শুন জম্মেজয়। সিন্ধুপুরে গেল তবে পাগুবের হয়॥ তার অধিকারী মণিভদ্র নরপতি। ত্রঃশলার পুত্র জয়দ্রথের সম্ভতি॥ কুরুক্তে পার্থ-হঙ্গে জয়ন্তথ মৈল। তার পুত্র মণিভদ্র রাজ্যে রাজা হৈল ॥ দৃতমুখে শুনি পুরে আইল অর্জ্জ্ন। সদৈত্য সাজিয়া এল করিবারে রণ॥

পলাইয়া গেল তবে রাজ্য পরিহরি। অর্চ্জুন দেখেন তবে অরাজকপুরী॥ প্রাণ্ডবের দৈন্য যত পশিলেক পুরে। তাহা দেখি প্রজাগণ কম্পিত অন্তরে॥ অর্জ্জন বলেন এই কাহার নগর। প্রজাগণ বলে শুন সে সব উত্তর॥ ভয়দ্রথ রাজা ছিল ইহা অধিকারী। কুরুক্ষেত্র যুদ্ধে মরি গেল স্বর্গপুরী॥ ভাহার তন্যু মণিভদ্র নর্বর। শুনিয়া তোমার নাম পলায় সত্বর 🛚 পরিবার সহ রাজা যায় পলাইয়া। কহিনু তোমার ঠাই বিনয় করিয়া॥ হাসিলেন ধনঞ্জয় এ কথা **ভাবণে**। সাত্যকিরে পাঠাইল আশ্বাস কারণে॥ সাত্যকি সন্ধান করি করিল গমন। তৃঃশলারে কহিলেন মধুর বচন॥ প্রবোধ করিয়া তারে সাত্যকি আনিল। পুত্ৰসহ ছঃশলা অৰ্জ্জ্ন কাছে গেল॥ অর্জ্জুন বলেন ভগ্নি কিসের কারণ। তুমি কেন ভয় পেয়ে করিলে গমন॥ পূর্ব্ব বিবরণ ছুমি মনেতে করিয়া। ভয়ে পলাইলে ধন রাজ্য তেয়াগিয়া॥ সে ভয় নাহিক আর কহিলাম আমি। হস্তিনানগরে মম সঙ্গে চল তুমি॥ তবে মণিভদ্র আদি বন্দিল চরণে। অনেক প্রণাম কৈল লোটাইয়া ভূমে। আলিঙ্গনে তাহাকে তোষেণ ধনঞ্জয়। নির্ভয় হইল জয়দ্রথের তনয়॥ আমার বচন শুন হুঃশলা ভগিনী। অশ্বমেধ যক্ত করে ধর্ম নৃপমণি॥ ভূরগ রাখিতে তাই আইলাম হেথা। क्षेत्र अधा और अधि केश्च एव उना ॥ যজ্ঞেতে যাইতে তোমা হয় যে উচিত। আইদ আমার দঙ্গে দূর কর ভীত॥

পিতৃ মাতৃ দোঁহাকার বন্দিয়া চরণ।

ষজ্ঞ সাঙ্গ হৈলে তুমি আসিবে ভবন॥

এত যদি পার্থ বীর আশ্বাদ করিল। জননী দহিত মণিভদ্ৰ যাত্ৰা কৈল। পাত্র মিত্র সবাকারে নিয়োজিয়া পুরে। মণিভদ্র যাত্রা কৈল হস্তিনানগরে॥ কত অনুচর সঙ্গে ল'য়ে অশ্ব হাতী। হস্তিনানগরে যান আনন্দিত মতি॥ মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান ॥

পাণ্ডবের হস্তিনায় পুনঃ প্রবেশ ও মজ দান্ধ। বলেন বৈশম্পায়ন শুন জন্মেজয়। পৃথিবী ভ্রমণ কৈল পাণ্ডবের হয়॥ পুনশ্চ আইল অশ্ব হস্তিনানগরে। এই বিবরণ রাজা কহিন্তু তোমারে॥ শুন বলি যজ্ঞ দাঙ্গ হইল যেমনে। নিবুত হইল দোঁহে হর্ষিত মনে॥ তুরগ ধরিয়া ভীম নিজ বাহুবলে। হস্তিনায় প্রবেশ করিল কুতৃহলে॥ দূত গিয়া সমাচার কহে যুধিষ্ঠিরে। অশ্ব ল'য়ে ধনঞ্জ আইলেন পুরে॥ তাহা শুনি যুধিষ্ঠির আনন্দিত অতি। বলিলেন অৰ্জ্জুনে আনহ শীদ্ৰগতি॥ নৃপাদেশে অর্জ্জুন সহিত নারায়ণ। যুধিষ্ঠির সম্মুখে করেন আগমন॥ অসিপত্র ব্রত পাণি পেয়ে বড় হুঃখ। কৌতুকে চাহেন রাজা অর্জ্জনের মুখ। প্রণাম করেন দোঁহে রাজার চরণে। আশীৰ্কাদ দেন রাজ্ঞ। আনন্দিত মনে॥ সুনিগণে প্রণাম করেন ধনঞ্জয়। বসিলেন ধর্মপাশে হইয়। নির্ভয়॥ ধর্মরাজ জিজ্ঞাদেন অর্জ্জনের স্থানে। য়া চ্যাপান্ত কথা ভাই কহ দাবধানে। অৰ্জ্জুন কছেন কথা করিয়া বিনয়। যথা তথা ভ্রমণ করিল যজ্ঞ হয়॥ যত রাজগণ সহ সংগ্রাম বাধিল। অৰ্জ্যনের মুখে সব প্রকাশ হইল ॥

শুনিয়া পুলক হৈল রাজার শরীরে 1 যুধিষ্ঠির বলেন আনহ সবাকারে॥ তবে কৃষ্ণ ধনঞ্জয় করিয়া গমন। যজ্ঞানে আনিলেন যত রাজগণ॥ নিজ পরিচয় দিল যতেক ভূপতি। **সমাজে বসিল ধর্ম্মে করিয়া প্রণতি** ॥ হস্তিনানগরে বড় আনন্দ হইল। নানামত আয়োজনে সবারে তুষিল। রজনী বঞ্চিল সবে অতি কুতৃহলে। সমাজ করেন কৃষ্ণ অতি ঊষাকালে ॥ অর্জুন বিছুর ধূতরাষ্ট্র নরপতি। যুধিষ্ঠির পাছে দব বদিলেন তথি॥ **হংসধ্ব**জ নীলধ্বজ শিখিধ্বজ রায়। যুবনাশ্ব বীরব্রহ্ম বসিল সভায়॥ অনুশাল্প বক্রবাহ চন্দ্রহংস আদি। আর কত নাম লব যতেক নুপতি 🖟 ত্রিকোটি পগ্নিনী সঙ্গে প্রমীলা হুন্দরী। সভাতে বসিল সবে নানা বেশ ধরি॥ গান্ধারী প্রভৃতি রাণী আর যে রমণী। বসিল উত্তম স্থানে সঙ্গেতে রুক্মিণী ॥ হস্তিনানগর মধ্যে যত প্রজা ছিল। যজ্ঞ দেখিবারে সবে সত্তরে চলিল।। পরিহাস অর্জ্জুনে করেন নারায়ণ। প্রমীলা সহিত স্থা ভাল হৈল রণ ॥ তিন কোটি পদ্মিনীর সঙ্গেতে বঞ্চিলা। আমি মনে ভয় পাই কেমনে তুষিলা॥ অৰ্জ্জুন বলেন দেব নাহি জান তুমি। ষোড়শ সহস্র শত তোমার রমণী। কুষ্ণ অৰ্জ্জুনের কথা অনেক আছিল। বাকুল্য কারণে তাহা লেখা নাহি গেল। শেষেতে কহিব আমি এ দব কথন। এবে যজ্ঞ সাঙ্গ কথা শুনহ রাজন॥ ব্যাদে বলিলেন তবে ধর্ম্মের নন্দন। কত যজ্ঞ অবশেষ কহ তপোধন। ব্যাস বলিলেন শুন ধর্ম্মের তনয়। কিছু যজ্ঞ অবশেষ পূৰ্ণ নাহি হয়॥

আয়োজন যজ্ঞ শেষে করহ ভূপতি। তুরগ আনহ শীদ্র শুন মহামতি॥ ব্যাসের বচনে সবে পাইয়া আনন্দ। অফবারী করিলেন মণ্ডপ স্বচ্ছন্দ ॥ অফ্রগোটা কুণ্ড স্থাপিলেন সেইখানে। ধ্বজ দণ্ডে পতাকা শোভিত স্থানে স্থানে যজ্ঞ উপহার যত জানিল দেখানে। ধৌম্য পুরোহিত আদি বদিল আদনে 🛭 ব্যাস বলিলেন শুন ধর্মা নৃপমণি। ভীমে স্নান করিবারে আজ্ঞা দেহ তুমি 🛭 অশ্বহন্তা এক ভীম বিনা কেহ নয়। শুন যুধিষ্ঠির আমি কহিন্স তোমায়। ব্যাদের বচনে রাজ। কছেন ভীমেরে। আজ্ঞা পেয়ে ভীমদেন শীঘ্র স্নান করে॥ খড়গ হস্তে করি ভীম রহিল দেখানে। অশ্ব আনিলেন পার্থ পরম যতনে ॥ নানাতীর্থ জলে ঘোড়া স্নান করাইল ৷ মনোমত ক্রিয়া যত সুনিরা করিল 🛭 চারিদিকে জয়ধ্বনি মঙ্গল ঘোষণা। শঙাঘণ্টা ধ্বনি আর বিশেষ বাজনা॥ মুনি দব ঢালে গুত অগ্নির উপর। অশ্ব গলে মাল। দেন ধর্ম নরবর॥ ব্যাস বলে নিষ্পাপী হইল অশ্ববর। অতঃপর খড়গ লহ বীর রুকোদর॥ হাতে খড়গ নিল ভীম মুনির বচনে। কাটিল অশ্বের মুগু সভা বিল্লমানে॥ অখমুণ্ড মহাবেগে উঠিল আকাশে। জয়ধ্বনি সভামধ্যে হইল হরিষে॥ অশ্ববর ক্ষম হইতে হুগ্ধ নিঃসরিল। রক্ত না পড়িল সবে নয়নে দেখিল। স্থবাদিত কপূ র তামুল পুষ্প নিয়া। যজ্ঞ পূর্ণ ধৌম্য করে বেদ উচ্চারিয়া 🗈 ইন্দ্র যম বরুণেরে দিলেন আহুতি। নৈঋতে কুবের আদি বত দিক্পতি॥ ত্রিভুবনে দেবাহ্মর যত চরাচর। সবাকে আছতি দেন ধর্ম নরবর 🛚

অগ্রি বিদর্ভিয়া ধৌম্য দক্ষিণা চাহিল। রজত কাঞ্চন ধন প্রচুর পাইল॥ শিখিধবজ রাজা তবে নিজ অশ্ব ল'য়ে। যুক্ত করিলেন যুধিষ্ঠির আজ্ঞা পেয়ে॥ যত আয়োজন ধর্ম হইতে পাইল। তৃষ্ট হৈয়া শিথিধ্বজ যজ্ঞ সমাপিল। ঋ্ষি মুনিগণ সব যজ্ঞ সমাপিয়া। বুধিষ্ঠিরে কহিল মনে প্রীতি পাইয়া। ধ্য়েছে হইবে নাহি সংসার ভিতর। কৃষ্ণদুখা হেতু তব মহিমা বিস্তর ॥ যক্ষেতে কি কার্য্য **তব শুন নৃপবর**। শত শত যজ্ঞফল কুষ্ণের গোচর॥ নারায়ণ উদ্দেশেতে নানা যজ্ঞ করে। হেন কৃষ্ণ অবিরত তোমার গোচরে॥ এত বলি মুনিগণ প্রশংসা করিয়া। সবে গেল তপোবনে বিদায় হইয়া॥ নিজালয়ে নুপগণ বিদায় হইল। তুরগ বারণ ধন সম্মান পাইল॥ বিদায় দিলেন যুধিষ্ঠির সবাকারে। বক্রবাহ রাজা তবে গেল মণিপুরে॥ যুবনাশ্ব নরপতি বিদায় হইয়া। নিজালয়ে গেল যে মনে প্রীতি পাইয়া॥ নীলধ্বজ নিজ দেশে করিল গমন। 5জ্রহংস রাজা গেল আপন ভবন ॥ িথিধ্বজ বীরব্রহ্মা গেল নিজপুরে। মণিভদ্র চলিলেন আপন নগরে॥ অপিনার দেশে সবে করিল প্রয়াণ: র্বিষ্ঠিরে কহিলেন দেব ভগবান॥ বহুদিন আছি আমি হস্তিনানগরে। সমুমতি দেহ আমি ফাই দারাপুরে॥

যুধিষ্ঠির কন স্থামি কহিব কেমনে। দারকায় যাহ বাক্য না আদে বদনে॥ ভীম বলিলেন আজ্ঞা দেহ নরবর। সম্প্রতি ঘাউক কৃষ্ণ দারকানগর॥ অসুজ্ঞা দিলেন রাজা ভীমের বচনে। ত্রবান্থিত নারায়ণ দ্বারকা গমনে॥ শ্রীকৃষ্ণ বিদায় হন সবাকার স্থানে। প্রণাম করেন কৃষ্ণ কুন্তীর চরণে। যুধিষ্ঠিরে প্রণাম করেন মহামতি। আলিঙ্গন ভীমার্জ্জন নকুল সংহতি ॥ সহদেবে আলিঙ্গন দিয়া অকপটে। विमाय इहेना भरत (फोभमो निकर्छ॥ দারুক স্থানিয়া রথ যোগায় সহরে। আরোহণ করিলেন হরি রথোপরে॥ ভীম্মক ছহিতা আদি কৃষ্ণের রমণী। দৈবকী প্রভৃতি করি কুষ্ণের জননী।। সারথি সংযুক্ত রথে কৃষ্ণের সহিতে। বিদায় হইয়া গেল সবে দ্বারকাতে॥ রহিলেন পঞ্চ ভাই হস্তিনানগর। রাজ্যন্থ ভোগ করি পঞ্চ সহোদর॥ শুন জন্মেজয় রাজা কহিনু তোমারে। অশ্বমেধ যজ্ঞ সাঙ্গ হৈল এতদুরে॥ অশ্বমেধ যত্ত্তকথা শুনে যেই জন। তাহারে করেন দগ্য দেব নারায়ণ॥ অচলা কমলা তার থাকয়ে ভব্নে। আয়ুর্যশ বৃদ্ধি হয় এ কথা শ্রাবণে ॥ কিছু যদি বিশ্বাস থাকয়ে নরপতি। অন্তকালে স্বর্গে যায় ব্যাসের ভারতী॥ বিজয় পাগুব কথা অমূত লহরী। কাশীরাম দাস কহে তরি ভববারি 🛭

সচিত্ৰ সম্পূৰ্ণ কাশীদাসা



আপ্রমিকপর্ন।

-0;C*:C0----

নারায়ণং নমস্কৃত্য নরকৈব নরোভ্যম্। দেবীং সরস্বতীং ব্যাসং ততো জয়মুদীরয়েৎ॥

সুত্রাষ্ট্রের বৈরাগ্য ও বিহুরের সহিত কথোপকথন।

জিজ্ঞাদেন জন্মেজয় কহ মহামুনি। তদন্তরে কি কর্ম্ম হইল তাহা শুনি॥ পিতামহ উপাখ্যান অপূর্ব্ব চরিত। তোমার প্রদাদে শুনি হইব পবিত্র॥ অশ্বমেধ যজ্ঞ শেষে পিতামহগণ। কি কি কর্মা করিলেন কহ তপোধন॥ কি করিল অন্ধরাজ স্থবল-নন্দিনী। নারীগণ কি করিল কহ শুনি মুনি॥ শুনিতে আনন্দ বড় জন্মায় অন্তরে। মূনিরাজ দয়া করি বলহ আমারে॥ মুনি বলিলেন রাজা কর অবধান। অতঃপর শুন পিতামহ উপাখ্যান ॥ যক্ত কৰ্ম দমাপিয়া ভাই পঞ্জন। . फिल्मन खाक्रानगरन वक्टिविथ धन ॥ হেনমতে পঞ্ভাই হরিষ অন্তর। নানা দান উৎসব করেন নিরস্তর॥ যজ্ঞ বিনা দে সবার অন্তে নাহি মতি। ভ্রাতৃদহ বঞ্চেন শুনহ নরপতি'॥ সত্য ধর্মশান্ত্র আর প্রজার পালন। তুষ্ট চোর ভয় খণ্ডে বৈরীর মর্দন ॥

ধর্মপুত্র যুধিষ্ঠির ধর্ম অবতার। অন্মুক্ষণ ধর্ম্ম বিনা গতি নাহি আর ॥ দাস দাসী প্রজা আদি অনুগত জনে। রাজার পালনে সবে সদা হৃষ্টমনে॥ ভ্রাতৃগণ সহ তথা ধর্ম্মের নন্দন। ইষ্ট তুল্য ধ্বতরাষ্ট্রে করেন দেবন॥ ভীমার্জ্জ্ব আর হুই মাদ্রীর নন্দন। সতত রহেন ধৃতরাষ্ট্রের সদন॥ ভীমদেন মহাবীর পবন-নন্দন। পূর্বব তুঃখ অন্তরে না হয় পাসরণ॥ স্মরিয়া সে সব তুঃখ ছাড়ি দীর্ঘশাস। ক্রোধ করি অন্ধরাজে কহে কটুভাষ॥ পূর্ব্ব কথা বুঝি প্রায় হৈলে পাদরণ। জতুগুহে পোড়াইলে আমা পঞ্চন॥ খলমতি কলাচারী তুমি কুরুকুলে। আমা সবা হিংসা করি সবংশে মজিলে ॥ শত পুত্র তব আমি করিন্ম সংহার। তবু ত্বঃথ পাদরণ নহেত আমার॥ এত বলি চুই বাহু করে আস্ফালন। দস্ত কড়্মড় করে অরুণ লোচন ॥ ভীমবাক্যে ধুতরাষ্ট্র দর্বদা অস্থির। অন্তরে অনুণ দতে কুরু মহাবীর 🛊

অৰ্জ্জুন সহিত হুই মাদ্ৰীর নন্দন। গুতরাষ্ট্র আজ্ঞাতে চলেন অসুক্ষণ॥ ভীম-বাক্য**জালে রাজা দহে কলে**বর। বিগুণ পূর্বের শোক দহয়ে অন্তর ॥ হায় পুত্র হুর্য্যোধন বীর চুড়ামণি। তোমার বিরহে দহে এ পাপ পরাণী॥ এক পুত্র হৈলে লোকে আনন্দ অপার। ্রোমা হেন শত পুত্র মরিল আমার ॥ আঞ্চাতে করি**লে বশ পৃথিবীর রাজা**। ভক্তিভাবে তোমার চরণ কৈল পূজা॥ ইন্দ্রের বৈভব কৈলে পৃথিবী ভিতর। তোনার জনক হেন হইল কাতর। এইরূ**পে অনুতাপ করে অনুক্ষণ**। 5ই এক দিন রাজা না করে ভোজন ॥ গান্ধারী প্রবোধ বহু করেন রাজারে। সত্যবর্শ্ম বিচারিয়া বিবিধ প্রকারে॥ অকারণে তাপ কেন কর নরপতি। ক্ম অনুরূপ রাজা শুভাশুভ গতি॥ আপন কর্মের ভোগ নাহিক এড়ান। জানি পুনঃ শোচন না করে জ্ঞানবান॥ অমারে যেরূপ ভাবে হৃদয় তোমার। দেইরূপ তোমা প্রতি হৃদয় আমার॥ 🕅 প্রতি যেইরূপ তোমার হৃদয়। দিইরূপ ভাবে ভীম শুন মহাশয়॥ ^{শশু}কাল হৈতে তুমি ভীমেরে হিং<u>দি</u>লা। মনক মন্ত্রণা করি নানা হুংখ দিলা॥ েরাপ্ত বলে ভীম বড় তুরাচার। ফিমর শত পুত্র মারিল আমার ॥ 👬 গিরে দেখিলে মম সর্ব্ব অঙ্গ দছে। বিঙণ বাড়য়ে অগ্নি হৃদয়ে না সছে॥ ^{[বিষ্}ঠর গুণ কথানা যায় বর্ণন। াধুপুত্র গুণবান ধর্ম্মের নন্দন॥ ^{ীমের} এমন ভাব সে কিছুনা জানে। ^{রহে} জীবন মম ভীমের বচনে ॥ ^{ইরূপে} অন্ধরাজ গান্ধারী সহিত। নিকালে বিহুর হইল ঊপনীত॥

প্রণমিয়া অন্ধেরে বিত্রর মহামতি। জি**জ্ঞাসিল উ**চাটন কেন নরপতি ॥ কোন হুঃখে হুঃখী তুমি কহত আমারে। ইম্টদেব তুল্য তোমা সেবে যুধিষ্ঠিরে॥ ভ্রাতৃগণে নিয়োজিল তোমার দেবনে। অপর আছুয়ে যত দাস দাসীগণে # ধর্মপথে যুধিষ্ঠির নহে বিচলিত। আর চারি সহোদর তার মনোনীত॥ রাজ্য অর্থ ধন আদি সকলি তোমার। পিতৃতুল্য ভাবে তোমা ধর্ম্মের কুমার॥ আপন ইচ্ছায় তব যেই মনে লয়। যত ইচ্ছা দান ভোগ কর মহাশয়॥ ধ্বতরাষ্ট্র বলে তুমি কহিলে প্রমাণ। বেদতুল্য তব বাক্য কভু নহে আন। মম হিত উপদেশ যতেক কহিলা। না শুনিসু তব বাক্য করে অবহেলা॥ সেই হৈতু এই গতি হইল আমার। তবে হুখ হুঃখ কথা কি আর বিচার॥ ধর্মপুত্র যুধিষ্ঠির সর্বব গুণ:ধার। কোন' দোষে দোষী নহে ধর্ম্মের কুমার ॥ পুত্রের অধিক মম করয়ে দেবন। তাঁর গুণে হৈল মম শোক নিবারণ॥ কোন' দোষে দোষী নহে রাজা যুখিষ্ঠির। কিন্তু ভীম তুরাচার দহয়ে শরীর 🎚 কোন কর্ম্ম হেতু আমি যদি কহি তারে ! কর্মানা করিয়া আর কহে কটুভরে॥ শত পুত্র মারি ছঃখ নহে নিবারণ ! দন্ত কড়্মড় করে বাহু আক্ষালন॥ ভীমের চরিত্র দেখি দহে মম কায়। কি কহিব কহ মোরে ইহার উপায়॥ বিতুর কছেন শুন শ্বির কর মন। ভীমের বচনে রাজা নহ উচাটন॥ অপমান করে তোমা যদি যুধিষ্ঠির। তব যেই চিত্তে লয় কর নররব ॥ তুমি যেই ভাব কর রকোদর প্রতি। তোমারেও হুন্টভাব করয়ে মারুতি॥

ইহা জানি বৃকোদরে ত্যজহ আক্রোশ। যুধিষ্ঠির প্রতি তুমি নহ অসন্তোষ 🕸 তোমারে বিমনা যদি শুনে ধর্মরায়। এইক্ষণে আদিয়া পড়িবে তব পায়॥ .তুমি অসম্ভোষ যদি হও নরপতি। রাজ্য ত্যজ্ঞি বনে যাবে ধর্ম্ম নরপতি॥ তাহারে প্রদন্ম ভাব হও নরনাথ॥ এত বলি বিহুর করিল প্রণিপাত॥ পুনরপি ধৃতারাষ্ট্র সকরুণে কয়। ষুধিষ্ঠিরে ক্রোধ মম কদাচিত নয় ॥ আমি ধৃতরাষ্ট্র রাজা বিখ্যাত ভুবনে। মহাধনুর্দ্ধর পুত্র একশত জনে॥ সকল সংহার মম করে যেইজন। ভাহার পালিত হ'য়ে রাখিব জীবন॥ ধিক্ ধিক্ জীবনে এমন ছার আশ। সংসার যুড়িয়া লজ্জা লোকে উপহাস॥ দ্বিতীয় বাদব মম পুত্র হুর্য্যোধন। তাহা বিনা পাপ প্রাণ রহে এতক্ষণ॥ 😘 এইরূপে শোচনা করিয়া বহুতর। পুনঃ বিছুরের প্রতি করিল উত্তর ॥ অবধান কর ভাই বচন আমার। যে বিধান চিত্তে আমি করেছি বিচার। রাজ্যন্থথ ভোগ নানা করিমু বিস্তর। মম দম স্থথ নাহি ভুঞ্জে কোন নর । অতঃপর চিত্তে সে সকল ক্ষমা দিব। বনবাদে গিয়া আমি যোগ আরম্ভিব ॥ রাজনীতি ধর্মা হেন আছে পূর্ববাপর। শেষকালে প্রবেশিবে অরণ্য ভিতর 🛭 'অবশেষ কাল মম হৈল উপনীত। যোগ ধর্ম আচরণ হয়ত বিহিত॥ সত্য সভ্য বনে যাব নাহিক সংশয়। যোগ আচরিব গিয়া কহিনু নিশ্চয়॥ বিছুর বলেন রাজা কর অবধান। যতেক কহিলে সভ্য কছু নহে আন 🛚 রাজা হ'য়ে শেষকালে যাব বনবাস। ষোগ আচরিব গিয়া করিয়া সন্মাস ।

বেদের বচন ইথে নাহিক সংশয়। কিন্ত এক কথা কহি শুন মহাশয়॥ আপনি বৃদ্ধক অতি শরীর দুর্ববল। শোকাতুর অন্ধ তব নয়ন যুগল॥ অভ্যন্তর যেতে তব নাহিক শক্তি। ঘোর বনে কিমতে পশিবে নরপতি॥ ভয়ক্ষর বনজন্ত সিংহ ব্যান্ত্রগণ। প্রলয় মহিষ গজ ঘোর দরশন ॥ কিমতে রহিবে তথা তাহা মোরে কহ। আর তাহে মহারাজ চক্ষে না দেখহ॥ অপমৃত্যু হয় পাছে এই বড় ভয়। এই হেতু ইথে মোর চিত্তে নাহি লয়॥ সে কারণে কহি আমি শুন মহারাজ। গুহাশ্রমে থাকিয়া না হয় কোন কাজ ॥ দ্বিজগণে দান দেহ বহুবিধ ধন। প্রবাল মুকুতা মণি রক্ষত কাঞ্চন॥ ভূমিদান অন্নদান আর নানা দান। অন্ন দান নহে অন্য দানের সমান॥ যাহা ইচ্ছা দান কর আপনার মনে। কৃষ্ণপদ চিন্তা কর বদিয়া নির্জ্জনে॥ সর্ব্ব কার্য্য সিদ্ধ যবে হবে এইমতে। পাইবা উব্জ্য গতি শুন নরপতে॥ ধর্ম্মের নন্দন দেখ রাজা বুধিষ্ঠির। ভাতৃ মন্ত্রী বন্ধুশোকে আকুল শরীর॥ তোমার সেবন হেতু করে গৃহবাস। ভোমার এ মতি শুনি হইবে নিরাদ ॥ তোমা বিনা দকল ত্যজিবে ধর্ম্মরায়। ব্রহ্মচর্য্য আচরি কাননে পাছে যায়॥ এই হেতু রাজা আমি কহি যে ভোমায়। গুহাশ্রমে রহি গতি চিন্তা কর রায়॥ ইহা বিনা উপায় নাহিক রাজা আর। মম চিত্তে লয় রাজা এই তো বিচার॥ ধুতরাষ্ট্র কহে তুমি পরম পণ্ডিত। তোমার বচন খ্যাত বেদের বিহিত 🛭 যতেক কহিলে কিছু না হয় বিধান। কিন্তু এক কথা কহি কর অবধান।

ক্রণানিদান সেই নন্দের কুমার। এক্সনে ভজিলে সে করয়ে উদ্ধার॥ সকল ইন্দ্রিয়গণ কর নিবারণ। কায়মনোবাক্যেতে চিস্তিবে নারায়ণ 🛭 গৃহাত্রমে হেন শক্তি নহিবে আমার। দে কারণে বনে যেতে করেছি বিচার ॥ বনজন্তুগণ হেতু কহিলে প্রমাণ। সাপন অদৃষ্ট ফল না হবে এড়ান। যা থাকে অদৃষ্টে তাহা অবশ্য হইবে। প্রবাজ্জিত ফল যাহা তাহা কে খণ্ডাবে। অভয় পদারবিন্দ করিয়া ভাবন। সর্ব্ব ভয় হইতে হইবে বিমোচন ॥ ইহা ভিন্ন অন্য চিত্তে না লয় আমার। বনবাদে যাইব কহিনু সারোদ্ধার॥ ধৃতরাষ্ট্র মন বুঝি বিহুর হুমতি। আখাদিয়া বলে পুনঃ শুন নরপতি॥ তুমি যদি বন্বাদে যাইবা নিশ্চয়। আমিও সংহতি তব যাব মহাশয় ॥ আমি তব ভৃত্য, তুমি আমার ঈশ্বর। ঈশ্বর বিহনে কিবা করিবে কিঙ্কর॥ যথায় যাইবা তুমি যাইব সংহতি। তোমার যে গতি রাজা আমার সে গতি॥ যুধিষ্ঠিরে প্রবোধ করিব বিধিমতে। তাঁর অনুমতি বিনা না পারি যাইতে॥ ধূতরাষ্ট্র বলে তুমি কহ যুধিষ্ঠিরে। সাত্ত্বনা পূৰ্ব্বক কহ বিবিধ প্ৰকারে॥ তুমি আমি গান্ধারী সঞ্জয় আদি করি। নানামতে প্রবোধিব ধর্ম অধিকারী॥ এত শুনি বিতুর চলিল ধর্মা স্থানে। 🖟 বসিয়া আছেন ধর্ম্ম রত্নসিংহাসনে ॥ পাত্ৰ মিত্ৰ ভ্ৰাভূগণ চৌদিকে বেষ্টিত। বাক্ষণমণ্ডলী সঙ্গে ধৌম্য পুরোহিত ॥ স্বধর্ম্মে করেন রাজ্য ধর্ম্মের নন্দন। পুত্ৰবৎ পালেন যতেক প্ৰজাগণ ॥ সর্বজীবে সমভাব দয়ার ঈশ্বর। ধর্ম অবতার ধর্মপুত্র যুধিষ্ঠির 🛭

যুধিষ্ঠির গুণে বশ হৈল সর্বজন। শোক তুঃখ সকল হইল বিম্মরণ ॥ প্রাতঃকালে উঠি রাজা করি স্নান দান। পাত্র মিত্র ভ্রাতৃগণে করেন সম্মান॥ তদন্তরে দ্বিজগণে করিয়া সম্মান। বিবিধ রতন দেন নাহি পরিমাণ । অশ্ব বৃষ গাভী বৎস আর নানা ধন। ভূমিদান অন্নদান বিবিধ বসন॥ হেনমতে দান কর্ম্ম করি সমাপন। ধৃতরাষ্ট্র গান্ধারীকে করি সম্ভাষণ॥ সেবায় নিযুক্ত করি ভাতৃ বন্ধুজনে। আজ্ঞ। মাগি রাজকার্য্যে যান সেইক্ষণে ॥ সিংহাসনে বসিয়া করেন রাজকার্য্য। পাত্রমিত্র ভ্রাভৃ বন্ধু সহিত সাম্রাজ্য ॥ রাজকার্য্য অবদানে আদিয়া মন্দিরে। ব্রাহ্মণে করেন পূজা নানা উপচারে॥ যাহাতে যাহার প্রীতি ভক্ষ্যদ্রব্য আদি। সবারে করেন দান সহিত দ্রোপদী ॥ যথোচিত ভৃপ্ত করি অন্ধ নরবরে। সেইমত গান্ধারীকে পূজেন সাদরে॥ দোঁহা অনুমতি ল'য়ে বিদায় হইয়া। ভোজন করেন রাজা বন্ধুগণ লৈয়া॥ এইমত নিত্যকর্ম করি ধর্মরায়। সাধু মুর্বাগুণান্বিত অপ্রমিত কায়॥ ভারত আশ্রমপর্ব্ব অপূর্ব্ব আখ্যান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

গুতরাষ্ট্রের বনগমনেছা গুনিয়া বুধিটিরের থেক।
জিজ্ঞাসেন জন্মেজয় কহ মুনিবর।
কহ শুনি কিবা কর্ম হ'ল তার পর ॥
মুনি বলে শুন কুরুকুল অধিকারী।
বিদ্বর আইল যুধিষ্ঠির বরাবরি॥
রাজার নিকটে বিস বলয়ে বচন।
অবধানে শুন রাজা ধর্মের নন্দন॥
পরম ভাজন তুমি সাধু স্পণ্ডিত।
তব গুণে বস্থমতী হইল পূর্ণিত॥

ভোমা হৈতে কুরুকুল পবিত্র হইল। তোমার সমান রাজ। না হবে নহিল॥ যত রাজকর্ম নীতি শাস্ত্রেতে বাথানে। সকল ভোমাতে পূর্ণ, তুমি পূর্ণ গুণে॥ থেই কৃষ্ণ অনাদি পুরুষ দনাতন। যাঁর তত্ত্ব না পান স্বয়ন্তু পঞ্চানন॥ আগমে কিঞ্চিৎ তত্ত্ব না পায় যাঁহার। হেন প্রভু বশ হৈল গুণেতে তোমার॥ ভ্রাহ্মণ-দেবার গুণ কে বলিতে পারে। সকল ধর্মের শ্রেষ্ঠ সংসার ভিতরে॥ ব্রাহ্মণেতে প্রীতি হন দেব নারায়ণ। এই হেতু বিজ্ঞাবো কর অনুক্ষণ॥ পাত্রমিত্র প্রজা বন্ধু স্থল্ন স্থজন। সদয় হৃদয়ে কর সবার পালন। এইমত বিধিমত কহিয়া রাজারে ৷ **কহিলেন শে**ষ ধূতরাষ্ট্রের উত্তরে॥ ধুতরাষ্ট্র পাঠাইল তোমার দদনে। এই ভিক্ষা দেও মোরে প্রদন্ন বদনে॥ রাজার নিয়ম এই আছে পর্ববাপর। ক্ষত্রধর্ম বিধি নীতি বেদের উত্তর ॥ রাজা হ'য়ে করিবেক প্রজার পালন। দান ব্ৰত যজ্ঞ নানা ধৰ্ম উপাৰ্জ্জন ॥ শেষকালে তনয়েরে রাজ্য ভার দিয়া। বনবাস করিবেন যোগ আচরিয়া॥ 🙇 ফলমূলাহারী হ'য়ে করিবে বদতি। সমাধি সাধিয়া লভিবেক দিব্যগতি ॥ সে কারণে ধৃতরাষ্ট্র পাঠাইল মোরে। সাত্ত্বনা পূর্বক ভোমা কহিবার তরে॥ অবশেষ কাল এই হইল আমার। কুলধর্ম মত আমি করিব আচার॥ যথাশক্তি কিছুমাত্র যোগ আচরিব। তব অমুমতি হ'লে কাননে পশিব 🛚 বিত্রর বচন শুনি যেন বক্তাঘাত। পড়িল অস্থির হ'য়ে পাণ্ডবের নাথ। কি বলিলা খুল্লভাভ নিষ্ঠুর বচন। কোন দোধে জ্যেষ্ঠতাত করেন বৰ্জন।

জ্যেষ্ঠতাত মোরে যদি ত্যজিবে নি**শ্চ**য়। তবে আর কিদের আমার গৃহাশ্রয়। আমিও সন্ন্যাদী হৈয়া যাব বনবাদে। কি করিব ধন জন বন্ধু গ্রাম দেশে॥ এত বলি যুধিষ্ঠির আকুল হৃদয়। বিত্রর সহিত যান অক্ষের আলয় ॥ কান্দেন অন্ধের পদ ধরি ধর্মারায়। কোন দোষে তাত তুমি ত্যজিবা আমায়॥ রাজ্য দেশ ধন জন দকলি তোমার। তোমা বিনা পাণ্ডবের কেবা আছে আর ॥ কোন দোষে দোষী আমি নাহি তব পদে। বালকেরে ত্যাগ কর কোন্ অপরাধে॥ আমি রাজা হৈতে যদি তুঃথ তব মনে। আমি অভিষেক করি তোমার নন্দনে। যুযুৎস্থরে অভিষেক করিব এখনি। হস্তিনার পাটে তারে দিব রাজধানা॥ তোমার কিঙ্কর আমি তুমি মম প্রভু। তব আজ্ঞা বিচলিত নহি আমি কভু॥ এইরূপে যুধিষ্ঠির সহ ভ্রাতৃগণ লোটাইয়া ধরিলেন অস্কের চরণ॥

ধৃতরাষ্ট্র, গান্ধারী, কুঞা, বিহুর ও দঞ্চরের বন্যাত্রা

ধৃতরাপ্ত রাজা যান গহন কানন।
শুনিয়া ব্যাকুল চিত্ত ধর্ম্মের নন্দন॥
ভাতৃগণ কৃষ্ণাদহ আদি দৌড়াদৌড়ে।
অন্ধরাজ গান্ধারী কুন্তার পায়ে পড়ি।
ধূলায় ধূদর হৈয়া করয়ে ক্রন্দন।
আনাথ হইল আজি পাণ্ডুপুত্রগণ॥
পিতৃশোক নাহি জানি তোমার কারণে।
দর্বশোক পাদরিকু তোমা দরশনে॥
তোমার বিহনে দব হৈল অন্ধকার।
কোন স্থথে গৃহেতে রহিব মোরা আর॥
কি দেখি ধরিব প্রাণ উপায় কি হবে।
তোমার সহিত তাত বনে যাব দবে॥
এইরূপে যুধিষ্ঠির কান্দিয়া অপার।
প্রবোধ করেন দবে অশেষ প্রকার॥

বিত্র সঞ্জয় দোঁহে বিচারিয়া মনে। দ্রাকিয়া নিভূতে কহে মাদ্রীর নন্দনে॥ রাজার নন্দিনী কুন্তী রাজার গৃহিণী। জনম জুংখেতে গেল হেন অনুমানি॥ ্রোমরা উভয় তাঁর অতি প্রিয়তর। কৃত্তীরে প্রবোধ দেহ তুই সহোদর॥ তোমা দোঁহাকার স্নেহ নারিবে ছাড়িতে। গাইতে নারিবে কুন্তী হেন লয় চিতে॥ এত শুনি তুই ভাই চলিল তথন। জননীর গলে ধরি কান্দে তুইজন 🖟 কোথায় যাইবে তুমি নিষ্ঠুর হইয়া। কিমতে বঞ্চিব মোরা তোমা না দেখিয়া॥ যদি আমা দোঁহে ছাডি যাইবে কাননে। এখনি ত্যজিব প্রাণ তোমা বিস্তমানে॥ এত বলি কান্দে দোঁছে উচ্চরব করি। ব্যাকুল হইয়া চিত্তে ভোজের কুমারী॥ কি করিবে ইহার উপায় নাহি দেখি। কহিতে লাগিল কুন্তী দ্রৌপদীরে ডাকি॥ তুমি শুদ্ধা পতিব্রতা লক্ষ্মী অবতার। এই বাক্য প্রতিপাল্য করিবা আমার॥ এই ছুই পুত্র মোর প্রাণের সমান। এদিগে পালিবা তুমি হৈয়া সাবধান। আমারে পাদরে যেন তোমার পালনে। অনুমতি কর মাতা আমি যাই বনে॥ এত বলি শিরোত্রাণ করিল চুম্বন। প্রণমিয়া যাজ্ঞদেনী করয়ে রোদন ॥ পঞ্চপুত্র কোলে করি ভোজের নন্দিনী। শিরে চুশ্ব দিয়া করে আশীর্কাদ বাণী ॥ বিবিধ প্রকারে প্রবোধিয়া পঞ্চজনে। চলিলেন কুন্তীদেবী ধুতরাষ্ট্র সনে 🛚 উচ্চৈঃস্বরে কান্দে সবে প্রবোধ না মানে। শোকের নাহিক অন্ত ভাই পঞ্জনে॥ মা মা বলি যুধিষ্ঠির ডাকেন স্বনে 🔻 নির্দিয়া নির্ভারা মাতা হৈলা কি কারণে॥ দহদেব নকুল এ ভাই ছুইজনে। ভিলেক না জীবে মাতা তোমার বিহনে॥

পূৰ্বে যবে বনে পাঠাইল ছুৰ্য্যোধন ৷ মম সঙ্গে বনে গেল ভাই চারিজন 🛭 ঝরিত নয়ন সদা তোমার বিহনে। তোমার ভাবনা বিনা না করিত মনে॥ তদন্তরে তোমার পাইয়া দরশন। তিলেক বিচ্ছেদ নহে ভাই গুইজন। কেমনে চলিলা মাতা নিৰ্দ্দয়া হইয়া। এই তুই শিশু প্রতি না দেখ চাহিয়া॥ আমা সম ভাগ্যহীন নাহি অবনীতে। জনম অবধি মজিলাম হুঃখ চিতে॥ ছার রাজ্য ধন মম ছার গৃহবাদ। তোমা বিনা হৈল মম সকল নিরাশ। ধ্বতরাষ্ট্র নৃপতির যত বধুগণ। তুঃশলা স্থন্দরী আদি কান্দে সর্বজন। হাহাকার করি সবে কান্দে উচ্চৈঃম্বরে। আমা দবা ছাড়ি কোথা যাও নূপবরে 🛦 -হাহা বিধি কি উপায় করিব এখন। এত ক্লেশে পাপ প্রাণ রহে কি কারণ॥ পাষাণে রচিত দেহ আমা সবাকার। এতেক প্রহারে ততু না হয় বিদার॥ গড়াগড়ি যায় দবে ধূলায় ধূদর। চিত্তের পুত্তলি প্রায় ভূমির উপর॥ দেখিয়া ব্যথিত হৈল বিদ্রর স্থমতি। ডাকদিয়া কহিলেন যুধিষ্ঠির প্রতি॥ শোক তাজ শুন রাজা আমার বচন। আমা সবাকার শোক কর নিবারণ॥ ইহা দবাকার প্রতি করহ আশাদ। 🖢 প্রবোধিয়া সবাকারে লহ গৃহবাস ॥ ধর্মের নন্দন তুমি ধর্মা অবতার। তোমার এতেক মোহ অতি অবিচার॥ সবারে সান্ত্রনা করি স্থির কর মন। তোমারে বুঝায় হেন আছে কোনজন॥ এইরূপে বিদ্বর কহিল বহুতর। অনেক সান্ত্রনা করি পঞ্চ সংহাদর॥ ধ্বতরাষ্ট্র কহিলেন বিহুর হুমতি। ছেন অবধান কর বিহুরের প্রতি॥

এ সময় ত্রাহ্মণেরে দিব কিছু দান। কিছু ধন মাগি আন ধর্মরাজন্থান। অক্ষের বচনে ক্ষতা কহে যুধিষ্ঠিরে। কিছু ভিক্ষা চাহে তোমা অন্ধ নূপবরে ॥ ধর্ম বলিলেন ভিক্ষা কিসের কারণ। তাঁহারি সকল রাজ্য প্রজা ধন জন ॥ আমি আদি দকল বিক্রিত তাঁর পায়। হেন বাক্য কহিবারে তাঁরে না যুয়ায় ॥ এত বলি যুধিষ্ঠির ডাকি ভ্রাতৃগণে। ধন আনিবারে আজ্ঞা দিলেন তথনে॥ ধর্মরাজ আজ্ঞা পেয়ে চারি সহোদর। ভাগুার হইতে ধন মানে বহুতর॥ প্রবাল মুকুতা স্বর্ণ মণি মরকত। বিবিধ রতনরাশি কৈল শত শত। হর্ষিত অন্ধরাজ গান্ধারী সহিত। দ্বিজগণে ধন দান কৈল অপ্রমিত॥ ভূমিদান অন্নদান করিল বিস্তর। হস্তী অশ্ব ধেন্তু বৎস রত্ন বহুতর ॥ ভীম্ম দ্রোণ কর্ণ আদি রাজা হুর্য্যোধন। সবাকার নাম করি ছিজে দিল দান॥ দানেতে তুষিয়া সব ব্রাহ্মণ মণ্ডল। বনে যেতে অন্ধরাজ হইল বিকল॥ বহু আশীর্বাদ কৈল ভাই পঞ্জনে। আলিঙ্গন শিরোম্রাণ করিল চুম্বনে। প্রণমিয়া পঞ্চ ভাই কান্দে উভরায়। কতাঞ্জলি প্রণমিল গান্ধারীর পায়॥ আশীর্কাদ কৈল দেবী প্রদন্নবদনে। অঙ্গে হাত বুলাইয়া ভাই পঞ্জনে॥ একে একে স্বাকারে করিয়া বিদায়। বনবাদ গমন করিল কুরুরায় ॥ গান্ধারীর স্কন্ধে আরোপিয়া বাম হাত। ধীরে ধীরে চলিলেন-কুরুকুল নাথ॥ গান্ধারীর বামভাগে চলিল সঞ্জয়। অগ্রে অগ্রে চলিলেন ক্ষত্তা মহাশয়॥ হেন্মতে অন্ধরাজ চলেন কনিন। দেখিবারে আইল সকল প্রজাগণ॥

বালর্দ্ধ যুবা ধায় কুলবধূগণে। ধ্বতরাষ্ট্র বেশ দেখি কান্দে সর্ব্বজনে॥ **ওহে অন্ধরাজ তুমি যাও কোথাকারে**। কি হেতু তপস্থা বেশ ধ'রেছ শরীরে॥ তুই চক্ষু অন্ধ তব অপূর্ব্ব শরীর। কিমতে ছাড়েন তোমা রাজা যুধিষ্ঠির॥ বাহড় বাহড় রাজা না যাও কাননে। তোমার বিহনে রাজা জীবে কোনজনে ॥ ধর্ম্মপুত্র যুধিষ্ঠির ধর্ম্ম অবতার। সেবিবে তোমায় সেই ধর্ম্মের আচার॥ এইরূপে চতুর্দ্বিকে কাঁদে সর্বজন। প্রবোধিয়া ধ্বতরাষ্ট্র চলিল কানন॥ পথ দেখাইয়া ক্ষত্ত, আগে আগে যায়। কুরুক্তেত্র নিকটে আইল কুরুরায়॥ তথা হৈতে চলি গেল জাহ্নবীর কূলে। স্নানদান করিলেন নামি গঙ্গাজলে॥ বসিয়া গঙ্গার তীরে কথোপকথনে। সেই দিন বঞ্চিল জাহ্নবী জলপানে॥ রজনী প্রভাত হৈল সূর্য্যের উদয়। প্রভাতে উঠিয়া তবে বিহুর সঞ্জয়॥ গঙ্গার পশ্চিমে বন নামে দ্বৈপায়ন। নানাবিধ বৃক্ষলতা শোভিত কানন॥ অশোক চম্পক বৃক্ষ পলাশ কাঞ্চন। অর্জ্জুন থর্জ্জুর আয়ে জাম তরু বন । রাজবৃক্ষ শাল তাল আর আমলকী। কণ্টকী দাড়িম্ব নারিকেল হরিতকী॥ শিরীষ কদম্ব ঝাটি বদরী থদির। তিন্তিভী বহেড়া আর নারঙ্গ জন্মীর॥ দেবদারু ভদ্রোরুক নিম্ব তরুবর। বিচিত্র কদলীরৃক্ষ দেখিতে স্থন্দর॥ নানা পুষ্প সৌরভে শোভিত বনস্থলী। ভ্রমর গুঞ্জরে তাহে কোকিল কাকলী॥ বিচিত্র ভুলদীরুক্ষ অতি স্থগোভন। বিচিত্র মঞ্জরী তাহে নবদলগণ ॥ আমোদে পূৰ্ণিত হয় সকল কানন। পুষ্পভরে লম্ববান যত তরুগণ॥

মল্লিকা মালতী যূথী জাতি নাগেশ্বর। করবী বকুল জবা রঙ্গন টগর॥ সেউতী মাধবীলতা কুটজ কিংশুক। ্সকালিকা সারি সারি দেখায় কৌতুক॥ নব নব দলেতে পূর্ণিত ফল ফুল। তার গ**ন্ধে মকরন্দ ধায় অলিকুল**॥ ময়ৢর কোকিলগণে করে কুত্রব। मन मन ममीत्रण वरह छ्राोत्र ॥ বন দেখি আ**নন্দিত বিহুর সঞ্জ**য়। হেথায় বঞ্চিব হেন চিন্তিল হৃদয়॥ তুইখানি কুটীর রচিল দেইখানে। মনিগণ নিবসয়ে তার সন্নিধানে॥ দম্ভাষিয়া মুনিগণে করিয়া বিনয়। অন্ধের নিকটে গেল বিহুর সঞ্জয়॥ ধ্রতরাষ্ট্র গান্ধারী দহিত ভোজহৃতা। সবে ল'শে কুটীরে আইল পুনঃ ক্ষতা। কানন-নিবাদী যত ঋষি মুনিগণ। আইল করিতে ধৃতরাষ্ট্র সম্ভাষণ॥ ্রিথাবিধি সবাকারে পূজিয়া সাদরে। হর্ষিতে জিজ্ঞাসিল অন্ধ নূপবরে॥ মহামূনি ঋষিগণ ধৃতরাষ্ট্র গ্রীতে। ষাশ্রম করিয়া রহিলেন চতুর্ভিত্তে॥ দিখিয়া পাইল প্রীতি অন্ধ নরবরে। ব্রিগ্যন্তর্য্য আচরিল শুদ্ধ কলেবরে॥ ^{নিকটে} জাহ্নবী নীরে স্নান দান করি। ছামকর্ম সমাপিয়া কুরু অধিকারী॥ ^{গুহ্}মধ্যে কুশাসন করিয়া স্থাপন। ্র্বিমুখে বদিলেন করি যোগাদন॥ ^{हेन्}য়ে পরম পদ চিন্তিয়া দাদরে। 🖫 জপ করে অন্ধ ভক্তি পুরঃদরে॥ ^{নকটে} বিছুর আর সঞ্জয় স্থমতি। ^{বাগাদন} করি দোঁহে করিলেন স্থিতি॥ ^{এই}রূপে সক**লে ব**সিল যোগাসনে। শ্রি গ্যান করি কৃষ্ণ জপেন হৃক্ণণে॥ नि (শবে বিত্নর সঞ্জয় তুইজন। িন মূল আনি সবে করিল ভক্ষণ 🛭

পুণ্যকথা আলাপেতে বঞ্চিয়া রজনী। হেনমতে কাননে রহিল নৃপমণি॥ মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুন পুণ্যবান॥

বনে ধৃতরাষ্টের নিকট পাগুবের মাগমন ' মুনি বলে শুন জম্মেজয় নরপতি। গৃহে যান ধর্মাজ শোকাকুল মতি॥ ভীমাৰ্জ্জ্ন মাদ্ৰীস্থত পাঞ্চাল-কুমারী। ধৃতরাষ্ট্র বধ্গণ ছঃশলা স্থন্দরী॥ শোকাকুল হ'য়ে সবে কান্দে সর্বজন। রজনী দিবস শো**রু** নহে নিবারণ॥ না রুচে আহার জল সদা ঝরে অংশিথ। শোকাকুল মন দবে হৈল বড় হ্রঃখী॥ ধর্ম অত্যে কান্দি কহে মাদ্রীর তনয়। এত দিনে মৃত্যুকাল হইল নি**শ্চ**য়॥ ধরিতে না পারি প্রাণ জননী বিহনে। দশদিক অন্ধকার লাগে রাত্রিদিনে॥ ভোজন না করে অনুক্রণ মহাশ্য : রজনী দিবদ নিদ্রা চক্ষে নাহি হয়।। এইক্ষণে যদি আমি নাহি দেখি মায়। অবশ্য মরিব দোঁহে কহিনু নিশ্চয় 🛭 এত বলি হুই ভাই কান্দে উল্লৈঃম্বরে। অস্থির হইয়া পড়ে ভূমির উপরে।। ভীমদেন অৰ্জ্জুন কান্দেন গুইজন। দ্রুপদনন্দিনী কৃষ্ণ। কান্দে ঋতুক্র। ধ্বভরাপ্ত্র-বধ্গণ করে হাহাকার। রাত্রি দিন শোক বিনা অন্য নাহি আর॥ কান্দিয়া রাজার প্রতি কহে সর্বরজন। নিশ্চয় না রহে প্রাণ শুনহ রাজন॥ কুরুকুলনাথ অন্ধ স্থবলনন্দিনী। বিত্র সঞ্জয় আর কুন্তী ঠাকুরাণী ॥ তাঁহা সব বিহনে জীবন নাহি রয়। ইহার বিধান শীঘ্র কর মহাশয়॥ এ শোক-দাগরে কেছ তিলেক না জীবে। যথা গেল অন্ধরাজ তথা যাব সবে॥

এইরূপ নৃপতিরে কহে দর্বজন। শুনিয়া ভাবিত চিত্ত ধর্ম্মের নন্দন॥ দিবারাত্রি কান্দিলেক মাদ্রীর তনয়। শরীর ত্যজিবে দোঁহে হেন মনে লয়। কোনমতে প্রবোধ না হয় চুই ভাই। পুরজন আদি দবে কাতর সবাই ॥ অন্যমতে না হইবে শোক নিবারণ। জ্যেষ্ঠতাত নিকটেতে যাইব কানন॥ সবারে কাতর দেখি পাগুবের পতি। বাহুড়িয়া আসিবেন ছেন লয় মতি॥ কদাচিত বাহুড়িয়া যদি না আইসে। সেইরূপে দবাই রহিব তাঁরুপাশে॥ এইরূপ অনুমানি ধর্ম্মের নন্দন। সবারে আখাদ্র করি প্রবোধিয়া কন। শোক তুঃখ ছাড়ি সবে স্থির কর মন। সেই বনে দবে মোরা করিব গমন॥ রাজার বচনে সবে তুফ্ট হ'য়ে মনে। সেইক্ষণে বাহির হইল সর্বজনে । যুধিষ্ঠির পঞ্চ ভাই দ্রোপদী সহিত। ভীমদেন স্বভদ্রা উত্তরা পরীক্ষিত॥ ধুতরাষ্ট্র বধূগণ তুঃশলা স্থন্দরী। লিখনে না যায় যত চলে নরনারী॥ ত্রিবিধ বাহনে চলে আর পদত্রজে। পঞ্চম শব্দেতে তাহে নানা বাঘ্য বাজে ॥ পূর্ব্বেতে ভারত-যুদ্ধে সৈন্মের সাজনি। তেমনি সাজিল অফ্টাদশ অক্ষেহিণী॥ তাহা সবাকার ছিল যত নারীগণ। সবাই চলিল ধ্বতরাষ্ট্র দরশন ॥ অফ্টাদশ অক্ষোহিণী হেন অনুমানি। মহারোলে কম্পমান হইল মেদিনী॥ হেনমতে ধর্মারাজ চলিল ত্বরিত। দ্বৈপায়ন কাননেতে হৈল উপনীত॥ গঙ্গাজলে স্নান করি প্রবেশি কাননে। চলিলেন পঞ্চাই সহ নারীগণে॥ বসিয়াছে ধৃতরাষ্ট্র কুটীর ভিতর। মৌনভাবে একাসনে যুড়ি ছুই কর ॥

প্রণমিয়া পঞ্চভাই অন্ধের চরণে। **ক্ষেঠে**তাত বলিয়া ডাকেন পঞ্চনে ॥ সমাধি ত্যজিয়া অন্ধ শুনিবারে পায়। কে তুমি বলিয়া জিজ্ঞাদেন কুরুরায়॥ 😎নি যুধিষ্ঠির কহিলেন সবিনয়॥ তব ভৃত্য যুধিষ্ঠির শুন মহাশয়॥ এত শুনি অন্ধ যুধিষ্ঠিরে কোলে নিল। অঙ্গে হাত বুলাইয়া শুভ জিজ্ঞাসিল॥ কহ তাত পুরের কুশল সমাচার। কুশলে আছেতো সব বন্ধু পরিবার॥ যুধিষ্ঠির বলিলেন কি কহিব আর ৷ তোমার দাক্ষাতে এই দব পরিবার॥ তোমা না দেখিয়া দবা হৃদয় বিদরে। আপনি রহিলা আদি কানন ভিতরে॥ কহ তাত কোথা মম গান্ধারী জননী। কোথা কুন্তী মাতা মোর ভোজের নন্দিনী। খুল্লতাত কোথায় বিত্নুর মহাশয়। তাঁ সবারে না দেখিয়া প্রাণ বাহিরায়॥ এত শুনি কহিতে লাগিল কুরুপতি। ও কুটীরে তব মাতা গান্ধারী সংহতি॥ বিত্রবের সমাচার নিশ্চয় না জানি। জীয়ে কি না জীয়ে ভাই ক্ষতা গুণমণি।। অনশন ব্রত করি ত্যজিয়া আহার। একেশ্বর গেল কভা নিকটে গঙ্গার ॥ চারিদিন আমা সহ নাহি দরশন। জীয়ে কি না জীয়ে ভাই কর অন্বেষণ ॥ শুনিয়া আকুল ধর্মপুত্র যুধিষ্টির। চলিলেন গঙ্গাতীরে অন্তরে অস্থির॥ গঙ্গাতীরে বটমূলে দেখি একেশ্বর। দীর্ঘ **জটাভার পড়িয়াছে পু**ষ্ঠোপরে ॥ করপুটে বদিয়া আছেন মহাশয়। প্রণাম করেন গিয়া ধর্ম্মের তনয়॥ আছে কিনা আছে প্রাণ না জানি নিশ্চা উক্তৈঃস্বরে ডাকে পঞ্চ পাণ্ডুর তনয় 🛚 ওহে খুল্লতাত বলি ডাকে ঘন ঘন। কুতাঞ্চলি করি ডাকে ভাই পঞ্চন॥

প্রাহ্ম মহাশ্য পাশুবের প্রাণদাতা। ভত্যগণ ভাকে তুমি উঠি কহ কথা॥ বিষম সঙ্কটে রক্ষা কৈলে পুনঃ পুনঃ। ব্রুধিষ্ঠির ডাক**য়ে উত্তর নাহি কেন**॥ এহে খুল্লতাত কেন না শুন প্রবণে। কোন সুপরাধে এত কোপ কৈলা মনে॥ এইরূপে পঞ্চ ভাই করেন রোদন। দেখিলেন আকাশে থাকিয়া দেবগণ ॥ তুই অাথি নিয়োজিল যুধিষ্ঠির পানে। বিস্তুরের তেজ নিঃসরিল সেই ক্ষণে॥ ন্ধিরীয় দেখা**য় যেন রবির কিরণ**। যুধিষ্ঠির **অঙ্গে লিপ্ত হইল ত**খন॥ আকাশে অমরগণ পুষ্পরৃষ্টি করে। ভয় জয় শব্দ হৈল অমর নগরে॥ ভ্রাতৃগণে বলিলেন রাজা যুধিষ্ঠির। ৰিগুণ হ**ইল তেজ আমার শ**রীর ॥ মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

> বিছ্রের দেহত্যাগে সকলের বিলাপ এবং ব্যাসদেবের বাস্ক্রা।

বিচুরে লইয়া কান্দিছেন পঞ্চন।
হেনকালে আইলেন মুনি দৈপায়ন ॥
মুনি দেখি প্রণমিল পঞ্চ সহোদর।
মুলতাত বলি কান্দে সবে উচ্চৈঃস্বর॥
প্রবাধিয়া মুনিবর কহেন বচন।
অকারণে শোক কর ধর্ম্মের নন্দন॥
আপনি কি নাহি জ্ঞান রাজা যুধিষ্ঠির।
তামায় বিচুরে হয় একই শরার॥
মাণ্ডব্য মুনির শাপে ধর্ম মহাশয়।
বিচুররূপেতে তাঁর ক্ষিতেতে উদয়॥
হুমিহ আপনি ধর্ম জানিহ নিশ্চয়।
ধর্ম অংশ হও তুমি ধর্মের তনয়॥
বিচুরের তেজ যেই হইল বাহির।
সেইক্ষণে প্রবেশিল তোমার শরীর॥

কহিলাম ভোমারে এ তত্ত্ব সমাচার। শোক মোহ দূর কর ধর্মের কুমার॥ ব্যাদর বচনে পঞ্চ পাণ্ডুর কুমার। বিধিমত বিত্তরের করেন সংকার॥ ধ্বতরাষ্ট্রে আসিয়া কছেন সমাচার। মূর্চ্ছিত হইয়া পড়ে অম্বিকাকুমার॥ আপনি ধরেন তাঁরে ব্যাস মহামুনি। নানা কথা প্রবোধ কছেন তত্ত্বাণী॥ অন্ধ বলে বিতুর ছাড়িয়া গেল মোরে। তথাপি রহিল মোর পাপ কলেবরে ॥ তুর্য্যোধন শোক মম হৈল পাসরণ। কিরূপে বিচুরশোকে বাঁচিব এখন ॥ বিপরীত শব্দ হৈল পুনঃ দেই স্থলে। দেখিবারে বনবাসী আইল সকলে॥ ধুতরাষ্ট্র পাশে বসি ব্যাস মহানুনি। প্রবোধ করিয়া কহিছেন তত্ত্ববাণী॥ অবধান কর রাজা পূর্বের কাহিনী। দৈত্যভরে পীড়াযুক্ত হইল মেদিনী॥ ধেমুরূপ ধরি গেল ব্রহ্মার সদন। কান্দিতে কান্দিতে ক্ষিতি করে নিবেদন 🛚 দৈত্যভর আর আমি দহিতে না পারি। কি করিব আজা দেহ সৃষ্টি অধিকারী ॥ শুনি ব্রহ্মা পৃথিবীরে আশ্বাদি তথন। ক্ষীরোদের তীরে গিয়া সহ দেবগণ ॥ প্রণমিয়া করপুটে করিলেন স্তুতি। তুষ্ট হ'য়ে প্রত্যক্ষ হইলেন শ্রীপতি॥ দৈত্য বিনাশিতে যুক্তি করিয়। স্থঞ্জন। দেবগণে আদেশেন কমললোচন ॥ নিজ নিজ অংশে সবে হও অবভার। লীলায় করিব ক্ষয় পৃথিবার ভার॥ আপনি জন্মিব আমি বস্তদেব ঘরে। নাশিব পৃথিবী ভার কহিন্তু তোমারে॥ এত বলি স্বস্থানে গেলেন নারায়ণ। দেবগণ সহ ব্রহ্মা গেলেন ভবন ॥ দেবকীর গর্ভে জন্মিলেন নারায়ণ। অনস্ত অগ্রজ তাঁর রেবতীরমণ ॥

ধর্ম সংশ যুধিষ্ঠির ধর্ম অবতার। বায়ু অংশে রুকোদর প্রনকুমার॥ हेन्द्र व्यः स्था किया नम वीत धमक्षय । অশ্বিনীকুমার তুই মাদ্রীর তনয়॥ অগ্রি অংশে ধ্রম্টত্ন্যন্ন পাঞ্চাল-নন্দন। লক্ষ্মী অংশে পাঞ্চালী যে বিখ্যাত ভুৱন॥ আপনি আছিলা তুমি গন্ধর্বের পতি। তব পুত্র হুর্য্যোধন কলির আকৃতি॥ অপর ভোমার পুত্র রাক্ষদ দকল। সূর্য্য অংশে জন্ম বীর কর্ণ মহাবল ॥ বস্থ্যবতার ভীম্ম তব জ্যেষ্ঠতাত। বিছর আপনি ধর্ম শুন নরনাথ। বুহস্পতি অংশে জন্ম দ্রোণ মহাশয়। রুদ্র অংশে কুপাচার্য্য জানিহ নিশ্চয় ॥ চন্দ্র সংশে অভিমন্যু অর্জ্জ্ন-কুমার। কহিন্দু তোমারে রাজা সর্ব্ব সমাচার॥ এইরূপে অস্কেরে ক্ছেন গুনিবর। মায়ের নিকটে যান পঞ্চ সংহাদর॥ গান্ধারীরে প্রণাম করেন পঞ্জনে আশীর্কাদ কৈল দেবী প্রসন্নবদনে ॥ পুত্র কোলে করি কুন্তী করিল চ্মন প্রণাম করিল আদি যত বর্গন ॥ এইমতে সর্ববজনে পূরিল কানন। **হেনকালে কহিলেন মুনি বৈ**পায়ন ॥ ষারকা নগরে আমি যাব শীঘ্রগতি। বরে কার্য্য থাকে যদি মাগ নরপতি॥ বর মাগ থাকে যদি কিছু প্রয়োজন। অবশ্য যাইব আমি দারকা ভুবন। গান্ধারী স্থবলস্থতা শুনি হেন কথা। করযোড় করি বলে সতী পতিব্রতা॥ কুপার সাগর তুমি মুনি মহাশয়। তোমার মহিমা যত মুনিগণে কয়॥ তোমার অসাধ্য দেব নাহি ত্রিজগতে। সে কারণে এক বর মাগি যে তোমাতে॥ পুত্রশোক সম আর নাহি ত্রিভুবনে। শত পুত্র আমার সংহার হৈল রণে॥

সেই শোকে দহে মম সকল শরীর। তিলেক না হয় ক্ষান্ত নয়নের নীর॥ শোকের সাগরে ভাসি নাহিক উপায়। সে কারণে মুনিরাজ নিবেদি তোমায়॥ একবার তাদের পাইলে দরশন। শোকসিন্ধ হৈতে তবে হইব মোচন। প্রদিবিয়া আমি না দেখিকু পুত্রমুখ : এই মম হৃদয়ে আছুয়ে বড় ছুঃখ।। এই বর মাগি দেব তব পদতলে। কূপায় দেখাও মোরে তনয় দকলে॥ অন্ধরাজ বলিলেন এই মনোনীত। কুপা কর মুনিরাজ কহিন্তু নিশ্চিত : কুন্তীদেবী কহিছেন যুড়ি তুই কর। মম মনকাম সিদ্ধ কর মুনিবর॥ কর্ণপুত্র নয়নে দেখিব একবার : অতিমন্যু ঘটোৎকচ পঞ্চপুত্র আর ॥ কুপা করি দেখাও গ্রন্থপি মহাশয়। হৃদ্যের শেল মম তবে দূর হয়॥ কিবা কব মুনিরাজ তোমার চরণে। সদা মম দগ্ধচিত্ত শোকের আগুনে। দীনবন্ধু ভগবান যিনি অন্তর্য্যামী : তিনি তো সকল জ্ঞাত কি কহিব আমি 🛭 এমন অভাগী আমি জন্মেছিত্ব ভবে। কান্দিয়া যে জনা গেল মৃত্যু হবে কবে 🕆 শশুরকুলের অন্ত আমা হতে হৈল। আমি যে মহাপাতকী নাহি সমতৃল। আমার মনের ত্রঃখ মনেতে র'য়েছে 🖟 কাহারে কহিব সদা হৃদয় দহিছে। ভূমি সর্ব্ব দারাৎদার কুপার দাগর 🗵 তুমি যে অকুল কর্ত্তা মহিমা অপার॥ **ক্ষণেক যোগের বলে এই** চরাচর : পুনর্কার করিবারে পার মুনিবর ॥ সকল করিতে পার তুমি মহাঋষি। কহিতে সকল কথা অাখি-নীরে ভাসি 🖟 বলিব বলিব বলি করিতেছি মনে। ্ৰাকেতে দহিছে অঙ্গ না চাহি নয়নে॥

পাণ্ডবের গতি তুমি পাণ্ডবের পতি। তোমা হৈতে পাণ্ডুকুল হইল সংহতি॥ কুলক্ষয় হৈল দেব ম'ল দব বীর। স্মরিতে হৃদয় দহে ঝরে অাখি-নীর॥ কেন বিধি হেন জন্ম দিয়াছিল মোরে। অাখির পুত্তলী সব গেল কোথাকারে॥ শতত নয়ন মোর সেই মুখ চায়। দারুণ অস্তর দহে কি কহিব হায়॥ বিধি বিভৃষিল আমা কারে দিব দোষ। শুনিয়া তোমার বাণী হইনু সন্তোষ॥ মম সম হতভাগ্য নাহি তিন লোকে। পিতৃকুল ক্ষয় হেতু স্থজিল আমাকে। ধুষ্টগ্রান্ন শিখণ্ডী প্রভৃতি ভ্রাভৃগণ। সবংশে মজিল পিত। পাঞ্চাল রাজন॥ মম পঞ্চপুত্র মৈল দৈবের বিপাকে। শোকসিন্ধু মধ্যে বিধি ভূবাইল মোকে॥ কান্দিয়া স্ভদ্রা কহে যুড়ি চুই কর। নিবেদন অবধান কর মুনিবর॥ আমা হেন হতভাগ্য নাহি ত্রিভুবনে। অভিমন্যু হেন পুত্র হত হৈল রণে॥ হিতীয় কুমুদবন্ধু রূপের বর্ণনা। ধুকুর মধ্যে কেহ নাহিক ত্লন।॥ জনক **অর্জ্জুন যার মাতুল মু**রারী। জ্যেষ্ঠতাত ভীমদেন ধর্মা অধিকারী 🛭 শবা বিভাষানে পুত্র হইল সংহার। আমা সম অভাগিনী কেবা আছে আর। মংস্থাদেশে এল পুত্র বিবাহ কারণ। পুনঃ আমা দহিত না হৈল দরশন॥ শকলি নিরাশ বিধি করিল আমারে। কেমনে ধরিব প্রাণ এ পাপ শরীরে 🛚 কূপার সাগর মুনি কর প্রতীকার। ^{হা}ভিমন্যু আমারে দেখাও একবার । ধৃতরাষ্ট্র বধুগণ তুঃশলা হুন্দরী। প্রণমিয়া কছে কথা মুনি বরাবরি॥ কম্পিতবদনী রামা পরিহরি লাজ। কর্যোড়ে কহে অবধান মুনিরাজ 🛭

আমাদের পরিতাপ কর বিমোচন। স্বামী পুত্র সহিত করাও দরশন ॥ যুধিষ্ঠির বলিলেন শুন মহাশয়। কুপায় খণ্ডাও মম মনের বিশ্বায়॥ ইফ্ট বন্ধু বান্ধব কুটুম্ব মিত্রগণ। ভারত-যুদ্ধেতে হত হৈল যত জন॥ যদি পুনঃ তা সবারে দেখিব নয়নে। শোকসিন্ধু হৈতে পার হইব আপনে॥ ভীষ্ম দ্রোণ কর্ণ শল্য রাজ। হুর্য্যোধন। বিরাট ক্রেপন আদি যত বন্ধুগণ ॥ সবার দহিত দেখা করাও আমার। ভোমা বিনা এ কর্ম্ম করিতে শক্তি কার॥ পূর্বে পিতামহ-মুখে শুনিয়াছি মামি। বেদশাস্ত্র প্রকাশিতে নারায়ণ ভূমি।। এত বলি নিবর্ত্তিল ধর্ম্মের নন্দন। নিজ নিজ কামনা কহিল সর্ববজন ॥ ক্ষণেক চিন্তিয়া তবে ব্যাস তপোধন। আশাদিয়া স্বাকারে বলেন বচন॥ যে বাসনা করিলে আমার কাছে সবে। আজি নিশাযোগে এ বাসনা পূর্ণ হবে॥ হৃষ্টচিত্ত হৈল দবে মুনির বচনে। নি**শ্চ**য় হইবে দেখা করিলেন মনে ॥ কতক্ষণে দিন যাবে হইবে রক্তনী। স্ত্রগত হৈল অনুসানি দিনম্পি॥ হেনমতে দিন গেল রজনী প্রবেশে। কুতৃহল সর্বজন হরিষ বিশেষে॥ কর্যোড়ে স্তব করে মুনির গোচর। মনের বাদনা পূর্ণ কর মুনিবর॥ তবে পত্যবতী-স্থত ব্যাপ মহামুনি। অদ্তুত যাঁহার কর্ম কি দিব নিছনি॥ উর্দ্ধিষ্টি করি ডাকি কহে মুনিরাজ। তুই হস্ত তুলি ডাকে যতেক সমাজ॥ ভীষ্ম দ্রোণ কর্ণ বলি ডাকে মুনিবর। তুর্য্যোধন শল্য আদি যত ধনুর্দ্ধর। সত্বরে আইস সবে আমার বচনে। বিলম্ব না কর এস আমার এখানে ॥

ধ্যান করি মুনিবর ডাকে ঘনে ঘন।
কার শক্তি লজ্মিবেক ব্যাসের বচন॥
ইন্দ্রপুরে নিবাস করয়ে যত বীর।
দেব সঙ্গে বৈসে সবে দেবতা শরীর॥
ব্যাসমুনি স্থানে সবে জানিয়া কারণ।
সত্মরে মুনির অত্যে চলে সর্বজন॥
কোরব পাণ্ডব যত ছিল বীরগণ।
ব্যাস মুনি অত্যেতে চলিল সর্বজন॥
মহাভারতের কথা স্থাসিক্ষুবত।
পাঁচালী প্রবন্ধে কাশীদাস বিরচিত॥

ব্যাদের আজ্ঞায় স্বর্গ হৈতে হুর্য্যোধনাদির আগমন ও ধৃতরাষ্ট্রদিগের সহিত সাক্ষাৎ।

মুনি বলে অবধান শুনহ রাজন্। মুনিস্থানে স্বৰ্গ হ'তে এল সৰ্ব্বজন ॥ অফ্টাদশ অক্ষোহিণী একত্র মিলিয়া। ব্যাদের সদনে সবে মিলিল মাসিয়া॥ দেখিয়া সন্তুষ্টচিত্ত হৈয়া মুনিবর। কহিলেন সকলেরে ডাকিয়া সত্বর॥ মনের বাদনা পূর্ণ ছইল সবাকার। ইক্ট মিত্র বন্ধু সবে দেখ আপনার॥ দিব্যরথে আসিল যে সারথি সহিত। গঙ্গার নন্দন ভীষ্ম সংগ্রামে পণ্ডিত ॥ দিব্য শরাসন হাতে দিব্য শর ভূণ। মালতীর মালা গলে শোভে চতুর্গুণ॥ দিব্য শন্থ বাভ পূরি গগনমগুলী। এইরূপে দেখা দেন ভীন্ম মহাবলী॥ দিব্য ধনুর্ববাণ করে দ্রোণ মহাশয়। **मिवा त्रथमण्डा त्रक्कवर्ग ठाति इय ॥** সপ্ত কৃষ্ণ কমণ্ডলু ধ্বজ মনোহর। দিব্য শঙা শব্দেতে পূরিত চরাচর॥ 😁 ক্ল বস্ত্র পরিধান ভূষণ মলয়জ। স্বন্ধেতে উত্তরী অঙ্গে ভূষিত কবচ॥ দিব্যরথে আরোহিয়া কর্ণ মহাবল। অক্ষয় কবচ অঙ্গে মকর কুণ্ডল 🛚

অগুরু চন্দ্রন শোভে পদ্ম পুষ্পমাল। আজাসুলম্বিত ভুজ বিক্রমে বিশাল॥ দিব্যরথে সারথি বিজয়ী ধনুর্ববাণ। অখণ্ডমণ্ডল বিধু জিনিয়া বয়ান॥ সিংহনাদ শব্ധনাদে পূরে বনস্থলী। প্রফুল্লবদনে সবে আশ্বাসয়ে বলি 🛚 ভগদত্ত জয়দেন জয়দ্রথ রাজা। তুঃশাসন চুম্মু থ বিকর্ণ মহাতেজা ॥ শত ভাই সহিত নূপতি হুৰ্য্যোধন। শকুনি মাতুল সঙ্গে তনয় লক্ষণ ॥ নারায়ণী সেনাগণ স্থশর্মা সংহতি। সোমদত্ত ভূরিশ্রবা শল্য মহারথী ॥ প্রতিবিন্দ অনুবিন্দ আর জরাসন্ধ। কাশীরাজ কাম্বোজ সহিত নৃপর্নদ॥ দণ্ড ধনুর্ব্বাণ করে স্থয়েণ নৃপতি। কলিঙ্গ ঈশ্বর শত অনুজ সংহতি॥ অলম্বুষ অলায়ুধ রাক্ষদ দকল। বিপরীত গর্জ্জনে পূরিছে বনস্থল 🎚 मिवात्रतथ बार्त्वाहिया घरहा कह वीत । কনক কুণ্ডল কর্ণে প্রকাণ্ড শরীর ॥ মহাবীর অভিমন্ত্য শ্বভদ্রানন্দন। দিব্যর্থে আরোহিয়া হাতে শরাসন ॥ ক্রপদ নৃপতি পুত্রগণ সমুদিত। ধুষ্টগ্ৰুস্থ শিখণ্ডী সহিত সত্ৰাব্ধিত॥ দপুত্র বিরাট রাজা সহ হুই ভাই। দ্রোপদীর পঞ্চপুত্র দেখ এক ঠাই॥ জরাসশ্বস্থত সহদেব ধনুর্দ্ধর। শিশুপাল তনয় চেদীর নৃপবর 🛚 পূর্বের কুরুকেত্রে সবে ভারত সমরে। সমর করিল তাঁরা যেমন প্রকারে॥ সেই ধনুর্বাণ সেই রথ আরোহণ। সেই অশ্ব সার্থি মাতঙ্গ অশ্বগণ॥ রথ রথী অখের উপরে আসোয়ার। গঙ্গেতে মাহুতগণ পর্বত আকার॥ ধানুকী ধনুক হাতে চৰ্ম অসি ঢালী। অফ্টাদশ অকৌহিণী এক ঠাঁই মেলি 🖟 নিজ নিজ বান্ধব পাইয়া দরশন। আনন্দ-সাগরে ভাসিলেন সর্বজন ॥ ধৃতরাষ্ট্রে দিব্যচক্ষু দিলা মুনিবর। আত্মীয় সকলে দেখে অন্ধ নৃপবর॥ আনন্দ-সাগরে ভাসে কুরু নরপতি। হরিষে চক্ষুর জলে তিতে বহুমতী॥ তুর্য্যোধন আদি এক শত সহোদর। প্রণমিয়া দাণ্ডাইল অক্ষের গোচর ॥ পুত্রগণ কোলে করি অম্বিকানন্দন। অনিমিষ নয়নে করয়ে নিরীক্ষণ॥ আলিঙ্গন শিরোন্ত্রীণ বদনে চুম্বন। মনের মানসে করে কথোপকথন॥ ভীম্ম দ্রোণ ভগদত্ত শল্য নরপতি। কর্ণ ভূরিশ্রবা জয়দ্রথ মহামতি॥ ধুতরাষ্ট্র নিকটে বসিল সর্বজন। কানন ভিতরে হৈল হস্তিনাভুবন॥ পুর্বামত সভা করি বৈদে অন্ধরাজ। পাত্রমিত্র ইফ্ট বন্ধু সকল সমাজ। ব্যস্ত হ'য়ে গান্ধারী ধরিল পুত্রগণে। প্রণমিল শত পুত্র মায়ের চরণে॥ শত পুত্র কোলে করি স্থবল-নন্দিনী। হরিষে চক্ষুর জলে তিতিল মেদিনী॥ 🗸 ঘন ঘন চুন্থ দেন পুত্ৰপণ-মুখে। অনিমিষ নয়নে পুত্তের মুখ দেখে॥ আনন্দ-সাগরে সবে হইল পূর্ণিত। অন্য অন্য কহে কথা মনের পীরিত॥ পুলকে পূর্ণিত পঞ্চ পাণ্ডুর নন্দন। খণ্ডিল সকল তাপ আনন্দিত মন॥ ভীম্ম দ্রোণ চরণে করিল নমস্কার। মদ্রবাজে সম্ভাষে মাতুল আপনার॥ কর্ণেরে প্রণাম করে পঞ্চ সহোদর। আনন্দে চক্ষুর জল বহে খরতর 🖡 ভাতৃগণ সঙ্গে কর্ণ করি আলিঙ্গন। কুন্তীর নিকটে গেল ভাই ছয় জন। প্রণাম করিল কর্ণ কুন্তী-পদতলে। আনন্দে ভাগিন কুস্তী পুত্র নিল কোলে ॥

ঘন ঘন চুম্ব দেন বদনকমলে। বার বার অনিমিষ নয়নে নেহালে। খণ্ডিল সকল পাপ আনন্দিত মনে। কোলে করি বৈসে কৃন্তী পুত্র ছয় জনে॥ কথোপকথন করে মনের হরিয়ে। সব পাসরিল যত তুঃথ শোক ক্লেশে॥ বুষসেন আদি যত কর্ণের কুমার। ঘটোৎকচ অভিমন্যু পঞ্চপুত্র আর॥ নিকটে আসিয়া সবে হৈল উপনীত। পাঞ্চাল বিরাট বন্ধুগণের সহিত॥ পুত্রগণ পেয়ে কৃন্তী হৃদয়ে লইল। হরিষে নয়নজলে স্নান করাইল ॥ ঘটোৎকচ পেয়ে তবে ভীমদেন বীর। আলিঙ্গন করি ভীম পুলক শরীর ॥ অভিমন্যু করি কোলে বীর ধনঞ্জয়। আসিয়া স্থভদ্রা দেবী পুত্র কোলে লয়॥ মাতা পিতা সম্বোধিয়া অভিমন্যু রথী। পরীক্ষিত পুত্র কোলে নিল শীঘ্রগতি॥ বসিল উত্তরাদেবী অভিমন্ত্যু পাশে। নানা কথা আলাপন করে পরিভোষে॥ দুর্য্যোধন আদি করি ভাই শত জন। পঞ্চ ভাই পাণ্ডব করিল সম্ভাষণ । পূৰ্ব্বমত শক্তভাব নাহিক এখন। অন্য অন্য সম্ভাষা করয়ে হৃষ্টমন ॥ পঞ্চ পুত্র পেয়ে তবে ক্রুপদ-কুমারী। আনন্দে পূর্ণিতা হৈল পুত্র কোলে করি॥ ধুষ্টত্বান্ধ শিখণ্ডী ক্রুপদ নরপতি। ভ্ৰাতৃ জ্ঞাতি দেখি কৃষ্ণা আনন্দিত মতি ॥ করযোড়ে প্রণমিল পিতার চরণে। যথাবিধি সম্ভাষা করিল ভাতৃগণে ॥ ধরিয়া পিতার হস্ত দ্রোপদী হস্দরী। শোক ছুঃখ সম্বরে বিলাপ বহু করি॥ আনন্দে পূর্ণিত মনস্তাপ গেল দূরে। নানা কথা আলাপন হরিষ অন্তরে॥ ক্রপদ বিরাট আদি যত বন্ধুগণ। পঞ্চাই পাণ্ডৰ করিল সম্ভাষণ ॥

অতি হুফুচিত্ত হৈয়া ভাই পঞ্চন। সম্ভাষিয়া তোষেণ যতেক বন্ধুগণ॥ নিজ মিজ পতি দেখি যত নারীগণ। সম্ভ্রমে পতির পাশে আইল তখন॥ হরষিত হ'য়ে স্বামী বদাইল পাশে। ইফকথা আলাপনে সবারে সম্ভাষে॥ দ্রুর্য্যোধন পাশে বদি ভানুমতী নারী। তনয় লক্ষ্মণ কোলে করিল হুন্দরী। ক্রঃশাসন সহ ঊনশত ভাই আর। নিজ নিজ পত্নী লৈয়৷ বলে যে যাহার ॥ এমত প্রকারে দবে বঞ্চিল রজনী। নহিল নহিবে হেন অপূৰ্বৰ কাহিনী॥ এইরূপে হৈল দব তাপ বিমোচন। দাধু দাধু মুনিবর কহে সর্বজন॥ মনোগত নারীগণে ভাবয়ে ছদয়। এমত রজনী যেন প্রভাত না হয়। পাছে পুনঃ স্বামীদনে হয়ত বিচ্ছেদ। এই হেতু সবার হৃদয়ে বাড়ে খেদ দ চাপিয়া চরণে ধরে নিজ নিজ পতি। দেখিয়া ব্যথিত হৈল যত মহামতি॥ মুনিবাক্য শুনি তবে আনন্দ অপার। দৃঢ় করি ধরে সব স্বামী আপনার ॥ তবে ধৃতরাষ্ট্র স্থানে বিদ পঞ্চজনে। বিদায় মাগিল দবে অন্ধের চরণে 1 শোকেতে কান্দেন অন্ধ গান্ধারী সহিত। বিচ্ছেদ করিতে আর না হয় উচিত॥ দেখিয়া সকলে তবে প্রবোধিয়া কয়। অকারণে শোক কেন কর মহাশয়॥ ্কত দিন বনে যোগ কর আচরণ। অচিরে পাইবে আমা সবার দর্শন ॥ পুতরাষ্ট্র গান্ধারী দহিত ভোজহুতা। পঞ্চ ভাই পাণ্ডুপুত্ৰ দ্ৰুপদ-চুহিতা ii সবারে প্রৰোধ করি মাগিল বিদায়। নিজ নিজ পত্নীগণে লৈয়। দবে যায়॥ উত্তরা স্থন্দরী যায় অভিমন্থ্য সাথে। দিখি যু**ধিষ্ঠির রাজা লাগিল চিন্তিতে**॥

কহিলেন ব্যাসপদে করিয়া প্রণতি।
উত্তরা চলিল অভিমন্তার সংহতি।
মাতৃহীন হইবেক রাজা পরীক্ষিত।
উত্তরারে ঘাইবারে না হয় উচিত।
য়্ধিষ্ঠির বাক্য শুনি চিন্তিত হাদয়।
উত্তরারে রাখিলেন মুনি মহাশয়॥
অপর সকল নারী স্বামীর সংহতি।
স্বর্গপুরে চলে সবে পতিব্রতা সতী॥
সংসারের মায়া কেহ না করিল আর।
মুনির প্রসাদে ভবসিন্ধু হৈল পার॥
হেনমতে অবশেষ হইল রজনী।
দশদিক প্রসন্ন প্রকাশে দিনমণি॥
দিব্যজ্ঞান জন্মে সব পাপের বিনাশ।
আশ্রমিক পর্ব্ব কথা কহে কাশীদাস॥

যুখিঙ্গিরাদির হস্তিনায় গমন ও তপোবনে
ধৃতরাষ্ট্রাদির যজ্ঞাগ্রিতে দাহ।

মুনি বলে 🖦ন জন্মেজয় নরনাথ এইরূপে হইল সে রজনী প্রভাত 🛚 যুধিষ্ঠির প্রতি কন ব্যাদ তপোধন হস্তিনানগরে রাজা করহ গমন।। না ভাবিহ শোক হুঃথ হৃষ্টচিত্ত হৈয়া ; ভাতৃদঙ্গে রাজ্যের পালন কর গিয়া ॥ ধৃতরাষ্ট্র কুন্তী আর গান্ধারী সঞ্জয়। সবারে বিদায় করে মুনি মহাশয়॥ প্রদক্ষিণ করি সবে মুনিরে বন্দিল। সম্ভট হইয়া মুনি নিজ স্থানে গেল ॥ তবে ধর্ম্ম নরপতি সঙ্গে ভ্রাতৃগণ। ধুতরাষ্ট্র গান্ধারীর বন্দেন চরণ॥ আশীর্কাদ কৈল দোঁতে প্রদন্ন বদন। ওহে তাত নিজ রাজ্যে করহ গমন॥ কুরুকুলে তোমা বিনা কেহ নাহি আর। তুমি পিণ্ড দিবে আশা আছে স্বাকার। স্থবনে অপূর্ব্ব তাত তোমার চরিত্র। তোমা হৈতে কৃক্তকুল হইবে পবিত্র ॥

দুঃথ না ভাবিহ তাত থাক হুফীমনে। রাজ্য দেশ পাল গিয়া ভাই পঞ্জনে॥ পঞ্চ ভাই বন্দিলেক মায়ের চরণে। ছাড়িয়া যাইতে কিন্তু নাহি লয় মমে॥ আশীর্কাদ করি কুন্তী তনয় সকলে। সহদেব নকুলেরে লইলেম কোলে॥ (जोभनीद्र ठाहि कुछी वनद्य वहन । এই তুই পুত্রে তুমি করিবা যতন॥ লক্ষী অবভার তুমি সভী পতিব্রভা। মহিমাতে তুমি হৈলা জগতে পূজিতা # তব কীত্তি ঘূষিবেক যাবৎ ধরণী। এত বলি আশীর্কাদ কৈল হ্রবদনী॥ 🦡 প্রণমিয়া পঞ্চ ভাই পাঞ্চালী সহিত। স্ভদ্রা উত্তরা আর রাজা পরীক্ষিত॥ সকলে মেলানি করি আরোহিয়া রথে। যলিন বদনে চলিলেন পঞ্চ ভ্রাতে॥ বহু সৈন্মগণ সঙ্গে বিবিধ বাজন। মুগন্ধি সৃহিত বয় মনদ সমীরণ॥ জাহ্নবী-দলিলে স্নান করিয়া তর্পণ। চলেন হস্তিনাপুরে পাণ্ডুর নন্দন॥ নানা বাভা বাজে, নাচে গায় বিভাধরী। পঞ্চ ভাই প্রবেশ করেন নিজ পুরী॥ পাত্র মিত্র ভ্রাতৃ সঙ্গে করে রাজ-কাজ। পুত্রবৎ পালন করেন ধর্মরাজ। অনুক্ষণ ধর্ম বিনা অন্য নাহি মনে। শূর্বদা করেন রাজা অক্ষের ভাবনে ॥ জননী আমার কুস্তী গান্ধারী জননী। শঞ্জয় সহিত বনে অন্ধ নৃপমণি॥ অনাথের নাথ প্রায় বনে চারিজন। শহি জানি কোন কৰ্ম্ম হইবে এখন॥

এই মত ধর্মা ভাবে দিবস রজনী। দৈৰ্ঘোগে আইলা নারদ মহামুনি॥ পান্ত অৰ্য্য দিয়া প্ৰণমেন পঞ্চজন। कत्ररयार्ड माँड्राइन विषक्ष वनन ॥ বিসিতে করিল আজ্ঞা মুনি মহাশয়। নিকটে বদেন পঞ্চ পাণ্ডুর তনয়॥ প্রণমিয়া পঞ্চ ভাই পাঞ্চালী সহিত। হুভদ্রা উত্তরা আর রাজা পরীক্ষিত **॥** করযোড়ে কহিলেন শুন মুনিবর। জনক জননী মম অরণ্য ভিতর ॥ অনাথের সদৃশ নিবদে ছোর বনে। এই গতি হৈল আমা পুত্র বিপ্তমানে ॥ भूनि विलितन नृश क्षत्र मावधारत । ধূতরাষ্ট্র রাজা যজ্ঞ কৈল একদিনে॥ অগ্নির নির্বাণ নাহি করিল রাজন। সেই অগ্নি লাগিয়া দহিল তপোবন ॥ ধুতরাষ্ট্র গান্ধারী সঞ্জয় তব মাতা। চারিজ্বনে যোগাসনে আছিলেন তথা॥ অগ্নি দেখি অন্তর নহিল চারিজন। সেই দে অগ্নিতে সবে হইল দাহন ॥ নিজ কৃত অগ্নিতে পুড়িল অন্ধরাজ। শ্রাদ্ধ আদি কর রাজা নাহি কর ব্যাজ। এত শুনি পঞ্চ ভাই লোটায় ধর্ণী। হাহাকার করিয়া কান্দিল নুপমন্তি॥ দ্রোপদী প্রভৃতি পুরে কান্দে সর্বজন। বহু অনুতাপ করি করিল রোদন॥ তবে যুধিষ্ঠির রাজা আনি শ্বিজগণে। শ্রাদ্ধকর্ম সমাপিয়া তৃষিলেন ধনে॥ ব্যাদের রচিত দিব্য ভারত পুরাণ। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান॥

সচিত্ৰ সম্পূৰ্ণ কাশীদাসী



সুষলপর্ব।

---OC+CO---

নারায়ণং নমস্কৃত্য নরকৈব নরোত্তমন্। দেবীং সরস্বতীং ব্যাসং ততো জয়মুদীরয়েৎ॥

যতুবালকদিগের প্রতি ব্রহ্মশাপ এবং শাষের মুহল প্রদেব।

জন্মেজয় বলে শুনি কহ তপোধন।
কি কি কর্মা করিলেন রুক্মিণীরমণ॥
ভার নিবারণ হেতু হৈয়া ভাবতার।
একে একে নাশিলেন পৃথিবীর ভার।
তবে কোন্ কর্মা করিলেন যত্তমণি।
বিবরিয়া আমাকে কহিবা মহায়নি॥
ভারত শুনিতে রাজা বড় হুন্টমন।
পরাগে করয়ে যেন ষট্পদ ভ্রমণ॥
প্রশ্ন করি সর্বা তত্ত্ব লন মুনিস্থানে।
সাধু দত্ত্তণে রাজা পূর্ণ সর্বস্তণে॥
নহিল নহিবে হেন সাধু ক্ষিতিতলে।
যার যশ প্রচারিল এ মহামগুলে ধ
নূপতির প্রশ্ন শুনি মুনি মহাশয়।
সাধু সাধু বলিয়া রাজারে প্রশংসয়॥

বলেন বৈশম্পায়ন শুন কুরুপতি।
ভারকায় বিহার করেন লক্ষ্মীপতি ॥
একদিন বেদী পরে বিদ নারায়ণ।
রুক্সিণী প্রভৃতি নারী দেবয়ে চরণ ॥
ভাশ্বতী সত্যভামা ভদ্রা নমজিতি।
মিত্রবিন্দা মাদ্রী আর কালিন্দী শ্রীমতি॥

এই অন্ট পাটরাণী শ্রীকৃষ্ণমোহিনী। ষোড়শ সহস্র আর ক্ষের রমণী॥ নিজ মনোরথে দবে দেবয়ে শ্রীহরি। চামর ব্যক্তন করে নিজ হস্তে করি। তান্থুল যোগায় কেহ মনের হরিষে। রাতুল চরণ কেহ চাপে পরিতোষে॥ হেনমতে সবে করে প্রভুর সেবন। অনিত্য স্থথেতে লিপ্ত কমলারমণ॥ ব্ৰহ্মা আদি দেবগণ একত্ৰ হইয়া। একদিন সবে যুক্তি করেন বসিয়া। ত্যজিয়া বৈকুণ্ঠনাথ বৈকুণ্ঠ বদতি। পৃথিবীতে রহিলেন না করেন স্মৃতি॥ নরদেহ ধরিয়া নাশিতে ক্ষিতি-ভার। মহা দৈত্যগণেরে করিলেন সংহার॥ করিলেন বহু কর্ম্ম কেলি অনুসারে। যাহা স্মরি পাপীলোক যায় ভবপারে। দিন দিন অবনীতে করেন বিহার। বৈকুঠে আসিতে এবে হয় স্থবিচার॥ হেনমতে দেবগণ করে অনুমান। জানিলেন দৰ্ব্ব অন্তৰ্য্যামী ভগবান॥ বেদীতে বিষয়া কৃষ্ণ তুলিয়া নয়ন। দ্বারকার বসতি করিলা নিরীক্ষণ ॥

স্থানে স্থানে বসতি লোকেতে পূর্ণ সব। নগর ভিতরে সব লোক কলরব ॥ ঠেলাঠেলি গতায়াতে পথ নাহি পায়। পথ ঘাট লোকেতে পূর্ণিত সর্ব্বথায়॥ দেখিয়া চিন্তিত হইলেন নারায়ণ ৷ কি উপায় করিবেন ভাবেন তখন॥ পৃথিবীর ভার আমি করিব সংহার। আমা হৈতে হৈল আরো চতুগুণি ভার॥ কর্যোড়ে বলে যত কুষ্ণের নন্দ্র। হের অবগতি কর যত মুনিগণ। চিরদিন গর্ভবতী এই ত অঙ্গনা। না হয় প্রদব বড় পাইছে যন্ত্রণা ॥ কতদিনে প্রস্ববৈ কি হবে অপত্য। আপনারা মহাজ্ঞানী কহিবেন সত্য॥ এত শুনি মুনিগণ কুমারের বাণী। ধ্যানস্থ হইয়া দেখি কহিল তথনি 🛭 জানিলাম শুন ওহে ক্লফের কুমার। লোহপাত্তে করিয়াছ গর্ভের অকার॥ অবজ্ঞা জানিয়া ক্রোধ হৈল মুনিগণে। ক্রোধমুখে কহিতে লাগিল ততক্ষণে॥ কৃষ্ণের নন্দন তোরা যতুকুলোদ্ভব। ব্রাহ্মণেরে উপহাস করহ যাদব॥ যে লৌহপাত্তেতে কৈলে গর্ভের আকৃতি। এখনি উত্তম বংশ হইবে উৎপত্তি॥ তাহা হৈতে তোমা সবে হবে বড় ভয়। ^{য্}তুকুল ধ্বংদ হবে জানিহ নিশ্চয়॥ হেনই সময় সেই জান্ববতী-হ্বত। মুদল প্ৰদৰ এক কৈল আচ্ন্নিত॥ চিন্তিত হইল দেখি যতেক কুমার। কি করিব কি হইবে করেন বিচার॥ মুষল দেখিয়া অতি বিষাদিত মন। সকল কুমার হৈল মলিন বদন ॥ আপনার দোষে হৈল কুলের নিধন। কুল অন্ত হবে হেন বুঝয়ে কারণ॥ ^{অজ্ঞান} হইয়া কৈন্তু ৰিজে উপহাস। ^{রুকা} নাহি নিশ্চয় হইবে সর্বনাল॥

শুনিয়া কি বলিবেন দেব গদাধর। ना जानि कि कहिरवन (मव इलधत ॥ কি হেতু কুরুদ্ধি আজি হৈল মোদবার। কোন্ মতে হইবে ইহার প্রতিকার॥ কোন লাজে লোকে তবে দেখাব বদন। **শুনিলে** এখনি ক্রুদ্ধ**ন্ত**ে নারায়ণ ॥ বড় লজ্জা ভয় আজি হ'ল মোদবার। বাহুড়িয়া গৃহে পুনঃ না যাইব আর ॥ এই অনুতাপ করে যত শিশুগণ। অন্তর্য্যামী জানিলেন সব নারায়ণ॥ পুত্রগণ সন্নিকটে আসি গদাধর। কহেন সবার প্রতি মধুর উত্তর॥ কি কারণে মৌনভাব দেখি পুত্রগণ। কোন্ হ্রুংখে হ্রুংখী হৈলে কহত কারণ॥ কুষ্ণের বচনে কহে যতেক কুমার। দৈবেতে কুবুদ্ধি তাত হৈল মোসবার॥ কুকর্ম হইল আজি, বুদ্ধি হৈল হ্রাদ। মুনিগণে দেখি করিলাম উপহাদ॥ তার প্রতিফল এই হইল মুষল : কোপে শাপ দিয়া গেল ব্ৰাহ্মণ সকল ॥ ইহা হ'তে হইবেক যতুবংশ ক্ষয়। এই হেতু আমাদের হইয়াছে ভয় । লব্জা ভয়ে হইয়াছে আকুল পরাণ। বুঝিয়া যা হয় দেব করহ বিধান॥ কুমারগণের কথা শুনিয়া শিহরি। শিশুগণে আশ্বাসিয়া কছেন শ্রীহরি॥ **এই হেতু চিন্তা কেন কর সর্ববজন**। যাহা কহি তাহা শুন যদি লয় মন॥ মুষল লইয়া যাহ প্রভাদের তীরে। ঘষিয়া করহ ক্ষয় পাষাণ উপরে॥ ঘর্ষণে করিলে ক্ষয় ভয় কিবা আর। **সত্ত্র গমনে বাহ যভেক কুমার**॥ আসিয়া প্রভাস-তীরে করি স্নানদান। পাষাণে ঘৰ্ষয়ে দবে আনন্দ বিধান !! ঘর্ষণে করয়ে ক্ষয় কুমার সকল। ঘষিতে ঘষিতে কয় হইল মুধল ॥

অবশেষে অল্পমাত্র রহিল কিঞ্চিৎ। দেখিয়া কুমার সব হইল বিশ্মিত॥ হাতে ধরি ঘধিতে আয়ত্ত নাহি হয়। কেমনে করিব ইহা পাষাণেতে কয়॥ খণ্ডিল মনের ত্রাস কুষ্ণ উপদেশে। কি আর করিব ভয়ঞ্জল্প অবশেষে॥ এতেক বালক সব মনে অনুমানি। শেষ লৌহ প্রভাস সলিলে ফেলে টানি॥ হরষিতে স্নান করি প্রভাসের জলে। দ্বারাবতী চলে গেল বালক সকলে॥ গোবিন্দের আগে আসি কহিল কাহিনী। শিশুগণে আখাসেন দেব চক্ৰপাণি ॥ ভারতে মুষলপর্ব্ব অপূর্ব্ব আখ্যান। কাশীরাম দেব কহে শুনে পুণ্যবান ॥

यञ्जून क्रमार्थ कृष्ण वनतारमत्र युक्ति। মুনি বলে শুন পরীক্ষিতের নন্দন। মুষল ব্যত্তান্ত কহি শুনহ কারণ॥ মুষল ঘষিয়া ক্ষয় কৈল শিশুগণ। সেই হ্রদে হৈল নল-খাগ্ড়ার বন 🗗 শেষ লোহ জলে যেই টানিয়া ফেলিল। জ্বলে ছিল মৎস্থারাজ তাহারে গিলিল॥ ধীবর আইল মৎদ করিতে ধারণ। कारन वन्ही रेहन मथ्य रेहरवत्र कात्रन ॥ লৌহ শেষ পায় মৎস্য কাটিবার কালে। জরা নামে এক ব্যাধ এদে সেই স্থলে॥ মাগিয়া লইল লৌহ ধীবরের স্থানে। কর্মিগৃহে ফলা গড়াইয়া দিল বাণে॥ এখানে দ্বারকাপুরে দেব নরহরি। যত্রবংশ বিনাশিতে হৃদয়ে বিচারি॥ অবধান কর দেব রেবতীরমণ। ভারাবতারণে আইলাম এ ভুবন ॥ ত্বন্ট দৈত্য মারিয়া খণ্ডিমু পৃথিভার। ততোধিক যতুকুল হইল আমার॥ ইহা দব বিভয়ানে নহে ভার শেষ। অধিক যাতনা ক্ষিতি পায় ত বিশেষ 🛭

ইহার উপায় দেব চিন্তিয়াছি আমি। ফ্রকুল ক্ষয় করি হবে স্বর্গগামী॥ মন বংশ ক্ষয় করে, আছে কোনজন। ব্রক্ষশাপ লক্ষ্য করি করিব নিধন ॥ প্রভাসে যাইব চল স্নান করিবারে। যত্রবংশ সঙ্গে করি লহ সবাকারে॥ এইমতে চুই ভাই উঠিয়া ত্বরায়। মাতা পিতা অগ্রে যান লইতে বিদায়॥ হেনকালে অমঙ্গল দেখি অপ্রমিত। ভূমিকম্প উল্কাপাত অতি বিপরীত॥ সঘনে নিৰ্ঘাত শব্দ দশদিকে হয়। দিবদেতে ধূমকেতু হইল উদয়॥ দ্বারকায় জলচর হয় মূর্ত্তিমান। টলমল করয়ে দ্বারকাপুরীখান॥ কাষ্ঠ শিলা মৃত্তিক! প্রতিমা যত ছিল। কেহ অট্ট হাদে, কেহ বিদারী পড়িল। নৃত্য করি বুলে কেহ, নগর ভিতরে। অকস্মাৎ ভাঙ্গি পড়ে দেউল মন্দিরে॥ শুগাল কুৰুর সব ডাকে উচ্চৈঃম্বরে। প্রিয়া প্রিয়া দ্বন্দ্ব হয় নগরে নগরে । অকালে উদয় হৈল দেব রবি শণী। সিংহিকা তনয় তাহে অপূর্ব্ব গরাসী॥ হাহাকার শব্দ করে নগরের লোক। স্বর্গের দেবতাগণ করে মহাশোক॥ এইরূপে উৎপাত হইল স্থবিস্তার। দেবগণ সংহতি আইল স্ষ্টিধর॥ অন্তরীক্ষে থাকিয়া যতেক দেবগণ। করিলেন বহুমতে প্রভুর স্তবন॥ নমন্তে কমলাকান্ত বিশ্বরূপ হরি। নমস্তে ক্ষীরোদশায়ী মধুকৈটভারি॥ নিলেপি নিগুঢ় নিরাকার নিরঞ্জন। অনন্ত আকার বিশ্বরূপ সনাতন॥ সত্ব রক্তঃ তমোগুণে এ তিন প্রকার। লীলায় করহ সৃষ্টি লীলায় সংহার॥ চন্দ্ৰ সূৰ্য্য আকাশ পৃথিবী জলনিধি। পবন वक्रण ইस्र शका नम नमी॥

সকল তোমার অঙ্গ কেহ ভিন্ন নহে। অন্যরূপে বিলাদে তোমার সর্ব্ব দেহে॥ অপার তোমার লীলা কে বুঝিতে পারে। আপনি করিলা লীলা দানব সংহারে ॥ ক্রিতিভার হেতু পূর্বেব করিলে গোহারি। এই হেতু পৃথিবীতে এলে ত্বরা করি॥ অহুর বধিয়া খণ্ডাইলা পৃথীভার। ধর্ম সংস্থাপন আর অস্তর সংহার॥ চিরদিন শৃন্য আছে বৈকুণ্ঠভুবন। সবাই প্রার্থনা করে তব আগমন ॥ নররূপ ধরিয়া রহিলে ক্ষিতিতলে। কুপা করি যত লোক কুতার্থ করিলে॥ দারুণ হুরম্ভ দৈত্যগণ হুফীমতি। নীলায় সংহারি, ভার খণ্ডাইলে ক্ষিতি॥ অপার তোমার লীলা কছে বেদকুতী। রিপুভাবে দৈত্যগণে দিলা উর্দ্ধগতি॥ এমন•তোমার দয়া কে বুঝিতে পারে। মিত্রামিত্র ভাব নাই তোমার বিচারে॥ কুপায় করিলে পার যত পাপীগণে। পতিতপাবন নাম ইহার কারণে ॥ এইরূপে বিধাতা কহিল স্তুতিবাণী। হাসিয়া উত্তর দেন দেব চক্রপাণি॥ অচিরে বৈকুঠে যাব শুন বিধিবর। নিজ নিজ গৃহে যাও যতেক অমর॥ ভার নিবারিতে আমি আসি পৃথিবীতে। ততোধিক ভার ক্ষিতি হৈল আমা হৈতে। ^{মু}হুবংশ রুদ্ধি **হৈল আমার কার**ণ ॥ ^{অন্যা}রূপে নাহি হয় সব নিবারণ ॥ 🖾 শাপ লক্ষ্য করি সংহারিব ভার। ^{অচিরে} যাইব আমি স্থানে আপনার॥ শতএব নিজ স্থানে করহ গমন। যথাস্থথে বিহার করহ দেবগণ॥ শুনিয়া সানন্দ ব্ৰহ্মা আদি দেবগণ। প্রদক্ষিণ করি বন্দে শ্রীহরি-চরণ ॥ ^{তবৈ} যত দেবগণে লইয়া সংহতি। গেলেন বিদায় হৈয়া দেব প্রক্লাপতি॥

বলভদ্র সহ হরি করিয়া বিধান। পুত্রগণে ডাকিয়া করিল আজা দান 🛚 বিবিধ উৎপাত দেখ হ'ল বারে বার। সবে মেলি করহ ইহার প্রতিকার ॥ প্রভাস তীর্থেতে সবে করহ প্রয়াণ। আপদ খণ্ডিবে সব তাহে কৈলে স্নান 🛚 শীঘ্রগতি সজ্জা কর সব পুত্রগণ। সবে চল যতুবংশে আছে যত জন॥ <u>স্ত্রীগণ কেবল মাত্র রহিবেক ঘরে।</u> হরির আদেশে সবে চলিল সত্বরে॥ প্রভুর আদেশ পেয়ে যত যতুগণ। প্রভাসে যাইতে সজ্জা করে স**র্ব্বজ্ন** ॥ পুত্রগণে আদেশ করিয়া গ্রন্থ ভাই। শীত্রগতি আইলেন মাতাপিতা ঠাঁই॥ তত্ত্বকথা নিভূতে কছেন ছুইজন। মায়াজাল ছাড়ি দেহ শুনহ বচন ॥ পুত্র পরিবার বন্ধু দেখ যত জন। মায়াময় ফাঁস এই নিগৃঢ় বন্ধন ॥ হেন মায়াজাল এড়ি তত্ত্বে দেহ মন। সংসারের মায়ামদ ত্যজ হুই জন॥ নিজ নিজ কৰ্মাৰ্জ্জিত ভুঞ্জে হুই কালে। স্থুখ ছুঃখ আপন অৰ্জ্জিত কৰ্ণ্মফলে॥ ইহা জানি ব্রহ্মজান কর আচরণ। পাইবা **উ**ত্তম গতি **শুন চু**ইজন॥ এত বলি প্রবোধিয়া জনক-জননী। প্রভাদেতে যাত্রা করিলেন চক্রপাণি ॥ উগ্রসেনে সম্বোধিয়া দেব দামোদর। দারুকে বলেন রথ আনহ সম্বর ॥ আজ্ঞামাত্র দারুক রথের সঙ্গ্রা করি। শুভক্ষণে আরোহণ করেন শ্রীহরি॥ মুষল পর্বের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান॥

দগরিবারে শ্রীকৃষ্ণের প্রভাস ভার্থে গমন। কুষ্ণ সঙ্গে চলিলেন যত যতুগণ। বল্ভদ কুতবর্মা সাত্যকি সার্থ॥

कांमरनव ठांकरमक इरमक छठांक । চারুদেহ চারুগুপ্ত ভদ্রচারু চারু॥ চারুচন্দ্র বিচারু এ দশটী নন্দন। রুক্মিণীর গর্ভে এরা লভিল জনম॥ স্বভান্ম স্বর্ভান্ম আর চন্দ্রভান্ম ভান্ম। প্রভান্থ বিভান্থ বৃহদ্তান্থ প্রতিভান্থ ॥ ভানুমান অবিভানু এই পুত্র দশ। সত্যভামা উদরে শ্রীকৃষ্ণের ঔরস॥ শ্ৰীশাম্ব স্থমিত্র শত্রাজিত চিত্রকৈতৃ। পুরুজিত বিজয় সহস্রজিত ক্রতু॥ বহুমান নবন যে দ্ৰবিণ দশম। জাম্বতী নন্দনের এই জান ক্রম 🛭 ৰীরচন্দ্র অশ্বদেন রুষ বেগবান। আর শস্কু বস্তু কুন্তি চিত্রগু আখ্যান॥ লমজিতা উদরে হইল এই দশ। কৃষ্ণের সন্তান ধরে কুষ্ণের সাহস॥ শুক কবি রুষ বীর স্থবাহু নামক। ভদ্র শান্তি দর্শ পূর্ণম্যাদ শ্রীদোমক॥ কালিন্দী দেবীর পুত্র এই দশ জন। শ্রীকৃষ্ণের পুত্র এরা বিখ্যাত ভুবন 🏽 প্রঘোষ ওজস সিংহ উর্দ্ধগ প্রবল। গাত্রবান মহাশক্তি সহ আর বল ॥ আর যে অপরাজিত এই দশ জন। মাদ্রীর গর্ভেতে জন্ম শ্রীকৃষ্ণ-নন্দন। বুষ গুধ্ৰ বহ্নি হৰ্ষ অনিল পবন। বহুবন্ন অন্নাদ ক্ষুধি এই নয় জন ॥ দশম মহাংশ এই গোবিন্দ নন্দন। মিত্রবিক্দা দেবীর আনক্দ বিবর্দ্ধন ॥ রুহৎদেন প্রহরণ শূর অরিজিত। স্বভদ্রা সত্যক রাম শ্রীসংগ্রামজিৎ ॥ আয়ু আর জয় এই দশটি সন্তান। ভদ্রার সহিত কৃষ্ণ সদা স্থ্যান॥ অফ মহিধীর পুত্র করিল গমন। সবার প্রধান এই কৃষ্ণের নন্দন॥ গোবিন্দের ভার্য্যা ষোল সহত্রেক আর। জনে জনে দশ পুত্র হৈল সবাকার 🛚

এক লক্ষ অফবিংশ সহস্র নন্দন। অষ্ট মহিষীর পুত্র আর আশীজন ॥ কুষ্ণের নন্দন এই করিতু লিখন। তা সবার পুত্র পোক্র কে করে গণন ॥ অপর যাদব-বংশ গণিতে অপার। বলিয়া ছাপান্ন কোটি করয়ে বিচার ॥ স্থদক্তা করিয়া রথে করে আরোহণ। নানা অস্ত্র ধনুর্ববাণ করিল ধারণ॥ অপূর্ব্ব কুষ্ণের মায়া কে বুঝিতে পারে। নগর বাহির হরি হইলেন পরে॥ দ্বারকা ত্যজিয়া হৈল কুষ্ণের গমন। দিবদে আন্ধার হৈল দ্বারকা ভুবন॥ চিত্র-পুত্তলির প্রায় রহে দর্ব্ব নারী। মৌনভাবে নিম্পক্ষে নিঃদরে মেত্রবারি॥ হেনমতে দারকা ত্যজিয়া নারায়ণ। করেন প্রভাদ-তারে সহরে গমন॥ মুষলপর্বের কথা ব্যাদের রচিত। কাশীরাম দাস কহে রচিয়া সঙ্গীত॥

সাত্যকির সহিত শ্রীকৃষ্ণের বাদারুবান। সাত্যকির বচনে হাসেন নারায়ণ। পুনরূপি দাত্যকিরে বলেন বচন॥ জানি আমি দাত্যকি তোমার বীরপণা। কুরু-পাগুবের দলে জানে সর্ব্বজ্ঞনা॥ কর্ণের সহিত রণ কৈলে একবার। প্রাণ ল'য়ে পলাইলে করি পরিহার॥ দ্রোণ সঙ্গে যুঝিয়া পাইলে পরাভব। কেহ কেহ না যুঝিল করিয়া গৌরব॥ সিংহনাদ করিয়া বলিলে রণস্থলে। হীনশক্তি জনে পায়ে সংহার করিলে॥ ভয়ান্বিত হীনশক্তি হীন অন্ধজন। তোমার যুদ্ধের যোগ্য এই সব জন॥ সোমদত্ত-স্থত ভূরিশ্রবা নরপতি। যুঝিতে আদিয়া ছিল তোমার সংহতি॥ নিজ শক্তি না জানিয়া যুদ্ধে দিলে মন। যে গতি করিল তোমা হয় কি স্মরণ॥

হীন অস্ত্র কৈল তোমা দংগ্রাম ভিতরে। কেশে ধরি উত্তম করিল কাটিবারে॥ হেনকালে কহিলাম অৰ্জ্জুন নিকটে। হের দেখ শিনিপুত্র পড়িল সঙ্কটে॥ ভুরিশ্রবা কাটে দেখ সাত্যকির শির। ত্বরিতে করহ রক্ষা ধনপ্রয় বীর॥ আমার বচনে তবে কুন্তীর কুমার। থড়গ দহ হস্ত কাটি পাড়িলেক তার॥ হস্ত কাটা গেল তার অর্জ্জ্নের বাণে। ভূমে লোটাইয়া বীর পড়ে দেইকণে॥ ভূমিতে পড়িল প্রায় ত্যজিল জীবন। খড়গ ল'য়ে তুমি তারে কাটিলে তখন॥ এই বীরপণা ভূমি করিলে সমরে। দর্গ করি কথা কহ সভার ভিতরে ॥ কোন পরাক্রমে ভূরিশ্রবাকে মারিলে। বড কর্ম্ম কৈলে বলি মনে বিচারিলে॥ পাপীর সংসর্গে পাপ বাড়ে নিতি নিতি। এখানে উচিত নছে তোমার বদতি॥ মধ্যাদা থাকিতে উঠি করহ গমন। অন্য ঠাই বৈদ তুমি যথা লয় মন॥ শুনিয়া কুষ্ণের মুখে এতেক বচন। বিশ্বয় মানিয়া চাছে যত যতুগণ॥ মনে মনে শিশু দব করে অফুভব। কুষ্ণের পরম প্রিয় সাত্যকি উদ্ধব॥ এত দিনে সাত্যাক বিচ্ছেদ হৈল প্রায়। নহে কটুত্তর এত কছে যহুরায়॥ কৃষ্ণের উত্তর শুনি শিনির নন্দন। মহাকোপে গর্জ্জি। উঠিল সেইক্ষণ ॥ বারুণী মদিরাপানে ঘূর্ণিত লোচন। দীৰ্ঘাদ ছাড়িলেন মহাকোপ মন ॥ কর পদ কম্পিয়া কম্পয়ে ওঠাধর। কড় মড় দশন মদিয়ে করে কর ॥ গর্জনেতে বলিলেন গোবিন্দের প্রতি। আমায় এমন বাক্য কহরে তুর্মতি॥ তোমার তুক্ষর্ম যত কেব। নাহি জ্ঞানে। কপটে মারিলে পাণ্ডবের বন্ধুগণে ॥

অবোধ পাণ্ডব সব তোমার উত্তরে। রণজয় করিয়া রহিল স্থানান্তরে॥ যদি সবে এক ঠাই বঞ্চিত রজনী। তবে কেন সর্বনাণ করিবেক দ্রোণি॥ তুমি আমি পঞ্চ ভাই পাণ্ডুর নন্দন। তব বাক্যে স্থানান্তরে রহি দর্ববঙ্গন ॥ ধ্বন্টত্নাম্ব আদি পঞ্চ দ্রোপদীকুমার। রহিল শিবিরে যেন অনাথ আকার॥ নিশিযোগে ছিল সবে নিদ্রোয় বিহ্বলে। চোররূপে ভিনজন গেল সেইকালে॥ কুপ কুতবর্ম্মা আর দ্রোণি হুষ্টমতি। নিদ্রিত জনেরে মারে তুর্জ্জন প্রকৃতি॥ যদি আমি থাকিতাম কিন্ধা পাণ্ডুস্থতে। কার শক্তি দ্রোপদীর পুত্র বিনাশিতে॥ কুতবর্মা কুপ দ্রৌণি তিন তুরাচার। ইহা হৈতে পাপকারী কেবা আছে আর ॥ না বলিয়া অন্ত যদি প্রহারয়ে প্রাণে। অসুহান জনে আর হানশক্তি জনে॥ অবিরোধি জনে যেই করয়ে প্রহার। তাহা সম পাপী নাহি বেদের বিচার॥ সকল অধৰ্ম পথ যে জন সিঞ্ছিল। সে জন ধার্ম্মিক হ'য়ে সভাতে বসিল॥ তোমা সম কপটী, কে পাপী তুরাচারী। সকল হইল নফী তোমার চাতুরী॥ কপট তোমার যত ধর্ম্মের বিচার। কোন ঠাই বীরপণা না দেখি তোমার॥ জরাদন্ধ ভয়েতে ত্যজিয়া মধুপুরী। সমুদ্র ভিতরে বৈদ দারকানগরা॥ ক্ষুদ্ৰ জন বড় জন কেবা নাহি জানে। नरक्तत्र नक्तन कृत्रि वाम त्रक्तावरन ॥ গোপ অন্ন খাইয়া বঞ্চিলে গোপগৃছে। গোপাল বলিয়া নাম তেঁই লোকে কছে॥ জ্ঞাের নির্ণয় তব কেবা নাহি জানে। বস্তুদেব দৈবকীর পশিলা স্মরণে॥ পিতা বহুদেব হৈল দৈবকা জননী। বহুদেব-তনয় বলিয়া দবে জানি ॥

বাহ্নদেব নাম দিল করিয়া আদর।
সভামধ্যে কৈল তোমা যাদব ঈশ্বর ॥
বহুদেব পুত্র বলি মাস্য করি সবে।
দোষাদোষ নাহি লই ভাঁহারি গোরবে॥
এই হেতু হইল বড়ই অহঙ্কার।
আমারে করহ নিন্দা আরে হুরাচার॥
পৃথিবীতে যত মহারাজগণ ছিল।
ক্তু সভা মধ্যে তোরে বসিতে না দিল॥

যু্থিন্তির রাজা যবে রাজসূর কৈল। ্ এক লক্ষ্ নৃপতিরে বরিয়া আনিল ॥ গৌরব করিয়া ভীম্ম কহিল তাহাতে। রাজগণ মধ্যে অত্যে তোমায় পৃক্তিতে **॥** ভীত্মের বচনে ধর্ম পূজিল তোমারে। শেই **হে**তু রুষিল যতেক নরবরে 🛚 বলিল সকল রাজা যত কুবচন। সে সকল কথা তব হয় কি স্মরণ 🛚 দৈবেতে কহিলে ভূমি বাক্য কটুময়। তোমার সভায় কি বদিতে যোগ্য হয়॥ পরম কপটা তুমি অতি তুরাচার। তোমার চাতুরী কেহ নারে বুঝিবার 🛭 নিক্ষক নিৰ্দোষ নিষ্পাপ সভ্যব্ৰতী i হেন জনে নিন্দে থেই সেই চুন্টমতি ॥ তোমার জনকে পূর্বে কেবা নাহি জানে। গিয়াছিল দৈবকীর স্বয়ন্থর স্থানে ॥ দৈবক রাজার কন্সা তোমার জননী। পরম রূপদী বিত্যাধরী রূপ জিনি 🛭 দেখিয়া মোহিত হ'ল জনক তোমার। কন্সা লইবার হেতু করয়ে বিচার॥ বহু রাজা আসিয়াছে স্বয়স্থর স্থানে। রপে তুলি লয় কন্সা দবা বিভাষানে 🛚 সত্তর গমনে যায় কন্সারে লইয়া। চৌদিকে ভূপতিগণ বেড়িল আসিয়া॥ দেখিয়া হইল বহু ভয়ে কম্পবান। কি করিব কেমনে হইবে পরিত্রাণ **॥** কন্মার কারণে আজি জীবন সংশয়। পলাইতে নাহি শক্তি মঞ্জিমু নিশ্চয় 🛭

ভয়ার্ত্ত জানিয়া যত সাধু রাজগণ। ক্রোধ সম্বরিয়া গেল না করিল রণ॥ তুষ্ট রাজগণ সঙ্গে বাহলীক নন্দন। বহুর উপরে করে অস্ত্র বরিষণ॥ দেখিয়া কুপিল শিনি জনক আমার। সোমদত্ত সনে রণ করিল অপার॥ রথ অশ্ব সারথি কাটিল ধনুগু গৈ। হাতাহাতি সমর হইল গুইজনে॥ কোপেতে জনক মোর ধরি তার চুলে। চড় মারি দন্ত ভাঙ্গি করিল নির্মা_লে। সকল ভূপতিগণ কৈল উপরোধ। সোমদত্তে ছাড়ি পিতা সম্বরেণ ক্রোধ॥ ভয়েতে সকল রাজা নিরুত্ত হইল। আপন আপন দেশে সবে চলি গেল। পিতা স্থানে সোমদত্ত অপমান পেয়ে। শিব আরাধনা করে ঘোর বনে গিয়ে॥ স্তবে তুই হ'য়ে বর যাচে পশুপতি। বর মাগে দোমদন্ত হরে করে স্তুতি॥ শিনির প্রহারে মম দহে কলেবর। বড় অপমান কৈল সভার ভিতর ॥ তেমতি আমার পুত্র হোক্ বলবান। শিনি-পুত্তে মোর পুত্ত করে অপমান॥ সেই হেতু ভুরিপ্রবা হৈল বলধর। আমি কি কহিব ইহা জানে সর্বব নর 🛭 এই হেতু আমার করিল অপমান। না হইল শক্তি তবু বধিতে পরাণ ॥ যে কালে আমার কেশ ধরিল ছুর্মাতি। কুমারের চক্র ছেন ফিরিলাম তথি। কত শক্তি ধরে সেই সোমদত্ত-হৃত। দৈববলে এই কর্ম করিল ঋদ্ভুত॥ যেই জন করিল এতেক অপীমান। বলে ছলে প্রকারে লইব তার প্রাণ॥ আমার সাহায্যে হস্ত কাটিল অৰ্জ্বন। আমি তার মুগু কাটিলাম দেইক্ষণ ॥ ইহাতে পাতকা বড় হইলাম আমি। বড় ধাশ্মিকেরে লেয়া বলিয়াছ তুমি 🛭



পাশুব তোমার প্রিয়বন্ধু বলি জানে।
তাহাদের সর্বনাশ করিল যে জনে॥
পুত্র মিত্র বন্ধু নাশিলেক যেইজন।
নিদ্রিত জনেরে গিয়া করিল নিধন॥
হেন জন হৈল তব পরম বান্ধব।
জানিমু তোমার প্রিয় যেমন পাশুব॥
কপট করিয়া মজাইলে পাশুবেরে।
পরম কৃটিল তুমি কে জানে তোমারে॥
মহাভারতের কথা অমৃত লহরী।
কাশীরাম দাস কহে ভবভয় তরি॥

বছকুল **ধ্বংস ও বলদে**বের দেহত্যাগ। এইরূপে বলাবলি হইল বিস্তর। গর্জিয়া উঠিল কুতবর্মা ধনুর্দ্ধর ॥ হাতে অসি করি যায়, কাটিবার আশে। গৰ্জ্জন করিয়া বলে বচন কর্কশে॥ আরে তুরাচার পাপী শিনির নন্দন। এতেক তোমার গর্ব্ব না বুঝি কারণ॥ গোবিন্দেরে নিন্দা কর তুষ্ট অধোগামী। ইহার উচিত ফল ভোরে দিব আমি॥ স্থুরিশ্রবা ঢাল খাঁড়া লৈয়া বীর দাপে। কোন্ পরাক্রম কর এতেক প্রতাপে॥ নুপতি সমুহ মধ্যে কৈল অপমান। কোন্ লাজে ধর দুষ্ট এ পাপ পরাণ।। অপমান হৈতে মৃত্যু শ্রেষ্ঠ শত গুণে। ধিক্ ধিক্ আরে তুট নিল জ্জ জীবনে ॥ আমারে নিন্দহ চুফ্ট.না বুঝি কারণ। পাগুবের সর্ববনাশ কৈল কোনজন ॥ দ্রোণপুত্র প্রবেশিল শিবির ভিতরে। সকল করিল ক্ষয় দ্রোণি একেশ্বরে॥ আমা দোঁহে আছিলাম দাণ্ডাইয়া দ্বারে। রে ছফ্ট আমারে গালি দেহ অহঙ্কারে ॥ এত বলি অদি ল'য়ে কাটিবারে ধায়। গর্জিয়া সাত্যকি বলে জমদগ্রি প্রায়॥ উচিত কহিতে ক্রোধ হইল তোমার। আমারে মারিতে এস আরে গুরাচার॥

ভোর দর্প ঘূচাব কাটিব ভোর শির। এত বলি অসি ল'য়ে ধায় মহাবীর॥ অসির প্রহারে বীর কাটে তার শির। স্থুমেতে লোটায় কুতবর্ম্মার শরীর ॥ হাহাকার শব্দে ডাকে যতেক যাদব। মার মার বলিয়া ধাইল যত সব॥ দেখিয়া অদ্ভুত কর্ম্ম সবিস্ময় মন। আত্ম আত্ম বিবাদী হইল সর্ব্বজন॥ কুতবর্মা বধ হৈল দেখিয়া নয়নে। সাত্যকিরে মারিবারে ধায় যতুগণে॥ নানা অস্ত্র ফেলি মারে সাত্যকি উপর। মুষলধারায় যেন বর্ষে জ্বলধর॥ স্নেহ করি কেহ হৈল সাত্যকির ভিত। অস্ত্র রষ্টি করে কেহ অতি ক্রোধচিত। मरशापरत मरशापरत रेश्न छूटे पना। মার মার শব্দেতে হইল কোলাহল॥ প্রলয় সময়ে যেন উথলে সাগর। দেবাহ্নরে হয় যেন যুদ্ধ ঘোরতর ॥ ঘোরতর গর্জ্জন সঘনে সিংহনাদ। বাঁকে বাঁকে বাণ বৃষ্টি নাহি অবদাদ ॥ ধনুকে যুড়িতে বাণ বিলম্ব না করে। হাতে অন্ত্র বার সব করয়ে প্রহারে॥ অস্ত্রে অস্ত্র নিবারণ করে জনে জনে। সর্বব অন্ত্র ক্ষয় হৈল অন্ত্র নাহি ভূণে॥ ক্রোধমনে যুদ্ধ করে নাহি অবদান। দাগুইয়া কৌতুক দেখেন ভগবান॥ অদ্ভূত দেখিয়া রাম বিদ্ধবদন। রুত্তান্ত জানিয়া স্থির হৈলেন তখন॥ যুঝয়ে যাদবকুল আপনা আপনি। খড়গ ল'য়ে কেহ কেহ করে হানাগনি॥ ধুকুকে ধুকুকে যুদ্ধ অন্ত্র বরিষণ। ঝঞ্জনা পড়য়ে ধেন ভীষণ দর্শন ॥ ধমুক টক্কার শব্দে পূরিল গগন। ভয়ে ভীভ তিন লোক শুনিয়া গৰ্জন। রণম্বলে গালাগালি করে ভাই ভাই। ইফ বন্ধু কার' পানে কেহ নাহি চাই॥

শক্তি তুলি হানে কেহ কাহার' উপর। শেল জাঠা শক্তি মারে ভূষণ্ডী তোমর ॥ আপনা পা্সরি সবে কোপে অচেতন। পাথর তুলিয়া মারে ঘোর দরশন : মুদ্যার তুলিয়া কেহ মারে কার' মাথে। রথ অশ্ব সারথি মারেন এক ঘাতে॥ ষ্পাঁকড়ি করিয়া কেই ধরে রথখান। সিংহনাদ ছাড়ি ফেলে দিয়া এক টান ॥ প্রহারে না করে ভয় অভেগ্ন শরীর। অতুল সাহদ দবে রণে মহাবীর॥ হেনমতে যুঝে যত যাদব-কুমার। শূন্য কর হৈল কার' অন্ত্র নাহি আর॥ যতেক বিক্ৰম কৈল কিছু না হইল ৷ যাদবগণের অঙ্গ তিল ন। ভেদিল॥ উপায় করেন তবে দেব ভগবান। নিকটে খাগ্ড়ার বন দেখি বিভয়ান। मुख्न चर्रा भृत्व मनिन (य इ'न। তাহাতে খাগ্ড়া নল বন উপজিল। যত্ন্বগণে দেখাইয়া কন দামোদর। নল বুক্ষ ফেলি মার দবে পরস্পার॥ এই উপদেশ যদি যতুগণে পায়। শীদ্রগতি নলবন উপাড়িতে যায়॥ নল খাগ্ড়ার গাছ ধরি যহুগণ। অন্যে অন্যে প্রহার করয়ে জনে জন॥ অক্তেতে না ভেদে যেই যাদব শরীর। নল খাগ্ড়ার ঘায় পড়ে দব বীর॥ অঙ্গে পরশিবামাত্র পড়ে সেইক্ষণ। ব্রহ্মশাপে ধ্বংস হয় যত যতুগণ॥ ব্দনে জনে মারামারি অতিশয় ক্রোধ। ভাই ভাই খুড়া জ্যেঠা নাহি উপরোধ ॥ হেনমতে যতুগণে হয় মহারণ। দারুকে ডাকিয়া কন শ্রীমধুসূদন॥ সন্ধরে দারুক যাহ মথুরানগরে। মম রথে করি লহ বক্ত মহাবীরে॥ মথুরায় রাখ নিয়া প্রপোক্ত আমার। অন্ত গেল যতুকুল কিবা দেখ আর।

সে কারণে বজ্র লৈয়া যাও মথুরায়। স্ত্রীগণ লইয়া পিছে যাই**শে** তথায়॥ আমিও পৃথিবী ছাড়ি যাব নিজ স্থানে। আজি হৈতে সপ্তম দিবস পরিমাণে॥ কার্ত্তিকী পূর্ণিমা হবে কৃত্তিকানক্ষত্র। সেই দিনে দারাবতী গ্রাসিবে সমুদ্র॥ এই मव विवत्रं किह्रिव मवारत । ব্ৰহ্মশান্ত্ৰ বুঝাইবে শোক নাশিবারে॥ তথা হৈতে হেথায় আইস শীভ্রগতি। পুনঃ যাইবারে হবে হস্তিনা বদতি ॥ পাগুবগণেরে দিয়া মম সমাচার। আনিবেক প্রিয়দথা অর্জ্জুন আমার॥ এত বলি দারুকেরে দিলেন বিদায়। বক্তে ল'য়ে দারুক গেল মথুরায়॥ প্রদ্রুদ্বের পৌক্র অনিরুদ্ধের তনয়। ঊষার উদরে জন্ম বজ্র মহাশয়॥ মধুপুরে রাখি তারে কৃষ্ণের আদেশে। সবাকারে সমাচার দিলেক বিশেষে॥ দারুক বচনে সবে হৈল চমৎকার। আকাশ ভাঙ্গিয়া শিরে পড়ে সবাকার ॥ অস্থির হইয়া সবে ভূমিতলে পড়ি। চিত্তের পুত্তলি প্রায় যায় গড়াগড়ি॥ অচেতন দেখিয়া দারুক সবাকারে। ব্রহ্মশাপ বুঝাইল বিবিধ প্রকারে॥ ব্রহ্মে মন নিযুক্ত করিয়া সবাকার। 🎒 কুষ্ণের নিকটে চলিল পুনর্বার॥ আসিয়া দেখিল সেই প্রভাসের তীরে। স্থুমিতলে পড়িয়াছে যত যত্নবীরে॥ একজন নাহি কেহ রুঞ্চি যহুকুলে। অন্যে অন্যে মারি সবে হইল নির্ম্মলে॥ ধূলায় ধুসর তন্ম অবনী লোটাই। কেবল আছেন রামকুষ্ণ চুই ভাই॥ শোকেতে আকুল হৈল দারুক সার্থি। মূর্চিছত হইয়া সেই পড়িলেক ক্ষিতি॥ প্রবোধিয়া গোবিন্দ কছেন দারুকেরে । সম্বরে দারুক যাহ হস্তিনানগরে ॥



·				
			-	
	•			

আমার পরম বন্ধু পাণ্ডুর নন্দন। অর্জ্জুনে আনিতে শীজ্ঞ করহ গমন। क्रक्ष ब्यांब्हा (भारत हाल मार्क्क मार्क्स । হস্তিনানগরে গেল বিষাদিত মতি॥ বলভাচে ক**হিলেন দে**ব নারায়ণ। অবধান কর দেব করি নিবেদন॥ এইখানে আপনি থাকহ একেশ্বর। দারক। হইতে আমি আসি ত্বরাপর ॥ মাতা পিতা পরিজন না পায় বারতা। সবা সম্বোধিতে আমি যাই শীত্ৰ তথা ॥ যাবৎ না আসি আমি দ্বারকা হইতে। তাবৎ আপনি হেথা থাক এইমতে॥ কুষ্ণবাক্যে বলভদ্র করেন স্বীকার। তোমা বিনা গতি ভাই কে আছে আমার॥ রামেরে রাখিয়া ক্রম্ম করেন গমন। দ্বারকানগরে আসি দেন দরশন॥ জনক জননী পুরনারীগণ যত। স্বাকারে প্রবোধ করেন সমুচিত। পূর্ব্বে যত অমঙ্গল হইল অপার। প্রভাসে গেলাম করিবারে প্রতীকার ॥ স্নান করি একত্তে বসিল সর্ববজন। কথায় কথায় ছন্দ্র করিল স্ক্রন ॥ সেই ছম্দে মহাকোপ হয় স্বাকার। আত্ম আত্ম যুদ্ধ করি হইল সংহার॥ একজন যতুকুলে আর কেহ নাই। কেবল আছি যে রামকৃষ্ণ চুই ভাই ॥ শোকেতে আকুল রাম না আইদে ঘরে। তপ আচরেণ তিনি প্রভাসের তীরে॥ আমিও শোকেতে প্রাণ ধরিতে না পারি। গৃহবাস ছাড়িলাম হব তপশ্চারী॥ সংসার অসার মাত্রে সব মায়াকাল। ইহাতে মোহিত হৈলে রূপা যায় কাল **॥** এমতি সংসার ধ্বন্ধ দেখ ভাবি মনে। স্থিরমতি করি মন দেহ তত্ত্বজানে॥ বিষাদ ত্যজিয়া সবে ধর্ম্মে দেহ মন। **এত विन स्थलानि यार्शन नातावन ॥**

সবার জাবন হরি নিল নারায়ণ।

চিত্রের পুতলি প্রায় রহে সর্বজন ॥
খাসন্মাত্র শরীরে আছিল সবাকার।
অবনী লোটায় লোক শবের আকার॥
রামের নিকটে আসি শ্রীমধুসুদন।
ভাই ভাই মিলিয়া করেন আলিঙ্গন ॥
প্রভাসের তীরে রাম যোগাসন করি।
হাদয়ে পরমত্রক্ষ জপে মন করি ॥
যুগল নয়নে হেরি কৃষ্ণের বদন।
যোগে তকু ত্যজিলেন রোহিণীনন্দন ॥
ভারত মুমলপর্বব ব্যাস বিরচিত।
কাশীরাম দাস কহে রচিয়া সঙ্গীত॥

ঐক্তের দেহত্যাগ।

যদ্রবংশে অবতরি, বাহ্নদেব নাম ধরি. কৌতুকেতে অবনীবিহারী। যাঁহার কটাক্ষে হয়, স্জন পালন লয়, ভকত-বৎসল চক্রধারী ॥ যাঁর নাম গুণ গাই. সর্ববপাপে ত্রাণ পাই. নাহি রহে 'শমনের ভয়। ব্রহ্মশাপ লক্ষ্য করি, ক্ষিতিভার ত্রাণ করি, নিজ বংশ পব করি ক্ষয় ॥ এক জন নাহি শেষ, হৃদে চিন্তি হৃষীকেশ, নিজ দেহ ভ্যজিতে বিচারি। প্রভাস তীর্থের তীরে, উঠিলেন শাখী পরে, বসিলেন শাখায় মুরারী ॥ 'চিন্তিলেন চক্রধর বসিয়া রক্ষের পর নিজ দেহ ত্যাগের কারণ। এক পদ তরু পর্ আরোহিয়া গদাধর, নম্র করি দ্বিতীর চরণ॥ আপনা চিন্তিয়া মনে, বিদ প্রস্কু শাখাসনে মৌনেতে আছেন গৰাধর। নত্ৰকায় মন্দগতি, ব্যার এক এল তথি, 🕝 মুগয়ার ছলে একেশ্বর 🛭 জ্বা ব্যাধ ধরে নাম, ধসুর্বেদে অসুপন্ত, হাতে ধরি দিব্য শরাসন।

মৃগ মারিবার ছলে, ব্যাধ আদি সেই স্থলে, দেখিলেক কুষ্ণের চরণ॥ রবিবিশ্ব কোকনদ. ধ্বজবজ্রাস্থ্রশ পদ শত পদ্ম যেন স্থাভেন। ব্যাধহত হৈল স্থী, রাতৃল চরণ দেখি. মুগকর্ণ ছেন নিল মন। মুষলের শেষ পাই, যেন বাণ নিরামাই, 🗓 দৈবে সেই বাণ নিল হাতে। সন্ধানিগা মারে বাণ, টানিয়া ধসুকখান, চরণ ভেদিল জগন্নাথে॥ বাণ মারি ব্যাধহৃত, বৃক্ষতলে এল দ্রুত, সেই প্রয়োজন ফলে, জন্ম হৈল ব্যাধকুলে. অপূৰ্ব্ব দেখিয়া হৈল ভীত। কিরীট কুণ্ডল হার, হৃদয়ে কৌস্তুভ স্থশোভিত ॥ পাঞ্জন্য স্থদর্শন্ চতুতু জ গলে বনমালা জীবৎ দলাঞ্জন দেহে নব্যেয়ে যেমন চপলা। অস্লান তুলদী-মাল, আকৰ্ণ-লোচন **ভাল,** অলকা তিলকা ভালে সাজে। পরিধান পীতবাদ, মুখচন্দ্র হুপ্রকাশ, কত শোভা কত দ্বিজরাজে॥ ভয়ার্ত্ত হইয়া ব্যাধ, মাগি নিজ অপরাধ, প্রণমিয়া প্রভুর চরণে। অনাদি পুরুষ হরি. কুপাম্য় অবতরি তুমি সার এ তিন ভুবনে ॥ আমি পাপী ছুরাশয়, অজ্ঞানেতে মূৰ্ত্তিময়. অপরাধ করিত্ব গোঁদাই। শুন প্রভু চক্রপাণি, যে কর্ম করিন্থ আমি, আমার নিষ্কৃতি কভু নাই॥ ভনিয়া ব্যাধের বাণী, আশ্বাদেন চক্রপাণি, শুন ব্যাধ না করিছ ভয়। মম দেহ ভ্যাগকালে, নয়নেতে নির্থিলে, वर्श यात्व कहिन्तू निभ्हय ॥ রামচন্দ্র অবতারে, পিতৃদত্য পালিবারে, প্রবেশিমু অরণ্য ভিতর।

দীতা নামে মম নারী, রাবণ লইল হরি অধেষিতে তুই সহোদর ॥ সাক্ষাৎ হইল বনে, আর চারি কপিদনে স্থা হৈল সহিত আমার। বধ করি বলিরাজা, স্থগ্রীবে করিসু রাজা ছিলে ভূমি বালির কোঙর॥ মারিয়া লঙ্কার পতি, উদ্ধারিত্ব দীতাদতী দিতে বর যাচিত্র ভোমারে। পিতৃবৈরি মারিবারে,বর মাগি নিলা মোরে. আমিও ছিলাম অঙ্গীকার॥ মুক্ত হ'য়ে যাহ স্বৰ্গপুরে। নানা রত্ন অলঙ্কার, হেনকালে আচন্ধিতে, পুষ্পত্নষ্টি অপ্রমিত, রথ এল ব্যাধের গোচরে ॥ পাদপদ্ম স্থশোভন, : চাহিয়া গোবিন্দপদ, রথ আরোহিয়া ব্যাধ, স্বর্গপুরে করিল গমন। মণি বিভূষণ তাছে, শ্রীমধুসূদন হরি, হৃদয়ে ভাবনা করি, নিজ দেহ ত্যজেন তখন 🎚 জ্যোতির্ময় নিজ অঙ্গে, প্রবেশি পরম রঙ্গে, দেবগণে করে স্তুতিবাণী। ছুন্দুভি-নিনাদ বাজে, অপ্সরী কিন্নরী নাচে, হুলাইলি অমর রমণী 🖟 পুষ্পরুষ্টি করে দবে, পারিষদগণ দেবে স্তুতি করে হুর মুনিগণ। করপুটে করয়ে স্তবন ॥ ভুবন হইল তৃপ্ত व्यथिन श्रेन मौख, আনন্দিত যত দেবগণ। শুনরে ভকত,ভাই, স্মরণেতে মুক্তি পাই, এড়াই শমন দরশন 🛚। ভক্তবশ গুণনিধি ভক্তবাঞ্ছা করে সিদ্ধি, নাহি আর ভক্তির সমান। कानीनाम वटन यनि, शांत्र इत्त छव-ननी, ভক্ত দেই দেব ভগবান॥

অর্জুন কর্তৃক প্রভাগের রামক্ষণের মৃতশরীর দর্শন।

হস্তিনা নগরে এল দারুক সার্থি। কর্যোড়ে কহে কথা ধর্মরাজ প্রতি॥ অবধান কর রাজা পাণ্ডুর নন্দন। কুষ্ণ পাঠাইল মোরে তোমার দদন। গোবিন্দের প্রিয়বন্ধু তোমা পঞ্চাই। তোমার ভাবনা বিনা অন্য মনে নাই॥ সে কারণে আমারে পাইলেন হেথা। দারকা লইয়া যাব পার্থ মহারথা॥ বহুদিন ভার সহ নাহি দরশন। সেই হেতু লইতে কহেন নারায়ণ॥ তিলেক বিলম্ব রাজা না হয় বিচার। শীস্ত্রগতি অর্জ্জুন করুন অগ্রসর॥ কুষ্ণের বচন শুনি পঞ্চ সহোদর। দারুকেরে বদায়েন করিয়া আদর॥ বসিয়া স্থান্থির চিত্ত না হয় দারুক। হৃদয় দহিছে শোকে বৈদে হেঁটমুখ। দারুকের চিত্ত রাজা দেখি উচাটন। বিস্ময় ভাবিয়া মানিছেন মনে মন॥ এইত দারুক হয় কুষ্ণের সার্থি। যেই কৃষ্ণ অনাদি পুরুষ লক্ষাপতী॥ তাঁহার আশ্রিত জন কি হুঃথে হুঃথিত। ইহার কারণ কিছু না বুঝি কিঞ্ছিৎ ॥ এত চিন্তি জিজ্ঞাদেন ধর্ম্মের নন্দন! কিহেতু দারুক এত চিত্ত উচাটন॥ কৃষ্ণের আশ্রিত জন কিবা তব হুঃখ। কি ছুঃখে ত্রাসিত হৈলে কহত দারুক ॥ শাত্যকি প্রত্যুদ্ধ শান্ত যাদব সঞ্চল। কেমন আছেন অনিরুদ্ধ মহাবল ॥ কেমন আছেন সবে কহ সত্যবাণী। কহ দেখি কুষ্ণের কুশলবার্ত্তা শুনি॥ ত্ৰ চিক্ত উচাটন দেখিয়া নয়নে। প্রাণাধিক মিত্র মম ধৈর্য্য নাহি মানে ॥ ক্ষের কুশল কহ দারুক সার্থি। কেমন আছেন প্রিয়বর যত্নপতি॥

🖷 নিয়া দারুক কছে যোড়করি হাত। সে সকল অবগত হইবে পশ্চাত॥ ত্বরিত অর্জ্জনে রাজা করহ বিদায়। বন্ধজন দেখিতে চাহেন যতুরায় 🛚 শুনি অমুমতি দেন পাণ্ডুবংশপতি। হ্বদক্ত হইয়া পার্থ যান শীভ্রগতি ॥ ত্বরিত গমনে পার্থ দ্বারকানগরী। বিশায় মানেন সেই দ্বারাবতী হেরি॥ পূর্ব্বরূপ শোভা কিছু না দেখানে আর। শূক্তাকার পুরীথান দিনে অন্ধকার ।। পুরেতে পুরুষ নাহি কেবল রমণী। চিত্র-পুত্তসিক। প্রায় আছে অনুমানি ॥ শুক্ষ ওষ্ঠ শুক্ষ মুখ শুক্ষ সর্বব অঙ্গ। না হয় আনন্দ বাত্ত নৃত গীত রঙ্গ ॥ মনুষ্যের শব্দ নাহি দ্বারকানগরে। কপোত পেচক শিবা চৌদিকে বিহরে॥ গুধ্র কক্ষ নানা পক্ষী উড়ে পালে পালে। ঘোরতর শব্দ করি উঠে বদে চালে॥ এত সব দেখি পার্থ হইয়া চিন্তিত। চক্ষেতে পড়য়ে জল চিত্ত বিকলিত। বস্তদেব দৈবকী রোহিণী তিনজন। প্রাণহীন জন যেন ভূমিতে শয়ন ॥ প্রণমিয়া জিজ্ঞাদেন অর্জ্জন-বারতা। শুক্ষতকু সবার বদনে নাহি কথা।। পুনঃ পুনঃ পার্থ বীর করেন জিজাসা॥ হরি বলি কান্দে সবে নাহি অন্য ভাষা। কুষ্ণ বিনা প্রাণ নাহি বলে সর্ববজন ॥ চিন্তান্থিত হইলেন কুন্তীর নন্দন। দারুক বলেন পার্থ কি কর ভাবনা। প্রভুরে দেখিবা যদি চল সর্ববন্ধনা ॥ প্রভাবের তীরেতে আছেন সুই ভাই। দকল যাদবগণ আছেন তথাই ॥ এত বলি সত্বরে চলিল ছুইজন। শৃত্যময় হৈল পুরী দ্বারকা স্কুবন ॥ পথ विष्ट्रता मार्च यात्र भौरत्र भोरत्र । আসিয়া মিলিল সবে প্রভাসের তীর 🛚

তথায় দেখিয়া যতুকুলের সংহার। ভূমে গড়াগড়ি যায় অঙ্গ সবাকার ॥ হাহা রবে কান্দিলেন ইন্দ্রের নন্দন। করেন বিলাপ বস্তু মহাশোক মন॥ রামের শরীর দেখি প্রভাদের তীরে। বিলাপ করেন পার্থ লুষ্টিত শরীরে॥ হায় যত্নকুলপতি বীর হলধর। মুষল লাঙ্গল কেন ভূমির উপর॥ সকল ত্যজিয়া প্রভু যোগে দিলা মন। ত্বুষ্ট দৈত্য বিনাশ করিবে কোন্ জন। ভারাবতরণ হেতু আদি ক্ষিতিতলে। পৃথিবীর ভার হরি যোগ আচরিলে॥ বারেক উত্তর দেহ রেবতীরমণ। কান্দিয়া আকুল তব বন্ধু পরিজন॥ তবে ধনঞ্জয় যায় বুক্ষের তলায়। প্রাণনাথ কুষ্ণদেহ দেখিয়া তথায়॥ কৃষ্ণদেহ কোলে করি কান্দিছেন বীর। পৃথিবী ভিতিল তাঁর নয়নের নীর ॥ মহাভারতের কথা অমৃত অর্ণবে। পাঁচালী প্রবন্ধে কহে কাশীরাম দেবে॥

> দৈত্যপণ কর্তৃক যত্পত্নীপণ হরণ ও পাষাণ হইবার বিবরণ।

কৃষ্ণের শরীর পার্থ কোলেতে করিয়া।
বিলাপ করেন বহু কান্দিয়া কান্দিয়া॥
কৃষ্ণ প্রাণ কৃষ্ণ নাথ কৃষ্ণ ধন জন।
কৃষ্ণ বিনা পাণ্ডবের আছে কোন্ জন॥
এতদিনে পাণ্ডবেরে বঞ্চিলেন বিধি।
কোন দোষে হারাইকু কৃষ্ণ গুণনিধি।॥
এই বারাবতী আমি পূর্বের আদিতাম।
আমারে পাইলে কত পাইতে বিশ্রাম॥
স্থা সথা বলি মোরে করি সম্বোধন।
ভুজ প্রসারিধা আদি দিতে আলিঙ্গন॥
পূর্বেতে কহিলে তুমি সভার ভিতর।
কৃষ্ণার্জ্বন এক তকু নহে ভিন্ন পর॥

পাণ্ডপুত্রগণ মম প্রাণের সমান। পাণ্ডবের কার্য্যেতে বিক্রীত মম প্রাণ॥ সলিল রক্ষিত যেন মংস্থ আদি জন। সেইরূপ পাগুব রক্ষিত নারায়ণ॥ সার্থিত্ব করিয়া সঙ্কটে কৈলে পার। তুর্য্যোধন ভয় হৈতে করিলে উদ্ধার ॥ আমি তব সথা প্রাণস্থী যাজ্ঞসেনী। পরম বান্ধবরূপে রাখিলে আপনি ॥ পাখা যেন রক্ষা করে পাখীর জীবন। সলিল রক্ষিত যেন জলচরগণ ঃ ওহে প্রভু যত্ননাথ নাহি শুন কেনে। কোন্ দোষে দোষী হৈন্তু তব ও চরণে ॥ তব প্রিয়দথা আমি দেই ধনঞ্জয়। স্থারে বিমূখ কেন হৈলে মহাশয়॥ ্র একবার চাও প্রভু মেলিয়া নয়ন। স্থা বলি বারেক কর্ছ সম্বোধন॥ বারেক দেখাও চাঁদমুখের স্থহাস। বারেক বদনচাঁদে কহ স্থাভাষ॥ রত্ন সিংহাসন ত্যজি স্থমিতে শয়ন। চাঁদমুখে লাগিয়াছে রবির কিরণ॥ কোন মুখে যাব আমি হস্তিনানগরে। কি বলিব গিয়া আমি রাজা যুধিষ্ঠিরে॥ ভাইগণে কি বলিব দ্রোপদীর তরে। কেমনে ধরিবে প্রাণ ধর্ম নুপবরে ॥ হায় বিধি! এতদিনে করিলে নিরাশ। কোন্ দোষে হারাইসু মিত্র শ্রীনিবাস। বিশ্মরিল। সব কথা স্বীকার করিয়া। সঙ্গে নিলে নিজ জনে পাণ্ডবে ত্যক্তিয়া॥ ভাগ্যবন্ত যতুকুল পুণ্য নাহি সীমা। ইহলোকে পরলোকে পাইলেক ভোমা॥ আমা দম হতভাগ্য পাপিষ্ঠ দুর্শ্বতি। কোনু গুণে পাব সেই কুষ্ণপদে মতি॥ হা কৃষ্ণ কমলাকান্ত করুণা নিদান। তোমা বিনা দহে মম হৃদয় পরাণ ॥ কি বুদ্ধি করিব আমি কোথায় বা যাব! আর কোথা দে চাঁদবদন দেখা পাব ॥

শিরেতে হানিয়া হাত কাঁন্দি উচ্চৈঃস্বরে। ভূমে গড়াগড়ি যান পার্থ ধনুদ্ধরে॥ দারুক সারথি বোধ করায় অর্জ্জনে। ন্থির হও ধনঞ্জয় শোক ত্যজ মনে ॥ অকারণে শোক কৈলে কি হইবে আর। আমি যাহা কহি তাহা শুন সারোদ্ধার॥ বিধি নীতি আছে যেই ক্ষজ্রিয়ের ধর্ম। আপনি দবার তুমি কর প্রেতকর্ম। পূর্বেতে আমারে কহিলেন গদাধর। দৰ্বব হৈতে বড় প্ৰিয় পাৰ্থ ধনুৰ্দ্ধর॥ যোগ আচরিয়া পরে পাইবে আমারে। এই কথা দারুক কহিবা পাণ্ডবেরে॥ দে কারণে এই কর্ম্ম তোমার বিহিত। সবার সৎকার কর্ম্ম করিতে উচিত ॥ বহুমতে সাস্থানাদি করিল অর্জ্জনে। সংকার করিতে পার্থ করিলেন মনে॥ চন্দনের কান্ঠ তথা করি রাশি রাশি। জালিলেন চিতানল গগন পরশি॥ দেবকী রোহিণী বস্থদেবের সহিত। অগ্নিকুণ্ডে প্রবেশ করিল হর্ষিত ॥ রেবতী রামের দনে পশি হুতাশন। অগ্নিকার্য্য সবাকার করিল অর্জ্জন॥ স্বাকার অগ্নিকার্য্য করি সমাপন। বিধিমতে করিলেন শ্রাদ্ধাদি তর্পণ ॥ দারুক পুনশ্চ কয় অর্জ্জুনের প্রতি। পর্জ্বন বন্ধুর কার্য্য করহ সম্প্রতি॥ ত্রী গণে লইয়া যাও হস্তিনানগরে। প্রভুর রমণীগণ বিদিত সংসারে॥ তোমা বিনা কার শক্তি রাখিবারে পারি। সমুদ্র গ্রাসিবে এই দারকানগরী॥ আজ্ঞা কর আমি বনে যাই মহাশয়। উনিয়া স্বীকার করিলেন ধনপ্রয় ॥ এতেক ব্যত্তান্ত পার্থে কহি মহামতি। দারুক চলিল যথা বনের নিরুদ্<u>তি</u>॥ ক্ষের রমণীগণে লইয়া সংহতি। গেলেন হস্তিনাপথে পার্থ মহামতি॥

স্বারকা গ্রাসিল আসি সমুদ্রের জল। প্রভুর মন্দির মাত্র জাগয়ে কেবল ॥ এক শত পঞ্বর্ষ শ্রীমধুসূদন। মৰ্ত্ত্যপুরে নিবদেন দ্বারকা ভুবন॥ স্ত্রীগণে লইয়া পার্থ করেন গমন। হাতে ধরি গাণ্ডীব অক্ষয় শরাসন॥ হেনকালে দৈত্যগণ আছিল কোথায়। কুফের রমণীগণে দেখিবারে পায়। একত্র হইয়া যুক্তি করে সর্বজন। কুফের রমণীগণে হরিব এখন। অৰ্জ্জুন লইয়া যায় যতেক স্থন্দরী। কাড়িয়া লইব হেন হৃদয়ে বিচারি॥ পার্থে আগুলিল আর সকল রমণী। হত্তে ধরি স্ত্রীগণের করে টানাটানি॥ দেখিয়া কুপিত অতি বীর ধনঞ্জয়। গাণ্ডীব ধরিল বীর ক্রোধে অভিশয়॥ অগ্রিদত্ত গাণ্ডীব অক্ষয় শরাসন। যাহাতে করেন পার্থ তৈলোক্য শাসন॥ দেবের বাঞ্চিত ধনু অতি মনোহর। খাণ্ডবদাহন কালে দিল বৈখানর॥ ধরি ধনু হেলায় হেলায় দিত গুণ। এবে গুণ দিতে শক্ত নহেত অৰ্জ্জ্বন ॥ মহাভয় হৈল ধনু তুলিতে না পারি। কত কফে গুণ দেন বহু শক্তি করি॥ টানিতে না পারি ধন্ম আকর্ণ পূরিয়া। কিছু অল্ল টানি, বাণ দিলেন ছাড়িয়া। মহাকোপে ছাড়িলেন বক্সদম বাণ। দৈত্য অঙ্গে ঠেকি পড়ে ভূণের সমান॥ বাছিয়া বাছিয়া বাণ বিন্ধে প্রাণপণে। অবহেন্দ্র বাণ বার্থ করে দৈত্যগণে ॥ এড়িল অক্ষয় অগ্নি বাণ ধনপ্রয়। যত বাণ এড়িলেন সব ব্যর্থ হয়॥ যত বিতা পাইলেন দ্রোণগুরু স্থান। যত বিভা পাইলেন অমর স্থবন ॥ এ তিন ভূবনৈ যারে মানে পরাজয়। দৈত্য সনে রণে সর্বব অন্ত ব্যর্থ হয় 🛚

ব্রন্ম অন্ত্র অর্জ্জনের হৈল পাসরণ। বিশায় মানিয়া চিন্তিলেন মনে মন ॥ গাণ্ডীব ধন্মক বীর ধরি হুই করে। প্রহার করেন দৈত্যগণের উপরে॥ ইতর মনুষ্য যেন করে ধরি বাড়ি। দৈত্যগণ অর্জ্জুনেরে করে তাড়াতাড়ি॥ দৈত্যগণ অর্জ্জুনেরে পরাজিয়া রণে। স্ত্রীগণে লইয়া গেল স্বচ্ছন্দ গমনে॥ দৈত্যগণ পরশে প্রভুর নারীগণ। পাষাণ পুত্তলি হ'ল ত্যজিয়া জীবন ॥ পরাজ্য মানি পার্থ পরম চিন্তিত। কান্দিতে কান্দিতে যান অত্যন্ত চুঃখিত॥ বদরিকাশ্রমে গিয়া ব্যাদের নিকটে। দণ্ডবৎ প্রণাম করিল করপুটে॥ অর্জ্জুনেরে মলিন দেখিয়া অতিশয়। জিজ্ঞাসা করেন তাঁরে ব্যাস মহাশয়॥ কি হেতু হইলে হুঃখী কুন্তীর নন্দন। আজি কেন দেখি তব মলিন বদন॥ ত্বকর্ম করিলে কিবা কহত আমারে। পরাজয় হৈলে কিবা সংগ্রাম ভিতরে॥ দেব-দৈত্যে হিংসিলে কি স্বজনে পীড়িলে। ছুৰ্জ্জন সেবনে কিবা হীনতা পাইলে॥ এত বলি আশ্বাদিয়া মুনি মহাশ্য়। করে ধরি বদাইল বীর ধনঞ্জয় ॥ কান্দিয়া কহেন পার্থ মহাধনুদ্ধর। কি কহিব মুনি সব তোমাতে গোচর॥ এত দিনে পাগুবেরে বিধি হৈল বাম ৷ গোলোকনিবাসী হ'ল কৃষ্ণ বলরাম 🛚 যাঁর অসুগ্রহে আমি বিজয়ী সংসারে। হেলায় গাণ্ডীব ধনু ধরি বাম করে 🛭 ষম সম বৈরীগণে না করিসু ভয় ৷ পরাক্রমে করিলাম তিনলোক জয়॥ মম পরাক্রম-দেব সব জান ভূমি ৷ এক রথে চড়িয়া জিনিসু মর্ত্ত্যভূমি ॥ সেই তুণ সেই ধনু সেই ধনঞ্জয়। সকল নিক্ষল হৈল শুন মহাশয়॥

দৈত্যগণ আদি মোরে পরাক্তিল রণে। কুষ্ণের রমণী কাড়ি নিল মম স্থানে। প্রস্থু বিনা এই গতি হইল এখন। এ পাপ জীবনে মম নাহি প্রয়োজন ॥ বিক্রম বিজয় মোর সব দামোদর। তাঁহার অভাবে ধরি পাপ কলেবর ॥ কহ মুনি কি উপায় করিব এখন। কেমনে পাইব আমি শ্রীমধুসূরন ॥ উচ্চৈঃস্বরে কান্দেন সঘনে বহে খাদ। অর্জ্জুনেরে আর্থাসিয়া কহিলেন ব্যাস॥ **স্থির হও ধনঞ্জয় শোক পরিহ**র। আমি যাহা কহি তাহা শুন বীরবর॥ যা কহিলে ধনপ্তয় সব আমি জানি। বল বৃদ্ধি পরাক্রম দেব চক্রপাণি ॥ অনাদি পুরুষ তিনি ব্রহ্ম সনাতন। উৎপত্তি প্রলয় স্থিতি সেই নারায়ণ॥ নিলেপি নিগুণি নিরঞ্জন নিরাকার। অক্ষয় অব্যয় তিনি অনন্ত আকার ॥ জল স্থল শৃন্য তিনি সকল সংসার। দর্ব্বভূতে আত্মারূপে নিবাদ তাঁহার ॥ আত্মপর নাহি তাঁর দব সমজ্ঞান। কীট পক্ষী মনুষ্যাদি সকলি সমান॥ তিনি ব্রহ্মা তিনি বিষ্ণু তিনি পঞ্চানন। ইন্দ্র চন্দ্র সূর্য্য তিনি পবন শমন ॥ চরাচর দর্ব্বভুতে বিশ্বে যেই জন। পরমাত্মা রূপে ত্রহ্ম দেই সনাতন ॥ কে জানিতে পারে দেই প্রভুর মহিমা। চারিবেদে কিঞ্ছিৎ না পায় যাঁর দামা॥ শত কোটি কল্প যোগী ধ্যানে রাখি মন। তবু নাহি পায় সেই প্রভু দরশন ॥ তোমরা পাইলে কত পুণ্যে দে বান্ধব। কুষ্ণ বিনা অন্য নাহি জান তোমা সব॥ ভক্তির অধীন সেই প্রভু নারায়ণ। ভক্তিযোগে পাই সেই প্রভু দরশন॥ ত্যজিয়া মনের ধশা ভজ গিয়া **তাঁ**হে। ভক্তিরূপ ভগবান দূর হরি নহে॥

অচিরে অর্জ্জুন সেই কৃষ্ণকে পাইবে। প্রিয়জন স্মরণেতে সতত চিন্তিবে॥ নিকটে থাকিতে ভাঁরে যত ভক্তি ধরে। শত কোটি ভক্তি হয় থাকিলে অন্তরে ॥ জানিয়া অর্জ্জুন তুমি স্থির কর মন। গুহেতে গমন কর জানিয়া কারণ॥ পুনশ্চ বলেন পার্থ শুন মহাশয়। এক কথা কহি, মোর খণ্ডাও বিশ্বয়॥ দৈত্য হরি লইল প্রভুব নারীগণ। ইহার কারণ তুমি কহ তপোধন॥ পূর্ববপুণ্যে কৃষ্ণ পতি পাইল স্ত্রীগণ। সদাকাল সেবিলেক জ্রীকৃষ্ণ-চরণ॥ তাহা সবাকার কেন হৈল হেন গতি। কহিবে ইহার হেতু মুনি মহামতি॥ অর্জ্রনের বাক্য শুনি কহিলেক মুনি। কার শক্তি হরিবেক শ্রীকৃষ্ণ-রমণী॥ পূর্বের রুত্তান্ত কহি শুন ধনঞ্জয়। াবিভাধরীগণ ছিল ইন্দ্রের আলয়॥ অভুর প্রকাশ যবে হইল অবনী। তাহা সবাকারে আজ্ঞা কৈল পদ্মধ্যোনি॥ পৃথিবীম**ণ্ডলে জন্ম লহ গি**য়া **সবে**। ভাগ্য পুণ্যফলে দবে কৃষ্ণ পতি পাবে॥ লক্ষী অংশ পেয়ে হবে লক্ষীর সমান। ভক্তিতে করিবে বশ বিষ্ণু ভগবান॥ বিধির আদেশ দর্ব্ব কন্সাগণ লৈয়া। পৃথীতে চ**লিল সবে হৃষ্টমতি হৈ**য়া॥ ষান করিবারে গেল পুণ্যনদী ভীরে। ^{অ্টাবক্র} নামে মুনি তথা তপ করে॥ ভক্তি করি কন্মাগণ প্রণতি করিল। इके देश्या यूनिवत व्यानीर्व्वाम मिल ॥ পূৰ্থিবীতে গিয়া সবে পাবে কৃষ্ণ পতি। ^{ানো}বাঞ্ছা পূর্ণ **হবে শুন** গুণবতী॥ শাশীর্কাদ লাভ করি চলিল রমণী। হনকালে জল হৈতে উঠে মহামুনি॥ 🕫 ঠাই কুজ বক্ত থৰ্বৰ কলেবর। मियून विक्रम, विक्रम क्र्ड कत्र ॥

মুধলপর্বা।]

শ্রবণ নাসিকা চক্ষু সব বিপরীত। দেখিয়া অপূৰ্বব সব হইল বিশ্মিত॥ য়নিরূপ দেখি দবে উপহাস কৈল। তাহা শুনি মুনিবর কুপিয়া কহিল॥ আমা দেখি উপহাস কর নারীগণ। সে কারণে শাপ দিব শুন সর্বজন॥ পৃথিবীতে গিয়া দবে কুঞ্চে পতি পাবে। এই অপরাধে দবে দৈত্য হরি লবে।। যুনির বচনে সবে কম্পিত শরীর। নিবেদন করে তবে চরণে যুনির॥ অবলা স্ত্রীজাতি মোরা সহজে চঞ্চলা। ক্ষম অপরাধ মুনি দেখিয়া অবলা॥ প্রদন্ধ হইয়া কর শাপ বিমোচন। ধর্মে মতি রহু আজ্ঞা কর তপোধন॥ ভূষ্ট হ'য়ে পুনরপি মুনিবর কছে। কহিলাম যে কথা দে কভু ব্যৰ্থ নহে॥ অবশ্য হরিবে দৈত্য না হবে এড়ান। দৈত্যের পরশে দবে হইবে পাষাণ॥ পূর্বের রুত্তান্ত এই জানাই তোমায়। কন্যাগণে দৈত্য হরে এই অভিপ্রায় ॥ পাষাণ হইল তারা দৈত্যের পরশে। প্রভুদ্ন রমণীগণ গেল তাঁর পাশে ॥ না ভাবিও চিত্তে হুঃখ চল নিজ ঘরে। ভোগ অভিলাষ ত্যজি ভজহ কুষ্ণেরে॥ এত বলি অর্জ্জনেরে দিলেন বিদায়। প্রণমিয়া ধনপ্রয় যান হস্তিনায় ॥ মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান ॥

অঙ্জুন কতৃক গুধিষ্টিরের নিকট বছকুল নাশের কথা। জন্মেজয় কহে তবে শুন তপোধন।

অত্যেজর কংহ তবে তব তবোবন।
অতঃপর কি হইল কহ বিবরণ ॥
পাণ্ডুপুত্র পঞ্চাই শ্রীক্ষ বিয়োগে।
কিমতে ধরিল প্রাণ এত শোক ভোগে ॥
বিশেষিয়া কহ মুনি মহাশয় মোরে।
এ তাপ খণ্ডাও মম মনের ভিতরে॥

তৰ মুখে শ্ৰুতবাক্য স্থধা হৈতে স্থধা। শ্রবণেতে আমার খণ্ডিল সব ক্ষুধা। পিতামহ উপাখ্যান অপূর্ব্ব আখ্যান। তব মুখে শুনিলে জন্ময়ে দিব্যজ্ঞান ॥ **বিখ্যাত বৈশ**ম্পায়ন মহাত্রপোধন। ব্যাদ উপদেশ শাস্ত্রে অতি বিচক্ষণ 🛭 নুপতির বাক্য শুনি আনন্দিত মনে। কহিতে লাগিল মুনি জন্মেজয় স্থানে॥ মুনি বলে শুন কুরুবংশ চুড়ামণি। অনন্তরে শুন পিতামহের কাহিনী॥ বসিলেন ধর্ম্মরাজ রত্ন সিংহাসনে। শিরেতে ধরিল ছত্র পবন-নন্দনে॥ চামর ঢুলায় হুই মদ্রবতী-স্থত। পাত্র মিত্র অমাত্য দংযুত গুণযুত॥ সভায় বদিয়া রাজা ধর্ম অবতার। হুর্ষিতে বৃদি সবে করেন বিচার॥ হেনকালে অমঙ্গল দেখি বিপরীত। দিবসেতে শিবাগণ ডাকে চারিভিত **॥** অন্তরীকে গুধ্রপক্ষী উড়ে ঝাঁকে ঝাঁকে। বিপরীত শব্দ করি ঘন ডাকে কাকে॥ বিনা মেঘে ঘোর ডাকে ভীষণ গর্জ্জন। বিপরীত বাত বহে ভন্ম বরিষণ॥ প্রবল প্রলয়ে যেন অগ্নি বরিরণ। ঘোরতর শব্দে ডাকে পশু-পক্ষীগণ॥ ঘরে ঘরে নগরে লোকের কলরব। অন্যে অন্যে কোন্দল করয়ে লোক সব॥ পিতাপুত্রে বিবাদ শাশুড়া বধু সনে। ব্রাহ্মণ সহিত ঘন্দ করে শূদ্রগণে ॥ জনকের কেশে ধরি মারয়ে তনয়। ভাল মন্দ নাহি মুখে যাহা আদে কয়॥ দেউন্স প্রাচীর ভাঙ্গে দেবের দেহর। প্রতিমা সকল নাচে গায় মনোহর ॥ অবিপ্রান্ত ক্ষণে ক্ষণে নাচে বস্থমতী। বিবিধ উৎপাত বহু হইন অনীতি॥ দেখিয়া বিস্ময় চিত্ত ধর্ম্মের নন্দন। চিন্তাযুক্ত হ'য়ে মনে করেন ভাবন ॥

না জানি কি হেতু হয় এত অমঙ্গল। মন স্থির নহে মম হৃদয় বিকল ॥ দারকানগরে গেল পার্থ মহারথা। তার ভদ্রাভদ্র কিছু না পাই বারতা॥ না জানি কি বিরোধ করিল কার সনে। নাহি জানি কি কর্ম করিল দেইখানে॥ কিবা পার্থ সমরে পাইল পরাজয়। এত অমঙ্গল দেখি অকারণ নয়॥ কিরূপে ত্রিতে পাই পার্থের বারতা। শীত্রগতি দৃত পাঠাইয়া দেহ তথা॥ কি কারণে আজ মম আকুল পরাণ। বাম অাথি নাচে এই বড় অলকণ।। এইরূপে যুধিষ্ঠির করেন ভাবন। বিষাদ করেন রাজা চিন্তাকুল মন॥ পার্থ আইলেন তবে দ্বারকা হইতে। হস্তিনায় প্রবেশিল কান্দিতে কান্দিতে॥ श्य कृष्ध विलया कारन्त्र घरन घन। কিশতে যাইব আমি হস্তিনা ভূবন॥ কি বলিব গিয়া আমি ধর্মা নৃপবরে। হায় প্রভু তোমা বিনা কি হবে আমারে। নয়নযুগলে বারি বহে অনিবার। 😎 ক্ষমুখে কৃষ্ণ কৃষ্ণ বলি হাহাকার।। গাণ্ডীব ধরিতে নাহি হইলেন ক্ষম। কুষ্ণের সহিত গেল বীরত্ব বিক্রম ॥ রথেতে গাণ্ডীব রাখি বার ধনঞ্জয়। পদব্ৰজে চলিলেন অতি দীন প্ৰায় ॥ দূরে দেখি ধর্মা জিজ্ঞাদেন রুকোদরে। এই দেখ অৰ্জ্জ্ন আসিছে কতদূরে 🛭 অর্জ্জনের রথ ছেন পাই দরশন। অৰ্জ্জুন আইদে মম হেন লয় মন॥ কিহেতু এতেক ধীরে চলে রথবর। বিষাদ গমন ছেন বুঝি যে অন্তর ॥ **অর্চ্ছ**নেরে দেখি আজি বড়ই মলিন। কুষ্ণবৰ্ণ শুক্ষমুখ যেন অতি দীন 🛭 দারুক আইল পূর্বেব কুষ্ণের আদেশে অর্জ্বনে লইয়া গেল গোবিন্দের পার্লে

কতবার যায় পার্থ দারক। ভুবন। আনন্দসাগরে আসে নিজ নিকেতন ॥ আজি কেন অমঙ্গল দেখি অপ্রমিত। কলহ করিল কিবা কাহার সহিত॥ কিম্বা কোন অপুরাধ কৈল প্রভুম্বানে। সেই দোষে কৃষ্ণ কি করিলেন ভর্ৎ সনে॥ বলভদ্র সহ কিবা করিল বিবাদ। না জ্ঞানি ঘটিল আজি কেমন-বিষাদ ॥ যদি পার্থ হ'য়ে থাকে কুষ্ণের বর্জ্জিত। সকলে নৈরাশ হ'ল পাণ্ডব নিশ্চিত॥ কুষ্ণ বিনা পাণ্ডবের কেবা আছে আর। স্ক*ল* সম্পদ মম চরণ তাঁহার ॥ তাহার বর্ভিভত হ'য়ে কে ধরিবে দেই। কি করিব রাজ্যধন কি করিব গেহ॥ এইমত যুধিষ্ঠির করেন চিন্তন। निकंटि बाहेल পार्थ हेट्सद नन्मन । চিত্ৰ পুত্তলিক। প্ৰায় মুখে নাহি বোল। পড়িল ধর্মীতলে হইয়া বিহ্বল ॥ হা কুষ্ণ বলিয়া বীর লোটায় ধরণী। অর্জ্জুনের নেত্রজলে ভিজিল অবনী ॥ রাজা জিজ্ঞাদেন কহ কুশল সংবাদ। পাণ্ডবের তরে কিবা হইলে প্রমাদ॥ কি দোষ করিলে তুমি কুষ্ণের চরণে। গোবিন্দ বৰ্ক্জিত কি হইলে এত দিনে॥ স্বরূপেতে বলহ কুশল সমাচার। কি কারণে এত ত্বঃখ হইল তোমার॥ উঠ উঠ ধনপ্তায় কহ বিবরণ। কি প্রকার আছেন সে শ্রীমধুসূদন॥ কি কারণে ভরিত সে দারুক আইল। ভাল মন্দ সমাচার কিছু না কহিল 🛚 তোমাকে লইয়া গেল দ্বারকা নগরী। ক্য তুমি কিরূপে ভেটিবে দেব হরি 🛚 জগতের হর্তা কর্তা দেব নারায়ণ। এক লোমকূপে তাঁর থৈসে কত জন। কতু শিব ইন্দ্র যাঁর এক লোমকূপে। তাঁহারে সম্ভাষ তুমি করিলে কি রূপে 🏽

মাতৃল নন্দন হেন বিচারিল মনে। সেই দোষে কৃষ্ণ নাহি চাহিল নয়নে ! কিবা বলভদ্র সহ কৈলে অবিনয়। কি দোষ করিলে তুমি ভাই ধনপ্রয় 🛚 চারিভিতে চারি ভাই মলিন বদন 🕫 ধূলায় লোটায় বীর ইন্দ্রের নন্দন॥ অর্জ্জুন কহেন রাজা কি কহিব আর। এতদিনে কৃষ্ণহীন হইল সংসার॥ পাণ্ডবের বন্ধুরূপী সেই নারায়ণ। তাহাতে বঙ্জিত হ'লে শুনহ রাজন॥ ব্ৰহ্মশাপে যদুবংশ হইলেক কয়। ছন্দ যুদ্ধ করি সবে করিল প্রলয়॥ কামদেব আদি যেই কুষ্ণের নন্দন। কুতবর্মা সাত্যকি যতেক যত্নগণ॥ পরস্পর যুদ্ধ করি হইল সংহার। একজন যতুকুলে না রহিল আর॥ যোগে তকু ত্যজিলেন রেব তীরমণ। নিম্বরক আরুড় ছিলেন নারায়ণ। ব্যাধ এক আদি বাণে বিন্ধিল চরণ। তাহে ত্যজিলেন প্রাণ জীমধুসূদন ॥ পাগুবকুলের নাথ দেব জনক্রি। তাঁহার বিয়োগে হ'ল সকল মরণ॥ কি করিব রাজ্যধন কি কাজ জীবনে। সকল নিরাশ হ'ল গোবিন্দ বিহনে॥ গাণ্ডীব ধরিতে মম শক্তি নাহি আর। দশদিক শৃত্য দেখি সকলি অন্ধকার ॥ মূষলপর্কের কথা অপূর্ক্ব ঘটন। পয়ার প্রবন্ধে কাশীদাদ বিরচন॥

মুখিছিরের বিশাপ।
অর্জ্জনের বাক্য শুনি, যুখিন্তির নৃপমণি,
পড়িলেন ধরণী উপর।
ভীমসেন মাদ্রীহৃত, ভদ্রা কৃষণা পরীক্ষিত,
লোটাইয়া ধ্লায় ধ্দর॥
চিত্রের পুত্রলি প্রায়, শুমে গড়াগড়ি যায়,
প্রাণধন গোবিক্ষ বিহনে।

হাহাকার শব্দ করি, কান্দি ধর্ম অধিকারী, পড়িলেন ভূমে অচেতন॥ হা কৃষ্ণ ক রুণাদিন্ধু, পাণ্ডবগণের বন্ধু, পার্থরূপ পক্ষীর জীবন। विविध मक्करि चारत, तका देकरल वारत वारत. কুরুকেত্র আদি মহারণ॥ था ७ व मार्च कारल, इस चामि मिक शारल, তোমার কুপায় হৈল জয়। নিবাত কবচ আদি, যত দেবগণ বাদী, একেলা বধিল ধনপ্রয়॥ উত্তর গোগ্রহে রণে, ভীম্ম আদি বীরগণে, একেশ্বর জিনিল ফাল্গুনী। দুর্য্যোধন ভয় হৈতে,রক্ষা কৈলে কুরুক্ষেত্রে, সার্থিত্ব করিলে আপনি॥ পূর্বেতে পাশায় জিনি, সভামধ্যে যাজ্ঞদেনী, ধরিয়া আনিল ছুর্য্যোধন। বিব্স্তা করিতে তারে, হুফ হুঃশাসন ধরে, বস্ত্র ধরি টানে ঘনে ঘন॥ পঞ্জামী বিভয়ান, কিছুতে না দেখি ত্রাণ, ডাকিল তোমার নাম ধরি॥ অনাথের নাথ তুমি, তথনি জানিসু আমি, রক্ষা কৈলে ত্রুপদকুমারী॥ দ্বিতীয় প্রহর নিশি, আসিল তুর্বাসা ঋষি, ঘোরতর অরণ্য ভিতর। দে সমুদ্রে পাণ্ডুহ্নতে, ফেলাইল কুরুনাথে, তাহাতে রাখিলা দামোদর॥ বিরাট নগর হৈতে, ছুৰ্য্যোধন কুরুস্থতে. হস্তিনা আইদে দূতগণে। তোমার মুখের বাণী, না শুনিল কুরুমণি, ঘোরতর করিল দারুণে॥ সঙ্কটে করিলে পার, কুপাদিশ্বু অবতার, বন্ধুরূপে পাগুব নন্দনে। পুনঃ আমি শোকাস্তরে,অরণ্যে যাবার তরে, ্ সত্য চিস্তিলাম নিব্ৰু মনে॥ প্রবোধিয়া বিধিমতে, আমারেরাখিলে তাতে, বুঝাইয়া অশেষ প্রকার।

হায় হুঃখ বিমোচন, পাগুবের প্রাণধন,
তোমা বিনা কে আছে আমার॥
যুধিপ্তির নৃপবর, ধনঞ্জয় রুকোদর,
সহ ছুই মাদ্রীর নন্দন।
শোকসিন্ধু মধ্যে পড়ি, ধর্ণীতে গড়াগড়ি,
কৃষ্ণ কৃষ্ণ ডাকে ঘনে ঘন॥
ভারত অমৃত কথা, ব্যাদের রুচিত গাথা,
সর্ব্ব ছুঃখ শ্রাবণে বিনাণ।
কমলাকান্তের স্তত্, স্ক্জনের মনপ্রীত,
বিরুচিল কাশীরাম দাস॥

জৌপদীর সহিত পঞ্চপাওবের মহাপ্রস্থান। রাজা বলে ভাই দব কি ভাবিছ আর। ব্রাহ্মণে আনিয়া দেহ সকল ভাগুার॥ কৃষ্ণ বিনা গৃহবাদে নাহি প্রয়োজন। কুষ্ণের উদ্দেশে যাব নিশ্চয় বচন॥ সকল সম্পদ মম সেই জগৎপতি। তাঁহ। বিনা তিলেক উচিত নহে স্থিতি॥ যথায় পাইব দেখা শ্রীনন্দনন্দনে। কৃষ্ণ অনুসারে আমি যাইব আপনে॥ বুঝিয়া রাজার মন ভাই চারিজন। कत्रभूषे इटेश करत्रन निर्वतन ॥ পাগুবের গতি তুমি পাগুবের পতি। তুমি যেই পথে যাবে সেই পথে গতি॥ তোমা বিনা কে আর করিবে কোন কায়। কুপায় সংহতি করি লহ ধর্মরাজ॥ আজন্ম তোমার পাশে নহি বিচলিত। আমা দবা ত্যজিবারে নহে ত উচিত। এত শুনি আশ্বাদেন ধর্ম্ম নরপতি। প্রণমিয়া কর**পু**টে কহেন পার্ষতি ॥ আমি ধর্মপত্নী তব ভাই পঞ্জনে। আমারে ছাড়িয়া সবে যাইবে কেমনে॥ তোমা দবা দঙ্গে আমি যাইব নিশ্চয়। অসুগত জনেরে না ত্যজ কুপাময়॥ তোমার যে গতি রাজা আমার দে গতি। অমুগত জনে রাজা করহ সংহতি 🛚

। নি আশ্বাদেন তবে ধর্ম্মের নন্দন। রুপদন**ন্দিনী হৈল হর্ষিত মনে** ॥ ানা রত্ন সবারে বিলান অপ্রমিত। থুরানগরে দৃত পাঠান ত্বরিত ॥ য়া অনিরুদ্ধস্থত বজ্ঞনাম ধরে। তুবংশ শেষ মাত্র তিনি একেশ্বরে॥ ধি**তির আশয় বুঝিয়া বজ্রবীর।** াহরে আইল যথা রাজা যুধিষ্ঠির॥ ক্সেবীরে পেয়ে পঞ্চ পাণ্ডুর কুমার। মালিঙ্গন করি হৈল আনন্দ অপার॥ ক্রিপ্রস্থপাটে তারে অভিষেক করি। চত্রদণ্ড **অর্পিলেন ধর্ম্ম অ**ধিকারী॥ তাহারে কহেন তবে ধর্ম নৃপবর। কুষ্ণের প্রপৌত্র তুমি রুফ্রিবংশধর॥ এই ই**ন্দ্রপ্রস্থ তুমি কর অ**ধিকার। হস্তিনাতে পরীক্ষিত পাবে রাজ্যভার॥ তোমার প্রপিতামহ জীমধূদূদন। করিলেন বন্ধুরূপে আমারে পালন॥ এত কহি যুধিষ্ঠির সত্বর হইয়া। বজ্রহন্তে ইন্দ্রপ্রদে দেন সমর্পিয়া ॥ তবে যুধিষ্ঠির রাজা হস্তিনা ভুবনে। পরীক্ষিতে বদায়েন রাজ-সিংহানে॥ পঞ্তীর্থ জল আনি করি অভিষেক। সমর্পিয়া পাত্র মিত্র অমাত্য যতেক॥ চ্ছুদ্দিকে ঘন হয় হরি হরি ধ্বনি। হস্তিনায় পরীক্ষিত হৈল নূপমণি॥ শুভক্ষণ করিয়া পাগুব পঞ্চবীর। পাঞ্চাল নন্দিনী সঙ্গে হইল বাহির॥ শীহরি শ্রীহরি বলি ডাকি উচ্চৈঃম্বরে। বিদায় দিলেন যত বন্ধু বান্ধবেরে॥ ফুপাচার্য্য গুরূপদে প্রণাম করিয়া। ধৌম্য পুরোহিত স্থানে বিদায় হইয়া॥ চলিল পাণ্ডব সহ ক্রুপদনন্দিনী। হৃদয়ে ভাবিয়া সেই দেব চক্রপাণি॥

প্রজালোকের প্রতি যুধিষ্ঠিরের প্রবোধ বাক্য। ধর্ম বলিলেন শুন আমার বচন। শোক না করহ সবে যাহ নিকেতন॥ এই পরীক্ষিত হ'ল রাজ্যেতে রাজন। আমা সম তোমা সবে করিবে পালন॥ সংদার অদার দার নন্দের নন্দন। মনেতে চিন্তহ সেই কুঞ্চের চরণ ॥ কৃষ্ণ ভজ কৃষ্ণ চিন্ত কৃষ্ণ কর সার। ভেবে দেখ কৃষ্ণ বিনা গতি নাহি আর॥ এইরূপে প্রবোধ করিয়া বহুতর। কুফ বলি চলিলেন পঞ্চ সহোদর॥ হেনমতে পঞ্চ ভাই যান পূৰ্ব্বমুখে। 🕯 হনকালে বৈশ্বানর দেখেন সম্মুখে॥ অর্জ্বনে চাহিয়া চলিছেন বৈশ্বানর। আমার বচন শুন পার্থ ধসুর্দ্ধর॥ আমি হুতাশন, শুন ইন্দ্রের নন্দন। মম হেতু করিয়াছ খাণ্ডবদাহন॥ তোমা পঞ্চ সহোদর দেব অবতার। বিষ্ণু সহ পৃথিবীতে করিলে বিহার ॥ করিলে অনেক কর্ম্ম বিনাশিলে ভার। পরম সস্তোষ হৈল পৃথিবী অপার ॥ অতঃপর কিছু আর নাহি প্রয়োজন। স্বৰ্গবাদে চলিলে তোমরা পঞ্জন ॥ অক্ষয় যুগল ভূণ গাণ্ডীব ধনুক। দেহত আমায় তবে এ নহে কৌতুক ॥ এত শুনি পঞ্চাই পাঞ্চালী দহিত। প্রণিপাত করিলেন হ'মে হরষিত ॥ গাণ্ডীব ধনুক আর তুণপূর্ণ শর। অগ্নি বিভাষানে দেন পার্থ ধকুর্দ্ধর ॥ ধসুক লইয়া অগ্নি হৈল অন্তৰ্দ্ধান। করপুটে পঞ্চজন করেন প্রণাম॥ তবে পূৰ্ববমুখ হ'য়ে যান ছয় জন। বনে বনে চলিলেন ভাই পঞ্জন॥

মুষলপর্বব সমাপ্ত।

সচিত্র সম্পূর্ণ কাশীদাসী



অৰ্গাৰোহণপৰ্ৰ ৷

---00#00----

नातायमः नमक्का नतस्थित नत्ताख्यम् । (मतीः मतस्यकीः त्रामः ज्ञाका क्यम्मीतस्य ॥

পাগুবগণের মেঘনাদ পর্বতে আরোহণ।

বলিলেন জন্মেজয় পিতামহগণ। কোন পথে স্বর্গেতে করেন আরোহণ॥ কোন কোন্ পর্বতে পড়িল কোন্ বার। স্বশরীরে কেমনে গেলেন যুধিষ্ঠির॥ বলেন বৈশম্পায়ন শুন জন্মেজয়। ধৌম্যেরে বিদায় দিয়া পাণ্ডুর তনয়॥ লোভ মোহ কাম ক্রোধ ক্ষান্ত করি মন। ছইলেন একান্ডে গোবিন্দ-পরায়ণ॥ পুণ্য ভাগীরথী জলে করি স্নান দান। সূৰ্য্যে অৰ্ঘ্য দিলেন হইয়া সা্বধান॥ গঙ্গা মৃত্তিকায় অঙ্গ করিয়া ভূষিত। শুক্লবন্ত্র পরিধান উত্তরী সহিত ॥ হরি স্মরি করিলেন গঙ্গাঙ্গল পান। শুচি হৈয়া স্বৰ্গপথে করেন প্রয়াণ।। বহু বন পার হৈয়া অনেক পর্বব 🗷 🖟 দিবানিশি যান হরি চিস্তি অবিরত॥ কত শত মুনি ঋষি দেখি নানা স্থানে। মেঘনাদ পর্ববতে গেলেন কত দিনে॥ পরম হৃদ্দর গিরি হুরপুরী সম। অনেক তপস্বী ঋষি মুনির আশ্রম ॥

পর্বতে উঠিয়া রাজা দেখি জম্বুরীপ। ভয়ক্ষর নদ নদী দেখেন সমীপ 🛚 অনেক তপস্বী ঋষি আছে গিরিবরে। পর্বত-গহবরে কেহ রক্ষের কোটরে॥ তাত্রজটা গলে পাটা তেজে গ্রহরাজ। তপ জপ সাধে নিত্য আপনার কায। মেঘবর্ণ মেঘনাদ গিরি মুনোহর। দ্বিতীয় হুমেরু সম হুন্দর শিখর॥ অতিশয় উজ্জ্বল পর্ববত স্থগোভন। দানব ঈশ্বর নাম বৈদে পঞ্চানন॥ দানব নৃপতি দেশে দানব রক্ষক। পঞ্জনে দেখে যেন কুলন্ত পাবক ॥ মসুষ্য আইল দেশে এ দব দেখিয়া। রাজার সাক্ষাতে সবে জানাইল গিয়া॥ পঞ্জন নর আসে দঙ্গে এক নারী। তব যোগ্যা হয় রাজা পরম হৃন্দরী। আইসে লইতে রাজ্য হেন লয় চিতে। শুনি মেঘনাদ দৈত্য দাজিল ছরিতে। বাহিনী সহিত সাজি আইল বাহিরে। তিন লক্ষ কিরাত ধ্যুক যুড়ি তীরে॥ দানবের রূপ যেন কন্দর্প আকার। নীলবর্ণে সাজিয়া করিল অন্ধকার।

যেই পথে পঞ্চ ভাই আইদে পাঙ্ব। সেই পথ আগুলিয়া রহিল দানব ॥ অন্ধকার করিলেক বাণ বরিষণে। দেৰতা বরিষে যেন আষাঢ় গ্রাৰণে 🛚 নানা বাণরষ্টি করে প্রচণ্ড কিরাত। প্রবন রুধির নাহি দেখি দীননাথ ॥ মহাসিংহনাদ করে শব্দ বিপরীত। দেখিয়া পাণ্ডবগণ হইল বিস্মিত। মেঘনাদ দৈত্য জিজ্ঞাসিল যুধিষ্ঠিরে। কে তোমরা পঞ্জন, যাবে কোথাকারে॥ যুধিষ্ঠির বলিলেন দানব প্রধান। চন্দ্রবংশ-সমুদ্ভব পাণ্ডুর সন্তান 🛚 ত্রাতৃভেদে মম বংশ হইল সংহার॥ অতএব স্বর্গপথে করি অগ্রসর॥ আশীর্কাদ কর রাজা তুমি পুণ্যবান। তোমার প্রদাদে দেখি প্রভু ভগবান॥ তবে মেঘনাদ বলে শুন যুধিষ্ঠির। যুদ্ধ কর পঞ্ভাই না হও অস্থির॥ যুদ্ধ নাহি দিয়া যদি করিবা গমন। যাইতে নারিবা স্বর্গে শুনহ রাজন্। আমার সহিত যুদ্ধে যদি পাও প্রাণ। তবে স্বর্গপুরে তুমি করহ প্রয়াণ॥ পৃথিবীতে শুনিয়াছি সোমবংশ হ'তে। নিঃক্ষত্ৰা হইল ক্ষিতি ভীমাৰ্জ্জন হাতে॥ তিন কোটি কিরাত দানব তিনকোটি। ভীমার্চ্জুন কর দেখি যুদ্ধ পরিপাটী 🛭 দানবের বচনেতে হ'ল মনে ফুঃখ। পঞ্চ ভাই যান, করি উত্তরেতে মুখ॥ দেখিল পাণ্ডবগণ করিল প্রয়াণ। কুপিয়া দানব হ'ল অগ্নির সমান॥ হাতে অন্ত্র করিয়া বেড়ায় চহুর্ভিত। দেখিয়া দ্রোপদী দেবা হৈল চমকিত। মেঘনাদ দৈতা বলে যাক পঞ্চ ভাই। ইহা স্বাকার ভার্য্য আন মম ঠাঁই 🛭 **এ** छिन धर्महाङ किছू न। विलेल । (जिलिनाटन देन जाजन धित्रा लाहेल ।

मिथ दूरकामत्र धर्मा बरल छाक मिशा। জৌপদীরে দৈত্যগণ লইল ধরিয়া॥ ওনিয়া চাহেন রাজা পাঞালীর ভিতে। জুদ্ধ হৈল রুকোদর নারিল সহিতে॥ ত্বলন্ত অনল যেন স্বত্যোগে বাডে। অশেষ প্রকারে দৈত্যগণে গালি পাড়ে॥ গদা নাহি শালরুক্ষ দেখি বিভয়ান। উপাড়িল ব্রক্ষবর দিয়া এক টান॥ নাড়া দিয়া পাতা ঝাড়ি হাতে নিল ডাল। ক্রোধ করি ধায় বীর ক্রুদ্ধ যেন কাল॥ প্রহার করয়ে রক্ষ ডাকে হান হান। দেখি মেঘনাদ দৈত্য হ'ল কম্পামান॥ ভীম বলে শুনরে কিরাত দৈত্যগণ। জৌপদীরে ছাড় যদি পাইবে জাবন॥ ইহা বলি প্রহারিল দৈত্যের উপর। অসংখ্য কিরাত দৈত্য গেল যমঘর ॥ অবশেষে পলাইল লইয়া জীবন। মস্তক ভাঙ্গিল কার ভাঙ্গিল দশন ॥ দেখি মেঘনাদ বলে মনে ভয় পেয়ে। তুমি রাজ্য কর হেথা নরপতি হ'য়ে 🛭 প্রাণ রক্ষা কর, হের লহ তব নারী। এত বলি দৈত্যপতি পরিহার করি॥ দেখি চিত্তে ক্ষমা দিল বার রুকোদর। **টোপদীকে ল'য়ে গেল ধর্মের গোচর ॥** তুষ্ট হ'য়ে ধর্মরাজ ভীমে দেন কোল। স্বর্গপথে যান রাজ। মুখে হরিবোল ॥ মহাভারতের কথা অমূত সমান। কাশীদাস দেব কহে শুনে পুণ্যবান্ ॥

দানবেশ্বর শিব দর্শন :

মুনি বলৈ শুন পর্নীক্ষিতের নন্দন।
চলেন উত্তরমূখে পাণ্ডুপুত্রগণ।
দানব ঈশ্বর শিব রচিত স্থবর্ণ।
নানা ধাতু বিভয়নি শোভে প্রতি বর্ণে।
মন্তকে শোভিত মনি মুকুভার পাঁতি।
অন্ধকারে দীপ্ত করে যেন দিনপতি।

দিব্য সরোবর তথা হ্রবাসিত জল। হংস চক্রবাক শোভে প্রফুল্ল কমল। তাহা দেখি পঞ্চাই জলেতে নামিয়া। করেন তর্পণ স্নান পিতৃ উদ্দেশিয়া॥ স্নান করি কুণ্ড হ'তে উঠি ছয়জন। দানব ঈশ্বরে আসি করিল পূজন। কেছ স্তব করে কেছ শিব সেবা করে। অফীঙ্গ প্রণাম কেহ করে লুঠি শিরে। ভক্তিভাবে ভোলানাথে মাগিলেন বর। তোমার প্রসাদে যেন দেখি দামোদর ॥ এত বলি প্রণমিয়া করি জলপান। উত্তরমুখেতে পুনঃ করিল প্রয়াণ ॥ কতদূর যাইতে দেখেন সরোবর। জল দেখি তুষ্ট হন পঞ্চ সহোদর ॥ জ্ঞল পান করি স্নিগ্ধ হন পঞ্চজন। ত্যজিলেন মেঘনাদ পর্ব্বতের বন॥ কেদার পর্বতে তবে করি আরোহণ। বড় স্থুখ পাইলেন দেখি উপবন॥ কেদার পর্বত সেই অতি স্থশোভন। যাহাতে শুনেন কর্ণে স্বর্গের বাজন ॥ পর্বতে উঠিয়া ভাবিছেন হৃষীকেশ। পৃথিবী চাহিয়া রাজা না পান উদ্দেশ ॥ অতিশয় উচ্চ গিরি বড় ভয়ঙ্কর। লক্ষ গজ পরিমাণ বিস্তার উপর॥ পর্ববতের চারি পাশে শোভে নানা রুক্ষ। কিন্নর গন্ধর্বব কন্যা আছে লক্ষ লক্ষ ॥ জিনিয়া সাবিত্রী সতী স্থন্দর কামিনী। জমর গুঞ্জরে যেন প্রফুল্ল পদ্মিনী॥ পাণ্ডবের রূপ দেখি মোহে নারীগণ। কহিতে লাগিল কিছু মধুর বচন ॥ কোথা হৈতে আগমন যাবে কোথাকারে। কিবা নাম কোন্ বৰ্ণ কহিবা আমারে n ধর্ম বলিলেন চন্দ্রবংশেতে উৎপত্তি। যুধিষ্ঠির নাম মম পাণ্ডুর সম্ভতি॥ জ্ঞাতিবধ পাতকে অস্থির মম মন। স্বৰ্গে যাব কৃষ্ণ আজ্ঞা দিলেন যেমন ॥

অতএব রাজ্য ছাড়ি যাই স্বর্গপুরে। এই পরিচয় কন্মে জানাই তোমারে। এত শুনি পুনরপি বলে কতাগণ। পৃথিবী ছাড়িয়া যদি আইলে রাজন।। কি হেতু পাইয়া ত্রঃখ যাহ স্বর্গপুর। এই দেশে থাক হৈয়া রাজ্যের ঠাকুর॥ দেখহ আমার পুরী পরম স্থন্দর। শোক রোগ ব্যাধি জরা নাহি নৃপবর ॥ চন্দ্ৰ সূৰ্য্য জিনি শোভা আবাদ উন্তান। কিন্নর নগরে রাজা হও মতিমান॥ তিন লক্ষ কন্সা মোরা হব তব দাসী। করিব চামর সেবা চারি পাশে বসি 🛭 এত শুনি ধর্মরাজ বলেন তথন। কুঁষ্ণের আজ্ঞায় যাব অমর ভুবন॥ দ্বাপর হইল শেষ কলি আগমন : যতুবংশ লইয়া গেলেন নারায়ণ॥ তাঁর দরশন বিনা রহিতে না পারি। **অতএব স্বর্গে যাব দেখিতে মু**রারি ॥ করিলাম সঙ্কল্ল যাবৎ প্রাণ থাকে। **না করিব রাজ্যভোগ যাব স্বর্গলোকে** ॥ শুনি কন্সাগণ পুনঃ কহে যুধিষ্ঠিরে। কেমনে যাইবে স্বর্গে মানব-শরীরে ॥ মনুষ্য হুর্গম স্বর্গ শুন নরপতি। শরীর ত্যব্ধিয়া সে গেলেন যত্নপতি॥ এই দেশে গঙ্গাতীরে থাকি কত কাল। দেবদেহ পেয়ে স্বর্গে যাবে মহীপাল ॥ আমাদের দঙ্গে থাক হাস্থ্য রঙ্গ রদে। কতক দিবদ কাল কাট অনায়াদে॥ রাজা বলিলেন যে তোমরা মাতৃদম। তোমা সবাকার মায়া মনেতে ছুর্গম ॥ নিষ্ঠ্র শুনিয়া নিবর্ত্তিল কন্সাগণ। চলেন উত্তরমুখে পাণ্ডুর নন্দন॥ পৰ্ব্বত দেখেন বীৰু অতি মনোহর। বিরাজিত অর্দ্ধ অঙ্গ শঙ্করী শঙ্কর ॥ নানা রত্ন বিভূষিতা আসন গম্ভীরা। অন্ধকার আলো করে যেন চন্দ্র তারা॥

তাহে বিরচিত কুণ্ড ত্রিভুবন সার। স্ফটিক সমান শুভ্র চন্দ্রের আকার॥ কুণ্ডে নামি স্নানদান করি পঞ্চজন। দুই কুল কৌরবের করেন তর্পণ। ন্ত্রান করি তিনবার প্রদক্ষিণ কৈল। মণিময় মহেশে দেখি তুফ্ট হইল।। বিমল ঈশ্বর শিব দাক্ষাতে দেখিয়া প্রণাম করেন সবে অঙ্গ লোটাইয়া ॥ কুমী কীট পশু পক্ষী যদি তথা মরে। রুদ্ররূপ ধরি তারা যায় রুদ্রপুরে॥ এ সকল তত্ত্ব শুনি লোকের বদনে। পুনঃ পুনঃ প্রণাম করিল ছয়জনে ॥ ভক্তিভাবে ভোলানাথে মাগিলেন বর। ভূতনাথ ভূতাধাশ তুমি ভূতেশ্বর॥ কুত্তিবাদ কালীকান্ত দেহ এই বর। তোমার প্রদাদে যেন দেখি দামোদর॥ বর মাগি ছয়**জন চলে তথা হৈতে**। পর্বত কেদার পার হ'ল মহা শীতে॥ गাইতে উত্তরমুখে পাণ্ডুর নন্দন। ত্ৰই জলাশয় তাহে দেখে স্থশোভন॥ ধর্মের নির্মাণ তাতে প্রফুল্ল কমল। হংস চক্রবাক ক্রীড়া করয়ে সকল॥ অপ্সরী কিন্নর। তথা নানা ক্রীড়া করে। মুনিগণ তপ করে পর্বত উপরে॥ খেলয়ে মর্কটগণ পেয়ে দিব্য শাখী। বিবিধ বিধানে স্থখ করে পশু পাখী॥ কভক্ষণ বিশ্রাম করিয়া তার তীরে। জল হেতু ভীমেরে পাঠান সরোবরে॥ মুনি বলে শুনহ নৃপতি জন্মেজয়। উত্তরমুখেতে যান পাণ্ডুর তনয়।। যুধিষ্ঠির প্রভৃতি আইদে স্বর্গপথে। সমাচার জানি ধর্ম আসিল ছলিতে॥ জলচর পক্ষী হৈয়া রন সরোবরে। বিদলেন যুধিষ্ঠির পর্বত উপরে। পথশ্রমেতৃফাযুক্ত রাজ। যুধিষ্ঠির। कल (रुक् ठिलालन तुरकानत वीत ॥

আজ্ঞা পেয়ে সরোবরে গেল রুকোদর। দেখিয়া ডাকিয়া বলে পক্ষী জলচর॥ কিবা বার্ত্তা কি আশ্চর্য্য কিবা দার পথ। কেবা সদা স্থথে থাকে কহু চারি মত।। পক্ষীর বচন ভীম না শুনিল কাণে। শিলারূপ হইলেন জল পরশনে॥ এইরূপে অর্জুন নকুল সহদেবে। প্রশ্ন না কহিতে পারি শিলা হয় সবে॥ অবশেষে আপনি চলেন ধর্মা ভূপ। তারে ধর্ম জিজ্ঞাদেন মায়। পক্ষীরূপ॥ কি বার্ত্তা আশ্চর্য্য পথ কেবা সদা স্থয়ী। জল খাবে পাছে অগ্রে কহ শুনি দেখি॥ ধর্ম্ম বলিলেন এই বার্ত্তা আমি জানি। মাদ বর্ষ রূপে কাল পাক করে প্রাণী॥ দিনে দিনে যমালয়ে যায় জীবগণ : শেষের জীবন আশা আশ্চর্য্য লক্ষণ॥ শ্রুতি স্মৃতি আগম অশেষ ধর্মপথ। সেই পথ দার যেই দজ্জনের মত॥ ফল মূল শাক ধেই থায় দিবাশেষে। অপ্রবাদী অঋণী দে সদা স্থায়ে বৈদে॥ এই সত্য চারি আমি জানি মহাশয়। শুনিয়। সন্তুষ্ট ধর্ম্ম দেন পরিচয়॥ চমৎকার হৈয়া রাজা পড়িলেন পায়। ভ্ৰাতৃগণে উদ্ধারিয়া আনন্দিত কায়॥ আশীর্কাদ করি ধর্ম বলিলেন তবে। সর্ব্ব ধর্মা শ্রেষ্ঠ তুমি একা স্বর্গে যাবে ॥ আর সব জন পথে পডিবে নিশ্চয়। এত বলি ধর্ম চলিলেন নিজালয়॥ ভারত পঞ্চজরবি মহামুনি ব্যাস। পাঁচালী প্রবন্ধে বিরচিল কাশীদাস॥

মেরবর্গ পর্বক্রে প্রাপ্তিবদের প্রমন্ত ও ভীমের হস্তে ভীষ্ণা রাক্ষসীর মৃত্যু ।

মুনি বলে শুনহ নৃপতি জন্মেজয়। গেলেন উত্তরমুখে পাণ্ডুর তনয়।

মেঘবর্ণ নামে গিরি অতি ভয়ক্ষর। অরোহেণ পাঞ্পুত্র তাহার উপর॥ ছত্রিশ যোজন দেই পর্বত প্রদর। অতি অনুপ্ন যেন স্থায়ক শিখার॥ তথায় থাকিয়া মেঘ বর্ষে চারি মাদ। নানা শবে কোলাহল দেখিলে তরাস।। সেইত পর্ববত রক্ষা করে দেবগণ। পূর্ণচন্দ্র দলা তথা করে প্রশোভন॥ মেঘগণ আছে তথা অতি ভয়ুপ্তর। দিবা রাত্র নাহি জানি পর্ববত উপর॥ পঞ্চনারী বৈদে স্থে স্থরে। কিন্নরী জিনিয়া শোভা করে অলঙ্কারে॥ যুধিটিরে দেখি বাল নারী পঞ্জন। কোথা হৈতে অপিয়াছ ভূমি বিচক্ষণ॥ মমুষ্ট্রের প্রেষ্ঠ ভূমি বুরিদ্রু কারণে: বস্তু তুঃ প্রভিন্ন কর মনে॥ নয় কোৰী কন্ত: লৈয়া থাক এই ভূমি। আপন ইচ্ছার স্বামী করিলাম আমি॥ আমার মধ্যে ক্লপ অভি রম্য পুরী। তুমি স্বঃমী হইলো দেবিব কোটি নারী॥ দ্বিতীয় সংগরি হ'ব পাইবে **হেথায়**। রাজ্য কর যত দিন চন্দ্র দূর্য্য রয়॥ কম্যার বচন শুনি ধর্মের তনয়। যোডহাতে কহিছেন অতি দবিনয়॥ **শঙ্করা** করিত্ব আমি দ্বার দাকাতে। স্বৰ্গপূৰ্বী ঘাইব কেখিব জগনাথে॥ কলি আগ্যন গ্র ইহার কারণ। স্বর্গে যাই অনুজ্ঞা দিলেন নারায়ণ॥ দয়া করি মেরের বর দেহ কন্যাগণ। স্বর্গে গিয়া দেখি যেন বিষ্ণুর চরণ॥ এত বলি ভথা হৈতে করিয়া গমন। উত্তরমুখেডে যান পাণ্ডর নন্দন॥ হেনকালে সেই পথে ভীষণা রাক্ষদী। মুখ মেলি পর্বত-শিখরে **আছে** বদি॥ স্বৰ্গ মন্ত্ৰ্য যুড়ি কায় অতি ভয়ঙ্কর। বদন দেখিয়া ভয় করে দিবাকর 🏾

বিশাল রাক্ষদী পথ আগুলিয়া রছে। বিপুল মনুষ্য দেখি খাইবারে চাহে ॥ ধর্ম বলিলেন হের দেখ রুকোদর। মুথ মেলি থেতে চায় হুস্ট নিশাচর॥ ভয় হয় মনে, দেখি মুক্তি ভয়ঙ্কর। চারি ক্রোশ পথ যুড়ি দীর্ঘ কলেবর॥ কিরূপে যাইব পথে করিল আটক। দীপ্তমান তেজ যেন জলন্ত পাবক 🗈 **জোপদীর ভয় হৈল রাক্ষদী** দেখিয়া । ভয়েতে অৰ্জ্জুন বীরে ধরিল চাপিয়া॥ শহ্মপাণি নামে মুনি বৈদে দেই বনে যুধিষ্ঠির জিজ্ঞাস। করেন তাঁর স্থানে ॥ **ব্বি হেতু রাক্ষদী বাদ করে স্বর্গপথে** : সর্বকাল আছে, কিন্ধা এল কোথা হতে। শুনি মুনি বলিলেন বচন গভীর। রাক্ষদীর বিবরণ শুন যুধিষ্ঠির॥ চিত্রা নামে স্বর্গপুরে আছিল অপ্সরী। ত্রকাদা মুনির শাপে হৈল নিশাচরী॥ কুধায় না থাকে এই মায়াবী রাক্ষদী। যারে পায় ভারে খায় কিবা যোগী ঋষি তপন্ধী সন্ত্রাসী মুনি মুগ পক্ষী নরে। পাইলে আনন্দ মনে দবে গ্রাদ করে 🛚 ক্ষণেকে অপ্সরী হ'য়ে স্থরে মন মোছে ! নররূপ পক্ষীরূপ ইচ্ছা হয় যাছে 🗈 বকাস্থর নামে ছিল রাক্ষস তুরস্ত। তাহার ভগিনী এই শুনহ তদন্ত॥ শক্তি যদি থাকে, তুফ্টে করহ সংহার : নহে ধরি নিশাচরী করিবে আহার॥ এত শুনি রুকোদর হৈল আগুয়ান। দক্ত করি কহিল রাক্ষসী বিভাষান। বকাম্বর নামে যেই তোর জ্যেষ্ঠ ভাই। ভারে মারিয়াছি আমি তোরে না ভরাই। এত বলি মহাজোধে বীর রুকোদর। পর্বতের শৃঙ্গ হুই ভাঙ্গিল সত্বর॥ টান দিয়া একখান মারে রাক্ষদীরে। মুখ মেলি রাক্ষ্সী গিলিল কোপভরে 🛚

দেখি কোপে আর শৃঙ্গ মারে রুকোদর। লুফিয়া রাক্ষদী ধরে পর্বত শিখর॥ রক্তাক্ষি রাক্ষদী কোপে চাহে চারিপাশে। বড বুক্ষ ভাঙ্গে তার নাসার নিশ্বাদে॥ * ভী**মের সাক্ষাতে শব্দ করে ভ**য়ঙ্কর। দেধান্তর কম্পমান দিন্ধু ধরাধর 🛭 রাক্ষদীর ঘোর শব্দ ঘন ত্তৃস্কার। কোপে থর থর অঙ্গ পবনকুমার॥ উপাড়িল সেই রুক্ষ দিয়া এক টান। পদ্ভরে পর্বত ইইল কম্পবান ॥ ভীম বলে নিশাচরী দেখ এই বৃক্ষ। বজ্রদম প্রহারে ভাঙ্গিব তোর বক্ষ॥ এত বলি হাতে গাছ আদে বায়ুবেগে। রাক্ষদী কাটিয়া পাড়ে দশনের আগে॥ না মরে রাক্ষনী দেই নাহি ছাড়ে পথ। দেখি ধর্ম চিন্তিত হলেন মনোগত॥ বীর রুকোদর পুনঃ গোবিন্দ ভাবিয়া। স্থররাজ পর্বত আনিল টান দিয়া॥ ভাষ বলে নিশাচরী শুন রে ভাষণা। মনে না করিছ আর বাঁচিতে কামনা॥ মুনি ঋষি খেয়ে তোর বেড়েছে বাদনা। স্থাজ যুদ্ধে দেখাইব যমের যাতনা।। এত বলি তুই হাতে পর্বত ধরিয়া। রাক্ষসারে প্রহারিল হুঙ্কার ছাড়িয়া॥ আইদে পর্বত দেখি গগনের পথে। লাফ দিয়া রাক্ষসা ধরিল বাম হাতে॥ বলবতী নিশাচরী শঙ্করের বরে। ফেলাইয়া দিল গিরি দক্ষিণ দাগরে॥ দেিয়া বিশ্বায়াপন্ন হৈল ভামবার। কি হবে উপায় চিন্তিলেন যুধিষ্ঠির॥ তবে ব্লকোদর বীর বিষন্ন বদনে। ব্যাকুল হইল বীর রাক্ষদীর রণে 🛭 নাহি মরে নিশাচরী নাহি ছাড়ে পথ। মুখ মেলি গ্রাদে যেন আদিত্যের রথ ॥ মনে ভাবি ভীমদেন হুইল বিশ্বায়। জনক পীবনৈ চিন্তে সঙ্কট সময় 🛚

পুত্রে পার কর পথে পিতা প্রভঞ্জন। তোমার প্রদাদে তবে দেখি নারায়ণ॥ এত বলি ব্লেগদর ডাকিল পবনে। ডাক দিয়া প্ৰবন বলিল ভীমদেনে॥ শুন পুত্র ব্লোদর না হও ভাবিত। কি কার্য্য তোমার রণে করিব বিহিত। জোড়হাতে বলে ভীম বন্দিয়া চরণ। রাক্ষদী মারিলে হয় স্বর্গ আরোহণ ॥ এই কর্ম্ম কর পিতা হর তার বল। ঘুষিবে তোমার যশ অবনীমগুল॥ এত শুনি হাসিয়া বলিলেন প্রবন। তব তেজঃ হোক পুত্র আমার সমান॥ বাহুবলে রাক্ষদীরে করহ সংহার। বহু হুথে স্থরপুরে কর আগুদার॥ রুক্ষ ল'য়ে রুকোদর মারে মালদাট। চালাইয়া দিল রুক্ষ নাদিকার বাট॥ রাক্ষদী নিস্তেজ হ'ল ভীমের প্রহারে। লোটাইয়া পড়ে স্থুমে ছটফট করে॥ দেখিয়া হইল ভাম প্রফুল্ল মন্তর। লক্ষ দিয়া উঠিলেন বুকের উপর॥ নাদাপথে উঠে বুক্ষ ভেদি তার মুগু। হস্ত পদ চিরিয়া করিল খণ্ড খণ্ড !! আকর্ষণ করি করে উপাড়িল স্তন। বক্স কিলে ভাঙ্গিলেন তুপাটি দশন॥ মস্তক ঢুকায় তার পেটের ভিতরে। গলা চাপি ধরিয়া বধিল রাক্ষদীরে। মাংদপিও দম কৈল কচ্ছপের হেন। পূর্বেতে কীচক বীর বিনাশিল যেন॥ কুষাগু সমান কৈল রাকদীর কায়। মহাক্রোধে পদাঘাত মরিলেক তায়॥ ঘোর শব্দ করিয়া মরিল নিশাচরী। আনন্দিত রুকোদর বিক্রমে কেশরী॥ অন্তরীকে তুলে তারে রুক্ত জড়াইয়া। ঘন পাক দিয়া ফেলে ভূমে আছাড়িয়া॥ দেবাহুর নাগ নর দেখি বিস্তমান। গন্ধমাননেরে যেন লুফে হতুমান ॥

অন্তরীক্ষে শত পাক দিয়া রাক্ষসীরে। ফেলাইয়া দিল তারে দক্ষিণ সাগরে ভীষণা রাক্ষসী মারি ভীম মহাবীর। শীত্রগতি গেল যথা রাজা যুধিষ্ঠির॥ ভারত পক্ষজরবি মহামুনি ব্যাস। পাঁচালী প্রবন্ধে বিরচিল কাশীদাস॥

ভদ্রকালী পর্বতে পাগুবদের গমন ও হরি পর্বতে ভৌপদীর দেহত্যাগ।

মুনি বলে শুন পরীক্ষিতের নন্দন। চলিল উত্তরমুখে ভাই পঞ্জন ॥ দেখিল অপূর্ব্ব এক পর্ব্যত উপর। অতি অপরূপ শিবলিঙ্গ মনোহর॥ চন্দ্ৰ সূৰ্য্য স্ফটিক জিনিয়া শুভ্ৰকায়। স্তব করিলেন রাজা মহেশের পায়॥ তোমার প্রদাদে করি স্বর্গ আরোহণ। এত বলি প্রণমিয়া করেন গমন॥ বহু কন্টে রাক্ষদ আশ্রম এড়াইয়া। ভদ্রকালী নামে গিরি আরোহেণ গিয়া ॥ দেখেন পর্বতে উঠি পাণ্ডুর নন্দন। সপ্তরথে সূর্য্য আদি গ্রহদেবগণ॥ তাহা দেখি ছয় জন হরিষ অন্তরে। ভদ্রকালী দেবী দেখিলেন গিরি'পরে॥ প্রণাম করিয়া বর মাগেন যতনে। এই বর দাও মাতা মাগি তব স্থানে॥ যুধিষ্ঠির কন দেবী কর মোরে দয়া। কলিকালে জাগ্ৰতা থাকিবা মহামায়।॥ রাজা প্রজা অন্যায় যে করে অবিচারে। খণ্ড খণ্ড হবে তারা তোমার খর্পরে॥ অমর নগর সম হৃদ্দর শোভন। বিচ্যাধরি অপ্সরী জিনিয়া কন্যাগণ ॥ লীলাবতী নামে কন্সা ভূপতি তাহাতে। পাটে অধিকার করে পুরুষ বর্জ্জিতে॥ পঞ্চ ভাই পাশুবে দেখিয়া নিজ পুরে। অগ্র হ'য়ে কহিলেন সবার গোচরে ॥

রাজ্য নিতে এল কিবা কোন নরপতি। আমার পর্বতে এল অপরূপ গতি॥ সর্বকাল এই রাজ্য মম অধিকার। যে হুউক সমরে করিব মহামার॥. এত বলি হাতে অস্ত্র ধন্মক লইয়া। যুধিষ্ঠিরে রাখিল পর্ব্বতে বসাইয়া॥ কোন' নারী জিজ্ঞাদ। করলি পাগুবেরে। কেবা তুমি কোথা যাবে কেন এই পুরে॥ রাজা বলে কন্যাগণ না হও অস্থির। পৃথিবীর রাজা আমি নাম যুধিষ্ঠির॥ কি কারণে তোমা সবে ভাব অন্য কথা। রাজ্য দেশ লইতে না আসি আমি হেথা। কলি আগমন হবে পৃথিবী ভুবনে। স্বর্গে আরোহণ মোরা করি দে কারণে॥ এত শুনি কন্যাগণ চলিল ধাইয়া। লীলাবতী রাণীকে সংবাদ দিল গিয়া॥ শুনি লীলাবতী কন্সা ফেলে ধনুৰ্ব্বাণ। **লক্ষ নারী সাজ করে বিবিধ বিধান**॥ নানা অলঙ্কার অঙ্গে সাজন করিয়া। যুধিষ্ঠির অত্যে কহে হাসিয়া হাসিয়া॥ জিতেন্দ্রিয় রাজা তুমি মহাপুণ্যবান। অতএব এতদূরে করিলে প্রয়াণ ॥ মম ভাগ্যে আদিয়াছ আমার নগর। আমি দাসী হব তুমি হও রাজ্যেশ্বর॥ ভদ্রকালী পর্ববেতে আমি অধিকারী। হীরা মণি মাণিক্যে মণ্ডিত মম পুরী। যাবৎ থাকিবা ভদ্রকালীর পর্ববতে। তাবৎ থাকিব রাজা তোমার দহিতে॥ ব্ধরা মৃত্যু ব্যাধি ভয় নাহি কোন পীড়া। স্বৰ্গ হ'তে এ স্থানে আনন্দ পাবে বাড়া। যুধিষ্ঠির বলেন যে শুন লীলাবতী। নিঃশক্ত করিয়া আমি ছাড়িলাম ক্রিতি [॥] কলি আগমনে আজ্ঞা দেন নারায়ণ। রাজ্য ত্যজি কর গিয়া মর্গ আরোহণ 🛚 করেছি শঙ্কল্প আমি মর্ত্ত্যের ভিতর। রাজ্য না করিব, যাব অমর নগর 🗗

মহাভারত **



পৃষ্ঠা—৮৮৮]

দ্রে।পদীর দেহত্যাগ।

অতএব ক্ষমা মোরে দাও কন্যাগণ। হ্বরপুরী যাব আমি যথ। নারায়ণ॥ যুধিষ্ঠির নৃপতির চরিত্র দেখিয়া। পুনরপি কহে কন্যা ঈষৎ হাসিয়া॥ বুদ্ধি নাহি কিছু তব ধর্ম্মের নন্দন। কি হুখ পাইবা স্বর্গে দেখি নারায়ণ॥ আমাদের দঙ্গে তুমি থাক নিরন্তর। স্বর্গের অধিক ফল পাবে অতঃপর ॥ যুধিষ্ঠির বলিলেন কৃষ্ণ দঙ্গ হৈতে। অত্য স্থথ নাহি ভাল লাগে মোর চিতে ॥ শ্রীকৃষ্ণ বিচ্ছেদে মরি শুন কন্মাগণ। অতএব যাব আমি অমর ভুবন॥ রাজার বিনয় বাক্য শুনি নারীগণ ৷ বাছডিয়া নিবর্তিয়া গেল সর্ববজন ॥ লীলাবতী কন্মা গেল পেয়ে মনোত্রঃখ। পঞ্চ ভাই চলিলেন উত্তরাভিমুখ॥ কত দূরে দেখিলেন পাণ্ডুর নন্দন। ভদ্রেশ্বর নামে লিঙ্গ অতি স্থশোভন॥ ত্রৈলোক্য বিখ্যাত শিব অতি মনোহর। নানা রত্নে বিরচিত প্রবাল প্রস্তর ম তাহা দেখি পাগুবের হর্ষিত মন। পঞ্চ ভাই করিলেন প্রণাম স্তবন ॥ স্নানদান করি সবে ফল পুষ্প লৈয়া। পূজা করি স্তব করে চৌদিক বেড়িয়া॥ বর মাগিলেন অতি মনের কৌতুকে। করিলেন যাত্রা সবে উত্তরাভিমুখে ॥ হরিনাম পর্বতে করেন আরোহণ। দেখেন পর্বতে মণি মাণিক্য রভন ॥ ঐরাবত নামে হস্তী ফিরে পালে পালে। দেব যক্ষ মরে, অঙ্গ হিমেতে ভেদিলে ॥ মহাহিমে শীত ভেদি যায় কত দূর। পাছে পড়ি ক্রোপদীর অঙ্গ হৈল চুর 🛭 বিষম দারুণ হিমে শীর্ণ কলেবর। মুচ্ছিত হইয়া পড়ে পর্বত উপর॥ অন্তকাল জানি দেবী চিল্ডে নারায়ণ। স্বামীগণ মুখ চাহি ত্যজিল জীবন !

পাঞ্চালীর পতন পর্বত হরিনামে।
অগ্রগামী রাজা না জানেন কোন জনমে॥
পাছে ব্কোদর পার্থ দেখি বিপরীত।
ডাক দিয়া যুখিন্তিরে বলেন ছরিত॥
পাঞ্চালী পড়িয়া পথে ত্যজিল শরীর।
ভানি তবে আকুল হৈলেন যুখিন্তির॥
মহাভারতের কথা রচিলেন ব্যাস।
পাঁচালী প্রবন্ধে কহে কাশীরাম দাস॥

দ্রৌপদীর শোকে পাওবদের বিলাপ। যুধিষ্ঠির নৃপমণি, কোলে লৈয়া যাজ্ঞদেনী, কান্দিছেন সকরুণ ভাষে। শোক হুঃখে অচেতন, আর ভাই চারিজন, অশ্রন্মুখে বৈদে চারিপাশে॥ দ্রোপদীর মুখ চেয়ে, কান্দিছেন বিলাপিয়ে, কোথা গেলে ক্রপদনন্দিনী। অজ্ঞাতে তোমার তরে, বৃধিসু কীচক বীরে, তুমি পাওবের ধন মানি॥ যেকালে ক্রপদরাজে, পণ কৈল সভামাঝে, রাধাচক্র বিন্ধিতে যে পারে। ত্রিভূবনে দেই ধয়া, অযোনিসম্ভবা কন্সা সম্প্রদান করিবে তাহারে॥ এক লক্ষ নৃপমণি, প্রতিজ্ঞা বচন শুনি, হুড়াহুড়ি বিশ্ধিবার তরে। ছুর্ব্জয় ধনুক ধরে, গুণ দিতে নাহি পারে, তবু বাঞ্ছা পাইতে তোমারে ॥ রক্ত উঠে কার মুখে, কার হস্ত খাড় বাঁকে, না পারিয়া ক্ষমা দিল সবে। চারিবর্ণে যে বিন্ধিবে, ভারে রাজকম্মা দিবে, দ্রুপদ কহিল ডাকি তবে॥ তোমা জিনি পঞ্চাই,গেলাম জননী ঠাই, ভিক্ষা বলি মামে বলা গেল। ना (मिथ्रशाना अनिया, अननी हत्रिय देह्या, বাটি খাও পঞ্চলনে কৈল 🛭 আজা দিল মুনিগণে, বিভা কৈমু পঞ্জনে, नक्योक्रभा यमत्री भाकानी।

দ্বাদশ বৎসর ব'নে, তুষিলে ব্ৰাহ্মণগণে, পর্বতে পড়িলে অঙ্গ ঢালি। মর্জ্যে করিলাম পাপ, তেঁই এত পাইতাপ, কেন তুমি পড়িলে পর্বতে। কেমনে যাইৰ পথে, কান্দেন ভূপতি চিতে, নাহি কেহ প্রবোধ করিতে॥ কান্দি ভীম ধনঞ্জয়, যমজ পোদরবয়. শোকাকুল করে হাহাকার। বিস্তর বিলাপ করি, বলে পুনঃ হরি হরি, অত্যে হৈল মরণ তোমার ॥ আমাদের দঙ্গ ছাড়ি; পর্বতে রহিলা পড়ি, ভোমা এড়ি যাইব কিমতে। এতেক ভাবিয়া সবে, কিছু শাস্ত হৈয়া তবে, প্রিয়বাক্য কছে ধর্মান্থতে ॥ এই হেছু দেশে পূর্বে,রহিতে বলিতে সর্বে, দ্যু করি না ছাড়িলে সঙ্গ। তোমা হেন নারী বিনে,শূন্তদেখি রাত্রিদিনে, বিধাতা করিল হথ ভঙ্গ॥ ভারতের পুণকেথা, শ্রুবণে বিনাশে ব্যধা, হয় দিব্যজ্ঞানের প্রকাশ। স্ক্রনের মনঃপুত্ কমলাকান্তের হৃত্ বিরচিল কাশীরাম দাস॥

যুধিষ্ঠিরের প্রতি ভীমের প্রশ্ন।

যুনি বলে শুনহ নৃপতি জন্মেজয়।
তবে কতক্ষণে পঞ্চ পাণ্ডুর তনয় ॥
ড্রোপদীরে বেড়িয়া বৈদেন পঞ্চজন।
ধর্ম্মরাজ বলিলেন গদগদ বচন ॥
তোমার বিচ্ছেদ প্রাণে সহিতে না পারি।
হায় প্রিয়ে মোরে ছাড়ি গেলে কোন পুরী ॥
পড়িয়া রহিলে কেন পর্বত উপরে।
তোমার শয়নে মম পরাণ বিদরে।
উত্তর না দেহ কেন স্বামী পঞ্চজনে।
সঙ্গ ছাড়ি কেমনে রহিলে মহাবনে ॥
কপট পাশায় আমি করিলাম পণ।
তব অপমান কৈল তুই তুঃশাসন॥

তোমার কারণে ভীম প্রতিজ্ঞা করিল। তুঃশাসনের বক্ষ চিরি রক্তপান কৈল। উরু ভাঙ্গি মারিল নৃপতি ছু'র্য্যাধন। নিঃক্ষত্রা হইল ক্ষিতি তোমার কারণ॥ তোমা হেতু জয়দ্রথ পায় অপমান। গোবিন্দের প্রিয় তুমি পাগুবের প্রাণ॥ তোমার বিহনে দিনে দেখি অন্ধকার। এত শুনি কান্দে রাজা চক্ষে জলধার॥ বুকোদর বলিলেন ধর্মা নৃপমণি। কোনপাপে পর্ব্বতে পড়িল যাজ্ঞদেনী॥ পতিব্ৰতা হৈয়া স্বৰ্গে নাহি গেলে কেনে। এত শুনি শ্রীধর্ম্ম বলেন ভীমদেনে॥ দ্রোপদীর পাপ শুন কহি যে তোমারে। আমা হৈতে বড় স্নেহ ছিল পার্থ বীরে॥ এই পাপে ডৌপদী রহিল এই ঠাঁই। জানাই বৃত্তান্ত শুন বৃকোদর ভাই॥ জ্ঞাতিবধ পাপে সদা জ্বলিছে আগুনি। ঘুতাহুতি তাহাতে হৈল যাজ্ঞসেনী॥ মহাভারতের কথা স্থগ হৈতে স্থগ। কর্ণপথে পান কৈলে খণ্ডে মনক্ষুধা। কাশীরাম দাস প্রভু নীল শৈলারত। দক্ষিণে অনুজানুজ সন্মুথে গরুড়

পাগুবদের বদরিকাশ্রমে গমন ও সহদেবের মৃত্যু ও যুদিষ্ঠিরের শোক।

বলেন বৈশম্পায়ন শুন জন্মেজয়।
দৌপদীরে তেয়াগিয়া পাণ্ডুর তনয়॥
শোক মোহ কাম ক্রোধ লোভ আদি ছাড়ি।
পঞ্চ ভাই গঙ্গাতীরে যান স্বর্গপুরী॥
যাইতে উত্তরমুখে পাণ্ডুর নন্দন।
তাত্রচূড় গিরি করিলেন আবোহণ॥
পর্বাত দেখিয়া স্থাী পাণ্ডুর তনয়।
শন্মনাদে পুরিল সর্বাত্র জয় জয়॥
আকাশ পরশে চূড়া অতি ভয়য়য়।
সপ্ত জয় রপে যায় দেবতা ভায়য়য়॥

কালচক্র ফিরে দল আপনার কাছে। রক্ষ লতা নাহি তথা ভাস্করের তেজে॥ পাপিষ্ঠ পরাণী যদি তথা গতি করে। আরোহণ মাত্রে দেইক্ষণে পুড়ে মরে॥ দেখিয়া বিস্ময়াপন্ন ভাই পঞ্চন। কালাগি রুদ্রের পুরী ভয়ঙ্কর বন॥ অতিশয় প্রচণ্ড প্রতাপ তেজ তাঁর। নিকটে যাইতে শক্তি নাহিক কাহার ॥ আছেন ঈশ্বর তথা দশমূর্ত্তি ধরি। দ্বারে থাকি পঞ্চ ভাই নমস্কার করি॥ স্তব করি বর পেয়ে করিল গমন। ক্রৌঞ্চ নামে পর্বতে করিল আরোহণ॥ ক্রৌঞ্চের নির্ম্মাণ পুরী অতিশয় শোভা। ইন্দ্রের খাণ্ডব জিনি কুনকের প্রভা॥ স্বৰ্গ হৈতে নামে তাতে গঙ্গা সরস্বতী। হংস চক্রবাক জলে চরে হান্টমতি॥ স্বর্ণের পাথা পক্ষী আছে বহুতর। জল স্থল আবাদ উত্যান মনোহর॥ নির্মাল উজ্জ্বল জল স্ফটিক আকার। তীরে তপ করে মুনি জ্ঞান অনুসার॥ নেখিয়া হরিষ বড় পাণ্ডু-পুত্রগণ। স্বর্ণের মণ্ডপ তথা দেখি বিচক্ষণ॥ অতি অপরূপ পুরী প্রাসাদ মন্দির। অশ্বকারে আলো করে জিনিয়া মিহির॥ পুকরাক্ষ নামে শিব মণ্ডপ ভিতর। তাঁর পূজা করে দেব দানব-ঈশ্বর॥ কিন্নরের রাজপুরী অতি অনুপম। স্থাপিয়াছে দেব-দেব মহাদেব নাম। বীণা বংশী বাজে কেহ গায় শিবগীত : গন্ধর্বে কিন্নর যক্ষ দবে আনন্দিত। চারিপাশে স্তুতি করে নাচয়ে নর্ত্তনী। অন্য জাতি নারী নাহি সকল ব্রাহ্মণী॥ কেহ গন্ধ চুয়া দেয় পুষ্প পারিজাত : বিশ্বপত্তে গালবাজে পূব্দে বিশ্বনাথ॥ স্তবপাঠ করে কেহ শিবের সাক্ষাতে। একপদে ন্তব কেহ করে বাড়হাতে 🛚

সেবিলে সকল পাপ হয় তার ক্ষয়। অনেক তপস্বী ঋষি করয়ে আঞায়॥ नित्रविध मद्य (मद्य भिरवत हत्र। অন্তরীক্ষে আছে কেহ যোগপরায়ণ।। দেখি পঞ্চাই করিলেন স্নানদান। লোভ মোহ ছাডিয়া পাইল দিব্যজ্ঞান ॥ স্নান করি পাণ্ডব হইল কুভূহলী। পিতৃলোকে উদ্দেশিয়া দেন জলাঞ্জলি॥ প্রবেশ করেন সবে মগুপ ভিতরে। বিবিমতে পঞ্ভাই পূজিল শঙ্করে॥ করযোড়ে প্রস্থু রুদ্রে মাগিলেন বর। পুনঃ জন্ম নাহি হয় মর্ক্ত্যের ভিতর॥ এত বলি প্রণমিয়া যান তথা হৈতে। দেবপুষ্প পড়ে আদি ভূপতির মাথে। দেখিয়া তপস্বিগণ প্রফুল্ল স্বন্তরে। আদর করিল বড় রাজা যুদিষ্টিরে॥ এই তীর্থে থাক রাজা মোদবার দঙ্গে। কোথাকারে কোন্ হেতু যাবে কোন্ ভাগে ॥ এত শুনি যুধিষ্ঠির বলেন হাসিয়া। নিক্ষণ্টক নিজ রাজ্য, সকলি ত্যজিয়া॥ শঙ্কল্ল করেছি আমি মর্ত্ত্যের ভিতর। স্বর্গপুরে যাইব দেখিব দামোদর॥ আশীর্কাদ কর মোরে সব মুনিগণ। স্বর্গে গিয়া দেখি যেন দেব নারায়ণ॥ এত শুনি বলে তারে ক্রোঞ্চ মুনিবর। তব তুল্য রাজা নাহি অবনী ভিতর ॥ সমস্ত ত্যজিয়া যাহ স্বর্গের বসতি। দেখিয়া গোবিন্দ-পদ পাবে নিব্যগতি ॥ ভারে নমস্কার করি ধর্মের নন্দন। উত্তরমুলেকে যাত্রা করেন তথন।। বদরিকা এমে দেখি জাহ্নীর কুলে। বদরিক রুক্ষ তথা শোভে ফল ফুলে॥ অমৃত জিনিয়া স্বাহ্ন পিক নাদে ডালে। জরা মৃত্যু ভঃ নাহি তথায় থাকিলে॥ ছুর্ববাদার বরে রুকে অক্ষয় অব্যয়। নানা বর্ণে নানা স্থল দিব্য দেবালয়॥

করয়ে তপস্থা তীরে কত শত মুনি। তরঙ্গ নির্মাল বহে গঙ্গা মন্দাকিনী॥ দ্ৰব্বাসা গৌতম ভরদ্বাব্দ পরাশর। অশ্বত্থামা আঙ্গিরস আর সোমেশ্বর॥ ঋষিগণ বলে তবে রাজাকে দেখিয়া। হেথায় থাকহ রাজা আমা সবা লৈয়া॥ দেবতা গন্ধৰ্ব্ব এথা আছে শত শত। পঞ্চাই থাক হ্রখে সবার সহিত। অশ্বত্থামা আসিয়া মিলিল পঞ্চজনে। পূর্ব্ব শোক স্মরিয়া কান্দয়ে ছঃখমনে॥ অশ্বত্থামা বলে থাক বদরিকাশ্রমে। পাপ মুক্ত হৈয়া, হরি পাবে পরিণামে ॥ এতেক শুনিয়া বলিলেন যুধিষ্ঠির। না করিব স্থিতি মোরা থাকিতে শরীর॥ সঙ্কল্প করিত্ব আমি কুষ্ণের দাক্ষাতে। যাইব অমরপুরে হ্রমেরু পর্বতে ॥ সঙ্গল্প লঙ্গিলে হয় ব্রহ্মবধ ভয়। অতএব কহি শুন তপশ্বী-তনয়॥ যে হোক দে হোক, থাকে যায় বা জীবন। যাইব বৈকুণ্ঠপুরী যথা নারায়ণ ॥ অশ্বত্থামা বলে কোথা ক্রন্পদ-নন্দিনী। ্যুধিষ্ঠির কহিলেন ত্যব্জিল পরাণী॥ ৬নি হাহাকার করি কান্দে দ্রোণহৃত। হাহা কুষ্ণা স্থবদনী রূপ গুণযুত॥ তবে গুরুপুত্রে বন্দিলেন সর্ববজন। উত্তর মুখেতে যান পাণ্ডুর নন্দন॥ কতদুরে গঙ্গাতীরে দেখে নৃপবর। পৰ্ব্বত বৈৰত নামে অতি মনোহর॥ স্বৰ্গ মৰ্ক্তা তুল্ল'ভ বিচিত্ৰ উপবন। অরোহেণ দে পর্ববতে ভাই পঞ্জন ॥ রেবা নাক্সে পুণ্য নদী পর্বত উপর। - অতি শুনির্মাল জল শোভে মনোহর॥ তীরে রেবানাথ বিষ্ণুমৃত্তি চতুতু জ। প্রেণমেন যুধিষ্ঠির সহিত অসুজ্ঞ 🖟 মণি মরকত পুরী অতি শোভা করে ৷ চৌরশী যোজন তার উপরে বিস্তারে ॥

বুক্ষে অন্ধকার নাহি জানি দিবারাতি। তিন লক্ষ কিরাত কুৎসিত মৃত্তি অতি॥ নানাবর্ণে অস্ত্র ধরে প্রচণ্ড কিরণ। মণি রত্নে বিভূষিত লোহিত বরণ ॥ পিন্ধন গাছের ছাল তাত্রবর্ণ কেশ। কর্ণে রামকড়ি সাজে ভয়ঙ্কর বেশ ॥ কেই মালদাট মারে কেই দেয় লক্ষ। কেহ অন্তরীকে কেহ জলে দেয় ঝ'ফ॥ বাণ রৃষ্টি করিয়া করিল অন্ধকার। ভাবেন না দেখি পথ পাণ্ডুর কুমার॥ মহাহিমে কাঁপে তমু পায়ে বাজে শীলা। বিষণ্ণ হইয়া তবে ভাবিতে লাগিলা॥ তিন লক্ষ কিরাত করিল বানরষ্টি। প্রলয়কালেতে যেন সংহারিতে স্থষ্টি । সাত্যবাদী পাণ্ডুপুত্র গোবিন্দ সহায়। একগুটি বাণ তার না লাগিল গায় 🛚 দেখিয়া কিরাতগণ অদ্ভূত মানিল। এড়িয়া ধুকুক বাণ নমস্কার কৈল। জিজ্ঞাসিল তোমা সবে কোন মহাজন। কিবা নাম কোথা ধাম কোথায় গমন॥ যুধিষ্ঠির বলিলেন শুন পরিচয়। চন্দ্রবংশে জন্ম মম পাণ্ডুর তনয়॥ দ্বাপর হইল শেষ কলি আগমন। স্বর্গপুরে যাই মোরা তথির কারণ ॥ রাজার বচনে বলে কিরাত প্রধান। এই দেশে রাজা হও তুমি পুণ্যবান॥ স্বৰ্গন্থৰ পাবে তুমি এম্বানে রাজন। নিরম্ভর তোমারে সেবিবে দেবগণ ॥ তা সবারে মুতুভাষে বিদায় করিয়া 🔻 স্বৰ্গপথে যান রাজা গোবিন্দ স্মরিয়া **॥** যাইতে পর্ববত মধ্যে দেখেন রাজন। করয়ে শিবের দেবা কিরাত ত্রাহ্মণ ॥ অপূর্ব্ব দেখিয়া ভাবিলেন মনে মন। বর মাগি লইল শঙ্করে পঞ্জন ॥ মহাশীতে হিমে ভেদি যান কতদুর। महरूपय योज পড़ि चक्र रेहन हुत्र॥

অন্তকাল জানিয়া চিন্তিল নারায়ণ। অবাক হইয়া পড়ি ছাড়িল জীবন॥ যুধিষ্ঠিরে শুনাইল রুকোদর ধীর। পর্বতে ত্যজিল প্রাণ সহদেব বীর॥ পডিল কনিষ্ঠ ভাই শুনহ রাজন। দেখি শোকে কান্দিলেন ধর্ম্মের নন্দন॥ কোথাকারে গেল ভাই পরাণ আমার। জ্যোগতিষ শাস্ত্রের গুরু বুদ্ধির আধার॥ আমাদিকে ছাড়ি ভাই গেলে কোথাকারে। বিপদে পড়িলে বৃদ্ধি জিজ্ঞাদিব কারে 🛭 পরম পণ্ডিত ভাই মন্ত্রী চুড়ামণি। যার বুদ্ধে রাজ্য পাই কুরুগণে জিনি । এত বলি পড়িলেন আছাড় খাইয়া। হায় সহদেব বলি ভূমে লোটাইয়া॥ ভারত সমরে জয় কৈলা কুরুগণে। শকুনিরে সংহারিলা সবা বিভাষানে ॥ দিখিজয় করিয়া করিলে মহাক্রতু। মোরে এড়ি পর্বতে পড়িলা কোন হেছু॥ বিষম সঙ্কটে বনে পাইয়াছ ত্রাণ। পর্ব্বতে পড়িয়া ভাই হারাইলে প্রাণ॥ জননী কুন্তীর তুমি বড় প্রিয়তর। হেন ভাই পর্ব্বতে রহিলা একেশ্বর॥ ধবল পর্ববতে কৃষ্ণা কৃষ্ণ বিষ্ণুলোকে। কে জানিবে মম দুঃখ কহিব কাহাকে॥ দশদিক অন্ধকার দেখেন নয়নে। স্থিরচিত্ত নুপতির হৈল কতক্ষণে॥ ভীষ জিজ্ঞাদেন রাজা কহিবে আমাতে। কোন পাপে সহদেব পড়িল পর্ব্বতে॥ ষুধিষ্ঠির বলেন যে শুন সাবধান। সহদেব জ্রাত ভুত ভাবি বর্ত্তমান ॥ পাশাতে আমারে আহ্বানিল ছুর্য্যোধন। বিভয়ান ছিল ভাই মাদ্রীর নক্ষন॥ হারিব জিনিব সেই ভাল তাহা জানে। জানিয়া আমারে না করিল নিবারণে॥ বারণাবতেতে যবে দিল পাঠাইয়া। ব্দামাদিগে কপটে মারিতে পোড়াইয়া ॥

জানিয়া না বলিলেক কুলের বিনাশ। অধর্ম হইল তেঁই পাপের প্রকাশ ॥ এই পাপে যাইতে নারিল স্বর্গপুরে। শুন বুকোদর ভাই জানাই তোমারে॥ এত বলি যান রাজা করিয়া ক্রন্দন। ভীমাৰ্জ্জুন নকুল পশ্চাতে তিনজন 🛭 পথমধ্যে সরোবর দেখি বিভাষান। যুধিষ্ঠির তা'তে করিলেন স্নানদান॥ দেব ঋষি পিতৃলোকে করিয়া তর্পণ ৷ শুচি হৈয়া করিলেন স্বর্গ আরোহণ॥ महरूप (फोभमी ठिलल ऋर्गश्रुद्र । ভেটিল গোবিন্দে আতি দানন্দ অন্তরে ॥ জ্ঞাতি গোত্রগণ দঙ্গে হইল মিলন। ৰুধিষ্ঠির পথ চাহি আছে সর্ববজন ॥ ভারত পঙ্কজ রবি মহামুনি ব্যাস। বিরচিল পাঁচালী প্রবন্ধে কাশীদান॥

চক্রকালী পর্ব্ধতে নকুলের ও নন্দিঘোষ পর্বতে অর্জুনের দেংত্যাগ।

মুনি বলে কহি শুন নৃপ জম্মেজয়। চলিল উত্তরমুখে পাণ্ডুর তনয়॥ যাইতে উত্তরমুখে দেখেন রাজন। সরোবর তাঁরে লিঙ্গ অতি হুশোভন ॥ গঙ্গার সদৃশ দেখি স্থনির্মাল জল। কোকনদ প্রফুল্ল সহজ্র শতদল।। সরোবর আছে শত যোজন বিস্তার। ব্দল দেখি নুপতির আনন্দ অপার॥ মূগ পক্ষী হংস চক্র বিহুরে বিস্তর। ভ্ৰমর ঝঙ্কারে বনে **ভলে ভলচর**॥ ব্দপরূপ দেবের তুল্ল ভ সেই স্থান। বদন্তে প্ৰন মত্ত কোকিলের গান ॥ পদ্মে আচ্ছাদিত সব নাহি দেখি নীর। নিত্য স্নান হয় যাতে সদা ইন্দ্রাণীর 🛚 সেই সরোবরে স্নান করি চারিজন। শোক হঃখ ছাড়ি কিছু স্থির হৈল সন ॥

তাহার পশ্চিমে গিরি চন্দ্রকালী নাম। স্ফটিক নির্মাল দীপ্ত চক্রের সমান॥ ছুবনের দার দে পর্বত স্থশোভন। তাহাতে পাগুব করিল অরোহণ॥ হিমে অঙ্গ জুর জুর গিয়া হিমালয়। তাহে উঠি পাণ্ডব করেন জয় জয়॥ ধীরে ধীরে যান হিমে পদ নাহি চলে। ঋষি মুনি তপস্বী দেখেন গঙ্গাকৃলে॥ ষোড়শ সহত্র লিঙ্গ দেখি পঞ্চানন। ভক্তিভাবে প্রণাম করেন চারিজন 🛚 বিচিত্রে মগুপ নানা দেবের আবাদ। ঋষি মুনি জপ তপ করে চারি পাশ।। নৃসিংহের মূর্ত্তি দেখি পর্ববত উপরে। দেবকন্যাগণ তাতে নিত্য পূজা করে॥ চারি ভাই প্রণাম করেন তাঁর পায়। নৃসিংহ উদ্ধার কর ঘন বলে রায়॥ হিরণ্যকশিপু মারি রাখিলা প্রহলাদ। স্বর্গপথে পাণ্ডবে রাখিবা অপ্রমাদ ॥ অভয় নৃসিংহ নাম যে করে স্মরণ। জলে স্থলে ভয় তার নাহি কদাচন॥ এত বলি বর মাগি নৃসিংহের ঠাঁই। বিষাদ সন্তাপ তাপে যান চারি ভাই 🎚 কভদুরে দেখিলেন গিরি মনোহর। নান্দ ধাতু বিরচিত প্রবাল পাধর॥ পশ্চাৎ করিয়া গিরি চলেন উত্তরে। ছিমেতে মন্থর পদ চলিতে না পারে ॥ নকুলের অঙ্গে পড়ে শোণিত বহিয়া। পর্বতে পড়িল বার আছাড় খাইয়া 🛚 গোবিন্দ চিন্তিয়া চিত্তে তাজিল পরাণ। স্বৰ্গপুরে প্রবেশিল কৃষ্ণ বিভাষান 🏾 ধর্মেরে কহিল তবে ভীম মহামতি। পড়িল নকুল বীর শুন নরপতি॥ পাছে দেখি ধর্মরাজ ভাবিলেন চিতে। ছয় জন মধ্যে তিন রহিল পর্বতে॥ তিনলোকে ছর্জ্জন্ম নকুল মহাবীর। যাহার সংগ্রামে দেবাস্থর নহে স্থির II

হেন ভাই পড়ে মম পর্বত উপরে। কোন হুখে কি বলিয়া যাব স্বৰ্গপুৱে॥ তাপের উপরে তাপ শোকে মহাশোক। কাহারে কহিব তুঃখ হরি পরলোক॥ যাম্যদিক যেই ভাই জিনিল সকলে। যজ্ঞ করিবার কালে ধন আনি দিলে॥ স্বৰ্গ নাহি গেলা ভাই পডিলে পৰ্বতে। তোমার বিচ্ছিদে প্রাণ ধরিব কিমতে॥ কান্দি জিজ্ঞাদেন ভীম নৃপতির স্থানে। কোন পাপে নকুল পড়িল এইখানে॥ যুধিষ্ঠির কন শুন ভাই, রুকোদর। কুরুকেত্তে হয় যবে ভারত সমর ॥ কর্ণের সমর হৈল আমার সহিতে। সেই কালে নকুল আছিল মম ভিতে॥ কর্ণের সংগ্রামে যবে মম বল টুটে। সহায় না হৈল সেই বিষম সক্ষটে॥ যুদ্ধ না করিল ভাই আমার রক্ষণে। এই পাপে পর্ব্বতে পড়িল পরিণামে॥ কতদূরে মহাহিমে যান তিন জন। নন্দীঘোষ গিরি করিলেন আরোহণ॥ পদ্মরাগে বিরাজিত গিরি মনোহর। নানা জাতি নর নারী পরম স্থন্দর॥ মণি বিস্তৃষিত যত দেবের বদতি। সে বনেতে অক্ষয় অব্যয় হয় গতি॥ 💂 তিন ভাই করি তথা গোবিন্দ-পূজন। যোড়হাতে করিলেন ক্ষের স্তবন॥ ভক্তিভাবে স্তুতি করে হ'য়ে কুতাঞ্চলি। জলপান ক'রে যান হ'য়ে কুভূহলী॥ ভয়ঙ্কর নন্দীঘোষ পর্বত বিশাল। হিমাগ্যে মহাশীত বহে সর্বকাল॥ পশু পকা গাছ লতা নাহি দেই দেশে। হিমের প্রতাপে নাশ হ'য়েছে বিশেষে॥ হিম ভেদি অর্জ্জুনের হরিল যে জ্ঞান। গোবিন্দ ভাবিয়া চিত্তে ত্যজিলেন প্রাণ॥ দেবাহুরে তুর্জ্জয় সে পার্থ মহাবার। পতনে পর্বতে কম্প পৃথিবী অস্থির॥

উক্ষাপাত ঘোর বৃহে প্রলয়ের ঝড়। ভল্লকাদি বরাহ গণ্ডার আদি ঘোড় ॥ ভীমর্সেন বলে শুন ধর্ম্মের নন্দন। পর্বতে পড়িয়া পার্থ ত্যাজন জীবন 🕽 যার পরাক্রমে যক্ষ নর নছে স্থির। হেন ভাই পড়ে শুন রাজা যুধিষ্ঠির॥ প্রাণ দিল নন্দীঘোষ পর্বত উপরে। এত বলি রুকোদর কান্দে হাহাকারে॥ চমৎকার চিত্ত হৈয়া চান ধর্মারাজ। না চলে চরণ চকে নাছি দেখে কাজ॥ ভারত পক্ষজ রবি মহামুনি ব্যাস। श्रीहानी क्षवरक वित्रहिन कानीमान ॥

युधिष्ठित्त्रत्र विनाभ ।

ভীমের বচন শুনি, শোকে ধর্মা নুপমণি, কান্দিছেন বিলাপ করিয়া। হাহাকার ঘন মুখে, চাপড় মারিয়া বুকে, পৰ্বতে পড়েন লোটাইয়া॥ হায় পার্থ মহাবল, পাগুবের বৃদ্ধি বল পর্বতে পড়িলা কি কারণে। স্বৰ্গপুরে আরোহণ্ড না হইল বিচক্ষণ, প্রাণ দিব তোমার বিহনে॥ ত্রিভুবন কৈলে জয়, মহাবীর ধনঞ্জয়, নররূপে বিষ্ণু অবতার। অফীদশ অক্ষেহিণী, কৌরববাহিনী জিনি মোরে দিলা রাজ্য অধিকার॥ রাজসূয় যজ্ঞকালে, জিনি নিজ বাহুবলে, করিলা উত্তর দিক জয়। <u>জীকুফের আজ্ঞা নিয়া, স্থরান্থর পুরী গিয়া,</u> निमल्लिया व्यानिमा मवाय ॥ স্বর্গে যত দেবগণ হইয়া সাদর মন দিল অস্ত্র মস্ত্রের সহিত। তাহাতে দৰ্ববত্ৰ জন্ন, করিলে শত্রুর ক্ষয়, তব তুল্য নাহি পৃথিবীতে।

(লঘু ত্রিপদী)

প্রবেশি কাননে, (मव পशानरन, তুষিলা বাহুষুদ্ধেতে। মারিলা অজঅ কিরাত সহস্র. একা তুমি কাননেতে॥ অমর সোদর জিনিলে শক্কর: মেচ্ছ কিরাতের দেশ। হৈয়া হুফটিত, অন্ত্ৰ পা**শু**পত, দিলা প্রভু ব্যোমকেশ। কালকেয় আদি. যত হুরবাদী, হেলায় করিলা নাশ। যত দেবচয়, করিলা অভয় পুরাইয়া অভিলাষ॥ পাইলা সমস্ত, তাহে দেব অস্ত্ৰ, তোমার অক্সেয় নাই। আর ধ্যুঃশর, **मिना रेक्यानत्र**. খাণ্ডব দহিলে ভাই॥ জ্ঞিনি দেবগণ, দৈত্য অপাণন অগ্নিরে সম্ভোষ কৈলে। ছাড়ি যাও তুমি. কিদে জীব আমি. था। पिर भाकानल ॥ প্রাণাধিক বীর, ত্যজিলে শরীর, नकौरणाय शित्रिवरत्र । আমি পুন্র্বার, না দেখিব আর, পড়িকু শোকদাগরে॥ কৰ্ণ মহাবীরে, ভারত সমরে. বিনাশিলে ভাষা দ্রোণে। যা**হার সহায়,** যার ভরদায়, প্রবল কৌরবগণে ॥ তুমি মম প্রাণ, वीरत्रत्र প্रधान, সব শৃক্ত তোমা বিনে। ঘন ডাকি আমি, মহাবীর তুমি, উত্তর না দেহ কেনে 🛭 নিজা যাহ হুখে, আমি মরি শোকে. উঠিয়া উত্তর দেহ।

কুরুগণে জিনি, সহ রাজধানী, তাহার যুক্তি কহ ॥
রাজা ভূমে পড়ি, যান গড়াগড়ি,
না বাুন্ধেন কেশপাশ।
ভারত সঙ্গীত, শ্রেবণে অমৃত,
বিরচিল কাশীদাস॥

সোমেশ্বর পর্ব্বতে ভীমের তহুত্যাগ ও যুধিষ্ঠিরের বিলাপ।

বলেন বৈশম্পায়ন শুন কুরুবীর। অর্জুনের শোকেতে কান্দেন যুধিষ্ঠির ॥ রুকোদর বলিলেন ধর্ম অধিপতি। কোন্ পাপে পড়িল অৰ্জ্ব ম্হামতি॥ ভূপতি বলেন শুন পবন-তনয়। আমা হৈতে দ্রৌপদীর বশ ধনঞ্জয়॥ সবে হেয় জ্ঞান তার ছিল মনোগতে। এই হ্রেছ্ পার্থবীর পড়িল পর্বতে ॥ এত বলি ছুইজনে বিষণ্ণ বদনে। চলেন উত্তরমুখে চিন্তি নারায়ণে ॥ বুকোদর বলে তবে হইয়া আকুল। চল রাজা তুইজনে যাই স্থরকুল ॥ এত বলি গঙ্গাতীরে যান তুইজন। চারি ক্রোশ হৈতে শুনি স্বর্গের বাজন ॥ উঠেন পর্ব্বতে ছুই পাণ্ডুর নন্দন। ছয় হ্বন মধ্যেতে আছেন তুইজন ॥ শতেক যোজন সেই প্রমাণে উত্থিত। বিবিধ রক্ষের মূল রতনে মণ্ডিত॥ হিমাগম স্থশীতল অতি অসুপম। তার তলে চুই ভাই করেন বিশ্রাম॥ কভক্ষণ বসি পুনঃ করেন গমন। যাইতে দেখেন রাজা নদী স্থশোভন ॥ রেবানামে নদী সেই পাপ বিনাশিনী। স্বৰ্গ হৈতে নামে তাহে ত্ৰিপথগামিনী 🛚 নানা রক্ষে বিরচিত হুই কুল তার। দেখিতে হুদ্দুর নদী মহিমা অপার 🛭

নানারত্ব গিরিবর দেখিতে, হুন্দর। স্থবর্ণের শৃঙ্গ মণি মাণিক্য পাণর **॥** অতিশয় অপূর্ব্ব পর্ব্বত স্থগোভন। চন্দ্র সূর্য্য সমাগম গ্রহ তারাগণ ॥ সঙ্কল্প করিয়া রাজা যান একচিত্তে। না জানেন স্থুমণ্ডল আছে কোন্ ভিতে॥ তার জলে নরপতি করেন তর্পণ। তৃষ্ট হ'য়ে পঞ্চাননে করেন পূজন ॥ পুণ্য হেন্তু চলিলেন স্বর্গের উপর। দর্শন করেন রাজা শিব সোমেশ্বর **॥** কীট পক্ষী কুমি আদি তথা যদি মরে। রুদ্ররূপ হৈয়া তারা যায় স্বর্গপুরে ॥ কিন্নর গন্ধর্ব্ব তথা গান করে নিত্য। সংস্রেক সোমকন্সা করে বাগ্য নৃত্য ॥ সোমেশ্বর পূজিয়া করিল নমস্কার। বর চান মর্ত্ত্যে, জন্ম না হোক আমার॥ এত বলি স্তুতি করি আর প্রণিপাত। শিবের প্রদাদে পুষ্প পান পারিক্ষাত॥ পুষ্পমালা অঙ্গে শোভা পাইল রাজার। হর্ষিত নারীগণ জয় জয়কার॥ প্রশংসা করিয়া কহে সোমকন্যাগণ। স্থললিত স্বরে কহে মধুর বচন॥ পুণ্য হেতু ভূপতি আইল এত দূরে। এক বোল বলি রাজা শিবের মন্দিরে। লোমেশ্বর রাজ্যে তুমি হও দণ্ডধর। यावद थाकिरव पृथी ठट्छ निवाकत्र ॥ আমাদের স্বামী হৈয়া থাকহ আনন্দে। স্বৰ্গ হুথ পাবে অন্তে দেখিবে গোবিন্দে 🖟 একক যাইবে স্বর্গে কোন্ স্থথ হেতু। যে বিচারে আদে আজ্ঞা কর ধর্মসেতু 🎚 কম্মাগণ বচনে বিস্মিত যুধিষ্ঠির। আশ্বাসিয়া বলিলেন বচন গভীর 🗈 অফুচিত কন্সাগণ বল কি কারণে। আশীর্বাদ কর, যেন দেখি নারায়ণে। শুরিয়া রাজার মুথে নির্চুর ভারতী। কল্যাগণ গেল তবে যে যার বসতি 🎚

সোমেশ্বর বন্দি রাজা চলেন উত্তর। মহাহিম: ভেদিল ভীমের কলেবর॥ সোমেশ্বর পার হৈতে নারে প্রাণপণে। ভেদিল শরীর বীর পড়িল অজ্ঞানে॥ পর্ব্বত পড়িল যেন পর্ব্বত উপর। ভীমদেন পতনে কম্পিত ধরাধর॥ ুসমুদ্রে স্থমেরু গিরি যেন নিল ঝম্প। কৃৰ্দ্মপূৰ্চে থাকিয়া বাহ্নকী হৈল কম্প॥ পড়িলেক রকোদর পর্বত বিশালে। চলাচল কম্পমান সাগর উথলে॥ বাস্থকী এড়িল বিষ যোদ্ধা এড়ে বাণ। চমকিত পশু পক্ষী ছাড়িল যে প্রাণ ॥ স্বৰ্গ মৰ্ত্ত্য পাতালে হইল চমৎকার। চারিদিকে সাট লাগে লঙ্কার ছুয়ার॥ ইন্দ্র শঙ্কা পান স্বর্গে বিষম আক্ষালে। ভূমিকম্প উল্কাপাত গগনমণ্ডলে॥ প্রচণ্ড পবন বহে নির্ঘাত তুর্ববার। শব্দে দেতুবদ্ধে হৈল তরঙ্গ গঙ্গার। ঋষি মুনি তপস্বীর ভাঙ্গিল যে ধ্যান। বন এড়ি পশু ধায় লইয়া পরাণ ॥ স্বৰ্গ মৰ্ত্ত্য পাতালে লাগিল চমৎকার। রকোদর পড়ে খণ্ডাইয়া ক্ষিতিভার। যুধিষ্ঠির দেখেন পড়িল ভাম ভাই। মূর্চ্ছিত হইয়া শোকে পড়েন তথাই॥ কতক্ষণে চেতন পাইয়া নূপবর। হাহাকার করিয়া ডাকেন রুকোদর॥ মরিবারে কৈলা ভাই স্বর্গ অরোহণ। প্রাণের অধিক ভাই অতুল বিক্রম। সংসার হইল শূন্য তোমার বিহনে। শুনিয়া পাইল ভয় গিরিবাদীগণে ॥ থার পরাক্রমে তিন লক্ষ হাতী মরে। হেন ভাই পড়ে মম পর্বত উপরে॥ কারে ল'য়ে যাব স্বর্গে দেখিতে মুরারী। কেবা জিজ্ঞাসিবে পথে বচন চাতুরী॥ কে আর তারিবে বনে ছফ্ট দৈত্য হাতে। কে আর করিবে গর্ব্ব কৌরব মারিতে #

কিবা ল'য়ে যাব স্বর্গে দেখিবারে হরি। ভাই দব মরে মম রুপা প্রাণ ধরি ॥ যবে জতুগৃহ কৈল তুফ তুর্য্যোধন। পাপ পুরোচন পুরী করিল দাহন॥ চলিতে না পারি হুড়ঙ্গের পথ র্থীর। পঞ্চনে ল'য়ে ভাই গেলে একেশ্বর ॥ হিড়িম্বেরে মারিয়া হিড়িম্বা কৈলে বিভা। কত দৈত্য পলাইল দেখি তব প্ৰভা ॥ ব্রাহ্মণেরে রক্ষা কৈলে বিনাশিয়া বকে। লক্ষ রাজা জিনিয়া লভিলে দ্রৌপদীকে॥ ইন্দ্রপ্রশ্বে রাজা হৈন্তু তোমার প্রতাপে। মরিল কীচক বীর তব বীর দাপে ॥ বিরাটেরে মুক্ত কৈলা স্থশর্মার ঠাই। মম বাক্য বিনা কিছু না জ্ঞানিতে ভাই ॥ জরাসন্ধ বধ কৈলা মগধপ্রধান। জটাহ্রর মারি বলে কৈলে পরিত্রাণ ॥ নিঃক্ষত্রা করিলে ক্ষিতি ভারত সমরে। মম সঙ্গে আইলে যাইতে হ্ররপুরে॥ তবে কেন এড়ি মোরে পড়িলে পর্বতে। উত্তর না দেহ কেন ডাকি *স্নেহ*মতে॥ পর্বতে পড়িলে ভাই ছাড়িয়া আমারে। কে পথ রক্তান্ত জিজ্ঞাসিবে বারে **বারে ॥** বনবাদে বঞ্চিলাম তোমার সাহদে। অফীনী সহস্র বিজ ভুঞ্জে মুগমাংদে॥ আমরা নিদ্রিত হৈলে থাকিতে জাগিয়া। আমারে ত্যজিয়া কেন রহিলে শুইয়া ॥ বড় চুঃখ দিয়া গেলে আমার সম্ভরে। উঠহ-প্রাণের ভাই উঠ ধরি করে 』 মম বাক্যবশ ভাই মম বাক্যে স্থিত। তোমা সবা বিনা ভাই জীতে মৃহ্যুবৎ ॥ যে কালে আইমু ধৃতরাষ্ট্র ভেটিবারে। অন্ধের আছিল জোধ তোমা মারিবারে 🛚 গোবিন্দ রাখেন তোষা লৌহভীম দিয়া। হেন ভাই নিদ্রা যায় পর্ববতে পড়িয়া 🛚 এত বলি ভূপতি কান্দেন উচৈচঃশ্বরে। চারি ভাই ভার্য্যা ভাবি আকুল অন্তরে 🖁

শক্ষাণ পড়িল যবে রাবণের শেলে। ক্রন্দন করেন রাম ভাই ল'য়ে কোলে॥ সেইমত কান্দিলেন ভীমে কোলে লৈয়া। হিমে ভন্ন কাঁপে তবু ব্যাকুল কান্দিয়া॥ প্রবোধ করিতৈ আর নাহি কোনজন। ধর্মরাজ করিলেন অরণ্যে রোদন॥ জননীরে শ্মরিয়া কহেন শোক পাই। এ হেন হুঃখীরে কেন গর্ভে দিলে চাঁই 🛚 শৈশবে মরিল পিতা না পড়ি সে শোকে। পিতামহ ভীম্মদেব পালিল সবাকে॥ হিংসা হেতু বিষলাড়ু ভীমে খাওয়াল। পাপ ছুর্য্যোধন যারে ভাসাইশ্বা দিল ॥ উদ্দেশ না পেয়ে কান্দে জননী আমার। দাত দিন মাতা মম কৈল অনাহার ॥ অনন্ত করিয়া কুপা দিল প্রাণদান। তাহে না ম'রে ভাই পাইলে পরিত্রাণ॥ দেখিবারে গোবিন্দে আইলে স্বর্গপুরী। না পাইলে দেখিতে সে প্রদন্ন শ্রীহরি॥ হায় বীর পার্থ কৃষ্ণা হুন্দর নকুল। হায় সহদেব বীর বিক্রমে অতুল॥ প্রায় বিধি মম ভাগ্যে কি আছে না জানি। মম কর্মো এত চঃখ লিখিলা আপনি॥ কোন জন্মে আমার আছিল কোন পাপ। সে কারণে দহে তনু শোকেতে সন্তাপ ॥ কি করিমু কি হইল আর কিবা হয়। এত বলি কান্দিলেন ধর্ম্মের তনয়॥ হায় কুন্ডী পিতা পাণ্ডু কোথা গেলে ছাড়ি। হায় হুর্য্যোধন অন্ধ বিছুর গান্ধারী ॥ হায় ভীম্ম কর্ণ দ্রোণ পাঞ্চাল-কুমারী। তোমা স্বাকার শোক সহিতে না পারি॥ হায় ভামাৰ্জ্জ্ন হায় মাদ্ৰীপুত্ৰ ভাতা। হায় কৃষ্ণা প্রাণপ্রিয়া তুমি গেলে কোথা॥ এক দণ্ড কোথা না যাইতে আজ্ঞা বিনে। তবে আমা একা রাখি ছাড়ি গেলে কেনে॥ সব তুঃখ যায় যদি পাপ আত্মা ছাড়ি। এত বলি কান্দিলেন ভূমিতলে পড়ি॥

কতক্ষণে স্থির হইয়া ধর্ম্মের তনয়।

ক্রন্দন সম্বরি রাজা ভাবেন হৃদয়॥
কোন পাপে রুকোদর স্বর্গ নাহি গেল।
এই কথা ভূপতির মনেতে হইল।
মিথ্যা বলি দোণ গুরু বিনাশিল রণে।
স্বর্গে নাইি গেল ভাই ইহার কারণে॥
এই চিন্তা করি রাজা ভাবিত অন্তরে।
একান্তে গোবিন্দ চিন্তি চলেন উত্তরে॥
ভারত পঙ্কজ রবি মহামুনি ব্যাস।
যাঁহার চরিত্র তিন ভূবনে প্রকাশ॥
ভীমের প্রয়াণ যেবা শুনে শুদ্ধভাবে।
পরম কৃষ্ণের পদ সেইজন পাবে॥
কাশীদাস দেব কহে গোবিন্দ ভাবিয়া।
তরিবে শমন দায় শুন মন দিয়া॥

যুধিষ্ঠিরের সহিত বিপ্ররূপী ইন্দ্রের ও কুকুররূপী ধর্ম্মের ছলনা।

মুনি বলে শুনহ নূপতি জন্মেজয়। উত্তরাস্থ্যে চলিলেন ধর্ম্মের ভনয়॥ কতদূরে দেখি গন্ধমাদন পর্বত। যাহার সৌরভ যায় যোজনের পথ॥ তাহে উঠি শুনিলেন স্বর্গের বাজনা। ভূপতি করেন মনে পূরিল কামনা॥ স্বর্গের তুর্লু ভ ভোগ দেই গিরিবরে। আবোহণ করিলেন হরিষ অন্তরে॥ পর্ব্বতে দেখিল তবে ধর্ম্মের তনয়। অপূর্ব্ব মহেশ লিঙ্গ মরকতময়॥ অত্যন্ত নির্জ্জন স্থান লোকে মনোহর। কোটি চন্দ্ৰ জিনিয়া উজ্জ্বল মহেশ্বর॥ হীরা মণি মাণিক্যের মন্দির স্থঠাম। দেখি রাজা ভক্তিভাবে করেন প্রণাম॥ হরিহর এক তকু ভিন্ন কভু নয়। হরিভক্ত মোরে হর হবেন সদয়॥ এত বলি বর মাগি যান ধীরে ধীরে। কতকালে পার হব দ্রুংখের সাগরে॥

বিষাদ ভাবেন মনে ধর্মের নন্দন। কারে লৈয়া যাব আমি ত্রিদিব ভুবন॥ কে মোরে করাবে দেখা ক্ষেত্র সহিতে। হিমে যদি যায় তকু তরি হঃগ হৈতে॥ বংশক্ষয় করিলাম স্বর্গে আরোহিয়া। চারি ভাই ভার্য্যা বনে রহিল পড়িয়া॥ পৃথিবীতে আমি কত করিলাম পাপ। কোন মুনি দেব ঋষি দিল মোরে শাপ॥ কান্দেন ভূপতি স্মরি দ্রৌপদী স্থন্দরী। হেনকালে আদে যত গন্ধৰ্কের নারী॥ ক্যাগণ বলে রাজা কান্দ কি কারণ। দ্বিতীয় স্বর্গের সম এ গন্ধমাদন॥ স্বর্গে আসি কান্দ কেন কহ বিবরণ। এ স্থানে না হয় কেহ হ্লংখের ভাজন॥ কন্যাগণ বাক্য শুনি কন নূপবর। চারি ভাই ভার্য্যা গেল পর্বত উপর॥ ছয়জন মধ্যে আমি আছি একজন। মহাহিমে স্বৰ্গপথে মৈল পঞ্জন ॥ মহাবীর ভীম ভার্য্যা না দেথিব আর। এই হেতু কান্দি কন্সা শুন সমাচার॥ ভাবিত না হও রাজা ভার্য্যা ভ্রাতৃশোকে। তব অগ্রে তারা সব গেছে স্বর্গলোকে॥ কি কারণে কান্দ রাজা হৈয়া বিচক্ষণ। স্বর্গেতে সবার সঙ্গে হইবে মিলন॥ স্বৰ্গপথে আসিতে পড়িল রাজা দব। তারা দবে অগ্রে গেল শুনহ পাণ্ডব॥ উপেক্র খগেন্দ্র ইন্দ্র যোগেন্দ্রের প্রায়। তুমি মহারাজ তেঁই আদিলে হেথায়॥ আর এক বাক্য রাজা শুন সাবধানে। এত দূরে আদিয়াছ পুণ্যের কারণে॥ মনুষ্যের শক্তি নাই এতদূরে আদে। অতএব এক বাক্য বলি যে বিশেষে॥ রাজা হৈয়া থাক গন্ধমাদন পর্বতে। স্বর্গের অধিক হুথ ভুঞ্জ আনন্দতে॥ যুধিষ্ঠির বলিছেন শুন কন্মাগণ। ক্ষের আজ্ঞায় করি স্বর্গে আরোহণ ॥

সঙ্গল্প করিন্দু আমি অবনী ভিতরা রাজ্য না করিব, যাব অমর নগর ॥ প্রাণতুল্য ভাই ভার্য্যা পড়িল বিয়াদে। কি কার্য্য রাজ্যেতে মম বিপুল সম্পদে॥ এত শুনি নিবৃত্ত হইল কন্যাগণ। যুধিষ্ঠির করিলেন স্বর্গ আরোহণ ॥ কতদুরে দেখিলেন কিন্নরের পুরী। পদ্মিনী রমণীগণ আর বিভাধবী॥ যুধিষ্ঠিরে বলে তুমি কোন পুণ্যবান। আলিঙ্গন দিয়া রাখ আমাদের প্রাণ । আমা দ্বাকার স্বামী হও মহামতি : যাচক হইয়া বলে যতেক যুবতী॥ পুরুষ নাহিক রাজা রাজ্যেতে আমার। তুমি রাজা হও দাদী হইব তোমার॥ অকাল মরণ নাহি জরা মৃত্যু ভয়। নানা হুখ পাবে রাজা জানিও নিশ্চয়॥ অবশেষে মহামন্ত্র শিথাব তোমারে। শীত ভেদি অনায়াদে যাবে দর্গপুরে॥ শুনি কন্যাগণ বাক্য বলেন রাজন। স্থ অভিলাষ নাহি করে মম মন॥ আশীর্বাদ কর মোরে দেব কন্যাগণ। স্বর্গপুরে গিয়া যেন দেখি নারায়ণ॥ দ্বাপরের শেষ হ'ল কলি অবতার। সত্য ধর্ম্ম বিবর্জ্জিত অতি কদাচার॥ দে কারণে যাই স্বর্গে ইচ্ছের ভূবন। করিলেন শ্রীমূথে অনুজ্ঞ। নারায়ণ ॥ কন্যাগণ বলে রাজা তুমি মূঢ়জন। কি ফল পাইবা স্বর্গে দেখি নারায়ণ॥ হেথা ফল কত পাবে কি ক'ব তোমারে। না শুনিয়া নরপতি চলেন উত্তরে॥ ছিমালয় গিরি পাইলেন মনোহর। নারীগণ আদে নিত্য পূজিতে শঙ্কর॥ ত্রিভুবন সার বিপকর্ম। বিরচিত। চতুৰ্দ্দশ দহত্ৰেক শিবলিঙ্গ স্থিত॥ পরম স্থন্দর গিরি কি কহিতে পারি। হ্রমেরু কৈলাদ জিনি মহেশ্বর পুরী॥

বিচিত্র নগর ঘর অতি মনোরম কন্যাগণ আদে নিত্য শিবের আশ্রম ॥ শুক্ল বন্ত্র পরিধান চন্দ্র সম কান্ডি। রূপ দেখি মুনিগণ মনে হয় ভ্রান্তি॥ নানা অলঙ্কারে শোভা ত্রৈলোক্য-মোহিনী। মুখপদ্ম করপদ্ম সকল পদ্মিনী॥ বিচিত্ৰ চম্পক দাম শোভিত গলায়। কেহ কেহ নৃত্য করে কেহ-গীত গায়॥ যুধিষ্ঠির নুপতি আসেন এই পথে। পাত্য অর্ঘ্য ল'য়ে আদে তাঁহার দাক্ষাতে॥ ঋষি মুনিগণ শুনি ধর্ম্মের প্রয়াণ। দেখিতে আইল সবে আনন্দ বিধান॥ পৃথিবীর রাজা হেথা এল পুণ্যভাগে। ঝটিতি আদিল সবে যুধিষ্ঠির আগে॥ দেব ঋষিগণ আসি করেন সম্ভাষ। অন্ধকার ঘুচে গেল হইল প্রকাশ। প্রণাম করেন রাজা মুনি ঋষিগণে। নুপতিরে আশীর্কাদ কৈল সর্বজনে ॥ শোভা পায় পর্ব্বতে বৈতরণী সরিত। অতি অপরূপ তীর নীর স্থললিত॥ পর্ব্বতে বেষ্টিত জল অতি স্থশোভন। অটাশী তপস্বী তপ করে অনুক্ষণ।। ক্রীডা করে জলেতে বিবিধ জলচর। স্থব্দর কনক পদ্ম ফুটে নিরন্তর ॥ তাফ্টাশী সহত্র ঋষি দেখি অনুপম। গোডহাতে নরপতি করেন প্রণাম॥ যুধিষ্ঠিরে দেখিয়া প্রশংসে মুনিগণ। ধন্য ধন্য রাজা তুমি হরিপরায়ণ॥ এই বৈতরণী নদী পরম নির্মাল। উত্তর হইতে বহে দক্ষিণ মণ্ডল॥ দিশিণ শমনপুরে প্রলয় তরঙ্গ। পাপী পার হৈতে নারে দেখি দেয় ভঙ্গ ॥ মর্ত্ত্যেতে গো দান করে যেই পুণ্য**ন্ধনে**। হুখে পার হৈয়া যায় নৌকা আরোহণে॥ স্থৃপতি বলেন আমি পাপী নরাধম। মুনিগণ বলে তুমি মহাপুণ্যতম ॥

এত বলি মুনিগণ কৈবৰ্ত্ত ডাকিয়া। নুপতিরে পার কৈল নৌকা আরোহিয়া। ঋষিগণে বন্দি রাজা নদী হৈয়া পার। পুণ্য হেতু দেখিলেন স্বর্গের হুয়ার॥ চন্দ্ৰ সূৰ্য্য দেবগণ দেখেন প্ৰত্যেক। স্বৰ্গ আব্বোহণ হৈতে আছে যোজনেক॥ পার হৈয়া রক্ষতলে বদি নরেশ্বর। স্বৰ্গ দেখি হইলেন চিন্তিত অন্তর॥ অদ্ভূত স্বর্গের দ্বার দেখি বিগুমান। নানা ঋতু বিরাজিত প্রবাল পাষাণ॥ হাতে অস্ত্র দ্বারপাল চৌদিকে বেষ্টিত। কত লক্ষ পুণ্যবান হ'য়েছে বারিত॥ ইব্রু আজ্ঞা বিনা দ্বারী দ্বার নাহি ছাড়ে। বুকে বুকে দাগুাইয়া আছে কর্যোড়ে 🛭 যুধিষ্ঠিরে দেখিয়া লইল আগুসারি। দ্বারপালগণ কহে কর যোড় করি॥ তোমার জনক পূর্বের পাণ্ডু নরপতি। মুগঋষি শাপে তাঁর না হৈল সন্ততি॥ বিমুখ হইয়া রাজা সংসারের স্থথে। কুন্তী মাদ্রী ভার্য্যা সহ আইল হেথাকে ॥ অপুত্ৰক হেতু ইন্দ্ৰ আজ্ঞা নাহি দিল ৷ হেথা হৈতে পুনঃ তিনি মর্ত্ত্যপুরে গেল 🛭 দেব হৈতে জন্ম হৈল তোমা পঞ্চাই। পুত্ৰবান হইয়া বৈকুণ্ঠে পায় ঠাঁই ॥ তাঁর ক্ষেত্রে জন্ম তব, ধর্ম্মের ঔরসে। তুমি মহা ধর্মাশীল জানি সবিশেষে ॥ মুহুর্ত্তেকে বৈদ রাজা শূন্য সিংহাদনে। ইন্দ্রে জানাইয়া স্বর্গে লব এইক্ষণে ॥ দ্বারপাল গিয়া বার্ত্তা দিল পুর**ন্দ**রে। যুধিষ্ঠির আইলেন স্বর্গের ছুয়ারে॥ শুনিয়া দেবতা সবে কহে ইন্দ্র প্রতি। রথে করি যুধিষ্ঠিরে আন শীঘ্রগতি । এত শুনি দেবরাজ বিপ্ররূপ ধরি। যুধিষ্ঠিরে ছলিবারে এল শীভ্র করি। ব্রাহ্মণ দেখিয়া রাজা করেন প্রণতি। আশীর্বাদ করিলেন কপট দ্বিজাতি॥

জিজাসিল যুধিষ্ঠিরে কপট ত্রাহ্মণ। বড় পুণ্যবান তুমি এলে কোনজন॥ এত শুনি নৃপতি কহেন যোড়করে। পরিচয় মহাশয় কহিব তোমারে॥ ব্ৰম্বন্ধীপ নামে এক আছে পৃথিবীতে। যাহে জন্মিলেন ব্রহ্মা ভার নিবারিতে॥ চন্দ্রবংশে দেব অংশে হস্তিনায় ধাম। পাণ্ডুপুত্র ঋষিগোত্র যুধিষ্ঠির নাম ॥ রাজ্যলোভে সবান্ধবে বধিলাম রণে। লোভে পাপ আছে তাপ হৈল মম মনে॥ জ্যেষ্ঠতাত দহ মাতৃ গেল তপোবনে। পঞ্চ ভাই দুঃখ পাই ভ্রমি নানা স্থানে॥ আমারে বিযাদ দেখি দেব নারায়ণ। আজ্ঞা দেন কর রাজা স্বর্গ আরোহণ ॥ কলি অবতার হবে দ্বাপরের শেষ। এত বলি স্বস্থানে গেলেন হুষীকেশ। যদ্রবংশ করি ধবংস ব্রহ্মশাপ ছলে। আপনি বৈকুঠে বিষ্ণু গেলেন কৌশলে। তবে মোরা পঞ্চাই করিয়া বিচার। পোত্রে সমর্পণ করি রাজ্য অধিকার॥ পঞ্চভাই ভার্য্যা সহ আসি স্বর্গপথে। হিম শীতে পঞ্জন পড়িল পর্বতে॥ শোক তুঃখ সন্তাপে তাপিত মম মন। এই নিজ তত্ত্ব দ্বিজ করি নিবেদন॥ একেশ্বর দ্বিজ্বর যাব স্বর্গপুরী। স্থমেরু পর্বতে গিয়া দেখিব মুরারী ॥ কিন্ধা প্রাণ যাক কিন্ধা যাই স্বর্গপুরে। করিয়া সঙ্কল্প এই আদি এতদূরে॥ কতদূর আছে স্বর্গ কহ দিব্ধবর। যাইতে পারিব, কিবা যাবে কলেবর॥ ব্রাহ্মণ বলেন শুন ধর্ম্ম নরবর। এখনি দেখিবে রাজা পঞ্চ সহোদর ॥ কুরুক্ষেত্রে যে ছিল আঠার অক্ষেহিণী। সবাকারে ক্রণেকে দেখিবে নৃপমণি॥ এড়াইয়া এলে হুঃখ আর চিস্তা নাই। আমি ল'য়ে যাব তোমা ঈশ্বরের ঠাই ॥

निक छे इंडेल अर्थ याद्य मृड्रूर्ख्टक । শোক তুঃখ পরিহর জানাই তোমাকে।। ইন্দ্র যুধিষ্ঠিরে কথা হয় এইমতে। তথা ধর্ম আইলেন কুকুররূপেতে॥ শব্দ করি ব্রাহ্মণে থাইতে শ্বান যায়। দশু লৈয়া ব্রাহ্মণ মারিল তার গায়॥ নির্ঘাত প্রহার করে কুকুরের দেহে। পরিত্রাহি ভাকি শ্বান যুধিষ্ঠিরে কহে॥ ওছে পৃথিবীর রাজা মহাপুণ্যবান। নির্দিয় ব্রাহ্মণ বধে কর পরিত্রাণ॥ দণ্ডের প্রহারে মম কম্পবান তমু। উদ্ধার করিতে কেহ নাহি তোমা বিন্তু॥ কুক্লবের বাক্যে রাজা উঠি যোড়হাতে। বলেন বিনয় করি বিপ্রের সাক্ষাতে ॥ নাহি মার কুরুরেরে শুন বিজবর। শুনিয়া বিপ্রের ক্রোধ বাড়িল বিস্তর ॥ হাতে দণ্ড করি বলে নৃপতির প্রতি। মম হাতে কুরুরের নাহি অব্যাহতি ॥ পুণ্যহীন কুকুরের নাহি পরিত্রাণ। পুণ্য বিনা স্বর্গে বাস নাহি মতিমান্॥ ভূপতি বলেন রাখ কুক্কুরের প্রাণ। মর্ত্ত্যের অর্দ্ধেক পুণ্য দিব আমি দান॥ যুধিষ্ঠির বাক্য শুনি ধর্ম হাসি মনে। ধরিলেন নিজ মূর্ত্তি রাজা বিগ্যমানে॥ তদন্তরে দেবরাজ নিজ মূর্ত্তি হৈয়া। পরিচয় কহিলেন হাদিয়া হাদিয়া॥ ধর্ম্মে ইন্দ্রে দেখি রাজা আপন নয়নে। লোটাইয়া পড়িলেন অফ্টাঙ্গ চরণে॥ কোলে করি ধর্ম সাধু বলেন ভাঁহাকে। তুমি পুত্র যুখিষ্ঠির না চিন আমাকে॥ ধর্ম্ম বলি মর্ত্ত্যলোকে বলগ্নে তোমারে। তোমা জন্মাইমু আমি কুন্তীর উদরে॥ এই ইন্দ্র দেবরাজ স্বর্গ অধিপতি। এদ পুত্র কোলে করি কেন গুঃখমতি॥ তোমার চরিত্র প্রচারিল ত্রিভুবনে। স্বৰ্গপুরে চল, চড়ি পুষ্পক বিমানে ॥

পদব্দক পর্বতে পেয়েছে বড় পীড়া।
একে স্থকোমল অঙ্গ শোক চিন্তা বেড়া॥
সর্বব হুঃখ হৈল দৃর চল স্বর্গপুরে।
মাতা পিতা দেখিবা সকল সহোদরে॥
এতেক কহেন যদি ধর্ম্ম মহাশয়।
আনন্দিত হইলেন ধর্ম্মের তনয়॥
ভারত অপূর্বব কথা স্বর্গ আরোহণে।
যুধিষ্ঠির স্বর্গে যান কাশীদাস ভণে॥

যুধিষ্টিরের ইক্রপুরী গমন। ধৰ্ম্ম আদি দেবচয়, দেখি রাজা সবিস্ময়, প্রণাম করেন স্বাকারে। মাতলি ইঙ্গিত পেয়ে, দিব্য পুপ্পরথ ল'য়ে, যোগাইল রাজা যুধিষ্ঠিরে॥ ধর্মা ইন্দ্র গ্রহজনে, গন্ধমাল্য আভরণে, যুধিষ্ঠিরে করেন ভূষিত। বিবিধ বন্ধন ছান্দে, মস্তকে মুকুট বান্ধে, কিন্নর গন্ধবর্ব গায় গীত॥ পারিজাত পুষ্পমালা, শোভয়ে রাজার গলা, বাজে শন্থ মুদঙ্গ কাহাল। উৰ্বাণী প্ৰভৃতি নাচে,কেহমাগে কেহ পাছে, জয় শব্দ কংস করতাল । মাতলি দারথি রথে, ধর্ম ইন্দ্র আদি দাথে, বায়ু ইন্দ্ৰ বৰুণ হুতাশ কেহ ছত্র শিরে ধরে, হুলাহুলি জয়স্বরে, কেহ করে চামর বাতাস। কেছ অগ্রে যায় ধেয়ে, পঞ্চবান্তে বাজাইয়ে পুষ্পরৃষ্টি আনন্দে প্রচুর। ধর্মাপুত্র স্বর্গে যান. মুনিগণ বেদ গান, মুহুর্ত্তে গেলেন স্থরপুর ॥ দেখি রাজা পুণ্যকারী, দকল স্বর্ণপুরী, সর্ব্ব গৃহে কিন্নরের গান। নাহি জরা মৃত্যু ভয়, ্সদা মহানন্দ্যয়, কোতুকে বিহরে পুণ্যবান॥ তারে দেখি পুরন্দর, স্বৰ্গগত নরবর্ বদাইল রত্ন দিংহাদনে।

পদ প্রকালিতে বারি, পুরিয়া স্থ্রণ ঝারি. যোগাইল যত দাসগণে॥ ইন্দ্র আজ্ঞা পেয়ে পরে, নানাদ্রব্য উপহারে ভোজন করায় নরনাথে। কপূরি তামূল দিুয়া, পালক্ষেতে বদাইয়া, ইন্দ্ৰ আশ্বাদিল ধৰ্মাস্ততে ॥ ইন্দ্র বলে যুধিষ্ঠির, তুমি পুণ্য আত্মাধীর, নরদেহে এলে স্বর্গপুরে। এ পুরী অমরাবতী, হও তুমি শচীপতি, যুক্তি আদে আমার বিচারে॥ শুনিয়া ইন্দ্রের বাণী, যুধিষ্ঠির নৃপমণি, कहिएइन विनय वहन। তব বাক্যে পাই ত্রাদ, কেন কর পরিহাদ, আমি মূঢ়মতি আকিঞ্চন॥ সত্য কৈনু মৰ্ত্ত্যপুরী, বৈকুণ্ঠে দেখিব হরি, তুমি মম দব ছুঃখ জান। ভূমি পিতা দেব আর্য্য, কর মম এই কার্য্য স্বৰ্গস্থ নাছি মম মন॥ ইন্দ্ৰ বলে শুনবাণী, অফীদশ অক্ষেহিণী, পঞ্চাই শতেক কৌরবে। পিতা জ্যেষ্ঠখুলতাত, জ্ঞাতিগোত্র ভ্রাত্মাত, সবা সঙ্গে বৈকুঠে মিলিবে ॥ এত বলি সেইক্ণণে, পুষ্পরথ অরোহণে, পাঠাইল স্বর্গ পরকাশ। ভারত দঙ্গীত গীত, হেন্তু স্কলনের প্রীত, বিরচিল কাশীরাম দাস॥

যুধিষ্ঠিরের বৈকুঠে গমন ও প্রীকৃষ্ণ দর্শন।
বলেন বৈশম্পায়ন শুন জন্মেজয়।
নিজ পুণ্যে স্বর্গে গেল ধর্ম্মের তনয়॥
পুষ্পারথে আরোহিয়া যান বিষ্ণুপুরে।
অক্সর অক্সরীগণ সূদা নৃত্য করে॥
কেহ ছত্র ধরে কেহ চামর বাতাস।
ছুই দিকে সারি সারি দেবের আবাস॥
বেন্ধানোকে দেখি রাজা ব্রহ্মা চতুম্মু থে।
প্রাথমিয়া সম্ভাষা করিলেন কোতুকে॥

সমাদর করি ত্রহা। করি আলিঙ্গন। চারি মুখে প্রশংদেন ধর্মের নন্দন॥ তথা হৈতে নরপতি নানা স্বর্গ দেখি। অপূর্ব্ব কৈলাদপুরী দেখিয়া কৌতুকী॥ চন্দ্রথণ্ড জিনি পুরী পরম উঙ্জ্বল। দিবা রাত্র সমজ্ঞান সদা ঝলমল॥ গণেশ কাত্তিক নন্দী ভৃঙ্গী মহাকাল। সবা দেখি আনন্দিত ধর্ম মহাপাল॥ হরগোরী দোঁহে দেখি অজিন আসনে। ভক্তিভাবে দণ্ডবৎ করেন চরণে ॥ আইসহ নরপতি বলে শূলপাণি। ভাল হৈল এলে স্বৰ্গে প্ৰবিদ্ধা অবনী ॥ তোমা হেন পুণ্যবান নাহি ত্রিভুবনে। স্বকায় চলিয়া এলে অমর ভুবনে॥ এত বলি করিলেন প্রেম আলিম্পন। প্রণাম করিয়া যান পাণ্ডুর নন্দন ॥ কতক্ষণে বৈকুঠে হইয়া উপনীত। পুরী দেখি নক্ষপতি হৈলেন চিন্তিত॥ কিরূপে নির্মাণ করিলেন নারায়ণ। ত্রিভুবনে পুরী নাহি ইহার তুলন ॥ প্রবেশ করেন পুরী জয় জয় দিয়া। র্ক্সাদনে নারায়ণ দেখিলেন গিয়া। রথ হৈতে নামি পুরে যান পদত্রজে। প্রণাম করেন গিয়া বিষ্ণু চতুতু জে ॥ বিভাষানে নারায়ণ দেখিয়া দৃপতি। চমৎকার মানিলেন অঙ্গের বিভৃতি॥ হস্ত পদ হ্ৰশোভিত কৰ্ণে শতদল। মকর কুগুল কর্ণে করে ঝলমল॥ শ্রাম অঙ্গে পীতাম্বর হাটক নিছনি। নব জল মাঝে যেন হয় সৌদামিনী॥ শঙ্খ চক্র গদা পদ্ম শোভে চারি হাতে। শ্রীবৎস কৌস্তুভমণি শোভে মরকতে॥ বাম দিকে কমলা দক্ষিণে সরস্বতী। এই বেশে হুষীকেশে দেখেন ভূপতি॥ অফ্টাঙ্গে প্রণাম করি পড়েন চরণে। বলিছেন নারায়ণ আনন্দিত মনে 🛭

আইসহ নরপতি ধর্মপুত্র ধর্ম। চিরকার্ল না দেখিয়া পাই ব্যথা মর্ম। আগুসরি উঠিয়া করেন মালিঙ্গন। বসিবারে দেন দিব্য কনক আসন ॥ পদ পাথালিতে বারি যোগায় দেবতা। চামর বাতাস করে ইন্দ্র চন্দ্র ধাতা॥ স্থাদনে তুইজনে বদিয়া কৌতুকে। গোবিন্দ বৃত্তান্ত জিজ্ঞাদেন হাসিমুখে॥ যুধিষ্ঠির কহিলেন ধীরে পর পর। পরীক্ষিতে করিলাম রাজ্য দণ্ডধর ॥ দ্রোপদী সহিত পঞ্চ আসি স্বর্গপথে। মহাহিমে পাঁচ জনে পডিল পর্বতে। শোকে হুঃখে একাকী আইনু স্বৰ্গলোকে ! শরীর দার্থক হৈল দেখিয়া তোমাকে॥ শুনিয়া কছেন সমাদরে নারায়ণ। অগ্রে আসিয়াছে তারা আমার দদন॥ করযোড়ে কহিলেন ধর্মের তনয়। নয়নে দেখিলে তবে হয়ত প্রত্যয়। শুনি নারায়ণ তবে সঙ্গেতে লইয়া। চলেন উত্তরমুখে দার খদাইয়া॥ দক্ষিণেতে হয় শমনের অধিকার। চর্মচক্ষে দেখে তথা সব অগ্ধকার॥ প্রবেশ করেন সেই পুরে নরপতি। দেখিতে না পান রাজা কেবা আছে কতি॥ যুধিষ্ঠিরে দবে পেয়ে জ্ঞাতি গোত্রগণে। চতুর্দ্দিকে ভাকে সবে হরষিত মনে॥ দ্রোণ কর্ণ ভীম্ম শত ভাই হুর্য্যোধন। ধ্বতরাষ্ট্র বিহুর শকুনি ছঃশাসন ॥ ভীমার্জ্জুন সহদেব নকুল স্থন্দর। ঘটোৎকচ জয়দ্রথ বিরাট উত্তর ॥ অভিমন্যু বিকর্ণ পাঞ্চালা পুত্রগণে। কুন্তী মাদ্রী হুই দেখি পাণ্ডুরাজ দনে ॥ দ্রোপদী গান্ধারী আদি যত কুরুনারী। অফ্টাদশ অক্ষোহিণী আছে দেই পুরা॥ সবে বলিলেন ধর্ম তুমি পুণ্যবান। স্বকায়ে দেখিলে স্বর্গে দেব ভগবান ॥

অল্ল পাপ হেতু মোরা দদা পাই ক্লেশ। সবাকারে উদ্ধারিয়া লহ নিজ দেশ। এত শুনি যুধিষ্ঠির চান চারি কোনে। দেখিতে না পান মাত্র শুনিলেন কাণে। নরক দেখিয়া রাজা মনে পায় ভয়। অসুমানে বুঝিলেন এই যমালয়। ভাবিত হইয়া জিজ্ঞাসিলেন কুষ্ণেরে ৷ কেন কৃষ্ণ নাহি দেখি জ্ঞাতি বান্ধবেরে॥ কেন বা হইল মম নরক দর্শন। বিশেষ কহিয়া কৃষ্ণ স্থির কর মন॥ গোবিন্দ বলেন রাজা করহ তাবণ। কিছু পাপ হ'তে হৈল নরক দর্শন॥ জ্ঞাতি গোত্র নাহি দেখ তথির কারণে। পাপক্ষয় হৈল এবে ত্যব্ধ ভয় মনে॥ জ্বশ্রেজয় জিজ্ঞাসিল কছ মুনিবর। কোন্পাপ করিলেন ধর্ম নরবর॥ আজন্ম তপস্বী জিতেন্দ্রিয় সত্যবাদী : দান ধর্ম্মে মতি সদা পাতক বিবাদী॥ তাঁহার হইল পাপ কেমন প্রকারে। মুনিবর বিস্তারিয়া কহিবা আমারে॥

যুধিষ্ঠিরের নরক দর্শনের হেতু ও খেতখীপে গিয়া স্বজনাদি দর্শন।

মুনি কহে শুন জন্মেজয় সাবধানে।

মুধিন্তিরে পাপ হৈল যাহার কারণে।
ভারত সমরে যবে হৈল মহামার।

সারথি হ'লেন নারায়ণ অর্জ্জ্নের॥

মারিলেন বহু সৈত্য উপায় করিয়া।
ভীপ্ম বীরে বধিলেন শিখণ্ডী রাখিয়া॥
তবে সেনাপতি হৈল দ্রোণ মহাশয়।

ক্রম্বামা তাঁর পুত্র সমরে হর্জয়॥

অনেক প্রকারে দ্রোণ না হয় বিনাশ।

দেখিয়া উপায় করিলেন জীনিবাস॥

কপটে মারেন হন্তী অম্বথমা নামে।

অম্বথামা হত শক হইল সংগ্রামে॥

শুনি চমৎকার লাগে দ্রোণের অন্তরে। অশ্বত্থামা হত হরি কহেন সমরে॥ প্রত্যয় না যান দ্রোণ কুষ্ণের উত্তরে। সত্য মিথ্যা জিজ্ঞাসিল রাজা যুধিষ্ঠিরে॥ দ্রোণবাক্য শুনিয়া চিন্তিত নুপমণি। কিরূপে কহিব আমি অসত্য এ বাণী॥ কৃষ্ণ বলিলেন রাজা না কহিলে নয়: মিথ্যা না কহিলে, দ্রোণ নাহি পরাজয়॥ পুনঃ পুনঃ নিন্দিয়া বলিল রুকোদর। অশ্বথামা হত দ্রোণ কহ নৃপবর ৷ মিথ্যা বাক্য ভয় যদি কর নুপবর। অশ্বত্থামা হত ইতি কহ লঘুস্বর॥ সঙ্কটে পড়িয়া রাজা না কহিলে নয়। ডাকিয়া দ্রোণেরে বলিলেন মহাশয়॥ অশ্বত্থামা হত হৈল ইহা আমি জানি। লঘুশব্দে গজ ইতি বলেন আপনি॥ অশ্বত্থামা হত শুনি ধর্ম্মের বদনে। দ্রোণাচার্য্য পুত্রশোকে প্রাণ দিল রণে এই পাপ করিলেন ধর্মের নন্দন। তোমারে জানাই আমি পূর্ব্বের কথন॥ জন্মেজয় বলে তবে কহ মুনিবর। পিতামহে লৈয়া কি করিলেন শ্রীধর॥ যুনি বলে শুন পরীক্ষিতের কুমার। এইরূপে যুধিষ্ঠির দেখি অন্ধকার॥ গোবিন্দেরে জিজ্ঞাদেন পাপের কারণ । কপট করিয়া কহিলেন নারায়ণ॥ কৌরব সহিত যবে হইল সমর। চক্রব্যুহ করি যুঝে দ্রোণ ধনুর্দ্ধর॥ তীক্ষ্ণ অন্তে জর্জ্জরিত করিল তোমারে। অভিমুন্মে ডাকি তুমি কহিলে তাহারে॥ পিতার সমান তুমি মহাযোদ্ধাপতি। ব্যুহ ভেদি মার পুত্র দ্রোণ মহারথী॥ গুরুবধে আজ্ঞা দিলে হ'য়ে ক্রোধমন। দ্বিতীয় অবধ্য জাতি হয়ত ব্ৰাহ্মণ ॥ গুরুবধ মহাপাপ শুন নরপতি। সেই মহাপাপ তব হৈল মহামতি ।

পাপেতে নরক রাজা দেখ অন্ধকার। রাজা বলিলেন কর সঙ্কটে উদ্ধার॥ তবে হরি অমুজ্ঞা দিলেন থগেশ্বরে। খেতদ্বীপ সরোবরে লহ নৃপবরে॥ পূর্বের প্রতিজ্ঞা পূর্ণ করিব আপনি। দেখাব ধর্ম্মেরে অফ্টাদশ অক্ষোহিণী ॥ বিষ্ণুর বচন শুনি খগ মহাবীর। যুধিষ্ঠিরে নিয়া গেল সরোবর তীর॥ পাথসাটে পর্বত উড়িয়া যায় দূরে। ্মুহুর্ত্তেকে সেই দ্বীপে গেল খগেখরে॥ সরোবরে দেখিলেন ধর্ম্মের নকান । দেবতা পদ্ধর্বব যক্ষ বিভাধরগণ **॥** জলে জলচরগণ নানা ক্রীড়া করে। ঋষি মুনি মুনীব্দ যোগীব্দ চারি তীরে॥ বিচিত্র নগর বন সাগর চত্ত্বর। বৈকৃষ্ঠ সমান পুরী অতি মনোহর॥ অনেক ঈশ্বর মূর্ত্তি সর্ববদেব স্থান। ভ্রমর **অঙ্কারে মন্ত কোকিলের গান** ॥ মনুষ্য হইয়া যদি তাহে স্নান করে। দেবদেহ পেয়ে যায় বৈকুণ্ঠ নগরে॥ হেন সরোবর দেখি ধর্মের নন্দন। মহাজলে স্নান করি করেন তর্পণ।। মানব-শরীর ছাড়ি দেবদেহ পান। ত্রঃখ শোক পাসরিয়া সর্ব্বসিদ্ধ হন ॥ নরদেহ ত্যজি রাজা দেবদেহ ধরে। পৃষ্ঠে করি গরুড় উড়িল বায়ুভরে ॥ মুছুর্ত্তেকে গেল যথা দেব নারায়ণ। চতুর্ভু জে ধর্মরাজে কৈল সমর্পণ ॥ রাজারে দেখিয়া হরি কহেন হাসিয়া। নিমেষ নাহিক আর নাহি অঙ্গছায়া॥ কিরূপ আছিলে রাজা হইলে কিরূপ। বিচারিয়া মনে বুঝ আপন স্বরূপ॥ স্থৃপতি বলেন শুন অনাদি গোঁদাই। তোমার প্রদাদে মম পূর্ব্বরূপ নাই॥ দেবছ পাইমু মনে হেন হয় জ্ঞান। তোমার অসাধ্য কিছু নাহি ভগবান ।

মর্জ্যেতে রাখিলে হরি অশেষ সঙ্কটে। নিব্দ পুরী এড়ি সদা ভক্তের নিকটে॥ রাজসূয় করালেন দিয়া বন্ধুবল। শিগুপাল দম্ভবক্তে দিলে প্রতিফল ॥ त्राथित्म त्कोभनी मञ्जा को त्रव-मभारक । দ্বাদশ বৎসর রক্ষা কৈলে বনমাঝে॥ ছুৰ্ব্বাদারে ছুর্য্যোধন পাঠাইল যবে। সেই দিনী সমাধান করিত পাণ্ডবে। নিশাকালে রক্ষা কৈলে কাননেতে গিয়া। মোহিলা মুনির মন বিষ্ণুমায়া দিয়া। তদন্তরে সান্দীপন মুনির আশ্রমে। আত্র হেতু সঙ্কটে তারিলে পথশ্রমে 🛭 অজ্ঞাত বৎসর এক বিরাট ভুবনে। শক্র হৈতে রক্ষা কৈলা চক্র আচ্ছাদনে॥ তাহার অন্তরে মম রাজ্যের লাগিয়া। আপনি হস্তিনাপুরে গেলা দূত হৈয়া॥ আমারে বিভাগ নাহি দিল হুর্য্যোধনে। বান্ধিয়া রাখিতে তোমা বিচারিল মনে ॥ আপনি বিরাটমূর্ত্তি দেখাইলে তারে। সমূলে করিলা ক্ষয় ভারত সমরে॥ জ্ঞাতিবধ পাপে মম শরীর বিকল। অশ্বমেধ করাইলা হইয়া সবল। পুত্রহন্তে অর্জ্জুন মরিল মণিপুরে। প্রাণ দিয়া যজ্ঞপূর্ণ কৈলা গদাধরে॥ মৎস্য কৃর্ম্ম বরাহ হইয়া থর্ববরূপে। পাতালে রাখিলা ছলি বলিরাজ ভূপে॥ ভগুরাম রামচন্দ্র কামপাল রাম। বৌদ্ধ কল্কি নারায়ণ নরসিংহ শ্যাম॥ বারে বারে জন্ম লও চুফ্ট বিনাশিতে। যুগে যুগে অবতার দেবতার হিতে॥ ভোমার চরিত্র চারি বেদে না নিরখি। জ্ঞাতিগোত্র দেখাইয়া কর মোরে হুখী॥ রাজার বিনয় বাক্য শুনি নারায়ণ। আখাসিয়া কহিলেন মধুর বচন॥ সর্বব তুঃখ গেল রাজা না কর সন্তাপ। সবন্ধু কুটুম্ব গোত্র দেখহ যা বাপ 🛭

এত বলি যান হরি রাজারে লইয়া। কুরুপুরে প্রবেশেন দ্বার দুচাইয়া॥ রাজারে কহেন হরি শুন ধর্ম্মপুত্র। অনুপম দেখহ দ্বিতীয় কুরুক্ষেত্র॥ পিতা পাণ্ডু দেখ রাজা জননী কুন্তীকে। শেতছত্র বিরাজিত রাজার মস্তকে ॥ বামে মাদ্রী বসিয়াছে মদ্রের কুমারী। অন্ধরাজ বসিয়াছে সহিত গান্ধারী॥ দেখহ বিকর্ণ কর্ণ কৌরবকুমার। ত্র্যোধন শত ভাই সঙ্গে সহোদর॥ ভগদত্ত শল্য মদ্ররাজ জয়দ্রথ। অভিমন্যু ঘটোৎকচ স্থরথ ভরত॥ ব্জাট ত্রুপদ দেখ স্বপুত্র সহিতে। পাঞ্চালীর পঞ্চপুত্র দেখহ সাক্ষাতে॥ শিশুপাল স্থার্মা মগধ নৃপমণি। একে একে দেখ অফ্টাদশ অক্ষোহিণী॥ শকুনি উত্তর পুগু দ্রোণাচার্য্য গুরু। ভগদত্ত শল্য রাজা সিন্ধু ভীম উরু ॥ পঞ্চজন পঁড়িলেন স্বর্গেতে আদিতে। চারি ভাই দেখ ব্লাজা দ্রৌপদী সহিতে॥ বিশ্ময় মানিয়া রাজা ক্লুষ্ণের বচনে। চিত্রের পুত্তলি প্রায় চান চারি পানে। পাসরিয়া সকল মর্ত্ত্যের শত্রুকার্য্য। যথাযোগ্য মিলন করেন হৈয়। ধৈর্যা ॥ আনন্দ সাগরে মগ্ন হৈল তকু মন। যুধিষ্ঠিরে দেখিয়া সানন্দ জ্ঞতিগণ ॥ কেহ আশীর্ব্বাদ করে কেহ প্রণিপাত। পিতা মাতা জ্যেষ্ঠতাত বন্দে নরনাথ।। ভীম্ম দ্রোগ্ন কর্ণ বীরে করি দণ্ড নতি। মহা অনন্দিত রাজা দেখি গোত্র জ্ঞাতি॥

যুধিন্তির কর্ত্তক দশ অবতারের স্তোত্র।
হাষ্ট হৈয়া করিছেন ক্লুফের স্তবন।
তব মায়া কে বুঝিতে পারে নারায়ণ॥
স্থান্তি খিতি প্রলয়ের তুমি হর্ত্তা কর্ত্তা।
প্রধান পুরুষ তিন ভুবনের ভর্ত্তা॥

মীনরূপে বেদ উদ্ধারিলা তুমি জলে। কূর্ম্মরূপে ধরণী ধরিলা অবহেলে॥ ধরিয়া বরাহ কায় দত্তে কৈলে ক্ষিতি ৷ হিরণ্যকশিপু হন্তা নৃসিংহ মূরতি॥ বামন আকারে বলি নিলা রসাতলে ॥ তিন পদে ত্রিভুবন ব্যপিলা সকলে 🛚 রামরূপে রাবণের সবংশে সংহার। নিঃক্ষত্র করিলা ভৃগুরাম অবতার । বলরামরূপে সূর্য্যস্থতা আকর্ষিলে। বুদ্ধরূপে আপন কারুণ্য প্রকাশিলে 🛭 কল্কিরূপে বিনাশ করিলা ফ্লেচ্ছ ভূপে: প্রতিকল্পে অবতার হ'লে এইরূপে ॥ ঋষি মুনি যোগী যাঁর নাহি পায় অন্তর্ব চারিবেদে যাঁহার ক্রিয়ার নাহি অন্ত॥ মোরে উদ্ধারিলা মহা বিপদ তর্ণী। রহিল অদ্তুত কীর্ত্তি যাবত ধরণী ॥ এত স্তুতি নৃপতি করেন নারায়ণে। শস্তুষ্ট করেন হরি তারে আলিঙ্গনে॥ গোবিন্দ বলেন রাজা তুমি মম প্রাণ! স্বশরীরে আইলা আমার বিভাষান ॥ কুষ্ণের আদেশে রাজা পরিজন লৈয়া: রহিলেন হরিপুরে হরষিত হৈয়া॥ অশ্বমেধ সাঙ্গ হৈল স্বৰ্গ আরোহণ। পাইল পরম পদ পাণ্ডুপুত্রগণ॥

> মহাভারত শ্রবণে ব্রন্ধহত্যা পাপ হইতে রাজা জন্মেজ্যের মুক্তি।

বলেন বৈশম্পায়ন শুন জন্মেজয়।
অফীদশ পর্বে সান্ধ পাগুব-বিজয়॥
ব্রহ্মবধ পাপে মুক্ত হৈলে অতঃপরে।
দান তপ দ্বিজসেবা পূজ বৈশ্বানরে॥
শুক্লবর্ণ চান্দোয়া দেখেন বিভ্যমানে।
কৃষ্ণবর্ণ দূর হৈল ভারত শ্রেবণে॥
দেখি সব সভাসদ হরিষে বিশ্ময়।
ব্রহ্মহত্যা পাপে মুক্ত হৈল জন্মেজয়॥

ারের হণ পর্বা। তিশমঞ্জরীর ধ্যান জবানিভ ছকুল্যাভ্যাং তড়িদালিত ছক্

ार्भक अग्र भक्त देशके मभिति। ্ৰ গাংশ কুস্তম বৃষ্টি ফ'রে দেব ভাগে॥ ं के शहर वर्ष्ट्र वर्राष्ट्र शकतन्त । ত সংশ্রণ **হৈল** দেলের **আনন্দ**॥ া জ্বে শংসিয়া ভেল দেবগণে। ্র গ্রাম্পর গায় **না**ে **ছন্টমনে॥** ্র তি গাঁপি শাঁপ্র কার্যা**ল।** াই ভাকুরি বাজে গুড**়তে রসাল।**। ाह अन्यक हुन्स् अर्थित शिना दवन्। अन्य अपूर्व किए निकाल**न (त्र्र्या**। ত - ইক্টির রাজ নাড্**মর্য্য দিয়া।**। া । <u>টিশ পঞ্জিল লোটাইয়া ॥</u> ি এক জিল লোল এহাপাপ হ'তে। ি া কোম ব কাভি না**হিল জগতে ॥** ি বি ভালের হার্মার কলিযুগে। ন া া ্রপ্ত করে এই পাপ ভোগে।। সংখ্যা প্ৰকৃতিক কৈ কৈ কৈ কিছেম**নে।** त्र अस्ति । व वार्ता दुव्यक्त **उन्मत्व ॥** ি একিও পান্ত কর প্রো**ষ্ঠির সহিত।** ্ৰতিত ব্যৱহাৰ প্ৰতিজ্<mark>য থেপাচিত ॥</mark> ्ट वर्षेक्ष ६५८ वर ५ ६**निश्रम ।** া প্ৰভাৱ ৰ উল্লে**শস্পায়ন।**। ত এক বিধাৰ ১৯৩৮ ব**ঞ্চীৰ্যে সান।** जनार किल कर्ने भी जे **प्रमोनान ॥** াৰ্ কৰিলৈ শাভ সহাত্ৰ **কল্স।** নিয়া তালকা বিন্দার **কৈল বশ।**। প্রতিষ্ঠিত **সাভরণ।** ত এক সাইয়া গুলে লেন **দ্বিজগণ ॥** ভ্রতির জাতি গোল্ল ধ**ারে ভোজন।** ্রের সম্বাদ্ধ কৃতি। **হতিন ॥** ल्लिंड **भरकारक मृत्र करात विद्याधनी।** ান্দেরতে জা. : শ্বের রাজ হরি হরি ॥ নিম্পাল শরীর রাজা পা**ত্র মিত্র লৈয়া** *্জা* করে জলে স্ম হরণি**ত হৈয়া।**।

র । বিভাগ সংগ্রহ**েপ জরে ॥**

শুচি হ'রে শুদ্ধচিতে শুনে থেই জ অন্তকালে স্বর্গপুরে ে বে নাক্ষিত্র চোর দহ্য অধিকারে নাহি কেন্দ্র । পাগুবের রাজ্যে সবে কবি পারারণ ॥ সদা সাধু সঙ্গে করি হরি ইয়া কবে। সকল হইল বশ নৃপত্তির ভারে। অফীদশ পর্বব সাঙ্গ হয় এক দুরে। যাহার প্রবণে পঞ্চ মহাপাপে হরে।

পাঠ মং শেষা :

স্থির হ'য়ে একমনে ভাৰ সংক্ষিত ভারত পাঠের ফল ক'্র এখন ৮. ভক্তিভাবে যেবা পাঠ প্রক্রিকি বরে : অনায়াদে তরে সেই ভব গালি, গালে ট ভারত মাহাত্ম্য ফল ক্ষত্ৰ ভাষ্ট্ৰ সাধুজন অবহেলে মেক্সিল ক্ষিত্র রোগ শোক তাপ বাহি মহাল বিভ থাকিলে ভারত ঘরে এর না কর্নন ৪ শুদ্ধমতি হ'য়ে যেবা 🐗 🗀 🛪 শুন্ত 🧸 অশ্বমেধ ফল পায় ব্যান বাটে বা যার গৃহে থাকে গ্রন্থ সম্পূর্ণ ভারত : লক্ষ্মী সঙ্গে নারায়ণ পারেকট নতকে ব অগ্নিভয় জরা আর চোর ঘুঁড় ১১ পাপ তাপ শোক হুলে নব হ'ন জন্ম চ রাজদণ্ড যমদণ্ড অক্তি নভাগ্ত প্রেত ভূত নারী যক্ষ গন্ধর্ব ৮ বণ : সম্পূর্ণ ভারত গ্রন্থ থাকে হার বর্ত্তর এ সব পীড়া তারে ব ু আহি 🔙 🗟 🖟 বন্ধ্যানরী পুত্র পায় একালে ানিলে। জ্ঞান রৃদ্ধি বল রৃদ্ধি তরে প্রকালে 🖟 বিপ্রের বিজ্ঞান বাড়ে নুপ্রভিত্র রাজ্যা ব্যার যার যেই বাঞ্ছা সিদ্ধ ধরে প্রার্থা। বৈশ্য শুদ্র শুনিলৈ বাড়য়ে ধন ব'ুয় 🖟 পা**পীজন শুনে স্বর্গে** বার মহাপুর্যো॥ ধার দেই বাহে করি 🕬 🔻 গোরিন্দ করেন পূর্ণ জন ১৯০ জন

क्रमा अर्भगुद्ध रमस्य नावास्त ॥ •

খোক ছব্ৰে বিৱটিল মহাদ্ৰি থান।
পাঁচালী প্ৰবন্ধে আমি কৰিছ জ্বিদান ।
ভাৱত মাহাত্মা কথা গ্ৰেন্থ বেল।
ভক্তিভাবে সৰ্ববন্ধন হবি হবি হল।
(পাঠ মাহাত্ম্য কথম সমাপ্ত)

গ্রন্থকারের পরিচয়।

ইস্তাণী নামেতে দেশ বাস সিদ্ধপ্রায প্রিয়ঙ্কর দাদ পুত্র হুধাকর নাম। তৎপুত্ৰ কমলাকান্ত ক্লঞ্চনাসপিতা। কৃষ্ণদাসাসুক্ষ গদাধর ক্ষ্যেষ্ঠ ভাতা ॥ পাঁচালী প্রবন্ধে কহে কংশীরাম দাস অলি হব কুষ্ণপদে মম অভিলাধ ॥, হরিধানি কর সবে গোবিন্দের প্রীতে : অন্তকালে স্বৰ্গপুরে ধাবে আনন্দৈতে ১ স্ক্ৰণাত্ৰ বীজ হরিনাম দি অকর। আদি অন্ত নাহি যার বেদ অগোচর॥ কুষ্ণ কুষ্ণ বলিতে মজিবে কুষ্ণ দেহ। ক্ষের মূখের আজা নাহিক সন্দেহ। **পाँ**ठानी विनश मत्न ना कतिर दिना । অনায়ানে পাপ নাশে গোবিন্দের লীল मन्भूर्व इंडेन इति वन मर्ववस्त्र । এতদূরে সাঙ্গ হৈল স্বৰ্গ আরোহণ ॥ নীচগৃহে থাকিলে ভারত নহে হুস্ট । অনায়াদে শুনিলে পাতক হয় নই ॥ কাশীরাম বিরচিল গোবিন্দ ভাবিয়া। পাইবে পরম হুথ 🖰ন মন দিয়া ॥

ছি স্থাভারতে স্বর্গারোহণপর্ব নামক অফাদশপর্ব।

